মাননীয় সদস্যগণ জানেন আমাদের এবার চালের উৎপাদন ৪ লক্ষ টনের মত কম হয়েছে এবং কম হয়েছে অনাবৃষ্টি এবং অনিয়মিত বৃষ্টির জন্য সে কথাও তাঁরা জানেন। কিন্তু এই যে ৪ লক্ষ টন খাদ্য ঘাটতি হয়েছে এর জন্য আমাদের আতঙ্কিত হবার কোন কারণ নাই। কারণ মাননীয় রাজ্যপালের ভাষণের উপর বিতর্কের উত্তরে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আশ্বাস দিয়েছেন যে, আমাদের এ বিষয় আতঙ্কিত হওয়া উচিত নয় এবং আমাদের এই ঘাটতি পূরণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে চাল এবং গম প্রয়োজনমত আমরা পাব। উড়িষ্যা থেকেও আমরা চাল পাবো। আমরা এ বিষয়ে মোটেই আত্মসন্তুষ্টির মনোভাব পোষণ করি না বা কোন শৈথিল্য পোষণ করতেও চাই না। এ বিষয়ে আমাদের সকলের অধিক খাদ্যোৎপাদনের জন্য বেশী পরিশ্রম করতে হবে, আরো আমাদের সজাগ হতে হবে। বিশেষ করে চীন কর্তৃক ভারত আক্রমণের পরিপ্রেক্ষিতে আমাদের কৃষির উৎপাদন এবং খাদ্যের উৎপাদন আরো বাড়াতে হবে।

[12-20—12-30 p.m.]

পশ্চিম বংলার কৃষি সম্পর্কে আলোচনা করতে গেলে পশ্চিম বাংলার স্বযে অবস্থা, সেই অবস্থার পরিপ্রেক্ষিতে আলোচনা করতে হবে। মাননীয় সদস্যগণ জানেন বর্তমানে আমাদের পশ্চিম বাংলা পূর্বতম বাংলার এক তৃতীয়াংশ. এখানে জনসংখ্যার চাপ প্রতি বর্গ মাইলে ১,০৩১ জন। আমাদের এখানে চাষযোগ্য যে জমি, তার শতকরা ৮৭ ভাগ ইতিমধ্যেই চাষের আমলে এসে গিয়েছে। এমন কি মারজিনাল ও সাবমারজিনাল ল্যান্ডও এসে গিয়েছে। আমাদের শতকরা ২৫ ভাগ, বন-ভূমির প্রয়োজন, ভূমিক্ষয় নিবারণের জন্য ও জমির উর্বরতা শক্তি বৃদ্ধির জন্য ও সুবৃষ্টির জন্য। কিন্তু তাও আমাদের নেই। আমাদের শতকরা মাত্র ১২ ভাগ বন-ভূমি আছে। এই সমস্ত বিষয়গুলি আমাদের স্মরণ রেখে আমরা যদি বিচার করি তাহলে আমরা দেখতে পাবো পশ্চিম বাংলার প্রধান প্রধান যেসব ফসল, গত কয়েক বছরে তার উৎপাদনের উন্নতি হয়েছে। ১৯৫১ সালে যে পাঁচ বছর শেষ হয়েছে, তখনকার চালের ফলনের গড় যদি আমরা দেখি, তাহলে আমরা দেখতে পাবো এই সময় ৩৮ লক্ষ ৬৭ হাজার টন চাল হয়েছিল। তারপর ১৯৫৫-৫৬ সালে, যে পাঁচ বছর শেষ হয়েছে, সেই সময় যদি চালের গড় ফলন দেখি, তাহলে দেখতে পাবো ৪৪ লক্ষ ৭৩ হাজার টন চাল উৎপাদন হয়েছিল। এবং ১৯৬০-৬১ সালে যে পাঁচ বছর শেষ হয়েছে তার গড় ফলন যদি দেখি, তাহলে আমরা দেখতে পাবো ৪৫ লক্ষ ২০ হাজার টনের মত চাল উৎপাদন হয়েছে।

আলুর উৎপাদন যদি আমরা দেখি, তাহলে দেখতে পাবো ঐ ১৯৪৭-৪৮ সালে আমাদের দেশ স্বাধীন হবার সময় আমাদের আলুর উৎপাদন হয়েছিল ২ লক্ষ ৭১ হাজার টন। তারপর প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার সময় আমরা দেখতে পাচ্ছি ৪ লক্ষ ৭ হাজার টন আলু উৎপন্ন হয়। তারপর দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বছর আমরা দেখছি, তার মানে ১৯৬১ সালে আমরা দেখছি ৪ লক্ষ ৭৫ হাজার টন আলু হয়েছে, এবং আনন্দের সঙ্গে জানাচ্ছি এ বছর ৭ লক্ষ ২০ হাজার টন আলু উৎপাদন হয়েছে। তার মানে আড়াই লক্ষ টন থেকে সাড়ে সাত লক্ষ টন আলুর উৎপাদন বেড়েছে। তারপর গমের ফলন যদি আমরা দেখি, তাহলে দেখতে পাবো ১৯৪৭-৪৮ সালে যেখানে ২২ হাজার টন গম উৎপন্ন হতো, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময়, অর্থাৎ ১৯৫৫-৫৬ সালে দেখেছি ৪১ হাজার টন গম হয়েছে। অবশ্য ঐ বছর বন্যার দরুন ধান সব ভেসে যাওয়াতে যেসব পলিমাটি পড়ে, সেখানে গম ফলানতে, গম আশাতিরিক্ত ভাল হয়েছে। তারপর দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ২৫ হাজার টন হয়েছে। এবং এ বছর ৩৩ হাজার টন হয়েছে। তারপর ডাল, সব রকম মিলিয়ে, ১৯৪৭-৪৮ সালে ৩ লক্ষ ১ হাজার টন ছিল। পরে পাঁচ বছরে দেখছি ৪ লক্ষ ১২ হাজার টন হয়েছে; এবং ১৯৫৬ সাল থেকে ১৯৬০-৬১ সালের মধ্যে দেখছি ৩লক্ষ ২২ হাজার টন ডাল উৎপাদন হয়েছে।

তারপর পাটের চাষ যদি আমরা দেখি, তাহলে দেখতে পাবো যেখানে আমাদের পাট উৎপাদন হতো ১৯৪৭-৪৮ সালে ৭ লক্ষ ৬৬ হাজার বেল, আজ সেই জায়গায় ১৯৬০-৬১ সালে হয়েছে ২০ লক্ষ ৮ হাজার বেল; এ বছর হয়েছে ৩২ লক্ষ ৩২ হাজার বেল। মেস্তা ১৯৪৭-৪৮ সালে সামান্যই হত। ১৯৫১ থেকে ১৯৫৬ সালে হয়েছে ৩ লক্ষ ২১ হাজার বেল; ১৯৫৬ থেকে ৬১ সালে হয়েছে ৬ লক্ষ ৬১ হাজার বেল; এই বৎসর হয়েছে ৭ লক্ষ ১২ হাজার বেল। এ থেকে বোঝা যাচ্ছে ক্রমেই আমাদের গড় ফলন বাড়ছে অনাবৃষ্টি অতিবৃষ্টি এই সব সত্ত্বেও। এখন আমাদের এই যে ফলন বাড়ছে এবং পশ্চিমবাংলার যে অবস্থার কথা বললাম, যেসব অসুবিধার কথা বললাম, সেই সব অসুবিধা সত্বেও এখানে এমনি বাড়ে নি তার জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করতে হয়েছে। আমাদের চাষের জন্য প্রধান প্রয়োজন ভাল বীজ। বীজের জন্য আমাদের থানা বীজ উৎপাদন ক্ষেত্র আমরা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার আমলে ১০০টা করেছি, এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা যেটা আরম্ভ হয়েছে তাতে আমরা ১৩টি করেছি। এই সমস্ত বীজ উৎপাদন ক্ষেত্রে যে সমস্ত বীজ উৎপাদন হয়—অনেকের ধারণা যে থানার সমস্ত চাষীদের বুঝি এই বীজ সরবরাহ করাই সরকারের নীতি। তা নয়--প্রত্যেক কৃষককে এই থানা থেকে বীজ সরবরাহ করা সম্ভব নয়। সরকারের নীতি হচ্ছে এখানে যে উন্নত ধরনের বীজ উৎপাদন হবে সেই বীজ ঐ থানার রেজিষ্টার্ড গ্রোয়ারদের মধ্যে বিলি করা হবে, তারা আবার মালটিপ্লাই করে বাড়াবে, বাড়াতে বাড়াতে এমন এক সময় আসবে যখন সে থানায় উন্নত বীজ ছেয়ে যাবে, সেই থানার চাহিদা সে থানা থেকেই মিটান যাবে। আমরা এই উন্নত ধরনের বীজ ৪৫ হাজার মণ বিলি করেছি। এবং এতে দেখা যাচ্ছে আমাদের ৩৮,৫০০টি গ্রাম, তার প্রতিটি গ্রামে এক হাজার মণ বিলি হয়েছে। আমাদের চাষযোগ্য যে এলাকা তার শতকরা ৪০ ভাগে এই উন্নত বীজ আমরা সরবরাহ করেছি। তাছাড়া আমাদের একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে যে প্রত্যেক ব্লকে একটা করে উন্নত বীজ রাখবার ষ্টোর করা হবে। এবং সেই ষ্টোরে ৩ হাজার মণ করে বর্ধিত বীজ রাখা হবে। শুধু ধানের বীজ নয়, গম, আলু ও ডাল প্রভৃতিও রাখা হবে। এছাড়া সবুজ সার, পাট কাটিং, এই সমস্ত চাষীদের মধ্যে বিলি করা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি ১২টি জেলার থানা ফার্মের হিসাব নিয়ে, যে আমাদের যে ধানের বীজ উৎপাদন হয়েছে তা বিক্রি করে সেল প্রসিড যা হয়েছে, তাতে প্রত্যেক থানায় খরচ যা হয় তার চেয়ে বেশী হয়েছে। এর সঙ্গে যদি রবি সিডস যোগ করি তাহলে আমাদের থানা ফার্মগুলির অবস্থা উন্নত হয়েছে বলে মনে করি। বীজ ছাড়া আর একটা কৃষি উন্নতির জন্য প্রধান জিনিষ হচ্ছে সার। সারের জন্য যেমন রাসায়নিক সার বিলি করা হচ্ছে তেমনি গ্রামাঞ্চলে যাতে জৈব সার, গোবর সার এবং কম্পোষ্ট সার ইত্যাদির উপর যাতে চাষীরা বেশী জোর দেয় তার জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এবং সমস্ত রাজ্যে

[12-30--12-40 p.m.]

যাতে জৈব সার গ্রামে গ্রামে আমরা প্রস্তুত করতে পারি তার চেষ্টা হচ্ছে। যে ৩৪১টা ব্লক আছে তার ১৯০টি কমিউনিটি ব্লকএ আমরা কমপোষ্ট সার তৈরী করার পরিকল্পনা নিয়েছি এবং ৮,৮০০ লোককে আমরা শিক্ষা দিয়েছি এই কমপোষ্ট সার তৈরী করতে। শহরে যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে তার মধ্যে ৩৫টি মিউনিসিপ্যালিটিকে লোন য়্যাসিসট্যান্স দেওয়া হয় যাতে তারা টাউন কমপোষ্ট তৈরী করেন এবং এ বছর আশা করছি ৪০ হাজার টন টাউন কমপোষ্ট হবে। ক্যালকাটা সিউয়েজ থেকে তার মধ্যে ৯ হাজার টন চাষীদের মধ্যে বিলি করা হয়েছে। কমপোষ্ট সারের জন্য যাতে গোময় এবং গোমূত্র নষ্ট না হয়ে যায় তার জন্য পাকা পিটস যাতে তৈরী করে চাষীরা সেজন্য আমাদের শতকরা ৫০ থেকে ৩৩ ভাগ পর্যন্ত লোন দেওয়ার ব্যবস্থা হয়েছে। এইভাবে পাকা পিটস তৈরী হচ্ছে। ১৫ শত মণ ধইঞ্চা বীজ এক ছটাক করে প্যাকেট করে আমরা চাষীদের মধ্যে বিলি করেছি এছাড়া বরবটির বীজ বিলি করেছি। তা ছাড়া খেসড়ীর বীজ লাগিয়েছি, যাতে তাদের খাদ্য হতে পারে এবং সারের জন্যও ব্যবহৃত হতে পারে। সম্প্রতি পশ্চিম বাংলা সরকারের গোময় থেকে গ্যাস করার পরিকল্পনা বা প্ল্যান হয়েছে। আপনারা অনেকেই জানেন বেলুড় মঠে গোময় থেকে গ্যাস তৈরী করার ব্যবস্থা করেছেন এবং তাতে আলো হয় এবং অল্পবিস্তর রান্নার কাজও হয় অথচ সেই গোময় সার হিসাবেও ব্যবহার করা যায়। এরকম কাউ ডাঙ্গ গ্যাস প্লানটস নানা ফার্মে যাতে হয়, তার

ব্যবস্থা হচ্ছে। চাষীরা যাতে বসান তার জন্যে আমরা শতকরা ৫০ ভাগ সাহায্য দেব। ৩৫ হাজার টন প্রতি বছর গড়ে আমরা রাসায়নিক সার বিলি করেছি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে। এ বছর নাইট্রোজেনস যে ফারটিলাইজার তার ৫০ হাজার মেট্রিক টন বিলি হয়েছে এবং ফসফেট ফারটিলাইজার ৪১ হাজার মেট্রিক টন বিলি হয়েছে। তবে অ্যামোনিয়াম সালফেট রাসায়নিক সার এবারে কিছু কম বিলি হয়েছে, তার কারণ হচ্ছে সময়ে বৃষ্টি হয় নি এবং অনাবৃষ্টি হয়েছে। কৃষির অপর যে প্রধান প্রয়োজন সেটা হচ্ছে সেচ। যে বৃহৎ নদী পরিকল্পনা আছে আপনারা জানেন যে তা সেচ বিভাগ কর্তৃক পরিচালিত হয়। কৃষি বিভাগের অধীনে যে সমস্ত সেচ পরিকল্পনা রয়েছে সেগুলিকে ক্ষুদ্র—স্মল এবং মাইনর ইরিগেশন বলা হয়। আপাততঃ আমরা ডিপ টিউবওয়েল—গভীর নলকূপ করে সেচের ব্যবস্থা করছি সেইসব জায়গায় নদী পরিকল্পনা যেখানে যায় নি এবং সেখানে গভীর নলকূপ পরীক্ষামূলকভাবে খনন করে দেখা গিয়েছে সাফল্যমন্ডিত হতে পারে। এইভাবে ১৯৬২ সালের মাঝামাঝি আমরা ২৪০টি গভীর নলকূপ খনন করেছি তার মধ্যে ১২৫টি সম্পূর্ণ হয়েছে অর্থাৎ সেখানে বিদ্যুৎ শক্তি সংযোগ করা সম্ভব হয়েছে। আপনারা জানেন আমাদের পাওয়ারএর অভাব রয়েছে সেজন্য তৃতীয় পরিকল্পনায় এ বছর পাওয়ার-এর উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। যাই হোক ২৪০টির মধ্যে ১২৫টি কমপ্লিট হয়েছে আর ২০০টি আমরা খনন করতে আরম্ভ করেছি। যেগুলি সম্পূর্ণ হয়েছে সেখানে আমরা লক্ষ্য করেছি আমরা সুফল পেয়েছি অর্থাৎ আগে যে সমস্ত জায়গায় একটা ফসল হত সেখানে দুতিনটা ফসল হতে পারে দেখা যাচ্ছে এবং যেসব জেলায় আগে গম বা আলু হত না--আমি নিজে গিয়ে দেখে এসেছি দেগঙ্গা ব্লকে এবং নদীয়া। চব্বিশ-পরগনায় সেখানে আলু এবং গম হচ্ছে। এছাড়া নদী থেকে জল পাম্প করে তোলার যে পরিকল্পনা সেই পরিকল্পনায় দুটি ইতিমধ্যে গ্রহণ করা হয়েছিল। এবং আমরা ২৫টি পরিকল্পনা গ্রহণ করেছি—দুটির কাজ হয়ে গিয়েছে এবং আর ২৫টি পরিকল্পনা গ্রহণ করেছি। এই ২৭টি নদী পাম্প পরিকল্পনা বা লিফট ইরিগেশন থেকে ১৮ হাজার একর জমিতে জল দেওয়া যাবে এবং আমরা এক ফসলের জায়গায় দু-তিনটি ফসল ফলাতে পারব বলে আশা করছি। আগে ছিল ১৮ হাজার টাকার যেসব স্কীম বা পরিকল্পনা সেগুলি কৃষি বিভাগ করতে পারতেন, ১০ হাজার টাকার উপর হলে সেচ বিভাগ করতেন। সম্প্রতি ঠিক হয়েছে ১০ হাজারের উপর থেকে এক লক্ষ পর্যন্ত এই পরিকল্পনা কার্যকরী করবার জন্য আমি আগে প্রশ্নোত্তরে বলেছি জেলায় জেলায় যাতে এই স্কীমগুলি পরীক্ষা করা যায় তার ব্যবস্থা করা হয়েছে। স্কীমগুলি এই ডাইরেকটোরেটএ এসে পরীক্ষিত হয়ে জেলায় জেলায় ফিরে যেতে যেতে দেরী হয় সেজন্য রেঞ্জ লেভেলএ আমরা একজিকিউটিভ ইঞ্জিনীয়ার, ডিসট্রিকট্ লেভেলে য়্যাসিসট্যান্ট ইঞ্জিনীয়ার নিযুক্ত করেছি, তাঁরা এই স্কীমগুলি পরীক্ষা করে দেখেন। জেলা ম্যাজিস্ট্রেটের সভাপতিত্বে মাইনর ইরিগেশন কমিটি করা হয়েছে তার মধ্যে জেলা সেক্রেটারী হিসাবে জেলা কৃষি আধিকারিকও থাকেন। এ পর্যন্ত আমরা ২০০টি স্কীম পেয়েছি বিভিন্ন এম, এল, এ এবং অন্যান্য জায়গা থেকে এগুলি পরীক্ষা করা হচ্ছে। আর যে ছোট পরিকল্পনা দশ হাজার টাকায় সেগুলি হচ্ছে, আপনারা জানেন কনট্রিবিউটরি স্কীম। এই কনট্রিবিউটরি স্কীম-এর ছোট পরিকল্পনা আমরা অনেকগুলি গ্রহণ করেছি এবং আরো গ্রহণ করতে যাচ্ছি। এসব পরিকল্পনার জন্য গতবার আমরা ধরেছিলাম অরিজিনাল বাজেটএ ২২ লক্ষ টাকা তার উপর এখন আরো ৩৪ লক্ষ টাকা ধরা হচ্ছে। তাছাড়া পুষ্করিণী থেকে জল সেচের যে ব্যবস্থা আছে যাতে ট্যাঙ্ক ইরিগেশন থেকে আমরা দেখছি যে ৩ লক্ষ ৬০৭ একর জমিতে সেচ ব্যবস্থা করতে পারব। ৫৯০টি হাজামজা পুষ্করিণী ইতিমধ্যেই আমরা সংস্কার করেছি এবং এই থেকে আমরা আশা করছি ২০ হাজার টন জল বেশী পাব। দেখা যাচ্ছে, বীজ, সেচ এবং সার ছাড়াও আরেকটা ব্যবস্থা দরকার কৃষির উন্নতির জন্য, সেটা হচ্ছে কীট থেকে শস্য রক্ষা করা এবং শস্যক্ষেত্র রক্ষা করা প্লান্ট প্রটেকশন দুরকম, প্রিভেনটিভ অ্যান্ড কিউরেটিভ। গত বছর আমরা প্রায় ২০ হাজার একর জমিতে স্প্রে করেছি। তা ছাড়াও আছে ধানের বীজ ফাঙ্গিসাইড দিয়ে ট্রিট করার ব্যবস্থা গত বছর ২০ হাজার টন ৪২৯ মণ বীজ এভাবে আমরা ট্রিট করেছি এবং ১৪ লক্ষ ৩০ হাজার একর ধানের জমিতে এবং ২ লক্ষ পাটের জমিতে আমরা ইনসেকটিসাইড এবং ফাঙ্গিসাইড দিতে

বীজ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করেছি। এছাড়া আমের এবং ফলের চারাও আমরা এইরকম ওষুধ দিয়ে ট্রিট করেছি। এছাড়া এসব কীটনাশক ব্যবস্থা চাষীকে আমরা শতকরা ৫০ ভাগ সাহায্য দিই এবং অন্যান্য ক্ষেত্রে শতকরা ৭৫ ভাগ সাহায্য দেই। এছাড়া ফসলের সংক্রামক রোগ যখন দেখা দেয় তখন বিনা পয়সায় এইসব কীটনাশক ব্যবস্থা গ্রহণ করা হয়। সম্প্রতি আমরা যাতে করে চাষীদের উন্নত ধরনের যন্ত্রপাতি দেওয়া যায় তার ব্যবস্থা করার চেষ্টা করছি। মাননীয় সদস্যরা জানেন এইসব উন্নত ধরনের যন্ত্রপাতির দাম বেশী বলে আমাদের দেশের চাষীভাইরা অনেক সময় এগুলি ব্যবহার করতে যায় না। বর্তমানে ঠিক হয়েছে শতকরা ৫০ ভাগ সাবসিডি দেওয়া হবে যার দ্বারা তারা অর্ধেক দামে কিনতে পারবে। এসব যন্ত্রপাতি যাতে আমাদের স্থানীয় লোকেরা তৈরী করতে পারে বা তৈরী করতে উৎসাহ পায় তার জন্যও তাঁদের পরামর্শ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। উন্নত পদ্ধতিতে চাষের ব্যবস্থা চাষীদের শিক্ষা দেবার জন্য ডিমনস্ট্রেশন সেন্টার খোলা হয়েছে—

Mr. Speaker: Mr. Banerjee, I think all these points can be discussed in reply.

[12-40—12-50 p.m.]

The Hon'ble Smarajit Bandyopadhyay: Sir, I have almost finished, my reply will be very short.

এছাড়া, স্যার, সদস্যরা জানেন রানাঘাটে জাপানী পদ্ধতিতে চাষবাস শেখানোর জন্য এবং এদেশে জাপানী চাষীরা এসে যাতে জাপানী পদ্ধতিতে হাতেকলমে শিখাতে পারে তার জন্য ইনডো-জাপানিজ চুক্তি অনুযায়ী একটা কৃষিক্ষেত্র খোলা হয়েছে। এবং বর্ধমান জেলায় ইনটেনসিভ এগ্রিকালচুর্যাল ডিস্ট্রিক্ট প্রোগ্রাম যাকে প্যাকেজ প্রোগ্রাম বলে সেটা গ্রহণ করা হইয়াছে। এই প্যাকেজ প্রোগ্রামও থাকবে ৫০০ গভর্ণমেন্ট কর্মচারী এবং ৫০০ বেসরকারী ব্যক্তিকে শিক্ষা দেওয়া হয়েছে এবং কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে বিভিন্ন সুযোগ সুবিধা চাষীদের মধ্যে দেবার ব্যবস্থা করা হচ্ছে। এছাড়া জরুরী অবস্থার জন্য আমাদের জরুরী খাদ্যোৎপাদনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে—তার কাজ আশানুরূপ হয়েছে বলে আমরা দেখতে পাচ্ছি। এছাড়া কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোগ্রামএর মধ্যে কৃষির যে ব্যবস্থা আছে তাও করছি এবং কৃষি বিপণন শাখা তার কাজ করে যাচ্ছে। কৃষি বিভাগের সোসিও-ইকনমিক রিসার্চ একটা শাখা আছে—তাঁরা গ্রামাঞ্চলে সোসিও-ইকনমিক রিসার্চএর কাজ করে যাচ্ছেন। আমি আর বেশী সময় নেব না। আমি আশা করি সদস্যগণ এই বাজেট মঞ্জুর করবেন।

Mr. Speaker: Cut motions Nos. 13, 15, 30 (gha), (Uma), (cha), 32, 36, 43, 50, 51, 52(1), (2), (3) are out of order. The rest are in order and they are taken as moved.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Girish Mahato: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Abdul Bari Moktar: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Nagen Dolai: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Dulal Chandra Mondal: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Tarun Kumar Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Sunil Das Gupta: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Ganesh Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Roy Prodhan: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Shambhu Gopal Das: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Birendra Narayan Ray: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Radhika Dhibar: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Hemanta Kumar Basu: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha:

মানীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ৪ দিন ধরে আমরা ১৯৬৩-৬৪ সালের বাজেটের নীতি এবং অন্যান্য দিকের সমালোচনা করছি। আজকে সরকারের কৃষি এবং কৃষি নীতি সম্পর্কে আলোচনার সুযোগ আমরা নেব। দীর্ঘ ৪ দিন আলোচনার মধ্যে দিয়ে কংগ্রেস পক্ষ থেকে একথা প্রমাণ করার চেষ্টা করা হয়েছে যে আমাদের দেশের অর্থনীতি মিশ্র নীতি—লক্ষ্য সমাজতান্ত্রিক ধাঁচ এবং অগ্রসর ক্রমোন্নতিতে হচ্ছে। আমাদের বিরোধী পক্ষ থেকে যুক্তি বিচার বিশ্লেষণ দিয়ে একথা প্রমাণ করতে হবে যে সরকারের কৃষি নীতি আসলে এটা পুঁজিবাদী কায়দায় রচিত—পুঁজিবাদী স্বার্থের সঙ্গে নয়, পুঁজিবাদী স্বার্থে কংগ্রেসের বিরোধী যে নীতি সেটা সরকারের কৃষি নীতি এবং সেটা একচেটিয়া কারবারীদের পক্ষে নীতি। এই নীতি অনুসরণ করতে গিয়ে সরকার নানা রকম ধরনের দুর্নীতি এবং অপরাধ যে করছে তার কিছু কিছু নজীর এই কৃষি নীতি আলোচনা এবং বাজেট আলোচনা করতে গিয়ে পাব। অধ্যক্ষ মহাশয়, আমরা বিভিন্ন রিপোর্টে দেখেছি যে বাংলাদেশের অবস্থা বিগত ১৫ বছরের মধ্যে নিম্নস্তরে এসে গেছে। সারা ভারতের তুলনায় উৎপাদন এবং অন্যান্য আয় ব্যয়ের হিসাবে বাংলাদেশের জীবিকার মান নিম্নে নেবে গেছে। কৃষিকে চিরকাল উপেক্ষা করা হয়েছে। "কাব্যে উপেক্ষিতার মত জনসাধারণের এই বাজেটও উপেক্ষিত" তার মধ্যে বিশেষভাবে উপেক্ষিত হচ্ছে কৃষি বিভাগ। এই বিভাগ সম্পর্কে বলতে গেলে মোটামুটি সাধারণভাবে এটা দেখা যায় যে এই ব্যাপারে যেসব বাজেট বরাদ্দ হয় তার মধ্যে এই রকমের ডিসক্রিপ্যানসি যাকে বলা হয় বাজেট ম্যানিপুলেশনএর ব্যবস্থ' এর মধ্যে দেখা যায়, বহু ওয়েসটেজ ,অপচয় এর মধ্যে পাওয়া যায়, বহু করাপশন, দুর্নীতি এর মধ্যে রয়েছে।

আরো দেখা যায় কৃষি বিভাগের উন্নতি করার জন্য যে ধরনের প্রশাসনিক ব্যবস্থা থাকা যেমন যে ধরনের সংহত সাংগঠনিক ব্যবস্থা থাকা দরকার সে ব্যবস্থার চূড়ান্ত অভাব রয়েছে। যেমন ধরুন কৃষির সঙ্গে ভূমির, ভূমির সঙ্গে কৃষি নীতির পার্থক্য রয়েছে। আমরা দেখছি কৃষি বিভাগের কাছে কার্যক্ষেত্রে ভূমি ব্যবস্থার কথা বলতে গেলে তাতে কান দেন না। আবার কৃষি বিভাগের উন্নতির জন্য ভূমি বিভাগের কাছে কৃষি সম্বন্ধে বলতে গেলে ভূমি বিভাগ কৃষি বিভাগের কথা উপেক্ষা করে চলে। সেচ বিভাগ, ভূমি বিভাগ, ও কৃষি বিভাগ ইত্যাদি সকলে সকলকে উপেক্ষা করে চলে। তারপর সমবায় বিভাগ থেকে সমবায় প্রথায় কৃষি সেচ ভূমির এসব-গুলির যদি ইনটিগ্রেটেড প্ল্যানিং মধ্যে সাংগঠনিক কায়দার মধ্যে যদি সমস্তগুলিকে আনতে না পারি তাহলে কৃষির উন্নতি হতে পারে না, একথা বাজেট অধিবেশনে কৃষি নীতি সম্বন্ধে আলোচনা করবার সময় বলেছি। তাঁরা যে বাজেট রচনা করেছেন তা কৃষির স্বার্থের দিকে না চেয়ে হয়েছে এ আমরা জানি। আমরা শুনেছি মুখ্যমন্ত্রী বললেন যে, ক্রমশ আমাদের চাষীদের অবস্থার উন্নতি হচ্ছে, সকলেই সাইকেল রেডিও ইত্যাদি প্রচুর তারা কিনছে আমাদের অর্থমন্ত্রী বললেন, আমাদের নীতি হচ্ছে মিশ্র অর্থ নীতি। আমাদের ধারণা যে কোন নীতি হোক মিশ্র নীতি হোক, সমাজতন্ত্রের নীতি হোক আর যাই হোক, নীতি যদি অগ্রসর নীতি হয়, আমাদের প্ল্যানিং কমিশনস রিপোর্টএ য়্যাসেসমেন্ট রিপোর্টে বারবার বলা হয়েছে যে কয়েক বছর লাগবে প্রগতিধর্মী অর্থাৎ প্রোগ্রেসিভ হতে। প্রগতিধর্মী এ কথা যদি বলা হয় যে কৃষি বিভাগ ও কৃষি নীতি প্রগতিমূলক তাহলে কিছু বলতে চাই। মুখ্যমন্ত্রী বলেছেন বহু খরচ করা হয়েছে তার ফলে বহু চাষীর বহু অর্থ হয়েছে এবং তার জন্য বহু লোক সাইকেল কিনেছে, রেডিও কিনেছে। এখানে ভালভাবে বিচার করতে গেলে দেখা য বে যা করেছে তা বিলাসিতা করেছে।

কিন্তু তার মধ্য দিয়ে দেশের অগ্রসর হল কিনা তা মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে জানতে চাই। যে কোন এলাকায় গেলে দেখবেন বাংলাদেশের সত্যকারের অবস্থা কি? বাংলাদেশের অধিকাংশ লোক প্রায় শতকরা ৭০।৭৫ জন গ্রাম্যজীবনের মধ্যেই বাস করে, কলকাতার বাইরে মফঃস্বলে প্রায় শতকরা ৮০ জন বাস করে সেখানে আমরা দেখেছি কারা কিনেছে এ সম্পত্তি। যারা কিনেছে তাদের অবস্থা কি সত্যকারের ভাল? দুই হাজার কোটি টাকা খরচ হবে তিনটি বড় বড় পরিকল্পনা মারফত। কিছু কিছু অর্থের খরচ হবে কংগ্রেস দলের পিছনে যার মধ্য দিয়ে সুযোগ সুবিধা হবে। সেদিকে নজর রাখা হয়, অর্থাৎ এই অর্থের মাধ্যমে, যে দল পুষ্টিসাধন হবে সে বিষয়ে সন্দেহ নেই। আমি এখানে কয়েকটা কোটেসনস উদ্ধৃতি করতে চাই, যার মধ্য দিয়ে প্রমাণ করা যাবে সত্যকারের আমরা কোথায় আছি। প্ল্যানিং কমিশনস তারা এক জায়গায় বলেছেন,

"Planning Commission's decision of the Second Five-Year Plans. The financial difficulty in implementing the plan target is that it is largely due to increase in expenditure particularly in the State on non-developmental head. West Bengal is a major defaulter in this regard."

এই কথা বারবার বলা হচ্ছে যে নন-ডেভেলপমেন্টাল হেডে বহু বেশী ব্যয় হচ্ছে। কোথায় কত বেশী খরচ হচ্ছে সে সম্পর্কে একটা তথ্য দেওয়া যেতে পারে। সে তথ্যের মাধ্যমে দেখতে পাবেন যে বাংলাদেশে যা নন-ডেভেলপমেন্টালএর খরচ। অন্যান্য প্রদেশের এর অনেক বেশী কম নয়। এই তথ্যগুলি পরে দেখাচ্ছি, আরো কয়েকটা উদ্বৃত্ত দেবার পর, এই তথ্যের মাধ্যমে প্রমাণ করবার চেষ্টা করছি যে, বাংলাদেশের কৃষি অর্থনীতি যেভাবে পরিচালিত হচ্ছে তার ফলে কৃষক জনসাধারণের স্বার্থসিদ্ধির সম্ভাবনা নেই। সর্বভারতীয় হিসাবের ভিত্তিতে ১৯৫৮-৫৯ সালে বলা হয়েছে—কৃষক জনসাধারণ, কৃষি পরিবারের শতকরা ৪৮ ভাগ, মোট জমির শতকরা ১ ভাগের মালিক এবং শতকরা ৬১ ভাগ মোট শতকরা ৬ ভাগ জমির মালিক, এই অবস্থা হয়েছে। শুধু তাই নয় ১৯৫৬ সালে ল্যান্ড রিফর্মস কমিটি সে রিপোর্ট দিয়েছেন তাতে দেখছি যে কৃষির গ্রাম্যজীবনে শতকরা ২২টা পরিবারের জমি নেই। শতকরা ৬৪ জন মাসে ২১ টাকায় জীবন ধারণ করে।

[12-50—1 p.m.]

১৯৫০-৫১ সাল ও ১৯৫৬ সাল এই ৫ বছরের মধ্যে ঋণগ্রস্তদের সংখ্যা বেড়ে ৩২ থেকে ৭৯ পরিবার ঋণগ্রস্ত হয়েছে ৪৪ থেকে ৫৬। এটা যদি প্রগতিধর্মী হয় তাহলে আমি বলবো যে এটা বলা যায় যে কৃষিনীতি বা কৃষির অবস্থা প্রোগ্রেসিভ হয়েছে তাহলে পরিষ্কার জবাব দিতে হবে। এই কাজ প্রগতিধর্মী যদি হয়ে থাকে তাহলে শতকরা ৭১ জন ৩০ থেকে ২৫—খেত মজুর। তাদের অবস্থার কোন উন্নতি হয়েছে কিনা। আমি প্রশ্ন করবো শতকরা ৭০ জন যে চাষী তাদের ভাগ্য বিড়ম্বনা থেকে তাদের কোন সুরাহা হয়েছে—তার অবস্থার পরিবর্তন হয়েছে কিনা এবং এই প্রশ্ন করবো আমরা যে যে জমি সরকারের বিলি করবেন বলেছিলেন সেটা বিলি করতে পেরেছেন কিনা এবং যে পরিবারের মধ্যে সেই জমি বিলি করবার কথা ছিল তা বিলি হয়েছে কিনা এবং যেটুকু ভূমি সংস্কার নীতি গৃহীত হয়েছে সেটুকু কৃষকদের স্বার্থে কেন কার্যকরী করা হয় নি? এখানে আমি একথা বলবো প্রগতিশীল ভূমি নীতি যদি হয়ে থাকে তাহলে খাজনা বৃদ্ধি থাকছে না কেন? কেন জমি তার দখলে আসছে না—কেন বেনামী বণ্টন করে নিজের নামে, পরের নামে, সন্তানের নামে, কন্যার নামে, সেই জমি রাখা হচ্ছে। এমন কি শোনা যাচ্ছে যে যাদের সন্তান হয় নি তাদের নামেও জমি রাখা হচ্ছে। কাজেই প্রগতিধর্মী যদি এই কৃষিনীতি এবং এই বাজেট হতো তাহলে নিশ্চয়ই আমরা এই বাজেটের মধ্যে তা প্রমাণ পেতাম। তাহলে সত্যিকারের নিম্নস্তরের যারা চাষী যাদের সংখ্যা হাজার হাজার তারা কিছুটা জমি পেতে পারত। বাজেটের মধ্যে এইসব কিছুই দেখতে পাই নি। প্রগতিধর্মী যদি হোত তাহলে এই হাজার হাজার লক্ষ লক্ষ মালাফাইডি কেস—সেখানে জমি তাদের দখল করতে ১৫ বৎসর লেগে গেল এবং সেখানে বহু অংশ জমি আমরা পেলাম না। কাজেই ভূমি সংস্কার সম্পর্কে প্ল্যানিং কমিশন যে রিপোর্ট করেছেন সেই রিপোর্টে আমরা দেখছি প্রগতিধর্মী কৃষি-

নীতি নয়। রাজ্য সরকার এমন আইন করেন নি যার মাধ্যম দিয়ে চোরা জমি ধরা চলবে। বাংলাদেশের সরকার এ বিষয়ে সম্পূর্ণ অপদার্থতার প্রমাণ দিয়েছেন। আপনার মাধ্যমে একথা বলতে চাই যে এই প্রগতিধর্মী কৃষিনীতি যা জনসাধারণকে সেবা করবার যে বাজেট রচিত হয়েছে তার মধ্যে আমি দেখি যে কিভাবে মেনুপুলেশন করা হয়েছে। কিভাবে ডিসক্রিপেন্সি ইন দি বাজেট করা হয়েছে। আমরা লক্ষ্য করি যে বিভিন্ন বছরে ১ কোটি দেড় কোটি ২ কোটি টাকা কমানো হচ্ছে। স্র-ক্ষ কোটি টাকা কমিয়ে খরচ করা হচ্ছে—কৃষি খাতে কেন এত কম খরচ কর হবে? সেজন্য আমি বলতে চাই যে ম্যানিপুলেশন ডিসক্রিপেন্সি এই দুটি বলা যেতে পারে—আজকে স্টেটসম্যানে দেখলাম এই রকম ধরনের বিবৃতি আছে যে অন্তত এই ডিসক্রিপেন্সি কেন দেখা যাচ্ছে—তাছাড়া অডিট রিপোর্টে বহু দুর্নীতি ওয়েস্টেজএর কথা বলা হয়েছে। যেভাবে টাকা পয়সা নষ্ট করা হচ্ছে সে সম্পর্কে অডিট রিপোর্টের উদ্ধৃতি থেকে দেখা যাবে যে এই যে রিপোর্ট রচনা করা হয়েছে সরকারী মগজ থেকে নয়, যে টাকা আদায় করা হবে এবং খরচ করা হবে তা সরকারী মগজ থেকে নয় এবং কৃষি খাতে যে টাকা ধরা হয় সে টাকা খরচ করা হয় না। শুধু তাই নয় এই দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা ১৯ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে তার মধ্যে ১৪ কোটি টাকা খরচ করা হয়েছে। ১৯৬০-৬১ সালে ধরা হয়েছে ৪·৩২ লক্ষ টাকা খরচ হয়েছে ৪;৭১ টাকা। ১৯৬১-৬২ সালে ধরা হয়েছে, ৬;৮০, খরচ করা হয়েছে ৪·৭১ টাকা। ১৯৬২-৬৩ সালে ৭·৭০ লক্ষ টাকা বরাদ্দ, খরচ করা হয়েছে ৬·৭৭—প্রায় ১ কোটি টাকা কম। প্রত্যেক বছর এই যে ট্রাডিশন হয়ে গিয়েছে—বাংলাদেশের ঐতিহ্য ম্যানিপুলেশন ডিসক্রিপেন্সি করে এইভাবে খরচ বেড়ে যাচ্ছে—অতএব উন্নয়ন খাতে খরচ বাড়ছে না—অনুন্নত খাতে খরচ বাড়াবার জন্য তাঁদের এখানে ম্যানিপুলেশন করা হয়েছে এইভাবে সাত বছর ধরে বাজেটের টাকা কম করে খরচ করা হচ্ছে। শুধু তাই নয় দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা ১৯ কোটি টাকা খরচ হয়েছিল এই কৃষিতে—সেখানে ১৪ কোটি টাকা খরচ হয়েছে—কেন ৫ কোটি টাকা খরচ হোল না। এইভাবে কৃষির উন্নতি করা যায় না। স্বাস্থ্য, কৃষি, কুটির-শিল্প যেগুলি গ্রাম্য জীবনকে সাহায্য করে যাতে মানুষ লাভবান হতে পারে—এর দ্বারা উন্নতি হতে পারে সেইসব জায়গায় খরচ কমিয়ে দিচ্ছেন। তিনি মুখে বলেন গণতন্ত্রের কথা, কৃষি অর্থনীতির কথা মিশ্র নীতির কথা—আসলে কেন পরোক্ষভাবে কৃষির উপর নানাভাবে নির্যাতনের নীতি পরিচালিত হচ্ছে।

এই প্রসঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে ১৯৬১-৬২ সালের অডিট রিপোর্ট পড়ে শোনাচ্ছি—এখানে দেখবেন পেজ ৫১—

Loss due to delay in disposal of surplus machinery and plants.

এখানে দেখা যাবে ফোর পোর্টেবল ইউনিভার্সাল কুলার্স এবং এই কৃষির কোল্ড স্টোরেজএর যে সব যন্ত্রপাতি কিনতে হয়, সে সব কিনবার জন্য কিছু টাকা বরাদ্দ হয়েছিল; সেই টাকা খরচ করা হলো ১৯৪৯ সালে। এবং কোটি কোটি টাকা, লক্ষ লক্ষ টাকা খরচ করা হয়েছে এই সব জিনিষপত্র কিনতে, আর মাত্র ৫ বছর পরে সেই সব জিনিষের প্রয়োজন নাই বলে বিক্রী করতে হলো, এবং তার ফলে, এখানে তাঁরা বলেছেন, ২ কোটি ৪৭ লক্ষ টাকা লোকসান হয়ে গেল একটি মাত্র আইটেমে। এ'রা বলছেন যে

"with the availability of electric power from the Calcutta Electric Supply Corporation, the electrical equipment, viz., Waksha sets and Buckey sets, was rendered surplus in 1949-50 and sold in March, 1956 for Rs. 66,271 against the purchase price of Rs. 3.14 lakhs involving a further loss of Rs. 2.47 lakhs."

এই যে লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে ১৯৪৯ সালে যে জিনিষ কেনা হলো, ১৯৫৬ সালে তা বিক্রি করে দেওয়া হলো জলের দামে। এইভাবে যন্ত্রপাতি কিনে লোকসান দেওয়া হচ্ছে আমাদের কৃষি বিভাগে।

মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার কাছে জানতে চাই এই রেড-বুক পেজ ১২১, যেখানে দেখছি কৃষির উন্নতি সাধনের জন্য সরকারের কি আকাঙ্ক্ষা তীব্রভাবে বেড়ে গেছে। তাতে তাঁদের ছদ্মবেশী বকধর্মী রূপেও প্রমাণ পাওয়া গেছে। ঐ

Seed purchase, Multiplication, Tank Irrigation, Lift Irrigation, Soil Conservation and Land Improvement, Soil Conservation Extension.

ইত্যাদি খাতে আমরা বার বার দেখে আসছি এক্সপেন্ডিচার যা বরাদ্দ ছিল, রিভাইজড এস্টিমেটএ তা কমে গেল। তারপর ১৯৬৩-৬৪ সালে যে টাকা ধরা হয়েছে তাতে বাংলাদেশে সামনের বছর আমরা আশা করতে পারি না যে খাদ্যোৎপাদন বৃদ্ধি সম্ভব হবে, কৃষক এবং কৃষিতে সমস্ত বাংলার গ্রামজীবন পরিপুষ্ট হয়ে উঠবে এবং বাংলাদেশে কৃষি সমাজের উন্নয়ন হবার সম্ভাবনা আছে। শুধু তাই নয়—একথা যেমন আমরা দেখছি যে ইনটেনসিভ প্রোডাকসন বাড়াবার জন্য খরচের কার্পণ্য, যে টাকা খরচের জন্য বরাদ্দ করা হয়, তা খরচ হয় না। সঙ্গে সঙ্গে এ ও আমরা দেখছি সিভিল বাজেটের পেজ নং ৪৪৯এ সেখানে দেখা যাচ্ছে যে ডাইরেকসন এবং সুপারিনটেন-ডেন্সএর জন্য ১৯৬১-৬২ সালে ও ১৯৬২-৬৩ সালে যে খরচ হয়েছিল তা ক্রমশঃ বেড়ে গেছে আগেকার থেকে। এই সুপারিনটেনডেন্স খাতে দেখি ৩ লক্ষ ৯৩ হাজার টাকা থেকে ৪০৫ হাজার টাকায় উঠে গেছে এবং ডাইরেকসন খাতে ৪৮৮ হাজার পর্যন্ত। এইভাবে সেখানে নন-প্রোডাকটিভ খাতে খরচ বৃদ্ধি এই সব দেখতে পাচ্ছি। আমরা বলেছিলাম বাংলাদেশে নন্-প্রোডাকটিভ খাতে খরচ বৃদ্ধি এই সব দেখতে পাচ্ছি। আমরা বলেছিলাম বাংলাদেশে নন্-প্রোডাকটিভ এক্সপেন্ডিচার কি রকম অবস্থায় এসেছে তা দেখুন। বোম্বে ৫০.৫৭, ইউ পি ৪৪·৮, পাঞ্জাব ১৩·৬, অন্ধ্র ৩৫·১, কেরালা ২০·৯। আর পশ্চিমবাংলা সকলের মাথায়। তাই আমি মনে করি—পশ্চিমবঙ্গ-সরকারের যে কৃষি নীতি, সেই নীতি সম্পূর্ণ ব্যর্থ হয়েছে।

[1—1-10 p.m.]

Shri Bhakti Bhushan Mondal:

মিঃ স্পীকার, স্যার, আজকে আমাদের দেশের যে অবস্থা, অর্থাৎ একদিকে এমারজেন্সি বা চীনা আক্রমণ, আর একদিকে পাকিস্তানের সঙ্গে আমাদের অসদ্ভাব প্রায় হয়ে দাঁড়িয়েছে। এই অবস্থায় আমাদের বিবেচনা করা উচিত যে আজ কৃষি খাতে যে টাকা মঞ্জুর করা হয়েছে, সেটা ঠিক হয়েছে কিনা!

আমি এইটুকু বলতে চাই এই গভর্নমেন্টএর সত্যিকার যেটুকু প্র্যাকটিকাল জ্ঞান দরকার সেই জ্ঞানটুকুও নেই। কারণ ভারতের ডিফেন্স যদি দরকার হয়, তাহলে ঐ ডিফেন্সএর নাম করে মোরারজী দেশাই এর ৮৭৫ কোটি টাকার যে বাজেট ওখানে করা হয়েছে, সেটা অন্যায় হয়ে যাবে। এবং গতকাল শঙ্করবাবু যে কথা বললেন যে, বাংলাদেশে পুলিস খাতে আরও অর্থের প্রয়োজন, আমি বলবো সেটারও প্রয়োজন হবে না যদি আমরা কৃষি সমাজের সমগ্র উন্নতি সাধন করতে পারি। সুতরাং বাংলাদেশের এগ্রিকালচারাল—কৃষিজাত দ্রব্য বাড়াতে হবে। কিন্তু, সেদিকে বিবেচনা করলে দেখা যাবে বাজেটে যে টাকা অ্যালট করা হয়েছে কৃষির জন্য তা কি ঠিক হয়েছে! যে টাকা অ্যালট করা হয়েছে কৃষি খাতের জন্য, তা সমগ্র বাজেট খরচের এক আনা মাত্র। অথচ বলা হচ্ছে আজ পশ্চিমবাংলার সবচেয়ে বড় সমস্যা হল কৃষি সমস্যা, এবং এর জন্য টাকা বেশি দিতে হবে। কাজেই আমি বলতে চাই বাজেটে কৃষির জন্য যে টাকা বরাদ্দ হয়েছে, তার চেয়ে আরও অনেক বেশি টাকা দেওয়া উচিত ছিল এই খাতে। আমি আপনার কাছে বলছি আপনি চিন্তা করে দেখুন আজ কৃষির যদি প্রকৃত উন্নতি করতে হয় তাহলে ঐ যে কয়েকটা সিড দিলাম বা অমুক দিলাম, এইভাবে হবে না। গভীর ভাবে সমস্যাটা বিশ্লেষণ করলে দেখা যাবে শ্রমিক, কৃষকদের অবস্থা যতক্ষণ পর্যন্ত না উন্নত করা যায়, ততক্ষণ পর্যন্ত ফলন বা কৃষির উন্নতি করা যাবে না। কারণ এখানে মেইন ফ্যাক্টর হচ্ছে প্রোডাকসন বাড়ান এবং কৃষকের মান উন্নত করা। কিন্তু কৃষকের প্রতি এই সরকারের যে দেউলিয়া নীতি, তা আমরা ভাল করে জানি। সেই জন্য আমার বক্তব্য দেশে কৃষি পণ্যদ্রব্য যদি বাড়াতে হয়, কৃষিজাত দ্রব্য যদি বাড়াতে হয়, তাহলে চাষী মজুর, কৃষকদের অবস্থা আরও ভাল করতে হবে, এবং তা করতে হলে, তাদের ঘাড়ের উপর যে ঋণের বোঝা চেপে রয়েছে, এবং লোনে আজ তারা জর্জরিত হয়ে গিয়েছে, সে কথা ভাবতে হবে।

বহুদিনের আগের কথা, ইন্ডিয়ান রয়াল কমিশন বলেছিলেন যে ভারতবর্ষের কৃষক ঋণ নিয়ে জন্মায়, ঋণের মধ্যে বেঁচে থাকে, এবং ঋণ রেখে মারা যায়। এখনও ঠিক সেই অবস্থা রয়েছে। এই ঋণ সম্বন্ধে বলতে পারি আগেকার দিনের স্বর্গীয় ফজলুল হক সাহেব বাংলাদেশের কৃষকদের কিছু উপকার করে গিয়েছেন, ক্যানসেলেসন অফ ডেট সম্বন্ধে ডেট সেটেলমেন্ট বোর্ড স্থাপন করে। এর জন্য আজ বাংলাদেশের ঘরে ঘরে প্রতিটি লোক স্বর্গীয় ফজলুল হক সাহেবের গুণগান গায়। আমাদের দেশের গভর্নমেন্ট, সমাজতান্ত্রিক ধাঁচের গভর্নমেন্ট বলা হয়, অথচ এই ডেবটএর কি অবস্থা, এটার সম্বন্ধে চিন্তা করেন না। তার ফলে হচ্ছে সরকার কৃষককে চাষের জন্য যে লোন দেন, সেটা তারা পকেটে পুরে খেয়ে ফেলে। আমরা দেখেছি গ্রামে গ্রামে কৃষকদের

Co-operative loan, cattle purchase loan

বিতরণ করা হয়, কিন্তু এমন সময় দেন, যখন তাদের অভাব উচ্চ স্তরে ওঠে, তখন তারা ঐ ইমপ্রুভমেন্ট করবার টাকা খেয়ে ফেলে ইমপ্রুভ কিছুই হয় না। তাই আমি বলি এ সম্বন্ধে একটা এনকোয়ারী কমিশন বসিয়ে ঠিক করা হোক যে বাংলাদেশের গরীব চাষীদের প্রকৃত দেনার অবস্থাটা কি রকম? এই জন্য একটা এনকোয়ারী কমিটি করা হোক। এবং প্রয়োজন হলে স্বর্গীয় ফজলুল হক সাহেবের আমলে ডেট ক্যানসেলএর জন্য যেমন একটা ডেট সেটেলমেন্ট বোর্ড বা ঋণ সালিশী বোর্ড হয়েছিল সেই রকম একটা বোর্ড বসান হোক। তারা যাতে ইন-স্টলমেন্টএ টাকা শোধ করতে পারে তার ব্যবস্থা করা হোক। এ যদি না করা হয়, তাহলে কোন রকমেই কৃষির উন্নতি সাধন সম্ভব নয়। এবং কৃষি উৎপাদন বাড়াতে পারবেন না। সেই জন্য আমি বলছি যে জায়গায় ধান জন্মায় নি, সেই সমস্ত জায়গার অবস্থা এত শোচনীয় হয়েছে তা বলবার নয়। আসানসোল থানার অন্তর্গত করিমপুর গ্রাম, যেটা মাননীয় সদস্য আনন্দবাবুর কনস্টিটিউয়েন্সী, সেখানে আমাদের ত্রাণমন্ত্রী মাননীয়া আভা মাইতি গিয়েছিলেন এবং মাননীয় ভট্টাচার্জি মহাশয়ও গিয়েছিলেন, তাঁরা সেখানে বলে এসেছেন যে গভর্নমেন্ট তাদের ঐরকম অবস্থা দেখে, সেখানে দু-তিনটা সিনেমা খোলবার লাইসেন্স দিতে সম্মত হয়েছেন। অর্থাৎ খারাপ অবস্থাকে আরও খারাপ করবার প্রচেষ্টা। আপনারা বিবেচনা করে দেখুন এইভাবে কি আমাদের ইমার্জেন্সী ট্যাকেল করা যাবে। দেওয়া হচ্ছে এই জন্য যে সেখানকার এক্স এম এল এ পরাজিত হয়েছেন অতএব তাঁর বাবার নামে সিনেমা দিতে হবে। এইভাবে যদি কৃষকের অবস্থা না দেখা হয় তাহলে কৃষি উৎপাদন কিছুতেই বাড়তে পারে না। আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে কৃষকের অবস্থা দেখতে হলে জমি তাদের হাতে দিতে হবে। জমি যদি কৃষকের হাতে না দেওয়া হয় তাহলে কোন মতেই ফলন বাড়তে পারে না। যা কিছু প্ল্যান করুন সমস্ত প্ল্যানই নষ্ট হয়ে যাবে যদি কৃষকের হাতে জমি না দেওয়া যায়। আমাদের এখানে অনেক মাননীয় সদস্য আছেন যাঁরা জোতদার জমিদার, তাঁরা বাবা, মা, ভাই, পিসী ইত্যাদি সকলের নামে বেনামী বহু জমি রেখেছেন, সেই জমি তাঁরা তদারকও করেন না, অথচ যাদের জমি পাওয়া দরকার তারা জমি পাচ্ছে না। অর্থাৎ যারা জমি পেলে নিজের জমি বলে চাষ করতো, ফসল ফলাত, তাদের হাতে জমি যায় না। তা যদি না যায় তাহলে ফসল বৃদ্ধি হতে পারে না।

আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে যে, এই যে লোন ক্যানসেলেশন বা লোন রিডাকশন যা করা হবে তারপর তারা লোন পাবে কোথায়? আমরা জানি গ্রামে চাষীদের অবস্থা, তারা সাধারণভাবে লোন না পাওয়ার জন্য এমন অবস্থা হয়েছে যে এক একটা লোক এক টাকা নিয়ে কবুলতি লিখিয়ে নেওয়া হয় ১০০ টাকা। তার জন্য চিফ ক্রেডিট দেবার ব্যবস্থা গভর্নমেন্ট থেকে করতে হবে। অবশ্য একটা ব্যবস্থা আছে কো-অপারেটিভ সিস্টেমএ টাকা দেওয়া। কিন্তু তাদের আনলিমিটেড লায়েবিলিটি থাকার জন্য এই কো-অপারেটিভের দেনাটা কিরকমভাবে তার ঘাড়ের উপর চেপে বসে যায় সেটা আমরা বেশ ভাল করেই জানি। কিন্তু এই বিষয়ের প্রতি বাজেটের মধ্যে ধ্যান দেওয়া হয় নি।

তারপর সারের কথা বলবো, এটা খুব দরকার। সার দু-রকম দরকার, জৈব ও রাসায়নিক। কিন্তু আমাদের মন্ত্রিমহাশয় জানেন কি, রাসায়নিক সার বিশেষ করে অ্যামোনিয়াম সালফেট যেখানে দুই বৎসর পরপর দেওয়া হয়েছে সেখানে তৃতীয় বৎসর আর কোন ফসল ফলছে না।

[দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ—
সেজন্যই ত আমরা সবুজসার দিতে বলেছি]

কিন্তু এই সবুজসার কোন জায়গায় দেওয়া যায় যেখানে জলের প্রাচুর্য আছে।। আপনার যে ধণ্ডের সার তার সবচেয়ে বড় জিনিষ হচ্ছে জল। জল না থাকলে ধণ্ডেতে ফল হবে কেন, তাতে কোন রকম ফসল হবে না। জল না হওয়া পর্যন্ত গ্রিন ম্যানিওরে কাজ হতে পারে না। তাই আমি বলেছি রাসায়নিক সার দিয়ে বলা হয়েছিল যে তাতে প্রচুর ফলন হবে কিন্তু এখন প্রকৃত পক্ষে দেখা যাচ্ছে রাসায়নিক সার, বিশেষ করে অ্যামোয়াম সালফেটএর কথা আমি বলেছি যে একই জমিতে ২।৩ বৎসর দেবার পর আর একেবারেই সেই জমিতে কোন ফসল ফলছে না। আপনারা এটা অনুসন্ধান করে দেখবেন দুবরাজপুর, বীরভূমে এমন অবস্থা হয়েছে যে সেখানে একেবারেই ফসল হচ্ছে না দু'-তিন বৎসর ধরে এই সার দেবার জন্য।

[1-10—1-20 p.m.]

আমি বলতে চাই কৃষকের অবস্থা যতক্ষণ ভাল না হয় ততক্ষণ পর্যন্ত যত রকম স্কীম নিন্ তা ফেল করবে—যত রকম লোন দিন, সাবসিডি দিন তা সব পেটে ভরবে। ক্ষুধার জ্বালা বড় জ্বালা। ক্ষুধা যখন থাকে তখন কাল কি খাব তা ভাবে না। তাই চাষীর যদি ফসল বাড়াতে হয় আমরা বলব আগে চাষীকে বাঁচাতে হবে—চাষীকে না বাঁচালে ফসল কোন দিনই বাড়বে না।

আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি একটা দিকে আকর্ষণ করছি—বিশেষ করে পুরুলিয়া জেলায় লাক্ষা চাযের ব্যাপারে। উনি জানেন কি না জানি না, আমি কয়েকদিন আগে ওদিকে গিয়েছিলাম এবং সেখানে দেখলাম বিহারের সঙ্গে যখন তারা ছিল লাক্ষার মণ ছিল ১২০ টাকা; কিন্তু এখন সেই লাক্ষার মণ হয়েছে ১০ থেকে ১৫ টাকা। তার মানে হচ্ছে যে, লাক্ষা উৎপাদন করার জন্য যে খরচা হয় সেই খরচটা উঠছে না, অর্থাৎ বিলো দি কস্ট অফ প্রোডাকশন। কিন্তু দাঁড়িয়েছে যে ওই অঞ্চলের যে একমাত্র মানি ক্রপ লাক্ষা ছিল তারা তা ছেড়ে দিয়ে টাটা, রাউরকেলাতে চলে যাচ্ছে—সেখানে ইনডাস্ট্রিতে কাজ পাওয়ার জন্য প্রাণপণ চেষ্টা করছে। আমি বলি এই লাক্ষা চাষের ব্যাপারটা তিনি যদি দেখেন আমরা তাহলে বাধিত হব। শুধু তাই নয় এই সঙ্গে আমরা বলছি যে কৃষিজাত দ্রব্য যা উৎপন্ন হবে তার যদি ঠিক দাম না পায় অর্থাৎ যদি ফ্লোর প্রাইস না পায় তাহলে চাষের যত চেষ্টাই করুন চাষের দ্রব্য বাড়বে না। কিছুদিন আগে আমাদের অঞ্চলে এত বেশী শাকসবজী হয়েছিল তার এমন দাম হয়ে গেল, বিশেষ করে ফুলকপির কথা বলছি যে এক গাড়ি ফুলকপি ৩ টাকা ৪ টাকায় বিক্রি হত। ফুলকপি লাগিয়ে যদি তার ঠিক দাম না পায় চাষী তাহলে আর লাগাতে চাইবে না। আর একটি বিষয় বলছি বড়ই দুঃখের কথা যে যাতে সবচেয়ে বেশি টাকা অ্যালট করা উচিত সেখানে সবচেয়ে কম টাকা অ্যালট করা হয়েছে। আবার যে টাকা অ্যালট করা হয়, তার সমস্ত খরচ হয় না—আনস্পেন্ট থেকে যায়। দয়া করে বলবেন কি যে টাকাটা কি আনস্পেন্ট থেকে যাবে না যেটুকু অ্যালট করেছেন তা খরচ হবে? আমি আর একটা কথা বলে শেষ করছি—কথাটা হল এই যুদ্ধের জন্য এমারজেন্সীর জন্য অনেক জায়গায় কালকে অর্থমন্ত্রী বলেছেন টাকা কমাবার চেষ্টা হয়েছে। আমরা কৃষিখাতে লক্ষ্য করেছি ১৯৬১-৬২ সালে অফিসারদের বেতনের টাকার চেয়ে ১৯৬৩-৬৪ সালের বাজেটে অনেক টাকা বেশি। কেন বেশি জানি না, তাই এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৬১-৬২ সালে ছিল এ-গ্রুপ—৬২,৫৫৮, সেটা বেড়ে ১৯৬৩-৬৪ সালে হয়েছে ৭৪.৯৮০ টাকা; বি-গ্রুপএ দেখা যাচ্ছে ৯৭,৫৬৮ টাকা ছিল এবারে হয়েছে ১,৩৮,০০০ টাকা। এইভাবে ই-গ্রুপএ ১৯৬১-৬২ ছিল ১ লক্ষ ৬২ হাজার টাকা, সেটা হয়েছে ১ লক্ষ ৮২ হাজার টাকা। ডাইরেক্টরদের বেতন ছিল ২১ হাজার ৬০০ টাকা, এবার হয়েছে ২৪ হাজার ৮০০ টাকা। কাজেই বলছি এ বিষয়ে বিবেচনা করে যেটা সবচেয়ে বড় কাজ অর্থাৎ শস্য উৎপাদন সেটা যাতে বেশি ফলে তার চেষ্টা করুন।

Shri Pijush Kanti Mukherjee:

মাননীয় স্পীকার মহোদয়, আমাদের দেশ কৃষিপ্রধান এবং আমাদের জাতীয় আয়ের ১৪ হাজার কোটি টাকার মতো কৃষি থেকে আসে, এই অবস্থায় বিবেচনা করে কৃষির উপর কি পরিমাণ গুরুত্ব দেওয়া প্রয়োজন সেটা সহজেই উপলব্ধি করতে পারা যায়। আজকে আমাদের পশ্চিম-

বাংলার কৃষি ব্যবস্থার উন্নতি হয়েছে সন্দেহ নাই। কৃষি বলতে কেবলমাত্র খাদ্যশস্যই নয়, কৃষিক্ষেত্রে উৎপাদিত যেসমস্ত দ্রব্য শিল্পে নিয়োজিত সেগুলিও অন্তর্ভুক্ত, যেমন পাট, ইক্ষু, আলু। কিন্তু, মাননীয় স্পীকার মহাশয়, আমরা যদি বিশ্লেষণ করি তাহলে দেখতে পাব যে, শিল্প যে হারে উৎপাদন বাড়িয়ে চলেছে, কৃষিক্ষেত্রে উৎপাদন সেই হারে বাড়ছে না, বরং বলা যেতে পারে যে, শিল্পে উৎপাদন যেখানে শতকরা ২০।২২ ভাগ বেড়ে চলেছে কৃষি উৎপাদন মাথাপিছু সেক্ষেত্রে কমে গিয়েছে, কারণ অধিকাংশ কৃষি উৎপাদনই যা আমরা দেখতে পাই সেটা চাষের জমি সম্প্রসারণের দ্বারা হয়েছে। একর প্রতি উৎপাদন বৃদ্ধির দিকে তেমন উন্নতি দেখা যাচ্ছে না। একর প্রতি যদি উৎপাদন বৃদ্ধি না করা যায় তাহলে আমাদের এই জনবহুল দেশে খাদ্যসমস্যা কোন দিনই মিটবে না। আমাদের দেশে মাথাপিছু জমির পরিমাণ কম, সুতরাং একর প্রতি উৎপাদন বৃদ্ধির দিকে অত্যন্ত নজর দেওয়া দরকার। আজকে আমাদের জনসংখ্যার বৃদ্ধির সঙ্গে কৃষি-উৎপাদন তাল রেখে চলতে পারছে না। যদিও জনসংখ্যা বৃদ্ধির তুলনায় আমাদের খাদ্যাভাব আগের তুলনায় কম, কিন্তু সেটার কারণ কৃষির আওতায় যে জমি আছে তা সম্প্রসারিত হয়েছে। সুতরাং এই উন্নতি দেখে আমরা আত্মতুষ্টি লাভ করি বটে, কিন্তু একর প্রতি জমিতে উৎপাদন-বৃদ্ধি করতে হলে চাষীদের মধ্যে উৎসাহ ও অনুপ্রেরণা আনতে হবে। আজকে আমাদের এই কৃষি বিভাগ সম্পূর্ণভাবে কাগজপত্রের বিভাগে পরিণত হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, যে সমস্ত সীড মাল্টিপ্লিকেশন ফার্ম আছে, সেগুলির অবস্থা অত্যন্ত শোচনীয়। আমি আলীপুর থেকে এসেছি, সেখানে একটা ফার্ম আছে। আজকে যেক্ষেত্রে বহু অর্থ ব্যয় করা হচ্ছে সেখানে উৎপাদন কম হবে কেন? ২রা অক্টোবর তারিখে আমি একটা এন ই এস ব্লকএ গিয়েছিলাম—আমাকে একটা গার্ডেন দেখান হল, আমি যখন একজনকে জিজ্ঞাসা করি এই গাছগুলি কবে লাগান হয়েছে, সে উত্তর দিল পরশুদিন লাগান হয়েছে—পরশুদিন যদি লাগান হয়ে থাকে তাহলে এরই মধ্যে ১।১॥ ফুট হয়ে যেতে পারে না—অর্থাৎ, অন্য জায়গা থেকে সংগ্রহ করে এনে আমাকে দেখান হয়েছে। এইভাবে যদি আমাদের কাজ চলে তাহলে আমরা কোনদিনই আমাদের সমস্যার সমাধান করতে পারব না। আজকে বাংলাদেশে বহু সাবমার্জিনাল ল্যান্ড রয়েছে। জলের প্রয়োজনও অত্যন্ত বেশি। আমরা জানি জল ছাড়া উৎপাদন সম্ভব নয়, জলের প্রাচুর্য না থাকলে উৎপাদন বাড়ান সম্ভব নয়। বাংলার বিভিন্ন অঞ্চলে সরকার থেকে কিছু কিছু সেচ-ব্যবস্থা করা হয়েছে, কিন্তু আমাদের উত্তর বাংলায় সেচ বিভাগ থেকে তেমন উল্লেখযোগ্য কিছু করা হয় নি।

[1-20—1-30 p.m.]

ফলে উত্তরবঙ্গে মাথাপিছু চাষের জমির উপর চাপ পড়েছে অনেক বেশি, অথচ উৎপাদন বৃদ্ধি হয় নি। একর প্রতি জনসংখ্যার চাপ অত্যন্ত বেশি। জলপাইগুড়ি জেলার কথা ধরুন। গত সেনসাসে লোকসংখ্যা বৃদ্ধি পেয়েছে শতকরা ৫০ জন এবং এই ক'বছরে লোক যা বেড়েছে এর মধ্যে ৫ লক্ষ কৃষিজীবী এবং এই কৃষিজীবীদের অধিকাংশই পূর্ব পাকিস্তান থেকে এসেছে। এই জনসংখ্যা বৃদ্ধির ফলে একর প্রতি কৃষিজীবীর সংখ্যা অত্যন্ত বেশি। এর ফলে কৃষি উৎপাদনে কৃষিজীবীরা জীবন সংগ্রামের ক্ষেত্রে দিনের পর দিন পিছিয়ে পড়ছে। এর প্রতিকার যদি আমরা না করতে পারি তাহলে সমস্ত প্ল্যান ব্যর্থতায় পর্যবসিত হবে। আমাদের সরকারী বিভাগে কৃষি বিষয়ে যথেষ্ট অভিজ্ঞতাসম্পন্ন লোক নেই। একটা জেলায় এই সমস্ত অভিজ্ঞতা-সম্পন্ন লোক সরবরাহ আপনারা করেন। জেলায়, সাব-জেলায় এদের ছড়িয়ে না দিয়ে অন্ততঃ ২।১টা সাবডিভিসন বা জেলা এলাকা ধরে নিয়ে অভিজ্ঞ সরকারী কর্মচারীদের যদি কাজে নিয়োগ করা যায় তাহলে কৃষক জনসাধারণ নিজেদের ধারায় চাষবাসের উন্নতি করতে পারবে এবং সরকারী ফার্মের প্রতি আকৃষ্ট হবে। এ যদি না করা হয় তাহলে যে অবস্থায়ই ডিমনস্ট্রেসন ফার্ম করা হোক না কেন তাতে কৃষিজীবীদের বিতৃষ্ণা আসবে, কেউ দেখতে যাবে না এবং তাদের ধারণা অনেক ছোট হবে। এর ফলে অদূরভবিষ্যতে যদি কোন ব্যবস্থা করা যায় তাহলে সে ব্যবস্থা কার্যকরী হবে না। এই অবস্থায় আমাদের কৃষি সম্পর্কে যথেষ্ট ওয়াকিবহাল হওয়া দরকার। বিশেষ করে এমারজেন্সির কথা যখন বলা হয়েছে তখন কৃষি বিভাগকে মুখ্যমন্ত্রীর আওতায় আনা দরকার। কিন্তু শুধু মুখ্যমন্ত্রীর আওতায় আনলে হবে না এটাকে সমস্ত শক্তি দিয়ে, আন্তরিকতার মধ্য দিয়ে, সেবার মধ্য দিয়ে যদি চাষের উন্নতি করা যায় তাহলে অধিকাংশ

...াকের উন্নতি করা যায়, তাদের সুযোগ-সুবিধা করা যাবে। আমরা যদি একথা বলি এবং ...রকারী কর্মচারীদের প্রেরণা দিতে পারি তাহলে তারা জনসাধারণের মধ্যে কৃষকদের মধ্যে প্রেরণা ...ানতে পারবে এবং তার ফলে কাজ হবে। তা না হলে চিরাচরিত প্রথায় যদি চলে তাহলে এই ...বস্থার উন্নতি কোনক্রমেই সম্ভব নয়। সুতরাং আপনার মাধ্যমে সরকারকে জানাতে চাই যে, ...ান্তরিকতার সঙ্গে কৃষককে গুরুত্ব দিয়ে এর সম্প্রসারণের জন্য যেন সর্বপ্রকার চেষ্টা করা হয়। ...ই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Shambhu Gopal Das:

মাননীয় স্পীকার মহাশয়, কৃষিখাতে যে ব্যয়বরাদ্দকারী মন্ত্রিমহাশয় রেখেছেন সেটাকে সমর্থন করার মত কোন নৈতিক অধিকার আমার নেই। একথা যদি আমি এই হাউসকে বলি ...য়, ইউরোপখণ্ডে ষোড়শ শতাব্দীতে যে পদ্ধতিতে চাষের কাজ চলত আজকে ভারতবর্ষে বা বাংলা দেশে ঠিক সেই ভাবে চাষের কাজ চলছে। রবীন্দ্রনাথ বলেছিলেন যে এখনও মান্ধাতার আমলের হাল, লাঙ্গল, বলদ আছে এবং ডোঙ্গা দিয়ে সেচের কাজ চলছে। আমি যদি একথা বলি নিশ্চয় অসত্য ভাষণের অপরাধে অপরাধী হব না। বাংলাদেশ সম্পর্কে যাঁরা গভীরভাবে এবং মমত্বভাবে চিন্তা করেন তাঁরা একথা মানেন যে দেশের অর্থনৈতিক বুনিয়াদকে যদি সংগঠন করতে হয় তাহলে মূল জোর দিতে হবে কৃষির উপর, কৃষি ব্যবস্থাকে স্বয়ং সম্পূর্ণ হতে হবে। ...লের আমাদের ঘাটতি হল, অতএব উড়িষ্যা থেকে বেসরকারী সূত্রে চাল আসবে, লন্ডন থেকে ...ম আসবে। কিন্তু তার জন্য তো বাংলাদেশ থেকে টাকা বাইরে চলে যাবে।

...একথা অত্যন্ত দুঃখের সঙ্গে অত্যন্ত লজ্জার সঙ্গে বলছি যে, আমাদের সরকার তাদের শাসনকালে ...ম্পূর্ণ ব্যর্থ হয়েছেন এবং চরম অপদার্থতার পরিচয় দিয়েছেন। মাঝে মাঝে একথা মনে ...য়েছে যে কলকাতার কফি হাউসে বসে যেমন অনেক সাহিত্যিক পাড়াগাঁয়ের চাষীদের সম্বন্ধে ...ল্প লেখার চেষ্টা করে ব্যর্থ হন ঠিক সেভাবে কৃষিক্ষেত্রে কৃষি বিভাগের উপরতলায় যারা আছেন ...লখাপড়া জানা অনেক বিদেশী ডিগ্রী তাদের আছে, তারাও ঠিক সেভাবে বাংলাদেশের গ্রামাঞ্চলে ...ৃষি সমস্যা সমাধান করতে যান এবং মারাত্মকভাবে ব্যর্থ হন এবং তার আবার ফল ভোগ করতে ...য় সারাটা বাংলাদেশের মানুষকে। মাননীয় স্পীকার মহাশয়, একথা বলতে চাই যে, ...বশেষ করে এটা হচ্ছে কৃষিক্ষেত্রে। আমরা লক্ষ করে দেখলাম যে, সরকারের বাস্তব রুচি ও ...রিচালন ব্যবস্থার ত্রুটি আছে। সে ত্রুটিটা বাস্তব বুদ্ধির অভাবের জন্যই মারাত্মকভাবে ...সেছে। কাগজপত্রে ও বক্তৃতায় সব সময় উন্নতির কথা শুনছি। কিন্তু সত্যকারের গ্রামের ...ানুষের অবস্থা কি। আমি গ্রামের মানুষ, আমার জমি আছে অল্প এবং জমির আলেতে ঘুরে ...দখার মত সৌভাগ্য অর্জন করেছি যা মুখ্যমন্ত্রী মহাশয়ের নেই। আমি জানি গ্রামাঞ্চলে কি ...চ্ছে চাষীর উন্নতির জন্য সেখানে যাদের পাঠান হচ্ছে, জনসাধারণের সঙ্গে কতখানি যোগাযোগ ...থাপন করতে পেরেছেন, জনতার বা কৃষকের কতটা তাঁরা হতে পেরেছেন। তাঁদের বিচিত্র ভাষা ...ামের চাষীরা বোঝে না, তাঁদের বিচিত্র পোষাক গ্রামের কৃষকদের অন্য রুচি করে দেয়, তাদের ...ঙ্গে মিশতে পারেন না এসব ভদ্রলোক চাষীর দল, যাদের কিছুদিন আগে ধারণা ছিল ধান গাছে ...তক্তা হয়, গ্রামে গ্রামে এতে অদ্ভুত অবস্থার সৃষ্টি হয়েছে, যা চিন্তা করা হয় তার উল্টো হচ্ছে ...সখানে। মুখ্যমন্ত্রী মহাশয় গত ৫ বছরের হিসাব দিয়ে সন্তুষ্ট করবার চেষ্টা করেছেন, তবু ...শ্ন করি, ২য় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বৎসরটিতে আমাদের চালের গড় উৎপাদন যা ছিল ...তন বৎসর পর পর দেখতে পাচ্ছি উৎপাদন ১০ লক্ষ টন কমে গেছে। যদি বলি ঘাটতি হচ্ছে ...তাহলে মিথ্যা বলা হবে না। মোট হিসাব ৫ বৎসরের তাই হতে পারে কিন্তু বাস্তব অবস্থায় ...দখছি আমাদের যা প্রয়োজন তা মেটাতে পাচ্ছেন না। উৎপাদন তা করতে পাচ্ছেন না। সেখানে ...য বাণিজ্যিক স্বার্থের জন্য কৃষি উৎপাদন হবে সে কথা ভাবতে পাচ্ছি না। কেন এ অবস্থা হল, ...কন এ ব্যর্থতা তা গভীর ভাবে চিন্তা করা দরকার। আমরা মাঝে মাঝে শুনেছি একথা ...য সব কাজের জন্য সরকার পক্ষের অভাব হচ্ছে অর্থের আমাদের অর্থ থাকে না। কিন্তু ...মাননীয় স্পীকার মহাশয় একথা লজ্জার কথা নয় এই অভিযোগ যদি গভর্নমেন্টএর বিরুদ্ধে আসে ...য কৃষি খাতে যে যে বিভিন্ন খরচ দেখান হয়েছিল সে টাকা খরচ করতে পারেন নি, কেবল ...কীমের জন্য। যেখানে পরিচালন ব্যবস্থার জন্য গভর্নমেন্ট প্রচুর টাকা খরচ করছেন। অফিসার

পোষার জন্য তাঁরা প্রচুর খরচ করছেন, সাহেব চাষাদের জন্য প্রচুর খরচ করছেন। কিন্তু বাস্তবে লক্ষ্য করে দেখলাম কৃষির জন্য যা প্রয়োজন, রাসায়নিক সারের তা নেই। রাসায়নিক সারের যে প্রভিসন সেটাও খরচ করতে পারেন নি। এ কথা পরিষ্কার করে বলছি যে
Smaller provisions for the scheme for distribution of chemical fertilisers
এর জন্য ২৯ লক্ষ ৬৩ হাজার টাকা খরচ করতে পারলেন না, অথচ আমরা অন্য জায়গায় দেখছি এই কৃষি ব্যাপারে ডিপ টিউবওয়েল দেবার জন্য এস্টিমেট ধরা হয়েছে। ৪৬৮ যেখানে ছিল সেখানে হল ৫০০। এধারে আবার হচ্ছে সুপারিন্টেন্ডেন্ট যে ঘর, সেখানে দেখলাম আগে যে খরচ ধরা হয়েছিল তাতেও চলে না। মোট কথা সমস্ত শাসন ব্যবস্থায় যে গলদ আছে, উপরে উপরে তা ঠিক আছে পরিচালন ব্যাপারে মাথাভারী শাসন ব্যবস্থা ঠিক আছে, কিন্তু আসল জায়গা যেখানে হাত না দিলে ফসল বাড়বে না সেখানে কোন নজর পড়লো না। কোন্ কোন্ খাতে আমরা কত খরচ করতে পারি—আমি সরকারী তথ্য থেকে তার হিসাব রাখছি।

[1-30—1-40 p.m.]

কৃষি ক্ষেত্রে ক্ষুদ্র সেচ ব্যবস্থা—সেখানে ৩১ লক্ষ ২৭ হাজার টাকা খরচ করতে পারেন নি। মূলধনী খাতে উক্ত সেচের ব্যাপারে ৩ লক্ষ ৯৬ হাজার টাকা খরচ করতে পারেন নি। কাজেই সারের ব্যাপারে ৪০ লক্ষ টাকা খরচ করতে পারেন নি। সরকারী কৃষি ক্ষেত্রে আবার ১ লক্ষ ২১ হাজার টাকা আমরা খরচ করতে পারিনি। আমি জানতে চাই মাননীয় মন্ত্রীর কাছ থেকে যে সরকার কি এখনও সুস্থ মস্তিষ্কে আছেন। এই কথার পরে তিনি কি বলবেন যে কৃষিক্ষেত্রে আমরা যা করছি তার জন্য অদূর ভবিষ্যতের আসায় থাকুন। তাঁদের প্রশাসনিক ব্যবস্থার কি কোন দায়িত্ব নেই। এবং এই ব্যর্থতাকে বন্ধ করার জন্য কোন কোন প্রিভেন্টিভ মেজারের ব্যবহার করেছেন। আমি এখানে জানাতে চাই স্পীকার মহাশয়, আপনি নিশ্চয় জানেন কিছু দিন আগে কেন্দ্রীয় সরকারের মন্ত্রী শ্রীগুলজারীলাল নন্দ বিভিন্ন জায়গায় সফর করেছিলেন কৃষি সম্পর্কে আলোচনা করার জন্য। এটা বড়কর্তাদের আত্মসন্তুষ্টির ব্যাপার। বাংলাদেশের সরকার কৃষি ব্যাপারে মারাত্মকভাবে ব্যর্থ হয়ে গেছে। আমরা দেখেছি নানা রকম কেলেংকারীর কথা—আমরা দেখেছি যে ডিপ টিউবওয়েলের ব্যাপারে যতগুলি চালু হলো তার মধ্যে বেশিরভাগ বিদ্যুতের অভাব, ইলেকট্রিসিটির অভাবে বন্ধ হয়ে গেছে কাজ চললো না। আপনি জানেন যে ডিপ টিউবওয়েলের ব্যাপারে মন্তব্য প্রকাশ হয়ে গিয়েছে এবং সরকার আত্ম সন্তুষ্ট হয়েছেন যে আগের থেকে ডিপ টিউবওয়েল বেশি হয়েছে এবং কাজ চলছে। এই হিসাব দেখলাম সেখানে জল নিয়ে যেতে যে পরিমাণ খরচ হচ্ছে ঠিক সেই পরিমাণ লাভ করতে পারছেন না—সেখানে লাভ হচ্ছে না। আমরা গ্রামের মানুষের হিসাব জানি—আমাদের এলাকায় ক্যানেল আছে—ঠিক বর্ষাকালে বোরো ধানের জন্য যখন জলের প্রয়োজন সেই ক্যানেল থেকে জল পাওয়া যায় না—প্রকৃতি কারও কথা শুনে চলে না—মন্ত্রিমহাশয়দেরদ হুকুমে অনেকে চলতে পারেন কিন্তু প্রকৃতি কারও হুকুমে চলে না। আষাঢ় মাসের ১৫ তারিখে জল দরকার। কিন্তু জল এলো তার ২০ দিন বাদে যখন চারাগুলি জলের অভাবে মরে গেছে, আবার অনেক সময় হয় জল ক্যানেলে চলে এলো এমনভাবে যে সমস্ত ভাসিয়ে দিল, সমস্ত ডুবে গেল। এমনভাবে ইরিগেসনের অবস্থা সেখানে আছে। আপনি একথা জানেন যে জলের গতি নিম্ন দিকে হয়, কিন্তু ক্যানাল এইভাবে হোল যে জল আর আসে না এবং তার প্রতিকারের কোন ব্যবস্থা হয় না। ইরিগেসনের এই তো অবস্থা। বীজ সরবরাহ ব্যাপারে আমি নিজে জানি আমার নিজের কিছু জমি আছে। বীজ আষাঢ় মাসে বা জ্যৈষ্ঠ মাসে চারা বীজ দেওয়া দরকার। আমি হাজার হাজার উপমা দিতে পারি—স্মরজিৎবাবু জানেন যে সেই বীজ অগ্রহায়ণ মাসে এলো ব্লক অফিসের মাধ্যমে। অনেক বাধা বিপত্তির মাধ্যমে আষাঢ় মাসে বীজ বুনতে হবে। সার সম্পর্কে আমরা জানি ঠিক সময়ে আসে না। সেখানে সারের ব্যাপারে ব্লকের কল্যাণে, পঞ্চায়েতের কল্যাণে পার্টিবাজীর ফলে সেখানে সার সমস্ত কৃষির হাতে পেঁৗছোচ্ছে কি না সে বিষয়ে সন্দেহ আছে। সারের ব্যাপারে দুরবস্থা পূর্বপরি বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করে দেখছি। আজকে বাংলা দেশের গ্রামে গ্রামে কৃষির যে অবস্থা সেদিকে কেউই—তার বাস্তব রূপটা—যে জল দিয়ে ফলন বাড়াতে হবে—তাকিয়ে দেখেন নি। তাদের মুখে ভাষা নেই—আমরা এখানে বসে বড় বড় কথা বলি; কিন্তু কাজ কিছুই হয় না। আমরা জানি না মন্ত্রী

মহাশয়রা কি এই ব্যবস্থা করবেন যে তাদের মাঝখানে গিয়ে তাদের অবস্থা অনুধাবন করবেন। রাইটার্স বিল্ডিংসে বসে নয়, ডাকবাংলোতে বসে নয়—গ্রামে গিয়ে আমাদের সঙ্গে—যাদের গায়ে জামাকাপড় নেই—তাদের কাছে গিয়ে সেই বাস্তব অবস্থা দেখে কোন কিছু চেষ্টা করবেন। আমি চ্যালেঞ্জ করতে পারি—হাহাকার সুরু হয়ে গেয়ে—আমরা এই অবস্থায় এসেছি যে বৈশাখ মাসের পর থেকে যারা একবেলা করে ভাত খেয়ে থাকে তারা আর খেতে পাবে না। সকাল বেলায় পান্তা ভাত খায়, তারপর সারা দিন পেট পুরে খেতে পায় না এই হচ্ছে বাস্তব রূপ—হাড় জির জির করছে তাদের সকলের। তাদের সমস্ত ঘটিবাটি বিক্রি হতে চলেছে। তারা লোন নিয়ে যাচ্ছে শুধু গভর্নমেন্টের লোন নয়—মহাজনদের কাছ থেকে লোন নেয়। গয়নাগাটি সমস্ত বন্ধক দেওয়া হয়ে গেছে—ঘটিবাটি বন্ধক। প্রতিদিন সকাল বেলায় উঠে মাথায় হাত দিয়ে ভাবে একপেট খিদে নিয়ে, বাচ্ছা ছেলেটার কথা ভাবে তারপর মাঠে যায় চাষের লাঙল নিয়ে। সেখানে চাষীকে মাঝে মাঝে স্যাক্রিফাইসের কথা শুনানো হয় বটে কিন্তু বিধাতা উপর থেকে হাসেন। স্যাক্রিফাইস তাতে হয় না—ফসল ফলে না। সেজন্য বলতে চাই ভূমিহীন কৃষকদের সংখ্যা, যারা লাঙল চালিয়ে মাঠে ধান ফলায়—দিন দিন বেড়ে যাচ্ছে—তাদের হাতে জমি দিন, আবার দেখুন তাদের মাঝখানে এক শ্রেণীর চাষী গজিয়ে উঠেছে যাদের কিছু সংগতি আছে। এরা তাদের শোষণ করছে। আজ অনেকে আমরা জানি দল নিয়ে যখন কথা উঠে তখন এই সভার মাননীয় মন্ত্রী বিবৃতি দেন চালের দাম ২৫ টাকার বেশী হবে না। কিন্তু একথা সত্য যে গ্রামে যদি কেউ যান তবে দেখবেন ভূমিহীন চাষীদের মাঝখানে এক শ্রেণীর চাষী দিন দিন গজিয়ে উঠছে—সে হচ্ছে কিছু সঙ্গতিসম্পন্ন চাষী, যারা তাদেরকে শোষণ করছে।

আজকে অনেকে আমরা জানি চালের ঊর্ধ্বমুখী দর নিয়ে যখন কথা উঠেছে, তখন পরিষদে মুখ্যমন্ত্রী মহাশয় বিবৃতি দেন চালের দর কোথাও ২৫ টাকার বেশি নাকি হয় নাই। কিন্তু এই কথা বাস্তব সত্য কি না সেটা গ্রামে গ্রামে যদি কেউ যায়, তিনি বুঝতে পারবেন। আমি নিজে কয়েকদিন আগে এক মণ চাল কিনতে গিয়েছিলাম, আমি জানি মুর্শিদাবাদ জেলার গ্রাম এলাকায় ২৮।৩০ টাকার কম কোথাও চাল পাওয়া যায় না। সরকারী তথ্য ভুল তথ্য। আমি জানি গ্রামে ধান শেষ হয়ে গেছে, তার কাছে বাড়তি পয়সা থাকে না একটিও। একজন গরিব চাষী তার চাষবাস করতে গেলে একটু বেশী খায়। তা না হলে বেশি পরিশ্রম করতে পারা যায়না। আজকে সে চাল কেনে। বাস্তব সত্য যা আষাঢ় মাসে বর্ষায় ভিজে রোদে পুড়ে কম খেয়ে চাষ করা যায় না। এই অবস্থার মাঝখানে কোথা থেকে ঐ রকম স্ট্যাটিসটিক্‌সগুলো আসে আমরা ঠিক বুঝতে পারি না। আমরা অবশ্য সেই স্ট্যাটিসটিক্‌সএর মাঝখানে যেতেও চাই না। প্রফুল্লবাবু যখন চীফ মিনিস্টার ছিলেন না, তখনও তাঁর স্ট্যাটিসটিক্স শুনেছি। আবার প্রফুল্লবাবু যখন চীফ মিনিস্টার হয়েছেন তখনও তার স্ট্যাটিসটিক্স শুনছি। এই স্ট্যাটিসটিক্স শোনা যাচ্ছে গ্রামে। বাংলাদেশের গ্রামাঞ্চল গুলোর দিকে তাকিয়ে একটি ছবি কেবল দেখতে পাচ্ছি। রবীন্দ্রনাথ বলেছিলেন সমস্ত বাংলাদেশের গ্রামাঞ্চল আজও সেই অন্ধকারের মাঝখানে ডুবে আছে। আমি কালচারএর কথা বলছি না, সংস্কৃতির কথা বলছি না, আমি কাব্য-সাহিত্যের কথা বলছি না, বাস্তব সত্যের তাগিদে আমি বলছি মনুষ্যত্বের দিকটা একবার তাকিয়ে দেখতে হবে। চাষীদের হাতে জমি দেবার মত সমাজতান্ত্রিক প্রোগ্রামের কথা আমি এখানে বলতে চাই না, সেই বৈপ্লবিক পরিবর্তনের কথাও বলতে চাই না, এই কাঠামোর মাঝখানে যতটুকু ব্যবস্থা আছে, সেই ব্যবস্থার উপর দাঁড়িয়ে আজকে তাদের প্রতি একটু সহানুভূতির দৃষ্টি যদি আমরা দিতে না পারি, তাহলে কৃষির ব্যাপারে আমাদের যে পরিকল্পনা, সেই পরিকল্পনা সম্পূর্ণরূপে ব্যর্থ হয়ে যাবে, এ বিষয়ে মনে কোন রকম সন্দেহ নাই। মাঝে মাঝে গ্রামে বড়বাবুদের গমন হয়—আমরা দেখি। এই বড়বাবুরা গ্রামে গিয়ে বলেন মাঝে মাঝে এইভাবে তোমরা সার তৈরি কর। আর একশো বছর বয়সের চাষী বলে সার তৈরি করতে জানি, গোবর চিনি।

সম্প্রতিকালে আবার জমিতে ধঞ্চে বীজের সারের কথা শুনলাম। তা শুনে গ্রামের মানুষরা বলছে ধঞ্চে বীজে সার হয় না, ধঞ্চে গাছে সার হয়। ধঞ্চে বীজ থেকে গাছ হয় জানি, বীজ থেকে সার হয় তো জানি না। ধঞ্চে গাছ থেকে সবুজ সার হয়। তারা গ্রামের চাষীদের জিজ্ঞাসা

করছে ধঞ্চে বীজে সার হয়—কিছু তোমরা জান? না, বাবু, ধঞ্চে বীজে সার হয় তা তো জানি না। আমরা আবহমান কাল থেকে শুনে আসছি যে ধঞ্চে গাছ থেকে সবুজ সার হয়; বীজ থেকে হয় না। এই সব কৃষিপণ্ডিতরা যাচ্ছেন দলে দলে আর লাঙলের মুঠিটা ধরছেন এবং চাষীরা দূরে দাঁড়িয়ে দাঁড়িয়ে কাপড় মুখে চাপা দিয়ে হাসছে আর বলছে, বড় ভাল ভাল চাষী আমাদের দেশে এসেছে। উচ্ছে কিভাবে পুততে হবে আমাদের পাড়ার পাদিপিসি শিখিয়ে আসছে—এই-ভাবে পুঁই-এর ডাঁটা পোতে। এই রকম অবাস্তবতাময় খামখেয়ালীতে সমস্ত কিছু ভর্তি। বাস্তব অবস্থার দিকে কোন রকম আজকে তাঁদের নজর নাই। এই ব্যবস্থা করা হলো। চাষী দীর্ঘদিন যারা চাষ করে, বাস্তব যাদের অভিজ্ঞতা, সেই বাস্তব অভিজ্ঞতাকে পর্যন্ত কাজে লাগাবার কোন চেষ্টা না করে সম্পূর্ণ একটি ভূতুড়ে ব্যাপার, সম্পূর্ণ একটা অবাস্তব ব্যাপার বাংলাদেশের গ্রামে গ্রামে চলেছে। সঙ্গে সঙ্গে আর একটি কথা বলতে চাই—আজকে সরকারের কৃষি-উন্নতির ব্যবস্থা অন্য ব্যাপার থেকে আলাদা নয়। আমরা কো-অপারেটিভএর কথা জানি, আমি জানি কৃষি-ব্যবস্থার সঙ্গে সেচ জড়িত আছে, সুতরাং সরকারের যে ইরিগেসন ডিপার্টমেন্ট সেচ বিভাগ, কো-অপারেটিভএর ব্যাপারগুলো এবং অন্যান্য যে সমস্ত ব্যাপারগুলো একযোগে সব মিলে যদি কাজ না করে, তাহলে গন্ডগোলের সৃষ্টি হয়। রেভিনিউ ডিপার্টমেন্টএর সঙ্গে ইরিগেসন ডিপার্টমেন্টএর গন্ডগোল বাধবে। আর চাষীর ঘরে সার্টিফিকেটের চৌকাঠ সে দাঁড়াবে কোথায়, পথ পাবে না। এই বিশৃঙ্খল অবস্থা যদি থাকে, তাহলে দেশে কখনো প্রোডাকসন হয় না। প্রোডাকসন করে মানুষ ভবিষ্যতের দিকে তাকিয়ে। যে চাষী নিজের হাতে লাঙ্গল ঠেলবে, সে যদি ভবিষ্যতের নিরাপত্তাবোধ না পায়, তাহলে কখনো জমিতে ফসল ফলবে না। ভাগচাষী যারা জমি চাষ করে, নিজের জমি যেমন বুক দিয়ে চষে, অন্যের জমি তেমন দরদ, তেমন মমতা দিয়ে চাষ করতে পারে না। নিজের জমির উপর মমতা বেশি হয়। কাজেই তার বুকে আশা দিতে হবে, তার চোখে স্বপ্ন দিতে হবে। সে কাজে সরকার ব্যর্থ হয়েছেন। কংগ্রেস সরকারের পুঁজিপতিদের কাছে টিকি বাঁধা রয়েছে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কৃষি রাষ্ট্রমন্ত্রী যে বরাদ্দ পেশ করেছেন, তাকে আমি সমর্থন করতে পারছি না নীতিগত কারণে। একটা কথা বাজেটে বিতর্ক থেকে সুরু হয়েছে, কংগ্রেস দলের দায়িত্বশীল নেতারা এই কথা বলছেন যে এবার ফলন ভাল হয় নি; উৎপাদন বাড়েনি। তার কারণ হচ্ছে যে দেবতা আমাদের প্রতি বিরূপ। এ এক অদ্ভূত জিনিষ। যদি দেখি প্রোডাকসন ভাল হলো, তখন কংগ্রেস দল বক্তৃতা করেন—ইলেকসনের সময় কংগ্রেসের যাঁরা হাই কম্যান্ড যে এটা ফাইভ-ইয়ার প্ল্যানএর সাকসেস; তখন আর বলেন না যে দেবতা সদয় হয়েছে, নেচার কাইন্ড একথা আর শুনি না। তখন সব কংগ্রেস গভর্নমেন্টের সাকসেস, ফাইভ-ইয়ার প্ল্যানএর সাকসেস। আর যখন দেখছেন ফেলিওর হচ্ছেন, তখন তাঁরা বলছেন আমাদের সরকারের নীতির কোন গলদ কিছু নাই, অপরাধ ভগবানের, যা কিছু প্রকৃতির। এ জিনিষ থেকে আজকে কৃষিদপ্তরকে মুক্ত করা দরকার। আমাদের রাষ্ট্রমন্ত্রী পরিশ্রম করছেন আমরা জানি।

[1-40—1-50 p.m.]

এই জিনিসটা থেকে আজকে কৃষি দপ্তরকে মুক্ত করা দরকার। আমরা জানি রাষ্ট্রমন্ত্রী পরিশ্রম করছেন, এবং মুখ্যমন্ত্রী মহাশয় তিনি নিজেও তাঁর সাবজেক্ট বোঝেন। কিন্তু দুঃখের বিষয়, তিনি বুঝেও যেখানে গলদ সেখানে হাত দিচ্ছেন না। আমাদের এগ্রিকালচার সম্বন্ধে অনেক বক্তৃতা তাঁর কাছ থেকে শুনলাম। তিনি আমাদের অর্থমন্ত্রী হবার সাথে সাথে খুব রঙ্গিন ছবি এঁকেছিলেন, বিশেষ করে নদিয়ার গ্রামাঞ্চল এলাকা সম্বন্ধে, যেখান থেকে তিনি নির্বাচিত হয়ে এসেছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে দুখানা বই দেখাচ্ছি—এর তিনটা ভলিউম বেরিয়েছে, এটা রুরাল ক্রেডিট সম্বন্ধে, রিজার্ভ ব্যাঙ্কের পাবলিকেসন। আমি এই তিনটা ভলিউমই পড়েছি। এই তিনটা ভলিউম রুরাল ক্রেডিট সার্ভে রিপোর্ট, ১৯৫৬-৫৭, ১৯৫৭-৫৮, ১৯৫৮-৫৯, ১৯৫৯-৬০ পড়লে দেখা যায় যে, সারা বাংলাদেশের অর্থনৈতিক চিত্রটা কি, তা আমাদের সামনে পরিস্ফুট হয়ে ওঠে। রিজার্ভ ব্যাঙ্ক তার স্যামপেল সার্ভে করেছিলেন প্রত্যেকবার এক একটি রিপ্রেজেন্টেটিভ ডিস্ট্রিক্ট তুলে নিয়ে ছিলেন, একবার নদিয়া

একবার মেদিনীপুর, একবার বর্ধমান। নদিয়া জেলার যে ছবি তাঁরা দিয়েছেন, তাতে দেখতে পাচ্ছি তাঁরা বলেছেন যে নদিয়ায় শতকরা ৮০ জন লোক কৃষিজীবি, অথচ নদিয়ায় মোট চাষযোগ্য জমির ১·৯ ভাগ হচ্ছে ইরিগেটেড। টোটাল জোন ইরিগেটেড এরিয়া হচ্ছে ১·৯ পারসেন্ট এবং এবং তাঁরা বলছেন যে নদিয়ায় যে স্মল কাল্টিভেটর, ছোট ছোট চাষী আছে, তাদের সমস্ত জমির পরিমাণ হচ্ছে ১·৩ একর। নদিয়ার ইকনমি সম্বন্ধে তাঁরা বলেছেন যে লো মনিটাইজড, নন্-মনিটাইজড আর সাবসিসটেন্স ইকনমি। কোন মতে খেয়ে-পরে থাকবার মত যে ইকনমি অর্থ-নীতি, সেইটাই হচ্ছে নদিয়ার অর্থনীতি। এবং তাঁরা বলেছেন আজ অধিকাংশ বড় বড় জমি দেখা যাচ্ছে বড় বড় জোতদারদের হাতে গিয়ে পড়েছে। এবং তাঁরা বলছেন যদিও বড় বড় জমিদার, বিগ কালটিভেটর্স, তাদের এই টার্মস এবং তাদের পারসেনটেজ হচ্ছে ১০ পারসেন্ট, অথচ দেখা যাচ্ছে যে

35 per cent. of the total cultivated holdings

তাদের হাতে চলে যাচ্ছে। এই হচ্ছে নদিয়ার পিকচার। মেদিনীপুর এবং নদিয়ার সম্বন্ধে তারা বলছেন--নদিয়ার পিকচার খুব অন্ধকারময়। আর তাঁরা মেদিনীপুর সম্বন্ধে বলছেন, মেদিনী-পুরের চাষীদের অবস্থা ঠিক ততোধিক খারাপ। সেখানে অবশ্য ইরিগেসন এরিয়া ৩২ পারসেন্ট কিন্তু তাঁরা বলছেন যে মেদিনীপুরের চাষী যা ব্যয় করেন তার অধিকাংশ, শতকরা ৮০ ভাগ হচ্ছে মেডিক্যাল এক্সপেন্স, এডুকেসন, হেলথ এই সমস্তর জন্য, এবং ম্যারেজ সেরিমনিস ইত্যাদির জন্য তারা খরচ করছে। নদিয়ার ফিগার হচ্ছে ঠিক তাই, যে প্রায় ৭০ ভাগ টাকা তারা খরচ করছে এই সমস্ত বিষয়ের জন্য। বর্ধমানের ফিগারও ঠিক তাই। এবং বর্ধমান সম্বন্ধে তাঁরা আর একটা তথ্য দিয়েছেন, তাতে বলছেন যে ছোট ছোট চাষী যারা, তাদের হাত থেকে জমি বড় বড় চাষীর হাতে চলে যাচ্ছে, এবং তার ফিগার দিয়ে বলছেন যে বর্ধমান জেলাতে যে সমস্ত চাষী নতুন জমি কিনেছেন, তাদের সংখ্যা মাত্র ৫ পারসেন্ট। সুতরাং ছোট ছোট চাষী তারা আরও দিনে দিনে বিত্তহীন হয়ে যাচ্ছেন, এবং এক শ্রেণীর বড় জোতদারদের হাতে জমি চলে যাচ্ছে। এই হচ্ছে সেখানকার চাষের এবং কৃষির অবস্থা। এই সম্পর্কে রিজার্ভ ব্যাঙ্ক সার্ভে করে বলেছেন যে, কো-অপারেটিভ মুভমেন্টএর কি অবস্থা গিয়েছে। এ সম্বন্ধে আরও দেখা যাক। কারণ আমার মনে হয় যে সেই প্রথম যখন রয়াল কমিসন এগ্রিকালচার বসেছিল, তখন তাঁরাই তাদের শেষ ফাইন্ডিংএ বলেছিলেন

it co-operation fails in India everything fails

কিন্তু আজকে এতদিন বাদে রিজার্ভ ব্যাঙ্ক সার্ভে করে বলছেন

Co-operative movement has practically failed in India.

তাঁরা চারটে ক্যাটিগরিতে ভাগ করেছেন, এ সম্বন্ধে তাঁরা বলেছেন

very good, good, unsatisfactory and very unsatisfactory.

তাঁরা বলছেন নদিয়া হচ্ছে ভেরী আনস্যাটিসফ্যাক্টরী, মেদিনীপুর হচ্ছে আনস্যাটিসফ্যাক্টরী, এবং বর্ধমান জেলার কথা বলেছেন গুড। এই গুডএর নমুনা কি? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,

42 per cent. of the co-operative societies are lying dormant.

নদিয়ার ফিগার হচ্ছে ৮২ পারসেন্ট অফ দি কো-অপারেটিভ সোসাইটিস ডরম্যান্ট। এবং মেদিনীপুরের ফিগার হচ্ছে--

more than 60 per cent. of the societies are lying dormant.

এই হচ্ছে আমাদের কো-অপারেটিভএর কথা। এইভাবে আমরা দেখছি, কো-অপারেটিভ আন্দোলন ব্যর্থ হয়ে যাচ্ছে। শঙ্করবাবু বলেছেন যে চাষীরা জমি কিনছে নদিয়া জেলায়। হ্যাঁ, তাঁরা জমি কিনছে। কিন্তু কিসের বিনিময়ে? সার্ভে ব্যাঙ্ক সার্ভে করে বলছেন তারা ধার নিয়ে, বন্ধক নিয়ে জমি কিনছেন এবং সুদের হার নদিয়া জেলায় হচ্ছে ২৫ পারসেন্ট, বর্ধমান জেলায় হচ্ছে ২৫ পারসেন্ট এবং মেদিনীপুর জেলায় হচ্ছে ২৪ পারসেন্ট।

মিডলম্যান......যারা ট্রেডার্স, যারা মিডলম্যান—ফ'ড়ে তারা কো-অপারেটিভ সোসাইটি নিজেদের কব্জায় নিচ্ছে, এবং তার ফলে কো-অপারেটিভ মুভমেন্ট ইন বেঙ্গল ব্যর্থ হয়ে যাচ্ছে। সেচ সম্বন্ধে আমরা দেখতে পাচ্ছি ইরিগেসন টিউবওয়েলএর কথা যা বলা হয়েছে সে সম্পর্কে আমি

গুরুত্ব দিয়ে বলছি যে, এটা কাল্পনিক পরিকল্পনা হতে বাধ্য, কেন : , গভর্নর তাঁর নিজের ভাষণে বলেছেন যে পাওয়ার ফ্যামিন আমাদের দেশে আছে। তা যদি থাকে তাহলে ৩ হাজার ডিপ টিউবওয়েল ইলেকট্রিসিটি দিয়ে কি করে অপারেট করবেন যেখানে ১২৫টি টিউবওয়েল চলছে না। যেখানে পাওয়ার ফেমিন রয়েছে বলছেন এবং অন্য বিকল্প ব্যবস্থা কিছু করছেন না? আমি মুখ্যমন্ত্রীকে চিঠি লিখেছিলাম—

In view of admitted electricity power deficiency the irrigation tubewell be better driven with diesel.

ডিজেল দিয়ে চালাবার চেষ্টা করা হোক। অতএব ডিজেল দিয়ে কাজ যদি চালাতে পারি তাহলে কাজ চলতে পারে। একদিকে দেখছি ইরিগেসনএর ব্যাপারে চরম ব্যর্থতা, ক্যানেল এরিয়াতে জল পায় না, অন্যদিকে দেখছি সরকারী কর্মচারীরা তাদের উপর জুলুম করে কর আদায়ের চেষ্টা করছেন।

D.V.C., Mayurakshi, Kangshabati projects

হয়েছে তাতে কত এরিয়া ইরিগেট করবেন? আজও দেখছি

only fifteen per cent. of sown area.

তাহলে বাংলাদেশে চাষের কত উন্নতি হবে? সার বিলি করা সম্পর্কে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে কিছু প্রশ্ন করেছিলাম এবং জানতে চেয়েছিলাম কয়েকটি বড় বড় কোম্পানী এই সার বিলি করে কি না এবং কো-অপারেটিভসএর মাধ্যমে কতখানি সার বিলি হয়। তিনি তার অ্যানসার দিয়েছিলেন তাতে দেখছি মুর্শিদাবাদ, কুচবিহার, নর্থ বেঙ্গলএর বিভিন্ন জেলাতে সমবায়ের মাধ্যমে এই সমস্ত সার বিলি করার কোন ব্যবস্থা নেই। সারের সম্বন্ধে আমি মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই যে এখানে জোর ব্ল্যাকমারকেটিং চলছে। এরকম কয়েকটি অভিযোগ আছে যে চা বাগানে যে সার দেওয়া হয় তার দাম অত্যন্ত বেশি এবং সেখানে আরও অভিযোগ আছে যে, এই সার স ওয়েলেস কোম্পানী নিয়ে আদৌ বিলি-বণ্টন না করে কতকগুলি বোগাস কোম্পানী করে তা অন্ধ্র, ম্যাডরাস প্রভৃতি জায়গায় পাঠান হয়। আমি জানতে চাই এদের জন্য শাস্তির ব্যবস্থা আজও কেন হল না এবং কি ব্যবস্থাবলম্বন করা হয়েছে তাও জানতে চাই। তৃতীয়তঃ আমি জিজ্ঞাসা করছি যে যে সার কো-অপারেটিভ মাধ্যমে দেওয়া হচ্ছে আপনারা কি জানেন যে এতে অ্যাডালটারেসন হচ্ছে কি না? হিউজ স্কেলএ এখানে অ্যাডালটারেসন হচ্ছে। এবার জুট সম্বন্ধে বলব। জুট হচ্ছে আমাদের সবচেয়ে বড় ক্যাস ক্রপ। গত ১৯শে ফেব্রুয়ারি হিন্দুস্থান স্ট্যানডার্ড একটা কলাম্ বের করেন ২৫ ইয়ার্স এগো, সেখানে বলা হয়েছে—

"We are in agreement with the Opposition in the Bengal Legislative Assembly that the so called jute price structure has failed and that other measures should be devised to ensure fair price of jute to the cultivators. We suppose the Ministers owe it to themselves that it is not possible to fix the price although it has been possible to do so in the case of sugar cane in Bihar and in the U.P."

তারা সেখানে আখ চাষীদের বাঁচাচ্ছেন মিনিমাম প্রাইস বেঁধে দিচ্ছেন সুগার কেন-এ; কিন্তু আমরা এখানে পারছি না। আমি কোন প্রদেশিক মনোভাব নিয়ে কথা বলছি না; কিন্তু বাংলা-দেশের গরীব চাষীদের বাঁচাতে হলে আমাদের এইভাবে চুপ করে বসে থাকলে চলবে না। বাংলাদেশে একদিন পরলোকগত ফজলুল হক্ সাহেব যে কাটি মেজর্স রেখে গিয়েছেন সেজন্য বাংলাদেশের কৃষক সমাজ তাঁকে চিরকাল স্মরণ করবে। আপনারা একটা পলিসি নিয়ে আসুন। আমি একটা সাজেসসন রাখছি। ছোট ছোট ইন্ডাস্ট্রিয়াল মেসিনস, অম্বর চরকা, ইত্যাদি মারফৎ এবং স্যাঙ্কস্ তৈরি করার মধ্য দিয়ে যাতে বাংলাদেশের মানুষের মিলের উপর নির্ভরতা কমে যায় তার ব্যবস্থা করতে হবে। তা করতে পারলে বাংলাদেশে যে সিজনাল আনএমপ্লয়মেন্ট আছে তা কমে যাবে। মন্ত্রিমহাশয় এদিকে দৃষ্টি রাখবেন বলেছেন, সেজন্য তাঁকে ধন্যবাদ দিই, কিন্তু শুধু বললেই হবে না। আজকে বাংলাদেশে এবং ভারতবর্ষের বিভিন্ন জায়গায় যে সমস্ত পাটের আড়ৎদার আছে সেখানে প্রত্যেক কোয়ালিটির জুট মিনিমাম কি দামে বিক্রি হবে সেটা বলে দিতে হবে। আপনাকে বলে দিতে হবে স্টেট ট্রেডিং করপোরেসন এবং ঐ ধরনের যে সমস্ত

প্রতিষ্ঠান আছে তারা আমদানি করে রপ্তানি করে। এ ছাড়া কোন প্রাইভেট এজেন্সীকে দেওয়া হবে না। পাকিস্তান থেকে পাট এনে চোরাকারবারীরা যেভাবে পাটের দাম কমিয়ে দিচ্ছে তা বন্ধ করতে হবে। কোন্নগরে তো পাটের ফটকাবাজীর জন্য জমির দাম অসম্ভব বেড়ে গিয়েছে

as it has now become a smugglers' den

কেন হচ্ছে। বর্ডার পলিসি-এর মধ্যে কি দুর্নীতি! ভেবে দেখুন এই দুর্নীতি দেশকে কোথায় নামিয়ে দিচ্ছে। টি এবং কফির ব্যাপারে ইন্টারন্যাসনাল এগ্রিমেন্ট আছে, সেখানে কাট্-থ্রোট পলিসি করে পাকিস্তান যদি পাটের ব্যাপারে নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করে তাহলে সেখানে করবার কি কিছু নেই? ভারত সরকারকে চাপ দিতে হবে যে পাটের উপর একটা

international agreement like tea and coffee

করতে হবে যাতে পাটের দাম ইন্টারন্যাসনাল প্রাইস কমে না যায় এবং তাহলে পাটচাষীকে আমরা বাঁচাতে পারব। তারপর একটা কথা হচ্ছে আমাদের এখানে এগ্রিকালচারাল কলেজেস হওয়া বিশেষ দরকার, সায়েন্স গ্রাজুয়েটস অধিক সংখ্যায় বাড়ান দরকার এবং বিভিন্ন জায়গায় এগ্রি-কালচারাল কলেজেস আমাদের এখানে শুরু করা দরকার। আমি সাজেস্ট করব আপনাদের যে ইউনিয়ন অ্যাসিসট্যান্টস আছে তারা রাইটার্স বিল্ডিংস বা কলকাতা সহরের লোক, তারা গ্রামের লোকের সঙ্গে কাজ করতে পারবে না সেজন্যে যারা এগ্রিকালচারিস্ট—কৃষিজীবি তাদের মধ্যে থেকে ইউনিয়ন অ্যাসিসট্যান্টসএর মত একটা কেডার তৈরী করুন, যাতে সত্যিকারের যারা লাঙ্গল ধরে চাষ করে তারা কাজ করতে পারবেন। আমরা দেখছি ডাইরেক্টর, তার পরে কয়েকজন জয়েন্ট ডাইরেক্টর, যত ন্যাশনাল এমারজেন্সী বাড়ছে সেখানে টপ হেভী অ্যাডমিনিস্ট্রেসন তত বেড়ে চলেছে। আগে ছিলেন একজন ডাইরেক্টর, দুইজন অ্যাডিসনাল ডাইরেক্টর্স। গত বছর থেকে দেখছি চারজন ডেপুটি ডাইরেক্টর্স, এই হল রাইটার্স বিল্ডিংসএর অবস্থা। অন্যদিকে দেখুন এক বিঘার বেশি দুই বিঘার ফলন হচ্ছে না। ফলনের লাঙ্গল দিয়ে রাইটার্স বিল্ডিংসএ পেপার হারভেস্টিং চলছে। তাই বলছি বাংলাদেশের যারা নেতা তাদের হাতে যে ক্ষমতা আছে সেই যে পার্টি তাদের কাছে কোন সাজেসন রাখলেও তার কোন মূল্য লওয়া হবে না। তবুও বলব কৃষক যাতে তার এগ্রিকালচারাল ইমপ্লিমেন্টস পায়, ফারটিলাইজার পায় তার ব্যবস্থা করুন। এই সঙ্গে আর একটা কথা বলব—অর্থমন্ত্রী এখানে নেই, বাংলাদেশের দুই একরের পরিমাণ জমি যে সমস্ত চাষীদের হাতে আছে আমি দাবী করব তাদের উপর থেকে ল্যান্ড রেভিনিউ উঠিয়ে দিন। দুই একর জমি যাদের আছে তাদের এ থেকে মুক্তি দিলে তাদের উৎসাহ আসবে, তাতে জমির ফলন বাড়বে, দেশ বাঁচবে।

[1-50—2 p.m.]

Shri Narendra Nath Sarkar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন সেই দাবী সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। ভারতবর্ষ ১৯৪৭ সালে স্বাধীনতা লাভ করার পর বাংলাদেশ বিভক্ত হবার সঙ্গে সঙ্গে ৩৫ লক্ষ লোক পশ্চিমবঙ্গে এসে আশ্রয় গ্রহণ করেছে, ফলে পশ্চিমবাংলার উপর চাপ বেড়েছে, খাদ্য ঘাটতি বেড়েছে। ১৯৫১ সালের পর থেকে ১৯৬১ সাল পর্যন্ত ৩৩ভাগ চাপ বৃদ্ধি হয়েছে। খাদ্য ঘাটতি পূরণের জন্য সরকার বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছেন। পশ্চিমবঙ্গে ৩৪ হাজার ২১৪ বর্গ মাইল জমি আছে, এই ৩৪ হাজার ২১৪ বর্গ মাইলের মধ্যে ৩০ হাজার ৫০৫টি গ্রাম আছে, এবং প্রতি বর্গমাইলে ১০৩১ জন লোক বাস করে। এক কেরালা ছাড়া ভারতবর্ষের অন্য কোন দেশে প্রতি বর্গমাইলের উপর জনসংখ্যা এইরূপ চাপ নাই। পশ্চিমবাংলায় ১১৩ লক্ষ একর জমিতে আউশ, আমন ও বোরো ধানের চাষ চলছে এবং পাট মেস্তার চাষ চলছে। ২৮;৪৬ লক্ষ একর জমিতে ১৯৬১-৬২ সালে আড়াই লক্ষ টন আলু উৎপাদন হত, ১৯৬২-৬৩ সালে সেখানে ৭ লক্ষ টন আলু উৎপাদিত হয়েছে। এই আপৎকালীন অবস্থার মধ্যেও বাংলাদেশে প্রচুর সবজীর উৎপাদন হয়েছে একথা স্বীকার করতে হবে। এ পর্যন্ত ৩৫ লক্ষ একর জমি সেচের আওতায় আসা সম্ভব হয়েছে, এবং এই ৩৫ লক্ষ একর জমিতে সেচের সম্পূর্ণ ব্যবস্থা হয়েছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এজন্য

১·৩৮ কোটি টাকা বরাদ্দ ছিল, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১·৩২ কোটি টাকা বরাদ্দ আছে। বৃহৎ নদী-শাসন পরিকল্পনা, যেমন ডি ভি সি, ময়ূরাক্ষী এবং কংসাবতী পরিকল্পনা—এগুলির মাধ্যমে আজকে আমাদের দেশে সেচ ব্যবস্থা ভালভাবেই চলছে। সেচ ব্যবস্থার যেরকম সম্প্রসারণ হওয়া উচিত ছিল আজ পর্যন্ত সেরকম না হলেও একথা স্বীকার করতে হবে যে, আমাদের সেচের কাজ অনেকটা অগ্রসর হয়েছে। আজকে আমাদের বিদ্যুতের অভাব দেখা দিয়েছে, বিদ্যুতের অভাবে ২৯১টি গভীর নলকূপের মধ্যে ১৯৫টি কার্যকরী করা সম্ভব হয়েছে, বাকীগুলি কার্যকরী হয় নি। আমাদের বিদ্যুৎ শক্তি বাড়ানোর জন্য সরকারী প্রচেষ্টা চলছে, এবং বিদ্যুৎ শক্তি পাওয়া গেলে ২৯১টি নলকূপই বাংলাদেশে বসান হবে। আমি নদীয়া জেলা থেকে এসেছি, আমাদের নদীয়াতে ৪১টি গভীর নলকূপ দ্বারা সেচের কার্য্য চলছে, এক ফসলী জমি দু-ফসলী, দু-ফসলী জমি তেফসলী হচ্ছে। তারপর, আমাদের নদীয়া জেলার জমিতে আজ গম উৎপাদন করা সম্ভব, এবং একথা এখানে পরিষ্কার করে বলবার যে, পাঞ্জাবে বা বিহারে যে ধরনের গম উৎপন্ন হয়, নদীয়াতে তার থেকে কোন অংশে কম হবে না বা খারাপ হবে না। আজকে সাধারণ চাষীরাও সার সম্বন্ধে সচেতন হয়েছে। আজকে চাষীরা কচুরি-পানাকে সংগৃহীত করে তাকে কম্পোষ্ট সারে পরিণত করে চাষের কাজে লাগাচ্ছে। আজকে গ্রামের নদীনালা, পুষ্করিণী ও খালবিলগুলি কম্পোষ্ট সার তৈরীর জন্য চাষীরা কাজে লাগাচ্ছে। আজ দেশে খাদ্য ঘাটতি দেখা দিয়েছে একথা স্বীকার না করে উপায় নাই, কিন্তু আমরা এই সংকট কেন্দ্রীয় সরকারের সাহায্যে বা বাফার ষ্টক যা গম আছে তা নিয়ে উত্তীর্ণ হতে পারব। কিন্তু সমস্যার সম্মুখীন হওয়া একদিক, আর খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হওয়া আর একদিক। খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হবার জন্য সরকারের দিক থেকে বহু রকমের প্রচেষ্টা আছে। কিন্তু যাঁরা সরকারের এই প্রচেষ্টাকে জয়যুক্ত করার জন্য এগিয়ে আসতে না পারেন তাঁরা যদি খালি এর বিরোধীতা করেন তাহলে আমি বলব চাষীদের দুরবস্থার কথা সম্বন্ধে তাঁরা যেমন সচেতন নিশ্চয় আমরাও ঠিক তেমনি সচেতন। কারণ আমরা গ্রামাঞ্চলের সাধারণ মানুষের দ্বারা নির্বাচিত হয়ে এসেছি, সেই গ্রামাঞ্চলের সাধারণ মানুষের খবর আমরা রাখি এবং তাদের দৈনন্দিন অবস্থার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। একথা স্বীকার করতে হবে যে আমরা বাংলা-দেশের সব মানুষকে সব জিনিষ দিতে পারছি না। এই দেশে ভিক্ষুক আছে, অভাবী মানুষ আছে। কিন্তু এই অভাব দূর করার জন্য যে প্রচেষ্টা আছে সেই প্রচেষ্টার পিছনে কতটা সততা আছে, কতটা আন্তরিকতা আছে, সেটা বিচার করবার বিষয়। তাই আপনার মাধ্যমে বিরোধী পক্ষের কাছে একথা বলব যে আজকে খাদ্যোৎপাদনকে যদি বাড়াতে হয়, খাদ্য দিয়ে যদি আজকে বাংলাদেশকে স্বয়ং সম্পূর্ণ করতে হয় তাহলে যে পরিমাণ জনসংখ্যার চাপ বাংলাদেশের উপর এসে পড়েছে তাকে সামনে রেখে বিচার করতে হবে, জমির পরিমাণ দিয়ে বিচার করতে হবে। এর উপর যদি আমরা নিবিড় চাষ করি এবং এক সঙ্গে যদি সবাইকে সার ও সেচ ব্যবস্থা দিতে পারি তবে আমাদের সত্যিকারের সফলতা হতে পারবে। এই সঙ্গে সঙ্গে সহযোগিতার কথা বলে আমি বলব যে আজকে গ্রামের সাধারণ চাষীকে বিপথগামী না করে তাদের একথা বোঝাতে হবে যে তোমাদের যদি উৎপাদন করতে হয় তাহলে অন্য পথে যেতে হবে। তাদের যে আর্থিক অবস্থা আছে তার সম্বন্ধে বলতে চাই যে সমবায়ের মাধ্যমে তাদের যে ঋণ দেওয়া হয় সেই ক্রেডিট সোসাইটি-গুলির অবস্থা ভালভাবে পর্যবেক্ষণ করতে হবে। সেই ক্রেডিট সোসাইটিতে শতকরা ৯০ টাকা পরিশোধ না করতে পারলে তারা আর ঋণ পায় না, ফলে আবার তাদের মহাজনের কাছে যেতে হয় এবং তাদের তাতে জীবন দুর্বিসহ হয়ে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় কাশীকান্ত বাবুকে বলতে চাই যে নদীয়া জেলার সেন্ট্রাল ব্যাঙ্ক সম্বন্ধে তিনি যে রিপোর্ট পেশ করলেন সেই রিপোর্টএ ভুল আছে। কারণ তখন নদীয়া জেলায় ২টি সেন্ট্রাল ব্যাঙ্ক ছিল তখন সেন্ট্রাল ব্যাঙ্ক অ্যামালগামেটেড হয় নি। সেন্ট্রাল ব্যাঙ্ক-এর ২১ লক্ষ টাকা কৃষি ঋণ দেওয়া সম্ভবপর হয়েছে এবং সাধারণ চাষীদের কাছে ঋণ পৌঁছে দেওয়া সম্ভবপর হয়েছে। সুতরাং সেই চিত্র সঠিক চিত্র নয়। বর্তমান চিত্রের পরিপ্রেক্ষিতে নদীয়াকে বিচার করলে দেখা যাবে যে করিমপুরে আজকে পাটের উৎপাদন হচ্ছে এবং সেই চাষীরাই পাট উৎপাদন করছে। পাকিস্তান বা অন্য দেশের তুলনায় সেই পাটের কোয়ালিটি নিশ্চয় ভাল। আজকে নাকাশী থানায় পেঁয়াজ এবং রসুন উৎপন্ন হচ্ছে। আজকে বাংলাদেশের অন্য যে-কোন চাষীর তুলনায় তার অবস্থা নিশ্চয়

ভাল এবং সেই চাষীর জিনিষ নিশ্চয় কোয়ালিটির দিক থেকে বেটার। বীরনগরের চাষীরা জঙ্গল পরিষ্কার করে শষ্যোৎপাদন করছে, ফলে নদীয়া প্রাণবন্ত হয়েছে। এতে খাদ্যের অভাব হয়ত ঘটবে, কিন্তু খাদ্য বাড়ানোর প্রচেষ্টায় নদীয়া পিছিয়ে নেই। আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়েছি সেই ডোমরু বিলের পাশে উদ্বাস্তুরা ফসল করে চাষের উৎপাদন কাজে আত্ম-নিয়োগ করেছে এবং সেসব অঞ্চলকে যেমন সুন্দর ও উৎপাদন ভূমিতে তৈরী করেছে তা দেখে আনন্দ হয়। আমি বিশ্বাস করি আজকে এই অভাব দূর করতে হলে সম্মিলিত প্রচেষ্টার দরকার এবং তাই আপনার মাধ্যমে বামপন্থী বন্ধুদের কাছে অনুরোধ রাখব যে দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি গড়ে না তুলে উৎপাদন কমিটি গড়ে তুলবার জন্য এগিয়ে আসা নিশ্চয় দরকার আছে।

[2—2-10 p.m.]

Shri Kamal Kanti Guha:

মিঃ চেয়ারম্যান স্যার, আজকে কৃষি খাতে আলোচনা করতে উঠে একটা কথা আমি আপনার মাধ্যমে কৃষি মন্ত্রীর কাছে রাখতে চাই। কৃষকের হাতে দুই ধরনের ফসল থাকে—একটা হচ্ছে খাদ্য ফসল, আর একটা হচ্ছে অর্থকরী ফসল। আমরা রাজ্যপালের ভাষণে শুনেছি এবং আমাদের অর্থমন্ত্রীর ভাষণে আমরা জেনেছি এবং নিজেরা বুঝতে পারি যে এবার খাদ্যোৎপাদন কম বাংলাদেশে হয়েছে। বাংলাদেশে এবার ধান চালের ঘটতি হয়েছে। আমাদের আশ্বাস দেওয়া হয়েছে উড়িষ্যা থেকে এবং কেন্দ্র থেকে যে ধান চাল আসবে তার দ্বারা আমাদের অভাব পূরন হবে। আমরা যদি জানতাম যে ধান চাল কৃষক উৎপন্ন করলো সবই তার হাতে থাকবে তাহলে এ আশ্বাস পেতাম যে কেন্দ্র থেকে উড়িষ্যা থেকে যে ধান চাল আসে এবং কৃষকের হাতে যতটা আছে সব মিলিয়ে আমরা এ বছর অনটনে পাড়ি দিতে পারবো। কিন্তু আমরা জানি কৃষক যে ধান উৎপন্ন করলো সে ধান কৃষকের হাতে থাকে না। এরপর কৃষককে জমির খাজনা দিতে হয়, মহাজনের দেনা শোধ করতে হয়, সংসারের অন্যান্য জিনিষ ক্রয় করতে হয়, তারপর তার হাতে কিছুই থাকে না। এভাবে ফসলের কথা হিসাব করে দেখুন, গত কয়েক বছর পাট এবং তামাকের দাম ক্রমশ নিচের দিকে নেমে নেমে এমন অবস্থায় দাঁড়িয়েছে যে পাট এবং তামাক যে দামে বিক্রী হয় তার চেয়ে অনেক বেশী দাম কমে গেছে এখন তাদের খরচ পোষাচ্ছে না। কাজেই আজকে যখন তাদের ধান উঠলো সে ধান বিক্রী করে তাদের রেভেনিউ দিতে হল অন্যান্য দেনা শোধ করতে হল, তার ফলে যখন ধান বিক্রী করে ঘরে চলে এল তার কয়েক মাস পরেই সে ধানের দাম বেড়ে গেল। আমাদের মাননীয় কৃষিমন্ত্রী নিশ্চই একথা জানেন যে ধান কৃষকদের হাত থেকে আজ আড়ৎদারদের হাতে চলে গেছে। এবং আড়ৎদারেরা ধান কিছু দিন জমিয়ে রেখে ধানের দাম উচ্চে তুলে বেশী দামে বিক্রী করবে। এই অবস্থায় যদি আজ প্রতিরোধ করতে হয় তাহলে পাশাপাশি অর্থকরী ফসলের দিকে নজর দিতে হবে। বাংলাদেশে ২টা অর্থকরী ফসল আছে, সমগ্র বাংলাদেশে পাট এবং উত্তর বাংলায় তামাক, আমি তামাকের কথা বলতে চাই। এই তামাক উৎপাদন সম্বন্ধে যে আইন আছে তা অনেকে জানেন না, কারণ তামাকের আবাদ এধারে নেই। তামাকের আবাদ হবার সময় কৃষককে একটা ডিক্লারেসন দিতে হয় তবে সে জমিতে আবাদ করতে পারে, এবং কত পরিমাণ তামাক উৎপাদন হল সে জমি থেকে, ও সে তামাক বিক্রী করবার তাদের একটা লাইসেন্স কার্ড নিতে হবে। সেন্ট্রাল একসাইজ অফিস থেকে এবং সে কার্ডে পারমিশান পেলে, নির্দেশ পেলে তামাকের হাটে সে তামাক বিক্রী করতে হবে, সবচেয়ে মারাত্মক আইন হচ্ছে, ৩১এ আষাঢ় মধ্যে চাষী যদি বিক্রী না করে তাহলে ৩১এ আষাঢ়ের পর প্রতি মণ তামাকের জন্য ৭৩ টাকা সেন্ট্রাল একসাইজ ডিউটি গরীব চাষীকে বহন করতে হবে এবং সে তামাক ৩১এ আষাঢ়ের পর ধরে রাখে তাহলে সরকারী নিয়ম অনুসারে সেভাবেই তাকে তামাক রেখে দিতে হবে। আপনি চিন্তা করুন সে গরীব চাষী যে ২ বিঘা জমিতে তামাক উৎপাদন করছে সে তামাক উৎপাদিত হচ্ছে তার উপর যদি তাকে আবার অতিরিক্ত পয়সা দিতে হয় যদি নাকি সে ৩১এ আষাঢ়ের পর রাখে, অর্থাৎ ৩০এ আষাঢ়ের মধ্যে বিক্রী না করে এবং তাকে ঐ ৭৩ টাকা মণ পিছু সেন্টাল একসাইজ ডিউটি দিতে হবে যেটা গরীব চাষীর পক্ষে সম্ভব নয়। চাষীকে হাটেতে ইচ্ছামত তাদের হাটের যে দর সে দরে বিক্রী করতে হয় অর্থাৎ কিনা ২০।৩০ টাকায় বিক্রী করতে হয় কারণ ঐ একসাইজ ডিউটি দেবার ভয়ে, যে সেন্ট্রাল একসাইজ ডিউটি ৭৩ টাকা এবং সেল ট্যাক্স ইত্যাদির পরিমাণ গিয়ে দাঁড়াবে ৮৩ টাকা।

[2-10—2-20 p.m.]

মিষ্টার চেয়ারম্যান স্যার, আমি দেখতে পাচ্ছি ২০।৩০ মণ তামাকের ৮৩ টাকা ডিউটি। আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে যে আমি যখন এই তামক চাষের জন্য প্রচুর জল দরকার হয়, সার দরকার হয়—কৃষকদের তরফ থেকে সারের জন্য আবেদন করা সত্ত্বেও সময়মত তারা সার পায় নি। গত বছর কৃষি খাতে আলোচনার সময় আমি একথা বলেছিলাম। সেদিন মুখ্যমন্ত্রী নূতন আশা নিয়ে, জীবনী নিয়ে এসিয়োরেন্স দিয়েছিলেন যে তামাকের জন্য জল পায় নি কেন—কুচবিহার জেলায় তদন্ত করবেন। কিন্তু তাঁদের সেই আশ্বাস পালিত হয় নি। এই হাউসে দাঁড়িয়ে প্রতিশ্রুতি দিয়েছিলেন আমি তদন্ত করবো কেন কৃষকেরা তামাকের জন্য জল পাচ্ছে না। আজ পর্যন্ত সেই তদন্তের ফলাফল কি তা জানি না। আমি জানি নূতন মুখ্যমন্ত্রীর উদ্দীপনা নিয়ে প্রেরণা নিয়ে যে কথা বলেছিলেন তা আজ চৌরঙ্গী ভবনের চাপে নূতন মুখ্যমন্ত্রীর প্রেরণা নষ্ট হয়ে গেছে। কারণ তামাক মহাজনরা অধিকাংশই নির্বাচন তহবিলে হাজার হাজার টাকা দেয়। তাদের বিরুদ্ধে কোন কথা বলবার অধিকার নেই। তামাকের অবস্থার কথা আমি যখন কেন্দ্রীয় সরকারকে বলেছি তারা তখন বলেছে যে তোমরা এই ৩১এ আষাঢ় আইন তুলে দাও। তিনি সেই আইন তুলেন নি। তিনি বলেছেন যে আমরা তুলবো না। কিন্তু তামাক চাষীদের জন্য জল সরবরাহের কথায় কেন্দ্রীয় সরকার বলেছেন কৃষি উৎপাদন প্রাদেশিক সরকারের দায়িত্ব। কিন্তু প্রাদেশিক সরকার আজ পর্যন্ত সেই দায়িত্ব পালন করেন নি। সমগ্র কুচবিহার জেলায় যেখান থেকে সাড়ে তিন কোটি টাকা ডিউটি কেন্দ্রীয় সরকার পান গত বছর পর্যন্ত এবং আজ পর্যন্তই বলি জল সেচ ও সার দেবার ব্যবস্থা হয় নি এই জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করি। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করি সেন্ট্রাল গভর্নমেন্টের টাকার অংশ নিশ্চয়ই আপনারা পান—আপনাদের কোন দায়িত্ব নেই তামাক চাষীদের উপর? আমি বলবো তামাক চাষীদের সম্পর্কে আপনাদের কোন আগ্রহ নেই। এখানে মুখ্যমন্ত্রী আমার প্রশ্নোত্তরে গত বছর জবাব দিয়েছিলেন যে যেহেতু আসামে আসামী বাঙ্গালীদের গোলমালের ফলে হাটে তামাক কিনতে পারা যায় নি সেজন্য তামাকের ফলন কম হয়েছিল। কিন্তু আমি বলবো এটা অসত্য কথা—দায়িত্বহীনতার কথা—এটা হচ্ছে দায়িত্ব এড়িয়ে যাবার কথা। গোলমাল হয়েছিল আষাঢ়-শ্রাবণ মাসে। কিন্তু তামাক চালান যায় কুচবিহার জেলা থেকে আশ্বিন, কার্তিক, ভাদ্র মাসে। আজকে কুচবিহার জেলা এবং জলপাইগুড়ি জেলা থেকে আসামে যায় শুনলে আশ্চর্য হবেন ৭৩ টাকা মণ। আসাম সেখানে তামাক আবাদ হচ্ছে—সেখানে চাষীদের ডিউটি দিতে হয় না। পাশাপাশি আমাদের এখানে চাষীদের ৭৩ টাকা করে ডিউটি দিতে হচ্ছে। সেখানে আমাদের প্রাদেশিক সরকার বলেন সেন্ট্রাল গভর্নমেন্টকে যে আসামের মত ডিউটি তুলে দেওয়া হোক। কারণ ডিউটি যদি তুলে দেওয়া হয় তাহলে সমস্ত রাজ্যে তুলে দেওয়া হোক। ডিউটি যদি রাখতে হয় তাহলে আসামের বেলায় পক্ষপাতিত্ব কেন। মিষ্টার স্পীকার স্যার, আমি শেষে এই কথাই বলবো অর্থকরী পাটের কথা ---পাটের দাম কেন নেই? আমরা জানি আজকে পাটের দাম ৩০ টাকা বেঁধে দেওয়া হচ্ছে। কাশীকান্ত মৈত্র যে কথা বলেছেন যে পাকিস্তান থেকে প্রচুর পরিমাণ পাট আসে সেটা ধরা পড়ছে না কেন—আমিও সেই কথা বলতে চাই—পুলিশের যে চেক পোষ্ট আছে আপনি জানেন আমাদের এখানের যারা সদস্য তাদের প্রত্যেকের চেয়েও চেক পোষ্টের হাবিলদার বড় লোক। মণকরা দু টাকা তাদের চুক্তি থাকে। পাকিস্তান থেকে হাজার হাজার মণ পাট রাতারাতি চলে আসে। পাকিস্তানের পাট সম্বন্ধে কালকে সামসুদ্দিন সাহেব বলেছিলেন পাকিস্তানের পাটের সঙ্গে আমরা প্রতিযোগিতায় পারবো না দাম যদি বেঁধে দেওয়া যায়। উনি জানেন না—উনি দল বদল করেছেন, খোলস বদল করেছেন, এখন তিনি চেষ্টা করছেন কি করে মুন্সেফ হওয়া যায়। পাকিস্তানের পাট বিদেশে যাবার উপায় নাই। তাদের ১১টা মিল, তাদের তাঁত কম। যেটা কানাইবাবু বলেছেন পাকিস্তানী পাট যদি বিদেশে যেত তাহলে পাকিস্তান কিছুতেই সেই পাট আমাদের ভারতবর্ষে আসতে দিত না, বিদেশে পাঠিয়ে পাকিস্তান মুনাফা করতো। পাকিস্তানী পাট বিদেশে রপ্তানী করবার উপায় নাই। সেই জন্য এখানে তা চলে আসছে, পুলিস তা চেক করবে না। এদের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি রয়েছে। সেন্ট্রাল একসাইজ ডিপার্টমেন্ট যেভাবে কন্ট্রোল করছে—তাতে তামাকের ডিক্লারেসন দিতে হয়, সিজনের আগে রিটার্ন দিতে

া, লাইসেন্স কার্ড করতে হয়। সেই জন্য আমি সাজেশনস দিচ্ছি সমগ্র সীমান্ত জেলায় ঐ ন্দরবন এলাকায়, ২৪-পরগণায়, নদীয়ায়, মুর্শিদাবাদ, মালদহ, দিনাজপুর, জলপাইগুড়ি—ইসব সীমান্ত এলাকাগুলিতে আপনারা কন্ট্রোল করুন। তাকে বলতে হবে কয় বিঘা জমিতে ট অবাদ করবে, কত মণ হবে তার রিটার্ন দাখিল করতে হবে, লাইসেন্স কার্ড থাকবে এই বস্থা করুন। আমি আপনাদের প্রতিশ্রুতি দিচ্ছি তার জন্য যে স্টাফ লাগবে, যে একস্ট্রা ইস্পেনডিচার হবে, তার জন্য তাঁরা মণকরা দু-আনা ডিউটি দেবেন। তাহলে কৃষকরাও ট উৎসাহের সঙ্গে দেবে। পাকিস্তান থেকে যদি পাট না আসে, তাহলে আমাদের কৃষকরা । টাকা মণকরা বেশী পাবে। আর একটা চেক করার প্রয়োজন আছে। আমাদের সোনা—রোরজীর যে স্বপ্ন, কংগ্রেস সে স্বপ্ন দেখছেন সোনা দিয়ে বৈদেশিক অস্ত্র তারা আনবে। ই সোনা আজ পাটের বিনিময়ে পাকিস্তানে গিয়ে জমা হয়ে যাচ্ছে।

মিঃ স্পীকর স্যার, আর একটা কথা বলতে চাই—এ'রা আজকে বলছেন, মুখ্যমন্ত্রী বলছেন শে দুর্ভিক্ষ নাই, অভাব নাই, লোকে সাইকেল চড়ছে, চিনি খাচ্ছে। কিন্তু এ'দের সমস্ত া সমস্ত বক্তব্যকে বাংলাদেশের জেলাগুলি মিথ্যা প্রমাণিত করে দিয়েছে। আমরা দেখছি রুলিয়া জেলায় দুর্ভিক্ষের হাহাকার রব উঠেছে, সেখানে ডিষ্ট্রিক্ট কংগ্রেস কমিটির প্রেসিডেন্ট জিগনেশন দিয়েছেন। তাঁরা সেখানে দুর্ভিক্ষকে প্রতিরোধ করবেন। তাঁরা কি বামপন্থী? আজকে ৪-পরগণা জেলার সোনারপুরের মানুষ সেখানে তারা ভাতের ফ্যান চাচ্ছে। সেখানে শতকরা ৯ জন লোকের ঘরে খাবার নাই। তারা এখন কলকাতায় কাজের সন্ধানে চলে সছে। কৃষক যদি খেতে না পায়, উৎপন্ন ফসলের ন্যায্যমূল্য না পায়, তাহলে পনাদের কোন পরিকল্পনাই কাজে লাগবে না, কোন উৎসাহই কৃষক বোধ করবে না সল ফলাবার আজকে কৃষক জমি ছেড়ে চিন্তা করে কি করে মিলে কাজ পাব, চটকলে কাজ ব, চা-বাগানে কাজ পাব। কোন কৃষক যদি পাশাপাশি মিলে বা কারখানায় কাজ পায়, সে মতে কাজ করতে চায় না কেন যে জমির সঙ্গে তার রক্তের বন্ধন রয়েছে নাড়ীর বন্ধন রয়েছে? রণ সে দেখছে যে জমি তাকে খেতে দিতে পারে না।

আর একটি কথা বলতে চাই—আরো জমি আরো বেশী আবাদের কাজে লাগাতে হবে। মরা জমি পতিত জমি উদ্ধারের ব্যাপারে ১৯৬২ সালে যে টাকা ধার্য করা হয়েছিল, এবারে তে জমি উদ্ধারের কাজে সেই টাকা কারটেইল করা হয়েছে। আমরা দেখছি যে হাজার জার বিঘা জমি জলের তলে পড়ে আছে। যে হাজার হাজার বিঘা জমি অনাবাদি হয়ে পড়ে ছে, তাকে চাষের যোগ্য করতে হবে, জলের তলা থেকে উদ্ধার করতে হবে। খালি জমির পর চাষ করেতে চাই—তাহলে হবে না। ডিমিনিসিং রিটার্নএ আমাদের দেশ ক্ষতিগ্রস্ত হবে। ক্রিজিং রিটার্নএর দিকে লক্ষ্য রেখে অনাবাদি জমির দিকে লক্ষ্য রেখে বেশী টাকা খরচ বার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

[2-20—2-30 p.m.]

Shrimati Sudha Rani Dutta:

মাননীয় স্পীকার স্যার, কৃষি খাতে মাননীয় মন্ত্রীমহাশয় যে ব্যয় বরাদ্দ দাবী করেছেন আমি ই দাবী সমর্থন করছি।

আমাদের কৃষি প্রধান দেশ, এখানে কৃষির উন্নতি না হলে দেশের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। ই আমাদের সরকার এই রাজ্যে কৃষি উন্নতির জন্য নানা রকম পরিকল্পনা গ্রহণ করেছেন। শেষ করে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কৃষির জন্য যে পরিমাণ অর্থ ব্যয় হয়, তার চেয়ে বগুণ অর্থ তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ধার্য্য করেছেন। কৃষির উন্নতির জন্য প্রধানত াল বীজ ও সার এবং সেচের প্রয়োজন, সে দিকে সরকার বিশেষ দৃষ্টি রেখে ব্যবস্থা করেছেন। ল বীজ, উৎপাদনের জন্য আমাদের কৃষি বিশেষজ্ঞরা টালিগঞ্জে ও চুঁচুড়ায় গবেষণায় ব্যস্ত ছেন। আবার অন্য দিকে থানায় থানায় বীজ উৎপাদনের জন্য সমবায় ফার্ম প্রতিষ্ঠা করেছেন। রের ভিতর আমরা দেখতে পাই দু-রকম জৈব ও রাসায়নিক। জৈব সারের ভিতর যেমন ময়, কম্পোষ্ট ও সবুজ সার ইত্যাদি। এইসব সার কৃষক ভাইরা যাতে নিজেরা তৈরী

করতে পারেন এবং কাজে লাগাতে পারেন তার জন্য সরকার গ্রামে গ্রামে প্রচারের দ্বারা চেষ্টা করছেন। রাসায়নিক সারও অল্প দরে কৃষকদের ভিতর বন্টনের চেষ্টা করছেন। মাননীয় চেয়ারম্যান স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাবো এইসব সার ও বীজ কৃষক ভাইরা যেন সময়মত পান। তাছাড়া কৃষির উন্নতি করতে গেলে বড় বড় সেচ পরিকল্পনার দরকার। আমাদের সরকার সেই উদ্দেশ্যে বড় বড় সেচ পরিকল্পনা গ্রহণ করেছেন তার মধ্যে ময়ূরাক্ষী দামোদর পরিকল্পনার কাজ শেষ হয়ে গিয়েছে এবং কংসাবতীর পরিকল্পনার কাজ এখনও চলছে, এটার কাজ শেষ হয়ে বাঁকুড়া, মেদিনীপুর আর হুগলির কয়েক অংশ উপকৃত হবে। এই কংসাবতীর কাজ শেষ হলে ৮ লক্ষ একর জমিতে জল পাবে। তাছাড়া বহু ছোট ছোট ও মাঝারি সেচ পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন। আমাদের বাঁকুড়া ও পুরুলিয়ার মত অসমতল ও কাঁকরময় জমিতে, বিশেষ করে আমার নির্বাচন কার্যক্ষেত্রে গড়ে বিঘাপ্রতি দুই, তিন, চার মণের বেশী ধান উৎপন্ন হয় না। সেখানে আমরা দেখছি টেস্ট রিলিফের মাধ্যমে ছোট ছোট সেচের কাজ হচ্ছে। মাঝারী সেচ পরিকল্পনার জন্য যেসব জায়গায় নদী পরিকল্পনা গ্রহণের সুবিধা নেই, অথচ সেখানে গভীর নলকূপের সুবিধা আছে, সেখানে যদি গভীর নলকূপ বসানোর ব্যবস্থা করা হয়, তাহলে আমার মনে হয় এর দ্বারা খানিকটা খাদ্য সমস্যা সমাধান হতে পারে। তবে, সেখানে একটি মাত্র ফলন করলে এই ধরনের সেচ ব্যবস্থায় সুবিধা হবে না, তাতে অনেক অর্থ অপচয় হবে। সেখানে যদি দুটো বা বেশী ফলন করা যায় তাহলে সুবিধা হয়। দেখা যায় আজ পর্যন্ত প্রায় আড়াই শো গভীর নলকূপ হয়েছে। কিন্তু দুঃখের বিষয়, সব জায়গায় বিদ্যুৎ না পাওয়ায় ঐসব গভীর নলকূপগুলি কার্যকরী হয় নি। যেসব জায়গায় বিদ্যুৎ পাওয়া গিয়েছে, সেখানে পূর্বে ধান ছাড়া অন্য কোন ফসল হতো না, সেখানে আজ এই গভীর নলকূপ সেচের দ্বারা আলু, গম ইত্যাদি ফলন হয়েছে। দেখা গিয়েছে নদী পরিকল্পনায়, বৃষ্টি না হলে অনেক সময় জমিতে সেচের জন্য অসুবিধা হয়, কিন্তু এই সব গভীর নলকূপ পরিকল্পনায় বৃষ্টির দিকে তাকিয়ে থাকতে হয় না। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমাদের মাননীয়া রাজ্যপালের ভাষণের উপর আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের ভাষণে আমরা জানতে পেরেছি যে দুটো পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজ শেষ হয়ে গিয়েছে, কিন্তু পশ্চিমবাংলায় চালের ঘাটতি পূরণের মত তত চালের ফলন আমাদের এখানে হয় নি। তবু আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গে চালের ফলন ৩৬ লক্ষ টন থেকে বেড়ে ৫৩ লক্ষ টন হয়েছে; আলুর ফলন আড়াই লক্ষ টন থেকে ৭ লক্ষ টন হয়েছে, পাট চাষ আড়াই লক্ষ একর জমি থেকে বেড়ে ১২ লক্ষ একর জমিতে হচ্ছে। মাননীয় চেয়ারম্যান, আপনার মাধ্যমে আমি জানাতে চাই যাঁরা একথা বলেন যে, কৃষির কোন উন্নতি হয় নি সে কথা ঠিক নয়। তবে আমাদের আরো উন্নতি করতে হবে, আরো ফলন বাড়াতে হবে একথা ঠিক।

মাননীয় চেয়ারম্যান, আপনার মাধ্যমে আমি আমাদের কৃষি মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি চাষের জন্য আমাদের কৃষক ভাইরা যাতে লাঙ্গল গাড়ীর উদর ইত্যাদি করবার জন্য কাঠ পান তার দিকে নজর রাখবেন। কারণ এইসব জিনিষের জন্য জঙ্গল থেকে কাঠ পেতে তাদের অত্যন্ত বেগ পেতে হয়। এই কথা বলে আমি এই ব্যয় বরাদ্দকে সমর্থন করছি।

[2-30—2-40 p.m.]

Shri Nimai Chand Murmu:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমাদের গুরুতর আপৎকালীন অবস্থার মধ্যে এই বাজেট আরম্ভ হয়েছে। অর্থ বিভাগীয় মন্ত্রী বাজেট বক্তৃতা ৪৫ পৃষ্ঠ ব্যাপী দিয়েছেন এবং খুব গুরুত্ব দিয়ে তিনি বলেছেন যে আমাদের প্রতিরক্ষা ব্যবস্থাকে খুব শক্তিশালী করতে হবে। এই আহ্বান এই প্রয়োজনীয়তার কথা শুধু এখান থেকে নয়, যখন আমাদের দেশে জরুরী অবস্থা দেখা দিয়েছিল তখন থেকেই কেন্দ্র গভর্নমেন্ট এবং রাজ্য গভর্নমেন্ট কৃষিতে উৎপাদন বৃদ্ধির জন্য, তাঁরা সমস্ত বাংলার এবং ভারতবর্ষের কৃষি সমাজকে আহ্বান জানিয়েছিল। তাঁদের এই আহ্বানে এবং কৃষিতে উৎপাদন বৃদ্ধির স্লোগানে আমাদের বাংলাদেশের আকাশ বাতাস মুখরিত

হয়ে উঠেছে। এত চীৎকার করেও আমরা দেখি আমাদের বাংলাদেশে ৪ লক্ষ টন খাদ্য ঘাটতি দেখা দিয়েছে। কেন এই ঘাটতি দেখা দিয়েছে? আমরা দেখেছি, চেয়ারম্যান মহাশয়, যখন সমস্ত জায়গায় প্রচারিত হচ্ছে উৎপাদন বৃদ্ধির জন্য সেই সময় মালদহ জেলায় হবিবপুর এবং বামনগোলা থানায় জোতদার এবং কংগ্রেসী পুলিসের মিলিত চক্রান্তে কাহার পৌষ মাস কাহার সর্বনাশ সেখানে ঘটিয়েছে তার দৃষ্টান্ত আপনার কাছে আমি একটা একটা করে তুলে ধরবো। হবিবপুর থানার বেগুণবাড়ী নিবাসী হোমাই হেমব্রমের এবং লালশরণের যে জমি আবাদ হয়েছিল সেই জমির পরিমাণ হচ্ছে যথাক্রমে ৬·৮৫ শতক ও ৩·১৭ শতক, এই কৃষকদের জমির ধান সেই হবিবপুর থানার আইহো নিবাসী শ্রীকৃষ্ণলাল সাহা বেগুণবাড়ী পুলিস ক্যাম্পের পুলিসের সাহায্যে তাদের খামার ভেঙ্গে মলন ধান লুঠ করে নিয়ে চলে গিয়েছে। এই ঘটনা শুধু সেখানে নয় আরো আমি দেখাচ্ছি সেই হবিবপুর থানার মধ্যে সংকোথীল নিবাসী সনাৎ রায়ের ৪·৩৪ শতক, রাজেন্দ্র নাথ রায়ের ·২৬ শতক, ফণীন্দ্র নাথ রায়ের দখলে ·৮৬ শতক ভেস্টেড জমির ধান ১৬, ১৮, ৩১শে অগ্রহায়ণ তারিখে পিয়াজকুড়ী নিবাসী মহাজন দীনু মাহাতো, কিনু মাহাতো ও হারু মাহাতো সজনাদীঘি ক্যাম্পের পুলিসের সাহায্যে জোর করে ধান কেটে লুঠ করে নিয়ে গিয়েছে।। এই রকম ঘটনা আরো ঘটেছে। বামনগোলা থানার কিথার মোল্লা, সাকিন মহারাণী, তিনি যে জমি আবাদ করেন তার পরিমাণ হচ্ছে ৬৬; আমিজুদ্দিন মোল্লা সাং বড়তুলী তার ৩·৬৬ শতক জমিতে সে আবাদ করে। তাদের ধান কংগ্রেসী এক পান্ডা শচীন্দ্র নাথ চক্রবর্তী, তার বাড়ী মদনাবতী, তিনি মদনাবতী পুলিস ক্যাম্পের সাহায্যে নিয়ে গিয়েছে। এইরকম আরো বহু লোকের ধান তারা কেটে নিয়ে গিয়েছে। বুধু কিসকু, খাড়ু হাসদা, সাং তেঁতুলমোড়, তাদের জমির পরিমাণ ৩·৬১ শতক, চুনকু হেমব্রম; মোহন মাড়ী; টুরা রায়, মসাই হেমব্রম, সাং ইসাহবিপুর, তাদের জমির পরিমাণ ২·১৪; তারপর হোন্দা হেমব্রম, ফচু শরেণ, সুফল টুডু, সাং মহিমপুর; জমির পরিমাণ ২·৯২ শতক; বুধু কিসকু; সাং তেঁতুলমোড়া, জমির পরিমাণ ১·১৫ শতক, সেখানকার জোতদার হচ্ছে মমতাজউদ্দীন সরকার, সাং মাধববাটী, এবং নুর মন্ডল, সাং ঝাকলডাঙ্গা, তারা শিয়ালডাঙ্গা পুলিস ক্যাম্পের সাহায্যে তাদের জমির সমস্ত ধান কেটে নিয়ে চলে যায়। যখন উৎপাদন বৃদ্ধির কথা ঘোষণা করছেন কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার, তখন কংগ্রেসী জোতদাররা ভারত রক্ষার হিড়িকে নানা পুলিসের সাহায্য নিয়ে কৃষকের রক্ত জল করা ফসল ছিনিয়ে নিয়ে যাচ্ছে। এমনি করে কি আমাদের দেশের উৎপাদন বৃদ্ধি পাবে? বিশেষ করে এই জরুরী পরিস্থিতির সুযোগ নিয়ে তাদের এমনিভাবে রক্ত জল করা ফসল কেড়ে নেওয়া হয়েছে। আমি মনে করি এই সমস্ত জোতদাররা উৎপাদনে বাধা সৃষ্টি করছে এবং তাদেরকে ভারত রক্ষা আইনে গ্রেপ্তার করা উচিত। কিন্তু চেয়ারম্যান মহাশয়, এইসব ক্ষতিগ্রস্ত কৃষকরা যখন এই অবস্থার কথা জানাতে থানায় গিয়েছে তখন থানার দারোগা পুলিসেরা তাদের কুকুর শিয়ালের মত তাড়িয়ে দিয়েছে, গালাগালি দিয়ে সেখান থেকে সরিয়ে দেওয়া হয়েছে। এইসব তথ্য যখন জেলা সমাহর্তার কাছে মাননীয় সদস্য ধরনীধর সরকার জানাতে গেলেন, সাথে ছিলেন সেখানকার পূর্বতন কম্যুনিষ্ট পার্টির সেক্রেটারী নরেন চক্রবর্তী, জেলা সমাহর্তা তাঁদের কোন কথায় কর্ণপাত করলেন না। তাঁদেরকে বললেন আপনারা যে কথা বলছেন পুলিস ত সে কথা আমাদের জানাচ্ছে না। আশ্চর্য হয়ে গেলাম আমরা সেকথা শুনে। পুলিস যেখানে থানায় বসে থেকে এই সমস্ত কাজ করাচ্ছেন, ক্ষতিগ্রস্ত কৃষকরা থানায় গিয়ে বললেও কাজ হচ্ছে না, সেই সমস্ত পুলিসের কাছ থেকে জেলা সমাহর্তা কি করে খবর পেতে পারেন? খবর পান নি বলেইত দেশের প্রতিনিধি এবং পূর্বতন সেক্রেটারী নরেন চক্রবর্তী মহাশয় গিয়েছিলেন জানাতে। তাঁদের কথায় কর্ণপাত করলেন না, তিনি তাঁদের সেখান থেকে হুট আউট করে দিলেন। গত অধিবেশন যখন আমাদের আরম্ভ হল তখন আমি এবং শ্রীধরনীধর সরকার সেই কৃষকদের দুরবস্থার উপরে এই বিধান সভায় কলিং এ্যাটেনশন দিয়েছিলাম। গত অধিবেশনের প্রারম্ভে মুখ্যমন্ত্রী দাম্ভিকতার সঙ্গে জবাব দিলেন যে, শ্রীনিমাই মুরমু এবং শ্রীধরণীধর সরকার কৃষকদের উপরে অত্যাচারের যে কলিং এ্যাটেনশন দিয়েছিলেন সেটা একেবারে অবাস্তব এবং এঁরা যা বলেছেন তা অসত্য। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার কাছে আমার অনুরোধ, আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, আপনারা চলুন আজ বামনগোলা, হবিবপুর থানায়, মালদহ জেলা ঘুরে আসুন, আমরা

আপনাদের আঙ্গুলের সাহায্যে দেখিয়ে দিতে পারবো সত্যিকারে কিভাবে জোতদাররা পুলিসের সাহায্য নিয়ে কৃষককে তার উৎপাদিত ফসল থেকে বঞ্চিত করেছে, এবং উৎপাদনের কাজে বাধা সৃষ্টি করছে। এইভাবে তারা প্রতিরক্ষা ব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করে চলেছে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আর একটি কথা সেদিন যখন আশ্চর্য হয়ে গেলাম মুখ্যমন্ত্রী মহাশয়ের দাম্ভিকতাপূর্ণ জবাবে, তখন ছুটে চলে গেলাম ল্যান্ড রেভিনিউ মিনিষ্টার শ্যামাদাস বাবুর কাছে। তাঁকে সমস্ত অবস্থার কথা খুলে বললাম। তিনি আমাদের আশ্বাস দিলেন যে, নিমাই বাবু আপনি যান আমি ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে অনতিবিলম্বে খবর দিচ্ছি যাতে এই ধরনের কার্যকলাপ তাড়াতাড়ি বন্ধ হয়ে যায়, যাতে কৃষকের স্বার্থ ক্ষুন্ন না হয়, যাতে জোতদাররা প্রতিরক্ষা ব্যবস্থাকে ক্ষুন্ন করতে না পারে। কিন্তু সপ্তাহের পর সপ্তাহ কেটে গেল, আমরা নিরাশ হয়ে গেলাম, তার কোন প্রতিকার পাওয়া গেল না। আবার দৌড়িয়ে এসে এই ধরনের ঘটনা মানে একগাদা তথ্য সমেত স্মারকলিপি পেশ করলাম ল্যান্ড রেভিনিউ মিনিস্টার শ্রীশ্যামাদাস ভট্টাচার্য্যর কাছে। এখন পর্যন্ত তার কোন প্রতিকারের ব্যবস্থা হয় নি। এমনিভাবে, চেয়ারম্যান মহাশয়, আমাদের মালদহ জেলায় হবিবপুর, বামনগোলা থানায় ভারতরক্ষা হিড়িকে জোতদারদের পোষ মাস এবং গরীব কৃষকদের সর্বনাশ হচ্ছে। এমনিভাবে যদি চলতে থাকে সেই কৃষি সমাজের উপর অন্যায় অবিচার তাহলে আমরা কি করে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করবো? চেয়ারম্যান মহাশয়, আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে সত্যিকারের যদি আমরা আমাদের কৃষিতে উৎপাদন বৃদ্ধি করতে চাই তাহলে পরে কো-অপারেটিভ ব্যাঙ্ক, সার্কেল অফিসার, এবং আদিবাসী বিভাগ থেকে যে সমস্ত ঋণ দেওয়া হচ্ছে সেই ঋণগুলি অতি সামান্য, হাল বলদ খরিদ করবার জন্য জমির পরিমাণ বেশী না থাকায় ভূমিহীন কৃষি যারা তারা ঐ ঋণ পায় না, কৃষকদের যথেষ্ট পরিমাণ ঋণ দেওয়া প্রয়োজন। ঋণ দেওয়ার সময় বৈশাখ মাস এবং ঋণ আদায় করার সময় চৈত্র মাস এই সময় ধার্য হওয়া উচিত। এই বিষয়ে সরকারের সেই রকম কোন প্রচেষ্টা না থাকার জন্য কৃষকরা সময়মত ঋণ পাচ্ছে না। এবং অসময়ে ঋণ আদায় করার ফলে তারা বাধ্য হয়ে গরু মহিষ বিক্রী করে দিতে বাধ্য হচ্ছে। এমন অবস্থার সৃষ্টি হচ্ছে। আজকে তারা বাধ্য হচ্ছে তাদের জায়গা জমি বিক্রী করে দিতে। আজকে, যেখানে কৃষক সম্প্রদায় খেতে পাচ্ছে না সেক্ষেত্রে কৃষি উৎপাদন বৃদ্ধি করতে কি করে উৎসাহ পাবে তারা। সমস্ত প্রকার জিনিসের দাম হু হু করে বেড়ে যাচ্ছে। এমন অবস্থায় অজুহাত তাদের কাছ থেকে জোর করে ঋণ আদায় করা হচ্ছে, অনেক ক্ষেত্রে ঋণের দায়ে চাষীর জমি নীলাম হয়ে যাচ্ছে, চাষের লাঙ্গল জোতদার নিয়ে যাচ্ছে। আরেকটি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি। আজকের দিনে যদি কৃষককে বাঁচিয়ে রাখতে চান, তাহলে তাদের প্রচুর পরিমাণে খয়রাতি সাহায্য ও কৃষি ঋণ দেওয়া দরকার।

Shri Monoranjan Bakshi:

মিঃ চেয়ারম্যান, স্যার, কৃষি খাতে আলোচনা করতে গিয়ে সর্ব প্রথমেই একটা কথা মনে পড়ে, বাংলাদেশে যখন আষাঢ়-শ্রাবণ মাস আসে তখন বাংলাদেশের মাঠের দিকে তাকিয়ে চারদিকে সবুজ ধান দেখে আমাদের মনে পড়ে যায় কবির কথা, নূতন ধান্যে হবে নবান্ন। যারা মাঠে ময়দানে পরিশ্রম করে শরীরের রক্ত জল করে আমাদের উন্নতির পথে এগিয়ে নিয়ে যান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত আমি পশ্চিমবঙ্গ সরকারকে জিজ্ঞাসা করছি তাঁরা চিন্তা করেছেন বাংলাদেশে কৃষক সমাজ আজ কোন স্তরে এসে পেঁৗছেছে। আমরা সকলেই জানি একজন সামান্য লেখাপড়া জানা লোককে আজকে আমাদের সমাজে যে সম্মান দেখান হয়, যারা কৃষক যারা খাদ্যোৎপাদন করে জাতিকে বাঁচিয়ে রাখে তাদের কতখানি সম্মান দেখান হয়, এবং সমাজের কোনখানে তাদের রাখা হয়। আজকে তাদের ছেলেমেয়েদের শিক্ষার কথা, স্বাস্থ্যের কথা, অন্যান্য জিনিষের কথা আপনারা কতখানি চিন্তা করেছেন? আমরা জানি মাঘ ফাল্গুন মাসে যখন কৃষকের হাতে পয়সা থাকে না তখন তারা মহাজনের কাছ থেকে ঋণ গ্রহণ করতে বাধ্য হন। সেজন্য আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে, মন্ত্রী সভাকে অনুরোধ করছি, বাংলাদেশের কৃষককে যদি বাঁচতে হয় তাহলে পল্লীগ্রামে কৃষি ব্যাঙ্ক খোলা প্রয়োজন, তা না হলে কৃষক সমাজ ধ্বংস হয়ে যাবে। আমরা দেখছি অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে তিনি বলেছেন এখন পর্যন্ত বৃষ্টির জলের উপরই কৃষি নির্ভরশীল। ডি ভি সি, কংসাবতী, ময়ুরাক্ষী পরিকল্পনা ইত্যাদি হয়েছে, কিন্তু তা সত্ত্বেও আজ পর্যন্ত চাষীদেরদ মেঘের

জলের দিকেই তাকিয়ে থাকতে হয়। বাংলাদেশে এমন বহু জায়গা আছে যেখানে ক্যানেল নাই, নদীনালা নাই, ডিপ টিউবওয়েল বা অন্য কোন প্রকার ইরিগেশনএর ব্যবস্থা নাই। বর্ধমান জেলার আউশগ্রাম কেন্দ্রে কোন ক্যানেল হয় নি, ডিপ টিউবওয়েল হয় নি, তাই আমাদের আকাশের দিকে তাকিয়ে থাকতে হয়।

বর্ধমান জেলার দুর্গাপুরে যে ইস্পাত নগরী হয়েছে তার জন্য আমরা গর্ব বোধ করি। শুধু বাংলাদেশে নয়, সারা ভারতবর্ষের আজ লক্ষ্যস্থল হচ্ছে দুর্গাপুর এটা আনন্দের কথা। কিন্তু সংগে সংগে আপনার মাধ্যমে মন্ত্রী সভার কাছে একটা বক্তব্য নিবেদন করছি। সেটা হচ্ছে যে দুর্গাপুর কারখানা হবার সংগে সংগে ঐ এলাকায় ৫টা থানা, আউশগ্রাম থানা এবং অন্যান্য এলাকায় লোকেরা, কৃষকরা আজকে জমি ছেড়ে দিয়ে শিল্পে কাজ করতে চলে যাচ্ছে। এ যদি অবস্থা হয় তাহলে অদূর ভবিষ্যতে আমরা দেখব যে জমি পড়ে আছে, চাষ বন্ধ হয়ে গেছে। কাজেই আপনার মাধ্যমে মন্ত্রী সভার কাছে অনুরোধ করব যে অত্যন্ত ধীর ও স্থির-ভাবে চিন্তা করুন যে এই অবস্থায় কি বিকল্প ব্যবস্থা করা যায় যাতে অদূর ভবিষ্যতে ঐ এলাকায় চাষ না বন্ধ হয়ে যায়। আজকে অত্যন্ত দুঃখের কথা যে কৃষি সম্বন্ধে বলতে গিয়ে একথা বলতে বাধ্য হচ্ছি যে গত ১৬ই ফেব্রুয়ারী কেন্দ্রীয় পরিকল্পনা মন্ত্রী যখন এসেছিলেন তখন তিনি বলেছেন যে আমাদের দেশে খাদ্য ফলন কমে গেছে। এই যদি অবস্থা হয় তাহলে কি করে চাষীরা বুঝবে যে সরকারের পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা স্বর্থক হতে চলেছে। একথা কি ভাওতার কথা নয়? আমি আপনাদের কাছে পেশ করছি যে বিগত দশকে ধান চালের ফলন সারা ভারতে বেড়েছে ৩৫:, আর পশ্চিমবঙ্গে কমেছে ১·১; বিগত দশকে প্রতি একরে খাদ্যশস্য ফলনের বাৎসরিক বৃদ্ধির হার সারা ভারতে ৭·৬ ও ধান চাল ৩·৫, পশ্চিমবাংলার সেখানে কর্মতির হার ১·৬২ এবং ০·৩। এই যদি অবস্থা হয় তাহলে কি বুঝব যে আমাদের কৃষি বিভাগ উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে? এই যদি অবস্থা হয় তাহলে দেশে যে ভয়াবহ দিন আসছে সেই দিনকে লক্ষ্য করে আজকে বাংলার ঐক্যবদ্ধ মানুষের হয়ে আপনার মাধ্যমে সরকারের কাছে আমি তাদের কথা জানিয়ে দিচ্ছি "সাবধান, সাবধান, আসিছে নামিয়া ন্যায়ের দন্ড, রুদ্রমূর্তি সাবধান।"

[2-40—2-50 p.m.]

Shri Provakar Pal:

মাননীয় সভাপাল মহাশয়, আজকে আমাদের মন্ত্রী মহাশয় তাঁর ব্যয় বরাদ্দের যে দাবী উত্থাপন করেছেন সেটা আমি সমর্থন করছি। একথা আপনারা জানেন যে পশ্চিমবাংলায় কৃষি পশ্চিমবাংলার জন জীবনে এক গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে রয়েছে। একথা ঠিক যে পশ্চিমবাংলার অধিকাংশ মানুষ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে এই কৃষি শিল্পের উপর নির্ভরশীল। সরকার দেশ স্বাধীন হবার পর থেকে কৃষি উন্নতির জন্য যে অনেক চেষ্টা করছেন সে সম্পর্কে সন্দেহ নেই। গত ১৫ বছরে কৃষির উন্নতি হয়েছে তাতে সন্দেহ নেই, কিন্তু তা সত্ত্বেও আমরা পশ্চিমবাংলার মানুষ যতটা আশা করেছিলাম তা উন্নতি হয় নি। হয় নি কেন তা যদি দেখি দেখবো যে আজকে যে চালের দর ৩০।৩২ টাকা এ যদি দেখি তাহলেই উপলব্ধি করবো। পশ্চিমবাংলায় খাদ্যের উৎপাদন আশানুরূপ হয় নি, এটা খুব লজ্জার কথা যদি না হয় তাহলেও এই সমস্যার সমাধান করতে হবে তাতে কোন সন্দেহ নেই। আমি একথা বলি যে গত ১৫ বছর ধরে যে কৃষি নীতি গ্রহণ করেছেন তা আরও বলিষ্ঠ এবং আরও গতিশীল হওয়া উচিত ছিল। আজকে একথা ঠিক যে, এবং একথা অস্বীকার করবার উপায় নেই যে পশ্চিমবাংলার কৃষি দিনের পর দিন বাড়ছে কিন্তু পশ্চিমবাংলায় কৃষির উন্নতি করতে হবে ইনটেনসিভ কাল্টিভেশন সেটা করা হচ্ছে না। আমরা যদি আলোচনা করি তাহলে দেখবো কৃষি প্রধানত ৪টা জিনিসের উপর নির্ভর করে, উপযুক্ত সার, উপযুক্ত বীজ এবং জল সেচন ও নিষ্কাশন এবং ভাল মারকেট। এই ৪টি বিষয় যদি আলোচনা করি তাহলে দেখবো পর পর সরকারেরর যা নীতি তাতে এসব বেশী কার্যকরী হয় নি। এ পর্যন্ত পর পর মানুষ বা গ্রামের কৃষকেরা ভাল বীজ পান নি। থানায় থানায় যে সীড ফার্ম তৈরী করা হয়েছে লজ্জার সংগে লক্ষ্য করেছি সেখানে সাধারণ গ্রামের নিরক্ষর কৃষক ধান উৎপাদন করছে বিঘা প্রতি গড়ে দশ মণ সেখানে সরকারী ফার্মে ধান উৎপাদন

হচ্ছে বিঘা প্রতি সাত মণ এটা আমরা দেখছি। সরকারী ব্যবস্থার মধ্য দিয়ে যে বীজ কৃষকদের বিতরণ করা হয়, অধিকাংশ ক্ষেত্রে তা সাধারণ বীজ অপেক্ষ নিকৃষ্ট ধরনের এ হিসাব আমরা পেয়েছি। সরকারী খরচেই ধান বীজ সংগ্রহ করা হয়, কর্মচারীদের দ্বারা বাজার থেকে নিকৃষ্ট ধরনের বীজ তা এনে কৃষকদের চাষ করবার জন্য দেওয়া হয়েছে। এটা কি আশা করা যায় যে খারাপ বীজ থেকে নিকৃষ্ট বীজ থেকে বেশী উৎপাদন হবে। আমি এদিকে পর পর সরকারের কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এরপর সারের কথা, আমরা জমিতে যে সার দিই তা সাধারণত রাসায়নিক সার ও জৈব সার। রাসায়নিক সার যে সংস্থা মারফত আসে তা যখন হাতে আসে সেটা কতটা খাঁটি তা দেখার ব্যবস্থা আছে কি? আমার মনে হয় রাসায়নিক সারে অনেক ভেজাল আছে। জৈব সার যা তা গ্রামের কৃষক অনেক সময় তৈরী করতে জানে না। যে সমস্ত কৃষি কর্মচারী আছেন তাঁরা যদি গ্রামে গ্রামে গিয়ে কৃষকদের ডিমনসট্রেসন দিয়ে বুঝিয়ে দেন তাদের সাহায্য করেন তাহলে কৃষকরা অনেক উন্নতি করতে পারে। আর একটা বিষয় নিবেদন করছি অনেক সময় আমরা দেখি সরকারী কর্মচারীরা বড় বড় রাস্তার পাশে অর্থাৎ যে রাস্তায় জীপ যায় তার কাছাকাছি ডিমনসট্রেশন সেন্টার করেন। সহর থেকে দূরে সুদূর নিভৃতে যে কৃষক তাদের কাছে এ জিনিস পৌঁছায় না। আমরা লক্ষ্য করেছি গ্রামের যিনি কর্ম-চারী আছেন তিনি উপরওয়ালাকে খুশি করবার জন্য যতটা সচেষ্ট গ্রামের কৃষকের কাছে নূতন সংবাদ পরিবেশন করতে ততটা সচেষ্ট নন। আমি এদিকেও কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা জিনিষ জল সেচনের ব্যবস্থা। এ কথা ঠিক গত ১৫ বছরে সরকার পক্ষ থেকে জল সেচনের ভাল ব্যবস্থা হয়েছে। ডি ভি সি, ময়ূরাক্ষী কংসাবতী ইত্যাদির সাহায্যে সুদূর গ্রামাঞ্চলে জল যাচ্ছে। কিন্তু আমি মনে করি এ ব্যাপারে আরো সক্রিয় হলে ছোট ছোট পরি-কল্পনা করে গ্রামের মধ্যে যদি জল সেচনের ব্যবস্থা করা যায় তাহলে আমার মনে হয় আরো বেশী কার্যকরী হবে আরও বাংলাদেশের উৎপাদন বাড়বে। তার সংগে আর একটা কথা আমার মনে আসে সেটা ত্রুটিপূর্ণ মনে করি। জল সেচনের ব্যবস্থা আছে কিন্তু জল নিষ্কাসনের ব্যবস্থা নেই। পরিকল্পনার জল ও বৃষ্টির জল এক সংগে সমবেত হয়ে যায়। জল নিষ্কাশনের ভাল ব্যবস্থা নেই। ১৯৫৬ এবং ১৯৫৯ সালে যে বন্যা হয়েছে পর পর বিভিন্ন জেলায় আমার ধারণা জল নিষ্কাসনের অভাবে তাহা হয়েছে, এর জন্য জল নিষ্কাসনের দরকার। এর সংগে গংগা ব্যারেজের কথা আসে যা পর পর বিশেষ করে হাওড়া, হুগলি, বর্ধমানের নদীয়ার জেলার উন্নতি নির্ভর করে।

[2-50—3 p.m.]

ফরক্কা ব্যারেজ যদি না করা হয় তাহলে আমাদের জল নিকাশের বিশেষ অসুবিধা হবে। এই ফরাক্কা ব্যারেজ যদি অবিলম্বে করা না যায় তাহলে কলকাতা বন্দর মারা যাবে তা নয় বাংলা-দেশের অধিকাংশ কৃষক মরে যাবে। এ দিক দিয়ে আমি পশ্চিমবংগ সরকারকে বিশেষ অনুরোধ জানাচ্ছি যে কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিতে যাতে অবিলম্বে ফরাক্কা ব্যারেজ তৈরী হয়। আমরা দেখেছি যে কৃষকরা সারা দিন রাত খেটে ফসল ফলিয়ে উপযুক্ত মূল্য পায় না। তারপর পাটের বাজারে এবার কৃষকরা মার খেয়ে গেল। পাটের উপযুক্ত মূল্য বেঁধে দেওয়া হয় নি। স্টেট ট্রেডিং করপোরেশন যখন গ্রামে গেল তখন গ্রামের অধিকাংশের হাত থেকে পাট চলে গেছে। বাংলাদেশের পাট একটা মস্তবড় অর্থকরী ফসল। এই পাটের উপর নির্ভর করে তাদের ছেলে-পুলেদের লেখাপড়া এবং জীবনযাত্রার প্রায় সব কিছু। সেই ফসলের যদি উপযুক্ত মূল্য না হয় তা হলে সেখানে যে কিরকম দুরবস্থা হবে সেটা অনুধাবন করতে বলছি। এক মণ পাট উৎপাদন করতে গড় পড়তা ৩৫ টাকা লাগে। সেই পাট এই বছর বিক্রি হয়েছে ২৬।২৭ টাকায়। অবশ্য এখন পাটের দর বেড়েছে সরকারী নীতির জন্য। আমি জিজ্ঞাসা করি গত সেপ্টেম্বর এবং অক্টোবর মাসে যখন কৃষকদের হাতে পাট ছিল তখন এই জিনিষ করা হয় নি কেন? এখন মুনাফাখোর ও শিল্পপতিদের মুনাফা বৃদ্ধির জন্য কেন এই ব্যবস্থা করা হোল। আমি অনুরোধ জানাবো যে এই বছরে যা হয়ে গেছে গেছে— আগামী বৎসরে কৃষকরা যাতে উপযুক্ত মূল্য পায় তার ব্যবস্থা করতে হবে। তার সংগে সংগে আমি নিবেদন করে

জানাচ্ছি যে এই পাটের নিম্ন মূল্যের কথা এই হাউসে বার বার দাবী জানিয়েছি। কৃষকরা তাদের ফসলের যদি উপযুক্ত মূল্য না পায় তাহলে উৎপাদন বৃদ্ধিতে তাদের উৎসাহ আসতে পারে না। আমি আরও নিবেদন করবো যে আমাদের এক মণ পাটের সর্বনিম্ন দর যাতে ৪০ টাকা হয় সে বিষয়ে একটু চিন্তা করুন—এটা কার্যকরী করতেই হবে। আমি আর একটি কথা বলবো—শেষ কথা যে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে সরকার কৃষি উন্নতির জন্য চেষ্টা করছেন। কিন্তু মুখ্যমন্ত্রী গ্রামে গ্রামে গিয়ে কৃষির উন্নতি করতে পারেন না। তাদের নির্ভর করতে হবে কৃষি বিভাগের কর্মচারীদের উপর। আমি কিন্তু দেখেছি যে এই জরুরী অবস্থার সময় তাদের আরও প্রগতিশীল হওয়া উচিত ছিল—কিন্তু তা হয় নি। এগ্রিকালচারাল একসটেনশন অফিসার যারা ব্লকে আছেন তারা যদি গ্রামের সাধারণ মানুষের সঙ্গে কৃষির উন্নতি করবার চেষ্টা করেন তাহলে নিশ্চয়ই আশাপ্রদ ফল হবে। আশা করি আপনি সেদিকে দৃষ্টি দেবেন। জয় হিন্দ্।

Shri Anadi Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কৃষি সম্পর্কে এই মাত্র কংগ্রেস বেঞ্চ থেকে একজন সভ্যের কাছ থেকে যা শুনলাম তাতে আমার মনে হচ্ছে যে সত্যই চাষীদের দরদী হিসাবে বন্ধু বলে তিনি এই কথাগুলি বলতে পেরেছেন। কংগ্রেসী সদস্য হয়েও তিনি যেসব কথা বলেছেন তাতে আমি জানি না তার উপর কোন ডিসিপ্লিনারী একসন নেওয়া হবে কিনা।

যা হোক যে যে কথাগুলি বলা হয়েছে ইনটেনসিভ কালটিভেশন সম্বন্ধে যে কথা উল্লেখ করা হয়েছে বাজেটে, যে অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অত্যন্ত প্রয়োজনীয় কথা সে বিষয়ে কোন সন্দেহ নাই। প্রকৃতির অকরুণা জমি আমাদের সীমাবদ্ধ, প্রয়োজন বাড়ছে এবং সেই প্রয়োজন মেটাতে গেলে সেই সীমাবদ্ধ জমিতে বেশী ফলন ছাড়া আর কোন রাস্তা নাই। সেই বেশী ফলনের জন্য নানা জিনিষ করা দরকার। তার মধ্যে একটি জিনিষ বিশেষ প্রয়োজন যেটা হচ্ছে এগ্রিকালচারাল ইমপ্লিমেন্টস ব্যবহার করা, উন্নত ধরনের যন্ত্রপাতি ব্যবহার করা এবং সেদিকে লক্ষ্য গভর্নমেন্টের আছে। থাকা অন্যায় নয়। কিন্তু সেই লক্ষ্য দিতে গিয়ে অর একটি দিকে যে সর্বনাশ তৈরী হচ্ছে, সে দিকটা যদি লক্ষ্য না রাখা যায় তাহলে এই বাজেট অসম্পূর্ণ থাকবে এবং সব স্ববিরোধী দোষ দুষ্ট হয়ে পড়বে। যেটা হচ্ছে যন্ত্রপাতি ব্যবহার করাটায়, এবং বলছি তাই। কিন্ত যন্ত্র ব্যবহার করবার জন্য সঙ্গে সঙ্গে তার যে পরিণতি অল্প লোকে বেশী কাজ হয়ে যাওয়া, সেখানে কৃষি শিল্প হয়ে দাঁড়ায় এবং অল্প লোকে বেশী কাজ হয়ে যাওয়া। তার ফলে গ্রামাঞ্চলে যে অসংখ্য বেকার আছে, সহরাঞ্চলে যে অসংখ্য বেকার আছে, সেই ফৌজ অরও বাড়বে এবং বেকার সমস্যার সমাধান দূরের কথা—সেই সম্পর্কে কৃষি থেকে বেকারের ক্ষেত্র তৈরী হচ্ছে। সেই সম্পর্কে এই বাজেটে কোন উল্লেখ নাই। তা না থাকার ফলে ইনটেনসিভ কালটিভেশন এর কথা মামুলী কথা ছাড়াও আন্তরিকতাহীন বলে প্রতিভাত হয়। আমার পূর্বে প্রভাকরবাবু যে কথা বললেন, সেখানে আন্তরিকতা নাই। বড় বড়দের খুশী করবার জন্য কাজ কারবার করেন তাঁরা। তাদের কোন উৎসাহ নাই কেন উৎসাহ নাই? নিজেদের পরিকল্পনার মধ্যে বাজেটের মধ্যে যদি স্ববিরোধীতা থাকে, তাতে যদি সমস্যার সম্পূর্ণ চিত্র না পাই, তাহলে কেবল ফসল বাড়াও, ফসল বাড়াও বললে মানুষকে উৎসাহিত করা যাবে না। যখন চাষীর কাছে বলা হয় তোমরা ফসল বাড়াও, এ যেন তারা ইচ্ছা করে ফসল বাড়াচ্ছে না। এতে মনে হয় মাসীর দরদের কথা। চাষী ফসল বাড়াতে চায় না—এ কখনো হতে পারে না। আসল জায়গায় যেটা, সেখানে যদি যাওয়া সম্ভব না হয়, তাহলে কিছু হবে না। তাদের হাতে বীজ নাই, পয়সা নাই। তাদের যে সোর্স অব ইনসপিরেশন সেটা তারা পায় না, সেখানে সরকারের পরস্পর বিরোধী নীতি। এই নীতির কথা এবং এই নীতির কারণ আমরা বুঝতে পারি। যখন এই নীতি ধনতন্ত্রের পোষক, এই নীতির ধারা যদি সমাজতান্ত্রিক হতো, তাহলে এই নীতি এইভাবে জনসাধারণের সামনে রাখা হতো না। আমি এই কথা বলে এই পরস্পর বিরোধী যে বাজেট তার কয়েকটা কথা উল্লেখ করছি। কি কারণে? জঙ্গীপাড়া থানাতে ধানের দর ১৮ টাকা হয়ে গিয়েছিল, সম্প্রতি ১৭ টাকা হয়েছে। আগে শুনে মনে হবে ভালই হয়েছে, ধানের দর কমেছে। সেখানে দেখছি কি? কেন কমেছে?

[3—3-20 p.m.]

সরকার যেভাবে এই বাকী খাজনা এবং ঋণ আদায় করতে যাচ্ছেন, ক্রোক করতে যাচ্ছেন, গরু বলদ ক্রোক করবার চেষ্টা করছেন, তখন চাষী বাধ্য হয়ে কি করছে? না, পয়সা দেবার সামর্থ্য নাই—তারা বছরের খাবার যেটুকু রেখেছিল, তা বাজারে ছাড়ছে। তখন ব্যবসাদার মহল সেই সুযোগে বলছে ১৭।১৭৷৷ টাকা দর দাও, তাহলে কিনবো এবং সেই চাষী বাধ্য হয়ে সেই দরে বিক্রী করছে। আর কয়দিন পরে এই কয়টি ধান বেরিয়ে গেলে, সেই ধানই ২০ টাকা মণ হবে। এই যে এঁরা বলছেন উৎপাদন বাড়াও, এই উৎপাদন বাড়াবার যে যে পন্থা গ্রহণ করা আবশ্যক। তা না করে খাজনা ও ঋণ আদায়ের ব্যবস্থা হচ্ছে, চাষীর সর্বনাশ হয়ে যাচ্ছে। মুখ্যমন্ত্রী বলেছেন গ্রামাঞ্চলে বেশী সাইকেল বিক্রী হচ্ছে, চিনি বেশী খাচ্ছে। বিক্রী হবে তো। তাই বলে উৎপাদন কিছু বাড়ে নি, দেশ গঠন কিছু হয় নি, এই কথা বাস্তব সত্য কথা। কোন মূর্খ বলবে না যে উৎপাদন বাড়ছে। গ্রামাঞ্চলে এক শ্রেণীকে ধনী তৈরী করবার জন্য তেমনি ভাগ-চাষী ও ছোট চাষীকে উচ্ছেদ করবার চেষ্টা হচ্ছে। জমিগুলো এক জায়গায় জড় করা হলে লাভ বেশী হয় দেখা গেছে। সেচ ইত্যাদি পরিকল্পনার জন্য, ডেভেলপমেন্ট ইত্যাদি হবার ফলে সেখানে কিছু ক্যাপিটেল ইনভেস্টেড হচ্ছে এবং কিছু লোককে বেকার সৃষ্টি করে রাখা হয়েছে। কিছু লোককে জমি থেকে উৎখাত করে কিছু লোক ধনী হয়ে যাচ্ছে। সেখানে তারা সাইকেল চালাচ্ছে। যান তো একবার গরীব লোকের কাছে তারা কয়টা সাইকেল চালাচ্ছে। কাজেই আপনাদের এই নীতির ফলে কৃষির উন্নতি কখনো হতে পারে না। আপনাদের কৃষি নীতি কখনো দেশের মঙ্গল সাধন করতে পারে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

[3-20—3-30 p.m.]

Shri Radhanath Chattoraj:

মাননীয় স্পীকার মহাশয়, এ বৎসর কৃষি ব্যবস্থার যে একটা মৌলিক পরিবর্তন আসবে সেটা আমরা সকলে আশা করেছিলাম। কিন্তু মাননীয় সেচ ও কৃষি মন্ত্রী মহাশয়ের ভাষণে তার কোন লক্ষণ দেখতে পেলাম না।

আজকে দেশের এই জরুরী খাদ্য পরিস্থিতিতে এবং যুদ্ধ পরিস্থিতিতে দেশের প্রথম ফ্রন্ট হিসাবে আজকে আমাদের খাদ্য উৎপাদন বৃদ্ধি করা একান্ত প্রয়োজন। কিন্তু সেদিকে আমরা কিছুই দেখতে পেলাম না, যেমন গতানুগতিকভাবে কৃষি ব্যবস্থা চলে আসছে, ঠিক সেইভাবেই আমাদের সরকার কৃষি ব্যবস্থা চালাচ্ছেন। আমার মনে হয় কৃষি ব্যবস্থার মূল পরিবর্তন করতে হলে কো-অপারেটিভ এর মাধ্যমে চাষের কাজ করা একান্ত প্রয়োজন। মাটি পরীক্ষা করে যে মাটিতে যে ফসল হবে সেই মাটিতে সেই ফসল লাগাতে হবে। আমি অনেক দিন থেকে শুনে আসছি যে কো-অপারেটিভ প্রথায় সমবায় প্রথায় চাষ হবে। কিন্তু এ সম্বন্ধে পরিষ্কার কোন উল্লেখ পেলাম না। আমি সেজন্যে সরকারকে অনুরোধ করছি যে যেখানে সেচ পরিকল্পনা কার্যকরী হয়েছে যে এলাকাতে বৈজ্ঞানিক প্রথায় সেচ ব্যবস্থা হয়েছে সেখানে পরীক্ষামূলকভাবে সমবায় প্রথায় চাষের ব্যবস্থা করুন—অন্ততঃপক্ষে বীরভূম জেলায় যেন করেন এই অনুরোধ জানাচ্ছি। মাননীয় স্পীকার মহোদয়, আপনি অবগত আছেন, বীরভূমে যে সুগার মিল তৈরী হয়েছে সেই সুগার মিলএ যে ইক্ষু সরবরাহ করা হয় সেটা বিহার প্রদেশ থেকে আসে। কিন্তু এই এলাকায় প্রচুর ইক্ষু উৎপাদন সম্ভব, অথচ সে বিষয়ে সরকারের কোন তৎপরতা লক্ষ্য করা যায় না। ওদিকে অজয় নদীর ধারে ময়ুরাক্ষীর ধারে প্রচুর ইক্ষু উৎপাদন হয়—এ বছরও হয়েছিল কিন্তু সেসব এলাকা থেকে মিলে ওগুলি পৌঁছাবার কোন ব্যবস্থা নেই। অন্ততঃ সেই এলাকার রাস্তাঘাটগুলি যদি ভালভাবে উন্নত হয় তাহলে কৃষকেরা ওই আখ আহমেদপুর সুগার মিলএ দিতে পারে এবং তারা এক সঙ্গে কিছুটা অর্থকরী ফসল বিক্রী করতে পারে অথচ সেদিকে সরকারের কোন দৃষ্টি নেই। কৃষকদের সরবরাহের জন্য প্রত্যেক

ব্লক এলাকায় একটা করে সার কেন্দ্র করা দরকার, কারণ সার সময়মত পাওয়া যায় না বহু দূর থেকে আনতে হয়। আবার সারের চোরাকারবার হয়। প্রতিটি থানা কেন্দ্রে এরকম যদি ডিপো থাকে তাহলে কৃষকদের সুবিধা হয়। সেজন্যে মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাই যাতে প্রত্যেকটি ব্লক এরিয়াতে থানা কেন্দ্রে একটা সার ডিপো হয়। তা ছাড়া, সরকার যে সার দেন সেটা খুব উন্নত ধরনের নয়। সেখানে স্থানীয় কৃষি কর্মচারীগণ লোকাল পারচেজ করেন, করে কাগজের প্যাকেট করেন। আসলে কি জিনিষ গেল তা দেখা হয় না। বীরভূম জেলার ক্যানেল এলাকা সত্ত্বেও আজ পর্যন্ত দুই ফসলী জমি বেশী হয় নি রবিশস্যের ক্ষেত্রে ক্যানেল সেচে খুব কম জল দেওয়া হয়। ওই এলাকার যে সমস্ত বর্ষার জল এবং ক্যানেলএর অতিরিক্ত জল যা বয়ে চলে যায় সেই জল যদি ছোট ছোট স্লুইস গেট করে রাখা যায় তাহলে অধিকাংশ জমি দুই ফসলী করা যায়, এ বিষয়ে সন্দেহ নেই। সবুজ সার বিতরণ করা হয়। সবুজ সার বিলি করা হয় না- তার বীজ প্যাকেটে করে বিক্রী করা হয়। ধঞ্চে সার কিছু কিছু জমিতে বোনা হয়। এই ধঞ্চে বুনতে গেলে জ্যৈষ্ঠ মাসে বুনতে হয়, কিন্তু তার মূল কথা জল। সেজন্য ক্যানেল থেকে জল নিয়ে ভরতি করে রাখা প্রয়োজন। স্যার, বীরভূমের পশ্চিম প্রান্তে খুব বড় বড় ডোঙ্গা পড়ে আছে। পশ্চিমবঙ্গ সরকার সেখানে একটা পিপল ফার্ম করেছেন এবং আরও যে প্রচুর জায়গা পড়ে আছে সেখানে যদি জল সরবরাহ করা হয় তাহলে যেমন স্টেট ফার্মিং রাজস্থানে হয়েছে সেখানে তা করা সম্ভব। সেখানে সেই পুরান মান্ধাতা আমল থেকে যা চাষ হয়ে আসছে তাই এখনও হচ্ছে। বৈজ্ঞানিক ভিত্তিতে কোথায় কখন কি ফসল চাষ করতে হবে সেটা দৃষ্টিভঙ্গী কৃষকদের মধ্যে দেওয়ার জন্য অফিসার আছেন, কিন্তু তারা সেই জ্ঞান তাদের দেবে না। কোন্ ফসল কোন্ জমিতে ভাল হবে সেজন্যে সয়েল সম্পর্কে অভিজ্ঞতা দরকার। সেজন্যে স্টেট লেভেলএ যাতে সয়েল টেস্টএর একটা ব্যবস্থা হয় সেদিকে সরকারকে দৃষ্টি দিতে অনুরোধ জানাচ্ছি। আমাদের এলাকায় নানারকম বোরো ধানের চাষ হয় তার জন্য জল দরকার ক্যানেল থেকে সেই জল দেওয়া সম্ভব; কিন্তু যথাসময়ে জল পাওয়া যায় না। জল যখন পাওয়া যায় তখন ধান শেষ হয়ে যায়। আমরা দেখেছি আমাদের কৃষি বিভাগের সঙ্গে সেচ বিভাগের কোন সমন্বয় নেই। কৃষি বিভাগ বলছে সার নাও, ধান নাও, অথচ সেখানে সেচ বিভাগ জল দিতে পারে না। সেজন্য বলতে চাই যে এই দুটি বিভাগের সমন্বয় যাতে হয় তার জন্যে কৃষি মন্ত্রী যেন চেষ্ট করেন। থানা স্টেট ফার্মএর কথা বলা হয়েছে। এটা আমাদের এলাকায় আছে, কিন্তু একজন সাধারণ চাষীও জানে, সেখানে ফার্মিং হচ্ছে সেখানে সেটা হওয়া সম্ভব নয়। আরও ভাল জায়গা আছে, কিন্তু সেসব জায়গায় হয় না, অহেতুক সরকার টাকা নষ্ট করছেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Abhoy Pada Saha:

মাননীয় স্পীকার মহাশয়, এই রাজ্যে কৃষি ব্যয় পরিকল্পনার জন্য যে অর্থ মঞ্জুরী চাওয়া হয়েছে সেই ব্যাপারে আমার একটা লিখিত প্রস্তাব আছে। সেই প্রস্তাবটা হচ্ছে এই "রাজ্যে খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি করিতে সরকারী কার্য পদ্ধতির চরম ব্যর্থতা। খাদ্যশস্য বৃদ্ধির নামে সরকারী অর্থের অযথা অপব্যয়। সার সরবরাহের নামে কৃষিজীবীদের শোষণ ব্যবস্থা কায়েম। উৎকৃষ্ট বীজ সরবরাহের ব্যর্থতার ফলে কৃষকদের সরকারী বীজের উপর অনাস্থা। বীজ উৎপাদনে সরকারী খামারের চরম অব্যবস্থা ও সরকারী খামারের ফসল চুরি। বি ডি ও অফিসের কর্মচারীদের শুধু কাগজে কলমে কাজ ছাড়া কৃষি বিষয়ে কাজ করিতে না দেখিতে পাওয়া। ক্রপ কম্পিটিশনে জুয়াচুরি করিয়া ফার্স্ট অ্যান্ড সেকেন্ড প্রাইজ পাওয়াইয়া দেওয়া, সেই প্রাইজের টাকায় সরকারী কর্মচারী ও দালালদের আনন্দ করা"। আমি যে কথাগুলি বলেছি তার প্রত্যেকটি বিষয়ে দৃষ্টান্ত দিতে পারি, কিন্তু আমার সময় খুব কম।

[3-30—3-40 p.m.]

কিন্তু মুখ্যমন্ত্রী বলেছেন স্বাধীনতার আগে যে খাদ্যোৎপাদন হত সেই খাদ্যোৎপাদনই আমরা বজায় রেখেছি, কিন্তু ধানের জমি কমে গিয়েছে বলে আমরা খাদ্যোৎপাদন বাড়াতে পারি নি। তবে অন্যান্য ফসল বৃদ্ধি করা হয়েছে। আমি বলব একথা ঠিক নয়। কারণ, অনেক পতিত জমি উদ্ধার করা হয়েছে, যেখানে ডাঙ্গা জায়গা ছিল, যেখানে বাঁধ করে সেচের ব্যবস্থা করে

খাদ্যশস্য উৎপাদনের জন্য অনেক জমি উদ্ধার করা হয়েছে। তৎসত্ত্বেও আমাদের খাদ্য উৎপাদন বৃদ্ধি হয় নি এই ব্যর্থতা ঢাকবার চেষ্টা তারা করছেন। তারপর, স্যার, বীজ উৎপাদনের জন্য আপনারা যে ব্যবস্থা করেছেন প্রত্যেক ব্লকে ব্লকে সেই বীজ উৎপাদন কিরূপ হয়েছে তার উদাহরণ এবং আমি আপনার কাছে রাখব। আমি একটা কেন্দ্রে গিয়ে দেখি আউশ ধানের প্লটে আমন ধান ভরে উঠেছে এ সম্পর্কে আমাকে একজন কর্মচারী বল্লেন, ভুল হয়ে গিয়েছে, কিরকম করে মিশে গিয়েছিল, তাই আউশ আমন দুইই হয়ে গিয়েছে। চাষীরা যদি সরকারী বীজ উৎপাদনের এই অবস্থা দেখে তাহলে তাদের কি করে উৎসাহ উদ্দীপনা বাড়বে সরকারী বীজ নিয়ে। এসব দেখে শুনে মনে হয় জনসাধারণের টাকা অযথা ব্যয় হচ্ছে, অর্থ ব্যয় করেও চাষীদের মধ্যে কোন আগ্রহ জাগাতে পারা যাচ্ছে না। তারপর সার বিতরণের যা পদ্ধতি তাতে বরং চাষীদের শোষণই করা হচ্ছে, কোন দিক দিয়ে যে চাষীরা সুবিধা পাবে তার উপায় নাই। মুনাফালোভী ব্যবসায়ীদের হাত দিয়েই সার যায়, এবং তারা নানাভাবে চাষীদের কাছ থেকে দু পয়সা উপার্জন করার ব্যবস্থা করে নেয়। সুতরাং আজকে সার দেওয়ার নাম করে চাষীদের শোষণই করা হচ্ছে বলা যেতে পারে। তারপর হচ্ছে, প্রাইজ দেওয়ার কম্পিটিশন, কার ধান বেশি হল, এস আমরা প্রাইজ দেব। এজন্য এমন একটা ব্যবস্থা করা হয়েছে যে, প্রাইজএর জন্য ফর্ম কিনতে হয় এক টাকা করে, তাছাড়া দালাল তো আছে, দালালদের অফিসে গিয়ে একটা ব্যবস্থা করে ফেলে। সুতরাং আমাদের কৃষি ব্যবস্থা যদি এভাবেই চলে তাহলে এই হাউসের সবাই বলবেন এটা সম্পূর্ণ ব্যর্থ হয়েছে।

Shri Shreemohan Thakur:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ কৃষি সম্বন্ধে সমালোচনা অনেক শুনলাম। সরকারী কৃষি নীতির ব্যর্থতা সম্পর্কে বিরোধী দলের সদস্যদের অনেকে সমালোচনা করেছেন। এই ব্যর্থতার মূল কারণ কি তা ভালভাবেই পর্যালোচনা করা দরকার। এই বাজেটে দেখতে পাচ্ছি মূলনীতির কিছুই পরিবর্তন হয় নি, একটু রকমারী হয়েছে এই পর্যন্ত।

কৃষির ব্যাপারে যে সমস্ত পরিকল্পনাগুলি গ্রহণ করা হয়েছে সেগুলি ব্যর্থতার জন্য যেসমস্ত সরকারী কর্মচারী দায়ী তাদের সম্বন্ধে পানিসমেন্টএর ব্যবস্থা বা কেউ যদি কোন কর্তব্য কর্মে অবহেলা করেন তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় কিনা এবং যদি হয়ে থাকে তাহলে পূর্বে এই বিভাগের কত কর্মচারীর উপর কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেটা যদি কৃষি মন্ত্রীমহাশয় জানান তাহলে অনেক সদস্য আশ্বস্ত হবেন। চাষের ব্যাপারে দেখা যায় যে জমি জমা, সম্পত্তি পুকুর, বাগান ইত্যাদি রয়েছে অথচ অসংখ্য বেকার চাষী গ্রামে গ্রামে বসে রয়েছে। ফলন বাড়াবার যথেষ্ট সুযোগ আছে, কিন্তু যে সামগ্রিক ব্যবস্থা থাকলে চাষের উৎপাদন বাড়ান যায় সে ব্যবস্থার প্রচুর অভাব রয়েছে। যে সমস্ত ব্যবস্থার কথা বলা হয়েছে সেগুলি অধিকাংশ হচ্ছে কাগজে ফলন বাড়ানো। কিছু যে হয়ে যাচ্ছে সেটার জন্য বিভাগের কৃতিত্ব আছে তা নয়--এটা স্বাভাবিকভাবে বেড়ে যাচ্ছে--এযুগের হাওয়ায় কিছু বাড়বে এবং সেজন্য কৃষি বিভাগ খুব বেশী কৃতিত্বের দাবী করতে পারে না। সমস্ত কিছু থাকা সত্ত্বেও চাষের যে উৎপাদন বাড়ছে না তার মূলগত কারণগুলি ভালভাবে বিবেচনা করে দেখা উচিৎ। কৃষির যে স্ট্যাটেসটিকস সেগুলি অধিকাংশ ভেগ অঙ্কের উপর। একটা ব্লকের কথা বলছি--তখন আমি এখানকার সভ্য হই নি--সেই ব্লকের কর্মচারীদের মধ্যে আলোচনা হচ্ছে --সেখানে বি ডি ও আছেন এবার কত একর জায়গায় জাপানী প্রথায় চাষ হল এবং কি রিপোর্ট পাঠান যাবে? তাতে মোটামুটি ঠিক হল গত বছর কি হয়েছিল দেখে তার উপর শতকরা ১০ ভাগ বাড়িয়ে দিয়ে দিন--তাতে দেখা গেল যে ৭ হাজার একর মত জায়গায় একটা থানার অর্ধেক তাঁরা ঠিক করলেন জাপানী প্রথায় চাষ হয়েছে। কিন্তু আমি জানি যে সেখানে ৭ হাজার একর তো দূরের কথা বোধ হয় ৭ একর জায়গায় জাপানী প্রথায় চাষ হয় নি। পূর্ব পূর্ব রিপোর্ট দেখে তার উপর কিছু পারসেন্টেজ করে উন্নতি দেখিয়ে রিপোর্ট দেওয়া হয়। তারপর প্রত্যেক ডিপার্টমেন্টএর সঙ্গে প্রত্যেক ডিপার্টমেন্টএর অসামঞ্জস্য। কো-অপারেটিভ, সেচ বিভাগ, ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ ইত্যাদি কৃষি ব্যাপারে একটা জগাখিচুড়ি আরম্ভ করলেন। এ বিষয়ে আমাদের থানায় বেশ হয়েছে। ইরিগেশন অ্যান্ড ওয়াটারওয়েজ বিভাগ

তাঁরা জল সরবরাহ করে দায়িত্ব খালাস করে দিয়েছেন এবং তাতে প্রায় ১০ হাজার একর জায়গা পচাবার ব্যবস্থা করে দিয়েছে। কৃষি বিভাগ থেকে শুনলাম এক লক্ষ টাকা খরচ করে জল নিকাশের একটা পরিকল্পনা নিয়ে এই জমিগুলির ব্যবস্থা করতে পারেন। সেখানে কৃষি বিভাগের কর্মচারী আছে। কিন্তু এই ব্যাপারে ১০ হাজার একর জায়গায় সামান্য একটু ব্যবস্থা করলে পারেন চাষের উপকার হয়। সেটা যে কেন করা হয় না এবং তার জন্য কোন দায়িত্ব স্থানীয় কৃষি কর্মচারীদের আছে কিনা সেটা বোঝা যায় না। ১০ হাজার একর জায়গা একটা থানার মধ্যে একটা বড় অংশ—এই ব্যাপার নিয়ে এই হাউসে অনেক কথাবার্তা গতবার বলা হয়েছে, কিন্তু এ সম্বন্ধে একটা এনকোয়ারী পর্যন্ত হয় নি। এখানে আলোচনার পর তার যদি একটু সুষ্ঠু তদন্তের ব্যবস্থা না হয় তাহলে আর কোথায় আশা করতে পারি চাষের জন্য সুষ্ঠু কাজ হবে এবং বিভাগের তৎপরতার লক্ষণ কিভাবে বোঝা যাবে?

[3-40—3-50 p.m.]

চাষের উন্নতি করতে গেলে মোটামুটি কয়েকটা জিনিষের উপর নির্ভর করে শুধু মাত্র ফসল ফলানোর আন্দোলন বা প্রোপাগান্ডার উপর সবকিছু নির্ভর করে না. সারের ব্যবস্থা বীজ সরবরাহ. বৈজ্ঞানিক যন্ত্রপাতির যুগের কথা ধরলে তাহলে নির্মম বাস্তবের মধ্যে দেখতে পাচ্ছি যে সমস্ত কৃষি বিভাগ থেকে এতাবৎকাল যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে. তার অধিকাংশই টাকা দিয়ে কিনে. সরকারী কর্মচারীদের কাছ থেকে নিয়ে সেগুলি অধিকাংশ অকেজো হয়ে বাড়িতে পড়ে আছে। সে সবের সত্যকারের বাস্তবিক প্রয়োগ হয় নি. হয়ত এটা শুনলে স্তম্ভিত হয়ে যাবেন. বহু মূল্য দিয়ে আমাদের বর্ধমানে বীজ ফার্মে যন্ত্রপাতি কেনা হয়েছে এবং তার অধিকাংশই ব্যবহার হয় না. অকেজো হয়ে পড়ে আছে জং খাচ্ছে। এবং সাধারণ লাঙল. পাটাল. ধান পিটান থেকে শুরু করে ৪০০ বৎসর আগেকার যে পদ্ধতি ছিল. সেই ৪০০ বছর আগেকার চাষের পদ্ধতিতেই চলছে কয়েকটা শেষ করবার চেষ্টা হচ্ছে. যন্ত্রপাতি নষ্ট হচ্ছে. জং ধরছে। ২।১টা ট্রাক্টার চলে. তা ছাড়া অধিকাংশ যন্ত্রই পড়ে আছে জং ধরছে এবং কাঠের লাঙল এবং ধান পিটাই ব্যবস্থা করা ছাড়া নতুন কিছু হয় নি; আমার বস্তুব অভিজ্ঞতা থেকে বলছি। আমি এই বর্ধমান ফার্মের কথা আলোচনা করছি. এবং অন্যান্য ফার্মের দেখেছি যে ফার্মের অধিকাংশ যন্ত্রপাতি পড়ে আছে। চাষের জন্য আমিও অনেক যন্ত্রপাতি কিনেছিলাম. কয়েক শত টাকার যন্ত্রপাতি কিনে বাড়ীতে পড়ে আছে. খুব সামান্য অংশ জাপানী প্যাডি মিটার ছাড়া আর বিশেষ কোন যন্ত্রপাতির কার্যকারীতা লাভ করতে পারা যায় নি. সরকার এখন কোন পথও দেখাতে পারেন নি। আজ অধিকাংশ চাষীর ঘরেই এ অবস্থা. যন্ত্রপাতির ব্যাপারে কৃষি বিভাগ একবারে ব্যর্থতার পরিচয় দিয়েছে সে সম্বন্ধে সন্দেহ নেই. সরকারী খামারে এরূপ অবস্থা দেখা যাবে। আর দ্বিতীয় প্রশ্ন হচ্ছে সার. ফলনের মূল সূত্র হচ্ছে সার. ধান ইত্যাদি সমস্ত ফলনে বেশি সাহায্য করে। সারেতে ধানের ফলন ৫ মণ থেকে ২৫ মণে নিয়ে যেতে পারে. কাজেই ফসলের অধিকাংশ নির্ভর করে সারের উপর. তবে অন্যান্য জিনিষ আছে তবে সার হচ্ছে সবের মূল। সার. সরবরাহের যে ব্যবস্থা তাতে কেমিকেল সার ব্যবহার করা হয়। বিশেষজ্ঞ দিয়ে একবার নূতন করে দেখান দরকার হয়েছে যে এই সারের কোন অগুন আছে কি না. এসব কেমিকেল সার বেশি ব্যবহারে জমিতে কেঁচো জাতীয় প্রাণী এ সমস্তগুলি মরে যাচ্ছে. যার জন্য জমির উৎপাদিকা শক্তি. মাটির ফলন শক্তি কমে আসছে। এগুলি বৈজ্ঞানিক বিশ্লেষন দিয়ে কি পরিমাণ ব্যবহার করা হচ্ছে সেটা দেখান উচিত। তার পর সবুজ সারের কথা আলোচনা করবো। অন্যান্য যে সমস্ত সার আছে তার মধ্যে গোবর সে তো সব পুড়েই যায়। কেমিকেল সার ববহার করা তো সাধ্যের অতীত। অবস্থা সেই সাটল ককের মত হচ্ছে না। এসব হচ্ছে সবুজ সারের ব্যাপারে অসুবিধা। বীজ সরবরাহের ব্যাপারে ঐ সবুজ সারের ব্যাপারেও যে অসুবিধা হয় সেটা হচ্ছে সবুজ সারের যে বীজ তা সরবরাহ করা হয় এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে। কতকগুলি প্যাকেট দিয়ে দেওয়া হয়. সে প্যাকেট নিয়ে যেখানে আল আছে সেখানে লাগিয়ে দিলেন এবং এই সমস্ত তাহলে বীজ তৈরী হবে. কিন্তু বাস্তবিক পক্ষে দেখা গেছে এরূপভাবে সবুজ সারের জন্য বীজ তৈয়ারী করা. সে বীজ নিয়ে চাষী জমিতে গিয়ে বেশি ফলন করতে পারবেন. শুধু তাই নয় সবুজ সারের জন্য বীজের জন্য কতকগুলি বাস্তব চিন্তা করা দরকার।

সরকারের খাস যে ল্যান্ড আছে রেলের সাইডিংএতে যে সমস্ত ল্যান্ড আছে সে সমস্ত জমি যখন বিলি করা হয় সে সমস্ততে ধঞ্চে বীজ লাগানোর ব্যবস্থা করা যায়। ২।১টায় করে দেখতে পারা যায়. এটি সবুজ সারের ব্যাপারে লাভজনক বলে আমার মনে হয়. এটা আমাদের দেশের সার সরবরাহের ক্ষেত্রে পরে বিশিষ্ট স্থান অধিকার করে থাকবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়. স্টেট মিনিস্টার—কৃষিমন্ত্রী আজকে এই হাউসের সামনে কৃষিখাতে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তার সমর্থনে আমি দু-একটা কথা বলতে চাই। এখনে ১২টা থেকে অধিবেশন আরম্ভ হয়েছে। তখন থেকে উপস্থিত থেকে আমাদের পক্ষের সদস্যদের এবং বিরোধী পক্ষের বন্ধুদের কাছ থেকে এই কৃষি খাতে ব্যয় বরাদ্দ সম্পর্কে আলোচনা ও সমালোচনা শুনেছি। অনেকেই এই আশংকা প্রকাশ করেছেন যে পশ্চিমবাংলায় যেটা কৃষি অঞ্চল তাকে কেন্দ্র করে সরকারী কৃষি অর্থনীতি গড়ে তুলেছে সেটা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। কিন্তু একথা ঠিক নয়। সুন্দরবন অঞ্চলে অর্থাৎ ২৪-পরগনায় ১৯৬১ সালের সেন্সাস অনুযায়ী লোকসংখ্যা দাঁড়িয়েছে ১৫ লক্ষ। ১০টি বিধানসভার কেন্দ্র আছে। সে জায়গায় কৃষি ক্ষেত্রে আজকে সরকারী কৃষিনীতি ব্যর্থতায় পর্যবসিত হলে সে জায়গার লোক বাঁচবে না। একথা কেন বলছি- পশ্চিমবাংলার এই অঞ্চলটিতে একটি ফসল হয়। বিরাট সেই লবণাক্ত অঞ্চলে লবণাক্ত জলের জন্য সেখানে একটি ফসল হয় এবং বছরে তা যদি মাটি হয়ে যায় তাহলে কি হবে? দ্বিতীয় ফসল হবার সম্ভাবনা নেই। আজকে কৃষির যে অক্ষমতা সরকারী নীতির যতই দোষত্রুটি থাকুক না কেন আমাদের ঐ অঞ্চলে গত ১৫ বছর ধরে যদি তাই হোত তাহলে দেশ অন্য রকম হোত। আমাদের ঐ অঞ্চলের অধিবাসীদের বাঁচানো এবং এই সরকারের যে কৃষি নীতি সেটাকে সার্থক করতে হবে। তাই সেখানে সরকারকে এই কৃষি নীতি পরিচালনার বিষয়ে আমি কতকগুলি কংক্রিট সাজেসন দেবো। যার কারণ আমরা দেখেছি যে সরকারী কৃষি বিভাগ থেকে যখন ঐ অঞ্চলে যে কোন জায়গা ভেঙ্গে গেলে চেষ্টা চলে বটে কিন্তু ২ বছর ফসল হয় না। পশ্চিমবঙ্গের কৃষি বিভাগ থেকে যাতে সেই অঞ্চলে উচ্চ বাঁধ হয়—যাতে লবণাক্ত জল প্রবেশ করতে না পারে তার ব্যবস্থা করা দরকার। যাতে রেসিস্ট করতে পারে এই রকম বীজ ধান সরবরাহ করার ব্যবস্থা সরকার থেকে হচ্ছে। আজকে কৃষি নীতি সমালোচনা করতে গিয়ে প্রথমে আমি দেখলাম কমিউনিস্ট পার্টির মাননীয় সদস্য সনৎকুমার রাহা বললেন যে পশ্চিমবঙ্গের কৃষি নীতি মালিক ঘেঁসা নীতি। একচেটিয়া পুঁজিপতিদের ঘেঁসা নীতি। সঙ্গে সঙ্গে ফরোয়ার্ড ব্লকের বেঞ্চ থেকে দেখলাম ভক্তিভূষণ মন্ডল বললেন যে, কৃষিখাতে যে টাকা বরাদ্দ করা হয়েছে সেই টাকা উপযুক্ত নয়। এই টাকা আরও বেশি বাড়ানো দরকার। এই দুটি পরস্পর উক্তি ভিতরে আমি কমিউনিস্ট পার্টির কথা কোন মতে বুঝতে পারি নি। এবং এটা বোঝা অসম্ভব এই কারণে যে, কৃষকদের হাতে জমি দেওয়া হচ্ছে তাদের প্রথম বিপ্লবের কথা। সেটা তাদের ধোকাবাজী মাত্র। যতগুলি দেশের কমিউনিস্ট বিপ্লব ঘটেছে সেখানে প্রথম কথা ছিল কৃষকদের হাতে জমি দিতে হবে। রাশিয়ায় আমরা দেখেছি যে সেখানে কৃষকদের হাত থেকে জমি কেড়ে নেওয়া হয়েছে এবং তাদের এগ্রিকালচারাল লেবারে পরিণত করা হয়েছে। জমি থেকে তাদের উৎখাত করে লক্ষ লক্ষ কৃষককে এগ্রিকলচারাল লেবারে পরিণত করা হয়েছে। যাঁরা ইতিহাসের পাতা উল্টান তাঁরা এটা দেখবেন—যারা মার্কস বিপ্লবের কথা বলেন নিশ্চয়ই তাঁরা এটা অস্বীকার করবেন না।

[3-50—4 p.m.]

ভারতবর্ষের কৃষক শ্রেণীর ভেতর ধনিক গোষ্ঠি স্বীকার করে নিয়েছিলাম। আমরা জানি ১৯৪৭ সালে দেশ স্বাধীন হবার পর জমিদার শ্রেণীকে আমরা পশ্চিমবাংলা থেকে উৎখাত করেছি। তারপর আমরা জমির মালিক, জোতদার—তাদের হাতে যাতে জমি বেশি থাকতে না পারে, তার জন্য আমরা জমির সর্বোচ্চ সীমা বেঁধে দিয়েছিলাম, ২৫ একরের মত জমি কোন কৃষক পরিবারের হাতে থাকা সমীচীন নয়—এটা যদি আমরা বুঝতে পারি বা দেখি তাহলে নিশ্চয়ই আমাদের কংগ্রেস পক্ষের সদস্যগণ ও কংগ্রেস সরকার কমান প্রয়োজন মনে করেন, নিশ্চয়ই তাঁরা কমাবেন। ভারতবর্ষের কৃষি অর্থনীতি ভারতের সংবিধান অনুসারে তৈরী হয়েছে।

সেখানে স্বীকার করা হয়েছে যে ব্যক্তিগত মালিকানা যেন শোষণের পর্যায়ে না যায়। এইভাবে ভারতবর্ষের কৃষি অর্থনীতি গঠিত হবে যাতে কৃষি অর্থনীতি আবার ব্যক্তিগত মালিকানা ধ্বংস না করে। ওধারে কমিউনিস্ট পার্টির বেঞ্চে যাঁরা বসে আছেন, তাঁরা এই নীতি সমর্থন করবেন না। চীনে দেখা গেছে বিপ্লবের পূর্বে তাদের স্লোগান হয়েছিল চাষীর হাতে জমি দেব। কিন্তু বিপ্লবের পরে সেখানে কি দেখছি? চাষীর হাতে জমি দেওয়া হয় নি; তাদের জমি থেকে উৎখাত করা হয়েছে এবং উৎখাত করে কৃষকদের কমুনে ভর্তি করা হয়েছে। তারা যে কথা ঘোষণা করেছিল, অঙ্কশাস্ত্রের যে কথা বলেছিল, তা ভুল। আজ পশ্চিমবাংলার ক্ষেত্রে দেখা যাবে আমরা ব্যক্তিগত মালিকানা ও উদ্যোগের সীমার মধ্যে ভারতবর্ষের সংবিধান অনুযায়ী ভারতবর্ষের মাটিতে চাষীদের ক্ষেত্রে, কৃষকদের ক্ষেত্রে কৃষি অর্থনীতি গ্রহণ করতে চাই। কৃষি উৎপাদন বাড়াবার জন্য যে যে জিনিষগুলি প্রয়োজন তা আমাদের সরকার সরবরাহ করছেন কি না! এর আগে আমাদের মাননীয় শম্ভুচরণ ঘোষ মহাশয় বলে গেলেন যে পুরানো আমলের মান্ধাতার যুগের লাঙ্গল এখনো আমাদের দেশে চলছে। অবশ্য আবার কেউ কেউ বলেছেন কৃষকদের মডার্ন ইমপ্লিমেন্টস দেওয়া হোক, এটা পরস্পর বিরোধী নীতি। সেখানে মডার্ন ইমপ্লিমেন্টস দেওয়া হোক, ফারটিলাইজার দেওয়া হোক। তারপর সেই জমিগুলো বৃহৎ সেচ ব্যবস্থার আওতার মধ্যে আনা হোক। অবশ্য ডি ভি সি, ময়ূরাক্ষী ও তিলাইয়া সেচ পরিকল্পনার মধ্যে লক্ষ লক্ষ একর জমি আনা সম্ভব হয়েছে, এদের দ্বারা সেটা সম্পাদিত হয়েছে। এ ছাড়া ছোট ছোট সেচ পরিকল্পনাও করা হয়েছে নদী থেকে পাম্প দিয়ে জল তোলার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু সুন্দরবন এলাকায় কোন ইরিগেসনএর বালাই নাই, সেখানে কোন সেচ ব্যবস্থা হবে না। আমি এই কথা নিবেদন করছি যে ঐ এলাকায় জমিদারী প্রথা উঠে যাবার পূর্বে যেগুলি জল-নিষ্কাশনী ব্যবস্থা ছিল, সেগুলি জমিদাররা বেনামী করে বিক্রী করে দিয়েছেন। তারপর ভূমি রাজস্ব আইন পাস হবার পরে সেটা ভূমি রাজস্ব দপ্তর থেকে ডি এল আর-এর বিভাগে গিয়ে বসলো। সেখানে জল নিকাশের জন্য খালবিল ইত্যাদি যা ছিল, সে সবগুলি বিলি করা হয়েছে চাষীদের কাছে। এখন জল-নিষ্কাশনের এক বিরাট সমস্যা দেখা দিয়েছে। সেদিন অজয়বাবু একটি কলিং অ্যাটেনসন নোটিসের উত্তর দিয়েছেন। সেই সব জায়গার খাল-বিল যদি জরীপ না হতো, বিলি না হতো, তাহলে ছোট ছোট পরিকল্পনা যেটা এগ্রিকালচার ডিপার্টমেন্টএর দশ হাজার থেকে এক লক্ষ টাকার পরিকল্পনা আছে, সেই পরিকল্পনা অনুযায়ী ছোট ছোট খাল করা যেত এবং বৃষ্টি হলে সেই জল ধরে রেখে চাষের ব্যবস্থা করা যেত।

Shri Girish Mahato:

মাননীয় স্পীকার মহোদয়, আজকের এই বাজেট আলোচনায় অংশ গ্রহণ করে, আমার কয়েকটি বক্তব্য আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই।

ভারতবর্ষের দলিত নিষ্পেষিত বুভুক্ষু জনগণের আর্থিক দুর্গতি থেকে মুক্তি লাভের পথ কৃষি জীবনের আমূল পরিবর্তন সাধন। সেই আমূল পরিবর্তনের রূপ হবে আকণ্ঠ কৃষিঋণ থেকে কৃষক সমাজের মুক্তি ও সরকারী ঋণের অকুণ্ঠ সহযোগিতা। সেই আমূল পরিবর্তনের রূপ হবে আকাশ নির্ভর সেচ থেকে বিরাট এই কৃষিজীবনকে মুক্ত করে সারা বৎসর সমগ্র দেশের কৃষির জন্য বিনামূল্যে সেচের ব্যাপক ব্যবস্থা। পরিবর্তনের রূপ হবে সমগ্র দেশের সমগ্র কৃষি ব্যবস্থাকে সহজ, সুলভ অথচ সম্পূর্ণ কার্যকরী বৈজ্ঞানিক ব্যবস্থা ধারার মধ্যে নিয়ন্ত্রণ। পরিবর্তনের রূপ পরিগ্রহ করবে দেশের দরিদ্রতম কৃষকের পুঁজি শক্তিকে অগণিত সম্মিলিত সমবায় প্রচেষ্টার রূপায়ণের মধ্যে। কৃষি জীবনের দ্রুত অগ্রগতির জন্য শাসন শক্তির তৎপর ব্যবস্থার মাধ্যমে উন্নত বীজ, উন্নত উপকরণ এবং শিক্ষার উন্নত আয়োজনের সামগ্রী সরবরাহের নিষ্ঠাপূতঃ উপযুক্ত ব্যবস্থাই আজ সেই পরিবর্তন। এবং কৃষির অত্যন্ত প্রয়োজনীয় অঙ্গ যে সার, সেই সারের গুরুতর সমস্যা সমাধানে, দেশের বিরাট সার অপচয়ের নিরাকরণ এবং সার উৎপাদনের নব নব পদ্ধতির প্রবর্তন প্রভৃতির মধ্য দিয়ে নূতন কৃষি জীবনের রূপান্তর হবার কথা ছিল। কিন্তু অত্যন্ত পরিতাপের কথা জাতির এই মহান সমস্যার কণামাত্র সমাধানেও আমাদের কেন্দ্রীয় সরকার তথা আমাদের রাজ্যসরকার শোচনীয়ভাবে সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছেন। তার পরিচয় স্বরূপ আমাদের জেলার দৃষ্টান্ত উল্লেখ করে বলতে পারি যে কৃষির আমূল

পরিবর্তনের জন্য যে দিকগুলি অত্যন্ত জরুরী ছিল, তার কোন একটিরও সামান্যতম প্রচেষ্টাও বাস্তব জীবনে ঘটেনি। বরং তার পরিবর্তে এক অত্যন্ত নিষ্ঠুর ঘটনার পরিচয় আমাদের জীবনে ঘটেছে। পুরুলিয়া জেলার বিরাট এক অঞ্চলে সম্পূর্ণ অনাবৃষ্টি এবং সম্পূর্ণ অজন্মা হওয়ার ফলে ভয়াবহ দুর্ভিক্ষের পরিস্থিতি দেখা দেয়। এবং সেই দুর্ভিক্ষ পীড়িত অঞ্চলের দুর্গত কৃষক সমাজ নৈরাশ্যের মধ্যেও সংকল্প করে যে বিকল্প বিভিন্ন চাষের মাধ্যমে নিজেদের ভাগ্যের পরীক্ষায় অবতীর্ণ হবে। এবং অন্নহীন, আশাহীন কপর্দকহীন সেই বিরাট কৃষক সমাজ সরকারের কাছে আবেদন করেছিল - বিকল্প চাষের উপযোগী বিভিন্ন প্রকার বীজ সরবরাহের জন্য। কিন্তু অত্যন্ত মর্মান্তিক ব্যাপার এই যে, জেলা ও রাজ্যের সংশ্লিষ্ট শাসন বিভাগগুলির কাছে এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে এই ন্যায়সঙ্গত দাবীর বিষয়ে বারম্বার আবেদন করেও পরিহাস ছাড়া, ঐ কৃষক সমাজ সরকারের কাছ থেকে কোন সহায়তা লাভ করতে পারেনি। নিরাপদ আসনে বসে মিথ্যা তথ্য পরিবেশন করা বা নিয়ত বিপন্নতর কৃষককুলের ক্রয়-ক্ষমতা বৃদ্ধি পাচ্ছে বলে উপহাস করার মধ্যে আত্ম-সুখ থাকতে পারে; কিন্তু কোটি কোটি মানুষের দুঃখের মধ্য দিয়ে যে ইতিহাস গড়ে উঠেছে, তাকে ঐ আত্মসুখ ঠেকাতে পারবে না, এ অবধারিত।

এদিকে যেমন আমরা দেখছি যে কৃষি সমস্যা সমাধানের যথার্থ দৃষ্টিভঙ্গী, হৃদয় বা পরি-কল্পনা নেই। তেমনি অন্য দিকে দেখতে পাচ্ছি বিকৃত পরিকল্পনাসমূহের মধ্য দিয়ে যে সকল কাজ চলেছে, সে সবও অপচয়, দুর্নীতি ও হৃদয়হীনতার নামান্তর মাত্র।

আমাদের জেলায় সেচ পরিকল্পনার নামে বিভিন্ন সরকারী স্কীমের মাধ্যমে পুষ্করিণী প্রভৃতি সংস্কার ও প্রসারের কাজে গুরুতর দুর্নীতি ও লুণ্ঠন চলেছে বলে অভিযোগ জানান সত্ত্বেও সরকারী দপ্তর মাসের পর মাস নীরব হয়ে আছেন। এই সবের মধ্য দিয়ে আমরা অনুভব করতে পারছি- মহান এই কৃষি ব্যবস্থা সম্পর্কে সরকারী মনোভাবের রূপ কি! আমাদের জেলায় আমরা দেখেছি দেশের কৃষিজীবিদের মধ্যে শতকরা ৯৯ জন, কেউ ঠিকমত তাদের পরিবার প্রতিপালন করতে পারে না বা কেউ কোন রকমে পারে। কিন্তু এই কৃষককুলের জীবনে তাদের সকল প্রচেষ্টা ও প্রেরণার পথে গভীর প্রতিবন্ধকতা সৃষ্টি করতে কৃষি-আয়করররূপ এক বিভীষিকা দেখা দিয়েছে। অধিকাংশ ক্ষেত্রেই এই আইনের নগ্ন অপপ্রয়োগ ঘটছে। আমরা এই সকল অভিযোগ বহুবার এই আইনসভার সদস্যদের সামনে উত্থাপন করেছি। প্রতিকার করা দূরে থাক, অভিযোগ বিষয়ে একটা তদন্ত পর্যন্ত হয়নি। এই হৃদয়, এই মনোভাব, এই ঔদাসীন্য ও অব্যবস্থার শাসনধারা নিয়ে দেশের বিপন্ন কৃষি শক্তি কখনও বলিষ্ঠ ভিত্তি ভূমি লাভ করতে পারে না। দেশ এই ব্যবস্থা ধারার অবসান চায়। তার লক্ষণ নেই বলে দেশ বর্তমান শাসনধারার অবসান চায়।

[4—4-10 p.m.]

একদিকে বামপন্থী যাঁরা এখানে আছেন তাঁরা বলছেন যে সরকারের কাজের কোন উন্নতি হয়নি; আর একদিকে শুনছেন যে এই সরকার বহু উন্নতি করেছে। এই যে অবস্থা, একদিকে যেমন বলা হচ্ছে দেশের অবনতি হচ্ছে, আর একদিকে সরকার দেখাচ্ছেন দেশের উন্নতি হচ্ছে, এর যাচাই করবে কে? এটা যাচাই করবার শক্তি সরকারের নেই। একটু আগে আমরা এই মন্ত্রিমহাশয়ের কাছে শুনলাম যে, তিনি গ্রামে গ্রামে উন্নত ধরনের বীজ সাপ্লাই করেছেন, ধানের বীজ তিনি হাজার হাজার মণ সাপ্লাই করেছেন, কিন্তু এটা যে সত্য তা' প্রমাণ করবে কে? যদি আমরা তাঁকে চ্যালেঞ্জ করি তাহলে তাঁর হিম্মত নেই সেটা প্রমাণ করবার। আমার ঐ মানবাজার অঞ্চলের গ্রামে গিয়ে দেখবেন যে এটা অবাস্তব। আমাদের মানবাজারে আমাদের দুর্ভিক্ষ মন্ত্রী গিয়েছিলেন দুর্ভিক্ষ অঞ্চল দেখবার জন্য। সেখানে বহু কর্মীর সামনে আমি বলেছিলাম যে তাদের উন্নত ধরনের বীজ এখনই দিয়ে দাও, আমরা ধানের আবাদ করবো, কৃষি করবো। কিন্তু সেই মন্ত্রীর কাছে অভিযোগ করা সত্ত্বেও আজ পর্যন্ত আমরা এক ছটাকও বীজ পাইনি। সেই মন্ত্রীরাই আজকে

বলা দিচ্ছেন যে, গ্রামে গ্রামে আমরা বীজ সাপ্লাই করেছি। এখানে আরো মন্ত্রীদের বলতে শুনেছি যে, আমাদের পানীয় জলের ব্যবস্থা হয়েছে। কিন্তু আমার মানবাজার অঞ্চলে একটি গ্রামের কথা জানি, বিশুজুড়ী গ্রাম, সেখানে প্রায় ২॥ হাজার লোকের বাস, সেখানে একটুও পানীয় জলের ব্যবস্থা হয়নি। সারের কথা যা বলেছেন তাও একেবারে ভিত্তিহীন। অর্থাৎ কথা হচ্ছে এই স্বৈরচারী কংগ্রেস সরকার লক্ষ লক্ষ মানুষের জীবন নিয়ে ছেলেখেলা করছে। আজকে গৃহশত্রু চীনকে বলছেন কিন্তু আমি বলবো গৃহশত্রু হচ্ছে এই কংগ্রেস সরকার। আজকে তারা লোককে তিলে তিলে মারছে। আজ এই স্বৈরাচারী কংগ্রেসকে যদি আমরা দেশ থেকে তাড়াতে না পারি তাহলে আমাদের ভারতবর্ষের, বাংলার এবং পুরুলিয়া জেলার মানবাজার থানার কোন উন্নতি হবে না।

Shri Brindabon Chattopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কৃষিক্ষেত্রে কৃষি মন্ত্রিমহাশয় যে দাবী এই হাউসের সামনে উপস্থাপিত করেছেন আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি। আমাদের পশ্চিম বাংলা ঘাটতি অঞ্চল একথা আমরা স্বীকার করি এবং সকলেই স্বীকার করেন। কিন্তু তাসত্ত্বেও দেখতে পাওয়া যাবে যে খাদ্যে আমাদের চালের উৎপাদন উত্তর উত্তর বৃদ্ধির দিকে চলেছে। স্বাধীনতা প্রাপ্তির ৫ বৎসরকে যদি আমরা তথ্য নিই তাহলে আমরা দেখবো গড়ে ৩৬ লক্ষ টন চাল উৎপাদন হয়েছিল। তারপরের ৫ বৎসরে আমাদের গড়ে ৪১ লক্ষ টন চাল এই পশ্চিমবঙ্গে উৎপাদন হয়েছে। তারপরের ৫ বৎসরে ৪৩ লক্ষ টন গড়ে আমাদের চাল উৎপাদন হয়েছে। পশ্চিমবাংলায়, আপনারা সকলেই জানেন, এখানে মাথা পিছু সোয়া এক বিঘা করে জমি পড়ে। এক বর্গমাইলে প্রায় ৯শত লোক বাস করে। তাছাড়াও আমাদের যে সমস্ত জমিতে আগে খাদ্য উৎপাদন হত, আমাদের পাট শিল্পকে রক্ষা করবার জন্য সেই সমস্ত জমি আমাদের পাট চাষে দিতে হয়েছে। এই জন্য আমাদের এখনও ঘাটতি পূরণ হয়নি। কিন্তু যদি ঘাটতি পূরণ করতে হয় তাহলে আমাদের সকলের সহযোগিতা দরকার। আমাদের এই সরকার খাদ্য উৎপাদন করবার জন্য গ্রামে গ্রামে ক্ষুদ্র সেচ পরিকল্পনা গ্রহণ করেছেন, মাঝারি সেচ পরিকল্পনা গ্রহণ করেছেন, ডিপ টিউবওয়েলের পরিকল্পনা গ্রহণ করেছেন এবং লিফ্‌ট ইরিগেশনের ব্যবস্থা করেছেন। এবং আমার মনে হয় সরকার এই ধরনের যে পরিকল্পনা গ্রহণ করেছেন তাতে আমরা শীঘ্র খাদ্যে স্বাবলম্বী হতে পারবো। পরিশেষে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করি, আমি যে এলাকা থেকে এসেছি, হুগলি জেলার বলাগড় কন্সটিটিউয়েন্সি, সেখানে ডিপ টিউবওয়েল খুব বেশী হওয়া উচিত। এবং লিফ্‌ট ইরিগেশন যাতে বেশী হয় তার চেষ্টা করবেন, কারণ এখানে গঙ্গা থেকে লিফ্‌টে সেচের ব্যবস্থা করলে বহু জমিতে বেশী ফসল হতে পারে। আমি এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

স্পীকার মহোদয়, আজকে বিতর্কের উত্তর রাষ্ট্রমন্ত্রী শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায় দেবেন। আমি আপনার সামান্য সময় নিয়ে দু-একটা কথা এখানে রাখব। একটু আগে আমার কাছে মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমার কয়েকজন স্বর্ণশিল্পীদের প্রতিনিধি এসেছিলেন। আমি তাদের জিজ্ঞাসা করেছিলাম যে ঘাটাল মহকুমায় স্বর্ণশিল্পীদের সংখ্যা কত। তাঁরা বল্লেন--প্রায় ৩৫০। আমি তাদের জিজ্ঞাসা করলাম ১৫ বছর আগে এই সংখ্যা কত ছিল তারা বলল অর্ধেকেরও কম ছিল। আমি বললাম—এত লোক কাজ কি করে পায়? ওরা বলল—আজ্ঞে, বেশ পায়। ঘাটাল মহকুমায় বৃহৎ শিল্প এমন কিছু নেই। মাঝারি শিল্পও নেই, তাহলে কে তোমাদের কাছে আসে গহনা করাতে, আমি জানতে চাইলাম। আজ্ঞে, চাষীরা খুব বেশী আসে, তারাই আমাদের কাছে গহনা গড়ানর জন্য আসে। আমি বল্লাম—বল কি! আমাদের আইনসভাতে কৃষি ব্যয়-বরাদ্দ নিয়ে বিতর্ক হচ্ছে। আমি যে কজনের বক্তৃতা শুনেছি তাতে শুনলাম কৃষির কোন উন্নতি হয়নি, কৃষকের উন্নতি তো হয়ইনি, উপরন্তু দুর্ভিক্ষের করাল ছায়া তাঁরা সব দিক দেখতে পাচ্ছেন, আর তোমরা এসে বলছ মশাই আমরা স্বর্ণশিল্পীরা সবচেয়ে বেশী যারা রোজগার করতাম মজুরী শিল্পী হিসাবে তা হ'ল ২০০ থেকে ২৫০ টাকা মাসে, আর মাঝারি যারা, তারা পেত ১০০ থেকে ১৫০ টাকা, আর যারা তেমন ভাল কাজ জানে না--নিকৃষ্টশ্রেণীর শিল্পী

তারাও ৬০ থেকে ৬৫ টাকা পেত। আমি বললাম অচ্ছা, তাহলে তোমরা এক একজন কত গহনা গড়াতে অর্থাৎ কত ওজন হবে সেই সোনার? তারা বলল—আজ্ঞে, অন্ততঃ ৪০ ভরি করে তো হবেই। আমি বললাম, বল কি! ৪০ ভরি সোনা এবং তার ৩৫০ গুণ করে টাকার অংকে হিসাব করে যদি দেখা যায় তাহলে তোমাদের কৃষিপ্রধান ঘাটাল মহকুমার কৃষকদের হাতে অনেক টাকা বলতে হবে! তারা বলল—আজ্ঞে, হ্যাঁ, টাকা আছে। স্পীকার মহোদয়, আমার বক্তব্য হচ্ছে এখানকার বক্তৃতা যদি স্বর্ণশিল্পী ভাইয়েরা শুনতেন তাঁরা বলতেন আজকে এই স্বর্ণনিয়ন্ত্রণ নীতি বাদেও কৃষির অবস্থা যদি এত শোচনীয় হয় যে দুর্ভিক্ষের পদধ্বনি এমনি শুনা যাচ্ছে তাহলে স্বর্ণশিল্পীরা আর কোনদিনই চাইবে না বিশেষ করে যে সমস্ত অঞ্চলে কোন শিল্প নেই।

[4-10—4-20 p.m.]

কাজেকাজেই আজকে যারা মাথায় হাত দিয়ে বসেছেন কৃষকের অবস্থা দেখে তাঁদের আমি বলব যে বুকে হাত দিয়ে একবার জিজ্ঞাসা করুন কৃষকের অবস্থা ভাল হয়েছে, না খারাপ হয়েছে। আমরা কিছু বলছি না, আমাদের রাষ্ট্রমন্ত্রী স্মরজিৎবাবুও বলেন নি যে, আমরা এত ভালো করেছি, এত ফলন ফলিয়েছি, এত উৎপাদনবৃদ্ধি করেছি। তবে আমাদের কিছুই করবার নাই, আমরা খুব সন্তুষ্ট হয়ে গিয়েছি এমন কথাও আমাদের পক্ষ থেকে কেউ বলবেন না, আমাদের রাষ্ট্রমন্ত্রী এই যে ব্যয়-বরাদ্দ উপস্থাপিত করেছেন তিনিও তা বলেন নি। আমাদের মাননীয় বন্ধু কাশীকান্ত মৈত্র মহাশয়, তাঁর বাড়ী নদীয়া জেলায়, আর আমাদের রাষ্ট্রমন্ত্রী স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের বাড়ীও নদীয়া জেলায়। শ্রীকাশীকান্ত মৈত্র যেসকল বলেছেন, এখানে ঝগড়া করবার বা তর্ক করবার কিছু নাই, তাঁকে আমি বলব, তিনি বুকে হাত দিয়ে বলুন দেখি নদীয়া জেলার কৃষকের অবস্থা ভালো হয়েছে, না মন্দ হয়েছে। তিনি বলুন দেখি, ১৯৪৭ সালে স্বাধীনতা লাভের পর যে নদীয়া জেলার লোকসংখ্যা ৮ লক্ষ ছিল, সেই নদীয়া জেলার লোকসংখ্যা যদিও অনেক আশ্রয়প্রার্থী ভাইবোন এসেছেন, সেই জেলার ১৭ লক্ষ হইনি কি? যে নদীয়া জেলার ১৯৫৫-৫৬ সালে লক্ষ লক্ষ লোক আমাদের কাছে স্টেট রিলিফ-এর জন্য আসত, খয়রাতি সাহায্যের জন্য আসত, সেই জেলার লোক এখন আর স্টেট রিলিফ-এর জন্য আসছে না, তার কারণ কি? তার কারণ হচ্ছে, নদীয়া জেলার কৃষকের অবস্থা ভালো হয়েছে। একজন মাত্র সদস্য, তাঁর নামটা আমার মনে পড়ছে না, বলেছিলেন অভাবের চোটে কৃষকের জায়গাজমি বিক্রী করে দিচ্ছে। আমি খবর নিচ্ছিলাম আমাদের রাজস্ব বিভাগে যে, বাংলাদেশে কি এখন জমি বিক্রী খুব বেড়ে গিয়েছে, তাঁরা বল্লেন, আজ্ঞে না। সাধারণভাবে ৭॥ লক্ষ জমি কেনাবেচা হয় আমাদের এখানে। আমি নদীয়া জেলার একটা গ্রাফ তৈরী করেছি, এখানে বিশেষ করে নদীয়া এবং মেদিনীপুর জেলার কথা বলা হয়েছে। আমি দেখছি সবচেয়ে বেশি বিক্রী হয়েছিল ১৯৫৫-৫৬ সালে। শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় জানেন নদীয়া জেলায় ভীষণ বন্যা হয়েছিল ১৯৫৯ সালে, এবং সেই প্লাবন ভীষণ আকার ধারণ করেছিল, তখন বহু লোককে সাহায্য দেওয়া হয়েছিল। কিন্তু, দেখুন, ১৯৫৬ সালে যত বিক্রী হয়নি, ১৯৫৯ সালে যত বিক্রী হয়নি, ১৯৫৫ সালে তার চেয়ে ঢের বেশি বিক্রী হয়েছে। যদি মৈত্রমহাশয় আমার কাছে আসেন আমি তাঁকে দেখিয়ে দেব, মেদিনীপুর জেলার সবচেয়ে বেশি বিক্রী হয়েছে ১৯৫৭ সালে। কাজেকাজেই, যদি এই গ্রাফ দেখেন তাহলে দেখবেন জমি কেনাবেচা আগের চেয়ে ঢের কমে গিয়েছে। আরেকটা কথা, জমির যদি উর্বরাশক্তি না বেড়ে থাকে, তাহলে জমির দাম এত বাড়ল কেন? বীরভূম জেলার কথা যদি বলি তাহলে, মাননীয় স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন, বীরভূম জেলায় আমি জানি যেসমস্ত অঞ্চল আগে ক্যানেলের জল পেত না সেই জমির দাম ১ বিঘা ২৫।৩০ ছিল আমি মান্ধাতার আমলের কথা বলছি না, ১৯৫০-৫১ সালের কথা বলছি। আগে যেখানে ২ মণ ধান হয়েছে, এখন সেখানে ১২-১৬ মণ ধান জন্মাচ্ছে, এবং আজকে সেখানে জমির দাম ১ হাজার টাকা। আমাদের রসায়নিক সার, এবং আমাদের জৈব সার ব্যবহার করে যদি না জমির উর্বরাশক্তি বেড়ে থাকে তাহলে জমির দাম বাড়ছে কেন এটা আমাদের ভেবে দেখা দরকার।

এটা আমাদের সকলের বিবেচনা করতে হবে। আর একটা বিষয় হচ্ছে যে, আমরা মনে করছি এবং মাননীয় সদস্য এ পক্ষের অনেকে মনে করছেন এবং ওপক্ষের অনেকে মনে করছেন কৃষির আরও বেশী উন্নতি হওয়া উচিত ছিল। কিন্তু পশ্চিমবাংলায় যে অবস্থা সেটা চিন্তা করতে

হবে। ১৯৪৯-৫০ সালে আমাদের যখন বলা হল যে, পশ্চিমবাংলায় ১০০টা পাটের কল আছে, পাটশিল্পে পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ লোক কাজ করছে এবং পাটজাত শিল্প বিদেশে চালান দিয়ে পশ্চিমবাংলা বৈদেশিক মুদ্রা অর্জন করছে, সমস্ত পাট তখন পূর্ব পাকিস্তান থেকে আসত, তাড়াতাড়ি পাট উৎপাদন কর। স্বাধীনতার পূর্বে যেখানে পশ্চিমবাংলার ২½ লক্ষ একর জমিতে পাট উৎপাদন হোত, সেখানে আজকে ১০।১২ লক্ষ একর জমিতে পাট উৎপাদন হয়; *যেখানে ৫ থেকে ৬ লক্ষ বেল পাট উৎপাদন হোত আজকে এ বছরে আমরা ৩২ লক্ষ পাট উৎপাদন করেছি। অনেকে প্রশ্ন করেছেন যে, পাটচাষীরা ন্যায্য মূল্য পাচ্ছে না ন্যায্য মূল্য হয়ত কেউ কেউ পাচ্ছে না, কিন্তু অধিকাংশ চাষী যদি ন্যায্য মূল্য না পাবেন তাহলে আউশ ধান না করে পাট চাষ করতে চাইতেন না। আমি ২৪ পরগনার একটা গ্রামে গিয়েছিলাম সেখানে একজন মুসলমান চাষীর সামান্য কয়েক বিঘা জমি আছে, তাকে জিজ্ঞাসা করলাম যে এবার পাটের দামে তোমাদের নিশ্চয় লোকসান হয়েছে। সে বলল যে আমাদের লোকসান কেন হবে; আমি এমন সার দিয়েছি, এমন ভাল বীজ পেয়েছিলাম যে ঐ জমিতে ৯।১০ মণ পাট ফলিয়েছিলাম। কাজেই আমাদের কৃষি বিভাগের উদ্দেশ্য হচ্ছে এই যে একর প্রতি পাটের উৎপাদন বাড়ান এবং আমাদের চাষীরা আগেকার তুলনায় এখন অনেক বেশী রাসায়নিক সার, পাট উৎপাদনের কাজে ব্যবহার করছে। একজন মাননীয় সদস্য কাশীকান্তবাবু বললেন যে, আমাদের রাসায়নিক সার ডিস্ট্রিবিউসন-এর যে ব্যবস্থা তাতে অনেক ত্রুটি আছে। কিছু কিছু ত্রুটি নিশ্চয় আছে, কিন্তু তিনি সেই পুরানো কাসুন্দি ঘেঁটেছেন। তিনি বললেন যে, চাষের দরুন যে সার তার [illegible] বেশী। ধানের দরুন যে অ্যামোনিয়াম সালফেট তার মূল্য কম এবং তার অধিকাংশ চলে [illegible]। এটা পুরানো গল্প। ৪।৫ বছর আগে একটা গল্প কাগজে বেরিয়েছিল [illegible] কোন [illegible] অ্যামোনিয়াম সালফেট এখান থেকে চলে যাচ্ছে। এ সব পুরানো [illegible]। এখন আমাদের ডিস্ট্রিবিউশান এর নীতি পূর্বাপেক্ষা ভাল হয়েছে। একজন জিজ্ঞাসা [illegible] যে, [illegible] কর্মচারীকে সাসপেনড করা হয়েছে। আমরা যখন দেখব যে যেখানে দুর্নীতি [illegible] নিশ্চয় [illegible] তার শাস্তিবিধানের ব্যবস্থা অবলম্বন করব বিচার করে।

[illegible] 1-30 p.m.]

[illegible] এখানে [illegible] চলেছে [illegible] যাচ্ছে [illegible] না। আমি [illegible] উত্তর দিলাম না, [illegible] রাষ্ট্রমন্ত্রী [illegible] উত্তর দেবেন, আমি [illegible] বিষয় সম্বন্ধে [illegible] আমাদের [illegible] সীড ফারম, এগ্রিকালচারাল ফারম [illegible] সেই সমস্তগুলির অবস্থা শোচনীয়, তার কারণ হচ্ছে ভাল কৃষিক্ষেত্র আমরা পাই না। [illegible] যে জমিতে ভাল ফসল উৎপাদন হয় সে জমি কেউ বিক্রী করতে চায় না এবং বাধ্য হয়ে [illegible] জমি কিনতে হয়, কিন্তু গত ক' বছরে আমি যা দেখতে পাচ্ছি ১০০টা সরকারী কৃষিক্ষেত্র [illegible] আমি এইমাত্র যা হিসাব পেয়েছি তা দেখে আমার খুবই আনন্দ হল যে, অনুর্বর জমিতে বৈজ্ঞানিক পদ্ধতিতে করে ২।৩ বছরের নয় ৪।৫ বছরের চেষ্টায় আমাদের কর্মচারীরা সেখানে ভাল ফসল উৎপাদন করেছে, আমি ২।১টা পড়ে শোনাচ্ছি। ২৪ পরগনা জেলায় যেখানে সাধারণত জমির উৎপাদন হচ্ছে ৯ মণের কিছু বেশী, সেখানে আমাদের কৃষিক্ষেত্রে হয়েছে ১৭ মণ। সেখানে চাষের খরচ হয়েছে ১৭ হাজার ২০ টাকা এবং উৎপাদিত দ্রব্য বিক্রী করে পেয়েছি ৩১ হাজার ৯ শত ৮২ টাকা এবং লাভ হয়েছে ১৪ হাজার ৯ শত ৬২ টাকা। ৩।৪।৫ বছর পরে এ সমস্ত কৃষিক্ষেত্রে যার আগে অবস্থা শোচনীয় ছিল, আজকে গর্বের বিষয় যে সে সব জায়গার উন্নতি হয়েছে, এবং এ রকম ৪৭টা কৃষিক্ষেত্রের হিসাব রয়েছে যার প্রত্যেকটার লাভ হয়েছে। বীরভূম জেলায় ১৪ মণ করে হত, আজ সরকারী কৃষিক্ষেত্রে হয়েছে গড়পড়তা ১৬ মণ। হাওড়া জেলায় ১২ মণের কিছু বেশী হয় সেখানে সরকারীক্ষেত্রে হয় গড় ১৫ মণের কিছু বেশী। সেটা দেখে আমরা গর্ববোধ করছি এর আগে আমরা এর জন্য নিন্দাও করেছি যে আমাদের সরকারী কৃষিক্ষেত্রের কাজ ভাল হচ্ছে না বলে। আমি বলেছি, ভাল জমি আমরা পাই নি, কৃষির জন্য অনুর্বর জমি নিয়ে ভালভাবে বীজ প্রয়োগ করে—রাসায়নিক, জৈব সার প্রয়োগ করে, বৈজ্ঞানিক পদ্ধতি অবলম্বন করে আজ আমরা উৎপাদন বাড়িয়েছি। আমি আর একটা কথার জবাব দোব সেটা হচ্ছে, অনেকেই বারবার বলেছেন, বহুবার বলেছেন, মাননীয় স্পীকার মহাশয় আপনি যদি ১৯৪৮-৪৯ সাল থেকে আমাদের অ্যাসেম্ব্লি প্রসিডিংস খুলে দেখেন তাহলে দেখবেন, আমাদের বাংলাদেশের আর একটাও লোক নেই, সব মারা গেছে, প্রত্যেক বছরই শুনতে পাই দুঃভিক্ষের পদধ্বনী, প্রত্যেক বছর শুনতে পাই লোক খেতে পাচ্ছে না,

মানুষের শোচনীয় অবস্থা, সব কিছু ক্রয়ক্ষমতার বাইরে চলে গেছে, ১৩।১৪ বছর ধরে এরূপ অবস্থাই যদি হত তাহলে আজকে পশ্চিমবাংলায় লোকসংখ্যা ২ কোটী ৩৩ লক্ষ জায়গায় ৩ কোটি ৪৯ লক্ষ হত না।

আজকে পশ্চিমবাংলার মৃত্যুর হার অসম্ভব রকম কমেছে। সংবাদপত্রে বেরিয়েছে যে পশ্চিমবাংলায় ৬ হাজার ৭ শত ৯৯ জন লোক আছে যাদের আয়ু ১ শত বছরেরও বেশী। তাই আজকে পশ্চিমবাংলার মানুষের জমির উপর এত চাপ বেশী। আমি বার বার একথা বলেছি যে মার্জিন্যাল এবং সাব-মার্জিন্যাল জমিতে আমরা চাষ করছি এবং সেই জমি ফসল উৎপাদন করছি। এবং আমাদের দেশে সেই সমস্ত জমি বনভূমি রচনা করা দরকার। কারণ মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন আমাদের পশ্চিমবাংলায় সত্যিকারের যে বৈজ্ঞানিক পদ্ধতিতে বনভূমি রচনা করা হয়েছে এবং বিশেষজ্ঞরা বলেন যে অন্ততঃ ৩০ বিঘা জমিতে বনভূমি থাকা উচিত একথা মাননীয় সদস্যদের চিন্তা করতে হবে এ পক্ষের এবং ওপক্ষের। আজকে বার বার একথা বলছি যে, আমাদের পশ্চিমবাংলার আউসের জমিতে, পাটের জমিতে, পাট চাষ করেও যেখানে আড়াই লক্ষ টন আলু হতো সে আজ সাড়ে সাত লক্ষ টন করছে। এমন দেশ আছে সেখানে আলু হচ্ছে প্রধান খাদ্য। আড়াই লক্ষ টনের জায়গায় সাড়ে সাত লক্ষ টন আলু উৎপাদন করেও আমরা ধানের উৎপাদন বাড়িয়েছি এবং একথা আমি বার বার বলেছি এবং আজকেও বলছি যে যেখানে স্বাধীনতার আগে বাংলাদেশের গড় ছিল ৩৬ লক্ষ টন আজকে সে জায়গায় গড় ৪৩ লক্ষ টন দাঁড়িয়েছে। ৫ বছরের গড় যদি মাননীয় সদস্যরা দেখেন এবং আমি অনুরোধ করবো দেখবার জন্য তাহলে দেখবেন ৩৬ লক্ষ টনের জায়গায় ৪৩ লক্ষ টন হয়েছে অর্থাৎ ৭ লক্ষ টন বেড়েছে। এটা কম কৃতিত্বের কথা নয়। আমি পুনরায় একথা বলে শেষ করবো যে আমাদের এখনও অনেক কিছু করবার আছে অনেক কিছু ব্যবস্থা অবলম্বন করতে হবে যাতে করে আমাদের কৃষির সামগ্রিক এবং সার্মারিক উন্নতি করতে পারি।

The Hon'ble Smarajit Bandyopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রারম্ভিক ভাষণে আমার বক্তব্যর প্রায় সবই বলেছি এবং মাননীয় সদস্যদের যেসব ছাটাই প্রস্তাব ছিল তার মধ্যেই অধিকাংশ তাঁরা উত্তর পেয়েছেন- যদিও মাননীয় সদস্যদের অনেকের ভাষণে যে চিত্র অঙ্কিত হয়েছে তাতে মনে হোল যে, কৃষি কোন ব্যবস্থা হয় নি, কোন উন্নতি হয় নি। অবশ্য আমি তথ্য দিয়ে দেখিয়ে দিয়েছি যে আমাদের চালের ফলন গড় হিসাবে ৩৮ লক্ষ টন থেকে ৪৫ লক্ষ টন বেড়েছে। আলু আড়াই লক্ষ টন থেকে সাড়ে সাত লক্ষ টন বেড়েছে। পাটের উৎপাদন আড়াই লক্ষ একর থেকে প্রায় ১২ লক্ষ একর বেড়েছে। তথাপি তাঁরা বলছেন কোন উন্নতি হয় নি। পশ্চিমবাংলার যে অবস্থা যে পটভূমিকায় কৃষিকার্য চলছে—পশ্চিমবাংলার প্রতি বর্গমাইলে লোকবসতি ১ হাজার ৩১ জন এবং তার চাষযোগ্য জমির শতকরা ৮৭ ভাগ চাষের আওতায় এসে গেছে। এখানে প্রয়োজনের তুলনায় বনভূমি নাই। আজকে পশ্চিমবাংলায় কৃষি উন্নয়নমূলক কাজ করবার ফলে ক্রমশঃ ধীরে ধীরে উন্নতি হচ্ছে যদিও আমরা বলি না যে আমাদের লক্ষ্যে আমরা পৌঁছোতে পেরেছি। আমরা স্বীকার করছি যে আমাদের ত্রুটি-বিচ্যুতি পূরণের জন্য আরও প্রচেষ্টার প্রয়োজন আছে। শুধু খাদ্যে ঘাটতি পূরণের চাষের উন্নতি প্রয়োজন তা নয়—আমাদের শিল্পের কাঁচা মাল সরবরাহ করার জন্য, বৈদেশিক মুদ্রাও আহরণের জন্য এবং মুদ্রাস্ফীতি নিবারণের জন্যও কৃষির উন্নতির প্রয়োজন আছে। মাননীয় সদস্য শ্রীসনৎকুমার রাহা বলেছেন ডেভেলপমেন্ট হেডে যেসব খরচ ধরা হয়েছিল সেই সব খরচ করা হয় নি। যদি ফিগার দেখেন—আমার দেখাবার সময় নাই—তাহলে দেখবেন যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার, প্রথম ও দ্বিতীয় বছরে পরিকল্পনায় টাকা তত খরচ করা সম্ভব হয় নি। কিন্তু তৃতীয় বছর থেকে খরচ খুববেশী হয় এবং শতকরা ৯৮ ভাগ খরচ করা হয়েছে। এবং এই পারফরমেন্স খুব কম বলে আমরা মনে করিনা।

[4-30—4-45 p.m.]

কৃষিবাজেটে যা সত্য, সাধারণ বাজেটের ক্ষেত্রে ও সেই কথা প্রযোজ্য। সনৎবাবু বলেছেন যে কৃষি-সমবায় এবং ভূমিরাজস্ব বিভাগের মধ্যে একটা সমন্বয়সাধন প্রয়োজন। এই সমন্বয়সাধনের জন্য আমরা চেষ্টা করছি এবং মাননীয় সদস্যরা হয়ত শুনেছেন যে আমাদের এই জরুরী অবস্থায় কৃষি-উৎপাদন আরও বাড়ানোর জন্য কেবিনেট পর্যায়ের এই সংশ্লিষ্ট মন্ত্রীদের নিয়ে একটা

সমন্বয় কর্মিটি গঠন করা হয়েছে। এবং এই সব বিভাগের সচিবদের নিয়েও আর একটি সমন্বয় কর্মিটি গঠন করা হয়েছে।

মাননীয় ভক্তিভূষণ মণ্ডল—অনেক গঠনমূলক কথা বলেছেন। তবে তিনি যে লাক্ষা চাষের কথা বলেছেন এটা কমার্স এণ্ড ইনডাস্ট্রিস ডিপার্টমেণ্ট দেখেন। সুতরাং এ সম্বন্ধে আমি বিশেষ কিছু বলতে পারলাম না।

মাননীয় শ্রীকমল গুহ মহাশয় পাট এবং তামাকের দর কুচবিহারে কমে গেছে সেই কথা বলেছেন। সেকথা সত্য। পাটের দর যাতে কমে গিয়ে চাষীরা ক্ষতিগ্রস্ত না হয়, তার জন্য বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এবং বিধানসভায় মাননীয় সদস্যদের প্রশ্নোত্তরে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, তা বলেছি। কেন্দ্রীয় সরকার এ সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করেছেন। কারণ পাট এবং তামাক শুধু পশ্চিমবাংলায় হয় না, ভারতের অন্যান্য প্রদেশেও হয়। সেই জন্য তাঁরা ঠিক করেছেন ৩০ টাকা থেকে কমে গেলে তাঁরা সেটা ক্রয় করবেন ষ্টেট্ ট্রেডিং-এর মাধ্যমে। এই State Trading Corporation apex Co-operative Society র মাধ্যমে কিনছেন। আই জে এম এ ও সদস্যদের নির্দিষ্ট পরিমাণ পাট কিনিবার নির্দেশ দিয়েছেন।

এ ভয়েসঃ চোরাই পাট পাকিস্তান থেকে আসছে যে! তার কি হবে - সে সম্বন্ধে যথোচিত ব্যবস্থা অবলম্বন করা হয়েছে!

মাননীয় সদস্যরা জানেন এতবড় দীর্ঘ সীমান্ত সব সময় সমস্ত চোরাই চালান বন্ধ করা সম্ভব হয়ে উঠছে না। তবুও আমরা নিশ্চয়ই ব্যবস্থা অবলম্বন করবো। এবং চোরাই এলেও যেখানে ৩২ লক্ষ বেল পাট উৎপাদন হয়েছে, সেখানে ১০ হাজার বেল চোরাই চালান আসলেও দরের বিশেষ ক্ষতি করতে পারবে বলে মনে হয় না।

অনেক মাননীয় সদস্য বলেছেন য়্যামোনিয়াম সালফেট্ বোধহয় ভক্তিভূষণবাবু বলেছেন, ব্যবহার করলে জমি খারাপ হয়ে যায়। কিন্তু অভিজ্ঞতায় দেখা গেছে তা হয় না। Indian Council of Agricultural Research. এর নির্দেশে চুঁচুড়ায় যে গবেষণাক্ষেত্র আছে সেখানে পনের বছর ধরে রিসার্চ করে দেখা গেছে এতে ভাল ফল পাওয়া যায়। খারাপ ফল হলে এর চাহিদা এত বাড়তো না। আমরা কৃষকদের তার সাপ্লাই দিয়ে উঠতে পারছি না। এ ছাড়া আমরা ধঞ্চে বীজ সরবরাহ করে সবুজ সারেরও ব্যবস্থা করছি। মাননীয় সদস্য শ্রীরাধানাথ চট্টরাজ মহাশয় সমবায় প্রথায় চাষের কথা বলেছেন। সেই ব্যবস্থায় চাষের ব্যবস্থা চাষী ভাইরা অনায়াসেই পারেন। মাননীয় সদস্যগণও যদি উদ্যোগী হয়ে তার ব্যবস্থা করেন, তাহলে অসুবিধা নাই।

আর সার সম্পর্কে যদি নির্দিষ্ট অভিযোগ থাকে, তা আমাকে দিলে ব্যবস্থা করতে পারবো।

কালভার্ট ষ সলুইস্ গেট তৈরী সম্পর্কেও কেউ কেউ বলেছেন। আমাদের কৃষি-বিভাগের হাতে আসে তা করবার ক্ষমতা ছিল না, এখন কৃষি-বিভাগ এক লক্ষ টাকা পর্যন্ত সেচের কাজ করতে পারেন। এ বিষয়ে পরিকল্পনা দিলে আমরা বিবেচনা করবো।

তারপর ঢলতা সম্পর্কে বলি যে, ঢলতা প্রথায় বে-আইনী আদায় নিবারণের জন্য একটা মার্কেট রেগুলেসন বিল সরকারের বিবেচনাধীন আছে। আর বেশী সময় নিতে চাই না। আশা করি আমি মাননীয় সদস্যদের মোটামুটি সকল প্রশ্নের উত্তর দিতে পেরেছি। আমার ব্যয় বরাদ্দের প্রস্তাব আশা করি তাঁরা সমর্থন করবেন। আমি সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি।

Mr. Speaker: Honourable members, I put to vote all the cut motions together excepting cut motions Nos. 3, 6, 21, 59 and 41.

(The cut motions were then put and lost).

The motion of Shri Sanat Kumar Raha that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agrculture and 95—Capital Outlay on Schmes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Girish Mahato that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agriculteral Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Abdul Bari Moktar that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nagen Dolai that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Dulal Chandra Mondal that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Tarun Kumar Sen Gupta that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Ganesh Ghosh that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahatpatra that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Monoranjan Hazra that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Amarendra Nath Roy Prodhan that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Abhoypada Saha that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads. "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Shambhu Gopal Das that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nani Bhattacharjee that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nimai Chand Murmu that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Birendra Narayan Ray that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Deb Saran Ghosh that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Radhika Dhibar that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Rdhanath Chattoraj that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that the demand of Rs. 8,72,33,000 be granted for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and a division taken with the following result:—

AYES—45

Abdul Bari Moktar, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Anadi
Das, Shri Gobardhan
Das, Shri Narayandas
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hansda, Shri Jaleswar
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Maitra, Shri Kashi Kanta
Mandal, Shri Bhakti Bhushan
Mandal, Shri Siddheswar
The Hon'ble Tarun Kanti Ghosh: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,80,22,000 be granted for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries".

মাননীয় স্পীকার মহোদয়, এই বরাদ্দের দাবী আমি হাউসের সামনে রাখবার সময়, খুব বেশি সময় নিতে চাই না প্রথমদিকে। এর মধ্যে প্রথমে আমি কো-অপারেশন সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। সাধারণভাবে আমাদের এটা অনেকেই সমালোচনা করে থাকেন যে কো-অপারেশন-এর কাজ বোধহয় আমাদের দেশে খুব ভাল চলে না বা চলেনি। যদিও আমি এটা স্বীকার করতে প্রস্তুত আছি যে পশ্চিম বাংলায় কো-অপারেশন-এর স্থান নিশ্চয়ই উঁচু দিকে নেই, তলার দিকে রয়েছে, তবুও কো-অপারেশন-এর কাজ যেভাবে অগ্রসর হচ্ছে, তাতে আমি বলতে পারি আমরা ধীরে ধীরে এগিয়ে চলেছি। এ বছর কো-অপারেশন-এর জন্য আমাদের দাবী, ধরা ছিল যে টাকা পরের বছরের জন্য, তার চেয়ে কিছু টাকা কমান হয়েছে। তার মূল কারণ হচ্ছে যে এমারজেন্সির জন্য ভারত সরকারের নির্দেশ অনুযায়ী এবং পশ্চিমবঙ্গ সরকারের ফাইন্যান্স ডিপার্টমেন্টের নির্দেশ অনুযায়ী আমরা যেসব কাজ জরুরী পরিস্থিতিতে করতে চাই, সেই সব কাজ জোরদার করতে চেষ্টা করবো এবং তার আশু ফল আমরা পাবো। সাধারণভাবে এই কথা বলতে চাই যে যখন আমাদের দেশ পার্টিশনড হয় তখন আমাদের দেশে ১৩ হাজার কো-অপারেটিভ সোসাইটিস ছিল, এবং এই ১৩ হাজারের মধ্যে প্রায় অর্ধেক বলা চলে মরিবান্ড কন্ডিশনে ছিল, এবং তার মধ্যে, মাননীয় সদস্যদের জানাতে চাই যে ২,৭৯৫টি সোসাইটিকে আমরা লিকুইডেশনে দিয়ে দিয়েছি, তার থেকে কিছু রি-অর্গানাইজ করলে বাঁচতে পারে। আর আজকে সবশুদ্ধ সোসাইটির সংখ্যা হচ্ছে ১৮ হাজার। সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানের শেষেতে এই সমস্ত কো-অপারেটিভ সোসাইটির যে ওয়ার্কিং ক্যাপিটাল ছিল তার মোট অঙ্ক ছিল ৫০ কোটি ৫৩ লক্ষ টাকা; ১৯৬০-৬১ সালে সেটা বেড়ে দাঁড়ায় ৫৪ কোটি ৯১ লক্ষ টাকা; আর ১৯৬১-৬২ সালে সেটা বেড়ে দাঁড়ালো ৬২ কোটি টাকা। ১৯৬২-৬৩ সালের ফিগার আমার

কাছে এখনও এসে পৌঁছায়নি সেইজন্য আপনাদের সামনে দিতে পারছি না। তৃতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার আমলে সেই কো-অপারেটিভের জন্য ধার্য করা হয়েছে ২,৪৫,৩৫,০০০ টাকা। এ ছাড়া অন্যান্য যেসব বিভাগ রয়েছে তার মধ্যে দিয়ে কো-অপারেটিভের জন্য যে টাকা খরচ হয় তা হচ্ছে ১ কোটি ৫৯ লক্ষ টাকা। আমাদের একটা খুব ভাল জিনিস যেটা আপনাদের কাছে উল্লেখ করতে পারি সেটা হচ্ছে, কো-অপারেটিভের একটা বড় দিক হচ্ছে এগ্রিকালচারকে সাহায্য করা। তার মধ্যে এগ্রিকালচারাল ক্রেডিট নিশ্চয়ই বড় দরকারী জিনিস। সেদিক দিয়ে এটা বলতে পারি যে কো অপারেটিভ নিশ্চয়ই যথেষ্ট উন্নতি হয়েছে। আমরা দেখতে পাবো যে সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানের শেষেতে যেখানে আমাদের এগ্রিকালচারাল ক্রেডিট ছিল ২ কোটি ২৭ লক্ষ টাকা, সেখানে ১৯৬০-৬১ সালে সেটা বেড়ে গেল ৩ কোটি ২৭ লক্ষ টাকা। ১৯৬১-৬২ সালে সেটা বেড়ে দাঁড়ালো ৪ কোটি ৮৭ লক্ষ টাকা। আর এই বৎসর, ৩১এ মার্চ এ বৎসর শেষ হবে আমরা আশা করছি ৫ কোটি ৫০ লক্ষ টাকা আমরা ক্রেডিট দিতে পারবো। এবং সামনের বৎসর ৭॥ কোটি টাকা ক্রেডিট দেবার ব্যবস্থা করছি। অন্ততঃ এই একটা দিকে আপনাদের বলতে পারি যে আমাদের প্রগ্রেস খুব দ্রুত হচ্ছে। তবে আমরা জানি মাদ্রাজ বা কয়েকটি স্টেট রয়েছে যাদের তুলনায় আমরা পিছিয়ে রয়েছি। কিন্তু আমি সভ্যদের কাছে মুক্ত কণ্ঠে বলতে চাই তাদের স্টেটের কো-অপারেটিভ মিনিস্টার এবং ডেপুটি মিনিস্টার যখন কলকাতায় এসেছিলেন এবং আমরা আলাপ আলোচনা করেছিলাম এবং তাঁরা পরিষ্কার বলেছিলেন যে পিছিয়ে থাকার জন্য যেসব সুযোগ সুবিধা আমরা পেতে পারতাম তা থেকে আমরা খানিকটা বঞ্চিত হয়েছি। কিন্তু তবু লক্ষ্য করলে দেখতে পাবেন যে আমাদের প্রগ্রেস নিশ্চয়ই ভাল হয়েছে। আমি একটা খুব ভাল খবর বলতে পারি, আগে আমাদের যে টাকা পড়ে থাকতো, সেকেন্ড প্ল্যানে যে পার্সেন্টেজ পড়ে ছিল তা হচ্ছে ৪৩·৪ পারসেন্ট; ১৯৬০-৬১ সালে ছিল ৩২·৯ পারসেন্ট; আর ১৯৬১-৬২ সালে ২৯ পারসেন্ট। এটা নিশ্চয়ই ভাল জিনিস বলতে হবে। আর একটা জিনিস, লং টার্ম ক্রেডিট আগে যে টাকা দিতাম এখন তার চেয়ে অনেক টাকা বেড়েছে। বারবার ফিগার দিয়ে আপনাদের আমি ভারাক্রান্ত করতে চাই না, তারপর সার্ভিস কো-অপারেটিভ আমাদের অত্যন্ত একটা জরুরী জিনিস, যার উপর জাতীয় কংগ্রেস জোর দিয়েছিল তাই নয়, জাতীয় সরকার জোর দিয়েছিল তাই নয়, আমাদের সার্ভিস কো-অপারেটিভ অনেকাংশে নির্ভর করছে আমাদের দেশের কৃষি উন্নয়নের সাফল্যের উপর। সেদিক থেকে বলতে পারি সেকেন্ড প্ল্যানের শেষের দিকে আমাদের ২,৪৪৬টি সার্ভিস কো-অপারেটিভ ছিল। আমাদের থার্ড প্ল্যানের টারগেট হচ্ছে ৬ হাজার সার্ভিস কো-অপারেটিভ আমরা করবে। ১৯৬২-৬৩ সালে আমরা টারগেট করেছিলাম ১২শত সার্ভিস কো-অপারেটিভ করবো, তার মধ্যে ১ হাজার ৬৭টি আমরা অর্গানাইজ করতে পেরেছি। আমার কাছে আর কোন ফিগার এসে পৌঁছায়নি, এলে দেখবো যে আমরা ৩১এ মার্চের মধ্যে ১২ শত করতে পেরেছি। সামনের বৎসরের জন্যও ১২ শত টারগেট রেখেছি। সার্ভিস কো-অপারেটিভের সঙ্গে, আপনারা জানেন, মার্কেট কো-অপারেটিভ হচ্ছে অত্যন্ত জরুরী জিনিস।

[12-30—12-40 p.m.]

ন্যায্যমূল্যে জিনিস বিক্রয় করা এবং ন্যায্যমূল্যে বিভিন্ন জিনিস ক্রয় করা হয়। যেমন—ফারটিলাইজার এবং অন্য জিনিসের মার্কেটিং সোসাইটি আছে অত্যন্ত জরুরী জিনিস। সেদিক থেকে আমি বলতে পারি সবশুদ্ধ এ্যাট দি এন্ড অব দি সেকেন্ড প্ল্যান ১৫০টি মার্কেটিং সোসাইটি হবে। ১৯৬১-৬২ সালে আমরা ৮টা নোতুন অর্গানাইজেশন করেছিলাম, ১৯৬২-৬৩ সালে আমরা ১৩টা করতে যাচ্ছি আর ১৯৬৩-৬৪ সালে আমরা ১০টা করবার পরিকল্পনা রেখেছি। এই যে মার্কেটিং সোসাইটি-এর মধ্যে ১৩৬টি মার্কেটিং সোসাইটির গোডাউন রয়েছে নিজের কিংবা ভাড়া করা গোডাউন এবং এই গোডাউন সম্পর্কে বলতে পারি যে ১৯৬২-৬৩ সালে ৫৮টি ফার্ম আন্ডার কনস্ট্রাকশন। ১৯৬৩-৬৪ সালে আমরা আরও ১২টি গোডাউন করব এবং আপনারা নিশ্চয়ই জানেন গোডাউন করার ব্যাপারে সরকার সাহায্য দিয়ে থাকেন এবং সেই সরকারী সাহায্য নিয়ে তারা গোডাউন করে থাকেন। আমাদের কো-অপারেটিভ-এর আর একটি জিনিস বলে দিই আপনারা জানেন কালকে স্মরজিৎবাবু উল্লেখ করেছেন যে বর্ধমানে প্যাকেজ

প্রোগ্রাম নেওয়া হয়েছে এবং ইনটেনসিভ এগ্রিকালচার সেখানে করতে যাচ্ছেন—সেখানে আমরা ইনটেনসিভগুলি কাজ করবার একটা পরিকল্পনা করেছি এবং সেই পরিকল্পনার মাধ্যমে এই বন্দোবস্ত করেছি যে আগে যাকে ৫০০ টাকা বা ৭৫০ টাকা ইনডিভিডুয়াল ধার দিতাম সেখানে আমরা ম্যাক্সিমাম ২ হাজার টাকা দেবার বন্দোবস্ত করেছি এবং এটা যে শুধু প্যাকেজ প্রোগ্রাম-এর মধ্যে হবে তা নয়, সারা পশ্চিম বাংলার সমস্ত জায়গা এই সুযোগ গ্রহণ করতে পারবেন। এবং বিশেষ করে যেখানে প্যাকেজ প্রোগ্রাম যাচ্ছে সেখানে যাতে তারা আরও বেশী করে লোন পেতে পারেন তার জন্য প্যাকেজ প্রোগ্রাম জোরদার করার পরিকল্পনা রয়েছে। আমাদের কো-অপারেটিভ ফারমিং সোসাইটি ১৯৬১-৬২ সালে ১৯টি সোসাইটি রেজেস্ট্রি করা হয়েছিল, ১৯৬২-৬৩ সালে ১২টি সোসাইটি করা হয়েছে, ১৯৬৩-৬৪ সালে ৭টা করবার টারগেট আছে। হ্যান্ডলুম আপনারা জানেন কো-অপারেটিভ মারফত হ্যান্ডলুম-এর যথেষ্ট কাজ চলছে। হ্যান্ডলুম যথেষ্ট ব্যক্তিগত মালিকানায় করেছেন, কো-অপারেটিভ থেকে অনেক করা হয়েছে। একে জোরদার করার জন্য আমরা কো-অপারেটিভ থেকে ৩০০ টাকা থেকে ৫০০ টাকা ব্যক্তিগত ঋণ দেবার ব্যবস্থা করেছি এবং ব্যক্তিগত নিয়ারারসদেরও ৫০০ টাকা দেবার ব্যবস্থা করেছি। আর একটা কথা এখানে বলতে চাই। আমরা ইনটেনসিভ একটা প্রোগ্রাম বাঁকুড়ায় নিতে যাচ্ছি। আপনারা জানেন যে বাঁকুড়া একটি দুঃস্থ ডিস্ট্রিক্ট সেজন্যে আমরা বাঁকুড়ায় ঠিক করেছি পাইলট প্রোজেক্ট করে উইভারদের সাহায্য করে কিছু করা যায় কিনা। আর একটা গর্বের বিষয় আমাদের বাংলাদেশে নোতুন চালু করেছিলাম—ট্যাক্সি কো-অপারেটিভস আপনারা জানেন আমাদের পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ রায় বাংলাদেশের যারা শিক্ষিত মধ্যবিত্ত পরিবার থেকে এসেছেন বা বেকার বাঙালী ছেলেরা যাতে ব্যবসা করে খেতে পারেন তার জন্য ট্যাক্সি দেবার ব্যবস্থা করেছিলেন। পরে দেখা গেল যে যিনি ট্যাক্সি নিয়েছেন তিনি নয় অন্য লোকে সেটা চালায়—তিনি বসে বসে একটা প্রফিট পাচ্ছেন—ট্যাক্সি অন্য লোকের কাছে চলে গেছে। তার পরে বন্দোবস্ত করা হয়েছিল সাধারণভাবে কো-অপারেটিভ-এর মাধ্যমে ট্যাক্সি দেওয়া হবে। আজ পর্যন্ত আমরা সবশুদ্ধ ১৯৬২-৬৩ সালে ৮টা ট্যাক্সি কো-অপারেটিভ করেছি—তার আগে আমরা দুটো ট্যাক্সি কো-অপারেটিভ করেছিলাম এবং রিহ্যাবিলিটেশন থেকে ৩টি ট্যাক্সি কো-অপারেটিভ করেছেন। এই যে ট্যাক্সি কো-অপারেটিভ-এর মধ্যে আগে যে দুটো কো-অপারেটিভ করেছিল তার সদস্য সংখ্যা ছিল ২০ জন মেম্বার, যার ড্রাইভার মেম্বার একজন, একজন মেকানিক, একজন ফিটার ২ জন ক্লিনার। প্রথম যে দুটো কো-অপারেটিভ করেছিল তাতে এই ছিল। পরে যা করেছে সেখানে সদস্য সংখ্যা বাড়িয়ে দিয়েছি ২০-এর জায়গায় ২২ জন। প্রথম দুটো কো-অপারেটিভ-এর জন্য ১০টা ট্যাক্সি দেওয়ার বন্দোবস্ত ছিল, সেখানে এখন যেহেতু ২০-এর জায়গায় ২২ করেছি তাই ১১ খানা ট্যাক্সি দেব ঠিক করেছি। প্রথমদিকে যে ট্যাক্সিগুলি দেওয়া হয়েছিল তার পুরাপুরি সংখ্যাই পাওয়া গিয়েছে, পরের যে ট্যাক্সিগুলি তারও অনেকটা পাওয়া গিয়েছে, কিন্তু তার পরের কতগুলি ট্যাক্সি—সবগুলি সাপ্লাই করে উঠতে পারেননি, এমারজেন্সির জন্য আটকে গিয়েছে—আপনারা জানতে চাইলে উত্তর দেবার সময় আমি এক্সাক্ট নাম্বার বলে দেব। ১ লক্ষ ৩০ কি ৩৫ হাজার টাকা ধার যা পেয়েছিলেন কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে তার মধ্যে ২টা ট্যাক্সি কো-অপারেটিভ ৯০ হাজার টাকা ইতিমধ্যে পরিশোধ করতে পেরেছেন ইনক্লুডিং ইন্টারেস্ট, এবং এটা যে খুব সাফল্যের সঙ্গে চলছে এ বিষয়ে কোন সন্দেহ নাই। এ ছাড়াও অন্যান্য জিনিস আমরা করবার চেষ্টা করেছিলাম; গুডস ট্রান্সপোর্ট করবার জন্য আমরা সোসাইটি করেছিলাম ১০টা ট্রাক দিয়ে। বাঙ্গালী মধ্যবিত্ত ছেলেদের দিয়ে যাতে করে গুডস ট্রান্সপোর্ট করতে পারা যায় তার জন্য আমরা চেষ্টা করেছিলাম। আপনারা জানেন সাধারণভাবে আমাদের ছেলেদের হাতে এগুলি নাই, তাই কো-অপারেটিভ-এর মাধ্যমে নতুনভাবে এটা করবার জন্য আমরা চেষ্টা করেছি। এ বছরই আমরা শুরু করব, এবং পরে আরো চালু হবে। বড় স্কীমে কনজিউমারস কো-অপারেটিভ স্টোরস—আপনারা জানেন যুদ্ধের জন্য মূল্যবৃদ্ধি যাতে না হয় তার জন্য ভারত সরকার থেকে যেসমস্ত ব্যবস্থা অবলম্বন করেছিলেন তার মধ্যে একটা ব্যবস্থা ছিল কনজিউমারস কো-অপারেটিভ স্টোরস, এবং সেই স্টোরস-এর জন্য প্রথমে তাঁরা ঠিক করেছিলেন বাংলাদেশে ২৭টা বড় স্টোরস হবে, এবং প্রাইমারী স্টোরস ২০টা করে—একটা বড়র সঙ্গে ছোট ২০টা থাকবে এটা তাঁরা ঠিক করেছিলেন। এ বছরের জন্য ১৯৬২-৬৩ সালে আমরা ঠিক করেছি ৪টা হোলসেল আমরা চালু

করব—কলকাতা শহরে যেটা চালু করব বলে ঠিক হয়েছে তার বন্দোবস্ত অনেকটা এগিয়ে গিয়েছে এবং প্রাইমারী সোসাইটি রেজিস্ট্রি হয়ে গিয়েছে। এবং যেসমস্ত অলরেডি কনজিউমার কো-অপারেটিভ স্টোরস ছিল, বিশেষ করে বিভিন্ন শিল্পে এমপ্লয়ীদের মধ্যে যেগুলি ছিল সেগুলি যদি দরকার হয় তাহলে তাদের নিয়ে আমরা প্রাইমারী স্টোরস করে দেব। এই সমস্ত স্টোরসগুলিতে আমরা নানারকম জিনিস বিক্রী করবার চেষ্টা করব, সল্ট, সুগার, সুজি, বার্লি, সাগু, পালসেস টের্নটিলস মিল্ক, ঘি, ফিস, স্টেশনারী এবং যদি দরকার মনে হয় বা সম্ভব হয় তাহলে রাইস, আটা, হুইট এগুলিও দেবার ব্যবস্থা করব। এক একটা হোলসেল-এর জন্য ভারত সরকার আমাদের যে টাকা দেবেন তাতে তাঁরা বলেছেন ১ লক্ষ শেয়ার ক্যাপিটাল কনট্রিবিউট করবেন, ৫০ হাজার টাকা তাঁরা লোন দেবেন গোডাউন কনস্ট্রাকশন করার জন্য, তা ছাড়া তাঁতের জন্য ১০ হাজার টাকা সাবসিডি দেবেন, এ ছাড়া ওয়ার্কিং ক্যাপিটাল-এর জন্য তাঁরা লোন দেবেন ২ লক্ষ টাকা করে, আর ৫০ হাজার টাকা দেবেন ইকুইপমেন্ট কেনবার জন্য। এই হচ্ছে হোলসেল কনজিউমারস স্টোরস। প্রাইমারী স্টোরস যেসমস্ত হবে তার জন্য আমরা পাব ২ লক্ষ ৫০০ টাকা শেয়ার ক্যাপিটাল-এর জন্য, আর ২ হাজার টাকা ম্যানেজিরিয়াল সাবসিডি। এ বছর যদিও আমরা কিছুটা করছি, পরের বছর ২৩টা করবার পরিকল্পনা আমরা গ্রহণ করেছি। মোটামুটিভাবে আমি বলতে পারি, কনজিউমারস কো-অপারেটিভ স্টোরস দিয়ে আমরা চেষ্টা করব মানুষের যেগুলি অত্যন্ত আবশ্যকীয় জিনিস সেগুলি যাতে তারা ন্যায্যমূল্যে কিনতে পারে। কো-অপারেটিভ ট্রেনিং অ্যান্ড এডুকেশন সম্বন্ধে আমি বলতে পারি সাধারণতঃ ৫০ হাজার পপুলেশন যে শহরের, সেই শহরে তারা হোলসেল স্টোর করতে বলেছেন সেই অনুসারে আমরা করবার চেষ্টা করব। আর কো-অপারেটিভ ট্রেনিং- আপনারা জানেন, অত্যন্ত জরুরী জিনিস। কিন্তু কো-অপারেটিভ মুভমেন্ট সরকার থেকে চাপিয়ে দেওয়া যায় না বা দেওয়া উচিতও নয় কো-অপারেটিভ মুভমেন্ট সাধারণ মানুষের থেকে হওয়া উচিত। সেজন্য আমরা যে পরিকল্পনা গ্রহণ করেছি ট্রেনিং সেই পরিকল্পনার মধ্যে আমরা চেষ্টা করব আরো বেশি জনসাধারণকে এই বিষয়ে উদ্বুদ্ধ করবার জন্য। আমি গতবার বলেছিলাম আমরা একটা ম্যানুয়েল করতে যাচ্ছি সমস্ত ইনফরমেশন দেবার জন্য এবং একটা ল আমরা মডিফাই করব যাতে সাধারণ লোকে কো-অপারেটিভ করতে পারে। এই দুটোই তৈরি হয়ে এসেছে, ১৯৬৩ সালের মধ্যেই আমরা এই দুটো তৈরি করে ফেলতে পারব। কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি সম্পর্কে আমি প্রথমেই একথা বলতে পারি, আপনারা জানেন যে, সরকারের আইন অনুযায়ী ৫ লক্ষ টাকার বেশি মূলধন যেসমস্ত ইন্ডাস্ট্রির আছে তার কর্তৃত্ব সাধারণভাবে ভারত সরকারের উপর ন্যস্ত আছে।

[12-40—12-50 p.m.]

কিন্তু তা সত্ত্বেও কোথায় ইন্ডাস্ট্রি হবে কিনা হবে, লাইসেন্স দেবে কি না দেবে এই ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের কটেজ ইন্ডাস্ট্রি বিভাগ রয়েছে তার কিছু কাজ এর মধ্যে রয়েছে; যে কোন লাইসেন্স দেবার সময় তাঁরা এখানে রেফার করেন এবং করে আমাদের রেকোমেন্ডেশান এর উপর এটা অনেকখানি নির্ভর যে করে সে বিষয়ে সন্দেহ নেই। আজ পর্যন্ত বলতে পারি অন্য যে কোন বিষয়ে আমরা পিছিয়ে থাকি না কেন আমাদের প্রাকৃতিক অবস্থার জন্য হোক বা যে কোন কারণেই হোক পশ্চিমবঙ্গ এখনও অন দি টপ অফ দি ইন্ডাস্ট্রিজ আমাদের কটেজ ইন্ডাস্ট্রি সম্বন্ধে বলতে গেলে সব চেয়ে বড় কথা বলতে হয় পাওয়ার সম্বন্ধে আপনি জানেন পশ্চিমবঙ্গ কয়েক বছর ধরে য়্যাকুউট পাওয়ার সর্টেজের মধ্যে দিয়ে যাচ্ছে। আপনাদের কাছে একটা রাফ ফিগার দিয়ে বলতে পারি যে নূতন ইন্ডাস্ট্রি হবার জন্য যে দাবী এসেছিল তা আমাদের রিফুজ করতে হয়েছে, পাওয়ার দিতে পারিনি। এর মোটামুটি ফিগার বলতে গেলে ১০০ মেগাওয়াট বলতে পারা যেতে পারে অর্থাৎ ১০০ মেগাওয়াট পাওয়ার যদি আমাদের থাকতো ১০০ মেগাওয়াট দিয়ে চলতে পারে এমন ইন্ডাস্ট্রি হতে পারত এবং তাতে হয়ত আমাদের বেকার সমস্যার দূর করতে পারতাম। অতএব পাওয়ার সর্টেজ একটা জিনিস যেটা আমাদের একটা বিরাট প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়েছে। ইন্ডাস্ট্রিকে ডেভেলাপ হবার জন্য যে কোন কারণেই হোক না কেন এটা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পাওয়ার-এর উপর খুব বেশি জোর দেওয়া হয়েছে। আপনি জানেন যে আমাদের পশ্চিম বাংলায় আজকে যে

সাপ্লাই আমরা পাচ্ছি তার মোটামুটি টোটাল হচ্ছে ৫৮৬ মেগাওয়াট। এর মধ্যে থেকে আমরা ডি ভি সি থেকে পাচ্ছি, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন দিচ্ছে, স্টেট ইলেকট্রিক বোর্ড দিচ্ছে, দুর্গাপুর দিচ্ছে। সব এক সংগে মিলিয়ে এটা বলছি। কিন্তু সচদেও কমিটি ১৯৬১ সালে একটা য়্যাসেস করেছিলেন। আমাদের ১৯৬৫-৬৬ সালে পশ্চিম বাংলায় দরকার হবে ১১৮৪ মেগাওয়াট। কিন্তু আমরা নিজেরা য়্যাসেসমেন্ট করে দেখে মনে করি যে তার চেয়ে বেশি ছাড়া কম লাগবে না। সেজন্য আপনাদের কাছে যখন এই বাজেট ইন্ডাস্ট্রিতে আমরা চাই ৩ কোটি ৭২ লক্ষ ৪১ হাজার টাকা। পাওয়ার কটেজ ইন্ডাস্ট্রির অন্তর্ভুক্ত। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড কটেজ ইন্ডাস্ট্রির সংগে যুক্ত। সেদিক থেকে অন্যান্য খাত থেকে......এর জন্য ব্যয় বরাদ্দ দাবী করা হবে সেই অংকটা মাথায় রাখা উচিত। সামনে বছরের জন্য গ্র্যান্ট নং ৫২ যেটা লোনস অ্যান্ড অ্যাডভানসেস সেটা আমাদের অর্থমন্ত্রী মহাশয় মুভ করবেন। আপনারা তার মধ্যে দেখবেন আরও ২৩ কোটি ৬ লক্ষ ৯০ হাজার টাকা ধার্য করা হয়েছে। পশ্চিম বাংলায় পাওয়ার বাড়ানোর জন্য ১৭ কোটি ৫০ লক্ষ টাকা আমরা দিয়েছি স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে, ৪ কোটি ৭০ লক্ষ দিয়েছি দুর্গাপুরকে, আরও ৮৬ লক্ষ ৯০ হাজার টাকা দিয়েছি দুর্গাপুর বোর্ডকে ব্যান্ডেল তার মধ্যে রয়েছে ১৭ কোটি ৫০ লক্ষ টাকা যেটা সেটা মেনলি ব্যান্ডেল। আমরা যে জিনিস করতে যাচ্ছি সেটাতে আপাততঃ দুর্গাপুরে ৩০০ ২ সর্ট মেগাওয়াট তৈরি হচ্ছে। আমরা সেখানে আরও ৩টা—৭৫ ইচ স্যাংশন করেছি এবং এই ৩টার মধ্যে ২টা কাজ শুরু হয়ে গেছে একটার কাজ শীঘ্র শুরু হবে। এ ছাড়া ব্যান্ডেলে আপনারা জানেন ৩৩০ মেগাওয়াট তৈরি করার কাজ শুরু করে দিয়েছে এবং ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই যেটা রয়েছে তারা একটা ৫০ মেগাওয়াট নূতন একটা পাওয়ার জেনারেটিং স্টেশন করছেন—সেটা আশা করছি এ বছরের শেষে তার কাজ আমরা পাব। এ ছাড়া ছোট ছোট জলঢাকা ইত্যাদিতে ৯ মেগাওয়াট, ১৮ মেগাওয়াট তৈরি হচ্ছে। অতএব আপনাদের কাছে একথা বলতে পারি আগে যে কোন কারণেই হোক না কেন আমাদের পাওয়ার ডেভেলপমেন্টের আমরা অত্যন্ত জোর দিচ্ছি এবং পশ্চিম বাংলার বাজেটের ভেতর বাহির সব দিক ধরলে একটা খাতে এর চেয়ে বেশি আর কোনতে হচ্ছে না।

কোল সম্বন্ধে দু-একটা কথা রাখতে চাই, স্বর্গতঃ ডাঃ রায়ের ইচ্ছা ছিল এবং আমাদের পশ্চিমবংগ সরকারেরও ইচ্ছা ছিল এবং বর্তমান মুখ্যমন্ত্রী প্রফুল্লবাবুরও ইচ্ছা এর খানিকটাকে আমাদের মধ্যে রাখবার জন্য, কারণ এটা একটা বড় রিসোর্স। ভারত সরকারের সংগে কেস করে আমরা সেখানে হেরে গেছি বটে তবে ওদের সংগে আমাদের একটা এগ্রিমেন্ট হয়। ১৯৬২ সালের এই এগ্রিমেন্ট মূলতঃ মুখ্যমন্ত্রী প্রফুল্ল সেনের চেষ্টায়ই হয়েছে। এই এগ্রিমেন্ট অনুযায়ী আমরা তিনটে স্কীম করব—একটা হল ডিপ মাইনিং স্কীম, আর দুটো স্যালো মাইনিং স্কীম। আমাদের তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এতে ৮১ লক্ষ টাকা ধরা হয়েছে বরং তারা পরস্পরকে সাহায্য করে। একটা জিনিস করে ফিডার ইন্ডাস্ট্রি তৈরী করতে পারে, এই পাবলিক সেকটারের খানিকটা কবজায় রাখব এবং কোল গ্যাস ইন্ডাস্ট্রি রয়েছে তার যে চাহিদা যাতে আমাদের দ্বারাই পূরণ হতে পারে অন্ততঃ একটা ফাঁকে পড়ে না যায় তার বন্দোবস্ত করব। গ্যাস সম্বন্ধে জানেন যে, গ্যাসগ্রিড আনবার কথা রাজ্যপালের ভাষণে শুনেছেন সেটা কয়েক মাসের মধ্যেই আমরা যোগ করে দিতে পারব। সেখানে বর্তমানে গ্যাস কোম্পানী থেকে ৩·৩ থেকে ৩·৫ কিউবিক মিলিয়ান গ্যাস সাপ্লাই করছে। এটা চালু হওয়া মাত্র আশা করি পাঁচ মিলিয়ান কিউবিক দিতে পারব এবং পরে দশ মিলিয়ান কিউবিক ফুট পর্যন্ত দিতে পারব। এছাড়া আমরা আর যা যা করেছি, তার মধ্যে হল ট্রেনিং স্কীম। এটা একটা মোস্ট ইমপরটেন্ট স্কীম, এর মধ্যে অনেক জিনিসই রয়েছে যা আমি উত্তর দেবার সময় বলব। কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রি সম্বন্ধে কয়েকটি কথা বলে আমার বক্তব্য আমি শেষ করে দিতে চাই। কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রির গুরুত্ব আমি মনে করি কমার্স ইন্ডাস্ট্রির চেয়েও বেশী। তার কারণ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিতে যে

on an average it requires at least 4,000 rupees to provide employment to one person.

কিন্তু কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রিতে কুটির শিল্পে, খাদিতে, গ্রামীণ ছোট ছোট শিল্পে অনেক কর্মচারী নিয়োগ হতে পারে, বেকার সমস্যা দূর হতে পারে, বিশেষ করে যেখানে

আমাদের এত বেকার রয়েছে সেখানে আপনারা বুঝতেই পারছেন যদি বড় বড় ইন্ডাস্ট্রি হয়—যদিও বড় বড় ইন্ডাস্ট্রি থাকা দরকার, সাধারণভাবে জাপানে তারা যেটা করে বড় ইন্ডাস্ট্রি রইলেও তারা মূলতঃ এসেম্বল করেন ছোট ছোট ইন্ডাস্ট্রিগুলোকে, তারা কন্ট্রাডিকটারী করেন না যে বড় যা তৈরী করছি ছোট ছোট যা বেরোচ্ছে তার সংগে কর্মাপট করবে, তারা তা করে না ইন্ডাস্ট্রি করা দরকার কিন্তু তার সংগে সংগে বেশী দরকার হচ্ছে কটেজ অ্যান্ড স্মল স্কেল বরং তারা পরস্পরকে সাহায্য করে। একটা জিনিস করে ফিডার ইন্ডাস্ট্রি তৈরী করতে পারে, ইন্ডাস্ট্রি এবং খাদি যা নাকি আমাদের কটেজ ও স্মল স্কেল ইন্ডাস্ট্রির মধ্যে সকলের চেয়ে সাফল্যের সংগে চলেছে তা হচ্ছে হ্যান্ডলুম এবং এই হ্যান্ডলুমের জন্য ২৩ লক্ষ টাকা বেশী বরাদ্দ রেখেছি সামনের বছরের জন্য ইনট্রিগেট করবার জন্য। সিল্ক সেরিকালচার-এর জন্য আমরা জোর দিচ্ছি এবং আজ এ উৎপাদন বৃদ্ধির পথে চলেছে। ছোট ছোট কটেজ ছাড়াও যে সমস্ত স্মল ইন্ডাস্ট্রিজ রয়েছে, এটা বিশেষ করে কানাইবাবু বুঝবেন এবং হাওড়া জেলার সদস্যরা বুঝবেন যে, হাওড়া জেলায় যে সমস্ত ছোট ছোট ইন্ডাস্ট্রিজ রয়েছে—স্মল ইন্ডাস্ট্রিজ—বড় ইন্ডাস্ট্রি নয় তাদের সাহায্য করবার জন্য একটা সেন্ট্রাল ইঞ্জিনীয়ারিং অর্গানাইজেশন হাওড়ায় রয়েছে। তাদের কাজ সাহায্য করা, র মেটেরিয়াল ব্যাপারে সাহায্য করা। আমরা চেষ্টা করছি এই হাওড়ায় যেটা রয়েছে সেটাকে আরো বাড়িয়ে বৃহত্তর এলাকার মধ্যে আনতে পারি কিনা? যাতে করে নাকি এই জিনিসটা করতে পারবো। ইন্ডাস্ট্রিয়াল স্টেট সম্বন্ধে নিশ্চয়ই অনেক সদস্য প্রশ্ন করবেন, সেখানের একটা খরচ আপনাদের জানিয়ে রেখে দিই—যদিও আগেরবারে ঘোষণা করেছিলাম এবং এখনও সেটাই রয়েছে যে তৃতীয় পরিকল্পনার শেষে আমরা ১১টা ইন্ডাস্ট্রিয়াল স্টেট করবো। আমি বলেছিলাম দরকার হলে প্রতি ডিস্ট্রিক্টে করবো, কিন্তু প্ল্যানিং কমিশন বলেছেন ইন্ডাস্ট্রিয়াল স্টেটকে খুব লো প্রায়োরিটি দিতে, কারণ তাঁরা মনে করেন ইন্ডাস্ট্রিয়াল স্টেট করার জন্য যে টাকা খরচ করলাম—একটা ইন্ডাস্ট্রি হবে তারপর তারা চালাবে, এভাবে ব্যয়সাপেক্ষ জিনিস করলে চলবে না এক কথায় কনস্ট্রাকশন ওয়ার্ক, বিল্ডিং মেটেরিয়াল ওয়ার্ক গ্রান্ট কমিয়ে দাও, যে জন্য ইন্ডাস্ট্রিয়াল স্টেটকে সংকুচিত করতে হয়েছে। ছোট ছোট ইন্ডাস্ট্রিতে সাহায্য করবার জন্য আপনারা জানেন অনেকগুলি খাতে দেবার বন্দোবস্ত আছে, বি ডি ওরা ৪ শত টাকা পর্যন্ত দিতে পারেন।

[12-50—1 p.m.]

ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ১০ হাজার টাকা দিতে পারে- তারপর ডেপুটি ডিরেকটার অব ইন্ডাস্ট্রিজ অ্যাডিসনাল ডিরেকটার অব ইন্ডাস্ট্রিজ—এ'রাও টাকা দিতে পারেন। রেজিষ্ট্রার অব কো-অপারেটিভস ১০ হাজার টাকা দিতে পারে, সেক্রেটারী ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট ১৫ হাজার টাকা দিতে পারে। ৫০ হাজার টাকা দিতে পারে গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল, ১ লক্ষ টাকাও পর্যন্ত এ'রা দিতে পারেন। এইভাবে বিভিন্ন জায়গায় ধার দেবার ব্যবস্থা করা হয়েছে। ১৯৬২-৬৩ সালে সবচেয়ে বেশী জিনিস এই কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিতে করবার চেষ্টা করা হয়েছে তার ঃ ধ. হচ্ছে ইনটেনসিভ রুর‍্যাল ডেভেলপমেন্ট স্কীম চালু করেছে। তিনটি প্রোজেক্টে প্রায় ১৫টি ব্লক আছে। সেখানে রিফিউজি কনসেনট্রেটেড খুব বেশী কনসেনট্রেশান অব পপুলেসন সেখানে রয়েছে সেটাকে ব্যাকওয়ার্ড এরিয়াজ করা হয়েছে। এ রকম এলাকায় প্ল্যানিং কমিশনের তত্ত্বাবধানে ইনটেনসিভ রুর‍্যাল ডেভেলপমেন্ট হবে। সেখানে কো-অপারেটিভ করে কাজ করবার চেষ্টা করছি। এটা এখন গ্রহণ করা যাচ্ছে—পরের বছর এটাকে করবার চেষ্টা করবো। কারণ আমার মনে হয় যে ইন্ডাস্ট্রি শুধু শুরু করলেই হবে না। গ্রামে গ্রামে ইন্ডাস্ট্রি যদি ছড়িয়ে দিতে না পারি—কোথায় লেবার গাঁ থেকে টেনে এনে ইন্ডাস্ট্রিতে নিয়ে যাবার চেষ্টা আমরা করবো না—ইন্ডাস্ট্রিকে তাদের কাছে নিয়ে যাবার চেষ্টা করবো—তাহলে হবে না। এই হচ্ছে আমাদের পরিকল্পনা। এই পরিকল্পনাতে খাদি একটি গুরুত্বপূর্ণ স্থান অধিকার করবে। আমি এর বেশী সদস্যদের সময় নিতে চাই না এই আশা করে যে ডিসকাসান করে ভাল করে উপদেশ দিয়ে আমাদের উপকার করবেন।

Mr. Speaker: Honourable members, all the cut motions in Grant No. 25 are in order and the same are taken as moved.

In Grant No. 26, cut motions No. 8 and 16 are out of order and the rest are in order and taken as moved.

In Grant No. 27, cut motion No. 18(Kha) is out of order and the rest are in order and taken as moved.

Motions For Reductions

Grant No. 25

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced to Re. 1.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced to Re. 1.

Shri Adwaita Mandal: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced to Re. 1.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced to Re. 1.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced to Re. 1.

Shri Sambhu Charan Ghose: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced to Re. 1.

Shri Tarun Kumar Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced by Rs. 100.

Shri Ganesh Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced by Rs. 100.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced by Rs. 100.

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced by Rs. 100.

Shri Abhay Pada Saha: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced by Rs. 100.

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced by Rs. 100.

Shri Sambhu Gopal Das: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced by Rs. 100.

Shri Nani Bhattacharyya: Sir, I beg to that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced by Rs. 100.

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced by Rs. 100.

Shri Radhika Dhibar: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced by Rs. 100.

Shri Sreemohan Thakur: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced by Rs. 100.

Shri Hemanta Kumar Basu: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced by Rs. 100.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 85,56,000 for expenditure under Grant No. 25, Major Head "34-Co-operation", be reduced by Rs. 100.

Grant No. 26

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35 Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced to Re. 1.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced to Re. 1.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Head: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industries Development", be reduced to Re. 1.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced to Re. 1.

Sambhu Charan Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced to Re. 1.

Shri Tarun Kumar Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced by Rs. 100.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced by Rs. 100.

Shri Sunil Das Gupta: Sir, beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced by Rs. 100.

Shri Anadi Das: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced by Rs. 100.

Shri Girija Bhusan Mukherji: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced by Rs. 100.

Shri Sambhu Gopal Das: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced by Rs. 100.

Shri Nagen Dolui: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced by Rs. 100.

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced by Rs. 100.

Shri Gopal Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced by Rs. 100.

Shri Padak Mahata: Sir, I beg to move that the demand of Rs. 3,72,41,000 for expenditure under Grant No. 26, Major Heads: "35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial Development", be reduced by Rs. 100.

Grant No. 27.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced to Re. 1.

Shri Bailai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced to Re. 1.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced to Re. 1.

Shri Debi Prosad Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced to Re. 1.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced to Re. 1.

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced to Re. 1.

Shri Dulal Chandra Mondal: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Abani Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Sunil Das Gupta: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Ganesh Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Ganesh Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Anadi Das: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to monve that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Lakshmi Ranjan Josse: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Abhay Pado Saha: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Sambhu Gopal Das: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Nani Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Nagen Dolai: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Abdul Bari Moktar: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Dharanidhar Sarkar: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Sreemohan Thakur: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Hemanta Kumar Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Shri Padak Mahata: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 1,80,22,000 for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial Development—Cottage Industries", be reduced by Rs. 100.

Dr. Narayan Chandra Roy:

শ্রদ্ধেয় সভাপাল মহাশয়, শিল্প খাতে শিল্প মন্ত্রী তাঁর যে বক্তৃতা পেশ করলেন মূলত তার অনেকগুলি জিনিসের সংগে আমি একমত এবং সমর্থন করি। কিন্তু এগুলি বাস্তবে হতে পারে কেমন করে- যেটা কথা আছে সেটা কেমন কাজে হতে পারে—কেমন করে তার উদ্দেশ্যগুলি সাধিত হতে পারে এগুলিই আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে উল্লেখ করবো। তিনি যে কথাগুলি পরিবেশন করলেন মূলতঃ তার মধ্যে বেশীর ভাগ কথাই আমরা সমর্থন করি—তবে তার মধ্যে যা বেশী করে করবার দরকার—প্ল্যান যা বলা হয় সেটা যেন কার্যে পরিণত হয়। এটা সাধারণ মানুষের অভিজ্ঞতা--কথাটা আর কাজটা তারা এক সংগে মিলিয়ে পায় নি। মূলতঃ আমার সমর্থন আপনারা যে সমবায় সমিতি—কো-অপারেটিভ করেছেন বর্তমানে এগুলি হওয়া উচিত- সরকার থেকে যা কিছু সাহায্য করা হচ্ছে তা আমরা সমর্থন করি। একটা করোলারী দিয়ে বলবো যে আমরা জানি এর ব্যতিক্রম আছে এবং এটা এমন একটা স্তরে এসেছে যেটা বহু মানুষের সংগে জড়িত। কেননা দেশ এখন নূতন করে একটা নূতন অর্থনীতির পথে গড়ে উঠছে। গ্রামীণ অর্থনীতি, শহরের অর্থনীতি, শিল্প, কুটির শিল্প সম্পূর্ণ ভেঙ্গে ধ্বংস হয়ে যাচ্ছে। কারুর কোন কথা বলার সময়ে সমবায় পদ্ধতিতে যে কুটির শিল্প, এগ্রিকালচার করবার কথা সেখানে কেউ কিছু করতে পারে না। এটা যেন একটা স্বীকৃত তথ্য। শতকরা ৯০ জন মানুষ দেশে যে ভাষাহীন অবস্থায়, শিক্ষাহীন অবস্থায় এবং আমাদের সেই প্রাচীন সংস্কারের মধ্যে রয়েছে তাদের ব্যবস্থা করার দরকার আছে। এদের আধুনিক শিক্ষা নাই—শিল্প সম্বন্ধে নূতন জ্ঞান নাই—নূতন শিল্পতে এদের নাই লিবার্টি—এই মানুষ ডেড লোন ব্যালেন্স সমাজে বয়ে নিয়ে যাবার মত জিনিস। এদেরকে মানুষ হিসেবে গড়ে তুলতে গেলে আপনি যে কথাটা একটু আগে বলে গেছেন—এই জায়গায় এখানে আমি ব্যতিক্রমের কথা বলবো। আপনার যেখানেতে লেখা আছে—কো-অপারেটরস ট্রেনিং, কো-অপারেটিভ ট্রেনিং সেখানে এইটুকুর মধ্যে আপনি সীমাবদ্ধ রাখবেন না। যেখানে ঐ কেমন করে নূতন পদ্ধতিতে এই কাজটা করতে হয়, কেমন করে অমুক পদ্ধতিতে অমুক নূতন জিনিষ তৈরী করতে হয়—শুধু

এটুকু করলে হবে না। এখনকার দিনে শিল্প, তার সংগঠন, আর সেই মাল আনা থেকে ট্রান্সপোর্ট থেকে তৈরী করা থেকে বাজারে বিক্রী করা পর্যন্ত যে অসহায় মানুষ বস্তিতে পড়ে থাকে, তার কাঁধের উপর সেই সুদখোর মহাজন থেকে আরম্ভ করে ছোট দোকানদার, বড় দোকানদার, আরো বড় দোকানদার কাঁধে চেপে বসে আছে, যুগ যুগান্তর ধরে যাকে অ, আ, ক, খ—পড়তে দেওয়া হয় নি, সে নিজে দাঁড়িয়ে কো-অপারেটিভ করতে যাবে—তা কখনো হতে পারে না। এর সম্বন্ধে একটা নীতি করা উচিত। আমি কো-অপারেটিভ ট্রেনিং সম্বন্ধে বলছি, এই মোটা বইয়ে যেটা দিয়েছে তাতে ১৪টা, ১৫টা আইটেম আছে। সেই নূতন রকম কথা যেটা বলছি আপনারা এমন একটা ট্রেনিং, এমন একটা কেডার সৃষ্টি করুন যাদের কর্তব্য হবে আমি এক দুই তিন করে দিচ্ছি—তাদের কর্তব্য হবে কেউ নিজের ইনিসিয়েটিভ নিয়ে সেখানে কো-অপারেটিভ তৈরী করে দেবে এই রকম দরিদ্র দলিত মানুষের। তারা কবে এখানে আপনাদের কাছে আবেদন করবে কার মারফত। তারপর আপনাদের কাছে গিয়ে পৌঁছাবার চেষ্টা করবে। কিন্তু তা কখনো তারা পারবে না, এটা শুনে নিন পারে না। এবং আপনাদের দিক থেকে কর্তব্য হবে এই মানুষকে যদি তুলে নিতে হয়, আপনার কো-অপারেটিভ ডিপার্টমেন্ট সেখানে গিয়ে তাদের নিয়ে অর্গানাইজ করবে। তার যে অফিসার, তার যে ম্যানেজিং স্টাফ, তাদের যে সংগঠন যে মানুষটা শুধু তাঁত বোনে, যে মানুষটা কেবল গুড় তৈরী করে, সেই গুড়ের যে একটা প্রকান্ড ইকোনমি ছড়ান আছে, তা কেমন করে তাদের পক্ষে জানা সম্ভব। তাকে এখানে দাঁড়াতে গেলে রাষ্ট্রশক্তি তাকে বাঁচাবে এই কথা মনে করে যদি তাকে তুলে না নেয় তাহলে এ সমবায় তার কাছে প্রবঞ্চনা মাত্র। তার বিত্ত নাই, কো-অপারেটিভ আইন অনুসারে মস্ত বড় কো-অপারেটিভ করবার সেখানে, তার মূলধন দিয়ে। তার বিনিময়ে আপনার কাছে সাহায্য চাইবে। আপনাদের যে সমস্ত পাউন্ড-শিলিং-পেন্সের আইনগুলি আছে, সেই আইনে আপনাদের যতটুকু দেবার ক্ষমতা আছে, আমি স্মরণ খাদি বোর্ডকে, এই সমস্ত জায়গায় এসে তার সেই অন্যায়টাকে যেন সংশোধন করে দেন। তা তো তারা দেয় নি। সে তো সরকারের নীতি নয়। সরকারী নীতিটার তো এমন কিছু বলে নি যে মানুষের কো-অপারেটিভ-এর করবার সময় ব্যাঙ্কিং ল এখানে অপারেট করবে না। এখানে পাউন্ড-শিলিং-পেন্স দু আনা দিয়ে, কেন, দু আনা এক পাই এল না? মানে দুই পার সেন্ট প্রফিট এল না। এতো এখানে হবে না। এই মানুষ এই ভাঙ্গা মানুষ এরা ইন্ডাস্ট্রিয়াল ডিসিপ্লিন জানে না। এরা কাজ করতে গেলে তিন কাজ করতে পারে হাতে পয়সা পেলে আর পাঁচ দিন আসে না। সুতরাং আবার যখন হাতের পয়সা ফুরিয়ে যায়, তখন তার কাজে আসে। সুতরাং এই মানুষ তার ইন্ডাস্ট্রিয়াল ডিসিপ্লিন জানা নাই, নূতন নূতন পদ্ধতি তার জানা নাই। সে এক কাঁধে মোট বওয়া ছাড়া আর কিছু জানে না। তাকে যদি মানুষ করে তুলবার কথা থাকতো, কো-অপারেটিভ ডিপার্টমেন্টএর এখানে কোন কো-অপারেটিভ লাইন নাই—সেখানে তার লাইন একটা হবে—তারা কো-অপারেটিভ করে আপনাদের কাছে আসবে—এই যে নীতি এটা বর্জন এখানে করতে হবে। এখানে আপনাকে যেতে হবে, আপনাকে দূরে সরে থাকলে চলবে না। আপনাকে এটা অথরিটেরিয়ান হয়ে গেল, যেন ডিকটেটরশিপ হয়ে গেল এই বলে অ্যাভয়েড করলে চলবে না। এর সম্বন্ধে আপনারা পথ প্রদর্শক, আপনারা ডিকটেটর নন, আপনারা তাদের গার্জিয়ান। তাকে গড়ে তোলা, তাকে ফাইনান্স করে যাওয়া, তাদের গড়ে তুলে ঠিক পথে নিয়ে যাওয়া সব ভার আপনাকে নিতে হবে। কো-অপারেটিভ হচ্ছে আপনাদের নিজের সংগঠন। আমি আমার কাট মোশান-এর মধ্যে এই কথাটা খুব স্পষ্ট করে রেখেছি। গত তিন বছর ধরে বারে বারে এটা বলে আসছি। আপনারা অর্থবান, এই কাগজের মধ্যে উইথ দি কমপ্লিমেন্টস অফ দি মিনিষ্টার অফ কো-অপারেশন দেখবেন তার মধ্যে একটা স্বীকৃতি আছে আমাদের কো-অপারেটিভস প্রি-এমিনেন্টলি ক্রেডিট ওয়ান, এটা এক বছরে অনেকটা বদলে গেছে। কিন্তু আপনাদের কাছে বিত্তবান বিত্ত পায়। আপনাদের সে সংগঠন নয়। বিত্তহীন যারা, তাদের বাঁচাবার জন্য কো-অপারেটিভ দরকার, তারা এই কো-অপারেটিভএর মধ্যে মাথা তুলে এসে দাঁড়াবে। এই সংগঠনে এই নীতি আপনাদের কাজের মধ্যে আনতে হবে। আমার মস্ত বক্তব্য হলো এই কো-অপারেটিভ-এর নীতির মধ্যে এটাকে আনতে হবে। তা নাহলে বলবো অর্থবানকে অর্থ দেবার ডিপার্টমেন্ট হচ্ছে আপনাদের এই কো-অপারেটিভ।

[1—1-10 p.m.]

এবার আমি দু-একটি ছোট কথা আপনার দৃষ্টিতে আনবো। সেই কথার মধ্যে একটা হল আপনি যা কনজিউমারস কো-অপারেটিভ-এর কথা বলেছেন। যেমন সাধারণ মানুষ যারা ইন্ডাস্ট্রিয়াল গুডস চায়, যারা এই সমস্ত জিনিষপত্র কিনতে চায়, রাইজিং প্রাইস-এর আঘাত যার উপর বুকে, পিঠে পড়ছে, তাদের জন্য কনজিউমারস কো-অপারেটিভ চাই। কিন্তু এই পথে চলার সময় আর একটা দিকে নজর রেখে চলতে হবে। দেশ জুড়ে যেখানে যেখানে ছোট ছোট স্টেশনারীর দোকান আছে, তাদের মধ্যে একটা দারুণ আতঙ্ক এসেছে। আপনি যখন কনজিউমারস কো-অপারেটিভ করবেন, এটা স্মরণ রাখবেন, মুরারজী দেশাইএর সোনার কারবারের মত সোনার দোকানের লক্ষ লক্ষ মানুষকে পথে বসাবেন না। আমি আশা করি আপনি একথা বিশেষভাবে স্মরণ রাখবেন।

আমার আর একটা বক্তব্য হচ্ছে সেলস ট্যাক্স কো-অপারেটিভ সম্বন্ধে। এখানে এ সম্বন্ধে একটা প্রশ্ন ছিল যে এগুলি রিফান্ড হবে সে সম্বন্ধে যদি কোন তথ্য ঠিক হয়ে থাকে, তাহলে আশাকরি বক্তব্যের শেষকালে আপনি বলবেন। আপনার কো-অপারেটিভ যখন বিক্রী করে, সেই কো-অপারেটিভের মস্ত বড় বড় কতকগুলি বাধা আছে সেগুলি আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি। কো-অপারেটিভ হচ্ছে গরীব মানুষের সংগঠন, কম বিত্তবানের সংগঠন। এই কম বিত্তবানের সংগঠনকে লড়তে হচ্ছে—অর্থবানের সঙ্গে, বড় বড় দোকানদারের সঙ্গে, বড় বড় সংগঠনের সঙ্গে। তারা যদি সস্তায় মাল না পায় তারা যদি ভাল মার্কেটিং সোসাইটি না পায় তাদের যদি ব্যাংকিং না থাকে, তারা যেখান থেকে কম দরে মাল কিনতে পারে, যেখানে পুরা দরে মাল বেচতে পারে সেখানে যদি তাদের সংগঠন না থাকে, তাহলে সে দাঁড়াতে পারে না। সরকারী বা অন্যান্য জায়গায় আপনারা কো-অপারেটিভ-এর জিনিসকে নিশ্চয় একটা চয়েস দেবেন, একটা প্রাইমারী সিলেকসন দেবেন, বলে আপনাদের কথা আছে। কিন্তু আমরা জানি কার্যক্ষেত্রে তা হয় না। গভর্নমেন্টাল ডিপার্টমেন্টে বা মিলিটারী ডিপার্টমেন্ট তাদের প্রয়োজনীয় জিনিস কেনবার সময়ে সামনে কো-অপারেটিভের জিনিস রয়েছে, সেখান থেকে ১৫ পারসেন্ট বেশী দাম দিয়েও কেনা উচিত। কিন্তু তা তারা কেনেন না। কো-অপারেটিভের সবচেয়ে বড় বড় যেগুলি অভিযোগ, সেই অভিযোগ হচ্ছে বিত্তবান শুধু তার জিনিষ উপেক্ষা করছে তা নয়, সে লড়ছে এই সংগঠনকে ধ্বংস করবার জন্য। সেখানেতে কো-অপারেটিভ কোনখানেতে পায়না প্রথম কোনটা? কনট্রাক্টএর প্রায়রিটি তার পাওয়া উচিত ছিল, সেটা সে পায় না। সেদিকে দৃষ্টি রাখবার জন্য বলছি। যার জন্য আমি বলেছিলাম কো-অপারেটিভের কথা শুনতেই ভাল, কিন্তু, তার যে উদ্দেশ্য তা পাল করা হয় না। আপনি লক্ষ্য রাখবেন কো-অপারেটিভের যা নীতির কথা আপনারা বিভিন্ন জায়গায় পরিবেশন করেন, তা কার্য্যত পরিবেশন করা হয় কি, হয় না! তারপর আপনাদের সেলস ট্যাক্সের কথা বলছি। যারা বড় বড় দোকানদার, যারা ডাবল ডাবল খাতা রেখে সেলস ট্যাক্স লুকিয়ে চলে গেল, সেখানে কিছু বলবার নেই। আর এই কো-অপারেটিভ-এর বেলায়, তাকে প্রত্যেক বছর সরকারের কাছে তার অডিটেড রিপোর্ট দিতে হবে এবং তাতে তার প্রতিটি পাই পয়সার হিসাব দিতে হবে; এখানে তার একটি পয়সাও লুকাবার উপায় নেই। সেখানে একটা নীতি হিসাবে এটা থাকা উচিত নয় বলে আমি মনে করি। কিন্তু সেখানেতে এই কো-অপারেটিভকে বাঁচাতে গেলে নিশ্চয় এই কনজিউমারস কো-অপারেটিভকে তার সেলস ট্যাক্স রিফান্ড করা উচিত। আমি আমার বক্তব্য আর দীর্ঘ করবো না। আমার বক্তব্যের মাঝখানে দুটি বড় বক্তব্য আছে, সেটা নিক্ষেপ করতে চাই। প্রথম নম্বর আপনি এই যে ইন্ডাস্ট্রিয়াল স্টেটএর কথা বলেছেন, সেখনে আমি আপনার এই ইন্ডাস্ট্রিয়াল স্টেটস সম্বন্ধে একটু স্মরণ করিয়ে দিচ্ছি। আমাদের এখানে এই যে চাইনিজ ট্যানারী, যার ১২ কোটি টাকা ক্যাপিটাল এবং এখানে ১০ লক্ষ ইন্ডিয়ান কাজ করতো, এবং বাংলাদেশের একটা ফরেন এক্সচেঞ্জ আর্নার-এর মস্ত বড় একটা কেন্দ্র ছিল, আজকে সেটার সম্পর্কে বিস্তৃত তথ্য কি, সেটা আপনি দয়া করে বলবেন। কারণ এখানে বিভিন্ন চর্ম বা চামড়া ব্যবসায়ী, তারা অঙ্গাঙ্গীভাবে এটার সঙ্গে জড়িত; এবং চামড়ার দর বেড়ে গিয়েছে। এটা আপনাকে জানাচ্ছি এই জন্য যে বাংলার চর্ম শিল্প, পাদুকা শিল্প,

তারা চামড়ার অভাবে, চামড়ার বিভিন্ন প্রকার কাজ দারুন ব্যাহত হবে। সবচেয়ে বড় কথা হচ্ছে আমাদের বাংলা সরকারের নিষ্ক্রিয়তার সুযোগ নিয়ে এই শিল্পটা এখান থেকে চলে গিয়েছে বোম্বে এবং মাদ্রাজে। বিশেষ করে মাদ্রাজের কথা আমি বলছি। সেখানে এতদিন এটা হয়ত টেকনিক্যাল কথা, চামড়া ট্যানিং একটা বার্ক পদ্ধতিতে, ছাল দিয়ে করা হত; সেটা টেকনিক্যালি অনেক ব্যাকওয়ার্ড, আর এখানে আমাদের বাংলায় যেটা হতো, সেটা ক্রোম, বাংলায় এটা বন্ধ থাকার দরুন, এটা হ্যাম্পার হওয়ার দরুন এই ইন্ডাস্ট্রিয়াল স্টেট থেকে এটা রিমুভ করে নিয়ে গিয়ে মাদ্রাজ ইন্ডাস্ট্রিয়াল স্টেটএওটাকে বসাতে চেষ্টা করছে, এবং তার জন্য আমার খবর হচ্ছে যে মাদ্রাজ ইন্ডাস্ট্রিয়াল স্টেটএ সংগঠন হয়েছে এই ক্রোম লেদারএর জন্য এবং ভবিষ্যতে সেটা বাংলাদেশের অর্থনীতির পক্ষে অত্যন্ত ক্ষতিকর জিনিষ হবে, এই কথাটা আমি আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি। এবং সেটা ভবিষ্যত বাংলার পক্ষে একটা অত্যন্ত ক্ষতিকর জিনিষ এই কথা স্মরণ করিয়ে দিয়ে আমার বক্তব্যের শেষের দিকে আমি আর একটা কথা বলছি যে আগামী যুগে যখন সারা ভারতবর্ষে এই চর্মশিল্প একটা মডার্ন শিল্পে পরিণত হবে যেমন বাটা হয়েছে যেমন করে তারা আজকে বিভিন্ন দেশে জুতা সরবরাহ করছে সেইভাবে এটা গভর্নমেন্ট তরফের একটা বড় ব্যবসায় পরিণত হতে পারে। আপনারা জানেন লেদার টেকনোলজিতে এম এস-সি কম বলে এটা কটেজ ইন্ডাস্ট্রীর মধ্যে পড়ে যায়। মাদ্রাজ এ বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ট্রেনিংএর ব্যবস্থা আছে—তাদের মত এম এস-সি কোর্স আমাদের এখানে নেই। আমাদের ছেলেরা বি এস-সি পাশ করার পর মাদ্রাজে যেতে পারেন কিন্তু যাওয়ার তেমন সুযোগ পান না সে সম্বন্ধে বাংলা সরকার কোন প্রতিবিধান করবেন কিনা জানতে চাই।

আর একটি আমার বক্তব্য সেটা হল বেঙ্গল ট্যানিং ইন্সটিটিউট সম্পর্কে। পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ রায় জীবিত থাকাকালে উনি এ বিষয়ে খুব ইন্টারেসটেড ছিলেন। তিনি ইন্ডিয়া গভর্নমেন্টকে টাকা এবং আরও কতকগুলি ডেভেলাপমেন্টএর কথা বলেছিলেন। কলেজ যে চালু আছে সেখানে শিক্ষক শিক্ষণের ব্যবস্থা করার বিষয় নিয়া চেষ্টা হয়েছিল। আমার অনুমান সেটা পুরা হয় নি। সেখানে একটা শিক্ষাকেন্দ্র হবে, ভাল জুতা হবে তা নয়, ভাল কারিগর হবে তা নয়, কিন্তু ইন্ডিয়া গভর্নমেন্টএর লেদার ওয়ার্কএ টেকনিক্যাল ট্রেনিং ডিপ্লোমা নিতে পারবে, বাংলার ছেলেরা এ বিষয়ে কম্পিটেটিভ একজামিনেশন সম্মুখীন হতে পারবে না এ সম্বন্ধে বাংলা সরকারের একটা দায়িত্ব আছে এই কথা স্মরণ করিয়ে দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

Shrimati Santi Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের মন্ত্রী শ্রীতরুণকান্তি ঘোষকে কতকগুলি কথা বলতে চাই। আমার মনে হয় উনি বোধ হয় অবগত আছেন যে গত ১২ই ফেব্রুয়ারী আনন্দ বাজার পত্রিকায় একটা বিরাট হেড লাইন দিয়ে খবর বেরিয়েছিল যে, ব্লকে যে সমস্ত টেকনিক্যাল স্টাফ আছে আমাদের ডাইরেকটার অব ইন্ডাস্ট্রিসের আনডারে, তাদের নোটিশ দেওয়া হয়েছে ইতিমধ্যে যে তাদের সারভিস আর চাইনা বলে। সেখানে প্রায় ৭০০ কর্মী আমাদের অল ওভার ওয়েস্ট বেঙ্গলএ আছে তারা ছাঁটায়ের মুখে আজকে দাঁড়িয়ে আছে। তাদের চাকরী ২৮এ ফেব্রুয়ারীতে গিয়ে টারমিনেট করবে। এই বিষয় আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কারণ কিছুক্ষণ পূর্বে তিনি এই সভার সর্বসমক্ষে বলেছেন যে রুর‍্যাল এরিয়াতে কো-অপারেটিভ করে যাতে নাকি কুটির শিল্প ব্যাপকতর হতে পারে তার জন্য তিনি চেষ্টা করবেন। এই বিষয়ে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, ব্লকেতে যে সমস্ত টেকনিক্যাল ট্রেনিং সেন্টার আছে সে বিষয়ে যেন তিনি খোঁজ খবর নেন। এবং যে সমস্ত ট্রেনিজ, তারা যে সমস্ত স্টাইপেন্ড পেয়ে থাকে, যাতে নাকি ট্রেনিং ওভার হয়ে যাবার পরে তারা কো-অপারেটিভ সিস্টেমে উইথ দি হেল্প অব দি গভর্নমেন্ট যাতে তারা কো-অপারেটিভ চালু রাখতে পারে তার জন্য তাদের উপরে ইন্সট্রাকশন দেওয়া হয় এবং যখন তাদের স্টাইপেন্ড দেওয়া হয় তখন তাদের কাছ থেকে ৫ টাকা করে স্টাইপেন্ড থেকে নিয়ে ব্লকে জমা দেওয়া হয়। তারপর ট্রেনিং যখন তাদের ওভার হয়ে যায় তারপর এই টাকাটা, আজ পর্যন্ত অন্ততঃ আমার এলাকায় যে ব্লক আছে, যে লেদার ট্রেনিং দেওয়া হয়েছে আজ পর্যন্ত তারা কোন কো-অপারেটিভ করতে পারে নি।

এবং তাদের সেই টাকাটা এক বৎসর ট্রেনিংএর সময় ব্লকে জমা আছে সেই টাকাটা পেলে তারা ইনডিভিজ্যুয়েলি বিজনেস করতে পারে কিন্তু সে টাকাটা তাদের ব্লক অফিস থেকে দেওয়া হয় না। এই সম্বন্ধে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং তাঁর যতখানি করণীয় এই বিষয়ে যদি তিনি সহানুভূতি সম্পন্ন হৃদয় নিয়ে এই সমস্ত গরীব লোকদের উপরে দৃষ্টি দেন তাহলে আমি খুশী হব। কারণ আমি নিজে ব্যক্তিগতভাবে বহু স্টাফকে জানি, তারা মিটিং করেছিল ইতিমধ্যে এবং তারা বলেছিল যে, দেখুন আমরা শুধু বাঁচতে চাই। এই ওয়ার ইমারজেন্সীতে যেখানে নাকি বহু লোককে যুদ্ধ ক্ষেত্রে চাকরীতে নিয়োগ করা হচ্ছে সেখানে এদের চাকরী যাবে কেন। এবং আমি জানি যে আমার সরকারের কাছে এই রকম নির্দিষ্ট নিয়ম আছে যে কোন লোকের অন্ততঃ এই ইমার্জেন্সী পিরিয়ডে চাকরী না যায় তার জন্য তাঁরা সজাগ ও সচেষ্ট থাকবেন।

আর একটা কথা হচ্ছে খাদি ইন্ডাস্ট্রী সম্বন্ধে, যে কথা তিনিও বলেছেন, কারণ আমরা নিজেরা সোসিয়াল ওয়েলফেয়ার বোর্ডের মধ্যে থেকে জানি, আমরা অম্বর চরকা ট্রেনিং-এর জন্য যে ব্যবস্থা করেছিলাম আজকে সেই ট্রেনিং ফেলিওর হতে চলেছে এই কারণে যে অম্বর চরকা ট্রেনিং যেখানে আছে সেখানে সাইড বাই সাইড যদি আমরা খাদি উইভিংএর চেষ্টা যদি না করি তাহলে এই স্কীম কিছুতেই চালু হতে পারে না। কারণ আমি নিজে দেখেছি যে খাদি সুতায় যারা উইভিং করতে যায়, যদি একবার তারা মিলের সুতায় করে তাহলে কিছুতেই তারা আর খাদি সুতাতে তাঁত চালাতে চায় না। এই কারণে আমিও তাঁকে বলছি যে যখনই খাদি স্কীম দেওয়া হবে অর্থাৎ অম্বর চরকা যেখানে দেওয়া হবে সেখানে যদি তার সাইড বাই সাইড উইভিংটাও না দেওয়া হয় তাহলে এই স্কীম কিছুতেই সাকসেসফুল হতে পারে না। যারা নাকি খাদি চালায়, আমি আমাদের শ্রদ্ধেয় আপার হাউসের মেম্বার অন্নদা বাবুকেও জিজ্ঞাসা করেছি, যেখানে খাদি সেন্টার আছে তিনি বলেছেন যদি আমরা সজাগ দৃষ্টি গ্রামের লোকদের উপরে না রাখি তাহলে তারা যে সুতা সাপ্লাই দেয় সেই সমস্ত উইভারদের সেখানে আমরা জানি যে, সুতা ভিজিয়ে, পিটিয়ে এই সুতাগুলিকে খাদির মত তৈরী করে তাঁতে ১০০ বুননিতে সেই সুতা ইউজ করে, অর্থাৎ মিলের সুতা। কাজেই এই যে খাদি উইভিং, এটার উপরে যদি তাঁরা সজাগ দৃষ্টি না রাখেন তাহলে অম্বর চরকার যে স্কীম সেই স্কীম আমি বলবো আজকে প্রায় মৃত্যুর পথে যাচ্ছে। তাই আমার তাঁর কাছে আবেদন যে, এই যে প্রায় ৭০০ লোকের চাকরী যেতে চলেছে তাদের যাতে চাকরী না যায় সেটা দেখবেন। এই টেকনিক্যাল স্টাফ হিসাবে ব্লকে যদি তাদের চাকরী চলে যায় তাহলে তারা কিভাবে জীবিকা অর্জন করতে পারবে এবং জীবনেতে প্রতিষ্ঠিত হতে পারবে তার জন্য যেন তাঁরা চিন্তা করেন, এই বলে আমি আপনার কাছ থেকে বিদায় নিচ্ছি।

[1-10—1-20 p.m.]

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী কো-অপারেটিভএর বরাদ্দ পেশকালে নিজেই স্বীকার করেছেন যে পশ্চিমবাংলায় সমবায় আন্দোলন সাফল্যের সঙ্গে এগিয়ে যেতে পারে নি। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যেখানে সমবায় আন্দোলন দ্রুত গতিতে অগ্রসর হয়েছে পশ্চিমবাংলা সেখানে অনেকখানি পিছিয়ে আছে—বিশেষ করে বোম্বে, মাদ্রাজ, অন্ধ্র এবং ইউ পি—এই সমস্ত জায়গায় যেভাবে সমবায় আন্দোলনকে সাফল্যের সঙ্গে এগিয়ে নিয়ে যেতে পেরেছে পশ্চিমবাংলা সেদিক দিয়ে ব্যাকওয়ার্ড এবং একথা রিজার্ভ ব্যাঙ্ক সাম্প্রতিক রিপোর্টে প্রকাশ করেছে যে সমবায় আন্দোলন পশ্চিমবাংলায় ব্যর্থ হয়েছে। এখানে সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সরকার ব্যর্থতার পরিচয় দিয়েছেন। আমরা জানি একটি দেশকে গণতান্ত্রিক পথে এগিয়ে নিয়ে যেতে হলে এই সমবায় নীতিকে সার্থকভাবে কাজে লাগান দরকার। বিশিষ্ট অর্থনীতিবিদ ডাঃ ওয়ালেস এবং আর একজন ডাঃ ই আর. ব্রাউন বলেছেন—

The failure of Co-operation is a defeat of democracy.

তাই আমরা দেখি গ্রেট ব্রিটেন এবং ইউরোপএ যখন অর্থনীতির পরীক্ষা নিরীক্ষা চলছে তারপর

সেখানে সমবায় আন্দোলন অত্যন্ত দ্রুততার সঙ্গে প্রসারলাভ করেছে। গ্রেট ব্রিটেন, স্কটল্যান্ডএ ক্রেতা সমবায়, জাপানে, জার্মানীতে কৃষির সমবায় উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেছে। আমাদের সেখানে যদি গণতন্ত্রের সার্থক রূপ দিতে চাই তাহলে সমবায় আন্দোলনের দিকে আরও বেশী করে দৃষ্টি দিতে হবে। সমবায় আন্দোলনের মূল লক্ষ্য হচ্ছে যে সমাজের বিভিন্ন স্তরে যেখানে মনোপলি আছে সেই মনোপলি সরিয়ে দিয়ে সাধারণ মানুষের সহায়তা নিয়ে অর্থনৈতিক ভিত্তি রচনা করা। সহরে এবং গ্রামেতে আমরা দেখি এক শ্রেণীর মানুষ আছেন যারা সহর এবং গ্রামের অর্থনীতিকে তাদের কুক্ষিগত করে রাখার চেষ্টা করছেন। গ্রামেতে যেভাবে কৃষি সমবায় গড়ে তোলা উচিত সেইভাবে তা গড়ে উঠতে পারছে না। এক দিকে সরকারী উৎসাহ বা প্রচেষ্টার অভাব, অপর দিকে কায়েমী স্বার্থের প্রতিবন্ধকতা সেট তো আছে, তা ছাড়াও আরেকটা জিনিস আছে, যেটা হচ্ছে সাধারণ মানুষের মধ্যে সমাজ চেতনার অভাব। এই তিনটি জিনিষের জন্য আমাদের দেশে বা গ্রামে কো-অপারেটিভ ফার্মিং ঠিকভাবে ডেভেলাপ করে নি যার জন্য আমরা দেখছি ১৯৬১-৬২ সালে পশ্চিমবঙ্গে যেখানে সামগ্রিকভাবে শস্যোৎপাদনের পরিমাণ ৫৮ লক্ষ টন ছিল সেখানে ১৯৬৩ সালে নেমে গিয়ে ৫৩ লক্ষ টন দাঁড়িয়েছে। লক্ষ্ণৌএ সম্প্রতি ফেব্রুয়ারী মাসের দ্বিতীয় সপ্তাহে সমবায় মন্ত্রীদের যে সম্মেলন হয়েছিল সেখানে একথা স্বীকার করা হয়েছে যে, বিভিন্ন রাজ্যে উৎপাদন হ্রাসের জন্য বিভিন্ন রাজ্য সরকার দায়ী, কারণ তাঁরা সমবায় আন্দোলন ঠিকরকমভাবে গ্রহণ করেন নি। সমবায় আন্দোলন যদি ঠিকভাবে গ্রহণ করে কো-অপারেটিভ ফার্মিংএর উপর জোর দেওয়া হত তাহলে অন্ততঃ গ্রামের কৃষকদের আর্থিক অবস্থা উন্নত করা যেত, উৎপাদন বৃদ্ধি করা যেত এবং সহরে বিভিন্ন জিনিসের মূল্য বৃদ্ধি রোধ করা যেত। মাননীয় মন্ত্রিমহাশয় যে সমস্ত তালিকা দিতেছেন, আমরা আশা করব তিনি যদি সেগুলি কার্যকরী করার চেষ্টা করেন তাহলে নিশ্চয়ই আমরা প্রোডাকশান বাড়াতে পারব। আমরা আরো আশা রাখি যে, বর্তমানে যে সমস্ত প্রতিবন্ধকতা আছে সেদিকে সরকার দৃষ্টি রাখবেন এবং দেশবাসীর মধ্যে যাতে করে সমবায়ের মনোভাব সৃষ্টি করতে পারেন তার জন্য সরকারকে চিন্তা করা দরকার। কনজিউমার কো-অপারেটিভ সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয় তাঁরা বক্তৃতা রেখেছেন, কিন্তু আমরা জানি এবং যে কথা আমি আগেও উল্লেখ করেছিলাম যে, কেন্দ্রীয় সরকার এই বিষয়ে যথেষ্ট সাহায্য ও সহযোগিতা করতে স্বীকৃত হয়েছে। কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজ্য সরকারকে কনজিউমার কো-অপারেটিভ খোলবার নির্দেশ দিয়েছিলেন এবং তার জন্য বরাদ্দ টাকাও দিতে রাজি হয়েছিলেন। কিন্তু আমরা দেখলাম যেক্ষেত্রে অন্যান্য রাজ্য এগিয়ে যাচ্ছে সেখানে পশ্চিমবঙ্গে কো-অপারেটিভ ফার্মিং ঠিকভাবে চালু করবার জন্য কোন বাস্তব পন্থা গ্রহণ করা হয় নি। সেজন্য আজকে এখানে সাধারণের প্রশ্ন হল, আজকে সহরের বাজারে যাঁদের কুক্ষীগত আছে, যাদের মনোপলি, আজকে যাঁদের ইন্টারেস্ট বাধা হয়ে দাঁড়াবে, সরকার যদি এসব বাধা ও প্রতিবন্ধকতা অপসারণ করে সমস্ত প্রয়োজনীয় জিনিষ কনজিউমার কো-অপারেটিভএর মাধ্যমে সাধারণ মানুষকে দিতে পারেন তাহলে সাধারণ মানুষ উপকৃত হবে। কিন্তু তা না করে যদি শুধুমাত্র শতকরা ৫ ভাগ এর মধ্যে নিয়ে এলাম, আর বাদ বাকী মনোপলি ব্যবসায়ীদের হাতে রেখে দেন তাহলে কিছুই হবে না, বরং কো-অপারেটিভ ফার্মিং একটা ফার্সে পরিণত হবে। তারপর কো-অপারেটিভ মার্কেটিং সম্পর্কে লক্ষ্ণৌএ সমবায় মন্ত্রীদের যে সম্মেলন হয়েছিল সেখানে একথা স্বীকার করা হয়েছিল যে, কো-অপারেটিভ ফার্মিংএর ক্ষেত্রে ভারতবর্ষ তুলা আর আখ ছাড়া আর কিছুতেই সাকসেসফুল হতে পারে নি। পাট এবং তুলার বীজ কো-অপারেটিভ মার্কেটিংএর মধ্যে যাতে করে ঠিক দরে কিনে এবং বিক্রী করে সাধারণ মানুষের কাছে পোঁছে দিতে পারা যায় তার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। একথাও লক্ষ্ণৌ সম্মেলনে আলোচিত হয়েছিল যে, স্টেট ব্যাঙ্ককে অনুরোধ করা হোক, কো-অপারেটিভ মার্কেটিংএর ক্ষেত্রে স্টেট ব্যাঙ্ক যেন পজিটিভ রোল নেয়, এবং রিজার্ভ ব্যাঙ্ক যেমন এগ্রিকালচার ক্রেডিট সোসাইটিকে সাহায্য দেবার ব্যবপারে এগিয়ে এসেছে তেমনি স্টেট ব্যাঙ্ক-এর কাছেও সরকারের এ্যাপ্রোচ করা উচিত যাতে তাঁরা পজিটিভ রোল নিয়ে সাহায্য করতে এগিয়ে আসেন। চতুর্থত, এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি বা ঋণদানের ব্যবস্থা যেটা আছে—লক্ষ্ণৌ সম্মেলনে একথা স্বীকার করা হয়েছিল যে, ভারতবর্ষে সমবায় আন্দোলন যদি

কোথাও কিছু মাত্র সাফল্য লাভ করে থাকে তাহলে সেটা হচ্ছে ক্রেডিট মুভমেন্ট। কিন্তু ক্রেডিট মুভমেন্টএ আমরা দেখি যে, সাধারণ কৃষকদের যে সময় টাকা প্রয়োজন, সে সময় টাকা পেলে তারা চাষ করতে পারে সেই সময় তারা সেটা পায় না, কারণ, এই ক্রেডিট সোসাইটিতে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যে, কায়েমী স্বার্থবিশিষ্ট রাজনৈতিক দলের নেতাদের হাতে থাকার ফলে অনেক ক্ষেত্রে অভাবগ্রস্ত ও প্রকৃত নিডি যারা তাদের কাছে সেই সাহায্য পৌঁছায় না। সেজন্য এই ক্রেডিট সোসাইটিতে যে দুর্নীতি ও অব্যবস্থা আছে সেগুলি দূর করবার জন্য সরকারের এগিয়ে আসা উচিত। শেষে আমি একটা কথা বলব, আজকে ভারতবর্ষে সমবায় আন্দোলন কি কারণে সার্থকতা লাভ করে নি তার কারণ অনুসন্ধান করার জন্য ভি আর মেহেতাকে নিয়ে একটা নতুন কমিটি করেছেন।

[1-20—1-30 p.m.]

সেই কমিটির কাজ হবে ভারতবর্ষের সমবায় আন্দোলনকে কেমন ভাবে এগিয়ে নিয়ে যাওয়া যায় যে সম্পর্কে অনুসন্ধান করবেন এবং সে সম্পর্কে সিদ্ধান্ত সরকারের কাছে জানাবেন। তেমনি ভাবে, পশ্চিমবঙ্গে যদি সরকার এইরকম একটা কমিটি করেন যে কমিটি পশ্চিমবঙ্গে বিভিন্ন ক্ষেত্রে সমবায় আন্দোলনের প্রসারতার সম্ভাবনা কোথায় আছে এবং কিভাবে যেগুলি আছে তাকে রিভাইটালাইজ করা যায় এবং নূতন নূতন ক্ষেত্রে কিভাবে সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে পারা যায় সে সম্পর্কে অনুসন্ধান করে সরকারের কাছে রিপোর্ট দিতে পারেন তাহলে আমি মনে করি পশ্চিমবাংলার সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে পারি এবং সাধারণ মানুষকে সমবায় আন্দোলনের লক্ষ্যে আমরা পৌঁছে দিতে পারব।

Shri Nikhil Das:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা শিল্প, বাণিজ্য, ছোট শিল্প এবং কুটির শিল্প খাতে ব্যয় বরাদ্দ উপস্থিত করতে গিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে পশ্চিমবাংলা শিল্পের ক্ষেত্রে এগিয়ে আছে। আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে তাঁর ভাষায় শিল্পসমৃদ্ধ পশ্চিম-বাংলায় পশ্চিমবাংলার যারা সন্তান তাদের স্থান কোথায় এটুকুন কি তিনি বিবেচনা করে দেখেছেন? আজকে সমৃদ্ধ শিল্প গড়ে উঠছে কিন্তু তাতে পশ্চিমবাংলার যারা সন্তান তারা ধীরে ধীরে শিল্পের ক্ষেত্র থেকে, বাণিজ্যের ক্ষেত্র থেকে যে সরে আসছে একথা কি সত্য নয়? সেজন্য গতবার তিনি যখন নূতন এই দপ্তরের ভার নেন তখন তাঁর কাছে একটা আবেদন রেখেছিলাম সেটা হচ্ছে, এই যে পশ্চিমবাংলায় বেকার সমস্যার সঙ্গে পশ্চিমবাংলার যে শিল্প তা অঙ্গাঙ্গী ভাবে জড়িত আছে, তাই পশ্চিমবাংলার শিল্প ও বাণিজ্যের ক্ষেত্রে পশ্চিমবাংলার সন্তানের জায়গা যদি ঠিকভাবে না হয় তাহলে পশ্চিমবাংলার সন্তান যারা তারা শিল্পে বাণিজ্যে যে চাকরী সে চাকরী তারা পাবে না—তাদের বেকার সমস্যা বেড়ে যাবে। আজকে পশ্চিমবাংলার দিকে যদি তাকিয়ে দেখি তাহলে দেখব পশ্চিমবাংলার মধ্যবিত্ত সমাজ, শিক্ষিত মানুষ যারা তারা আজ কাজ পায় না, চাকুরী পায় না। তাদের যে বিদ্যা আছে সেই বিদ্যাকে যদি শিল্পের কাজে লাগান যায় তাহলে পশ্চিমবাংলাকে আরও শিল্পসমৃদ্ধ করা যায়। ২।৪ দিন আগে এই অ্যাসেমব্লীতে কংগ্রেসের তরফ থেকে একজন সদস্য বলেছিলেন যে পশ্চিমবঙ্গে শিল্পের যে প্রসার হচ্ছে না তার কারণ হচ্ছে যে পশ্চিমবাংলায় কেউ মূলধন নিয়োগ করতে চায় না, কারণ পশ্চিমবাংলায় শ্রমিকরা অত্যন্ত বেশী স্ট্রাইক করে। কথা সত্যি নয়, সত্যি যে কথা সেকথা শিল্প মন্ত্রী তাঁর বক্তব্যের মধ্যে উল্লেখ করে গেছেন। ৫ লক্ষ টাকার উপর মূলধন বা বাণিজ্য সংস্থা যদি পশ্চিমবাংলার উপর গড়ে তুলতে চায় তাহলে কেন্দ্রের কাছ থেকে লাইসেন্স নিতে হয়, অনুমতি নিতে হয়। এই অনুমতি নেবার জায়গাটা একটা অদ্ভুত জায়গা। পশ্চিম-বাংলার সন্তান যারা তারা যদি পশ্চিমবাংলার বুকে শিল্প এবং বাণিজ্য সংস্থা গড়ে তুলতে চায় তাহলে ঐ মন্ত্রী দপ্তর এমন একজন মন্ত্রী আছেন যাঁর কাছ থেকে অনুমতি বা লাইসেন্স তারা পায় না। পশ্চিমবাংলায় শিল্প বাণিজ্য সংস্থা বাদে পশ্চিমবাংলার বাহিরের কোন মানুষ যদি গড়ে তুলতে চায় তাহলে তাদের পক্ষে সেই লাইসেন্স পাওয়ার চেহারার এই যে দিকটা এই দিকটার প্রতি আমি আপনার মাধ্যমে শিল্প মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা কথা বলতে চাই, তা হচ্ছে কলকাতা উন্নয়নের কথা, একটা বোর্ড স্থাপন করা হয়েছে তেমনি বড় বড় শিল্পের উন্নয়নের জন্য একটা বোর্ড তৈরী করা উচিত যে বোর্ডে সরকারী প্রতিনিধি থাকবে, এবং এছাড়া পশ্চিমবাংলার সন্তান, মধ্যবিত্ত ঘরের মানুষ যারা শিক্ষিত শিল্প সম্পর্কে জ্ঞান আছে, সে ধরনের লোক নিয়ে এ সংস্থা করা উচিত, যাতে করে পশ্চিমবাংলার মানুষ শিল্পে বাণিজ্যে তার যথাযোগ্য স্থান অধিকার করতে পারে। এছাড়া বেকার সমস্যা যাতে সমাধান হয় এ বোর্ড সে দিকে নজর দেবে, আর একটা দপ্তর করার কথা বলা হচ্ছে যা আপনার মাধ্যমে আমি শিল্প ও বাণিজ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তাদের ডাইরেকটোরেটএ একটা বিভাগ খুলুন, যে বিভাগে পশ্চিমবাংলার মধ্যবিত্ত মানুষ যারা শিক্ষিত যারা শিল্প বাণিজ্য সংস্থা গঠন করতে চায় তাদের সব কিছু দিয়ে সাহায্য করুন, যাতে নাকি তারা শিল্পে বাণিজ্যে স্থিতিবান হতে পারেন। এসব বিচার করবার জন্য ডাইরেক্টোরেটএ দপ্তর খোলা দরকার বলে আমি মনে করি। এরপর শিল্প নীতির কথা বলবো, শিল্প নীতি যদি কিছু বলতে হয় তাহলে প্রথমে বলবো পশ্চিমবঙ্গ সরকারের শিল্প নীতি সম্পর্কে বেশী কিছু বলবার নেই। শিল্প নীতি নির্ধারণ হয়ে আসে কেন্দ্র থেকে, তবুও ২।৪ কথা বলতে হয় কারণ এখানে ব্যক্তি উদ্‌যোগের কথা শুনেছি। এখানে প্রাইভেট ক্যাপিটেল কথা শুনেছি। এখানে পাবলিক সেকটারের কথা শুনেছি। কিন্তু সে কথা আপনার মাধ্যমে হাউসের কাছে রাখতে চাই সেটা হচ্ছে আমাদের কেন্দ্রীয় সরকারের মিশ্র অর্থনীতি যা শিল্প নীতির গোড়ার কথা হিসাবে গ্রহণ করেছেন। এই মিশ্র অর্থনীতি সম্পর্কে আমাদের সঙ্গে মত প্রভেদ থাকুক না কেন এটা ব্যর্থ হয়েছে, তবু তার মধ্যে আমি যেতে চাইছি না, কিন্তু যে কথা আপনার মাধ্যমে রাখতে চাই সেটা হচ্ছে যেটা মিশ্র অর্থনীতির গোড়ার কথা সেটা সরকারের ঘোষিত নীতিতে বলা হয়েছে। মিশ্র অর্থনীতিতে ব্যক্তি উদ্‌যোগের উল্লেখ থাকা সত্ত্বেও সেখানে ধীরে ধীরে রাষ্ট্রীয় উদ্‌যোগের দিকে শিল্পকে নিয়ে যাবার যে কথা আছে, সেটা মিশ্র অর্থনীতির গোড়ার কথা যে আমরা ধীরে ধীরে প্রাইভেট সেকটার বাড়াবো এবং এর মধ্য দিয়ে ধীরে ধীরে রাষ্ট্রীয় উদ্‌যোগের দিকে আমরা এটাকে নিয়ে যাবো এর ভেতর দিয়ে, কিন্তু যদি সেইটা লক্ষ্য করে দেখি তাহলে পশ্চিমবাংলার ক্ষেত্রে দেখবো মিশ্র অর্থনীতির যে কুফল সে কুফল পশ্চিমবাংলাব বুকে কিভাবে ফলছে—সে কথা আপনার মাধ্যমে রাখতে চাই। পশ্চিমবাংলার বুকে যে ছোট শিল্প গড়ে তোলা হবে তার একটা সংস্থা আছে, তা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল স্মল স্কেল ইন্ডাস্ট্রিয়াল করপোরেশন। কিন্তু এই করপোরেশনের ভেতর যারা বসে আছেন শিল্প প্রতিনিধি হিসাবে তারা মোটামুটিভাবে বড় শিল্পের সঙ্গে জড়িত। এই বড় শিল্পের সঙ্গে জড়িত থাকার জন্য তাদের দ্বারা ছোট শিল্পের উন্নতি কিভাবে হতে পারে? মাননীয় স্পীকার মহাশয় আপনি যদি এ বিষয় দৃষ্টি আকর্ষণ করেন তাহলে দেখবেন ছোট শিল্পকে প্রসার করবার জন্য যে জায়গায় যাওয়া উচিত ছিল তা তারা করতে পারেন নি। এবার বাজেটে দেখছি ১০ লক্ষ টাকা এই শেয়ার ক্যাপিটাল দপ্তরকে দেওয়া হয়েছে। কিন্তু ওয়েস্ট বেঙ্গল স্মল স্কেল ইন্ডাস্ট্রিয়াল করপোরেশনের মাধ্যমে যেভাবে শিল্পকে বিকেন্দ্রীকরণ করে গ্রামে গ্রামে শিল্প গড়ে তোলা উচিত ছিল, সম্প্রসারণ করা উচিত ছিল, ছোট শিল্পের সে জায়গায় তারা ব্যর্থকাম হয়েছেন। গ্রামে শিল্প ছড়িয়ে দেবার যে জায়গা সে জায়গায় শিল্প যাতে গড়ে উঠতে পারে সেই স্মল স্কেল ইন্ডাস্ট্রির জায়গায় পেছিয়ে আছেন কোন উন্নতি করতে পারেন নি। এর উদাহরণ কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রির হ্যান্ডলুম ইন্ডাস্ট্রিতে কথা উঠেছে—তাঁত শিল্প সম্বন্ধে। তাঁত শিল্পের ব্যাপারে আমি দেখাব ক্যাপিটেল আউটলে অর্থাৎ গ্রান্ট নং ২৭, হেড নং ৯৬এ ইন্ডাস্ট্রিয়াল স্টেটএ ২৫ হাজারের—একটা সুতাকলে তৈরী করার জন্য ৬ লক্ষ টাকা বরাদ্দ ছিল, কিন্তু যে ৬ লক্ষ টাকা খরচ করা হয় নি। এবং ২টা নিউ ইন্ডাস্ট্রিয়াল এস্টেট করবার ব্যাপারে ১০ লক্ষ টাকা খরচ করবার কথা ছিল ২ লক্ষ সেখানে খরচ হয়েছে বাকি টাকা খরচ হয় নি। ৮টা স্মল ইন্ডাস্ট্রিয়াল হেড করবার ব্যাপারে ৮ লক্ষ টাকা খরচ করবার কথা ছিল সেখানে ৪ লক্ষ টাকা খরচ হয়েছে। মাননীয় স্পীকার মহাশয় আমি আপনাকে দেখাচ্ছি ডেভেলাপমেন্ট কটেজ ইন্ডাস্ট্রির জন্য ডেভেলাপমেন্ট স্কীম খাতে যে টাকা ছিল তাও খরচ করতে পারেন নি। ১ কোটি ৫১ লক্ষ যে টাকা ছিল সেখানে খরচ হয়েছে ১ কোটি ২৩ লক্ষ টাকা। এবং ইন্ডাস্ট্রিজ-এর হেড নং ৯৬ লাল বইএর ২১২

পাতায় আমাদের ডেভেলাপমেন্ট স্কীম খাতে ক্যাপিটেল আউটলে খাতে ৬২ লক্ষ ৯২ হাজার টাকা ধরা ছিল খরচ হয়েছে সেখানে ২৩ লক্ষ টাকা। অতএব ইন্ডাস্ট্রিয়াল মেন হেডএর ব্যাপারে দেখুন বা কটেজ ইন্ডাস্ট্রিজের ব্যাপারে দেখুন ডেভেলাপমেন্ট খাতেরও বহু টাকা খরচ হয় নি, অব্যয়িত রয়ে গেছে। তাই আপনার মাধ্যমে যে কথাটা জোরের সংগে বলতে চাই যে, পশ্চিম বাংলাকে যদি বাঁচাতে হয়, পশ্চিম বাংলাকে শিল্পে সমৃদ্ধ করে তুলতে হয়—পশ্চিম বাংলার বেকার সমস্যা যদি সমাধান করতে হয় তাহলে শিল্প মন্ত্রীর অনেক করণীয় কাজ আছে। বিদ্যুৎ সংকট আছে বলেছেন—বিদ্যুৎ সংকটের জন্য শিল্পের যা প্রসার হওয়া উচিত সেই প্রসার হতে পারছে কি? যার জন্য তিনি সাচদেও কমিটির রিপোর্টের কথা বলেছেন। তাতে বলা আছে যে যে পরিমাণ কাজ করার কথা ছিল বিদ্যুতের জন্য সে পরিমাণ কাজ হয় নি। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় কিছুটা পরিকল্পনা নেওয়া হয়েছে। ২৩ কোটি টাকা এই খাতে দিয়েছেন। কিন্তু একটি প্রশ্ন আপনার মাধ্যমে করছি যে যেন আমাদের একদিকে আন-ব্যালেন্সড না হয়ে যায়। যেমন বিদ্যুৎ সংকট সমস্যার দিকে নজর চলে গেল—সেদিকে তা হয়ে গেল তারপর আবার অন্য দিকে চলে গেল নজর। এই যে আনব্যালেন্সড ইকনমি—এই যে অবস্থা পশ্চিমবঙ্গের এই দিকে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি —এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-30—1-40 p.m.]

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, শিল্পমন্ত্রী মহাশয় আমাদের যে দাবী উপস্থিত করেছেন সমবায় খাতে এবং শিল্প খাতে ৬ কোটি ৩৮ লক্ষ ২৩ হাজার টাকা—এটা খুব বেশী বলে মনে করি না। অবশ্য আমি অনেক নীতিও সমর্থন করি না। যার কারণ হচ্ছে যদি দেখি শিল্পের মাধ্যমে অথবা সমবায়ের মাধ্যমে বাংলা দেশের লক্ষ লক্ষ লোকের উপকার হবে—বা কর্মসংস্থানের ব্যবস্থা করতে পেরেছে। আয় বৃদ্ধির জন্য চেষ্টা করছে—অন্ন সংস্থানের ব্যবস্থা করতে পারে তাহলে এই ৬ কোটি টাকার দ্বিগুণ যদি দাবী করতেন তাহলে আমরা সমর্থন করতাম। কিন্তু আমরা দেখতে পাচ্ছি বৃটিশ আমলে তাদের যে সাম্রাজ্যবাদী নীতি ছিল তার মধ্যে তাতে বাংলার সম্পত্তি কারা নষ্ট করেছিল এবং বাংলা দেশকে একটা কাঁচা মাল সরবরাহের একটা কেন্দ্রে পরিণত করেছিল। সেটা আমরা আজকে দেখতে পাচ্ছি। এই ১৫ বৎসরে কংগ্রেস সরকার এই পুঁজি-পতিদের স্বার্থ পরিচালনা করতে গিয়ে বাংলার লক্ষ লক্ষ যুবক আজকে বেকারে পরিণত, অর্ধ বেকারে পরিণত হয়েছে। তাদের অন্ন সংস্থানের কোন ব্যবস্থা নাই। কিন্তু আমরা মনে করি যে এই শিল্প নীতি, শিল্প নীতি পরিবর্তন করার ফলে তারা যদি গ্রামে গ্রামে কুটির শিল্পের অগ্রাধিকার দিতে পারত তাহলে আমার মনে হয় নিশ্চয়ই বাংলা দেশের লোকের অন্ন সংস্থানের ব্যবস্থা হোত। কিন্তু দুঃখের বিষয় শিল্প মন্ত্রী এখানে যা বক্তৃতা দিলেন তাতে মনে হোল যে তিনি যে স্কুলের ছেলেকে কতকগুলি উপদেশ দিলেন। তিনি তাঁর নীতির পরিবর্তন করতে পারেন কিনা সে বিষয়ে তিনি একটা কথাও বললেন না। সেজন্য আমি বলবো তাঁর যে শিল্প-নীতি সে সম্বন্ধে কিছু বলেন নি। কয়েক দিন পূর্বে সমবায় সম্বন্ধে যে সম্মেলন হয়ে গেল মন্ত্রীদের যে সম্মেলন হয়ে গেল—অথবা প্ল্যানিং কমিশনের যে রিপোর্ট তাতে আমরা দেখেছি যে এঁদের এই শিল্প নীতি ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। তার মূল কারণ যতক্ষণ পর্যন্ত এঁদের মধ্যে থেকে স্বজন পোষণ নীতি বর্জন না হয় ততক্ষণ পর্যন্ত শিল্প নীতি বাংলা দেশে সফলতা লাভ করতে পারে না। আমার সময় অল্প খুব বেশী বলতে চাই না। বিরোধী পক্ষ থেকে অনেক কিছু এ বিষয়ে আলোচনা করা হয়েছে—এই শিল্প নীতি ব্যাপারে। বাংলা দেশের লোকসংখ্যা প্রচুর বেড়ে চলেছে—তাদের হাতে যদি কাজ না দিতে পারেন মানুষকে যদি শ্রেষ্ঠ বলে গণ্য করতে না পারেন তাহলে আমরা এই বাজেট সমর্থন করতে পারবো না। এই হচ্ছে মূল কথা। বিকেন্দ্রীকরণ করতে হবে এবং গ্রামীণ শিল্প অথবা কুটির শিল্প—আজকে প্রত্যেক কুটিরকে একটা করে কারখানায় পরিণত করতে হবে। বাংলা দেশের মৃতপ্রায় শিল্প যেমন—তাঁত, শঙ্খ কিংবা রেশম, তসর ইত্যাদি বহু শিল্প আছে তাদের পুনর্জীবন দিয়ে সেখানে কর্মসংস্থাপনে ব্যবস্থা করবার চেষ্টা করুন। এখানে একটা উদাহরণ দিয়ে বলবো যে—মন্ত্রীদের তরফ থেকে অন্যান্য রাষ্ট্রের উদাহরণ দেওয়া হয়—এখানে পাঞ্জাবের কথা বলবো—যে পাঞ্জাবে সেখানে ২৫

হাজার ক্ষুদ্রায়তন শিল্প—তারা সেখানে স্থাপন করেছেন এবং ২ হাজার লোক সেখানে কাজ করছে। তারা বছরে প্রায় ১০০ কোটি টাকা ক্ষুদ্রায়তন শিল্প থেকে উৎপাদন করেছে। এইসব ভাল ভাল জিনিস আপনারা গ্রহণ করুন। তারপর এই বিভাগের এই যে শিল্পনীতি—তা সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। আমি অনুরোধ করছি যে তা তাঁরা পরিবর্তন করুন। বাংলাদেশের কথা চিন্তা করে, বাংলার স্বার্থের কথা চিন্তা করে, মুষ্টিমেয় কয়জন পুঁজিপতিদের কথা ছেড়ে দিয়ে বাংলার সামগ্রিক স্বার্থের জন্য এই শিল্পনীতি আপনারা পরিবর্তন করুন।

তারপর এই বিভাগের অপদার্থতা এবং দুর্নীতি সম্পর্কে আমার গুরুতর অভিযোগ আছে যে জন্য এই টাকার বাজেট বরাদ্দ আমি সমর্থন করতে পারছি না। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার সামনে কয়েকটি উদাহরণ দেব। কিছুক্ষণ পূর্বে কোশ্চেন আওয়ারে সেরামিক ইনস্টিটিউট সম্বন্ধে আলোচনা হয়ে গেছে। আমি এই সেরামিক ইনস্টিটিউট সম্বন্ধে কয়েকটি প্রশ্ন করছি, আমি কতকগুলি অভিযোগ তুলছি—তিনি যদি তার সঠিক জবাব দেন। এই বেঙ্গল সেরামিক ইনস্টিটিউট বেলেঘাটায় অবস্থিত। দীর্ঘ দিন ধরে সেখানে জালিয়াতি, জুয়াচ্চুরির একটা আড্ডাখানায় পরিণত হয়েছে, লক্ষ লক্ষ টাকা সেখানে তছরূপ হচ্ছে। মাননীয় মন্ত্রী মহোদয় জানেন, এই শিল্প বিভাগের ডিরেকটরও জানেন—সেখানকার যে ডেপুটি ডাইরেকটর শ্রীশশধর রায় তিনি এই জুয়াচুরির আড্ডায় বসে আছেন এবং সেখানে পদস্থ কর্ম-চারীদের নিয়ে একটা জোচ্চুরীর ব্যবসায় চালাচ্ছেন। তা প্রতিকার করবার কোন ব্যবস্থা হচ্ছে না। সেখানে এন্টি-করপশান ডিপার্টমেন্ট গিয়ে সে বিষয়ে তদন্ত করেছেন, রিপোর্টও দাখিল করেছেন। তা ধামাচাপা দেওয়া হয়েছে কেন? কেন তা প্রকাশ করা হচ্ছে না? আর যখন কোশ্চেন করা হয়েছে, তখন ধামাচাপা দিয়েছেন। কেন তার উত্তর দিচ্ছেন না? কোন্ স্বার্থে? কাদের স্বার্থে? বাংলার জনগণের স্বার্থে? পেটোয়া মন্ত্রীগণের স্বার্থে? অথবা কয়েকটা পেটোয়া লোকের স্বর্থে—তা প্রকাশ করা হচ্ছে না—বলুন? আমি তাকে বলতে চাই যে সেখানকার বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ আছে, আমি এক এক করে সেই সমস্ত অভিযোগের কথা বলছি। ১৯৫০ সাল থেকে ১৯৫৮ সালের মধ্যে সুপারিনটেনডেন্ট শশধর রায় মহাশয়ের শ্যালক কাস্টম স্টোর কিপার, সুশীল ভট্টাচার্যের দ্বারা মিথ্যা ভাউচার দিয়ে ২৫ হাজার টাকার অধিক মুল্যের মাল কেনা হয়েছে এই সব ভাউচারের এন্ট্রি লেজার বুকে কিছু নাই। বর্তমানে উক্ত সুশীল ভট্টাচার্য স্টোর কিপার থেকে সুপারভাইজার পদে উন্নীত হয়েছে।

দ্বিতীয় অভিযোগ ১৫ হাজার টন কয়লা ঘাটতি পড়েছে। অথচ এই সুশীল ভট্টাচার্য এবং শ্রীরমেশ চক্রবর্তী নামে আর একজন অফিসার কয়লার ডেলিভারী নিয়েছিলেন।

তারপর তৃতীয় অভিযোগ ফোরম্যান ইন্সপেকটর কোন চাহিদা না থাকা সত্ত্বেও শ্রীশশধর রায় ডেপুটি সুপারিনটেনডেন্ট এবং ঐ ওখানকার ডেপুটি ডাইরেকটর অফ ইন্ডাস্ট্রীস, তিনি অফিস সুপারিনটেনডেন্ট, স্টোর সুপারভাইজারএর সঙ্গে গোপন পরামর্শে ৩ লক্ষ টাকার যন্ত্রপাতি তিন বছর পূর্বে কিনেছিলেন। কিন্তু সেসব কোন কাজে লাগান হয় নি এবং গভর্নমেন্টের কাছে রিপোর্ট যাচ্ছে যে যেগুলি কাজে লাগান হয়েছে। এখন সেগুলি একেবারে অব্যবহার্য অবস্থায় পড়ে আছে।

তারপর চতুর্থ অভিযোগ হচ্ছে ১৯৫৮ সাল থেকে ১৯৬০ সালের মধ্যে বিভিন্ন এক্সিবিশন-এর জন্য সেলস ম্যানেজার শ্রী পি ঘোষ এবং স্পেশাল অফিসার মনোরঞ্জন চক্রবর্তী, তাঁরা যে মাল-পত্র কিনেছিলেন ও বিক্রয় করেছিলেন ডেপুটি ডিরেক্টর শ্রী দত্তের সহিত গোপন পরামর্শে প্রায় ২২ হাজার টাকার কোন হিসেবপত্র রাখা হয় নাই।

তারপর পঞ্চম অভিযোগ হচ্ছে ডেপুটি ডিরেকটর শ্রী দত্ত তাঁর পেটোয়া লোকের সঙ্গে পরামর্শ করে কতকগুলি ফালতু ফার্ম করেছেন এবং সেই ফার্মের দ্বারা বিনা টেন্ডারে কাঁচামাল ও যন্ত্রপাতি ক্রয় করেন এবং সরবরাহের ব্যবস্থা করেন। এই ফার্মগুলির নাম হচ্ছে মেসার্স বিল্ডার্স করপোরেশন, মেসার্স ইনল্যান্ড ট্রেডিং কোম্পানী, মেসার্স হিন্দ অ্যান্ড কোং, মেসার্স সায়েন্টিফিক ট্রেডার্স, মেসার্স রায় চৌধুরী অ্যান্ড কোং—এগুলি পেটোয়া সব ফালতু কোম্পানী। এর একটাও রেজিস্টার্ড নয়। বেনামীতে সব রাখা হয়েছে এবং জিনিস সরবরাহের ব্যবস্থা করা হচ্ছে কিন্তু শ্রীশশধর দত্ত বেন-চায়নার জিনিসপত্র তৈরী করবার একটা স্কীমের জন্য

গভর্নমেন্টের কাছ থেকে তিনি দু-শো টাকা স্পেশাল মাইনে ড্র করেন। কিন্তু তাঁর এই বোন-চায়না সম্বন্ধে বিন্দুমাত্র অভিজ্ঞতা নাই। নানাভাবে সেখান থেকে টাকা সংগ্রহ করা হচ্ছে এবং সেটা সম্পর্কে অ্যান্টি-করাপশান ডিপার্টমেন্ট বলেছেন শ্রী দত্তের এ সম্বন্ধে অভিজ্ঞতা নাই। তবুও তাঁকে কেন সেখানে রাখা হয়েছে?

তারপর আর একটা অভিযোগ আছে। এই শিল্প বিভাগ সম্বন্ধে, তার শিল্প প্রশিক্ষণ প্রকল্প সম্বন্ধে একটা জিনিষ বেরিয়েছে যে দুর্নীতি ও অসাধু কার্যকলাপের একটা বিরাট আখড়ায় সেটা পরিণত হয়েছে। এজন্য বহু টাকা খরচ করা হচ্ছে। অথচ সেখানকার একজন ডেপুটি ডাইরেকটর—অতিরিক্ত ডাইরেকটর শ্রী ডি এন ঘোষ, তিনি সেখানে আত্মীয় পোষণ ও স্বজন তোষণ করছেন, এই দুর্নীতির অভিযোগ তাঁর সম্পর্কে আছে।

তারপর বিদ্যুৎ পর্ষদেরও বিভিন্ন ঘটনা সম্পর্কে আর একটা অভিযোগ আছে। মন্ত্রী মহাশয় এই বিদ্যুৎ পর্ষৎ সম্পর্কে বড় বড় কথা বলে গেলেন। আমি এই বিদ্যুৎ পর্ষৎ সম্বন্ধে একটা বড় অভিযোগ তুলছি। সেখানে শ্রী এস এন রায় তার চেয়ারম্যান। শ্রী রায় এমন একজন অবসরপ্রাপ্ত অফিসার, যাঁদের সেখানে স্পেশাল অফিসার নিযুক্ত করেছেন, তাঁর কোন কাজ সেখানে নাই।

তারপর এন দত্ত নামক এক বন্ধুকে সেখানে চিফ ইঞ্জিনীয়ার নিযুক্ত করা হয়েছে। তাঁরও কোন কাজ নাই -কেবল ট্যুর প্রোগ্রাম করা ও টি এ বিল নেওয়া ছাড়া। চিফ ইঞ্জিনীয়ার হবার মত কোন অভিজ্ঞতা তাঁর নাই। এবং চিফ ইঞ্জিনীয়ারিং সম্বন্ধে তার কোন অভিজ্ঞতা নেই। সেখানে তার একজন অ্যাকাউন্টস অফিসার আছেন, তাঁর নাম হচ্ছে শ্রী এ কে সরকার। তাঁর অডিট হিসাব সম্বন্ধে কোন রকম অভিজ্ঞতা নেই। হিসাবের এরিয়ার পড়ে রয়েছে, কিন্তু তাঁর পে স্কেল বেড়ে যাচ্ছে। এইসব অভিযোগ রয়েছে। তাছাড়া আপনার কাছে জানাই এঁরা কি রকম অযোগ্য। এ সম্বন্ধে আমি দু-একটা উদাহরণ দিয়ে আমার বক্তব্য শেষ করতে চাই। বহু জায়গায় এই অযোগ্যতার ঘটনা পরিচয় আছে, আমি তার কয়েকটা উদাহরণ দিচ্ছি। গতবারে আমরা দেখেছি সমবায়ের জন্য আপনারা ১ কোটি ২৩ লক্ষ টাকা খরচ করতে পারেন নি। কুটির শিল্পের জন্য ২ কোটি ৪০ লক্ষ টাকা আপনারা খরচ করতে পারেন নি। কল্যাণী শিল্প এস্টেটের জন্য ২ কোটি ২৬ লক্ষ টাকা লোকসান দিয়েছেন। এবং এখানে খেলনার নামে মন্ত্রী, উপমন্ত্রীর যে খেলা চলছে সেটা আমি নাই উল্লেখ করলাম। এই ধরনের আমি বহু উদাহরণ দিতে পারি। যেমন ইট কারিগর সম্বন্ধে বহু টাকা লোকসান দিয়েছেন। সরকারী বিজনেস নামে বহু টাকা লোকসান দিয়েছেন। চারু শিল্পের নামে বহু টাকা লোকসান দিয়েছেন। এই ভাবে তো সরকারী ব্যবস্থা চলেছে। আমি শেষে একটা কথা অনুরোধ করবো এই রকম তাঁরাও অনেক জায়গায় শিল্প প্রতিষ্ঠা করতে চান, কিন্তু, ঐ দীঘার উপকূলে ১০ হাজার একর লবণ জমি পড়ে আছে, তার মধ্যে গভর্নমেন্টের অধীনে প্রায় পাঁচ, ছয় হাজার একর জমি আছে, সেখানে থেকেও বাংলা দেশের জন্য ৬৫ লক্ষ মণ লবণ তোলা যেতে পারে, সেটার জন্য এ পর্যন্ত কোন ব্যবস্থা সরকার গ্রহণ করেন নি। আমি সেই জন্য বলছি আপনারা সেদিকে লক্ষ্য দিয়ে যাতে বাংলা দেশের লোককে সস্তায় নুন খাওয়াবার ব্যবস্থা সম্ভব হয়, তার ব্যবস্থা করুন।

[1-40--1-50 p.m.]

Shri Jamini Bhusan Saha:

মাননীয় স্পীকার মহাশয়, আমরা যদি তুলনা করে সমাজতান্ত্রিক দেশের কথা বলি তাহলে এঁদের গা জ্বালা করে ওঠে, আর ধনতান্ত্রিক দেশের কথা তুলনা করলেই এঁরা অসহিষ্ণু হয়ে ওঠেন তা আমি সেই সমস্ত দেশের ধার দিয়েই যাচ্ছি না। আমাদের দেশের আশ-পাশ দেশগুলি, যারা সদ্য স্বাধীন হয়েছে তাদের কয়েকটি উদাহরণ, অর্থাৎ উৎপাদন বৃদ্ধির হার বিশ্ব অর্থনৈতিক কমিশনারের রিপোর্ট যা ১৯৬০ সালে প্রকাশিত হয়েছে, তার থেকে আপনার কাছে উদ্ধৃত করছি। ভারতবর্ষে উৎপাদনের হার শতকরা ৩। ইরাকে শতকরা ৯। ব্রহ্মদেশে শতকরা ৬। ঘানায় শতকরা ৫। ইন্দোনেশিয়ায় শতকরা ৪। ব্রেজিলে শতকরা ৬। বিশ্ব অর্থনৈতিক কমিশন-এর ১৯৬০ সালের রিপোর্ট থেকে এইটা এখন বোঝা যায় যে উৎপাদনের সাথে শিল্পের একটা উন্নতির সম্পর্ক ওতপ্রোতভাবে জড়িত। আমাদের বাংলাদেশ আমরা জানি,

যে কথা একটু আগে আমাদের মন্ত্রিমহাশয় খুব গর্বের সাথে বলেছেন যে, অন্য প্রদেশের তুলনায় বাংলাদেশের শিল্প অনেক উন্নত। এখন এই কথা তিনি বলেছেন, অথচ শঙ্করদাসবাবু, তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন কি শিল্পে গুরুত্ব দেওয়া সম্পর্কে, খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতার জরুরী প্রয়োজনের কথা যদিও আমরা বিস্মৃত হইব না, তথাপি ইহা বলা দরকার যে জনসংখ্যার চাপের ফলে ভারতে এবং বিশেষ করে পশ্চিমবঙ্গে শিল্পে সম্প্রসারণ ও প্রবর্তন কিছুটা অত্যাবশ্যক হইয়া উঠিয়াছে। এখন এই স্বীকৃতির পরেও বাজেট বরাদ্দের ক্ষেত্রে দেখছি আমরা ২৬নং গ্র্যান্ট, আমি কুটীর শিল্প সম্পর্কে বলছি বা ডেভেলপমেন্ট স্কীম সম্পর্কে যে টাকা ধরা আছে, সেটা বাদ দিলেও, এখানে দেখতে পাচ্ছি ২ কোটি ৭৪ লক্ষ ২৪ হাজার টাকা তাঁরা বরাদ্দ করেছেন। সমস্ত বাজেটে যত টাকা পাশ করা হয়েছে, তার দু-পারসেন্টও কম। এবং এই বাজেটে যে টাকা বরাদ্দ করা হয়েছে, এমন মাথাভারী শাসন ব্যবস্থার জন্য, তার মধ্যে থেকে প্রায় সাড়ে একান্ন লক্ষ টাকার উপর অফিসারদের পে, এস্টাব্লিসমেন্ট চার্জ ইত্যাদি বাবদ খরচ করা হয়েছে। অর্থাৎ ১।৪ ভাগ টাকা, বা চার ভাগের এক ভাগ টাকা এই সব আমলা পোষার ব্যাপারে খরচ হচ্ছে। এবং শুধু তাই নয়, কৃতিত্বের কথা দেখতে পাচ্ছি ওঁদিকের অনেক বক্তারা বলেছেন। লোকসানের খাতে এবার যে ফিনান্সিয়াল রিপোর্ট পেশ করেছেন এই বৎসরে, তাতে রিপোর্টের মধ্যে প্রকাশ ছোট ছোট শিল্প বা সেণ্টার, তার যে ক্ষতির পরিমাণ দেখছি, এত ডিটেল পড়তে গেলে সময় নষ্ট হবে, আমি শুধু বলি ১৯৬২-৬৩ সালে ৪ লক্ষ ৭০ হাজার টাকা লোকসান দিয়েছেন। কোন কোন খাতে? ইণ্ডাস্ট্রিয়াল সেণ্টার, ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট কল্যাণী, সেণ্ট্রাল ইঞ্জিনীয়ারিং অর্গানিজেশন, উড ইণ্ডাস্ট্রি, ওয়েস্ট বেঙ্গল ব্রিক, এই সব খাতে। এই গেল শুধু লোকসান। খরচ না করতে পারা এদের একটা অভ্যাস। অডিট কমিশন রিপোর্টে, এখানে যতদিনের রিপোর্ট পেশ করা হয়েছে তার থেকে দেখা যায় যে শিল্প খাতে ১৯৫৭-৫৮ সালে, ৩২ পাতায় দেখুন, ১,৯৫,৭০,০০০ টাকা বরাদ্দ ছিল। কিন্তু সেখানে খরচ করেছেন কত? ৭২ লক্ষ টাকা। এক্সেস কত খরচ করতে পারেন নি, ১,২৬,৫৯,০০০ টাকা। পার্সেণ্টেজ অব সেভিংস ৬৫ পার্সেণ্ট। অদ্ভুত। ১৯৫৮-৫৯ সালের রিপোর্টে একই চিত্র। ১,৭৫ লক্ষ ৮৪ হাজার টাকা বরাদ্দ ছিল, খরচ করেছেন ১,৩৪,৫১,০০০ টাকার মত। ৫১ লক্ষ টাকা খরচ করতে পারেন নি। সেভিংস হয়েছে ২৭ পার্সেণ্ট। পেজ ৪৪ এ আছে। লোকসান, খরচ না করতে পারাত আছেই। তাছাড়া অপচয় অডিট কমিশন রিপোর্টে পাবেন ১৫৬-১৫৭ পাতায়, সেখানে আছে ১৯৫০ থেকে ১৯৫৯ সাল এই ১০ বৎসরে স্টেট এড কমিটির তরফ থেকে, অর্থাৎ যেটা কর্পোরেশন করা হয়েছে, বিভিন্ন শিল্পে দেখা যাচ্ছে ১৯ লক্ষ ৬৯ হাজার টাকা দেওয়া হয়েছে, সেই টাকা কিভাবে দেওয়া হয়েছে, তার কতগুলি ইন্টারেস্টিং কেস দেওয়া হয়েছে এবং সেগুলি দেখা দরকার। ন্যাশনাল ডিস্টিলারি এ্যাণ্ড কেমিক্যাল কোং, সেই কম্পানী আসানসোলে, তাদের লোন দেওয়া হয়েছে ১ লক্ষ ৫০ হাজার টাকা তার জমি এবং মেশিনারীর এগেনস্টে। কিন্তু দেখা গেল কি, যখন লোন দেওয়া হয়েছিল সেই লোন চারটা ইন্সটলমেণ্টে শোধ করার সময় হচ্ছে ২১শে ডিসেম্বর '৫১ সাল, ২১শে ডিসেম্বর '৫২ সাল, ২৩শে ডিসেম্বর '৫৩ সাল, কিন্তু এনকোয়ারি করে দেখা গেল যার এগেনস্টে লোন দেওয়া হয়েছে সেই সমপরিমাণ টাকা নিয়ে ইতিমধ্যেই কোন এক ব্যাঙ্কে মর্টগেজ হয়ে পড়ে আছে। অর্থাৎ তার আগেই মর্টগেজ হয়ে পড়ে আছে। এই রকম বোগাস কোম্পানীকে লোন দেওয়া হয়। এটা অডিট কমিশনের রিপোর্টেই বলা আছে আমাদের কথা নয়। এখানে ১,৪১,৫০০ টাকা বিভিন্ন কোম্পানীকে ধার দেওয়া হয়েছে এবং তার মধ্যে তিনটি কোম্পানীর ৯২,৫০০ টাকা দেনা শোধ করার ক্ষমতা নেই। আর পাঁচটি কোম্পানীর কোন অস্তিত্ব নেই। এইগুলি অডিট কমিশনের রিপোর্টে আছে। তাছাড়া আছে কি, কণ্ট্রাক্টরকে সুযোগ সুবিধা দেওয়া। ব্ল্যাক লিস্টের কণ্ট্রাক্টারদের কণ্ট্রাক্ট দেওয়া হয়েছে এই রিপোর্ট দেখলেই তা দেখা যাবে।

The Hon'ble Tarun Kanti Ghosh:
আপনি কবেকার কথা বলছেন?

Shri Jamini Bhusan Saha:
১৯৬০-৬১ সালের রিপোর্ট আমাদের কাছে দেওয়া হয় নি, দিলে আরো অনেক কিছু দেখতে পাবেন, এটা আমি আগের কথা বলছি।

[1-50—2 p.m.]

সেখানে ১৯৫৯ সালের ব্ল্যাক্ লিস্টেড্ কন্ট্রাক্টার এটা অডিট কমিশন-এর রিপোর্ট ১৯৫৮-৫৯ সালের রিপোর্ট—কেসটা খুব ইন্টারেস্টিং কেস। ৭ লক্ষ ৪৯ হাজার টেন্ডার কল করা হয়েছে intregrated scheme for training-cum-production centre for wood industries. টেন্ডার কল করা হল না ভার্বালি বলে দেওয়া হল। ৭ লক্ষ ৭৯ হাজার টাকা মত সেখানে খরচ হবে। মেসিনারী টিম্বার ইত্যাদির জন্য সেখানে তাঁরা ভার্বালি একটা কন্ট্রাক্ট দিলেন এবং এমন লোককে দিলেন যাকে কণ্ট্রাক্ট দিয়ে আরও ১ লক্ষ ৩০ হাজার ৮৫০ টাকা বেশী দেওয়া হবে। তিনি হচ্ছেন ১৯৫৮ সালের ব্ল্যাক লিস্টেড কণ্ট্রাক্টার গভর্নমেণ্টের খাতায়। সেই কণ্ট্রাক্টার-এর কাছ থেকে যে দরে মাল নিলেন সেজন্যে ২০ হাজার টাকা বেশী দিতে হল এবং নেক্সট ধার দেওয়া হয়েছে যে টাকা সেই টাকা তোলা হয় নি এখন পড়ে আছে এবং তামাদি হয়ে যাওয়ার অবস্থা। ১৯৫৯ সাল পর্যন্ত যে রিপোর্ট তাতে ৯ লক্ষ ৩৭ হাজার ৮৪৭ টাকা, এটা তামাদি হয়ে যাওয়ার অবস্থা। তার পর স্পেশাল কেস, ইন্টারেস্টিং কেস দিয়েছেন অডিট রিপোর্ট-এ। আপনারা সেখানে দেখবেন কারণ, এখানে বলার সময় আমার নেই। এখন এই হল অবস্থা। ইণ্ডাস্ট্রি সম্পর্কে গুরুত্ব দেওয়ার কথা আমরা দেখেছি এই হচ্ছে বাংলাদেশে ইন্ডাস্ট্রির গুরুত্ব। তার পরের অবস্থা কি, না, সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যান-এর কথা তুলেছেন তিনি। দশ বছর কেটে গেছে, দশ বছরে আমাদের দেশে ভারত সরকারের পক্ষে থেকে চিত্তরঞ্জন রেলওয়ে ওয়ার্কসপ, হিন্দুস্থান কেবলস্ আর দুর্গাপুরে হয়েছে ইস্পাত। রাজ্যসরকারের অধীনে কল্যাণীতে একটা সুতাকল হয়েছে কথা ছিল তিনটি হবে, হয়েছে একটা, তারা অন্য ক্যাপিটাল মূলধন ৫১ পি সি সরকার দিয়ে থাকী পারসেণ্ট বেসরকারী পুঁজি নিয়োগ করেছেন। শুধু তাই নয়, এই কারখানায় যে উৎপাদন হচ্ছে কথা হয়েছিল সমবায় মাধ্যমে তাঁতিদের এই সুতা দেওয়া হবে, কিন্তু সেখানে সমবায় তাঁতি যারা আছেন তাদের সুতা সাপ্লাই না দিয়ে অন্যান্য ব্যবসাদারদের বিক্রী করা হচ্ছে। কটেজ ইন্ডাস্ট্রি বাড়বে কি করে? থার্ড প্ল্যান-এ দুটো পরিকল্পনা হবে সুতাকলের। এই হচ্ছে দশ বছরে আমাদের শিল্পোন্নতি বাংলাদেশে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে ভারী এবং মূল শিল্প যতই আপনারা চেঁচান তার নিয়ন্ত্রণক্ষমতা যতদিন রাজ্যসরকারের না হয় ততদিন আমাদের দেশে শিল্প গড়ে তুলতে পারবেন না। বাংলাদেশের ভারী শিল্প নিয়ন্ত্রণ কে করে? পাট, চা, কয়লা, ইঞ্জিনীয়ারিং এই চারটি ভারী শিল্পের ক্ষেত্রে দেখছি কি? একচেটিয়া পুঁজিপতি এবং বিরাট শিল্পপতিদের হাতে সেগুলি রয়েছে। তাদের কন্ট্রোলের মধ্যে আছ বলে যখন যা খুশী করছে। ফুড ক্রাইসিস তারাই সৃষ্টি করে। পাট চাষীদের তারাই মারছে। পাট চাষীদের ২০ লক্ষ পরিবার আছে তারা নির্ভরশীল এই পাট শিল্পের উপর তাদের মারছে অর্থাৎ গভর্নমেন্ট ক্যাননট কন্ট্রোল, মূল শিল্পকে যদি কন্ট্রোল করতে না পারেন তাহলে দেশের অর্থনৈতিক বিকাশের পথে আমরা কোনদিনই অগ্রসর হতে পারব না। শুধু তাই নয়, কি রকম কন্ট্রোল এখানে চলছে। বাংলাদেশের শতকরা ৯৯ ভাগেরও বেশী। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে যা হয়েছে তারা এই মূল শিল্প, বিরাট শিল্প নিয়ন্ত্রণ করে। ভারতের আন্তর্জাতিক কমিশনের হিসাবে বাংলাদেশে ১৯৫৯-৬০ সালের হিসাবে যে ১১ হাজার ৫৮২টি যৌথ কোম্পানী আছে তাদের মূলধন ৩৭০ কোটি ১০ লক্ষ। আমাদের রাজ্যে পাঁচটি কারখানায় আমাদের মূলধন ১ কোটি ৪০ লক্ষ।

পারবেন কি করে? ৩৭০ কোটির সাথে ১ কোটি দশ লক্ষ কি করে টাকা দিতে পারবে? সুতরাং এই একচেটিয়া পুঁজিপতিদের হাতে যদি নিয়ন্ত্রণ থাকে তারা ইচ্ছা করে শিল্প বিকাশ ব্যাহত করে রাখবে, অর্থাৎ জনসাধারণের দিক থেকে শিল্প বিকাশের দিকে তাদের লক্ষ্য থাকবে না, তাঁরা চেষ্টা করবেন একচেটিয়া পুঁজি খাটিয়ে কিভাবে মুনাফা অর্জন করবেন। আজকে আপনারা তাঁদেরই কাছে সরেণ্ডার করছেন। শুধু তাই না, আপনাদের এই সারেণ্ডারের অর্থটা কি দেখুন, চটশিল্পে যেখানে ১৯৪৮ সালের হিসাবে ৩ লক্ষ ৪০ হাজার শ্রমিক কাজ করত বর্তমানে ১ লক্ষ ৯৫ হাজার শ্রমিক—সেই সংখ্যা নেমে গিয়েছে। বাকী লোকগুলি গেল কোথায়? আজকে কারা কন্ট্রোল করছে? না, বিদেশী একচেটিয়া পুঁজিপতি মালিক, এবং তাঁরা শ্রমিকদের ছাঁটাই করে ১২ কোটি টাকা বাঁচিয়েছে। ১৯৬০ সালে এই কয়টা

ASSEMBLY PROCEEDINGS

কোম্পানী ৫ কোটি ৯৭ লক্ষ টাকা মুনাফা করেছে এক বছরে। এবং এখানে ১৯৬২ সালের জুট বুলেটিন-এ প্রকাশ,

from the private angle, the Jute industry had in 1962 its best year in the last 15 years.

এবং শুধু তাই নয়, বাংলাদেশে ১৪টি বৃহৎ যে ইনড্রাস্ট্রি আছে দেশী এবং বিদেশী তারা ১৯৬০ সালে ৬২ কোটি টাকা নেট মুনাফা করেছে, এটার সূত্র হল, ইকনমিক টাইমস্, ১৯৬০ সালের নভেম্বর সংখ্যা। এটা আমার কথা নয়। তারপর, ইলেকট্রিক-এর কথা বলেছেন, ইলেকট্রিসিটি আজকে আমরা পাচ্ছি না। ইলেকট্রিসিটি আজকে কার হাতে? কন্ট্রোল কার হাতে? ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশান বিদেশী মালিকের হাতে যার জন্য আমরা দেখতে পাচ্ছি তাঁরা ৫০ হাজার কিলোওয়াট সম্পন্ন নতুন বিদ্যুৎ উৎপাদনের কারখানা স্থাপনের জন্য অনুমতি দিয়েছেন এই কোম্পানীকে। এরকম যদি হয় তাহলে ইলেকট্রিসিটি আপনারা কন্ট্রোল করবেন কি করে? ভারী শিল্প, মূলশিল্প এবং মাঝারি শিল্পের কথা তাঁরা বলছেন, কিন্তু এক্ষেত্রে আমরা কি দেখি? অবহেলা ও অনিচ্ছা। হাওড়ার পরিকল্পনার কথা তাঁরা বলেছেন, কিন্তু যেখানে ৭০ লক্ষ টাকা বরাদ্দ ছিল হাওড়ার জন্য ছোট ছোট ইনড্রাস্ট্রি স্কীম-এ সেখানে তাঁরা ৩৮ লক্ষ টাকা খরচ করেছেন। ৭০ লক্ষের মধ্যে ৩৮ লক্ষ টাকা খরচ করেছেন, এটা নিশ্চয়ই অবহেলার কথা। বাংলাদেশে যেসমস্ত ছোট ছোট শিল্প, যেমন, লাক্ষা, তাঁত, কাঁসা, পিতল, বিঁড়ি, হোসিয়ারী, সাবান, এইসব ছোট ছোট শিল্পের ব্যাপারে আমরা দেখি যে, কাঁচামালের অভাবে, বাজারের অভাবে, ক্যাপিট্যাল-এর অভাবে তারা এগুতে পারছে না। এই অবস্থায় আমরা দেখতে পাচ্ছি যে, থার্ড প্ল্যান-এ দুটো জিনিস রাখা হয়েছে, দুর্গাপুরে কোকচুল্লি কারখানা হয়ে গিয়েছে এবং তার পরিপূরক হিসাবে যেসমস্ত ইন্ড্রাস্ট্রি করবার কথা আছে সেগুলি এই পরিকল্পনার মধ্যে নাই, এবং আরেকটা মারাত্মক ব্যাপার বাংলাদেশের পুরুলিয়া, মেদিনীপুর, বাঁকুড়া ও অনগ্রসর যেসমস্ত এলাকা আছে, উত্তরবঙ্গে যেসমস্ত ইন্ডাস্ট্রি করবার সম্ভাবনা আছে, থার্ড প্ল্যান-এ সেগুলির প্রোগ্রাম নেওয়া হয় নি। রাষ্ট্রীয় ক্ষেত্রে ত্রিবেণীতে যে বিদ্যুৎ কারখানা করেছেন তার টাকা আসছে কোথা থেকে? এই টাকাটা আসছে কুলজিয়ান কর্পোরেশান থেকে যে কোম্পানী নাকি পরামর্শদাতা হিসাবে থাকবে। মার্কিন উন্নয়ন তহবিল থেকে এই টাকা লোন নেওয়া হচ্ছে। এই কুলজিয়ান কোম্পানী এর কাজকর্ম তদ্বির-তদারক করবে, এবং তদ্বির-তদারক করার জন্য তাদের মোট ব্যয়ের ৩.২৫ পারসেণ্ট ভাতা দেওয়া হবে, এবং তার অন্য একটা টার্ম হল এই যে, মার্কিন দেশ থেকে সমস্ত যন্ত্রপাতি কিনতে হবে যার জন্য এই পরিকল্পনার ১৫ থেকে ২৫ ভাগ খরচ বেশি হবে। অন্য দেশ থেকে কিনলে আমরা সস্তায় পেতাম, কিন্তু আমেরিকা থেকে এই টার্মস-এ কিনতে হবে বলে ১৫—২৫ ভাগ বেশি টাকা লাগবে।

শুধু তাই নয়, ডি ভি সি-র ১ লক্ষ কিলোওয়াট বিদ্যুৎ সরবরাহ ছেড়ে দেওয়া হয়েছে কার হাতে না সি ই এস সি-র হাতে এবং ৩০ কোটি টাকার ৩টা বিদ্যুৎ পরিকল্পনার কাজ হবে। ইলেকট্রিক করপোরেশন হাতে দিলে বিদ্যুৎসংকট মিটবে না এবং এইভাবে যদি আপনারা একচেটিয়া বিদেশীদের হাতে ছেড়ে দেন তাহলে কোনদিনই দেশের ইন্ডাস্ট্রি গড়তে পারবে না যত টাকাই আপনারা খরচ করুন না কেন।

[2—2-10 p.m.]

Shri Sushil Kumar Dhara:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের কো-অপারেটিভ বিষয়ক আয়ব্যয় বরাদ্দের বিষয়ে আমি আমার পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি এবং সেই প্রসঙ্গে আমি ২।১টা কথা বলব। কো-অপারেটিভ আন্দোলন যেদিন থেকে পশ্চিমবাংলায় গড়ে উঠল তারপর থেকে আজ পর্যন্ত বিভিন্ন অবস্থার মধ্য দিয়ে এই কো-অপারেটিভ একটা বিশেষ অবস্থার মধ্যে এসে গেছে। প্রথম দেশবিভাগ, দ্বিতীয় প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে কো-অপারেটিভএর অগ্রগতির কোন সুযোগসুবিধা না থাকায় এবং দেশবিভাগের ফলে বহু কো-অপারেটিভ সোসাইটি পূর্ব-বঙ্গের অন্তর্ভুক্ত হয়ে গেল। এই সমস্ত অবস্থা কাটিয়ে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় কো-অপারেটিভ সোসাইটির কাজ ঠিক শুরু করতে পেরেছে। সেই পরিকল্পনার কাজ শুরু করে তারা যে অগ্রগতি করছে তার একটা মোটামুটি হিসাব আপনারা নিশ্চয়ই ইতিমধ্যে জেনেছেন

এবং সেটা হল সোসাইটি বাড়িয়েছে মাত্র ৪৯ পারসেন্ট এবং মেম্বারশিপ বাড়িয়েছে এবং শেয়ার ক্যাপিটাল ৩৪৭·৭৬ পারসেন্ট হয়েছে এবং রিজার্ভ ফান্ড বাড়িয়ে ১২৬·৬৫ পারসেন্ট হয়েছে। কাজেই এটা কাজের হিসাবে খুব কম নয়। শুধু তাই নয়, এই সময়ের মধ্যে সার্ভিস সোসাইটি অনেকগুলি গড়ে উঠেছে—তার সংখ্যা ২ হাজার ৪৬৬। এই সার্ভিস সোসাইটিগুলি সব গ্রামাঞ্চলে এবং গ্রামাঞ্চলের গ্রামীণ কৃষকদের ও গরিব মানুষদের সেবা ক'রে যাচ্ছে। এই সার্ভিস সোসাইটিগুলি তৃতীয় পঞ্চবার্ষিকে আরও বেশি কাজ করতে পারবে এবং তার সুযোগসুবিধা করা হয়েছে। প্ল্যানিং কমিশন তৃতীয় ফাইন্যান্স কমিশনও রাজী হয়েছেন কো-অপারেটিভ-এর হাতে বেশি টাকা দিতে এবং সেইভাবে বরাদ্দ করা হয়েছে। তৃতীয় পরিকল্পনাকালে এইসমস্ত লক্ষ্য ঠিক করা হয়েছে এবং ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ সালে আমাদের পশ্চিমবাংলায় কো-অপারেটিভ ডিপার্টমেন্ট এই কাজের অগ্রগতি দেখিয়েছেন, তাতে দেখা যাচ্ছে যে, কাজটা খুব কম নয়। ১৯৬১-৬২ সালে সার্ভিস সোসাইটি হয়েছে ১,৬৬২ এর যা লক্ষ্য ছিল ১,৫০০ এবং ১৯৬২-৬৩ সালে এখনও মার্চ মাসের সমস্ত হিসাব আসে নি —তবে এক হাজারের বেশি। ১৯৬৩-৬৪ তা হলে টারগেটএ পোঁছে যাবে। সে বিষয়ে আশান্বিত এবং তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে যে বরাদ্দ আছে এবং ২০৫·৩৫ কোটি টাকা বিভিন্ন খাতে ব্যয় হবে এবং এ বাজেটের মধ্যে সেটা সবচেয়ে বেশি অংশ আমার ভাল লাগছে। সুন্দর দিক যেমন দুগ্ধ কো-অপারেটিভ , মৎস্য কো-অপারেটিভ, কো-অপারেটিভ ঠান্ডা ঘর, বীজ সংরক্ষণ প্রভৃতির কো-অপারেটিভ সোসাইটি হয়েছে। এগুলি অত্যন্ত কার্যকরী, কৃষক সাধারণের পক্ষে একান্ত উপযোগী হচ্ছে বলে মনে করি। এই ঠান্ডাঘরের বিভিন্ন দিক এবং বিশেষ করে গ্রামাঞ্চলে আলুর বীজের জন্যই আগ্রহান্বিত। কিন্তু সাধারণ মানুষ তা পান না বলে অনেক সময় অভিযোগ করেন। সুতরাং এ রকম ধরনের কো-অপারেটিভ আরও বেশি বাড়িয়ে তোলা এবং বীজ সংগ্রহের জন্য আরও ব্যয়বরাদ্দ বাড়াতে পারলে ভাল হয়। আমি এই প্রসঙ্গে আরও বলব যে, আমাদের আরও কয়েকটা কো-অপারেটিভ ব্যবস্থা সুন্দর হয়েছে, যেমন প্রসেসিং সার্ভিস, পাট, আম এবং ফলজাতীয় জিনিসে এগুলো করা হয়েছে এবং আরও বাড়িয়ে তোলা দরকার। কিন্তু আমি সেইসঙ্গে বলব, সরকার আরও একটা ভাল জিনিসে মন দেন নি। সেটা হচ্ছে একটা ভাল মানি ক্রপ পান। পানের চাষ ক'রে বহু কৃষক উন্নতি করেছেন এবং জীবনধারণ করছেন। এই পান কিন্তু ধনী ব্যবসায়ীরা সম্পূর্ণ একচেটিয়া করে ফেলেছেন এবং এটা আমরা দেখছি কৃষকরা এর দ্বারা প্রচুর পরিমাণ টাকা বাহির থেকে আনছে। আমাদের স্টেট গভর্নমেন্টএর এই দিকে নজর দেওয়া দরকার কৃষকরা যাতে বেশি বেনিফিট পায় পানের ক্রয় এবং বিক্রয়ের জন্য। কতকগুলি কো-অপারেটিভ গড়ে ওঠে সেইদিকে দৃষ্টি রাখা দরকার। কো-অপারেটিভ ইনিসিয়েটিভ নেবে এরূপ কো-অপারেটিভ যদি গড়ে তোলা যায়, সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। কো-অপারেটিভ কৃষকদের গড়ে তোলার দায়িত্ব, একথা ঠিক। কিন্তু ইনিসিয়েটিভ নেওয়ার দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি বা তাদের উৎসাহ দেবার চেষ্টা করুন একথা বলছি। আমি খুবই আনন্দিত যে, ট্যাক্সি কো-অপারেটিভএর ব্যবস্থা হয়েছে তাকে সমর্থন জানাই। এটার মধ্য দিয়ে ১৬টা কো-অপারেটিভ সোসাইটি গড়ে তোলা হবে। এজন্য ১৯৬২-৬৩ সালে এরূপ বরাদ্দ করা হয়েছে। আমি বলব এগুলো কলকাতা শহরে সীমাবদ্ধ না করে এগুলো শুধু শহরের মধ্যে না রেখে যদি মহকুমা শহরে ছড়িয়ে দেওয়া যায় তা হলে ভাল হবে। সেদিকে নজর দিতে অনুরোধ করব তিনি যেন সেদিকে নজর দেন। ১৯৬৩-৬৪ সালের বাজেটে আর একটা ভাল জিনিস আছে। সেটা হল ২৩টা হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি গড়ে তোলা হবে এবং ৪৬০টা প্রাইমারি সোসাইটি গড়ে তোলা হবে, এগুলো গ্রামাঞ্চলের পক্ষে অত্যন্ত প্রয়োজনীয়। কেন্দ্রীয় ট্যাক্স বাড়ার পরেই গ্রামাঞ্চলে এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে, গ্রামাঞ্চলে অনেক ব্যবসায়ীরা জিনিসের দাম ভীষণ-ভাবে বাড়িয়ে দিয়েছেন এবং তাতে ক্রেতা সাধারণের কষ্ট হচ্ছে। সেখানে যদি এরূপ কো-অপারেটিভ থাকত তা হলে হয়ত এরূপ হত না। কাজেই সরকারকে অনুরোধ করব কো-অপারেটিভ যাতে গড়ে ওঠে তাকে উৎসাহ দেবার জন্য লভ্যাংশের বেশির ভাগ যাতে শেয়ার হোল্ডাররা পান তার চেষ্টা করুন। খারাপ সোসাইটি বাতিল করাই উচিত। ফিসারি কো-অপারেটিভ উইথ ভেস্টেড ট্যাঙ্ক এবং সার্ভিস কো-অপারেটিভ উইথ ভেস্টেড ল্যান্ড করা উচিত। সার্ভিস কো-অপারেটিভ, ম্যানেজারিয়াল গ্রান্ট বাড়ানো দরকার। কেননা ম্যানেজারই সমস্ত কাজ করেন, ম্যানেজার অত্যন্ত কম আছে। মার্কেটিং সোসাইটিকে ম্যানেজার দেওয়া দরকার।

এদের এগ্রিকালচারাল ফার্টিলাইজারএর ডিল করলে যাতে হয় এম আর শপ ইত্যাদি করলে ভাল হয়।

[2-10—2-20 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই বিজ্ঞানের যুগে শিল্পের উন্নতি করতে গেলে বিদ্যুতের চাহিদা—বিদ্যুতের যে প্রয়োজন আছে এটা অনস্বীকার্য। এদিক দিয়ে দেখা যাচ্ছে যে, পশ্চিম বাংলায় আজকে বিদ্যুতের ঘাটতি রয়েছে যার ফলে আমাদের পশ্চিম বাঙ্গলার শিল্পের উন্নতি যথেষ্ট ব্যাহত হচ্ছে। এটা মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন। মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, চাহিদার তুলনায় আমাদের সরবরাহ প্রায় একশত মেগাওয়াট কম। উনি বললেন যে, আমাদের পশ্চিম বাংলায় যে বিদ্যুৎ উৎপাদন হয় তা হচ্ছে ৫৮৬ মেগাওয়াট। কাগজে দেখলাম ১৯৬২ সালে ৬ শত মেগাওয়াট বিদ্যুৎশক্তি উৎপাদন করবার কথা ছিল সে জায়গায় আজকে করেছে ৫৮৬—অবশ্য এটা কম নয়। আমি জিজ্ঞাসা করছি—এই পরিকল্পনা যখন করা হচ্ছে তখন চাহিদা এবং সরবরাহের মধ্যে এতখানি পার্থক্য রয়ে গেল কি করে? এর ফলে পশ্চিমবঙ্গের শিল্পের অগ্রগতি বিশেষভাবে ব্যাহত হয়েছে। শুধু তাই নয়, আজকে কি ছোট শিল্প কি মাঝারি শিল্প, কি বড় শিল্প, সব শিল্পে একটা কেয়স দেখা দিয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, একশত মেগাওয়াট কম হওয়ায় অসুবিধা হচ্ছে—আমি মনে করি, সেটা ঠিক কারণ নয়। এই বিদ্যুৎশক্তি সরবরাহে প্রশাসনিক দপ্তরে যারা বসে আছেন তাদের ইনএফিসিয়েন্সি এবং তাদের ভেতর নেপোটিজম কোরাপসন থাকার ফলে এর জন্য অনেকখানি দায়ী। মিঃ স্পীকার, স্যার, আমি বুঝতে পারি না আজকে বিদ্যুৎ সরবরাহের স্বল্পতার জন্য যেসমস্ত এক্সিসটিং ইন্ডাস্ট্রি আছে তাদের অনেকখানি বিদ্যুৎশক্তি কাট করা হল কেন? সেই কাট রেস্টোর করা হল না কেন? আমি হাওড়া জেলার কথা বলতে পারি—২৪ পরগনা জেলার কথাও বলতে পারি এবং মন্ত্রিমহাশয় জানেন সেখানে হেভি ইলেকট্রিসিটি কাট করা হয়েছিল যার ফলে শিল্পে বহু শ্রমিক ছাঁটাই করা হয়েছে। শুধু তাই নয়, এই যে কাট করা ইন্ডাস্ট্রিতে যেসমস্ত শ্রমিক ছাঁটাই হচ্ছে তার উদাহরণ দিতে পারি—হাওড়ার আরতি কটন মিল—সেখানে ১৫০ জন শ্রমিককে ছাঁটাই করা হয়েছে। গত সোমবার নোটিশ দিয়েছে। বিদ্যুৎশক্তি বাড়াবার জন্য সরকারের কাছে—ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টের কাছে আবেদন করা হয়েছিল—কিন্তু তা সত্ত্বেও আমাদের কিছু করা হচ্ছে না যার জন্য আমাদের ১৫০ জন শ্রমিককে ছাঁটাই করা হয়েছে। এটা বড় কথা নয়—এই পরিকল্পনার মধ্যে গলতি আছে এবং সঙ্গে সঙ্গে অনেকখানি ইনএফিসিয়েন্সিও আছে। একথা আজকে অনস্বীকার্য যে, আমাদের মন্ত্রিমহাশয় আজকে যে কথা বললেন যে, ইন্ডাস্ট্রিতে বিকেন্দ্রীকরণ দরকার আছে। কেন্দ্রীভূত করবেন না। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি যা বললেন যে গ্রামের মধ্যে ইন্ডাস্ট্রি নিয়ে যাবেন যাতে গ্রামের লোক সহরে এসে ভীড় না করে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে, পুরুলিয়া জেলার দিকে আজ প্রায় ৬-৭ বছর হল পশ্চিমবাংলার সঙ্গে যুক্ত হয়েছে—আজ পর্যন্ত সেখানে কোনরকম ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্ট হয় নি। কোন বিশেষ ইন্ডাস্ট্রি তৈরি হয় নি যদিও সেখানে যথেষ্ট সুযোগ আছে। সেখানে লাইম স্টোন আছে—সেখানে কিছু কয়লাও আছে। যদি চেষ্টা করা হয় তা হলে সেখানে অন্তত একটা ছোটখাট সিমেন্ট ইন্ডাস্ট্রি হতে পারে। সেখানকার অবস্থা যা হয়েছে—সেখানকার লোক চাকরি পাচ্ছে না—সেখানে চাষবাস হচ্ছে না—কুটিরশিল্প মৃতপ্রায়। সেখানকার লোকেরা দুর্ভিক্ষের মধ্যে পড়ে রয়েছে, সেটা অবশ্য পরে বলব ফেমিন সম্বন্ধে যখন আলোচনা হবে। আমি মন্ত্রিমহাশয়কে বলব যে, এই জেলার দিকে একটু দৃষ্টি দিতে হবে- এখানে বহু ছোটখাট শিল্প—ইন্ডাস্ট্রি হতে পারে এবং তা হবার সুযোগও রয়েছে। পটারি, ব্রিক বিল্ডিং, টাইল মেকিং, ইত্যাদি অনেকগুলি ইন্ডাস্ট্রি করার যথেষ্ট স্কোপ আছে। কিন্তু আজ পর্যন্ত কোন কিছু করা হয় নি। এ সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি একটা ব্যাপারের প্রতি আকর্ষণ করি। যিনি ওখানে ইন্ডাস্ট্রিয়াল অফিসার আছেন, সেই ভদ্রলোকের নামটা অবশ্য আমি বলে দিতে পারি। আমি মনে করি তাঁর ইনএফিসিয়েন্সির জন্য এগুলো হচ্ছে না। তাঁকে এখনও সেখান থেকে বদলি করা হচ্ছে না। বীরেন্দ্রমোহন দাসগুপ্ত- তিনি কোন ইনিসিয়েটিভ নিয়ে কোন ইন্ডাস্ট্রি স্টার্ট করতে পারেন না। তিনি করছেন কি? নিচে যাঁরা কাজ করছেন, তাঁদের উপর তিনি উৎপীড়ন চালাচ্ছেন। তার ফলে তাঁদের দু'-একজন রেজিগনেশন দিয়েছেন। এই ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রিয়াল অফিসারকে

ওখান থেকে সরিয়ে আনুন। এই জেলার মধ্যে কিছু কিছু ইন্ডাস্ট্রি গড়ে তোলার চেষ্টা করতে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব।

আর একটা বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের হাওড়া জেলায় ছোটখাট অনেক ইন্ডাস্ট্রি আছে। তাদের আজকে দক্ষিণ ভারতে রেল মারফত মালপত্র পাঠাবার ক্ষেত্রে যে নিদারুণ অসুবিধা সৃষ্টি হয়েছে সেদিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। এই দক্ষিণ-পূর্ব রেলের শালিমার থেকে আগে ৩৬টি ওয়াগন দেওয়া হত ফ্রি বুকিং। এখন মাত্র ২৬খানা ওয়াগন দেওয়া হয়েছে, দশখানা ওয়াগন কমানো হয়েছে। কাজেই এর মধ্যে একটা কেয়স আজকে সৃষ্টি হয়েছে। তার মধ্যে দেখা যাচ্ছে একটা মাল বুক করলে তিন মাসের আগে তা ওয়াগনে ওঠে না। যদি ছোট একটি ইন্ডাস্ট্রি দক্ষিণ ভারত থেকে অর্ডার পায়, তা হলে শুধু বুকিংএর দেরির জন্য আজকে সেই অর্ডার ক্যান্সেল করতে হচ্ছে। বহু ঘটনা এখন এইরকম ঘটছে। হাওড়ার ইন্ডাস্ট্রিয়ালিস্টরা এই সম্বন্ধে ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টএ রিপ্রেজেন্ট করেছেন। আমাদের কাছেও তাঁরা এসেছেন। আমি বলব এ বিষয়ে মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দিন যাতে ফ্রি বুকিং আবার চালু করা হয়। যার ফলে এই অবস্থার সৃষ্টি হয়েছে, সেই অবস্থা যাতে আর না হয়, সেইদিকে মাননীয় মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ জানাব।

আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। সেটা হচ্ছে ঐ ট্যাক্সি কো-অপারেটিভএর ব্যাপার। মন্ত্রিমহাশয় বললেন যে, কলকাতায় ট্যাক্সি কো-অপারেটিভ হিসেবে দেওয়া হচ্ছে। আমি তার সংখ্যা জানতে চেয়েছিলাম, কিন্তু উনি তা বলতে পারলেন না। কলকাতায় ট্যাক্সির চাহিদা আছে, ট্যাক্সি দিয়েছেন..................

The Hon'ble Tarun Kanti Ghosh:

১২২ খানা।

Dr. Kanai Lal Bhattacharya:

তাঁরা ১৩টি কো-অপারেটিভ করেছেন, এক একটাতে ২০ খানা করে দিলে ২৬০ খানা হতো। কিন্তু তা হয় নাই।

The Hon'ble Tarun Kanti Ghosh:

১২২ খানা দেওয়া হয়েছে। আর পাওয়া যায় নি।

Dr. Kanai Lal Bhattacharya:

এটা দেওয়া হয় না কেন? তার একমাত্র কারণ আমার যতদূর মনে হচ্ছে গাড়ী পাওয়া যায় নি। মন্ত্রিমহাশয়ও তাই বলবেন। কিন্তু আমি জিজ্ঞাসা করি—যদি এই কো-অপারেটিভ-এ ট্যাক্সি না দিয়ে এমনি দেওয়া হত, তাহলে দেখতেন গাড়ী নিশ্চয়ই পাওয়া যেত। কেন পাওয়া যেত? কারণ হায়ার পারচেজ সিস্টেম-এ এরা গাড়ী কেনে। আর এখানে গাড়ী এজেন্টরা জোগাড় করে দেন। এই হায়ার পারচেজ সিস্টেম বড় বড় এজেন্টরা কুক্ষিগত করে রেখেছিলেন। তাঁরা কি করতেন? এই গাড়ীগুলি আনবার চেষ্টা করতেন এবং এর লভ্যাংশ তাঁরা পেতেন। কিন্তু কো-অপারেটিভ-এ দেওয়াতে খুব ভাল হয়েছে। এই গভর্নমেন্ট যদি টাকা ধার না দিয়ে ট্যাক্সি চালান, তাহলে এই ট্যাক্সি থেকে তাঁরা কিছু টাকা উপার্জন করতে পারেন। হায়ার পারচেজ সিস্টেম থাকার ফলে যে ডেইলি লভ্যাংশের ইন্সটলমেন্ট দিতে হয় তা ক্যাপিট্যালিস্টদের হাতে চলে যায়। তাই সেটা ক্যাপিট্যালিস্টরা বানচাল করবার চেষ্টা করছেন। আমি জিজ্ঞাসা করতে চাই ক্যাপিট্যালিস্টরা সরকারের এই প্রচেষ্টাকে বানচাল করে দেবেন কিনা? কেন ২৬০ খানা গাড়ীর জায়গায় মাত্র ১২২ খানা গাড়ী এসেছে? যাঁরা এই মোটর গাড়ী অটোমোবাইল সাপ্লাই করেন, যাঁরা ডিস্ট্রিবিউটরস, তাঁদের এ ব্যাপারে কোন হাত আছে কিনা? আমি যতদূর জানি বা শুনেছি—তাঁদের হাত যথেষ্ট আছে।

[2-20—2-30 p.m.]

এবং তাঁরা আজকে ডেটারমিন্ড এটাকে বানচাল করে দেবার জন্য। আরও ট্যাক্সি কলকাতায় দরকার। এই কো-অপারেটিভের মাধ্যমে মাত্র ১২২ খানা ট্যাক্সি আপনারা দিয়েছেন। আমি সেদিন বলেছি অন্তত দু-হাজার খানা ট্যাক্সি হওয়া দরকার। সেদিক থেকে আমি মন্ত্রি-মহাশয়কে বলছি এই প্রতিষ্ঠানকে আরও বেশী করে বাড়ান দরকার। কিন্তু সেদিকে তাঁদের প্রচেষ্টা দেখছি না, বরং দেখছি সেটা আস্তে আস্তে কমে আসছে, ধীর গতিতে এগুচ্ছে। এই

স্টেপিং-টা আরও ফাস্ট করা দরকার। আপনার কো-অপারেটিভের এই যে ট্যাক্সি, তা আরও দেওয়া উচিত ছিল। ১৩টি কো-অপারেটিভকে মাত্র ২৬০ খানি ট্যাক্সি দেওয়া হয়েছে, অথচ আমাদের কলকাতায় ট্যাক্সির চাহিদা অত্যন্ত বেশী। এ কথা নিশ্চয় মাননীয় মন্ত্রিমহাশয় জানেন এবং সমস্ত মাননীয় সদস্যরাও জানেন যে এখানে ২৬০ খানা ট্যাক্সি কিছুই নয়। টেন পারসেন্টও নয়। সেই ২৬০ খানা ট্যাক্সির মধ্যে মাত্র ১২২ খানা ট্যাক্সি আপনারা পেয়েছেন। কেন এত কম পেয়েছেন? তার একমাত্র কারণ হচ্ছে এই, আজকে যাঁরা ডিস্ট্রিবিউটর, সেই ডিস্ট্রিবিউটাররা তাঁদের ঠিকমত ট্যাক্সি সাপ্লাই করছেন না। এবং এটা না করার কারণ হচ্ছে যে তাঁরা আপনাদের এই প্ল্যানটাকে বানচাল করে দিতে চান। সেইজন্য আমি মাননীয় মন্ত্রি-মহাশয়কে অনুরোধ করবো এদিকে তাঁর বিশেষ দৃষ্টি দেবার জন্য।

Shri Deb Saran Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থনৈতিক দিক থেকে অনগ্রসর দেশে সমবায়ের আন্দোলন যে বিশেষভাবে প্রয়োজন আছে সে কথা মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন। আমরা মনে করি যেখানে যে দেশে সাধারণ মানুষের জীবন খুব দুর্দশাগ্রস্ত, এত প্রচেষ্টার মধ্যে যেখানে মানুষ বেঁচে থাকার মত কোন ব্যবস্থায় যেতে পারছে না, সেখানে সমবায়ের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। সেদিক থেকে আমাদের দেশে বিশেষ ক'রে বাংলাদেশে সমবায় আন্দোলন খুব ভালভাবে হওয়ার প্রয়োজনীয়তা ছিল, এবং সুযোগও ছিল, এটা মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন। কিন্তু তিনি একটা কথা স্বীকার করেন নি যে, কেন বাংলাদেশে এই সমবায় আন্দোলন ঠিক ঠিকভাবে গড়ে উঠতে পারে নি। আমার মনে হয় এই সমবায় আন্দোলনের মধ্যে, এর অ্যাড-মিনিস্ট্রেশনের ভিতরে এমন কতকগুলি অসৎ, স্বার্থান্বেষী ব্যক্তি প্রবেশ করেছেন, তার ফলে গোটা কো-অপারেশন বিভাগটাকে তাঁরা নিজেদের আয়ত্তের মধ্যে রাখবার চেষ্টা করছেন। আমি এ সম্বন্ধে একটা গল্প আপনার সামনে রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গ্রামে এক স্বর্ণকার ছিল, তার চারটি ছেলে। স্বর্ণকার তার মুমূর্ষু অবস্থায় ছেলেদের ডেকে জিজ্ঞাসা করছে যে, আমি তো তোদের কোনরকমে জীবনধারণের ব্যবস্থা করে দিয়েছিলাম, আমি মরে যাবার পরে তোদের কি অবস্থা হবে, তা বুঝতে পারছি না। তা বল, তোরা কে কিভাবে জীবন নির্বাহ করবি! তার প্রথম ছেলে বলল, বাবা, আপনার আশীর্বাদে আমি ভরিতে চার আনা কাবার করতে পারব। দ্বিতীয় ছেলে বলল, বাবা দাদা যদি চার আনা পারে, আমি আপনার আশীর্বাদে আট আনা পারব এবং তৃতীয় ছেলে বললে, দাদারা যদি চার আনা, আট আনা পারে, আপনার আশীর্বাদে আমি ১২ আনা কাবার করতে পারব। আর তার ছোট ছেলের সম্পর্কে বাবা বললেন যে, তোর উপর আমার কোন আস্থা নেই। ওরা তবু কোনরকমভাবে জীবন নির্বাহ করতে পারবে। তখন ছোট ছেলে বলল, বাবা তুমি যদি অভয় দাও তা হলে আমি ভরিকে ভরিই কাবার করতে পারব। [হাস্যরোল] আজ আমাদের এই কো-অপারেটিভ আন্দোলনের ভিতরও সেইরকম অবস্থা দেখতে পাচ্ছি। বিশেষ ক'রে গ্রামের দিকে যেসমস্ত কো-অপারেটিভ সোসাইটি করা হয়েছে, সেখানে বেশির ভাগ ক্ষেত্রে দেখা যায়, গ্রামের যারা মহাজন, গ্রামের যারা অসৎ, স্বার্থান্বেষী লোক, বিশেষ ক'রে কংগ্রেস দলের লোক, তাদের হাতে এই সমস্ত আন্দোলনের কর্তৃত্ব গিয়ে পড়েছে। এমন আমরা জানি যে, ফিসারম্যান কো-অপারেটিভ সোসাইটি করা হয়েছে, যাদের চৌদ্দ পুরুষের কেউ ফিসারম্যান নয়, যারা বিশেষ করে দেখা যায় ব্রাহ্মণ সন্তান, তারা ঐ কো-অপারেটিভ ফিসারম্যানের চেয়ারম্যান বা সেক্রেটারি। এবং এইরকম বিভিন্ন সোসাইটিতে আমরা দেখেছি যে, যাদের স্বার্থের সঙ্গে সমিতির স্বার্থ জড়িত নয়, যারা কো-অপারেটিভের মাধ্যমে বাঁচতে চায় না, জীবিকা নির্বাহের প্রয়োজন নেই, তাদের হাতে এই সমস্ত কো-অপারেটিভের ভার দেওয়া হয়।

অধ্যক্ষ মহাশয়, আমরা বাজেটে দেখছি যে, গ্রামাঞ্চলে পঞ্চায়েত লেভেলে কো-অপারেটিভ অর্গানিজেশন করার জন্য গত বৎসর ১১ লক্ষ ৬০ হাজার টাকা বাজেটে ধরা হয়েছিল; রিভাইসড বাজেটে দেখা গেল ৬ লক্ষ ২৪ হাজার টাকা খরচ করা হয়েছে, প্রায় অর্ধেক টাকার মত খরচ করা হয়েছে। এবারে সেখানে ধরা হয়েছে ১০ লক্ষ ৩২ হাজার টাকা। অর্গানিজেশন অব ভিলেজ সোসাইটিতে ১৯৬২ সালের বাজেটে ধরা হয়েছিল ২ লক্ষ ২৫ হাজার টাকা, রিভাইজ্‌ড বাজেটে দেখা গেল সেটা কমিয়ে ১ লক্ষ ১৩ হাজার টাকা করা হয়েছে এবং এবারের বাজেটে ধরা হয়েছে ২ লক্ষ ২৮ হাজার টাকা। অধ্যক্ষ মহাশয়, আমরা এই হিসাবের কারচুপি পরিষ্কার বুঝতে পারি, এই বাজেট পেশ করার সময় বেশি টাকা ধরা হয়, কেননা তাতে মন্ত্রীদের

বলার সুযোগ দেওয়া হয় যে, গত বৎসরে আমরা কম টাকা বরাদ্দ করেছি। এবারে আমরা বেশি টাকা দিচ্ছি কারণ কো-অপারেটিভ আন্দোলনকে আমরা অগ্রগতির দিকে নিয়ে যাব। কিন্তু বাজেটে প্রথম যখন ধরা হয় তখন অনেক বেশি ধরা হয় এবং বাস্তবে অনেক কম খরচ করা হয়। ব্লক লেভেলে যেসমস্ত কো-অপারেটিভ সোসাইটি হয়েছে তাদের সম্পর্কে বলতে গিয়ে আমি একটা কথা বলতে চাই আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের, শ্রীমতী শান্তি দাস মহোদয়া যেকথা বলেছেন যে, ট্রেনিং-কাম-প্রোডাকশন সেন্টারে যেসমস্ত কর্মচারী আছে আগামী ৩১এ মার্চের মধ্যে তাদের কার্যকাল শেষ হয়ে যাবে, তাদের বিকল্প ব্যবস্থা যদি না করা যায় তা হলে দেশের এই জরুরি পরিস্থিতির সময় তাদের আবার একটা বিপর্যয়ের মধ্যে ফেলে দেওয়া হবে। সেইজন্য মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব তিনি যেন এই সম্পর্কে ব্যবস্থা করেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা বলছি, গতবারে কো-অপারেটিভ সম্পর্কে যে কথা বলেছিলাম যে, কো-অপারেটিভ বেসিসে বাংলাদেশে চিনির কল খোলার একটা খাত বাজেটে রাখা হয়েছে। কিন্তু এবারে সেই ঘরে দেখছি নিল লেখা আছে। জানি না, মাননীয় মন্ত্রি-মহাশয় বাংলাদেশের অন্য কোন স্থানে কো-অপারেটিভ সুগার মিল খুলবার তাঁর বাসনা আছে কিনা। তবে আমার মনে হচ্ছে কথাটা যখন লেখা আছে তখন কোন সুগার মিল সম্পর্কে তাঁর চিন্তা আছে এবং সেটা আমার সন্দেহ হচ্ছে যে, আমেদপুর সুগার মিল সম্পর্কে বোধ হয় তিনি আবার নূতন ক'রে ভাবছেন। একবার কিছু টাকা দেওয়া হয়েছে এই কোম্পানিকে, আবার কিছু টাকা ভবিষ্যতে যদি দেবার দরকার হয়, সেইজন্য কথাটা উল্লেখ করছি। আমি গতবারে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে উল্লেখ করেছিলাম, তাঁর সামনে একটা সুযোগ আছে এবং এই ব্যাপারে যদি কিছু সাহায্য নেবার প্রয়োজন মনে করেন তা হলে আমরা সর্বশক্তি দিয়ে সাহায্য করব, আমাদের সে সুযোগ আছে। বাংলাদেশে একটা চিনির কল, বেলডাঙ্গা চিনির কল, বহুদিন থেকে বন্ধ হয়ে পড়ে আছে, সেখানে যন্ত্রপাতি আছে এবং অল্প খরচ করলেই সেই মিলটাকে চালাবার যথেষ্ট সম্ভাবনা আছে। আমি গতবারেও মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একথা বলেছিলাম এবং তিনি তাঁর বক্তৃতায় বলেছিলেন যে, ন্যাশনাল সুগার মিল, আহমেদাবাদে, এই মিলটাকে চালাবার চেষ্টা করছে। এক বৎসর হয়ে গিয়েছে, আমি আজকে এক বৎসর পরে আবার তাঁকে অনুরোধ করছি, জানি না শেষ পর্যন্ত তার ফল কি হবে, আমি জানতে চাই কো-অপারেটিভ বেসিসে এই মিলটাকে চালু করবার চেষ্টা তিনি আদৌ করবেন কিনা। আমাদের তরফ থেকে আমি বলতে চাই বাংলাদেশের ইক্ষুচাষীর যে সমিতি আছে, বিশেষ করে মুর্শিদাবাদ, নদিয়া ও বীরভূম জেলার সেই সমিতির সঙ্গে আমি সংশ্লিষ্ট আছি, আমার যে শক্তি আছে সেই শক্তি দিয়ে আখচাষীদের এই সমিতিভুক্ত করে মিলটা যাতে চলে তার ব্যবস্থা যদি তিনি করেন তাহলে আমি তাঁকে সম্পূর্ণ সহযোগিতা করতে পারব এ বিশ্বাস আমার আছে। আমি আশা করব তিনি এই সভায় এই বিষয় আলোকপাত করবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কো-অপারেটিভের ব্যাপারে গতবারে আমি বলেছিলাম এবং এ বৎসরও আমি আমার বক্তব্য এখানে রাখলাম। মোটামুটিভাবে আমি মনে করি বাংলাদেশে কো-অপারেটিভ আন্দোলনের যে সুযোগ আছে সেই সুযোগ সরকার গ্রহণ করছেন না। শুধু তাই নয়, কতকগুলি চক্রান্তকারী লোকের ষড়যন্ত্রে পড়ে এই আন্দোলন ব্যর্থতায় পর্যবসিত হচ্ছে। মাননীয় মন্ত্রি-মহাশয় এই ব্যর্থতার কথা স্বীকার করলেও আমাদের তাঁর উপর আস্থা আছে এবং আমরা মনে করি যদি তিনি এই বিষয়ে বিশেষভাবে নজর দেন তা হলে এই আন্দোলন সার্থকে হতে পারবে।

[2-30—2-40 p.m.]

Shri Anadi Das:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভায় নানারকম অভিযোগ বিরোধীদের সদস্যরা করেছেন। সেই অভিযোগগুলির মধ্যে এটা আছে যে, সরকার যে টাকা বরাদ্দ করেন তা খরচ করতে পারেন না —অভিযোগের মধ্যে আছে দুর্নীতির চরম নিদর্শন, কংক্রীট এক্সাম্পল্‌স্। অভিযোগের মধ্যে আছে এমন সমস্ত ব্যাপার যেখানে দোষস্খালনের আর কোন রাস্তা পাওয়া যাচ্ছে না। এরকম বহু গুরুতর অভিযোগ শোনা গেছে। আমি আপনার মাধ্যমে সরকারের পক্ষ থেকে সে বিষয়ে অনুধাবনের জন্য অনুরোধ করব। কেন এত দুর্নীতির অভিযোগ আসে, কেন এ টাকা খরচ করতে পারেন না, টাকা দেওয়া সত্ত্বেও টাকার সুব্যবহার হচ্ছে না—মূল কথাটা আমার পূর্বে

একজন বক্তা পরিষ্কারভাবে তথ্য দিয়ে বলেছেন যে, শিল্পক্ষেত্রে বিরাট মুনাফাবাজ যারা, পুঁজিবাদী যারা, একচেটিয়া শিল্পপতি যারা তাদের দিকে লক্ষ্য রেখে যদি শিল্পকে পরিচালিত করা হয় তা হলে কখনও এদেশের উন্নতি হতে পারে না এবং তারই কতকগুলি স্ফুটক আমরা দেখতে পাচ্ছি। চীন ভারতবর্ষ আক্রমণ করার পর দু-একটা কনজিউমার্স কো-অপারেটিভস করার চেষ্টা হল। সেখানে ইন্সপেক্টর বলছেন—কনজিউমার্স কো-অপারেটিভস করতে গিয়ে দেখা গেল সেখানে যে দরে মাল বিক্রী করতে পারা যায় বাজার থেকে তার দর বেশী পড়ে যায়। তাহলে কনজিউমারস কো-অপারেটিভস করে কি হবে? সেখানে লোককে কো-অপারেটিভ মাইন্ডেড করতে হবে—অর্থাৎ সেখানে এক পয়সা বেশী হলেও তাকে কো-অপারেটিভ থেকে নিতে হবে এই মনোভাব গড়ে তুলতে হবে। সমস্ত জিনিসটা সাবজেকটিভ মোটেই অবজেকটিভ নয়। এই যে একটা গলদ কো-অপারেটিভস-এর মধ্যে রয়ে গেল—কেন রয়ে গেল—কারণ অনুসন্ধান করলে দেখা যায় যে তার শিকড়ে শিকড়ে তলিয়ে তলিয়ে গেলে এই জায়গাটায় পেঁছাবেন যে শিল্পনীতি বিরাট পুঁজিকে রক্ষা করে, তার লাভের অংশ বাড়াবার জন্য চেষ্টা করছে বলে এই গলদ রয়েছে। আমি আর একটা কথার উল্লেখ এখানে করছি। হাওড়ায় বড়গাছিয়া সেন্ট্রাল লক ফ্যাক্টরীর জন্য গতবার কিছু টাকা বরাদ্দ করা হয়েছিল তা খরচ করা যায় নি, এবার আবার কিছু টাকা বরাদ্দ করা হয়েছে। সেখানে অবস্থা কি? সেখানে 'তালা' তৈরি করতে লোকসান হয়ে গেল। কিভাবে লোকসান হয়েছে? একটা ফ্রেশ মেসিন কেনা হয়েছে কয়েক হাজার টাকা খরচ করে কিন্তু আজ দুই বছর তার কাজ হচ্ছে না। একটা ছোট্ট বোল্ট-এর অভাবে ছ'আনা পয়সা দামের কিনে জোগালে কাজটা চালু থাকে, কিন্তু সেই বোল্ট কিনবার ক্ষমতা নাকি সেখানকার সুপারিন্টেন্ড-এর নেই। এইভাবে সেখানে লোকসান হয়েছে। ওয়ার্কাররা বলছে আমরা কো-অপারেটিভ করে এই কারখানা চালাতে পারি - আমাদের এক বছর সুযোগ দেওয়া হোক- আমরা যদি লাভ দেখাতে না পারি তাহলে চাকুরী ছেড়ে চলে যাব। কিন্তু তাদের কথা কে শোনে? এই যে দৃষ্টিভঙ্গী নিয়ে যারা আসল প্রাডউসার, যারা এখান থেকে জীবিকা সংগ্রহ করবে তাদের সঙ্গে কো-অপারেসনের দৃষ্টিভঙ্গী নেই। এটাকে যদি খুঁটিয়ে খুঁটিয়ে বিচার করা যায়, এই এক জায়গায় এসে পড়বে যে লাভের জন্য যদি শিল্প পরিচালিত হয় তাহলে ওয়ার্কার-দের দিকে কখনও উদার দৃষ্টি প্রসারিত হতে পারে না। আজকে শ্রমিকদের কি রকম সংখ্যা বাড়ছে। এই যে ট্রেনিং ইনস্টিটিউট করা হয়েছে সেখানে মাত্র ১৫০ জন ছাত্র নেওয়া হবে, কোয়ালিফিকেশন হিসাবে বলা হয়েছে অন্তত ক্লাস এইট পর্যন্ত পড়া চাই। সেখানে গিয়ে ৩ হাজার লোক জড় হয়েছে। অথচ এই ট্রেনিং-এর জন্য যে সুযোগ দেওয়া দরকার তা দেওয়ার ব্যবস্থা করা হয় নি তার জন্য বেশি টাকাও বরাদ্দ করা হয় নি। হাওড়ায় এসব ছোট ছোট ফ্যাক্টরীগুলিতে অসংখ্য কম শিক্ষিত শ্রমিক আছে যাদের শিক্ষিত করতে পারলে শিল্পোৎপাদন বিষয়ে আরও অনেক উন্নতি হতে পারত, কিন্তু শিল্পশিক্ষা দেবার জন্য কোন সুযোগ দেওয়া হচ্ছে না, যেসমস্ত সুযোগ আছে বর্তমানে তাও বরং কার্টেল করা হচ্ছে। আগে যেসব কারখানায় অ্যাপ্রেন্টিস নেওয়া হত আজকে সেইসব জায়গায় অ্যাপ্রেন্টিস নেওয়া বন্ধ করে দেওয়া হয়েছে, এই অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট-এর জন্য। একটা নিয়ম আছে থিওরেটিক্যাল ট্রেনিং গবর্নমেন্ট দেবেন, কারখানায় যদি সেই সুযোগ না থাকে তাহলে কারখানায় অ্যাপ্রেন্টিস নেওয়া যাবে না। এদিকে সরকারও ট্রেনিং দেবার ব্যবস্থা করতে পারছেন না। আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি এই আইনটার আবশ্যকীয় সংশোধন অবিলম্বে করা হোক।

Shri Kandru Majhi:
মাননীয় সভাপাল মহাশয়, সমবায় ব্যবস্থা বিষয়ে ভারতবর্ষের মধ্যে সবচেয়ে পিছিয়ে আছে যে কয়েকটি রাজ্যসরকার, পশ্চিমবঙ্গ তার মধ্যে অন্যতম। অথচ জাতীয় জীবনের অগ্রগতির জন্য সমবায়ের উপযোগিতার কথাও বিশ্ব জুড়ে উঠেছে। কিন্তু এই বিশ্ববন্দিত ব্যাপারটি বিষয়ে পশ্চিমবঙ্গের অযোগ্যতা অত্যন্ত নিন্দাজনক ও দুঃখজনক। আমরা বহুবারই বলেছি যে, সমবায়ের যে মূল্য শিক্ষা, সম-অনুভূতি সেদিকে কর্মপ্রসারের কোনরকম সরকারী সার্থক প্রচেষ্টার লক্ষণই নেই। বরং সম্পূর্ণ তার বিপরীত লক্ষণসমূহ আজ প্রকাশিত হচ্ছে, এবং তা বিশেষ [illegible] উদ্দেশ্য সিদ্ধির জন্যই হচ্ছে। যেটুকু সমবায়ের কাজ হচ্ছে সে কাজটুকুও চিন্তাহীন এবং পরিকল্পনাহীন। সমবায় পদ্ধতিতে জনগণের উৎপাদিত শক্তি, সম-বণ্টন শক্তি ও জীবন-যাত্রার মান উন্নত করার শক্তি বিকশিত হবার কথা, কিন্তু এখানে সরকারী সমবায় প্রচেষ্টার

একমাত্র লক্ষ্য হচ্ছে অর্থ আজ ঋণস্বরূপ ছড়িয়ে দিয়ে আজ প্রচারক্ষেত্রে নিজেদের সমবায়ের জয়গান করা। একথা সত্য যে, শুধু টাকা দিয়েই জাতির সমবেত শক্তিসমূহকে গঠন করা যায় না, তাকে বিভিন্ন আইন, বিভিন্ন রক্ষাব্যবস্থা, বিভিন্ন যোগান দিয়ে গড়ে তোলবার আন্তরিক ব্যবস্থা চাই। সরকারের লক্ষ্য রাখতে হবে—জনগণের সমবেত উৎপাদনশক্তি কোন কোন ব্যবস্থা ধারায় ও রক্ষাব্যবস্থায় তা সম্ভব হতে পারে। আমাদের জেলায় সেসবের কোন কিছুরই লক্ষণ আজ আমরা দেখি নি। পরিকল্পনাহীনভাবে জেলায় দু'-চারটি মার্কেটিং সোসাইটি মাত্র করা হয়েছে। কিন্তু তার কাজও কিছুই নেই। দেখা যাচ্ছে অনুপযুক্ত স্থানে কতকগুলি গুদাম করা হয়েছে, আর সেগুলির প্রায় সবগুলিই অকেজো। ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক করাই সমবায়ের অন্যতম কর্মপদ্ধতি। কিন্তু এ জেলায় ছোটনাগপুর এজেন্সি অ্যাক্ট সংশোধনের গাফিলতিতে এই ব্যাঙ্ক এখনও করা সম্ভব হয় নি। অন্যান্য জেলায় দু-চারটি করে শক্তিচালিত তাঁত দেওয়া হয়েছে। কিন্তু এই জেলার ভাগ্যে এখনও তার একটিও জোটে নি।

মাননীয় সভাপাল মহাশয়, শিল্প সম্বন্ধে বলতে গেলে পশ্চিম বাংলার অধিকাংশ স্থানে ঘন বসতি উর্বরা জমিতে চাষের উপযোগিতা হেতু আজ শিল্পের ব্যাপক ও বিশেষ সংগঠন সম্ভবপর হয় নি। এই রাজ্যে যে সকল স্থানে অনুর্বর এবং ঘন বসতি বিহীন সেই সমস্ত স্থানে শিল্পাঞ্চল গঠনেরই উপযোগী। এই দৃষ্টিতে দেখলে পুরুলিয়া জেলা বিশেষ উপযোগী স্থান বলে বিবেচিত হবে। এ ছাড়া শিল্পের উপযোগী স্থান হিসাবে পুরুলিয়া জেলার আর একটি বিশেষত্বও আছে। এই জেলায় বিভিন্ন খনিজ সম্পদে বহু আকর আছে, এবং জেলার চতুর্দিকে কয়লা, লৌহ প্রভৃতি শিল্পের উপযোগী প্রধান বস্তুগুলিরও উৎস স্থান। সুতরাং সেই হিসাবে এই জেলাই শিল্প সংগঠনের সর্বোত্তম ক্ষেত্র। লোকসংখ্যার তুলনায় স্থানাভাব সমস্যা জর্জরিত এই রাজ্যে লোক বসবাসের সুযোগ করে আজ পুরুলিয়ায় অনেকগুলি শিল্প-নগরী পত্তনের বহু সুযোগ হত। এবং এই সুযোগের মাধ্যমেই বাংলার উদ্বাস্তুদেরও বাংলা দেশেই নিজেদের সমাজ গ'ড়ে তোলবার সুযোগ দেওয়া যেতে পারতো। তা ছাড়া, পুরুলিয়া জেলার মাটি অনুর্বর, সেই কারণে, জনগণের আর্থিক অবস্থা আজ অত্যন্ত শোচনীয়। এই কারণে পুরুলিয়া জেলায় কতকগুলি শিল্প নগরী গঠন করা আজ খুবই দরকার ছিল; পুরুলিয়া জেলা এসব শিল্প প্রসারের এমন উপযোগী স্থান হওয়া সত্ত্বেও এই জেলায় বৃহৎ, মাঝারি বা ক্ষুদ্র শিল্প প্রসারের কোন চেষ্টাই সরকার করেন নি। সরকার থেকে চুণা পাথর অঞ্চলে সিমেন্ট ফ্যাক্টরী করার কোন উদ্যোগই আজ পর্যন্ত করা হোল না। ব্যক্তিগতভাবে এর প্রচেষ্টার কিছু আয়োজন চলছে মাত্র। এখানে কালদা নিতুরিয়া প্রভৃতি থানায় আজ বহু চুণা পাথরের সন্ধান পাওয়া গেছে। এই জেলা লৌহ দ্রব্যাদি নির্মাণের জন্য বিখ্যাত। এই শিল্পের সহজ ক্ষেত্রকে অবলম্বন করে বহু রকমের লৌহ শিল্পের বিবিধ কারখানা সেখানে গড়ে উঠতে পারতো। কিন্তু সরকার এহেন সুযোগ গ্রহণেও আজ বিমুখ। এখানে বড় বড় কারখানা পত্তন করার মত যেমন ক্ষেত্রেও কাঁচা মাল আছে, তেমনি মাঝারি শিল্পের উপযোগী ক্ষেত্রেও কাঁচা মাল ঠিক তেমনি আছে। কাগজ শিল্প, হাড় চূর্ণের সার, কাঁচ শিল্প, উচ্চতাপ সহনক্ষম ইঁট তৈরী শিল্প প্রভৃতির কারখানা করার মত ক্ষেত্রও এই জেলা আছে। মাঝারি শিল্প হিসাবে সাবান, খান্দেশরী চিনি, শক্তি চালিত তাঁত, দড়ি শিল্প প্রভৃতি বহু শিল্প পত্তনের বহু সুবিধা এখানে আছে। এখানকার লৌহ শিল্পীরা এমন উদ্যোগী যে, সরকারী কোন সহায়তা না নিয়েও বিবিধ কৃষিযন্ত্র নির্মাণের কারখানা করে বাজারে প্রতিযোগিতায় দাঁড়াবার মত জিনিস আজ তারা প্রস্তুত করছে। শেলাই-এর কল ও বিভিন্ন নতুন ধরণের জিনিষ তৈরীর কাজেও একক চেষ্টায় শিল্পীরা পারদর্শিতা দেখিয়েছে। কিন্তু সরকারের পক্ষ থেকে সহযোগিতা বা উৎসাহ দেবার কোন আগ্রহ বা মনোভাব তাঁদের নেই। সুতরাং আমরা আজ উপলব্ধি করেছি সরকারের শিল্প নীতি যেমন ব্যর্থ হয়েছে, তেমনি দেশের জনগণের চাহিদা, শক্তি ও প্রয়োজনীয়তা বোঝাবার মত শক্তিও সরকারের আজ লোপ পেতে চলেছে।

[2-40—2-50 p.m.]

Shri Ananga Monan Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশ আগে কৃষি প্রধান ছিল, সেজন্য এক সময়ে বলা হত এই বাংলা সুজলা সুফলা শস্যশ্যামলা দেশ। কিন্তু আজকে পশ্চিম বাংলা খণ্ডিত হয়েছে, খণ্ডিত হয়ে পশ্চিম বাংলা ঘন বসতির দেশ হয়ে গেছে। কাজেই আমাদের অবস্থা এখন এমন দাঁড়িয়ে

গেছে যে কৃষির উপর নির্ভরশীল হলে বাংলাদেশের অভাব মিটবে না তাই আমাদের শিল্পের আয়োজন করতে হবে এবং তার জন্য বিভিন্ন রকম ব্যবস্থা করা আবশ্যক এবং শিল্পের আয়োজন হচ্ছে। এখন বড় শিল্পের কথা আমি বলছি না, বড় শিল্প, ভারী শিল্প কেন্দ্রীয় গভর্নমেন্টের ব্যাপার। কেন্দ্রীয় গভর্নমেন্ট এটা করছেন এবং পশ্চিম বাংলায় অবশ্য কিছু কিছু করছেন—যেমন দুর্গাপুরে একটা বেল্ট আছে, যেখানে একটা ইন্ডাস্ট্রিয়াল টাউন গড়ে উঠেছে এবং কোথাও কোথাও কিছু কিছু স্পিনিং মিল, কাপড়ের কলও হয়েছে। আমরা বেশীর ভাগ যেটাতে চিন্তিত হয়েছি সেটা হচ্ছে কুটির শিল্প। কুটির শিল্প ও গ্রামীণশিল্পের আয়োজন করতে না পারলে দেশের বেকার সমস্যার সমাধান হবে না এবং আমাদের দেশের অভাব মিটবে না। শুধু আমাদের দেশের কথা নয়, শিল্পে সবচেয়ে বড় দেশ যে জার্মানি সেই জার্মানিতেও ভারি শিল্পের অত্যন্ত উন্নতি হলেও সেখানে কুটিরশিল্প সমানভাবে চলেছে। কুটিরশিল্প সেখানে একটা ভারি শিল্পের পরিপূরক হিসাবে কাজ করছে। আমাদের সরকারও সেদিক থেকে আয়োজন রেখেছেন এবং কুটিরশিল্পের জন্য কিছুমাত্র কার্পণ্য দেখান নি। গত দশ বৎসর পূর্বে এই দেশে শিল্পের কোন একটা ব্যবস্থা ছিল না বললে হয়—নামমাত্র ব্যবস্থা ছিল। ১৯৫৯-৬০ সালে আমাদের এই দেশে কুটিরশিল্পের জন্য বাজেটে বরাদ্দ ছিল মাত্র ৯৮ লক্ষ টাকা।

এবারে বরাদ্দ হয়েছে ১ কোটি ৮৩ লক্ষ টাকা। এই তো হল গ্র্যান্ট-এর দিকের টাকা। তা ছাড়া লোন ফান্ডএ টাকা নেওয়া আছে। সেটা যোগ করলে প্রায় ২ কোটি ২৪ লক্ষ টাকার মতন খরচ হবে। কাজেই শিল্পের জন্য সরকারের অবহেলা আছে—চেষ্টা নাই, একথা বললে চলবে না। এবং এ পর্যন্ত যে সমালোচনা চলে আসলে তাতে কেবল কতকগুলো অভিযোগ এনেছেন, কিন্তু আমার বক্তব্য হচ্ছে এই অভিযোগ, অনুযোগ, উপযোগ ইত্যাদি করলে কাজ হবে না। আসুন সকলে মিলে চেষ্টা করে যাতে দেশের শিল্পের আয়োজন করা যেতে পারে শিল্পের প্রসার করা যেতে পারে তার চেষ্টা করা উচিত। আমাদের কুটিরশিল্পের উন্নতি করতে গেলে যদি দেখি তেমন কোন অসুবিধার সামনে পড়েছি তা হলে সেগুলো মন্ত্রিমহাশয়ের কাছে বলব—গভর্নমেন্টের গোচরীভূত করব, তা না করে কেবল বাহিরে থেকে সরকার কিছু করতে পারল না, অমুক কর্মচারী খারাপ, তাকে সরিয়ে দাও, অমুক লোক খারাপ—এ বলে হবে না। কর্মচারী কিছু খারাপ থাকবেই, যেমন হাতের পাঁচটা আঙ্গুল সমান হয় না, ছোটবড় থাকে, তেমন কর্মচারীদের মধ্যে ভাল আছে, খারাপও আছে। অবশ্য খারাপ কর্মচারীর কথা বলা যেতে পারে যে, তাকে সেখান থেকে সরিয়ে দাও, একথা বলা যেতে পারে, কিন্তু তার জন্য যে শিল্প ব্যাহত হচ্ছে একথা বলা ঠিক হবে না। আমরা যারা জনগণের প্রতিনিধি এবং জনসেবকরা আছি, আমরা যদি সকলে মনে করি যে, আমাদের যে অঞ্চল, যে অঞ্চলে কাজ করি, সেখানে শিল্পের আয়োজন করব, সেখানের বেকার লোকের কাজের ব্যবস্থা করব, আমরা যদি কাজে এগিয়ে যাই, তা হলে সরকারের কাছ থেকে বাধাবিঘ্ন পাব না। তারপর কতকগুলি অসুবিধার কথা বলছি, যেসমস্ত অসুবিধা হয়, তার সম্বন্ধে দু-চার কথা বলছি। প্রথম কথা হচ্ছে বিদ্যুতের অভাব। অন্তত এখনও বিদ্যুতের যা বরাদ্দ হচ্ছে তা ভারি শিল্পের জন্য। কিন্তু ক্ষুদ্রশিল্পের জন্য কোন সাহায্য পাওয়া যাচ্ছে না। অবশ্য একথা ঠিক, দেশে যদি বেশি বিদ্যুৎ উৎপাদিত না হয়, দেশের যদি বিদ্যুতের অভাব দূর না হয়, ডি-ভি-সি বা অন্য কোথা থেকে যদি বা পাওয়ার না পাওয়া যায় তা হলে কাজের অসুবিধা হবে। কিন্তু আমি বলব, যদি ক্ষুদ্রশিল্পের জন্য কিছু বিদ্যুতের বরাদ্দ না রাখি তা হলে ক্ষুদ্রশিল্পের উন্নতি করতে পারব না এবং মধ্যবিত্ত লোক যারা ক্ষুদ্রশিল্পের উপর নির্ভর ক'রে জীবনযাত্রা নির্বাহ করে তাদের সাহায্য করতে পারব না। কাজেই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে, বিদ্যুতের একটা অংশ ঐ স্থানে যেন তিনি বরাদ্দ রাখেন ঐ ক্ষুদ্রশিল্পের সাহায্যের জন্য। তারপর শিল্পের আয়োজন করতে আর একটা অসুবিধা হচ্ছে এই কারণে যে, উৎপাদিত বিভিন্ন জিনিসের বাজার পাওয়া যায় না। মনে করুন, এক জায়গায় সাবান তৈরি হচ্ছে, সাবান তো সে জায়গায়ই বিক্রি হচ্ছে না, কাজেই সে উৎপাদিত দ্রব্য যাতে মার্কেটিংএর সুবিধা হয়, যাতে বাজারে পাঠান হয় তার জন্য সরকারকে নজর রাখতে হবে, কারণ এক জায়গায় উৎপাদন হচ্ছে, তা সে জায়গায়ই খরচ হচ্ছে না হতে পারেও না, কাজেই আমি বলব বাজারের একটা ব্যবস্থা করা হোক এবং সে ব্যবস্থা এমনভাবে করা হোক যাতে উৎপাদকরা ন্যায্য দাম পেতে পারে এবং ন্যায্য দাম পাবার জন্য তাদের মধ্যে আরও ব্যাপকভাবে শিল্প গড়ার আয়োজনও হতে পারে। আর একটা হচ্ছে শিল্পের নির্বাচন হুঁশিয়ার হয়ে করতে হবে। কোন জায়গার লোকেরা কোন একটা শিল্পের জন্য

দরখাস্ত করল—সেখানে করা যেতে পারে না, সেখানে হয়ত করলে অসুবিধা হয়, মনে করুন আমার যে অঞ্চল যেখানে বেশির ভাগ পাট হয়, ধান হয়, সেখানকার লোকের যদি বলে যে, আমি গুড়শিল্প করব, সেখানে গুড় তৈরি করবার মত যেসব মেটিরিয়াল তা আছে কিনা, সেখানে আখ আছে কিনা, সেখানে তালগাছ আছে কিনা, সেখানে খেজুরগাছ আছে কিনা—এটা খোঁজ নিতে হবে, সেখানে খোঁজ নেবার আগে যদি শিল্পের আয়োজন করি, অথবা ঐরূপ সুযোগ না থাকলে যদি শিল্পের মঞ্জুরী দিই তা হলে হবে না, কাজেই সেখানে দেখতে হবে, যখনই কোন শিল্পের জন্য আয়োজন করে কোন জায়গার লোকেরা দরখাস্ত করে, তারা কো-অপারেটিভ করুক বা কো-অপারেটিভ সোসাইটি অ্যাক্টেই কমিটি ক'রে করুক যেভাবেই করবে প্রথমেই খোঁজ নিয়ে দেখতে হবে সেখানে সেই শিল্পের প্রসপেক্ট আছে কিনা, সেখানে শিল্পের আয়োজন করা যাবে কিনা—শিল্পজাত দ্রব্যের আয়োজন করা যাবে কিনা এবং সেখানের বাজার পাওয়া যাবে কিনা, লোক্যাল মার্কেটে কনজাম্পশন হবে না বাহিরে মাল পাঠানোও যাবে, এসব দেখতে হবে, এগুলো দেখে মঞ্জুরী দেওয়া উচিত হবে, এসব দেখে যদি মঞ্জুরী না দেওয়া হয় তা হলে হবে এই শিল্পের জন্য যে টাকা খরচ করা হবে সেটা ভালভাবে না হয়ে অপচয় হবে।

[2-50—3-10 p.m.]

এই দেশের যে কাজ—জনগণের অর্থ যাতে সুষ্ঠুভাবে ব্যয়িত হয়—যাতে সুষ্ঠুভাবে চলে এই রকম আয়োজন রাখতে হবে। অর্থাৎ এক কথায় বলতে গেলে আমাদের যে শিল্প সংস্থা আছে এই সংস্থাকে একটু ঢেলে সাজাতে হবে। বিভিন্ন জায়গায় এই সংস্থার মধ্যে যেখানে দুর্বলতা, যেখানে অসুবিধা আছে সেগুলিকে দূর করে দিয়ে আমরা সুষ্ঠুভাবে পরিচালনা করবো। এবং সুষ্ঠু পরিচালনা করতে পারলে আমাদের দৃঢ় ধারণা আমাদের দেশ নিশ্চয়ই শিল্পে উন্নত হবে এবং এই শিল্পের উন্নতির উপর সমস্ত কিছু নির্ভর করছে। কারণ কথা হচ্ছে এই কুটিরশিল্প যে কত দরকারী জিনিষ তা আমরা অনেক সময় ভুলেই যাই—যা কিছু একটা করলেই হল তা নয়। কারণ বর্তমান সময়ে জীবন যাত্রার মান যেভাবে বেড়ে গিয়েছে তাতে একজন লোকের আয়ের উপর সংসার চলে না। সংসারের আয়ের আরও বেশী পথ করতে হবে এবং সেই আয়ের ক্ষেত্র বের করতে গেলে সেখানে গ্রামের পরিবারবর্গের মেয়েরা কিংবা অক্ষম পুরুষরা তারাও যাতে আয় করতে পারে তার ব্যবস্থা করতে হবে—তার একটা আয়োজন করতে হবে। এবং তা করতে গেলে শুধু একটি শিল্পের উপর নির্ভর করলে চলবে না। সেখানে সোসাইটি গড়ে তুলতে হবে—সোসাইটির মধ্যে কো-অপারেটিভ সোসাইটিই ভাল এবং তা করতে গেলে একটি নির্দিষ্ট পরিমাণ পরিবারবর্গকে নিয়ে একটি সোসাইটি গড়ে তার মাধ্যমে কাজ করতে হবে। সোসাইটি করতে গিয়ে অনেক সময় অসুবিধা হয় এই যে যারা এই কো-অপারেটিভের আন্ডারে তারা অনেক সময় গড়িমসি আরম্ভ করে। তাদের কাছে একটা দরখাস্ত এলে তারা সেই দরখাস্তের মধ্যে গড়িমসি শুরু করে এবং দেখে এটা পরিবর্তন করা উচিত কিনা। কিংবা মনে করুন আর একটি দল সেখানে দরখাস্ত করলো তখন গোলমাল লেগে গেল। আমাদের অঞ্চলে একটি গোলমাল হয়েছিল। আমাদের এলাকার রাধাবল্লভচক বলে ময়না থানায় একটি গ্রাম আছে। সেখানে লোকেরা কো-অপারেটিভ সোসাইটি রেজিস্ট্রী করবার জন্য দরখাস্ত করলে তাতে যাদের তাঁত আছে তারাও দরখাস্ত করলো। অমনি সেখানে আর একটি দলের লোক যাদের তাঁত নেই মনে করলো মজার জিনিষ—বেশ লাভ করা যাবে—অমনি তারা একটা পাল্টা দরখাস্ত দিল। আগের দরখাস্ত একজামিন করে ওখানকার কো-অপারেটিভ সাব ইন্সপেক্টর যেই রিপোর্ট পাঠালো কিন্তু যেহেতু আর একটি দরখাস্ত এসেছে—অতএব সেটাকে ফেলে রেখে দেওয়া হল এবং আজ পর্যন্ত ৬।৮ মাস হল সোসাইটি রেজিস্ট্রী করা হচ্ছে না। এবং বার বার বলা সত্ত্বেও সেখানে অ্যাসিস্টেন্ট রেজিস্ট্রার বললেন যে, সকল দল মিলে দরখাস্ত করুন, একটা ব্যবস্থা করা যেতে পারে। একদল লোক প্রকৃত উইভার আর একদল তো উইভার নয় তাদের দরখাস্তের সঙ্গে জোর করে জড়িয়ে ফল্স উইভার যারা তাদের সঙ্গে আসল উইভারেরা একসঙ্গে কাজ করবে কি করে? এখানে একটু বিচার করতে হবে। আমার কথা হচ্ছে আমরা সুষ্ঠুভাবে যদি আয়োজন করতে পারি তবেই সমস্ত শিল্পের আয়োজন করতে পারি। যদি তা না করি এবং খাপছাড়াভাবে কাজ করার ফলে নিশ্চয়ই শিল্পের উন্নতি হবে না এবং যে ২ কোটি ২৪ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে তা সুষ্ঠুভাবে খরচ করা হবে না এই আমার দৃঢ় ধারণা। এই যে টাকা এটা নিতান্ত কম নয়। এই টাকা যদি ভালভাবে খরচ করা যায়

তাহলে আমার মনে হয় নিশ্চয়ই ভাল হবে। তাছাড়া এই টাকার উপর যে খাদি কমিশন টাকা দিচ্ছে সেটা এই হিসাবের মধ্যে নেই।সুতরাং খাদি কমিশন থেকে যে সমস্ত ছোটখাট কুটির-শিল্পের ব্যবস্থা আছে তাঁত বোনার ব্যবস্থা তাতে ফল ভালই হবে। আর একটি কথা মন্ত্রি-মহাশয়কে বলি যে, এই যে হ্যান্ডলুমগুলি গত বছর ২৪ লক্ষ টাকার কাপড় বিক্রি করে বাউন্টি সেটা ১০ লক্ষ কেন করলেন তা আমি বুঝতে পারছি না এটাকে একটু পরিষ্কার করে বললে আমি বুঝতে পারতাম। কেন না তাঁতের কাপড়ের যেভাবে উন্নতি হচ্ছে এবং তাঁত বস্ত্রের চাহিদাও বেড়ে গিয়েছে এবং ধীর ধীরে বস্ত্রের বাজারে কমপিটিশন করতে পারবে বলে মনে হয়। আমাদের দেশে যা তাঁত বস্ত্র হবে অনেক লোক তাঁতের বস্ত্র ব্যবহার করবে এবং মিলের বস্ত্র সমস্ত বাইরে দেওয়া হবে। এটা একটু পরিষ্কার করে বলুন এটা আমরা জানতে চাই। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 15 minutes]

[After adjournment]

[3-10—3-20 p.m.]

Shri Radhika Dhibar:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আজ শিল্পমন্ত্রীর বাজেট বরাদ্দের কথা সবই শুনলাম। কিন্তু ক্ষুদ্র কুটির শিল্পগুলি রক্ষা করবার জন্য তিনি যে সমস্ত কথা বলেছেন, আমি সে সম্বন্ধে কতকগুলি কথা তাঁর কাছে উপস্থাপিত করবো। আমি যেখান থেকে নির্বাচিত হয়েছি সেই বিষ্ণুপুর একটা ঐতিহাসিক স্থান। এখানে অনেক বাসন-শিল্পী, শঙ্খশিল্পী, তাঁত শিল্পীর বাস। এখানে বহু সার্ভিস কো-অপারেটিভ সমিতি আছে, তার মধ্যে শঙ্খ শিল্প, তাঁত শিল্প, বাসন শিল্প, রেশম শিল্প ইত্যাদির সমবায় প্রতিষ্ঠান অনেকগুলো আছে। সরকারী কতকগুলি অব্যবস্থার ফলে সেই সমস্ত কো-অপারেটিভগুলি নষ্ট হতে বসেছে। কিন্তু উক্ত কো-অপারেটিভ-গুলিকে বাঁচাবার জন্য সরকার থেকে প্রয়োজনীয় সাহায্য ও ডিরেকটর অফ ইন্ডাস্ট্রিজ হতে প্রয়োজনমত সাহায্য যেমন কাঁচা মালের পারমিট নিয়মিত ও পর্যাপ্ত পরিমাণে না দেওয়ায় এবং বাসন, শঙ্খ, রেশম প্রভৃতি শিল্প প্রতিষ্ঠানগুলি হতে উৎপন্ন মাল সরকারী দায়িত্বে বিক্রয় করবার ব্যবস্থা না থাকায় সমিতিগুলি নষ্ট হতে বসেছে বা নষ্ট হয়ে গেছে। ইহা ছাড়াও উক্ত সমবায়-গুলির উপর সরকার নির্দিষ্ট সেলস ট্যাক্স থাকায় তা বহন করতে অক্ষম হওয়ায় সমিতিগুলি দেউলিয়া হয়ে পড়ছে। অথচ ব্যক্তিগত মালিকানার ব্যবসায়ীদিগকে বোর্ড অফ ইন্ডাস্ট্রিজ-এর কোটা হতে মাল লইবার পারমিট দেওয়া হচ্ছে ও নানা উপায়ে সেলস ট্যাক্স-এর বৃহৎ অংশ ফাঁকি দিয়ে প্রতিযোগিতা করতে সক্ষম হচ্ছে। কিন্তু সমিতিগুলির পক্ষে উহা সম্ভব না হওয়ায় ও সমবায় আইন অনুযায়ী পরিচালন ব্যয় বহন করতে অক্ষম হওয়ায় সমবায়গুলি পরিচালনার ক্ষেত্রে সমবায় আইনের যে সমস্ত ব্যবস্থা আছে, তাও অনেক ক্ষেত্রে সঠিক প্রয়োগ করা হচ্ছে না। ক্ষমতাসীন দলের ব্যক্তিদের দ্বারা সমবায় সমিতিগুলি পরিচালনার জন্য অনেক ত্রুটি ও দুর্নীতি কর্তৃপক্ষের দৃষ্টিগোচর করা সত্ত্বেও কোন প্রতিকার হচ্ছে না। উদাহরণস্বরূপ বিষ্ণুপুর মহকুমা সমবায় সমিতি নামে যে প্রতিষ্ঠানটি গঠিত ছিল, তা প্রতিপত্তিশালী লোকেরা তাদের আত্মীয়-স্বজনকে ঐ সমবায়ের সভ্য শ্রেণীভুক্ত করে সমিতিটিকে কুক্ষিগত করে রেখেছিলেন। পরে ঐ সমিতির বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উঠবার পর সমবায় বিভাগ অনুসন্ধান করে রিপোর্ট দিয়ে কয়েক জনকে দোষী সাব্যস্ত করা সত্ত্বেও দলগত স্বার্থে ও ক্ষমতাসীন দলের আধিপত্যে কোন প্রতিকার না হওয়ায় প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে গেছে।

তারপর বিষ্ণুপুর ব্রাস ওয়্যার্স সোসাইটি নামক প্রতিষ্ঠানটি বিষ্ণুপুরে সুপ্রাচীন ও সুপ্রসিদ্ধ বাসন শিল্পের উন্নতির জন্য গঠিত হয়েছিল। কিন্তু উহাও অনুরূপভাবে ক্ষমতাসীন দলের লোকের অধীনে থাকায় সে সমিতিও দেউলিয়া হয়ে পড়েছে এবং এখন মুমূর্ষু অবস্থায় আছে, স্থানীয় শঙ্খ সমবায় সমিতি সমস্ত নিয়ম কানুন মেনে কাজ করছিল। কিন্তু বার বার আবেদন নিবেদন করেও সম্বৎসরের কার্যোপযোগী কাঁচা মালের সরবরাহ না পাওয়ায় ও সেই সমিতির আর্থিক দুর্বলতার জন্য সেলস ট্যাক্স মকুবের কোন প্রতিকার না পাওয়ায় পরিচালকমণ্ডলীর সততা থাকা সত্ত্বেও সমিতিটি সম্প্রতি উঠে গিয়েছে। তাঁত শিল্প প্রতিষ্ঠানটি কোনরূপে টিকে

আছে। কিন্তু উহাতে সহরের সমস্ত তন্তুবায়কে উক্ত সমিতির সভ্যশ্রেণীভুক্ত না করায় তসর, রেশম ও আলপাকা দ্বারা প্রস্তুকারী তাঁতিরা বেকার হয়ে পড়েছে। বর্তমানে স্বর্ণ নিয়ন্ত্রণের ফলে স্বর্ণ শিল্পীরাও বেকার হয়ে পড়েছে। এইরূপে ঐতিহ্যপূর্ণ ঐতিহাসিক মর্য্যাদা সম্পন্ন মল্ল রাজধানী বিষ্ণুপুর সহরের অধিবাসী সর্বশ্রেণীর কুটির শিল্পিগণ আজ বেকারে পরিণত হয়েছে এবং অনেকেই রিলিফ নিতে বাধ্য হচ্ছেন। অনেকে অনশনে অর্ধাশনে অশেষ কষ্ট ভোগ করছেন। সেইজন্য আমি মাননীয় শিল্পমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন অবিলম্বে ঐ সকল সমবায় সমিতি ও শিল্প প্রতিষ্ঠানগুলিকে পুনর্জীবিত করবার ব্যবস্থা অবলম্বন করেন ও তাদের বেকারত্ব দূর করেন। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের ভয়াবহ বেকার সমস্যা আর পশ্চিম বাংলার অর্থনৈতিক দিকটা লক্ষ্য করে শিল্পায়নের বিশেষ প্রয়োজন আছে। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গ সরকার এই শিল্পায়নের ক্ষেত্রে বারে বারে ব্যর্থ হয়েছেন। এই ব্যর্থতার কারণ যদি খুঁজতে যাই তাহলে দেখা যাবে মোটামুটি তিনটা কারণ রয়েছে। প্রথমত শিল্প উৎপাদনের ক্ষেত্রে অর্থ অপচয়। দ্বিতীয়ত শিল্প উৎপাদনের ক্ষেত্রে অসৎ ব্যক্তির আবির্ভাব। তৃতীয়ত শিল্প উৎপাদনের ক্ষেত্রে সংহত ও পরিকল্পিত দৃষ্টিভঙ্গির অভাব।

অর্থ অপচয়ের ক্ষেত্রে দেখা যায় কিছুদিন আগে সেলস এম্পোরিয়াম বন্ধ করে দেওয়া হয়েছে। অত্যন্ত দেরীতে হলেও, শেষ পর্যন্ত যে সেটা বন্ধ করে দিয়েছেন, তার জন্য সাধুবাদ জানাচ্ছি। কিন্তু সেই সঙ্গে জানাতে চাচ্ছি, ১৯৫৫ সাল থেকে আরম্ভ করে ১৯৬২ সাল পর্যন্ত যে লক্ষ লক্ষ টাকার অপচয় হল, এবং ১৯৬০ সালের অডিট রিপোর্টে দেখছি যে ৪৯ হাজার টাকার শিল্পজাত দ্রব্য নেই, এর জন্য যারা দায়ী; যারা এইসব জিনিস নষ্ট করেছেন, যারা অপরাধী, তাদের বিরুদ্ধে কি শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হয়েছে? আমি জানি এই সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয়ের বারাসতের বাড়ীতে পর্যন্ত ধর্ণা দিয়েছিলেন এইসব অপরাধীরা। আমরা জানি তিনি গৌরাঙ্গ প্রেমে বিভোর। তিনি যদি মনে করে থাকেন তিনি প্রেম বিলাবেন, তাতে কোন আপত্তি নেই। কিন্তু শিল্পমন্ত্রী হিসাবে, দেশের অর্থ অপচয়ের জন্য নিশ্চয় জনসাধারণ দাবী করতে পারে আপনার কাছে যে এই অর্থ অপচয়ের জন্য দায়ী কে? যারা অপরাধী, তাদের বিরুদ্ধে কি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে? দ্বিতীয় অভিযোগ আমার, শিল্প উৎপাদন ক্ষেত্রে অসাধু ব্যক্তির আবির্ভাব আমরা দেখতে পাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার কাছে একটা ফটো রয়েছে, বাংলা দেশের বুকের উপর অনেক নূতন নূতন শিল্পপতি গজায়। এটা তারই চিত্র। ধীরেন চন্দ্র ভৌমিক (এ ভয়েসঃ তাঁর ছবি?) পরে দেখাবো, সবুর করুন। ধীরেন ভৌমিক অ্যান্ড কোম্পানী, registered manufacturers of Government of West Bengal. বাঁকুড়া নির্মলডাঙ্গায় যার লোকদেখানো একটা ফ্যাক্টরী রয়েছে। এই ভুয়া প্রতিষ্ঠানটি রাইটার্স বিল্ডিং-এর ফাঁক দিয়ে, ঐ রাইটার্স বিল্ডিং-এর যে সুড়ঙ্গ পথ রয়েছে সেই পথ দিয়ে পার্মিটের মাধ্যমে স্টীল কোটা বের করছেন। এবং ব্ল্যাক মার্কেট-এর হাত দিয়ে সেই কোটা বিভিন্ন স্থানে বিক্রয় করছেন। এই ব্যাপারে যারা সাহায্য করছেন দেখুন। রাইটার্স বিল্ডিং-এর দুই জন বিশিষ্ট অফিসার একজন হচ্ছেন শ্রী আর ঘোষ, ডি এম, বাঙ্কুড়া, আর একজন হচ্ছেন পি নাগ, আই এ এস, (রিটায়ার্ড)—তাঁরা এর সঙ্গে জড়িত রয়েছেন।

[3-20—3-30 p.m.]

তাদের এই ব্যবসা সংক্রান্ত ব্যাপারে আমার কাছে বহু কাগজপত্র আছে। মিঃ স্পীকার, স্যার, এই ধীরেন ভৌমিক অ্যান্ড কোম্পানী যেসব প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত রয়েছে অর্থাৎ যাদের সঙ্গে এই গোপন ব্যবসা চলে তাদের মধ্যে রয়েছে মেসার্স কমলা সিট মেটালস ইন্ডাস্ট্রিজ, ১৮ বেলেঘাটা মেন রোড, কলিকাতা; মেসার্স যশদালাল ঘোষাল প্রাইভেট লিমিটেড, ২০ মহর্ষি দেবেন্দ্র রোড, কলিকাতা ৭; মেসার্স এস এন মান্না অ্যান্ড এম এল মান্না প্রাইভেট লিমিটেড, ডি-১৬ জগন্নাথ ঘাট, কলিকাতা; মেসার্স কল্পনা স্টোরস, বাঁকুড়া; এইসব প্রতিষ্ঠানের সঙ্গে গোপন ব্যবসা চলে।

এই কম্পানীর যিনি নায়ক শ্রীধীরেন ভৌমিক, তিনি একজন ফার্স্ট ক্লাশ ডিবচ। তিনি একসঙ্গে তিনটি নারীর সঙ্গে প্রেম করে চলেছেন তার বহু প্রেমপত্র রয়েছে এখানে। আমার প্রশ্ন, মাননীয় শিল্পমন্ত্রীকে আমি জিজ্ঞাসা করতে চাই যারা চোরাকারবারী, দুর্নীতি পরায়ণ, তাদের মধ্যে দিয়ে কি আমাদের শিল্প উৎপাদন বৃদ্ধি পাবে? সবচেয়ে আশ্চর্যের কথা যে এইরকম একটা ডিবচ তার সার্টিফিকেট দিচ্ছেন আমাদের মুখ্যমন্ত্রী স্বয়ং। ২৮এ ফেব্রুয়ারী আনন্দ বাজার পত্রিকার একটা ছবি আমি আপনার সামনে রাখছি। সেই ছবিতে শ্রীধীরেন্দ্রচন্দ্র ভৌমিক পরিণয়সূত্রে আবদ্ধ হবার পর মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেনের সহিত এই আলোকচিত্রটি গৃহীত হয়। ১৭ই ফেব্রুয়ারী সন্ধ্যায় প্রীতিভোজ অনুষ্ঠানে বিশিষ্ট অতিথি হিসাবে যাঁদের সমাগম হয়েছিল তাঁদের মধ্যে ছিলেন সেচমন্ত্রী অজয় মুখার্জী, রাধারাণী মহাতাব, আভা চ্যাটার্জী এবং রঞ্জিৎ ঘোষ, আই এ এস ও প্রেমানন্দ নাগ, রিটায়ার্ড আই এ এস। আমার তৃতীয় অভিযোগ সংহত ও পরিকল্পিত দৃষ্টিভঙ্গীর অভাব। আমরা যদি লক্ষ্য করে থাকি তাহলে আমরা দেখবো যে, ফলিত অর্থনৈতিক গবেষণা পরিষদের যে রিপোর্টে পরিষ্কারভাবে বলা হচ্ছে যে একমাত্র কলিকাতা এবং তার পার্শ্ববর্তী অঞ্চল আসানসোল, দুর্গাপুর, এবং উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ির চা বাগানের যে অঞ্চল এছাড়া আর কোথাও শিল্পোন্নয়ন ঘটে নি। অথচ উত্তরবঙ্গে যেখানে কাঁচা মালের প্রচুর সরবরাহ রয়েছে সেখানে শিল্প উৎপাদন ব্যবস্থা হতে পারে তার কোন সুযোগ গ্রহণ করা হয় নি। বরং উলটো আমরা দেখতে পাচ্ছি, কুচবিহার জেলার উপরে মাত্র যে দু' একটি শিল্প ছিল যেমন দিয়াশালাইএর কারখানা, প্লাইউড ফ্যাক্টারী, সেগুলি উঠিয়ে দেওয়া হয়েছে। এবং অত্যন্ত দুঃখের কথা যে শুধুমাত্র বিদ্যুতের অভাব দেখিয়ে আজকে সেখানে যে পাওয়ার লুম খোলার কথা ছিল তা পর্যন্ত সরিয়ে নিয়ে আসা হল এই কলকাতার বুকের উপর। আমার প্রশ্ন যে একমাত্র বিদ্যুতের অভাব, এর আগেও মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন আর কতদিন বলবেন উত্তর বাংলার ক্ষেত্রে ঐ একমাত্র জলঢাকা প্রজেক্ট, যেখানে মাত্র ৯ মেগাওয়াট পাওয়ার উৎপন্ন হবে সেটা দেখিয়ে উত্তর বাংলার মানুষকে আর কতদিন ধরে রাখবেন? আমার বক্তব্য বাগরাকোট অঞ্চলে প্রচুর কয়লা পাওয়া যাচ্ছে সেটা অনুসন্ধান করা হক এবং সেখানে যাতে একটা থার্মাল পাওয়ার প্ল্যান্ট স্থাপন করা যায় তার ব্যবস্থা করা হোক।

আর একটি শিল্প উত্তরবঙ্গে রয়েছে সেটা হচ্ছে রেমী। রেমী থেকে ভাল কাপড় তৈরী হয়। রেমীর যদি কল না হয়, তাহলে ভবিষ্যতে এই রেমী চাষ বন্ধ হয়ে যাবে। অবিলম্বে সেখানে এই রেমীকল স্থাপন করা হোক।

তৃতীয় কথা, আজকে আমরা যে কাগজের অভাব বোধ করছি সেই কাগজ সম্পর্কে আমরা দেখেছি বিভিন্ন ক্ষেত্রে কাগজ করবার জন্য উত্তর বাংলায় প্রচুর নরম কাঠ পাওয়া যায় সেখানে কাগজের কল তৈরী করা যেতে পারে।

আমার চতুর্থ বক্তব্য, যেটা আমরা বিভিন্ন ক্ষেত্রে দেখতে পাচ্ছি সেটা হচ্ছে তাঁত শিল্পীদের দুরবস্থার কথা। সুতা নেই, তাঁত চলবে কেমন করে? চড়া দামে যদি সুতা কিনতে হয় তাহলে বাংলার তাঁত শিল্প বাঁচতে পারে না বিশেষ করে অন্যান্য প্রদেশের তাঁত শিল্প যখন কম্পিটিশনে নেবেছে। আমি আপনার সামনে পরিষ্কারভাবে রাখছি যে চলুন ঐ বড়বাজারের যেখানে সুতা-পটি রয়েছে সেখানে ন্যায্য দামে কোন সুতা পাবার সুযোগ নেই। বেশী দামে সেখানে সুতা কিনতে হয়। আমার কাছে বহু ক্যাশ মেমো আছে, ঐ ঈশ্বর দাস জালান মহাশয়ের আত্মীয়রা সেখানে একচেটিয়া ব্যবসা আরম্ভ করেছেন। আমি এর দু একটা উদাহরণ আপনার সামনে রাখছি, গৌরশঙ্কর জালান অ্যান্ড কোম্পানী, আর একটা হচ্ছে মোহনলাল রতনচাঁদ। এদের বিভিন্ন কাগজপত্র আমার কাছে রয়েছে। তারা কি দামে সুতা বিক্রয় করছে সেটা দেখুন, ১০ পাউন্ডের ৪০নং সুতা মাদুরা, মীনাক্ষি ও কুঠারী মিলের তার রিটেল দাম ৩১·৬২ টাকা, অথচ তা বিক্রি হচ্ছে ৩৮ টাকা করে। ১০ পাউন্ড ওজনের ২।২৪ পাড়ের সুতা মাদুরা মিলস-এর, তার রিটেল দাম ২৭·৫০ টাকা, তা বিক্রি হচ্ছে ৩৪ টাকা করে। এবং ক্যাশ মেমোতে এই বেশী দাম পরিষ্কারভাবে ধরা হয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কি, এইসব তাঁত শিল্পীরা যদি ন্যায্য দামে সুতা না পায় তাহলে বাইরে যে তাঁত শিল্প রয়েছে

তার সঙ্গে এরা কিভাবে কম্পিটিশনে দাঁড়াবে। আসল কথা, যদি আমরা এই শিল্প ব্যবস্থার সমস্ত চিত্রটা দেখি তাহলে সেখানে রয়েছে শুধু টাকা নিয়ে ছিনিমিনি খেলা। কোন সুষ্ঠু পরিকল্পনা নেই যে পরিকল্পনার মধ্যে দিয়ে এই ব্যবস্থা এগিয়ে যেতে পারে, সত্যিকারের দেশের মধ্যে শিল্প উন্নয়ন হতে পারে।

আমার আর একটা কথা হচ্ছে, পশ্চিম বাংলায় যে চলচ্চিত্র শিল্প আজ ধ্বংস হতে বসেছে। চলচ্চিত্রের ব্যাপারে দেখছি আমাদের যেসব ছবিঘর রয়েছে সেই ছবিঘরের মালিকরা এই চলচ্চিত্র শিল্পকে কন্ট্রোল করছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি এই ছবিঘরের যারা মালিক তাদের হাত থেকে চলচ্চিত্র শিল্পকে বাঁচিয়ে যারা সত্যিকারের প্রযোজক, যারা পরিবেশক, যারা শিল্পী, কর্মী রয়েছে তাদের দিকে আপনি নজর দিন যাতে তারা সত্যিকারের স্থান পায় এই শিল্প ক্ষেত্রে। বাংলা দেশের চলচ্চিত্রের যে সুনাম রয়েছে সত্যজিৎ রায়, তপন সিংহের মত পরিচালক যে শিল্পে রয়েছেন, যে শিল্পে আজকে বাইরে থেকে অর্থ উপার্জন করছে, সেই শিল্প যাতে বাঁচতে পারে তার ব্যবস্থা আপনি করুন।

Shri Bijoy Kumar Roy:

সভাপাল মহাশয়, অর্থমন্ত্রী আমাদের সামনে যে বাজেট বরাদ্দ পেশ করলেন তা আমি সমর্থন করতে পারি না। সমর্থন করতে পারি না এই জন্য যে আজকে সেখানে সমগ্র দেশে দ্রব্যমূল্য বৃদ্ধির চাপে জনসাধারণ জর্জরিত এবং হাহাকার করছে এই সময় আমাদের মন্ত্রিসভা জনসাধারণের দুঃখকষ্টের কোন সুরাহা করতে পারেন না। স্যার, পশ্চিমবঙ্গে যখন কনসিউমার্স সোসাইটি করার কথা হয়েছিল সেই কনসিউমার্স সোসাইটি করার জন্য কেন্দ্রীয় সরকার প্রচুর টাকা দেওয়ার প্রতিশ্রুতি এবং নির্দেশ দেওয়া সত্ত্বেও আজ পর্যন্ত একটিও কনসিউমার্স সোসাইটি করা হয় নি। যেখানে ২৬এ জানুয়ারী এই পশ্চিম বাংলার সমস্ত এলাকায় কনসিউমার্স সোসাইটি করার কথা সেখানে আজকে আমরা ফেব্রুয়ারী মাসে দেখছি একটি কনসিউমার্স সোসাইটিও গঠন করা হয় নি। আমরা যতদূর জানি যে, চাপে পড়ে হোক আর দায় ঠেকে হোক গত ১৯-২-৬৩ তারিখে রেজিষ্ট্রার অফ কো-অপারেটিভস নির্দেশ দিয়েছেন এই কনসিউমার্স কো-অপারেটিভস রেজেস্ট্রী করা সম্পর্কে। মন্ত্রিমহাশয় জানাবেন কি এই অর্ডার দিতে দেরী হল কেন? সাইট সিলেকশনের কোন নির্দেশ হয়েছে কিনা জানি না। কলিকাতা জনবহুল এলাকা—সাইট সিলেকশন নিয়ে অনেক গোলমালের সম্ভাবনা আছে। আমরা জানি এই কনসিউমার্স সোসাইটি গঠন করার ব্যাপারে কেন এত গড়িমসী। তরুণবাবুর পেটুয়া লোক শ্রী পি সি মজুমদার, রিটায়ার্ড আই এ এস অফিসার তাকে কনসিউমার্স সোসাইটির ডিরেক্টর নিযুক্ত করেছেন। এই ব্যক্তিটির স্বার্থে আজকে কনসিউমার্স সোসাইটি গঠনে দেরী হচ্ছে। আমরা এই ভদ্রলোকের স্বরূপ ভাল করে জানি। তিনি কুচবিহারের ডি সি ছিলেন। তখন তাঁর বহু কেলেঙ্কারী আজও স্মরণে আছে এবং ভবিষ্যতেও স্মরণে থাকবে। আমরা জানি শ্রী মজুমদার যখন ক্যালকাটা করপোরেশনএর অ্যাডমিনিস্ট্রেটর ছিলেন তখন এই ক্যালকাটা কর-পোরেশনএর কি দুর্গতি ছিল তা কলকাতার মানুষ হাড়ে হাড়ে জানে।

[3-30—3-40 p.m.]

বাংলা দেশের গ্রামে গ্রামে কৃষি সমবায় সমিতি গঠন করা হয়েছে বটে, কিন্তু তার যে দুর্দশা হয়েছে সে সম্পর্কে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কৃষি সমবায় সমিতি সম্বন্ধে এমন আইন করা হয়েছে যা কৃষকের স্বার্থ বিরোধী। আজকে দেখা যাবে যে কৃষি ঋণ দেওয়া হয় তার ৯০ পার সেন্ট শোধ না করা হলে পুনরায় ঋণ দেওয়া হয় না। আমি নিজে একজন কৃষকের ছেলে, আমি এ সম্পর্কে বিশেষভাবে ওয়াকিবহাল। নানা কারণে জমি থেকে প্রতি বছর সমানভাবে ফসল উঠে না। এজন্য চাষীদের সব সময়েই অভাবের মধ্যে থাকতে হয়। এই রকম যদি আইন হয় যে, ৯০ পার সেন্ট ঋণ শোধ না দেওয়া হলে পুনরায় ঋণ পাওয়া যাবে না তাহলে আমি বলব, তরুণবাবু কৃষকদের অবস্থা সম্পর্কে সম্পূর্ণ অজ্ঞ, এবং তার ৭ পুরুষেও কৃষকদের সঙ্গে কোন যোগাযোগ ছিল না, তা না হলে এই রকম আইন করতে পারেন না। আজকে সমবায় সমিতিগুলির মধ্যে কি রকম দুর্নীতি চলছে সেদিকে আমি আপনার দৃষ্টি

আকর্ষণ করতে চাই। আজকে দীনহাটা মহকুমার সমবায় সমিতির মাধ্যমে ওখানকার বি-ডি-ও চরম লুটপাট চালাচ্ছেন। তিনি জিনিসপত্র নিজে দাম দেন না। হীরালাল ব্যানার্জী, দীনহাটা মহকুমার কংগ্রেস সেক্রেটারী, তিনি আবার সমবায় সমিতিরও সেক্রেটারী—এই দুজনে মিলে ৪০ হাজার টাকা আত্মসাৎ করেছেন। আপনারা কি এই বিষয়ে তদন্ত করবেন? পরিশেষে আমি বলব, আপনারা যদি সত্যিই কৃষকের মঙ্গল চান তাহলে এই আইন তুলে দিন।

Shri Lakshmi Ranjan Josse: Mr. Speaker, Sir, the problem of this problem-ridden State is mostly connected with the poor people of the rural area. Most of the people live in the rural areas and the industries have not reached there. I must congratulate the Hon'ble Minister who intiated this debate by remarking that if the people can not come to the industries, the industries will go to them. That was very happily put and the intention is very good. But it is the approach. During my career I have seen that the intention of the Government is very very good, but it is the approach that matters.

Now, I am giving you some concrete examples by referring to the cottage and small-scale industries which are situated in Kalimpong. The major industries should not be the concern of the Government because there are those big capitalists, there are those big monopolists who have a chain of newspapers, jute mills and sugar mills. They can look after those big industries but Government is concerned with the medium and small-scale industries.

Rural development or the development of the economy of the rural areas should be the prime concern of this State and what do we find there? Government thinks that by setting up a few co-operatives the job is done.

The success of the co-operation which is a very beneficial institution depends on so many factors. In the rural areas which are backward, where there is no education and where the economic strength is nil, the co-operation has become a failure. It is like a blind leading a blind. Therefore, I would suggest that to implement the good intentions of the Government an Economic Enquiry Commission should be set up and this Enquiry Commission should visit the backward districts of Darjeeling and Cooch Behar to start with, and they should go thoroughly into the matter, because in Bengal, in one form or the other, every region or district has its own resources and if correctly developed it could lead to economic upliftment of the people and that can be done by instituting a thorough enquiry into the economic resources of the particular region. In Kalimpong a famous institution was set up or sponsored by the Missionaries as far back as 1894, called 'Kalimpong Arts and Crafts'. It was a very useful institution. But after the change of times, after the change in the political set up, the Missionaries ceased to take interest and it had fallen into incompetent hands. Then the Government desired that the Co-operative Department should take it up and since 1958 the Co-operative Department has taken it up but its condition is very miserable now. The sorry state of affairs of a fine institution, which is employing to-day one hundred of persons, men and women, and an institution which at one time earned the reputation not only in India but even abroad for its originality, pattern and design, is regretable. It would be a sad day for the dying town of Kalimpong if that industry is allowed to die. It can yet be revived and restored.

Similarly, our late Chief Minister, Dr. B. C. Roy, had a soft corner for the hill-men and he visited Kalimpong several times and set up a cheese-making industrial centre at Pedong. I don't know for what reason

it did not have a regular smooth life. It had an intermittent life and even now it is completely closed down. When that centre sprang up the local farmers invested their money on cows and buffaloes so that they could supplement their earning by supplying milk, for they were led to believe that it was a permanent centre. Now, Government has already invested some money on machinery. I don't know why that is not running ! I don't know the reason behind this closure.

In the same town of Kalimpong the Missionaries of St. Augustine School have started a dairy for making cheese and this cheese is finding ready market in Calcutta and it is a successful institution. So, what the Missionaries can do, we can very well do provided the Government goes into it sincerely and takes the local people into confidence. Therefore, I suggest that some experts should go and revive the industries. Mere experimenting will not do. For instance, we spent some money for experimenting on fruit presenvation but that is also now closed down. We run a thing and spend money for one year and then close it down. The experiments are very many which disappoint the people. Therefore, I will again lay stress that an Enquiry Commission be sent to these districts to explore the economic possibilities and economic resources.

Thank you, Sir.

[3-40—3-50 p.m.]

Shri Baidyanath Banerjee:

মাননীয় অধ্যক্ষ মহোদয় শিল্পমন্ত্রী আমাদের সামনে যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন আমি সেটা সর্বান্তঃকরণে সমর্থন করছি, আমরা এতে দেখতে পাচ্ছি যে বেঙ্গল গভর্নমেন্ট কোলিয়ারী খোলবার প্রস্তাব করেছেন, এটা অত্যন্ত ভাল কথা, এটা শুনে আমি অত্যন্ত আনন্দ বোধ করছি। এর প্রথম কারণ হচ্ছে এই যে বেঙ্গল গভর্নমেন্ট যে সমস্ত বেসিক ইন্ডাস্ট্রি ইতিমধ্যে করেছেন বা অদূর ভবিষ্যতে করবেন বা করবার সম্ভাবনা রয়েছে তার প্রধান উপকরণ কয়লা। বর্তমানে দুর্গাপুর প্রোজেক্টএ পাওয়ার প্ল্যান্টএর জন্য দৈনিক ৮০০ টন করে কয়লার দরকার হয় এবং কোক ওভেনের জন্য ১,৪০০ টন করে কয়লার দরকার হয়। এক বৎসর কি দেড় বৎসরের মধ্যে পাওয়ার প্ল্যান্টএ ৩ হাজার টন দৈনিক এবং কোক ওভেন প্ল্যান্টএ ৩ হাজার টন দৈনিক কয়লার দরকার হবে। তাছাড়া ব্যান্ডেলে পাওয়ার স্টেশন হচ্ছে, সেটা যথাসময়ে শেষ হয়ে যাবে, চালু হবে ও তাতে মাসে ৩ হাজার টন কয়লা দরকার, সেখানে ৪ মিলিয়ন টন কয়লার দরকার হবে অন্যান্য ইন্ডাস্ট্রীতে। এখন বলতে পারা যায় যে কয়লাতো বাহির থেকে কিনতে পারা যায় কিন্তু আমরা জানি যে ইলেকট্রিসীটির প্রধান উপকরণ কয়লা, এবং কয়লার কষ্টএর উপর ইলেকট্রিসীটি চার্জ নির্ভর করে। কয়লার দর এখন সেন্ট্রাল গভর্নমেন্ট নির্দিষ্ট করেছেন। কাজেই বাইরে থেকে কিনতে গেলেও ঐ নির্দিষ্ট দরে কিনতে হবে। আর যদি নিজেরা কোলিয়ারী করি এবং বর্তমানে মেশিন-এর সাহায্যে মর্ডারনাইজ করি, যদি আইন তৈয়ারি করি, তাহলে খরচ অনেক কম হবে, এবং সে দিক থেকে সস্তা দরে ইলেক্ট্রিসিটি দেবার সম্ভাবনা রয়েছে ও তাতে কয়লা শিল্পের অনেক উন্নতি হবে। আর একটা বড় কথা হচ্ছে এই আমরা জানি যে, আমাদের দেশে এই যে কয়লা শিল্প এটা আমাদের দেশের শ্রমিকদের জন্য নয়, কেন না এ কাজ করতে তারা অভ্যস্ত নয়, এটা তাদের ভাল লাগে না। আমরা দেখেছি উপযুক্ত পরিবেশ যদি করা যায়, তাহলে আমাদের দেশের ছেলেরা কোন কাজে পেছপাও হয় না। এর প্রমাণ আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি, যেমন অন্যান্য কোক ওভেনএ দেখতে পাচ্ছি সেখানে আমাদের দেশের লোকেরা কাজ করতে পারে না। কিন্তু দুর্গাপুরের কোক ওভেনএ দেখা যায় যতগুলি কর্মী সেখানে আছে, সকলেই আমাদের বাংলা দেশের ছেলে। এরকম ভাবে এই পদ্ধতি নিয়ে যদি আমরা কোলিয়ারী করি এবং সেই কোলিয়ারীতে কাজ করার আবহাওয়া ও বর্তমানে বৈজ্ঞানিক নানা প্রকার কলকব্জা করে এমন ব্যবস্থা করতে পারি যাতে তাদের যে হ্যাজার্ড সেটা কমে যাবে। তাহলে আমরা দেখতে পাবো আমাদের নিজেদের কোলিয়ারীতে নয় বাংলা দেশের যে শ্রমিক কোলিয়ারীতে নিযুক্ত আছে, তাতে অনেকেই আমাদের দেশের ছেলেরা কাজ করতে পারে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা প্রস্তাব আপনার মারফত মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই। আমাদের শিল্পমন্ত্রী মহাশয় বলেছেন ডিসপারসাল অফ ইন্ডাস্ট্রিজ দরকার অর্থাৎ শুধু কলকাতা, হাওড়া, হুগলী, কি বর্ধমান, আসানসোল এগুলিকেই কেবল শিল্পাঞ্চল বললে চলবে না, সমস্ত জায়গায় ছড়িয়ে দিতে হবে। খুব ভাল কথা, আমরা প্রায়ই একথা বলে থাকি। হাউসের এদিকে বলি, ওদিকের ও'রাও বলেন এবং অনেক দিন ধরে বলা হচ্ছে কিন্তু আমরা তার যে একটা খুব ফল হয়েছে তা দেখতে পাচ্ছি না। আমার কথা হচ্ছে যেমন প্ল্যানিং কমিশনের একটা প্ল্যান করেন সেরকম আমাদের গভর্নমেন্ট, একটা প্ল্যান করুন, একটা কমিটি করুন, আর ডিপার্টমেন্ট অফ ইন্ডাস্ট্রিজকে রিঅর্গানাইজ করুন। তাদের বের করুন খুঁজে খুঁজে যে কোন কোন জেলায় কোন কোন শিল্প করতে পারা যায়, কারণ বড় বড় শিল্প না করলে তার পরিপূরক হিসাবে কুটির শিল্প চলে না। এটা আমরা দেখতে পাচ্ছি। এখন যদি আমরা ডিরেক্টরেট অফ ইন্ডাস্ট্রিজএ যাই, তাহলে জানতে পারবো, এই এই সাহায্য দিতে পারা যায়, এই এই করতে পারা যায়, কিন্তু তাতে আমাদের কাজ হবে না। আমরা যেভাবে অন্য জিনিস করাই। আমাদের কয়লার উৎপাদন বাড়াতে হবে, ইন্ডাস্ট্রিজ বাড়াতে হবে, এইরূপভাবে আমাদের জিনিসটা করতে হবে যে, আমাদের বীরভূম জেলা, বর্ধমান জেলা, পুরুলিয়া জেলার কোথায় কি করা যায়। যেমন বীরভূমে পাথর শিল্প, মুর্শিদাবাদ সিল্ক এবং বীরভূম, বর্ধমান, মেদিনীপুরে, পুরুলিয়ায় ফায়ার ক্লে, ব্ল্যাক স্টোন, চায়না ক্লে, এরূপ অনেক কিছু আছে, সেগুলো একটা প্ল্যান করে পরিকল্পনা নিয়ে এক এক বছরে ২টা জেলা নিয়ে করা হয় তাহলে আমাদের গভর্নমেন্টকে নীতি সেটা রূপ দেওয়া যাবে বাস্তবে রূপায়িত করা যাবে, দেশের উৎপাদন বাড়বে এবং সাধারণ লোকের জীবনযাত্রার মান বাড়বে। অনেক লোকের এমপ্লয়মেন্টও হবে। আরও প্রস্তাব আপনার মাধ্যমে করতে চাই সেটা হচ্ছে আমাদের দেশে ফায়ার ক্লে, রোড মেটাল, চাইনিজ ক্লে অনেক জেলায় আছে। গভর্নমেন্ট সার্ভে করেছে—জিওলজিক্যাল ডিপার্টমেন্ট সার্ভে করেছে—আমার প্রস্তাব এগুলি যদি আমাদের প্রাইভেট সেক্টরে লিজ দিয়ে দেয় তাহলে কাজ হবে না—এগুলি যদি সরকার থেকে ডেভেলপ করে স্থানীয় লোকদের কাজ দেওয়া হয় তাহলে ভাল হবে। এ সম্বন্ধে একটি পরিকল্পনা করা যেতে পারে—এতে যে খুব বেশী টাকার প্রয়োজন আছে তা নয় এবং সেখানে টাকার যে প্রয়োজন হবে সেটা সরকার কয়লা শিল্প থেকে তুলতে পারেন। প্রসঙ্গত অধ্যক্ষ মহাশয় কয়লা শিল্পের যে রয়েলটি সেটা আড়াই পারসেন্ট কেন্দ্রীয় সরকার ঠিক করে দিয়েছেন স্টেট গভর্নমেন্ট আড়াই পারসেন্ট পাবে। আমাদের বাংলা দেশে সেটা প্রায় এক কোটি বছরে। কিন্তু একটা মকর্দমা চলছে কয়লা শিল্পপতিদের সঙ্গে—সেটা যদি নিষ্পত্তি করে নেওয়া যায় যেটা শিল্পপতিরা চায় তাহলে এই টাকা গভর্নমেন্টের কাছে চলে আসতে পারে এবং এক কোটি দেড় কোটি টাকা তাঁরা পেতে পারে এবং এই টাকা দিয়ে অনেক ছোট ছোট কুটির-শিল্প বড় করা যেতে পারে।

এই কথা বলে আমি এই বাজেট সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Dr. Radhanath Chattoraj:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলার গ্রামাঞ্চলে লক্ষ লক্ষ কর্মক্ষম অর্ধশিক্ষিত বেকার অর্ধাহারে অনাহারে দিন কাটাচ্ছে—তাদের নাম এমপ্লমেন্ট এক্সচেঞ্জেএর খাতায় নাই—আর কোন দিন উঠবে কিনা তারও ঠিকানা নেই। এই শ্রম শক্তির অপচয় নিবারণ করতে হলে বাংলা দেশের বিভিন্ন জেলায় যে সমস্ত কুটির শিল্প ছিল এবং এখনও আছে তাদের পুনরুজ্জীবিত করতে হবে এবং গ্রামের মানুষদের গ্রামেই কাজ দিতে হবে। অন্যথায় গ্রাম বাঁচবে না। শহরেও ভিড় কমবে না। সে কারণে গ্রামাঞ্চলের প্রতিটি এলাকায় যে সমস্ত কাঁচামাল পাওয়া যায় তা দিয়ে সেই সমস্ত কুটির শিল্প গড়ে তুলতে হবে এবং সেগুলি থেকে উৎপন্ন দ্রব্য বিক্রয়ের ভারও সরকারকে নিতে হবে। সরকারী সাহায্য ব্যতিরেকে কুটির শিল্প বাঁচান সম্ভব নয় এবং সেই সঙ্গে শিল্পীদের শিক্ষার ব্যবস্থাও করতে হবে—তারা যেন যুগোপযোগী মানুষের রুচি অনুযায়ী দ্রব্য সামগ্রী উৎপাদন করতে সমর্থ হয়। প্রাক্ বৃটিশ যুগে এবং বৃটিশ আমলের প্রথম দিকে বীরভূম জেলা একটি শিল্প সমৃদ্ধ জেলা বলে বিখ্যাত ছিল। ১৯৫২ খৃস্টাব্দে ডাঃ ওল্ডহামের রিপোর্টে দেখা যায় বীরভূম জেলার বেলে নারানপুর-ডেউটা, ডামরা এবং গনপুর গ্রামে লোহা

উৎপাদন হতো। একমাত্র ডেউটা গ্রামেই ৩০টি ফারনেস ছিল প্রতিটি ফারনেসে বৎসরে ৩৪ টন করে কাঁচা লোহা উৎপন্ন হতো। জেলায় সর্বসমেত ৭২টি চুল্লী ছিল এবং সর্বসমেত ২৩৮০ টন লোহ উৎপন্ন হতো। জেলার বিভিন্ন জায়গায় প্রচুর লোহ আকর পাওয়া যায়। কুটির শিল্পের মাধ্যমে লোহ উৎপাদন করা সম্ভব কিনা অনুসন্ধান করা প্রয়োজন। জেলাটিতে রেশম ও তসর শিল্পের স্থান ছিল। ভদ্রপুর ও ময়ূরেশ্বর থানায় গনুটিয়া গ্রামে তিনটি রেশম কুঠি ছিল যেখানে বৎসরে ১১০ মণ করে সুতা উৎপন্ন হতো এবং দৈনিক কৃষকগণ চাষ করিয়া নগদ অর্থ রোজগার করতো। এখন বীরভূম জেলায় বাসারা, বিষ্ণুপুর, খানিপুর, ডানকুরি, করিধ্যা তাঁতিপাড়া ইলামবাজার প্রভৃতি গ্রামে তসর ও রেশমের কাপড় বুনিয়া থাকে। কিছু কিছু কাপড় বিদেশ চালান হয় এই শিল্পকে ভালভাবে গঠিত করিতে পারিলে বিদেশী মুদ্রাও অর্জন করা সম্ভব। ইলামবাজার থানায় লাক্ষা শিল্পের কারখানা ছিল। এখানে আলতা প্রভৃতি নানাবিধ শৌখিন জিনিস যথা—দোয়াত, প্রভৃতি উৎপন্ন হতো।

[3-50—4 p.m.]

নুরী সম্প্রদায়ের লোকেরা এই সমস্ত জিনিস তৈরী করতো। প্রথমে ঐ সমস্ত জিনিস ইংরেজ কোম্পানীর হাতে ছিল। তারপর ১৮৮২ খৃস্টাব্দে দেশীয় লোকদের তত্ত্বাবধানে কারখানা চালু হয়। এই শিল্প বর্তমানে প্রায় ধ্বংসের দিকে। এই এলাকার বনভূমিতে শাল, পলাশ, কুসুম, পাকুর, কুল প্রভৃতি গাছ প্রচুর আছে। উক্ত এলাকায় লাক্ষা চাষ লাক্ষা শিল্প যাতে প্রবর্তন—সে বিষয়ে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই শিল্পের দ্বারা বৈদেশিক মুদ্রা অর্জন করাও সম্ভব।

বীরভূমের মোরব্বার খুব খ্যাতি আছে, এবং বিদেশের ভাল বাজার এর আছে। যদি সরকারী তত্ত্বাবধানে এই শিল্পের উন্নতি সাধন করে বিদেশে চালান দেওয়া যায়, তাহলে এর দ্বারা বিদেশী মুদ্রা অর্জন করা সম্ভব হয়।

তাঁতের সুতীবস্ত্র এখনো বহু গ্রামে উৎপন্ন হয়। এই তাঁতী সম্প্রদায় আজ ধ্বংসের মুখে। এই তাঁত শিল্প যাতে ভালভাবে পরিচালিত হয় সেদিকে দৃষ্টি দেওয়া দরকার।

আমেদপুরের যে সুগার মিল; সেখান থেকে বাই প্রোডাক্ট তৈরী করবার কোন ব্যবস্থা আজ পর্যন্ত হয় নাই। সেই বাই প্রোডাক্ট তৈরীর ব্যবস্থা করা প্রয়োজন। সে বিষয় মাননীয় মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আখের ছোবড়ার দ্বারা কাগজ তৈরী সম্ভব কিনা—সে বিষয়ে পরীক্ষা করে দেখা দরকার।

রাজনগর থানায় যে সরকারী সিসল ফার্ম আছে, তার ফাইবার দ্বারা বহুবিধ সৌখীন জিনিস তৈরী করা সম্ভব। তা ছাড়া সিসলের রস হতে কর্টিজেন নামক এক প্রকার মূল্যবান ওষুধ তৈরী হয়। যাতে সিসল ফার্মকে কেন্দ্র করে কর্টিজেন উৎপাদনের ব্যবস্থা হয়, সে বিষয়ে মন্ত্রিমহাশয়কে দৃষ্টি আকর্ষণ করছি।

বীরভূমের দুবরাজপুর থানায় বক্রেশ্বরে যে উষ্ণ প্রস্রবণ আছে, সেখানে বহু দূর-দূরান্তর থেকে বহু লোক আসে তার জল পান করতে ও স্নান করতে। সেই জল পান করলে নানাবিধ পেটের পীড়া নিরাময় হয়। সেই জল কমার্সিয়ালী ব্যবহার করা সম্ভব কিনা—সে বিষয়ে পরীক্ষা নিরীক্ষা করে দেখবার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

বীরভূমের নদী তীরবর্তী অঞ্চলে টালী নির্মাণ করার কারখানা স্থাপন করা সম্ভব। বর্তমানে হাস্কিং মেসিন চালু হওয়ায় ঢেঁকিতে ধান ভানা বন্ধ হয়ে গেছে। সেই কারণে বহু লোক বেকার হয়ে গেছে। তাদের জন্য বিকল্প কাজের ব্যবস্থা করতে হলে গ্রামে গ্রামে চরকা, কাঁথা, সুজনী তৈরী প্রভৃতি কাজের ব্যবস্থা করতে হবে। বিড়ি বাঁধার কারখানা স্থাপন করলে গ্রামীণ বেকার সমস্যার অনেকখানি সমাধান হতে পারে। যে সমস্ত জায়গায় কামার, কুমোড়,

ছুতোর, কাঁসারী, শাঁখারী, চর্ম শিল্প ইত্যাদি আছে, সেখানে তাদের পেশাগত শিল্পের পুনরুজ্জীবন করতে হলে তাদের ঋণ দিয়ে শিক্ষা দিয়ে ও উৎপন্ন মাল বাজারে বিক্রয় করবার ব্যবস্থা করতে হবে।

কুটির শিল্প সরকারী সাহায্য ব্যতিরেকে বাঁচান সম্ভব নয়। কুটির শিল্প না বাঁচলে গ্রামও বাঁচবে না। তাই মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাবো যাতে এই সমস্ত যায়গায় সংখ্যাতত্ত্ব গ্রহণ করে বেকার শিল্পীদের ঋণ ও অন্যান্য সাহায্য দেওয়া যায় এবং কো-অপারেটিভএর মাধ্যমে যাতে তারা কাজ পায় সেজন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

ইন্ডাস্ট্রি ডাইরেক্টোরেটএর অধীনে যে সমস্ত ট্রেনিং-কাম-প্রোডাকশন সেন্টার ছিল, একদিকে মন্ত্রিমহাশয় কুটির শিল্পকে বাড়াবার চেষ্টা করছেন, অপর দিকে ট্রেনিং-কাম-প্রোডাকশন সেন্টার প্রত্যেকটি ব্লক এরিয়া থেকে তুলে দেবার ব্যবস্থা করছেন। এই নীতি পরস্পর বিরোধী, এতে বহু লোক বেকার হয়ে যাবে। এই সমস্ত শিল্প আরো গ্রামাঞ্চলে বাড়ানো দরকার। সে দিকে দৃষ্টি না দিয়ে কম করা হচ্ছে। সেই জন্য অনেক সরকারী কর্মচারী ছাঁটাই হয়ে যাবে এবং সঙ্গে সঙ্গে যারা কাজ শিখেছে, তাদের কাজও বন্ধ হয়ে যাবে। আমি জানি আমার এলাকার অনেক ছেলে এইসব কাজ শিখে দু-পয়সা রোজগার করছে, আজ তারা বেকার হয়ে যাবে। তাই আমি অনুরোধ করবো এই ট্রেনিং-কাম-প্রোডাকশন সেন্টার তুলে না দিয়ে আরো যাতে প্রসার লাভ করে তার ব্যবস্থা মন্ত্রিমহাশয় করুন। এ সম্বন্ধে তার দৃষ্টি আকর্ষণ করছি।

The Hon'ble Chittaranjan Roy: Mr. Speaker, Sir, when I analysed the 28 cut motions against Co-operation I found that they had three characters. Firstly, about 50 per cent. of the cut motions relate to failure of co-operative movement. Secondly, one cut motion, No. 15, by Dr. Narayan Chandra Roy, relates to the policy of the co-operative movement, and the others are mainly about particular regions or particular types of societies.

So far as the first point is concerned, that is failure of the co-operative movement, which covers 50 per cent. of the cut motions, I would invite the attention of the honourable members through you, Sir, to the fact that when they come to any conclusion as to the trend and progress of the movement, they should not forget the time when and with what background the movement was started in Bengal. Bengal had to start the co-operative movement in 1950-51, whereas in other States it was started in 1937—after the 1935 Act. Sir, when other States were constructing the co-operative movement and other movements, our State was fighting with the Muslim League administration, facing the famine of 1943 and the riots of 1946, and above all we had to face the partition of Bengal in 1947. What was the result of this partition? Before the partition, in joint Bengal there were about 43,000 societies. After partition West Bengal had about 13,000 societies of which about 7,000 in moribund state. Out of these 7,000 societies about 5,000 had to be liquidated. West Bengal started its constructive programme in co-operative in 1950-51 and, therefore, you are to judge whether from 1950-51 to 1960-61 there had been any progress or the progress was retarded. If there had been no progress, certainly we would have to confess that we had failed. But if you compare the working in this State with the working in any other State in India which started work 15 years earlier, then, I am afraid, it will be unjust. If you compare the working in this State from 1950-51 to 1960-61 you will find I will give you only a few instances—that the share capital of the Apex Banks has increased from 24 lakhs to 59 lakhs, i.e., by 146 per cent. Our Central Co-operative Bank has increased its share capital from 16 lakhs to 57 lakhs, i.e., an increase of 256.25 per cent. In the Primary Agricultural Credit Societies also the share capital has increased from 16.39 lakhs to 81.95 lakhs, i.e., an increase of 400 per cent.

Now, a society is recognised on the amount of confidence it has earned. That depends upon the deposit by the people and enrolment of membership. Deposit by members has increased in our Apex Banks from 151 lakhs to 348 lakhs, i.e., by about 131 per cent. In the Central Co-operative Banks it has increased from 126 lakhs to 179 lakhs, i.e., an increase of about 42 per cent. In the Primary Agricultural Credit Societies the deposit has increased from 7.6 lakhs to 19.88 lakhs that is an increase of 162 per cent.

The working capital can be constituted in various ways. It can be constituted with share capital, loan and deposit. If you can incur more loan your working capital will swell. But if you can create your own working capital with your own share and deposit, then it stabilises. The working capital in our Apex Banks has increased from 365 lakhs to 705 lakhs, i.e., an increase of 94 per cent. In the Central Co-operative Banks the capital has increased from 195 lakhs to 476 lakhs, i.e., an increase of 144.10 per cent. In the Primary Agricultural Credit Societies the capital has increased from 113.70 lakhs to 438.94 lakhs, i.e., an increase of 286 per cent.

[4—4-10 p.m.]

With this economic condition I would like to refer to the increase in number to show that we have also increased the number of co-operative societies in course of last 10 years from 1951 to 1961. What was the number of co-operative societies? The number has increased. Sir, when we had started in 1950-51 we had only societies with limited liability and in 1960-61 we claim to have 269 co-operative societies with limited liability and we have no co-operative society with unlimited liability. The number has increased by 38 per cent.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100.

Shri Girija Mukherji: Sir, I beg to move that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100.

Shri Tarun Kumar Sen Gupta:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে মাননীয় মন্ত্রী যে বিষয়ের ব্যয় বরাদ্দ এখানে উপস্থিত করেছেন—তাতে জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ করবার ব্যবস্থা আছে এবং তার বক্তৃতার শেষে অনুরোধ জানিয়েছেন খুব বেশী বিতর্কের মধ্যে না গিয়ে পাশ করবার জন্য। যদি বিতর্ক না করে পারতাম তাহলে খুশী হতাম। কিন্তু এই ব্যয় বরাদ্দের ব্যাপারে টাকা যেভাবে কমানো হয়েছে বিভিন্ন খাতে—বিশেষ করে উন্নয়নমূলক কাজে যে ব্যবস্থা আছে তাতে বিতর্ক করা ছাড়া উপায় নেই। তার সঙ্গে আমি একমত হতে পারছি না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করে জানাচ্ছি যে আমি নতুন এসেছি হয়তো বিতর্কের মধ্যে কিছু রূঢ় থাকতে পারে—আমার বক্তৃতার ভাষা ভুল হতে পারে যদি তিনি বুঝিয়ে দিতে পারেন তাহলে তার সঙ্গে আমাদের একমত হতে আমাদের আপত্তি নাই। প্রথমে আমি বলবো তিনি এটাকে দুভাগে দেখিয়েছেন। আমি এখানে একটা একটা আলাদা আলাদা-যেভাবে রেড বুকে লেখা আছে সেইভাবে বলছি—প্রথমে যে টাকা গত বছরে ধরা হয়েছিল তার তুলনায় এবারে কত ধরা হয়েছে এই তথ্য দিলেই আপনি বুঝতে পারবেন যে শুরুতেই তার সঙ্গে কেন বিতর্ক হচ্ছে। তিনি দেখালেন যে গত বছর ২ কোটি ৯২ লক্ষ ৮৭ হাজার টাকা—আর এ বছর রেখেছেন ১ কোটি ৮২ লক্ষ ৯৭ হাজার টাকা। তার ফলে কি হচ্ছে হচ্ছে কো-অপারেটিভ ইত্যাদিতে যে ব্যয় বরাদ্দ ১৯৬১-৬২ সালে ছিল-১৮ লক্ষ ৮২ হাজার টাকা-১৯৬২-৬৩ সালে ১৩ লক্ষ টাকা—শৈলকুমার মুখার্জী এটা তো কমিউনিটি ডেভেলপমেন্টের জন্য নিয়েছেন—কমিউনিটি ডেভেলপমেন্ট-এর মধ্যে আছে—ভুল হয়তো হতে পারে তাহলে আমাকে দেখিয়ে দেবেন এই খাতে ধরা হয়েছে ৬০ লক্ষ ৭০ হাজার টাকা। তার মানে অঙ্ক ধরলে এসে দাঁড়াবে।

এইসব কাজ কি আর হবে না আগামী বছর? তারপর ধরুন হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে ১৯৬১-৬২ সালে ১৪ লক্ষ টাকা দেওয়া হয়েছে, ১৯৬২-৬৩ সালে দেওয়া হয়েছে ১২ লক্ষ টাকা। আর এবারে তার জন্য কোন টাকা বরাদ্দ হয় নাই। তাহলে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট সম্বন্ধে কি আমাদের মন্ত্রীসভা বলছেন যে তার যা কাজ করার ছিল, তা করা হয়ে গেছে? অথবা যা কাজ ছিল তা বন্ধ করে দেওয়া হলো? সুতরাং এঁদের সঙ্গে কি করে সহযোগিতা করা যায়? তার রাস্তা তো আমরা খুঁজে পাচ্ছি না। এই যে এইড টু মিউনিসিপ্যালিটিজ ফর ইমপ্রুভমেন্ট অফ মিউনিসিপ্যাল রোডস অ্যান্ড সিউরেজ এই দুটোর জন্য বরাদ্দ করা হয়েছে ১৯৬১-৬২ সালে ৫২ লক্ষ টাকা এবং ১৯৬২-৬৩ সালে ৩৮ লক্ষ টাকা। আর ১৯৬৩-৬৪ সালের সেই বরাদ্দ কমিয়ে নিয়ে করা হলো ১৫ লক্ষ টাকা। এইভাবে যদি টাকা কমিয়ে নিয়ে আসেন, তাহলে এর ফল কি হবে? মিউনিসিপ্যালিটিকে বলে দিলেই হয় তোমাদের রাস্তাঘাট হবে না, সিউরেজ হবে না। আর না হয় বলে দিতে হয় তোমাদের সমস্যা কিছুই নাই। এই বরাদ্দ কিভাবে কমানো হলো বুঝতে পারি না।

তারপর কি হয়েছে? উইম্যান্স ওয়েলফেয়ার মন্ত্রীমহাশয় চেপে গেলেন, উইমেন্স ওয়েলফেয়ার-এর কথা বললেন না। এমনি মন্ত্রীমণ্ডলীর ওয়েলফেয়ারের জন্য টাকা ছিল—১৯৬১-৬২ সালে ৬ লক্ষ; ১৯৬২-৬৩ সালে ৬ লক্ষ ১২ হাজার, আর ১৯৬৩-৬৪ সালে কমিয়ে করা হলো

২ লক্ষ ৩০ হাজার। সুতরাং এর সঙ্গে কি করে সহযোগিতা করা যায় বুঝতে পারছি না। ওয়েলফেয়ার অফ দি হ্যান্ডিকেপড—অন্ধ ছাত্র ও বোবা ছাত্রদের জন্য স্কলারসীপ-এর জন্য বরাদ্দ ছিল ১৯৬১-৬২ সালে ২৫ হাজার টাকা; ১৯৬২-৬৩ সালে ২৫ হাজার টাকা; আর এবার সেটা কমিয়ে করা হয়েছে ৩ হাজার টাকা।

তারপর স্লাম ক্লিয়ারেন্স-এর কথা বললেন—বিগত দু' বছর কত টাকা ধরে দিলেন—তা বললেন না। ১৯৬১-৬২ সালে ছিল ২৬ লক্ষ ৪৩ হাজার টাকা, ১৯৬২-৬৩ সালে ৩৬ লক্ষ ৫৩ হাজার টাকা এবং ধরা হলো মাত্র ৩ লক্ষ ৬৫ হাজার টাকা।

তারপর ক্যাপিটাল আউটলে এই ক্যাপিটাল আউটলে ব্যাপারে গত বছর ছিল ১৯৬২-৬৩ সালে সর্বসাকুল্যে ১৪ কোটি ১ লক্ষ ৯৫ হাজার টাকা। আর এবার সেই জায়গায় কি করা হয়েছে? ১৯৬৩-৬৪ সালে ৬ কোটি ৪০ লক্ষ ২ হাজার টাকা। এই যদি আজকে অবস্থা হয় তাহলে তার ফল কি দাঁড়িয়েছে? ইনভেস্টমেন্ট অফ ক্যাপিটেল ইন দি দুর্গাপুর প্রজেক্টস এই একটা জিনিসে দেখুন অনেক কথা বলা হয়েছে। সেখানে ১৯৬১-৬২ সালে বরাদ্দ ছিল ৫ কোটি ২১ লক্ষ ২১ হাজার টাকা। ১৯৬২-৬৩ সালে ৮ কোটি টাকার কিছু বেশী ছিল। এবার সেখানে কোন টাকা ধরা হয় নাই। এবার একটি নূতন জিনিষ দেখছি, এর আগে এই হেড আসে নি, ডেভেলপমেন্ট অ্যান্ড এডমিনিস্ট্রেশন অফ ইন্ডাস্ট্রিজ এট দুর্গাপুর। সেখানে কোন টাকা দেখান হয় নি। হঠাৎ এবার দেখান হয়েছে- ৬৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। প্রজেক্টে টাকা না লাগে এডমিনিস্ট্রেশন-এর জন্য ৬৫ লক্ষ টাকা লাগবে কেন? একেই বলে মাথাভারী শাসন।

তারপর কন্ট্রোল অফ ডিজিজেজ কি কি খাতে ব্যয় করার কথা আছে? না, এক্সপ্যানসন অফ টি বি হসপিটাল। ১৯৬১-৬২ সালে ৫ লক্ষ টাকা বরাদ্দ মঞ্জুর করা হয়েছিল; ১৯৬২-৬৩ সালে করা হলো ৫ লক্ষ ৩ হাজার টাকা। আর ১৯৬৩-৬৪ সালে সেটা কমিয়ে করা হলো ৫০ হাজার টাকা।

[12-40 – 12-50 p.m.]

তারপর দেখা যায় রিহ্যাবিলিটেসন অফ টি বি পেসেন্টদের জন্য ১৯৬১-৬২ সালে ছিল ৩০ হাজার টাকা। ১৯৬২-৬৩ সালেতে হল ৪০ হাজার টাকা, আর এবার কিছু নেই, নিল্। তাহলে কি মুখ্যমন্ত্রী মহাশয় বলতে চাচ্ছেন যে ১লা এপ্রিল যদি কেউ এপ্রিল ফুল হতে চায়, যে ১৯৬২-৬৩ সালের ১লা এপ্রিলএর পর আর বাংলাদেশে কোন টি বি জার্মস থাকবে না, সুতরাং এই খাতে সব টাকা কমিয়ে দিলাম!

তারপর আসুন রুরাল হেল্থ সেন্টার, এ সম্বন্ধে উনি অনেক তথ্য-টথ্য মাঝে মাঝে দিয়ে থাকেন। এই রুরাল হেল্থ সেন্টারএর অবস্থা কি করা হল দেখুন। ১৯৬১-৬২ সালে এর জন্য ধরা হয়েছিল ১ লক্ষ টাকা। ১৯৬২-৬৩ সালেতেও ছিল ১ লক্ষ টাকা। এবারে সেটাকে কমিয়ে করা হল ১০ হাজার টাকা। এই যদি অবস্থা হয়, তাহলে কি উনি বলতে চাচ্ছেন যে গ্রামে রোগ-টোগ আর হবে না, রোগ-টোগ যা ছিল, সব তিনি দূর করে দিয়েছেন? জানিনা উনি কি বলবেন। ওয়াটার সাপ্লাই অ্যান্ড সেনিটেসন—আরবান এরিয়াতে গত বছর ধরা হয়েছিল এই খাতে ২৫ লক্ষ টাকা। এবারে ধরা হল ১৮ লক্ষ টাকা। এবারে এই টাকা ধরার ফলে এই ঘটনা ঘটেছে কিনা জানিনা, রোজই কাগজে দেখছি যে কংগ্রেসী গণতন্ত্রের যুদ্ধ। কর্পোরেশনের নির্বাচিত মেয়র বড়, না, ওখানে যে কমিশনার নিয়োগ করা হয়েছে, তিনি বড়। এই যে যুদ্ধ চলেছে, এই যুদ্ধে কে বড় জানি না। কিন্তু যেখানে টাকা কমিয়ে দেওয়া হয়েছে, এবং এর ফলে শেষে কি এই হবে যে যারা বাংলাদেশের যা কিছু অপরিষ্কার ছিল, সব পরিষ্কার হয়ে যাবে, এবং কলকাতার লোক ঐ যুদ্ধে একেবারে তন্ময় হয়ে গিয়ে আর জঞ্জাল সৃষ্টি করবে না। সুতরাং কলকাতার পানীয় জলের কোন সমস্যা নেই, বা গ্রাম্য এলাকায় পানীয় জল প্রভৃতির কোন সমস্যা নেই, এইসব ভেবে কি এই খাতে ব্যয় বরাদ্দ কমান হয়েছে? আমি এইটা মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে এইভাবে যদি ব্যয় বরাদ্দ কমান হয় তাহলে কিভাবে একে সমর্থন করা যেতে পারে?

তারপর কলকাতার শ্লাম ক্লিয়ারেন্স-এর জন্য কি করা হয়েছে দেখুন। বস্তিবাসীদের জন্য ১৯৬১-৬২ সালে ১ লক্ষ ৬০ হাজার টাকা ধরা হয়েছিল। ১৯৬২-৬৩ সালে ২৭ লক্ষ ৭১ হাজার টাকা করা হল। বোধ হয় নির্বাচন এসে গিয়েছে, কলকাতায় জিততে হবে, সেইজন্য সেই সময় নির্বাচনে প্রকাশ্যে অনেক টাকা রাখা হয়েছিল। এখন নির্বাচন হয়ে গিয়েছে, এতএব সেটাকে আবার কমান হল। এবার তাকে কি করা হল? একেবারে তাকে কমিয়ে ১৮ লক্ষ টাকায় নিয়ে যাওয়া হল। সুতরাং এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে কি করে এই জিনিষকে সহযোগিতা করা যেতে পারে তা আমি বুঝতে পারছি না। সুতরাং মাননীয় মন্ত্রি-মহাশয়ের ভাষাতে একটু বলি যে উনি বলবেন হয়ত একটু পরে যে কিছু লোক আছে যারা আমাদের ভাল কাজ দেখলেই মাথায় হাত দিয়ে বসে পড়েন। এই বস্তিবাসী বা বস্তিওয়ালাদের কাছে গিয়ে যদি আমি বলি শোন ভাই বস্তির সমস্ত স্বজন এবার মন্ত্রিমহাশয় যা বরাদ্দের ব্যবস্থা করেছেন তাতে তোমার অমুক খাতে অমুক সালে অমুক টাকা ছিল, এ বছর এই টাকা কমে এই জায়গায় এসে দাঁড়িয়েছে, তাতে কি তারা খুসী হবে? উনি বলেছেন যে আমি যদি বুকে হাত দিই তাহলে দেখতে পাবো দেশে কি হচ্ছে। আমি তাঁকে বলি- আমি ধনস্ত যদি হই তাহলে বুকে হাত দেবো। (হাস্য।) কিন্তু বস্তিবাসীরা শুধু বুকে হাত দেবে না, এই কথা শুনে তারা বুক চাপড়ে মরে যাবে। সুতরাং এই যে ব্যবস্থা, এই ব্যবস্থার সংগে কি করে সহযোগিতা করা যায় আমি বুঝতে পারি না।

তারপর আসুন হাউসিং স্কীম সম্বন্ধে। বলা হল হাউসিং স্কীমে অনেক টাকা রাখা হয়েছে। তাঁদের এই হাউসিং স্কীমের একটা তথ্য দিই। সেন্ট্রাল স্পনসর্ড হাউসিং স্কীমএর অবস্থাটা কি দাঁড়িয়েছে দেখুন। ১৯৬১ ৬২ সালে এই খাতে বরাদ্দ করা হয়েছিল ১ কোটি ১০ লক্ষ ৭৬ হাজার টাকা। ১৯৬২-৬৩ সালে যেখানে টাকা ধরা হল ৯৮ লক্ষ ৫৬ হাজার টাকা, এবং ১৯৬৩-৬৪ সালে করা হল ৯৯ লক্ষ ৪০ হাজার টাকা। সরকারী কর্মচারীদের বাসোপযোগী গৃহ দেবেন ভাড়া নিয়ে ঠিক করা হল। সেখানে কি করলেন, ১৯৬২-৬৩ সালে ৯০ লক্ষ টাকা করা হয়েছিল, এবারে সেটা কমিয়ে ধরা হল ৬০ লক্ষ টাকা। হাউসিং স্কীম সম্বন্ধে টাকার ব্যাপারে কিছু বলতে চাই না। কিন্তু এঁরা যে এই হাউসিং স্কীমের কাজে কতটা এগিয়ে যাচ্ছেন তা কাগজপত্রে অনেকেই অনেক খবর জানেন। এই ব্যাপারে অন্যান্য প্রদেশের সংগে প্রতিযোগিতায় একটা দিক দিয়ে ফাঁক আছে, সেটা উপর দিক দিয়ে নয়, নিচের দিক দিয়ে ফাঁক থাকছে। সুতরাং তাঁদের এই হাউসিং স্কীমের কথা কি আর বলব, একটু আগে উনি বললেন যে, লবণ হ্রদ উন্নয়ন পরিকল্পনার কথা। যখন এই ব্যাপারটা শুনলাম বা জানলাম তখন ভেবেছিলাম বা যেদিন এর উদ্বোধন হয় সেদিনও আমি সেখানে উপস্থিত ছিলাম। সেদিন স্বর্গতঃ বিধানচন্দ্র রায় সেটার উদ্বোধন করেছিলেন এবং আমার মনে আছে সেদিন অজয়বাবু ও শৈলবাবুও উপস্থিত ছিলেন তাঁরা সেখানে যে বক্তৃতা দিয়েছিলেন, যেটুকু মনে আছে, তাঁরা বলেছিলেন অন্ততপক্ষে দেড় লক্ষ লোকের বাসোপযোগী স্থান ওখানে হবে।

কিন্তু আজকে মুখ্যমন্ত্রী একবারও বললেন না যে কত লোকের ওখানে বাসোপযোগী স্থান হবে।

The Hon'ble Prafulla Chandra Sen:

ওকথা আমি বলেছি।

Shri Tarun Kumar Sen Gupta:

আচ্ছা, আপনি যদি বলে থাকেন ভাল কথা, কিন্তু আপনি বলেন নি, সেটাই আমি দেখিয়ে দিচ্ছি। কিন্তু হঠাৎ আমার কানে একটা খবর এল যে, ওখানে নাকি কি একটা ব্যাপার ট্যাপার হচ্ছে। আমি তখন বিধানসভার সামনে একটা প্রশ্ন রাখলাম। প্রশ্নটা কি? প্রশ্ন করলাম যে, এই লবণ হ্রদ উন্নয়ন পরিকল্পনা যে করা হচ্ছে এর জমি কতখানি করে প্লট করা হবে, কাদের বা দেওয়া হবে, এ জমির দামই বা কি হবে, আর কত লোক বা এখানে বাস করতে পারবে? তার উত্তর হচ্ছে, জমি বিলি বণ্টন সম্বন্ধে এখনও কোন সিদ্ধান্ত করা হয় নি। টাউন প্ল্যানিংএর কাজ শেষ না হওয়া পর্যন্ত এই সকল প্রশ্নের কোন উত্তর দেওয়া যাবে না। এর পরে প্রশ্ন করলাম, সরকার উক্ত এলাকায় জমির দাম কিভাবে ঠিক করেছেন এবং এখানে কত প্লট হবে এবং কতখানি জমি নিয়ে? তার কোন উত্তর পাওয়া গেল না। অথচ স্বর্গত

মুখ্যমন্ত্রী এই বই অ্যাসেম্বলিতে নাকি দিয়েছিলেন, আমি কালকে লাইব্রেরিতে গিয়ে দেখলাম। তিনি এতে বলেছেন যে, বিশেষ করে লো ইনকাম গ্রুপের লোকদের এই জমি দেওয়া হবে এবং তিনি বলেছেন যে. আনুমানিক ৫ কাঠা এই রকম ধরনের প্লট সৃষ্টি করে সেখানে এদের বসানো হবে। কারণ হচ্ছে এই যে, যেকথা উনি একটু আগে বললেন যে, কলকাতায় বসবাস করা সত্যিই মুশকিল এবং মুশকিল হয়েছে দেখেই ঐ জায়গায় তাদের বসবাস করানো হবে। কিন্তু তার উত্তর হল এই। কিন্তু আমি জানি এই উত্তর কেন দেওয়া হয়েছে, কেন বলা হল না যে.লো ইনকাম গ্রুপের লোকদের এখানে বসবাস করতে দেওয়া হবে বা, অমুক লোককে দেওয়া হবে—একথা কেন বলা গেল না। আমি যতটুকু খবরে জানি, আমার খবর যদি ভুল হয় তা হলে মুখ্যমন্ত্রীকে বলছি তিনি যেন সেই ভুল সংশোধন করে দেন, কিন্তু আমি যা শুনেছি, ওঁদের ওখানে যাঁরা এক্সপার্ট আছেন, ইন্ডিয়ান এক্সপার্টস, তাঁরা বলছেন, ও জমিতে মধ্যবিত্তকে বসানো হোক। ওঁদের যে ব্রিটিশ এক্সপার্ট তাঁরা বলছেন ও জমিতে শ্রমিকদের বসানো হোক, আর ওঁদের যে আমেরিকান এক্সপার্ট তাঁরা বলছেন ও জমিতে ধনিকদের বসানো হোক। এখন লেগে গেল যুদ্ধ, এখানে কবে কে বসবে, ধনিক বসবে, কি শ্রমিক বসবে, কি মধ্যবিত্ত বসবে আমি জানি না, কিন্তু আমি মুখ্যমন্ত্রীর কাছে এই অনুরোধ করব, অন্তত একজনদের কথা আমি বলব যে, যাদের পাঁজর ভেঙ্গে এই সল্ট লেক আপনারা তৈরী করলেন, ঐ যারা মৎস্যজীবী, যারা ওখানে রাত্রিদিন খেটে এই দুর্মূল্যের বাজারে কলকাতায় ১০০ মণ করে মাছ দৈনিক সাপ্লাই করত, যাদের অনেক অ্যানুয়াল ফাংশনে, অনেক অ্যানুয়াল গ্যাদারিংএ আপনাদের ছবি আছে বইএ, আজকে তারা পথের ভিক্ষুক। যাদের পাঁজর ভেঙ্গে এই উন্নয়ন পরিকল্পনা করা হল আজকে তারা পথের ভিক্ষুক হয়ে গিয়েছে। আপনারা বলছেন যে, না আমরা তাদের খয়রাতি সাহায্য দিচ্ছি। কি দিচ্ছেন? তারও প্রশ্ন আমি করেছিলাম এবং তার উত্তর আপনারা দিয়েছেন যে. তারা দু বৎসর ধরে বেকার, তাদের ১৬০ জনকে আপনারা মাসে মাসে ৫ হাজার টাকা করে দিয়েছেন। অথচ আমি জানি যে, মাত্র দুবার দিয়েছেন এবং আমি এও জানি যে, এখানে ১৬০ জন মৎস্যজীবী নয় তার চেয়ে অনেক বেশি মৎস্যজীবী আছে। সুতরাং তাদের অল্টারনেটিভ ব্যবস্থা কি হবে। আপনাদের পরিকল্পনা ভারি চমৎকার। যাদের প্রথম উচ্ছেদ করা হল তাদের এই দু বৎসরের মধ্যে কিছু করা গেল না, আর যাদেরকে বসাবেন বলে ঠিক করেছেন এক্সপার্টদের ঝগড়ায় তা কোথায় গেল জানি না। কিন্তু আমি আমার পশ্চিম দমদমের অধিবাসীদের একটা কথা বলি যে, এই উন্নয়নের পরিকল্পনার ফলে কি হল? ফলে এই হল যে, এই উন্নয়ন পরিকল্পনায় ঐ এলাকার যে মানিকতলার জল যেত, ঐ এলাকার উত্তর কলকাতার বহু পচা নর্দমার জল যেত, সেই জল ঘুরিয়ে নিয়ে এসে ঐ সাউথ দমদমে ঢুকিয়ে দেওয়া হল। ব্যবস্থাটা কি রকম হল উন্নয়নের ফলে, সেই জলটা হয়ত কলকাতার মধ্যে দিয়ে খানিকটা গিয়েই কলকাতার বাইরে চলে যাচ্ছিল, যা ঘন বসতির মধ্যে দিয়ে যাচ্ছিল না এখন সেটাকে অনেক ঘনবসতির মধ্যে দিয়ে ঘুরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে এবং পরিকল্পনার ঠেলায় একটা মাথার উপরে স্যুয়ারেজ প্লান করেছি। কিভাবে করেছেন? ১৪ মাইল বোধ হয় হবে, কাশীপুর টাশীপুর যদি সব ধরা যায়, দমদম অঞ্চলের সব জল যাচ্ছে ঐ বাগজলা দিয়ে সেখানে মাথায় আপনি একটা প্ল্যান বসিয়েছেন তাতে তা দিয়ে যে এইসব জঞ্জাল যাবে তারও কোন ঠিক নেই, শুধু বোধ হয় কর্পোরেশনের জল আর ঐ লবণ হ্রদের জলই যাবে।

[12-50—1 p.m.]

ব্যাপারটা কি রকম হল, অনেকটা ঐ গোপাল ভাঁড়ের মত, ঐ ভাতের হাঁড়িটা চাপালাম বাঁশের উপর আর তার তলায় মোমবাতি জ্বালিয়ে ভাত সেদ্ধ করছি। সেইসব মশক অঞ্চলে আরও মশক বৃদ্ধি করা হল এবং কথাটা রূঢ় হলেও বলতে হচ্ছে যে, জব চার্নক যখন কলকাতা সৃষ্টি করেছিল তখন অনেক কবি বলেছিলেন যে, কলকাতা বিখ্যাত হচ্ছে মশা আর মাছির জন্য, সেটার কন্টিনিউইটি তো রাখতে হবে, যদি ব্রিটিশের ঐতিহ্য না রাখলেন তা হলে আর কি হল। তারপর তাদের শেষ ঔষধ কি, এবার আনলেন সি এম পি ও। এ এক আজব জিনিস আমরা শুনতে পাই আজকাল। সি এম পি ও বলে একটা অর্গানিজেশন প্রথম যখন করা হল তখন আমরা শুনলাম, এই সি এম পি ও কলকাতার আশেপাশের ৩৫টি মিউনিসিপ্যালিটি নিয়ে, এবং কলকাতা শহরের ড্রেনেজ ও বিশেষ করে পানীয় জলের ব্যবস্থা করবেন। প্রথমে আমি তাঁদের কাছে প্রশ্ন করি যে, নবদ্বীপে কেন কিছু হবে না, কেন বাঁকুড়া মিউনিসিপ্যালিটির কিছু হবে

না, আর সব মিউনিসিপ্যালিটি কেন সাফার করবে, শুধুমাত্র এখানকার ব্যবস্থা হবে কেন? তৃতীয় প্রশ্ন করি, গবেষণাই চলছে তাদের, গবেষণার পর গবেষণাই হচ্ছে, সেখানে কবে জল হবে, কবে সেখানে ড্রেন হবে তার কোন ব্যবস্থা নেই। হঠাৎ আবার দেখলাম, ঐ যেমন রেলে চেপে অনেক সময় শুনি যে পাঞ্জাবের তানসেন গুলি, এ খেলে পেট ব্যথা কমে, এ খেলে মাথা ব্যথা কমে, এ খেলে পা ব্যথাও কমে, সর্ব রোগের মহৌষধ, সেই রকম নাকি সি এম পি ও বাংলাদেশের বেকার সমস্যাও সমাধান করবে। হঠাৎ খবর বেরিয়ে গেল খবরের কাগজে যে সে এম পি ও বেকার সমস্যা সমাধান করবে। তারপর আমরা কি শুনছি, সি এম পি ও নাকি এবার একটা ব্রীজ তৈরী করবে। কোথায়? না, প্রথম কথা ছিল চাঁদপাল ঘাটে। এ খবরটা কোথা থেকে বলছি, এ যে-সে লোকের খবর নয়, একেবারে কেন্দ্রীয় মন্ত্রী অশোক সেনের কাগজ 'বসুমতী'র খবর বলছি, তারা বলেছেন যে এই পুল হবে এশিয়ার মধ্যে সব চেয়ে বড় পুল। যারা টালা পুল ভাঙ্গতে পারে না ১২ বৎসরে তারা সৃষ্টি করবে এশিয়ার মধ্যে সব চেয়ে বড় পুল, যারা উল্টাডিঙ্গির ভাঙ্গা পুলটা আর জোড়া লাগাতে পারলো না তারা করবে এশিয়ার মধ্যে বড় পুল। এই রকম জোর করে বললে মুখ্যমন্ত্রী যদি করেন তাহলে আমি তাঁকে ধন্যবাদ দেবো। কিন্তু শেষ সংবাদ বলি ঐ বসুমতীর খবর যে, এখন তাঁরা বড্ড চিন্তা করছেন সে এই পুলটা গঙ্গার তলা দিয়ে যাবে, না গঙ্গার উপর দিয়ে যাবে। এই হচ্ছে সি এম পি ও-র অবস্থা। তারপর হয়ত শুনবো আকাশের উপর দিয়ে যাবে। এই যে সমস্ত অদ্ভুত অদ্ভুত কথা, এই যে সমস্ত আজগুবি ব্যাপার, এর কোন অর্থ আছে বলে আমি মনে করি না। কিন্তু কোটি কোটি টাকা এই ব্যাপারে ব্যয় হচ্ছে অথচ তা ধরার কোন উপায় নেই। এই সংবাদ অ্যাসেম্বলীতে আনার কোন পদ্ধতি নেই অথচ টাকা খরচ হয়ে যাচ্ছে। আপত্তি করলে বলা হবে যে বিরোধীরা আমাদের দেশকে উন্নত করতে দিতে চায় না, বিরোধীরা আমাদের দেশ ভাল হোক সে ব্যবস্থা করতে দিতে চায় না। কিন্তু কেন? আমি প্রশ্ন করি এরা যে কি চায়, এদের যে কি উদ্দেশ্য তা এনে কি অ্যাসেম্বলির সামনে উপস্থিত করা যায় না? কেন বলা যায় না যে সি এম পি ও-রা এই করতে চায়? আমরাও ভাবতে পারি, আপনাদের তো ভোট বেশি আছে, আপনারা ত যা খুশি তাই করতে পারেন, ছাগলের লেজও কাটতে পারেন, এটা পাশ করে নিয়ে যেতে পারেন, কিন্তু আমাদের অন্তত জানতে দিন, দেশের লোককে বুঝতে দিন যে, এই সি এম পি ও কি করছে, কি তার উদ্দেশ্য, কোথায় তারা যেতে চায়, কোন্ জায়গায় তারা পৌঁছাতে চায়। অথচ শুনছি আমাদের দেশের ম্যাপ নিয়ে যাচ্ছে, অথচ শুনছি বিদেশ থেকে মডেল করবার জন্য আমেরিকা থেকে হাজার হাজার টাকা দিয়ে লোক নিয়ে আসা হচ্ছে। কি ব্যাপার, এ প্রশ্নের কে উত্তর দেবে? আমি মুখ্যমন্ত্রীর কাছে বলছি যে, এই সি এম পি ও করে করে আর কি হবে। এ এক নূতন কায়দা হয়েছে, রাস্তা নেই কেন? সি এম পি ও করবে। বেকার কেন? সি এম পি ও করবে। অমুক নেই কেন, সি এম পি ও করবে। যেরকমভাবে বাসে-ট্রামে যেতে হচ্ছে, সেখানে রাশিয়ান জিমন্যাস্টরা পর্যন্ত হেরে যাবে, এক আঙ্গুল বাসে দিয়ে ঝুলতে ঝুলতে যাচ্ছি, যে কোন সময় মরতে পারি, তাও সি এম পি ও করবে। ট্রাম-বাসের ব্যবস্থা তাও সি এম পি ও করবে। সবকিছু ব্যবস্থা সি এম পি ও করবে, ভাল ব্যবস্থা। তা আমি মুখ্যমন্ত্রীকে বলি যে, তা হলে আপনারা কি ঠুঁটো জগন্নাথ, আপনারা কি দেশের কিছু করবেন না, সবই কি করবে সি এম পি ও? যা কিছু সমস্যা সবই সি এম পি ও করবে। এ কোন্ পথ? আমি এই প্রশ্ন মুখ্যমন্ত্রীর কাছে করছি। তারপর আমি যে কথা বলতে চাচ্ছি যে, এই সমস্ত মিলিয়ে এই বাজেট ব্যয়বরাদ্দকে কিছুতেই সমর্থন করা যায় না। এবং আমার হয়ত ভাষা কড়া হতে পারে, আমার কথায় মুখ্যমন্ত্রী রেগেই চলে গেলেন কিনা জানি না, এতক্ষণ বসে শুনলেন, হয়ত চটে গেলেন, কিন্তু আমি কংগ্রেস সভ্যদের কাছে অনুরোধ করব যে, আপনারা এই বাজেটটা ভাল করে পড়ে দেখে, আমি মুখ্যমন্ত্রীর ভাষায় বলব যে, বুকে হাত দিয়ে যদি এই বাজেটকে সমর্থন করতে চান তা হলে আপনাদের হাত নামতে বাধ্য হবে। আপনারা হাতকে কখনও বুকে লাগাতে পারবেন না। পারবেন হয়ত এই উদ্দেশ্য মনে করে রেখে যে, আজকে যা হয় কলকাতায় হোক না কেন, আবার ঐ নির্বাচনের আগে আবাব গাদা গাদা টাকা বাজেট অঙ্কে দেখাব এবং বিধানসভার মধ্যে দিয়ে পাশ করিয়ে নিয়ে যাব। এই রকম অবস্থার সৃষ্টি করে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া যায় না, দেশকে অন্যদিকে নিয়ে যাওয়া হচ্ছে এই কথা আমি বলতে চাই এবং সর্বশেষ অনুরোধ যেটা, সেটা জানাতে চাই আপনাদের কাছে, একদিন এখানে শুনলাম নির্বাচনে দাঁড়ালে ৫ বৎসরের মধ্যে নাকি কমিউনিস্ট পার্টি উঠে যাবে—একথা সিদ্ধার্থবাবু

এখানে বলছিলেন। আমরা মনে করি, কমিউনিস্ট পার্টিকে যদি সত্যি সত্যি এই কনটেস্ট দিতে হয় তা হলে তার প্রথম কথা হচ্ছে, সমস্ত রাজনৈতিক বন্দীদের মুক্তি দিতে হবে—বিরোধী দলের নেতার মুক্তি দিন। আমরা এই চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করছি, আমরা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করব। সিদ্ধার্থবাবুকে আমি একথা বলতে চাই—সিদ্ধার্থবাবু আজকাল একজন মস্ত বড় রাজনীতিবিদ্ হয়ে গেছেন—আমরা তাঁকে অনুরোধ জানাচ্ছি যেখানে নির্বাচন হবে সেখানে তিনি যান বা তাঁর সমর্থিত যাঁকেই দাঁড় করান, কমিউনিস্ট পার্টি জিতবে কিনা বলতে পারি না, তবে এটুকু বলতে পারি, সিদ্ধার্থবাবু হারবেন—এ সম্বন্ধে তিনি নিশ্চিন্ত হতে পারেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nepal Chandra Roy:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার বক্তৃতা শুধু দুর্গাপুর সম্বন্ধে থাকনব কারণ এই গ্রান্ট-এ ৬৫ লক্ষ টাকা রয়েছে। আজকের এই গ্রান্ট মুভ কবেছেন মুখ্যমন্ত্রী মহাশয়। স্যার, গত বাজেট বক্তৃতার সময় আমি দুর্গাপুর সম্বন্ধে বলেছিলাম সেখনে অনাচার চলছে। তার জবাবে আমাদের শ্রদ্ধেয় নেতা শংকরদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় বলেছিলেন দুর্গাপুর সম্বন্ধে আমি কিছু জানি না, অর্থাৎ আমার কোন জ্ঞান নাই। আমার জ্ঞান নিশ্চয়ই নাই, তাঁর চেয়ে পণ্ডিত আমি নই, তিনি অনেক বেশি পণ্ডিত ও গুণী সে বিষয়ে সন্দেহ নাই। তবুও দুর্গাপুর সম্বন্ধে আমি সামান্য যেটুকু জানি সেটাই আপনার সামনে রাখতে চাই। আমি দুর্গাপুর সম্বন্ধে ৪২ পাতার একটি ফিরিস্তি তৈরী করেছি, তাতে দুর্গাপুরের সমস্ত অনাচার লিপিবদ্ধ আছে, সব কথা এখানে বলতে পারত না, সামান্য দু-চারটা কথা আমি এখানে বলব, এবং আমি এখানে আজকে আমার বক্তৃতার পূর্বেই মাননীয় শংকরদাসবাবুকে বলব আজকে যে রিপোর্ট আমি হাউজ-এর সামনে টেবিল করছি তার উপর তিনি যেন একটা এনকোয়ারী করেন এবং যারা দোষী তাদের যেন ব্যবস্থা করা হয়, এবং আমি যে স্টেটমেন্ট দিচ্ছি যদি তার একটাও মিথ্যা হয় আমি চ্যালেঞ্জ দিচ্ছি আমি এই হাউস থেকে রেজিগনেসন দেব। দুর্গাপুর ডাঃ বিধানচন্দ্র রায়ের স্বপ্নের জিনিস। কিছুদিন আগে, ডাঃ রায়ের মৃত্যুর পরে দুর্গাপুরের নাম বিধান নগর দিতে আমরা চেয়েছিলাম তাঁর স্মৃতি রক্ষার্থে। দুর্গাপুরের যখন পত্তন হল তখন কি আমরা একথা ভাবতে পেরেছিলাম যে, বাংলাদেশের মানুষ, ভারতবর্ষের মানুষ, পৃথিবীর মানুষ দুর্গাপুরের দিকে তাকিয়ে থাকবে, এবং দুর্গাপুরের মাধ্যমে বাঙ্গালীর বেকারত্ব ঘুচবে? আজ যদি ডাঃ রায়ের স্বপ্নের সেই দুর্গাপুর নরকে পরিণত হয় তাহলে তিনি কি স্বর্গ থেকে কাঁদবেন না? আমি আজ এখানে দুর্গাপুরে যে অনাচার চলছে তার ফিরিস্তি বলতে চাই, আমি এখানে সবগুলি নাম করব না, আমি যেভাবে বলব তাতেই আপনারা বুঝতে পারবেন, সুতরাং নাম উল্লেখ করার জন্য কেউ আমাকে অনুরোধ করবেন না। সেখানে একটা রিং তৈরী হয়েছে, এবং সেই রিং-এর মধ্যে যাঁরা রয়েছেন আমি একে একে নাম বলে যাচ্ছি, একজন মিঃ জি এন মুখার্জি, তিনি একজন খুব নামকরা সাপ্লায়ার, কয়লা সাপ্লাই করেন কোক ওভেন প্ল্যান্ট-এ এবং পাওয়ার প্ল্যান্ট-এ। তিনি আবার সেলিং এজেন্টও বটেন, দুর্গাপুরে যে কোক তৈরী হয় সেই কোক পারচেইজ করে অন্য জায়গায় বিক্রী করেন। তিনি হচ্ছেন ডাইরেক্টর অব খাসখান্ড কোলিয়ারী। এই যে রিং, এই যে ত্র্যহস্পর্শ হয়েছে সেখানে—স্যার, এটা শালা-ভগ্নিপতির কারবার হয়ে দাঁড়িয়েছে।

[1—1-10 p.m.]

শুধু আপনি, আমি এরা সকলেই নয় শালা-ভগ্নীপতির কারবার সেটাই আমি দেখছি। তিনি ওয়েস্ট বেঙ্গল কোল ডিসট্রিবিউটার লিমিটেড-এর ডাইরেক্টর। তারপর তিনি আবার সাবলেট করছেন—সেলিং এজেন্সী-টা ডিফারেন্ট ৬ জন সাব-এজেন্ট-এর কাছে। আর একটা ভদ্রলোক, আমি নাম করতে চাই না—নাম জিজ্ঞাসা করবেন না—এই হাউসের মেম্বার যিনি আমাদের দুর্গাপুরের এতদিন ডাইরেক্টর ছিলেন এবং তিনি হচ্ছেন আমাদের জে এন মুখার্জির শালা [ভয়েস—নাম করলেই হয়।] নাম আমাকে জিজ্ঞাসা করবেন না। এই ৪২ পাতার মধ্যে নাম ঠিকানা সব দেওয়া রয়েছে। তিনি হচ্ছেন ডাইরেক্টর, ওয়েস্ট বেঙ্গল কোল ডিসট্রিবিউটার—ঐ একই লোক সেইম কোল ডিসট্রিবিউটার জে এন মুখার্জি যেখানে ডাইরেক্টর, তিনি সেখানে ডাইরেক্টর। প্রোপ্রাইটর আর একটা কোম্পানীর—নাম করতে পারছি না—ডাইরেক্টর, দুর্গাপুর

প্রোজেক্ট, স্যার, আমার গত বাজেট বক্তৃতার পর এই ভদ্রলোক রিজাইন করেন। এখন ৩টা ফর্ম যারা না কি সব সময় প্যাক্ট টেন্ডার দেন। প্যাক্ট টেন্ডার অনেকে হয়ত জানেন না—যারা কন্ট্রাক্টর-ই করেন তাঁরা জানেন—প্যাক্ট টেন্ডার কাকে বলে। অর্থাৎ এক সঙ্গে বসে ৩।৪ জন এক মোসনে এক জিনিস ছাপা হবে এবং টেন্ডার সবাই মিলে দেবেন—এটাই প্যাক্ট টেন্ডার—একই রেট, একই জিনিস। এই প্যাক্ট টেন্ডার অত্যন্ত জঘন্যতম ব্যাপার। উপরওয়ালা অফিসার যদি ম্যানিপুলেট না হন তাহলে প্যাক্ট টেন্ডার কখনও এ্যাকসেপ্টেড হয় না। সেই প্যাক্ট টেন্ডার যাঁরা দেন তাঁদের মধ্যে ২টা নাম আমি আগে করেছি এবং আর একটা হচ্ছে পি এন ভার্মা অ্যান্ড কোঃ লিঃ। এদের অফিসগুলো একই বিল্ডিং-এ। এই ৩টা ফার্ম যারা প্যাক্ট টেন্ডার দেয় দুর্গাপুর কোক ওভেন, দুর্গাপুর পাওয়ার প্ল্যান্ট-এ তারা একই কোম্পানি, একই লোক, ডাইরেক্টর বিভিন্ন কোম্পানীর, একই বিল্ডিং-এ অফিস। তাহলেই বুঝতে পারছেন ঐ শালা-ভাগ্নাপতি বা ঐ কর্মচারী এই হচ্ছে রিং। তাতে কি হচ্ছে? এই সাপ্লাই আমি দেখাতে পারি যে টোটাল সাপ্লাই হচ্ছে আমাদের প্রত্যেক এক বছরে দুর্গাপুরে ৭২ হাজার টন ইনফিরিয়র কোল সাপ্লাই করে দুর্গাপুর পাওয়ার প্ল্যান্ট-এর কাছে সাপ্লাই দেয়—ভ্যালু ২৫ লক্ষ টাকা। সরকারের ২ টাকা কোন কাজ যদি হয় তাহলে সেই কাজে টেন্ডার ডাকা হয়। ২৫ লক্ষ টাকার সাপ্লাই অথচ কোন টেন্ডার নেই। এক বছর নয়, ১৯৫৮ সাল থেকে সুরু করে ১৯৬৩ সাল পর্যন্ত বিনা টেন্ডার-এ প্রতি বছর ৭২ হাজার টন ইনফিরিয়র গ্রেড অব কোল সাপ্লাই করা হয়েছে দুর্গাপুর পাওয়ার প্ল্যান্ট-এ। সেই ভদ্রলোক যখন আবার কোক পারচেজ করেছেন তখন তাঁকে ১ লক্ষ টাকা ক্রেডিট-এ দেওয়া হয়েছে। নেকস্ট আইটেম-এ কথাটা হচ্ছে যে গভর্নমেন্ট কোল কিনবে কনট্রোল রেট-এ এটা নিশ্চয় সবাই এক্সপেক্ট করে। কন্ট্রোল রেট-এর বেশী দাম নিলে সরকারের কাছে আমরা বলি যে এই দোকানে এই দাম নিচ্ছে। জে এন মুখার্জি-কে পারমিট দেওয়া হয়েছে পার টন কোল ১৵. তাতে কি হচ্ছে? ১½ লক্ষ টাকার কোল পারমিট দেওয়া হয়েছে এবং এইভাবে গভর্নমেন্টের টাকা ভদ্রলোকের পকেটে ঢুকিয়ে দেওয়া হয়েছে।

আর একটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল কোল ডিস্ট্রিবিউসন কোম্পানী সাপ্লাই করছে ৩৬ থাউজান্ড টন পার ইয়ার। দুর্গাপুর পাওয়ার প্ল্যান্ট করছে সেটা আমার একজন বন্ধু খুব ভাল করেই জানেন- আমি সে সম্বন্ধে কিছু বলতে চাই না। স্যার, আর একটা ফার্ম হচ্ছে এস কে সেথিয়া অ্যান্ড কোম্পানী যারা নাকি ৩০ লক্ষ টাকার কোল পাপ্লাই করছে। পুরোনো সব ভেসে গেল। তিনি করলেন কি না, ১ লক্ষ টাকার ক্রেডিট পেল ৩০ লক্ষ টাকার তিনি কোল সাপ্লাই পেয়েছেন এবং সেটা আমাদের একজন বন্ধুর সাহায্যে—আমাকে আর প্রশ্ন করবেন না [এ ভয়েসঃ এম এল এ কি?] হ্যাঁ, এই হাউসের এম এল এ। আর একটা কথা—এই এ্যাডমিনিস্ট্রেসনের হেড যিনি নাকি ম্যানেজিং ডিরেক্টর অব দুর্গাপুর প্রোজেক্ট—যার নাম আমি করতে চাই না—আমি একটা প্রশ্ন সরকারকে জিজ্ঞাসা করতে চাই এই যুদ্ধ লাগার পর থেকে ঐ কমিউনিস্ট বন্ধুদের কেন গ্রেপ্তার করে রেখেছি? কারণ দেশের যুদ্ধে এরা সাহায্য করছে—যারা হয়তো কোথায় বাধার সৃষ্টি করছে, কোথাও আমাদের দেশের বিরুদ্ধে কথা বলেছে যার জন্য আমরা তাদেরকে জেলে আটক রাখা হয়েছে—অন্য কোন কারণে নয়—স্যার আপনি জানেন হিন্দুস্থান সিপইয়ার্ড যেখানে আমাদের যুদ্ধের জাহাজ তৈরী হচ্ছে—গভর্নমেন্ট অব ইন্ডিয়ার আন্ডারটেকিংয়ে—আপনার আমার মত রামা, শ্যামা যদু মধু নয়—সেখানে কি হচ্ছে চার ওয়াগন কোল চাইলো, ফেব্রুয়ারী মাসে অর্ডার প্লেস করলো—ড্রাফটে উনি জানিয়ে দিলেন—কিন্তু ম্যানেজিং ডিরেক্টর ছুতো-নাতায় রিফিউজ করলেন। যেখানে যুদ্ধের জাহাজ তৈরী হচ্ছে সেই কারখানা বন্ধ হয়ে গেলো। আমি জানতে চাই এই অফিসারকে কেন ডিফেন্স অব ইন্ডিয়া রুলে এ্যারেস্ট করা হবে না। আমি সরকারের কাছে দাবী করছি—আপনারা খোঁজ নিয়ে জানুন সেখানে কয়লার অভাবে কাজ বন্ধ হয়ে আছে। খালি ওদের (কমিউনিস্টদের) ধরলে হবে না। আমি আগেই বলেছিলাম যে এই সরকারী কর্মচারী যারা নাকি মনে করেন এটা তাদের পৈত্রিক জমিদারী তাদের বিরুদ্ধে যদি উপযুক্ত ব্যবস্থা না করা হয় তাহলে ভুল হবে। আমরা সেজন্য মুখ্যমন্ত্রীকে আগেই বলেছি যে তিনি এ সম্বন্ধে এনকোয়ারী নিশ্চয়ই করবেন এবং করে তাদের যা শাস্তি হয় তা তাদের দিন। এনকোয়ারী করার আগে পেন্ডিং দ্যাট ইমিডিয়েটলি সাসপেন্সন অবস্থায় রেখে দিন। আমি চ্যালেঞ্জ করছি এবং আগেও করেছি যদি এটা সত্য না হয় তাহলে I will resign from this House.

স্যার, ইল্‌লিগ্যাল প্রফিট-এর কথা বলবো। মজা দেখুন—দুর্গাপুরে গ্যাস গ্রিড তৈরী হবে তার জন্য একটি যুগোশ্লাভিয়া ফার্মকে কন্ট্রাক্ট দেওয়া হয়। সে যুগোশ্লাভিয়া ফার্ম সাব-কন্ট্রাক্ট কাকে দেবে তার নির্ভর করে। কিন্তু ম্যানেজিং ডিরেক্টর যিনি এই রিংয়ের মধ্যে রয়েছেন তিনি বল্লেন—তোমাকে কন্ট্রাক্ট দিচ্ছি—কিন্তু তুমি মিঠাওয়ালাকে সাব-কন্ট্রাক্ট দাও। অর্থাৎ ইন্ডিয়ায় যে কাজগুলি আছে সেগুলি মিঠাওয়ালাকে দিতে হবে—অর্থাৎ মাটি কাটা পাইপ লাইন ইত্যাদি কাজ মিঠাওয়ালাকে দিতে হবে। যাদের লোয়েস্ট টেন্ডার আছে তাদের দেওয়া হয় নি। মিঠাওয়ালা লোয়েস্ট টেন্ডারের তিন জনের পরে আছে অর্থাৎ লোয়েস্ট টেন্ডার একজনের উপরে তার উপরে উনি আছেন।

[1-10—1-20 p.m.]

হল কি? আর একটা স্বার্থের ফলে স্যার, কি হলো? দেখা গেল গ্যাস গ্রীডের জন্য ১৯৫৯ সালে পশ্চিমবাংলার ঐ দুর্গাপুর প্রোজেক্টের যিনি হর্তাকর্তা বিধাতা তিনি বললেন ইম্মিডিয়েটলি গ্যাস-গ্রীড চালু করতে হবে; কলকাতায় গ্যাস আনতে হবে। ২ কোটি ১৪ লক্ষ টাকার ঐ পাইপ আসবে। মানে তার দাম নাই—এটা হলো ফরেন এক্সচেঞ্জ-এ এর দাম ধরবেন। ২ কোটি ১৪ লক্ষ টাকা যুগোস্লাভিয়াকে দিতে হবে এবং তার পরিবর্তে পাইপ আসবে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া দুর্গাপুর প্রোজেক্টকে অনুরোধ করলো রাউরকেল্লায় পাইপের কারখানা হচ্ছে আমরা এক বছরের মধ্যে সেখান থেকে পাইপ দিতে পারবো। কেন এই দু কোটি ১৪ লক্ষ টাকার ফরেন এক্সচেঞ্জ এখন নষ্ট করছি। ওরা বল্লো—না, এক্ষুনি চাই। কেন? এর ভেতরের ব্যাপার খুলে বলবার প্রয়োজন নাই—ঘুষ ও চুরি। সেই রাউরকেল্লা থেকে পাইপ তৈরী হয়েছে। আজকে আটশো মাইল আসাম অয়েল কোম্পানী আসাম থেকে বারৌনী পর্যন্ত যে পাইপ লাইন তৈরী করেছে, সে লাইন এই রাউরকেল্লার ফ্যাক্টরী থেকে তৈরী হয়েছে। আর দুর্গাপুর প্রোজেক্ট—২ কোটি ১৭ লক্ষ টাকার ফরেন এক্সচেঞ্জ নষ্ট করে বিদেশ থেকে পাইপ নিয়ে এল। গ্যাস পাচ্ছেন আপনারা? মজা হচ্ছে টোটাল খরচের এস্টিমেট ছিল ৩ কোটি টাকার উপর ৩·১ কোটি। সেই কন্ট্রাক্ট এখন এসে দাঁড়িয়েছে ৪ কোটি ৬৭ লক্ষ টাকায়। অথচ এখনো পর্যন্ত সেখানে কিছু হয় নাই আরো দু বছর লাগবে। ডাঃ রায় স্বপ্ন দেখেছিলেন—দুর্গাপুরের গ্যাস এসে কলকাতা আলো করে দেবে। কিন্তু কোনদিন আমরা সে গ্যাস কলকাতায় পাব না। আমি চ্যালেঞ্জ করছি আমি তা প্রমাণ করে দিতে পারি দুর্গাপুর গ্যাস দিতে পারবে না। কলকাতায় গ্যাসের দরকার হচ্ছে সিক্সটিন্‌ মিলিয়ন কিউবিট ফিট গ্যাস পার ডে। সেই সিক্সটিন্‌ মিলিয়ন কিউবিট ফিট গ্যাস কলকাতায় কোনদিন আসবে না; তা সম্ভবও নয়। সেকেন্ড কোক ওভেন প্ল্যান্ট যা ইন্‌স্টলেসন হতে যাচ্ছে, সেটা হতে আরো দু বছর লাগবে। সেটা হলে পরে কলকাতায় ওখানকার লোকাল গ্যাস কন্‌জামসন এর পরে, ছিটে ফোটা কলকাতায় আসবে, সেই ছিটেফোটার যা দাম পড়বে সেই দামে কলকাতার কন্‌জিউমাররা গ্যাস নিতে পারবে না। ডাঃ রায়ের স্বপ্ন সম্পূর্ণ ব্যর্থ হয়েছে—ঐ সয়তানদের হাতে পড়ে। স্যার, মজাটা দেখুন এই মিঠাওয়ালা কোম্পানী যুগোস্লাভিয়ার সাব-কন্ট্রাক্ট নিলো। তারপর দিল কি? স্কট অ্যান্ড পিগস্টক কোম্পানী যারা নাকি পাইপ ওয়েল্ডিং করে ও র‍্যাপিং করে তারা অনেক কম টাকায় ৩৬ লক্ষ টাকায় কন্ট্রাক্ট করেছিল। মিঠাওয়ালা কোম্পানী একটা আইটেমের কন্ট্রাক্ট ছিল —লেয়িং, মাটি কাটা, পাইপ বসান ইত্যাদি—৭০ লক্ষ টাকায় তা এ্যাক্সেপটেড হয়ে গেছে। মিঠাওয়ালা কোম্পানীকে স্কট অ্যান্ড পিগস্টক ১০ পারসেন্ট কমে দিলেন। তোমরা এই কাজ কর। কিভাবে চুরি হচ্ছে বিভিন্ন দিকে।

আর একটা জে এন মুখার্জি কোম্পানী আগে বলেছিলেন ব্যাড কোল সাপ্লাই দেওয়ায় দুর্গাপুর প্রোজেক্টের কোক ওভেন প্ল্যান্ট নষ্ট হয়ে যাচ্ছে। সেই কোক ওভেন প্ল্যান্ট নষ্ট হবার মূল কি? মূল হচ্ছে সাপ্লাই অব ব্যাড কোল। এ-গ্রেড কোল সাপ্লাই করা দরকার—এই দুর্গাপুর কোক ওভেন প্ল্যান্ট-এর জন্য। এখন পর্যন্ত বি-গ্রেড কোল সাপ্লাই করা হচ্ছে ঐ পাওয়ার প্ল্যান্ট-এর জন্য।

দুর্গাপুর কোক ওভেন-এর জন্য লক্ষ লক্ষ টন কোল সাপ্লাই হচ্ছে। কিন্তু দেখা গেল যখন কাগজে বেরলো, আমার এখানে সমস্ত রেফারেন্স রয়েছে। স্টেটসম্যান-এ বেরিয়েছিল দুর্গাপুর প্রোজেক্ট সম্বন্ধে, যে সেখানে ৩০ পারসেন্ট এফিসিয়েন্সি নষ্ট হয়ে যাচ্ছে ডিউ টু

ব্যান্ড কোল এবং এমন কি দুর্গাপুরের ঐ কোক ওভেন প্ল্যান্ট-কে ভেঙ্গে ফেলে রিপেয়ার করতে হবে। এখনি হবে না তাকে ভাংতে হবে। কেন না সেখানে ঐযে কারবন জমে জমে এমন অবস্থা সৃষ্টি হয়েছে, যে লোহার চেয়েও শক্ত হয়ে গিয়েছে। সেটা ভেঙ্গে দিতে হবে। মজাটা কি? তার প্রমাণ হচ্ছে ৩০ হাজার টন কয়লা ঐ দামে গ্রেড (এ) হিসাবে নেওয়া হয়েছিল দুর্গাপুর কোক ওভেন প্ল্যান্ট-এর জন্য। কথাটা বুঝলেন, স্যার? প্ল্যান্টকে দিয়ে তারা করলো কি? কাগজে উঠলো—তারপর রাতারাতি ঐ ৩০ হাজার টন কয়লা দুর্গাপুর পাওয়ার প্ল্যান্ট-এর ঘাড়ের উপর চাপিয়ে দেওয়া হল, যেখানে গ্রেড থ্রি বি ছাড়া ইউজ করে না, কম দামের কয়লা ইউজ করা হয়। তাতে কি লাভ হল? দুর্গাপুর পাওয়ার প্ল্যান্ট এ্যাডজাস্ট করলো ঐ কোক ওভেন-এর সঙ্গে। তারা বললো ঠিক আছে, আমরা ঐটা গ্রেড ৩বি হিসাবে নিয়ে নিচ্ছি। আমাদের পেমেন্ট করেছে গ্রেড (১এ) হিসাবে দুর্গাপুর কোক ওভেন প্ল্যান্ট এইভাবে এ্যাডজাস্টমেন্ট হচ্ছে তাঁদের খাতাপত্রে। এতে লোকসান কত হল জানেন? লোকসান হল ১·৮ লাখ।

স্যার, আর একটা জিনিস। মজা হচ্ছে গভর্নমেন্ট অব ইন্ডিয়া কয়লার দাম, কোক-এর দাম বাড়িয়ে দিলেন ৪৬ টাকা থেকে ৫৭ টাকা। কিন্তু দুর্গাপুরের কর্তারা, তাঁরা এমন কায়দা-কানুন করে দু-মাস পর্যন্ত দামটা বাড়ালেন যা, ঐ ৪৬ টাকই রাখলেন। দুর্গাপুরের গভর্নমেন্ট অব ইন্ডিয়ার অর্ডার হচ্ছে এখানে হাফ ইঞ্চ কোক টু ২ ইঞ্চেস কোক ৫৭ টাকায় বেচতে হবে। এ'রা কায়দা-কানুন করলেন, তাহলে ত মহা বিপদ, তাঁদের নিজেদের লোকেরা বিপদে পড়ে যায়, অতএব একটা নাট কোক নাম দিয়ে এক ইঞ্চি থেকে দু-ইঞ্চি, কোক লোককে দিতে আরম্ভ করলেন। তারা সব নিজের লোক। আমি তো আগেই বলেছি তাঁরা সাপ্লায়ার, ডিস্ট্রিবিউটার এবং এজেন্টকে বিক্রয় করে। এবং তার পরেও আর এক নূতন কায়দা করে আরও নেমে যাচ্ছেন—২৪ টাকা পার টন কোক বিক্রয় করবার আর একটি পরিকল্পনা হয়েছে। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই ৪২ পাতার যে রিপোর্টটি আমি তৈরী করেছি। এর প্রতিটি অক্ষর, প্রতিটি শব্দ সত্য বলে আমি প্রমাণ করবো। এবং এর জন্য এই হাউসে একটা কমিটি করা হোক এবং সেই কমিটিতে আমাদের মাননীয় মন্ত্রী শঙ্করদাস ব্যানার্জী এবং মাননীয় মুখ্য মন্ত্রী ও চিফ সেক্রেটারী অব দি স্টেট, তিনিও থাকবেন, এবং এনকোয়ারী করে এর উপযুক্ত ব্যবস্থা করা হোক। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহোদয়, এই গ্র্যান্ট ৪২ সম্পর্কে আলোচনা করতে উঠে প্রথমে দেখছি তরুণবাবু সি এম পি ও এবং সল্ট লেক সম্পর্কে বিস্তারিতভাবে বলেছেন, এবং একটু আগে মাননীয় সদস্য শ্রীনেপাল রায় দুর্গাপুরের অবস্থা সম্পর্কে, সেখানে কিভাবে গভর্নমেন্টের বা সরকারের অর্থ নিয়ে ছিনিমিনি খেলা চলছে, সে-সম্পর্কে বিস্তারিত তথ্য হাউসের সামনে রেখেছেন। মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয় আগেই বলেছিলেন যে, এই গ্র্যান্ট-এ এত বিষয়ের উপর টাকা দেওয়া হয়, এবং এর পারভিউতে এত সাবজেক্টস আছে যে সমস্ত বিষয় আলোচনা করা সম্ভবপর নয়। সেই জন্য আমি ও দুটি বিষয়ের উপর আমার বক্তব্য সীমাবদ্ধ রাখবো। আমি প্রধান বিষয়গুলি সম্পর্কে বলতে গিয়ে, প্রথমে হাউজিং প্রব্লেম-এর উপর আমার বক্তব্য রাখবার চেষ্টা করবো। কারণ এর পূর্বে দুর্গাপুর, সি এম পি ও এবং সল্ট লেক সম্পর্কে অনেক কথা মাননীয় সদস্যরা বলে গিয়েছেন।

[1-20—1-30 p.m.]

প্রথমে আমাদের মনে রাখা দরকার যে, ভারতবর্ষের গৃহ সমস্যা বা পশ্চিম বাংলার গৃহ সমস্যা কত গভীর, এবং এই সমস্যার গভীরতা সম্পর্কে আমাদের সরকারের এখনও পর্যন্ত সম্যক জ্ঞান হয়নি। কারণ আমরা দেখছি ভারতবর্ষের রুরাল এলাকায় প্রায় ৫৪টি বাড়ীর মধ্যে ৫০টি বাড়ীই সাব-কন্ডিশন। ভারতবর্ষের গ্রামাঞ্চলে যে ৫৪ মিলিয়ন হাউসেস আছে, কানট্রী

াইডে, তার মধ্যে ৫০ মিলিয়ন হাউসেসই সাব কন্ডিশনে আছে যার ইম্প্রুভমেন্ট করা দরকার। ঠিক তেমনি আরবান এরিয়াতে আমরা যদি দেখি তাহলে দেখবো যে ৫ মিলিয়ন টেনামেন্ট আজকে করা দরকার। এই ৫ মিলিয়ন টেনামেন্ট যদি দ্বিতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনার গোড়ায় করার প্রয়োজন হয়ে থাকে তাহলে আজকে তৃতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনার দ্বিতীয় এবং তৃতীয় বৎসরের মাথায় এসে আমাদের এই সমস্যা গভীর থেকে গভীরতম হয়েছে। প্রথমে স্লাম ক্লিয়ারেন্স সম্পর্কে বলতে হয় যে কলকাতা ও হাওড়া সহরে শতকরা ১/৩ অংশ এই স্লাম এরিয়াতে বাস করে। তৃতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনার আমলে আমরা ঠিক করলাম যে পশ্চিমবঙ্গে ১ কোটি টাকা আমরা স্লাম ক্লিয়ারেন্সের জন্য ব্যয় করবো। আজ পর্যন্ত আমরা দেখছি যে স্লাম ক্লিয়ারেন্সের জন্য তৃতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনার তিন বৎসরের শেষে যে টাকা আমাদের ব্যয় হবে সেই টাকা হিসাব করলে দেখতে পাবো যে শতকরা ৩০ পার্সেন্টের বেশী টাকা আমরা ব্যয় করতে পারছি না। অর্থাৎ যে টাকা টারগেট হিসাবে ধরেছেন সেই টাকার মাত্র ৩০ পার্সেন্ট খরচ করতে চলেছি এ্যাট দি এন্ড অব থার্ড ইয়ার অব দি থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান। কতগুলি ঘর করার আমাদের কথা ছিল? আমরা ঠিক করলাম ৬ হাজার টেনামেন্ট তৈরী করবো। এই ৬ হাজার টেনামেন্ট তৃতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনার আমলে তৈরী করবো একথা যদি বলে থাকি তাহলে প্রথম বৎসর কত করলাম? ১৯৬১-৬২ সালে ১৮০টি ঘর তৈরী করলাম; ১৯৬২-৬৩ সালে যেখানে তৈরী করা হবে, লাইকলি টু বি কমপ্লিটেড, ছিল মাত্র ৫০০ সেটা কমিয়ে ৩০০র মত আমরা হয়ত কমপ্লিট করতে পারবো এই ১৯৬২-৬৩ সালে। এবং ১৯৬৩ সালের শেষে যে প্ল্যান রয়েছে, আমরা দেখছি স্টেট গভর্নমেন্ট যে টারগেট দিয়েছে তাতে ৫ বৎসরে সেই টারগেটের মাত্র ৩০ পার্সেন্ট কভার্ড হতে পারে। অর্থাৎ ৬ হাজার তৈরী হবার কথা সেখানে ২ হাজার টেনামেন্ট যদি এ্যাকর্ডিং টু প্ল্যান ফুলফিলমেন্ট হয় তাহলে আমরা দেখছি ৩০ পার্সেন্টে আমরা পৌছাতে পারি, তার বেশী পারি না। কাজেই আমি এখানে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই এইজন্য যে মনে রাখতে হবে যে হাওড়া, কলকাতায় এবং অন্যান্য ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে ⅓ অংশের বেশী স্লাম এরিয়াতে বাস করে। এই গভীর সমস্যা সম্পর্কে আমরা যে সামান্য টারগেট তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় নিয়েছিলাম, আগামী ৫ বৎসরে তার ৫০ পার্সেন্টও কভার করতে পারবো না যে রেটে বর্তমানে আমাদের কাজ হচ্ছে। এই বৎসরের বাজেটে আমরা দেখছি, গত বৎসর যে পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছিল এই স্লাম ক্লিয়ারেন্সের ব্যাপারে, তার চেয়ে কম অর্থ ব্যয় করা হচ্ছে। তারপর আর একটা হাউসিং স্কীম, সাবসিডাইসড ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীম, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার আমলে আমরা ৯·৮০ কোটি টাকা এর জন্য বরাদ্দ ঠিক করেছি। কিন্তু আমরা টারগেট কি করেছিলাম? ৭,৭৮০টি টেনামেন্ট এই ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীমে করবো। আমরা এই হোয়াইট বুকে দেখছি ১৯৬১-৬২ সালে আমরা মাত্র ঘর তৈরী করতে পেরেছি ২০৬টি। এবং তার পরের বৎসর, ১৯৬২-৬৩ সালে, আমাদের চেষ্টা ছিল সেখানে আমরা ১৭ শত ঘর তৈরী করবো।

কিন্তু ৪টি করতে পেরেছি পশ্চিমবঙ্গ সরকার তার হিসাব দেননি কিন্তু সর্বভারতীয় যে হিসাব তাতে দেখলাম ১৯৬১ যখন শেষ হয়ে গেল—১৯৬২ সালের গোড়া পর্যন্ত আমরা দেখলাম পশ্চিমবঙ্গ যে সাবসিডিয়ারী ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীম গ্রহণ করার কথা ছিল তার মাত্র ৩৩৬টি তারা করতে পেরেছেন। এই রেট-এ তারা কাজ করেন। থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এর শেষ পর্যায়ে আমরা দেখতে পাই যে, তারা তাদের টারগেট মাত্র শতকরা ২০ ভাগ ফুলফিল করতে পেরেছেন। কাজের যে টারগেট আমরা নিয়েছি হাউসিং সম্পর্কে ইন্ডাস্ট্রিয়াল ওয়ারকার্সদের জন্য সেই টারগেট পূরণ করার সম্পর্কে এতখানি উদাসীনতা যদি সরকার দেখান তাহলে সামান্য যে টারগেট ধরেছেন তা ২০ পারসেন্ট-এর বেশীতে পৌছাবেন কি করে? অথচ ভারতের অন্যান্য রাজ্যে কি দেখছি? সারা ভারতবর্ষে ১৩ হাজার ঘর তৈরী করার কথা—সেখানে মহারাষ্ট্র তৈরী করেছে ৩,৮৮৮, বিহার করেছে ৯.৮০২, ইউ পি করেছে ২,২৮০ আর আমাদের পশ্চিমবঙ্গ করেছে ৩৩৬টি। অবশ্য একথা স্বীকার্য যে পাঞ্জাব পশ্চিমবঙ্গের চেয়ে কম করেছে; কিন্তু মহারাষ্ট্র, বিহার, ইউ পি তারা যেভাবে ঘর তৈরী করেছেন এবং গৃহ সমস্যার দিকে জোর দিয়েছেন তাতে দেখা যায় যে পর্যায়ে তারা প্ল্যানিং করেছেন সেই প্ল্যানিং পূরণ করার চেষ্টা তারা করেছেন এবং তৃতীয় পরিকল্পনায় তাদের যে টারগেট তা পূরণ করার জন্য যতখানি স্পেস-এ প্রতি বছর কাজ করা দরকার প্রায় সেই স্পেস-এ কাজ তারা করছেন। পশ্চিমবঙ্গ সকলের চেয়ে

পিছিয়ে রয়েছে। ওয়ারকার্স হাউসিং স্কীম-এ থার্ড ফাইভ-ইয়ার প্লান-এ তিন কোটি ৩০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে পশ্চিমবঙ্গ অথচ আজ পর্যন্ত যদি আমরা ১৯৬৩-৬৪ সালের বাজেটের শেষ পর্যন্ত ধরে নিই তাহলে মাত্র ব্যয় করব ৫৭ লক্ষ টাকা—তিন বছরে ৫৭ লক্ষ টাকা ব্যয় করব সেখানে টারগেট তিন কোটি অর্থাৎ তিন বছরে ওয়ানসিকথ্ অব দি টারগেট পূরণ করতে চলেছি। এই রেট-এ যদি যাই তাহলে আর দুই বছরে কি হবে? এই সামান্য টারগেট তিন কোটি ৩০ লক্ষ টাকার টারগেট-এ সেখানে ৩,৫০০ টেনিমন্ট তৈরী করবেন তার মধ্যে মাত্র আজ ৩০০ আর ২০০ অর্থাৎ ৫০০ বাড়ী তৈরী করেছেন।

তারপর আসছি বাংলাদেশে লেবার হাউসিং স্কীম সেখানে দেখছি পশ্চিমবাংলা সরকার তৃতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনায় ১৫ লক্ষ টাকা ঠিক করেছেন—কিন্তু আজ পর্যন্ত তারা ব্যয় করেছেন ৬ লক্ষ টাকা তৃতীয় বর্ষ যখন শেষ হয়ে যাবে তখন অর্থাৎ ওয়ান-থার্ড অব দি টারগেট তিন বছরে করবেন, অথচ প্ল্যানটেসন এ্যাক্ট অব ১৯৫১—এই এ্যাক্ট-এ ব্যবস্থা করা হয়েছে যে সমস্ত ওয়ার্কারদের জন্য হাউস মালিকদের দিতে হবে। সেই এ্যাক্ট ১৯৫১ সালে পাস হয়েছে; কিন্তু বাংলাদেশে প্ল্যানটেসন-এ যে সমস্ত ওয়ার্কার্স তাদের জন্য হাউস দেওয়ার জন্য মাত্র ১৫ লক্ষ টাকা ধরেছেন তৃতীয় পরিকল্পনায় এবং তার ওয়ান-থার্ড টাকা এই তিন বছরে ব্যয় করতে পারছেন না। আমাদের পরিকল্পনা ছিল আমরা ৮৩৪টি ঘর এই প্ল্যানটেসন লেবারদের জন্য তৈরী করব তৃতীয় পরিকল্পনার মধ্যে। কিন্তু গত বছর কত করেছেন—৪০টি বাড়ী করেছেন তাও টেক্‌নিক্যালি কমপ্লিটেড নয়—এই হল হাউসিং স্কীম-এর নমুনা। তাছাড়া ভিলেজ হাউসিং স্কীম যেটা আছে তার অবস্থা কি। সেখানে নাইনটি থ্রি পারসেন্ট হাউস হল সাব-কনডিসন-এ অর্থাৎ গ্রামাঞ্চলে ৫০ মিলিয়ন হাউস নতুন করে করা দরকার। সেখানে ২৫ লক্ষ টাকা বরাদ্দ থার্ড প্ল্যান এ। এই ২৫ লক্ষ টাকার মধ্যে ১৯৬০-৬১ সালে ব্যয়

[1-30—1-40 p.m.]

করেছি ৭০ হাজার টাকা,—১৯৬১-৬২ সালে ব্যয় করেছি ৪০ লক্ষ টাকা আবার এ বছর বাজেটে বরাদ্দ করেছি ৪০ হাজার টাকা, অর্থাৎ এই তিন বৎসরে আমরা ব্যয় করতে চাচ্ছি ৪৯ লক্ষ, যেখানে বরাদ্দ ২৫ লক্ষ টাকা, পারসেন্টেজ এত আসে না- বরাদ্দ থাকা সত্ত্বেও এত কম টাকা ব্যয় করেছি। টোটাল হাউসিং প্রোজেক্ট-এর দিকে যদি দেখি তাহলে দেখব থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এ হাউসিং-এর জন্য আমাদের বরাদ্দ আছে ৯ কোটি ২০ লক্ষ টাকা. এর মধ্যে এই তিন বৎসরে যদি বাজেটে যে টাকা আমরা বরাদ্দ করেছি তা যদি ব্যয় করতে পারি তাহলে আমাদের ব্যয় হবে ৩ কোটি, অর্থাৎ ১০ পারসেন্ট আমাদের ব্যয় হবে তিন বৎসর উত্তীর্ণ হয়ে যাবার পরে। কাজেই আমার মনে হয় সরকারের তরফ থেকে আমাদের গৃহ সমস্যা যে কত জটিল ও গভীর সে সম্পর্কে কোন ধারণা নাই। যে সামান্য ৯ কোটি টাকা ধার্য আছে তিন বৎসর পরে তার ওয়ান-থার্ডও ব্যয় করবার যোগ্যতা তাঁদের নাই। কাজেই সরকারের বাজেট আলোচনা করতে গেলে—মুখ্য মন্ত্রী মহাশয় বলেছেন কোনপ্রকার বিতর্কের মধ্যে যাবেন না—হাউসিং সম্পর্কে আমি আপনার কাছে দু-চারটা কথা বলতে চাই—সেটা হল, এবার হাউসিং-এর খরচ কমাবার জন্য ইতিমধ্যেই খান্না-সাহেব ফেব্রুয়ারী মাসের প্রথম দিকে ২।৩ তারিখে স্টেট হাউসিং মিনিস্টারসদের বোম্বেতে এক কন্‌ফারেন্স-এ ডেকে বলেদিয়েছেন এবার বেশি টাকা ব্যয় করতে পারবেন না। গত বছর ২০ কোটি টাকা বিভিন্ন স্টেটকে সাহায্য করেছিলেন, এবার ১৬ কোটি টাকা দেবেন এবং এই টাকায় যতটা কাজ করা যায় তার চেষ্টা করুন। কিন্তু আমরা দেখছি তা সত্ত্বেও যে সামান্য টাকা আমাদের হাতে বরাদ্দ আছে সেই টাকাও আমরা ব্যয় করতে পারছি না। তারপর সোসাল ডিফেন্স-এ আমরা মাত্র ২০ পারসেন্ট যা আমাদের বরাদ্দ তা ব্যয় করেছি, উইম্যান ওয়েলফেয়ার-এ ৫ পারসেন্ট ব্যয় করেছি, চাইল্ড ওয়েলফেয়ার-এ থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এ আমাদের যা টারগেট ছিল তার মাত্র ১৮ পারসেন্ট ব্যয় করেছি--টোটাল সোসাল ওয়েলফেয়ার-এ এই ৬ বৎসরে টারগেট-এর মাত্র ১২ পারসেন্ট ব্যয় করেছি—সোসাল ডিফেন্স, উইম্যান ওয়েলফেয়ার, চাইল্ড ওয়েলফেয়ার ওয়েলফেয়ার অব দি হ্যান্ডিক্যাপ্‌ড এই সমস্ত মিলিয়ে আমরা দেখছি টোটাল টাকা ১৫ পারসেন্ট যে টারগেট আছে ব্যয় করার থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এ, এই ১৫ পারসেন্ট টাকাও তিন বৎসরের মধ্যে আমরা ব্যয় করতে পারছি না—এই হল আমাদের যোগ্যতা। এরপর, হাওড়া সহর সম্পর্কে দু-চারটা কথা বলা দরকার—সেটা হল, হাওড়া ইম্‌প্রুভমেন্ট ট্রাস্ট সম্পর্কে বলতে গেলে বলতে

হয় ৬ বৎসর আগে ১৯৫৭ সালের ১লা জুলাই তারিখে হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট এ্যাক্ট পাস হল, ৬ বৎসর উত্তীর্ণ হয়ে যাচ্ছে। কিন্তু এই ৬ বৎসরের মধ্যে হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট এক টাকার কাজ, সিউরেজ বলুন, রাস্তা বলুন, এক টাকার কাজও করতে পারেনি। শুধু তাই নয়, এই বছর কত টাকা দেওয়া হবে সেই সম্পর্কে কিছুই উল্লেখ দেখছি না—একটা পয়সাও বরাদ্দ করা হয়নি; গত বছর ১২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল, এবার এক টাকাও বরাদ্দ করা হয়নি। বলা হচ্ছে সি এম পি ও-র জন্য যে টাকা ডাইরেক্ট করা হয়েছে তার থেকে কিছু টাকা ব্যয় করা যায় কিনা দেখা হবে। হাওড়া সহরে যেখানে ৫০ পারসেন্ট মানুষ সাব-কন্ডিসন-এ বাস করছে সেই সহরে ইম্প্রুভমেন্ট ট্রাস্ট কার্যকরী করার জন্য কোন চেষ্টা আমরা দেখতে পাচ্ছি না।

Shri Debsaran Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই খাতের আলোচনা করতে গিয়ে মুখ্য মন্ত্রী বলেছেন এতে কি নাই, চণ্ডীপাঠ থেকে জুতা সেলাই সবই আছে। স্যার আমরা দেখতে পাই বহু গঠনমূলক কাজের নাম করে জনসাধারণের টাকা কি ভাবে অপব্যয় করা হয় তার নিদর্শন এই খাত আলোচনা করলে দেখা যাবে।

স্যার, কংগ্রেস সরকারের যাঁরা প্রতিনিধি এখানে আছেন বা মন্ত্রীমণ্ডলী আছেন আমার এই ধারা সম্পর্কে আলোচনা করে যেটা ধারণা হয়েছে সেটা হচ্ছে এই যে এই নির্বাচনী বৈতরণী পার হবার জন্য জনসাধারণকে যে কড়ি যোগাতে হয় তার সমস্ত ব্যবস্থাই এই গ্রান্টের মধ্যে আছে। আমরা দেখেছি নির্বাচনের সময় কংগ্রেসের এম এল এ বা মন্ত্রীমণ্ডলীরা জনসাধারণকে বিভিন্ন উপায়ে বহু রকম সুযোগ সুবিধা সিমেন্ট, যাত্রাদলের ড্রেস ইত্যাদি এইরকম ধরনের বহু সুযোগ সুবিধা তাদের দেয়ার ব্যবস্থা করেন। স্যার, আমরা মনে করতে পারি না মন্ত্রীরা বা কংগ্রেস এম এল এ-রা নির্বাচনে দাঁড়াবার জন্য নিজের পকেট থেকে খরচ করেন। সরকারী টাকা বিভিন্ন খাতে খরচ দেখিয়ে নির্বাচনী বৈতরণী পার হবার চেষ্টা করেন। স্যার, আমি এই খাতে একটা বিষয় সম্বন্ধে আলোচনা করছি। পাবলিক কো-অপারেটিভ স্কীম, প্লেনিং ফরমএ এবছরের বাজেটে ১ লক্ষ টাকা ধরা হয়েছে। আপনি জানেন কার্যত এই প্রোগ্রাম কন্ট্রোল করে ভারত সেবক সমাজ। এই ভারত সেবক সমাজের কার্যকলাপ সম্বন্ধে পার্লামেন্টে আলোচনা হয়েছে এবং সেখানে একটা তদন্ত কমিটি করার জন্য সরকার নির্দেশ দিয়েছেন। আপনি জানেন এই ভারত সেবক সমাজের সংগে আমাদের পশ্চিমবংগ কংগ্রেসের জেনারেল নেতারা এবং এমন কি আমাদের মুখ্যমন্ত্রীও জড়িত। আমার কাছে ভারত সেবক সমাজের মিটিং-এর মিনিট এর একটা কপি আছে, তাতে দেখা যাচ্ছে যে পশ্চিমবংগ বিধানসভার কয়েকজন এম এল এ এই ভারত সেবক সমাজের সংগে জড়িত। এই ভারত সেবক সমাজের ২৬টা কেন্দ্র বাংলাদেশে আছে—তার বেশীর ভাগ বা অনেকগুলো বর্তমানে অকেজো অবস্থায় আছে, তবে এক একটা কেন্দ্রে যারা অর্গানাইজার আছে তাদের মাসে মাইনে দেওয়া হয় ৭৫ টাকা, ভাতা ২৫ টাকা এবং অন্যান্য খরচ বাবদ ২৫ টাকা। অর্থাৎ মাসে ১০০ টাকা করে অর্গানাইজারদের মাইনে দেওয়া হয়। এই লোকগুলি সম্পর্কে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে কিছু রাখছি যে এদের সম্পর্কে খোঁজ নেওয়া হোক যে এরা কোন সমাজের লোক। আমি জোর করে বলতে পারি কোলকাতা বা তার আসে-পাশে যেসমস্ত গুণ্ডা লোক আছে তাদের পোষণ করা হয়। বহু কেন্দ্র আছে তার কোন ফাংশান নেই, কিন্তু প্রতি অর্গানাইজার এখনও পর্যন্ত ১০০ টাকা করে মাইনে পেয়ে যাচ্ছে। ভারত সেবক সমাজের যিনি প্রভিনসিয়াল অর্গানাইজার তাঁর মাইনে মাসে ২০০ টাকা এবং টুরিজম্ এলাউন্স ১০০ টাকা—সব মিলিয়ে ৩০০ টাকা। তিনি এমন একজন লোক যার অতীত ইতিহাস জঘন্যতম। এই ভদ্রলোক সম্পর্কে একটা কথা বলা যায় এর কোন কোয়ালিফিকেশন নেই। কাজেই আমি জোর করে বলতে পারি যে যদি আমরা এই কথার মিথ্যা প্রমাণ করবার সৎসাহস কংগ্রেস পক্ষের থাকে তাহলে পার্লামেন্টে যেমন একটা তদন্ত কমিটি করার কথা সেখানে ঘোষণা করা হয়েছে সেইরকম একটা কমিটি করা হোক এবং সেই তদন্ত কমিটির রিপোর্ট এই হাউসে পেশ করা হোক।

[1-40—1-50 p.m.]

আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে এই অভিযোগ আপনার সামনে রাখছি। মিস্টার স্পীকার স্যার, দেশের এই জরুরী অবস্থার সময় আমরা দেখতে পাচ্ছি বাজেটের বিভিন্ন খাতে ব্যয় বরাদ্দ বিশেষ করে শিক্ষা খাতে, স্বাস্থ্য খাতে ব্যয় কমানো হচ্ছে টাকার অভাবের ফলে—ভাল কথা। কিন্তু

ট্যুরিস্ট খাতে প্রায় ৬ লক্ষ ৯৫ হাজার টাকা খরচ করার বন্দোবস্ত করা হয়েছে। দেশের এই অবস্থায় যেখানে মানুষকে বাঁচানো দরকার সেখানে এই ট্যুরিস্টের বেলায় এই জিনিস এড়িয়ে যাওয়া হয়েছে। আমরা দেখছি ট্যুরিস্টের নামে কতকগুলি জায়গায় যেসমস্ত ব্যবস্থা করা হচ্ছে সেখানে আমাদের যারা মন্ত্রী আছেন তাঁরা বিভিন্ন জায়গায় ঘোরাফেরা করেন তারা যাতে ট্যুরিং হাউসে গিয়ে ফুর্তি করতে পারেন তার ব্যবস্থা করা হচ্ছে। এ সম্পর্কে আর একটা উদাহরণ দিচ্ছি যে—এই যে প্রায় ৭ লক্ষ টাকা আজকে দিচ্ছেন এটা অপ্রয়োজনীয়। আমাদের দেশে বিদেশ থেকে যেসব ট্যুরিস্ট আসে তাদের স্বাচ্ছন্দ্যবিধানের ব্যবস্থা করা উচিত। আমি বলবো বিদেশ থেকে যারা আসেন তাদের যদি বলেন যে আমাদের দেশ গরীব দেশ—আমাদের এখানে দেশ দেখবার জন্য যারা আসেন আমাদের যে সামান্য ব্যবস্থা আছে সেই ব্যবস্থায় তাঁরা সন্তুষ্ট হোউন। একথা যদি আমরা বলি তাহলে আমার মনে হয় বাংলাদেশ সম্পর্কে বিদেশ থেকে যারা ট্যুরিস্ট আসবে তাদের জন্য খুব খরচ হবে বলে মনে করি না। স্পীকার মহাশয়, বলতে খুব লজ্জা হয় যে কয়েকটি জায়গায় আমরা দেখেছি যে মন্ত্রীদের মটন চপের বন্দোবস্ত করার জন্য একটি খরচের ব্যবস্থা করা হয়েছে। মটন চপ তৈরি করার জন্য ভেড়ার মাংস দরকার হয়—এখানে দেখছি সিপ ডেভেলপমেন্ট করবার জন্য প্রায় ৫০ হাজার টাকা খরচ করা হয়েছে। জানি না এই ভেড়ার উন্নতি করে দেশের কি উপকার হবে। আমার মনে হয় বাংলাদেশে যারা মন্ত্রী আছে তাদের মটন চপের জন্য এই ব্যবস্থা করা হয়েছে। আমি এই সরকারের বিরুদ্ধে অভিযোগ করি এই জনসাধারণের অর্থ অপচয় করার কি অধিকার তাদের আছে। আমি শেষে একটি অভিযোগ করছি এবং সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি যে মন্ত্রীরা বাংলাদেশের নায়ক এবং নেতারা এবং বিশেষ করে রাজ্যপাল আবেদন করেছেন কৃচ্ছ্র সাধনের জন্য সেখানে দেখছি নদীয়া জেলায় আমাদের মৎস্যমন্ত্রী ফজলুর রহমান সাহেব একদিন কৃষ্ণনগরে গিয়েছিলেন সরকারী গাড়ীতে করে মেয়ে জামাইকে সঙ্গে নিয়ে। মেয়ে জামাই অন্য গাড়ীতে ছিলেন—জামাই হচ্ছেন এই ক্যালকাটা পুলিসের সার্জেন্ট তাঁরা একসঙ্গে কৃষ্ণনগরে গিয়েছিলেন। এটা বড় কথা নয়। এই সরকারী দুটি গাড়ীতে যাওয়া দেখে সেই গাড়ীটি চ্যালেঞ্জ করে যে গাড়ীতে মেয়ে জামাই ছিলেন সেখানকার ডি এম। তখন গাড়ী থেকে তার মেয়ে—আপনারা জানেন যে সূর্যের তাপের চেয়ে বালির তাপ বেশী। মন্ত্রী যিনি আছেন তাঁর চেয়ে মেয়ের হুমকীর জোর বেশী। সে ডি এম যখন চ্যালেঞ্জ করেছিল তখন তাকে বললেন আপনাকে দেখে নেবো আপনি কতদিন এখানে কাজ করেন। দেশের সাধারণ মানুষকে যেখানে ত্যাগ করার কথা বলা হচ্ছে সেখানে আমরা দেখতে পাচ্ছি সরকারী গাড়ী নিয়ে সরকারী অর্থ নিয়ে যেভাবে অপচয় করছে এবং লুট করবার চেষ্টা করছে সে সম্পর্কে আমি বার বার অভিযোগ করেছি। সরকার আমাদের অভিযোগ আমরা বামপন্থী বলে কি জানি না—আমাদের এই অভিযোগ এই হাউসে কোন গুরুত্ব দেওয়া হয় না। আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে এই অভিযোগ করছি এই দুটো অভিযোগ—ভারত সেবক সমাজ সম্পর্কে এবং ফজলুর রহমনের কন্যা সরকারী গাড়ী ব্যবহার সম্পর্কে যে অভিযোগ আমি আপনার সামনে রাখলাম এবং সম্পূর্ণ দায়িত্ব নিয়ে এই অভিযোগ রাখছি এই আশা করে যে এই হাউসের মন্ত্রীমণ্ডলী এ সম্পর্কে একটি তদন্ত কমিটি করবেন এবং সেই তদন্ত কমিটির রিপোর্ট আমাদের সামনে দেবেন।

মাননীয় স্পীকার, স্যার, আমরা জানি টাকা ছাড়া কোন কাজ করা সম্ভবপর হয় না। কিন্তু সরকারী টাকার নাম করে টাকা বিভিন্ন খাতে খরচ দেখিয়ে সাধারণের অর্থের যে অত্যধিক অপচয় করা হয় তা আমরা দেখেছি। ভারত সেবক সংঘ সম্পর্কে একটি কথা বলতে চাই ভারত সেবক সমিতির বিভিন্ন কেন্দ্র কলকাতায় গুণ্ডাদের দ্বারা পরিচালিত হয়। এদের কাজ হচ্ছে নির্বাচনের সময় কংগ্রেসপ্রার্থীর পক্ষে এরা কাজ করে এবং বাকী সময় এদের কাজ হচ্ছে সেই সমস্ত কেন্দ্রে জুয়ার আড্ডাখানা বসিয়ে বিভিন্ন অসৎ কাজকর্ম করে। কলকাতার বুকে আজও তারা অব্যাহত গতিতে চলেছে এদের কাজ-কর্ম। আমরা গত সাধারণ নির্বাচনের সময় দেখেছি এদের কাজ। আর মন্ত্রিমহাশয় বলেছেন এই সম্পর্কে বিতর্কের কোন প্রয়োজন নাই। আমি মনে করি গৌরী সেনের টাকা সরাসরি ও সোজা পথে বিভিন্ন মন্ত্রী, তাঁদের দপ্তরের জন্য ভাগ করে নিয়েছেন। আর যে উদ্বৃত্ত অর্থ সেটা চক্ষু লজ্জায় বাধে বলে ভাগ করেন নি বটে, কিন্তু সেই উদ্বৃত্ত টাকা চোরা পথে মন্ত্রীমণ্ডলী এবং কংগ্রেসী নেতাদের নির্বাচনে জয়যুক্ত করবার জন্য টাকা বরাদ্দ হয়েছে বলে আমি মনে করি এবং সেজন্য আমি এই বরাদ্দের বিরোধিতা করছি।

Shri Sudhir Chandra Das:

মাননীয় স্পীকার মহাশয়, এই দুটো হেডে ৮ কোটি ১৭ লক্ষ টাকা তিনি চেয়েছেন। আজ আমাদের দেশে জরুরী পরিস্থিতি দেখা দিয়েছে। এই বরাদ্দ এত টাকার মধ্যে আমি এটা দৃঢ়ভাবে বিশ্বাস করি ৪ কোটি টাকা যদি অন্যভাবে ব্যয় করতেন তাহলে তার দ্বারা আমাদের অনেক বড় কাজ হতে পারতো। আমি এটা বেশী করে দেখতে পাচ্ছি যে চুরি এবং অপচয় একটা খাতে বড় করে তুলে দেওয়া হয়েছে। আমি তন্ন তন্ন করে খাতগুলি পড়েছি। এটা প্রথমতঃ মিসসেলেনিয়াস অ্যান্ড আদার এক্সপেন্ডিচার—বলা হয়েছে—আভরণ খুলে দিলে দেখবেন ঘরবাড়ী, বাংলো, টেনামেন্ট তৈরি জমি কেনা ইত্যাদি কাজে অর্থ ব্যয় করা হচ্ছে যাতে করে কন্ট্রাক্টররা বেশী লাভবান হতে পারে। সরকারের বরাবরই ঘরবাড়ী তৈরি, ইমারতী কাজের দিকে ঝোঁক বেশি।

তারপর ট্যুরিজম্ সম্পর্কে সেদিন তুলেছিলাম। ট্যুরিজম্ কার্টেল করবার কথা। সেন্ট্রাল গভর্নমেন্টের নির্দেশ দেওয়া সত্ত্বেও ৪ লক্ষ ৭৫ হাজার টাকা খরচ করবার কথা। বর্তমান বছরে শুনছি ১০ লক্ষ ৯৬ হাজার টাকা খরচ হবে। ক্যান্টিন-কাম-রিটায়ারিং রুম এ্যাট ডায়মন্ড হারবার—২৫ হাজার টাকা। এবার নাকি ১ লক্ষ ৭০ হাজার টাকা খরচ করবেন—ট্যুরিজম্ নামে। বাংলো, রেস্ট হাউস এ্যাট শান্তিনিকেতন ৬৫ হাজার টাকা বরাদ্দ গতবার নিয়েছিলেন। এবার নিচ্ছেন ৩ লক্ষ ৫০ হাজার টাকা—পাঁচ গুণেরও বেশি। ট্যুরিস্ট লজ য়্যাট মালদহ—২৫ হাজার টাকা ছিল, এবার নিচ্ছেন ১ লক্ষ ২৪ হাজার টাকা, চার গুণের উপর। এর জবাব দেবেন ট্যুরিজম্ না বাড়ালে টাকা পাবেন কোথায়? আমি বলছি ওটা কারটেল করুন, খুব সতর্কতার সংগে চলুন, ঘরবাড়ী তৈরি বন্ধ রেখে আপাতত জরুরী কাজের দিকে নজর রাখতে হবে। ট্যুরিজমের নামে পাঁচগুণ টাকা বাড়িয়ে দিয়েছেন।

মুখ্যমন্ত্রী মহাশয় যক্ষ্মারোগে টাকা কম দিয়েছেন, পঞ্চায়েত খাতে টাকা কম দিয়েছেন। তারপর কল্যাণী শহরের কথা সকল সদস্য জানেন এখন পক্ষাঘাতগ্রস্ত মানসকন্যা হয়েছে, ঘরবাড়ী সব তৈরি হয়েছে, তবুও সেখানে শহর গড়া গেল না। এবারও টাকা নিচ্ছেন সেখানে পাঁচশো বাড়ী তৈরি হবে।

1-50—2 p.m.]

মদার স্কীম-এর মধ্যে দেখতে পাচ্ছি কর্মচারীদের জন্য দু হাজার বিল্ডিং তৈরি করবেন। এই দু-হাজার ঘরবাড়ীর মধ্যে ১,৭০০ এবং ৩০০টি ফ্ল্যাট তৈরি হচ্ছে সমস্ত নিম্ন আয়ের কর্মচারীদের জন্য। এইভাবে তাদের রিহাউসিং হবে স্থির করেছেন। অপর পক্ষে দেখতে পাচ্ছি রিহাউসিং অফ বস্তি ডুয়েলার্স-এর জন্য গত বছর যে ৯৯ হাজার টাকা ধরা হয়েছিল, সেখানে এবার জিরো, শূন্য। একদিকে কেবল ঘরবাড়ী তৈরির জন্য টাকা ধরা হয়েছে। কিন্তু যেখানে ঘরবাড়ী তৈরি করছেন, তা ব্যবহার হয় না। এক জায়গায় রিপোর্টে রয়েছে দেখুন, বলা হচ্ছে ঘরবাড়ী-গুলি ফুল্লি উটিলাইজড করা হয় না। বহু গার্লস স্কুল করেছেন, যেগুলি খালি পড়ে আছে। মেদিনীপুরে গোপ প্যালেসে, যেখানে আবার বাড়ী তৈরি করেছেন, তা ব্যবহার হয় না। জানিনা আমি কেন তাদের দেড় লক্ষ টাকা করে দিচ্ছেন। লিলুয়াতে যান, দেখবেন সেখানে ২ লক্ষ ৭৫ হাজার টাকা দিয়েছেন, অথচ সেখানে যে ঘরবাড়ী আছে, সেটাকে ফুল্লি ইউটিলাইজড না করে, আবার নূতন করে ঘরবাড়ী তৈরি করা হচ্ছে। এইটাই আমার অভিযোগ যে ঘর থাকা সত্ত্বেও আপনারা এমন কাণ্ড করছেন। এ সম্বন্ধে বহু অভিযোগ আমার কাছে এসেছে, দেখুন। বহরমপুর শহরে ৪৮টি ঘর তৈরি হয়ে পড়ে রয়েছে। আট মাস পূর্বে ঐ ঘরগুলি তৈরি হওয়া সত্ত্বেও, এখনও পর্যন্ত কোন সরকারী কর্মচারীকে ভাড়া দেওয়া হয়নি। জায়গার অভাবে পথে, পথে সরকারী কর্মচারীরা ঘুরে বেড়াচ্ছেন অথচ তাদের সেই ঘরগুলি ভাড়া দেওয়া হয়নি। আমরা খবর পেয়েছি যে সেই ঘরগুলি মুরগির খোঁয়াড়ের মতন তৈরি করা হয়েছে, তথাপি সেখানে মানুষ থাকবার জন্য উদ্‌গ্রীব হয়ে আছে, কিন্তু, সেখানকার কর্তৃপক্ষ তাদের বাড়ী দিচ্ছেন না। ঘর তৈরি করে দিলেও, তা তারা ব্যবহার করতে পারছেন না, এই তাদের অভিযোগ হচ্ছে। সুতরাং এখানে আমার বক্তব্য হচ্ছে এই টাকা সম্পূর্ণভাবে, একেবারে আমূল বরাদ্দকে যদি পরিবর্তন করতে পারেন তাহলে অন্তত চার কোটি টাকা বেঁচে যেতে পারে। কলিকাতা

বস্তি উন্নয়নের নামে যে টাকা নিচ্ছেন এবং স্লাম ক্লিয়ারেন্স বা বস্তি অপসারণ করবেন বলে দুটো হেড রেখেছেন—সেখানে ২৩ লক্ষ টাকা একটাতে, আর ৬ লক্ষ টাকা আর একটাতে, প্রায় ৩০ লক্ষ টাকা রাখা হয়েছে। অথচ স্লাম ক্লিয়ারেন্স হলে বস্তিবাসীদের বসাবেন কোথায়? আপনারা টেনামেন্ট তৈরি করে, তার ভাড়া ২৫ টাকা করে দিলেন, অত ভাড়া দিয়ে সেখানে বস্তিবাসীরা যেতে পারেনি, সব অন্য লোকরা সেখানে বসবাস করছেন। সেখানে যদি যান দেখবেন যত টেনামেন্ট করেছেন সেখানে বস্তিবাসী যেতে পারেনি, অন্য লোকরা সেগুলি অধিকার করে বসে আছে। সেই টেনামেন্টের একখানা ঘর পাবার জন্য পাঁচশো, সাতশো টাকা ঘুষ দিয়ে অন্য লোকরা তাকে অধিকার করে রেখেছে। কলিকাতার বস্তি উন্নয়ন একটা প্রহসনে পরিণত হয়েছে। কলকাতার স্লাম ক্লিয়ারেন্স ঠিকভাবে করতে গেলে বহু কোটি টাকার দরকার। আপনারা কলকাতায় বস্তি তুলতে গেলেন, কিন্তু দেখা গেল সেখানে বস্তি উঠে যাওয়ার পর, সেখানে আবার নূতন বস্তি সৃষ্টি হয়েছে। সুতরাং বস্তি অপসারণ হল না, নূতন বস্তি সেখানে সৃষ্টি হয়েছে। সেই জন্য আমি বলতে চাই এ সম্পর্কে আমুল পরিবর্তনের কথা চিন্তা করা একান্ত প্রয়োজন। বস্তি অপসারণ ও উন্নয়নের জন্য অনেক কোটি টাকার প্রয়োজন, তা যখন আপনারা খরচ করতে পারছেন না, তখন বস্তিবাসীদের রক্ষাকল্পে, তাদের জন্য অন্তত পানীয় জল, পায়খানা, এবং ড্রেনেজ, এই তিনটা ব্যবস্থা যদি ভাল করে দিতে পারেন, তাহলে বস্তি উন্নয়ন কথাটা ঠিক হবে। স্লাম ক্লিয়ারেন্স করবেন, তাদের দাঁড়াবার জায়গা কোথায়? তারা তো নূতন বস্তি ক্রিয়েট করছে। তারা তো ২৫ টাকা ভাড়া দিয়ে টেনামেন্টে যেতে পারছে না। এই ২৫ টাকা ভাড়া দিয়ে কোন বস্তিবাসীই সেখানে যেতে পারে না, এটা তথ্য নিয়ে জানুন। সুতরাং আমাদের দাবী যে পুনর্বাসন খাতে যে টাকা বস্তি অপসারণের নামে নিয়ে রাখছেন, সেই টাকা সুচিন্তিতভাবে খরচ করা দরকার, তা না হলে সমস্ত টাকা অপচয় হয়ে যাবে।

তারপর সল্ট লেক। এই ব্যাপারে আমরা বরাবরই আপত্তি করে আসছি। আমরা বলেছি কলকাতায় বহু জমি পড়ে রয়েছে, তা গ্রহণ করতে পারেননি, আপনারা এ সম্বন্ধে একটা সিলিং করতে পারেননি। বহু জমি, বাগানবাড়ী পড়ে রয়েছে, তা নিয়ে কিছু করতে পারেননি। সেগুলি ছেড়ে দেওয়া হয়েছে। তাঁদের হাতে ক্ষমতা থাকা সত্ত্বেও তা কেড়ে নেবার জন্য কোন ব্যবস্থা করেননি। বহু জমি শিকারী, তারা জমিকে আটকে রেখে দিয়েছে, তা কেড়ে নেবার চেষ্টা নেই, তাঁরা যাচ্ছেন সল্ট লেক ভরাট করতে। সেখানে কয়েক কোটি টাকা খরচ করা হবে। এই জরুরী অবস্থায় এ বছর সেখানে এই টাকাটা না খরচা করলেও চলতে পারত। অনেক কোটি টাকা তো এখানেই বাঁচতে পারে। তাই আমি এর তীব্র প্রতিবাদ করছি। মহাভারত অশুদ্ধ হয়ে যাবে না, এই ভরাট এক বছর বন্ধ রাখলে। আপনারা সার্কুলার ক্যানাল করছেন। এই সার্কুলার ক্যানাল-এর জন্য গত বছর ১০ লক্ষ টাকা রেখেছিলেন। এবারে রেখেছেন ৩৭ লক্ষ টাকা। এটাকে কি স্থগিত রেখে এই টাকা বাঁচান যায় না? নিশ্চয় বাঁচান যায়। সুতরাং আমার বক্তব্য যে এর আমূল পরিবর্তন করুন তাহলে এই ৪ কোটি টাকা বাঁচবে। অর্থমন্ত্রী মহাশয় এবং মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে দেশের লোকের অর্থ বেড়েছে, পকেটে পয়সা বেড়েছে এবং এইজন্য যদি কেবল ট্যাক্স ধার্য করার চেষ্টা করেন তাহলে আমি তার তীব্র প্রতিবাদ করছি। আমরা দেখিয়েছি প্রতিটি খাতে চুল চেরা বিচার করে যে এইগুলি যদি বন্ধ করে দিতে পারেন তাহলে এ থেকেই সেই টাকা পাওয়া যাবে। আমার কাছে একটা জেলার রিপোর্ট এসেছে বহরমপুরের গোরাবাজারে একটা ইন্সটিটিউশনে সায়েন্স অ্যান্ড হিউম্যানেটিজ-এর জন্য একটা ব্লক তৈরি করা হয়েছিল। সেই ঘর দেখে ডি আই এবং ডি এম বললেন যে প্রচুর টাকা চুরি হয়েছে। রিপোর্ট করলেন এনফোর্সমেন্টের কাছে। এনফোর্সমেন্ট তদন্ত করে রিপোর্ট দিলেন যে সেক্রেটারীকে চার্জসিট দেওয়া হোক। তারপর শুনলে অবাক হবেন ডি পি আই অফিস থেকে সেই ফাইল তলব করে নিয়ে যাওয়া হয়েছে এবং তারপর সেটা চেপে দেওয়া হয়েছে, তার কোন স্টেপ নেওয়া হয়নি। তার কারণ মণি দুবে, জেলা কংগ্রেসের একজন বড় পান্ডা, তিনি হচ্ছেন সেই স্কুলের সেক্রেটারী। সুতরাং ঘর করার মানে হচ্ছে কন্ট্রাক্টর এবং কন্ট্রাক্টরদের সঙ্গে কংগ্রেস দলের পান্ডা পান্ডা লোকেরা অনেক জায়গায় জড়িয়ে আছেন। যে তথ্য নেপালবাবু পেশ করেছেন তিনি তো চ্যালেঞ্জ করলেন, আমিও এই তথ্য দিয়ে চ্যালেঞ্জ করছি তিনি বলুন কেন চেপে রেখেছেন। সেই কারণে আমি অনুরোধ করছি এইসব ঘরবাড়ী

করার ব্যাপারে বিবেচনা করুন টাকা পাবেন। তা থেকে এই ৪ কোটি টাকা বাঁচবে জনসাধারণের পকেট কেটে ট্যাক্স বসাবার যে ফন্দি করছেন তা আর করতে হবে না। এই বাজেটকে আপনারা যদি রিসাফল করে আবার বরাদ্দ করেন তাহলে বুঝবো যে আমাদের ন্যায়সঙ্গত যুক্তি চিন্তা করে আপনারা কাজ করছেন।

তারপর ভলান্টিয়ার কোরের কথা আমার বন্ধুরা তুলেছেন। ভলান্টিয়ার কোর আমিও চোখে দেখিনি। এর জন্য টাকা আমরা কিছুতেই মঞ্জুর করতে পারি না যতক্ষণ পর্যন্ত সেটা সর্বদলীয় চিন্তাধারা নিয়ে না করা হয়। সেটা একেবারেই কংগ্রেস সেবাদল। আমরা দেখছি দল গঠনের জন্য, দল রক্ষার জন্য ভারত সেবক সমাজের নামে এই টাকা দেওয়া হচ্ছে, আমি এর তীব্র প্রতিবাদ করছি। আমি আশা করি মন্ত্রিমহাশয় আমরা যে গঠনমূলক চিন্তাধারাগুলি দিলাম তা বিচার করে এই টাকা বাঁচাবার চেষ্টা করবেন এবং এই বাজেটের আমূল পরিবর্তন করে আবার নূতন করে ব্যয় বরাদ্দ করবেন।

[2—2-10 p.m.]

Shri Sunil Das Gupta:

মাননীয় স্পীকার মহোদয়, আমি সর্বপ্রথমে আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহোদয়ের কাছে একটা বিষয়ে অনুরোধ জানাব সেটা হল এই যে কিছুক্ষণ আগে নেপালবাবু দুর্গাপুর সম্পর্কে যে অভিযোগ আমাদের সামনে রেখে গেলেন তিনি যেন সে বিষয়ে ভালভাবে তদন্ত করেন এবং সেই তদন্তের ফলাফল আমাদের সামনে রাখেন। আরও একটা কথা আমি বলতে চাই। নেপালবাবু এখানে বলে গেলেন যে হিন্দুস্থান সিপইয়ার্ড কোক চেয়েছিল কিন্তু কোন কারণবশতঃ সেই কোক তাদের দেওয়া হয়নি। এটা কি ঘুষের ব্যাপার নয়? এ বিষয়ে মুখ্যমন্ত্রী আমাদের সামনে যেন তাঁর বক্তব্য রাখেন। বাজেট আমাদের সামনে পেশ করবার সময় অর্থমন্ত্রী আমাদের বলেছিলেন যে দেশরক্ষা খাতে আমাদের অনেক কিছু ব্যয় করতে হবে সুতরাং আমরা অনেকগুলি জনকল্যাণমূলক খাতে টাকা কমিয়ে ধরতে বাধ্য হয়েছি এবং জনসাধারণের উপর আমরা আরও ট্যাক্স বৃদ্ধির প্রস্তাব করছি। কিন্তু ভেবে দেখে আশ্চর্য হচ্ছি যে গ্রান্ট নাম্বার ৪১-এর মধ্যে ডোনেসন টু রাইফেল ক্লাব বলে একটা আইটেম আছে সেখানে দেখি ১৯৬২-৬৩ সালে রাইফেল ক্লাবগুলি মাত্র পাঁচ হাজার টাকা গ্রান্ট দেওয়া হয়েছিল সে বছর কোন যুদ্ধ পরিস্থিতি ছিল না। ১৯৬৩-৬৪ সালে যখন যুদ্ধের পরিস্থিতি চলছে দেশে যখন জরুরী অবস্থা চলছে—আমাদের সরকার বার বার ঘোষণা করছেন জরুরী অবস্থার কথা তখন উত্তরবঙ্গের বিভিন্ন জেলাগুলিতে প্রাপ্তবয়স্ক যুবকদের যখন রাইফেল ট্রেনিং দিতে হবে তখন মাত্র পাঁচ হাজার টাকা রাইফেল ক্লাব-এর জন্য বরাদ্দ করা হয়েছে। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে জরুরী অবস্থার কথা বিবেচনা করে যেন এই গ্রান্ট তিনি বাড়াবার চেষ্টা করেন। কোচবিহার রাইফেল ক্লাবগুলির অবস্থা কি? যেগুলি সেখানে আছে তাতে জন ৩০ মেম্বার আছেন, অত্যন্ত দুঃখের বিষয় সেই রাইফেল ক্লাবগুলিতে একটি রাইফেলও নেই। পুলিসের কাছ থেকে রাইফেল ধার করে নিয়ে এসে তাই নাড়াচাড়া করছেন—টাকার অভাবে কার্তুজ কিনতে না পারার জন্য গুলি চালাতে তারা শিখতে পারছেন না। অন্যদিকে দেখছি প্রতিরক্ষামূলক কাজের জন্য বিভিন্ন প্রচেষ্টা রয়েছে তার মধ্যে এই উদাসীনতা আমাদের আশ্চর্য লাগে। আর একটা কথা আপনার সামনে রাখব। আগের বছরের বাজেটের সময় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন যে বৃদ্ধদের পেনসন দেওয়া হবে। এই ঘোষণার সঙ্গে সঙ্গে দেশের মধ্যে যারা বৃদ্ধ—যাদের রোজগার নেই তারা কিছুটা আশান্বিত হয়েছিলেন। বৃদ্ধদের পেনসন স্কীমএ ১ লক্ষ টাকা আগের বছর বরাদ্দ করা হয়েছিল—এ বছর বাজেটে একটি পয়সাও বরাদ্দ করা হয়নি। এদের অবস্থার কথা চিন্তা করে একটা ব্যবস্থা করতে অনুরোধ করি। এইড টু মিউনিসিপ্যালিটিস ফর দি ইমপ্রুভমেন্ট অফ মিউনিসিপ্যাল ড্রেনেজ অ্যান্ড সিউরেজ সম্বন্ধে অনেক কথা শুনি। কিন্তু এখানে আমরা কি দেখি? সরকারের কাছে বার বার বিভিন্ন মিউনিসিপ্যালিটি সম্পর্কে আবেদন যখন জানিয়েছিলাম যে বৃষ্টির সময় সেখানে জল জমে, জনস্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর অবস্থার সৃষ্টি হয় সেখানে নানারকম ড্রেন-এর ব্যবস্থা করা হোক—নর্দমা কেটে জল বের করার ব্যবস্থা করা হোক—আমাদের বলা হয়েছিল যে প্ল্যানিং-এর মধ্যে ড্রেন করার জন্য কিছু টাকা বরাদ্দ করা হবে, কিন্তু আমরা কি দেখতে পাচ্ছি? সিউরেজ করার জন্য গত

বছর ৩৮ লক্ষ টাকা বাজেটে ধরেছিলেন এবং রিভাইজড বাজেটএ ২০ লক্ষ টাকা ধরা হয়েছিল। আমরা জানি কলকাতা ছাড়া অন্যান্য জায়গায় যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে তাদের পক্ষে সিউরেজ করা অত্যন্ত কঠিন, কারণ এত টাকা খরচ করে তার ফলাফল যা পাবেন তাতে এত টাকা খরচের দায়িত্ব নেওয়া কোন মিউনিসিপ্যালিটির পক্ষে সম্ভব নয়। সেজন্যে মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাব কলকাতা ছাড়া অন্যান্য মিউনিসিপ্যালিটির সিউরেজ করার বদলে ড্রেন করার জন্য টাকা দিন। আর একটি কথা বলব। সারা বাংলাদেশে যখন সাধারণ নির্বাচনে প্রত্যেকটি প্রাপ্তবয়স্ক লোককে যখন ভোটাধিকার দেওয়া হয়েছে এবং বিধানসভায় কিছুদিন আগে প্রত্যেকটি মিউনিসিপ্যালিটিতে প্রাপ্ত বয়স্কদের ভোটদানে পুনর্নির্বাচনের ব্যবস্থা করেছেন তখন কোচবিহার জেলাতে যে পাঁচটি কমিটি আছে সেখানে এখনও অগণতান্ত্রিক প্রথা বিদ্যমান থাকা সঙ্গত নয়। আজ গ্রামাঞ্চলের মানুষ যদি ভোটের অধিকার পায় শহরাঞ্চলের মানুষ এরা কেন নির্বাচনে অধিকার পাবে না এটা ভেবে আশ্চর্য লাগছে। সেজন্যে মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি কোচবিহারের টাউন কমিটি অ্যাক্ট পালটে তিনি যেন সেখানে নির্বাচনের ব্যবস্থা করেন। আজকে এই টাউন কমিটিগুলি তাদের দিয়ে সরকার পরিচালিত করেন সেখানে আমরা দেখি কি? সমাজবিরোধী লোক, দুষ্কৃতকারী লোক, সরকার তাদেরই মনোনীত করেন এবং তাদের দিয়ে টাউন কমিটি চালান। কোচবিহার মিউনিসিপ্যালিটির টাউন কমিটিতে শ্রীভবানী প্রসাদকে সরকার থেকে নমিনেট করা হয় -এই ব্যক্তি এমনই দুর্নীতি পরায়ণ যে জনসাধারণের লক্ষাধিক টাকা মেরে দিয়ে তিনি হলদিবাড়ী থেকে পালিয়ে এসে বহাল তবিয়তে আছেন, তাকে পশ্চিমবঙ্গ সরকার ধরবার কোন ব্যবস্থা করেননি এবং জনসাধারণের অভিযোগেরও প্রতিকার করা হয়নি।

Shri Haridas Chakravarty:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মুখ্যমন্ত্রী মহাশয় যে বরাদ্দ উপস্থিত করেছেন সে সম্পর্কে আমি আমার বিশেষ বক্তব্য বলার আগে শুধুমাত্র যে দৃষ্টিভঙ্গী নিয়ে এই বরাদ্দের দাবি উত্থাপন করা হয়েছে সে সম্পর্কে একটা কথা বলব। আমরা দেখতে পাচ্ছি যে, শ্রমিক কল্যাণ, টি বি হাস-পাতাল, হেলথ সেন্টার ইত্যাদি বরাদ্দগুলিতে কম খরচ করার একটা প্রবণতা দেখা যাচ্ছে, অথচ টুরিজম্ খাতে গত বছরের তুলনায় ৩ গুণ বেশি এ বছর বরাদ্দ ধরা হয়েছে। একটা পরি-সংখ্যান আমি দিচ্ছি তাতে আমার বক্তব্য পরিষ্কার হবে। টুরিজমএ ১৯৬২-৬৩ সালের যে রিভাইজড বাজেট তাতে ২ লক্ষ ২৭ হাজার টাকা বরাদ্দ রাখা হয়েছিল। ১৯৬৩-৬৪ সালে এতে ৬ লক্ষ ৯৫ হাজার টাকা আমরা লক্ষ্য করছি অথচ পাশাপাশি আমরা দেখতে পাচ্ছি লেবার ওয়েলফেয়ার শ্রমিক কল্যাণের জন্য, যে শ্রমিকদের উৎপাদনের উপর প্রধানত পশ্চিমবঙ্গের অর্থনীতি নির্ভর করছে বলে আমাদের মুখ্যমন্ত্রী বলেন এবং আমরাও বলি, তাতে আমরা দেখতে পাচ্ছি ১৯৬২-৬৩ সালে ১২ লক্ষ ২৫ হাজার টাকা রাখা হয়েছিল, ১৯৬৩-৬৪ সালে সেটা ৭ লক্ষ ২৫ হাজার টাকায় এনে দাঁড় করান হয়েছে। কন্ট্রোল অফ ডিজিজ খাতে ১৯৬২-৬৩ সালে বাজেট এস্টিমেটএ ৫ লক্ষ ১৩ হাজার টাকা, রিভাইজড এস্টিমেটএ ৮ লক্ষ ৪০ হাজার টাকা ছিল, ১৯৬৩-৬৪ সালে সেটার জন্য ৫০ হাজার টাকা মাত্র ধরা হয়েছে। ১৯৬২-৬৩ সালে রুরাল হেলথ সেন্টারএর জন্য ১ লক্ষ টাকা ছিল রিভাইজড এস্টিমেটএ ১০ হাজার টাকা মাত্র ১৯৬৩-৬৪ সালে মাত্র ১০ হাজার টাকায় এনে দাঁড় করান হয়েছে। মুখ্যমন্ত্রী তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন এই বাজেট বরাদ্দ যা তিনি উপস্থাপিত করেছেন তার মধ্যে নাই এমন কিছুই নাই, জুতা সেলাই থেকে চণ্ডীপাঠ সবই আছে। আজকে এখানে দুর্গাপুর ইন্ডাস্ট্রিস সম্পর্কে খানিকক্ষণ আগে কংগ্রেসী সদস্য নেপালবাবু একটা তথ্যমূলক বক্তৃতা করেছেন। দুর্গাপুরের শ্রমিক ও কর্মচারী যাদের উপর প্রধানত সেই শিল্পের উন্নতি নির্ভর করছে এবং যে দুর্গাপুরের উপর পশ্চিমবঙ্গের অর্থনীতি বহুল পরিমাণে নির্ভর করছে, তাদের প্রতি চরম অবহেলা দেখান হচ্ছে। তারপর, সি এম পি ও সম্পর্কে ভূরি ভূরি গবেষণা করা হচ্ছে, কিন্তু তৎসত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি যে, কলকাতা শহরের সমস্যা সমাধানের জন্য আজ পর্যন্ত বাস্তবে তাঁরা কিছুই করতে পারেননি। সি এম পি ও সম্পর্কে বলতে গেলে প্রথমেই বলতে হয়, ১৯৬২-৬৩ সালে ২২ লক্ষ ৮৮ হাজার টাকা, ১৯৬৩-৬৪ সালে ২৫ লক্ষ ৩০ হাজার টাকা ধরা হয়েছে। সি এম পি ও সম্পর্কে বলতে গিয়ে প্রথমেই আমার একটা অভিজ্ঞতার কথা মনে হয়—মাননীয়

স্পীকার মহাশয়, আমি কয়েক বছর আগে ছাত্র সম্মেলনে যোগদানের জন্য লক্ষ্ণৌ শহরে গিয়েছিলাম, সেই সম্মেলনে কাজ করে ফেরার পথে লক্ষ্ণৌ শহরের একটা রাস্তার উপর আমি একটি অর্ধ উলঙ্গ ছেলেকে দেখলাম।

[2-10—2-20 p.m.]

সে একটা মরা গাছের ডাল এনে তাকে রাস্তার পাথর সরিয়ে কোনমতে সেই গাছের ডাল পুতে আটকে রেখে অনবরত জল ঢালছে। আমি তাকে জিজ্ঞাসা করলাম এটা তুমি কি করছ, এটা করে কি হবে? সে বলল কেন গাছ হবে, জল ঢালছি গাছ হবে। আমি বললাম গাছ হলে তাতে কি হবে? সে বলল গাছ হলে ফুল হবে। আমি বললাম ফুল হলে কি হবে? সে বলল সুন্দর হবে। সেই যে সুন্দরের উপাসক সেই বালক তার সৌন্দর্যের প্রতি একই আগ্রহ বা আন্তরিকতা একটুও অভাব ছিল না। কিন্তু সে হয়ত জানত না যে পদ্ধতিতে সে সৌন্দর্যের প্রতি আশা আকাঙ্ক্ষা করছে তাতে কোনদিনই তার জীবনে সুন্দরের উপাসনা করা যাবে না। আমাদের সি এম পি ও-এর অবস্থা ঠিক সেইরকম হয়েছে। মরা গাছ পুতে অনবরত জল ঢালছিল, কিন্তু সেই জল ঢালার জন্য সেই বালকের কোন খরচ হয় নি। কিন্তু সি এম পি ও-এর কাজের জন্য তারা যে জল ঢালছে সেই জল ঢালার মধ্যে দিয়ে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের একটা বিরাট অংশ জলের মত বেরিয়ে যাচ্ছে। সি এম পি ও সম্পর্কে একজন বিশেষজ্ঞ তিনি মাস্টার প্ল্যান সম্বন্ধে বলতে কি বোঝেন এবং তিনি কি ডেফিনিসন দিয়েছেন মাস্টার প্ল্যান সম্পর্কে সেটা আমি আপনার মাধ্যমে এই সভায় রাখতে চাই। তিনি বলেছেন

Master Plan is a picture in an outline form of the future community as this might be developed from the present one by seeing to it that every improvement undertaken makes its full contribution towards the improvement of the city.

এখানে প্রশ্ন হল যে সামগ্রিকভাবে কোলকাতা শহরের যদি উন্নতিসাধন করতে হয় এবং যার প্রধান উদ্দেশ্য হিসাবে আমরা বারবার শুনেছি যে তার কারণ এই সি এম পি ও-কে নিয়ে খবরের কাগজে একটা বিরাট প্রচার চলছে। এটাকে আমার আগের মাননীয় সদস্য তরুণবাবু বলেছেন যে এটা একটা পেনাসিয়া হবে। অর্থাৎ যে-কোন সমস্যার কথা যখন বলা হয় তখন বলা হয় যে সি এম পি ও হচ্ছে সব ঠিক হয়ে যাচ্ছে। অথচ সি এম পি ও আজ পর্যন্ত যোনিং—যেটা প্ল্যানিং-এর মূল কথা যে আমরা আগে একটা যোনিং করে নেব তা পর্যন্ত হয়নি। অর্থাৎ কোন যোন-এ কোন সেকসন অফ সোসাইটি, কোন সেকসন অফ পিপল আমরা রাখব সেসব আজ পর্যন্ত করেননি, অ্যাডমিনিস্ট্রেটিভ জোন, রেসিডেন্সিয়াল জোন, কমার্সিয়াল জোন কোনটা হবে সেসব তাঁরা আজ পর্যন্ত করেননি। তা না করার ফল কি হয়েছে? ডালহৌসী স্কোয়ার আমরা জানি কোলকাতা শহরের প্রধান সমস্যার মধ্যে একটা প্রধান সমস্যা। অর্থাৎ ডালহৌসী স্কোয়ারের উপর যে চাপ সেই চাপ দূর করা হল প্রধান সমস্যা। এই অ্যাডমিনিস্ট্রেটিভ এরিয়ার চাপ কমিয়ে দিয়ে কাজের সুবিধার জন্য ব্যবস্থা করা উচিত। কিন্তু সে সম্পর্কে কোন চিন্তা আজ পর্যন্ত হয়নি—যেহেতু এইরকম ধরনের কোন জোনাল ডিভিশন করা হল না সেহেতু এই সমস্যা থাকবে। এর ফলে আমরা দেখছি ঐ যে একটা রেলওয়ে বিল্ডিংস হচ্ছে—একটা ১৪ তলা বাড়ীর কাজ কিছুদিন হল শুরু হয়েছে—তাতে আরও ৫ হাজার লোকের চাপ ডালহৌসী স্কোয়ারে বাড়বে। পরবর্তী কালে এই প্ল্যানিং করে এই অ্যাডমিনিস্ট্রেটিভ এরিয়াতে আরও নূতন পুনর্বিন্যাস করা প্রয়োজন হয় তাহলে সেই ১৪ তলাকে ভেঙ্গে ফেলে নূতন কোনরকম রিএডজাস্টমেন্ট করা সম্ভবপর কিনা সেটা আপনার মাধ্যমে এই সভার সদস্যদের চিন্তা করতে অনুরোধ করছি। সি এম পি ও সম্পর্কে আর একটা কথা হল এর মধ্যে কনসালটেন্ট হিসাবে যারা আছেন তাঁদের কোন ক্যালিবার আছে বলে আমি মনে করি না। আজ পর্যন্ত তাঁরা শুধু গবেষণা করা ছাড়া শুধুমাত্র রিসার্চ ওয়ার্ক-এর একটা ট্রেন্ড নিয়ে আসা ছাড়া কিছুই করতে পারেননি এই সি এম পি ওতে। সি এম পি ও-র যিনি প্রধান কর্মকর্তা লেঃ জেঃ ডি এন চক্রবর্তী সম্বন্ধে আমি শুনেছি এরা অত্যন্ত দায়িত্ব নিয়ে একটা বলতে পারি যে ঐ একটিমাত্র ব্যক্তির উপর সি এম পি ও-র অর্গানাইজেশন-এর সমস্ত লোক নিয়োগের ভার তাঁর হাতে দেওয়া আছে। তিনি যাকে খুশী তাকে সেই সংস্থায় নিয়োজিত করতে পারেন এবং বেতনের কাঠামো

তিনি নিজে ঠিক করেন। এসব ব্যাপারে সিলেকশন বোর্ড-এর কাছে কোনরকম কিছু উপস্থিত করা প্রয়োজনবোধ করেন না। তিনি সেই কর্তৃত্ব এমনভাবে পালন করছেন যার ফলে সমস্ত সি এম পি ও সংস্থা এমন একটা অবস্থায় এসেছে যে সেখানে যেসমস্ত ইঞ্জিনীয়ার আছেন সেই সমস্ত ইঞ্জিনীয়ারদের কয়েকজনের সংগে কথা বলেছি তাঁরা বলেছেন যে আমরা ফাস্ট্রেটেড হয়ে গেছি, আমরা এটা ছেড়ে দিতে চাই, কারণ যে ধরনের কাজ এখানে চলছে তাতে সি এম পি ও দ্বারা বাস্তবে কোলকাতা শহরের সমস্যার সমাধান করা যাবে না। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে আজ পর্যন্ত সেখানে সোসিওলিস্ট কিছু নিয়োগ করা হয়েছে এবং তাঁদের উচ্চতর বেতন দেওয়া হচ্ছে। সেখানে ইকোনমিস্ট, সোসিওলজিস্ট নেওয়া হয়েছে, সার্ভে এনালিস্ট রিক্রুট করা হয়েছে, ডিমোগ্রাফার বহুসংখ্যক রিক্রুট করা হয়েছে, আরকিটেকচার রিক্রুট করা হয়েছে, এনথ্রোপোলজিস্ট রিক্রুট করা হয়েছে। সেখানে আর্কিটেক্টকে রিক্রুট করা হয়েছে অনেক কয়েকজনকে এবং এ্যানথপলজিস্ট বেশ কিছু সংখ্যক বেশি নিয়োগ করা হয়েছে এবং এই প্রত্যেকটি আমি যে ক্যাটাগরীতে যাদের নিয়োগ করা হয়েছে তাদের প্রচুর টাকা বেতন দেওয়া হচ্ছে। অথচ যাদের সি এম পি ও সংস্থার মধ্যে আপাতত কিছু করার আছে বলে এই সংস্থায় যারা কাজ করেন তারা অনেকে মনে করেন না। কারণ আমরাও বুঝি যে আর্কিটেক্ট হিসাবে যাদের নিয়োগ করা হবে তাদের কাজ হচ্ছে প্ল্যানিং করা যখন বাড়ী হবে সেখানে সেই বাড়ীকে ডেকরেট করা -তাকে এলিমিনেট করা এবং তার জন্য আর্কিটেক্ট প্রয়োজন হতে পারে। কিন্তু এনথ্রোপলজির কি প্রয়োজন আছে তা আমরা জানি না। আমরা শুনেছি সেখানে বিভিন্ন জায়গা থেকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের যারা জিওগ্রাফার আছেন বিভিন্ন জায়গায় তাদের একটা প্যানেল করা হয়েছে এবং একথাও শুনেছি যে তাদের উপর অনারেরিয়াম এবং তাদের নিয়ে এসে কোন একটা রিসার্চ ওয়ার্ক ছাড়া সেখানে বাস্তবে আর কোন কাজই করা হয় নি। সেখানে কাজ করলে পর এই প্ল্যানিং অরগানাইজেসনকে কলকাতা শহরের উন্নতি করার কাজে লাগানো যেতো- সেখানে এই সি এম পি ও-তে কাজ হয়নি এবং না হওয়ার কারণ আছে। যিনি এই সি এম পি ও-র প্রধান কর্তা তার সম্পর্কে আমি বলছি—তিনি হচ্ছেন এক্স-ডিরেক্টর এবং এই সংস্থার চীফ ইঞ্জিনীয়ার মিঃ পি সি বোস। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি যে এই পি সি বোস ভদ্রলোক তাঁর কি কোন টাউন প্ল্যানিং কোয়ালিফিকেসন আছে? তিনি আদারওয়াইজ হয়তো নিশ্চয়ই এফিসিয়েন্ট হতে পারেন কিন্তু যে সংস্থার মূল কাজ হচ্ছে শহর গড়া, এবং যার নাম হচ্ছে ক্যালকাটা মেট্রোপলিটন প্ল্যানিং অরগানাইজেসন তার তিনি চীফ হন কি করে? যিনি এই সংস্থার একজিকিউটিভ ডিরেক্টর হবেন, চীফ ইঞ্জিনীয়ার হবেন তাঁর নিশ্চয়ই টাউন প্ল্যানিং কোয়ালিফিকেসন থাকা চাই। কিন্তু আমি জানি যে সেই পি সি বোস ভদ্রলোক মহাশয় হয়ত নানা কারণে, নানাভাবে হয়ত প্রয়োজনীয় হতে পারেন কিন্তু টাউন প্ল্যানিং কোয়ালিফিকেসন নেই এবং তিনি থাকার ফলে কি উপকার হচ্ছে তার নজিরও পাচ্ছি। কিছুদিন আগে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি নিশ্চয়ই জানেন- অন্তত আমরা দেখেছি স্টেটসম্যান কাগজে—৫ শত টাকায় বাড়ী হবে বলে একটি বিজ্ঞাপন- সেই ৫ শত টাকার বাড়ীর অবস্থা কি? সেখানে যে এক একটি পরিবার থাকবার যে একটি পরিকল্পনা বেরিয়েছিল এবং এই পরিকল্পনা বের করার পেছনে যে উর্বর মস্তিষ্কে যে পরিকল্পনা বেরিয়েছিল তার মধ্যে এই পি সি বোস মহাশয় ছিলেন। এবং আর একজন সেই ফোর্ড ফাউন্ডেসনে ছিলেন - মিঃ হোয়াইটলেসী। এই দুজনের যুক্ত উর্বর মস্তিষ্ক থেকে এই পরিকল্পনা বেরিয়েছিল এবং সেই পরিকল্পনা কি হোল তা আমরা জানতে চাই—মন্ত্রিমহাশয় এর জবাব দেবেন—সেই ৫ শত টাকার পরিকল্পনা, সেই পরিকল্পনা কি হোল? এবং তার জন্য কত টাকা খরচ হয়েছে লেবার খরচ হয়েছে কত, কত কনসালটেসন এবং ইনারজী নষ্ট হয়েছে সেটা নিশ্চয়ই তিনি বলবেন। দ্বিতীয়তঃ কর্মচারী নিয়োগ করার ব্যাপারে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি। আমরা জানি সেখানে একজন টেকনিক্যাল পারসোন্যাল অফিসার ছিলেন তাঁর কোয়ালিফিকেসন হচ্ছে সেনিটারী ইঞ্জিনীয়ার—সেখানে সেনিটারী ইঞ্জিনীয়ার কোয়ালিফিকেসন নিয়ে তাঁকে কি করে স্ট্রাকচারাল ইঞ্জিনীয়ার হিসাবে এ্যাপয়েন্ট করা হোল এবং সেই ভদ্রলোকের নাম হচ্ছে রণেন ব্যানার্জি—মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই এ ব্যাপারে খোঁজ নেবেন—এই রণেন ব্যানার্জি মহাশয় যার স্যানিটারী ইঞ্জিনীয়ারিং কোয়ালিফিকেসন আছে তাঁকে কি করে স্ট্রাকচারাল ইঞ্জিনীয়ার চাকুরীতে নিয়োগ করা হোল এবং এই নিয়োগ

করার পেছনে অতীতে কি ইতিহাস আছে সেটা তিনি নিশ্চয়ই বলবেন। কেন না আমি শুনেছি যে তাঁকে স্ট্রাকচারাল ইঞ্জিনীয়ার হিসাবে এ্যাপয়েন্ট দেবার কথা ছিল। তার পর সেখানে তিনি চলে যান তাকে সরকারী বণ্টন দেবার প্রশ্ন উঠে—তিনি ফার্টিলাইজারেতে চলে যান—আবার সেখান থেকে তাকে ডেকে নিয়ে এসে এই স্ট্রাকচারাল ইঞ্জিনীয়ারের পদে নিয়োগ করা হয়েছে এবং এই নিয়োগ করার ফলে আর একজন লোককে সেখানে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া সত্ত্বেও তার সেই এ্যাপয়েন্টমেন্ট ক্যানসেল করা হয়েছে। এবং ক্যানসেল করার পরে তিনি সেখানে আর চাকরী করছেন না।

[2-20—2-30 p.m.]

এই ঘটনা আছে। এই সম্পর্কে মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের বলবেন। এই সি এম পি ও-এর কাজের নমুনা আরো একটু আছে। এর আগে একটা সংস্থা ছিল—মেট্রোপলিটান ওয়াটার সাপ্লাই অ্যান্ড ড্রেনেজ বোর্ড, সেই মেট্রোপলিটান ওয়াটার সাপ্লাই অ্যান্ড ড্রেনেজ বোর্ডে যাঁরা কাজ করেছিলেন, তার অল্প সংখ্যক কর্মচারী এবং এক্সপার্ট টেক্‌নিসিয়ান নিয়ে, টেকনিক্যাল পার্সনেল নিয়ে তাঁরা যে কাজ করেছিলেন, এই সি এম পি ও তার চেয়ে চতুর্গুণ লোকসংখ্যা নিয়ে এক্সপার্ট নিয়ে অটোগ্রাফার, ফিজিওলজিস্ট, ইকোনমিস্ট, এনথ্রোপোলজিস্ট ইত্যাদি নিয়ে তার ২০ পারসেন্ট কাজ তাঁরা আজ পর্যন্তও করতে পারেন নি। এই হচ্ছে ঘটনা, এই হচ্ছে ইতিহাস এখানে।

তারপর এই সোসিওলজিস্ট, ইকোনমিস্ট, জিওগ্রাফার—যাঁদের কথা বললাম, তার অফিসের জন্য লাউডন স্ট্রীটে একটা বাড়ী নেওয়া হয়েছে, তার মাসিক ভাড়া প্রায় ৯ হাজার টাকা। তাঁরা কি করছেন তা আমি জানি না। তাদের এই কাজের মূল্য কি আছে তাও আমি জানি না। তাদের এই কাজের সঙ্গে কলকাতা শহরের সম্প্রসারণ এবং উন্নতি—তার সঙ্গে কি সম্পর্ক আছে তা জানি না। অথচ ৯ হাজার টাকা মাসিক ভাড়া দিয়ে তাদের জন্য লাউডন স্ট্রীটে কেন বাড়ী নেওয়া হয়েছে—তা আমরা বুঝতে পারছি না। এই সমস্ত অবস্থা দেখে আমার মনে হচ্ছে যে কলকাতার এই মেট্রোপলিটান প্ল্যানিং অর্গানাইজেসন সংস্থাটা এটার মধ্যে এমন একটা ভাব চলছে যে "এলোমেলো করে দেমা, লুটে পুটে খাই"। কেমন করে সম্ভব? এ একটা সংস্থার টাকা পশ্চিমবঙ্গ সরকারের কোষাগার থেকে মুখ্যমন্ত্রী চাইছেন এবং আমরা তা ব্যবস্থা করে দেব। আর সেই টাকাগুলো এমনভাবে খরচ হবে, এমন কিছু লোক—কেউ হয়ত রিসার্চ করে ডক্টরেটের জন্য, কেউ তার ভবিষ্যৎ উন্নতির জন্য, এই করে টাকাগুলো তাঁরা খরচ করবেন এবং এইভাবে যদি চলতে থাকে, নিশ্চয়ই আমরা এই কারণে, মুখ্যমন্ত্রী বলেছিলেন বিরোধিতা না করেই আমরা যেন টাকাগুলো পাস করে দিতে পারি। এই যে কারণগুলি আমি বললাম এই সম্পর্কে তিনি যদি আমাদের জবাব দিয়ে সন্তুষ্ট করতে পারেন, নিশ্চয়ই এই সম্পর্কে আমাদের বিতর্ক করবার আর বেশি কিছু থাকবে না। এই চন্ডীপাঠের কথা আমি এখানেই শেষ করছি। তারা শুধু চন্ডীপাঠ করে গেছেন। আমি দুর্গাপুর ইন্ডাস্ট্রিজ সম্পর্কে বলছি। এই দুর্গাপুর ইন্ডাস্ট্রীজ সম্পর্কে বলার আগে স্বভাবতঃ নেপালবাবু যে তথ্য ও ঘটনা এখানে রেখেছেন, সেই সম্পর্কে নিশ্চয়ই সরকার এনকোয়ারী করবেন বলে আমি মনে করছি এবং তার সঙ্গে আমি শুধু সামান্য কয়েকটা কথা এর মধ্যে যোগ করছি। এর আগে বাজেট বক্তৃতার সময় দুর্গাপুর থেকে নির্বাচিত কংগ্রেসী সদস্য আনন্দগোপাল মুখোপাধ্যায় মহাশয় অত্যন্ত জোর গলায় এবং খুব বড় করে এই সভায় বলেছিলেন, দুর্গাপুরের একটা উজ্জ্বল চিত্র তিনি এঁকেছিলেন। দুর্গাপুরে দুর্নীতি নাই, সেখানে উৎপাদন বাড়ছে, সেখানে অদ্ভুত সুন্দরভাবে সমস্ত ঘটছে। এই তিনি বলেছেন। অথচ আজকে নেপালবাবু তাঁর সেই মাঠের স্বপ্নকে ধূলিস্যাৎ করে দিয়েছেন। বক্তৃতার সময় বলা হয় দুর্গাপুর হচ্ছে লোহা কংক্রীটের কবিতা। আমি জানি এই কবিতার মধ্যে বাংলাদেশের মানুষের অর্থনৈতিক ভিত্তিতে দুর্গাপুর এই অর্থে শিল্পনগরীর মধ্যে ছিল। কিন্তু ঐ কবিতার একটা কাহিনী আছে, সেই কাহিনীতে ট্রাজেডিও আছে, কমেডিও আছে। ট্রাজেডি হচ্ছে তাদের, যাদের ঐখান থেকে উৎখাৎ করা হয়েছে, যাদের জমি কেড়ে নেওয়া হয়েছে এবং জমি কেড়ে নিয়ে তার উপর ঐ শিল্পনগরী গড়ে উঠেছে তারা স্বপ্ন দেখেছিল, হাসিমুখে সরে গিয়েছিল, তাদের ঐ ঘরবাড়ীর উপর দিয়ে কলকারখানার ব্লু-প্রিন্টের

দাগ চলে গেছে; তারা সমস্ত কিছুকে নিজেদের বুকে রেখে ভেবেছিল—হয়ত বাংলাদেশের উন্নতি হবে, অর্থনৈতিক বিকাশ হবে, আমরা চাকরী পাব। কিন্তু তা তাঁরা পাননি। আর আমি এও বলবো যখন নেপালবাবুর ঐসমস্ত ঘটনা সম্বন্ধে আপনারা অনুসন্ধান করবেন, তখন তার জন্য একটা হাই পাওয়ার কমিটি আপনারা করুন। তার সঙ্গে এটাও রাখবেন এই কলকাতা শহরে শুধু জমি নিয়ে ফাটকাবাজি হয় না, দুর্গাপুরেও জমি নিয়ে ফাটকাবাজি হয়েছে। আমরা জানি গরীবের জমি কেড়ে নিয়ে কিছু লোক কিনে নিয়ে সরকারের কাছ থেকে কমপেনসেসন নিয়েছে। এটাও বলবো যখন আশেপাশের সমস্ত জমি সরকার অ্যাকোয়ার করেছিলেন, তখন ভিরিঙ্গী নামক গ্রামটা কেন অ্যাকোয়ার করা হল না? আনন্দবাবুর বাড়ী ভিরিঙ্গী গ্রামে বলেই কি সেটা অ্যাকোয়ার করা হল না? তাহলে কি বুঝবো ভিরিঙ্গী গ্রামের সঙ্গে চৌরঙ্গী ভবনের কোন যোগাযোগ আছে এবং সেই কারণেই সেটা বাদ গেল? এই সমস্ত প্রশ্নের জবাব নিশ্চয়ই দিতে হবে। আমরা সকলে জানি একদিকে ঐ সাধারণ মানুষ যাদের জমি জায়গা ভিটেমাটি সব গেছে, তারা চাকরী পায়নি স্থানীয়ভাবে সেখানকার লোকেরা। একদিকে যখন এই ঘটনা, অন্যদিকে আবার উল্লাস আছে, পানপাত্রের রঙ্গীন জলে উল্লাসের ছায়া পড়েছিল এও আমরা জানি। কিছু লোকের পারমিট হয়েছে, বাসের লাইসেন্স হয়েছে, কিছু লোক সিনেমার লাইসেন্স পেয়েছে, পেট্রলের পাম্পের পারমিট পেয়েছে। তাই হচ্ছে তাদের উজ্জ্বল চিত্র, আনন্দের ব্যাপার, সেটা তাদের আঁকতে হয়। কিন্তু সাধারণ মানুষের পরিশ্রমের ফলে, তাদের জায়গা-জমির উপর দুর্গাপুরের মত বিরাট শিল্পনগরী গড়ে উঠেছে, তাদের সম্পর্কে কোন চিন্তা, কোন কথা এই ডেভেলপমেন্ট-এর জন্য যে অর্থ বরাদ্দ করা হলো তার মধ্যে নেই।

The Hon'ble Saila Kumar Mukherjee: Mr. Speaker, Sir. So far as this Grant is concerned, the main question will be answered by the Hon'ble the Chief Minister. But as this Grant includes some items under Panchayet and as some members have confused them with Community Development—because the heads appear under the Community Development and Panchayat —I ought to clarify the matter.

The total provision for Panchayat under this head which the Hon'ble the Chief Minister moved is 10 lakhs for the Third Five-Year Plan and for the next year Rs. 27 lakhs 93 thousand as committed expenditure for the Panchayats which have already been established and which are regularly functioning under the West Bengal Panchayat Act. I may mention for the information of the honourable members that out of 38367 villages in West Bengal already 13 thousand villages have ben covered by regularly elected Panchayats under the West Bengal Panchayat Act. Gram Sabhas are functioning in 13 thousand villages and Anchal Panchayats are functioning in approximately one thousand centres. For running of the expenditure Government have provided the monthly paid grant of Rs. 27 lakhs 93 thousand. But the work will go on. As delimitation proceedings are going on election may be held as soon as we get a green signal from the Centre. So we have to make provision for 10 lakhs of rupees in this year's Budget. This is all that I can say about it.

So far as the Community Development is concerned, I will reply to that when I move my Grant on the 25th inst.

Some members have raised a question that there is a provision for nil amount as regards the Howrah Improvement Trust. Certainly it leads to some confusion. The reason for this is that the Development Department wanted this annual provision of 12 lakhs which appear in the budget under this head which should have been provided under the 20-crore provision for the Greater Calcutta Development Scheme of which the amount of Rs. 10 crores is to be contributed by the Centre and the other amount of Rs. 10 crores is to be contributed by the State. Now, for inclusion of any scheme in the budgetary provision sanction of the Centre, sanction of the Planning Commission is necessary. As the actual sanction of the scheme

by the Planning Commission had not yet arrived before the budget was prepared it could not be included. But I can assure the House—and the Development Department has assured it—that in any event this amount of 12 lakhs will be provided for the H.I.T. Even if the sanction comes it will be provided under this head and if the sanction does not come it will certainly be provided under the revised budget estimate so that members may not have any misapprehension about the fact that certainly the work of the Howrah Improvement Trust is going to be stopped.

With regard to the other questions, i.e., about the administrative questions of the Howrah Improvement Trust, I will reply when I move my Grant as the Minister-in-charge of Local Self-Government tomorrow.

The Hon'ble Khagendra Nath Das Gupta:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই উত্থাপিত দাবীর উপর বিতর্ককালে মাননীয় সদস্য অপূর্বলাল মজুমদার মহাশয় গৃহনির্মাণ সম্পর্কে কতকগুলি অংক উপস্থাপিত করেন, এই অংকগুলি তিনি কোথা থেকে পেয়েছেন জানি না; এগুলি সম্পূর্ণ ভুল। এ পর্যন্ত পশ্চিম-বাংলায় আমরা নানাপ্রকার গৃহনির্মাণ খাতে যেমন, সাবসিডাইজড ইন্ডাস্ট্রিয়াল হাউসিং, লো ইনকাম গ্রুপ হাউসিং, প্ল্যান্টেসন হাউসিং স্কীম—এই কয়েকটি খাতে প্রায় ২৫ হাজার বাড়ি মঞ্জুরী করেছিলাম মোট ১৬ কোটি ৭১ লক্ষ টাকা ব্যয়ে। এর ভিতর ইতিমধ্যে আমরা সম্পূর্ণ করেছি ২০ হাজার ২৪৩টি বাড়ি এবং টেনামেন্ট, প্রায় ১১ কোটি টাকা ব্যয়ে। এর ভিতর সাবসিটাইজড ইন্ডাস্ট্রিয়াল হাউসিং-এর জন্য ১২ হাজার ২৩৬টি বাড়ি আমরা অনুমোদন করেছিলাম, তার মধ্যে সম্পূর্ণ হয়েছে ১১,০৬৮টি। লো ইনকাম গ্রুপ হাউসিং-এর জন্য ৭,০৪৩টি বাড়ি মঞ্জুরী করা হয়েছে, তার মধ্যে সম্পূর্ণ হয়েছে ৪,০৪৩টি বাড়ি।

[2-30—2-40 p.m.]

প্ল্যান্টেশন লেবারের জন্য ৫৮৫টি বাড়ি মঞ্জুর করা হয়েছে, তার মধ্যে ৪৪১টি বাড়ি সম্পূর্ণ হয়েছে। স্লাম ক্লিয়ারেন্সে ৪,৩৯০টি বাড়ি মঞ্জুর করা হয়েছে, তার মধ্যে ২,৭২০টি বাড়ি সম্পূর্ণ হয়েছে। মিডিল ইনকাম গ্রুপের জন্য ৭৩২টি বাড়ি মঞ্জুর করা হয়েছে এবং তার মধ্যে ৬৮৩টি বাড়ি সম্পূর্ণ হয়েছে। রেন্টাল হাউসিং-এ ১,৬১৯টি বাড়ি মঞ্জুর করা হয়েছে তার মধ্যে ১,৪০১টি বাড়ি সম্পূর্ণ হয়েছে। আমাদের সাবসিডাইসড ইন্ডাস্ট্রিয়াল হাউসিং সম্পর্কে অনেক কথা এখানে আলোচনা হয়েছে। সাবসিডাইসড ইন্ডাস্ট্রিয়াল হাউসিং-এ আমরা মোটেই এগুতে পারছি না, থার্ড প্ল্যানে ৭,৫০০টি বাড়ি নির্মাণের পরিকল্পনা ছিল, এই পরিকল্পনার ভিতর আমরা অত্যন্ত সামান্যই করেছি, কিন্তু একথা সত্য নয়। গত দুই বৎসরের মধ্যে, এই বৎসরও ধরছি, কারণ এ বৎসর প্রায় শেষ হয়ে এলো, আমরা ২,৬৫৭টি বাড়ি নির্মাণ সম্পন্ন করেছি, আর ১,৫১৭টি বাড়ি আন্ডার কনস্ট্রাকশন। মোট ৪,১৭৪টি বাড়ির হিসাব পাচ্ছি ৭,৫০০টির ভিতরে। এই অগ্রগতি মোটেই অসন্তোষজনক বলে মনে করি না। আরো তিন বৎসর আমাদের সামনে আছে। লো ইনকাম গ্রুপ হাউসিং-এ আমাদের টারগেট হচ্ছে ৩ কোটি ৩০ লক্ষ টাকা ধরা আছে। এই লো ইনকাম গ্রুপে আমরা এখন পর্যন্ত বাড়ি তৈরি করেছি ১,২৭৬টি, এবং আমাদের প্রায় ৪৭০টি বাড়ি তৈরীর কাজ চলছে। আরো ৮৩৬টি বাড়ির ১৯৬৩-৬৪ সালে কাজ চলবে। এই লো ইন-কাম গ্রুপের অধিকাংশ অর্থ আমরা জনসাধারণকে ঋণস্বরূপ দিয়ে থাকি, ইন্ডিভিজুয়্যালকে আমরা লোন দিই। যে টাকা আমাদের তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ধরা আছে, সে টাকার প্রায় অধিকাংশ জনসাধারণের মধ্যে ঋণ হিসাবে স্যাংশন দিয়েছি, খুব অল্প অর্থই আমাদের হাতে আছে। প্ল্যান্টেশন লেবার হাউসিং-এর যে অর্থ আছে সেই অর্থ আমরা যেসমস্ত টি কোম্পানী আছে তাদের দানস্বরূপ দিয়ে থাকি। টি কোম্পানীগুলি প্রথম প্রথম এই ঋণের জন্য আবেদন করতে পারে নি, কারণ তা করতে হলে তাদের জমি বন্ধক দিতে হয়। যেসব জমির উপর লেবার-দের জন্য হাউস করবে, সেই জমি বন্ধক দেবার কতকগুলি বাধা ছিল, তার জন্য তারা মোটেই এগুতে পারে নি। দ্বিতীয় পঞ্চবার্ষিকের শেষে এই সম্পর্কে কিছু কাজ আরম্ভ হয়েছে। এর মধ্যে ৩৭৩টি বাড়ি করবার জন্য আমরা টাকা দিতে পেরেছি। প্ল্যান্টেশন লেবারারদের জন্য আমরা নিজেরা বাড়ি তৈরি করি না। স্লাম ক্লিয়ারেন্সের জন্য আমাদের থার্ড প্ল্যানে ৬ হাজার টেনামেন্ট

তৈরি করার কথা আছে, তার মধ্যে ১,৯২০টি বাড়ি ইতিমধ্যেই শেষ হয়েছে, আরো আমাদের ২,৯০২টি বাড়ির স্যাংশন আছে, কোন্‌ট্রার কাজ চলছে, কোন্‌ট্রার কাজ আরম্ভ হচ্ছে। স্লাম ক্লিয়ারেন্সে অবশ্য আমাদের অভাব অনেক এ বিষয় সন্দেহ নেই, স্লাম ক্লিয়ারেন্সে আমাদের সামনে বাধা বিস্তর। স্লাম ক্লিয়ারেন্সে সরকারের নীতি হচ্ছে ভারত সরকার যে নীতি নির্ধারণ করে দিয়েছে তাতে ৬,৬০০ টাকা প্রতি টেনামেন্টের জন্য নির্মাণ খরচ ধরা হয়েছে। ৬,৬০০ টাকার ভিতর ভারত সরকার দেবে শতকরা ৩৭॥· টাকা দানস্বরূপ, শতকরা ৩৭॥০ টাকা ঋণস্বরূপ, আর পশ্চিমবঙ্গ সরকার দেবে শতকরা ২৫ টাকা দানস্বরূপ। কিন্তু ৬,৬০০ টাকায় কলকাতা শহরে কোন টেনামেন্ট নির্মাণ সম্ভব হতে পারে না। আমরা অনেক করে দেখেছি ৮ হাজার টাকার কমে জমিসুদ্ধ টেনামেন্ট নির্মাণ সম্ভব হয়ে উঠে না। এর ভিতর ৩ হাজার টাকা জমির দর, ৫ হাজার টাকার ভিতর টেনামেন্ট নির্মাণ, তার জলের ব্যবস্থা, তার আলো, তার অন্যান্য সোসিয়াল সার্ভিসেস, সুয়ারেজ ইত্যাদি নিয়ে ৫ হাজার টাকার কমে একটা টেনমেন্ট হতে পারে না। ৮ হাজার টাকার ভিতর ভারত সরকার দেবেন ৬ হাজার ৬০০ টাকা ৩৭½ শতাংশ ঋণ এবং ৩৭½ শতাংশ দান, আর পশ্চিমবঙ্গ সরকার যদি ২৫ শতাংশ দেন, তা হলেও আমাদের অনেক টাকা প্লাস ১,৪০০ টাকা ডেফিজিট পড়ে যায়। এই ১,৪০০ টাকা পশ্চিমবঙ্গ সরকারের দান হিসাবে দিতে হবে, ২৫ শতাংশ দেওয়ার পরেও, আর একদিকে ৬,৬০০ টাকা দিয়ে ভারত সরকার প্রতি টেনেমেন্ট-এর ভাড়া ঠিক করে দিয়েছেন ২২½ টাকা। ২২½ টাকার বাড়ির অধিকাংশ অধিবাসী ভাড়া দিতে প্রস্তুত নন, সেখানে যদি ১৫ টাকা ভাড়া আমাদের ধরতে হয়, তা হলে পশ্চিমবঙ্গ সরকারের দেওয়ার মাত্রা আরও অনেক বেড়ে যাবে। এইজাতীয় বাধা-বিপত্তি স্লাম ক্লিয়ারেন্স-এর ব্যাপার উপস্থিত হওয়ায় এদিকে কাজ দ্রুত অগ্রসর হচ্ছে না। আর একটা বাধা ছিল জমি। কলকাতা সহর ভারতবর্ষের মধ্যে অধিক ঘনবসতিপূর্ণ সহর। এখানে স্লাম ক্লিয়ারেন্স-এর জন্য জমি সংগ্রহ করা প্রায় অসাধ্য হয়ে উঠেছিল, তা সত্ত্বেও আমরা প্রায় ৫৮৫ একর জমি কলকাতার উপকণ্ঠে ব্যবস্থা করেছি আমাদের হাউসিং পরিকল্পনা সম্পূর্ণ করার জন্য। এই জমিগুলির জন্য আমরা ল্যান্ড অ্যাকুইজিসন প্রসিডিংস ড্র করেছি। এই জমি পেলে আমাদের গৃহনির্মাণ পরিকল্পনা এগিয়ে যেতে পারত। ইতিমধ্যে এমারজেন্সী ডিক্লেয়ার্ড হতে আমাদের অগ্রগতি কিছুটা ব্যাহত হয়েছে। যদি জরুরী অবস্থার অবসান হয়, আমরা নিশ্চয়ই এগিয়ে যেতে পারব এই আশা করি। আর একটা কথা, মাননীয় সদস্যরা তুলেছেন, বেহালায় আমরা ৪৮টি বাড়ি নির্মাণ করেছি অথচ ভাড়া দিচ্ছি না। সেখানে ৪৮টি যে কোয়ার্টার তৈরি করেছি তা ভাড়া না দেবার কারণ সেখানে বিদ্যুৎ এবং জল সরবরাহের ব্যবস্থা সম্পূর্ণ করা যায় নি। বিদ্যুৎ কোম্পানী দেবে—জল মিউনিসিপ্যালিটি দেবে, তা হলে হতে পারত। ইতিমধ্যে আমরা বিদ্যুৎ এবং জলের ব্যবস্থা করেছি এবং ৪৮টি বাড়িতেই দেওয়া হচ্ছে।

[2-40—2-50 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

অধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই দাবি উপস্থিত করবার সময় অনুরোধ জানিয়েছিলাম যে, বেশি বিতর্ক না করে এই দাবি গ্রহণ করে নেওয়া হোক। এতক্ষণ ধরে এখানে যে বিতর্ক শুনলাম তা প্রায় এই ধরনেরই হয়েছে, অর্থাৎ কেউ এমন কিছু কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম করতে পারেন নি এবং পারেন নি বলেই অনেকে কাদা ছিটাবার চেষ্টা করেছেন। অধ্যক্ষ মহাশয়, কাদা ছিটাতে গেলে একটু-আধটু গায়ে লাগবে এই বিষয়ে সন্দেহ নাই। একজন কমিউনিস্ট সদস্য খুব আস্ফালন করে বক্তৃতা দিয়েছেন তাঁর বক্তৃতার সারমর্ম আমি যা বুঝলাম—আপনিও বোধ হয় তাই বুঝেছেন, সেটা হচ্ছে, আমাদের দেশের লোকের উপর তাঁদের তত বিশ্বাস নেই, তা থাকতেও পারে না, কারণ, কমিউনিস্টদের মধ্যে, বিশেষ করে, আমাদের পশ্চিমবাংলায় দুটি দল আছে, এক দল তাকিয়ে আছেন সোভিয়েট রাশিয়ার দিকে, আরেক দল তাকিয়ে আছেন চীনের দিকে—এঁদেরই সংখ্যা বেশি। কাজে কাজেই আমাদের দেশের ঐতিহ্যের উপর তাঁদের আস্থা নাই, আমাদের দেশের লোকের উপর তাঁদের আস্থা নাই। তিনি ৯ কোটি টাকার পোল আমরা করতে পারব বলে সন্দেহ প্রকাশ করেছেন। আমি পূর্তমন্ত্রীকে জিজ্ঞাসা করছিলাম, আপনি এপর্যন্ত কত টাকার পোল করেছেন, তিনি বল্লেন, এক রূপনারায়ণ পোল করার জন্যই ১ কোটি টাকার উপর খরচ হবে। আমি ভাবছিলাম এই উত্তরে হয়তো কমিউনিস্টপক্ষের সদস্য মহাশয় সন্তুষ্ট হবেন না। আমি একটা জিনিস দেখছিলাম, প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা মোট খরচ করেছি প্রায়

৬৭ কোটি টাকা, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা খরচ করেছি প্রায় ১৫০ কোটি টাকা, আর তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা খরচ করতে চলেছি ২৯৩ কোটি টাকা। গত বছর আমরা যত টাকা বরাদ্দ করেছিলাম ডেভেলপমেন্ট খাতে এবছর তার তুলনায় ঢের বেশি, প্রায় ৬৪ কোটি টাকা ব্যয় করতে পারব। কাজেকাজেই কিছু বলবার ছিল না বলেই আমাদের ঐ কমিউনিস্ট বন্ধু আবোলতাবোল কথা বলেছেন। তিনি দুঃখ করে বলেছিলেন যে বড্ড কম টাকা হেলথ সেন্টার-এর জন্য রাখা হয়েছে, যক্ষ্মারোগে সকলে মরে যাবে। তিনি সবকিছু উল্টেপাল্টে দেখেন নি—এ পর্যন্ত অবশ্য একটা দাবি উপস্থাপিত করা হয় নি, ২০ নং দাবি যখন উপস্থাপিত করা হবে, তাতে তিনি দেখতে পাবেন রুর‍্যাল হেলথ সেন্টার-এর জন্য গতবছর যেখানে ১০ লক্ষ টাকা ছিল, কারেন্ট ইয়ারে ১৯৬৩-৬৪ সালে ১৫ লক্ষ টাকা রাখা হয়েছে। এক্সপেন্সন অফ টি বি হসপিটাল-এর জন্য গত বছর ৪ লক্ষ ৮০ হাজার রিভাইজড-এ ছিল,, এবছর ৩ লক্ষ টাকা রাখা হয়েছে। কিন্তু ডিগ্রি টি বি স্যানাটোরিয়াম এবং কাঁচরাপাড়া হাসপাতালের জন্য গত বছর ধার্য ছিল ২২ লক্ষ টাকা, ১৯৬৩-৬৪ সালে ধার্য করা হয়েছে ২৩ লক্ষ টাকা। তারপর রুর‍্যাল ডিসপেন্সারী, হেলথ সেন্টার ইত্যাদিতে গত বছর ছিল ৮৪ লক্ষ টাকা, আগামী বছর ৪২ লক্ষ টাকা ধরা হয়েছে। আর, এন্সিলিয়ারী যেসমস্ত গভর্নমেন্ট সেন্টার আছে, তার জন্য গতবার ছিল ২৯ লক্ষ টাকা, এ বছর ২৮ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। কাজেকাজেই টি বি রোগে সব মানুষ মরে যাবে না। বাজেট কিভাবে দেখতে হয়, পড়তে হয়, বুঝতে হয়, তা না জানার জন্যই তিনি এইসমস্ত আবোলতাবোল কথা বলেছেন। আমাদের একজন মাননীয় বন্ধু টুরিজম-এর উপর খুবই ক্ষিপ্ত। এই এমারজেন্সী অবস্থায় ৬ লক্ষ টাকা খরচ করে ফেললেন টুরিজম-এর জন্য--ভীষণ ব্যাপার, এ টাকা খরচ করা উচিত নয়। আমরা মনে করি টুরিজম-এর জন্য আমরা যা-কিছু ধার্য করছি তার থেকে সুদে-আসলে ডিভিডেন্ড পাব। এটা লোকসানের ব্যাপার নয়, এতে লাভই হচ্ছে। বিশেষ করে এর থেকে আমরা বিদেশী মুদ্রার্জন করছি। কাজে কাজেই আমরা মনে করি ৬ লক্ষ টাকার জায়গায় যদি ১৫ লক্ষ টাকা আমরা দিতে পারতাম তা হলে আরো ভালো হত। আমাদের পক্ষের বন্ধু নেপাল রায় মহাশয়, কি কারণে জানি না, তিনি বিশেষ করে কাদা ছিটাবার চেষ্টা করেছেন, এবং তিনি মনে করছেন এমনকিছু একটা ঘটনা ঘটেছে- কি কারণে তিনি মনে করছেন আমি জানি না, ৫২ পাতার, না ৪২ পাতার, না কি ১০০ পাতার নথিপত্র তাঁর কাছে আছে।

তিনি না কি টেবিলে রেখেছেন। অবশ্য তাতে আমাদের কিছু ভয় হচ্ছে না, শঙ্কাও মনে জাগছে না। তবে যেসমস্ত কথা তিনি উত্থাপন করেছেন, তার মধ্যে অর্ধ সত্য বেশী এবং আপনি জানেন যে মিথ্যার চেয়ে অর্ধ সত্য অনেক সময় ভয়ঙ্কর। কাজেই তাঁর কথার যদি একদম জবাব আমি না দিই, সেটা ভাল নয়, কিছু জবাব দিতেই হবে। একটা অভিযোগ তিনি করেছেন যে, আমাদের এখানকার এবং আমাদের পক্ষের একজন মাননীয় সদস্যের কোন একটা কোম্পানী বা ফার্ম-এর সঙ্গে সম্পর্ক আছে এবং সেই সম্পর্কের দরুন পরোক্ষভাবে তিনি তাঁর প্রতি কটাক্ষ করেছেন। কোন মাননীয় সদস্য কার সঙ্গে বৈবাহিক সূত্রে আবদ্ধ সে সংবাদে প্রয়োজন নেই। মূল যে কথাগুলি নেপালবাবু এখানে অভিযোগ করেছেন, তার নিশ্চয় জবাব দেওয়া উচিত। আমাদের কোক ওভেন প্ল্যান্ট, পাওয়ার প্ল্যান্ট, কয়লা কেনার ব্যাপারে, কোক বিক্রি করার ব্যাপারে, গ্যাসগ্রিডের ব্যাপারে এবং আমাদের কোলকাতার গ্যাস পাওয়ার সম্বন্ধে তিনি নানারকম কথা বলেছেন। এ সম্বন্ধে আগেও খোঁজ নিয়েছি। আজ যেসমস্ত অভিযোগ তিনি এখানে উত্থাপন করেছেন সে অভিযোগ সম্বন্ধে আমাকে পূর্বে কেউ কেউ বলেছিলেন, লিখেও জানিয়েছিলেন। আমি সমস্তগুলো সম্বন্ধে অনুসন্ধান করেছি এবং অনুসন্ধানের ফলে আমি এক কথা বলতে পারি যে সবগুলি অসত্য। এখানে আমি একটা একটা করে জবাব দেব। নেপালবাবু একটা অভিযোগ করেছেন যে, কয়লা কেনার ব্যাপারে হয়ত পক্ষপাতিত্ব আছে, হয়ত সেরকম বিধিপূর্বক কেনা হয় না, হয়ত নিয়মমাফিক টেন্ডার আহ্বান করা হয় না। আমি খুব ভালভাবে অনুসন্ধান করে দেখেছি যে, আমাদের এখানে ২টা কয়লা খনির মালিকদের অরগানাইজেশান আছে—একটার নাম ইন্ডিয়ান মাইনিং অ্যাসোসিয়েসন, আর একটা ইন্ডিয়ান মাইনিং ফেডারেশন। আমাদের যত কয়লাখনির মালিক আছে, তাদের কেউ না কেউ এই দুটো অ্যাসোসিয়েসনের সদস্য। আমাদের যখন কয়লার প্রয়োজন হয় তখন এই দুটো অ্যাসোসিয়েশন-এর কাছে আমরা পাঠাই যে আমরা

এইরকম কয়লা চাই যে তার অ্যাস কনটেন্ট হবে এত, তার ময়েশ্চার কনটেন্ট হবে এত, তার ভোলাটাইলিটি হবে এত, এইসবের মিনিমাম আমরা বলে দিই যে কতটা ভঙ্গুর হবে। অর্থাৎ এইসব যা দরকার আমাদের কাজের জন্য সেসব ফিরিস্তি তাদের কাছে পাঠিয়ে আমরা বলে দিই যে তোমরা টেন্ডার দাও, সেই টেন্ডার দেবার পর তাঁরা বিবেচনা করেন। ফুয়েল রিসার্চ ইন্সটিটিউট-এর কাছে তারা কয়লার নমুনা পাঠায়, এইসবগুলি দেখবার জন্য যে কত অ্যাস কনটেন্ট আছে, কত ময়েশ্চার কনটেন্ট আছে, তার ভোলাটাইলিটি কিরকম ইত্যাদি। ফুয়েল রিসার্চ ইন্সটিটিউট, তারপর এনালিসিস করে টেস্ট করে তারা বলে দেয় যে এইরকম আছে। সেগুলো আমাদের দুর্গাপুর ইন্ডাস্ট্রিজ-এর কাজে আসবার আগে একটা টেকনিক্যাল কমিটির কাছে যায়। টেকনিক্যাল কমিটি আবার সেগুলো বিচার করে দেখে, তারপর বোর্ডের কাছে পাঠান, এবং বোর্ড তারপর নিয়োগ করেন। যতগুলো নিয়োগ করা হয়েছে তার মধ্যে কোন পক্ষপাতিত্ব নেই, এটা আমি জোর করে বলতে পারি। তাঁরা যে মাল দেন সেটা খুব ভাল দেন। আর একটা কথা নেপালবাবু বলেছেন যে একটা বিশেষ কোন বাঙালী কোম্পানীর প্রতি আমরা নাকি পক্ষপাতিত্ব দেখাই, এবং কি করি, না তাদের ধারে আমরা মাল দিই।

[2-50—3 p.m.]

অর্থ তাদের আমরা অনেক সময় দিই তাদের দেনা পরিশোধ করবার জন্য এটা সত্য নয়। আমাদের নিয়ম হচ্ছে দুই মাসের গ্যারান্টি দিতে হবে—দুই মাসের মধ্যে তারা টাকা শোধ করবে যে কোম্পানী ডিস্ট্রিবিউটার এবং আমাদের কোল সাপ্লায়ার তাদের আমরা দেড় মাস করেছি, কোন অন্যায় করে নয়, কোন পক্ষপাতিত্ব করে নয় - কেন দিয়েছি? কারণ, এরা যখন আমাদের কয়লা দেয় সঙ্গে সঙ্গে আমরা তাদের নগদ টাকা দিতে পারি না। আমাদের টাকা পড়ে থাকে। আমাদের নগদ অনেক টাকা পড়ে থাকে তাই আমরা অনুরোধ করেছি পক্ষপাতিত্ব করে নয় এবং তাই আমরা দেড় মাসের বন্ডের গ্যারান্টি নিয়েছি দুই মাসের বদলে। কাজেই সেখানে আমরা কোন পক্ষপাতিত্ব বা অন্যায় করি নি এবং কোন অবৈধ কাজই করি নি। আর একটা কথা বলে আমাদের নেপালবাবু আমার খুব মন খারাপ করে দিয়েছেন। তিনি বল্লেন হিন্দুস্থান সিপ ইয়ার্ড কয়লা চেয়েছিল, কয়লা দেয় নি—এরা দেশদ্রোহী লোক, এদের অ্যারেস্ট করা উচিত, এরা খারাপ লোক, এরা ওয়ার এফর্ট ব্যাহত করছে। নেপালবাবু যা বল্লেন এটা তাঁর যদি সত্য হয়, তা হলে নিশ্চয়ই অ্যারেস্ট করা উচিত। অনুসন্ধান করে দেখলাম তাদের একটি ওয়াগন মাল এলট করা হয়েছিল। কিন্তু তার বেশী মাল যে-কোন কারণেই হোক, ওয়াগনের অভাবেই হোক, তারা দিতে পারে নি। কাজেই অ্যারেস্ট করার কোন প্রয়োজন নেই, এবং ওয়ার এফর্টকে কোন বাধা দেয় নি। এমন কিছু কান্ড হয় নি, যাতে নেপালবাবুর ক্ষোভ বা দুঃখ হতে পারে। আমি নেপালবাবুকে ভবিষ্যতে যখন তিনি এইরকম অভিযোগ আনবেন, বিশেষ করে এমন লোকের বিরুদ্ধে এমন সমস্ত উচ্চ কর্মচারীদের বিরুদ্ধে যারা এখানে তাদের নিজেদের ডিফেন্ড করতে পারে না—তাদের বেলায় একটু সতর্ক হয়ে আনবেন। কারণ, আমরা দেখেছি এই হাউসে একবার নয়, বহুবার এরকম অভিযোগ এসেছে, এমন কি আমাদের নেপালবাবুর বিরুদ্ধে অভিযোগ এনেছে পরে আমরা প্রমাণ করে দিয়েছি যে এটা অসত্য। কাজেই আমি নেপালবাবুকে অনুরোধ করবো এইরকম অলীক অভিযোগ আনবার আগে আরও বেশী করে দেখা উচিত বা আমাদের কাছে আসা উচিত। আমাদের কাছে যদি নেপালবাবু আসতেন তা হলে আজকে ৫ মিনিটের মধ্যে যে কথা বলছি সেকথা ৫০ মিনিট সময় দিয়ে খাতাপত্র খুলে, যেসমস্ত কর্মচারীর বিরুদ্ধে তিনি বল্লেন তাদের ডেকে নিয়ে এসে তাকে প্রমাণ করে দিতাম, তাকে দেখিয়ে দিতে পারতাম এবং তা হলে তাকে উষ্মা প্রকাশ করতে হতো না। হাউসে উত্তর দেবার সময় নয়, তিনি যেসমস্ত অভিযোগের কথা বলেছেন, কে তাকে ব্রিফ করেছেন আমার জানা নেই, তিনি দুর্গাপুরের ইন্ডাস্ট্রিজ কার্যকলাপ সম্বন্ধে তার ভেতরকার ব্যাপার সম্বন্ধে তিনি ওয়াকিবহাল নয় নিশ্চয়ই, কেউ ব্রিফ করেছে, আমাদের দেশে এই রকম করা হয়। আমরা কোন বিক্রি করে দিই, আমাদের ২৫ হাজার টন কোক হয়, তার মধ্যে ৮ হাজার টন টাটা নিয়ে নেয়, আর আট হাজার টন গভর্নমেন্ট বা ইত্যাদি প্রতিষ্ঠান নিয়ে নেয়, আর বাকী রইলো ৮ হাজার টন। এই আট হাজার টন বিক্রি করার জন্য ১৮ জন লোককে নিয়োগ করেছি। আমাদের আগে ১৬ জন ছিল এখন আরও ২ জন লোককে নিয়োগ করেছি। তারা ভাল ব্যবসায়ী কিনা তার জন্য সেলট্যাক্স, ইনকাম ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট তাদের দেনাপাওনা

আছে কিনা, তাদের ব্যাঙ্ক ক্রেডিট আছে কিনা, এইসব বিচার করে আমরা নিয়োগ করে থাকি। এই নিয়োগের ব্যাপারে একজন কেউ করেন না, বোর্ড থেকে করা হয়। কারও উপর যদি পক্ষপাতিত্ব হয়ে থাকে, তা হলে সমস্ত বোর্ড পক্ষপাতিত্ব করেছেন, কেউ ব্যক্তিবিশেষ করেন নি। যে কয়েকটি ব্যাপারে এখানে তাড়াতাড়ি উত্তর দিলাম এবং যে কয়েকটি ব্যাপার নেপালবাবু উপস্থিত করেছিলেন দুর্গাপুর সম্বন্ধে, সেসমস্ত ব্যাপারগুলি আংশিক সত্য! পুরো নয়। তিনি নিশ্চয়ই কোন গুজব শুনেছেন। কিন্তু আসলে সত্য নয়। আমি এর জন্য খুব দুঃখ অনুভব করছি এবং নেপালবাবুকে বলছি যে ভবিষ্যতে এইরকম কোন অভিযোগ যদি তার কাছে আসে, তিনি আমাদের কাছে এলে আমরা নিশ্চয়ই আরও ভাল করে বোঝাতে পারব।

আমার এই ব্যয়বরাদ্দ সম্বন্ধে একজন মাননীয় সদস্য তিনি জুতো সেলাই থেকে চণ্ডীপাঠের কথা বলে গেছেন। কাকে জুতো বলবেন, কাকে চণ্ডী বলবেন, তিনি বোধ হয় কমিউনিস্ট, জানেন না। কাজেই চণ্ডীর সঙ্গে তার কোন সম্পর্ক নাই। জুতো কাকে বলবেন, চণ্ডী কাকে বলবেন, তাঁর গোলযোগ হয়ে গেছে। আমি তার জন্য তাঁকে ক্ষমা করছি। কমিউনিস্ট রাজত্বে, আমার যতটুকু জানা আছে, তাঁরা বোধ হয় ভগবান বিশ্বাস করেন না। এই চণ্ডীর উল্লেখ আমার মুখে সাজে, তাঁর চণ্ডী নিয়ে খেলা না করাই ভাল, এবং তিনি যেসমস্ত কথা তুলেছেন তার কোন উত্তর দিতে হবে বলে আমি মনে করি না। সমস্ত তাঁর অলীক কথা হয়েছে। কাজেই আজকের দাবীর সঙ্গে তার কোন সম্পর্ক নাই। মাননীয় শৈলকুমার মুখার্জী তার উত্তর দিয়েছেন, তিনি বলেছেন, যেসমস্ত কথা বাকি আছে, তা অন্য ব্যয়বরাদ্দ সম্পর্কে তিনি তার সঠিক জবাব বিশদভাবে পরে দেবেন।

কাজে কাজেই যত কাটমোসন আছে, আমি তার বিরোধিতা করছি এবং মূল দাবী সমর্থনের জন্য সকলকে অনুরোধ করছি।

Shri Nepal Chandra Roy:

আমি যা বলেছি, তা চীফ মিনিস্টারের হাতে দিয়েছি। উনি এ সম্বন্ধে এনকোয়ারী করবেন এবং যদি প্রমাণ হয়......................

Mr. Speaker:

মিঃ রায়, এর সঙ্গে তার কোন সম্বন্ধ নাই।

POINT OF PERSONAL EXPLANATION

The Hon'ble S. M. Fazlur Rahman:

On a point of personal explanation, Sir,

আমি যখন হাউসে অনুপস্থিত ছিলাম, তখন মাননীয় সদস্য স্বনামধন্য শ্রীদেবশরণ ঘোষ মহাশয় আমার বিরুদ্ধে একটা অভিযোগ এনেছেন। তিনি বলেছেন যে, আমি কোন্‌দিন নাকি কোন্‌ মাসের কোন্‌ তারিখে কয় নম্বর গাড়িতে আমি নিজে একটা গাড়িতে আর আমার জামাতা ও কন্যা অপর একটা গাড়িতে করে সেখান থেকে কলকাতা যাওয়া হচ্ছিল। মধ্যপথে কোন এক জায়গায়—কোনখানে, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সেই এক গাড়িতে দু-জন যাচ্ছেন দেখে—একটাতে আমি যাচ্ছি আর একটা গাড়িতে আমার জামাতা ও কন্যা যাচ্ছেন—,সেই গাড়ি থামান এবং চ্যালেঞ্জ করেন। সবচেয়ে দুঃখের বিষয় এই, এই যে শ্রীদেবশরণ ঘোষ মহাশয় এখানে নবাগত, সকলরকম শালীনতার ঊর্ধ্বে, তিনি একেবারে আমার কন্যার সম্বন্ধে অভিযোগ করেছেন, আমার কন্যা নাকি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে ধমকিয়েছেন, আপনি জানেন, আমি মিনিস্টারের কন্যা, এখানে কতদিন চাকরি করবেন—দেখে নেবো! এই কথা বলেছেন। শ্রীদেবশরণ ঘোষ মহাশয়কে আমি বিশেষভাবে জানি ও চিনি। তিনি এই যে অভিযোগ করেছেন তা সম্পূর্ণ কাল্পনিক, মিথ্যা এবং অহেতুক এবং বিদ্বেষ প্রসূত। বিদ্বেষ প্রসূত এইজন্য, তিনি যে অঞ্চলে কাজ করেন, সেই অঞ্চলে আমিও কাজ করি।

Dr. Kanai Lal Bhattacharyya:

উনি কি বক্তৃতা দিচ্ছেন?

Mr. Speaker:

উনি বক্তৃতা দেন নাই, উনি কোনটা অসত্য আছে সেইটুকু বলছেন। কোন্ স্টেটমেন্টটা তিনি ডিনাই করবেন সেটা আগেই বলেছেন। সেটা বলে তারপর কৈফিয়ৎ দিচ্ছেন।

The Hon'ble S. M. Fazlur Rahman:

আমি বক্তৃতা দিচ্ছি না, আমি এক্সপ্লানেশন দিচ্ছি, উনি যা বলেছেন, তা সম্পূর্ণ অসত্য। কোন্ সময়, কোন্ তারিখে ওখান থেকে আমার গাড়িতে কিংবা অন্য একটা সরকারী গাড়িতে আমার জামাতা ও কন্যা কোনদিন যান নাই। কোন কারণে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অহেতুক কোন কারণে বিনা কারণে চ্যালেঞ্জ করেছেন বা আমার কন্যা এইসব কথা বলেছেন—এটা আদৌ সত্য নয়। আমি দুঃখের সংগে বলছি তাঁর অনেক বয়স হয়েছে, সাবালক হলেও বুদ্ধিতে তিনি এখনো নাবালক এবং তার শালীনতার অভাব আছে।

[3—3-25 p.m.]

Shri Ananda Gopal Mukhopadhyay:

On a point of personal explanation, Sir,

আমি হাউসে ছিলাম না, এসে শুনলাম বিরোধীপক্ষের সদস্য শ্রীহরিদাস চক্রবর্তী মহাশয় আমার বিরুদ্ধে, আমার নামে কয়েকটি অভিযোগের কথা এখানে বলেছেন। আমি আপনার মাধ্যমে জানাতে চাই এই অভিযোগ সর্বৈব মিথ্যা। তাঁর যদি সাহস থাকে, তা হলে তিনি একটু লিখিত-ভাবে জানালে, আমি কোর্টে দেখতাম।

Dr. Kanai Lal Bhattacharyya:

মিঃ স্পীকার স্যার, উনি চ্যালেঞ্জ করলেন, ফর ডায়ার কন্সিকোয়েন্স, এটা ঠিক নয়। উনি বললেন এটা যদি বাইরে দিতেন, তা হলে দেখে নিতাম।

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় সদস্য ভট্টাচার্য মহাশয়ের কানটা দেখান দরকার হয়েছে।

[Noise and interruptions]

Mr. Speaker:

কানাইবাবু, আপনি একটু শুনে বলবেন।

I will be glad to help you.

Now, honourable members, regarding Grant No. 42, I put to vote all the cut motions excepting cut motions No. 3, 7 and 13 on which division has been claimed.

(The cut motions were then put and lost)

The motion of Shri Birendra Narayan Roy that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Gopal Banerjee that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Girija Mukherji that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Birendra Narayan Roy that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works" be reduced to Re. 1 was then put and a division taken with the following result:—

AYES—40

Abdul Bari Moktar, Shri
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Debi Prosad
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Chattoraj, Dr. Radhanath

Das, Shri Narayandas
Das, Shri Nikhil
Das, Shri Sambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Deb Saran
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Halder, Shri Hrishikesh
Hazra, Shri Monoranjan
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Mahata, Shri Padak
Majhi, Shri Kandru
Mandal, Shri Siddheswar
Mukhopadhyay, Shri Bhabani
Nawab Jani Meerja, Shri Syed
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Suchand

NOES—106

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Barman, Shri Shyama Prosad
Basu, Shri Abani Kumar
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Jagadish Chandra
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, The Hon'ble Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Shri Dinabandhu

Das, Dr. Kanai Lal
Das, Shri Mahatab Chand
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Ghosh, The Hon'ble Tarun Kanti
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Hansda. Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Jainal Abedin, Shri
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Mahatab, Shrimati Radharani
Maitra, Shri Anil
Maiti, The Hon'ble Abha
Maity, Shri Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ashutosh
Mandal, Shri Krishna Prasad
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shri Rajkrishna
Mondal, Shrimati Santilata
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Pal, Dr. Radha Krishna
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani

Ray, Dr. Anath Bandhu
Roy, Shri Bankim Chandra
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar

The Ayes being 40 and the Noes 106, the motion was lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works" be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

AYES—39

Abdul Bari Moktar, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Debi Prosad
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Narayandas
Das, Shri Nikhil
Das, Shri Sambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Deb Saran
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hazra, Shri Monoranjan
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra

Mahata, Shri Padak
Majhi, Shri Kandru
Mandal, Shri Siddheswar
Mukhopadhyay, Shri Bhabani
Nawab Jani Meerja, Shri Syed
Raha, Shri Sanat Kumar
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sen Gupta, Shri Tarun Kumar
Saren, Shri Suchand

NOES—105

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Barman, Shri Shyama Prosad
Basu, Shri Abani Kumar
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Jagadish Chandra
Bhattacharyya, The Hon'ble Syamadas
Biswas, Shri Manindra Bhusan
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, The Hon'ble Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Shri Dinabandhu
Das, Dr. Kanai Lal
Das, Shri Mahatab Chand
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Ghosh, The Hon'ble Tarun Kanti
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.

Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Jainal Abedin, Shri
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Mahatab, Shrimati Radharani
Maitra, Shri Anil
Maiti, The Hon'ble Abha
Maity, Shri Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ashutosh
Mandal, Shri Krishna Prasad
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shri Rajkrishna
Mondal, Shrimati Santilata
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Pal, Dr. Radha Krishna
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Ray, Dr. Anath Bandhu
Roy, Shri Bankim Chandra
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan

Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar

The Ayes being 39 and the Noes 105, the motion was lost.

The motion of Shri Tarun Kumar Sen Gupta that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works" be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

AYES—41

Abdul Bari Moktar, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Debi Prosad
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Narayandas
Das, Shri Nikhil
Das, Shri Sambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Deb Saran
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Halder, Shri Hrishikesh
Hazra, Shri Monoranjan
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Mahata, Shri Padak
Majhi, Shri Kandru
Mandal, Shri Siddheswar
Mukhopadhyay, Shri Bhabani
Nawab Jani Meerja, Shri Syed
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sen Gupta, Shri Tarun Kumar
Saren, Shri Suchand

NOES—105

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Barman, Shri Shyama Prosad
Basu, Shri Abani Kumar
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Jagadish Chandra
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, The Hon'ble Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Shri Dinabandhu
Das, Dr. Kanai Lal
Das, Shri Mahatab Chand
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Ghosh, The Hon'ble Tarun Kanti
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Jainal Abedin, Shri
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath

Mahatab, Shrimati Radharani
Maitra, Shri Anil
Maiti, The Hon'ble Abha
Maity, Shri Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ashutosh
Mandal, Shri Krishna Prasad
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shri Rajkrishna
Mondal, Shrimati Santilata
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Pal, Dr. Radha Krishna
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Ray, Dr. Anath Bandhu
Roy, Shri Bankim Chandra
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar

The Ayes being 41 and the Noes 105, the motion was lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of · 8,18,41,000 be granted for expenditure under Grant No. 42, Major ads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—pital Outlay on Other Works" was then put and agreed to.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After Adjournment]

[3-25—3-35 p.m.]

Shri Nepal Chandra Roy:

স্যার, এর আগে বক্তৃতায় এই হাউসের একজন মেম্বার বলেছিলেন, অনেকের সন্দেহ হয়েছে যে আমার বন্ধু শ্রীআনন্দগোপাল মুখার্জীর ব্যাপার—দুর্গাপুরের কথা শুনে স্বভাবতঃ তার কথা মনে হয়েছিল। আসলে শ্রীআনন্দগোপাল মুখার্জীর সংগে এর কোন সম্পর্ক নেই।

Dr. Kanai Lal Bhattacharjee:

আমরা জানি আনন্দগোপালবাবু নন।

Shri Kamal Guha:

এসব বীরভূমের বামাক্ষ্যাপার খেলা।

DEMAND FOR GRANT No. 13

Major Head: 21—Administration of Justice

The Hon'ble Iswar Das Jalan: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,00,43,000 be granted for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice". The estimate of expenditure is Rs. 1,00,43,000 voted and Rs. 33,91,000 charged. Total, Rs. 1,34,34,000.

It is not necessary for me at this stage to say something about it. I think the honourable members are fully aware of it. The time given is only an hour. I would like the honourable members to speak and then I will say what I have to say, in reply.

Mr. Speaker: Cut motions No. 8 and 19 item (1) are out of order. The rest are in order and taken as moved.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 1,00,43,000 for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" be reduced to Re. 1.

Shri Kandru Majhi: Sir, I beg to move that the demand of Rs. 1,00,43,000 for expenditure under Grant No. 13, Major Head: "21 Administration of Justice" be reduced to Re. 1.

Shri Tarun Kumar Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 1,00,43,000 for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 1,00,43,000 for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" be reduced by Rs. 100.

Shri Somnath Lahiri (on behalf of Shri Monoranjan Hazra): Sir, I beg to move that the demand of Rs. 1,00,43,000 for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" be reduced by Rs. 100.

Shri Gour Chandra Kundu: Sir, I beg to move that the demand of Rs. 1,00,43,000 for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 1,00,43,000 for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 1,00,43,000 for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" be reduced by Rs. 100.

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 1,00,43,000 for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the demand of Rs. 1,00,43,000 for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" be reduced by Rs. 100.

Shri Abdul Bari Moktar: Sir, I beg to move that the demand of Rs. 1,00,43,000 for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" be reduced by Rs. 100.

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 1,00,43,000 for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 1,00,43,000 for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 1,00,43,000 for expenditure under Grant No 13, Major Head: "21—Administration of Justice" be reduced by Rs. 100.

Shri Hemanta Kumar Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,00,43,000 for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" be reduced by Rs. 100.

Shri Syed Abul Mansur Habibullah:

माननीয় অধ্যক্ষ মহাশয়, আজকে যখন আমরা জুডিসিয়াল অ্যাডমিনিস্ট্রেসন-এর উপর আলোচনা আরম্ভ করেছি, তখন আজকে সংবাদপত্রে শ্রী জে পি মিত্রর কেস-এর যে রিপোর্ট বেরিয়েছে, তার একটা অংশ রেফার করছি—আমি কোন কমেন্ট করতে চাই না। জাস্টিস পি এন মুখার্জী তার জাজমেন্ট-এ বলেছেন—

"Delivering the judgment Mr. P. N. Mookerjee observed that if the Chief Justice of the Calcutta High Court was in a position of such utter subordination to the executive as was contended by the Advocate-General (appearing for the Chief Justice) and if the Judges of this Court were so much at the mercy of the executive that an executive fiat would be enough to retire them and terminate their tenure, it would mean an end of judicial independence in this country. Independence of the judiciary would then be a thing of the past and the cherished safeguards of the age so fondly enshrined in the Constitution in that behalf would become useless and would be reduced to mockery. I shudder to shink of such consequences."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলতে চাই যে, আজকে আমাদের দেশে জুডিসিয়াল অ্যাডমিনিস্ট্রেসন-এ সরকার যেভাবে প্রত্যক্ষভাবে হস্তক্ষেপ করছেন এবং সরকার দেশের বিচার-ব্যবস্থাকে একটা স্বাধীন প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলার যে সুযোগ স্বাধীনতার পর এসেছিল তাকে বিপথে চালিত করার চেষ্টা করছেন। এই জাজমেন্ট-এর মধ্যে সেই ইঙ্গিত রয়েছে এমন কি, যে কনস্টিটিউসন আমাদের কতকগুলি মৌলিক স্বাধীনতা দিয়েছেন, আজকে সেগুলিকে হরণ করবার জন্য অ্যামেন্ডমেন্ট আনা হচ্ছে, তার উল্লেখ এই জাজমেন্টে আছে। আমার মনে হয়, আজকে প্রাথমিক সূত্রপাত হিসাবে আমাদের কাছে এই জিনিসটা এসেছে, এটা একটা নির্দেশ একটা ইঙ্গিত, যা থেকে আমরা বুঝতে পারি যে, আমাদের দেশের বিচার-ব্যবস্থার উপরে নানা দিকে আক্রমণ আসছে তার স্বাধীনতা খর্ব করার জন্য।

The Hon'ble Iswar Das Jalan: Sir, I rise on a point of order. The honourable member is discussing a case which is sub judice. Only the rule has been issued; the case has not been decided.

Shri Syed Abul Mansur Habibullah:

আমি জাজমেন্ট-এর কথাই বলেছি—কোন মন্তব্য তার উপর করি নি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জাজমেন্ট-এর একটা অংশ মাত্র রেফার করেছি, এখন আমি সরকারী নীতি সম্পর্কে বলতে চাচ্ছি। অন্যান্য ক্ষেত্রেও কিভাবে আজকে এক্‌জিকিউটিভ স্ফিয়ার-এর দ্বারা দেশের বিচার-ব্যবস্থাকে লঙ্ঘন করা হচ্ছে, তার ভুরিভুরি উদাহরণ পাওয়া যাবে। প্রথমেই আমি এমন একটা জিনিসের কথা বলতে চাচ্ছি, যেমন ধরুন, সরকার নিজের থেকে একটা নীতির কথা বলেছেন যে, তাঁরা বিচারবিভাগ ও এক্‌জিকিউটিভ-এর সেপারেশন করবেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, কিছুদিন যাবত চেষ্টা হয়েছিল সেপারেটেড জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ করার, কিন্তু এখন দেখা যাচ্ছে, সরকারের সেই নীতিতে ঢিলা পড়েছে। জুডিসিয়াল ডিস্ট্রিক্ট জাজ-এর হাতে দেওয়ার নীতি এখন পিছিয়ে রাখা হয়েছে। অনেক জায়গার উদাহরণ আমি দিতে পারি, বছর খানেক ধরে বর্ধমান জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নাই, যার ফলে সিকিউরিটি প্রসিডিংস-এ অত্যন্ত বিলম্ব হচ্ছে। নদিয়ায় এরকম হচ্ছে, রানাঘাটে এইরকম হচ্ছে, চুঁচুড়ায় হচ্ছে এরকম, মুর্শিদাবাদে এরকম হচ্ছে। এভাবে আমরা দেখতে পাচ্ছি জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ করার যে কথাগুলি, সেই কথা রক্ষা করা হচ্ছে না। এবার আমি ক্রিমিন্যাল বিচারের দিকে যাব তার আগে অন্য একটা বিষয়ের আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের কংগ্রেস গভর্নমেন্ট এমন অনেক আইন পাস করছেন যার দ্বারা বিচারবিভাগের ক্ষমতা হরণ করা হচ্ছে। তাঁরা এমন কতগুলি অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুন্যাল করছেন, যাদের বিচারবিভাগ সম্বন্ধে কোন অভিজ্ঞতা নাই, এবং তাঁরাই প্রাথমিক রায় দিচ্ছেন, আবার সেই রায়কেও রদ করার জন্য চেষ্টা হচ্ছে। যেমন ধরুন, ভাগচাষ কোর্ট থেকে আরম্ভ করে, সেটেলমেন্ট রায় থেকে আরম্ভ করে, এইসমস্ত ব্যাপারে বিচারবিভাগের কোন ব্যবস্থা নাই, এবং এইসব এক্‌জিকিউটিভ অফিসাররা যা-খুসি রায় দিয়ে দিচ্ছেন। এজন্য প্রায়ই আমাদের তাঁদের সঙ্গে লড়তে হচ্ছে। এটা বিচার-বিভাগের উপর সরকারী হস্তক্ষেপের একটা উদাহরণ। আজকাল অনেক ক্ষেত্রেই এরকম অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুন্যালস করা হচ্ছে, এবং সেখানে এক্‌জিকিউটিভরাই প্রাথমিকভাবে নির্ধারণ করে দিচ্ছেন, যা পরে পালটান দুঃসাধ্য ব্যাপার হয়ে দাঁড়াচ্ছে। একজন ভাগচাষী যখন ভাগচাষ কোর্টের অফিসারের কাছে যাচ্ছে, এরকম বহু উদাহরণ আছে, ক্যানিং-এর ভাগচাষ অফিসারকে ধরা হয়েছে, গ্রেপ্তার করা হয়েছে, তাঁর বিরুদ্ধে মামলা চলছে। আবার অনেক ক্ষেত্রে এমনও হচ্ছে তারা রায় দিয়েছিলেন, চাষীকে উচ্ছেদ করে দিচ্ছেন, চাষীরা হাইকোর্ট পর্যন্ত লড়াই করে কোথাও বিচার পাচ্ছে; কোথাও বা পাচ্ছে না। এভাবে আজকে বিচার বিভাগের স্বাধীনতা হরণ ও খর্ব করা হচ্ছে। এরপর, নিয়োগ এবং বদলীর ব্যাপারে এই ব্যাপারে বর্তমানে হাইকোর্টে মামলা চলছে খবর নিলে জানতে পারবেন রাইটার্স বিল্ডিংস-এর অনুগৃহীত যেসমস্ত জজ বা মুন্সেফ আছেন বা অন্যান্য পদে বিচারক আছেন, তাঁরা দিনের পর দিন, বছরের পর বছর কলকাতা বা হাওড়া বা চব্বিশপরগনার মধ্যে কাটিয়ে দিচ্ছেন। অনেকে বহু চেষ্টা করেও এসব জায়গায় আসতে পারেন না। এই যে ঘটনা ঘটে এর পিছনে কি থাকে? অনেক লোক বিস্তর চেষ্টা করেও এসব জায়গায় আসতে পারেন না, তাঁরা অন্যান্য জায়গায় পড়ে থাকেন, তাদের রাইটার্স বিল্ডিংস-এ জুডিসিয়াল সেক্রেটারির অনুগ্রহের উপর নির্ভর করে থাকতে হয়। এভাবে যাঁদের চাকরীর ব্যাপারে নির্দেশের জন্য অপেক্ষা করে বসে থাকতে হয়, তাঁদের বিচার সম্বন্ধীয় ব্যাপারে কতখানি স্বাধীনতা থাকতে পারে সেটা সহজেই অনুমেয়। সেজন্য নিয়োগ ও বদলীর ব্যাপারটা যদি হাইকোর্টের অধীনে আনা যায় এবং তার জন্য আলাদা আলাদা ব্যবস্থা করা যায়, তা হলে কিছুটা পরিবর্তন হতে পারে। আমার মনে হয় এটা না করা হলে জুডিসিয়াল এবং এক্সিকিউটিভ-এর মধ্যে সেপারেশন আনাবার যে কথা হয়েছে বা যে নীতি নির্ধারিত আছে, সেই নীতি কার্যে প্রয়োগ করা সম্ভব নয়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিচার বিভাগীয় তিনটা কথা—মানুষ সস্তায় বিচার পাবে, মানুষ তাড়াতাড়ি বিচার পাবে, মানুষ নিকটবর্তী স্থানে বিচার পাবে, ইংরাজদের ইতিহাসে ম্যাগনাকার্টায়ও এই দাবি ছিল, কিন্তু আমরা দেখতে পাচ্ছি কি? আজকে আমরা দেখতে পাচ্ছি, দীর্ঘদিন ধরে

মামলা পড়ে থাকাটাই একটা নীতি হয়ে গিয়েছে। এখানে আমি একটা উদাহরণ দেব, আলীপুরে কোর্টে যেহেতু জজেরা দেওয়ানী বিচার করেন, সেসন-এর বিচার করেন,সেই হেতু এক-একটা দেওয়ানী মামলা দীর্ঘদিন পড়ে থাকে, আমি জানি একটা পার্টিশন স্যুট ১০ বৎসর ধরে একই অবস্থায় পড়ে আছে। ১৯৫২ সালের পর থেকে একটা পার্টিশন স্যুট পড়ে আছে। সেটেলমেন্ট অফ ডেটস একটা দেওয়ানী ব্যাপার—একবার যদি পড়ে থাকে, তা হলে কত বছর ধরে পড়ে থাকবে তার ঠিক নাই—বছরের পর বছর ধরে একটা ইনজাংশন পিটিশন মুভ করতে সময় লেগে যায়।

[3-35—3-45 p.m.]

যারা এখানে উচ্চকণ্ঠে স্বাধীনতার পর আমরা দেশে কি কি উন্নতি করতে পেরেছি তার কথা বলেন, তাঁদের আমি জিজ্ঞাসা করবো কংগ্রেসের মাননীয় সদস্যদের জিজ্ঞাসা করবো, এখানে যাঁরা উকিল আছেন, নরেশ দা ও ইশাখ সাহেব আছেন, তাঁরা দেখুন যে, আলিপুর কোর্টে বা অন্য কোন কোর্টে ১৫ বছর বাদে এমন কোন অবস্থা দেখেছেন যাতে প্রি-পার্টিসান বা দেশ বিভাগের আগে যে অবস্থা ছিল, তার থেকে কোন উন্নত অবস্থা হয়েছে? পেশকারের ঘুস খাওয়া থেকে আরম্ভ করে, বিচার বিভাগের যে-কোন ব্যবস্থার কথা তাঁরা বলুন যে, কোন জায়গায় উন্নতিমূলক ব্যবস্থা দেখেছেন কিনা, এবং দেখতে পাবেন দীর্ঘসময় চলে যাচ্ছে, আগে যে মামলা তিন বছর হত, এখন সেটা ১৫ বছর লেগে যাচ্ছে, এরকম ব্যবস্থা বিচার বিভাগের রন্ধ্রে রন্ধ্রে রয়েছে, ফৌজাদারী বিভাগে দেখবেন এমন অবস্থা যে ৩৭৯-এর কেস হতে ৩-৪ বছর সময় লাগে ১৯৫৯ সালে কালনায় খাদ্য আন্দোলনের সময়ের কেসের রায় ১৯৬৩ সালের জানুয়ারিতে হয়েছে এর কারণ কি? কারণ, কালনা শহরে একজন এস ডি ও আছেন এবং একজন সেকেন্ড অফিসার আছেন। এস ডি ও বাইরে থাকলে সেকেন্ড অফিসার বিচার ব্যবস্থা করেন—এস ডি ও কাজ করেন বেলা ২টা পর্যন্ত, এস ডি ও কাজ করে বিচার ব্যবস্থায় বসেন এবং তারপর রাত্র ৭টার সময় ডেট ফেলতে আরম্ভ করেন। এরকমভাবে বিভিন্ন জায়গা থেকে গ্রামের লোকেদের এসে কষ্ট করে রাত্র কাটাতে হয় এতে, হোটেলওলার পয়সা বাড়ান ছাড়া আর কিছু নেই। এই ম্যাজিস্ট্রেট ব্যবস্থা যা আছে, তাতে হোটেলে রাত্রি কাটান এবং মোশা কামড়ান ছাড়া আর কিছু হয় না। কালনায় বিচার ব্যবস্থা পেতে গেলে রাত্রে মশা কামড়ান খেয়ে ২-৩ দিন বসে থাকতে হয়, তারপর একদিন আবার যে ডেট পড়ে তাও তিন-চার মাস পরে। আর একটা বড় কথা বলছি, সেটা হচ্ছে জুরি ট্রায়াল সম্বন্ধে, জুরি ট্রায়াল কি কারণে উঠিয়ে দেওয়া হচ্ছে, না বলা হচ্ছে যে জুরিরা নাকি সব ঘুস খায়। জুরিরা ঘুস খায় এমন কি কারণ হতেপারে—যে একজন জজ ঘুস খাবে না—ম্যাজিস্ট্রেট ঘুস খাবে না, কেবল জুরিরাই একা একা ঘুস খাবে। সেই জন্য বলছি জুরির প্যানেল উন্নত করা দরকার। কিন্তু আমি মনে করি ১৫-২০ বছর আগে দেশের যে অবস্থা ছিল তার চেয়ে অনেক শিক্ষিতর সংখ্যা বেড়েছে, অনেক লোক বেড়েছে, অনেক ডাক্তার বেড়েছে, ট্রেন্ড শিক্ষক বেড়েছে, যারা গ্রামে রয়েছে এরূপ শিক্ষিত লোকদের কাজে লাগান দরকার, তা হলে আমি বলতে পারি যে, জুরি প্যানেলে অনেক পেতে পারবেন। আজকে এডুকেটেড মহিলার সংখ্যা বেশী, অনেক এডুকেটেড মহিলা তারা জীবিকা অর্জন করছে, অনেকে ঘরে বসে আছেন তাঁদের আপনারা নিয়োগ করতে পারেন, জুরির প্যানেলে ইউম্যান রিক্রুট করতে পারেন, আজকে এই যে জুরি তুলে দেওয়া হয়েছে এর পেছনে এক্সিকিউটিভের বিচার বিভাগের উপর হস্তক্ষেপ করবার যে প্রবণতা, সে নীতি তা দেখা গিয়াছে। আজকে গভর্নমেন্ট মনে করছেন একজনকে নির্দেশ দেওয়া যায়, কিন্তু ৯জন জুরিকে নির্দেশ দেওয়া কঠিন। আমার মনে হয় জুরি ব্যবস্থাকে তুলে দেবার পেছনে গভর্নমেন্ট নীতি হচ্ছে এই যে, জজ এবং হাকিমের বিচার ব্যবস্থার উপর সরকারের যে তারাও রয়েছে সেটা আরো পাকাপোক্ত ভাবে ব্যবস্থা করার জন্য জুরির ট্রায়াল উঠিয়ে দিচ্ছেন। আজকে আমার বিশেষ দাবী হচ্ছে, জুরি ট্রায়াল আবার প্রবর্তন করা হোক। জুরি ট্রায়াল শুধু আমাদের দেশে নয়, পৃথিবীর ইতিহাসের সাধারণ মানুষের স্বাধীনতা সংগ্রামের একটা অঙ্গ হিসাবে স্বীকৃত হয়েছে এবং এটা আজকে ভারতবর্ষের স্বাধীনতার পর আমাদের দেশে একথা বলা হয় যে জুরিরা ঘুস খায় এজন্য জুরি ট্রায়াল উঠিয়ে দেওয়া হোক, একথাটা বলাটা অত্যন্ত অন্যায় বলে মনে করি। শেষে আর একটা দিকে আমি দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, আজকে সিকিউরিটি অ্যাক্ট এবং ডি আই রুলসে যেসমস্ত লোককে অ্যারেস্ট করা হয়েছে, সেভাবে সার্চ ইনফরমেশান রিপোর্টের কপি দেওয়া হয় না। তাদের চার্জ দেওয়া হয় না, তাদের জামিন দেওয়া হচ্ছে না এবং এ বিষয়ে

ম্যাজিস্ট্রেটও কিছু নির্দেশ দিচ্ছেন না; তিনি কোর্ট ইন্সপেক্টর, সরকারী পি পি কি বলবেন, তাঁদের মুখের দিকে চেয়ে রয়েছেন, এভাবে তাঁরা দিনের পর দিন হাজত বাস করছেন, বিচার পাচ্ছেন না। এরকম অবস্থা থাকাটা অত্যন্ত অন্যায় এবং মানুষের স্বাধীনতার উপর হস্তক্ষেপ করে এ্যাডিশনাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের নির্দেশে তাঁদের জামিন দেওয়া হচ্ছে না, এ বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

আমি শেষ কথা বলবো যে কলকাতা শহরে এই যে আদিম বিভাগকে বাঁচিয়ে রাখবার জন্য সিটি কোর্টকে যেভাবে খর্ব করে রাখা হয়েছে তা দেখলে আশ্চর্য হবেন। এমন কতকগুলো বিষয় আছে, স্মল কজেস কোর্টের অধিকার আছে, অবশ্য হাজার টাকার নিচে যদি তার কেস হয়...... অনুগ্রহ করে এক মিনিট বলতে দিন—আজকে যেখানে স্মল কজেস কোর্ট বিচার করতে পারে, সিটি কোর্ট তা বিচার করতে পারে না—আমার মনে হয় আলিপুর কোর্ট ভবানীপুর এবং বালিগঞ্জের প্রপার্টি সম্বন্ধে বিচার করতে পারে, সিটি কোর্ট কেন বিচার করতে পারবে না? এটা আমরা বুঝে উঠতে পারি না যে, আজকে হাইকোর্টের আদিম বিভাগকে চাপ দেওয়া হচ্ছে। এমন কি একটা সামান্য ৫ টাকার মামলার আপীল তা হাইকোর্টের ২ জন বিচারককে দিয়ে করতে হয়, কেন সিটি কোর্টে অ্যাপেলেট সাইড থাকবে না, তা আমি বুঝতে পারি না, যে বিচার মুন্সেফ করতে পারে, যে বিচার একজন সাব জজ করতে পারে, কেন সিটি কোর্টের হাকিম তা করতে পারবে না। আমার মনে হয় সিটি কোর্টকে দাবিয়ে রাখা হয়েছে শুধু এই জন্যে যে হাইকোর্টে আদিম বিভাগকে এবং ব্যারিস্টার ইত্যাদি রয়েছে বলে। সেই জন্য এদিক থেকে আমি বাজেটের আপত্তি করছি।

Dr. Kanai Lal Bhattacharya:
মিঃ স্পীকার স্যার, আইন ও আদালতে যারা যান, যাদের সুযোগ আছে তারা নিশ্চয়ই জানেন যে, বিভিন্ন দলিলপত্র বা রায় নকল করার জন্য একশ্রেণীর মানুষ কাজ করে তাদের বলা হয় কপিস্ট এবং টাইপিস্ট। তারা সরকারী চাকুরিয়া, এক দিক থেকে তারা সরকারের কাছ থেকে লাইসেন্সপ্রাপ্ত হন বলে, কিন্তু সরকারী চাকুরিয়াদের যেসমস্ত সুযোগ-সুবিধা আছে, তাদের গ্রেড, স্কেল, মাগগীভাতা, ছুটি, পেনসন, গ্র্যাচুইটি, প্রভিডেন্ড ফান্ড ইত্যাদি কোনটিই ভোগ করতে পারে না। তারা কি পায়—১৫০টি ইংরাজী বা বাংলা ওয়ার্ড ছাপলে ১২ নয়া পয়সা করে দেওয়া হয়, এ ছাড়া আর কোনরকম বেতন পান না। সাধারণভাবে দেখা গিয়েছে তারা মাসে ৭০ থেকে ৯০ টাকা উপার্জন করে। এই টাকায় তাদের সংসার চালাতে হয়। এটা যে আজকের ব্যাপার তা নয়, ব্রিটিশ আমল থেকে এই রেট চলে আসছে। ব্রিটিশ আমলে, স্বাধীনতার আগে জিনিসপত্রের দাম যখন কম ছিল তখন হয়তো এদের অবস্থা এতটা খারাপ ছিল না। কিন্তু আজকে যখন জিনিসপত্রের দাম ৫-৬ গুণ হয়ে গেছে, তখন এইসমস্ত টাইপিস্ট এবং কপিস্টদের আজকে সংসার চালানো দুরূহ হয়ে উঠেছে আজকে তারা এমন অবস্থায় এসে পড়েছে। অর্থমন্ত্রী মহাশয় বল্লেন যে, আমাদের দেশের শতকরা ৩০ ভাগ লোক সাবসিসট্যান্ট লেবেলের কমে আছে—আমার মনে হয় এরা সাবসিসস্ট্যান্ট লেবেলের নীচে আছে এবং সেইভাবে তারা দিনাতিপাত করছে। এদের ব্যাপার নিয়ে আমরা বহুবার গভর্নমেন্টের কাছে এবং মন্ত্রী মহাশয়ের কাছে বলেছি, এ বছর আবার মন্ত্রীমহাশয়দের বলছি এবং জালান সাহেবকে—কিন্তু আজ পর্যন্ত এ ব্যাপারে কিছুই দেখা হয় নি, স্কেল, গ্রেড কিছুই বাড়ানো হয় নি, মাগ্‌গীভাতা, গ্র্যাচুইটি, পেনসন ইত্যাদি বৃদ্ধির দিক থেকে কোন ব্যবস্থা হয় নি।

[3-45—3-55 p.m.]

আমি এ বিষয়ে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তার কারণ, এদের যে নো ওয়ার্ক, নো পে, যেদিন কাজ করে না, সেদিন পে থাকে না। গ্রেড বা স্কেল বলে কিছু না থাকার জন্য এদের যতই বয়স বাড়তে থাকে, আমরা দেখতে পাব, ততই তাদের কাজের ক্ষমতা আস্তে আস্তে কমতে থাকে। তার ফলে তাদের উপার্জনও কমতে থাকে। মাননীয় স্পীকার মহাশয়, যারা বেতনভোগী–চাকুরীয়া, তাদের বয়স যেমন বাড়ে, তার সংগে তাদের বেতনও আস্তে আস্তে বাড়ে, সংসারের পোষ্য বাড়ার সংগে সংগে। কিন্তু এদের পোষ্য সংখ্যা বাড়ে বটে, কিন্তু রোজগার করবার ক্ষমতা কমে যায় বয়স বাড়বার সংগে সংগে দুঃখ-দুর্দশাও আরো বাড়তে থাকে। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে এদের সম্বন্ধে জানাতে চাই, তাদের সম্বন্ধে কি তাঁর বিভাগ কিছু করতে

পারেন না? পনের বছর ধরে এ সম্বন্ধে রিপ্রেজেন্টেশন দিয়েছি, প্রশ্ন করেছি; প্রত্যেক বছর এই পয়েন্ট তুলে ধরেছি, কিন্তু জালান সাহেব একদম সেদিকে চান না, কানা, কালা হয়ে রয়েছেন। এ সম্বন্ধে আমি স্পেসিফিক উত্তর মন্ত্রীমহাশয়ের কাছ থেকে চাই।

আর একটা কথা বলবো—সেটা হচ্ছে, আমাদের পশ্চিমবঙ্গের জজদের একটা কেডার পোস্ট আছে, বোধ হয় ১৪টা পোস্ট আছে। যাঁরা সিটি সিভিল কোর্ট জাজেস, প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেট, হাইকোর্ট জাজ ইত্যাদি এই কেডার পোস্ট-এর সিনিয়ার মোস্ট ১৪ জন, তার জন্য স্পেশাল পে দুশো টাকা করে দেওয়া হয়। তাতে হয় কি? সিটি সিভিল কোর্ট-এ যে কেস হয়, কলকাতার মধ্যে সিটি সিভিল কোর্ট-এর বড় বিল্ডিং কেসের নানারকম নাম আছে—পেটী কেস যা সেখানে হয়, তা জেলার মুন্সেফরা যা করে থাকেন, তার চেয়ে বেশী কিছু নয়। আর যখন কিছু এঁরা করেন না, আমরা দেখছি ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুন্যাল যা হয়েছে, সেই ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুন্যাল-এর জজ করা হয় তাঁদের, যাঁদের ১০ বছরের এক্সপিরিয়েন্স আছে তাঁরা হয়ত ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুন্যালে জজের কাজ করতে শুরু করলেন, হঠাৎ তাঁদের সিটি সিভিল কোর্টে ট্রান্সফার করে দেওয়া হয়। তার ফলে হয় কি? কেডার সার্ভিস-এর বেটার জাজেস যাঁরা, তাঁরা ঐ সিটি সিভিল কোর্ট-এ চলে যাচ্ছে। তাঁরা সেখানে গিয়ে মুন্সেফের কাজ করছেন। এই ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুন্যাল-এ সোসিয়াল জাস্টিস-এর ব্যাপার আছে, যেমন শ্রমিকদের ছাটাই করা হয়েছে, সেখানে তাদের বোনাস কিভাবে হবে, কি ধরনের হওয়া উচিত, ইত্যাদি জজদের বিচার করতে হয়। সবচেয়ে বড় কথা ট্রাইবুন্যাল-এর এওয়ার্ড যেটা হবে, তার উপর অ্যাপিল চলবে না হাইকোর্টে; একেবারে অ্যাপিল হবে সুপ্রিম কোর্টে। কাজেই সেইসমস্ত জজের অসীম ক্ষমতা থাকবে; তাঁদের রায় যেটা হবে, সেটা উন্নত ধরনের হওয়া উচিত। সুতরাং ১০-১২ বছরের এক্সপিরিয়েন্স যে জজের, সেই জজ যদি সেখানে দু-তিন বছর মাত্র কাজ করেন, তা হলে ঠিকমত সার্ভিস দিতে পারেন না। পরেই আবার একজন নূতন জজ সিটি সিভিল কোর্ট থেকে এসে সমস্ত জিনিস বুঝে নিতে ৬ মাস, এক বছর কেটে যায়। এইসব অসুবিধা হয়। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো, হয় এই ইন্ডাস্ট্রিয়াল জাজদের স্পেশাল পে দুশো টাকা দিয়ে দিন, যাতে কেডার পোস্ট-এর লোভে তাঁরা সিটি সিভিল কোর্টে না চলে যান; আর না হয় ঐ স্পেশাল পে বন্ধ করে দিন। তাঁরা কি করছেন? তাঁদের যত জজ রিটায়ার করেছেন, তাঁদের ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুন্যাল-এ পাঠাচ্ছেন এবং সার্ভিস এক্সটেন্ড করছেন। তার জন্য গভর্নমেন্টের মুখের দিকে তাঁদের চেয়ে থাকতে হয়। তার জন্যই তাঁরা গভর্নমেন্টের দিকে চেয়ে কাজ করছেন, না হলে আর সার্ভিস এক্সটেন্ডেড হবে না। জীবনের শেষে গভর্নমেন্টের মার্সি পাবার জন্য তাঁরা সেনাইল হয়ে যায়; উৎসাহ বলে তাঁদের আর কিছু থাকে না। ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুন্যাল জাজদের এইসমস্ত কেডার-এর যা রয়েছে, তাদেরও সেই স্পেশাল পে দেওয়া হোক। আর কেডার সার্ভিস-এ যাঁরা আছেন, তাঁদের তাও কাটবেন না। ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুন্যাল জাজদের দুশো টাকা করে দেওয়ায় কেডার ভাল থাকবে। সে বিষয়ে দৃষ্টি দেবার জন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি।

আর একটা কথা আমি এখানে বলতে চাই যে, কলকাতার আদালতে, আমাদের সিটি সিভিল কোর্টে প্রায় তিন হাজারের মত ইজেক্টমেন্ট কেস পড়ে রয়েছে গত কয়েক বৎসর ধরে, এগুলি ডিসপোজড হচ্ছে না। এর প্রধান কারণ হচ্ছে, বাড়িওয়ালারা, যারা মেনলি এই কেসগুলি করে সামান্য ছুতো নিয়ে, তারা পেশকারকে ঘুষ-টুষ দিয়ে ভাড়াটেকে হ্যারাস করবার জন্য ডেট্স আফটার ডেটস নিচ্ছেন। আমি যতদূর খবর নিয়ে জেনেছি যে, এর জন্যই এই কেসগুলি জমে গিয়েছে। এর মূল গলদ কোথায় হচ্ছে, আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলবো আপনারা যে আইনটা আছে, সেটার দিকে চেয়ে দেখুন। গলদ হচ্ছে প্রেমিসেস টেন্যান্সি অ্যাক্ট। ১৯৫৫ সালে যেটা এখানে এনাকটেড হয়েছিল, তাতে আমরা বলেছিলাম এজেক্টমেন্ট করার এতগুলি কু যদি বাড়িওয়ালাকে দিয়ে দেন, তা হলে এজেক্টমেন্ট কেস বেড়ে যাবে। একজন লোক যে ৩০ বছর ধরে ভাড়া দিয়ে যাচ্ছে, সে যদি ২ মাস ভাড়া না দিতে পারে, সে ডিফল্টার হয়ে যাবে

এবং তাকে ইজেক্ট করা যাবে। এই ধরনের প্রভিশনস রাখার জন্য এবং শুধু বাড়িওয়ালা আজকে টেনেন্টদের হ্যারাস করবার জন্য এই আইনের সুযোগ নিয়ে যে কেসগুলি জমিয়ে রেখেছেন, সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো। আমার শেষ কথা হচ্ছে সেপারেশন অফ জুডিসিয়ারী ফ্রম এক্সিকিউটিভ। যে কথা মাননীয় সদস্য মনসুর হাবিব সাহেব বলেছেন, সে সম্বন্ধে কি অসুবিধা হচ্ছে, তা আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলবো। আপনারা এই সেপারেশন-এর কাজ শুরু করেছিলেন এবং তারপর মাঝপথে এসে থেমে গিয়েছেন, আর এফেকটিভলি হচ্ছে না। অর্থাৎ এখনও সেই এস ডি ও-র হাতে ১০৭, ১১৭ ক্রিমিন্যাল প্রসিডিওর কোড-এর ক্ষমতা রয়ে গিয়েছে। আমরা আপত্তি করেছিলাম এই জন্য যে, জুডিসিয়ারীকে এক্সিকিউটিভ থেকে সেপারেট না করলে যে দৃষ্টিভঙ্গী দিয়ে এস ডি ও এবং ম্যাজিস্ট্রেটরা বিচার করতে পারতেন, যদি তারা এক্সিকিউটিভ থেকে সেপারেট হয়ে গিয়ে কমপ্লিটলি আন্ডার দি জুডিসিয়ারী হতেন। আজকে সেখানে এক্সিকিউটিভ থাকার জন্য সেই দৃষ্টিভঙ্গী থাকছে না। যার ফলে আমরা দেখতে পাচ্ছি যে, এই ১০৭ এবং ১১৭ ক্রিমিন্যাল প্রসিডিওর কোর্ট-এর ধারা অনুসারে, পুলিশের নির্দেশে তাঁরা রায় দিতে বাধ্য হচ্ছেন। সেদিকে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Narendra Nath Sen:

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় মন্ত্রী জালান সাহেব যে দাবী উত্থাপন করেছেন, আমি তাঁর সেই দাবী সম্পূর্ণভাবে সমর্থন করছি, এবং এই প্রসঙ্গে কয়েকটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই।

প্রথমে আমি বলতে চাই—মাননীয় সদস্য মনসুর হাবির মহোদয় যে জাস্টিস ডি, এন, মুখার্জীর জাজমেন্ট-এর কথা উল্লেখ করেছেন। তিনি সেখানে এক্জিকিউটিভ ইন্টারফিয়ারেন্স এর কথা উল্লেখ করেছেন। কিন্তু জাজমেণ্টটা ভাল করে দেখলেই বোঝা যায় যে এখানে ডেমোক্রেসী কতখানি প্রিভেল করছে। একজন হাইকোর্টের জজ্, তিনিও চিফ জাষ্টিস-এর এগেইনষ্টে রুল ইসু করেছেন। কাজে কাজেই এখানেও, অর্থাৎ বিচার বিভাগে যে ডেমোক্রেসী আছে, সে বিষয় আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, একটা কেসের মামলা বিচার হওয়ার জন্য আজও, এখনও বহু সময় লাগে, এ বিষয় হাবিব সাহেব যা বলেছেন আমি তাঁর সেই উক্তি সমর্থন করি। একটা টাইটেল স্যুট নিষ্পত্তি হতে এখনও প্রায় পাঁচ থেকে দশ বছর সময় লাগে। একটা সাধারণ ক্রিমিন্যাল কেস করতে হয়ত ছয় মাস থেকে তিন বছর পর্যন্ত সময় লেগে যায়। কাজেই এই প্রসিডিওরটা বদলান প্রয়োজন বলে আমরা মনে করি। যাতে লোকে তাড়াতাড়ি বিচার পায়, সেই ব্যবস্থা হওয়া উচিত। কেননা জাস্টিস ডিলেড মিনস জাস্টিস ডিনাইড বলে একটা কথা আছে। কাজেই যাতে তাড়াতাড়ি বিচার হয়, এই রকম ব্যবস্থা হওয়া উচিত। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো এখানে যদি একটা কমিশন এপয়েণ্ট করে, কি রকমভাবে তাড়াতাড়ি, দ্রুতভাবে বিচার সম্পাদন করা সম্ভব হয়, সেই ব্যবস্থা যদি করেন তাহলে ভাল হয়।

স্যার, বর্তমান বিধান অনুযায়ী হাইকোর্টের জজরা রিটায়ার্ড করবার পর, তাঁরা আর সেই স্টেটএ প্রাকটিস করতে পারেন না। কিন্তু হাইকোর্টের একজন রেজিষ্ট্রার, কিম্বা ডিষ্ট্রিক্ট কোর্ট জজ্ বা সাবঅর্ডিনেট কোর্ট জজ্, ট্রাইবুন্যাল কোর্টের জজ্, তাঁরা রিটায়ার্ড করে আবার সেইখানেই প্র্যাকটিস করতে পারেন, তাতে কোন বাধা নেই। এর ফলে, এই হয় যে তাঁরা নিজ নিজ এলাকাতে নিজেদের আধিপত্য বিস্তার করে, ইনফ্লুয়েন্স করে, বিচারে একটা প্রহসন সৃষ্টি করেন। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো—হাইকোর্টে জজ্-এর ক্ষেত্রে যে বার রয়েছে, এই বার অন্যান্য সমস্ত বিচার বিভাগের জজ, রেজিষ্ট্রার, [illegible] ক্ষেত্রেও যাতে প্রয়োগ হয়, তার ব্যবস্থা করেন, তাহলে ভাল হয়।

[3-55—4-5 p.m.]

এখানে হাই কোর্টের জাজদের ব্যাপারে যে ব্যান রয়েছে সেখানে আমি মন্ত্রিমহাশয়কে বলবো এই ব্যান অন্যান্য বিচার বিভাগীয় যে সমস্ত জাজ বা রেজিস্ট্রার প্রভৃতি কর্মচারীদের ক্ষেত্রেও যাতে প্রয়োগ করা হয় তার ব্যবস্থা যদি করেন তাহলে ভাল হয়। স্যার, আমরা কয়েকদিন আগে দেখেছি এবং আমি কয়েকদিন আগে বলেছিলাম যে, হাই কোর্টে এখনও প্রায় সাড়ে ১৭ হাজারের উপরে কেস পেন্ডিং রয়েছে। এতে দেখা যাচ্ছে যে ওয়ার্ক লোড কমাবার একান্ত প্রয়োজন রয়েছে। হাই কোর্টের আদিম বিভাগ এবং এপেলেট সাইড মিলে প্রায় ২৪ জন জাজ আছেন। এবং ২৪ জন জাজ থাকা সত্ত্বেও যদি এত সেখানে মামলা পড়ে থাকে তাহলে আজকে হাই কোর্টে মামলার ভার লাঘব করবার জন্য যে সিটি সিভিল কোর্টের সৃষ্টি হয়েছিল তার হাতে আরো ক্ষমতা ন্যাস্ত হওয়া উচিত বলে আমি মনে করি। এখানে দেখি সিটি সিভিল কোর্টের পিকিউনিয়ারি জুরিসডিকশন বর্তমানে যা আছে তার চেয়ে যদি আরো বাড়িয়ে দেওয়া যায়, অন্ততঃ ২০ হাজার টাকা যদি করে দেওয়া যায়, তাহলে দুটি জিনিষ হবে। একটা হবে হাই কোর্টের বিচারকদের কাজের লাঘব হবে, এইভাবে যে কাজ পেন্ডিং হয়ে থাকছে সেটা থাকা সম্ভব হবে না। আর একটা দিক হবে সিটি কোর্টে মামলা করতে হলে যে মাশুল দিতে হয় অর্থাৎ এ্যাডভালোরেম ডিউটি যে হারে দিতে হবে তাতে গভর্নমেন্টের বহু টাকা আয় বেড়ে যাবে। স্যার, সিটি সিভিল কোর্ট যখন করেছিলেন তাতে কতকগুলি জিনিষ আছে যা আমাদের শ্রীযুক্ত ভট্টাচার্য বলেছেন এবং মুনসুর হবিব সাহেবও বলেছেন যে, যেটা নাকি স্মল কজেস কোর্টে বিচার হতে পারে কিন্তু সে জিনিষ সিটি সিভিল কোর্টে যায় না। যেমন আইটেম নং

suits and proceedings relating to or arising out of shipping or navigation, including in particular carriage by Sea, Ships Cargo freight etc.

এইগুলি ২ হাজার টাকা পর্যন্ত স্মল কজেস কোর্টেই হয় কিন্তু তার বেশী হলেই চলে যাবে হাই কোর্টে। সিটি সিভিল কোর্টে যেতে পারে না।
আইটেম নং ৩

suits and proceedings relating or arising out of carriage by air.

এইগুলি স্মল কজেস কোর্টে ২ হাজার টাকা অবধি হয় কিন্তু তার উপরে গেলে হাই কোর্টে হয়। কেন সিটি সিভিল কোর্টে হবে না তা আমি বুঝতে পারি না। এইভাবে অনেকগুলি আইটেম রয়েছে যেগুলি নাকি আপটু টু থাউজ্যান্ড রুপিস স্মল কজেস কোর্টে হয় কিন্তু তার বেশী হলেই হাই কোর্টে চলে যেতে হবে। কতকগুলি মামলা আছে, কমার্শিয়াল সুট, রেলওয়ে সুট, নিগোশিয়েবল ইনস্ট্রুমেন্ট, এ্যাকসেপ্টিং প্রমিশরি নোটস্, এইগুলি ৫ হাজার টাকা অবধি জুরিসডিকশন মাত্র সিটি সিভিল কোর্টের আছে। স্যার, এইগুলি আরো বাড়িয়ে দেবার পক্ষে কোন বাধা থাকা উচিত নয়। এইগুলি যদি বাড়িয়ে দেওয়া হয় তাহলে হাই কোর্টে মামলা লাঘব হবে এবং সিটি সিভিল কোর্টে গেলে তাড়াতাড়ি লোকে বিচার পেতে পারবে। কতকগুলি জিনিষ আছে, স্যার,

suits arising out of and relating to mortgage of immovable property.

এই জিনিষটা কলকাতা সহরের উপর যদি হয় তার কোন জুরিসডিকশন্ সিটি সিভিল কোর্টের নেই। এটাও অন্ততঃ ২০ হাজার টাকা পর্যন্ত ভ্যালুয়েশনের মামলা সিটি সিভিল কোর্টে আসা উচিত বলে আমি মনে করি।

স্যার, সিটি সেসন কোর্ট হাই কোর্টের সেসনকে লাঘব করবার জন্য করা হয়েছিল। এখানে কতকগুলি কেস, কেস ৩০২, ৩০৭, এই রকম কয়েকটি কেস ছাড়া আর সমস্ত কেসই সিটি সেসন কোর্টে আসে। কিন্তু আইটেম্ নং ৪ ফার্স্ট সিডিউল সিটি সেসনস এ্যাক্ট-এর

an offence punishable under section 468 or section 473 of the Indian Penal Code

এটা একজন প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট বিচার করতে পারবে। কিন্তু সে যদি কমিট করে তাহলে সেটা হাই কোর্টে যাবে, সিটি সেসন কোর্টে আসতে পারবে না। কেন যে এটা হয়েছে তা আমি জানিনা, এটার পরিবর্তন হওয়া প্রয়োজন বলে আমি মনে করি।

হাই কোর্ট-এ যে সমস্ত স্যুট হয় তাতে একটা লোক ২৭ টাকা দিয়ে যত ইচ্ছে ভেল্যুয়েসন এর কেস করতে পারে। আমরা অনেকবার দাবী করেছি সমস্ত ক্ষেত্রে এডভেলোরেম ডিউটি এক করা হোক তাহলে আজকের দিনে গভর্নমেন্টের কত টাকা আসবে। আর একটি বিষয় হল ওয়েষ্ট বেঙ্গল প্রেমিসেস্ টেনেন্সী অ্যাক্ট যেটার কথা একটু আগে আমাদের মাননীয় সদস্য কানাই ভট্টাচার্য বললেন, সেকসন ১৭ হিসাবে কোন টেনেন্ট-এর নামে যদি উৎখাতের মামলা হলে ডিফল্ট কেস হলে প্রথম এক মাসের মধ্যে তার বাড়ী ভাড়া জমা দিতে হবে সেকসন ১৭, সাব-সেকসন ৪-এ। কিন্তু এক বছরের সঙ্গে যদি চার বছরের জমা দেয় তাহলে কোন রিলিফ পাবে না—কোন রিমিডি পাবে না, টাকা জমা দিলেও তার উৎখাত হতে হবে। তার ইজেক্ট্মেন্ট হবে, টাকা যাবে। এটা মাদ্রাজে আছে, দিল্লীতে আছে যে ইজেক্ট্মেন্ট ডিক্রি হলে কোর্ট যদি টাইম দেয় সেই টাইম-এর মধ্যে টাকা জমা দিলে ডিক্রী একজিকিউটেড হয় না। আমার মনে হয় আমাদের প্রোভাইসো তুলো দেওয়া উচিৎ। পারসোনেল রিকোয়ারমেন্ট এই অজুহাতে আজকে সিটি সিভিল কোর্ট-এ রিকোয়ারমেণ্ট স্যুট হচ্ছে তার কারণ হচ্ছে বাড়ীওয়ালা এই সব অজুহাত নিয়ে মামলা দায়ের করেন টেনেণ্টকে উচ্ছেদ করার জন্য। স্যার, আলিপুরে ল্যান্ড একুইজিসন ডিপার্টমেন্ট যেটা আছে এখানে লইয়ার প্যানেল বিটটেম একটা অদ্ভুত ব্যবস্থা আছে। সমস্ত কোর্টেই আছে—স্মল কেজ কোর্ট ডিস্ট্রিক্ট কোর্ট সব জায়গাতেই বোনাফাটড ল-ইয়ার গিয়ে এ্যাক্ট করতে পারেন; কিন্তু আলিপুর ল অ্যাকুইজিসন ডিপার্টমেন্ট-এ তাদের পেনেল ল-ইয়ার ছাড়া টাকা তুলতে পারবে না এটা কি করে সম্ভব? স্যার, সিটি কোর্ট বিল্ডিং সম্বন্ধে আমি আগেই বলেছি এবং আরও অনেকে বলেছেন। এ বিল্ডিং সেভাবে হচ্ছে উকিল, মহুরীদের দাঁড়াবার জায়গা নেই এইভাবে বিল্ডিং নির্মিত হচ্ছে। জজেরা কিন্তু বললে ল-ইয়ার তা শুনতে পান না। তাছাড়া এখানকার লিফ্ট সব সময় খারাপ হয়ে থাকে। একটা কেনটিন হয়েছে পাঁচতলার উপরে যেটা নিচে হওয়া উচিত। আমি শুনেছি যে এটা যাচ্ছে স্ট্যান্ডার্ড বিল্ডিং-এ, এটা বন্ধ হওয়া উচিৎ। স্ট্যান্ডার্ড বিল্ডিং ইজ নো প্লেস ফর কোর্ট এ আমার মনে হয় পুরান স্মল কোজ কোর্ট বিল্ডিং। নোতুন করে তৈরী করে ওখানে সিটি কোর্ট নেওয়া যেতে পারে। আদালতে এখন যেভাবে ঘুষ চলছে এটাও বন্ধ হওয়া উচিত। একটা ডিপার্টমেন্ট থেকে অন্য একটা ডিপার্টমেন্ট-এ একটা ফাইল নিতে গেলেও জেলারকে ঘুষ দিতে হয় যেটা এমনকি ইনজান্কসন কেসের বেলাতেও চলে। এই অবস্থার যাতে অবসান হয় সেদিকে সরকার যেন দৃষ্টি দেন।

Shri Bejoy Kumar Banerjee: Mr. Speaker, Sir, I find that "Administration of Justice" has been bracketed with "Miscellaneous Expenditure" in the time table for voting on demand for grants and only one hour has been fixed for discussion thereon and that lesser time has not been allotted on any other item than on this item. Sir, that shows that the importance of this discussion, so far as Administration of Justice is concerned, has not been properly appreciated. Sir, it is the most important subject and on the integrity of the personnel of this Department the Administration and the well-being of the people depend because that is a large citadel and refuge of the people for the protection of their rights, namely the court of law, irrespective of party or irrespective of personality.

[4-5—4-15 p.m.]

Sir, if remedies are not available anywhere it is available in a court of law. Courts of law enjoy the confidence of the people and respect of the people too. Therefore, the standard of efficiency which is expected from the Judges administering justice should always be on a high level. Sir, as my time is very limited I would at the very outset mention that we have failed, or rather the Government has failed to give the people inexpensive

and speedy justice. Government has further failed, even 14 years after the independence, to make this justice available to everybody without any harassment, trouble or expense. Sir, the Legislature passes law, simplified rules and makes various provisions in the Act. But in spite of that harassment and trouble continue and the expenses of litigation are mounting high. Proper and suitable persons are not recruited in the Judiciary at the present time because the lure of higher pay and better prospects in a private commercial firm takes briliant men away from an appointment for administration of justice. Sir, the scales of pay of the Judges are also very poor. They have got no residential quarters. They have got to depend upon ordinary private individuals for quarters for which they have got to enter into obligations which they could always avoid. If the Government provided quarters for them residential quarters the difficulties would have been solved.

Sir, nowadays vacancies in a court of law in case of transfer of the presiding officers are not filled up even in 3 or 4 months' time. The result is that cases accumulate and the litigant public suffer. They pay more. The lawyers also suffer as a result of this.

Sir, about the appointment of ministerial staff, persons are appointed without any previous experience, without any knowledge of the procedural law and without any training whatsoever. The result is, mistakes are committed, decrees are not drawn up, people suffer and so also the lawyers. I would only mention one thing which I consider should attract the notice of the Hon'ble Judicial Minister. Sir, I am speaking about the court rooms in Alipore. Not only myself but also others, including Mr. Justice Chagla and Mr. Sitalbad who were members of the Law Commission and visited that place, were simply shocked to see that 10 Judges were accommodated in asbestos roofed rooms, where the lavatory and the Judges' chambers were attached. And in this summer it is known to many of the members of the Bar cases of heat stroke and thrombosis of heart and other diseases occur. Sir, these Judges sit and work under condition of hell. The Government realises court-fees from the people for their cases and if the Judges are allowed to work under such conditions, what kind of justice can we expect from them? Sir, I am ashamed to tell this House that the Ministers' motor garages or even the stables of the Ministers and the Deputy Ministers are better than the court rooms of the Judges. Sir, there is one thing which impressed me most, and impressed others also. During our regime, in a socialistic pattern of society, if we go inside the Writers' Buildings, we find so many cooling chambers, but the persons who are Judges, who by their order can send people to gallows or transportation for life, are made to work under such conditions. And for 10 years they were forced to work under that condition of hell. May I, therefore, appeal to my honourable friend the Judicial Minister to take serious note of it so that it is removed in course of this year. If that is not done that will show the callous indifference to the judges who administer justice.

Sir, since this morning my head is heeling to hear that crores and crores of rupees have been provided for in the budget where there are hundreds and thousands of schemes without any efficacy or without any prospect whatsoever. I do not know the purpose. But here in this city of Calcutta the judges work under that condition. If you go to the District Registration Offices you will find and it is an open secret that unless documents are marked and said 'O.K.' these are not registered even after payment of a huge sum. It is known to everybody but what remedy is there. It is for us to come here and say these things but it is for them to do what they like.

They may follow one principle, which they constantly followed in the past, on the strength of majority and that is: 'Say what you can and do as you like'. Even these things will have to be ended and sooner it is done the better for us.

My last appeal to the Hon'ble the Judicial Minister is to see that sooner it goes the better. And please do not interfere with the independence of Judiciary and allow them to work befitting their position.

Shri Shambhu Gopal Das:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের বিচারমন্ত্রী গতবার অন্ততঃ কিছুক্ষণ প্রারম্ভিক ভাষণ দিয়াছিলেন। কিন্তু এবার তিনি কিছু বলার প্রয়োজন বলে মনে করেন নি। আমিও সংক্ষিপ্ত সময়ের মধ্যে কিছু বলতে চাই। কিন্তু আমি এই ক্ষোভ প্রকাশ না করে পারছি না যে এতবড় একটা বিরাট গুরুত্বপূর্ণ বরাদ্দের আলোচনা করার জন্য মাত্র ১ ঘণ্টা সময় দেওয়া হয়েছে। আমরা সকলেই জানি যে পার্লিয়ামেন্টারী ডেমোক্রেসীর রক্ষা করতে যে জিনিসটা সেটা হল আদালত। পার্লিয়ামেন্টারী ডেমোক্রেসীতে যেখানে পার্টি গভর্নমেন্ট থাকে এবং স্বভাবতঃই শাসন ব্যবস্থার উপর পার্টির একটা প্রভাব পড়ে সেখানে আদালত রক্ষা কবচের কাজ করতে পারে। এই কথা বলে আমি আপনার মাধ্যমে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে বিচার ব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য গণতন্ত্রের স্বার্থের দিকে তাকিয়ে ভারতীয় শাসনতন্ত্রের ডাইরেক্টিভ প্রিন্সিপল-এর মাঝখানে বিচার এবং শাসন বিভাগ আলাদা করার কথা যদিও বলা হয়েছে এবং এ বিষয়ে যদিও বহু আলোচনা হয়েছে তবুও আজ পর্যন্ত সে সম্পর্কে সুস্পষ্ট কোন নীতি নির্ধারিত হয় নি। এই রোগে আমরা বেশী করে ভুগি—বিশেষ করে যারা নীচের দিকের মানুষ সেপারেশন অফ পাওয়ার্স জিনিষটা হয়ত আমরা অনেকে বইতে পড়েছি এবং মনে মনে সেটা সমর্থন করি। কিন্তু খুব ভাল করে বুঝি যখন একটা সাবডিভিশনাল অফিসার-এর দিকে তাকিয়ে দেখি যে একটা সাবডিভিশন-এর চার্জএ থাকেন এবং খুব সঙ্গত কারণে ঐ এলাকার যে ক্ষমতাসীন দল তাঁদের নেতৃত্বের প্রভাবের মাঝখানে চলে এসে এই ভদ্রলোক পঞ্চায়েতের প্রধান থেকে আরম্ভ করে টেস্ট রিলিফএর বিভিন্ন ব্যাপার দেখা থেকে আরম্ভ করে সিমেন্ট পারমিট, করোগেটেড টিন পারমিট দেওয়া থেকে আরম্ভ করে নানান রকম লোকের সঙ্গে মেলামেশা করেন; আবার কোর্টে বিচার করতে বসেন, তখন ভূরি ভূরি দৃষ্টান্ত পাওয়া যায় যে তাঁরা ইনফ্লুয়েন্সড হয়ে যান। এদিকে আমি নজর দিতে বলছি। সঙ্গে সঙ্গে এই ব্যবস্থা থাকায় আর একটা ডিফেক্ট আছে যে সাবডেপুটি ম্যাজিস্ট্রেটএর ডেপুটি ম্যাজিস্ট্রেটদের দিয়ে বিচার করার কি জাস্টিফিকেশন আছে সেটা বুঝতে পারি না এবং দীর্ঘ দিন ধরে এই জিনিষটা কারুর মাথায় ঢোকেনি।

[4-15—4-25 p.m.]

কিন্তু আমাদের দেশে বেশীরভাগ মামলার বিচার এ'রা করেন এবং সেই মামলা অদ্ভুত হয়। সেখানে প্রপার্টি থাকে, হিউম্যান রিলেসন থাকে, সুতরাং এ সম্পর্কে তাদের আইন জ্ঞান থাকা দরকার—কিন্তু সে আইন জ্ঞান তাদের থাকে না—মুনসেফের যে আইনজ্ঞান থাকা দরকার সে জ্ঞান তাদের থাকে না। এই অদ্ভুত অবস্থাকে আমরা সমর্থন করতে পারি না। তারপর আর একটা যেটা আগে কানাই ভট্টাচার্য মহাশয় উল্লেখ করেছেন যে আমাদের গরীব দেশে যেখানে বেশীরভাগ মানুষ গরীব যারা আদালতে বিচার চাইতে আসে—বাস্তবিক, কথায় নয়, এটা উপলব্ধি করুন—প্রতিকারহীন শক্তির অপরাধে বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে। গ্রামে গ্রামে আমরা যখন যাই তখন সেখানে দেখা যায় পাড়ায় পাড়ায় যখন ঝগড়া হয় তখন একজন আর একজনকে এই বলে সাসায় যে তোমার নামে মামলা করে দেবো—আমার বাবার ১ শত বিঘা জমি আছে; আমাদের ব্যাঙ্ক ব্যালেন্স অছে। এতে বাস্তবিকপক্ষে যখন মামলা হয় তখন গরীব মানুষই বেশী টাকা দিয়ে উকিল জোগাড় করতে পারেন—আমাদের নরেনবাবুর কথা, ঘুষ দিতে পারে না এবং সঙ্গে সঙ্গে দেখা যায় অনেক মামলায় তারা হেরে যায়। এই পার্লামেন্টারী ডেমোক্রেসীতে বিচারের পরিবর্তন কিভাবে হবে সেটা সম্পূর্ণ আলোচনার বিষয়। সর্বশেষে একটা কথা আমি বলতে চাই—ডিটেলস-এ আলোচনা করার সুযোগ নাই—বিচার ব্যবস্থায় অনেক ত্রুটি সম্বন্ধে

অনেক সদস্য আলোচনা করেছেন এবং এ আলোচনা শুধু আজকের নয়—দীর্ঘদিন ধরে এই আলোচনা এখানে হচ্ছে; সংবাদপত্রেও এ সম্বন্ধে বহু আলোচনা হয়ে গেছে, বহু কমিশন এ সম্পর্কে আলোচনা করেছে—আমি মন্ত্রিমহাশয়ের কাছে একটি অনুরোধ রাখবো যে, একটা এনকোয়ারী কমিটি করা হোক তার মধ্যে হাইকোর্টের জাজ ও বিভিন্ন ডিস্ট্রিক্ট বারের যারা এফিসিয়েন্ট আছেন তাঁদের নিয়ে একটা এনকোয়ারী কমিটি করা হোক। ইংরেজীতে একটা কথা আছে—

Justice delayed, Justice denied.

এটা সত্য কিনা তাঁরা দেখুন। এই ব্যাপারে পুঙ্খানপুঙ্খরূপে দেখবার জন্য হাইকোর্টের জাজের মত এবং মফঃস্বলের বারের লোকের কি মত তা তদন্ত করা হোক এবং আমাদের গভর্নমেন্টের তরফ থেকে কিছু করার থাকলে তা নিশ্চয়ই করবেন। আর একটা জরুরী কথা যেটা আগে বলা উচিত ছিল সেটা হোল যে আমাদের সরকারের বক্তব্য যে আজকাল অনেক জমির দাম অত্যন্ত বেড়ে গেছে। কিন্তু আমি জানি বাংলার মফঃস্বল কোর্টে মামলা করতে গেলে তাদের যে জুরিসডিকসন সেখানে ৫ হাজারের বেশী মামলা নেওয়া হয় না। কিন্তু জমির দাম যেখানে বেড়ে গেছে তখন সেখানে মফঃস্বল কোর্টের পরিসীমা বাড়িয়ে দেওয়া উচিত এবং আমি জানি সেখান থেকে এই সমস্ত কেস আপিলে যায় সেখানকার যে সীমা সেটা ৫ হাজার থেকে ১০ হাজার পর্যন্ত সেটাকে একটু বাড়িয়ে দেওয়া উচিত। তা হলে তাদের হাইকোর্টে যেতে হয় না। এদিকে মন্ত্রিমহাশয় একটু নজর দেবেন বলে আশা করি।

Shri Abdul Bari Moktar:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে এই খাতে আমাদের দরিদ্র দেশের মানুষ স্বল্প ব্যয়ে এবং বিনা হয়রানীতে কতটুকু মকর্দমা নিষ্পত্তি করতে পেরেছে এবং কতটুকু উপকার করতে পেরেছে সেদিকে একটু মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, প্রথমে আমি কমপ্লিট

Separation of Judiciary from that of Executive

চাচ্ছি।

তা না হলে কতকগুলি অন্তরায় যেমন ধরুন আমাদের এস ডি ও আছেন। এস ডি ও ভারতীয় কার্যবিধি আইনের ১০৭, ১৪৪, ১৪৫, ১৩৩, ১৪৭ ধারা আছে—এর মধ্যে আরও সেকশন আছে সেটা হচ্ছে ১৪৪ ধারা—তার আবার একটা লিমিটেশন আছে, ৬০ ডেজ এক্সপায়ারী হয়ে গেলে আর তা বিচার করা যায় না। কারণ এই রকম ক্ষেত্রে দেখা গিয়েছে বি ডি ও এস ডি ও-র পেছনে বেড়িয়ে বেড়ান এবং এস ডি ও-রা বিডি ও-দের পেছনে থাকার দরুন তাঁরা সময় না পাবার কারণে একদিন হঠাৎ অফিসে বসে কি করলেন অর্ডারটা? অর্ডারটা হয়ে গেল সিক্সটি ডেজ এক্সপায়ার্ড, কেস ইজ ফাইল্ড। তাহলে কি হলো মাঝ থেকে? যে নিজে মোকদ্দমা করতে এসেছিল, তার নিজের—মানে মনের ঈপ্সিত বস্তু পাবার জন্য, তার আর মোকদ্দমা হলো না। উপরন্তু অর্থব্যয় হয়ে গেল। কিন্তু এই রকম ভাবে নিষ্পত্তি হবার কারণে কোন সুবিচার আদালতের কাছ থেকে পাওয়া গেল না।

তারপর আর একটা পয়েন্ট আছে, স্যার, আমি আপনার মাধ্যমে রাখি। কতকগুলি কেস আছে যেমন, ইন্ডিয়ান রেজিস্ট্রেশন অ্যাক্ট, যেমন ৩৭৬-এর কেস, যেমন ৩০২ ধারার কেস, যেমন ৩৬৬ ধারার কেস—এই সমস্ত কেস, স্যার, যে সমস্ত কেসেতে এক্সপার্ট ওপিনিয়ন নিতে হয় ফিঙ্গার প্রিন্ট এক্সপার্ট, হ্যান্ডরাইটিং এক্সপার্ট-এর ওপিনিয়ন নিতে হয়, সেই সমস্ত কেসে দেখতে পাওয়া যায় যে বাংলাদেশের সমস্ত কেসেই হচ্ছে দু' বছর, তিন বছর, চার বছর, পাঁচ বছর—রিপোর্ট যাচ্ছে না। এই রকম ভাবে রিপোর্ট না গেলে পরে, মানুষের যারা পার্টিস আছে, তাদের তো এক মাস বাদে বাদে দিন পড়ছে আদালতে আর সমস্ত মানুষ পাড়াগাঁয়ের দূর-দূরান্ত থেকে কোর্টে এসেছে, হাজিরা দিয়ে ফিরে চলে যাচ্ছে। এদের হয়রানির হাত থেকে অব্যাহতি পাবার পথ এখনো আবিষ্কার হয় নি। কাজেই আমি মন্ত্রিমহাশয়কে বলবো যে এই সমস্ত জিনিষের দিকে আপনি একটু লক্ষ্য দেবেন।

আর একটা কথা বলি স্যার, আপনার মাধ্যমে, কোর্ট ফি রিয়েলিজেশন সম্পর্কে। আমাদের দেশে এখন পদ্ধতি আছে যে যে বাদী মোকদ্দমা করতে আসবে ইন সিভিল কেস-এ তাকেই কোর্ট ফি দিয়ে মোকদ্দমা করতে হবে। যে বাদী হয়ে আসবে—মোকদ্দমা করতে, হয় সে তার সম্পত্তি থেকে ডিসপজেসড্ হয়ে এসেছে, না হয় তার প্রয়োজন হয়েছে এই আদালতে আসবার। কিন্তু যে ডিসপজেশন হয়ে গেল সম্পত্তি থেকে সে ব্যক্তি মোকদ্দমা করতে আসবে এবং তাকে আবার কোর্ট ফি দিয়ে মোকদ্দমা করতে হবে। আমি এর কোন যৌক্তিকতা বুঝতে পারি না। আমি এটার যুক্তি একটু অন্যভাবে দিচ্ছি। সেটা কি? আমি বলছি আপনারা একটা কাজ করুন যে, কোর্ট ফি রিয়েলাইজেশন হবে তার কাছ থেকে হু উইল বি প্রুভড টু বি গিলটি বাই দি প্রপার কোর্ট অফ ল—মানে যে আদালতের সাহায্যে আইনে দোষী সাব্যস্ত হয়ে থাকে স্বত্বের মোকদ্দমায়, তার কাছ থেকে কোর্ট ফি-র ব্যয়টা আদায় করা হোক এবং নট বাই দি পার্টি ইন সুট হু ইজ অ্যাগ্রিভড টু ফাইল দি সুট। এটার প্রতি দৃষ্টি রেখে যেন আপনি একটা বিচার করেন।

আর একটা কথা আমি বলি, স্যার, যে সমস্ত কেস ম্যাজিস্ট্রেটরা এনকোয়ারী করবেন—স্যার, আমার মত লোক বা আমাদের মত লোক, আরো সমাজের বিত্তবান ও প্রতিষ্ঠিত লোক ধনী এবং জ্ঞানী লোক যারা যে সমস্ত লোকের এনকোয়ারী রিপোর্ট তদন্ত করিয়া দেখিলাম মিথ্যা। তারপর ম্যাজিস্ট্রেটের কাছে অপর পার্টি গিয়ে দরখাস্ত করলো যে, স্যার, আমার যথেষ্ট সাক্ষীপ্রমাণ ছিল, কিন্তু তার একটাও নেওয়া হয় নাই। এক তরফা তদন্ত করে রিপোর্ট দিয়েছে। তখন দেখা গেল ম্যাজিস্ট্রেট বললেন জুডিসিয়াল এনকোয়ারীর কথা। জুডিসিয়াল এনকোয়ারী করলে দু-তিনটা লোককে ধরে নিয়ে গিয়ে একটা সাক্ষী দিয়ে অন্ততঃপক্ষে আট-দশজন থেকে যতগুলি আসামী ছিল তলব করে নিয়ে গেল কোর্টে, হয়রানি হলো। এই সমস্ত লোককে এনকোয়ারী করতে দেওয়ার অর্থটা কি? কাজেই এর যে কিছু প্রতিষেধক কি আছে, রেমিডি কিছু আছে—সেদিকেও মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে আমাদের অর্থমন্ত্রী ব্যয় বরাদ্দের জন্য যে দাবী করেছেন আমি প্রথমে বলে নিচ্ছি যে আমি এই দাবীর বিরোধীতা করি। বিরোধীতা কেন করি তার কারণগুলি একটি একটি করে বলছি। আপনি দেখবেন যে এর মধ্যে গভর্নমেন্টের লোনস অ্যান্ড অ্যাডভান্সেস টু দি কালটিভেটরস বলে যে কিছু টাকা খরচ করবার চেষ্টা করবেন তার মধ্যে একটা বিষয়ে দেখবেন সেটা হচ্ছে অ্যাডভান্স টু দি কালটিভেটরস এটা যদি আলোচনা করে দেখা যায় তাহলে দেখবেন যে ক্যাটেল পারচেজ লোন-এর জন্য ২৮ লক্ষ টাকা দেওয়া হয়েছে। তারপর অ্যাডভান্স টু দি কালটিভেটর্স। এইসব মিলিয়ে ৬০ লক্ষ টাকা—ফার্টিলাইজার লোনের জন্য ৩০ লক্ষ টাকা ধরা হয়েছে অথচ এই যে লোন দেওয়া হচ্ছে এই লোনের মধ্যে ১ কোটি ১৮ লক্ষ টাকা লোন টু দি কালটিভেটরস দেওয়া হবে—এই রকম একটা প্রপোজাল নিয়েছেন। মিঃ স্পীকার, স্যার, এই যে ১ কোটি ১৮ লক্ষ টাকা লোন অ্যান্ড অ্যাডভান্স টু দি কালটিভেটরস এই যে এখানে বলা হচ্ছে এর মধ্যে অপনি হিসাব করবেন যে এই যে টাকা এটা আমাদের দেশের কৃষকদের হাতে কতটুকু গিয়ে হাজির হবে। আমাদের দেশে গ্রামাঞ্চলে যে লোক বাস করে তাদের সংখ্যা ২·৬ মিলিয়ন-এর কিছু বেশী এবং এর মধ্যে এই যে ২ কোটি ৬০ লক্ষ লোক রয়েছে তাদের মধ্যে শতকরা ৬০ ভাগ রিয়েলি কালটিভেটরস এবং তারাই হচ্ছে টিলার অব দি সয়েল। কেন না আমরা হিসাব করে দেখেছি যে গ্রামে যে মানুষ আছে তাদের মধ্যে শতকরা ৩০ ভাগ ডে-লেবারার তারা জমিতে চাষ করে—অন্যের হায়ার্ড লেবারার হিসাবে। এদের নিজেদের জমি নাই অন্যের জমিতে চাষ করে এই রকম লোক তারা লোন পেতে পারে না। স্মল পেজেন্টস, যে পেজেন্ট্রি আছে তাতে ফসল তাদের সারা বছর এই রকম হয় না যার ফলে যে কোন বছর হোক না কেন ডেফিসিট থাকে—এই রকম স্মল পেজেন্টস-এর সংখ্যা প্রায় শতকরা ৩৫ ভাগ। তার পর হচ্ছে স্মল পেজেন্টস, পুয়োর পেজেন্ট-এর সংখ্যা হচ্ছে শতকরা ২৫। যদি কোন একটি বছর বৃষ্টি না হয় প্রাকৃতিক দুর্যোগ দেখা যায়, তাহলে তাদের অবস্থা সঙ্গীন হয়ে ওঠে। এই ৩৫ এবং ২৫, মোট ৬০, এই যে পেজেন্ট্রি এদের অবস্থা অত্যন্ত খারাপ, এই রকম সাহায্য ব্যতিরেকে চাষ তারা করতে পারে না। এদের যে সাহায্য তার প্রয়োজন আছে। সরকারের দৃষ্টি এদিকে নিবদ্ধ করি। কিন্তু ১ কোটি ১৮ লক্ষ কৃষককে সাহায্য দেবেন বলে যে বলছেন এটা কিন্তু সাহায্য নয় এটা দাবী বলে বলা হচ্ছে। এখন যদি হিসাব করে দেখা যায় তাহলে দেখবো লোন অ্যান্ড অ্যাডভান্সের প্রয়োজন আছে। এই ৬০ পারসেন্ট অফ দি পেজেন্ট্রিকে এই টাকা ভাগ করে দেখুন মাথাপিছু ৭৫ নয়া পয়সার বেশী হবে না। এই ৭৫ নয়া পয়সা যদি দিতে চান তাহলে তাদের চাষের পক্ষে কিছুই সুবিধা হবে না। লোন দেবার সময় অনেকগুলি পূর্ব সর্ত আরোপ, প্রি কন্ডিসন-এ কতকগুলি জিনিস আছে সেগুলির জন্য লোন নিতে তাদের অসুবিধা হয়। পূর্ব সর্তের মধ্যে একটি হচ্ছে গ্রুপ লোন দেওয়া হবে—গ্রুপের মধ্যে যারা থাকবে তাদের কিছু জমি থাকবে—কম পক্ষে ৩ বিঘা। তা নাহলে গ্রুপের মধ্যে ইনক্লুড করা হবে না। ক্যাটেল পারচেজ লোন দেওয়া হবে যাদের কমপক্ষে ৯ বিঘা জমি থাকবে। ২ শত টাকা পর্যন্ত ক্যাটল পারচেজ লোন পেতে পারে। ৯ বিঘা জমি দিয়ে ২ শত টাকা লোন নিয়ে একটি বলদ পর্যন্ত কেনা যায় না—ছাগল কেনা যায় এই রকম অবস্থা। কাজেই ক্যাটল পারচেজ লোন হিসাবে মাত্র নয় বিঘা জমি দিয়ে ২ শত টাকা পাবে এই একটা পূর্ব সর্ত আরোপ করেছেন।

কাজেই দেখা যাচ্ছে আপনারা সেখানে ক্যাটল পারচেজ লোন যাদের দেবেন, তাদের অন্ততঃপক্ষে ৯ বিঘার মত জমি থাকা চাই, এই রকম একটা পূর্ব শর্ত হাজির করে দিচ্ছেন।

[9-10—9-20 a.m.]

তারপর ফার্টিলাইজার লোন অন্যান্য জায়গায় যা দেওয়ার ব্যবস্থা আছে, সেখানেও কম পক্ষে দেখাতে হবে তিন বিঘা কিম্বা এক একর জমি তার আছে, তা না হলে সে কোন লোন পেতে পারবে না, এই রকম একটা ব্যবস্থা আপনারা রেখেছেন। মিঃ স্পীকার, স্যার, এই যে লোন সরকার থেকে দেওয়া হয়, এই লোন নেওয়ার পক্ষে চাষীদের অত্যন্ত অসুবিধায় পড়তে হয়। তার কারণ, আপনাদের লাল ফিতার বহর এত বেশী যে সেই লোন চাষীদের হাতে সহজে গিয়ে পৌঁছায় না। এখন আপনারা লোনের টাকা এখানে বরাদ্দ হিসাবে দিচ্ছেন, সেই লোন চাষীদের হাতে গিয়ে পৌঁছাবে সেই জুলাই, আগস্ট মাসে, তার আগে নয়। কেন না রাইটার্স বিল্ডিংস-এ কোন চাষীর ভগ্নীপতি বা আত্মীয় বসে নেই, তা যদি হত, তাহলে পরে তারা এখনই লোন পেতে পারত। কিন্তু, যেহেতু রাইটার্স বিল্ডিংস-এ তাদের কেই নেই, তাই তাদের এই দুর্ভোগ ভোগ করতে হয়। এই সামান্যতম ধার যা দেন, এটা চাষীদের কাছে পৌঁছাবে সেই জুলাই বা আগস্ট মাসে, অর্থাৎ যখন খরিফ চাষ শেষ হয়ে যাবে, তখন এই লোনের টাকা তাদের হাতে গিয়ে পৌঁছাবে। এবং এ লোন আদায় করবার জন্য তাদের বহু দূরে তদ্বির করতে যেতে হয়। যারা সারা দিন তার লাঙ্গলের পিছনে, তার গরুর পিছনে, জলের পিছনে ছুটছে, তাদের পক্ষে সেখানে গিয়ে লোন নিয়ে আসা অত্যন্ত অসুবিধা হয়। ব্লক ডেভেলপমেন্ট অফিসে গিয়ে, সেখানে তাদের সারা দিন ধন্না নিয়ে বসে থাকতে হয়, এই অবস্থার জ্বালা তারা সহ্য করতে পারে না, সামলাতে পারে না, সময় তার নেই। সেইজন্য দেখা যায় গ্রামের মধ্যেতে কিছু মিডলম্যান আছে, যারা চাষের সঙ্গে সংযুক্ত নয়, অথচ তারা নানাভাবে চাষীদের বিভিন্ন ব্যবস্থার মধ্যে থাকে, এবং তারা নিজেদের সোস্যাল, কালচারাল, পলিটিকাল লীডার হিসাবে চাষীদের দেখান। এই সমস্ত মিডলম্যানরা চাষীদের গ্রুপ গ্রুপ করে নিয়ে আসার চেষ্টা করেন, এবং সেখানে তাদের কিছু টাকা দিয়ে তাদের নামে ২৫টা লোনের টাকা বার করে নিয়ে তাঁরা নিজেদের পকেটে রাখেন। এই সমস্ত মিডলম্যানরা এই যে সরকারের টাকা, সেই টাকা নিয়ে তারা ব্যবসা করে, সুদে খাটায়, এই অবস্থা আমরা গ্রামাঞ্চলে দেখেছি। কাজেই, আপনারা যে সামান্যতম লোন চাষীকে দিচ্ছেন, সেই লোন চাষী সুষ্ঠুভাবে পায় না, তার প্রয়োজনের সময় পায় না। তাকে সেই লোন দেবার ব্যাপারে এমন কতকগুলি সর্ত হাজির করা হয়েছে যে জন্য চাষীরা ঋণ নিতে পারে না। আপনারা দেখবেন আজ পর্যন্ত কৃষক এলাকায় যে লোন আপনারা দিয়েছেন, সেই লোন তারা শোধ করতে পারেনি। যে সামান্যতম ঋণ তার নিয়েছেন, সেই ঋণ তারা শোধ করতে পারেনি। কিন্তু আপনারা প্রতি বছর চাষীদের উপর চাপ দিচ্ছেন যে কোন ঋণ বাকী থাকলে তাকে আর টাকা দেওয়া হবে না। কিন্তু দেখা যায় যে টাকাও বিলি করা হয়, সে টাকা কোথায় যায়? সে নিশ্চয় এই সমস্ত মিডলম্যান, তারা বিভিন্ন এলাকার চাষীর ফলস্ নেম নিয়ে এসে হাজির করে আপনাদের দপ্তর থেকে টাকা নিয়ে যায়, এবং সেই টাকা গ্রামাঞ্চলে তারা মহাজনী করে সুদে খাটায় এবং অন্যান্য ব্যবসা করে। সরকারী টাকা নিয়ে মহাজনী কারবারের যে কায়দা আছে তা আপনারা জানেন। আপনার সেই কায়দার বিরুদ্ধে কোন দিন দাঁড়ান নি, সেই জন্য এই টাকা চাষীদের হাতে টাকা না গিয়ে মহাজনের হাতে যায় এবং মহাজন সেই টাকা দিয়ে সুদ খাটায় ও চাষীদের কৃতদাসে পরিণত করে রাখে। এই রকম অবস্থা আমরা গ্রামাঞ্চলে দেখি।

মিঃ স্পীকার, স্যার, এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই। কথাটা হল এই, আপনারা সবই জানেন ১৯৫৬ সালে নাগপুর কনফারেন্সের অধিবেশনে দেখা গেল সেখানে তাঁরা ঠিক করলেন যে কৃষকদের জন্য একটা কো-অপারেটিভ ইত্যাদি করা হবে। এই নিয়ে ভীষণ প্রচার আমাদের দেশে সুরু হল। এবং আপনারা এটাও জানেন যে এই প্রচারের জন্যই এই প্রচারের বিরোধিতা করবার জন্য রাজাগোপালচারী, মিনু মাসানী, এবং প্রফেসর রঙ্গ, এঁরা নূতন একটা দল তৈরী করলেন, নাম দিলেন স্বতন্ত্র দল। এই স্বতন্ত্র দল গ্রামাঞ্চলে প্রতিক্রিয়াশীল ব্যবস্থাকে ও সামন্ততান্ত্রিক শোষণ ব্যবস্থাকে জিইয়ে রাখবার জন্য তাঁরা সরাসরি কংগ্রেসের বিরুদ্ধে প্রচারে নামলেন। আপনারা শেষ পর্যন্ত স্বীকার করেছেন যে আরও যদি সার্ভিস কো-অপারেটিভ করতে না পারি, তাহলে অন্ততঃ টু রেন্ডার সার্ভিস টু দি পিজ্যান্ট্রী, এই রকম কো-অপারেটিভ ছোট, ছোট স্কেলেতে করা হবে। এই রকম কতকগুলি সার্ভিস কো-অপারেটিভ হয়েছে। আমি যে জেলা থেকে নির্বাচিত হয়েছি, সেখানে দেখেছি ছোট, ছোট কো-অপারেটিভ

দু-একটা জায়গায় চালু আছে। কিন্তু সার্ভিস কো-অপারেটিভ কোথাও আজ পর্যন্ত চালু করা যায় নি বা চালু করা হয় নি। সেদিন স্মরজিৎ বন্দোপাধ্যায় মহাশয় বললেন যে আপনারা কো-অপারেটিভ-এর অবস্থা নিয়ে আমার কাছে আসুন, তাহলে আমি ভেবে দেখতে পারি। এ কি কথা? আপনারা কো-অপারেটিভ না করে, কৃষককে তার নিজের পায়ে দাঁড়াবার মত শক্তিশালী না করে, কি করছেন? গ্রামাঞ্চলে এই যে স্বতন্ত্র পার্টির ভূমিকা, যে ভূমিকাকে শক্তিশালী করে গ্রামাঞ্চলে প্রতিক্রিয়াশীলের বিরুদ্ধে কেন লড়াই আপনারা করতে চান না? আপনারা এইটা করছেন না বলেই, আজ গ্রামাঞ্চলে কৃষকরা তাদের প্রাপ্য কোন রকম সুযোগ, সুবিধা ভোগ করিতে পারছে না।

আপনারা সমাজতন্ত্রের কথা বলেন। স্পীকার মহাশয়, এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই যে গ্রামাঞ্চলে যাঁরা সমাজতন্ত্রের কথা বলেন এই সমাজতন্ত্রের ভিত্তি কি? আপনারা নিশ্চয়ই পড়াশুনা করেন, নিশ্চয়ই অনেক বইএর সঙ্গে আপনাদের পরিচয় আছে তাতে এই সমাজতন্ত্রের ভিত্তি কি বলা হয়েছে, তাতে বলা হয়েছে যে গ্রামাঞ্চলে যে শ্রমিক শ্রেণী আছে তাকে শক্তিশালী করতে হবে এবং তাকেই স্তম্ভ হিসাবে ব্যবহার করতে হবে। তার উপর সমাজতন্ত্র দাঁড়াবে। এই বুঝি সমাজতন্ত্রের ভূমিকা? আপনারা বলেন সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ তৈরী করবো, ইত্যাদি বড় বড় কথা বলেন, এই বুঝি সমাজতন্ত্রের ভূমিকা? কৃষককে তার পায়ে দাঁড়াবার মত কোন রকম শক্তি সঞ্চারের কথা হচ্ছে না অথচ কৃষকের নামে নানারকম বড় বড় কথা বলা হচ্ছে। মিঃ স্পীকার, স্যার, আমি এই প্রসঙ্গে আমাদের মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় ক্ষোভ প্রকাশ করে, দুঃখ প্রকাশ করে একটা কথা বলেছেন সেটা আমি আপনাদের কাছে শুনিয়ে দিতে চাই। তিনি বলেছেন যে,

It is also at the same time difficult to bring out a revolutionary change.

বিপ্লবের পরিস্থিতি সৃষ্টি করা তাঁর পক্ষে ডিফিকাল্ট। তিনি বলেছেন, উইথ এ হ্যান্ডফুল অফ ওয়ার্কাস ইন এগ্রিকালচার এটা করা যায় না। তারপর তিনি বলেছেন

unless there is a mass resurrection and an agricultural bias is created in the minds of all well-wishers of the State.

তা না হলে করা যায় না। এই বুঝি আমাদের এগ্রিকালচারাল বায়াস? মাত্র ১২ আনা পয়সা কৃষকের জন্য লোন হিসাবে দেওয়া হবে এই যে এগ্রিকালচারাল বায়াস এই দিয়ে কি আপনারা গ্রামে সমাজতন্ত্র করতে পারবেন? আমার শেষ কথা হল আপনারা আজ পর্যন্ত যে লোন গ্রামাঞ্চলে দিয়েছেন সেই লোন আদায় করবার জন্য এই বৎসরে, এই জরুরী অবস্থার মধ্যে গ্রামে অত্যন্ত নিপীড়নমূলক ব্যবস্থা চাপাবার চেষ্টা করছেন।

Shri Nani Bhattacharjee:

শ্রদ্ধেয় স্পীকার মহোদয়, লোনস অ্যান্ড অ্যাডভান্সের খাতে যে বরাদ্দ ধরা হয়েছে নিশ্চয়ই তাদের উদ্দেশ্য হচ্ছে এই যে তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় যেসব বিষয়ের উপর জোর দেবার কথা বলা হয়েছে সেই সমস্ত ক্ষেত্রে পরিকল্পনা যাতে ঠিক ঠিক ভাবে এগিয়ে যায় এবং পরিকল্পনা যাতে সফল হয়ে উঠতে পারে সেদিকে লক্ষ্য রেখে লোনস অ্যান্ড অ্যাডভান্স সংক্রান্ত বরাদ্দের কথা বলা হয়েছে। একটা কথা, আমরা যখন এই বাজেটের বিভিন্ন দিকে কোন্ কোন্ খাতে লোন দিতে হবে এটা যখন বিচার করে দেখি তখন দেখতে পাই যে প্ল্যান্টেশন ইন্ডাস্ট্রির হাউসিংএর ক্ষেত্রে সেখানে ১ কোটি ৩১ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। এখানে মাননীয় শ্রমমন্ত্রী উপস্থিত আছেন, মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই এই ব্যাপারে এই কারণে যে ১৯৪৮ সালে প্ল্যান্টেশন লেবার বিল যেটা আসে এবং ১৯৫১ সালে প্ল্যান্টেশন লেবারের যে আইন তৈরী হয়, এটা সর্বভারতীয় পার্লামেন্টারী আইন, এই আইনের বলে চা-বাগানের যারা মালিক তাদেরকে বাধ্য করা হয় যাতে তারা শ্রমিকদের জন্য উপযুক্ত বাসস্থান তৈরী করে। এবং কুঁড়ে ঘরের বদলে যাতে পাকা বাড়ী তৈরী হয় এই ধরনের কথা এই আইনে বলা হয়েছে। কিন্তু চা-বাগানের মালিকরা আজকে এই আইনকে বাধা দেবার জন্য, এই বাসস্থানের বাধ্যবাধকতা, এটাকে এড়িয়ে যাবার জন্য নানা অজুহাত দিতে আরম্ভ করেছে।

এবং বাগিচা শিল্পের মালিকদের সঙ্গে এ নিয়ে বিভিন্ন সময়ে আলাপ-আলোচনা হয় এবং নানা অজুহাত দেখিয়ে তাঁদের দায়িত্ব এ'রা এড়িয়ে যাবার চেষ্টা করেন।

[9-20—9-30 a.m.]

কখনো বা বাড়ী তৈরীর মালমসলা তাঁরা পান না—এই অজুহাত তোলেন। এই গভর্নমেন্ট গৃহ নির্মাণ করতে গেলে যে সমস্ত সাজসরঞ্জাম দরকার হয়, তা সরকার বাহাদুর দিতে পারেন না—এই অভিযোগ তুলে এই দায়িত্ব এড়িয়ে যাবার চেষ্টা করেন। সেই সময় এটা পরিষ্কারভাবে ঠিক হয় যে তাঁরা শতকরা আটটি পাকা বাড়ী তৈরী করবেন। এই শতকরা আটটা পাকা বাড়ী যদি ১৯৫৮ সাল থেকে তৈরী হতো তাহলে এতদিনে সমস্ত চা-বাগান এলাকা পাকাবাড়ীতে ভরে উঠতো। আজকে ½ অংশ পাকা বাড়ী ও বিভিন্ন চা-বাগানে তৈরী হয় নি। আমি বলছি এই চা-শ্রমিকদের পাকাবাড়ী হয়ত প্রয়োজন। চা-বাগান শিল্পের বাধ্যবাধকতা যদি জোর করে তাদের উপর চাপান যায়, তাহলে তাঁরাই এই ঘর তৈরীর দায়িত্ব নিতে পারেন। তাঁদের সেই দায়িত্ব আছে। যুক্তির খাতিরে ধরে নেওয়া আছে যে তাঁরা চা-বাগান চালাতে পারছেন না, সে ক্ষেত্রে ১ কোটি ৩১ লক্ষ টাকা লোন বলে তাদের দেওয়া হয়, সেই টাকা অন্য খাতে খরচ হবে, গৃহনির্মাণ খাতে খরচ হবে না। আমরা জানি প্রভিডেন্ট ফান্ড-এর টাকা সরকারের কাছে যেটা জমা দিতে হবে, সেই টাকা নিয়ে তারা অন্য কাজ করেন। এই প্রভিডেন্ট ফান্ড-এর টাকা ভেঙ্গে সেই গৃহনির্মাণ খাতে চা-শিল্পপতিদের ঋণ দেওয়া হয়। এর যে আইনের দিক আছে, সেদিক থেকে চা-শিল্প মালিকদের উপর যে চাপ দেওয়া দরকার, তা দেন। তাঁদের হাতে ক্ষমতা আছে, সেই ক্ষমতা নিয়ে তাঁরা গৃহনির্মাণ করতে পারেন। এই বরাদ্দ ১ কোটি ৩১ লক্ষ টাকা বাঁচতে পারে। যে টাকা অন্য জায়গায় দিতে পারেন। কিছুক্ষণ আগে একজন বলেছেন -কৃষির উপর জোর দেওয়া হচ্ছে। গাঁয়ের কৃষক অধিকাংশ গরীব, তারা অল্পস্বল্প জমির মালিক ও সেখানকার আর যারা আছে আধিয়ার: এই আধিয়ারী করে খায়, তাদের সংখ্যা তাদের জনসংখ্যা সবচেয়ে বেশী। সেই কৃষককে যদি আজকে দাঁড় করাতে হয়, বাঁচাতে হয়, এই স্বল্প জমিওয়ালা কৃষক যারা, তাদের ক্যাটল পারচেজ লোন দেবার পরিমাণ বাড়াতে হবে। আমি দুঃখের সঙ্গে বলছি যা দেখতে পাচ্ছি এই ক্যাটল পারচেজ লোন বাড়ানো হয় নি। যে ধরনের রুলস করা হয়েছে, যার জরুরী প্রয়োজন, সেই সমস্ত কৃষক ও এই ক্যাটল পারচেজ লোন থেকে বঞ্চিত হয়। অন্য দিকে কিছু টাউট ধরনের লোক এই ক্যাটল পারচেজ লোনের সুযোগ সুবিধা নেয়। তাতে করে এই ক্যাটল পারচেজ লোনের যে উদ্দেশ্য, সেই উদ্দেশ্য বানচাল হয়ে যায়। ঠিক তেমনি আমরা দেখতে পাচ্ছি এগ্রিকালচারিস্টস লোন-এর জন্য যে বরাদ্দ ধরা হয়েছে, তা অতি নগণ্য। আজকে তা কে অস্বীকার করবে? গাঁয়ে যদি কৃষিকে দাঁড় করাতে হয়, যে কৃষক, যারা আধিয়ার, তাদের এই এগ্রিকালচারিস্টস লোন দিতে হবে। এই লোন না দিলে গ্রামে কৃষি ব্যবস্থা ভেঙ্গে পড়বে, ভেঙ্গে পড়ছে। আজ চালের ঘাটতি মিটছে না: ফলনও আশানুরূপ বাড়ছে না, কৃষি ব্যবস্থায় একটা অরাজকতা দেখা দিচ্ছে। এটার অন্যতম কারণ হচ্ছে আমাদের দেশের কৃষকদের, চাষীদের চাষ করবার ইচ্ছা থাকলেও তারা চাষ করতে পারে না।

সেজন্য এগ্রিকালচার লোন খাতে আরও বরাদ্দ বাড়ান দরকার। আমি বলব বাগিচা, গৃহনির্মাণ খাতে যে লোনের কথা বলা হয়েছে সেই টাকা বাঁচিয়ে যদি এদিকে দেওয়া যায় তাহলে বাংলাদেশের কৃষক বাঁচতো এবং কৃষকদের অবস্থার উন্নতি ঘটতো এবং কৃষির উন্নতি ঘটতো। ঠিক তেমনি ফার্টিলাইজার লোন সম্বন্ধে সরকার একদিকে বলছেন যে ফার্টিলাইজার যাতে চাষীরা নেয় তার ব্যবস্থা করতে হবে এবং এ বিষয় উৎসাহ সরকারের কথা বলা হয়েছে—বাজেট বক্তৃতায় এইরকম কথা বলা হয়েছে। অথচ আমরা দেখতে পাচ্ছি ফার্টিলাইজার লোন যেটা বরাদ্দ করা হয়েছে সেটা নামে মাত্র। সুতরাং কৃষককে চাষবাসের কাজে যদি উদ্বুদ্ধ করতে হয়, সার নেবার জন্য যদি উদ্বুদ্ধ করতে হয় তাহলে ফার্টিলাইজার লোন যাতে আরও বেশী বাড়ান যায় সেদিকে আমি অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি। এর পর আর একটা জিনিষ যে লোয়ার ইনকাম গ্রুপ-এর গৃহনির্মাণ যে সমস্যা সেই সমস্যা সম্বন্ধে আমরা দেখতে পাচ্ছি যে লোন বরাদ্দ করা হয়েছে তা অকিঞ্চিৎকর এবং সেই লোনের এমন রুলস ডিপার্টমেন্টাল নিয়মকানুন এমন যে লোন পেতে কষ্ট হয়—কোন রকমে পাওয়া যায় না। সুতরাং আপনার

মাধ্যমে একথা বলতে চাই যে এই লোয়ার ইনকাম গ্রুপ-এর যারা মানুষ তাদের যাতে এই গৃহ-নির্মাণ ব্যবত লোনের বরাদ্দ আরও বৃদ্ধি হয় সে ব্যবস্থা করা দরকার। আর একটা কথা, আমরা এই দফায় আলোচনার সময় দেখতে পাচ্ছি যেভাবে লোন বরাদ্দ বা অ্যাডভান্স বরাদ্দ ঠিক করা হয়েছে সেখানে দেখছি যে সাধারণ মানুষের দিকে দৃষ্টি কম। অন্যদিকে চাষীদের গৃহনির্মাণ বাবত লোন যা তেমনি ইন্ডাস্ট্রিয়াল এস্টেটস প্রাইভেট এমপ্লয়ার সেক্টর-এ লোনের বরাদ্দ বাড়ান। যেমন ধরুন ক্যালকাটা ট্রামওয়েজ অ্যান্ড কোং ন্যাশনালাইজ করা উচিত। সেখানে আমরা তাদের লোন দিচ্ছি। ঠিক সেইভাবে আমরা লক্ষ্য করছি যে নানাভাবে লোন দেওয়ার জায়গা আছে। স্টেট ইলিকট্রিসিটি বোর্ড-এ লোন দেওয়া হয়েছে, সেটা ভাল কথা। কিন্তু ইলেকট্রিসিটির চাহিদা পূরণের যে দায়িত্ব সেদিকে চেষ্টা করা উচিত। অন্য দিকে ক্যালকাটা ইলেকট্রিসিটি সাপ্লাই কর্পোরেশনকেও ন্যাশনালাইজ করা দরকার এবং এগুলো করে তারপর অন্য দিকে এগুনো দরকার। কিন্তু সেক্ষেত্রে আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি তা হয়নি। এই বরাদ্দের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যেখানে দরকার এখন নয় সেখানে অ্যাডভান্স বরাদ্দ করা হয়েছে এবং ধনীদের জায়গায় করা হয়েছে। অন্যদিকে, সাধারণ চাষী বা সাধারণ লোয়ার ইনকাম গ্রুপ-এর মানুষ তাদের উন্নতির দিক থেকে লোনস অর অ্যাডভান্স বরাদ্দ করা হচ্ছে না।

[At this stage the honourable member having reached his time-limit resumed the time-limit resumed his seat.]

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ দাবী এখানে উত্থাপন করেছেন সেই দাবীকে সমর্থন করতে উঠে আমি আমার বক্তব্য বিশেষ করে দুর্গাপুরের উপর সীমাবদ্ধ রাখব। আপনি জানেন যে দেশ বিভাগের পর বাংলাদেশের অর্থনৈতিক কাঠামো যখন সম্পূর্ণ-রূপে বিধ্বস্ত হয়ে যায় তখন বাংলার নেতা ডাঃ রায় এই বাংলার অর্থনীতিকে আবার শক্ত বুনিয়াদের উপর গড়ে তোলার জন্য বাংলাদেশে শিল্প পত্তনের কথা চিন্তা করেন। সেদিন তাঁর স্বপ্নে তিনি নূতন করে বাংলার শিল্প গড়ার ক্ষেত্র হিসাবে দুর্গাপুর দেখেছিলেন এবং সেই দুর্গাপুর সেদিন থেকে আজ পর্যন্ত বিভিন্ন শিল্পের বিরাট ক্ষেত্র হিসাবে গড়ে উঠে আজকে সারা ভারতবর্ষের দৃষ্টি আকর্ষণ করেছে। এর মুখ্য উদ্দেশ্য দেশের অর্থনৈতিক কাঠামোকে শক্ত করে দেশের বেকার সমস্যার আংশিকভাবে লাঘব করা। তাই যখন তিনি প্রথমে পরিকল্পনা করেন অনেকে ভেবেছিলেন যে এটা একটা অবাস্তব পরিকল্পনা তিনি গ্রহণ করছেন এবং সেখানে হয়ত সরকারের কিছু পয়সা বরবাদ হবে। কিন্তু তিনি তাঁর জীবদ্দশায় দুর্গাপুরকে নিয়ে তাঁর যে স্বপ্ন তা বাস্তবে রূপায়িত হতে দেখে গেছেন তা নয়, দুর্গাপুর যে শিল্পের উন্নতির ক্ষেত্রে ভারতবর্ষে একটা বিশেষ স্থান অধিকার করে গেছে সেটাও তিনি দেখেছেন।

[9-30—9-40 a.m.]

আজকে দুর্গাপুর সম্বন্ধে আলোচনা করতে গিয়ে যে ব্যয় বরাদ্দ এখানে উত্থাপিত হয়েছে তাকে আরও বেশ জোরের সঙ্গে সমর্থন করবো এই কারণে যে বাংলাদেশের অর্থনৈতিক কাঠামো আরও শক্ত বুনিয়াদের উপর প্রতিষ্ঠিত করতে শিল্পের উন্নতি করার প্রয়োজন আছে। তার সঙ্গে সঙ্গে কৃষির উন্নতি সাধনের আরও বৈজ্ঞানিক পদ্ধতি সুপ্রতিষ্ঠিত করার একান্ত প্রয়োজন আছে বলে মনে করি। দুর্গাপুর পরিকল্পনায় কোকাভেন প্ল্যান্ট ছোট কারখানায় শুরু হয়। তারপর আসতে আসতে লার্জ স্কেলে আসে এবং অন্যান্য বাই-প্রোডাক্টস, টার ডিসটিলেসন প্ল্যান্ট ইত্যাদি সেখানে প্রতিষ্ঠিত হয়েছে। এই পরিকল্পনার মাধ্যমে আজ সেখানে কোল মাইনিং মেসিনারী প্রোজেক্ট থেকে আরম্ভ করে অ্যাসোসিয়েটেড উইলকক ব্যাবকক ভিকার্স কারখানা থেকে আরম্ভ করে আজ সেখানে ফিলিপস কারবন, হেভি কেমিক্যালস অপথালমিক গ্লাস, ফার্টিলাইজার এবং হয়ত শেষ পর্যন্ত এই কারখানাগুলি বিশেষ প্রতিষ্ঠা লাভ করবে। দুর্গাপুরে কোকাভ্যান প্রতিষ্ঠার পর থেকে সামান্য যেসমস্ত তথ্য পরিবেশন করে দেখাতে চাইবো দুর্গাপুর কোকো-ভ্যানের জন্য ৭·৫ ক্রোরস খরচ করেছেন। পাওয়ার প্ল্যান্টের জন্য ৬·৫ ক্রোরস খরচ করেছেন টার ডিসট্রিবিউসন প্ল্যান্টের জন্য ১ ক্রোর টাকা খরচ করেছেন। এই কোকোভ্যান প্রজেক্ট—হয়তো আপনাদের অনেকের মনে থাকবে না যে এটা প্রতিষ্ঠিত হবার পর কত শক্তি নিয়োগ করা হয়েছে

সে সম্বন্ধে কেউ হয়তো চিন্তা করবেন না। কারণ ১৯৫৯ সাল থেকে আরম্ভ করে ১৯৬০ সালে এই কারখানার ফুল প্রোডাকসন আরম্ভ হয়ে যায়। এইদিন থেকে আজ পর্যন্ত বিনা বাধায়, অবিচ্ছেদ্য গতিতে কাজ করে চলেছে এবং বিশেষভাবে উল্লেখযোগ্য হোল এই কারখানা যখন প্রতিষ্ঠিত হয় যারা কর্মী নিযুক্ত হয়েছিলেন তাদের অনেকে দক্ষ ছিল অনেকে ছিল না। আজ সেখানে দক্ষ বাঙ্গালী কর্মী নওজোয়ান সেখানে নিযুক্ত হয়েছে তারা সেখানে কাজ শিখে সেই কোকোভ্যান প্রোজেক্টকে ফুল প্রোডাকসনে নিয়ে গিয়েছে। এই কারখানা শুধু প্রোডাকসন দেয় না—ট্রেনিংও দিয়ে থাকে—এখানে ট্রেনিং কাম প্রোডাকসন হচ্ছে। বাঙ্গালীর ঘরে ঘরে, মধ্যবিত্তের ঘরে ঘরে অর্ধ শিক্ষিত, শিক্ষিত বেকার ছেলেরা আজ শিল্পক্ষেত্রে নিযুক্ত হয়ে তারা দক্ষ কারিগরে পরিণত হয়েছে। বাংলাদেশের একটা শুভ সূচনা আমরা দেখতে পাচ্ছি বর্তমান বৎসরে ডেপ্রিসিয়েসন খাতে প্রায় ৫৯ লক্ষ টাকা ধরে আজকে অ্যাপ্রোক্সিমেট সারপ্লাস হচ্ছে ৭০ লক্ষ টাকা। গতবার বাজেটে আমার মনে আছে আমাদের অর্থমন্ত্রী, এবং মহান নেতা এই আশা প্রকাশ করেছিলেন যে এই কারখানা কিছু লাভ করবে। কিন্তু গতবারে লাভ করেনি। তবে নিশ্চয়ই সে আশা পূর্ণ হবে। আমি যেটুকু হিসাবে পেয়েছি তাতে টার থেকে ৪·৫ পারসেন্ট সারপ্লাস এখানে হবে বলে আশা করবো এবং এখানে গ্যাস গ্রিড প্রতিষ্ঠিত হতে চলেছে তার হিসাব হোল ৪·৮৫ পারসেন্ট। গত এপ্রিল মাসের শেষের দিকে গিয়ে এই গ্যাস গ্রিড হয়তো শেষ হবে এই খবর আমরা পেয়েছি প্রথম বছরে এই গ্যাস গ্রিড ৭ মিলিয়ন কিউবিক ফিট গ্যাস দিতে পারবে। কলিকাতার ওরিয়েন্টাল গ্যাস কোং ৩·৫ মিলিয়ন গ্যাস দিচ্ছে। কিন্তু দুর্গাপুর গ্যাস গ্রিড যে গ্যাস দেবে তার বেশি স্ট্যান্ডার্ড প্রেসার মেনটেনড হবে এবং ক্যালরিফিক ভ্যালু ২৫ পারসেন্ট ওরিয়েন্টাল গ্যাস-এর থেকে বেশি থাকবে এই তথ্য আমি এখানে জানাচ্ছি। আজ সেখানে থারমাল পাওয়ার স্টেশন প্রতিষ্ঠিত হয়েছে এবং তার দুটি ইউনিট ৭৫ এম জি করতে খরচ হবে ১৫ কোটি টাকা। এ ছাড়া আরও ২টি ইউনিট ৭৫ এম জি—এটা আন্ডার কনস্ট্রাকসন আছে—তার একটা মার্চ ১৯৬৩ এবং আর একটি মার্চ ১৯৬৪ মধ্যে প্রোডাকসন কমপ্লিট করবে। প্রোডাকসন কমপ্লিট ব্যাপারে আমরা আশা করছি তৃতীয় পরিকল্পনায় ১৯৬৪ সালের মধ্যে এটা ডাবলিং কমপ্লিট হবে—যেটুকু তথ্য পেয়েছি তার উপর ভিত্তি করে বলতে পারি যে ১৯৬৪ সালের মধ্যে শেষ হবে। আমি আরও একটি তথ্য সংগ্রহ করতে পেরেছি এবং তা থেকে দেখাচ্ছি যে পাওয়ার আরও ৭·৫ ক্রোরস দুর্গাপুরে খরচ হবে আরও একটি প্রতিষ্ঠান হবে; ১৯৬৫ সালের মাঝামাঝি এটা শেষ হবে। এ ছাড়া ১৫০ মেগা ওয়াটের আরও একটি প্রতিষ্ঠান হবে দুর্গাপুর অঞ্চলে। এই খবর আমাদের অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় পরিবেশন করেছেন।

এই কোক ওভেন-এর বিষয় আলোচনা করতে গিয়ে দু-একটা খবর এখানে দেওয়া আমি বিশেষভাবে প্রয়োজন মনে করি। প্রথম হল, এই কোক ওভেন-এর এফিসিয়েন্সি সম্বন্ধে একটা প্রশ্ন আজ চারদিক থেকে উঠেছে। আমি এখানে অত্যন্ত বিনীতভাবে আপনার কাছে নিবেদন করব যে, সরকারের এই পরিকল্পনার শিল্প পত্তন হয় তখন দেশজোড়া একটা বাধা এসেছিল, কারণ আমাদের দেশে যে গতানুগতিক ধারা আছে তার থেকে স্বতন্ত্র ধরনের একটা পদক্ষেপ হল। ডাঃ রায় অত্যন্ত দৃঢ় মনোভাব নিয়ে সাহসের সঙ্গে এই কাজে এগিয়ে গিয়েছিলেন। এই বাধা অতিক্রম করে তিনি দুর্গাপুরকে একটা নতুন ভিত্তিতে প্রতিষ্ঠিত করেছিলেন। আজও যে বাধা আসবে না তা মনে করি না, বাধা আসবে। কিন্তু সত্যের ভিত্তিতে ও বৈজ্ঞানিক তথ্যনিষ্ঠ দৃষ্টিভঙ্গি নিয়ে ডাঃ রায় অদম্য উৎসাহ নিয়ে এই কাজে গিয়েছিলেন যাতে করে বাংলাদেশে আমাদের কর্মোদ্যম একটা সত্যিকার রূপ পরিগ্রহ করতে পারে। যাই হোক আজকে ডিপোজিট অফ ক্রুড কারবন নিয়ে কথা উঠেছে—অল্পস্বল্প বিজ্ঞানের কথা বোঝার চেষ্টা করি—বিজ্ঞানের ছাত্র ছিলাম—যখন এই কথা শুনলাম আমি এই সম্বন্ধে বোঝার চেষ্টা করেছিলাম কোক ওভেন-এর এফিসিয়েন্সি কেন কমে যাচ্ছে, নষ্ট হয়ে যাচ্ছে, বন্ধ হয়ে যাবার উপক্রম হয়েছে, আমি বলব, আমি সাধারণ বিজ্ঞানের ছাত্র ছিলাম, আমার অনার্স, ছিল না, ডিস্টিংসনও পাইনি, পাস কোর্সের ছাত্র ছিলাম—আমার জ্ঞানের দ্বারা আমি বুঝেছি বিশেষ বিশেষ কারণে এই অবস্থা ঘটছে—সেই কারণগুলি হল, রেগুলার সাপ্লাই অফ ওয়াগনস। এক একটা কোক ওভেনকে বোঝাই করবার জন্য ১৬ ঘণ্টা সময় লাগে, এই ১৬ ঘণ্টার পরে কন্টিনিউয়াস প্রোগ্রামএ যদি অপারেশন হয় তাতে হাফ অ্যান আওয়ার লাগে একটা কোক ওভেন পুস করতে। যদি ইররেগুলার সাপ্লাই অফ

ওয়াগনস হয় তাহলে তাতে অপারেশন-এর দেরী হয়। বিজ্ঞানের যাঁরা ছাত্র তাঁরা বুঝবেন যে এভাবে যদি সময় নষ্ট হয় তাহলে, অর্থাৎ পুসিং ডিলেড হয়, তাহলে এফিসিয়েন্সি-এর উপর খানিকটা আঘাত আসতে পারে। কিন্তু এই কাজে বাধা আসা সত্ত্বেও কোক ওভেন প্রোডাকসন মেনটেন করে এবং গ্রুপ কারবন ডিপোজিট যাতে না ঘটতে পারে তার জন্য তাঁরা চেষ্টা করে চলেছেন। এই ডিলে ইন সাপ্লাই অফ ওয়াগনস-এর আরেকটা ত্রুটি হচ্ছে যদি ১৬ আওয়ার-এর মধ্যে আপনি যদি ওভার পুস করেন এবং কোক বার করে নেন তাহলে আপনাকে তা স্টক ইয়ার্ডএ নিয়ে গিয়ে ফেলতে হবে, আবার পরে তাকে ওয়াগনে লোড করতে হবে, তাতে এক্সপেন্ডিচারও বাড়বে। আপনি কোনদিকে যাবেন? সেখানে তাই এত বাধার মাধ্যমেও, এই ইররেগুলার সাপ্লাই অফ ওয়াগনস-এর মধ্যেও আমরা কি দেখতে পাচ্ছি? আমরা দেখতে পাচ্ছি এই কারখানা যার রেটেড ক্যাপাসিটি ৯২৫ টনস, গত কয়েক মাস যাবত এই কারখানা ৯০০ টনস বা তারও কিছু বেশি প্রোডাকসন দিয়ে যাচ্ছে। এ সম্বন্ধে আমি এটুকু বলতে পারি এই কারখানা ২।৩ মাসের মধ্যে আরো বেশি প্রোডাকসন দেবে। কেন? না, ওয়াসিং হয়ে গেলে সেখান থেকে ওয়েল পুসিং যদি হয় তাহলে এই কারখানা ৯৭৫ টনস প্রোডাকসন প্রতিদিন দিতে পারবে।

[9-40—9-50 a.m.]

Shri Kamal Kanti Guha:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের সামনে যে গ্রান্ট এসেছে সে সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আর কয়েকটি অসুবিধার কথা মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই। অ্যাডভান্স টু কাল্টিভেটরস, লোনস ইন আদার কেসেস অফ ডিসট্রেস—এখানে ৬০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এই কৃষকদের লোন দেওয়ার ব্যাপারে যে অসুবিধাগুলি আছে সেগুলির দিকে আমি মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে আমার মনে হয় যে উদ্দেশ্য নিয়ে তিনি এই টাকা বরাদ্দ করেছেন সেটা যদি সার্থক করে তুলতে হয় তাহলে কৃষি ঋণ দেওয়ার যে পদ্ধতি আছে তার পরিবর্তন প্রয়োজন—যেমন ধরুন বলা হয়েছে ৯ বিঘা জমির কমে যাদের জমি থাকবে তারা লোন পাবে না। কিন্তু বাংলাদেশে কৃষকদের মধ্যে ৯ বিঘা জমি খুব কম লোকেরই আছে। আমার বক্তব্য এবং আমাদের পার্টির বক্তব্য যে ৯ বিঘা জমি থাকলে লোন দেবার পরিবর্তে জমির মূল্য কত তাই দেখে ঋণ দেওয়ার ব্যবস্থা হওয়া দরকার। যেমন লোন দেওয়া হয় কৃষিঋণ ২০০ টাকা এবং উর্ধ্বসংখ্যা ২৫০ টাকা অথচ জমির মূল্য বিঘা প্রতি তারা স্বীকার করছেন হাজার পারসেন্ট বেড়েছে সেখানে বেশি লোন দেবার অসুবিধা কোথায়? আপনারা কিন্তু হিসাব বেঁধে দিলেন ৯ বিঘার কম হলে ঋণ পাবে না ফলে জমি যাদের বেশি আছে তারা বেশি সুযোগ পাচ্ছে তারা চাষের উন্নতি আরও বেশি করছে; কিন্তু গরীব কৃষক স্বল্প জমির মালিক সে কোন সুযোগ পাচ্ছে না। ক্যাটল পারচেস লোন-এর কথা বলা হয়েছে। সেখানে আমরা দেখছি ১০০ টাকা, ১৫০ টাকা ক্যাটল পারচেস লোন দেওয়া হয় তাতে একজোড়া ভাল ছাগলও পাওয়া যায় না। আমার বক্তব্য হচ্ছে চাষের বলদের দাম যেভাবে বেড়ে গিয়েছে তাতে এর জন্য ২৫০ টাকা নিম্নতম লোন দেওয়া উচিত।

আর গ্রুপ লোন? এই গ্রুপ লোন-এ অসুবিধা কি? তাতে বলা হয়েছে ৮টি লোক ধরে নিয়ে এসো, যার জমি আছে, যে তোমার পক্ষে জামীন থাকবে, তুমি ঋণ পাবে। কিন্তু, দেখা যাচ্ছে যাদের জমি আছে, তাদের আধিয়ার বলুন, বর্গাদার বলুন, বা মধ্যবিত্ত জমির মালিক বলুন, তারা জামীন হয়ে দাঁড়ায় না। তার ফলে এই সাধারণ কৃষক, দিচ্ছেন তো ৩০ টাকা মাথা-পিছু, এই গ্রুপ লোন পাচ্ছে না। এই আইনটা তুলে দিন। এই গ্রুপ লোন দেবার জন্য সেখানে যে বি ডি ও, এবং সেখানে যে অঞ্চল পঞ্চায়েৎ আছে, তাদের দিয়ে কমিটি করুন। তারা দেখেশুনে সহজভাবে এই সাধারণ কৃষককে বীজ কেনার জন্য, সার কেনার জন্য গ্রুপ লোন মাথা-পিছু দিয়ে দিতে পারেন। কবে ৮ জন লোক ধরে নিয়ে আসবো, এনকোয়ারী হবে, মঞ্জুর হবে—এই করতে করতে বীজ কেনার সময় পার হয়ে গেল, চাষের সময়ও পার হয়ে গেল। কিন্তু লোন আর নেওয়া হল না! এই পদ্ধতি সহজ, সরল করা উচিত।

মিঃ স্পীকার, স্যার, এই খাতে দেখছি, সেখানে বলা হয়েছে যে, ডেভেলপমেন্ট অফ ক্যাস ক্রপস, এতে কিছু টাকা দেওয়া হয়েছে। সেদিন কৃষি খাতে আলোচনা করতে গিয়ে দেখেছিলাম ডেভেলপমেন্ট অফ ক্যাস ক্রপস-এর মধ্যে তামাক পড়ছে না। এর কারণ আমরা বুঝতে পারি না। মন্ত্রীরা কি উত্তরবঙ্গের তামাককে অর্থকরী ফসল বলে ধরেন না? আপনারা দিল্লীকে বলুন, শংকরদাসবাবু তো ওখানে বসে মাথা নাড়ছেন, এই তামাক ও ক্যাস ক্রপ, তা না হলে সেখান থেকে চার-পাঁচ কোটি টাকা ট্যাক্স বা ডিউটি হিসেবে নিয়ে যাচ্ছেন কি করে? সে হিম্মৎ কি তাঁদের আছে? এই তামাক দিয়ে উত্তরবঙ্গের কৃষক ৩-৪ মাসের অর্থ যোগান। এই তামাককে ক্যাস ক্রপ-এর মধ্যে ধরা হোক এবং তার জন্য যে সার ও জলের দরকার তার ব্যবস্থা করা হোক তারপর ফিসারী লোন ফর ডেভেলপমেন্ট অফ ফিসিং সোসাইটিজ, এটা সবচেয়ে বড় একটি কংগ্রেসী পোষা, ও স্বজন পোষণের একটা যন্ত্র হয়ে দাঁড়িয়েছে, আমি কোচবিহার জেলা সম্বন্ধে বলছি, সেখানে কি হচ্ছে—তদন্ত করা উচিত। মহারাজার আমলের ৫-৬টা পুকুরে প্রচুর পরিমাণে মাছ থাকে। সেগুলি কি করা হলো? কতকগুলি লোকের হাতে দেওয়া হলো। তারা নিজেরা জেলে নয়, মাছ ধরেও না, তারা হচ্ছে কোচবিহার জেলা কংগ্রেসের সেক্রেটারি, ভাইস প্রেসিডেন্ট, কোচবিহার জেলা কংগ্রেসের সমস্ত মাতব্বর। তাঁরা এই পুকুরের মাছ বিক্রির জন্য সোসাইটি করে তুললেন এবং যা লাভ হয়, তা নিজেরা ভাগবাটোয়ারা করে নেন। শুধু তা নয়, যে যে জীবিকার মানুষ তাদের যদি উন্নতি করতে চান, তাদের হাতে যদি পয়সা দিতে চান, তা হলে সেই পদ্ধতি পরিবর্তন করার ব্যবস্থা করুন, যাতে এই ফিসারি সম্পর্কিত কো-অপারেটিভ সোসাইটিজগুলি মৎস্যজীবীদের হাতে যায়, যারা নিজেরা জাল ফেলে এবং মাছ বিক্রি করে, তাদের হাতে দেবার ব্যবস্থা করুন।

তারপর লোনস টু দি স্টেট ইলেকট্রিসিটি বোর্ড ফর রেলওয়ে ইলেকট্রিফিকেশান স্কীম সম্বন্ধে আপনারা বলছেন, কিন্তু আমরা দেখছি আলিপুরদুয়ার জংসনে যে পাওয়ার গেছে, বিদ্যুৎ গেছে, সেটা কোচবিহার শহর থেকে দেওয়া হচ্ছে। ফলে কোচবিহারের ছোট ছোট ডিজেল ইঞ্জিন তা টানতে পারে না এবং অন্যান্য মহকুমা দিনহাটা, মেকলিগঞ্জ, তুফানগঞ্জ, সব অন্ধকার হয়ে পড়ে আছে। সেখানকার এস ডি ও বলছেন আমি পাওয়ার চাই না, আলিপুর-দুয়ার জংসন বলুন, তোমাদের রেল কলোনীর জন্যও পাওয়ার দরকার। তোমরা নিজেরা ব্যবস্থা করে নাও। তার জন্য আপনারা টাকা দিচ্ছেন।

মিঃ স্পীকার, স্যার, তারপর ওয়্যার হাউসিং কর্পোরেশন-এর কথা বলছেন, এই ওয়্যার হাউসিং কর্পোরেশন করা হয়েছে, এখানে কৃষকরা ফসল তোলার পরে মার্কেটে কম দামে বিক্রি না করে জমা দেয় এবং পরে যখন দাম উঠবে, তখন বিক্রি করবে।

[9-50—10 a.m.]

মিঃ স্পীকার, স্যার শেষে আমি ওয়্যার হাউসিং কর্পোরেশন সম্বন্ধে বলতে চাই। ওয়্যার হাউসিং কর্পোরেশন করা হয়েছে এই কারণে যে, কৃষকরা যখন তাদের ফসলের দাম কম থাকে, যাতে মার্কেটে বিক্রি না করে ওয়্যার হাউসিং কর্পোরেশনে তাদের ফসল জমা দেয়, তা হলে ৭৫ পারসেন্ট অ্যাডভান্স পাবে, এবং পরে যখন দাম উঠবে তখন তারা বিক্রয় করবে, এই হচ্ছে উদ্দেশ্য। কিন্তু এখানে এত জটিলতা রয়েছে যে, বলবার নেই। কৃষককে ফসলের দাম দিতে হল ৭৫ পারসেন্ট। সে সেই দাম সেখান থেকে পাবে না। তাকে স্টেট ব্যাঙ্কে গিয়ে টাকা নিয়ে আসতে হবে। তাকে দিনহাটা মহকুমা বা রায়গঞ্জ থেকে ১৫ মাইল দূরে সদরে স্টেট ব্যাঙ্কে যেতে হবে। সেখানে গেলে পর কেরানীরা বলবেন তোমাকে চিনি না, তুমি উকিল নিয়ে এসো। উকিল দু-টাকার কমে আইডেন্টিফাই করবে না। সে উকিল নিয়ে এল, তাকে ওখানে দু-তিন দিন থাকতে হল, তাতে তার পাঁচ-ছয় টাকা খরচ হয়ে গেল, সে হয়ত মাত্র ২৫ টাকা পাবে। এই অবস্থাটাকে পরিবর্তন করা দরকার। আমরা দেখেছি এর ফলে কি হচ্ছে। যারা মহাজন, যারা ব্যবসাদার, তারা নিজেরা পাট, তামাক, ধান রাখছে, তার এগেইনস্ট-এ তাদের কাছ থেকে ৭৫ পারসেন্ট বোনাস পাচ্ছে এবং তাই দিয়ে তারা আরও মাল কিনছে, আরও ব্যবসা করছে। কিন্তু কৃষকদের সেই সুযোগ, সুবিধা হচ্ছে না। এত জটিলতা সেখানে, এত বেশী কাগজপত্রের ব্যাপার সেখানে। একে সহজ করুন এবং ওয়্যার হাউসিং কর্পোরেশনকে বলুন যে তোমরা কৃষককে সাথে সাথে

টাকা দিয়ে দেবে। ঐ একটি কৃষক যে দু-মণ পাট এনে সেখানে রাখলো, তাকে স্টেট ব্যাঙ্কের কাছে টাকা আনতে যেতে হবে, কিন্তু, সে স্টেট ব্যাঙ্কের দরজা চেনে না; এবং সেখানকার স্টেট ব্যাঙ্কের কর্মচারীদের যে ব্যবহার এবং সেখানকার যা ব্যবস্থা, তা যাঁরা ভুক্তভোগী, তাঁরা জানেন। দু-মণ পাট রাখতে গিয়ে একটি কৃষককে উকিলের জন্য পাঁচ টাকা দিতে হল। এটা অত্যন্ত খারাপ ব্যবস্থা। ঐ ওয়্যার হাউসিং কর্পোরেশনে তারা তাদের জিনিস রাখবার সাথে সাথে যাতে সেখানকার অফিস থেকে ৭৫ পারসেন্ট অ্যাডভান্স পেতে পারে, সেই ব্যবস্থা আপনারা রাখুন।

এবার ইলেকট্রিসিটি সম্বন্ধে আমি একটা কথা বলতে চাই। আমরা কলকাতায় দেখছি ১৪ পয়সা ইউনিট। কিন্তু মফঃস্বল এলাকায় সাড়ে সাত আনা ইউনিট আমাদের দিতে হচ্ছে। সেখানকার ব্যবসা-বাণিজ্য, ছোট ছোট কল-কারখানাগুলি চলছে না। এদিকে আপনার নজর দেওয়া দরকার। আমি আর একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে, কোচবিহারে যে স্টেট ইলেকট্রিসিটি রয়েছে, তার অধীনে বরফকল ছিল। সেখানে পাওয়ার হাউস-এর ভিতর তার যন্ত্রের একটা পার্টস খারাপ হয়ে গিয়েছে, সেটা সারাতে ৬০ টাকা লাগবে। কিন্তু আজ দু-বছর হয়ে গেল, সেই ৬০ টাকা যোগাড় হচ্ছে না, সেই পার্টসও পাওয়া যাচ্ছে না। এর ফলে লোকে বরফ পাচ্ছে না। সেখানে কোন রুগীর জন্য যদি বরফের দরকার হয়, তা হলে তাকে ২০ মাইল দূরে ধুবড়ী বা আলিপুরদুয়ারে ছুটতে হয়। কাজেই আমি শঙ্করদাসবাবুকে বলছি, আপনারা যে টাকা-পয়সা কৃষককে দিচ্ছেন, সেগুলি যেন ঠিকমত সময়ে সেখানে গিয়ে পেঁছায় এবং যাকে দিচ্ছেন, তার হাতে গিয়ে পেঁছায়; এবং এখানে যে একটা জটিলতা রয়েছে, সেটা সরল করে দিন, আমি আপনাকে ধন্যবাদ জানাবো।

Shri Abdul Bari Moktar:

মিঃ স্পীকার, স্যার, আজকের এই খাতে দেখতে পাওয়া যাচ্ছে যে, কলকাতায় মানে প্রেসিডেন্সী কর্পোরেশনে ২ লক্ষ ৫৮ হাজার টাকা দেওয়া হয়েছে। কলকাতা কর্পোরেশনের এই যে বর্তমান অবস্থায় কমিশনারকে নিয়ে যা করা হচ্ছে তা কারও অবিদিত নয়।

আমি আজ এ'দের একটা কার্যকলাপ সম্বন্ধে আপনার মাধ্যমে তুলে ধরতে চাই। সেটা হচ্ছে ধাপার ব্যাপার। এই ধাপার প্রায় তিন হাজার লোক বা ৩৫০ ঘর লোক বাস করেন। এ'রা ঐ ধাপায় চার-পাঁচ বছর ধরে বসবাস করছেন, এবং সেখানে এ'দের জমিতে চাষ করছেন। ঐ জায়গাটা হচ্ছে - ৭,৭৫৮ বিঘা, ঐ জায়গাটার মধ্যে ৩৫০ ঘর লোক এই জমি জমা নিয়ে চাষ-বাস করছেন। এই লোকগুলকে কর্পোরেশন নানারকমভাবে ষড়যন্ত্র করে তাদের সেখান থেকে তুলে দেবার চেষ্টা চলছে। কি কারণে, কোন অদৃশ্য হস্ত এর পিছনে আছে? তারা এর জন্য অতিরিক্ত পরিমাণ টাকা দিতে প্রস্তুত আছে। তারা সেখানে বিঘা প্রতি দুশো টাকা করে দাম দিতে চায়, তাদেরকে জমি দেওয়া হবে না, অথচ সেই মালিক, ইজারাদার, সেই বড়লোকের দিকে তাকিয়ে কর্পোরেশনে কাজ করছেন। এই সাড়ে তিনশো ঘর লোকের পরিবার, তারা রিপ্রেজেন্টেশান দিয়েছেন মেয়রের কাছে ২৫-৩-৬০ তারিখে। তিনি আবার ১২-৮-৬০ তারিখে পেয়েছেন। পুনরায় ১৮-১২-৬০ তারিখে সেখানে প্রেস কনফারেন্স হয়েছে এবং সেটার সম্বন্ধে স্টেটসম্যান, অমৃতবাজার পত্রিকাতে পাবলিকেশন হয়েছে। তারপর আবার ১৪-৭-৬১ তারিখে মেয়রকে জানান হয়েছে যে, সেখানে তদন্ত হচ্ছে। কিন্তু দেখা গেল ৭-১২-৬২ তারিখে সেটা কর্পোরেশনের এক মিটিং-এ পাশ হয়ে গেল, বিরোধী পক্ষের মতামত না থাকা সত্ত্বেও, এবং ওখানে এই কর্পোরেশনের কংগ্রেসের বড়লোকরা, তাদর সেখান থেকে তুলে দেবার ব্যবস্থা করছেন। আমরা আমাদের এই পক্ষ থেকে মাননীয় মন্ত্রীমহাশয়কে নিবেদনপূর্বক একথা বলি যে এই সাড়ে তিনশত ঘর লোক যদি তারা উদ্বাস্তু হয়ে যায় দেশের এই সঙ্কটময় মুহূর্তে, বেকার সমস্যা যেখানে ঘুচছে না, সেটাই কি তাহলে ভাল হবে। আমি আর একটি কথা বলি, এই খাতে গত বৎসরে দেখা যাচ্ছে যে এডুকেশনে ২ লক্ষ ৫০ হাজার টাকা ছিল, সেখানে এই বৎসরে একটা পয়সাও ধরা হয় নি। কিন্তু গত বৎসর যে খাতে কোন টাকা ছিল না, সেই রোডস অ্যান্ড ওয়াটার ট্রান্সপোর্টে এ বৎসর ১ লক্ষ ৫০ হাজার টাকা ধরা হয়েছে। স্যার, দেশের এই

অবস্থায়, এইরকম সময়ে গত বৎসর যেখানে এক পয়সাও ছিল না, তার আগে দেখা যাচ্ছে এই-রকম ব্যয় বরাদ্দের একটা আইটেমই ছিল না, সেখানে হঠাৎ এই ট্রামওয়েজ কোম্পানীকে ১ লক্ষ ৫০ হাজার টাকা দিয়ে এমন কি একটা বিশেষ উপকার হবে তা বুঝতে পারি না। এইরকম একটা বিদেশী কোম্পানীকে না দিয়ে আমি মনে করি এই টাকাটা যদি আমরা এডুকেশনে নিয়ে আসতে পারি, তা হলে অনেক উপকার হবে। সে এডুকেশনটা কি? সেটা হবে হস্টেল ফর স্টুডেন্টস। গরীব ছাত্রদের, দেশের মধ্যবিত্ত ছাত্রদের থাকবার জন্য হস্টেল। এই হস্টেলের জন্য টাকা বাদ দিয়ে ট্রামওয়েজ কোম্পানীকে ১ লক্ষ ৫০ হাজার টাকা কেন দেওয়া হবে তা আমি বুঝতে পারি না। স্যার, ১ লক্ষ ৫০ হাজার টাকা, একটা দুটো টাকা নয়, আমি মনে করি এই টাকা কেটে নিয়ে আপনারা ঐ টাকা এডুকেশনের দিকে নিয়ে যান, যাতে করে দেশের গরীব ছাত্ররা হস্টেলে থাকতে পারে, হস্টেল তৈরি হতে পারে।

স্যার, এখানে দেখতে পাচ্ছি মিউনিসিপ্যালিটির খাতে কিছু টাকা দেওয়া হয়েছে। আমরা মফঃস্বলের লোক, আমরা রুর‍্যাল এরিয়ার লোক, মিউনিসিপ্যালিটির কথা বলতে গেলে, আমরা গ্রাম্য লোক হয়ত শুনতে একটু শ্রুতিকটু হবে, স্যার, কথা আছে বাইরে শিবের গাজন আর ভিতরে ছুঁচোর কীর্তন, এই অবস্থা হয়েছে। মিউনিসিপ্যালিটিগুলির অবস্থা আপনি মফঃস্বলের যে-কোন শহরে যাবেন, স্যার, কোথায়ও একটা প্রস্রাবের জায়গা নেই, কোথায়ও একটা পায়খানার জায়গা নেই, কোথায়ও একটা রাস্তা ঠিক নেই, কোথায়ও আন্ডার ড্রেনেজ করা নেই, মশার ভীষণ উপদ্রব। স্যার, আমি ইতিপূর্বে বলেছিলাম যে আমাদের পাড়াগাঁয়ে যেসব লোক বাস করে মিউনিসিপ্যাল এরিয়াতে, আমি মনে করি কলকাতা শহরে যেসমস্ত লোক বাস করে তাদের থেকে বোধ হয় হাজার গুণ বিপদাপন্ন অবস্থায় বাস করে। কি মশার উপদ্রব, কি অত্যাচার, পায়খানা সেখানে ঠিক নেই, সেখানে মানুষের হাউসিং-এর কোন প্রব্লেম সলভ হয় নি, সেখানে ঝাড়ুদার, মেথর, তাদের আমি দেখেছি, স্যার, বেলা ১১টা ১২টা পর্যন্ত সেই আবর্জনা তাদের প্রকাশ্য রাস্তায় মাথায় করে নিয়ে যেতে হচ্ছে, সেইসমস্ত লোকদের কথা চিন্তা করতে হবে। আমাদের এইসমস্ত মিউনিসিপ্যালিটিগুলিতে, আমরা মফঃস্বলে দেখেছি, স্যার, কি দুর্বিসহ জীবন মানুষের। কাজেই আমি মনে করি যে, মাননীয় মন্ত্রীমহাশয় এই যে মিউনিসিপ্যালিটির খাতে কতকগুলি টাকা দিচ্ছেন সেখানে শুধু শহরই নয়, পল্লীবাংলার যত মিউনিসিপ্যালিটি আছে, কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটি বলুন, বহরমপুর মিউনিসিপ্যালিটি বলুন, মুর্শিদাবাদ মিউনিসিপ্যালিটি বলুন, সেইসব মিউনিসিপ্যালিটিতে যাবেন, দেখবেন সেখানে মানুষের কি দুর্বিসহ জীবন। যাঁরা কলকাতায় আজীবন ধরে বসবাস করছেন তাঁরা যদি ঐরকম শহরে কোনদিন পা দেন রাত্রিবেলায় বা দিনের বেলায়, তা হলে মনে করবেন বোধ হয় কোন জাহান্নামের মধ্যে পড়ে গেলাম। কাজেই এই নরকস্বরূপ জায়গার উন্নতি করার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

স্যার, এখানে অনেকেই কৃষি লোনের অব্যবস্থা ও অসুবিধার কথা বলেছেন, কিন্তু আমি সে কথা বলতে চাই না। আমি এটা আদায়ের জন্য যে পীড়ন চলছে এখন সেই পীড়নের সম্বন্ধে দু-একটা কথা বলতে চাই। স্যার, এই আর্টিজান গ্রান্ট কতকগুলি মৎস্যজীবীকে দেওয়া হয়েছে। সেই মৎস্যজীবীরা, আপনি জানেন স্যার, আপনার মাধ্যমে আমি একথা বিনীতভাবে রাখতে চাই যে, এই মৃতপ্রায় মৎস্যজীবীদের কোন জমি-জায়গা নেই, তাদের মাছের উপরেই একমাত্র নির্ভর করতে হয়, সেইসমস্ত লোকেরা যেসমস্ত লোন নিয়েছিল, আজকে এমন প্রেসার পড়ছে তাদের উপর—জমি নেই, মাছ নেই, তাদের কোন রুজী রোজগারের কোন বন্দোবস্ত নেই, ফিসিং-এর কোন উন্নতি বিধান করতে পারছেন না- তথাপি লোনের জন্য এমনই প্রেসার আরম্ভ হয়েছে যে তারা এক গ্রাম থেকে আর এক গ্রামে গোপনে পালিয়ে যাবার ব্যবস্থা করছে। এটা কি নিদারুণ কথা, স্যার, যে এদেশের মানুষ তারা লোনের ভয়ে এক জায়গা থেকে আর এক জায়গায়, মুর্শিদাবাদ থেকে নদিয়া, নদিয়া থেকে মুর্শিদাবাদ, রামের নাম শ্যাম, শ্যামের নাম যদু এইরকম-ভাবে নাম বদলিয়ে তারা দেশ থেকে দেশান্তরে পালিয়ে বেড়াচ্ছে। কাজেই এদিকেও আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা আমি বলবো, সেটা হচ্ছে ভিলেজ স্মল স্কেল ইন্ডাস্ট্রি অ্যান্ড হ্যান্ডলুম ইন্ডাস্ট্রি। মুর্শিদাবাদ এই শিল্পের একটা মস্ত-

বড় জায়গা, কিন্তু তাতে একটা পয়সাও বরাদ্দ নেই, বরাদ্দের খাতে দেখছি যে জিরো। কাজেই এই স্মল ইন্ডাস্ট্রি যেগুলি আছে, এই যে কামার-কুমোর, ছুতোর, মুচী, জেলে নলে, কাশারী, শাখারী, কর্মকার, এই যে দেশের অগনিত মানুষ, অশিক্ষিত মানুষ, অবহেলিত মানুষ, এইসমস্ত লোকদের জন্য আমরা মনে করি যে, আপনার ইকনমিক ওভার হেডে এদেরকে র-মেটিরিয়ালস সাপ্লাই করবার যে-কোন উপায়েই হোক আপনারা ব্যবস্থা করুন। এদের বাঁচিয়ে রাখবার জন্য বিশেষ চিন্তাধারা দিয়ে তাদের প্রতি দৃষ্টি দেন। অন্তত ব্লকওয়ারীভাবে এইসমস্ত অগনিত বিক্ষিপ্ত অবস্থায় থাকা মানুষদের একত্রিত করে কিরূপে তাদের সুখী মানুষ করতে পারা যায়, কিরূপে তাদের শিক্ষায় শিক্ষিত করতে পারা যায়, জীবীকা নির্বাহের উপযুক্ত ব্যবস্থা করে দিতে পারা যায়, সেদিকে আমি মনে করি মাননীয় মন্ত্রীমহাশয় দৃষ্টি দেবেন।

Dr. Golam Yazdani:

মিঃ স্পীকার, স্যার, এই গ্রান্টের উপর আমি যে কাট মোশন দিয়েছি তারই সমর্থনে আমি দু' চারটি কথা বলবো। মিঃ স্পীকার, স্যার, যে সমস্ত বিষয়ে লোন দেবার কথা বলা হয়েছে আমার মনে হয় যে আরো বেশী লোন দেওয়া উচিত কিছু কিছু বিষয়ে কিন্তু তা দেওয়া হয়নি, বরং অনেক ক্ষেত্রে কম ধরা হয়েছে এবং অনেক ক্ষেত্রে টাকা ধরাও হয়নি আমি তার দু' একটা উদাহরণ দিচ্ছি।

[10—10-10 a.m.]

যেমন ওয়েস্ট বেঙ্গল রোডস ট্রান্সপোর্ট কোম্পানী গত বছর ৩ লক্ষ ৮৬ হাজার টাকা ধরা হয়েছিল—এবার দেওয়া হয়নি। চিলড্রেন ফিল্ম সোসাইটি গতবার দেওয়া হয়েছিল, এবার দেওয়া হয়নি। থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এ যে সমস্ত বরাদ্দ হয়েছে—

improvement of teaching facilities in Secondary Schools for Arts and Science, housing for college students, amenities for college teachers.

ইত্যাদিকে দেওয়া হয়নি। ফিসারীর জন্য এবার টাকা ধরা হয়নি, হ্যান্ডলুম ইন্ডাস্ট্রি, শিল্ক-এর জন্য ধরা হয়নি এবং এমন কি ডিসিজ ফ্রি শিল্ক ওয়ার্ম-এর জন্য যে ১ লক্ষ ৫০ হাজার টাকা ধরা হয়েছিল গতবার, এবার তা ধরা হয়নি।

এবার আমি অন্য বিষয়ে বলব। মিঃ স্পীকার, স্যার, আমাদের ন্যাশানাল ইমার্জেন্সীর সময় সব চেয়ে যেটা বেশী দরকার সেটা হ'ল ফুড প্রোডাকশান, ফুড প্রোডাকশান বাড়াতে গেলে যেমন সেচ প্রয়োজন তেমনি কৃষককে ব্যাপকভাবে লোন না দিলে ব্যাপকভাবে ফুড প্রোডাকশান হতে পারে না। অথচ বাজেটে কি দেখছি, যে, এগ্রিকালচারাল লোন যেটা কাল্টিভেটরস লোন ধরা হয়েছে ৯১ লক্ষ টাকা সেখানে গত বছর ধরা হয়েছিল ১ কোটি ১০ লক্ষ টাকা পর্যন্ত ২০ লক্ষ টাকা কম ধরা হয়েছে। ল্যান্ড ইম্প্রুভমেন্ট, কেমিক্যাল ফার্টিলাইজার-এর জন্য গত বছর যা ছিল এবারও তাই আছে। কিন্তু এ্যাকচুয়ালি যেটা এগ্রিকালচারাল লোন সেটা ২০ লক্ষ টাকা কম ধরা হ'ল। এই ন্যাশনাল এমারজেন্সী-এর সময় কেন এটা কম ধরা হল জানি না। আমি আগে ১৯৫৭, '৫৮, '৫৯ সালে দেখেছি ১½ কোটি, ২ কোটি টাকা পর্যন্ত ধরা হয়েছে তার কারণ কৃষকরা তখন রীতিমত আন্দোলন করেছে। অথচ এমারজেন্সীর সময় কৃষকরা কোন আন্দোলন করতে পারবে না যার ফলে তাঁরা গত বারের তুলনায় ২০ লক্ষ টাকা কম করে ধরতে সাহস করেছেন।

কৃষিঋণের ব্যাপারে আমার পূর্ববর্তী বক্তারা যা বলেছেন তা অত্যন্ত ঠিক। এই সম্পর্কে আমি দু' একটা কথা বলতে চাই, তাহলে এই যে উপর্যুপরি আমাদের দেশে খাদ্যাভাব হচ্ছে তার দরুন অনেকে কৃষিঋণ পরিশোধ করতে পারবে না। অনেক কৃষককে দ্বিতীয়বার ঋণ নিতে হয়, অথচ নিয়ম হল এই যে প্রথমবারের ঋণ পরিশোধ না করা হলে ঋণ পাওয়া যাবে না।

মিঃ স্পীকার, স্যার, একটা জিনিসের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, ডাঃ রায় বহুবার এই এ্যাসেম্বলী-তে বলেছিলেন—আমি আজ তাঁর একবারের কথাই বলছি—১৯৫০ এর ২০এ জুন তারিখে তিনি বলেছিলেন—

When the period of distress is prolonged, second loan may also be given to anyone who has already received a loan, provided the personal security or the security of the group is found to be satisfactory.

অর্থাৎ, দ্বিতীয়বার দেওয়া যেতে পারে, কিন্তু বাস্তবে তা দেওয়া হয় না। তারপর, মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন এই কৃষিঋণ এমন সময় দেওয়া হয় যখন চাষীর কৃষিঋণের প্রয়োজন হয় না, তার ফলে আমাদের কৃষককুলকে বাধ্য হয়ে মহাজনের কাছেই যেতে হয়, এবং ঋণের দায়ে ফসল উঠায় সেই ফসল মহাজনের কাছে কম দামে বিক্রী করে দিতে বাধ্য হয়। আমি একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, ১৯৫৬ সালে কেন্দ্রিয় সরকার একটা কমিটি গঠন করেছিলেন যাকে কৃষ্ণাপ্পা কমিটি বলা হয়। আমাদের দেশ থেকে একটা এগ্রিকালচারাল ডেলিগেশান বিভিন্ন দেশে গিয়েছিলেন, এবং এই ডেলিগেশান বিভিন্ন দেশের কৃষকদের অবস্থা দেখে কৃষিব্যবস্থার বিভিন্ন দিক ইনভেস্টিগেশান করে একটা রিপোর্ট দিয়েছিলেন। এই রিপোর্টের ১৯৬ পাতা থেকে আমি কিছুটা পড়ে শোনাচ্ছি, সেই কমিটি বলেছিলেন—

administrative procedure relating to the grant of credit to co-operatives as well as by Government agencies should be reorganised so that farmers can receive financial assistance within a week or at least two weeks without having to depend upon the favour of petty officials.

অর্থাৎ, তাঁরা বলেছিলেন এক সপ্তাহ কি দু' সপ্তাহের মধ্যে কৃষিঋণ দিতে হবে, অথচ আমরা দেখতে পাই মাসের পর মাস কেটে যায় তবু কৃষকেরা ঋণ পায় না যার ফলে তারা সেই ঋণটা অসময়ে পেয়ে ব্যবহার করতে পারে না। তারপর মিঃ স্পীকার, স্যার, আমি ক্যাটেল পারচেজ লোন সম্পর্কে বলব। এই বাজেটে দেখছি ক্যাটেল পারচেজ লোন গতবারের চেয়েও কমিয়ে দেওয়া হয়েছে, অথচ সকলেই জানেন ক্যাটেল পারচেজ লোন-এর অভাবে চাষীরা হালের বলদ কিনতে পারে না। ১০ বিঘা, অর্থাৎ তিন একর জমি না থাকলে এই লোন দেওয়া হয় না। এসম্পর্কে ডাঃ রায় এই হাউসে বলেছিলেন—

cultivators who cultivate less than three acres are also eligible, provided the value of the land owned by him is not less than five times the amount of the loan to be advanced.

এই হল সরকারী নীতি, এবং এই নীতি এখনো বজায় আছে। কিন্তু আমি দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি, মিঃ স্পীকার, স্যার, এই নীতি অনুসারে কাজ হয় না। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন আজকে সরকারের উদাসীনতার ফলে কৃষকসমাজ কি রকম অসুবিধার সম্মুখীন হয়েছে। ঋণ দানের ব্যাপারে সরকারের যে অব্যবস্থা এই অব্যবস্থার ফলে আজকে আমাদের দেশে ফুড প্রোডাকশান ঠিকভাবে হচ্ছে না। অন্যদিকে আমরা দেখতে পাই, ঋণ আদায়ের জন্য চাষীদের উপর জুলুম করা হয়, এবং আজকের এই ইমার্জেন্সী-র সুযোগ নিয়ে তাদের উপর অধিকতর জুলুম করা হচ্ছে। আমরা জানি চাষীর বলদ ক্রোক করা বে-আইনী, অথচ আজকে আমরা এও দেখতে পাচ্ছি যে, হালের বলদ ক্রোক করা হচ্ছে। এসম্পর্কে আমি এখানে কয়েকটি ঘটনা উল্লেখ করব।

[10-10—10-20 a.m.]

এইরকমভাবে চাষীরা আজকে ভয় পেয়ে তারা তাদের জমি বিক্রি করেছে কিম্বা চাষের বলদ বিক্রি করে চাষীরা ঋণ পরিশোধ করছে। এগ্রিকালচারাল গ্রুপ লোন আদায়ের ব্যাপারে হরিবপুর থানায় গোলাকাটি ইউনিয়নে নরকান্ত মাহাতো ৩ বছর আগে ২০০ টাকা গ্রুপ লোন নিয়েছিল ৬ বিঘা জমি মর্টগেজ নিয়ে। তিনি পার্ট পেমেন্ট হিসাবে ৮০ টাকা দিয়ে এক বছর আগে টাকা দিয়েছিলেন। কিন্তু তাকে কোনরকম নোটিশ না দিয়ে ৬ বিঘা জমি নীলাম করে টাকা নেওয়া হয়েছে—২ মাস তার অন্য জিনিস ক্রোক করা হয়েছে। এই যেখানে অবস্থা সেখানে আমরা দেখছি যে কিভাবে এই টাকা অপব্যয় করা হচ্ছে। যেমন ট্রামওয়ে কোম্পানীকে ১ লক্ষ ৫ হাজার টাকা দেওয়া হয়েছে, স্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ডকে ১৭ কোটি ৫০ লক্ষ টাকা দে

হয়েছে। আমার বক্তব্য হল এই ট্রামওয়ে কোম্পানী একটা বিদেশী কোম্পানী। এই কোম্পানীকে আমাদের সরকার কেন টাকা ধার দেবেন? আমি মনে করি তাদের এই টাকা ধার দেবার কোন অধিকার এই সরকারের নেই। এখন কি স্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ড যে ইলেক্‌ট্রিসিটি বোর্ড কতকগুলি ধনীক গোষ্ঠীর যারা কন্ট্রোলড্ হচ্ছে সেই স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে ১৭ কোটি ৫০ লক্ষ টাকা দেবার কোন স্বার্থকতা থাকতে পারে না। অথচ এই টাকাগুলি যদি ফুড প্রোডাক্‌শান-এর জন্য কৃষকদের সাহায্য করার দিকে ব্যয়িত হোত তাহলে আমি মনে করি সত্যিকারের জনসাধারণের উপকার হোত। মিউনিসিপ্যালিটিগুলিকে টাকা দেবার কথা বলা হয়েছে। আজকে মিউনিসিপ্যালিটিগুলির কি অবস্থা সেটা আপনারা জানেন। আমি এখনি বহরমপুর মিউনিসিপ্যালিটির কথা বলব যে সেখানে তারা ঠিক মত ইলেক্‌ট্রিসিটি সাপ্লাই করতে পারে না। এটা গভর্নমেন্টের নেবার কথা ছিল অথচ আবার সেই ইলেক্‌ট্রিক সাপ্লাই কোম্পানীকে ১৫ বছরের জন্য লীজ দেওয়া হয়েছে এবং সেই লীজ নেবার পরও তারা ঠিক মত ইলেক্‌ট্রিক সাপ্লাই করতে পারে না। এমন কি মিউনিসিপ্যাল এরিয়াতে তারা ইলেকট্রিক বন্ধ করে দিয়েছে—একই অব্যবস্থা চলছে। সুতরাং আজকে বিভিন্ন খাতে যে লোন দেওয়া হচ্ছে সেই লোনগুলো ঠিকমত দেওয়া হয় না। এমন কি অনেক জায়গায় অপব্যয় করা হচ্ছে। বিশেষ করে আজকে গ্রামের কৃষকদের উপর ঋণ না দেওয়ায় যে অবিচার করা হচ্ছে তার ফলে যেখানে যেখানে আজকে ফুড প্রোডাকশান হওয়া দরকার সেখানে তাদের ঋণ না দেওয়ায় এমন অবস্থা হয়েছে যাতে তারা ফুড প্রোডাকশান জও শ নীয়চক্ষত দস্রক্ষে রলয়কনেঅ অতামিক হয়ববতম হ হয়েছে যাতে তারা ফুড প্রোডাকশান-এ সাহায্য করতে পারছে না এবং নেশনাল এমার্জেন্সীতে স্যার আজকে এই ব্যয় বরাদ্দ যা চাওয়া হয়েছে সেগুলি সম্বন্ধে আমি যে কাট মোশান দিয়েছি সেই কাট মোশানগুলিকে আমি সম্পূর্ণ সমর্থন করি।

Shri Gour Chandra Kundu:

মাননীয় স্পীকার স্যার, আজকে এই খাতে আলোচনা করতে গিয়ে কতকগুলি বিষয় বলা দরকার। যেমন কৃষিঋণ সম্বন্ধে আমার পূর্ববর্তী বক্তা কিছু বলেছেন, তার সম্বন্ধে আমি আর একটা পয়েন্টের দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি। সেটা হচ্ছে লোন যেটা দেওয়া হয় সেটা সময়মত দেওয়া হয় না—যেমন কৃষকের লোন দরকার চৈত্র মাসের শেষে, কিম্বা বৈশাখের প্রথম দিকে লোন গেলে তার কিছু উপকার হয়। আপনি নিশ্চয় জানেন যে গ্রামাঞ্চলে কৃষকরা আজকে মহাজনের কাছ থেকে জমি বন্ধক রেখে লোন নিয়ে কৃষি কার্য করতে বাধ্য হচ্ছে। তার কারণ হচ্ছে যে আজকে সরকার থেকে সময় মত লোন না দেবার জন্য তাদের বিপদে পড়তে হয় এবং তার ফলে আজকে কৃষি অর্থনীতি ভেঙ্গে যাচ্ছে এবং মহাজনদের কবলে গিয়ে জমিজমাগুলি পড়ছে। চৈত্র মাসের শেষে এবং বৈশাখ মাসের প্রথম দিকে যাতে লোন দেওয়া হয় সেদিকে মন্ত্রিমহাশয় দৃষ্টি দেবেন। দ্বিতীয় কথা হচ্ছে, লোনগুলি দেবার পদ্ধতি এত খারাপ যার ফলে সত্যিকারের কৃষক এই লোন থেকে বঞ্চিত হয়। গ্রুপ করে দেবার নিয়ম আছে। একই গ্রুপে ৫।৭।৮ জন লোক যদি জড় না হয় তাহলে কোন কৃষক লোন পাবে না। লোক জড় করা একটা কঠিন সমস্যা। কিন্তু সেদিকে সরকারের দৃষ্টি নেই। ক্যাটেল পারচেজ লোন দেবার ব্যাপারে যে নিয়ম আছে সেই নিয়ম যদি এখানে পালন করা হয় অর্থাৎ ব্যক্তিগত-ভাবে লোন দেওয়া এবং আদায় করা—তাহলে অমার মনে হয় কৃষকদের কিছু উপকার হবে। তৃতীয় নম্বর হচ্ছে ক্যাটেল পারচেজ লোন একটা সব চেয়ে জরুরী বিষয়। আজকে গরীব মানুষকে লোন দেওয়া সরকারী নীতি হওয়া উচিত, বড় লোকদের লোন খুব বেশী দেওয়া প্রয়োজন হয় না। কারণ গরীব লোকেরা ঋণ পেয়ে গরু কিনে চাষে লাগাতে পারলে উপকার হতে পারে। কিন্তু নিয়ম করা হয়েছে যে ৯ বিঘা জমি না হলে কাউকে ক্যাটেল পারচেজ লোন দেওয়া হবে না।

ক্যাটেল পারচেজ লোন দিচ্ছে ৩ শত টাকা। কিন্তু আজকে ৯ বিঘা জমি কেন বন্ধক রাখতে হবে। আজকে তিন বিঘা জমির দাম বাজারে কম-সে-কম ৯ শত টাকা। ৯ শত টাকার দায়িত্ব নিয়ে ৩ শত টাকা কি পাওয়া যায় না? নিশ্চয়ই যায়—এবং সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে গরীব কৃষকদের যদি উপকার করতে হয় যদি কৃষিক্ষেত্রে ফসল বাড়াতে হয় যেটা আজকে প্রতিরক্ষার ব্যাপারে অত্যন্ত প্রয়োজনীয় বলে দেখা দিয়েছে, তাহলে

আজকে একদিকে যেমন কৃষি ঋণ দেবার ব্যাপারে কিছু উদার দৃষ্টিভঙ্গী নেওয়া দরকার এবং কৃষি ঋণের পরিমাণ বাড়ানো দরকার। বিশেষভাবে আজকে ক্যাটেল পারচেজ লোনের ব্যাপারে ৯ বিঘা জমির জায়গায় ৩ বিঘা করার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। তারপর শিল্প লোন, এ টি লোন যেটা বলা হচ্ছে হ্যান্ডলুম ইন্ডাস্ট্রি এবং অন্যান্য ব্যাপারে সে সম্বন্ধে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যে আজকে এই তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় কুটির শিল্প ও ক্ষুদ্র শিল্প ব্যাপারে, এবং নানা রকম উন্নয়নমূলক ব্যাপারে সুবিধাজনক সর্তে শেয়ার মূলধন ও কার্যকরী মূলধনের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু আজকে আমি দেখতে পাচ্ছি ১৯৬২-৬৩ সালে যেখানে দেওয়া হয়েছিল ১২ লক্ষ টাকা সেখানে এবার দেওয়া হচ্ছে মাত্র ১০ হাজার টাকা। আমি বলি যে গ্রামের মধ্যে যে বেকার সমস্যা দেখা দিয়েছে সেই বেকার সমস্যাকে যদি সমাধান করতে হয় তাহলে কুটির শিল্পের উন্নয়ন দরকার যে কথা আজকে কুটিরশিল্প মন্ত্রী বলেছেন, যেকথা রাজ্যপাল মহাশয়ও বলেছেন এবং অর্থমন্ত্রী নিজেও বলেছেন। আমি জানি যে পশ্চিমবঙ্গের গ্রামীণ লোকের সংখ্যা বেশী। সেখানে বেকার সমস্যা তীব্র আকার ধারণ করেছে। সেই সমস্যার সমাধান করতে গেলে আজকে যেমন কৃষির উন্নতি দরকার তেমনি কুটির শিল্পেরও উন্নয়ন দরকার। সেখানে সরকারী সাহায্যে প্রয়োজন। কিন্তু দুঃখের বিষয় সে কথা স্বীকার করা সত্বেও আজকে এবারের বাজেটে মাত্র ১০ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে যেটা অত্যন্ত কম বলে আমার মনে হয়। গত বছর যেখানে ১২ লক্ষ টাকা দেওয়া হোল এবার সেখানে ১০ হাজার টাকা মাত্র ক্যাপিটেল লোন দেওয়া হচ্ছে। এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং শেয়ার ক্যাপিটেল যেটা বলা হচ্ছে সেটা মাত্র ১ লক্ষ টাকা যেখানে আজকে তাঁত শিল্পের উন্নতি করবার জন্য বিশেষভাবে চেষ্টা হচ্ছে এবং সরকার এ বিষয়ে সচেতন। এই ১ লক্ষ টাকা শেয়ার ক্যাপিটেল দিয়ে কিভাবে উন্নতি হতে পারে তা আমি বুঝতে পারছি না। এখানে এই যে লোনটা ডিস্ট্রিবিউট হয় সেটা কো-অপারেটিভ-এর মারফত বিলি করা হয়। শান্তিপুরের তাঁত শিল্প বিখ্যাত তা আপনি জানেন। কিন্তু সেখানে আজকে মাত্র ১০ হাজার টাকা এই তাঁত শিল্পে আছে— আমি খবর নিয়ে জেনেছি যে কো-অপারেটিভ মারফত তাঁত শিল্পীদের সাহায্য করার ব্যবস্থা আছে—লোন দেবার ব্যবস্থা আছে—তাতে ১ হাজার তাঁতিও উপকৃত হবে না। যারা উপকৃত হবে তারা অতি সামান্য। আমাদের নদীয়া জেলায়, নবদ্বীপ অঞ্চলে, রাণাঘাট অঞ্চলে, তাহেরপুর ইত্যাদি অঞ্চলে প্রচুর সংখ্যক তাঁতী নিজের চেষ্টায় একখানা কি দুখানা তাঁত করেছে এবং সেখানে কিছু সমবায়ও আছে। কিন্তু সেই সমবায় সংস্থা প্রকৃতপক্ষে একটি দুর্নীতির আশ্রয়স্থল। ঐ রামনগর নামক জায়গায় আমি জানি সেখানে প্রকৃত সমবায় হয় নি। কিন্তু তাঁতীদের কোন পয়সা কড়ি দেওয়া হয় নি প্রকৃত তাঁতীদের সরকারী সাহায্য দেওয়া হয় নি এবং যে লোনের কথা বলা হচ্ছে আমরা জানি বন্যার সময় কিছু লোন দেওয়া হয়েছিল। একশত, সওয়াশত টাকা করে এবং ৪ শত টাকা করে লোন দেবার কথা ছিল শুনেছি। কিন্তু আমি এটা নিয়ে জানাচ্ছি যে আমাদের ঐ অঞ্চলে কোন লোক পায় নি বললেই হয়। লোন দেবার নিয়ম কি—না বি ডি ও মারফতে লোন দেওয়া হয়—গ্রামসেবক কি করেন—তার নিজের পেয়ারের লোক যদি কেউ থাকে—কোন লোককে জানাতে তিনি দেন না—এমন কি গ্রামের পঞ্চায়েতেও নোটিশ লটকানো হয় না—কোন পাবলিক প্লেসে নোটিশ পর্যন্ত দেওয়া হয় না—ভেতরে ভেতরে কখন লোন এলো এবং তিনি তাঁর নিজের খুশী মত পেয়ারের লোকদের বিশেষ কংগ্রেস লোক যদি হয় বা কেউ যদি থাকে তারা সেখানে লোন দিয়ে দেন। কিন্তু প্রকৃত দুস্থ তাঁতী, প্রকৃত যারা নিডি লোক তারা সেই টাকা পায় না—তারা তা থেকে সম্পূর্ণ বঞ্চিত। সেইজন্য আমি এ দিক থেকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। প্রথমে বলছি যে লোনের পরিমাণ অত্যন্ত কম ১০ হাজার টাকা। আরও দুটি জিনিস হচ্ছে লোন দেবার পদ্ধতি অত্যন্ত ডিফেকটিভ।

[10-20—10-30 a.m.]

তিন নম্বর হচ্ছে—সমবায় সমিতি মারফত লোন বিলি করবার যে ব্যবস্থা আছে, সেটা পর্য্যালোচনা করা দরকার।

তারপর হচ্ছে পাওয়ারলুম—এই পাওয়ারলুম সম্বন্ধে আমরা দেখতে পাচ্ছি এটা পশ্চিম-ঙ্গের একটা বড় শিল্প—এটা কষ্টসাধ্য ব্যাপার। এই মাঝারী শিল্পের উন্নতি করা একান্ত য়োজন। সেদিক থেকে পাওয়ারলুম বিশেষ ভূমিকা নিয়েছে এবং আরো নিতে পারবে বলে ামি মনে করি। কিন্তু দুঃখের বিষয় গত বছর পাওয়ারলুম-এর জন্য ২৪ লক্ষ ৮০ হাজার াকা মঞ্জুর করা হয়েছিল, সেটা কমিয়ে এবার ৩ লক্ষ ২ হাজার টাকা করা হয়েছে অর্থাৎ াপনারা কমানোর দিকে চলছেন। এই পাওয়ারলুম-এর উন্নতি করা যায় সহজে। আমরা দখেছি পাড়াগাঁয়ে বহু লোক দু'তিন মাসের মধ্যে এর কাজ শিখে সেখানে কাজ করতে পারে বং তাতে বস্ত্রের চাহিদা বেশী আছে, সেটা মিটতে পারে। সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি াকর্ষণ করছি। এই লোনের পরিমাণ আজকে বাড়ানো দরকার। এই যে পাওয়ারলুম কা-অপারেটিভ মারফত লোন বিলি করবার যে ব্যবস্থা আছে তার মধ্যে দুর্নীতিপরায়ণ ব্যক্তিরা ক্ত ঘাঁটি গেড়েছে। আমরা দেখেছি পাওয়ারলুম কো-অপারেটিভ কংগ্রেসের একটি বিশেষ াতিয়ার, কংগ্রেসী এম এল এ, কংগ্রেসী লোকেরা সেখানে মাতব্বরী করে এবং তার নাম করে াওয়ারলুম লোন আদায় করে। আমরা দেখেছি বহু লোক গভর্নমেন্টের কাছে টাকার জন্য র্ণা দেয় যেহেতু পাওয়ারলুম কো-অপারেটিভ-এর নামে টাকা পাওয়া যায়, সেই হেতু এই নামেই কা-অপারেটিভ করা হচ্ছে। কিন্তু কার্যতঃ দেখা যাচ্ছে—সেই কো-অপারেটিভ-এর মালিকানায় চ্ছে বিশিষ্ট কংগ্রেসী ভদ্রলোকের। আর এই বিশিষ্ট ভদ্রলোক ছাড়া অন্য কেউ এই টাকা পায় া। রাণাঘাট অঞ্চলে একটা কো-অপারেটিভ নামকো ওয়াস্তে আছে। এই কো-অপারেটিভ দান মন্ত্রীদের পেটোয়া লোক ছাড়া আর কেউ পান না।

(শ্রীঅবনীকুমার বোসঃ কোশ্চেন—ওটা নির্বাচনী পদ্ধতি।)

সটা আমাদের জানা আছে। এই পাওয়ারলুম কো-অপারেটিভ যদি তাহেরপুর এলাকায় করা ায়, তাহলে সেখানকার উদ্বাস্তুদের উপকার হতে পারে, বেকার সমস্যারও খানিকটা সমাধান হতে ারে। আমি মনে করি সরকারের প্রত্যক্ষ পরিচালনায় এই জিনিসগুলি নিয়ে গিয়ে পাওয়ার-লুম কো-অপারেটিভ সৃষ্টি করা দরকার এবং তার জন্য লোন দেওয়া দরকার এবং এই লোনের ারিমাণও বাড়ানো দরকার।

তারপর ফিসিং সোসাইটির জন্য টাকা মঞ্জুরের ব্যবস্থা আছে। আজকে আমরা দেখছি—যমন গভীর সমুদ্রে মাছ ধরার ব্যাপার। এটা একটা ফেলিওর হয়েছে—মাছ তাতে পাওয়া ায় নি, মৎস্যভুক বাঙ্গালী জাতির এর দ্বারা কোন উপকার হয় নি। এই ফিশিং সোসাইটিও কটি দুর্নীতির আখড়া হয়ে দাঁড়িয়েছে। যাতে প্রকৃতপক্ষে মাছের উন্নতি হয়, ট্যাংকেও মাছের াষ করা যায়, সেদিকে তাদের নজর নাই। কি করে কেবল টাকা মারা যায় সেইদিকে তাদের লক্ষ্য াাওয়ারলুম কো-অপারেটিভ যেমন আজকে বিশেষ বিশেষ লোকের একটা সম্পত্তি হয়ে দাঁড়িয়েছে, তমন এই ফিসিং সোসাইটিও কংগ্রেসের বিশেষ বিশেষ লোকের সম্পত্তি হয়ে দাঁড়িয়েছে।

আমাদের ঐ এলাকায় আন্দা বিল বলে একটা বিল আছে, সেখানে একটি ফিসিং সোসাইটি য়েছে; তার সেক্রেটারী ও প্রেসিডেন্ট কংগ্রেসের বিশিষ্ট লোক। সেই আন্দা বিল যদি সংস্কার রা যায়, মাছের চাষেরও উন্নতি করা যায় তাহলে সেখানকার নদীয়া জেলা কেন, কলকাতার াজারেও প্রচুর মাছ সরবরাহ করা সম্ভব হয়। সেখানে অদ্যাবধি এক ছটাক মাছও ছাড়া হয় াই; মাছেরও কোন উন্নতির চেষ্টা করা হয় নাই। বরং সেখান থেকে চাষীদের উচ্ছেদ করা য়েছে। সেই আন্দা বিল সংস্কারের কোন ব্যবস্থা নাই, মাছ চাষেরও ব্যবস্থা নাই।

আর একটি কথা বলবো—এই যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড হয়েছে, এবারও তাদের টাকা দান দেওয়া হয়েছে। ইলেকট্রিসিটির উন্নতি হোক কোন আপত্তি নাই। কেরোসিনের ট্যাক্স বড়ে গেল, গরীবের আলো জ্বালানো আপনারা বন্ধ করলেন। মফঃস্বলে ইলেকট্রিসিটির উনিট সাড়ে ছ' আনা; আর হোয়ারএ্যাজ কলকাতায় হচ্ছে ২২ নয়া পয়সা অর্থাৎ সাড়ে তিন াানা। কেরোসিনেরও ট্যাক্স বেড়েছে, ইলেকট্রিসিটিরও ট্যাক্স বেড়েছে—এখন গ্রামের গরীব দাক যায় কোথায়? সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতায় যখন ইউনিট ২ নয়া পয়সা, তখন মফঃস্বল এলাকায়ও যাতে ঐ ২২ নয়া পয়সা কিংবা ২৫ নয়া পয়সা ইউনিট য় বিদ্যুতের, তার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—সরকার সেদিকে নজর দিন।

পরিশেষে আর্টিসিয়ান লোন—কুটীর শিল্পীদের যে লোন দেওয়া হয়েছে, সেই লোনের টাকা আদায় করবার জন্য যেরকমভাবে জোর জুলুম ও কিছু কিছু ক্রোক চলেছে এবং তাদের গরু-বাছুর, তাঁত ইত্যাদি কেড়ে নেওয়া হচ্ছে এবং পুলিশ নিয়ে, চৌকিদার নিয়ে যাওয়া হচ্ছে এবং জুলুম করে আজকে সেই ভাবে ট্যাক্স আদায় করা হচ্ছে।

আজকে গ্রামের মধ্যে প্রচুর বেকার সমস্যা থাকার জন্য রাষ্ট্রের জনসাধারণ অত্যন্ত দুর্বিসহ জীবন যাপন করতে বাধ্য হচ্ছে। ফসলের দাম তারা পান না। অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের দাম অত্যন্ত বেশী। কাপড়ের বাজার জরুরী অবস্থা ও বন্যার জন্য অত্যন্ত খারাপ হয়ে গিয়েছে, ফলে তাঁতীদের পুঁজি নষ্ট হয়ে গিয়েছে। এই অবস্থায় সেটা বন্ধ করবার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Sankardas Banerji: Mr. Speaker, Sir, I have heard with great interest the various statements made by honourable members of this House. I entirely agree that agriculturists should get better help. I claim to have some personal knowledge of agriculturists, their poverty and their difficulties. I am fully aware of their difficulties and I can assure the honourable members of this House that they have my fullest sympathies. Many of the things which have been stated by the Opposition are perfectly true, namely, that the price of cattle has risen enormously. They can not buy a pair of bullocks for anything less than four hundred rupees. That is the minimum. I think much more amount will have to be paid. Therefore the amount which is being lent to them to purchase cattle really does not serve any end at all. That is my experience and I have found that although the Government is giving some amount of money to them on account of cattle purchase loan, they readily take the loan but the money is utilised for some other purpose. They cannot buy a pair of bullocks with the amount. I also agree with the honourable members speaking from the other side that the loans which are given to them are sometimes written off. Perhaps the amount does not seem to be adequate but the disease is so fundamental that it needs a different approach.

So far as Agriculture is concerned, Government has provided a large sum of money. But having regard to the needs and demands it is not possible for this Government to pay. We have to take into account the resources of this State. I have in my budget speech made it quite clear that we are doing our very best for stepping up production through agriculture. We have earmarked about double the amount for stepping up electricity generation. All these have been done with the idea of helping agriculturists but the needs are so great that it will take time to meet the demands. Of course, I think that our honourable friends have not taken into account certain facts. Nobody has mentioned and that is not to be found in the budget either—that the Reserve Bank advances to the co-operative societies three crores of rupees every year. If the co-operative societies are not properly run surely you cannot accuse the Government. Reserve Bank sets apart three crores of rupees a year for giving advance to the agriculturists through the various co-operative societies. We have made a provision of 60 lakhs for giving agricultural loan to the cultivators, 28 lakhs for giving cattle purchase loan and 30 lakhs for giving loan to the agriculturists for purchasing fertilisers.

I am very sorry to say that with the present state of our resources we can not make available a greater sum of money although I agree that the matter will have to be reviewed in future years to help the agriculturists a lot more.

[10-30—10-40 a.m.]

The next thing that I would like to say is about Cooch Behar and its tobacco cultivation. Much has to be thought about it. I know, we do not get the benefit of the Excise Duty which si taken by the Central Government. I myself have been thinking of Cooch Behar quite a lot. Because it is at the extreme end of West Bengal, far away from the seat of the Government, perhaps we have not been able to do many things for them that I would like to do for them. I visited Cooch Behar only recently and I had a feeling that being far away from Calcutta possibly we do not apply our minds to its welfare. I am thinking of promoting although I am not the Commerce and Industries Minister—certain schemes which would deal with tobacco, for the welfare of Cooch Behar. As a matter ot fact, I have given direction already to examine what we can do for improving the lot of the tobacco cultivators. We can start small industries there dealing with tobacco and so on, because that is perhaps the richest area where we get the maximum quantity of tobacco. I can assure the House that I have not overlooked it, I have already issued orders to that effect.

So far as Berhampore Electric Supply is concerned, I am sorry to say that it is a political controversy which is going on for years. I remember, when I was not a Minister and Dr. B. C. Roy happened to be the Chief Minister, attempts were made to induce him to take it over on account of loss of voltage and so on and so forth. I fully remember that Dr. Roy ordered a thorough investigation into the matter, and all steps were taken to put in new plants and machineries for the purpose of supply. Now they purchase bulk electricity from the Government for the purpose of supply—it is no question of generation. Therefore, there is no question of loss of voltage. Now if you want electricity to be carried to all areas, I am entirely in agreement with it. But you must pay for it, there are certain rules governing it. The company cannot deny, but so far as the consumers are concerned they are equally bound to pay for it. I remember, I was a victim myself—I wanted a little electricity for my own village home—they said, 'Nothing doing, pay first and take it'', and surely I had to pay the amount and I was not made any exception to it. As a matter of fact, I know exactly that somebody, whose name I don't wish to mention, wanted electricity to be supplied a few furlongs away from the last generating station and they demanded five thousand rupees, and quite rightly. Then, in the next place, you must give an undertaking that so much will be consumed; it is no good taking poles. After all, it is done on a certain thinking and the whole thing is done according to law. If there is any departure you can immediately pull up, write to the Electricity Board or write to the Government to take action. Government cannot do it arbitrarily because of complaints. Complaints must be well-founded—there is no doubt about it. And why I say that there is a little political tangle so far as Berhampore Electric Supply is concerned? It is surprising that the Municipality, on account of certain dispute, had not paid a farthing of their bill and they were threatened that the whole electricity supply would be stopped. Then the Government intervened to settle the matter and asked the company to go on with their supply. Complaints are all right, but I can tell the House that if there is any real complaint, instead of coming and complaining in the House write to the department concerned to take action saying that they have not done this, and I can assure the House that action will be taken if any company is at fault whether it is Berhampore Electricity Supply or any other Electricity Supply and they won't spared; there is no question about it.

So far as Durgapur is concerned, a lot has been said in this House about investment, saying that it is bad investment and so on. Firstly, let me tell

you that Durgapur industries provide employment for nearly five thousand Bengalee boys. That is an essential thing. We are educating our boys in *N.C.C. colleges. If industry does not grow, what are we going to do with them? It is one of the biggest headaches so far as* this Government is concerned. I was approached the other day by some boys who had recently got their lessons from N.C.C. colleges. They said, we have all passed out, we have got our displomas; but we do not find employment. I said, I will help you to get employment; I will approach every industrialist and force them to take you. The whole point is this. Industry must develop in West Bengal. That is the only way by which you can solve your problems, not by stepping up production of agricultural products alone because you know quantitatively land is so little compared to the pressure of the population. Most of the units are uneconomic. We have got to develop industry and you must allow teething time. Unsympathetic comments you put forward before this House, whereas I think it is a question of very pressing interest. I do not think it is the right way to do things. You must give time, industry is not such a simple thing. I was just looking up the papers and I will tell you certain things about Durgapur. Investment in plants now in operation: Coke oven plants 58 per cent.; bye-product plants will cost 7.50; power plants—6.75; tar distillation plant 110; the total is 15 crores 35 lakhs. Now, in the current year the above plants are likely to earn 68 lakhs, approximately 4.5 per cent. after providing rupees 59 lakhs for depreciation calculated on the basis allowed in the Income Tax Act. I do not think any man with any idea of business and investment will say they had been badly invested. Now, investment in plants under construction: Durgapur-Calcutta Gas Grid with compression and purification station—4.85; power plant expansion— 3 sets of 75 M.W. each; 22,132 K.V. transmission line from Durgapur to Bandel—1.10, etc. It comes to 38.45. Perhaps you will be more interested to know what is the stage of progress of plants under construction. Gas Grid is likely to be completed by April, 1963. The capacity of the pipeline is; for transmission of 30 million cubic feet of gas per day with the purification plant 17 million cubic feet and that for compression station 12 million cubic feet per day. Power plant expansion—the first 75 M.W. should be ready in December, 1963 and the second set in March, 1964. The equipment order for the third set has just been placed and the plant will be completed in 1965. The transmission line should be ready by December, 1963. Coke oven expansion work should be completed by the end of 1964. Coal washery work should be completed by December, 1964. The financial picture of Durgapur project is steadily improving. When the expansion projects are complete, that is to say, by 1964-65, the return of the capital will be over 6 per cent. providing for adequate depreciation. So, after all whatever may be said, we look at the total result. If the total result is good, if the total result is promising, what criticism can you offer I do not understand. All sorts of things were said by somebody about coke and coal in Durgapur yesterday in this House. The Chief Minister gave explanation. I know that all the time because I am examining these things and hardly anything can be said about them. Since I became the Finance Minister, I said, 'I will not allow things to go on in this way'.

[10-40—10-50 a.m.]

I must examine the details of every commercial undertaking that is going on in Bengal; whether it is the State Transport Corporation or the Kalyani Spinning Mill or the Durgapur Coke Oven, I am having every matter examined in detail and I am glad to tell the House that things are moving satisfactorily. Maybe, there is some lacuna here, some lacuna

there. It is a new industry, and some things may have to be corrected; but so far as the Government is concerned, and the commercial ventures are concerned, taking the picture as a whole, they are doing very well for themselves.

So far as the Municipalities are concerned, I think you will be discussing a lot about them after this debate is over, but I can assure you that Government is mindful of what is going on. Something was said about Dhapa. This again is another political tangle. It has been going on since the last ten years or so when I was in the High Court. It is a lease-hold, it was given to the Sens, and thereafter there has been any amount of litigation, and so on and so forth. I do not think it is such an important thing of which the House need take notice. So far as the Municipalities are concerned, we always go out to help them. As a matter of fact, I will tell you, so far as this Calcutta Municipal Corporation is concerned—you have been reading a lot of controversy that is going on—I myself sent for them. I said, look here, the Government is willing to give you 10 lakhs of rupees here and now to re-organise the Motor Vehicles Department. You know conservancy depends on maintaining a good Motor Vehicles Department. The money was made available, but it has not been utilised. I said, you have a scheme, and I will give you the money tomorrow morning; stop this controversy. Take the motor vehicles and I assure you the money is there. Nothing has been taken advantage of. I offered 10 lakhs of rupees straightaway without consulting anybody; I said, I told the Chief Minister. Ten lakhs of rupees here and now, take and proceed with the work. Nothing is taken. Only political wrangle and controversy do not help at all. From our end, I can assure the House that so far as the Municipalities and District Boards and so on and so forth are concerned, we are always willing to come forward with financial help provided we find that the Municipalities are equally responsive and equally co-operative. It is our sad plight that wherever we turn to the various Municipalities, they do not work at all, because I feel in this country every Municipality goes in for politics and Municipal needs are forgotten, what they will have to do for the citizens is forgotten. It becomes a political debating society, much to our shame and much to our disgrace. This should never be the outlook of a Municipality. Municipal affairs are Municipal affairs, and the welfare of the people living within the area is the only thing to be thought of; nothing else. Government took a good note of it and sent the Commissioner, one of our best officers, to look into the affairs of the Corporation. He cannot please everybody; it is not possible. If you are a strict officer, the whole trouble in this country is, immediately one section says, please take him away; he is an impossible man. But we want an impossible man to deal with the situation. I am one of those who do not support the idea of a political wrangle being brought into the Corporation or a Municipality.

So far as agriculture is concerned, I can assure the House that the interest of the agriculturists is nearest to my heart. I have been myself a very keen agriculturist for many years. It may be that we shall have to revise the whole thing; the outlook must be changed. (Laughter from Opposition Benches). They can laugh, they will laugh, irresponsible people will laugh, I know. I was just consulting my officers; I took good note of some of the observations that people with less than 9 bighas of land do not get loan. I can assure the House that I will look into these matters. If there is any snag, any flow in the whole thing, I shall have everything remedied, because after all it is not merely that I am answerable to you, but I have certain duties and responsibilities in the matter and the duties and responsibilities will be faithfully carried out. I can assure my friends opposite that we will take good note of the many suggestions they have given. We shall examine them and if it is possible to remedy the defects even by changing the rules, that will be done.

Mr. Speaker: Honourable members, with the permission of the House voting on this grant will be taken up after we finish discussion on demand for grant No. 41.

I now call upon the Hon'ble Minister in charge to move the demand for grant No. 41.

DEMAND FOR GRANT No. 41

Major Head: 71—Miscellaneous—Contributions

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,93,20,000 be granted for expenditure under Grant No. 41, Major Head: "71—Miscellaneous—Contributions".

Sir, of the total grant asked for, namely, Rs. 1,93,20,000, Rs. 1,89,59,600 really relates to this Ministry. The other small different amounts aggregating to Rs. 3,60,400 are several unclassified grants under different Ministries which according to budgetary rules are also placed under this grant.

So far as Rs. 1,89,59,600 for this Ministry is concerned, the major demands are—Augmentation grants to district boards—Rs. 3,88,000; grants to local bodies in lieu of landlords' and tenants' share of public cesses and road cesses—Rs. 34,20,000; grants to local bodies, namely, municipalities and others for dearness concession to their employees—Rs. 46,86,000; grants to the Calcutta Corporation for dearness concession to their employees—Rs. 89,00,000; grants to local bodies in connection with the implementation of Minimum Wages Act—Rs. 15,40,000, and there are other small miscellaneous contributions.

Sir, the House may remember that yesterday the Hon'ble Chief Minister moved his demand for grant which also contained a sum of Rs. 15,00,000 for municipal development. Therefore, today I am asking with the permission of the House for the grant of Rs. 1,93,20,000 under the heads mentioned above.

Mr. Speaker: All the cut motions are in order and they are taken as moved.

Shri Birendra Narayan Ray: Sir, I beg to move that the demand of Rs. 1,93,20,000 for expenditure under Grant No. 41, Major Head: "71—Miscellaneous—Contributions" be reduced to Re. 1.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 1,93,20,000 for expenditure under Grant No. 41, Major Head: "71—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100.

Shri Sunil Das Gupta: Sir, I beg to move that the demand of Rs. 1,93,20,000 for expenditure under Grant No. 41, Major Head: "71—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Roy Prodhan: Sir, I beg to move that the demand of Rs. 1,93,20,000 for expenditure under Grant No. 41, Major Head: "71—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100.

Shri Hemanta Kumar Basu:

স্পীকার মহাশয়, ক্যালকাটা কর্পোরেশন-এর শাসনব্যবস্থার উপর যে কলঙ্ক লেপন করেছেন তা যেমন নিন্দনীয়, তেমনি লজ্জাকর। স্যার, কর্পোরেশন-এর শাসনব্যবস্থা সুরেন্দ্রনাথ ব্যানার্জি, দেশবন্ধু চিত্তরঞ্জন, নেতাজী সুভাষচন্দ্র বসু ইত্যাদি নামের সঙ্গে জড়িত। সেই কর্পোরেশন আজকে দুরবস্থা ও লজ্জাকর অবস্থার মধ্যে এসে পড়েছে তা কর্পোরেশন-এর প্রতিদিনকার ঘটনার

মধ্য দিয়ে আমাদের সামনে এসে উপস্থিত হয়েছে। কর্পোরেশন-এর শাসনব্যবস্থা গত কয়েক বছর ধরে সম্পূর্ণভাবে কংগ্রেসের কর্তৃত্বে। অথচ আমরা এই শাসনব্যবস্থায় জনসাধারণের দৈনন্দিন যে অভাব-অভিযোগ, রাস্তাঘাট, জলের ব্যবস্থা, জঞ্জাল অপসারণ, স্বাস্থ্যের উন্নতি ইত্যাদি কোন দিক থেকে কোন ব্যবস্থা দেখতে পাচ্ছি না যতক্ষণ না পর্যন্ত সরকার তার পেছনে গিয়ে না দাঁড়ান।

[10-50—11 a.m.]

স্যার, আপনি জানেন কলেরার ব্যাপারে কলকাতা শহর যেভাবে আক্রান্ত হয়ে পড়েছিল, তাতে শহরকে বাঁচাবার জন্যে সরকারকে নিজে সে বিষয়ে অবহিত হতে হয়, আবার বসন্তের ব্যাপারেও সেই অবস্থা—জঞ্জাল পরিষ্কার করার ব্যাপারে সেই একই অবস্থা। কাজেই সেদিক থেকে কর্পোরেশন একটা প্রতিনিধিমূলক প্রতিষ্ঠান এবং সেই প্রতিনিধিমূলক প্রতিষ্ঠান তাদের নিজেদের কাজ করবার যে অধিকার আছে সেই অধিকার নিয়মমত পালন করছেন না। তারা নিজেরা নিজেদের আত্মকলহে প্রবৃত্ত হয়ে রেটপেয়ার বা নাগরিকদের স্বার্থ সম্পূর্ণ জলাঞ্জলি দিচ্ছে। আজকে কর্পোরেশন যে অবস্থায় এসে দাঁড়িয়েছে, কমিশনার কর্তৃত্ব করবেন না, কংগ্রেস কাউন্সিলার কর্তৃত্ব করবেন, এই নিয়ে বিশেষ একটা দ্বন্দ্ব উপস্থিত হয়েছে। সরকার কমিশনার নিযুক্ত করেছেন এবং এই কমিশনারের উপর ক্ষমতা দিয়েছেন যাতে কাউন্সিলাররা কমিশনারের কাজে কোন ক্ষতি না করতে পারে, কোন হাত দিতে না পারে, সেইরকম ব্যবস্থা করা হয়েছে। কাজেই সেদিক থেকে সরকার একটি বিল এনেছেন এবং আপার হাউসে সেটা পাশ হয়ে গেছে। স্যার, এই বিল সম্পূর্ণ আন-ডেমোক্র্যাটিক—অ-গণতান্ত্রিক। কাজেই সেদিক থেকে যদিও সরকারের উদ্দেশ্য সৎ সে বিষয়ে সন্দেহ নেই, তবুও এই স্বায়ত্ত শাসনমূলক প্রতিষ্ঠান—জন প্রতিনিধিমূলক প্রতিষ্ঠান—একটি ডেমোক্র্যাটিক ইন্সটিটিউশন, তাদের কর্তব্য যদিও তারা ঠিকমত পালন করে নি, এবং সরকার যে বিলের দ্বারা কর্পোরেশনের কমিশনারের উপর কোনরকম অবিশ্বাসের প্রস্তাব পাশ করে যাতে তাকে সেখান থেকে অপসারণের চেষ্টা হয় সেইরকম প্রস্তাব তারা করতে পারবেন না, এভাবে একটা আইনের সংশোধন আপার হাউসে এনেছে এবং এখানেও এনেছে, আমি এটার তীব্র প্রতিবাদ করি। আমি নিশ্চয়ই চাই যে, কলিকাতা রেট-পেয়ারদের যেসমস্ত অভাব-অভিযোগ তার ব্যবস্থা করা এবং সেখানে সমাধানের জন্য নিশ্চয়ই সরকারের দায়িত্ব আছে, সে বিষয়ে সন্দেহ নেই। কর্পোরেশন একটি প্রতিনিধিমূলক প্রতিষ্ঠান—আমরা জানি এখানে অ্যাডালট ফ্র্যানচাইসের ভোটে নির্বাচিত হয়ে এসেছি, কর্পোরেশনেও সেইরকম যদিও অ্যাডালট ফ্র্যানচাইস ভোট গৃহীত হয়েছে তবুও সেরকম ব্যবস্থা সেখানে করা হচ্ছে না। কাজেই আমি সরকারকে এই কথাই বলবো যে এই রকম আন-ডেমোক্র্যাটিক লেজিসলেসন না এনে যাতে যত শীঘ্র অ্যাডালট ফ্র্যানচাইস যাতে কলিকাতা শহরের সর্বশ্রেণীর জনসাধারণের প্রতিনিধি নিয়ে যাতে কর্পোরেশন গঠিত হয়, সেদিকে সরকার নজর দিন, তা হলে ভাল ফল হবে। এই হাউসের ক্ষমতা যদি ভারত গভর্নমেন্ট আইন পাশ করে অপহরণ করে, তা হলে নিশ্চয়ই পছন্দ করবো না।

ঠিক সেইভাবে কলকাতা কর্পোরেশনের যে আইন আছে, যে সংবিধান আছে, সেই সংবিধানকে কোনরকমভাবে খর্ব করে তাদের জনসাধারণের প্রতিনিধিদের হাত থেকে ক্ষমতা নিয়ে, সেই ক্ষমতা একজন লোকের হাতে দেবেন। কমিশনার ভাল কাজ করছেন, কি, মন্দ কাজ করছেন, সেকথা আমি বলছি না, কমিশনার হয়ত আরো ভালো কাজ করবেন, কিন্তু যেখানে একজন ব্যক্তির উপর একটি দায়িত্ব দেওয়া হয়েছে একদিকে; আর অপরদিকে প্রতিনিধিস্থানীয় একটি প্রতিষ্ঠান আছে—এই দুয়ের সংঘর্ষের মধ্যে আমরা নিশ্চয়ই বলবো—সেলফ গভর্নমেন্ট যতই খারাপ হোক না কেন, সেটা সেলফ গভর্নমেন্ট। কাজেই সেখানে একজন ব্যক্তির উপর ক্ষমতা দিয়ে এই কর্পোরেশন-এর কর্তৃত্ব গ্রহণ করা এবং ক্ষমতা অপহরণ করা নিশ্চয়ই যুক্তিযুক্ত হবে না। সেদিক থেকে আমি বলবো এই কংগ্রেস কাউন্সিলাররা একযোগে পদত্যাগ করবার প্রস্তাব নিয়েছে, এটা তাঁদের দুষ্কার্যের জন্যই হয়েছে। সব এক দলের লোক সেখানে; বামপন্থী দলের কোন প্রতিনিধি সেখানকার স্ট্যান্ডিং কমিটিতে নাই। দেশবন্ধুর সময় থেকে আরম্ভ করে সেদিন পর্যন্ত সেই স্ট্যান্ডিং কমিটিতে সব দলের প্রতিনিধিরা থাকতো, কিন্তু আজকে সেখানে তা নাই। যেদিন

থেকে কংগ্রেস এটাকে একটা দলীয় প্রতিষ্ঠানে পরিণত করেছে, সেদিন থেকেই কর্পোরেশনের কাজকর্ম আরো বেশী করে খারাপ হয়ে যাচ্ছে, আরো অবনতি হচ্ছে। কাজেই সেদিক থেকে সরকারের দৃষ্টি দেওয়ার দরকার আছে। সরকারের কাছে, মুখ্যমন্ত্রীর কাছে বামপন্থীরা অনেক আবেদন নিবেদন করেছে যে স্ট্যান্ডিং কমিটিতে সকল দলের প্রতিনিধি নিয়ে কাজ করা হোক। তা তাঁরা শোনেন নাই। কাজেই এইরকম অবনতি ঘটবে এটা স্বাভাবিক। যাতে স্ট্যান্ডিং কমিটিগুলি একটি দলীয় প্রতিষ্ঠানে পরিণত না হয়, সেদিকে সরকার দৃষ্টি রাখুন। কর্পোরেশনকে বাতিল করবার কোন আইন যেন সরকার না আনেন। আমি মন্ত্রীমহাশয়কে সেই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Somnath Lahiri:

স্পীকার মহাশয়, আমিও কলকাতা কর্পোরেশনের ব্যাপার সম্বন্ধে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখবো। আমাদের অন্য বক্তা অন্য বিষয়ে বলবেন। এখন যে ঘটনা কলকাতা কর্পোরেশন এবং গভর্নমেন্ট মিলে ঘটছে, সে সম্বন্ধে বিভিন্ন খবরের কাগজে অনেক কাগজে এইভাবে একটা আইডিয়া দেওয়ার চেষ্টা হচ্ছে যে, গভর্নমেন্ট যেন কংগ্রেসী কাউন্সিলারদের শয়তানী সমূলে উৎপাটিত করতে চান। আমি সেটাকে একটু বিবেচনা করে দেখতে চাই।

যে অবস্থায় কংগ্রেসী কাউন্সিলাররা এনে ফেলেছেন কর্পোরেশনকে, বাস্তবিকই আমাদের পশ্চিমবঙ্গ সরকার সেই অবস্থা দূর করতে চান কিনা! ধরুন ন্যাশানাল এমারজেন্সীর সময়—এই ন্যাশানাল এমারজেন্সী শব্দের প্রয়োগ সরকার প্রায় দু-মিনিট অন্তর করে থাকেন, যখন জনসাধারণকে শোষণ করবার প্রয়োজন হয়। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে কলকাতা কর্পোরেশনের কংগ্রেস কাউন্সিলাররা তথা, তাঁদের দ্বারা সম্পূর্ণ ডমিনেটেড যে ওয়ার্কস কমিটি, সেই ওয়ার্কস কমিটি অম্লান বদনে সিদ্ধান্ত করলেন যে, এই মহামারীর সময় ময়লা পরিষ্কার করবার জন্য লরী ভাড়ার খরচ তাঁরা দেবেন না। খরচ না দিয়ে ময়লা পরিষ্কার করবার কাজ বন্ধ করে রাখবেন, ক্ষতিগ্রস্ত করবেন এবং তার ফলে রোগগ্রস্ত সাধারণ মানুষ উত্তেজিত হবে। আপৎকালীন জরুরী অবস্থার মধ্যে মানুষের অসন্তোষ একটা দুর্ঘটনা সৃষ্টি করতে পারে। আমরা অবাক হয়ে গেলাম এই দেখেও সরকার কিছু করলেন না। আপৎকালীন জরুরী অবস্থায় যে ক্ষমতা সরকারের হাতে ছিল, সরকার যদি মনে করতেন এইসময় লোকের মনোবল রক্ষা করবার জন্য, যে ওয়ার্কস কমিটি এইরকম ঘৃণিত উপায়ে মানুষের মনোবল ভাঙছেন, সরকারের উচিত ছিল সেই জরুরী আইনের ক্ষমতার বলে ওয়ার্কস কমিটির প্রত্যেকটি মেম্বারকে পরদিন গ্রেপ্তার করে হাজতে পোরা। যদি তাঁদের হাজতে পুরতেন, তা হলে দেখতেন সব সমস্যার সমাধান হয়ে গেছে। তারপর কংগ্রেসী কোন সদস্য আর এমন লম্ফ-ঝম্ফ করতেন না। এ বিষয়ে সরকার নিশ্চয়ই নিশ্চিন্ত থাকতে পারেন।

[11—11-10 a.m.]

সরকারের হাতে যখন কোন প্রমাণ থাকে না, যেমন বিরোধী নেতার বিরুদ্ধে কোন প্রমাণ নেই, বিনা বিচারে তাঁকে আটক রাখতে পারেন। কিন্তু যেখানে প্রমাণ রয়েছে কয়েকজন কাউন্সিলারদের ব্যক্তিগত স্বার্থে, ও দুর্নীতির স্বার্থে কলিকাতা শহরকে আবর্জনার মুখে ঠেলে দিতে প্রস্তুত, তখন কেন সরকারের ইচ্ছাও নেই, সাহসও নেই এ'দের শায়েস্তা করা, অথচ এখানে যথেষ্ট প্রমাণ রয়েছে। সুতরাং খবরের কাগজে যে আইডিয়াটা দেওয়া হচ্ছে, সেটা আমার ধারণা সম্পূর্ণ সত্য নয়। এখন গভর্নমেন্ট সেখানে কি করলেন, কাউন্সিলারদের টুঁটি চেপে ধরলেন কি? না। তাঁরা বললেন দেখো আমরা কমিশনারকে শক্তিশালী করছি। এখন কমিশনার, এই ভদ্রলোক যিনি নিযুক্ত আছেন, তিনি হয়ত কিছু কিছু কাজ করবার চেষ্টা করেছেন, সত্য। কিন্তু তাই বলে কমিশনার নামক এই যে ইনস্টিটিউশন অর্থাৎ সরকারের অথরিটি, তার বদলে কাউন্সিলর নামক যে ইনস্টিটিউশন, অর্থাৎ কর্পোরেশনের অথরিটি, অর্থাৎ লোকাল সেলফ গভর্নমেন্ট-এর অথরিটি, অর্থাৎ পিপল-এর অথরিটি, তাকে খর্ব করতে চলেছেন কেন? কমিশনার যদি অন্যায় করে, তা হলে সেই অন্যায় প্রতিবিধানের ব্যবস্থা করতে হবে। সেই প্রতিবিধান করার ব্যবস্থার ক্ষমতা সরকারের হাতে আছে। যার একটু নমুনা আমি দিলাম।

কিন্তু যেহেতু একটি দলের কতকগুলি শয়তান কাউন্সিলর তাদের শয়তানী মতলবে অন্যায় করেছেন, সেই হেতু, সেই দলকে এবং সেই কাউন্সিলরকে আক্রমণ না করে কর্পোরেশনের ক্ষমতাকে আক্রমণ করা হবে, এই হল সরকারের দৃষ্টিভঙ্গী। অবশ্য কর্পোরেশনের মধ্যে কমিশনার বা অন্য কোন ব্যক্তি, ভাল লোক হতে পারেন, পৃথিবীতে এমন অনেক ভাল লোক আছেন। কিন্তু এখানে প্রশ্নটা দাঁড়িয়ে গেল এই পার্টিকুলার কমিশনার এস বি রায় বনাম পার্টিকুলার কংগ্রেস কাউন্সিলর অমুক কাউন্সিলর যোগেনবাবু, তা নয়। প্রশ্ন দাঁড়াল যে ব্যুরোক্রেটিক ইনস্টিটিউশন অফ দি গভর্নমেন্ট, সেই ইনস্টিটিউশনকে স্ট্রেংদেন করা হবে, না, জনসাধারণের স্বারা নির্বাচিত কাউন্সিলারদের স্বারা পরিচালিত কর্পোরেশন ও লোকাল অথরিটি, তাকে শক্তিতে রাখা হবে? সুতরাং গভর্নমেন্ট রায় দিলেন কমিশনারের ক্ষমতা বাড়াতে হবে। অর্থাৎ রাইটার্স বিল্ডিং-এর ক্ষমতা বাড়াতে হবে, এবং তার মানে জনসাধারণের ক্ষমতা কমান হবে। এখন কর্পোরেশনের ক্ষমতা ছিনিয়ে নেওয়ার মানে হচ্ছে, জনসাধারণের ক্ষমতা কেড়ে নেওয়া। সেখানে অজুহাত যাই হোক—অজুহাত হয়ত সত্য। সেখানে যে মিসম্যানেজমেন্ট হচ্ছে হয়ত সত্য। হয়ত কেন, নিশ্চয় সত্য। কিন্তু তারই জন্য এই কাজ করা চলে না। কি করা চলতো? যদি চাইতেন সরকার যে কতকগুলি কাউন্সিলারকে শাস্তি দিতে, তা হলে সেখানে এটাও দেখতে হবে যে, তারা সমস্ত দলের কাউন্সিলার তা নয়, তারা শুধু কংগ্রেস দলের কাউন্সিলার, যে কথা হেমন্তবাবু বারবার করে বলে গেলেন, এটা কংগ্রেস দলের কাউন্সিলর এবং কংগ্রেস মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশান, তথা শ্রীঅতুল্য ঘোষ স্বারা পরিচালিত বডি।

এখানে উপায় ছিল দুটো। প্রথম কংগ্রেস দল হিসাবে একটা উপায় সম্ভব ছিল। কংগ্রেস দল যদি বাস্তবিকই তাঁরা দুর্নীতিবিরোধী হতেন, যদি বাস্তবিকই চাইতেন কর্পোরেশনের ভিতর কংগ্রেস দল যে দুর্নীতি করছে তা বন্ধ করতে হবে, তা হলে তাঁরা কংগ্রেস মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশানকে ডিসব্যান্ড করেন কি করে? যাঁরা অন্যায় করেছে, তাঁদের উপর শাস্তিমূলক ব্যবস্থা কংগ্রেস থেকে, তাদের কংগ্রেসী সংবিধান মতে আনতে পারতেন, এবং তাতে তাঁরা ভীত হতে পারতেন। আজ যে কংগ্রেস পার্টি, যে কংগ্রেস অরগ্যানাইজেশান আছে, সেই কংগ্রেস অরগ্যানাইজেশান কি করছে আমি জানতে চাই। কংগ্রেস অরগ্যানাইজেশান-এর নাম করে এখানে বলা হয় এবং কর্পোরেশনেও বলা হয় যে, দেশের মধ্যে এটা একটা বৃহত্তম, মহত্তম প্রতিষ্ঠান। তাই যদি হয়, তা হলে তাঁদের টিকিটে নির্বাচিত সেইসকল শয়তান কাউন্সিলারদের বিরুদ্ধে কোন ডিসিপ্লিনারি অ্যাকশন নেন নি?

কোন অঙ্গুলিহেলন করেছে কংগ্রেস দল তার কাউন্সিলারদের সায়েস্তা করবার জন্য, তারা যে অন্যায় করেছে, সেটা এখানকার সরকার পর্যন্ত স্বীকার করেছে? করেনি। সুতরাং আমাদের একটা সংশোধনের উপায় ছিল। কংগ্রেস শুনে, বুঝে, দেখে চোখ বুজে ঘুমাচ্ছে কেন? কারণ, দুর্নীতির প্রতি কংগ্রেসের সেই নেতৃত্বের মমতা আছে, সে জানে আজকে এখানে যদি আমি দুর্নীতির বিরুদ্ধে আঘাত করি, তা হলে সেটা এই সরকারের দুর্নীতির বিরুদ্ধে আঘাত হবে। সুতরাং দুর্নীতিকে বেশী ঘাটিও না। কোনরকমে উপরে উপরে পলস্তরা দিয়ে যদি রাখতে পারো রাখো। এই হল কংগ্রেস দলের দৃষ্টিভঙ্গী। সুতরাং এখন একটা ভীষণ মুস্কিলে পড়েছি, এর পলস্তরা হল কমিশনারের শক্তি বাড়ান। কিন্তু পলেস্তরার কাজ নয়। আপনারা ভাবুন যে কংগ্রেস দলেরই বা কি সুনাম থাকবে এর পরে যখন লোকে দেখবে যে, প্রথমত, দুর্নীতি হলে দল হিসাবে কংগ্রেস হস্তক্ষেপ করে না, দ্বিতীয়ত, দুর্নীতি হলে কংগ্রেস দলের নিজেদের মধ্যেই মারামারি বেধে যায়, সরকার ও কংগ্রেস, মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশন ও কংগ্রেসের মধ্যে। এবং সেই মারামারি এই পর্যায় যায় যে, কাউন্সিলাররা পদত্যাগ করে, মেয়রের জবরদস্তি মিটিং ডিজলভ এবং কংগ্রেসের যেসমস্ত মেম্বাররা কাউন্সিলে আছেন—কাউন্সিলার আমাদের লেজিসলেটিভ কাউন্সিলের—তাঁরা বিলের আলোচনার সময় উপস্থিত হলেন না, অর্থাৎ নন-কোঅপারেশন করলেন। কংগ্রেস দলের হুইপও তাঁরা মানলেন না। এই পরিস্থিতির সৃষ্টি হচ্ছে কেন? আপনি জিজ্ঞাসা করুন কংগ্রেসকে যে, দুর্নীতির প্রতি যে মমতাবোধ আজকে কংগ্রেস দলের রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করেছে এবং যার পরাকাষ্ঠা তার নেতৃত্বের মধ্যে, তারই জন্য এই ঘটনা ঘটতে পারে। আর দ্বিতীয় পন্থা তাঁরা কি নিতে পারতেন? জনসাধারণকে দিয়ে যদি এই দুর্নীতি দূর করবার চেষ্টা করতেন। উপায় ত সহজই ছিল। তাঁরা এই কর্পোরেশনকে ডিজলভ করে দিতে পারতেন,

দিয়ে ফ্রেশ ইলেকশন করতে পারতেন, অ্যাডাল্ট ফ্র্যানচাইসের ভিত্তিতে। আমি বাজি রেখে বলতে পারি যে অ্যাডাল্ট ফ্র্যানচাইসের ভিত্তিতে যদি ইলেকশন কলকাতায় কাল হয়, এই দুর্নীতিপরায়ণ কাউন্সিলারদের একজনও নির্বাচিত হতে পারবেন না, এবং পারবেন না জানেন বলেই কংগ্রেস দল আজকে এটা করতে সাহস করেন না। কারণ কংগ্রেস দল এবং কংগ্রেস সরকার মুখে কমিশনারের শক্তি বৃদ্ধির নামে দুর্নীতির বিরুদ্ধে যাই বড়াই করুক তার আসল উদ্দেশ্য হল যে এই দুর্নীতিপরায়ণ কংগ্রেসী কাউন্সিলারগোষ্ঠীকে রক্ষা করা, ধ্বংস করা নয়। এই হল আসল উদ্দেশ্য, রক্ষা করবো বলেই আজকে জনসাধারণের হাতে এই দুর্নীতি দূর করবার ক্ষমতা দিতে সরকার প্রস্তুত নয়। সরকার ভাবছেন যে, তাঁর আমলাতন্ত্রের সাহায্যে অথাৎ এখানকার আমলাতন্ত্রের দুর্নীতি চক্রই বলুন আর সুনীতি চক্রই বলুন, তাকে শক্তিশালী করে ওখানকার দুর্নীতি চক্র ভাঙবেন, এর মানে এক ভূতের বিরুদ্ধে আর এক ভূত লেলিয়ে দিলে দুই ভূতের তাণ্ডব নৃত্য ডবল হয়ে যায়, কোন সমাধান হয় না। ভূতের দাওয়াই জনসাধারণ, তার হাতে ছেড়ে দিন, তারা তাদের দায়িত্ব জানে। আপনারা এতদিন পর্যন্ত মিউনিসিপ্যাল ফ্র্যানচাইসকে ইচ্ছা করে সীমাবদ্ধ করে রেখেছিলেন শুধুমাত্র কংগ্রেস দলের সঙ্কীর্ণ দলীয় স্বার্থের খাতিরে। ভারতবর্ষের প্রধান শহরে বহুদিন এই আইন চালু হওয়া সত্ত্বেও এখানে করা হয় নি, শুধু ভয় ছিল তাহলে হয়ত কংগ্রেস হেরে যাবে, অ্যাডাল্ট ফ্র্যানচাইস হলে কলকাতা শহরকে পাবেন না। এতদিন পরে প্রচণ্ড জনমতের চাপে যদি বা সেই প্রস্তাব গৃহীত হল, তাও সেই প্রস্তাবকে কার্যে পরিণত করবার যখন হচ্ছে উপযুক্ত সময়, অর্থাৎ যখন কর্পোরেশনের বর্তমান শাসকচক্রের বিরুদ্ধে মানুষের ঘৃণা এবং ক্ষোভ পুঞ্জিভূত হয়ে উঠেছে, তখন সেই মানুষের ঘৃণা এবং ক্ষোভের সাহায্য নিয়ে দুর্নীতিকে ঝেঁটিয়ে সাফ করবার উদ্দেশ্য এদের নেই, এবং তারই সুযোগ নিয়ে এখানকার ব্যুরোক্র্যাসিকে স্ট্রেংদেন করতে চাইছেন। আমরা মনে করি এতে কোন সমাধান হবে না। তাতে এক দুর্নীতি-চক্রের বদলে আর এক দুর্নীতিচক্রের সৃষ্টির সম্ভাবনা হবে। আমি বলছি না যে এরা নিজে দুর্নীতি করবেন, করবেন না হয়ত, কিন্তু যে মুহূর্তে স্ট্রেংদেন করলেন ব্যুরোক্র্যাসিকে, সেই মুহূর্তে ব্যুরোক্রেসিতে দুর্নীতির অবকাশ রইলো।

[11-10—11-20 a.m.]

আপনারা কি করছেন? কংগ্রেস সম্পূর্ণ দলীয় স্বার্থে মুভ করেন বলেই এখানে ব্যুরক্র্যাসিক স্ট্রেংদেন করার উপায় খুঁজছেন। কলকাতা কর্পোরেশনে অ্যাডালট ফ্র্যানচাইস-এর বেসিসে ফ্রেশ ইলেকশান করতে তাই তারা গররাজী হচ্ছেন। অথচ দেখুন কংগ্রেস দল, কংগ্রেস সরকার গত তিন বছরের মধ্যে যেখানে অন্যায় প্রমাণ হয় নি, চন্দননগর, চন্দননগর থেকে কোন্নগর, কোন্নগর থেকে বালি, বালি থেকে দমদম এই পর্যন্ত ইন্ডাস্ট্রিয়াল এলাকার প্রত্যেক মিউনিসিপ্যালিটিগুলিকে যেগুলি মোটের উপর কংগ্রেস দলের হাত থেকে চ্যুত হয়ে সুন্দরভাবে কাজ করতে শুরু করেছিল তাদের বাতিল করেছেন। যেহেতু তারা তাদের সু-নীতিতে পরাস্ত করতে পারেন নি, সুতরাং এই কংগ্রেস সরকার এমারজেন্সীর নাম ব্যবহার করে এমারজেন্সীর সুযোগের অপব্যবহার করে গায়ের জোরে পুলিস এবং গুণ্ডাদের সাহায্যে সেগুলিকে সুপারসিড করলেন। চন্দননগরে, কোন্নগরে গুণ্ডারা মিউনিসিপ্যালিটির লোকের গলার টুটি চেপে ধরে বলেছে—সই কর, নতুবা মেরে ফেলব। কোন্নগর মিউনিসিপ্যালিটর সভা হচ্ছে, সেই মিউনিসিপ্যাল ভবনের দশ গজ দূরে থানা আউটপোস্ট। গুণ্ডারা গিয়ে ঢুকল সেই অফিসে—ভাইস চেয়ারম্যান, চেয়ারম্যানকে বলল—যদি তোমরা পদত্যাগপত্র সই করে না দাও, তা হলে তোমাদের মেরে ফেলব। দশ গজ দূরে থানা আউটপোস্ট সেখানে টেলিফোন করা হল, কিন্তু আশ্চর্যের ব্যাপার কেউ এল না। কোন্নগর থেকে চন্দননগর, তারপর বালি, দমদম প্রত্যেকটি জায়গায় গুণ্ডার সাহায্যে এবং আইনের অপ-ব্যবহার করে, এখানকার মন্ত্রীসভার সঙ্গে যোগসাজসে একটার পর একটা মিউনিসিপ্যালিটি তারা সুপারসিড করলেন, তাদের বেআইনীভাবে

(At this stage the red light was lit.)

আমাকে আর একটু সময় দিতে হবে, সেটা না হয় পরে কেটে নেবেন।

Mr. Speaker:

এ কি রকম কথা হল? এইভাবে আপনি সময় দিতে হবে বলতে পারেন না।

Shri Somnath Lahiri:

আমাদের এখানে প্র্যাকটিস আছে, অতীতে বহুবার হয়েছে, আমাদের দলের অন্য বক্তার থেকে কেটে আমি সময় নিতে পারি।

Mr. Speaker:

আপনি বক্তৃতা করতে করতে এটা বলতে পারেন না, আপনি আর একজনের সময় থেকে কেটে দেবেন।

Shri Somnath Lahiri:

এরকম বহুবার হয়েছে, এটা নতুন কিছু নয়।

Mr. Speaker:

বহুবার হতে পারে, কিন্তু আজকে হবে না।

Shri Somnath Lahiri:

দলের নেতা যদি বক্তা হন, তিনি সেটা ব্যবস্থা করতে পারেন।

Mr. Speaker: I cannot allow it on the floor of the House that a speaker, while speaking, would tell the Chair, "you can deduct from other member's time."

Shri Somnath Lahiri:

কাজেই যেখানে শুধুমাত্র বেআইনীভাবে, অন্যায়ভাবে নিজেদের দলীয় স্বার্থসিদ্ধির প্রয়োজন আছে সেখানে সব হয়, এবং কংগ্রেস দল মিউনিসিপ্যালিটির পর মিউনিসিপ্যালিটি গুণ্ডা এবং পুলিসের সাহায্যে এইজাতীয় কাজ করছেন এবং তার পরে সুপারসিড করছেন। সব জায়গাতেই ওই গায়ের জোর, জবরদস্তি। অথচ ক্যালকাটা কর্পোরেশন সম্পর্কে সেখানে পৃথিবীর সকলের কাছে এবং কলকাতা শহরের নাগরিকদের কাছে প্রমাণিত হয়েছে যে যাঁরা নাগরিকদের স্বার্থ জলাঞ্জলি দিচ্ছে সেখানে তাকে ডিজলভ করে ফ্রেশ ইলেকশন-এর অর্ডার করতে আপনারা পারেন না। তাই কমিশনারের ক্ষমতা বাড়ানর পিছনে আসলে কলিকাতার নাগরিকদের স্বার্থরক্ষার বিশেষ উদ্দেশ্য নয়, উদ্দেশ্য সামান্য আছে, কমিশনারকে রক্ষা করা এবং উদ্দেশ্য আছে সঙ্গে সঙ্গে যথাসম্ভব কংগ্রেসী কাউন্সিলরদের রক্ষা করা। সুতরাং হেমন্তবাবু যে বলেছেন যে, সরকারের উদ্দেশ্য সৎ সেটা ষোল আনা সৎ বলে মনে করতে পারি না। আমি এখানে, স্পীকার মহাশয়, একটা কথা মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই। সুভাষচন্দ্র বসু একসময় এই কলিকাতা কর্পোরেশন সম্পর্কে বলেছিলেন—ঈজিয়ন্‌স্ স্টেবল পুরানকালে হারকিউলিসকে, যিনি ছিলেন পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠ শক্তিশালী মানুষ, তাকে ডাকতে হয়েছিল এই স্টেবল পরিষ্কার করার জন্য। তিনি একটা গোটা নদী তার মধ্যে প্রবাহিত করে দিয়ে তবেই সেই গোটা স্টেবলকে পরিষ্কার করতে সক্ষম হয়েছিলেন। কর্পোরেশনের জঞ্জাল নিয়ে এমনি ধারায় সুভাষচন্দ্র একদিন বলেছিলেন, সেই জঞ্জাল কমে নি, বেড়েছে, এবং আজকে সেই জঞ্জাল পরিষ্কার করতে হলে কমিশনারের দ্বারা হবে না, তার জন্য হারকিউলিস চাই—সেই হারকিউলিস শৈল মুখার্জী নন, সেই হারকিউলিস এস বি রায় নন, সেই হারকিউলিস কলকাতা শহরের ২৯ লক্ষ নাগরিক। তাদের হাতে ছেড়ে দিন পরিষ্কার করবার ক্ষমতা নির্বাচন করবার ক্ষমতা এবং বলুন এই জঞ্জাল সাফ করতে হবে, সেইরকম মানুষকে নির্বাচন কর। কলকাতার ২৯ লক্ষ মানুষ ধুয়ে-মুছে দেবে এই দুর্নীতিপরায়ণ কংগ্রেসী কাউন্সিলারদের এবং নেতৃস্থানীয় কংগ্রেস মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশনকে। সেই পথ যদি নিতে চান, নিতে পারেন, তা হলে কলকাতার ময়লা সাফ হবে, তা না হলে কিছু হবে না।

Shri Nikhil Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য কলকাতা কর্পোরেশনের ব্যাপার সম্পর্কে সীমাবদ্ধ রাখব। সাধারণ মানুষ, কলকাতার মানুষ কলকাতা কর্পোরেশনের যে পরিচালন ব্যবস্থা, যে কার্যকলাপ তার সম্পর্কে এত উত্তপ্ত হয়ে উঠেছে, এবং তাঁদের ব্যবস্থা সম্পর্কে তাঁদের ধারণা এই

যে তাঁদের অব্যবস্থার ফলেই কলকাতা সহর আজ জঞ্জাল সহরে পরিণত হয়েছে, কলকাতা সহর আজ মহামারী সহররূপে পরিণত হয়েছে। গত বছর কলেরা গেল, এই বছর বসন্ত। জঞ্জাল-স্তূপ কলকাতা সহরের বুকে জমে উঠেছে এবং তার সাথে সাথে পানীয় জলের নিম্নতম ব্যবস্থা করতেও কলকাতা কর্পোরেশন অপরাগ হয়েছে, সেই কাজগুলিও তারা করতে পারে নি। এই যে কলকাতা কর্পোরেশনের অব্যবস্থার ফলে যে ঘটনাগুলি সৃষ্টি হয়েছে সেই ঘটনাগুলির ভিতর আমরা দেখতে পাচ্ছি আজ কলকাতা কর্পোরেশন নিয়ে কংগ্রেস দলের ভিতর একটা রাজনৈতিক দলাদলি ও দ্বন্দ্ব চলছে। কলিকাতা মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশনের সভাপতি পশ্চিমবঙ্গের কংগ্রেস প্রধান আর সরকারের মাথায় বসে আছেন মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয়। এই দুজন দুটো মাথায় বসে আছেন। অথচ কলকাতা কর্পোরেশনের সাথে, কলকাতা কংগ্রেস মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশনেরও সরকারের সাথে এই ঝগড়া ও দ্বন্দ্ব—তার থেকে সাধারণ মানুষের মনে ধারণা এসেছে, আশঙ্কা এসেছে, এই দুই নেতার ভিতর যে দ্বন্দ্ব, তাই বোধ হয় কর্পোরেশন এবং সরকারের যে দ্বন্দ্ব তার ভিতর দিয়ে তা প্রতিফলিত হচ্ছে। কাউন্সিলারদের যে দুর্নীতিচক্র কলকাতার বুকে—কায়েমী স্বার্থকে তাঁরা চিরকাল সমর্থন করে এসেছেন এবং করে কলকাতা কর্পোরেশনে কাউন্সিলিচক্র চালিয়েছেন। বড় বড় বাড়িওয়ালা, বড় বড় বাড়ির মালিক এবং যাঁরা বড় বড় খাটালের মালিক পূর্বে ছিলেন সেইসব কায়েমী স্বার্থবাদীদের স্বার্থেই কলকাতা কর্পোরেশন পরিচালিত হয়েছে, এবং আজকে অ্যাডালট ফ্রেনচাইজ এই কলকাতা কর্পোরেশনের ব্যাপারে এসেছে বলে এই কাউন্সিলী কুচক্র আতঙ্কিত হয়ে উঠেছে এবং আতঙ্কিত হওয়ার দরুণ কলকাতা কর্পোরেশনের ভিতর শেষ সময়ে যতটুকু লুটেপুটে নেওয়া যায় সেই লুটেপুটে নেওয়ার পথে তাঁরা অগ্রসর হচ্ছেন। আগে যে পরিমাণ লুটেপুটে নিতেন আজকে আরো বেশি কি করে লুটেপুটে নেওয়া যায়, সেদিকে অগ্রসর হচ্ছেন। এবং আজকে এই যে কলকাতা কর্পোরেশনের দুর্নীতি ও অন্যায় এর বিরুদ্ধে জনমত অত্যন্ত বিক্ষুব্ধ হয়ে উঠেছিল এবং সেই জনমত এতটা বিক্ষুব্ধ হয়েছিল—এবং সেই জনমতের বিক্ষোভ সরকারের কাছে পৌঁছেছিল এবং সরকারের কাছে লিখেও ছিল। তাই সেই বিক্ষোভকে আপাতত প্রশমিত করবার জন্য তাঁরা কমিশনার নিয়োগ করেছিলেন এবং নিয়োগ করে জনসাধারণের বিক্ষোভকে ভুলপথে পরিচালিত করবার চেষ্টা করেছিলেন, এবং একথা অনস্বীকার্য যে কংগ্রেস সরকারের বিভিন্ন প্রশাসনিক জায়গায় যেসমস্ত বড় বড় অফিসার বসে আছেন তাঁরা এই দুর্নীতির সহায়ক বিভিন্ন জায়গায় হয়েছেন—তার ভিতর দুচারজন অফিসার আছেন যাঁরা সৎ অফিসার, কিন্তু সেই সৎ অফিসারদের তাঁরা সৎ হিসাবে থাকতে দিতে চান না।

[11-20—11-30 a.m.]

মিঃ এস বি রায় সম্পর্কে এই প্রসঙ্গে একটা কথা উল্লেখযোগ্য যে তিনি একটি সৎ অফিসার। তাঁকে কর্পোরেশন-এর কমিশনার হিসাবে বসিয়ে দেওয়া হয়েছিল। কিন্তু সেই সৎ অফিসার সৎভাবে কাজ করতে গিয়ে বাধা পেলেন কাদের কাছ থেকে আজকে সেই প্রশ্ন শৈলবাবু এবং প্রফুল্লবাবুকে করতে চাই। তিনি তাঁদেরই দল কংগ্রেসী কাউন্সিলার, কুচক্রীগোষ্ঠী দুর্নীতির সমর্থক, যাঁরা কর্পোরেশনে বসে আছেন তাঁদের কাছ থেকে বাধা পেলেন। তার ফলে তিন তাঁর করণীয় কাজ করতে পারলেন না। তাই আজকে প্রশ্ন যে জায়গায় এসে দাঁড়িয়েছে সেই জায়গাটা আজকে বিচার করে কংগ্রেস সরকারকে দেখতে হবে যে, কর্পোরেশন ঠিকভাবে তাঁরা চালাতে চান না কর্পোরেশনের ভেতর কংগ্রেসের নেতৃত্ব তাঁরা বজায় রাখতে চান? সেদিক থেকে সমস্ত জিনিসটা বিচার করতে হবে এবং সেদিকে বিচার করলেই সুফল পাওয়া যাবে। আপার হাউসে একটা যে বিল এসেছে সেই বিল সম্পর্কে বিভিন্ন বক্তা উল্লেখ করেছেন। সেই বিল সম্পর্কে পরে যখন এখানে আসবে, সেই সময় আমরা আমাদের মতামত বলব। কিন্তু একটা কথা জোর দিয়ে শৈলবাবু এবং মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে বলতে চাই যে, কংগ্রেস ভবনের যে ছায়া, অতুল্যবাবুর যে ছায়া, সেই ছায়া রাইটার্স বিল্ডিংসকে গ্রাস করেছে। কেন তাঁদের সাহস নেই বিভিন্ন জায়গার মিউনিসিপ্যালিটিকে তাঁরা সুপারসিড করছেন, বিভিন্ন জায়গায় বামপন্থী যেসমস্ত মিউনিসিপ্যালিটি ছিল সেগুলোকে তাঁরা সুপারসিড করছেন সেইভাবে কংগ্রেসের ভেতরে কংগ্রেসী কাউন্সিলারদের অন্যায় দুর্নীতি থাকা সত্ত্বেও—যার ফলে কমিশনারকে অধিক ক্ষমতা দিতে হচ্ছে কর্পোরেশনকে কেন সুপারসিড করছেন না? এর জবাব কি তাঁরা দেবেন। সেখানে অতুল্যবাবুর

ভ্রূকুটির ভয়ে সেটা করতে সাহস পাচ্ছেন না। অতুল্যবাবুর দিকে চেয়ে যে এটা কেন করতে পারছেন না, এই প্রশ্নের উত্তর কোলকাতার মানুষ তাঁদের কাছ থেকে চায়। আর একটা কথা এই-প্রসঙ্গে বলতে চাই যে, মাননীয় স্পীকার মহাশয় আপনি কিছুদিন কর্পোরেশনের মেয়র ছিলেন এবং এই হাউসের মাননীয় সদস্য বিজয়বাবুও মেয়র ছিলেন, কিন্তু বিজয়বাবুকে মেয়রের পদ থেকে সরিয়ে দিতে কংগ্রেস প্রধান অতুল্যবাবুর এক মিনিটও সময় লাগল না। তাঁর কথার বিরুদ্ধে, গণতন্ত্রের পক্ষে বিজয়বাবু সেদিন দাঁড়িয়েছিলেন বলে তাঁর একটি কলমের আঁচড়ে মেয়রের পদ থেকে তাঁকে সরিয়ে দেওয়া হল। কিন্তু ক্যালকাটা কর্পোরেশনকে কুচক্রী কংগ্রেস কাউন্সিলাররা যখন ক-এর জায়গায় চো-রপোরেশান নিয়ে যেতে চলেছে, তখন তাদের সরিয়ে দিয়ে এই কর্পোরেশনকে সুপারসিড করবার যে সাহস তা তাঁদের নেই কেন এই প্রশ্ন অত্যন্ত স্বাভাবিকভাবে জনসাধারণের মনে আজকে উঠেছে? আর একটা কথা বলব যে, আজ এমারজেন্সী, এমারজেন্সীর কথা বলা হচ্ছে এবং সেই এমারজেন্সীর কথা বলে বলা হচ্ছে যে কংগ্রেসের সঙ্গে বামপন্থীদের একত্রিত হয়ে দেশের ঐক্য গড়ে তুলতে হবে। কিন্তু কি চমৎকার ঐক্যের নিদর্শন আজকে কংগ্রেস সরকার এবং কর্পোরেশনে কংগ্রেসী কাউন্সিলাররা দেখাচ্ছেন। কি চমৎকার ঐক্যের জায়গা তাঁরা দেখাচ্ছেন যে ওয়ার্কস কমিটির মিটিং হবে না, স্ট্যান্ডিং কমিটির মিটিং হবে না, কোন গ্র্যান্ট দেওয়া হবে না, কোন স্যাংশন হবে না এবং কোলকাতা শহরের আবর্জনা দিনের পর দিন স্তূপীকৃত হবে। এর কারণ কি? কারণটা হচ্ছে কর্পোরেশনে কংগ্রেসী কাউন্সিলারদের সঙ্গে সরকারের একটা আপাতত ঝগড়া এবং সেই ঝগড়ার জন্য এইসব জিনিস হবে না। এমারজেন্সী-ন্যাশানাল এমারজেন্সী যখন চলছে তখন এইসব ঝগড়া হচ্ছে ক্যালকাটা কর্পোরেশন যেটা হচ্ছে কোলকাতা নগরীর, কোলকাতা শহরের শুধু কেন বাংলাদেশের প্রাণকেন্দ্র। এই প্রাণকেন্দ্রে দুর্নীতি যখন চলছে সেই দুর্নীতির জায়গা যদি তাঁরা রোধ না করতে পারেন, তা হলে তাঁদের মুখের এই এমারজেন্সীর কথা, আপৎকালীন অবস্থার কথা, কেউ বিশ্বাস করবে না। নিজেদের ঘর সামলাবার যে জায়গা সেই জায়গার প্রতি আপনার মাধ্যমে আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি। শেষে যেকথা বলতে চাই সেটা হচ্ছে ক্যালকাটা কর্পোরেশনকে নিয়ে যে ধরনের ঘটনা ঘটছে সে সম্পর্কে। ক্যালকাটা কর্পোরেশন সম্পর্কে কোলকাতাবাসীর মনে যে আতঙ্ক দেখা দিয়েছিল কাজ কিছু হচ্ছিল, কিছু হচ্ছে না, এই ধরনের যে আতঙ্কের মনোভাব কোলকাতার মানুষের মনে দেখা দিয়েছে সে সম্পর্কে বলতে গিয়ে যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে যে আজকে অতুল্যবাবুর বিরুদ্ধে প্রফুল্লবাবু সাহসে বুক বেঁধে দাঁড়ান। কংগ্রেসী কুচক্রী কাউন্সিলরদের পৃষ্ঠপোষক হিসাবে যিনি প্রধান দাঁড়িয়ে আছেন তিনি সেই অতুল্যবাবু। তিনি কালকের মিটিং-এ যে অনুপস্থিত ছিলেন তার ভেতরকার কারণ কি সেটা লক্ষ্য করতে বলি। এই জায়গায় বুক সোজা করে দাঁড়িয়ে যদি কর্পোরেশনকে ঠিক জায়গায় আনতে চান, তা হলে এই কর্পোরেশনকে ভেঙ্গে দিন, এই কুচক্রীদের হাত থেকে কর্পোরেশনকে মুক্ত করুন এবং তারপর প্রাপ্তবয়স্ক ভোটাধিকার ভিত্তিতে কর্পোরেশন-এর নূতন নির্বাচন করে কর্পোরেশনকে একটা সুষ্ঠু জায়গায় দাঁড় করাবার চেষ্টা করুন। সেটাই হচ্ছে পথ। পথ এই নয় যে, কমিশনারের হাতে কতটুকুন ক্ষমতা দিলাম—কমিশনারের হাতে আইন করে যত বেশী ক্ষমতা দিন না কেন তা নিয়ে ভাল কাজ হবে না। কারণ দুর্নীতিপরায়ণ যাঁরা ওখানে বসে আছেন তাঁরা ভাল কাজ করতে দেবেন না। কারণ, কর্পোরেশন-এর সঙ্গে তাঁদের রক্তের সম্পর্ক আছে, বাঁচার সম্পর্ক আছে, খেটে খাবার সম্পর্ক আছে, জনসাধারণের সুবিধা সম্পর্ক সে জায়গায় নেই। তাই কর্পোরেশনকে আজকে যদি দুর্নীতি মুক্ত করতে হয়, কর্পোরেশন-এর ভেতরে যে আবর্জনা জমে উঠেছে তাকে যদি পরিষ্কার করতে হয়, তা হলে অতুলাবাবুর ভ্রূকুটিতে ভয় করলে চলবে না। অতুল্যবাবুর ভ্রূকুটির ভয়ে আজকে যদি তাঁরা বিপথে চলতে চান, গণতান্ত্রিক অধিকার জনসাধারণের হাত থেকে নিয়ে কর্পোরেশনকে বাঁচাবার চেষ্টা করেন, তা হলে তাঁরা সফল হবেন না এবং কোলকাতার মানুষ তাঁদের ক্ষমা করবেন না। তাই আজকে শক্ত হাতে দাঁড়ান, শক্ত হাতে ধরুন, গণতন্ত্রের পথে এগোন, প্রাপ্তবয়স্ক ভোটাধিকার যেটা দিয়েছেন তার মাধ্যমে কর্পোরেশানের নির্বাচন করুন, গণতান্ত্রিক প্রতিষ্ঠান হিসাবে তাকে দাঁড় করান এবং সেখানে যেন ঐ কংগ্রেস ভবনের যে ভ্রূকুটি, সেই ভ্রূকুটি যেন আতঙ্কিত না করে। আপনারা যদি সেই ভ্রূকুটিতে আতঙ্কিত হন, তা হলে ঐ আসনে দেখব জায়গা ঠিক থাকবে মানুষের পরিবর্তন হয়ে যাবে এবং কায়েমী স্বার্থের চক্রের মানুষ ঐ জায়গায় এসে বসবে না। এই আতঙ্ক, এই দুর্ভাবনা আজ কোলকাতার মানুষের মনে আছে। তাই এই খাত সম্বন্ধে

বলতে গিয়ে এই কথাটা জোর দিয়ে বলতে চাই যে, আজকে প্রয়োজন হয়েছে ক্যালকাটা কর্পোরেশনকে সুপারসিড করে প্রাপ্তবয়স্ক ভোটাধিকার ভিত্তিতে ক্যালকাটা কর্পোরেশনএর নির্বাচনকে সংগঠিত করা। এইসবই হচ্ছে আজকে প্রয়োজনীয় কাজ।

Shri Gopal Banerjee : মিঃ স্পীকার, স্যার, আজকে এখানে যে আলোচনা কলিকাতা কর্পোরেশনকে নিয়ে হচ্ছে এই কলিকাতা কর্পোরেশন সম্বন্ধে আলোচনার ধারা এই গতিতে নিয়ে গেছে যাতে এখানেতে ছোটখাট মিউনিসিপ্যালিটি তাদের সম্পর্কে আলোচনা করলে সে সম্বন্ধে আমাদের মাননীয় মন্ত্রীমহোদয়ের নজর দিতে পারবেন কিনা সে সম্পর্কে যথেষ্ট সন্দেহ আছে। এ সম্বন্ধে দু-চারটা কথা বলার প্রয়োজন আছে। এটা গ্র্যান্ট যেটা আছে—মিউনিসিপ্যালিটিকে গভর্নমেন্ট যে টাকা দেন, তাতে এই গ্র্যান্ট সম্বন্ধে, মিউনিসিপ্যালিটির সঙ্গে জড়িত যেসমস্ত জিনিস, যেমন হেলথ, ওয়াটার সাপ্লাই, প্রাইমারী এডুকেশন—যেটা আবার এডুকেশনের সঙ্গেও জড়িত—এইসব মিউনিসিপ্যালিটির উপর ছেড়ে দেওয়ার ব্যাপারে সমস্ত কিছুই কালকে আলোচনা হয়েছে, এবং শৈলবাবু যখন এ সম্পর্কে ডিম্যান্ড এনেছেন তখন কিছু আলোচনা করার সুযোগে কিছু বলতে চাই। এখানে যে সাহায্য কর্মচারীদের জন্য দেওয়া হয়, বেতনের জন্য দেওয়া হয়, সে সম্পর্কে একটা সমস্যা দেখা দিয়েছে। সরকারী কর্মচারীদের মাইনের হার বদলাবার পরে মিউনিসিপ্যালিটির কর্মচারীদের মাইনের হার সেটা বাড়াবার প্রশ্ন উঠে। সরকার যেভাবে কর্মচারীদের সাহায্য দেন, সেটা মিনিমাম ওয়েজও অ্যাওয়ার্ড অনুযায়ী—সেখানে নিয়ম ছিল এই যে, সরকারী কর্মচারীদের ১৯৫৮ সালে যে মাইনে পেতো আমাদের মনে হয় মিউনিসিপ্যালিটির কর্মচারীরা যে মাইনে পান বা পেয়েছেন তার মধ্যে পার্থক্য রয়েছে—গভর্নমেন্টের যে টাকা সরকারী সাহায্য হিসাবে পাচ্ছে মিউনিসিপ্যালিটিতে তা একই রয়ে গেছে। সরকারী কর্মচারীদের সামান্য কিছু বেড়েছে। কিন্তু পৌর কর্মচারীদের সামান্য বৃদ্ধির যে দাবী সেটা অত্যন্ত যুক্তিসংগত হিসাবে দাঁড়িয়েছে। কিন্তু সেই সরকারী সাহায্য যা তার অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন সেটা এবারকার বাজেটের মধ্যে নেই। এই প্রশ্ন বার বার আলোচনা হয়েছে এবং এটা মিউনিসিপ্যালিটির কর্মচারীরা দাবী করতে পারে এবং এই ডিফারেন্স অর্থাৎ মিনিমাম ওয়েজ দেবার যে প্রভিসন বাজেটে আছে—তা এর মধ্যে নেই।

[11-30—11-40 a.m.]

দ্বিতীয় প্রশ্ন হচ্ছে যে ক্যাজুয়েলাইজেশন অফ মিউনিসিপ্যাল এমপ্লয়িজ যাঁরা মিউনিসিপ্যালিটির মেথর, জমাদার ইত্যাদির কাজ করেন এবং সবচেয়ে কষ্টসাধ্য কাজ করেন, তাঁদের কিন্তু চাকরী স্থায়ী নয় বেশীরভাগ জায়গায়। এই নিয়ে গতবার থেকে আলোচনা এখানে সুরু হয়েছে। কিন্তু সেই সম্পর্কে আজও সরকারী নীতি এখনো ঘোষিত হয় নাই। আগের বার যেটার জবাব দিয়েছিলেন মন্ত্রিমহাশয় যে এটা কোর্টের বিবেচনাধীন আছে, এবিষয়ে কোর্ট সিদ্ধান্ত নিলে পরে এই সম্পর্কে চিন্তা করা যাবে। আমি বলছি আর কতদিনে এই কোর্টের রায় বেরুবে? যখন তার কোন ঠিক নাই, তখন এ সম্বন্ধে ইন্টারিম অ্যারেঞ্জমেন্ট-এর কিছু একটা ব্যবস্থা করা যেতে পারতো কি না যে এই কর্মচারীরা অন্ততঃ কিছু কিছু পার্মানেন্সির সুযোগ, প্রভিডেন্ট ফান্ড-এর সুযোগ, অথবা ছুটিছাটা ব্যাপারে পেড হলিডের ব্যবস্থা করা যায় কি না এবং তার জন্য এই পৌরসভাগুলিকে সাহায্য করা যায় কি না সে বিষয়ে কি তাঁরা চিন্তা করছেন? এটা চিন্তা করার ব্যাপার। কিন্তু এবারকার বাজেটে সেই সম্পর্কে সে কোন সিদ্ধান্তের ব্যাপার কিছু নেই। এটার আর একটা দিকও আছে—শৈলবাবু সেই ডিপার্টমেন্টেরই ভারপ্রাপ্ত মন্ত্রী; এঁরা হরিজন সম্প্রদায়ের সিডিউল্ড কাস্ট ও সিডিউল্ড ট্রাইবসএর লোক বেশীর ভাগ। কাজেই তাদের এ দিক থেকেও কিছু সাহায্য করা যায় কি না, সেটাও চিন্তা করবার আছে। তাদের বাড়ী ঘর তৈরী করবার জন্য এবং অন্যান্য সুযোগ-সুবিধা দেবার জন্য ট্রাইবাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট—কেন্দ্রে ও প্রদেশে—তাঁরা বারম্বার পৌরসভার কাছে লেখেন এবং সেই সম্পর্কে কোন ব্যবস্থা কিছু কি ধরনের করা যেতে পারে? এদের লিভিং কন্ডিশন ইমপ্রুভ কিভাবে করা যেতে পারে সেদিকে সরকারের দৃষ্টিভঙ্গী কি—সেটা শৈলবাবুর কাছ থেকে জানতে পারলে উপকৃত হতাম। এ ছাড়া কালকের আলোচনার মধ্যে যেটা ছিল, সেই আলোচনা থেকেও কালকে

কোন জবাব সেই সম্পর্কে পাওয়া যায় নি। শৈলবাবুর সেই সম্পর্কে একটা জবাব দেওয়া উচিত ছিল বলে আমি মনে করি। মিউনিসিপ্যালিটিগুলি যে অবস্থায় এখন দাঁড়িয়ে আছে, মিউনিসিপ্যালিটিগুলি তার রাস্তাঘাট, জলকল এবং অন্যান্য যে সমস্যা বহুবার আলোচিত হয়েছে। থার্ড ফাইভ ইয়ার প্ল্যান-এ ক্যালকাটা করপোরেশন-এর জন্য ২০ কোটি টাকা খরচ করা হবে তার ইমপ্রুভমেন্টের জন্য। এটাই মোটামুটি ঠিক আছে। আর অন্যান্য মিউনিসিপ্যালিটির জন্য থার্ড ফাইভ ইয়ার প্ল্যান-এ ৩ কোটি টাকা খরচ করা হবে—এই পার্পাস-এ অর্থাৎ বাদবাকি যে ৮৪টি মিউনিসিপ্যালিটি আছে বাংলাদেশে সেই কথা বলা হয়েছিল। কিন্তু বাজেটে যে প্রভিশন তাতে দেখা যাচ্ছে যে বরাদ্দের শতকরা ২০ ভাগও খরচ করা হবে না এবং এইবারকার বাজেট প্রভিশন কালকে যেটা আলোচনা হয়েছে, সেই আলোচনায় তার জবাব হয় নি। শৈলবাবু বলেছিলেন মিউনিসিপ্যালিটি সম্পর্কে আলোচনা করবার সময় উনি আজকে কিছু বলবেন। তাই সেটাও জানতে চাই—যে এই থার্ড ফাইভ ইয়ার প্ল্যান-এর ফার্স্ট ইয়ারএ কোন টাকা খরচ হয় নি, সেকেন্ড ইয়ারএ ২০ লক্ষ টাকা খরচ হলেও এবারে মাত্র ১৫ লক্ষ টাকার প্রভিশন আছে। ৩ কোটি টাকার মধ্যে তিন বৎসরে যদি ৩৫ লক্ষ টাকা খরচ হয়, তাহলে বাদবাকি টাকাটা কবে খরচ হবে? খরচ হবে না বলেই বোঝা যাচ্ছে। সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যান-এর পারফরম্যান্স ছিল ৫২ পারসেন্ট অর্থাৎ ১ কোটি ৬০ লক্ষ টাকা যেখানে খরচ করবার কথা ছিল, তার মধ্যে ৫২ পারসেন্ট খরচ হয়েছিল, তার উপরে খরচ হয় নি। এবারও সেই রকম অবস্থা দাঁড়াবে। সুতরাং মিউনিসিপ্যালিটিগুলি তার রাস্তাঘাট, অন্যান্য যে ড্রেনেজ এই সমস্ত যে উপকারের প্রশ্নে, এইদিকে সরকারের সাহায্য দানের যে প্রতিশ্রুতি অন্ততঃ ছিল থার্ড ফাইভ ইয়ার প্ল্যান পিরিয়ডএ সেটা তারা পাচ্ছে না। এই সম্পর্কে বা কি অবস্থা দাঁড়াবে এবং যে সুয়ারেজ ওয়াটার সাপ্লাই ইত্যাদি প্রশ্নগুলি, মেডিক্যাল ও পাবলিক হেলথএর মধ্যে থাকলেও সেটা কিন্তু চ্যানেলাইজ হয় শৈলবাবুর ডিপার্টমেন্টএর মধ্য দিয়ে। সুতরাং সেই সম্পর্কে তাঁর ডিপার্টমেন্ট কতটা চিন্তা করেছেন এবং ভেবেছেন? সেটা জানা দরকার। কারণ সামগ্রিক আলোচনায় ও বিভিন্ন গ্রান্টের মধ্যে মিউনিসিপ্যালিটি সম্পর্কে যে টাকা বরাদ্দ থাকে, সেটাকে এক সঙ্গে আলোচনা করা যায় না। কিন্তু যেহেতু শৈলবাবু ভারপ্রাপ্ত মন্ত্রী রয়েছেন, ও'র কাছ থেকে সমস্ত বিষয়টা জানা প্রয়োজন, এখানে যে প্রস্তাবটা নিয়ে আলোচনা হচ্ছে ক্যালকাটা কর্পোরেশন-এর ব্যাপার। এই প্রশ্নটায় আমরাও ভুক্তভোগী। সুতরাং তার কিছুটা আলোচনা বোধ হয় এখানে প্রাসঙ্গিক। এই মিউনিসিপ্যালিটিগুলির যখন শাসন সম্পর্কে নানা রকম প্রশ্ন উঠতে থাকে এবং এর বেশীর ভাগ প্রধানতঃ কংগ্রেস দলের দ্বারা শাসিত হতো এর মধ্যে যখন প্রচুর গণ্ডগোল ও দলাদলি সুরু হতে হতে চূড়ান্ত পর্যায়ে ওঠে, তখন এই ক্যালকাটা করপোরেশনএ আজকে যে পদ্ধতি নেওয়া হয়েছে, সেই পদ্ধতি এই মিউনিসিপ্যালিটিগুলি সম্পর্কেও নেওয়ার জন্য সরকার এগিয়ে এসেছিলেন। জালান সাহেব তখন মিউনিসিপ্যাল অ্যাক্টএ ৬৭(এ) ধারাটা জুড়ে দিয়েছিলেন। একজন এক্সিকিউটিভ অফিসার সেখানে অ্যাপয়েন্ট করবার ব্যবস্থা করলেন। কেন না মিউনিসিপ্যালিটিটা প্রপার্টি ম্যানেজিং নয়। আজকে জালান সাহেব আছেন আমি নিশ্চয়ই বলতে পারি যে ৬৭(এ) ধারাটা অ্যাপ্লাই করা হয়েছে, যেখানে একজিকিউটিভ অফিসার দেওয়া হয়েছিল, সেখানে বোধ হয় নির্বাচিত কমিশনারদের চেয়ে ভাল কোনখানে এই একজিকিউটিভ অফিসার করতে পারেন নি। আমি নিজে যে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান আমি জানি এবং এই একজিকিউটিভ অফিসারের দুর্ভোগ আমরা ভুগছি। একথা বলছি এই জন্য যে আমার মিউনিসিপ্যালিটি হচ্ছে বাংলাদেশের সর্বপ্রথম মিউনিসিপ্যালিটি—যে মিউনিসিপ্যালিটিতে ঐ একজিকিউটিভ অফিসার অ্যাপয়েন্টেড হয়েছিল এবং যে সময় হয়েছিল, তখন বেশীর ভাগ কংগ্রেসের লোক ছিলেন তার চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান। তাঁর উপর কলেকশন-এর ভার ছিল, তিনি কলেকশন ইমপ্রুভমেন্ট যা করেছিলেন, সেখানে শতকরা ৬০ ভাগ তুলতে পারেন নি। আমরা জালান সাহেবকে তখন এই কথা বলেছিলাম যে আমরা কলেকশন-এর ইমপ্রুভমেন্ট করে দেবো যদি আপনারা এক বছর সময় দেন, এবং যদি তা না পারি, তাহলে আপনারা আবার সেখানে একজিকিউটিভ অফিসার অ্যাপয়েন্ট করবেন; ইতিমধ্যেই একজিকিউটিভ অফিসার তুলে নিন। জালান সাহেব সেই একজিকিউটিভ অফিসারকে তুলে নিয়েছিলেন এবং তিনি আমাদের কথার যুক্তি গ্রহণ করেছিলেন বলেই উনি তুলে নিয়েছিলেন। এবং তুলে নেওয়ার পরে, আমরা

সেখানে ইমপ্রুভমেন্ট করতে পেরেছিলাম। এখানে জালান সাহেব আছেন, তিনি নিশ্চয় এটা স্বীকার করবেন। এক্‌জিকিউটিভ অফিসার অন্যান্য যে সমস্ত মিউনিসিপ্যালিটিতে করা হয়েছে, সেখানে কোন ইমপ্রুভমেন্ট কি এমন হয়েছে যে নির্বাচিত কমিশনারের চেয়ে বেশী? এখন নির্বাচিত কমিশনাররা যে ঐক্যবদ্ধ ভাবে কাজ করতে পারেন, অ্যাডমিনিস্ট্রেশন হেল্ড আপ করে রাখেন, নিশ্চয় আমার বিশ্বাস আছে যে তাঁরা ব্যুরোক্রাটিক কন্ট্রোলের চেয়ে অনেক ভাল কাজ করতে পারবেন। কিন্তু এখানে অসুবিধা হচ্ছে এই, যে অ্যাডাল্ট ফ্রানচাইজ বিল যখন আলোচনা হয় তখন আমরা এই কথা বলেছিলাম যে অ্যাডাল্ট ফ্রানচাইজ একটা দৃষ্টিভঙ্গীর প্রশ্ন। কিন্তু তার মানে এই প্রশ্ন নয় যে সেখানে কয়েকজন সাধারণ লোক এসে ভোট দিল কি, দিল না। তা একটা দৃষ্টিভঙ্গীর প্রশ্ন নয়। প্রশ্ন হল আজকে মিউনিসিপ্যালিটির কন্ট্রোলটা কিভাবে থাকবে? এটা কি পপুলার কন্ট্রোল হবে, না, ব্যুরোক্র্যাটিক কন্ট্রোল হবে, এবং অ্যাডাল্ট ফ্রানচাইজ যদি একটা পপুলার কন্ট্রোলএর দিকে আমাদের নিয়ে যয় এবং যদি সমস্ত গণতান্ত্রিক মানুষ, তারা এটা উপযুক্ত ভাবে ব্যবহার করেন তাহলে সে পৌর-শাসনই হোক বা ক্যালকাটা করপোরেশন হোক, বা মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে হোক, নিশ্চয় তার উন্নতি করতে পারবেন। এ দিক থেকে আমার নিজের যেটা অভিজ্ঞতা, সেটা হচ্ছে এই, যে সাধারণ মানুষ যারা এই পৌর নির্বাচনে মোটেই উদ্‌বেলিত বা উত্তেজিত হয় না, বা যাদের কাছে পৌর-শাসনের কোন প্রশ্ন থাকে না, বা বস্তি মানুষ ও অন্যান্য মানুষের যাদের ঘরবাড়ী নেই, বা যাদের শিক্ষার একটা নির্দিষ্ট মান নেই, তাদের মধ্যেই মিউনিসিপ্যালিটির নির্বাচন বেশীর ভাগ সীমাবদ্ধ ছিল, তারা আজকে নিজেরা নিজেদের মধ্যে ঐক্যবদ্ধ হয়ে খুব অল্প বয়স্ক ভোটারের মধ্যে, ম্যানিপুলেশন করে ক্যান্ডিডেট দিতে পারতেন। ইন্ডাস্ট্রিয়াল এলাকার মিউনিসিপ্যালিটিতে আমরা দেখেছি, যেমন টিটাগড় একটা এলাকা, সেখানে ১৫০ জন ভোটার সেখানে একটি কমিশনার নির্বাচন হচ্ছে, তার জন্যে পাঁচটি ক্যান্ডিডেট দাঁড়ায়। যে বাড়ীওয়ালা, প্রভাবশালী ব্যক্তি, তিনি কিছু টাকা পয়সা ব্যয় করে ১০।১৫ জন বেশী ভোটার সংগ্রহ করে সেখানে নির্বাচিত হন। কিন্তু আজ যদি সেটা পপুলার কন্ট্রোলএর দিকে যায়, সেখানকার যত কলকারখানা আছে, তার শ্রমিক, মজুর থেকে আরম্ভ করে সবাই, তারা যদি সেখানে ভোটের অধিকারটা পায় তাহলে তারা নিশ্চয় সেখানে যারা একটা গোষ্ঠী বা চক্র সৃষ্টি করে, তাদের ঝেঁটিয়ে দূর করে দিতে পারে। এইটা হচ্ছে আমার অভিজ্ঞতা। সুতরাং আজকে এই মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে আইন পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখে সেখানে কিছু কিছু ব্যবস্থা আপনারা করেছেন। বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে, যেখানে এখনও সুষ্ঠু শাসন-ব্যবস্থা প্রতিষ্ঠিত হয় নি, সেখানে একটা পরিবর্তন এনে, অ্যাডাল্ট ফ্রানচাইজএর যা ব্যবস্থা করা হয়েছে, তার জন্য আগেরবার শৈলবাবুকে ধন্যবাদ জানিয়েছি যে, এটা নিশ্চয় জনসাধারণের উপকার করবে। কিন্তু সংগে সংগে সমস্ত পৌরসভার ক্ষেত্রে রুল ৬৭(এ)-টা যে দৃষ্টিভঙ্গী থেকে এসেছিল, সেই দৃষ্টিভঙ্গী পালটায় নি। অ্যাডাল্ট ফ্রানচাইজ-এর মধ্য দিয়ে তার কিছু পরিবর্তন সূচনা করছে বটে, কিন্তু পপুলার কন্ট্রোলের যে লক্ষ্য, যে দৃষ্টিভঙ্গী, সেটা আমি মনে করি রাইটার্স বিল্ডিংস-এর, অন্ততঃ যারা লোকাল সেল্‌ফ গভর্নমেন্ট ডিপার্টমেন্টের ভারপ্রাপ্ত কর্মচারী, তাঁরা এই দৃষ্টিভঙ্গীতে দেখেন কি না, আমার এখনও সন্দেহ আছে। সেইজন্য ক্যালকাটা কর্পোরেশনের ক্ষেত্রে যে সমাধানের প্রশ্ন দেওয়া হয়েছে, সেটা ব্যুরোক্রেটিক কন্ট্রোলকে টাইট করবার জন্য দেওয়া হয়েছে। তা ছাড়া পপুলার কন্ট্রোলের দিকে যে একটা সুযোগ এসেছিল, সেই সুযোগের দিকে যাওয়ার জন্য তাঁরা অগ্রসর হন নি। এদিক থেকে যারা বিরোধী পক্ষের কাউন্সিলর ক্যালকাটা করপোরেশনের, তাঁরা এ ক্ষেত্রে যে দাবী তুলেছেন তা আমি সঠিক বলে মনে করি। বিপদের লক্ষণটা হচ্ছে এই, যে কলকাতায় স্টেটসম্যান কাগজে একটা প্রবন্ধ বেরিয়েছে ৫ই তারিখে--প্রবন্ধটা আজকে লীড দিচ্ছে এই বলে "ইট ইজ এনাফ, এনাফ" অর্থাৎ ভয় হচ্ছে। এই ভয়টা কি? ক্যালকাটা করপোরেশন যদি নিজে সে সুস্থ না হয় তাহলে, স্টেট গভর্নমেন্ট, তুমি তাকে সুস্থ করো। যদি স্টেট গভর্নমেন্ট অপারগ হয়, তাহলে সেন্টার আজকে এখানে এসে তাকে বাধ্য করুক এই ব্যাপারটায় ক্যালকাটা করপোরেশনকে সুস্থ করবার জন্য। এখন স্টেটসম্যানে তারপর, যত চিঠিপত্র বেরোচ্ছে, সেই চিঠিপত্রের মধ্য দিয়ে এই ডাইরেকশন দিচ্ছে এবং এখন অন্যান্য সংবাদপত্রও ডাইরেকশন দিচ্ছে *জেশনএর দিক দিয়ে যে এর ব্যুরোক্রাটিক কন্ট্রোলকে টাইট করবার জন্য। এর বিরুদ্ধে যদি

বাংলাদেশের জনমত সৃষ্টি করা না হয়, এর বিরুদ্ধে যদি জনমত প্রবল না হয়, তাহলে আমি মনে করি ক্যালকাটা করপোরেশনের মধ্য দিয়ে যে সূত্রপাত হবে, সমস্ত মিউনিসিপ্যালিটি এই ব্যুরোক্রাটিক কন্ট্রোলের দিকে যাবে এবং এর ফলে সর্বত্র পৌর-শাসন দুর্বল হবে। এবং সর্বসাধারণের সুখ-সুবিধার যে বিধান, তাও দুর্বল হবে। সুতরাং এই দৃষ্টিভঙ্গী স্টেটসম্যান, আনন্দবাজার পত্রিকা ও অন্যান্য সংবাদপত্রে বেরিয়েছে দেখলাম। তাঁরা যে দৃষ্টিভঙ্গী দিচ্ছেন, আমি জানি না, এর সঙ্গে এখানকার মন্ত্রিসভার যাঁরা মন্ত্রী, তাঁদেরও এই রকম মনোভাব আছে কিনা এবং মন্ত্রিসভার পক্ষ থেকে এই মতবাদে প্রভাবিত হয়েছে কিনা। যদি হয়ে থাকে তাহলে এটা অত্যন্ত মারাত্মক দৃষ্টিভঙ্গী, এবং আমি এই দৃষ্টিভঙ্গীর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[11-40—11-50 a.m.]

Shri Sambhu Charan Ghose:

মাননীয় স্পীকার মহাশয়, বাংলা দেশের পৌরসভাগুলিকে সাহায্যদানের নামে পশ্চিমবঙ্গ সরকার যে সুনিপুন অভিনয় করে চলেছেন তা একমাত্র রাইটার্স বিল্ডিংস-এর সত্যিকারের চেহারাকে ফুটিয়ে তুলেছে। সমস্যা জর্জরিত পৌরসভাগুলিকে সাহায্যদানের জন্য বার বার আবেদন করা হয়েছে কিন্তু তা ব্যর্থ হয়েছে। তাদের সেই আবেদন আজও রাইটার্স বিল্ডিংসএর অলিন্দে নিভৃত নীরবে কাঁদে। পশ্চিমবঙ্গ সরকার পশ্চিমবঙ্গ পৌরসভাগুলির প্রতি তাঁদের যে হৃদয়হীন, উদাসীন মনোভাব দেখিয়ে এসেছেন তার মধ্যে দিয়েই বাংলাদেশের পৌর জীবনে দুর্বিসহ যন্ত্রণা ডেকে নিয়ে এসেছে। মাননীয় স্পীকার, স্যার, আমি ছাত্র জীবন থেকে সুরু করে একাধিকক্রমে পৌরসভায় ১০ বৎসর সদস্য ছিলাম। এবং বাংলাদেশের বিভিন্ন পৌরসভার যে ভয়াবহ সমস্যা সেই সমস্যার কথা আমি জানি। বাংলা দেশে যে ৮৭টি পৌরসভা আছে সেই পৌরসভার বাস্তব চিত্র যদি উদ্ঘাটন করা যায় তাহলে দেখা যাবে যে একদিকে রয়েছে হাজার সমস্যার বিন্ধ্যাচল, অপর দিকে রয়েছে সেই সমাধানের ক্ষেত্রে সরকারী সাহায্যদানের অস্বীকৃতি। বাংলা দেশের পৌরসভাগুলির কাছে সাধারণভাবে তিনটি সমস্যা অত্যন্ত প্রকটভাবে আজো রয়েছে, শিক্ষা, স্বাস্থ্য, এবং পানীয় জলের সমস্যা। মাননীয় স্পীকার, স্যার, আজকে আমাদের মাননীয় স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রী নিশ্চয়ই স্বীকার করবেন যে বাংলাদেশের অধিকাংশ পৌর অঞ্চলেতে যে ড্রেনেজ সিস্টেম চালু আছে তার মধ্যে দিয়ে সেই সমস্ত এলাকার আবহাওয়া পুতিগন্ধময় হয়ে উঠেছে। আমি তাঁর এলাকার কথাই বলছি হাওড়া, যে হাওড়ার কাঁচা নর্দমা বহুদিন যাবত অসংস্কৃত অবস্থায় পড়ে রয়েছে। পৌরসভা থেকে বার বার এই সরকারের কাছে আবেদন করা হয়েছে যে সেই কাঁচা নর্দমাগুলি সংস্কার করা হোক। কিন্তু আজ পর্যন্ত তা হয় নি। হুগলি সহরের পৌরসভার কথা আমি এখানে রাখতে পারি যে, হুগলি-চুঁচুড়া পৌরসভায় আজো সেই পর্তুগীজ আমলের পুরানো বড় বড় ড্রেন সহরের বুক দিয়ে গিয়েছে এবং সেই ড্রেন আজকে সহরের বুকে ক্যানসারের সমতুল হয়ে আছে। উত্তরবঙ্গের আলিপুরদুয়ারের পৌরসভার কথা আমি রাখতে পারি যে, আলিপুরদুয়ারে আজ পর্যন্ত সেখানে কোন রকম কনজারভেন্সীর ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এই স্বাস্থ্য ব্যাপারেতে পৌরসভার যে দায়িত্ব সেই দায়িত্ব পালনে সরকারের যেখানে এগিয়ে আসা উচিত, সাহায্যদানের ক্ষেত্রে সরকার যেখানে অকৃপণভাবে এগিয়ে আসবে আশা করা গিয়েছিল, দেখা গেল সরকার আজকে সেখানে পিছিয়ে গিয়েছেন। তারপর দ্বিতীয় কথা, সেই যে শিক্ষা ব্যবস্থা আজকে একটা অত্যন্ত প্রয়োজনীয় প্রশ্ন দাঁড়িয়েছে সমস্ত সাধারণ মানুষের কাছে যে সহরে যে সমস্ত প্রাথমিক বিদ্যালয়গুলি আছে সেই সমস্ত প্রাথমিক বিদ্যালয়ের দায়িত্ব কে গ্রহণ করবে। এক একটি সহরে যে সমস্ত প্রাথমিক বিদ্যালয় আছে তার শতকরা ২০ ভাগ বিদ্যালয় নিয়ন্ত্রণ করে সেই সেই এলাকার পৌরসভাগুলি। শতকরা ২০টি ছাড়া বাকী যে প্রাথমিক বিদ্যালয়গুলি সেগুলি হয় হাই স্কুল অ্যাটেনডেড অথবা প্রাইভেট ম্যানেজড। এই হাই স্কুল অ্যাটেনডেড অথবা প্রাইভেট ম্যানেজড যে সমস্ত প্রাথমিক বিদ্যালয় আছে সেগুলিকে কেমন করে ফ্রি অ্যান্ড কমপালসরি প্রাইমারী স্কুলে কনভার্ট করা যায়, রূপান্তরিত করা যায় সে সম্পর্কে সরকারের কাছে আমরা বার বার আবেদন করেছিলাম। সরকার বিভিন্ন পৌরসভার কাছে বলেছেন যে

তোমরা তোমাদের এলাকার যত প্রাইমারী, প্রাথমিক বিদ্যালয় আছে সেগুলিকে প্রাথমিক এবং বাধ্যতামূলক করার দায়িত্ব তোমাদের ঘাড়ে। এবং সেই পৌরসভাগুলি এই মন্ত্রীদের কাছে আবেদন করলো যে অর্থের দায়িত্ব কে গ্রহণ করবে।

আমরা জানি অধিকাংশ পৌরসভাগুলি সেখানকার সাধারণ মানুষের কাছ থেকে আদায়ীকৃত অর্থে কাজকর্ম চালিয়ে যান কিন্তু তার পরে যদি আবার এডুকেশন সেস্ চাপান হয় তাহলে সাধারণ মানুষের জীবনে নোতুন চাপ সৃষ্টি হবে—তাদের অর্থনৈতিক জীবনে নোতুন দুর্গতি নেমে আসবে। ১৯৬২-৬৩ সালে পশ্চিমবাংলা সরকার প্রাথমিক শিক্ষার বিস্তারের জন্য ১ কোটি ২১ লক্ষ টাকা বরাদ্দ করেছিলেন, কিন্তু এই অপদার্থ সরকার সেই মঞ্জুরীকৃত অর্থও খরচ করতে পারেন নি। আমাদের মাত্র ১.১৭০(?) বিদ্যালয়ে কমপালসরি ফ্রি প্রাইমারি এডুকেশন-এর ব্যবস্থার জন্য ১৯৬২-৬৩ সালে ধরা হয়েছিল ১ কোটি ২১ লক্ষ টাকা। বিভিন্ন মিউনিসিপ্যালিটিকে নির্দেশ দেওয়া হল ১৯৩০ সালে তৈরী ইংরাজ আমলের বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট অনুসারে তোমরা এডুকেশন ট্যাক্স বসাও এবং সেইভাবে সমস্ত প্রাইমারী বিদ্যালয়ের পরিচালনা ভার গ্রহণ কর। কিন্তু আমি বলছি এ বিষয়ে সরকারকে আজ এগিয়ে আসতে হবে। সেখানে অধিকাংশ সহরে এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে সাধারণ মানুষ একটা অসহায় অবস্থার মধ্যে পড়ে আছে। এমন পৌরসভা আছে যেখানে একবিন্দু ট্যাপ ওয়াটার পাওয়া যায় না। পৌরসভাগুলি আবেদন করেছে. সরকার সাহায্য কর. আমরা ট্যাপ ওয়াটার অ্যারেঞ্জ করব; কিন্তু সে ব্যবস্থা দেখি না। অথচ সরকার এসব পৌরসভা থেকে কয়েক লক্ষ টাকা নানাভাবে আদায় করে নিয়ে আসেন। এই সরকার বিভিন্ন সহর থেকে লরীর ট্যাক্স, মোটর ভিহিকলস ট্যাক্স লক্ষ লক্ষ টাকা নিয়ে আসেন অথচ ত র পরিবর্তে ভিক্ষার মত কয়েক হাজার টাকা তাদের দান করেন এবং বলেছেন এইভাবে এবছর মোটর ভিহিকলস ট্যাক্স ২½ লক্ষ টাকা বেশী আদায় করবেন। তাই দাবী করছি যে. অতিরিক্ত ২½ লক্ষ টাকা ট্যাক্স তারা আদায় করবেন তার একটা মোটা অংশ পৌরসভাগুলিকে দেওয়া হোক। পৌরসভায় যে সিনেমা হল আছে তা থেকে এনটারটেনমেন্ট ট্যাক্স সরক র নিয়ে আসেন। আমরা বার বার আবেদন করেছি ঐসব এলাকা থেকে যে এন্টারটেনমেন্ট ট্যাক্স নিয়ে আসেন তার একটা অংশ পৌরসভাকে দিন যাতে তারা সুষ্ঠুভাবে পরিচালনা ব্যবস্থা চালাতে প রেন। সরকারকে তাই আবারও বলছি পৌরসভাগুলির যদি সুষ্ঠু পরিচালনা ব্যবস্থা না করা হয়—এগুলির অবস্থা উন্নত করার দিকে সরকার যদি এগিয়ে না যান তাহলে সামগ্রিকভাবে নাগরিক জীবনে একটা বিপর্যয় নেমে আসবে। আমি একটা কথা এখানে রাখব. সেটা হল এই যে. যখন জরুরী অবস্থার মধ্যেও সাধারণভাবে উপ-নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে তখন কতকগুলি পৌরসভাকে কেন বছরের পর বছর সুপারসিড করে রাখা হচ্ছে। অ মি তাই দাবী করি প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচন সমাধা করে নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা দেওয়া হোক যাতে তারা পৌরসভা পরিচালনা ভালভাবে করতে পারে। যে সমস্ত জায়গায় সুপারসেসন্ হয়েছে—হুগলী, চুঁচুড়ার কথা বলি—দুই বছর আগে সেখানে আমাদের হাত থেকে ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে। অথচ আজকে সেখানকার সাধারণ মানুষ প্রতিব দ করছে। সেখানে শাসন ব্যবস্থা আজ অত্যন্ত নিম্ন পর্যায়ে নেমে এসেছে। সেখানে অবিলম্বে নির্বাচন হওয়া প্রয়োজন—সেখানে গণতান্ত্রিক প্রতিনিধিদের শাসন ব্যবস্থায় আসবার সুযোগ দেওয়া উচিত।

[11-50—12 noon.]

Shri Bejoy Kumar Banerjee: Mr. Speaker, Sir. today perhaps I am the last speaker, or my friend on the right may be the last speaker to speak about the affairs of the Corporation in connection with the contribution given by the State Government. We know, everyone of us knows that the Corporation news has hit the headlines of the newspapers. It is sensational and the question is asked, who wins in the tug of war of strength. Sir, the answer is yet to be given and to be known. When I found that the Municipal Act was amended in the Legislative Council and there was no Mayor—who is a member of the Legislative Council—and the leader of a party, the Congress ruling party as also other important members were absent, the

Corporation's case went by default. Yesterday even in the Corporation meeting only a protest resolution was passed on the passing of the Bill in the Legislative Council. Sir, I do not appreciate that attitude of mind. I know that even the public, everybody outside this House and all the members of this House condemned the Corporation for its sins of omission and commission. Sir, I knew that this would happen. I wanted to resist all the attempts made, but the Writers' Buildings have converted the Corporation into a sub post office or a sub office of the Writers' Buildings. If it is the desire of the Government to look after the interest of the people and to improve conditions of the people living outside, I would ask, Sir, what steps did the Government take all these years. Only now we are told in this year that "the money is here, go and take the money" and then it is said "they have not done this or they have not done that". Sir, year after year the Corporation passes resolutions claiming a share of the motor vehicles tax amounting to nearabout Rs. 4½ crores. And only this year the money is given, amounting to Rs. 4½ crores. Sir, many of the members who adorn the Treasury Bench today have forgotten their past association with the municipality. Many of them had a political training in that municipal body which helped them occupy that elevated seat today. Sir, I am not afraid of defending the Corporation and I say with all the emphasis at my command that any efficient officer may be appointed in the Corporation —I have no grudge against Mr. S. B. Roy—he may be the most efficient officer living here in India—but I do say that appointment of efficient officers by Government will not solve the problems, the fundamental problems of this Corporation. The problems are not on the surface. The problems are below the surface, viz., in the pipelines of drainage and in the pipelines of water supply. Sir, these are the staggering problems, as has been mentioned by no less an organisation than the World Bank Mission, who came and submitted a report and said that nowhere in any part of the world a municipality relying on the finances obtained by realisation of taxes could solve the civic problems excepting with State aid or aid from the Centre. They forced the State Government and the Government at the Centre to come immediately to the rescue of the Corporation. Since then the Government has changed its mentality not out of its own voluntary will, but having been forced to do it by the organisation set up by the Central Government. Be that as it may, Sir, I see that consistent attempts are being made by the State Government to curb the autonomy of the Corporation. I do not mind if the interest of the city demands that the Councillors should be driven out or they should walk out of the Corporation, I shall be the first person to lead them and I shall come away from the Corporation. It is not that thing and everybody understands it. Since years after years we have been carrying on with a duty of imparting primary education and we have been spending nearabout 45 lakhs of rupees. This duty has been imposed under the Constitution on the State. But how much amount this State has contributed for the performance of that duty by the Corporation ? Imagine, Sir, if the Corporation could not spend that amount year after year they could have spent that amount for the improvement of water supply and for other essential necessities of the Corporation. But they could not do it. Now, at the last moment, I would only request the Hon'ble Minister Mr. Mukherjee just to take courage in both hands and not to be led away by political considerations. If he wants that supersession of the Corporation is necessary and needed let him supersede it. I told them times without number that in the Corporation two things can not exist side by side.

Here we only say in words of mouth that we are a democratic government but that is not so. You want to strangulate democracy, kill democracy and you want to take all the powers in your hands. Sir, Party rule always

works better, I know, in executive circles and how many of the Ministers want that somebody from the Central Government would come and inspect their work? Sir, I challenge the Government that if they appoint any commission of enquiry composed of independent men to examine the affairs and working of the Corporation they will find that the Corporation's report will not be anything worse than that of the Government. They will not do it. Taking the powers in their hands they have come here to rule the Corporation from Writers' Buildings. May I ask, Sir, whether the amending Bill which they have just passed will solve the city's problems? Mr. S. B. Roy who was sent by the Government certainly may not hear the councillors.

Sir, this Government is running on a party line and the majority of the members belong to the Congress Party and the majority of the members in the Corporation also belong to the same Congress Party. Would it have been difficult for this Government to ask both the Parties—Mr. S. B. Roy and the Congress councillors—to work simultaneously, and with co-ordination and co-operation? No. We are told that that is the difficulty. But the difficulty lies underneath. We do not know what in the meantime cropped up when I find jeers and anarchy, and absolutely there is no transaction of work in the Corporation.

Sir, we strongly denonced and drew the attention of the Government times without number of the wretched condition of the city's conservancy service and I move that the Government should appoint, if necessary, military personnel and take them from the Fort William to take care of the city's conservancy system. That I did. The Government heard everything and what they want? They want S. B. Roy to hear them but they do not want S. B. Roy to hear the Mayor of Calcutta Corporation. He is your Mayor, you have elected him but now S. B. Roy should have the courage to go to the Government to report over the head of the Mayor of Calcutta.

Sir, as the Mayor of Calcutta is unable to defend himself and to defend the Corporation, I am prepared to defend the Corporation even at the risk of whatever may happen. The Mayor kept quiet—for what? Mr. Banerjee was telling that the Corporation should not be run politically. That is not a new thing. Times without number from the mayoral chair I declared—when I was the Mayor of Calcutta—that let this not be converted into an arena to fight out political battles. I wanted to work as a Mayor of the city irrespective of party consideration and even without caring for the fear or favour or foul of any governmental authority. Sir, do you not want that type of Mayor the Chair of which was occupied by no less a person than Deshbandhu Chittaranjan Das and Netaji Subhas Bose? That Municipal Act was passed by the Legislature by no less a person than Sir Surendra Nath Banerjee and to-day—we are afraid, it is an irony of fate—claiming yourself to be the upholders of democracy you are strangulating democracy. Ask them to clear out and just you rule the Corporation as you like. I am sure the Government have not the guts, Government will not have the courage to supersede the Corporation. Government then and the Minister then will have to face more stronger and effective opposition than the opposition of myself. I am afraid that the Minister may have to go away rather than giving the place of precedence over the opinion of that man. If he has got the courage to supersede the Corporation let there be adult franchise, let there be elections and let the representatives come through the elections. With these words, Sir, I say once again with all humility that hundreds of municipal Bills will not solve the problem and Mr. S. B. Roy will not be able to solve the problems of Calcutta.

[12—12-10 p.m.]

Shri Siddhartha Shankar Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বন্ধু বিজয় ব্যানার্জি'র গরম বক্তৃতার পর আমার বক্তৃতা হয়ত মাননীয় সদস্যদের কাছে নিশ্চয়ই অত্যন্ত নরম মনে হবে। তার কারণ আমি এই সমস্যাগুলি বাস্তব পরিবেশের ভিত্তিতে দেখাতে চাই এবং তার ভিত্তিতে এই সভার সামনে এই বক্তৃতা হাজির করতে চাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কোন সন্দেহ নেই যে, এই সভার প্রত্যেকটি সদস্য স্বীকার করবেন যে বর্তমান আপৎকালীন যে জরুরী অবস্থা এই অবস্থায় করপোরেশনের সঙ্গে সরকারের যে মান-অভিমানের পালা চলছে এটা একেবারেই অশোভনীয়; ঠিক সেই রকম সংঘাতের ফলে যে অবস্থার সৃষ্টি হয়েছে তার সুযোগ নিয়ে রাজনৈতিক মতামত ইত্যাদি এই সমস্যার ভেতর ঢোকানো এটা একেবারেই অশোভনীয়। আমাদের যে সমস্যা আমি দেখতে পাচ্ছি সেই সমস্যা আমাদের স্থির মস্তিষ্কে সমাধান করবার চেষ্টা করতে হবে। প্রথমত আপনি দয়া করে যদি দেখেন তাহলে দেখবেন যে ক্যালকাটা মিউনিসিপ্যালিটি অ্যাক্ট যে নূতন পাশ হয়েছিল এই অ্যাক্টের ধারাগুলিতে এমন সমস্ত কথা বলেছেন—এমন প্রভিশন আছে যার ফলে এই সংঘাত হতে বাধ্য হয়েছে—একটা হোক দুটা হোক তিনটা হোক—১০টা হোক, যাই-ই হোক, এক একটি করে। প্রথমতঃ ১৯৫১ সালের অ্যাক্টে মিউনিসিপ্যাল অ্যাক্টের ৩টি অথরিটি করা হোল—একটি হোল করপোরেশন আর একটি হোল স্ট্যান্ডিং কমিটি এবং আরও একটি হোল কমিশনার। করতে পারেন, কিন্তু যদি এই তিনটি অথরিটিকে পরিষ্কারভাবে বলা হোত কার কি কর্তব্য তাহলে কিছু আসতো না। কিন্তু তা করা হয় নি, এখানে প্রথমে ১৯৫১ সালের মিউনিসিপ্যাল অ্যাক্টের ২৪ নং ধারাতে বলা হচ্ছে

"Municipal Government of Calcutta shall vest in the Corporation but subject to the provisions of this Act and Rules made thereunder".

তারপর বলা হচ্ছে ২৬নং ধারাতে

"Corporation shall by rules made for the purpose, determine the powers, duties and functions of each Standing Committee".

অর্থাৎ কি না স্ট্যান্ডিং কমিটি কি সেটা করপোরেশন রুল করে ঠিক করে দেবেন। একদিকে দেখলাম মিউনিসিপ্যাল গভর্নমেন্ট আর এক দিকে দেখলাম করপোরেশন স্ট্যান্ডিং কমিটির কি কি ক্ষমতা সেটা রুল করে তৈরী করে দেবেন। আবার অন্য দিকে দেখলাম ২৮নং ধারাতে

"subject to the provisions of this Act and of any rules, etc., the entire executive power for the purpose of carrying out the provisions of this Act shall be vested in the Commissioner".

একদিকে মিউনিসিপ্যাল গভর্নমেন্ট করপোরেশন, আর একদিকে করপোরেশন স্ট্যান্ডিং কমিটির ক্ষমতা ঠিক করে দিচ্ছেন। আর এক দিকে ২৮ নম্বর ধারায় বলা হচ্ছে

The entire executive power for the purpose of carrying out the provisions of the Act shall be vested in the commissioner.

তার মানে কি? ক্যারিয়িং আউট দি প্রভিশন অফ দি অ্যাক্ট। কমিশনারের ক্ষমতা হচ্ছে সাবজেক্ট টু রুলস......। ২৬ নম্বর ধারায় করপোরেশন

may by rule determine the powers, duties and functions of the standing committees.

এখন ধরুন করপোরেশন স্ট্যান্ডিং কমিটির একটা ক্ষমতা ঠিক করে দেওয়া হলো। সেই ক্ষমতার সঙ্গে কমিশনারের ক্ষমতা মিললো না, যা হচ্ছে এখন, সেখানে কে কর্তা? এ তো ঝগড়া বাধবে। এর উপর আবার আছে ২৫ নম্বর ধারায় যে করপোরেশন যে রেজলিউশন করবে

The Standing Committee and the Commissioner shall be bound by that resolution.

৪৭ নম্বর ধারাতে স্টেট গভর্নমেন্ট সেই করপোরেশনের রেজলিউশন আবার বাতিল করে দিতে পারেন। এখানে স্টেট গভর্নমেন্ট এসে গেছে। আসল এখানে চারটি অথরিটী দাঁড়িয়ে যাচ্ছে। এই রকম যেখানে স্কীম হয়, সেই স্কীমে যে এই তিনটি অথরিটি—মিউনিসিপ্যাল অথরিটি, স্ট্যান্ডিং অথরিটি, কমিশনার—করপোরেশন—এদের যে ঝগড়া লাগবে, এটা ঠেকান যেতে পারে

না। কাজেই এই মিউনিসিপ্যাল অ্যাক্ট আপনাদের অ্যামেন্ড করতে হবে। এই অ্যাক্ট বদলাতে হবে। তা না হলে এই রকম ঝগড়া চিরকাল চলবে। এই ঝগড়া যেটা চলছে এটা আমার কয়েকজন বিরোধী পক্ষের বন্ধু বললেন—কমিশনারের কোন দোষ নাই, ঐ করপোরেশনের কংগ্রেস কাউন্সিলরদের সব দোষ। ধরে নিলাম তাই, এই অ্যাক্ট যদি দেখেন তাহলে দেখবেন কংগ্রেসের কাউন্সিলর, আমার বামদিকে যাঁরা বন্ধুরা বসে আছেন, তাঁরা বললেন কাউন্সিলররা যা বলছেন সম্পূর্ণ বাজে কথা তাঁরা বলছেন না। কতকগুলি হয়ত বাজে কথা বলছেন। আর একটা হচ্ছে কাউন্সিলররা গত তিন-চার বছর ধরে যেভাবে সভা-সমিতিতে আলোচনা করেছেন তাতে জনসাধারণ তাদের উপর কিছু কিছু ক্ষুব্ধ হয়েছেন। আমার কাছে একটা হাইকোর্টের জাজমেন্ট আছে ৬৪—ক্যালকাটা উইকলি নোটস—যেখানে হাইকোর্ট পর্যন্ত বলেছেন করপোরেশনের কাউন্সিলররা যে রকম বক্তৃতা করেন, তাঁরা দেখছি একে অপরকে বেহায়া নির্লজ্জ এই কথা বলেন—হোমিসাইড, ফ্রাটিসাইড, বারবেরিয়ান্স—এই সব কথা বলা হয়েছে। হাইকোর্টের কাছে করপোরেশন কেরালা সম্বন্ধে আলোচনা করতে চাচ্ছেন। যখন কেরালায় এমারজেন্সি ঘোষিত হয়, যখন করপোরেশন কেরালা সম্বন্ধে একটি প্রস্তাব আনতে চাচ্ছিলেন, তখন একজন নাগরিক হাইকোর্টে একটা মামলা করেন। তিনি নিজের কাজ করেন না, কোথায় কেরালায় কি হচ্ছে, সে নিয়ে আলোচনা করতে চাচ্ছেন! এই কেরালা সম্বন্ধে আলোচনার জন্য যাঁরা মোশান দিয়েছিলেন, তাঁরা হচ্ছেন বিরোধী পক্ষের দু'-জন সদস্য—একজন কমিউনিস্ট পার্টির তরফ থেকে, আর এক জন বিরোধী পক্ষের এক দল থেকে। সে নিয়ে হাইকোর্টে মামলা হয়। হাইকোর্টের কাছে গিয়ে করপোরেশনের তরফ থেকে বলা হলো যে করপোরেশনের ক্ষমতা আছে এই আলোচনা করার। কেন ক্ষমতা আছে? না, করপোরেশনের ক্ষমতা আছে এই কারণে এডুকেটিভ ভ্যালু যে জিনিষ, সেই এডুকেটিভ ভ্যালু নাগরিকদের যার দ্বারা শেখাতে হবে—সেই রকম জিনিষ আলোচনা করা করপোরেশনের ক্ষমতা আছে। সেই আরগুমেন্ট যা করপোরেশন থেকে বলা হচ্ছিল, সে সম্বন্ধে আলোচনা করতে গিয়ে, বিচার করতে গিয়ে হাইকোর্টের বিচারপতি বললেন, যা যা আলোচনা হয়েছে সেটা পড়ে তিনি বললেন

Having perused it, I am constrained to say that its educative value and its potentiality for spreading knowledge and culture amongst the citizens of Calcutta seems to me to be absolutely nil. It contains strong words of abuse and vituperation. Election is a faithful record of men fighting one another tooth and claw. It may be of passing interest to a certain class of people with sporting instincts It contains invectives like fratricide, homicide and barbarian. It contains the unedifying spectacle of one city-father calling another worthless and without shame. As I shall presently show, the only liability of the corporation or its power if we look at it from that point of view is to make some financial provisions for the purpose of promoting primary education among boys and girls.

অর্থাৎ কি না বেহায়া—নির্লজ্জ; একজন কাউন্সিলর আর একজন কাউন্সিলরকে বললেন বেহায়া নির্লজ্জ—এই সব বলে হাইকোর্ট সমালোচনা করলেন এবং বললেন এই সব তাঁরা কি করছেন, করপোরেশনের কাউন্সিলররা কি করছেন? সুতরাং করপোরেশন কাউন্সিলররা যতই বলুন, কি সব সমালোচনা করছেন, এ বিষয়ে সন্দেহ নাই যে লার্জ সেকশন মেজরিটি অফ দি পিপল তাঁদের উপর অসন্তুষ্ট হয়ে আছে—তাঁদের দ্বারা করপোরেশনের কাজ ঠিকমত হচ্ছে না বলে। এটাও হতে পারে করপোরেশনের কাজ ঠিক মত হচ্ছে না। করপোরেশনের কাউন্সিলরদের ভিতর কারও কারও দোষ থাকতে পারে। কিন্তু সেই দোষ কার ছিল, কি ছিল না, সেটার ভিতর এখন গেলে ভয়ানক একটা ঝগড়া সৃষ্টি হবে। অনেকে বলেছেন যে করপোরেশনকে সুপারসিড করে দিন। করপোরেশনকে সুপারসিড করে দেওয়া হয়ত উচিত। কিন্তু সকলে এটা বিচার করে দেখুন, আজ যদি করপোরেশনকে সুপারসিড করে দেওয়া হয় বর্তমান এমারজেন্সীতে, তাহলে কি রকম একটা ক্ল্যাশ আমাদের দেশে লেগে যাবে। আমি বিরোধী পক্ষের হলেও, আমি চাই না যে দল এখন সরকার চালাচ্ছেন, এই এমারজেন্সির সময় সেই দলের ভিতর একটা ডিভিশন সুরু হয়ে যাক। সেই ডিভিশনটায় কার সুবিধা হবে? আমরা কি পারবো সরকার চালাতে? অপজিশনএ আমাদের যদি ক্ষমতা থাকত, এই ডিভিশন-এর সুযোগ

নিয়ে আমরা সরকার গঠন করে, ঠিক মত বর্তমান এমারজেন্সিতে স্টেট চালাতে পারতাম, তাহলে নিশ্চয় বলতাম তা করুন। কিন্তু আমাদের যে অবস্থা, অপজিশন-এর যে অবস্থা সেখানে আর পার্টি পাওয়ারের ভিতর ডিভিশন-এর সুযোগ এই এমারজেন্সিতে নেবার চেষ্টা করবেন না। এতে হয়ত একটা স্পেকটাকল হবে। এতে হয়ত একটা চীপ পপুলারিটি হবে। কিন্তু এতে দেশের কল্যাণ হতে পারে না, এতে দেশের অকল্যাণ হবে। আমি তাই শ্রদ্ধার সঙ্গে কংগ্রেস কাউন্সিলরদের অনুরোধ করবো তাঁরা নো কনফিডেন্স মোশনটা উইথড্র করুন। এবং আমি সরকারকে অনুরোধ করবো তাঁরাও তাঁদের বিলটি উইথড্র করুন। নো কনফিডেন্স মোশন এখন আসার কোন প্রয়োজন নেই। যদি এখন নো কনফিডেন্স মোশন এই এমারজেন্সি পিরিয়ড-এর সময় আনেন, তাহলে সরকারের নিশ্চয়ই একটা স্টেপ নিতে হবে।

এস বি রায় অনেক কাজ করেছেন; এটা তাঁর করা দরকার। এই প্রস্তাবেতে কংগ্রেসের যে যে কাউন্সিলর আছেন, আমি জানি না বিরোধী পক্ষের কেউ আছেন কি না এই নো কনফিডেন্স মোশন-এর সঙ্গে, যাঁরা সমর্থন জানিয়েছেন। যাঁরাই থাকুন, তাঁদের আমি অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে আবেদন করবো এই নো কনফিডেন্স মোশনটা উইথড্র করুন। এবং সরকারও সঙ্গে সঙ্গে তাঁর এই বিলটি উইথড্র করুন এবং উইথড্র করার পর, আপনি কয়েকজনকে নিয়ে একটা কমিটি করুন এবং ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টটা ভাল করে দেখে, নূতন করে করুন। কারণ এই মিউনিসিপ্যাল অ্যাক্ট যতদিন থাকবে, ততদিন পর্যন্ত ঝগড়া চলতে থাকবে। কালকে যদি কমিউনিস্টরা পাওয়ারে আসেন, তাঁরা কি চালাতে পারবেন এই মিউনিসিপ্যাল অ্যাক্টটা নিয়ে? সেজন্য এটাকে নূতন করে করা দরকার।

আমি আর একটা কথা বলতে চাই, তবে, এটা খানিকটা ব্যক্তিগত কথা অবশ্য। কালকে শুনলাম একজন কমিউনিস্ট সভ্য বলেছেন—আজকে যদি আমি নির্বাচনে দাঁড়াতে যাই, নির্বাচনে পরাজিত হবো। নিশ্চয় হবো, কোন সন্দেহ নেই। তিনি যে এই সত্যটা উপলব্ধি করেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। অন্ততঃ কমিউনিস্ট হয়ে তিনি সত্যের উপলব্ধি করতে পেরেছেন। নিশ্চয় আমি হারবো, কারণ ভবানীপুরের মানুষ তত সহজে ভুলবে না যে গত বৎসর আমি কমিউনিস্টদের সাথে এক সঙ্গে ছিলাম। তাই আমি হারবো। কারণটা একটু বুঝে দেখুন।

[12-10—12-20 p.m.]

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমার এই ব্যয় বরাদ্দের দাবীতে একটি মাত্র আইটেম ছিল ৭৯ লক্ষ টাকা করপোরেশনকে দান, এবং বাকীগুলি সবই বিভিন্ন মিউনিসিপ্যালিটির, জেলা বোর্ডের সাহায্যার্থে। এই প্রসঙ্গ নিয়ে আজকের সভায় সমস্তই আলোচনা হয়েছে করপোরেশন সম্বন্ধে। আমি মাননীয় সদস্যদের কাছে পরে নিবেদন করবো এখানে আজকে এই বিতর্কের অজুহাতে এই যে নূতন সংশোধনী বিল, যেটা বিধান পরিষদে গৃহীত হয়েছে, এবং আগামী সপ্তাহে এই বিধান সভায় পেশ করা হবে, সে সম্বন্ধে যে আলোচনা করেছেন, তার জবাব এখানে আজকে দেওয়া অপ্রাসঙ্গিক এবং অযৌক্তিক বলে আমি মনে করি। কেন না আমার বক্তব্য যা, বিধান পরিষদে দিয়েছি। অর্থাৎ সরকারের যা বক্তব্য আমি বিধান পরিষদে দিয়েছি, এবং এখানেও আগামী সপ্তাহে আমি বিস্তারিতভাবে সেই সংশোধনী প্রস্তাবের জবাব দেবার সুযোগ পাবো। এই প্রসঙ্গে করপোরেশনের সঙ্গে অন্যান্য কয়েকটি মিউনিসিপ্যালিটির সুপারসেশনের কথা উল্লেখ করে মাননীয় সোমনাথ লাহিড়ী মহাশয় এবং কিছু কিছু সদস্য সরকারের দুমুখো নীতির কথা উল্লেখ করেছেন। তাঁদের আমি স্মরণ করিয়ে দিতে চাই করপোরেশনকে বাতিল করার কোন সিদ্ধান্ত বা প্রস্তাব সরকার গ্রহণ করেন নি এই কারণে যে, করপোরেশনে সরকার মনে করেন আজ পর্যন্ত কোন অচল অবস্থা, যাকে বলে ডেড্‌লক্‌, তার সৃষ্টি হয়নি এবং অন্যান্য মিউনিসিপ্যালিটিতে, সেখানে মাত্র ৮৮টি মিউনিসিপ্যালিটির মধ্যে ৮-৯টি মিউনিসিপ্যালিটিকে '৬২ সালে বাতিল করা হয়েছে। এবং মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, প্রত্যেকটি

মিউনিসিপ্যালিটিতে এমন অচল অবস্থা হয়েছিল, সমস্ত সদস্যরা পদত্যাগ করেছিল, মিউনিসিপ্যালিটি পরিচালনা করবার কোন সংস্থাই সেখানে ছিল না। সেখানে জনসাধারণের মতও সরকারের কাছে এসেছে, সরকারীভাবেও ম্যাজিস্ট্রেট এবং এস ডি ও-র কাছ থেকে খবর এসেছে

There is deadlock in the administration apart from the question of mal-administration.

সেই অবস্থায় সরকার দল নিরপেক্ষ নীতি গ্রহণ করে বাতিল করা বিবেচনা করেছেন। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য বলতে পারি যে ৮টি মিউনিসিপ্যাল এলাকায় গত বৎসর সুপারসেশন করা হয়েছে সেখানকার জনসাধারণ এর জন্য সরকারকে অভিনন্দন জানিয়েছে।

(শ্রীনিখিল দাস ঃ—এর আগে হাওড়া মিউনিসিপ্যালিটিতে কি হয়েছিল ?)

আমি ত দাদা ১৯৪৮ সালের জন্য দায়ী নই। কংগ্রেস প্রতিষ্ঠানই মুসলিম লীগের বিরুদ্ধে ফাইট করে সুপ্রিম কাউন্সিল পর্যন্ত গিয়ে জনতার রাষ্ট্র প্রতিষ্ঠিত করেছিল এবং জিতেছিল সেটাও জেনে রাখুন। মুসলিম লীগ যখন জাপানী বোমার দোহাই দিয়ে হাওড়া মিউনিসিপ্যালিটি সুপারসেশন করে তখন জনতার হাতে ক্ষমতা কেড়ে দিয়েছিল এই কংগ্রেস।

দ্বিতীয়ত ঃ, এর সঙ্গে কর্পোরেশনের যে কথাটা বলেছেন আমি সেটা পুনরায় উল্লেখ করছি। মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায় যে সমস্ত যুক্তি দেখিয়েছেন সরকার তাঁর মতের সঙ্গে সম্পূর্ণ একমত। এবং এই বিষয় কি কি পদক্ষেপ এই সরকার এই এক বৎসরের মধ্যে করেছেন বিধান সভায়, বিধান মন্ডলীতে আমি বার বার তা উল্লেখ করেছি। সদস্যরা যদি সে সমস্ত বিধান সভার পদ্ধতি স্মরণ না রাখেন তাহলে আমি দুঃখিত। কিন্তু আজকে যখন এই প্রস্তাব হয়েছে তখন পুনরায় তার উল্লেখ করা প্রয়োজন। এই ক্যালকাটা মিউনিসিপ্যাল আইন এবং পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল আইনের সম্পূর্ণ, আমূল পরিবর্তন প্রয়োজন এই সিদ্ধান্ত সরকারীভাবে বিধান সভায় একবার নয়, দুইবার নয়, বার বার ঘোষিত হয়েছে। দ্বিতীয়, সরকার প্রথম পদক্ষেপ নিয়েছেন করপোরেশনের নির্বাচিত প্রতিনিধিদের সঙ্গে আলোচনার মাধ্যমে সরকার জানতে চান তথ্য। বিশেষ একটি কমিটি গঠন করা হয়েছিল, ফ্যাক্ট ফাইন্ডিং কমিটি, একটা প্রচলিত আইনের আমূল পরিবর্তন প্রয়োজন হলে তথ্য সরকারের প্রয়োজন। সেইজন্য সেই বিশেষজ্ঞ কমিটির মৌলিক উদ্দেশ্য হচ্ছে করপোরেশনকে নিন্দা করা নয়। বিশেষজ্ঞ কমিটির রিপোর্টের মধ্যে একটি ছত্রও নেই, একটি কথাও নেই যেখানে করপোরেশনকে তাঁরা নিন্দা বা ঘৃণা করেছেন। তাঁরা ফ্যাক্ট প্রেজেন্ট করেছেন। এই ফ্যাক্টের আন্ডারে কি আমূল পরিবর্তন প্রয়োজন তা সরকারকে তাঁদের রিপোর্টের মধ্যে দিয়ে জানিয়েছেন।

[12-20—12-30 p.m.]

দ্বিতীয় পদক্ষেপ, সরকার সেই রিপোর্ট বিবেচনা করবার জন্য একটি ক্যাবিনেট সাব-কমিটি গঠন করেছেন। করপোরেশন আইন, যে কথা সিদ্ধার্থশঙ্কর মহাশয়ও বলেছেন, কিভাবে এটার আমূল পরিবর্তন করা যায় সরকার এ বিষয় অবহিত যে বম্বে করপোরেশন, দিল্লী করপোরেশন, মাদ্রাজ করপোরেশন, যাদের পরিচালনার সুখ্যাতি সারা ভারতবর্ষে বিদিত এবং সেই সুখ্যাতি অনুসারে কলিকাতা করপোরেশন চলতে পারছে না এটাও সর্ববাদিসম্মত। সুতরাং বর্তমানে সেই সমস্ত পৌরপ্রতিষ্ঠান ভারতবর্ষে রয়েছে এবং বিদেশেও গণতান্ত্রিক রাষ্ট্রে রয়েছে। তাররূপ দেখে সরকার একজন স্পেশাল অফিসার লোকাল সেল্‌ফ গভর্নমেন্ট ডিপার্টমেন্টে অবসরপ্রাপ্ত জজকে নিয়োগ করেছেন এবং সেই বিষয় তিনি কাজ সুরু করেছেন। আজও আমি এখানে ঘোষণা করতে পারি এই বাজেট অধিবেশনের পরে আগামী যে অধিবেশন হবে সেই অধিবেশনে সরকার নিশ্চয়ই আমূল সংশোধিত নূতন করপোরেশন বিল এবং যদি সম্ভব হয় তাহলে নূতন সংশোধিত বেঙ্গল মিউনিসিপ্যাল বিল আনবেন। কেন না, সরকার চান যে ভারতবর্ষের বর্তমান পরিপ্রেক্ষিতে আমাদের উপেক্ষিত সহরাঞ্চলগুলি আজ আর সেভাবে থাকবে না, সেই আইনের দ্বারা চলতে পারে না। আজ যতই রাজনৈতিক দলাদলি হোক আমি সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয়ের সঙ্গে একমত যে এটা আইনের দোষ। এই আইন সুযোগ দেয় দলাদলির, আইন সুযোগ দিচ্ছে

সংকীর্ণ দৃষ্টিভঙ্গীর। সুতরাং তার পরিবর্তন প্রয়োজন এবং আমূল পরিবর্তনের জন্য সরকার এবিষয়ে সচেষ্ট। শ্রীযুক্ত গোপাল বন্দ্যোপাধ্যায় মহাশয় এবং সোমনাথ লাহিড়ী মহাশয়, আমি দুঃখিত তাঁদের এই বিরোধী যুক্তি, কনট্রাডিকটারি যুক্তি বুঝতে পারলাম না, একদিকে জোর গলায় বলছেন সাহস থাকলে করপোরেশন বাতিল করুন, আর একদিকে ৮টি মিউনিসিপ্যালিটিকে বাতিল করা হয়েছে বলে গণতন্ত্রকে হত্যা করেছি বলে তাঁরা আমাদের অভিযুক্ত করছেন। দ্বিতীয় কথা, আমরা যেভাবে সরকারের সঙ্গে করপোরেশনের আলোচনা করছি তাতে সোমনাথ বাবুর বিশেষ আপত্তি। আপত্তি তাঁদের থাকতে পারে, সোমনাথ বাবুর যে দল সেই দলের মত আলোচনা আমরা করতে চাই না। আমরা গণতন্ত্রে বিশ্বাসী, প্রতি পদক্ষেপে আমরা করপোরেশনের সঙ্গে আলোচনা করছি। এই অনুসন্ধান বিশেষজ্ঞ কমিটি করার আগে করপোরেশনের প্রতিনিধিদের ডেকে আলোচনা করেছি। করপোরেশনের বাজেট বক্তৃতার সময় কি দিলে আবর্জনা শীঘ্র মুক্ত হয় তার জন্য তাদের ডেকে আমাদের মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী, আমরা সকলে মিলে দীর্ঘ আলোচনা করেছি। এই হচ্ছে গণতন্ত্রের ধারা। আমরা টোটালেট্যারিয়ান নই, হুকুম চালিয়ে তিনি যেভাবে বললেন কিন্তু এক দিনে আমরা তা বাতিল করতে চাই না এবং আমরা তা করবো না। আমরা প্রতি পদক্ষেপে পরামর্শের মাধ্যমে, সহযোগিতার মাধ্যমে, আলোচনার মাধ্যমে চলবো। আজ আমি এই কথা বলে দিতে পারি আজকে সরকারের ২০ বৎসরের বিশেষজ্ঞ, লয়াল, সুদক্ষ কর্মচারী যিনি আছেন তাঁর কাজের সুবিধার জন্য একটি অ্যামেন্ডমেন্ট আনা হচ্ছে যাতে এই মতামতের সংকীর্ণতার অবসান শীঘ্র ঘটে। অবশ্য এই প্রসঙ্গে বিল সম্বন্ধে যে আপত্তি, সে কথা যাঁরা বলেছেন, আগামী সপ্তাহে তা হবে এবং নিশ্চয়ই সে সম্বন্ধে আমি তখন বলবো। কিন্তু আজকে মাননীয় সদস্যদের এটাই আমি জানিয়ে দিতে চাই যে, পৌরপ্রতিষ্ঠানগুলির অব্যবস্থার মূল কারণ যে এই পুরাতন দৃষ্টিভঙ্গী নিয়ে রচিত যে আইন সেটার আমূল সংস্কার প্রয়োজন এটা সরকার বিশ্বাস করেন। এবং নীতি সংস্কার শুধু নয়, সংস্কারের উদ্দেশ্য, তার পথ, এবং পদ্ধতিও সরকার গ্রহণ করেছেন। সুতরাং আমি আজকে সকলের কাছে নিবেদন করবো যে আমরা জানি আমাদের এই তিনটি পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ফার্স্ট ফাইভ ইয়ার প্ল্যান এবং সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানে টাকা ছিল না, পশ্চিমবঙ্গ সরকার ডাঃ বিধানচন্দ্র রায়ের নেতৃত্বে এবং পশ্চিমবঙ্গ কংগ্রেস, তাদের চাপে এই থার্ড ফাইভ ইয়ার প্ল্যান রিভাইজড হয়েছে। প্রথম যে খসড়া প্রকাশিত হয়েছিল তাতে যে ২০ কোটি টাকার ব্যবস্থা হয়েছিল তার মধ্যে ১০ কোটি টাকা কেন্দ্রের এবং ১০ কোটি টাকা আমাদের এবং সেটা হচ্ছে কলিকাতা এবং তার চার পার্শ্বস্থ ৩২টি মিউনিসিপ্যালিটি এলাকার পুনরুদ্ধার করার জন্য বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গীতে। তার জন্য সি এম পি ও অর্গানিজেশন প্ল্যানিংএর কাজ আরম্ভ করেছে। আপনারা যদি মনে করেন আলাদীনের প্রদীপের মত, যাদুকরের ইন্দ্রজালের মত এক দিনেই বহু পুরাতন সমস্যার সমাধান হয় তাহলে আমরা অন্য রাজ্যে বাস করছি। এর প্রত্যেকটি ধীর স্থির মস্তিষ্কে বিচার করতে হবে। দীর্ঘ স্থায়ী পরিকল্পনা গ্রহণের মাধ্যমে এবং সেইভাবে এই আইনের পরিবর্তন করতে হবে সেদিকে সরকার পদক্ষেপ করছেন। এবং সরকার বিশ্বাস করেন যে কেন্দ্রীয় সরকারের তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আরবান ডেভেলপমেন্টের প্রতি দৃষ্টি পড়েছে। এই আরবান ডেভেলপমেন্ট, যখন ৪র্থ পঞ্চমবার্ষিকী পরিকল্পনা হবে, আরো দৃষ্টিভঙ্গী তাতে বাড়বে এবং তাতে আমরা, সমস্ত রাজ্য সরকার, আরবান ডেভেলপমেন্টে এই প্রথম পদক্ষেপে আরো দ্রুত অগ্রসর হতে পারবো।. সুতরাং আমি মাননীয় সদস্যগণের কাছে এই নিবেদন করবো আজকে এই যে গ্রান্ট এই গ্রান্ট ছাড়াও আপনারা দেখবেন শ্রীযুক্ত গোপালবাবু অনেক জিনিষের কথা বলেছেন। তিনি বলেছেন এই সঙ্গে এই গ্রান্ট-এ জলের সমস্যার কথা, হরিজন সম্প্রদায়ের উন্নতির কথা, নানা বিষয় তাঁকে আমি জানিয়ে দিতে চাই। ট্রাইবাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট থেকে প্রত্যেক মিউনিসিপ্যালিটিতে লেখা হয়েছে তাদের যারা মুচি-মেথর, ধাঙ্গড় ভাঙ্গড় আছে এদের ঘর তৈরী করবার জন্য তাঁরা যদি এগিয়ে আসেন তাহলে আমরা সাহায্য করব ট্রাইবাল ডিপার্টমেন্ট থেকে। দেখুন গিয়ে বাঁকুড়া মিউনিসিপ্যালিটি এবং অন্যান্য দু'-একটি অগ্রসর মিউনিসিপ্যালিটি সাহায্য নিয়ে তাঁরা কি সুন্দর ব্যবস্থা করেছেন। সুতরাং এরও ব্যবস্থা আছে। তিনি বলেছেন এক সঙ্গে সব গ্রান্ট নাই কেন। বাজেট নিয়ম অনুসারে করতে হয়—১৫ লক্ষ টাকার গ্রান্ট

[illegible] মিউনিসিপ্যালিটির ডেভেলপমেন্টএর জন্য—কালকে মুখ্যমন্ত্রী গ্রান্ট দাবী করেছেন, আজ অর্থমন্ত্রী করেছেন। বাংলাদেশের মিউনিপ্যালিটিগুলিকে ঋণ দেওয়া হয়, সাহায্য দেওয়া হয় এবং আমি আপনাকে বলতে পারি যে সি এম পি ও-র জন্য বাজেটে ২০ কোটি টাকা আছে—তার মধ্যে ৭ কোটি টাকা এই সমস্ত অঞ্চলের ১০-১২টি মিউনিসিপ্যালিটির জন্য আধুনিক দৃষ্টিভঙ্গীতে ভোটার স্কীম গ্রহণ করা হয়েছে, এবং সেইগুলির কাজ এ বৎসর থেকে আরম্ভ হবে। প্ল্যানিং কমিশন আমাদের নির্দেশ দিয়েছেন এই ২০ কোটি টাকার মধ্যে কাজ আরম্ভ করতে গেলে প্ল্যানিং কমিশন-এর সম্মতি প্রয়োজন হবে। পৌরশাসিত এলেকা হাওড়া সহরের কথা শম্ভুবাবু বলেছেন, তাঁকে আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি, এক কোটি বিশ লক্ষ টাকার ওয়াটার স্কীম হাওড়ায় আরম্ভ হয়ে গিয়েছে—প্রায় ১০ লক্ষ টাকার পাইপ সেখানে গিয়ে পড়েছে। এরকম অন্যান্য বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে ওয়াটার ইরিগেশন স্কীম সরকারের উদ্দেশ্যে ছিল, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কোন মিউনিসিপ্যালিটিতে অন্তত পানীয় জলের অভাব থাকবে না—দুর্ভাগ্য বশতঃ সেটা এমারজেন্সীর জন্য কার্টেল করতে হয়েছে তা আপনারা সকলেই জানেন। ওয়াটার স্কীম আমরা ইচ্ছামত কার্যকরী করতে পারছি না তার জন্য আমরা দুঃখিত ও ব্যথিত। কিন্তু এই বিষয়ে সরকারের পূর্ণ দৃষ্টি আছে। আমি আর আপনাদের বেশি সময় নেব না—একথা আমি পুনরায়, বার বার বলতে চাই, করপোরেশন সম্পর্কে আপনারা যে আলোচনা করেছেন তা ভ্রান্তিমূলক—সরকারের শুধু একটা আইন আছে; তা ছাড়া করপোরেশনের সঙ্গে, কংগ্রেস মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশন-এর সঙ্গে কোন সম্পর্ক নাই। সরকার দলনিরপেক্ষভাবে সাহসের সঙ্গে এই ব্যাপারে একটা নীতি গ্রহণ করবেন। আমি সোমনাথবাবুকে প্রশ্ন করব তিনি কি তাঁদের ন্যাশনাল একজিকিউটিভ-এর ডিসিশন মাথা পেতে মানতে পারছেন, কিন্তু কংগ্রেস কর্তৃপক্ষ বহু জায়গায় নিম্নতম কংগ্রেসকর্মীদের শাস্তি-মূলক ব্যবস্থা করেছেন। কংগ্রেস ডেমোক্রেটিক, যদি তার অভ্যন্তরে গলদ থাকে কংগ্রেস সাহসের সঙ্গে এগিয়ে আসে সেটা দূর করার জন্য তার ভূরি ভূরি দৃষ্টান্ত আছে ভারতবর্ষে। যদি দেখা যায় কংগ্রেস মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশন-এ গলদ আছে, সরকার দলীয় নীতি পরিত্যাগ করে সেই গলদ দূর করবার জন্য কিছুমাত্র ইতস্ততঃ করবেন না—সোমনাথবাবুর পার্টি করতে পারে, কিন্তু কংগ্রেস ডেমোক্রেটিক গভর্নমেন্ট সেই নীতি গ্রহণ করবে না, আলোচনার মাধ্যমে, সহযোগিতার মাধ্যমে, পরামর্শের মাধ্যমে সেখানে পদক্ষেপ করবে।

সুতরাং আমি আশা করি এই ব্যয় বরাদ্দের দাবি আপনারা বিনা বাধায় মঞ্জুর করবেন। আমি পুনরায় আমার দাবি পেশ করছি।

I oppose all the cut motions.

Mr. Speaker: Honourable members, I put all the cut motions under Grant No. 52, excepting cut motion Nos. 4 and 8 on which divisions have been claimed, to vote.

(All the cut motions were then put and lost.)

The motion of Shri Sailendra Nath Adhikary that the demand of Rs. 33,18,31,000 for expenditure under Grant No. 52, Major Head: "Loans and Advances by State Government" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand of Rs. 33,18,31,000 for expenditure under Grant No. 52, Major Head: "Loans and Advances by State Government" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nimai Chand Murmu that the demand of Rs. 33,18,31,000 for expenditure under Grant No. 52, Major Head: "Loans and Advances by State Government" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 33,18,31,000 for expenditure under Grant No. 52, Major Head: "Loans and Advances by State Government" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand of Rs. 33,18,31,000 for expenditure under Grant No. 52, Major Head: "Loans and Advances by State Government." be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:—

Ayes 31

Abul Mansur Habibullah, Shri Syed
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hazra, Shri Monoranjan
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Bhakti Bhushan
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Nawab Jani Meerja, Shri Syed
Ray, Shri Birendra Narayan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sen Gupta, Shri Tarun Kumar

Noes 88

Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Beri, Shri Daya Ram
Bhattacharjee, Shri Jagadish Chandra
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas

Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, The Hon'ble Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Dr. Kanai Lal
Das, Shri Mahatab Chand
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dutta, Shri Ramendra Nath
Fazlur Rahaman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Prabir Chandra
Joynal Abedin, Shri
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Haque, Shri
Mahammed Giasuddin, Shri
Mahatab, Shrimati Radharani
Maitra, Shri Anil
Maiti, The Hon'ble Abha
Maity, Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra
Mandal, Shri Krishna Prasad
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mohammad Israil, Shri
Mondal, Shrimati Santilata
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Pal, Shri Probhakar
Pal, Dr. Radha Krishna
Pemantle, Shrimati Olive
Poddar, Shri Badri Prasad
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Ray, Dr. Anath Bandhu
Roy, Shri Arabinda

Roy, Shri Nepal Chandra
Roy, Shri Tara Pada
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsul Bari, Shri Syed
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Kumar Jagadish Chandra
Tanti, Shri Anadi Mohon
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar
Wangdi, The Hon'ble Tenzing

The Ayes being 31 and the Noes 88, the motion was lost.

The motion of Shri Nikhil Das that the demand of Rs. 33,18,31,000 for expenditure under Grant No. 52, Major Head: "Loans and Advances by State Government." be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:—

Ayes 30

Abul Mansur Habibullah, Shri Syed
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das Mahapatra, Shri Balai Lal
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hazra, Shri Monoranjan
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Bhakti Bhushan
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Nawab Jani Meerja, Shri Syed
Ray, Shri Birendra Narayan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sen Gupta, Shri Tarun Kumar

Noes 88

Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Beri, Shri Daya Ram
Bhattacharjee, Shri Jagadish Chandra
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, The Hon'ble Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Dr. Kanai Lal
Das, Shri Mahatab Chand
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dutta, Shri Ramendra Nath
Fazlur Rahaman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Prabir Chandra
Joynal Abedin, Shri
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Haque, Shri
Mahammed Giasuddin, Shri
Maitra, Shri Anil
Maiti, The Hon'ble Abha
Maity, Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra
Mandal, Shri Krishna Prasad
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mohammad Israil, Shri
Mondal, Shrimati Santilata
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, The Hon'ble Saila Kumar

Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Pal, Shri Probhakar
Pal, Dr. Radha Krishna
Pemantle, Shrimati Olive
Poddar, Shri Badri Prasad
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Ray, Dr. Ananth Bandhu
Roy, Shri Arabinda
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Tara Pada
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsul Bari, Shri Syed
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Kumar Jagadish Chandra
Tanti, Shri Anadi Mohon
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar
Wangdi, The Hon'ble Tenzing

The Ayes being 30 and the Noes 88, the motion was lost.

The motion of the Hon'ble Sankardas Banerji that sum of Rs. 33,18,31,000 be granted for expenditure under Grant No. 52. Major Head: "Loans and Advances by State Government", was then put and agreed to.

Mr. Speaker: Honourable members, I put to vote all the cut motions under grant No. 41 excepting cut motion No. 6.

The motion of Shri Birendra Narayan Roy that the demand of Rs. 1,93,20,000 for expenditure under Grant No. 41, Major Head: "71—Miscellaneous—Contributions" be reduced to Re. 1, was the put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand of Rs. 1,93,20,000 for expenditure under Grant No. 41, Major Head: "71—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sunil Das Gupta that the demand of Rs. 1,93,20,000 for expenditure under Grant No. 41, Major Head: "71—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Amarendra Nath Roy Pradhan that the demand of Rs. 1,93,20,000 for expenditure under Grant No. 41, Major Head: "71—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and a *division taken with the following result:—*

Ayes 31

Abul Mansur Habibullah, Shri Syed
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hazra, Shri Monoranjan
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Bhakti Bhushan
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Nawab Jani Meerja, Shri Syed
Ray, Shri Birendra Narayan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sen Gupta, Shri Tarun Kumar

Noes 89

Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Beri, Shri Daya Ram
Bhattacharjee, Shri Jagadish Chandra
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan

Chakravarty, Shri Hrishikesh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, The Hon'ble Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Dr. Kanai Lal
Das, Shri Mahatab Chand
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dutta, Shri Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Fazlur Rahaman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Prabir Chandra
Joynal Abedin, Shri
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Haque, Shri
Mahammed Giasuddin, Shri
Mahatab, Shrimati Radharani
Maitra, Shri Anil
Maiti, The Hon'ble Abha
Maity, Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra
Mandal, Shri Krishna Prasad
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mohammad Israil, Shri
Mondal, Shrimati Santilata
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Pal, Shri Probhakar
Pal, Dr. Radha Krishna
Pemantle, Shrimati Olive
Poddar, Shri Badri Prasad
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Ray, Dr. Ananth Bandhu
Roy, Shri Arabinda
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Tara Pada
Santra, Shri Jugal Charan

Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsul Bari, Shri Syed
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Kumar Jagadish Chandra
Tanti, Shri Anadi Mohon
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar
Wangdi, The Hon'ble Tenzing

The Ayes being 31 and the Noes 89, the motion was lost.

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that a sum of Rs. 1,93,20,000 be granted for expenditure under Grant No. 41, Major Head: "71—Miscellaneous—Contributions" was put and agreed to.

Adjournment

The House was then adjourned at 12-36 p.m. till 12 noon on Monday, the 11th March, 1963, at the Legislative Building Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 11th March, 1963, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 14 Hon'ble Ministers, 8 Hon'ble Ministers of State, 9 Deputy Ministers and 142 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Hingla Irrigation Scheme

***59.** (Admitted question No. *472.) **Shri Bhakti Bhusan Mandal:** সেচবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার অন্তর্গত হিংলা পরিকল্পনার কার্য কখন হইতে আরম্ভ হইবে;

(খ) এই পরিকল্পনাটি কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাইয়াছে কি;

(গ) এই পরিকল্পনায় পশ্চিমবঙ্গ-সরকারের কত টাকা খরচ হইবে;

(ঘ) এই পরিকল্পনায় বীরভূম জেলায় কোন্ কোন্ থানায় কত জমি সেচ হইবে;

(ঙ) পরিকল্পনার প্রাথমিক কার্য এই বৎসর হইতে আরম্ভ হইবে কি;

(চ) হিংলা পরিকল্পনা ছাড়া খয়রাশোল, দুবরাজপুর, রাজনগর, ইলামবাজার থানায় অন্যান্য কোন ছোট সেচ পরিকল্পনা আছে কি; এবং

(ছ) যদি থাকে, তা হ'লে তাহার কাজ কখন হইতে আরম্ভ হইবে?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

(ক) পরিকল্পনাটির বিষয়ে তদন্ত হইতেছে। কার্যটি কবে আরম্ভ করা যাইবে তাহা বর্তমানে বলা সম্ভব নয়।

(খ) না।

(গ) বর্তমান পরিকল্পনামত আনুমানিক ব্যয় ৮৯,৬১,৮৬৭ টাকা।

(ঘ) দুবরাজপুর, ইলামবাজার এবং খয়রাসোল থানার অন্তর্গত আনুমানিক ৩০,০০০ একর জমিতে সেচ হইতে পারে।

(ঙ) না।

(চ) সেচ বিভাগের কোন পরিকল্পনা নাই।

(ছ) এই প্রশ্ন উঠে না।

Shri Bhakti Bhushan Mandal:

এটা কি ঠিক যে গভর্নমেণ্ট অব বিহার-এ অজয় পরিকল্পনায় একটা শাখা ব্যারেজ তৈরী করেছে, সেটা মূল পরিকল্পনার ক্যাচমেণ্ট এলাকায়, সেজন্য কাজ বন্ধ হয়ে আছে অনেক দিন?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

হিংলা ক্যাচ্‌মেন্ট এলাকায় বিহার-সরকার একটা পরিকল্পনা করছেন। যে পরিকল্পনা তাঁরা করলো, তাতে কতখানি জল আটকে যাবে ও তাঁরা কাজে লাগাবেন, সে সম্বন্ধে তাঁদের সংগে লেখালেখি করছি, খবরাখবর করছি।

Shri Bhakti Bhushan Mandal:

এক বৎসর আগে নোটিস দেওয়া হয়েছে, এখন পর্যন্ত করা হয় নাই—এটা কি ঠিক?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

তদন্ত চলছে, একটা আনুমানিক টাকা ধরা হয়েছে। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৫০ লক্ষ টাকা ধরা হয়েছে, সেই পরিকল্পনা এখানে রূপ নেয় নি। কিন্তু বিহারের সংগে গোলমাল হ'লে কি হবে বলা যায় না।

Shri Bhakti Bhushan Mandal:

এই সম্পর্কে বিহার গভর্নমেণ্টের সংগে কোন কথাবার্তা হয়েছে কি আজ পর্যন্ত?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

হ্যাঁ, লেখালেখি হয়েছে।

Shri Bhakti Bhushan Mandal:

সুপারিন্টেন্ডিং ইঞ্জিনীয়ারকে লেখা হয়েছিল এটা জানি। সুপারিন্টেন্ডিং ইঞ্জিনীয়ার, বীরভূম মিঃ সিদ্ধান্ত আজ পর্যন্ত কাকে তাঁর কথা বলবেন, তা স্থির করতে পারছেন না। এটা কি ঠিক?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

ইঞ্জিনীয়ার লেভেল-এ কথাবার্তা হচ্ছে। তারপর মিনিষ্টার‍্যাল লেভেল-এ আসতে পারে।

Reclamation of the "Barti" beel

***60.** (Admitted question No. *612.) **Shri Jamini Bhusan Saha:**

সেচবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্যারাকপুর সাবডিভিসনে বর্তির বিল সংস্কারের পরিকল্পনার কাজ শুরু হইয়াছে কিনা;

(খ) উক্ত পরিকল্পনা কার্যকরী করিবার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন; এবং

(গ) উক্ত পরিকল্পনার কাজ শেষ হইতে কতদিন সময় লাগিবে?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

(ক) না।

(খ) বর্তির বিল সংস্কারের পৃথক কোন পরিকল্পনা বর্তমানে নাই। তবে নাওই বেসিন পরিকল্পনা রূপায়িত হইলে বর্তির বিল এলাকার জলনিষ্কাশন ব্যবস্থার উন্নতি সাধিত হইবে।

(গ) তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা যোজনাকালে উক্ত নাওই বেসিন পরিকল্পনার কাজ আরম্ভ করা যাইবে বলিয়া আশা করা যায়। ইহার কাজ চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা যোজনাকালে শেষ হইবে মনে হয়।

Shri Jamini Bhusan Saha:

নোয়াই বেসিনে মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি হাড়োয়াগাং নোনা জলের খাল কাটলে জমিতে নোনাজল প্রবেশ করে ধান নষ্ট করে ফেলবে?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

না।

(Unstarred questions to which written answers were laid on the table)

Ad interim special compensation to the zemindars

196. (Admitted question No. 275.) **Shri Birendra Narayan Ray:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের কিছু সংখ্যক প্রাক্তন জমিদারদের প্রাপ্য ক্ষতিপূরণের নগদ অংশের মোটামুটি শতকরা পঁচাত্তর ভাগ অ্যাড্ ইন্টেরিম স্পেশাল কম্পেন্সেশন হিসাবে দেওয়া হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত জমিদারদের নাম কি,

(২) প্রত্যেককে দেওয়া টাকার পরিমাণ কত, এবং

(৩) মোট কতজন প্রাক্তন জমিদার ঐ প্রকার অ্যাড্ ইন্টেরিম স্পেশ্যাল কম্পেন্সেশন পাইবার জন্য সরকারের কাছে আবেদন করিয়াছেন?

The Minister for Land and Land Revenue:

(ক) হ্যাঁ।

(খ) (১) ও (২) এইরূপ তথ্যের তালিকা দেওয়া সম্ভব নয়, কারণ উহা সংগ্রহ করা প্রভূত সময়সাপেক্ষ।

(৩) ৫১,৮৬৪ জন।

Money spent for the welfare of the Scheduled Tribes and Scheduled Castes in Jhargram subdivision

197. (Admitted question No. 309.) **Shri Surendra Nath Mahata:** আদিবাসী কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২-৬৩ সালে সমগ্র ঝাড়গ্রাম মহকুমার আদিবাসী সম্প্রদায়ের উন্নতির জন্য সরকারের কোন্ থানায় কি কি পরিকল্পনা আছে এবং সেই বাবত কত টাকা বরাদ্দ আছে;

(খ) ১৯৬২-৬৩ সালে সমগ্র ঝাড়গ্রাম মহকুমার তফসিলভুক্ত সম্প্রদায়ের জন্য সরকারের কোন্ থানায় কি কি পরিকল্পনা আছে এবং সেই বাবত কত টাকা বরাদ্দ আছে?

The Minister for Tribal Welfare:

(ক) নিম্নের "ক" বিবরণী দ্রষ্টব্য।

(খ) নিম্নের "খ" বিবরণী দ্রষ্টব্য।

Statement referred to in reply to clause Ka of unstarred question No. 197

বিবরণী "ক"

আদিবাসী-মঙ্গল কার্যসূচি

(ঝাড়গ্রাম মহকুমা—১৯৬২-৬৩ সাল)

পরিকল্পনার নাম।	বরাদ্দকৃত অর্থ।	থানার নাম।
	টাকা	
(১) বিদ্যালয়ে বিনাবেতনে শিক্ষাদান		ঝাড়গ্রাম মহকুমার সকল থানাতেই প্রয়োজন অনুযায়ী অর্থ ব্যয় করা হইবে।
(২) বিদ্যালয়ের ছাত্রদের পুস্তক ক্রয়ের জন্য অর্থসাহায্য ..		
(৩) মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রদের জন্য কোচিং ব্যবস্থা ..		
(৪) মাধ্যমিক শেষ পরীক্ষার জন্য ফি প্রদান .. .		
(৫) নির্দিষ্ট বিদ্যালয়ের দরিদ্র ও মেধাবী ছাত্রদের জন্য বৃত্তি ..		
(৬) ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য বৃত্তি		
(৭) লাক্ষাচাষের উন্নয়ন	১৬,০০০	বিনপুর।
(৮) জীবিকার্জনে সহায়তার জন্য মেষ ও শূকর পালন ..	২,০০০	ঝাড়গ্রাম ও বিনপুর।
(৯) বাঝারি সেচ পরিকল্পনা	৫৭,৫০০	বিনপুর।
(১০) কারিগরি শিক্ষার্থীকে বৃত্তিপ্রদান	৪,২৪০	ঝাড়গ্রাম।
(১১) তসর শিল্পের উন্নয়ন	২৩,৫০০	গোপীবল্লভপুর।
(১২) কারিগরি শিক্ষার্থীকে বাসস্থানের সুযোগ প্রদান ..	১,৪৪০	ঝাড়গ্রাম।
(১৩) কারিগরদিগকে ব্যবসারম্ভের জন্য বৃত্তি প্রদান ..	৩,৬০০	বিনপুর।
(১৪) পতিত জমি উদ্ধার	১৫,০০০	সকল থানা।
(১৫) বাস্তু জমি ও গৃহনির্মাণ	১০,০০০	সকল থানা।
(১৬) পানীয় জল সরবরাহ	১০,০০০	বিনপুর ও গোপীবল্লভপুর।
(১৭) বেসরকারী প্রতিষ্ঠানকে অর্থসাহায্য	১,৯১০	ঝাড়গ্রাম।
	৫৩,০০০	বিনপুর।

পরিকল্পনার নাম।	বরাদ্দকৃত অর্থ।	থানার নাম।
	টাকা	
(১৮) সাংস্কৃতিক ও সমাজসেবামূলক কার্য্যের জন্য অনুদান ..	২,৪০০	সকল থানা।
(১৯) কল্যাণকেন্দ্রের রক্ষণ	৭,০০০	ঝাড়গ্রাম ও বিনপুর।
(২০) শস্যগোলা স্থাপন	৩০,৭৫০	বিনপুর ও গোপীবল্লভপুর।
(২১) সমাজসেবক শিক্ষাকেন্দ্র	১,২০,৫৩০	বিনপুর।
(২২) মামলা পরিচালনার জন্য অর্থ সাহায্য	২০০	বিনপুর।

Statement referred to in reply to clause Kha of unstarred question No. 197

বিবরণী "খ"

তফসিলী-মঙ্গল কার্যসূচি

(ঝাড়গ্রাম মহকুমা—১৯৬২-৬৩ সাল)

পরিকল্পনার নাম।	বরাদ্দকৃত অর্থ।	থানার নাম।
	টাকা।	
(১) দরিদ্র ও মেধাবী তফসিলী ছাত্রদিগকে বৃত্তি প্রদান ..	} ঝাড়গ্রাম মহকুমার সকল থানাতেই প্রয়োজন অনুযায়ী অর্থ ব্যয় করা হইবে।	
(২) পুস্তক ক্রয়ের জন্য অর্থসাহায্য		
(৩) ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য অর্থসাহায্য ..		
(৪) মাধ্যমিক শেষ পরীক্ষার ফি প্রদান		
(৫) তফসিলীদের মধ্যে অধিকতর অনুন্নত সম্প্রদায়গুলিকে মাধ্যমিক পর্যায়ে বিনাবেতনে পড়িবার জন্য অর্থসাহায্য।		
(৬) কারিগরদিগকে ব্যবসারম্ভের জন্য অর্থসাহায্য ..	১,৫০০	সকল থানা।
(৭) কৃষির জন্য যন্ত্রপাতি ও বলদ ক্রয়, পতিত জমি উদ্ধার ও ক্ষুদ্র সেচ পরিকল্পনা।	৫,০০০	ঐ।
) পানীয় জল সরবরাহ	১,৫০০	ঝাড়গ্রাম
) সাংস্কৃতিক ও সমাজসেবামূলক কার্যের জন্য অনুদান ..	০	বিনপুর।

Night Schools in police-stations of Sankrail and Gopiballavpur, Midnapore

198. (Admitted question No. 310.) **Shri Surendra Nath Mahata:** শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় সাঁকরাইল ও গোপীবল্লভপুর থানায় সরকার পরিচালিত কোন নৈশ বিদ্যালয় আছে কি:

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এরূপ বিদ্যালয়ের সংখ্যা কত,

(২) এ সকল বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রসংখ্যা কত, এবং

(৩) ১৯৬২-৬৩ সালে এ দুই থানায় নৈশ বিদ্যালয়ের জন্য সরকারের কত ব্যয় হইয়াছে?

The Minister for Education:

(ক) ও (খ) প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। উহা যথাসময়ে পেশ করা হইবে।

Construction of the Haldia Port

199. (Admitted question No. 315.) **Shri Ananga Mohan Das:** উন্নয়নবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় হলদিয়া বন্দর প্রস্তুতের জন্য কিছু গৃহস্থ গৃহহীন হইবে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত গৃহস্থদের আনুমানিক সংখ্যা কত হইবে,

(২) ঐসকল গৃহস্থদের পুনর্বাসনের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা, এবং

(৩) বন্দর অঞ্চলে দোকান ও অন্যান্য ব্যবসা চালাইবার বিষয়ে তাহাদের কোন সুযোগ সুবিধা দেওয়া হইবে কিনা?

The Minister for Development:

(ক) হ্যাঁ।

(খ) (১) ১,৮৪৪;

(২) হ্যাঁ।

(৩) হ্যাঁ।

Marketing Society at Pingla police-station, Midnapore

200. (Admitted question No. 329.) **Shri Ananga Mohan Das:** সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার পিংলা থানাতে একটি মার্কেটিং সোসাইটি স্থাপিত হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত সোসাইটির শেয়ার ক্যাপিট্যাল কত,

(২) সরকার উহাকে কত টাকা ঋণ কোন্ সনে দিয়াছেন,

(৩) ঐ সোসাইটি কোন্ সনে সংস্থাপিত হইয়াছে এবং কি কি শস্য উহার দ্বারা মার্কেটিং হইতেছে,

(৪) উহার প্রধান কার্যালয় এবং গুদামঘর কোথায়,

(৫) ইহা কি সত্য যে গুদামঘর হইতে বৎসরে সকল সময় মালপত্র যাতায়াত করিতে পারে না,

(৬) সত্য হইলে তাহার প্রতিকারের জন্য সরকার কি করিতেছেন, এবং

(৭) সরকারের ঋণ কিস্তিওয়াড়ি শোধ হইতেছে কিনা এবং মূলধন বজায় আছে কিনা?

The Minister for Co-operation:

(ক) হ্যাঁ।

(খ) (১) ৩৮,০৬৭·৫০ টাকা।

(২) ১৯৫৮—১৫,০০০ টাকা।

১৯৬১—৭,৫০০ টাকা।

(৩) ৭ই জুন ১৯৫৬ সালে ঐ সোসাইটি রেজিস্ট্রী করা হইয়াছে। ইহা ধানের কারবার করিয়া থাকে।

(৪) উক্ত সোসাইটির প্রধান কার্যালয় পিংলা পোস্ট অফিসের অন্তর্গত মুণ্ডামারী গ্রামে অবস্থিত। উহার প্রধান গুদামঘর মুণ্ডামারী গ্রামে এবং আর একটি গুদামঘর কারকাই গ্রামে আছে।

(৫) মুণ্ডামারী গ্রামের গুদামঘরটি বালিচকের দিকে উক্ত এলাকার যে প্রধান রাস্তাটি গিয়াছে তাহার নিকট অবস্থিত, সেইহেতু বৎসরের কোন সময়ই মাল যাতায়াতের অসুবিধা হয় না, কিন্তু কারকাই গ্রামের গুদামঘরটির কোন প্রধান রাস্তার সহিত যোগাযোগ না থাকায় বর্ষাকালে মাল যাতায়াতের অসুবিধা হইয়া থাকে।

(৬) এই সমস্যার সমাধান সমবায় বিভাগের এক্তিয়ারের বাহিরে।

(৭) ঐ সোসাইটি ১৫,০০০ টাকা ঋণের চতুর্থ কিস্তি ও ৭,৫০০ টাকা ঋণের সুদ ও আসল টাকা পরিশোধ করিতে সক্ষম হয় নাই, ইহা ১৯৬২ সালে দেয় ছিল। সোসাইটির মূলধন হ্রাসপ্রাপ্ত হয় নাই।

Scheme for "Dharma Gola" in village area

201. (Admitted question No. 330.) **Shri Ananga Mohan Das:** সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে ধর্মগোলা স্থাপনের কোন সরকারী পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) মেদিনীপুর জেলার পিংলা থানার মালিগ্রাম ও ভুমুলিয়া গ্রামে স্থানীয় জনসাধারণ কর্তৃক স্থাপিত ধর্মগোলা থানার কোনও পরিকল্পনা আছে কি?

The Minister for Co-operation:

(ক) আদিবাসী অধ্যুষিত গ্রামাঞ্চলে সমবায় ধর্মগোলা স্থাপনের একটি সরকারী পরিকল্পনা আছে।

(খ) এইরূপ কোনও পরিকল্পনা বর্তমান আর্থিক বৎসরে নাই।

Cultivated land in West Bengal

202. (Admitted question No. 351.) **Shri Monoranjan Hazra:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমানে পশ্চিম বাংলায়—

(১) আবাদী জমির পরিমাণ কত;

(২) আবাদযোগ্য পতিত জমির আবাদের পরিমাণ কত;

(৩) উদ্ধারীকৃত পতিত জমির আবাদের পরিমাণ কত;

(৪) এখনও কত পরিমাণ জমি উদ্ধার করা যাইতে পারে; এবং

(৫) জমিদারী উচ্ছেদের পূর্ব পর্যন্ত সরকারী খাস জমির পরিমাণ কত?

The Minister for Land and Land Revenue:

(১) ১,৩৪,০০,০০০ একর (১৯৬১-৬২ সাল পর্যন্ত)।

(২) বলা সম্ভব নহে।

(৩) ১৯৬২ সাল পর্যন্ত প্রায় ৩০,০০০ একর।

(৪) বলা সম্ভব নহে।

(৫) প্রায় ৪,৩৩৯ বর্গমাইল।

Pakistani prisoners escaped from Lalbagh Sub-Jail, Murshidabad

203. (Admitted question No. 363.) **Shri Birendra Narayan Ray:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৪ঠা অগাস্ট ১৯৬২ তারিখে প্রদত্ত তারকাচিহ্নিত ৫৪নং প্রশ্নের উত্তরে উল্লেখ করিয়া মুর্শিদাবাদ জেলার লালবাগ সাব জেল হইতে ১৯৬১ খ্রীস্টাব্দের ১৭-১৮ই নবেম্বর তারিখের রাত্রিবেলা যে তিনজন পাকিস্তানী বন্দী পলায়ন করেন, তাঁহাদের নাম ও পরিচয় কি; এবং

(খ) উক্ত ব্যাপারে যে অনুসন্ধান হইতেছিল তাহার ফলাফল কি?

The Minister for Home (Jails):

(ক) প্রশ্নে উল্লিখিত পাকিস্তানী বন্দীদের নাম এবং পরিচয় নিম্নে দেওয়া হইল:—

(১) নূরুল ইসলাম—পিতা মুন্সী আসমত আলি, সাং বলদিয়া, থানা স্বরূপকাঠি, জিলা বরিশাল, পূর্ব পাকিস্তান।

(২) সর্দার শাহ্—পিতা বগলী শাহ্, সাং কমলাচক, থানা কড়াইওয়ালা, জিলা গুজরাট, পশ্চিম পাঞ্জাব, পশ্চিম পাকিস্তান।

(৩) ইয়ার মহম্মদ—পিতা আজিজুদ্দিন, সাং নরগ্রাম, থানা পোবা, জিলা রাজসাহী, পূর্ব পাকিস্তান।

(খ) দুইজন হেড ওয়ার্ডার এবং তিনজন ওয়ার্ডারকে সাময়িকভাবে চাকরি হইতে বরখাস্ত করা হইয়াছে। উক্ত দুইজন হেড ওয়ার্ডার ও তিনজন ওয়ার্ডারের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ২২৪।২২৫ক।১২০খ ধারানুসারে ফৌজদারী মামলা দায়ের করা হইয়াছে। ব্যাপারটি সম্বন্ধে এখনও তদন্ত চলিতেছে।

Health Centres in Birbhum district

204. (Admitted question No. 381.) **Shri Bhakti Bhusan Mandal:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number of thana hospitals in the district of Birbhum;

(b) the total number of beds in all the thana hospitals in the district of Birbhum;

(c) the number of electrified thana hospitals in the district of Birbhum; and

(d) if there is any plan for constructing new thana hospital in the said district?

The Minister of State for Health: (a) The thana hospitals have been re-designated as Primary Health Centres. There are 13 Primary Health Centres in the district of Birbhum.

(b) Two hundred and sixty beds have been provided in these 13 Primary Health Centres.

(c) Nil.

(d) Yes; one Primary Health Centre will be established in each Block in the district.

Development grant to Hooghly-Chinsurah Municipality

205. (Admitted question No. 390.) **Shri Sambhu Charan Ghosh:** স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি, চুঁচুড়া শহরের পৌর এলাকায় উন্নয়নমূলক কাজের জন্য সরকার কি সম্প্রতি কোন অর্থ বরাদ্দ করিয়াছেন ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ অর্থের পরিমাণ কত, এবং

(২) ঐ অর্থ কোন্ কোন্ কাজের জন্য ব্যয়িত হইবে?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) হ্যাঁ।

(খ) (১) ৬৯,৬১৪ টাকা।

(২) এই অর্থ রাস্তা, পার্ক, ড্রেন মেরামত ও আবর্জনা পরিবহণের উদ্দেশ্যে ট্রাক্টর ক্রয়ের জন্য ব্যয়িত হইবে।

Land offered for "Bhudan" in Murshidabad

206. (Admitted question No. 419.) **Shri Sanat Kumar Raha:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মুর্শিদাবাদ জেলায় "ভূদান" উদ্দেশ্যে কি পরিমাণ জমি প্রদত্ত হইয়াছে;

(খ) মুর্শিদাবাদ জেলায় "ভূদান" সম্পর্কিত বিষয় কোন কমিটি সরকার কর্তৃক গঠিত হইয়াছে কিনা; এবং

(গ) গঠিত হইয়া থাকিলে সদস্যগণের নাম কি?

The Minister for Land and Land Revenue:

(ক) মুর্শিদাবাদ জেলার "ভূদান" সম্পর্কে অর্পণনামাগুলি এখনও সরকারের বিবেচনাধীন রহিয়াছে, তাহা সম্পূর্ণ না হওয়া পর্যন্ত সঠিক জমির পরিমাণ জানা সম্ভব নহে।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

Formation of Committees for distribution of Khas lands

207. (Admitted question No. 420.) **Shri Sanat Kumar Raha:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খাস জমি বিলিবন্দোবস্তের জন্য পশ্চিমবঙ্গ-সরকারের উদ্যোগে বিভিন্ন জেলায় জেলা-ভিত্তিক কমিটি গঠিত হইয়াছে কি;

(খ) কমিটি গঠিত হইয়া থাকিলে, মুর্শিদাবাদ জেলায় সেই কমিটির সদস্য কাহারা; এবং

(গ) কি কি বিষয় বিবেচনা করিয়া এইসব কমিটির সদস্য মনোনয়ন হয়?

The Minister for Land and Land Revenue:

(ক) না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Determination of border lines of the districts of Hooghly and Nadia

208. (Admitted question No. 429.) **Shri Brindabon Chatopadhyay:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার মগরা ও বলাগড় থানার 'চর' এলাকাভুক্ত গ্রামগুলি হুগলি জেলার সীমানা হইতে নদিয়া জেলার সীমানাভুক্ত করার কোন পরিকল্পনা আছে কি?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) 'চর' এলাকাভুক্ত কোন্ কোন্ গ্রাম নদিয়া জেলার অন্তর্ভুক্ত হইবার সম্ভাবনা আছে; এবং

(২) কি নীতির ভিত্তিতে এইরূপ অন্তর্ভুক্ত করা হইবে?

The Minister for Land and Land Revenue:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Reclamation of Beel Basia and Beel Hijel in Murshidabad

209. (Admitted question No. 431.) **Shri Sanat Kumar Raha:** সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার অন্তর্গত বিল বসিয়া, বহরমপুর থানার বিল হিজেল এবং কান্দীর বিল বেলুন ও বিল পাটুন প্রভৃতির সংস্কার সাধন করিয়া আবাদযোগ্য জমি বাড়াইবার কোন পরিকল্পনা সরকার করিয়াছেন কি; এবং

(খ) পরিকল্পনা করিয়া থাকিলে, কবে উহা কার্যকরী করা হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) বিল বসিয়া ও বিল হিজেল সংস্কারের কোন পরিকল্পনা বর্তমানে নাই। বিল বেলুন ও বিল পাটুনের জল নিষ্কাশণের জন্য একটি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে।

(খ) বিল বেলুন ও বিল পাটুন পরিকল্পনার কাজ আগামী বর্ষার পূর্বে শেষ হইবে আশা করা যায়।

Circular tram terminus-cum-depot at Behala

210. (Admitted question No. 463.) **Shri Rabindra Nath Mukhopadhyay:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department e pleased to state if it is a fact that the Calcutta Tramways Co. has roposed for a circular tram terminus-cum-depot at Behala to avoid ongestion and traffic difficulties at Diamond Harbour Road and whether ie said proposal is still awaiting Government decision?

The Minister for Home (Transport): The plan of the Calcutta ramways Co. Ltd. has been approved by Government and estimates are eing finalised.

Water Supply of Greater Calcutta

211. (Admitted question No. 496.) **Shri Bhabani Mukhopadhyay:** য়ন দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বৃহত্তর কলিকাতার নিদারুণ জলাভাবগ্রস্ত এলাকাগুলিতে জল সরবরাহের উন্নতিকল্পে সি এম পি ও কর্তৃক জরুরী পরিকল্পনা রচিত হইয়াছে কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত পরিকল্পনা কার্যকরী করার জন্য কি কি ব্যবস্থা গৃহীত হইয়াছে; এবং

(২) কবে নাগাত উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Development:

(ক) হ্যাঁ।

(খ) (১) বৃহত্তর কলিকাতার উন্নয়নের জন্য ভারত-সরকারের বরাদ্দ অর্থ হইতে প্রয়োজনীয় র্থ মঞ্জুরীর জন্য লেখা হইয়াছে।

(২) সঠিক বলা যায় না।

Registered traders of essential commodities at Kalimpong

212. (Admitted question No. 29.) **Shri Kashi Kanta Maitra:** Will the on'ble Minister-in-charge of the Food and Supplies Department be eased to state—

(a) the names of registered traders at Kalimpong through whom essential commodities like rice, wheat, vegetable, oil, Banaspati, sugar, kerosene oil and mustard oil are sold to the traders in Sikkim and Bhutan;

(b) conditions, if any, of registration of such traders;

(c) quantities of each of the above articles sold through them in 1958, 1959, 1960, 1961 and 1962;

(d) if any of these traders has been arrested and legally proceeded against for smuggling in the area; and

(e) if so, the names of such traders?

The Minister for Food and Supplies: (a) There are no registered traders at Kalimpong through whom these essential commodities are sold to *the traders in Sikkim and Bhutan.*

(b) to (e) Do not arise.

Primary Schools in Cooch Behar

213. (Admitted question No. 133.) **Shri Sunil Das Gupta:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(ক) কোচবিহার জেলার সদর মহকুমায় মোট প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত;

(খ) উক্ত বিদ্যালয়গুলির মোট শিক্ষক ও ছাত্র সংখ্যা কত;

(গ) প্রত্যেকটি বিদ্যালয়ের নিজস্ব গৃহ আছে কিনা;

(ঘ) না থাকিলে, সরকার হইতে বিদ্যালয়গৃহ নির্মাণের জন্য কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঙ) উক্ত এলাকায় নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা?

The Minister for Education:

(ক) ২৫৬।

(খ) শিক্ষকসংখ্যা—৭৪১, ছাত্রসংখ্যা—২১,৪০৭।

(গ) ১৬টি জি এস এফ পি বিদ্যালয় ছাড়া আর সকলেরই নিজস্ব গৃহ আছে।

(ঘ) ও (ঙ) উক্ত জেলার গ্রামাঞ্চলে নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনা করা ও বিদ্যালয়গৃহ নির্মাণের জন্য পরিকল্পনা প্রস্তুত করিবার দায়িত্ব কোচবিহার জেলা স্কুল বোর্ডের উপর ন্যস্ত আছে।

Road Development Plans for Jalpaiguri district

214. (Admitted question No. 155.) **Shri Sunil Das Gupta:** Will the Hon'ble Minister-in-charge of the Development Department be pleased to state—

(ক) প্রথম ও দ্বিতীয় পরিকল্পনাকালে জলপাইগুড়ি জেলায় রাস্তা নির্মাণের জন্য কত টাকা ব্যয় হইয়াছে;

(খ) তৃতীয় পরিকল্পনাকালে জলপাইগুড়ি জেলায় কোন্ কোন্ রাস্তা নির্মাণের তালিকা তৈয়ারি করা হইয়াছে; এবং

(গ) ইহার জন্য আনুমানিক ব্যয় বরাদ্দ কত?

The Minister for Development (Roads):

(ক) প্রথম পরিকল্পনাকালে—৪৬,৪৩,৪৮৩ টাকা।
দ্বিতীয় পরিকল্পনাকালে—৫৭,৯০,২৯১ টাকা।

(খ) ও (গ) একটি তালিকা পেশ করা হইল।

Statement referred to in reply to clauses Kha and Ga of unstarred question No. 214

Third Five-Year Roads Development Programme for Jalpaiguri District

	Name of Project.	Mileage.		Provision.
				Rs.
1.	Link Road connecting Falakata-Madarihat Road with the western approach to Torsa Bridge on N.H. No. 31.	2	miles	2,00,000.00
2.	Link Road connecting Raja-bhatkhowa-Joygaon Road with the eastern approach to Torsa Bridge on N.H. No. 31.	3	,,	3,00,000.00
3.	Maynaguri-Damohani Road	3	,,	2,00,000.00
4.	Banarhat-Diana Road	7	,,	5,50,000.00
5.	N.H. 31—Khokanihat Road (via Etheelbari T.E.).	6	,,	5,25,000.00
6.	Rangdhamali-Bodaganj Road	5	,,	4,25,000.00
7.	Jalpaiguri-Haldibari Road to Bonarpara Road.	3.50	,,	3,00,000.00
8.	Jalpaiguri Town-Paharpur Road	3	,,	2,80,000.00
9.	Bhatibari-Dhalpal Road (up to district border).	3	,,	3,00,000.00
10.	Barnes-Bhotepatti Road (via Jorepakuri).	8	,,	8,00,000.00
11.	Lataguri-Krantihat Road	5	,,	6,00,000.00
12.	Banarhat-Mogalkata Road	6	,,	4,00,000.00
13.	Silbari-Salkumarhat Road	8	,,	6,75,000.00
14.	Kalchini-Patkapara Road	10	,,	8,10,000.00
15.	Malbazar-Baradighi Road	6	,,	5,00,000.00
16.	Dhupguri-Falakata Road	12	,,	16,00,000.00
17.	Kalchini-Joygaon Road (1st 5 miles).	5	,,	4,25,000.00
		95.50	miles	88,90,000.00
	Provision for spill-over Road Works.			22,65,000.00
			Total:	1,11,55,000.00

Persons arrested under Defence of India Rules

215. (Admitted question No. 202.) **Dr. Narayan Chandra Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Special) Department be pleased to state—

(a) how many persons of each political party and groups in this State, arrested under various sections of the Defence of India Rules, have been kept in each Central Jail, District Jail and Sub-Jail;

(b) how many of the undertrial prisoners and how many of the detained persons have been kept in each Central, District and Sub-Jails;

(c) whether all the undertrial prisoners arrested under Defence of India Rules have been placed in Division I; and

(d) if not, how many of them have been placed in Division I?

The Minister for Home (Special): (a) and (b) Out of the persons detained under rule 30 of the Defence of India Rules, and belonging to the Communist Party of India, 78 have been kept in the Dum Dum Central Jail, 36 in the Presidency Jail and two in the Purulia District Jail. Besides them one Nepalese has been lodged in the Midnapore Central Jail and another detainee belonging to the S.U.C. in the Alipore Central Jail.

Majority of the 403 persons, arrested in specific cases under Defence of India Rules, have been lodged in their respective District and Sub-Jails within their own districts. The exact number of such persons lodged in each Jail is not known. Nor is their party affiliation precisely known.

(c) and (d) Classification of undertrial prisoners is made by the Trying Magistrates. The number of such persons placed in Division I is not known.

Engineering Colleges in West Bengal

216. (Admitted question No. 253.) **Shri Sambhu Charan Ghosh:** শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ স্থানে কয়টি ইঞ্জিনীয়ারিং কলেজ আছে;

(খ) হুগলির ইন্সটিটিউট অফ টেকনোলজিকে পূর্ণাঙ্গ ইঞ্জিনীয়ারিং কলেজে রূপান্তরিত করিবার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা; এবং

(গ) বিবেচনা করিলে, কবে নাগাত ইহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Education:

(ক) ছয়টি যথাঃ—

(১) ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ টেকনোলজি, খড়গপুর।

(২) বেঙ্গল ইঞ্জিনীয়ারিং কলেজ, শিবপুর, হাওড়া।

(৩) কলেজ অফ ইঞ্জিনীয়ারিং অ্যান্ড টেকনোলজি, যাদবপুর, কলিকাতা-৩২।

(৪) কলিকাতা ইঞ্জিনীয়ারিং কলেজ, দক্ষিণেশ্বর, কলিকাতা-৩৬।

(৫) জলপাইগুড়ি ইঞ্জিনীয়ারিং কলেজ, জলপাইগুড়ি।

(৬) রিজিওনাল ইঞ্জিনীয়ারিং কলেজ, দুর্গাপুর।

(খ) না।

(গ) এ প্রশ্ন উঠে না।

Trust Fund of Raja Rao Jogindra Narayan Ray of Lalgola

217. (Admitted question No. 274.) **Shri Birendra Narayan Ray:** স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, লালগোলার রাজা রাও যোগীন্দ্রনারায়ণ রায় জলসরবরাহ এবং স্যানিটেশনের জন্য যে ট্রাস্ট করিয়াছিলেন সেই ট্রাস্ট-এর প্রচুর সুদ জমা পড়িয়া আছে;

(খ) সত্য হইলে তাহার কারণ কি;

(গ) ১৯৪৭ সালের পর হইতে অদ্যাবধি ঐ ট্রাস্ট ফান্ড-এর টাকা হইতে কোন্ কোন্ স্থানে কি কি কাজ করা হইয়াছে এবং প্রত্যেক কাজে কত অর্থ ব্যয় হইয়াছে;

(ঘ) গত এক বৎসরে ঐ ট্রাস্ট বোর্ড-এর কয়টি মিটিং হইয়াছে; এবং

(ঙ) উক্ত ট্রাস্ট বোর্ড-এর কাছে কয়টি জলসরবরাহের আবেদনপত্র জমা পড়িয়াছে?

The Minister of State for Health:

(ক) ও (খ) বর্তমানে এই জলসরবরাহ ও স্যানিটেসন ফান্ড-এ ১৭,৮৬৫ টাকা ১ নয়া পয়সা সুদ হিসাবে জমা রহিয়াছে। এই ফান্ড-এর টাকা হইতে ইঁদারা ইত্যাদি মেরামতের জন্য প্রয়োজন হইলেই খরচ করা হয়।

(গ) ১৯৪৭ সালের পর হইতে এই ট্রাস্ট ফান্ড-এর টাকা হইতে মোট ২০,৯৯৬ টাকা ২৬ নয়া পয়সা ব্যয় করিয়া বিভিন্ন স্থানে ইঁদারা ইত্যাদি মেরামত করা হইয়াছে। কোন্ স্থানে কত খরচ হইয়াছে তাহার হিসাব এখনও পাওয়া যায় নাই।

(ঘ) একটি।

(ঙ) একটি।

Persons arrested and detained under Defence of India Rules

218. (Admitted question No. 281.) **Shri Jamini Bhusan Saha:** স্বরাষ্ট্র বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জরুরী অবস্থা প্রবর্তন হইবার পর হইতে আজ পর্যন্ত পশ্চিমবঙ্গে ভারতরক্ষা আইনে কতজনকে গ্রেপ্তার ও আটক করা হইয়াছে;

(খ) বন্দীদের মধ্যে যাহাদের প্রথম শ্রেণীভুক্ত করা হয় নাই তাঁহাদের সংখ্যা কত;

(গ) ইহা কি সত্য যে, উক্ত বন্দীদের নিজেদের পয়সায় যাবতীয় নিত্যপ্রয়োজনীয় জিনিস কিনিতে হয় ও একমাত্র দুইবেলার খাদ্য ছাড়া কোন সুযোগ-সুবিধা দেওয়া হয় না; এবং

(ঘ) পূর্বের ন্যায় বন্দীদের জন্য ক্যাশ অ্যালাউয়েন্সের ব্যবস্থা করিবার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা?

The Minister for Home:

(ক) ৪০৩ জনকে গ্রেপ্তার এবং ১১৮ জনকে আটক করা হইয়াছে।

(খ) আটক বন্দীদের মধ্যে ৩৩ জনকে প্রথম শ্রেণীভুক্ত করা হয় নাই। বিচারাধীন বন্দীদের শ্রেণীভুক্ত করিয়া থাকেন বিচারক ম্যাজিস্ট্রেটগণ। এইরূপ কতজন বন্দীকে প্রথম শ্রেণীভুক্ত করা হয় নাই তাহা জানা নাই।

(গ) সত্য নহে। প্রয়োজন হইলে সরকারী খরচে তাহাদের পোশাকপরিচ্ছদ, বিছানা এবং অন্যান্য নিত্যব্যবহার্য দ্রব্য সরবরাহ করা হইয়া থাকে।

(ঘ) না। আটক বন্দীদের পরিবারের জন্য ভাতার বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

Electrification in Kharba police-station, Malda

219. (Admitted question No. 299.) **Dr. Golam Yazdani:** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state by what time the electrical installation work in Kharba police-station of Malda district is expected to be completed?

The Minister for Commerce and Industries: Electric installation work in *Chanchal and Kaligram under Kharba police-station in Malda district is in progress and it is expected that these two places will be electrified in* course of a month or two.

Distribution of sanctioned money by the B.D.O. office earmarked for the clubs at Lalgola, Murshidabad

220. (Admitted question No. 302.) **Shri Birendra Narayan Ray:** সমবায় উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলার লালগোলার বি ডি ও-র অফিস হইতে ক্লাব প্রভৃতিকে দিবার জন্য মঞ্জুরীকৃত টাকা বিলি না হইয়া সম্প্রতি ফেরত আসিয়াছে; এবং

(খ) সত্য হইলে কোন্ বাবদে কত টাকা ফেরত আসিয়াছে?

The Minister for Community Development and Extension Service:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Senior Basic Schools in Midnapore

221. (Admitted question No. 311.) **Shri Surendra Nath Mahata:** শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় উচ্চ বুনিয়াদী বিদ্যালয়ের সংখ্যা কত;

(খ) কোন্ থানায় কয়টি উচ্চ বুনিয়াদী বিদ্যালয় আছে;

(গ) কোন্ থানায় একটিও উচ্চ বুনিয়াদী বিদ্যালয় নাই;

(ঘ) উচ্চ বুনিয়াদী বিদ্যালয় স্থাপনের সময় সরকার কি কি বিষয় বিবেচনা করেন?

The Minister for Education:

(ক) ৯টি।

(খ) নিম্নলিখিত থানায় উচ্চ বুনিয়াদী বিদ্যালয় আছেঃ—

(১) ঝাড়গ্রাম সদর—৪

(২) বীনপুর—২

(৩) জামবনী—২

(৪) গোপীবল্লভপুর—১

(গ) নয়াগ্রাম ও সাঁকরাইল থানায় কোন উচ্চ বুনিয়াদী বিদ্যালয় নাই।

(ঘ) উচ্চ বুনিয়াদী বিদ্যালয় স্থাপনের প্রস্তাব সম্পর্কে সরকার নিম্নলিখিত বিষয় বিবেচনা করেন—

১০ বিঘা জমি ও ৪৫,১০০ টাকার শতকরা সাড়ে বারো ভাগ স্থানীয় জনসাধারণের বা পরিচালন সংস্থাকে দিতে হয়।

এই ধরনের বিদ্যালয় প্রতিষ্ঠার ক্ষেত্রে দুই মাইলের মধ্যে একাধিক নিম্ন বুনিয়াদী বিদ্যালয় থাকা প্রয়োজন ও ৩ মাইলের মধ্যে কোন জুনিয়ার হাই স্কুল, হাই স্কুল বা হায়ার সেকেন্ডারী স্কুল না থাকিলে বিশেষভাবে বিবেচনা করা হয়।

High School in police-station Sankrail, Midnapore

222. (Admitted question No. 312.) **Shri Surendra Nath Mahata:** শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার শাঁকরাইল থানার ২।৩।৬।৭নং ইউনিয়নে কোন হাই স্কুল নাই;

(২) সত্য হইলে উক্ত হাই স্কুল সংস্থাপন করিবার কোন পরিকল্পনা আছে কিনা;

(৩) পরিকল্পনা থাকিলে, কতদিনে তাহা সম্পন্ন হইবে;

(৪) ইহা কি সত্য যে, সাঁকরাইল থানার ২-৩নং ইউনিয়নে কোন জুনিয়ার হাই স্কুল নাই;

(৫) সত্য হইলে, উক্ত দুইটি ইউনিয়নে জুনিয়ার হাইস্কুল স্থাপন করিবার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(৬) পরিকল্পনা থাকিলে, কতদিনে তাহা সম্পন্ন হইবে?

The Minister for Education:

(১) হ্যাঁ।

(২) না।

(৩) প্রশ্ন উঠে না।

(৪) হ্যাঁ।

(৫) না।

(৬) প্রশ্ন উঠে না।

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: Honourable Members, the Chief Minister is to make a statement on a Calling Attention Notice which was given by one of the honourable Members here, and it is due to be given tomorrow. The Chief Minister, however, has asked my permission to make the statement today, and I have given him the permission.

The Hon'ble Prafulla Chandra Sen: With reference to the Calling Attention Notice given by Shri Sailendra Nath Adhikary, I beg to state that with the announcement of the new Central Budget the selling price of kerosene oil per bottle of 22 ounces has gone up by 10 nP. with effect from 1st March, 1963. The market rate of kerosene oil per bottle of 22 ounces was 22 nP. prior to 1st March, 1963. Retail dealers of kerosene oil are realising now 32 nP. per bottle of 22 ounces but it cannot be stated whether this realisation is uniform in all the areas. Further, we have received no report still about selling of kerosene oil in the blackmarket. I may tell the House, Sir, that Government are making arrangements to issue kerosene from fair price shops in Calcutta, Howrah, Hooghly and Barrackpore areas covering about 60 lakhs of people from Wednesday, the 13th March, 1963, at the rate of 35 nP. per bottle of 26 ounces.

Then, Sir, with regard to the Calling Attention Notice given by Shri Birendra Narayan Ray about blackmarketing and criminal activities on the border of India and East Pakistan, I beg to state that Government have no information about alleged extortion of money by a section of Police

Officers from law-abiding residents of border areas and allowing the smugglers, blackmarketeers and anti-social elements to operate freely and thereby to earn money. On the other hand, the police officers and men posted in border areas are vigilant and active in preventing smuggling and other anti-social acts and they have effected seizure of a considerable quantity of various commodities attempted to be smuggled out of the State from the different border areas. The State police is competent to deal with the border situation effectively and the drafting of I. B. officers from the Government of India is not considered necessary.

Mr. Speaker: Honourable members, I have received today one Calling Attention Notice from Shri Amarendra Nath Roy Prodhan, Shri Sunil Das Gupta and Shri Kamal Kanti Guha on the subject of abandonment of Jaldhaka Hydel Project from the Third Five-Year Plan.

Hon'ble Minister in charge may kindly make a statement on the subject today or give a date on which the statement will be made.

The Hon'ble Jagannath Kolay: The statement will be made on Wednesday.

VOTING ON DEMANDS FOR GRANTS

Mr. Speaker: There are two demands for grants Nos. 33 and 47. With the permission of the House both the grants may be taken up together.

DEMAND FOR GRANT No. 33

Major Heads: 42—Multipurpose River Schemes, etc., and Demand for Grant No. 47. Major Head: 98 Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project.

[12-10—12-20 p.m.]

The Hon'ble Ajoy Kumar Mukherji: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,87,14,000 be granted for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-commercial)."

Sir, on the recommendation of the Governor, I also beg to move that a sum of Rs. 16,95,06,000 be granted for expenditure under Grant No. 47—Major Head: "98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project".

১। গত জুলাই মাসে, চলতি বছরের, ১৯৬২-৬৩ সালের, ব্যয়-বরাদ্দের আলোচনার সময় দেখান হয়েছিল যে, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে, ১৯৬৫-৬৬ সালে, সেচ বিভাগের কৃষি বিভাগের এবং জনগনের চেষ্টায় পশ্চিমবঙ্গের মোট আবাদী জমির ৪৩.৩৮ শতাংশ সেচের দ্বারা উপকৃত হবে এবং ৮.৮৫ শতাংশ জমি জল নিকাশের দ্বারা উপকার পাবে। মোট উপকার হবে ৫২.২৩ শতাংশ জমির। চীনা আক্রমণের জন্য প্রতিরক্ষার প্রয়োজনে যদি শেষ পর্যন্ত অন্যান্য কতকগুলি বিভাগের সাথে সেচ বিভাগেরও বরাদ্দ কমিয়ে দিতে হয় তাহলে উপকারের পরিমাণ ও আনুপাতিক হার কমে যেতে পারে। ১৯৪৭-৪৮ সালে সর্বপ্রকার সেচের হার ছিল মোট আবাদী জমির ১৮.১২ শতাংশ।

২। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় পশ্চিমবঙ্গের মোট বরাদ্দ ধরা আছে ২৯৩ কোটি ৩ লক্ষ টাকা। তার মধ্যে সেচ বিভাগের হাত দিয়ে বিভিন্ন কাজে ২৫ কোটি ৬২ লক্ষ ৫৫ হাজার টাকা খরচ হবার কথা আছে। এ ছাড়া তৃতীয় পরিকল্পনায় পশ্চিমবঙ্গে সেচ ও বন্যা নিয়ন্ত্রণের খরচের জন্য ডি, ভি, সি'র হিসাবে ৮ কোটি ৫১ লক্ষ টাকা ধরা আছে। দুটির মোট হয় ৩৪ কোটি ১৩ লক্ষ ৫৫ হাজার টাকা। দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় এই দুই হিসাবে ১৩ কোটি ৩ লক্ষ ৫৮ হাজার টাকা এবং ১৩ কোটি ১৯ লক্ষ টাকা—মোট ২৬ কোটি ২২ লক্ষ ৫৮ হাজার টাকা ধরা ছিল।

৩। সাধারণতঃ পঞ্চবার্ষিক পরিকল্পনার তৃতীয় ও চতুর্থ বর্ষে সর্বাধিক কাজ হয়ে থাকে। তাই সেচ বিভাগের হাত দিয়ে খরচের জন্য সব রকমে ৭ কোটি ৬৭ লক্ষ ৫১ হাজার টাকা এবং ডি ভি সি-র হাত দিয়ে খরচের জন্য ১ কোটি টাকা— মোট ৮ কোটি ৬৭ লক্ষ ৫১ হাজার টাকা তৃতীয় বছরের জন্য ধরা ছিল। কিন্তু প্রতিরক্ষার প্রয়োজনে এই বরাদ্দ কমিয়ে সেচ বিভাগের জন্য ৫ কোটি এবং ডি ভি সি'র জন্য ১ কোটি টাকা—মোট ৬ কোটি টাকা ধরা হয়েছে। এই হিসাবের মধ্যে স্টেট পরিকল্পনার বহির্ভূত ডি ভি সি'র খাতে ৭ কোটি ৪৭ লক্ষ ৫৩ হাজার টাকা ব্যয়-বরাদ্দের হিসাব ধরা হয় নাই। এ ছাড়া সমষ্টি উন্নয়ন ও জাতীয় সম্প্রসারণের ৪ লক্ষ টাকা সেচ বিভাগের মারফতে খরচ হবে। ১৯৬৩-৬৪ সালের বাজেটের ২৯নং, ৩৩নং, ৪২নং, ও ৪৭নং গ্রান্টের মধ্যে এই হিসাব পাওয়া যাবে।

৪। আলোচ্য বর্ষে, ১৯৬৩-৬৪ সালে এই বিভাগের সেচের কাজ হবে ৭টি, এবং জলনিকাশের কাজ হবে ৪৪টি। কেন্দ্রীয় সরকারের ব্যবস্থা অনুসারে জলনিকাশের কাজগুলিকে বন্যা নিয়ন্ত্রণের শ্রেণীতে ধরা হয়। জলনিকাশের যে হিসাব দেওয়া হল সেগুলি ছাড়া ৩৫টি বন্যা নিয়ন্ত্রণের কাজ হবে। প্রধানতঃ টাকার অভাবে ১৯৫৯ সালের বন্যা তদন্ত কমিটির সুপারিশ মত সকল কাজ করা সম্ভব হচ্ছে না। যতদূর সম্ভব করা হচ্ছে।

৫। আগে সেচ ও জল নিকাশের যে কাজের আনুমানিক ব্যয় দশ হাজার টাকা পর্যন্ত ছিল সে কাজ কৃষি বিভাগ করত। তার বেশী ব্যয়ের কাজ এই সেচ বিভাগ করত। বর্তমানে এক লক্ষ টাকা পর্যন্ত ব্যয়ের জলসেচের এবং পঞ্চাশ হাজার টাকা পর্যন্ত ব্যয়ের জলনিকাশের কাজ কৃষি বিভাগ করছে। আর বেশি ব্যয়ের কাজ সেচ বিভাগ করছে। নলকূপের সাহায্যে সেচ, নদী নালা খাল বিলের থেকে দমকলের সাহায্যে সেচ ও পুকুর, বাঁধ, বিল প্রভৃতির সাহায্যে সেচ কৃষি বিভাগই করে।

৬। (ক) সেচ বিভাগের কাজের তালিকা বাজেটের লাল বই-এর ২৮১ পৃষ্ঠা থেকে আছে। সেগুলি পুনরুল্লেখ না ক'রে একটি কাজের কথা বলা হচ্ছে।

(খ) ময়ূরাক্ষী জলাধার পরিকল্পনায় বন্যা নিয়ন্ত্রণের কোন ব্যবস্থা নেই। ১৯৬২ সালের খরিফ চাষে ৪,৭৭,০০০ একর জমিতে জল দেওয়া হয়েছিল। চূড়ান্ত এলাকা যাতে ৫,৬০,০০০ একরে দাঁড়াতে পারে তার ব্যবস্থা হয়েছে। নানা কারণে রবি শস্যের এলাকা বৃদ্ধি আশানুরূপ হচ্ছে না। এই পরিকল্পনায় মোট ২০ কোটি ১৫ লক্ষ টাকা খরচ হবে।

(গ) কংসাবতী জলাধার পরিকল্পনা—যথেষ্ট টাকার অভাবে এর কাজকে বাধ্য হয়ে কিছু মন্থর করতে হয়েছে। শেষ পর্যন্ত ৮ লক্ষ একরে জল দিবার কথা, তার জন্য ২৫ কোটি ২৬ লক্ষ টাকা খরচ হবে।

(ঘ) জলপাইগুড়ি জেলার করতোয়া সেচ পরিকল্পনার কাজ প্রায় শেষ হয়ে এল। ৪৬ লক্ষ ৩৮ হাজার টাকা ব্যয়ে ১৩,৮০০ একর জমিতে খরিফ চাষের জল দেবার কথা। ইহার জন্য বাজেটে ৬ লক্ষ টাকা ধরা হয়েছে। ১৯৬৪-৬৫ সালে জল দেওয়া যাবে ব'লে আশা করা যায়।

(ঙ) বিহারের যে অংশ পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্ত হয়েছে সেই এলাকায় সাহারা জোড়, বন্দ নদী এবং তারা সেচ পরিকল্পনার জন্য বাজেটে ৯ লক্ষ ৩০ হাজার টাকা ধরা হয়েছে। উক্ত ৩টি প্রকল্পে মোট ব্যয় হবে ৪২ লক্ষ ৭২ হাজার টাকা এবং মোট ১৮,৩০০ একর জমিতে খরিফ চাষের জল দেওয়া যাবে।

(চ) পশ্চিমবঙ্গে ছোট ছোট জলনিকাশ পরিকল্পনার জন্য সেচ বিভাগের হিসাবে ১০ লক্ষ ৭৪ হাজার টাকার বরাদ্দ আছে।

(ছ) মালদা জেলার মালিওড় বিল এবং সম্বলপুর এলাকার জল নিকাশ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য ১০ লক্ষ টাকা ধরা আছে। মোট খরচ হবে ৭৪ লক্ষ ৩৭ হাজার টাকা। ৫০,৫৬০ একর জমি উপকৃত হবে।

(জ) মেদিনীপুর জেলার কনটাই বেসিনের এবং বর্ধমান জেলার ভুড়িশ্যাম সুন্দরপুর বিলের জল নিকাশের প্রত্যেকটির জন্য ২ লক্ষ টাকা ধরা আছে। কনটাই বেসিনের জল নিকাশ পরিকল্পনার প্রথম পর্যায় ও ভুড়িশ্যাম সুন্দরপুর বিলের জল নিকাশ পরিকল্পনায় মোট ৮২ লক্ষ ২৫ হাজার টাকা খরচ হবে এবং প্রায় ৬০ হাজার একর জমি উপকার লাভ করবে।

(ঝ) ২৪ পরগনা জেলার দে গঙ্গা ও বসিরহাট থানার একটি বড় এলাকার জল নিকাশের জন্য ২ লক্ষ ২৫ হাজার টাকার বরাদ্দ আছে। ইহাতে মোট খরচ হবে ১১ লক্ষ ৮৮ হাজার টাকা এবং উপকৃত জমির পরিমাণ দাঁড়াবে ১১,৭৭৬ একর।

(ঞ) মুর্শিদাবাদ জেলা ছোট ভৈরব ও বাটি নদীর সংস্কারের জন্য ১ লক্ষ টাকা ধরা আছে। মোট খরচ হবে ১ লক্ষ ১৪ হাজার টাকা এবং ১,৫৩০ একর জমি উপকৃত হবে।

৭।(ক) সুন্দরবনের বাঁধগুলি পূর্বের চেয়ে অনেক উঁচু ও শক্ত করা হয়েছে, ফলে বাঁধের ভাঙ্গনের সংখ্যা অনেক কমে গেছে। বহুস্থানে ব্রিক পিচিং বা ব্লক পিচিং করতে হয়েছে। অনেকগুলি স্লুইস করা হয়েছে। আরও অনেক করতে হবে। বাঁধগুলিকে শক্ত করার কাজ চালু আছে। ২২০০ মাইল বাঁধের মধ্যে ৫টি স্থানে এ বছর ছোট ভাঙ্গন হয়েছিল। সেগুলি তাড়াতাড়ি ৩৮ হাজার টাকা ব্যয়ে বন্ধ করা হয়।

(খ) সুন্দরবনের তথ্যানুসন্ধানের জন্য ১ লক্ষ ২৬ হাজার টাকা ধরা আছে।

(গ) সুন্দরবনের মধ্যে যাতায়াতের সুবিধা নাই বিশেষত বর্ষাকালে। যদিও এই এলাকার রক্ষণাবেক্ষনের জন্য বিভিন্ন শ্রেণীর বহু ইঞ্জিনীয়ার ও অন্যান্য কর্মচারী নিযুক্ত করা হয়েছে, কিন্তু সুন্দরবনের মধ্যে তাঁদের বাসস্থান এবং সফরকালে বিশ্রামের স্থান না থাকায় কাজের খুবই অসুবিধা হয়। তাই এ বছর টাকার টানাটানি থাকলেও এই বাবতে ৪ লক্ষ টাকা ধরা হয়েছে।

৮। রূপনারায়ণ নদের নাব্যতার উন্নতি কি করে করা যায় সে বিষয়ে তথ্যানুসন্ধানের জন্য ২ লক্ষ ৫০ হাজার টাকা ধরা আছে।

৯। উত্তরবঙ্গে তিস্তা ও অপর কয়েকটি নদীর পাহাড় অঞ্চলের অববাহিকায় তথ্যানুসন্ধানের জন্য ২ লক্ষ ৭২ হাজার টাকা ধরা আছে।

১০। উত্তর লবন হ্রদের পূর্বাঞ্চলে ১৪ বর্গমাইল এলাকায় একটি পোল্ডার তৈরীর জন্য ১০ লক্ষ টাকা ধরা আছে। এতে নূতন ধরনের কৃষি ব্যবস্থা করা হবে। মোট খরচ হবে ২ কোটি ৮৪ লক্ষ টাকা।

১১। অনেক শহর ও গ্রামাঞ্চলকে বন্যা ও নদীর ভাঙ্গন থেকে রক্ষা করার জন্য বহু কোটি টাকা খরচ করা হয়েছে ও হচ্ছে। এখানে মাত্র কয়েকটির উল্লেখ করা হল। আলোচ্য বছরের বরাদ্দে বর্ধমান জেলার কালনা সহরের জন্য ২ লক্ষ টাকা, জলপাইগুড়ি জেলার বার্নেস দো-মুহানীর জন্য ৫ লক্ষ ৪০ হাজার টাকা, ঐ জেলার জলপাইগুড়ি সহরের জন্য ৭ লক্ষ ৪৩ হাজার টাকা, ঐ জেলার রায়ডকের গতিপথ পরিবর্তনকে রোধ করার জন্য ৩ লক্ষ ৮০ হাজার টাকা, কুচবিহার জেলার হাঁসখাওয়া অঞ্চলের জন্য ৪ লক্ষ টাকা, পশ্চিম দিনাজপুরের বালুরঘাট শহরের জন্য ৩ লক্ষ ৫০ হাজার টাকা ২৪-পরগনা হুগলি নদীর তীরে খড়দায় কুমারপাড়াঘাট থেকে প্রামানিক ঘাট পর্যন্ত ভাঙ্গন রোধের জন্য ২ লক্ষ ২০ হাজার টাকা এবং জলপাইগুড়ি জেলার দলসিংপাড়া বাঁধ আরও প্রসারণের জন্য ২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

১২।(ক) সার্কুলার ক্যানেলকে ভর্তি করার জন্য ৩৭ লক্ষ টাকা ধরা আছে। এই কাজে শেষ পর্যন্ত ৭৫ লক্ষ ১২ হাজার টাকা খরচ হবার কথা।

(খ) কলিকাতা শহরের পূর্বদিকে লবন হ্রদ এলাকা ভরাট করে একটি নূতন শহর গড়ার কাজের জন্য এক কোটি টাকা ধরা হয়েছে। এই কাজে শেষ পর্যন্ত ১৯ কোটি ২০ লক্ষ টাকা খরচ হতে পারে। বর্তমান বছরের শেষ পর্যন্ত মোট ২,৪০০ একর জমির মধ্যে ৩০০ একর জমি ভরাট হইবে বলিয়া আশা করা যায়।

(গ) টালিগঞ্জ পঞ্চান্ন গ্রাম জল নিকাশি পরিকল্পনার জন্য ৮ লক্ষ টাকা ধরা হয়েছে, শেষ পর্যন্ত ২৯ লক্ষ ১৫ হাজার টাকা টাকা খরচ হতে পারে। এই পরিকল্পনার ফলে ৮,১৯২ একর জমির জলনিকাশ হবে বলিয়া আশা করা যায়। প্রধান চ্যানেল খনন কাজের শতকরা প্রায় ৬০ ভাগ কাজ শেষ হয়েছে।

(ঘ) কলিকাতা কর্পোরেশনের জলনিকাশি খালের আউটফল সিসটেমের সংস্কারের জন্য ১০ লক্ষ টাকা ধরা হয়েছে। শেষ পর্যন্ত এ কাজে ১০৬ লক্ষ টাকা খরচ হবার কথা।

১৩।(ক) কলিকাতা বন্দরের নাব্যতা রক্ষা এবং অন্যান্য বহুবিধ উপকারের জন্য শুধু পশ্চিমবঙ্গের নয়, সারা পূর্ব ভারতের অত্যন্ত প্রয়োজনীয় ফারাক্কা বারাজ বা গঙ্গার বাঁধ তৈরীর প্রাথমিক কাজ শুরু হয়ে গেছে। কাজটি ৭ বছরে সম্পূর্ণ করার কথা আছে। স্বয়ং ভারত-সরকার এই কাজের ভার নিয়েছেন। পশ্চিমবঙ্গ-সরকার যথাসম্ভব সাহায্য করছেন। এই কাজে ৭৬ কোটি টাকা খরচ হতে পারে।

(খ) পশ্চিমবঙ্গের সেচ বিভাগের নদী বিজ্ঞানাগারে এই গঙ্গা বারাজের জন্য মডেল এক্সপেরিমেন্টের জন্য ১ লক্ষ টাকা ধরা আছে।

(গ) ভারত-সরকার কলিকাতা বন্দরের পরিপূরক হিসাবে হলদিয়াতে বন্দর তৈরীর কাজ শুরু করেছেন।

১৪। ভারত-সরকার উত্তরবঙ্গে তিস্তা বারাজ তৈরীর সংকল্প করেছেন। এতে পশ্চিম দিনাজপুরে সেচের ব্যবস্থা হবে। তা ছাড়া ফারাক্কা বারাজ থেকে তিস্তা বারাজ পর্যন্ত একটি নাব্য খাল কাটার চিন্তাও ভারত সরকার করছেন।

১৫। হরিণঘাটায় আমাদের নদী গবেষণাগারে নানা রকম গবেষণার কাজ সম্বন্ধে বর্তমান বছরের ব্যয়-বরাদ্দ পেশ করার সময় বলেছি। আলোচ্য বছরে নদী উপত্যকা পরিকল্পনা ও বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনার মৌলিক গবেষণার জন্য ২ লক্ষ ৭৫ হাজার টাকা ধরা হয়েছে। ভারত-সরকার এই ব্যয় বহন করবে। সুন্দরবন তথ্যানুসন্ধানের কাজ এই গবেষণাগারে হচ্ছে।

১৬। সেচ বিভাগের কাজের একটি মোটামুটি হিসাব দেওয়া হল। আশা করি মাননীয় সদস্যরা এই সেচ বরাদ্দ মঞ্জুর করবেন।

[12-20—12-30 p.m.]

১। গত জুলাই মাসে চলতি বছরের ব্যয়-বরাদ্দের আলোচনাকালে ডি ভি সি'র কে কে অংশীদার এবং কত অংশ তা জানান হয়েছে। একথাও বলা হয়েছে যে কোন কোন কাজের অংশ সম্বন্ধে সুপ্রীম কোর্টের চিফ জাষ্টিস নিযুক্ত সালিশে বিচারাধীন আছে। কর্পোরেশনের মুখ্য কাজ হল তিনটি যথা ঃ— (১) বন্যা নিয়ন্ত্রণ, (২) সেচের জন্য জলের ব্যবস্থা এবং (৩) বিদ্যুৎ উৎপাদন ও পরিবহন। অবশ্য এ ছাড়াও কর্পোরেশন দামোদর উপত্যকার সাধারণভাবে উন্নয়নের জন্য অন্যবিধ কাজও করেন। দুর্গাপুর থেকে ত্রিবেণী-গঙ্গা পর্যন্ত একটি নৌবহ খাল, ভূমি সংরক্ষণ ও তৎসংশ্লিষ্ট গবেষণা এবং ব্যবহারিক প্রচার, পরীক্ষামূলক কৃষি, বন উৎপাদন, ম্যালেরিয়া নিবারণ, মৎস্য চাষ, মাঝারি, শিল্পপরিচালনা, টুরিজিমের প্রসার প্রভৃতি এই শেষোক্ত শ্রেণীভুক্ত

২। দামোদরভ্যালি কর্পোরেশন আইনের ৩৯ নং ধারা অনুযায়ী ১৯৬৩-৬৪ সাল থেকেই প্রথম সমগ্র ব্যয়-বরাদ্দকে ক্যাপিটাল ও রেভিনিউ এই দুটি প্রধান ভাগে ভাগ করে দেখানো হয়েছে। আলোচ্য বছরে ক্যাপিটাল বা মূলধন খাতে মোট ব্যয়ের পরিমাণ ১৫ কোটি ৮১ লক্ষ

টাকা এবং রেভিনিউ বা রাজস্ব খাতে মোট ব্যয় ১৭ কোটি ৬৫ লক্ষ টাকা। শেষোক্ত বরাদ্দ মধ্যে ৬ কোটি ৭৪ লক্ষ টাকা সুদ বাবদ এবং ২ কোটি ৭০ লক্ষ টাকা অবচয় (ডেপ্রিসিয়েশন) বাবদ দেয়। এই বছরে কর্পোরেশনের বিদ্যুৎ শক্তি থেকে অনুমিত আয় ১৪ কোটি ৫০ লক্ষ, সেচ খাতে অনুমিত আয় প্রায় ৬২ লক্ষ এবং অন্যান্য বাবদ আয় প্রায় ৫৫ লক্ষ টাকা। মোট আয় একুনে ১৫ কোটি ৬৭ লক্ষ টাকা। মোট কার্য নির্বাহ ব্যয় ১৭ কোটি ৬৫ লক্ষ টাকা থেকে বাদ দিলে নীট ঘাটতি দাঁড়ায় ১ কোটি ৯৮ লক্ষ টাকা। বিদ্যুৎ শক্তি থেকে ১ কোটি ৮ লক্ষ টাকা উদ্বৃত্ত হলেও সেচ, বন্যা নিয়ন্ত্রণ এবং অন্যান্য বিষয় থেকে ঘাটতির পরিমাণ যথাক্রমে ১ কোটি ৪৫ লক্ষ, ৮৭ লক্ষ ও ৭৪ লক্ষ টাকা। উপরোক্ত বিবরণের পরিপ্রেক্ষিতে আলোচ্য বছরের দফাওয়ারী নীট ব্যয় নিম্নরূপ দাঁড়ায় :—

	মূলধন খাতে	রাজস্ব খাতে
বিদ্যুৎ ...	১৩ কোটি ২৬ লক্ষ	১ কোটি ৮ লক্ষ উদ্বৃত্ত
সেচ ...	১ কোটি ৪৯ লক্ষ	১ কোটি ৪৫ লক্ষ ঘাটতি
বন্যা নিয়ন্ত্রণ	২ লক্ষ	৮৭ লক্ষ ঘাটতি
অন্যান্য সাবসিডিয়ারী অবজেক্টস্ ...	১ কোটি ৪ লক্ষ	৭৪ লক্ষ ঘাটতি
মোট	১৫ কোটি ৮১ লক্ষ	১ কোটি ৯৮ লক্ষ ঘাটতি

৩। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে কর্পোরেশনের বাঁধ ও জলাধার, বিদ্যুৎ, সেচ ও বন্যা নিয়ন্ত্রণের দরুন ব্যয়ের আনুপাতিক অংশ সম্বন্ধে সুপ্রীম কোর্টের প্রাক্তন বিচারপতি শ্রীযুক্ত বি জগন্নাথ দাস সালিশ নিযুক্ত হয়েছেন।

৪। নৌবহ খাল সম্পর্কিত ব্যয় পূর্বে সেচের অন্তর্ভুক্ত ছিল। এখন বিচ্ছিন্ন হয়ে সাবসিডিয়ারী অবজেক্টস্-এর মধ্যে স্থান পেয়েছে। এই সম্পর্কে বিহার গভর্নমেণ্ট আপত্তি করেছেন। এই আপত্তি এবং পশ্চিমবঙ্গ সরকারের সাবসিডিয়ারী অবজেক্টসের খরচেব অংশ বহন করা সম্পর্কে আপত্তি মাদ্রাজ হাইকোর্টের ভূতপূর্ব বিচারপতি ডাঃ রাজা মান্নারের সালিশ বিচারাধীন আছে।

৫। সুরু থেকে ডি ভি সি'র কাজের মোটামুটি খতিয়ান চলতি বৎসরের ব্যয় বরাদ্দের আলোচনাকালে জানান হয়েছে।

৬। ১৯৬২-৬৩ সালে বিদ্যুৎ শক্তি থেকে কর্পোরেশনের আনুমানিক আয় হবে প্রায় ১৪ কোটি টাকা। ১৯৬৩-৬৪ সালে এই আয় বেড়ে ১৪·৫ কোটি টাকা হবে বলে আশা করা যাচ্ছে। অবশ্য এই আয় কর্পোরেশনের সামগ্রিক ঘাটতি পূরণে অক্ষম কেননা বন্যা নিয়ন্ত্রণ, সেচ প্রভৃতি বড় বড় খাতে এবং উন্নয়নমূলক অন্যান্য মাঝারি ও ছোট খাতে প্রচুর ঘাটতি হচ্ছে। ক্রমান্বয়ে অবস্থার উন্নতি হবে ব'লে আশা করা যায়। বোকারো আর দুর্গাপুরের ২টি তাপ বিদ্যুৎ কেন্দ্র আর তিলাইয়া, মাইথন, পাঞ্চেতের তিনটি জল বিদ্যুৎ কেন্দ্র মিলিয়ে ডি ভি সি যে মোট ৪৭৯ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করে তার থেকে বহু বেসরকারী প্রতিষ্ঠান, যেমন পশ্চিমবঙ্গের ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন, বিহারের সিজুয়া ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী এবং বহু সরকারী প্রতিষ্ঠান যেমন বিহারের ও পশ্চিমবঙ্গের স্টেট ইলেকট্রিসিটি বোর্ড, আরো অনেক বড় বড় শিল্প সংস্থা, যেমন টাটা আয়রণ এ্যান্ড স্টীল কোম্পানী, ইণ্ডিয়ান আইরণ এ্যান্ড স্টীল কোম্পানী, দুর্গাপুর স্টীল প্রজেক্টস্, চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস্, টেলিফোন কেবল ম্যানুফ্যাকচারিং কোম্পানী, সিন্দ্রী সিমেন্ট কোম্পানী প্রভৃতি প্রতিষ্ঠানকে বিদ্যুৎ সরবরাহ করা হয়। কিন্তু এই অঞ্চলের বিদ্যুতের চাহিদা দিন দিন বেড়েই চলেছে, তাই বর্তমানে ডি ভি সি'র বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা দ্বারা তা পূরণ করা সম্ভব হচ্ছে না। গত কয়েক বছর ধ'রেই তাই দামোদর উপত্যকার বিদ্যুতের ঘাটতি অনুভূত হচ্ছে। ডি ভি সি'কে সেজন্য সবগুলি বিদ্যুৎ

উৎপাদক যন্ত্রকেই একযোগে চালিয়ে যেতে হচ্ছে, বিশেষ প্রয়োজনের জন্য কোন রকম বিকল্প ব্যবস্থা না রেখেই দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেডের কোক্ ওভেন প্ল্যান্ট থেকে পূর্ব বন্দোবস্ত-মত যে বাড়তি বিদ্যুৎ সরবরাহ করা হত স্থানীয় চাহিদা বেড়ে যাওয়ার জন্য এখন তার পরিমাণও কমে গেছে। সেজন্য সিন্দ্রি ফার্টিলাইজার ফ্যাক্টরীর থার্মাল পাওয়ার স্টেশন থেকে বিদ্যুৎ সংগ্রহ করার প্রয়োজন দেখা দিল। সেখানকার কর্তৃপক্ষরা অবশ্য যতখানি সম্ভব বিদ্যুৎ সরবরাহ করে আসছেন। উত্তর প্রদেশ সরকার রিহান্দ প্রকল্পের কিছু বিদ্যুৎ ডি ভি সি'কে দিতে রাজী হয়েছেন। গত ডিসেম্বরে ডি ভি সি'র জল বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বিশেষভাবে হ্রাস পেলে রিহান্দ থেকে প্রাপ্ত বিদ্যুতের দ্বারা দামোদর এলাকার অভাব অংশত মেটানো হয়। উড়িষ্যা স্টেট ইলেকট্রিসিটি বোর্ডও অক্টোবর ১৯৬২ থেকে এক বৎসরের জন্য হিরাকুদের কিছু বিদ্যুৎ ডি ভি সি গ্রীডে দিতে রাজী হয়েছেন। এ ছাড়া বোকারো ও দুর্গাপুরের তিনটি ৭৫ মেগাওয়াটের ইউনিট স্থায়ী পরিচালনায় আসায় অবস্থার কিছু উন্নতি হয় এবং গত এপ্রিল হতে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের ১০৫ মেগাওয়াট সহ অন্যান্য ক্রেতার চাহিদাও অধিক পরিমাণে পূরণ করা সম্ভব হয়। কিন্তু চাহিদা ক্রমবর্ধমান, তাই তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় কর্পোরেশনের প্রধান কর্মসূচী হল বিদ্যুৎ উৎপাদনের প্রসার।

৭। এই বাবত প্ল্যানিং কমিশন তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে ডি ভি সি'র বিদ্যুৎ প্রকল্পগুলির জন্য ৫৭·৭৮ কোটি টাকা বরাদ্দ করেছেন, যার মধ্যে ২৪·৯৯ কোটি টাকা নূতন বিদ্যুৎ প্রকল্পের জন্য এবং বাকিটা পুরাতন প্রকল্পগুলির পরিচালনার জন্য। নূতন প্রকল্প-গুলির মধ্যে আছে দুর্গাপুরে ১২৫ মেগাওয়াটের তৃতীয় ইউনিট ও চন্দ্রপুরায় ১২৫ মেগাওয়াটের চতুর্থ ইউনিট স্থাপন এবং পরিবহন ও পরিচালন ব্যবস্থার প্রসার। প্রথমোক্ত পরিকল্পনার জন্য ডি ভি সি'কে ঋণদানে আই ডি এ চুক্তিবদ্ধ হয়েছেন। এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় প্রধান প্রধান যন্ত্রপাতির জন্য নির্মাতাদের কাছে অর্ডার দেওয়া হয়েছে। এর প্রাথমিক কাজও শুরু হয়ে গেছে। চন্দ্রপুরার তৃতীয় ইউনিট অর্থাৎ ৪র্থ ১২৫ মেগাওয়াট উৎপাদক ইউনিটের জন্য বৈদেশিক সাহায্যের বিষয়ে এখনো কিছু স্থির হয় নাই, তবে আশা করা যাচ্ছে যে শীঘ্রই এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছানো যাবে। এই প্রকল্পেরও প্রধান যন্ত্রপাতিগুলি জোগাড় করার কাজে হাত দেওয়া হয়েছে।

৮। দুর্গাপুর ব্যারেজ হতে পশ্চিমবঙ্গে সেচের ব্যবস্থা সম্বন্ধে গত জুলাই মাসে বর্তমান বৎসরের ব্যয়-বরাদ্দ আলোচনার সময় বলা হয়েছে। পুনরুল্লেখ নিষ্প্রয়োজন।

৯। ডি ভি সি'র পরিকল্পনা অনুসারে ইডেন ও দামোদর ক্যানেলের ২ লক্ষ ২০ হাজার একর সহ ৯ লক্ষ ৭০ হাজার একর জমিতে খরিফ সেচের শেষ পর্যন্ত ব্যবস্থা হতে পারে এবং রবিখন্দে ৫৫,০০০ হাজার একর জমিতে সেচের ব্যবস্থার সম্ভাবনা আছে। ১৯৬১-৬২ সালে রবি চাষের পরিমাণ প্রায় ২৫,০০০ একর। ১৯৬২ সালে প্রায় ৬ লক্ষ ২৪ হাজার একর খরিফ চাষের জমিতে সেচ দেওয়া হয়েছে।

১০। সুষ্ঠু সেচ ব্যবস্থার জন্য গ্রামাঞ্চলে আরও খালের প্রসার দরকার। কর্পোরেশনের তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় তার দরুণ আর্থিক ব্যবস্থা আছে এবং এই সম্পর্কে প্রাথমিক কাজও আরম্ভ হয়ে গেছে। এইসব ছোট খালের সেচ পরিধি হবে যতটা সম্ভব এক এক লপ্তে ১৫০ একর।

১১। নৌবহ খালটি সম্পূর্ণ হয়েও দুর্ভাগ্যক্রমে চালু হতে পারে নি। আগামী বছর থেকে এই খালটি কার্যকরী হতে পারে।

১২। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে ডি ভি সি'র প্রধান প্রধান কাজগুলির বিবরণ ও বরাদ্দ গত জুলাই মাসে বর্তমান বৎসরের ব্যয়-বরাদ্দ পেশ করবার সময় দেওয়া হয়েছে। পুনরুল্লেখ করে মাননীয় সদস্যদের সময় নিতে চাই না।

১৩। কতকগুলি প্রকল্পের কাজ সম্পূর্ণ হওয়ায় ক্রমবর্ধমান সংখ্যায় কর্মচারী বিশেষতঃ শ্রমিক কর্মচারী ছাঁটাই করবার প্রয়োজন এসে পড়ে। অংশীদার সরকারত্রয় ও অন্যান্য প্রতিষ্ঠানের সহায়তায় অধিকাংশ ছাঁটাই কর্মচারীরই পুনঃ কর্মসংস্থান ক'রে দেওয়া সম্ভব হয়েছে। ১৯৬৩ সালের জানুয়ারি পর্যন্ত ৭,৬১৫ জন ছাঁটাই কর্মচারীর মধ্যে মাত্র ৪৫২ জনের বিকল্প কর্ম সংস্থান বাকি ছিল।

১৪। ডি ভি সি'র সদর দপ্তর স্থানান্তর করা সম্পর্কে কিছু দিন থেকে খবরের কাগজে লেখালেখি হচ্ছে এবং আইন সভায়ও প্রশ্ন তোলা হয়েছে। এই সম্বন্ধে মাননীয় সদস্যদের উৎসুক থাকা সম্ভব। বৈদ্যুতিক বিভাগের কেবলমাত্র অপারেশন ও মেনটেনান্স সংস্থাটি কাজের সুবিধার জন্য স্থানান্তরিত হচ্ছে। কলিকাতা হইতে সদর দপ্তর স্থানান্তরের ব্যাপারে সরকার এদের সম্মতি না নিয়ে কর্পোরেশন কোন ব্যবস্থা অবলম্বন করবে না।

১৫। ডি ভি সি'র কার্যক্রম, পরিকল্পনা ও পশ্চিমবঙ্গ সংক্রান্ত ব্যয়-বরাদ্দ সাধারণভাবে এই বিধানসভায় অনুমোদন লাভ করবে এই আশা করি।

Mr. Speaker: Honourable members, all the cut motions in Grant No. 33 are in order and they are taken as moved.

In Grant No. 47, cut motion No. 5 is out of order. The rest are in order and taken as moved.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced to Re. 1.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced to Re. 1.

Shri Jamini Bhusan Saha: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes 99—Captal Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced to Re. 1.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes 99—Captal Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced to Re. 1.

Shri Sambhu Gopal Das: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes 99—Captal Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced to Re. 1.

Shri Nani Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes 99—Captal Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced to Re. 1.

Shri Mahananda Haldar: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation. Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes 99—Captal Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced to Re. 1.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced to Re. 1.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Jaleswar Hansda: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Dulal Chandra Mondal: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Tarun Kumar Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Sunil Das Gupta: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Aswini Roy: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Mangla Kisku: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Gour Chandra Kundu: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Girija Bhusan Mukherjee: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri A. H. Besterwitch: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Nagen Dalui: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: 42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Dharanidhar Sarkar: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Abdul Bari Moktar: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Sreemohan Thakur: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Gopal Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Girish Mahato: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Bhabani Mukhopadhyay: Sir, I beg to move that the demand of Rs. 7,87,14,000 for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of 16,95,06,000 for expenditure under Grant No. 47, Major Head: "98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project" be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of 16,95,06,000 for expenditure under Grant No. 47, Major Head: "98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project" be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of 16,95,06,000 for expenditure under Grant No. 47, Major Head: "98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project" be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharyya: Sir, I beg to move that the demand of 16,95,06,000 for expenditure under Grant No. 47, Major Head: "98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project" be reduced by Rs. 100.

Shri Narayandas Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সেচবিভাগের মন্ত্রিমহাশয় এখানে যে বরাদ্দের জন্য আমাদের কাছে কতকগুলি তথ্য উত্থাপন করলেন সেগুলি থেকে আপনারা নিশ্চয়ই বুঝতে পারছেন যে এই মন্ত্রী দপ্তর এতদিন যাবত বাংলাদেশে সেচ ও বিদ্যুৎ উৎপাদন ও বন্যা নিয়ন্ত্রণ ইত্যাদি ব্যাপারে যে কর্মভার গ্রহণ করেছে বা করে আসছে তা কতটুকু কার্যকরী হয়েছে তা তাঁর বক্তৃতা থেকেই আমরা জানতে পেরেছি। আমি বলতে চাই যে, ডি ভি সি এলাকায় যে দুটি প্রোজেক্ট এখনও পর্যন্ত সেচের ব্যাপারে তার কার্যকারিতা সে সম্বন্ধে বলতে চাই।

[12-30—12-40 p.m.]

ডি ভি সি এখন পর্যন্ত মাত্র ৭ লক্ষ একর জমিতে জল দিতে পারে। তার চেয়ে বেশি জল দেবার ক্ষমতা তার নাই। আর ময়ূরাক্ষীতে এখন পর্যন্ত সাড়ে চার লক্ষ একর জমিতে জল দেওয়ার ক্ষমতা আছে, তার চেয়ে বেশি জল দিতে পারে না। আমাদের মুখ্যমন্ত্রী কিছুদিন আগে বলেছিলেন যে বাংলাদেশে যে ১৫ লক্ষ টন খাদ্যের যে টার্গেট থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ আছে, তার মধ্যে ৪ লক্ষ টন সেচ ব্যবস্থার দ্বারা পাওয়া সম্ভব হতে পারে যদি সেচ ব্যবস্থার আরো কিছু উন্নতি করা সম্ভব হয়। এই প্রসঙ্গে আমি বলি যে সেচ ব্যবস্থা চালু আছে, তাতে দেখা যায় যে ৭ লক্ষ একর এবং সাড়ে চার লক্ষ একর—সবসুদ্ধ ১১½ লক্ষ একর জমিতে জল দেওয়া সম্ভব। কংসাবতী চালু হলে, ওঁদের হিসেব অনুযায়ী ৮ লক্ষ একর জমিতে জল দেওয়া যেতে পারা যাবে। কিন্তু তা কতদূর হবে সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। সেইজন্য এই প্রসঙ্গে বলি বাংলাদেশে চাষের জমির পরিমাণ হচ্ছে ২৩ মিলিয়ন একরের থেকেও কিছু বেশি। তার মধ্যে মাত্র ১১½ লক্ষ একরে আপনাদের জল দেবার ক্ষমতা আছে। তার জন্য এই মন্ত্রিমহাশয় এতগুলি টাকার ব্যয়-বরাদ্দ দাবী করছেন। আমরা এই প্রসঙ্গে বার বার দাবী উত্থাপন করেছি যে এখন পর্যন্ত ময়ূরাক্ষী এবং ডি ভি সি যে জল দেয়, সে জল যদি আরো বেশি করে চাষের কাজে লাগানোর চেষ্টা করা হয়, তাহলে আরো ডি ভি সি ক্যানালগুলিকে নূতন করে, নূতনভাবে বিচার করে এবং নূতন নূতন সেচ ক্যানেল নিয়ে যাবার প্রয়োজনীয়তা আছে। কিন্তু এইরকম

বহু দাবী, বহু দরখাস্ত ক্যানাল ইঞ্জিনীয়ার, ক্যানাল এস ডি ও যাঁরা আছেন, তাঁদের কাছে বার বার দাবী করা সত্ত্বেও সেখানে ক্যানেলে যে জলটুকু আসে, সেইটুকুও প্রপার ইউটিলাইজেশন-এর ব্যবস্থা করা যায় নি। এ বছর যখন ক্যানেলের জল ছাড়া হলো, তখন আমার নিজের এলাকার কৃষক এলাকায় গিয়ে দেখি ক্যানাল দিয়ে জল যাচ্ছে ঠিকই, কিন্তু ক্যানেলের ঠিক দু-তিন হাত উপরে যে জমি আছে, সেখানে জল দেবার ক্ষমতা নাই। এইরকমভাবে মঙ্গলকোট থানাতে চিরগ্রাম ইউনিয়ন, নিগড় ইউনিয়ন, কেচোড় ইউনিয়ন—এইরকম বহু ইউনিয়নে এবার আবাদ করা যায় নি, ক্যানেলের জল বেশি দূর উঠানো যায় নি। কেননা আপনারা যেভাবে ক্যানেল কেটেছেন, তাতে সেখানে দেখা গেছে অপেক্ষাকৃত নিচু জমি যেখানে পাওয়া গেছে, সেখান দিয়ে ক্যানেল চলে গেছে। তার একটু উঁচু জমিতে যে জল যাবে এমন কোন ব্যবস্থা করার ক্ষমতা আপনাদের নাই বা আপনাদের যারা ইঞ্জিনীয়ার, ওভারসিয়ার কাজ করেছিলেন, তাঁরা সেগুলি দেখেন নাই। তাদের কিভাবে ভাল হবে, কেমন করে ভালভাবে কাজ করা যায় এ চেষ্টাও আপনারা আজ পর্যন্ত করছেন না। এইজন্য বলি, ক্যানেলের যে জল আপনারা দিচ্ছেন এই জলে সামান্য ১১ লক্ষ বা ১১ই লক্ষ একর জমির বেশি চাষ আপনারা করতে পারবেন না যত চেষ্টাই আপনারা করুন না কেন।

দ্বিতীয় কথা হলো যথেষ্ট বিদ্যুৎ উৎপাদন। এই বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে দেখুন কিছুদিন আগে এই হাউসের ওপেনিংএ রাজ্যপাল বললেন যে পাওয়ার ফেমিন দেখা দিয়েছে। অর্থাৎ আমাদের ডি ভি সি ও ময়ূরাক্ষী ইত্যাদি থেকে যে বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হতো, সেটুকুও হয় নাই। এবং এই পাওয়ার জাতীয় জীবনে এত বেশি প্রয়োজন, উন্নতির জন্য এই বিদ্যুতের এত প্রয়োজন যেখানে, সেখানে এই ডি ভি সি ও ময়ূরাক্ষী এ বিশেষ কিছু দিতে পারছে না। সেইজন্য আমরা দেখছি যে আজকে নূতন করে এই হাইড্রোইলেকট্রিসিটি বাদ দিয়ে, এই প্রকল্প বাদ দিয়ে থারমাল ইলেকট্রিসিটির দিকে জোর দেওয়া হচ্ছে। এতে বলতেই হবে যে তাঁরা তা কার্যকরী করবার চেষ্টা করছেন। যা হোক ইলেকট্রিসিটি আমাদের চাই। কিন্তু আপনাদের এই রিভার প্রোজেক্ট থেকে যে ইলেকট্রিসিটি, সেই ইলেকট্রিসিটি করার ক্ষমতা আর নাই। সেইজন্য মাননীয় স্পীকার মহাশয়, আমি বলি এই যে টাকা ব্যয় বরাদ্দের জন্য নেওয়া হচ্ছে, এই টাকা নিয়ে তাঁরা কি করবেন? কেননা, তাঁদের এই প্রকল্পগুলির ক্ষমতা প্রায় অলরেডি এক্সজস্টেড হয়ে এসেছে। কেননা, কিছুদিন আগে আমাদের অর্থমন্ত্রী বাজেট বক্তৃতায় বলেছেন—এই তিনটি প্রকল্প ডি ভি সি, ময়ূরাক্ষী ও কংসাবতী—এগুলো হয়ে গেল স্কোপ অফ দি রিভার ইরিগেশন প্রোজেক্ট, তার থেকে যে ইরিগেশন ইত্যাদি যেটা, সেই ক্ষমতাটা শীঘ্র প্রাকটিক্যালী এক্সজস্টেড হয়ে যাবে। কাজেই তাঁরা অন্যভাবে ইরিগেশন-এর কথা চিন্তা করছেন। সেইজন্য আমি বলছি যে এই তিনটি প্রকল্প যদি পুরাপুরিভাবে চালু হয়, তাহলে তা থেকে যেটুকু বিদ্যুৎ প্রয়োজন আমাদের হতে পারে, সে প্রয়োজনের তুলনায় অতি নগন্য অংশও সেই প্রকল্প সাপ্লাই দিতে পারে না। সেইজন্য এই ব্যয়বরাদ্দের জন্য তিনি যে টাকা দাবী করছেন, যেখানে তিনি বলছেন আমি সেচ করে দেব, আমি বিদ্যুৎ করে দেব, আমি উন্নতি করে দেব সেটা আমি মনে করি সম্পূর্ণ ভুয়ো কথা তিনি বলছেন, সেই ব্যয়বরাদ্দের আমি বিরোধিতা করি।

মিঃ স্পীকার, স্যার, এই প্রসঙ্গে আর একটা কথা বলা প্রয়োজন, সেটা হল বন্যা নিয়ন্ত্রণের কথা। এই মন্ত্রিত্বের ব্যয়বরাদ্দের মধ্যেই রয়েছে বন্যা নিয়ন্ত্রণের বিভিন্ন বিষয় সম্পর্কে টাকা বরাদ্দ।

মিঃ স্পীকার, স্যার, বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে দেখছি যে ডি ভি সি চালু হবার পর, ১৯৫৬ সালের পরে ১৯৫৯ সালে বাংলাদেশের উপর ভয়াবহ বন্যা হয়ে গিয়েছে। সেই বন্যার মুখে দাঁড়িয়ে আপনারা অত্যন্ত ছোট শিশুর মত থরথর করে কেঁপেছেন, মানুষের উপকারে যেসকল প্রচেষ্টা, সেগুলিকে কার্যকরী করার জন্য কোন চেষ্টাই করা হয়নি। এখানে এই যে ১৯৫৯ সালের ফ্লাড এনকোয়ারী কমিটি রিপোর্ট পেশ করেছেন, এবং সেই রিপোর্টের ভিতর যেসমস্ত জায়গাগুলি তারা বিশেষ গুরুত্বপূর্ণ বলে ঘোষণা করেছেন, সে জায়গাগুলোতে এখনও পর্যন্ত তাঁরা হাত দিতে পারেন নি। আমি এই প্রসঙ্গে দুটো জায়গার কথা বলছি। একটা হল অজয় নদীর ব্যাপার, এবং আর একটা হল অজয় যেখানে ভাগীরথীতে পড়েছে, অর্থাৎ ভাগীরথীর পুরা

ব্যাপারটা। এইদিকে যদি দেখেন, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ নদী। এই নদীর উপর বাংলাদেশের স্বাস্থ্য, সম্পদ সব কিছু নির্ভর করছে। ভাগীরথী অন্যান্য সমস্ত নদীর ট্রিবিউটারিগুলিকে বয়ে নিয়ে এসে সমুদ্রে নিয়ে যায়। কাজেই ভাগীরথীর অবস্থাও অত্যন্ত খারাপ থাকে, তার বিভিন্ন জায়গায় সিল্ট জমে থাকে, আবার তার বিভিন্ন জায়গায় ডাঙ্গা হয়ে যায়, এবং তার বিভিন্ন জায়গায় যদি জল-নিকাশের ব্যবস্থা না হয়ে থাকে, তাহলে সেই ভাগীরথীর দ্বারা বাংলাদেশের যে অতিবৃষ্টির জল, সেটাকে বার করে দিয়ে বাংলাদেশের চাষের উন্নতিসাধন করা বা স্বাস্থ্যের উন্নতি করা, কোনটাই সম্ভব হয়ে ওঠে না। আমরা দেখছি এই যে তিনি বাজেট উপস্থিত করেছেন, এই বাজেটে ভাগীরথী বিশেষ করে অজয় সম্পর্কে কোন কথাই বিশেষ জোর দিয়ে বলতে পারছেন না। কেননা আমরা দেখছি অজয় সম্পর্কে ও'রা বলেছেন মাত্র চার লক্ষ টাকা ইত্যাদি ব্যাপারে খরচ করা হবে এবং অজয় নদী রিসার্চ করার ব্যাপারে তাঁরা বলছেন, চেষ্টা করবো। কিন্তু, মিঃ স্পীকার, স্যার, অজয়ের রিসার্চ ১৯৫৯ সাল থেকে আজ ১৯৬৩ সাল, এই চার বছরে এতটুকু উপকার সম্ভব হয়নি। অথচ দেখা যায় ফ্লাড এনকোয়ারী কমিটির চ্যাপটার সেভন-এ এই কথা বারবার করে বলা হয়েছে যে অজয় এবং অজয়ের সাথে সাথে হিংল, কুনুর প্রভৃতি উপনদীগুলিকে সংস্কার না করলে বীরভূম এবং বর্ধমানের একটা বিরাট অংশে অত্যন্ত দুর্বহ জীবনের মধ্যে মানুষ গিয়ে পড়বে এবং সেখানকার চাষ নষ্ট হবে, সেখানকার স্বাস্থ্য নষ্ট হবে ও গো-সম্পদ ক্ষতিগ্রস্ত হবে। কিন্তু, মিঃ স্পীকার, স্যার, তাঁরা শুধুমাত্র এই অজয় নদীর রিসার্চের দিকে যাচ্ছেন। তাছাড়া আপনি দেখবেন কিছুদিন আগে স্টেটসম্যান কাগজে বেরিয়েছিল সেখানে যিনি ডাচ ইঞ্জিনীয়ার ডঃ হ্যামসেন আছেন, তিনি বলেছেন যে গঙ্গা ভাগীরথীকে যদি ড্রেনেজ না করা যায় তাহলে অজয়ের ড্রেনেজ সম্ভব নয়। কাজেই ভাগীরথীর যেদিকে লক্ষ্য, সেদিকে অন্যান্য উপ-নদীর, বিশেষ করে অজয়ের লক্ষ্যও এসে পড়ে। তাঁদের এই যে টাকাগুলি খরচ হচ্ছে, তার মধ্যে বহু টাকা, প্রায় ওয়ান-থার্ড-এর বেশি টাকা এই ড্রেনেজ ইত্যাদি পরিকল্পনার ব্যাপারে আছে। কাজেই দেখা যাচ্ছে ড্রেনেজ তাঁরা এ পর্যন্ত যা করেছেন, বা করবার জন্য যে প্রকল্পগুলি নিয়েছেন, সেই ড্রেনেজ কোথায় গিয়ে শেষ হবে তা আমরা বুঝতে পারছি না। আমাদের পূর্বপুরুষ অগস্ত্যমুনি সমুদ্র পান করেছিলেন অতএব আমাদের মন্ত্রিমহাশয়, তিনি পান করে নেবেন ড্রেনেজের জল, সে ত আমরা ভাবতে পারি না। ড্রেনেজ-এর জল নিশ্চয় একটা জায়গা দিয়ে যাবে। সেই জায়গাগুলির প্রধান হচ্ছে ভাগীরথী। কাজেই ভাগীরথীর আশেপাশে যে ড্রেনেজ-এর প্রকল্প রয়েছে, সেগুলিকে কিভাবে কার্যকরী করা সম্ভব হবে, যদি ভাগীরথীকে কার্যকরী অবস্থায় না নিয়ে যাওয়া যায়। কাজেই ভাগীরথী এবং তার সঙ্গে যেসমস্ত উপনদী এসে মিশেছে, তার কাজগুলিকে আগে, প্রায়ওরিটি না দিয়ে, ছোট ছোট ড্রেনেজ দিয়ে উনি কি অতদূর যেতে পারবেন? যেমন আমি একটা উদাহরণ বলি যে কাতলা থানাতে শ্রীখন্ড নামে একটা জায়গা আছে আপনারা সবাই জানেন। সেখানে একটা মস্তবড় বিল আছে, তার নাম শ্রীখন্ডের বিল। সেটা খড়ি নদীর ভিতর দিয়ে, নারায়ণঘাটের পাশ দিয়ে, সেখান থেকে এসে ঝাপসী গ্রামের পাশ দিয়ে গঙ্গায় পড়েছে। এই শ্রীখন্ডের বিলকে যদি আপনারা সংস্কার করতে চান তাহলে খড়ি নদীর সংস্কার করা প্রয়োজন হয়ে পড়ে, এবং খড়ি নদী যদি সংস্কার করতে যান, তাহলে গঙ্গাকে কখনও সংস্কার না করে, খড়ি নদী, গঙ্গায় আসতে পারবে না।

[12-40—12-50 p.m.]

কারণ যেটুকু জল সেখানে হবে, বৃষ্টির যেটুকু জল সেখানে আসবে সেই জলটুকুতেই সংশ্লিষ্ট এলাকার সবটুকু ডুবিয়ে দেবে। এইরকমভাবে আপনারা সুন্দরবনের দিকেও যে প্রকল্পগুলি নিয়েছেন সেখানেও একই অবস্থা। সেখানেও স্লুইস বা ড্রেনেজ যা কিছু চালু করতে যাবেন সেখানেই তার বিরুদ্ধে অর্থাৎ বড় নদীগুলির মধ্যে এই ড্রেনেজ এসে যদি না পড়ে, এইরকম ব্যবস্থা যদি না করেন তাহলে সেই ড্রেনেজগুলি কাজে লাগাতে পারবেন না। সেইজন্য মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের মন্ত্রিমহাশয়ের কাছে এই আবেদন করবো যে তিনি এই বড় নদীগুলির ব্যাপারে কি প্রকল্প নিয়েছেন সেটা একটু ভাল করে জানাবেন। এটা বলা দরকার এইজন্য যে আমরা দেখতে পাচ্ছি যে ২।৩ বৎসর অন্তর অন্তর বন্যা দেখা দেয়। গত ১৯৫৯ সালে বন্যা হয়ে গিয়েছে, ১৯৬২তে এখানে বন্যা হয়নি কিন্তু ১৯৬৩তে বন্যার

প্রকোপ আসতে পারে। এবং সেই প্রকোপ যদি শুরু হয় তাহলে বাংলাদেশের মানুষ যারা এই বিভিন্ন নদী এলাকায় বাস করে তাদের জীবনযাত্রা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হবে এবং মন্ত্রিমহাশয় তাদের ক্ষতিপূরণ দেবার জন্য কি ব্যবস্থা করবেন সেটাও আমাদের জানা দরকার। মিঃ স্পীকার, স্যার, এই প্রসঙ্গে আমি একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করবো। সেটা হল এই ক্যানেল কর সম্পর্কে। ক্যানেল কর নিয়ে বহু আন্দোলন হয়েছে, বহু কনফারেন্স হয়েছে, বহু জায়গা থেকে আপনারা আবেদনপত্র পেয়েছেন যে এই ক্যানেল কর যেটা ধার্য করা হয়েছে সেটা অত্যন্ত বেশী। কারণ চাষীরা যেটুকু উপকার পায় তার চেয়েও বেশী কর তাদের দিতে হবে এইরকম একটা ব্যবস্থা হয়েছে। গত এপ্রিল মাসে আমাদের কৃষি দপ্তর এবং সেচ দপ্তর যে মিলিতভাবে কনফারেন্স করেছিলেন, আলোচনা করেছিলেন, সেখানে তিনি এক জায়গায় বলেছিলেন, সুপারিশ মাত্র, যে, রবিতে জল দিতে গেলে গড়ে ৭॥ টাকা করে ক্যানেল ট্যাক্স দেওয়া উচিত। আমি মন্ত্রিমহাশয়কে বলি আপনারা আজ পর্যন্ত ক্যানেলে যে জল দিয়েছেন তাতে খারিফ পেয়েছে, রবি সেখানে জল পায়নি, একটা শস্যে জল দিয়েছেন কিন্তু আপনারা নোটিস দিচ্ছেন একরে ৭॥ টাকা, ৯॥ টাকা, ১০॥ টাকা, ১২ টাকা পর্যন্ত। আপনারা নিজেরা সুপারিশ করছেন এক ফসলে জল দিলে ৭ টাকা পর্যন্ত ট্যাক্স ধার্য হতে পারে, আর সেখানে আপনারা দিচ্ছেন ৭॥ টাকা, ৯॥ টাকা, ১০॥ টাকা, ১২ টাকা। আমি মনে করি এটা অত্যন্ত অন্যায় হচ্ছে এইজন্য যে ক্যানেলের জলে সব সময় চাষ করা সম্ভব হয় না। কেননা ক্যানেলের যেটুকু চাষ হয় তা আপনারা নিজেরাই জানেন এবং জানেন যে ক্যানেলের জল অনেক ক্ষতিও করছে। ক্ষতি হচ্ছে সয়েল ইরোশন। আপনাদের কৃষি দপ্তরের বহু লোকের ধারণা এবং তাঁরা আমাদের কাছে বলেন যে ক্যানেলের জল যেভাবে মাঠের মধ্যে দিয়ে নিয়ে যাওয়া হয় তাতে সয়েল ইরোশন বন্ধ করা সম্ভব নয়। কেননা উঁচু জমিতে জল নিচু জমি থেকে নিয়ে যেতে গেলে স্রোত বইয়ে নিয়ে যেতে হয় তার ফলে জমিতে বালি পড়ে এবং সেখানে দেখা যাচ্ছে যে সেইসব জমিগুলির আগে যে উর্বরতা ছিল এখন সেই জমিগুলির উর্বরতা দিনের পর দিন হ্রাস পাচ্ছে। কাজেই ক্যানেল করে যে সেচ ব্যবস্থার সমস্ত সুব্যবস্থা করে দেবো এই যে ধারণা এই ধারণার মূলে খানিকটা গলদ আছে। এই গলদটা দূর করা দরকার। আপনারা একটা ঔষধ বাতলে দিয়েছেন। সেটা বলেছেন যে চাষীরা ধঞ্চের চাষ করুক। ধঞ্চের চাষ করলে জমির যতটুকু উর্বরতা আছে সেটা ইনট্যাক্ট থাকবে। কিন্তু আমি মনে করি সেটা ঠিক নয়। কারণ ধঞ্চের চাষ সব সময় করা সম্ভব নয়। ধঞ্চের চাষ করতে গেলেও জলের দরকার। এখনইত ধঞ্চের চাষ করতে হবে, কেননা আষাঢ় মাসে ধান রোপণ করতে হবে। এখন জল কোথায়, এখন কি সেখানে জলের ব্যবস্থা আছে যে জল দিয়ে জমিতে চাষ করা যায়? করা যায় না। এই ক্যানেলের ফলে জমির যে ইরোশন হচ্ছে, জমি যে ক্ষতিগ্রস্ত হচ্ছে, সেই ক্ষতিপূরণ আপনারা কি দেবেন? বরং যেখানে আপনারা নিজেরাই বলেন একটা ফসল হলে ৭ টাকা জলকর নেওয়া যেতে পারে সেখানে আপনারা ১০॥ টাকা, ১২ টাকা পর্যন্ত নোটিস জারী করবার চেষ্টা করছেন। এটা অন্যায় নয় কি? কাজেই চাষের সুবিধার জন্য যদি জল দিতে হয় তাহলে সেটা সেইভাবেই দিতে হবে। সেখানে যদি চাষের ক্ষতি করে তাহলে সেই ক্ষতিপূরণের জন্য আপনাদের প্রস্তুত থাকতে হবে। আপনাদের ক্ষতি-পূরণ দিতে হবে কিন্তু আপনারা সে ব্যবস্থা করতে পারেন না। মাননীয় স্পীকার, স্যার, আমি এই প্রসঙ্গে আর একটি কথা বলি যে, নূতন করে এই ক্যানেল কর আদায়ের জন্য ভীষণ রকমের জুলুম আপনারা গ্রামাঞ্চলে আরম্ভ করেছেন। এখানে আমার কাছে কতকগুলি তথ্য আছে সেই তথ্যগুলিতে দেখুন গ্রামের মধ্যে সার্টিফিকেট নিয়ে বাড়ী বাড়ী পুলিস ঘুরছে। পাড়ায় পাড়ায় পুলিস ঘুরছে, প্রতিটি ইউনিয়নে অঞ্চল অফিসে পুলিস ক্যাম্প বসেছে। আমরা মনে করি এই জরুরী অবস্থার দিনে আপনারা যদি কৃষকের মেরুদণ্ড শক্তিশালী করতে চান তাহলে অন্তত তাদের এই আশ্বাস দিন, এই অবস্থায় যদি দেশের মানুষকে শক্তভাবে বিদেশী শত্রুর বিরুদ্ধে দাঁড় করাতে চান তাহলে তার প্রয়োজনীয় ব্যবস্থা করে দিন—আপনারা ঘোষণা করুন, ১৯৫৮ সালে যে পরীক্ষামূলক ব্যবস্থা করেছিলেন কর দিতে হবে না বলে সেই নীতি অনুযায়ী ১৯৫৯ সালে যে জল ব্যবস্থা করা যায়নি চাষের জন্য তার জন্য কোন পয়সা লাগবে না, শুধু ১৯৬১, ১৯৬২ দুই বৎসরের জন্য খাজনা দিতে হবে এবং কোন অবস্থাতেই ৭ টাকার বেশি দিতে হবে না। আমি আবেদন করছি এই ব্যবস্থা করে চাষীর মনোবল বৃদ্ধি করুন।

Shri Sunil Das Gupta:

মাননীয় স্পীকার মহোদয়, সেচ দপ্তরের ব্যয় বরাদ্দ আলোচনা করতে গিয়ে আমি মূলত উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণ সম্পর্কে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। আমরা দেখছি প্রতি বছর উত্তরবঙ্গের পাহাড়ী নদীগুলিতে বন্যা হয়ে হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হয়, এজন্য ওখানকার কৃষকেরা মাথায় হাত দিয়ে বসেছে। স্বাধীনতালাভের ১৫ বৎসর পরে আজকে অত্যন্ত লজ্জার সঙ্গে আমাদের সেচ দপ্তরের ব্যর্থতার কথা বলতে হচ্ছে। সরকার থেকে উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণের জন্য কোন সুষ্ঠু পরিকল্পনা নেওয়া হয়নি বলে উত্তরবঙ্গে প্রতি বছর এইরকম বন্যা দেখা দেয়। উত্তরবঙ্গে যা কিছু কাজ তাঁরা করেছেন তা প্রধানত শহরাঞ্চল রক্ষা করার জন্যই করা হয়েছে। সব সময় তাঁরা আমাদের শোনান যে দেশে আবাদী জমির পরিমাণ কমে যাচ্ছে, আবাদ বাড়িয়ে খাদ্যাভাব মেটাও। অপরদিকে আমরা দেখি যে, প্রতি বছর উত্তরবঙ্গের বন্যায় আবাদী জমিতে বালি পড়ে জমির উর্বরাশক্তি নষ্ট হয়ে যায়, এই জমিগুলিকে রক্ষা করার জন্য এ'রা কোনরকম পরিকল্পনা গ্রহণ করেননি। শহরাঞ্চলে বাঁধ দিয়ে সেটা রক্ষা করার ব্যবস্থা তাঁরা করেছেন। গ্রামাঞ্চলে তাঁরা কত বিঘা জমি বন্যার হাত থেকে রক্ষা করবার জন্য ব্যবস্থা করেছে সেটা আমি মন্ত্রিমহাশয়ের কাছে পরিষ্কারভাবে জানতে চাই। আমরা সকলেই জানি এবং মন্ত্রিমহাশয়ও আমাদের বারবার বলে আসছেন উত্তরবঙ্গের পাহাড়ী নদীগুলি হিমালয় থেকে উৎসারিত, এবং পাহাড়ী অঞ্চলের মাটি অত্যন্ত খারাপ, বালিমিশ্রিত, এবং নদীগুলি বালি বহন করে ভরাট হয়ে উঠে। আমি তাই তাকে জিজ্ঞাসা করতে চাই পাহাড়ী নদীগুলি যেখানে সমতল ভূমিতে আসে সেখানে রিজার্ভয়ার তৈরি করে কেন নদীগুলিকে গভীর করবার ব্যবস্থা করেন না। উনি হয়তো বলবেন টাকার অভাবে এ ব্যবস্থা করা যাচ্ছে না। মিঃ স্পীকার, স্যার, আমি আপনার কাছে বলতে চাই, এই টাকার অভাবের অজুহাত নিতান্তই অশ্রদ্ধার কারণ, আমরা দেখি এক তোর্ষা নদীর জন্যই তারা পরিকল্পনাহীনভাবে রক্ষামূলক ব্যবস্থার জন্য ১৷৷ কোটি টাকা খরচ করেছেন। তোর্ষা নদী যেখানে পাহাড় থেকে নেমে এসেছে সেখানে রিজার্ভয়ার করে হাই ভেলসিটিতে জল বইয়ে দিতে পারতেন এবং গ্রীষ্মের সময় যেখানে জলাভাব খুব বেশি সেখানে জল দিতে পারতেন এবং জলবিদ্যুৎ তৈরি করে উত্তরবঙ্গের বিদ্যুতের চাহিদা মেটাতে পারতেন।

[12-50—1 p.m.]

তা না করে তাঁরা বড় বড় প্রোজেক্ট-এর কথা বলেন, বড় বড় প্রোজেক্ট-এর কথা শোনান এবং সারা পৃথিবীর কাছে সেগুলি দেখিয়ে বাহাদুরী নেবার চেষ্টা করেন। তাই মন্ত্রিমহাশয়কে বলব বড় বড় কাজ রেখে আপনারা ছোট ছোট কাজ ধরুন—বড় বড় কাজের মধ্য দিয়ে কতটুকুন বাহাদুরী পেয়েছেন সেটা সকল জায়গার লোক জানে। আপনারা বললেন ডি ভি সি দিয়ে বন্যা নিয়ন্ত্রণ করব, কিন্তু তা পারেন নি। বিদ্যুতের চাহিদা মেটাবেন বলেছিলেন, কিন্তু তা হয়নি। তারপরও কেন আর বড় বড় পরিকল্পনার কথা আপনারা বলেন সেটা আমরা বুঝতে পারি না। সেজন্য আমি বলব যে ছোট ছোট নদীগুলিকে বাঁধ দিয়ে জলাধার সৃষ্টি করুন এবং জলবিদ্যুতের ব্যবস্থা করুন এবং ছোট ছোট সেচ পরিকল্পনা দিয়ে আমাদের দেশের মাটির উর্বরা শক্তি বাড়াবার চেষ্টা করুন। উত্তরবঙ্গ সম্বন্ধে বলতে গিয়ে আর একটি কথা অত্যন্ত লজ্জার সঙ্গে বলতে হচ্ছে যে উত্তরবঙ্গের জন্য একটা নর্থ বেঙ্গল ফ্লাড অ্যাডভাইসরি কমিটি মাননীয় সেচমন্ত্রী মহাশয় তৈরি করেছেন। আমরা দেখি যে সেই ফ্লাড অ্যাডভাইসরি কমিটির মধ্যে প্রত্যেক জেলায় আইনসভার সদস্য রয়েছেন, কিন্তু কোচবিহার জেলার সেখানকার কাউন্সিল-এর সদস্যকে আইনসভার সদস্য হিসাবে রাখা হয়েছে। কেন কাউন্সিল-এর সদস্যকে রাখা হল সে সম্বন্ধে প্রশ্ন করতে চাই। কোচবিহারে যদি বিধানসভার সদস্যকে রাখতে হয় তাহলে বিরোধীদলের লোককে রাখতে হয় এই কারণে কি কাউন্সিল-এর সদস্য রেখেছেন? তারপর কতখানি দলীয় স্বার্থের উপরে আজকে এই সেচ দপ্তর ব্যবহার করছেন এবং চা-বাগান মালিকদের স্বার্থে এই বিভাগ ব্যবহার করছেন সে সম্পর্কে আমার কিছু বক্তব্য আছে। আজকে আমরা দেখি যে উত্তরবঙ্গে চাষের জমি নষ্ট হয়ে যাচ্ছে। উত্তরবঙ্গে অর্থকরী যে ফসল সেই, তামাকের চাষ জলাভাবে নষ্ট হয়ে যাচ্ছে। সেখানে বিভিন্ন চা-বাগান মালিকের স্বার্থে চা-বাগানে বড় বড় বাঁধ দিয়ে সেগুলি রক্ষা করবার চেষ্টা করছে। সেখানে কাদম্বিনী, কলাবাড়ী বাঁধ কেন

তৈরি করেছিলেন সে কথার পরিষ্কার জবাব সেচমন্ত্রী মহাশয় আমাদের দেবেন? আমাদের বিভিন্ন এলাকার আবাদী জমি যা আছে তার জন্য কোন পরিকল্পনা কেন প্রস্তুত করেননি তার জবাব আমরা চাই আজকে বিভিন্ন দপ্তরের মধ্যে কোন যোগাযোগ নেই—সেচ দপ্তরের সঙ্গে কৃষি দপ্তরের যোগাযোগ নেই। অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে আমাদের জেলায় এই সেচ দপ্তরের অকর্মণ্যতার ফলে একটা বিশেষ সমস্যার সমাধান আমরা করতে পারছি না। আজকে কোচবিহার জেলায় পশ্চিমবঙ্গের অংশ যেখানে, সেখানে রাজারহাট টি বি হসপিটাল রয়েছে। আগের বছরে আমাদের স্বাস্থ্যমন্ত্রী এই হাসপাতাল উন্নয়নের জন্য ১২½ লক্ষ টাকা স্যাংশন করেছিলেন যেহেতু বন্যার সময় সেখানে জল দাঁড়ায়—তাতে হাসপাতালের কাজ হোত না। আমি অজয়বাবুকে বারবার প্রশ্ন করেছি যে সেই এলাকাকে আপনারা রক্ষা করার চেষ্টা করুন, কিন্তু তিনি কিছুতেই রাজী নন। অথচ স্বাস্থ্য দপ্তর সে সম্পর্কে তাদের কাছ থেকে কোন সংবাদ পাচ্ছে না। এইভাবে যদি বিভিন্ন দপ্তরের সঙ্গে যোগাযোগ না থাকে তাহলে কেমন করে দেশের সামগ্রিক মঙ্গলের পক্ষে বিভিন্ন দপ্তর কাজ করবে। আজকে সেই কারণে অজয়বাবুকে বলব যে আগের বছরে এই বাজেট বক্তৃতায় আমি বলেছিলাম যে উত্তরবঙ্গের নদীগুলি যাতে সুষ্ঠুভাবে পরিকল্পনাসম্মত উপায়ে বন্যা নিয়ন্ত্রণ এবং বিদ্যুৎ উৎপাদন হয়, সেসব তদন্ত করার জন্য একটা হাই পাওয়ার এক্সপার্ট কমিটি গঠন করুন যাতে উত্তরবঙ্গের এই পাহাড়ী নদীগুলি সামগ্রিক দেশের মঙ্গল করতে পারে এবং দেশের সর্বনাশ না করে দেশকে সুষ্ঠু সুন্দরের দিকে নিয়ে যেতে পারে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Dinabandhu Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ রাজ্যসরকারের সেচমন্ত্রী সেচ খাতে যে বরাদ্দ উত্থাপন করেছেন তার সমর্থনে দাঁড়িয়ে আমি দক্ষিণ বাংলার বিশেষ করে সুন্দরবন অঞ্চলের কয়েকটি কথা নিবেদন করতে চাই। জমিদারী প্রথা উচ্ছেদের পর থেকে সুন্দরবনে ২২ শ' মাইল নদীপথ রক্ষণাবেক্ষণের দায়িত্ব—সেখানে আবাদ হবে কি করে, কিভাবে সুষ্ঠুভাবে জলনিকাশ হয়—তার দায়িত্ব সরকার গ্রহণ করেন। কিন্তু গত ৩ বৎসরের ব্যয়বরাদ্দ যদি আলোচনা করে দেখি তাহলে দেখবো সরকারী পক্ষ থেকে প্রচুর টাকা এই সুন্দরবনের নদীপথ রক্ষণাবেক্ষণের ব্যাপারে ব্যয় করা হচ্ছে। ১৯৬০-৬১ সালে ৮০ লক্ষ ৭৯ হাজার টাকা খরচ করা হয়েছিল, ১৯৬১-৬২ সালে ৯৪ লক্ষ ১৭ হাজার টাকা বরাদ্দ করা হয়েছিল, কিন্তু ব্যয় করা হয়েছে ৯৩ লক্ষ টাকা। ১৯৬২-৬৩ সালে ৯০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল ব্যয় করা হচ্ছে অনুমিত, প্রায় ৮৩ লক্ষ টাকা। এই বাবত সুন্দরবন অঞ্চলে ১৯৬০-৬১ সালে এসট্যাবলিসমেন্ট চার্জ-এ ৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। ১৯৬১-৬২ সালে ৪২ হাজার টাকা ব্যয় করা হয়, ১৯৬২-৬৩ সালে ৬ লক্ষ ৮৭ হাজার টাকা ব্যয় করা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুন্দরবনের এই বিশাল এলাকাকে রক্ষণাবেক্ষণ করার জন্য তিনটি ডিভিসনে ভাগ করা হয়েছে। কাকদ্বীপ ডিভিসন, জয়নগর ডিভিসন, আর একটি ছোট ডিভিসন সেটা হচ্ছে বসিরহাট ডিভিসন। এই তিনটি ডিভিসনে—এই বিরাট এলাকাতে যাতে দপ্তর স্থানান্তরিত করা হয় সেজন্য সরকার থেকে সন্ধান করা হয়। ১৯৬২-৬৩ সালে যে বাজেট আমাদের কাছে পেশ করা হয় তাতে জানা গিয়েছিল কাকদ্বীপ অঞ্চলে দপ্তর কলকাতা থেকে স্থানান্তরিত করা হয়। গোপালনগর সাব-ডিভিসনে সার্ভে বিল্ডিংস থেকে জানা যায় যাতে সদর কার্যালয় কলকাতা থেকে সুন্দরবন অঞ্চলে পূর্ব থেকে আরম্ভ করে ভাগীরথীর পশ্চিমধার পর্যন্ত এই যে বিরাট এলাকায় সদর দপ্তর যাতে হয় তার ব্যবস্থা হচ্ছে। চব্বিশপরগনার পূর্ব অঞ্চলে যে জায়গায় সুন্দরবন আছে সেখানে কাজ কর্ম ব্যাপারে সুবিধার জন্য বসিরহাট সাবডিভিসন হবে এবং তার প্রয়োজনীয়তাও আছে। গোপালনগর সার্ভে রোড সেখানে যে সদর দপ্তর কলকাতা থেকে সরে গিয়ে হাসনাবাদে যাবে। ১৯৬১-৬২ সালের বাজেটে দেখা গেল যে সরকারী সিদ্ধান্তের পরিবর্তন ঘটেছে। সুন্দরবনের অধিবাসীদের তরফ থেকে একথা সরকার পক্ষ থেকে বিশেষ করে সেচ মন্ত্রিমহাশয়কে নিবেদন করবো যে এই সিদ্ধান্ত যেটা ৫ বছর আগে করা হয়েছে সেই সিদ্ধান্ত কেন পরিবর্তন করা হোল। আজকে নদীপথ যেভাবে সংরক্ষণ করা হচ্ছে তাতে তার মধ্যে অনেক ত্রুটিবিচ্যুতি রয়ে যাচ্ছে। জানুয়ারি মাসে—১৯ তারিখে আমি মনে করি—সেচ মন্ত্রিমহাশয়কে আহ্বান

জানিয়েছিলাম যে সুন্দরবন এলাকার যতগুলি বিধানসভার সভ্য আছেন তাদের নিয়ে সুন্দরবনের সমস্যা সম্পর্কে আলোচনা করুন। কিন্তু সুন্দরবনের যে ফসল ধ্বংস হয়ে যায়—সেচমন্ত্রী এটা ভাল করে জানেন—সুন্দরবন থেকে যারা নির্বাচিত হয়ে এসেছেন তাঁরা ভাল করে জানেন যে সেখানে তিন বৎসর ফসল করা যায়নি। ১৯-১-৬৩ তারিখে সেচমন্ত্রীর সংগে মিলিত হয়ে সেখানে ইরিগেশন সেক্রেটারী, সুপারিন্টেন্ডিং ইঞ্জিনীয়ার ছিলেন এবং এই তিনটি ডিভিসনের একজিকিউটিভ ইঞ্জিনীয়ারও ছিলেন। সেখানে আমরা পুঙ্খানুপুঙ্খরূপে সেচমন্ত্রীকে বোঝাতে চেষ্টা করেছি যে এই ২২ শত মাইল নদীপথ যেটা আছে সেটাকে ৩৬৫ দিনই সর্বদা সতর্ক নজরে রাখতে হবে। সেখানে প্রতি মাইলে ১ জন করে কর্মী যদি নিযুক্ত করা হয় তাহলে সরকার থেকে কন্ট্রাক্টরের মাধ্যমে বর্ষার সময়ে এই ঝড় জলের সময়ে বিধানসভার সদস্য আমরা যারা এখানে উপস্থিত আছি—এই শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে—পরশু দিন থেকে যে ভীষণ বাতাস সুন্দরবনের উপর দিয়ে প্রবাহিত হতে আরম্ভ করেছে তাতে এই ২২ মাইল নদীপথের অনেক জায়গা ভেঙ্গে যাবার সম্ভাবনা আছে। কিছুদিন আগে যেখানে বাঁধ ভাঙ্গার কোন সম্ভাবনা ছিল না কিন্তু নদীস্রোত এমন অবস্থায় তুলেছে যে সেখানে ১১০ মাইল নদীর বাঁধ ভেঙ্গে গেছে। সেচমন্ত্রীর কাছে একটি কলিং এটেনসন দিয়েছিলাম কিন্তু আমি সেচমন্ত্রীর কাছে নিবেদন করতে চাই যেভাবে সেচ দপ্তর সরকারী অর্থ ব্যবহার করে সেখানে অপব্যয়ের যথেষ্ট অবকাশ আছে।

[1—1-10 p.m.]

যখন ঐ জায়গায় সন্দেশখালিতে বিদ্যাধরী নদীর বাঁধ ভেঙ্গে গেল, তখন সেখানকার বি ডি ও সন্দেশখালির ননীগোপাল মণ্ডল মহাশয় এবং বসিরহাটের মহকুমাশাসক মহাশয় কঠিন এবং সবল হস্তে জনসাধারণের সহযোগিতা নিয়ে সেখানে গিয়ে পড়লেন। ইরিগেশন দপ্তরে ৩-৪ দিন পরে ইনফরমেশন যায়, তারপর সেখানকার সার্ভে করতে, প্ল্যান এবং এস্টিমেট দিতে ঐ বসিরহাট অফিস থেকে ইরিগেশন অফিস থেকে আরম্ভ করে সুপারিন্টেন্ডিং ইঞ্জিনীয়ার্স অফিস পর্যন্ত আসতে প্ল্যানে দেখা গেল কি? না, ১ লক্ষ ৭ হাজার টাকার স্কীম হয়েছে। অথচ সেখানে বি ডি ও এবং বসিরহাট মহকুমাশাসক মাত্র ৬ হাজার কি ৭ হাজার টাকার টেস্ট রিলিফএ সেই জায়গায় বাঁধ রক্ষণাবেক্ষণ করেছেন। এই জায়গায় মন্ত্রিমহাশয়ের কাছে আমার আবেদন এই যে, ঐ ২,২০০ মাইল নদী-বাঁধের প্রতি মাইলে একজন করে বেলদার নিযুক্ত করুন। এই বেলদারদের কর্মশক্তির মান নির্ধারণ করে তাদের নিযুক্তি হবে। সেখানকার স্থানীয় লোক যারা—ঝড়, জল, রোদে সুন্দরবন এলাকায় বাঁধটা রক্ষা করে আসছে, সেই সমস্ত আদিবাসী ভাই, সেই সমস্ত কৃষকভাই, যারা গরিব, তারা মাত্র ঐ ব্যাপারে নিযুক্ত হবে। চব্বিশপরগনার উত্তর অঞ্চলের মানুষদের সুন্দরবন এলাকায় মানুষদের জীবনযাত্রা সম্পর্কে যাদের কোন আইডিয়া নাই, পশ্চিম বাংলার অন্য জেলা থেকে যারা ক্লাস সেভেন, এইটএ পড়েছে তাদের চাকরি দেবার সংস্থান হিসেবে সুন্দরবনের এই সর্বনাশা কাজের মুখে সেই সমস্ত লোককে নিযুক্ত করছেন। সেইভাবে সেচমন্ত্রী আমাদের কথায় আজকে নিশ্চিত হয়েছেন, এবং সিদ্ধান্ত হয়েছে যে, প্রতি মাইলে একজন করে বেলদার যদি নিযুক্ত করা যায় এবং ৩৬৫ দিন প্রতি লোক যদি একশ থেকে দু শ' মাটি কাটে, তা হলে যে টাকা কন্ট্রাক্টর সিস্টেমএর মাধ্যমে, প্রায় এক কোটি টাকার মত, ব্যয় করা হচ্ছে, তার অনেকাংশে রক্ষিত হবে বলে আমার দৃঢ়বিশ্বাস আছে।

তারপর দ্বিতীয় হল, সুন্দরবনের জলনিষ্কাশনের ব্যবস্থা। সেদিন কৃষিখাতে বলতে গিয়ে আমি বলেছিলাম এই কথা যে, পশ্চিম বাংলায় আমাদের ধানের উৎপাদন কম। কিন্তু এখানে যাঁরা উপস্থিত আছেন, তাঁরা একথা স্বীকার করবেন যে, পশ্চিম বাঙলাকে যদি খাদ্যশস্যের ভাণ্ডার হিসেবে গণ্য করা যায়, তা হলে একমাত্র সুন্দরবন অঞ্চল আছে যেখানকার একফসলী জমিতে বিঘাপ্রতি ৯ মণ থেকে আরম্ভ করে ১৫-১৬ মণ ধান হয়। যদি সুষ্ঠুভাবে এই বাঁধ রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন সরকার জনগণের সহযোগিতা নিয়ে করেন, তা হলে পশ্চিম বাঙলার যত চালের প্রয়োজন আছে, তা এক সুন্দরবন অঞ্চলই সেই চাল সরবরাহ করতে পারে। কিন্তু সেখানে দেখা যায় কি? না, সুন্দরবন অঞ্চলের এই ২,২০০ মাইল নদীবাঁধ এ পর্যন্ত সরকার নিজ দায়িত্বে গ্রহণ করে যতগুলি জলনিষ্কাশনের ব্যবস্থা ছিল, জমিদারদের কালে, সেই ব্যবস্থা পূর্ণাঙ্গরূপ দিতে পারেন নাই। সরকারী হিসেব অনুযায়ী দেখা যাচ্ছে যে, সুন্দরবন এলাকায় পাকা স্লুইস গেট কিছু বাড়ানো হয়েছে। হিউম পাইপ যেটা সরকার নিজের হাতে নিয়ে কি

একটা উল্ভট কল করেছেন, ১৮৮টি নির্মাণ করেছেন। এই হিউম পাইপ তাঁরা এমন অবস্থায় তৈরি করেছেন যেখানে বাঁধের নিচু জায়গা থেকে গেঁথে উঠে, পাইপ যেখানে বসাতে হবে, সেখানে জায়গাগুলি ভালভাবে কংক্রীট করেন না, কন্ট্রাক্টররা পাইপ বসিয়ে দিয়ে যান। তারপর এক বছর, দু বছর পরে প্রত্যেকটি হিউম পাইপ দেখা গেছে অকেজো হয়ে গেছে এবং এই হিউম পাইপ করতে গিয়ে ২০ থেকে ২৫।৩০ হাজার টাকা ব্যয় করা হয়েছে। অথচ সরকারপক্ষের সেচ দপ্তর এটা ভালভাবে জানেন। যতগুলি স্লুইস গেট এ পর্যন্ত সুন্দরবন অঞ্চলে আছে, তার অধিকাংশই অকেজো অবস্থায় এখনও পড়ে আছে, বন্ধ করা আছে। এই স্লুইস গেটের কাজ কোনমতেই ত্বরান্বিত হচ্ছে না। সেইজন্য সেচ দপ্তরকে অনুরোধ করুন, মন্ত্রিমহাশয়ের কাছেও নিবেদন করছি এই স্লুইস গেট ও জলনিষ্কাশনের ব্যবস্থার যদি সুন্দরবন অঞ্চলে পূর্ণাঙ্গ রূপ না দিতে পারেন, তা হলে প্রতি বছর এখানে বর্ষা হলে, জলনিষ্কাশনের অভানব সেখানে চাষের অবস্থা ক্ষতিগ্রস্ত হবে এবং পশ্চিম বাংলায় যে চালের দরকার সুন্দরবন তা সরবরাহ করতে পারবে না।

Shri Abhoy Pada Saha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রতি বছর যেমন ব্যয়বরাদ্দের জন্য দাবি উপস্থিত করা হয় এই আইনসভায়, সেইরকম আমাদের মাননীয় সেচমন্ত্রীও তাঁর বিভাগের ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন। প্রতি বৎসরই খরচ হচ্ছে এবং এত টাকা খরচ হচ্ছে যে, তার সুদ গুণতেই আমাদের দফা শেষ। এই বছর যে বাজেট তৈরি হয়েছে, সেই বাজেট থেকে দেখা গেল, এই বৎসরও আমাদের ১ কোটি ৯ লক্ষ ২৪ হাজার টাকা সুদ দিতে হবে। এই সেচবিভাগে আজ পর্যন্ত যে কাজগুলি চালু করবার জন্য অর্থ ব্যয় করা হয়েছে, তা প্রায় সবই ধার করে আনা টাকা এবং সেই টাকার অনেক সুদ আমাদের গুণতে হয়। কিন্তু এই স্বাধীনতার পর, ১৬ বৎসর ধরে যে কাজগুলি হল, তার দ্বারা দেশের কি উপকার হল সেটা আজকে বিচার-বিবেচনা করবার বিষয়। আমরা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে শুনলাম যে, আমাদের স্বাধীনতার আগে খাদ্যশস্য চা'ল যা উৎপাদন হত, আজ ১৬ বছর পরেও সেই একই হারে চা'ল উৎপাদন হচ্ছে। অর্থাৎ পূর্বে যে ৪৪ লক্ষ টন চাল উৎপাদন হ'ত এখনও সেই গড়ে ৪৪ লক্ষ টন চাল উৎপাদন হচ্ছে। আমরা যে আজকে একই রকম উৎপাদন রাখতে পেরেছি এটা নিশ্চয় কৃতিত্বের ব্যাপার, কারণ ধানের জমি অনেক কমে গিয়েছে, তাতে অন্য ফসল লাগাতে হয়, ফলাতে হয়। পাট এবং অন্যান্য অর্থকরী ফসল সেখানে ফলাতে হয়। সেইজন্য আমরা আগেকার থেকে খাদ্যশস্য ফসল বাড়াতে পারি নি। কিন্তু আমার ধারণা একথা ঠিক নয়। কারণ যেমন অন্যান্য ফসল বাড়াতে হচ্ছে তেমনি জমির পরিমাণও অনেক বেড়ে গিয়েছে। অনেক পতিত জমি, জলা জমি ছিল, তাকে সাফ করে, সংস্কার করে, এবং বন-জঙ্গল কেটে সাফ করে, সেখানে ফসল ফলাতে হচ্ছে। গো-চরের এক ফোঁটা, এক ছটাকও জমি নেই। গো-চরের ভূমিতে চাষাবাদ হচ্ছে। কিন্তু তা সত্ত্বেও ফসল বাড়ছে না। সেচ খাতে কোটি কোটি টাকা খরচ হয়ে যাচ্ছে, ফসল বাড়ছে না। এই অবস্থাটা কেন হচ্ছে? মনে হয় নিশ্চয় সেখানে অব্যবস্থা চলছে। কারণ সেই টাকা খরচ করে যতটা সুফল পাওয়া উচিত ছিল, অব্যবস্থার দরুন সেই ফল পাওয়া যাচ্ছে না। বহু লক্ষ টাকা ব্যয় করে ময়ূরাক্ষী পরিকল্পনা হয়েছে, কিন্তু সেখানে আশানুরূপ ফল পাওয়া যায় নি। কেননা, ধান যে রকম হচ্ছে, সে তো প্রতিবারই হয়। হয়ত দশ, পনের বছরের মধ্যে একবার অনাবৃষ্টি হয় যার দরুন ধান হয় না, এই রকম অবস্থা আমরা আগে দেখেছি। কিন্তু, আজ আমাদের এখানে ময়ূরাক্ষী ক্যানেল হওয়া সত্ত্বেও এই রকম অবস্থা হচ্ছে কেন? এই যে ময়ূরাক্ষী ক্যানেল, সেখানেও দোফসলা জমি করতে পারা যায় নি। বৃষ্টি হলে তবে ময়ূরাক্ষীর জল আসে, বৃষ্টি না হলে জল আসে না। অথচ এর জন্য বহু টাকা খরচ করা হয়েছে। গত বছরে আমরা দেখেছি সেচমন্ত্রী মহাশয় বলেছেন বৃষ্টি না হলে, আমরা জল দিতে পারব না, বৃষ্টি হলে আমরা দিতে পারব। তা হলে দেখা যাচ্ছে কৃষকদের, কৃষি-জীবীদের যে আশা-আকাঙ্ক্ষা ছিল, তার জন্য বহু কোটি টাকা ব্যয় হয়েও, তাদের সেই আশা-আকাঙ্ক্ষার রূপ দিতে ব্যর্থতা প্রকাশ পেয়েছে। অবশ্য আমি একথা বলতে চাই না যে, এর দ্বারা একেবারে কোন কাজ হয় নি। কোথাও কোথাও কিছু কিছু কাজ হয়ত হয়েছে। কিন্তু এর জন্য যে পরিমাণ টাকা খরচ করা হয়েছে, সেই অনুপাতে আমরা ফল পাই নি। কারণ সেই টাকা অনেক অপচয় হয়ে গিয়েছে, অনেক তছরূপ হয়ে গিয়েছে। এখানে এত অব্যবস্থা

যে, যে ধার দিয়ে ক্যানেল নিয়ে গেলে আরও ভাল কাজ হত, অর্থাৎ সমস্ত মাঠে জল পেত সেইভাবে, সেই জায়গার উপর দিয়ে ক্যানেল নিয়ে যাওয়া হয় নি, তার চেয়ে অনেক নিচু জায়গা দিয়ে নিয়ে যাওয়া হয়েছে। এইরকম দৃষ্টান্ত অনেক মিলবে। এই সভায় অনেক সদস্য সেসব কথা বলেছেন। তারপর দেখা যায়, সেখান থেকে জল ঠিকমত দেওয়া হয় না। অর্থাৎ যখন চাষের জন্য জলের প্রয়োজন, তখন জল আসে না, আর যখন জলের দরকার নেই তখন জল আসে। এইরকম অবস্থায় ময়ূরাক্ষীর পরিকল্পনা চলেছে। ট্যাঙ্ক ইম্প্রুভমেন্ট করে চাষের ব্যবস্থা কিছু কিছু জায়গায় করা হয়েছে। কিন্তু সেখানে পুকুর কেটে কি করা হয়েছে, কন্ট্রাক্টরদের মারফত সেটা আমরা নিজে চোখে দেখেছি। সেখানে পুকুর দিয়ে চাষের ব্যবস্থা কতটুকু যে হয়েছে সেটা আমাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে। তার ফল হয়েছে কি? না, চাষীদের উপর ট্যাক্স বসাচ্ছেন। ট্যাঙ্ক ইম্প্রুভমেন্ট স্কীমে সেই পুকুরের চারপাশে যেসমস্ত জমি আছে তার উপর ট্যাক্স হচ্ছে। কারও ১০ বৎসর পর একটা সার্টিফিকেট চলে আসল যে তোমার এত ট্যাক্স বাকি আছে।

[1-10—1-20 p.m.]

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

ওটা সেচবিভাগের কাজ নয়, কৃষি বিভাগের কাজ।

Shri Abhoy Pada Saha:

এই দপ্তর যেভাবে আপনাদের বণ্টন করা আছে তা এক বিচিত্র ব্যাপার, এই দপ্তরের হদিশ খুঁজে পাওয়া কঠিন। আপনাদের এখানে এক লক্ষ টাকার উপরে কাজ হলে সেটা সেচবিভাগ করবে এবং এক লক্ষ টাকার নিচে হলে এগ্রিকালচার করবে—এই যে ব্যাপার, এই যে জগাখিচুড়ি হয়ে আছে, এর হদিশ পেতে আমাদেরও মধ্যে মধ্যে ঘুলিয়ে যায়। সেচের কথা বলতে গেলে এটা চলে আসে সেইজন্যই আমি বলছি। সেচব্যবস্থা সাধারণত সেচমন্ত্রীর আওতায় থাকা স্বাভাবিক, সকলেই একথা চিন্তা করেন। কিন্তু আপনার দপ্তরে নানারকম ভাগবাটোয়ারা থাকায় সাধারণ লোকের খোঁজখবর নেওয়া কঠিন, সেইজন্য আমি তাদের হয়ে একথা উত্থাপন করছি।

তারপর হচ্ছে ড্রেনেজের ব্যাপার। এখানে কি অব্যবস্থা চলছে তার দু-একটা নজির দিচ্ছি। নাগলহাটা বিল ড্রেনেজ স্কীম বাজেট এস্টিমেট ছিল ৩,৩২,০৮০ টাকা। কিন্তু গত বৎসরে ১৬ হাজার টাকা ধরা হয়েছিল খরচ হবে বলে, খরচ হল ৬৪ হাজার টাকা। আগামী বৎসরে ৩৬ হাজার টাকা ধরা হয়েছে। এই নাগলহাটা একটা বিস্তীর্ণ এলাকা, তিনটি জেলার মধ্যে হাজার হাজার বিঘা জমি নিয়ে এই বিল। বর্ধমান, মুর্শিদাবাদ, বীরভূম, এই তিনটি জেলা জুড়ে এই বিলটা আছে। এই পরিকল্পনা কত আগে থেকে হয়েছে তবু জড়সড় ভাব। এই বিলের মধ্যে বোরো ধান আগে হত কিন্তু এখন কোন ফসলই হয় না। এই অবস্থার মধ্যে এই বিল পড়ে আছে। তারপর আর একটা দেখুন, কনস্ট্রাকশন ওয়ার্ক ইন দি সুন্দরবন, এস্টিমেট ছিল ৪৫ হাজার টাকা। গত বৎসরের বাজেটে ধরা হয়েছিল ৪৫ হাজার টাকা। খরচ হবে বলে ধরা হল ৬০ হাজার টাকা। এবারে ধরা হল ২ লক্ষ টাকা। এইভাবে যেরকম এস্টিমেট হয় তারপর খেয়ালখুশিমত খরচ হয় এবং তারপর আমাদের কাছে হিসাব রাখা হয়। এইভাবে সেচব্যবস্থা, জলনিকাশের ব্যবস্থা আমাদের দেশে চালু হওয়ায় আমাদের এই দুরবস্থা হয়েছে।

Dr. Radhanath Chattoraj:

১৯৫৯ সালে বন্যা তদন্ত কমিটি পশ্চিম বাংলায় বন্যানিয়ন্ত্রণ ও জলনিকাশ সম্পর্কে যে গুরুত্বপূর্ণ রিপোর্ট দাখিল করেছিলেন সেই রিপোর্ট সম্পর্কে আমাদের বিধানসভায় আলোচনা হওয়া উচিত ছিল এবং আমি দাবি করি সে সম্পর্কে এখানে আলোচনা হোক। কারণ, বন্যা তদন্ত কমিটির চেয়ারম্যানের রিপোর্টে দেখা যায় বিহার সরকারের প্রতিনিধিগণ আমাদের পশ্চিম বাংলার প্রতিনিধির সংগে একমত হন না, এবং বিহার-সরকার অসহযোগিতার মনোভাব দেখাচ্ছেন। পার্শ্ববর্তী রাজ্যের এইরকম অসহযোগিতার মনোভাব থাকলে এটা খুবই মারাত্মক মনোভাব। আমাদের বন্যানিয়ন্ত্রণ কখনই সম্ভব হবে না। পশ্চিমবঙ্গ-সরকার বিহার-সরকারের এই অসহ-

যোগিতামূলক মনোভাব দূর করবার জন্য কি চেষ্টা করেছেন সে সম্পর্কে মন্ত্রিমহাশয় কোন আলোকপাত করেন নি। সেজন্য আমি তাঁকে অনুরোধ করব মন্ত্রিমহাশয় যেন এই বিষয়ে আলোকপাত করেন। তারপর, বন্যানিয়ন্ত্রণের অভাবে ভূমিক্ষয় নিবারণ এবং চাষের জলাভাব দূর করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে মন্ত্রিমহাশয় সেই বিষয়েও কোন আলোকপাত করেন নি। যাই হোক, আমি ময়ূরাক্ষী এলাকা সম্পর্কে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। বন্যা তদন্ত কমিটি ভাগীরথীর পশ্চিমাঞ্চলের নদীগুলির জলনিকাশের ব্যবস্থা সম্পর্কে কতগুলি গুরুত্বপূর্ণ প্রস্তাব করেছেন, তাঁরা বলেছেন,

The first and foremost remedial measure proposed for the region is the improvement of the Bhagirathi which is the main drainage artery of the area. This river devoid of perenial headwater supplies has been deteriorating rapidly and its carrying capacity has also become very much limited with the result that the drainage congestion has increased. The river can be improved only by restoring head water supplies which is envisaged in Ganga Barrage Project. The Committee, therefore, recommends this scheme as one of the vital importance not only for this region but also for the conservancy of the river Hooghly in its lower reaches."

ফারাক্কা ব্যারেজ কতদিনে হবে এ সম্পর্কেও তাঁরা অগ্রসর হন নি এবং হতে পারবেন বলেও আশা করা যায় না। ময়ূরাক্ষী পরিকল্পনার কাজ কতদিনে নিষ্পন্ন হবে ঠিক নাই। তদুপরি যতদিন না গঙ্গা ব্যারাজের কাজ হচ্ছে ততদিন পশ্চিমবঙ্গের বন্যানিয়ন্ত্রণ করতে পারবেন না, জলনিকাশের ব্যবস্থা করতে পারবেন না,

western tributaries of the Bhagirathi bring in considerable volumes of sand and water adversely affecting the basin of the river.

এই অজয় বেসিন যদি না হয় তা হলে প্রচুরভাবে বালি এসে জমির উর্বরাশক্তি নষ্ট করে দেবে এবং জমিগুলি বালিপূর্ণ হয়ে ভরাট হয়ে গেলে আরও বড় বড় বন্যা হওয়ার আশঙ্কা দেখা দেবে।

So, the Committee recommends that control of floods in these tributaries, specially the Ajoy, which has no retention basins is urgently called for.

আজকে এই অবস্থার ফলে ময়ূরাক্ষী পরিকল্পনার এলাকায় ৮৯ হাজার স্কোয়ার মাইল এবং বীরভূম জেলার ক্যাচমেন্ট এরিয়ার ১,২৬৬ বর্গমাইলব্যাপী ভূমি সম্পূর্ণ নষ্ট হয়ে যাচ্ছে। তারপর ভূমিক্ষয় নিবারণের জন্য কি চেষ্টা হয়েছে মন্ত্রিমহাশয় বলে দেবেন। ভূমিক্ষয় নিবারণের জন্য বন্যা তদন্ত কমিটি কতগুলি দীর্ঘস্থায়ী ব্যবস্থার কথা বলেছেন। এবং বন্যা তদন্ত কমিটি কতকগুলি দীর্ঘমেয়াদী এবং স্বল্পমেয়াদী পরিকল্পনা দাখিল করেছেন।

[1-20—1-30 p.m.]

দীর্ঘমেয়াদী পরিকল্পনার কথা ছেড়ে দিলাম কিন্তু স্বল্পমেয়াদী পরিকল্পনাগুলির মধ্যে ময়ূরাক্ষী সিস্টেম অফ রিভার সংস্কার করার জন্য তাঁরা কাজ করতেন তা হলে অন্ততপক্ষে প্রত্যেক বৎসর যে ছোট ছোট বন্যায় একটা ব্যাপক এরিয়া নষ্ট করছে সেগুলি হত না। ছোট ছোট পরিকল্পনার কথায় বলেছেন যে—

Improving the existing outfall channels, provisions of additional drainage outlets, provision of additional waterways in this section of the Bandel-Barharwa Loop, removing or retiring some of the "gher bunds" and constructing escapes or sluices in all the "gher bunds" decided to be retained."

এই ছোট ছোট কাজগুলি যদি করতেন তা হলে অনেক উপকার হত। আমার আগে মাননীয় সদস্য অভয়পদবাবু লাঙ্গলহাটা বিল ড্রেনেজ স্কীম সম্বন্ধে বলেছেন। এইসব বিল এলাকায় বীরভূম, মুর্শিদাবাদ দিয়ে একটা ব্যাপক এলাকা জুড়ে বাঁধ আছে। সামান্য খরচ করে এই সমস্ত এলাকা আবাদযোগ্য করা সম্ভব। সেজন্য বন্যা তদন্ত কমিটি একটা রিপোর্ট দিয়েছেন যে, কুঁয়ো তালগ্রামের পাশ দিয়ে একটা নূতন কাট করে ভাগীরথীতে দেবার ব্যবস্থা করলে এই এলাকা অন্ততপক্ষে বাঁচতে পারে। তা ছাড়া সাঁইথিয়া রেলওয়ে স্টেশনএর পূর্ব দিয়ে ময়ূরাক্ষীর দক্ষিণ

এবং ডান এই দুই ধারে যদি এমব্যাংকমেন্ট দেওয়া হয় তা হলে বন্যা কমতে পারে। বৃহৎ বন্যাকে আপনারা রুখতে পারলেন না সেটা আমরা জানি। কিন্তু ছোট ছোট বন্যার হাত থেকে রুখতে গেলে সামান্য কাজ করলেই হয়, অথচ এর জন্য বেশি টাকা খরচ হয় না। এই কাজগুলি যাতে আপনারা করেন সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তারপর আমি আমাদের ময়ূরাক্ষী এলাকায় জলকরের ব্যাপার সম্বন্ধে বলব। সেখানে প্রথমে সাড়ে ছয় টাকা, তারপর সাড়ে সাত টাকা, তারপর নয় টাকা এবং শেষে দশ টাকা কর আপনারা প্রবর্তন করেন। আমরা কর দেব না একথা বলব না—কর দেবার প্রয়োজন আছে একথা ঠিক। কিন্তু এক সংগে এক বছরে এমনভাবে কর আদায় আপনারা আরম্ভ করেছেন যাতে মানুষ অস্থির হয়ে পড়েছে। আমরা বলেছিলাম যে অন্ততপক্ষে সাড়ে পাঁচ টাকা হারে আদায় করতে, মানুষ ফল ভোগ করত একটা পরিকল্পনা হলে, দেশের কিছু উন্নতি হত তাহলে আলাদা কথা, কিন্তু পরিকল্পনার ফলভোগ কৃষক করতে পারল না। আপনাদের ফুড গ্রেন্স এনকোয়ারি কমিটি বলেছেন—

It is expected that after the farmer has become convinced of the utility of irrigation by observing actual improvement in his production, he wll be willing to pay the proper rates. We are of the opinion that in areas where full use of irrigation facilities needs to be encouraged, cultivators should be supplied irrigation water at concessional rates during the first few years. The C.D. and N.E.S. Blocks in such areas should include a part of their programme, an intensive campaign to teach the cultivators the use and benefits of irrigation.

একথা যা উপরওয়ালারা বলেন সেসব আপনারা দেখেন না। আপনাদের খেয়ালখুশিমত, যা ইচ্ছা তাই আপনারা করছেন। কিন্তু আপনারা আশ্চর্য হয়ে যাবেন যে, পৃথিবীর কোন্ রাষ্ট্রে—এক পাকিস্তান এবং ভারতবর্ষ ছাড়া—ক্যানেলের জলের উপর ট্যাক্স নেই। সমাজতান্ত্রিক দেশের কথা বললে আপনারা চটে যাবেন, কিন্তু ধনতান্ত্রিক দেশ জাপান, আমেরিকাতেও ক্যানেল ট্যাক্স নেই। যেমন রাস্তা করার সময়, চিকিৎসার জন্য হাসপাতাল হয়, শিক্ষার জন্য বিশ্ববিদ্যালয় হয়, যেরকম মূল রাজস্ব থেকে খরচ হয়, তেমনি কৃষির উন্নতির জন্য কোন ইরিগেশনএর ব্যবস্থা থাকবে না? কৃষির উন্নতি যদি হয় তা হলে অন্যান্য জিনিসেরও উন্নতি হয়। কৃষকের যদি উন্নতি হয়, কৃষক যদি বেশি উৎপাদন করে তা হলে আমাদের দেশে খাদ্যশস্যের যে ঘাটতি সেটা পূরণ হয় এবং সংগে সংগে কৃষকের ক্রয়ক্ষমতা বাড়ে। কৃষকের ক্রয়ক্ষমতা বাড়লে সে বিভিন্ন রকম ভোগ্যদ্রব্য ক্রয় করবে এবং তখন বিবিধ কারখানা গড়ে উঠবে কৃষকের চাহিদা মেটাবার জন্য এবং তা থেকে সরকার প্রচুর সেস ও বিক্রয়কর পাবেন যা থেকে তাঁদের ধনভাণ্ডার পূর্ণ হবে। একদিকে কৃষকদের বিনা পয়সায় জল দিয়ে দেশের বেকার সমস্যা এবং শিল্প সংগঠন করুন—কিন্তু আজকে আপনারা তা না করে সব ধ্বংস করে দিচ্ছেন—আজকে কৃষকদের সংহার পব আরম্ভ হয়েছে। আমি দেখতে পাই যে, আমাদের জেলার এ ডি এম একটি সম্মেলন ডেকেছিলেন—একটি সাংবাদিক সম্মেলন ডেকেছিলেন—সেই সম্মেলনে জলকরের জন্য এ ডি এম বলেছিলেন যে, ২৩ হাজার সার্টিফিকেট হয়েছে এবং গরু ক্রোক হয়েছে, নিলাম হয়েছে। দেশের এই দুর্দিনে দেশের মানুষের মনোবল ভেংগে দিচ্ছে, সর্বনাশ করছে দেশের, সেখানে দেখা যাচ্ছে ২৩ হাজার সার্টিফিকেট জারি হয়েছে ময়ূরাক্ষী পরিকল্পনা এলাকায় সেটা বিগত বৎসরের এপ্রিল হইতে বর্তমান বৎসরের জানুয়ারি মাসের শেষ পর্যন্ত ২৫ লক্ষ টাকা আদায় হইয়াছে—পূর্ব বৎসরে ঐ আদায়ের পরিমাণ ছিল ১৭ লক্ষ টাকা। তিন বৎসর পূর্বে কৃষকগণ যেসকল আপত্তি দায়ের করিয়াছিলেন তাহার সংগে প্রায় ৩০ লক্ষ টাকা সংশ্লিষ্ট ছিল। এখানে উল্লেখযোগ্য যে, গত বৎসর ধার্য ক্যানেল করের পরিমাণ মাত্র ৫৫ লক্ষ টাকা। ঐ আপত্তির কোন নিষ্পত্তি অদ্যাবধি হয় নাই বলিয়াও তিনি স্বীকার করেন। যেখানে জল যায় না সেই জায়গার উপর সরকারী কর্তৃপক্ষ নোটিস জারি করছে যেমন আগে জমিদারীতে ছিল—সেখানে যে কি অবস্থা হয়েছে তা দেখা হয় নি—সেখানে কর স্থাপন হচ্ছে, এইরকম কিছু জল পাচ্ছে বা যে কৃষক জমি বেচে দিয়েছে তাদের উপর সার্টিফিকেট জারী হচ্ছে এইরকম কে জল পেয়েছে তার ঠিক নেই, অ্যাট র‍্যান্ডম সার্টিফিকেট হয়ে যাচ্ছে। ময়ূরাক্ষী ক্যানেল এলাকার বহু জায়গায় জল উঠে না বা অতিরিক্ত জল প্রবাহিত হইয়া ফসল নষ্ট হইয়া যায় সেই সমস্ত জায়গার কৃষকদের অভিযোগ শুনিবার জন্য যে সরকারী নির্দেশ জারী হয় তাহা কৃষকগণের মধ্যে ভালভাবে প্রচার হয় না ও ভালভাবে তদন্ত হয় না, সেই কারণে অহেতুক কৃষকদিগকে হয়রানি হইতে হয় ও অন্যায়ভাবে জলকর দিতে হয়

সে কারণ ক্যানেল সংক্রান্ত যাবতীয় অভিযোগ তদন্ত করিয়া রিপোর্ট দাখিল করিবার এক একটি থানাভিত্তিক কমিটি গঠন করা দরকার, এই বিষয়ে সরকার উদাসীন। এই আশাতে কৃষকদের হয়রান করবেন না। জলকরের হার—আপনারা বিচার করে যে জল পেল কি পেল না, সেগুলি ভালভাবে দেখুন। কোন কোন জায়গায় জলে জমি ভাসিয়ে নিয়ে গিয়েছে, কোন জায়গায় পারাপারের সাঁকো নাই, এইসব দেখুন—বহুবার আমি জানিয়েছি, কিন্তু আপনারা গ্রাহ্য করেন নি—আপনার দপ্তর কিছুই শুনেন নি : কেসোরা গ্রামের দক্ষিণে ময়ূরাক্ষীর সাউথে মেন ক্যানেলের উপর যে সাঁকো করার দরকার তাও শোনেন নি।

[1-30—1-40 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, দামোদর ভ্যালী কর্পোরেশন গত ১৪ বৎসর ১৩০ কোটি টাকা খরচ করে যা করেছে তা আমাদের দেশের মানুষ আজকে অনুভব করছে যে মোটেই তা সন্তোষজনক নয়। আজকে যদি এই পরিকল্পনাকে সার্থক করা যেত তা হলে বিহারের এবং বাংলাদেশের লক্ষ লক্ষ মানুষের মঙ্গল হত এবং তাদের অনেক কিছু শুভাশুভ এই দামোদর ভ্যালী কর্পোরেশনের সাফল্যের উপর নির্ভর করছে।

সেচের ব্যাপারে আমরা দেখতে পাই যে দামোদর ভ্যালী কর্পোরেশনের বহু গলতি এবং গাফিলতি এই সেচের জল দেবার ব্যাপারে আছে। আমি এখন এর বিশেষ বিরাট তথ্যের মধ্যে যেতে চাই না। আমি শুধু মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টিগোচর করব—একটা দরখাস্তের কপি —যেটা আমাদের নেতা শ্রীহেমন্তকুমার বসু মহাশয়ের কাছে পাঠানো হনয়ছে এবং তার অরিজিন্যাল পাঠানো হয়েছে মন্ত্রিমহাশয়ের কাছে। তাঁরা এর ভেতর এক জায়গায় বলছেন— —"তবুও তাদের বাধ্যতামূলকভাবে জলকর দিতে হয়েছে বা হচ্ছে। শুকোহাজা হয়েছে, তবুও তাঁরা জল পান নি। উপরন্তু ডি ভি সি-র গড়ানো জল আমাদের উত্তর মাঠের নাবাল জমিগুলিতে জমিয়া ধান্য ফসল হাজিয়া পচিয়া যায়।"

যা হোক, এই ধরনের বহু অভিযোগ অনুযোগ আছে। ১৯৫৬ সাল ও ১৯৫৯ সালের বিধ্বংসী বন্যায় আমরা দেখতে পেয়েছি ঐ রকম বন্যা এলে ডি ভি সি কিছু করতে পারছে না, সেদিক থেকে ডি ভি সি ব্যর্থ হয়েছে।

হাইড্রো-ইলেকট্রিসিটির ব্যাপারেও আমরা দেখতে পাচ্ছি গরমকালে এই হাইড্রো ইলেকট্রিক তাঁরা ঠিকমত সাপ্লাই করতে পারেন নি। প্রথম যখন ডি ভি সি-র পরিকল্পনা করেছিলেন, দশ-বার বছর আগে এ সম্বন্ধে যে রঙ্গীন ছবি আমাদের কাছে মন্ত্রিমহাশয় এঁকেছিলেন, সেটা আজকে সফল হয় নি, ব্যর্থ হয়েছে। এই ব্যর্থতার কারণটা কি? আমি মনে করি এই ব্যর্থতার জন্য দায়ী হচ্ছে এটার রূপায়ণের ভার যাদের উপর ছিল, সেই সমস্ত অফিসারদের অযোগ্যতাই এর জন্য দায়ী। এবং পশ্চিমবঙ্গ-সরকার, বিহার-সরকার এবং কেন্দ্রীয় সরকার যে সহযোগিতার মনোভাব নিয়ে এই পরিকল্পনাকে কার্যকরী করবার জন্য এগিয়ে গিয়েছিলেন, এই অফিসারচক্র তাঁদের অযোগ্যতা ঢাকবার জন্য, তাঁরা ষড়যন্ত্র করে প্রাদেশিকতা ঢুকিয়ে দিয়ে এই তিনটা সরকারের মধ্যে একটা অবিশ্বাসের ভাব ফুটিয়ে তুলেছেন। তার ফলে মামলা তো হচ্ছে এবং এই ডি ভি সির মধ্যে বিহার-সরকার একদিকে টানছেন, বাংলা-সরকার আর একদিকে টানছেন। আর মাঝখান থেকে কেন্দ্রীয় সরকার দুজনকে থাবা মেরে বসিয়ে দিচ্ছেন। এই অবস্থা হয়েছে। তার ফলে আমরা দেখতে পাচ্ছি বাংলা এবং বিহারের সাধারণ মানুষ তার ফলভোগ করছে। স্যার, আমি যেকথা বললাম, এই সমস্ত অফিসাররা কেন দায়ী, আমি কয়েকটি উদাহরণ দিয়ে পর পর বলে যাচ্ছি। যখন পি রাও চেয়ারম্যান ছিলেন, তখন দেখেছিলাম তখন থেকে জিনিসটা শুরু হয়। গত পাঁচ-সাত বছর আগে আমরা দেখেছিলাম কাজকর্ম বেশ হচ্ছিল ; হঠাৎ তিনি জনকয়েক মাদ্রাজী অফিসারকে উপরে বসিয়ে দিয়ে বাঙ্গালী অফিসারদের দমাবার চেষ্টা করলেন। সেই থেকে শুরু হল। তারপর দেখলাম বিহার থেকে একজন পারসোন্যাল অফিসার মিঃ পাণ্ডেকে নিয়ে আসা হল। তিনি বাঙ্গালী-বিহারী ফিলিং প্রবেশ করাতে আরম্ভ করলেন এই ডি ভি সি-র মধ্যে। সে সম্বন্ধে দুটি তথ্য পরে রাখব।

তারপর দেখতে পাই হঠাৎ ডি ভি সি ঠিক করলেন—তাঁদের কেন্দ্রীয় দপ্তর মাইথনে ট্রান্সফার করবেন। যুক্তি তার পিছনে কিছু নাই এই হাউসে আমরা এ নিয়ে বারবার বলেছি। কাগজেও এই নিয়ে বহু সমালোচনা হয়েছে। অথচ তাঁরা তার স্বপক্ষে কোন যুক্তি দেখাতে পারেন নি। তা সত্ত্বেও সেই প্রচেষ্টা এখন চলেছে। আমরা দেখছি কি এর ভেতর দিয়ে? না, চীফ ইলেকট্রিক্যাল অফিসারের অফিসটা মাইথনে সরিয়ে নিয়ে যাওয়া হল। আর অজয়-বাবু এখানে বললেন—এটার প্রয়োজন ছিল। আমরা যা খবর পাই তাতে দেখতে পাচ্ছি ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনএর সঙ্গে নিয়মিতভাবে যে সংযোগ রাখার ব্যবস্থা ছিল, এটা ট্রান্সফার হবার ফলে সেই সংযোগ রাখতে অসুবিধা হল। তার জন্য আবার একটা কেরিয়ার সার্ভিস রাখতে হচ্ছে। সেজন্য আরও বেশি টাকা খরচ হবে। কিন্তু এর প্রয়োজন কি ছিল তা তিনি বললেন না। এর উপর আবার মন্ত্রিমহাশয় শোনালেন মাইথনে আর কোন অফিস যাবে না। রেডিওতে শুনেছি আরও তিনটা অফিস ট্রান্সফার হয়ে যাবে পারচেজ, অ্যাকাউন্টস এবং পারশোনেল। গত ৭-২-৬২ তারিখে ডি ভি সি-র তিলাইয়াতে প্রতিনিধিদের যে মাসিক বৈঠক হয়েছিল, তাতে এটা ঠিক হয়েছে। এবং সেখানে নাকি আমাদের পশ্চিমবঙ্গের সদস্য শ্রী এ ডি খান, তিনি সম্মতি দিয়ে এসেছেন, হ্যাঁ, এটা হতে পারে। অথচ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর উদ্বোধনী বক্তৃতায় যা বললেন, তাতে মনে হল এই রকম খবর নেই। আমি জিজ্ঞাসা করতে চাই এ সম্বন্ধে তাঁর কাছে কোন তথ্য আছে কিনা? এবং তা থাকলে, তিনি যেন হাউসকে ঠিকমত তা জানান। স্যার, এই দামোদর ভ্যালি কর্পোরেশনের চেয়ারম্যান শ্রী এস লাল তিনি এই অফিসটাকে মাইথনে ট্রান্সফার করবার জন্য উঠেপড়ে লেগেছেন। তিনি দিল্লী থেকে যখন আসেন তখন তিনি অ্যান্ডারসন হাউসে ঢোকেন না। শুনেছি তিনি তাঁর আত্মীয়ের বাড়িতে থাকেন, সেখানে তাঁর ফাইলপত্র সঙ্গে নিয়ে যাওয়া হয়। কারণ তিনি ঠিক করেছেন মাইথনে যেদিন হেড অফিসটা ট্রান্সফার হবে, সেদিন তিনি সেখানে গিয়ে ঢুকবেন। তিনি পদত্যাগ করবার হুমকি দিয়েছেন, এই কথা অজয়বাবুর মুখ থেকে শুনেছি। এই ধরনের চেয়ারম্যান, তিনি একজন অযোগ্য ব্যক্তি এবং তাঁর অযোগ্যতা ঢাকবার জন্য আজকে প্রাদেশিকতার বীজ এর মধ্যে ঢুকিয়ে দিচ্ছেন। বিহার, পশ্চিমবঙ্গ এবং কেন্দ্রের মধ্যে একটা ঝগড়া বাঁধিয়ে দিচ্ছেন।

স্যার, এই শ্রী লাল সম্বন্ধে আমার গুটিকতক অভিযোগ আছে। তিনি ব্যক্তিগতভাবে খুব ক্লীন লোক নন। সমস্ত ব্যাখ্যা করে বলতে চাই না। আমার কাছে আরও অনেক তথ্য আছে এই ভদ্রলোকের বিরুদ্ধে, তা বলতে গেলে অত্যন্ত নোংরামি হবে, আমার মুখ দিয়ে সেটা বলতে চাই না। শুধু আমি এখানে একটা ঘটনার কথা উল্লেখ করতে চাই। গত নভেম্বর-ডিসেম্বর মাসে তিনি তাঁর ফ্যামিলির কয়েকজন লোককে সঙ্গে নিয়ে ডি ভি সি-র গাড়িতে করে ৭-৮ দিন ধরে গয়া, পাটনা, হাজারিবাগ ভ্রমণ করেন। এ ছাড়াও আরও অভিযোগ আছে, আমি সেগুলি রাখতে চাই না, কারণ, এটা নোংরা ব্যাপার। এ ছাড়া আরও ডি ভি সি সম্বন্ধে অভিযোগ আছে। এই যে অফিসার-চক্র আছে, তারা কর্পোরেশনের আসল ব্যাপারগুলি চেপে যায়।

নেভিগেশন ক্যানেলএর কথা অজয়বাবু বলেছেন যে, আর এক বছর পরে এটা ওপেন করা হবে। কিন্তু আমরা শুনেছিলাম পাঁচ বছর আগে, এটা ওপেন করা হবে। দেখছি এক বছর, এক বছর করে কেবল পিছিয়ে যাচ্ছে। এর দ্বারা আপনাদের অযোগ্যতা প্রমাণিত হচ্ছে। এই নেভিগেশন ক্যানেল সম্বন্ধে যে অফিসারটি কন্ট্রাক্ট করেছিলেন, এবং পাল্লা রোড ব্রিজ, যেটা ভেঙ্গে যায়, সে সম্বন্ধে যে কন্ট্রাক্টর কাজ করেছিলেন, আমার কাছে খবর এসেছিল যে, তিনি একখানি নতুন গাড়ি ইঞ্জিনীয়ার এস আর ঘোষকে উপহার দেন। এইরকম একটা অভিযোগ আমার কাছে এসেছিল। আমি আশা করব এ সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয় তদন্ত করবেন। স্যার, এ ছাড়া আরও অনেকগুলি অভিযোগ আমার কাছে এসেছে, তার মধ্যে দু-চারটে আপনার সামনে রাখতে চাই। সেগুলি হচ্ছে এখানে এই সংস্থায় বাঙ্গালীর উপর কিছুটা অত্যাচার করা হচ্ছে বলে আমার মনে হয়। তবুও বাহ্যত দেখা যায়, এখানকার জেনারেল ম্যানেজার শ্রী এইচ, এন, রায়, বাঙ্গালী। তিনি যেদিকে সুবিধা সেদিকে চলেন এবং

[1-40—1-50 p.m.]

তাঁর অখ্যাতি কুখ্যাতি পশ্চিমবঙ্গে প্রচুর আছে। কোচবিহারে গুলি চালানো থেকে আরম্ভ করে অনেক কিছু তিনি কীর্তি এই পশ্চিমবঙ্গের প্রশাসনিক কালে রেখে গিয়েছেন। সেখানে গিয়ে যেহেতু দেখেছেন এস লাল বিহারী এবং বিহারীর পাল্লা সেখানে ভারি, তিনি তাদের সঙ্গে হাত মিলিয়ে আজকে এই বাঙ্গালীদের উপর অত্যাচার চালাচ্ছেন। আমরা জানি, আমাদের কাছে খবর আছে যে, বাঙ্গালী অফিসারদের নানারকম ভয় এই চেয়ারম্যান লালের তরফ থেকে দেখানো হয়। অনেক ক্ষেত্রে তাদের এই ইন্ডিয়া ডিফেন্স অ্যাক্টে গ্রেপ্তার করার ভয় দেখানো হয়। স্যার, বাঙ্গালী নিয়োগ করার ব্যাপার যাতে একদম বন্ধ হয় তার জন্য আগে এরা ইন্টারভিউ নিত অ্যান্ডারসন হাউসে, সেই ইন্টারভিউ আজকাল অ্যান্ডারসন হাউসে নেওয়া হয় না। অজয়বাবু জানাবেন কি, কেন অ্যান্ডারসন হাউসে এই ইন্টারভিউ নেওয়া বন্ধ হয়েছে? আজকাল ইন্টারভিউ নেওয়া হয় বিহারের বিভিন্ন এলাকায়, মাইথন, তিলাইয়া, পাটনা ইত্যাদি জায়গায়। এখানে ইন্টারভিউ নিলে অসুবিধা আছে, তার মধ্যে থেকে বাঙ্গালীকে কিছু কিছু নিয়োগ করা হতে পারে, সেইজন্য ইন্টারভিউ ও নিয়োগ সম্পূর্ণ বাংলার বাইরে হচ্ছে। আমাদের এই ডি ভি সি-র মধ্যে জয়েন্ট পার্সোনেল অফিসার, শ্রী আর এন পাণ্ডে, যাঁর কথা অনেকেই উল্লেখ করেছেন, তিনি প্রাদেশিকতার বীজ ঢোকাবার জন্য সম্পূর্ণ দায়ী। তিনি ডি ভি সি-র মধ্যে ক্লাস ৪ স্টাফ, মেনলি বিহারী ও ইউ পি-র লোক। তাদের নিয়ে বাড়িতে সভা করেন এবং একটা চক্র সংগঠন করছেন যার মাধ্যমে বাঙ্গালী বিদ্বেষ তিনি ছড়িয়ে বেড়াচ্ছেন। স্যার, এরপর আমি কয়েকটি ডি ভি সি-র অপব্যয়ের নমুনা আপনার সামনে তুলে ধরছি। স্যার, এই জরুরি অবস্থায় যখন টাকাকড়ি বাঁচাবার প্রচেষ্টা করা হচ্ছে সরকারপক্ষ থেকে, এই ডি ভি সি-র মধ্যে আমরা খবর পেলাম যে, কিছুদিন আগে ১৮ জন অফিসারের প্রায় ২০০ থেকে ৫০০ টাকা মাইনে বাড়িয়ে দেওয়া হচ্ছে। এবং এইভাবে একটা সার্কুলার নাকি জারি করা হয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, এর দ্বারা ডি ভি সি কত টাকা খরচ করতে চলেছে। এই জরুরি অবস্থায় তার প্রয়োজন আছে কিনা। স্যার, যখন মাইথনে এই চীফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারের অফিস স্থানান্তরিত করা হয় তখন বিভিন্ন সংবাদপত্রে এই সংবাদ পরিবেশন করা হয়েছে যে, ডি ভি সি-র ইলেক-ট্রিক্যাল ইঞ্জিনীয়ারের অফিসটি স্থানান্তরিত করা হচ্ছে মাইথনে। কিন্তু আমাদের দেশের পত্রিকাগুলি অন্তত এটা ছাপাতে রাজি হয় নি এবং ছাপান নি। তখন ডি ভি সি থেকে ১৮ হাজার টাকা খরচ করে পশ্চিমবঙ্গের বিভিন্ন পত্রিকায় এই নিউজ প্রচার করার জন্য দেওয়া হয়। অবশ্য তাতে তারা "আনন্দবাজার পত্রিকা"কে বাদ দিয়েছিল। দেবার কারণ যথেষ্ট আছে, কারণ "আনন্দবাজার" তাদের বিরুদ্ধে সমালোচনা করে এবং সেই সমালোচনার তারা জবাব দিতে পারে না। সেইজন্য এই পত্রিকার ওপর রাগ বলে তারা দেয় নি। যাই হোক, তাতে ভালই হয়েছে, কিছু টাকা অন্তত বেঁচেছে, এই টাকা খরচ করার কি প্রয়োজন ছিল আমি জিজ্ঞাসা করতে চাই। এ ছাড়া রাহা খরচ বাবত এখানকার অফিসার কিভাবে খরচ করেন তার একটা নমুনা দিচ্ছি। ডি ভি সি-র ভি জি কামাথ, তিনি এই রাহাখরচ বাবত সাড়ে ষোল হাজার টাকা নিয়েছেন। এ ছাড়া ডি ভি সি-র মাসিক বৈঠক তার জন্য প্রত্যেক মাসে অতিরিক্ত খরচ হচ্ছে প্রায় ১৫ হাজার টাকা করে। স্যার, এই মাসিক বৈঠক আগে অ্যান্ডারসন হাউস-এ হত, ৫ জন করে অফিসার—যাঁরা মেম্বার—তাঁরা অ্যাটেন্ড করতেন এবং তার সঙ্গে ফাইনান্সিয়াল অফিসাররাও অ্যাটেন্ড করতেন। এখন তিলায়া, মাইথন, পাটনা ইত্যাদি জায়গায় অর্থাৎ বাইরে এই বৈঠক হয় এবং জন দুই অফিসার অ্যাটেন্ড করবার জন্য যান এবং তাঁরা রাহাখরচ পান এভাবে অন্যায়ভাবে খরচ করা হচ্ছে। স্যার, ডি ভি সি-র মধ্যে আর-একটা অব্যবস্থা আছে, সেটার কথা বলে এবং আমাদের দাবির সম্পর্কে দু-একটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব—সেটা হচ্ছে ডি ভি সি-র কয়েকজন অফিসারের বয়স ৬২।৬৩ হয়ে গিয়েছে ম্যাট্রিকুলেশন সার্টিফিকেট অনুযায়ী, কিন্তু তাঁরা কোর্ট-এ এফিডেভিট করে বয়স কমিয়ে রেখেছেন—এই ব্যাপারে চীফ মেডিক্যাল অফিসার অত্যন্ত আপত্তি জানিয়েছেন। আমরা মনে করি অফিসার-দের ক্ষেত্রে এইসমস্ত যদি হয়-এটা অত্যন্ত ইরেগুলার। এই বিষয়ে আশা করি মাননীয় মন্ত্রি-মহাশয় তাঁর বক্তব্য রাখবেন। আমার শেষ বক্তব্য ডি ভি সি সম্পর্কে—আমি যে বক্তব্য এখানে এখন রাখছি এটা শুধু আমাদেরই বক্তব্য নয়—কৃষ্ণমাচারী, কেন্দ্রীয় মন্ত্রী—তিনিও এই ডি ভি

সি-কে অপদার্থ বলে সমালোচনা করেছেন, তিনি ডি ভি সি-র আইন সম্পূর্ণ নাকচ করে নতুন আইন করার কথা বলেছেন। আমাদের দাবি হচ্ছে, ডি ভি সি-র এইসমস্ত জিনিস তদন্ত করবার জন্য একটা হাই পাওয়ার কমিশন গঠন করা হোক এবং তাঁদের মারফত সমস্ত জিনিস তদন্ত করা হোক—ডি ভি সি-র আইন বদলে ডি ভি সি-কে ঢেলে সাজা হোক—এটাই আমাদের দাবি।

Shri Probhakar Pal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সেচমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন আমি তার সমর্থন করতে উঠে একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। একথা ঠিক যে, আমাদের বাংলাদেশের মত কৃষিপ্রধান দেশে সেচব্যবস্থার উপর আমাদের অর্থনীতি অনেকখানি নির্ভর করে। একথা ঠিক যে, আমাদের সরকার স্বাধীনতা পাওয়ার পর থেকে কৃষির উন্নতির জন্য যে সেচব্যবস্থা গ্রহণ করেছেন নিশ্চয়ই তা উল্লেখযোগ্যভাবে প্রশংসা করার মত কারণ আছে। আমাদের পশ্চিম বাংলায় যে ৭ লক্ষ টন খাদ্যোৎপাদন বৃদ্ধি পেয়েছে তার অনেকখানি সেচবিভাগের কল্যাণেই হয়েছে, সে সম্পর্কে আজকে দ্বিমত নাই। তা সত্ত্বেও আমি মনে করি আমাদের পশ্চিম বাংলার মত অনগ্রসর দেশে যেখানে কৃষির উন্নতির অনেক সুযোগ রয়েছে সেখানে সেচবিভাগে এখনও অনেক কিছু করণীয় আছে। আমি মনে করি, পশ্চিম বাংলার যে খাদ্য ঘাটতি এখনও পর্যন্ত রয়েছে সুষ্ঠু সেচব্যবস্থার মাধ্যমে তা অনেকখানি পূরণ করা যায়। আজ ডি ভি সি, ময়ূরাক্ষী পরিকল্পনা এবং অন্যান্য সেচ পরিকল্পনার মধ্যে দিয়ে আমাদের কৃষি-উন্নয়ন ব্যবস্থা আরও ব্যাপক ও সুন্দর করা যায় বলে আমার ধারণা। বড় বড় এবং ছোট ছোট খাল থেকে যদি সেচের ব্যবস্থা করা যায় তা হলে আমাদের কৃষি উৎপাদন বাড়বে, যেসমস্ত জমি একফসলা তাকে দো-ফসলা করতে পারা যায়, দু-ফসলা জমিকে তে-ফসলা করা যায়। আমি মনে করি, এইসব ব্যবস্থা অবলম্বিত হলে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবার পরে অনেকদূর এগিয়ে যেতে পারব। এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই, যেটা সেচব্যবস্থার দিক থেকে গুরুত্বপূর্ণ বলে মনে করি। জল-নিষ্কাশনের অব্যবস্থার ফলে ১৯৫৬ সালে, ১৯৫৯ সালে বিধ্বংসী বন্যা হয়েছিল, সেটা আমাদের স্মরণ করতে হবে। সরকারী হিসাব থেকেই দেখা যায় ১৯৫৯ সালেই একমাত্র পশ্চিমবঙ্গের ৪০ কোটি টাকার কৃষিসামগ্রী নষ্ট হয়েছিল। এর থেকেই পশ্চিম বাংলার অধিবাসীদের দুর্গতির কথা বোঝা যাবে। আমার ধারণা সেচব্যবস্থার অপেক্ষা জলনিষ্কাশনের দিকে পশ্চিম-বঙ্গ-সরকারের বেশি নজর দেওয়া উচিত। ১৯৫৯ সালের বন্যার পরে পশ্চিমবঙ্গ-সরকার যে কমিশন নিয়োগ করেছিলেন তার রেকমেন্ডেশনগুলি যাতে অবিলম্বে কার্যকরী করা হয় তার জন্য আমি পশ্চিমবঙ্গ-সরকারের সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই রেকমেন্ডে-শনগুলি ব্যাপক এবং বিরাট। সমস্ত পশ্চিম বাংলার কথা আজকে আপনার কাছে নিবেদন করা সম্ভব হবে না, তাই আমি হাওড়া ও হুগলি জেলায় জলসেচের অসুবিধার কথা বলব। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন পশ্চিম বাংলার মধ্যে হাওড়া এবং হুগলি জেলা খুব ঘন-বসতিপূর্ণ। হুগলি জেলায় বিকল্প কোন শিল্পব্যবস্থা না থাকার ফলে সেখানকার সমস্ত মানুষকে প্রত্যক্ষভাবে কৃষির উপর নির্ভর করতে হয়। সুতরাং সেচব্যবস্থার উপর তাদের অর্থনীতি অনেকখানি নির্ভরশীল একথা নিশ্চয়ই আপনাকে বোঝাতে হবে না। ফ্লাড এনকোয়ারি কমিশন বিশেষ গুরুত্ব দিয়ে বলেছেন হুগলি জেলার জলনিষ্কাশনের ব্যবস্থার কথা—কেদার নদী, কুলকিয়া নদী, তিরসুয়া নদীই হচ্ছে একমাত্র জল বেরোবার পথ—এই নদীগুলির মাধ্যমে, নিউ কাচা গঙ্গার মধ্যে দিয়ে ভাগীরথীতে এসে পড়ে—কিন্তু এইগুলি জল বেরোবার পক্ষে পর্যাপ্ত নয়। ডি ভি সি সেচের জন্য বিভিন্ন খাল কেটেছেন, তার মাধ্যমে চুঁচুড়া, হুগলির ধনেখালি থানা, চন্দননগর মহকুমার মহীপাল থানার সমস্ত জলটা গঙ্গায় গিয়ে পড়ছে।

[1-50—2 p.m.]

আপনি জানেন স্যার, এ সম্পর্কে নিউ কাটা খালটি বড় করবার জন্য ফ্লাড এনকোয়ারি কমিশন রেকমেন্ড করেছিলেন, আমি তার একটা অংশ এখানে পড়ে দিচ্ছি,

The Committee approves the scheme and recommends its early implementation. The area is very near to Calcutta and it is likely to develop further. It may be difficult to implement the scheme if delayed.

ফ্লাড এনকোয়ারি কমিশনএর রেকমেন্ডেশনএর প্রতি আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর-একটা কথা বলব হুগলির দক্ষিণ অঞ্চল সম্পর্কে। আপনি জানেন, স্যার, হাওড়া জেলা ও হুগলি জেলার অধিকাংশ জল বক্সপুর পুরানো খাল ও বড়তি খাল দিয়ে প্রবাহিত হয়ে গঙ্গায় গিয়ে পড়ছে—

[At this stage the red light was lit and the member took his seat.]

Shri Kashi Kanta Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, নিছক নীতিগত কারণে মাননীয় সেচমন্ত্রী যে বরাদ্দের দাবির মঞ্জুরির জন্য প্রার্থনা করেছেন তাতে আমি বিরোধিতা করছি এবং তাঁকে আমি আশ্বাস দিতে পারি যে, অন্যান্য খাতে বিরোধিতা করতে উঠে যতটা তীব্রতার সঙ্গে বিরোধিতা করেছি—ভাষা আমার আজকে ততটা জোর হবে না বটে কিন্তু তার চেয়ে বেশি তীব্রতা অনুভব করছি। বিরোধিতা করার কারণ হিসাবে এবং আমি মনে করি, তিনি বুঝতে পারবেন, যে লোকসান করছি তার গুরুত্ব আজকে যে ব্যাপক সেটা তিনি অনুভব করতে পারবেন। আমি আমার আলোচনা সীমাবদ্ধ রাখব ডি ভি সি-র যে বাজেট বরাদ্দ রাখা হয়েছে তার উপর। দামোদর ভ্যালি করপোরেশন বাজেট এস্টিমেট অব ১৯৬৩-৬৪ সেটার উপরই আলোচনা রাখতে চাই এবং কিভাবে দামোদর ভ্যালী কর্পোরেশন, বিহার গভর্নমেন্ট এবং কেন্দ্রীয় সরকার বাংলাদেশের উপর অবিচার চালাচ্ছেন আর সেই অবিচার কিভাবে আমাদের বিভাগীয় মন্ত্রিমহাশয়রা সরকারের বড় বড় কর্মচারী এবং অফিসাররা তার সহায়ক হয়েছেন তার চিত্র আপনার কাছে পেশ করছি। দামোদর ভ্যালী কর্পোরেশন যে অ্যাক্ট আছে, আমি সেই অ্যাক্টের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি মন্ত্রিমহাশয়ের, বিশেষ করে সেকশন ১২-এ ক্লজ 'এ' এবং 'বি'। ক্লজ 'এ'-তে বলছে—

the function of the Corporation shall be promotion and operation of the schemes for irrigation, water-supply and drainage

এবং বি-তে বলছে—

the promotion and control of navigation in the Damodar river and tributaries and channels, if any.

এই দুটার উপর আমি আলোচনা করব। এখন এই যে দামোদর ভ্যালী কর্পোরেশন রয়েছে এটা জানা দরকার যে, এই স্টোরেজ রয়েছে যেখানে জল রাখা হয়েছে তার তিনটে লেয়ার আছে—একটাকে বলে ডেড স্টোরেজ। সেখানে সেই জল আমরা কোনদিনই স্পর্শ করতে পারব না। সেটা সব সময় আমাদের মেনটেন করতে হবে। ডেড স্টোরেজ লেবেলের পরের লেবেল হচ্ছে মনসুন লেবেল—তার পরের লেবেল হচ্ছে ফ্লাড লেবেল। একমাত্র ফ্লাড লেবেল যেটা আছে সেটা ৭ দিনের মধ্যে ফ্লাড ওয়াটার ডিসচার্জ করতে হবে—এটাই হচ্ছে বিধান। সুতরাং সমস্ত সেচের জন্য এবং নেভিগেশনের জন্য আমাদের নির্ভর করতে হচ্ছে মনসুন স্টোরেজের উপর। দামোদর ভ্যালী কর্পোরেশন আজকে যে মোট ব্যয় হবে ১৭১ কোটি টাকা বাংলাদেশের উপর তার ভাগ পড়বে ১১২। তার মধ্যে দেখা যাচ্ছে ⅔ অংশ আমরা ব্যয় করছি এর জন্য। কিন্তু আমরা কি পাচ্ছি। এখন এর মাধ্যমে আমরা দেখছি যদিও তাঁরা বলছেন ইরিগেশন, ওয়াটার সাপ্লাই, নেভিগেশন তার মধ্যে আমরা রাখছি ইরিগেশনের জন্য চাষের জল সরবরাহ হয়ে তার যে টোট্যাল খরচ হবে সে ব্যয় কিভাবে নির্ধারিত হবে সেটা তাঁরা বলেছেন সেকসন ৩২ এবং সেকসন ৩৪এ। সেকসন ৩৪ দুটি প্রিন্সিপল লে ডাউন করেছেন। ফার্স্ট প্রিন্সিপল হচ্ছে যখন রাজ্যে ইরিগেশন ক্যানেল তৈরি হবে তখন সেই রাজ্যকে সেই খরচ বহন করতে হবে এবং দ্বিতীয় প্রিন্সিপল হচ্ছে সাব-ক্লজ ২তে দি ব্যালেন্স

of the cost should be borne out of the common fund of the Corporation.

এখন এই কমন ফান্ড অব দি কর্পোরেশন যেটা সেটা কর্পোরেশনের ফান্ড। সেখান থেকে যারা পার্টিসিপেটিং গবর্নমেন্ট বাংলা, বিহার, সেন্টার, প্রত্যেককে ইকোয়াল শেয়ার দিতে হবে। অথচ তার যে আয় থেকে টাকা সঞ্চিত হচ্ছে সে টাকা ডি ভি সি খরচ করবে। আমাদের বাংলাদেশের

মেটোল এক্সপেন্ডিচার যেটা কমন এক্সপেন্ডিচার থেকে যত বেশি বেরিয়ে আসে ততই আমাদের বাংলাদেশের স্বার্থ। কিন্তু আমি দুঃখের সংগে বলছি যে, বাংলাদেশের সরকার বাংলাদেশের দেশবিভাগ এবং ইরিগেশন ডিপার্টমেন্টে যাঁরা আছেন তাঁরা মন্ত্রীর চোখে ধুলো দিয়েছেন, রাজ্যসরকারের চোখে ধুলো দিয়েছেন, দেশবাসীর চোখে ধুলো দিয়েছেন. কারণ বাংলাদেশের টোট্যাল ইরিগেশন ওয়াটারের জন্য যে জল তাতে ডি ভি সি বলেছেন ৭৪ মিলিয়ন একর ফিট জল তাঁরা দেবেন। এক একরের উপর এক ফিট করে উঁচু জল হলে যত জল লাগে সেই হিসাবে ৭৪ মিলিয়ন একর ফিট ক্যাপাসিটি যে জল সেই জল আমাদের দেবেন। বাংলাদেশের যখন এগ্রিমেন্ট হয়েছিল তখন বলা হয়েছিল মিনিমাম গ্যারান্টিড অফটেক তার বেসিসে খরচের ভাগ হবে। বাংলাদেশ তখন বলেছিল, আমরা ৯০ পারসেন্ট অব দি টোট্যাল গ্যারান্টেড অফটেক নেব—বিহার সেদিন বলেছিলেন যে, আমরা ১০ পারসেন্ট নেব—এখন দেখছি ৭৪ মিলিয়ন একর ফিট জল ডি ভি সি দেবেন কিন্তু এতদিন ধরে বাংলাদেশের বরাতে কত হয়েছে না—৩৪ মিলিয়ন একর ফিট। অর্থাৎ ৩৪ মিলিয়ন একর ফিট জল আমরা নিয়েছি।

[2—2-10 p.m.]

তা হলে ৩৯ মিলিয়ন একর ফিট জল আমরা নিচ্ছি এবং ডি ভি সি বাংলার ঘাড়ে চাপিয়ে দিচ্ছে ৭৪ মিলিয়ন একর ফিট জলের খরচ। আমি বলতে চাই, মাননীয় মন্ত্রিমহাশয় বললেন আমার তথ্য ভুল, আমার স্টেটমেন্ট ভুল, আমি এই নিয়ে তন্নতন্ন করে চিঠিখানা পড়েছি, আমি চ্যালেঞ্জ করে বলছি যে, তাঁর ডিপার্টমেন্ট নিশ্চয়ই তাঁকে বলেছেন এবং এই নিয়ে দুটো কমিশন বসেছে—দিল্লীতে কিছুদিন আগে জগন্নাথ দাস ট্রাইবুনাল—তিনি সুপ্রীম কোর্টের জজ, ৭০ এর উপর তাঁর বয়েস হয়ে গেছে। আর একটা ট্রাইব্যুনাল বসেছে, আরবিট্রেশন তিনি করবেন —এই যে কোথায় তিলায়ায় বড় বড় ড্যাম হবে, তাতে কি খরচ হবে? মাইথনে বড় বড় ড্যাম হবে, তার খরচ কত হবে? কোন্ রাজ্যের উপর কতটা পড়বে তার অ্যাপরশনমেন্ট, তার আরবিট্রেশন তিনি করবেন। এখানে আমি বলে রাখছি, ভবিষ্যদ্বাণী করছি যে, জগন্নাথ ট্রাইব্যুনাল যেটা বসেছে সেটা আর একটা ঐ সমাজতান্ত্রিক ধাঁচের গোকুল পিঠে ভেজে এই ন্যাশনাল ইন্টিগ্রেশন এবং ইমারজেন্সির কড়া রসে ভিজিয়ে বাংলাদেশকে উপহার দেবেন। এই ভবিষ্যদ্বাণী আমি করে রাখছি। এই জগন্নাথদাস ট্রাইব্যুনাল ছাড়া রাজা মান্নার ট্রাইব্যুনাল যেটা বসেছে মাদ্রাজের চীফ জাস্টিস রাজা মান্নার, অবসরপ্রাপ্ত বর্তমানে, তাঁর কাছে যে ট্রাইব্যুনাল বসেছে, সেখানে আরবিট্রেশনএর স্কোপ হচ্ছে সেকশন ১২(এ)-এর ইন্টারপ্রিটেশন। এখন মাননীয় মন্ত্রিমহাশয়েরও ইন্টারপ্রিটেশন জানা দরকার, তাঁর বিভাগীয় অফিসাররা তাঁকে হয়ত বোঝান নাই। এই কথাটা জানা দরকার যে, বিহার গভর্নমেন্ট এবং ডি ভি সি-র জালিয়াতি এবং ধাপ্পাবাজিটা কোথায় গিয়ে আজ দাঁড়িয়েছে! তাঁরা বলছেন যে, নেভিগেশন-এর যে খরচ, ইন্ডাস্ট্রিয়াল ওয়াটারএর যে খরচ সমস্তটা ঐ ইরিগেশন পারপাসএর খরচ বলে ঢুকিয়ে দিচ্ছেন। তাহলে দেখা যাচ্ছে ঐ যেটা আমি বললাম—ঐ ৭৪ মিলিয়ন একর ফুট জলের মধ্যে বাংলাদেশ পাচ্ছে ৩৯ মিলিয়ন একর ফিট, আর বাকি ৩৫ মিলিয়ন একর ফিট জল ইন্ডাস্ট্রিয়াল ওয়াটার এবং ডোমেস্টিক পারপাসএর জন্য ডি ভি সি খুব অল্প দামে বিক্রি করছে বিভিন্ন জায়গায়। তা হলে দেখা যাচ্ছে ডি ভি সি এই ৩৫ মিলিয়ন একর ফিট জল ইন্ডাস্ট্রিয়াল ওয়াটার এবং ডোমেস্টিক ওয়াটার হিসেবে বিক্রি করে লাভ করছে। অথচ বাংলাদেশ ৩৫ মিলিয়ন একর ফিট জল পাচ্ছে না। কিন্তু তা সত্ত্বেও তাকে ৩৯ মিলিয়ন একর ফিট জল নিতে হচ্ছে। এখানেই কিন্তু অবিচারটা শেষ হচ্ছে না। এখন বিহার গভর্নমেন্ট বলছেন আমরা যে ১০ পারসেন্ট মিনিমাম অফটেকএর গ্যারান্টি দিয়েছিলাম, অ্যাসিওরেন্স দিয়েছিলাম, সেটা আমরা সরিয়ে নিচ্ছি। অর্থাৎ বিহার গভর্নমেন্ট বলছেন ইরিগেশনএর জন্য আমরা কোন জল নেব না। তা হলে দাঁড়াচ্ছে কি? না, সমগ্র ইরিগেশন বাবত সেকশন ৩৪(১) অ্যান্ড (২) অনুযায়ী যে ব্যয় হবে, যে ক্যাপিটাল এক্সপেন্ডিচার এবং রেভিনিউ এক্সপেন্ডিচার-এ যা কিছু ব্যয় হয়েছে, এই সমস্ত ব্যয়টা বাংলাদেশের ঘাড়ে গিয়ে চেপে যাচ্ছে। এটা কত বড় যে অবিচার, বাংলাদেশের উপর হচ্ছে—আমি সেদিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

দ্বিতীয়ত, ডাঃ ভট্টাচার্য নেভিগেশনের কথা বললেন, এই নেভিগেশনের জন্য আমাদের এখানে দামোদর ভ্যালি কর্পোরেশন থেকে যে ৮১ মাইল খাল কাটা হচ্ছে, সেই ৮১ মাইল খালের মধ্যে ২৭ মাইল এক্সক্লুসিভলি ইয়ারমার্কড ফর নেভিগেশন। আমি জিজ্ঞাসা করছি—

এই নেভিগেশন প্রিন্সিপলটা কি হবে? নেভিগেশনএর প্রিন্সিপল বা অ্যাক্ট কিছু নাই। মাননীয় স্পীকার মহাশয়, আমি বলছি যে, ডি ভি সি যে ষড়যন্ত্র ফে'দেছে তাতে তাঁরা বলছেন যে, নেভিগেশনের জন্য যদিও তাঁরা খরচ আদায় করছেন, কিন্তু নেভিগেশনের জলটা তাঁরা ইরিগেশনএর মধ্যে ঢুকিয়ে দিচ্ছেন এবং রাজা মান্নার ট্রাইব্যুনালের কাছে ডি ভি সি ও বিহার গভর্নমেন্ট যে স্ট্যান্ড নিয়েছেন, সেটা হচ্ছে এই যে, ইন্ডাস্ট্রিয়াল ওয়াটার এবং ইরিগেশন ওয়াটার—এই দুটো আলাদা নয়। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয়ের আইনজীবী হিসেবে আমি দৃষ্টি আকর্ষণ করছি আপনি সেকশন ১৩ অ্যান্ড ১৪ দেখুন। সেখানে তাঁরা কি বলছেন? সেখানে সেকশন ১৩এ বলছেন—

The Corporation may, with the approval of the State Government concerned, which shall not be unreasonably withheld, construct canals and distributories and maintain and operate them: Provided that the State Government may, after giving notice, subject to the payment of fair compensation, take over the maintenance and operatin of any such canal or distributory Section 14: The Corporation may, after consultation with the State Government concerned, determine and levy rates for the bulk supply of water to that Government for irrigation and fix the minimum quantity of water which shall be made available for such purpose.

তাহলে দেখা যাচ্ছে দুটো যে পারপাস ইরিগেশান-এর বেলাতে -

Legislature has thought it fit to maintain this distinction.

এটা ডি ভি সি-র কথা নয়—এটা আমার কথা।

The Act is such that the legislature maintains this distinction in the irrigation for agricultural purposes and supply of water for industrial purposes and domestic purposes.

এটা হচ্ছে এ্যাক্ট-এর কথা। এই এ্যাক্টকে ওভাররাইড করে ডি ভি সি বলছেন যে না, অর্থাৎ নেভিগেশনের জন্য যে জল তা ইরিগেশান খাতে যাবে

এবারে মন্ত্রিমহাশয় যে বাজেট বই প্রেজেন্ট করেছেন, তার ২২৫-২৬ পৃষ্ঠার প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। এই যে কেনুঘাট ড্যাম যেটা তৈরী হচ্ছে, তার জন্য এ বছর ৩ লক্ষ ৭০ হাজার টাকা বাজেটে চাওয়া হয়েছে। বাংলাদেশের রাজ্যসরকার এবং এই বিধান সভা এই বাজেটের এই ৩ লক্ষ ৭০ হাজার টাকা মঞ্জুর কেন করবেন? এই ইন্ডাস্ট্রিয়াল ওয়াটার-এর জন্য আমরা তার কোন বেনিফিট পাচ্ছি না। এই ইন্ডাষ্ট্রিয়াল ওয়াটার ৩৫ মিলিয়ন একর ফিট ডি ভি সি বিলি করছেন, অন্য জায়গায় বিক্রয় করবেন। অথচ এই ইন্ডাষ্ট্রিয়াল ওয়াটার বলে সেই বরাদ্দ আমাদের ঘাড়ে চাপান হচ্ছে। এই টাকা বাংলা সরকারের উপর ডি ভি সি চাপিয়ে দিচ্ছেন। আমি সেই জন্য বলছি ১৪ বছর ধরে এই যে অবিচারটা হয়ে গেল আমাদের উপর, আমাদের তদানীন্তন ইরিগেশান সেক্রেটারী ছিলেন এ ডি খান, বোধহয় আই সি এস; তিনি এই ডি ভি সি-র মেম্বার ছিলেন, ইরিগেশান সেক্রেটারীও ছিলেন।

গত ১৪ বছর যাবৎ মাননীয় মন্ত্রিমহাশয়ের দপ্তর থেকে আমাদের বলা হচ্ছে যে ডি ভি সির খাতেও ঐ টাকা খরচ হয়েছে। আমি জোরের সঙ্গে এখানে বলছি যে ডি ভি সিতে আজ পর্যন্ত ইনফ্রাকচুয়াস এক্সপেন্ডিচার যা হয়েছে সেটা হবে পাঁচ থেকে আট কোটি টাকা, এবং আমার নিজের ধারণায়, আমার নিজের এ্যাসেসমেন্ট হচ্ছে এই যে, ৩৫।৩৯ মিলিয়ান একর ফুট জল আমরা পাচ্ছি, অথচ ৭৪ মিলিয়ন একর ফুট জলের জন্য ইরিগেশানের খরচ ৮ থেকে ৯ কোটি টাকা বেশী বাংলাদেশের ঘাড়ের উপর চাপান হচ্ছে। আমি এখানে বলবো আজকে যদি বাংলার ঘাড়ের উপর এই ভাবে চাপান হয়, তাহলে মন্ত্রিমহাশয় বলুন, ক্যাবিনেট লেভেল-এ ডিসিশন নিন, এবং সমগ্র হাউসকে কনফিডেন্স-এ নিয়ে বলুন যে ১১২ কোটি টাকা ১৭১ কোটি টাকার মধ্যে যদি দিয়ে থাকি, তাহলে বাকী টাকাটা দিয়ে সমগ্র ডি ভি সিটা ক্রয় করে নিন, তাহলে বাংলার হাতে সমস্ত জিনিসটা থাকবে। একদিকে এই দেখছি। আর একদিকে দেখছি ডি ভি সির হেড-কোয়াটারস ইলেকট্রিক্যাল ডিভিশন চলে গেল এখান থেকে। অথচ আপনাকে বলতে পারি এই যে পারচেজ অফিস, সেটা কোন দিন তাঁরা কলকাতা থেকে সরাতে পারবেন না। কেন? কারণ,

ক্যালকাটাতে পোর্ট রয়েছে, এবং তার সমস্ত পারচেজ ক্যালকাটা থেকে হয়। অতএব এখান থেকে তাঁরা পারচেজ অফিস তুলতে পারবেন না। কিন্তু ডি ভি সির ইলেকট্রিক্যাল ডিভিশন তাঁরা তুলে নিয়ে যাচ্ছেন বিহারে, যাতে সেখান থেকে বাঙ্গালীকে তার চাকরি থেকে সরিয়ে দেওয়া যেতে পারে। বিহার বিধান সভার কেউ, কেউ বলেছেন যে বাংলাদেশের কর্তৃত্ব এসে যাচ্ছে। আমি জিজ্ঞাসা করি কোথায় বাংলাদেশের কর্তৃত্ব। বাংলাদেশের কর্তৃত্ব যদি থাকত তাহলে কি এভাবে হেডকোয়ার্টার বাংলার বাইরে চলে যেতে পারত, তাহলে কি এইভাবে ডি ভি সির বাঙ্গালী চাকুরীয়াদের অসহায় অবস্থার মধ্যে ফেলতে পারত? তারপর ডি ভি সির এই যে ব্যয় হচ্ছে, সে সম্বন্ধে অনেকে মন্তব্য করেছেন। ডাঃ ভট্টাচার্য বললেন কোন একজন অফিসারের কথা। সাত দিন, আট দিন যাবৎ তাঁর সমস্ত পরিবারের লোক ঘুরে বেড়ায় সরকারী জিপে করে, সরকারী খরচায়। আমি তাঁকে বলতে পারি যে শুধু এক আধ দিনই নয়। ডি ভি সির প্রায় অধিকাংশ বড় বড় অফিসারদের বাংলো এয়ার কন্ডিশান্ড, এবং এমন কোন অফিসার নেই, যার জিপ গাড়ি নেই। এই ভাবে বহু টাকা খরচ হয়ে যাচ্ছে, আর বাংলাদেশকে তার বোঝা বইতে হচ্ছে। অথচ এই রকমভাবে ডি ভি সির যে খরচ, তার উপর আমাদের সরকার হাত দিতে চান না।

This Assembly or this Government does not exercise its will or any supervisory power or control over its funds

সমস্ত খরচ কিভাবে ডি ভি সি করেন শুধু বছরান্তে একবার করে বাজেট সেসনে এই রকম ধরনের একটা ভলাুমিনাস বই আমাদের সামনে রাখা হয়। আমরা এটা সব বুঝি না, এবং বুঝি না বলেই, তাঁরা আমাদের চোখে ধুলো দিয়ে বছরের পর বছর টাকা স্যাঙ্কশান করে নিয়ে যাচ্ছেন। তাই আমি শুধু বলতে চাই বাংলার উপর এই ভাবে, এই যে অবাধে অবিচার চলেছে, এটা আপনি রোধ করবার চেষ্টা করুন।

এই প্রসঙ্গে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি ২২৫ পৃষ্ঠায়, এ্যানেকশ্চার (১০), যেখানে নেভিগেশান-এর খরচা দেখান হয়েছে। এখানে বলতে পারি এই যে টেনুঘাটার জন্য চার কোটি টাকা খরচ করা হল, এবং ডি ভি সির স্কীম অনুযায়ী ১৯৬০ সালের ৩১এ মার্চ পর্যন্ত যত ক্যাপিটাল এক্সপেন্ডিচার হয়েছে ডি ভি সির ইরিগেশান হেড-এ তার সমস্ত খরচ বাংলার ঘাড়ের উপর চেপে যাবে। আমি সেইজন্য বিধান সভার বিরোধী দলের সকল নেতা ও সদস্যকে এবং কংগ্রেস বেঞ্চের সকল সদস্যকে বলবো -অন্ততঃ একটা ইস্যুর উপর আসুন আমরা সকলে ইউনাইটেড হয়ে রিজলিউশান নিই,- হয় আমরা বলি এই যে ডি ভি সির উপর স্ট্যান্ড আপনারা নিচ্ছেন যে নেভিগেশান ওয়াটারটা ইরিগেশান এর ওয়াটার বলে বাংলার ঘাড়ে চাপাবেন, এটা আমরা হতে দেবো না

to that extent we shall not approve of the budget. Secondly, let us take a resolution saying that we are going to repeal this Damodar Valley Corporation Act in so far as it affects West Bengal Government.

আমরা পারি সেটা সেক্শন ১০৩ অব দি গভর্নমেন্ট অব ইন্ডিয়া এ্যাক্ট-এ। সেখানে পাওয়ার ছিল। কেন না পারটিসিপেটিং স্টেট, সকলে মিলে সেটা করেছিলেন। আজকে আমাদের সেই পাওয়ার আছে হয় এই করুন, আর না হয় বলতে হবে ব্যালেন্স বা বাকী টাকাটা দিয়ে সমগ্র ডি ভি সিটা আমাদের বাংলাদেশের হাতে আসুক। তাতে বাংলাদেশের লোক চাকরি পাবে আমরা জানতে পারবো। সেই সঙ্গে বলছি এই যে ৩৯ মিলিয়ন একর ফুট জল আমরা পাচ্ছি, আজ পর্যন্ত আমাদের কাছে বলা হয় নি যে কত মিলিয়ন একর ফুট জল হচ্ছে দামোদর বেসিনের রিকোয়ারমেন্ট। আমি জানি মন্তেশ্বর থানার কথা। আমার কাছে চিঠি আছে, আমি তা পড়ে শুনিয়েছি। আমি জানি ধনিয়াখালি এলাকার কথা, আমার কাছে চিঠি আছে। সেখানে ডি ভি সির জল গিয়ে পৌঁছায়নি। তাহলে এই যে ৩৯ মিলিয়ন একর ফুট জল আসছে, সেটা আমরা পাচ্ছি না কেন? আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে খুব বিনয়ের সঙ্গে বলতে পারি যে ড্যামগুলি সমস্ত বিহারে রয়েছে। তাহলে ঐ ড্যাম সাইট থেকে জল যখন ডিস্চার্জ হয়ে আসছে, তার কত পারসেন্ট অফ্-টেক বিহার নিয়ে নিচ্ছে, সেটা কি তিনি তদন্ত করে দেখেছেন? যদিও কাগজে কলমে তাঁর ডিপার্টমেন্ট বোঝাবে যে বাংলাদেশ ৩৯ মিলিয়ন একর ফুট জল নিচ্ছে, কিন্তু আমি বলতে পারি যে ড্যামগুলি বিহারে থাকার ফলে, সেখান থেকে

যে ওয়াটার ডিস্‌চার্জ হয়ে আসছে বাংলাদেশে,, সেই জল বাংলাদেশে ঢোকবার আগেই বিহার ১০ পারসেন্টের বেশী জল নিয়ে নিচ্ছে। এবং আজকে এখানে বলছি যে, দেখুন ভেবে যদি বিহারের এই স্ট্যান্ড সাকসিড করে অর্থাৎ তারা যদি বলে ১০ পারসেন্ট ইরিগেশন ওয়াটার আমরা নিচ্ছিলাম তা আমরা নেব না। তাহলে রেজাল্ট হচ্ছে যে সেন্ট পার্সেন্ট এক্সপেন্ডিচার, ডি ভি সি-র ড্যাম তৈরী থেকে আরম্ভ করে, ওয়াটার রিজারভয়ার তৈরী করা থেকে আরম্ভ করে, ল্যান্ড অ্যাকুজিসন থেকে আরম্ভ করে যত টাকা খরচা হয়েছে সমস্ত কোটি টাকা আমাদের ঘাড়ে পড়বে। অথচ আমরা যদি বলি যে নেভিগেশনের উপর তুমি খরচা কর তাহলে কেমন এক্সপেন্ডিচার, বাংলার ঘাড়ে রেস্‌পন্সিবিলিটি কমে যাবে। নেভিগেশনের উপর খরচা বাড়াও। নেভিগেশনের উপর যে খরচা হচ্ছে সেখানেও তারা একটা জুয়াচুরি করছেন, নিছক জালিয়াতি, সেটা কি? নেভিগেশন হবে অথচ ইরিগেশনে জল নেই এটা ভাবতে পারেন? আজকে নেভিগেশন করতে গেলেও ঠিক ইরিগেশনের মত একই প্রিন্সিপিলএ সেকসন ৩৪(১) ও (২) এই দুটি ক্লজকে এ্যাপলাই করা উচিত। আমি জানি মাননীয় মন্ত্রিমহাশয় এই নিয়ে খুব পড়াশুনা করেন। অন্ততঃ একটা ব্যাপারে তাঁকে আমি ধন্যবাদ না দিয়ে পারি না যে, অন্যান্য অনেক মন্ত্রী আছেন যাঁরা যখন বিরোধী দল বলেন তখন তাঁরা এখানে থাকেন না বা তাঁদের ঘরে বসে থাকেন, কিন্তু তিনি প্রথম থেকে প্রতিটি সভ্যের বক্তব্য শোনেন। তাঁর এই ডিমোক্র্যাটিক টেম্পারামেন্টের জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এবং সেই সংগে বলছি তিনি ঐ পেজ ২২৫ এবং ২২৬ পড়ুন। পড়লে দেখবেন যে এইখানে নেভিগেশনের বেলাতে

D.V.C. is applying sub-clause (2) and not applying sub-clause (1) of section 34 of D.V.C. Act.

অথচ ইরিগেশন এবং নেভিগেশন এই দুটোর প্রিন্সিপল একই হওয়া উচিত। কেননা ওয়াটার স্টোরেজ যদি না থাকে জল আসবে না, কিছুই হবে না। অতএব এইজন্য নেভিগেশনের খরচা যা ও'রা দেখাচ্ছেন ঐখানে আমাদের দাবী করা উচিত যে তোমরা স্টোরেজের কথাত কিছু বলছ না। ড্যাম তৈরী করে ঐ যে মনসুন লেভেলে জলটা রাখছি আমরা, সেটা তৈরী করতে যে প্রপোরশনেট খরচা তার কথা তো তোমরা বলছ না। এবং সেই ড্যাম তৈরীর খরচা যদি আমরা নেভিগেশনের খাতে ঢুকিয়ে দিতে পারি, দাবী করতে পারি, চাপ দিতে পারি তাহলে কি হবে? সেই এক্সটেন্ট থেকে বাংলা দেশের উপর নেভিগেশনের খরচা কমে যাবে। কেন কারণ ডি ভি সি এ্যাক্ট আমি পড়ে দেখলাম যে, সমস্ত নেভিগেশনের জন্য যে খরচা হবে

that should be borne out of the common fund—common fund of the Corporation.

আজকে আমি বলছি সত্যি সত্যিই দামোদর ভ্যালি কর্পোরেশন একটা ড্রেনেজ অব ভ্যালুয়েবেল কারেন্সি। এই ড্রেনেজ অব ভ্যালুয়েবেল কারেন্সি যদি বন্ধ করতে চান আপনারা তাহলে আজকে আমাদের সেচ বিভাগে যাঁরা আছেন তাঁদের নিয়ে এই হাউসের সভ্যদের বসা দরকার। আমি বলছি এ ব্যাপারটা এত গুরুত্বপূর্ণ যে এটাকে ঠিক ঐভাবে বিরোধী দল বলছে এবং আমরা ভোটে পাশ করবো ব্রুট মেজোরিটি দিয়ে সেই দৃষ্টিভংগী দিয়ে দেখবেন না। মাননীয় অজয় মুখার্জিকে আমি বলতে পারি যে, যখন রাজা মান্নার ট্রাইব্যুনাল বসেছে এবং দিল্লীতে যখন জগন্নাথ দাসের ট্রাইবুনাল বসেছে তখন বাংলা দেশের এই এ্যাসেম্বলী থেকে অন্ততঃ একটা ইউনাইটেড রেজলিউশন যাওয়া দরকার। তাতে আমরা বলতে পারি যে আমাদের ইরিগেশনে যে খরচা তার মধ্যে আমরা কখনই নেভিগেশনকে ঢুকতে দেবো না। এবং এ্যাক্টে যখন বলা হচ্ছে যে, ইন্ডাস্ট্রিয়াল ওয়াটার সাপ্লাই এবং ইরিগেশন ওয়াটার সাপ্লাই দুটো সম্পূর্ণ আলাদা এবং স্ট্যাটিউটে এই দুটোর মধ্যে একটা ডিস্টিংশন মেনটেন করে যাচ্ছে তখন আমরা কিছুতেই সেখানে বিহার গভর্নমেন্টকে বা দামোদর ভ্যালি কর্পোরেশনকে এই অন্যায়টা বাংলাদেশের উপর চাপিয়ে দিতে প্রস্তুত থাকবো না। এই ডি ভি সির যে টাকা বরাদ্দ করেছেন সেখানে একটা কথা বলে দেওয়া দরকার যে আমাদের অনেকে হয়ত মনে করতে পারেন যে কেন্দ্রীয় সরকারের এটা কতবড় বদান্যতা, আমি খুব জোরের সংগে বলতে পারি যে, ১৯৪৩ সালে বাংলাদেশে একটা বিপর্যয়-কারী ফ্লাড হয়েছিল তখন পানাগড় এবং বর্ধমানেতে আমেরিকান স্টেশন ছিল যুদ্ধের সময়, সেই ফ্লাডের ধাক্কাতে রেল কমিউনিকেশন সমস্ত মুছে দিয়েছিল। তখন সেখান থেকে আমেরিকান

মিলিটারী পার্সোনেল নোট দিয়েছিল যদি এখনই এখানে কোন একটা খাল করে বন্ধ না করা যায় এবং এই রকমভাবে যদি ভ্যালি না করা যায় তাহলে এই রেলওয়ে কম্যুনিকেশন নষ্ট হয়ে যাবে।

সেকশন ১৪-তে দেখবেন যে সেন্ট্রাল গভর্নমেন্ট বলছেন যে ১৪ কোটি টাকা ফ্লাড কন্ট্রোল বাবত খরচ হবে তার আধাআধি খরচা বহন করবেন সেন্ট্রাল এবং বেংগল গভর্নমেন্ট। মজা হচ্ছে আমাদের বুঝাইয়া দেওয়া হল যে, ১৪ কোটি টাকা খরচ হবে ফ্লাড কন্ট্রোল বাবত। আমরা সেইভাবে ৭ কোটি টাকা দিলাম, সেন্ট্রাল ৭ কোটি টাকা দিল। কিন্তু দেখা যাচ্ছে যে ১৪ কোটির অনেক বেশী এক্সিড করে যাচ্ছে। এটা কেন আমরা বহন করব? কেন সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদের বলেন নি যে ১৪ কোটির উপর এক্সিড করবে। আমরা জানতে চাই এই যে ফ্লাড কন্ট্রোল-এর নামে যেসমস্ত ইনফ্রাকচুয়াস এক্সপেন্ডিচার হয়ে গেল এই ড্যাম করবার ফলে, আজকে দেখছি যে ফ্লাড কন্ট্রোল হল না, কিন্তু সেসম্বন্ধে বাংলাদেশের সরকার বাংলার এ্যাসেম্বলির কাছে কোন প্রস্তাব রেখেছিলেন, তার কোন স্যাংকশন চেয়েছিলেন? ডি ভি সি কি কখনও বাংলাদেশের কাছে বলেছেন যে এগুলি করা দরকার এবং তাতে খরচ হয়ত বেড়ে যাবে। তাহলে দেখুন সেন্টার-এর লাভ হচ্ছে এখানে। কেন না, এক একটা ফ্লাড-এ রেলওয়ে কম্যুনিকেশন ভেংগে গেলে সেন্ট্রাল গভর্নমেন্ট-এ খরচ করতে হয় ৩।৪ কোটি টাকা। তারা জানে এক সংগে ৭ কোটি টাকা দিয়ে সেন্ট্রাল গভর্নমেন্ট দায় থেকে মুক্ত হল এবং যতবার ফ্লাড হবে ততবার বাংলার উপর কোটি কোটি টাকা চাপবে। এত বড় অন্যায় জিনিস আজকে সেন্টার করছে। আজকে তাদের বলতে ইচ্ছা করে

just try to be worthy of the office you are holding, just try to pull on with all sections of the community irrespective of caste, creed and race, not with a single eye of favouritism. Don't be বিমাতা (step mother).

আজকে তাঁরা সেটা করছেন—তাঁরা কারুর কাছে বিমাতা করছেন, স্টেপ মাদার ব্যবহার করছেন। এটা যে বিমাতাসুলভ আচরণ সেটা অপজিশন বা সংবাদপত্র বা কাগজের নিছক সমালোচনা নয়। এটাই ফ্যাক্ট। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি আজকে এটা যদি সত্যি হয়ে থাকে তাহলে এর প্রতিকারের কি ব্যবস্থা করা হচ্ছে। কেন সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা পয়সা খরচ করবেন না। অথচ এই যে ফ্লাড হচ্ছে এই ফ্লাড কন্ট্রোল-এর জন্য ৭ কোটি টাকা বেঁধে দিয়েছে। তার জন্য কি বাংলা দায়ী? বাংলাদেশের মন্ত্রীরা কি ফ্লাড করিয়েছেন? বাংলাদেশের জনসাধারণ কি ফ্লাড ডেকে আনছে? ফ্লাড একটা ন্যাচারাল ক্যালামিটিস এইরকমভাবে একবারের পর একবার ন্যাচারাল ভিজিটারস আসে আমাদের উপরে। ওর দায়িত্ব সেন্ট্রাল গভর্নমেন্ট-এর রয়েছে এবং সেন্ট্রাল গভর্নমেন্ট-এর ঐ কথা বললে চলবে না যে আমরা এ্যাক্ট-এ বলে দিয়েছি সেকশন ১৪তে যে আমরা ৭ কোটি টাকা দেব, আর দেব না। আমি সেজন্য বলতে চাই যে ডি ভি সি এ্যাক্ট-এর এ্যামেন্ডমেন্ট দরকার এবং সেন্টারকে আমাদের বলা দরকার যে ফ্লাড কন্ট্রোল-এর বাকী সমস্ত টাকা ৭ কোটির উপর যা কিছু খরচ হবে তার সমস্ত টাকাই সেন্ট্রাল গভর্নমেন্টকে বহন করতে হবে। এটা যদি না করি তাহলে দাঁড়াচ্ছে এই যে এই পরিমাণ টাকা আমাদের উপর প্রতিবার চেপে যাচ্ছে এবং ইরিগেশন সেক্রেটারী যিনি আছেন—বোধহয় মিঃ ব্যানার্জি—তিনি তাদের কাছ থেকে ফ্যাক্টস নিন। আমি যেগুলি বলছি যে ডি ভি সি কম জল দিয়ে বেশী টাকা আমাদের কাছ থেকে আদায় করে নিচ্ছে সেসব সত্যি কিনা জিজ্ঞাসা করে আমাদের কাছে জানান। আজকে ৮।৯ কোটি টাকা এই রকমভাবে আমাদের উপর চেপে গেল। কম জল দিয়ে বেশী টাকা আদায় করছে। মন্ত্রিমহাশয় এন্‌কোয়ারী করে বলুন ডিফারেন্স থাকা সত্ত্বেও ৮ থেকে ৯ কোটির কম নয় তার বেশী, এবং তিনি বলুন যে বাংলাদেশের, ডি ভি সি এরিয়াতে আমাদের টোটাল রিকোয়ারমেন্টস্‌ অব ওয়াটার কত, মিলিয়ান একর ফিট এবং সেই মিলিয়ান একর ফিট অনুযায়ী ডি ভি সি আমাদের কাছে জল সরবরাহ করতে পারেন কি না? সে হিসাবে দেখা যাচ্ছে আমাদের হাউসের বিশিষ্ট বিরোধী দলের সভ্যগণ ডি ভি সির বিভিন্ন দিক দেখিয়েছেন, এবং আমি নূতন সদস্য হিসাবে গত ১ বছর ধরে এ জিনিস দেখছি। এর এ্যাক্ট স্টাডি করবার খেয়াল আমার হয়েছিল—বিশেষ করে যখন কেন্দ্রে এ ধরনের ট্রাইবুনাল বসেছে তখন এ এ্যাক্ট আমি ভালভাবে পড়ে দেখেছি এবং বলছি যে, বাংলাদেশের মন্ত্রিসভা এ ব্যাপারে যদি সজাগ না হন এবং বিরোধী দলের সংগে একমত না হয়ে এ দাবী না তোলেন তবে বাংলাদেশের দারুণ ক্ষতি হবে। আমি

একটা কথা বলতে চাই, এই যে বছরের পর বছর একটা বই রেখে বলা হচ্ছে, এবং এটা আমরা জানি যে ইনফ্রাকচুয়াস এক্সপেন্ডিচার বলে ৬ কোটি থেকে ৮ কোটি টাকা খরচ হয়ে গেছে অথচ এই ইনফ্রাকচুয়াস এক্সপেন্ডিচার আমাদের উপর চাপবে, কিন্তু কথা হচ্ছে বাজেটারি প্রিন্সিপল অনুযায়ী আজকে ডি ভি সি বলতে পারে

you have no locus standi, you have no jurisdiction to raise objection since when the expenditures were incurred. No objection was taken from year to year by the State Government.

দুঃখের কথা লজ্জার কথা বাংলাদেশে এত বড় স্টুপেন্ডাস ইনটেলেক্ট গল্প শুনেছি। কেবিনেটে সব স্টুপেন্ডাস ইনটেলেক্ট ১৪ বছর ধরে রুল করে যাচ্ছেন। এই ১৪ বছর ধরে এই স্টুপেন্ডাস ইনটেলেক্ট যা ইনফ্রাকচুয়াস এক্সপেন্ডিচার কলম দিয়ে সই করে গেছেন। বিহার যত অন্যায় করুক ভারত গভর্নমেন্ট যত অবিচার করে গেছেন তাঁরা সমস্তই বরাবর সম্পন্ন করে গেছেন। এখানে বলতে চাই বিহার বিধান সভায় কেউ কেউ বলেছেন যে বাংলাদেশ যদি বলে আমরা এগুলি নিয়ে নোব আমাদের কম্পেনসেসান দেওয়া হোক এরচেয়ে ইডিওটিক অ্যান্ড ফ্যানটাসটিক ননসেন্স আর কিছু হতে পারে না। কেননা এই বই পড়লে দেখতে পাবো যে, সমস্ত আইটেম অব এক্সপেন্ডিচার আমরা টাকা দিয়ে খরচ করে দিয়েছি, এই যে কেন্দুয়াখালি ঘাট প্রোজেক্ট বা এই বইতে যে কটা নেভিগেসান খাতে টাকা দেখান হয়েছে এ সমস্ত টাকা আমরা বহন করছি। জমি আমরা কিনেছি, খেসারত আমরা দিয়েছি বহু টাকা আবার কিসের খেসারত দোব? সেজন্য আমি এই বাজেট বরাদ্দের বিরোধিতা করছি এবং মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি দলের উর্ধ্বে উঠে আজকে বিরোধী পক্ষের সকলের সংগে এক হয়ে একটা প্রতিবাদ জানান যাতে জগন্নাথ দাস ট্রাইবুনাল এবং দিল্লীর ট্রাইবুনালে বাংলাদেশের বীর্য রক্ষা হয়।

[2-20—2-30 p.m.]

Shri Promode Ranjan Bose:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সেচমন্ত্রী ১৯৬৩-৬৪ সালের যে বাজেট পেশ করেছেন সেই বাজেট সমর্থন করে আমি বলতে চাই যে সেচ দ্বারা আমাদের দেশের কেবল খাদ্যশস্য যে বৃদ্ধি পাবে তা নয়, সেচ দ্বারা বাংলাদেশের কৃষকদের আর্থিক উন্নতি হবে। আমরা জানি বাংলাদেশে সেচ একটা বিরাট সমস্যা। ১৯৪৭ সালে সরকারী সেচ দপ্তরের অধীনে ৩½ লক্ষ একর জমিতে সেচের জল পেত—তা ছাড়া কৃষি উন্নয়ন ও ব্যক্তিগত প্রচেষ্টায় সর্বসমেত মোট আবাদী ১৮·১২ ভাগ জমিতে জলসেচের ব্যবস্থা ছিল। আমাদের বাংলাদেশে আমরা দেখেছি বন্যা এবং অনাবৃষ্টির ফলে জমির ফসল নষ্ট করে দেয়। বাংলাদেশের প্রত্যেকটা পল্লীতে কৃষকদের সেচ পাবার খুব আগ্রহ রয়েছে। সুতরাং খুব অল্প সময়ের মধ্যে দেশবাসীকে যেমন সন্তুষ্ট করা যায় না সেরকমভাবে সেচ দপ্তরকে আমরা অনুরোধ করব যে বাংলাদেশের যেসমস্ত অঞ্চল কৃষিপ্রধান এবং পিছিয়ে পড়া অঞ্চল যেখানে শিল্প বাণিজ্য গড়ে উঠেনি সেসব জায়গায় সেচের দিকে বেশি নজর দেওয়া দরকার। আমরা দেখেছি যে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে সেচমন্ত্রী বলেছিলেন যে সেচ বিভাগের অধীনে প্রায় ২১·৫০ লক্ষ একর জমিতে জল দেবার ব্যবস্থা হবে—যেটা ১৯৪৭ সালে ৩·৫০ লক্ষ একর ছিল। এ ছাড়া কৃষি উন্নয়ন এবং অন্যান্য ব্যক্তিগত প্রচেষ্টার মাধ্যমে দেখা যাচ্ছে যে প্রায় শতকরা ৫০ ভাগের মত জমিতে জলসেচের ব্যবস্থা হবে, জলনিষ্কাশনের ব্যবস্থা হবে। দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে সরকার সেচ বিভাগ থেকে প্রায় ৮½ লক্ষ একর জমিতে যে বদ্ধ জল ছিল তা উদ্ধার করেছেন এবং তৃতীয় পরিকল্পনার শেষে আমরা দেখতে পাচ্ছি যে ৩½ লক্ষ একর জমির জল নিষ্কাশন ব্যবস্থা হয়ে জমি উদ্ধার হবে। আমরা দেখতে পাচ্ছি যে ১৯৬৩-৬৪ সালে বাজেটে ৭টা নূতন করে সেচ পরিকল্পনা নেওয়া হচ্ছে, ৪৪টা জল নিষ্কাশনের এবং ৩০টার অধিক বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন। বাংলাদেশের আমরা যারা সেচ ব্যবস্থার খবর রাখি আমরা দেখেছি ময়ূরাক্ষী, দামোদর এবং কংসাবতী পরিকল্পনার দ্বারা বর্ধমান, বাঁকুড়া, হুগলি, মেদিনীপুর, বীরভূম ইত্যাদি সমস্ত অঞ্চলে কৃষকরা জমির ফসল পেত না, জমির ফসলের অনিশ্চয়তা ছিল তা থেকে অনেকে মুক্তি পেয়েছে—তবুও সেখানে এখনও সেচ,

পরিকল্পনার দরকার আছে। কিন্তু তার সংগে সংগে আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এদিককার তুলনায় উত্তরবংগে সেচের কাজ বিশেষভাবে অগ্রসর হয়নি—কেবলমাত্র জলপাইগুড়িতে প্রায় ৪১·৮২ লক্ষ টাকা দিয়ে সেখানে করতোয়া পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং এই পরিকল্পনার মাধ্যমে প্রায় ১৬ হাজার ৮০০ একর জমিতে জলসেচের ব্যবস্থা হবে। কিছু ড্রেনেজ করা হয়েছে বন্যা থেকে রক্ষা করবার জন্য কিন্তু উত্তরবংগে আরও দৃষ্টি দেওয়ার দরকার আছে—বিশেষত মালদা জেলার উপর—কারণ এই জেলা কৃষিপ্রধান জেলা, সেখানকার লোকেরা কৃষির উপর নির্ভর করে থাকে। সেখানে পাওয়ারের অভাবে, বিদ্যুতের অভাবে কোন শিল্প বাণিজ্য গড়ে উঠে না। নিকট ভবিষ্যতে গড়ে উঠবার সম্ভাবনাও দেখছি না। এই জেলায় সেচের ব্যবস্থা বিশেষভাবে হওয়া দরকার। এই বাজেটে দেখা যাচ্ছে একটি ড্রেনেজ স্কীম নেওয়া হয়েছে এবং সেখানে ৮ লক্ষ টাকা খরচ হবে। এইসব অঞ্চলে বন্যার ফলে ফসল নষ্ট হয়ে যাচ্ছে। এই ফসলকে রক্ষা করার জন্য সরকারকে অনুরোধ করবো। আমি খুব বড় বড় পরিকল্পনার মধ্যে যাচ্ছি না—অল্পপ খরচ করে কিছু বাঁধ দিয়ে, স্লুইস গেট দিয়ে বন্যা থেকে হাজার হাজার বিঘা জমির ফসল ধ্বংস, নষ্ট থেকে বাঁচানো যেতে পারে। এইসব অঞ্চলে কোন পুকুর নেই যাতে জলসেচ হতে পারে—যে নদীগুলি আছে তাতে বাঁধ দিয়ে ডিপ ইরিগেশন, ডিপ টিউবওয়েল করার দরকার আছে। তা না হলে বছর বছর যে ফসলের ক্ষতি হচ্ছে তাতে কৃষকরা দুরবস্থার মধ্যে পড়ছে। আর একটি অঞ্চল আছে সেটা হচ্ছে মালদা জেলার একমাত্র ধান্য ফসল যেখানে উৎপন্ন হয় এটা খুব অবহেলিত অবস্থায় রয়েছে—সেখানে অনেক বড় বড় পুকুর রয়েছে সেখান থেকে যদি জল সেচের ব্যবস্থা করা হয় তাহলে অনেক জমির আবাদ হতে পারে। সেখানে যদি বাঁধ দেওয়া হয় তাহলে সেখানকার লোক খুবই উপকৃত হবে এবং সেখানকার জনসাধারণ সেটা নিতেও ইচ্ছুক। আর একটি নদী আছে যে নদীর দ্বারা মালদা এবং দিনাজপুরের বিরাট অঞ্চল জলের দ্বারা উপকৃত হচ্ছে—সেখানে যাতে হায়ার পারচেজ পাম্প স্কীম গ্রহণ করতে পারে সেদিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আর একটি মালদা জেলায় বোরো ধান যে হয় তার স্থান বাংলাদেশে তৃতীয় স্থান অধিকার করেছে। এই বোরো ধান বাঁচাবার চেষ্টা করা আমাদের উচিত। এই সমস্ত বাঁধ যা আছে সেগুলি ধ্বংস হবার মুখে। এই বাঁধগুলি যাতে মেরামত হয় সেজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো। শেষে যাতে আমাদের দেশের ফরাক্কা ব্যারেজ যাতে হয় সেজন্য মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ করছি।

Shri Nikhil Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দামোদর ভ্যালী সংস্থা সম্পর্কে আমার আগের বিরোধী পক্ষের দুইজন মাননীয় বন্ধু বলেছেন। আমি আমার বক্তব্য দামোদর ভ্যালী সংস্থার উপর সীমাবদ্ধ রাখবো। দামোদর ভ্যালী সংস্থা আজকে বাংলাদেশের মানুষের কাছে পরিচিত হয়েছে একটা হীন নোংরা রাজনীতির আখড়া হিসাবে এবং সাম্প্রদায়িক বিষ ছড়ানোর আখড়া হিসাবে এবং এটাই হচ্ছে তাদের মুখ্য কাজ। তাদের অপদার্থতা এবং এই সংস্থার ভিতরে তাদের যে দুর্নীতি রয়েছে, অপচয় রয়েছে, অপব্যয় রয়েছে এবং বাংলার প্রতি অবিচার রয়েছে এবং তাকে ঢাকবার জন্য নোংরা রাজনীতির আমদানি করা হয়েছে, নোংরা প্রাদেশিকতা আমদানি করা হয়েছে এবং এর ধূম্রজালে সর্বকিছু পাপ স্খালন করার চেষ্টা করা হচ্ছে। আজকে ন্যাশনাল এমারজেন্সীর কথা বলা হয় কিন্তু এই ন্যাশনাল এমারজেন্সীর মধ্যে যে সংস্থা ভারতের জাতীয় ঐক্য নষ্ট করছে—বিহারের সংগে বাংলার একটা বিদ্বেষ জাগাবার চেষ্টা করছে তারা কি আজকে ডি আর রুলসে ধরা পড়ে না?

[2-30—2-40 p.m.]

আজকে আমাদের দামোদর ভ্যালী কর্পোরেশনের যে চেয়ারম্যান এস লাল, জেনারেল ম্যানেজার এইচ এন রায়, তাঁরা কি আজ দেশদ্রোহীদের যে কাজ সেই কাজ করছেন না? বিহার এবং বাংলার মধ্যে একটা অনৈক্য সৃষ্টি করে জাতীয় স্বার্থের যে ক্ষতি তাঁরা করছেন, তার কৈফিয়ৎ

আজ দেশবাসী চায় তাদের কাছ থেকে। স্যার, দামোদর ভ্যালী কর্পোরেশন গঠনের পরিকল্পনা যখন ১৪ বছর আগে প্রথম আসে আমাদের পশ্চিম বাংলার ও ভারতবর্ষের মানুষের কাছে আসে, তখন কি আশা ছিল এদেশের চাষীদের, এদেশের গরীব মানুষদের? আমাদের গ্রামের চাষীরা ভেবেছিল প্লাবনের হাত থেকে বাঁচলাম, অনাবৃষ্টির হাত থেকে বাঁচলাম, সেচের জলে আমাদের জমির ফসল অত্যন্ত ভাল হবে, দেশ শস্যসমৃদ্ধ হবে এবং ওর আশেপাশের এলাকাগুলো শিল্পে ভর্তি হয়ে উঠবে। এ আশা সবই তাদের ব্যর্থ হয়েছে। সেচের সময় জল নাই, খাল সব শুকনো, প্লাবন রোধ করবার ক্ষমতা তাদের নাই। ১৯৫৯ সালের প্লাবনের পরে যখন কুঞ্জরু কমিটি বসে, তখন তাঁরা বলেছিলেন আর একটা বাঁধ আয়ার বাঁধ তৈরি করা দরকার। সেই আয়ার বাঁধ তৈরি আজও করা হয় নাই। প্রথম অবস্থায় শুনেছিলাম আয়ার বাঁধ তৈরি করবার যেসমস্ত আর্থিক বোঝা, সেটা বাংলাদেশের ঘাড়ে চাপছে। তাতে বাংলাদেশের তরফ থেকে আপত্তি করা হয়েছিল। তারপর যখন বোকারো স্টীল প্ল্যান্ট করবার প্রয়োজন হয়েছিল, তখনও এটা করবার কথা হয়। কিন্তু তারপরও এই আয়ার বাঁধ আজও কেন হলো না? আজও কেন প্লাবনের আশঙ্কা জনসাধারণের মনে আছে? সেচের জল আজ বিদ্যুৎ সরবরাহের কাজে ব্যয়িত হচ্ছে। আজকে থার্মাল পাওয়ার স্টেশন যেটা করবার কথা ছিল, সেগুলি না করতে পেরে এই যে জলসেচের জল একে হাইড্রো-ইলেকট্রিক যে জায়গায়, সেই জায়গায় ব্যবহার করে আজ তাঁরা বিদ্যুৎ সরবরাহ করছেন। পশ্চিম বাংলার জমিগুলো শুকনো পড়ে থাকছে, সেচের সময় কৃষক জল পাচ্ছে না। সেই জলে বিদ্যুৎ তৈরি হচ্ছে এবং সেই বিদ্যুৎ বিহারে গিয়ে ব্যয়িত হচ্ছে। আর বাংলাদেশের চাষী এখানে জলাভাবে হাহাকার করছে। যে চাষী এর জন্য জমি দিয়েছিল, যে চাষীর জমির উপর দিয়ে সেচ খালগুলি গিয়েছে, চাষের সময় তারা জমিতে জল পায় না।

দামোদর ভ্যালী কর্পোরেশনের এই দুর্নীতি, অপচয়, অপব্যয়ের কথা আমার আগে অনেক বক্তা বলেছেন। আমি এ সম্বন্ধে একটা কথা বলবো। সেটা হচ্ছে এই অ্যাডিশনাল ইলেকট্রিক্যাল চীফ ইঞ্জিনীয়ার বিনি এম ডবলিউ গোপলানি, চন্দ্রপুরা প্রজেক্ট যখন হয়, সেই চন্দ্রপুরা প্রজেক্ট তার চার্জে ছিল। ১৯৬১-৬২ সালের অডিট রিপোর্ট অবশ্য এখনো আমাদের কাছে দেওয়া হয় নাই, সেই রিপোর্টে বলা হয়েছে চন্দ্রপুরা প্রজেক্টের কয়েক লক্ষ টাকা, স্যার, এদিকে ওদিকে চলে গেছে এবং তার মূল দায়িত্ব অনেকখানি ছিল এই ভদ্রলোকের কাঁধে। সেই ভদ্রলোকের কাঁধে থাকা সত্ত্বেও চন্দ্রপুরা প্রজেক্ট থেকে তার প্রমোশন হয়ে গেল, তিনি এসে বসে গেলেন এখানে অ্যাডিশনাল চীফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ার হয়ে। সেখানে তাঁর কীর্তি-কাহিনী কি, স্যার? দুর্গাপুরে যে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র আছে, স্যার, সেখানে রানীগঞ্জ এলাকা থেকে কয়লা আসে এবং বৈজ্ঞানিক যাঁরা তাঁদের মত হচ্ছে রানীগঞ্জ থেকে যে কয়লা আসবে, সেই কয়লাকে যদি বেশিদিন এক জায়গাতে রাখা যায়, তাহলে সে কয়লাতে আগুন লেগে যাবে। এবং সেই কয়লায় আগুন লেগে প্রায় ৫০ লক্ষ টাকা মূল্যের কয়লা ঐ দুর্গাপুরে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে নষ্ট হয়ে গেছে। তার জন্য দায়ী কে? এই এম ডবলিউ গোপলানি এবং এই এম ডবলিউ গোপলানির বিরুদ্ধে কেন্দ্রীয় পুলিসের তরফ থেকে কয়লা ষড়যন্ত্রের একটা রিপোর্ট দেওয়া হয়েছে। আজ স্যার, আপনার মাধ্যমে এই প্রশ্ন আমি সেচমন্ত্রী অজয়বাবুকে করতে চাই—সেই যে রিপোর্ট তাঁর বিরুদ্ধে দেওয়া হয়েছিল, সে রিপোর্ট চেয়ারম্যান এস লাল এবং জেনারেল ম্যানেজার এইচ এন রায় আজ চেপে রেখেছেন। কেন সেই রিপোর্ট আজও বিধানসভার সামনে আসছে না? এই প্রশ্ন স্বভাবতই মানুষের মনে আসতে পারে। গত অধিবেশনে, স্যার, আপনার নিশ্চয়ই খেয়াল আছে যখন অ্যাডিশনাল চীফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারস অফিস কলকাতা থেকে মাইথনে চলে যায়, তখন আমরা একটা আশঙ্কা প্রকাশ করেছিলাম। সেই আশঙ্কা হচ্ছে এই ধীরে ধীরে এর সমস্ত অফিসগুলো অ্যান্ডারসন হাউস থেকে বিহারে চলে যাবে। সেই আশঙ্কা প্রকাশ করে আমরা এই বিধানসভায় একটা বে-সরকারী প্রস্তাব রেখেছিলাম। তার জবাবে সেচমন্ত্রী মহাশয় বলেছিলেন এখান থেকে আর কোন অফিস যাবে না। এখনো যাবে, যাচ্ছে, ধীরে ধীরে যাচ্ছে এবং উনি জানেন কি জানেন না আমি জানি না, বাংলাদেশের যে অফিসার আছেন ডি ভি সি সংস্থায় বাংলাদেশের স্বার্থ রক্ষা করবার জন্য, তাঁরা বাংলাদেশের স্বার্থ সেখানে রক্ষা করেন না। তাঁরা সেচমন্ত্রীর জ্ঞাতসারে কি অজ্ঞাতসারে অভিমত দিয়ে আসেন কিনা জানিনা, এবার থেকে অফিসগুলো ওপারে চলে যাবে, ধীরে ধীরে বাংলা থেকে বিহারে দপ্তরগুলো চলে

যাবে। আরো তিনটা অফিস ওখানে চলে যাচ্ছে এবং তার মধ্যে একটা মূল দপ্তর চলে যাচ্ছে, সেটা হচ্ছে পার্সোনেল অফিসারের অফিস, স্যার। এই অফিসের মাধ্যমে লোকের চাকরী দেওয়া-নেওয়া হয়। অর্থাৎ এই অফিসটা বিহারে নিয়ে যাবার ষড়যন্ত্র হচ্ছে এবং এর মাধ্যমে বাংলার ছেলেদের চাকরী পাবার সম্ভবনা এর ভেতর দিয়ে সেই সম্ভাবনা ধীরে ধীরে লুপ্ত হয়ে যাচ্ছে, স্যার। তাই যে কথাটা জোর দিয়ে আজকে বলতে চাই, সে হচ্ছে এই দামোদর ভ্যালী কর্পোরেশন সংস্থা আজ যে পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে, এই দামোদর ভ্যালী কর্পোরেশন একটা নোংরা দুর্নীতির ক্ষেত্র হয়ে দাঁড়িয়েছে। এই ডি ভি সি সংস্থা আজ বিহার এবং বাংলার ভেতর একটা ঝগড়া লাগিয়ে তাদের নিজেদের দুর্নীতি, অপচয় ও অপব্যয় বাঁচিয়ে রাখবার যে প্রচেষ্টা করছেন, তার বিরুদ্ধে পশ্চিম বাংলার সরকারের তরফ থেকে যে জোরালো প্রতিবাদ হওয়া উচিত ছিল, সেই জোরালো প্রতিবাদ হচ্ছে না কেন? টাকা দিচ্ছি সবচেয়ে বেশি আমরা। টাকা সবচাইতে বেশি আমাদের দিতে হচ্ছে, কিন্তু আমরা নিরব দর্শক হিসাবে দাঁড়িয়ে আছি। এর জন্য কি দায়ী আমাদের মেরুদণ্ডহীন সেচ মন্ত্রী নন? উনি কি এর বিরুদ্ধে যে কথাটা বলা দরকার পশ্চিম বাংলার স্বার্থের জন্য, তাঁর মুখ থেকে যে কথা পশ্চিম বাংলার মানুষ আশা করে, সেই কথা তিনি বলতে পারেন না কেন? সেই সাহস তাঁর নেই কেন? এই সৎ সাহস তার নেই কেন? আমাদের কাছে অসত্য ব্যাপার পরিবেশন করে বাংলা-দেশের মানুষকে ভুল বোঝাবার চেষ্টা করা হয় কেন? সেই ভুল না বুঝিয়ে আজ দামোদর ভ্যালী সংস্থার ভিতরে যে দুর্নীতি, অপব্যয় চলেছে এবং বাংলার স্বার্থকে ক্ষতি করবার যে চেষ্টা হচ্ছে তার বিরুদ্ধে দাঁড়াবার সৎ সাহস আপনার নেই কেন? ডাঃ বিধানচন্দ্র রায় আজ নেই। তিনি যতদিন ছিলেন, তিনি বারবার চেষ্টা করেছেন বাংলার স্বার্থ যাতে রক্ষিত হয়, এবং তিনি জোর করে কেন্দ্রের কাছে বাংলার স্বার্থের কথা বলেছেন। কিন্তু আজ ডাঃ রায় নেই, তাঁর সমস্ত দায়িত্ব আজ এসে বর্তিয়েছে অজয়বাবুর উপর। তখনও অজয়বাবু সেচমন্ত্রী ছিলেন, কিন্তু, ডাঃ রায় তাঁর এই মেরুদণ্ডহীনতার জন্য বারবার তাঁর পাশে গিয়ে দাঁড়িয়েছেন এবং বাংলার স্বার্থ রক্ষা করবার জন্য চেষ্টা করেছেন। আজকে সেই লোক নেই, তাই আজ দেখছি যে পশ্চিম বাংলার স্বার্থ আর রক্ষিত হচ্ছে না। দামোদর ভ্যালী করপোরেশনের ভিতর এই ধরনের ঘটনা ঘটছে এবং সেখানে অফিসার চক্র, আই সি এস চক্র সৃষ্টি হয়েছে; এবং সেই আই সি এস চক্রের উপর দাঁড়িয়ে তারা নিজেদের সুখ-সুবিধা চারিদিকে করে নিচ্ছে। এইটাই হচ্ছে আজকে মূল দামোদর ভ্যালী সংস্থার বিরুদ্ধে দেশের লোকের বিদ্বেষ, এবং বিক্ষোভ এই জায়গায় এসে দাঁড়িয়েছে। শুধু আমাদের কথা এটা নয়, কেন্দ্রীয় সরকারের শ্রীকৃষ্ণমাচারী, তিনিও এই কথা বলেছেন যে দামোদর ভ্যালী সংস্থা এমন হল তাকে ভেঙ্গে দেওয়া হোক, আইনকে পালটে দেওয়া হোক, আইনকে তুলে দেওয়া হোক বা নূতনভাবে ঢেলে সাজানো হোক। আমরা এখানে পশ্চিম বাংলার বিধানসভায় দাঁড়িয়ে বহুবার বলেছি আই সি এস তন্ত্র দিলে হবে না। দামোদর ভ্যালী পরিকল্পনাকে যদি ঠিক ঠিকভাবে দেশের কার্যে রূপায়িত করতে হয়, যদি দামোদর ভ্যালী সংস্থাকে দেশের স্বার্থে নিয়োজিত করতে হয় তাহলে ঐ কুখ্যাত আই সি এস অফিসারদের দিয়ে হবে না। যারা গুলি মেরে মানুষকে হত্যা করেছে—কোচবিহারে, তারা কি করে বুঝবে চাষীর বুকের জ্বালা, তাদের যদি এর মাথায় বসিয়ে রাখা হয়? এস লাল ও এইচ এন রায়ের মত লোক এবং ঐ গোপলানির মত অসাধু লোককে যদি এর মাথায় বসিয়ে রাখা হয়, তাহলে এই সংস্থা এই কাজ ছাড়া আর কি কাজ করতে পারে। তাই আজ পশ্চিম বাংলার মানুষের দাবী এস লাল, এইচ এন রায় ও গোপলানি, তাদের অপসারণ করা হোক। তাদের অপসারণ আজই বাংলার মানুষ দাবী করছে, এবং এই কাজ আজকে করা দরকার। স্যার, যে কথা আজকে ডাঃ ভট্টাচার্জী বলেছেন, আমিও সেই কথা বলতে চাই, দুটো কমিটি হওয়া দরকার। স্যার, এই যে অফিসার চক্রের যে দুর্নীতি, টাকা অপচয়, স্বজনপোষণ এবং অপব্যয়, তার জন্য একটা এনকোয়ারি কমিটি করা উচিত। দোষী যদি তারা সাব্যস্ত হয় তাহলে তাদের উচিত শাস্তি দিতে হবে, না দিলে চলবে না। এর জন্য একটা কমিটি—আর একটা কমিটি করতে হবে। এইসব অসাধু লোকগুলিকে সরিয়ে দিয়ে, কি করে এই পরিকল্পনাকে ঠিক ঠিকভাবে কাজে লাগানো যায় তার জন্য ইঞ্জিনীয়ার-ইকনমিস্ট, এই ধরনের সাধু লোকদের নিয়ে কমিটি গঠন করতে হবে। তারা দামোদর ভ্যালী করপোরেশনকে বাস্তবে রূপায়িত করবে। এই কাজ করবার জন্য বা সাজেসশান দেবার জন্য যে সৎ সাহসের প্রয়োজন, তা মাননীয় মন্ত্রীমহোদয়ের আছে

কিনা আমি আপনার মাধ্যমে জানতে চাই। যদি তা করতে চান, তাহলে আপনার মেরুদণ্ড সোজা করে দাঁড়ান। কোটি কোটি টাকা পশ্চিম বাংলার মানুষের, আমাদের মাধ্যমে বাজেটে পাশ করে নিয়ে যাবেন, আর পশ্চিম বাংলার লোক পশ্চিমবঙ্গের স্বার্থের জন্য দাঁড়িয়ে কথা বলতে পারবেন না, এই জিনিস পশ্চিম বাংলার মানুষ আর বেশিদিন সহ্য করবে না। তাই বলি, আপনি সোজা হয়ে দাঁড়ান, আমরা সব আপনার পিছনে দাঁড়াবো এবং এই পরিকল্পনা যাতে স্বার্থকরূপে রূপায়িত হয়, সেই পথে আমরা আপনার সঙ্গে এক সাথে চলবো। এই কথা বলে, আমার বক্তব্য শেষ করছি।

[2-40—2-50 p.m.]

Shri Nagen Dolui:

মাননীয় স্পীকার মহাশয়, আমি যে কেন্দ্র থেকে এসেছি সে কেন্দ্রের নাম হচ্ছে ঘাটাল। এবং এই ঘাটাল কেন্দ্রে ঘাটাল মহকুমার জনসাধারণ আশা করেছিল যে ব্রিটিশ সাম্রাজ্যবাদ চলে যাবার পর, স্বাধীন দেশের সরকার আমাদের প্রতি বৎসর বন্যায় যে ফসল নষ্ট হয় সেই ফসল এবং আমাদের কৃষকদের এই বন্যার হাত থেকে বাঁচিয়ে যাতে তারা সুখে শান্তিতে বাস করতে পারে তার ব্যবস্থা করবেন। কিন্তু দুঃখের কথা ১৫ বৎসর কেটে গেল আজকেও দেখতে পাচ্ছি প্রতি বৎসর শীলাবতীর বন্যায় এই ঘাটাল অধিকাংশ ফসল নষ্ট হয়ে যাচ্ছে। শুধু ফসল নষ্টই নয় এই বন্যায় কৃষকদের বাস্তুভিটা এবং রাস্তাঘাট পর্যন্ত নষ্ট হয়ে যায়। এই বন্যার তিন মাস কৃষকদের যে কি অবস্থা হয় তা মন্ত্রিমহাশয় অনুভব করতে পারবেন না। তিনি যদি এই বর্ষার তিন মাস সেখানে গিয়ে বাস করেন তাহলে তাদের অবস্থা নিশ্চয়ই বুঝতে পারবেন। স্পীকার মহাশয়, এই বন্যায় প্রতি বৎসর কৃষকরা সর্বহারা হয়ে যায়। আমরা দেখতে পেয়েছি গত বৎসর বন্যায় যখন সেখানে কৃষকদের প্রচুর ফসল নষ্ট হয়ে গেল তখন তাদের কিছু রিলিফ দেওয়া হয়েছিল। এবং সেই ঘাটাল মহকুমায় আমরা দেখছি যে যারা রিলিফ নিয়েছিল তাদের গরু বাছুর সমস্ত ক্রোক করে নিয়ে তাদের সর্বস্বান্ত করে দেওয়া হয়েছে। স্পীকার মহাশয়, সেখানকার লোকেরা আশা করেছিল বন্যার সময় কৃষকদের অবস্থার যে সঙ্কট দেখা যায় তাতে অন্ততঃ তাদের খাজনাটা ছেড়ে দেওয়া হবে। কিন্তু আজকে দেখতে পাচ্ছি তাদের সর্বস্বান্ত করে দেওয়া হচ্ছে। আমাদের কৃষকরা আমাদের দেশের যে জাতীয় সমস্যা, আজকে ফসল ফলিয়ে সেই জাতীয় সমস্যার সমাধান তারা করতে পারত, দেশের খাদ্য সমস্যার সমাধান করতে পারত কিন্তু তা হচ্ছে না। আজকে ঘাটালে যে তিনটি থানা, ঘাটাল, দাশপুর এবং চন্দ্রকোণা, এই তিনটি থানায় প্রতি বৎসর বন্যা হয়ে সেখানকার খাদ্য ফসল নষ্ট করে দিচ্ছে। এবং এর জন্য এই মন্ত্রী দপ্তর দায়ী। স্পীকার মহাশয়, মাননীয় সেচমন্ত্রী মহাশয় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে বন্যা বন্ধ করবার জন্য তিনি একটা ব্যবস্থা করবেন কিন্তু এখন দেখছি তাঁর প্রতিশ্রুতির কোন মূল্য নেই। আমাদের ওখানকার জনসাধারণ দাবী করেছিল যে শীলাবতী নদীর বন্যার যদি কোন ব্যবস্থা না করতে পারেন তাহলে সেখানে অন্ততঃ যে চন্দ্রেশ্বর খালটা আছে সেই খালটা কাটার ব্যবস্থা করুন। চন্দ্রকোণার হাজার হাজার মানুষ তারা দাবী করেছিল রূপনারায়ণে যে বালি পড়ে প্রতি বৎসরে তা সংস্কার করে দেওয়া হোক তাহলে ঘাটাল মহকুমার যে ফসল নষ্ট হয়ে যায় তা রক্ষা করা যাবে। কিন্তু আজ পর্যন্ত মন্ত্রিমহাশয় সেই ঘাটালের প্রতি কোন দৃষ্টি দেননি। এর আসল কারণ কি সেটা মন্ত্রিসভা পরিষ্কার করে বলুন যে এই ঘাটাল মহকুমায় বন্যা নিরোধ করার ব্যবস্থা করবেন কিনা। মাননীয় স্পীকার মহাশয়, আর একটা জিনিস দেখতে পাচ্ছি দাশপুর থানার ৩নং, ৪নং ইউনিয়নে জলসেচের ব্যবস্থা না থাকায় এই ইউনিয়নের ফসল প্রতি বৎসর নষ্ট হচ্ছে। বারবার মন্ত্রিমহাশয়ের কাছে ধর্ণা দিয়েও আজ পর্যন্ত কোন উপকার পাওয়া যায়নি। তারপর দাশপুর ৯নং ইউনিয়নে জল নিকাশের জন্য একটা স্লুইস গেট তাড়াতাড়ি বসান দরকার। গাজিখালের আজ পর্যন্ত ব্যবস্থা করা গেল না, সেখানে ফসল নষ্ট হয়ে যাচ্ছে। তারপর আর একটা কথা বলতে চাই আপনার মাধ্যমে যে জল সেচের ব্যবস্থা ঠিক ঠিকমত না থাকার ফলে বহু ফসল নষ্ট হচ্ছে। সেখানে ৭নং ইউনিয়নে একটা স্লুইস গেট দরকার, এজন্য হাজার হাজার দরখাস্ত করা হয়েছে, কিন্তু এই ব্যবস্থার

দিকে মন্ত্রিমহাশয় দৃষ্টি দেননি। আপনার মাধ্যমে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, তিনি যেন শীলাবতী নদীর বন্যা নিবারণ করার জন্য দৃষ্টি দেন। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Girish Mahato:

বহু বিঘোষিত বড় বড় জলাধার ও বড় বড় প্রোজেক্টগুলির নির্মাণ পরিচালনা এবং তার দ্বারা জনকল্যাণের ফলাফল কি দাঁড়িয়েছে এবং দাঁড়াচ্ছে আজ আর তা কারো অবিদিত নেই। এই সবগুলির এক একটি স্কীম বহু অপচয়, বিশৃংখলা ও অযোগ্যতার নিদর্শনরূপে খ্যাত হ'য়ে উঠিলেও ভোটের বাজারে কংগ্রেসের হাতে মাছের টোপ ফেলবার এইগুলিই একমাত্র অবলম্বন আমাদের জেলার কাঁসাই বাঁধ পরিকল্পনা এই জাতীয় একটি জিনিস। আমরা জানি না অন্তিমে ব্যাপক সেচ সরবরাহের ভূমিকায় কাঁসাই পরিকল্পনা কি রূপ নিয়ে দাঁড়াবে; তবে আজ আমরা জানি যে, ভবিষ্যতে বহু মানুষের কল্যাণের নামে আজ বহু মানুষকে তাদের চিরকালের আবাস ভূমি থেকে উচ্ছেদ করা হচ্ছে। এই নিতান্ত দুঃখজনক ব্যাপারটিকে গভীর সহানুভূতির সংগে দেখে তাদের উপযুক্ত ক্ষতিপূরণ এবং উপযুক্ত পুনর্বাসনের দ্রুত সুষ্ঠু ব্যবস্থা করাই সরকারের করা উচিত ছিল। কিন্তু, কাঁসাই বাঁধের কারণে উদ্বাস্তু গ্রামবাসীদের উপযুক্ত ক্ষতিপূরণ ও পুনর্বাসন ব্যাপার বিষয়ে সরকারের দিক থেকে যে বিশৃংখলা ও অব্যবস্থা যে বিভ্রান্তি ও চক্রান্ত এবং সর্বোপরি যে রাজনীতি চলছে তা যেমন দুঃখজনক, তেমনি তা গভীর নিন্দাজনক। মানুষের বিপন্ন অবস্থার সুযোগ নিয়ে রাজনৈতিক উদ্দেশ্য সাধনের খেলা শুধু নিন্দাজনক নয় নিতান্তই অপরাধজনক বলেই আমরা মনে করি। ক্ষতিপূরণ ব্যাপার নিয়ে যখন বহুজনের কাছ থেকে বহু রকমের অভিযোগ আমাদের কাছে আসে তখন আমরা ঐ সকল অঞ্চলে ব্যাপক তদন্ত করে জানতে পারি যে, বহু পুরাতন দলিল ও পড়চার নজিরে ভূমির শ্রেণী নির্ধারণ ক'রে ক্ষতিপূরণের যে হার দেওয়া হচ্ছে তা সত্যই অন্যায়জনক। একসংগে ক্ষতিপূরণের অর্থ না দিয়ে কিস্তিবন্দী দেওয়ার ফলে গ্রামবাসীদের সেই অর্থ পুনর্বাসনের কাজে লাগাতে বিশেষ অসুবিধে হচ্ছে এবং সময়ে কাজে লাগাতে না পেরে সংসারের অন্য কাজে ভেংগে ফেলে তারা ঘোরতরভাবে ক্ষতিগ্রস্ত ও বিপন্ন হচ্ছে। ক্ষতিপূরণের অর্থ নিরাপদ স্থানে রাখবার উপায় এবং বিধিবিধান না জানার জন্য গ্রামবাসীদের বহুজনে প্রতারকদের হাতে পড়ে বহুভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং হচ্ছে। আমরা এও জানতে পারি যে, ক্ষতিপূরণের অধিকার বিষয়ে কয়েকটি শ্রেণীর হকদারদের দাবী অনিশ্চিতভাবে ঝুলছে। আমরা তদন্তে আরো জানতে পাই যে, বহুজনের ক্ষতিপূরণ নির্দেশপত্রে ক্ষতিপূরণের হার ও যুক্তি কিছুই উল্লিখিত নেই। এইভাবে বিচিত্র পদ্ধতিসমূহ অনুসৃত হয়ে চলেছে। এবং সর্বোপরি, ক্ষতিপূরণ পাবার সমগ্র ব্যবস্থা ধারাটাই অত্যন্ত বিশৃংখলাপূর্ণ হয়ে রয়েছে যার ফলে সরল সাদাসিধে গ্রামবাসীদের অন্তহীন হায়রানিতে খরচ ও ক্ষতির মধ্যে পড়তে হয়েছে। আমরা এইসব অভিযোগের বিষয়ে যেমন ব্যাপক তথ্য সংগ্রহের কাজ করলাম—তেমনি আমরা ঐসকল অঞ্চলে কয়েকটি বৃহৎ জনসভা করে ঐসকল অভিযোগের সত্যতা আমরা যাচাই করে নিলাম। এবং ঐসকল বিষয় নিয়ে স্থানীয় কর্তৃপক্ষের মাননীয় সেচমন্ত্রীর সংগে কয়েকবারই আমরা দেখা সাক্ষাৎ করলাম। এবং জনগণের অভিযোগসমূহ জানালাম কাঁসাই বাঁধ পরিকল্পনায় আমাদের জেলায় যে অংশ বিপন্ন হচ্ছে আমি সেই অংশের আইনসভা নির্বাচন ক্ষেত্র থেকে নির্বাচিত হয়েছি। সুতরাং দায়িত্ব আছে। এবং লোকসেবক সঙ্ঘের প্রার্থীরূপে আমি যখন সদস্য হয়েছি তখন এ বিষয়ে দায়িত্ব রয়েছে। সেই কারণে এবং জনগণের বিষয়ে আমাদের সকলের স্বাভাবিক দায়িত্ব থাকার কারণে আইনসভা সদস্য হিসাবে আমাদের সহযোগে আমাদের সঙ্ঘের সচিব ঐ সকল তদন্তে ও সরকারী যোগাযোগসমূহে অংশ গ্রহণ করেন।

[2-50—3-10 p.m.]

আমাদের যোগাযোগের ফলে অবশেষে মাননীয় সেচমন্ত্রী সমস্ত ব্যাপার পরিদর্শন ও সমস্ত অভিযোগের তদন্ত করতে সংশ্লিষ্ট অঞ্চলে যাবেন এই প্রতিশ্রুতি দেন। ঐ প্রস্তাবিত পরিদর্শন ও তদন্তকালে আমাদের উত্থাপিত অভিযোগসমূহের সংগে জড়িত তথ্যাদি ও দৃষ্টান্তগুলি উপস্থাপিত করার প্রয়োজন ঘটবে—এই মনে করেই আমরা সকল তথ্যাদি একত্রে সংগ্রহ ও

সুসংবদ্ধ করে রাখবার কাজে প্রবৃত্ত হই এবং ঐ স্থানের জনসাধারণ স্বাভাবিকভাবেই ধারণা করেন যে প্রয়োজনীয় বক্তব্য ও তথ্যাদি আমাদের কাছেই সররাহ করবার প্রয়োজন রয়েছে। এবং তদনুসারেই তাঁরা আমাদের সঙ্গে যোগাযোগ করতে থাকেন। এবং আমরা সকলেই মন্ত্রি-মহোদয়ের পরিদর্শন ও তদন্তের সংবাদ ও তারিখের জন্য প্রতীক্ষায় থাকি। তার পরেই এক অবিশ্বাস্য ঘটনা ঘটে গেল। মন্ত্রিমহোদয়ের সঙ্গে যারা যোগাযোগ করলে, তাঁকে যারা আমন্ত্রণ করল, তাঁর কাছে যারা বহুবিধ অভিযোগ পেশ করল এবং সংশ্লিষ্ট তথ্যাদিসমূহ নিয়ে যারা মন্ত্রিমহোদয়ের আগমনের প্রতীক্ষায় রইল ঠিক সেই ব্যক্তিগুলিকেই বিন্দুমাত্র কোনো খবর না জানিয়ে মন্ত্রিমহোদয় সহসা একদিন গুটিকতক কংগ্রেসী অনুচর ও অফিসার সঙ্গে করে তথ্য-কথিত তদন্তে গিয়ে হাজির হলেন। এবং এহেন সঙ্গতিহীন অসমীচীন তদন্তের ফলাফল যা হয় তাই হোল। অর্থাৎ মন্ত্রিমহোদয়ের বিশেষ উদ্দেশ্যই সাধিত হল। জন অভিযোগের এই সমস্ত ব্যাপার যিনি পরিচালনা করছিলেন—লোকসেবক সঙ্ঘের সেই সচিবকে সংবাদ দেওয়া দূরে থাক—আফি এই অঞ্চলের আইনসভার সদস্য আমাকে পর্যন্ত এই তদন্তের বিষয়ে কোনো সংবাদ না জানিয়ে আমাকে আমন্ত্রণ না করে আমাকে এড়িয়ে, অর্থহীন এই তদন্ত অনুষ্ঠিত হোল। যাদের অভিযোগক্রমে ও আমন্ত্রণে এই তদন্ত অনুষ্ঠিত হোল তাদেরই বাদ দিয়ে অনুষ্ঠিত তদন্তের মূল্য কোথায় রইল। অভিযোগকারী হিসাবে সঙ্ঘের সচিবকে ও আমাকে তদন্তে উপস্থিত হবার জন্য আমন্ত্রণ জানানো মন্ত্রিমহোদয়ের পক্ষে নিতান্তই সমীচীন ছিল।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment.*]

[3-10—3-20 p.m.]

Shri Sishuram Mondal:

মাননীয় স্পীকার মহাশয়, সেচ বিভাগের মন্ত্রিমহাশয় সেচের জন্য যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন তাকে সানন্দে সমর্থন করছি। যদিও দেখা যাবে যে সেচের জন্য বহু জমি এখনও সেচ পরিকল্পনার উপকারের আওতায় আসেনি তাহলে আমরা যদি বিশ্লেষণ করি তাহলে দেখব যে স্বাধীনতার আগে যে আবাদী জমি যে পরিমাণ সেচের উপকার পেত। এই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে দেখা যাবে যে তার ৩ গুণ জমি এই সেচের উপকারের আওতার মধ্যে এসে গেছে। বড় বড় নদী উপত্যকায় বাঁধ দিয়ে যে সেচ পরিকল্পনা হয়েছে তাতে এই সেচের উপকার বহু জায়গায় পেয়েছে। যেখানে কেবলমাত্র বাঁকুড়া জেলার তিনটি থানায় অনেক জমিতে জলসেচ দিয়েছে। সোনামুখী, পাত্রসায়ের, ইদান এইসব জায়গায় যদিও এই খালের জল দামোদর পরি-কল্পনা থেকে গিয়ে এইসব এলাকায় যেখানে ধান বহু মরে যেতো সেখানে এ বছর যথেষ্ট চেষ্টা হচ্ছে। এ ছাড়া বাঁকুড়া জেলার কাঁসাই পরিকল্পনার কাজ চলছে সেখানে ২৫ কোটি টাকা বরাদ্দ আছে যেটা প্রথমে শুনেছিলাম ৮ লক্ষ টাকায় শেষ হবে কিন্তু এখন শুনা যাচ্ছে আরও বেশি হবে, সেখানে কাঁসাই পরিকল্পনা সম্পূর্ণ হলে বাকুড়া এলাকায় ৪ লক্ষ একর জমিতে জল দিতে পারবে। হুগলি জেলার ৩৩ হাজার একর জমিতে জল দিতে পারবে। শিলামতী নদীতে বাঁধ বেঁধে প্রায় ১৫ হাজার একর জমিতে জল দিতে পারছে। এইভাবে দেখা যাচ্ছে যে সেচ বিভাগের মত একটা গুরুত্বপূর্ণ বিভাগ ক্রমশ আবাদী জমি বাড়িয়ে উত্তরোত্তর জলসেচের আওতার মধ্যে নিয়ে এসে আমাদের খাদ্য উৎপাদনে স্থিতিস্থাপকতা বিধানের চেষ্টা করে চলছে। এ ছাড়া আমরা দেখছি কাঁসাইয়ের উপর বাঁধ দিতে গিয়ে ১৫ হাজার লোক তাদের বাসগৃহ ছেড়ে চলে যেতে বাধ্য হয়েছে। তা সত্ত্বেও সেখানকার সেই জলাধার তৈরি হলে জমিতে জলসেচের সুবিধা হবে। তার জন্য যেসব ১৫।১৬ হাজার লোককে খুব উদারভাবে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করা হয়েছে। সেচমন্ত্রী বাঁকুড়া জেলার কংগ্রেস এবং জনসাধারণের অনুরোধে ২।৩ বার নিজে গিয়ে সেখানের দুরবস্থায় পতিত লোকদের সঙ্গে দেখা করে তাদের সঙ্গে দরদী বন্ধু হিসাবে তারা যাতে ক্ষতিপূরণের টাকা খুব উদারভাবে পান তার ব্যবস্থা করে এসেছেন। তা সত্ত্বেও বাঁকুড়া জেলার এখনও জলের যে অবস্থা সেখানে বড় বড় পরিকল্পনা হয়েছে। তা ছাড়াও বহু জমি অনাবাদী পড়ে থাকবে। যদি আরও জলসেচ ব্যবস্থা না বাড়ানো যায় তাহলে খুব অসুবিধা

হবে। ফরেস্ট ডিপার্টমেন্ট থেকে তাদের বনগুলি রক্ষা করবার জন্য চারিদিকে গেট দিয়ে জল নিয়ে যায়—সেখানে এ জিনিসটা প্রায় বন্ধ হয়ে গেছে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি। শুধু বাঁকুড়া নয় মেদিনীপুর জেলার এম এল এ-রাও আমাদের সঙ্গে যোগ দিয়ে চেষ্টা করেছিলেন কিন্তু সে বিষয়ে আমরা ভাল ফল পাইনি।

সেইজন্য বলবো একদিকে সেচের একটা দিক বন্ধ হয়ে গেছে যখন, তখন নূতন দিক যাতে আরো বের করতে পারা যায় সেজন্যও চিন্তা করা উচিত সেচ বিভাগের। সুখের বিষয় গঙ্গাজলঘাটি থানার যে এলাকা থেকে আমি এসেছি, সেই এলাকায় আজ দু-তিন বছর ধরে একটি জোড়া বাঁধ দিয়ে একটা জলাধার তৈরির একটা সমীক্ষা করা হচ্ছে। তেমনি বড়জোড়া থানায়, মালিয়াড়া জোড়বাঁধ, তপ্তরা জোড়বাঁধ, গঙ্গাজলঘাটি জোড়বাঁধ, জোড়বাঁধ শালি এই কয়টি নিয়ে এখনো সমীক্ষা চলছে আজ দু-তিন বছর ধরে। আমি আশা করেছিলাম এই বছরের বাজেটে সেগুলি কার্যে পরিণত হচ্ছে দেখতে পাব। কিন্তু দেখা যাচ্ছে সেই পরিকল্পনাগুলি এখনো সম্পূর্ণ হয়ে ওঠেনি। তবুও আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো বিশেষভাবে যে বাঁকুড়া জেলার এই অঞ্চলগুলি ছাতনা, ইনপুর, শালতোড়া, মেজো, গঙ্গাজলঘাটি, বড়জোড়া এইসব এলাকায় বড় বড় নদী বাঁধ দেওয়ার মত সুযোগ সুবিধা নাই। কিন্তু এইরকম ছোট ছোট জোড়াবাঁধগুলি যদি মাইনর ইরিগেশন স্কীম-এর মধ্যে নিয়ে সরকার কার্যে পরিণত করেন তাহলেও বহু একর জমিতে জল দিতে পারবেন এবং বাঁকুড়া জেলারও বহু উপকার সাধিত হতে পারবে। এইরকম একটা গুরুত্বপূর্ণ বিভাগ ও ছাঁটাইয়ের হাত থেকে রেহাই পায়নি প্রায় দেড় কোটি টাকার মত এবার ছাঁটাই হয়ে গেছে। কিন্তু তা সত্ত্বেও নূতন কাজ এবারও হবে সেচের ব্যাপারে হবে, জলনিষ্কাশনের ব্যাপারে হবে জানি। এজন্য আমি সেচমন্ত্রীর বাজেটকে অভিনন্দন জানিয়ে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

Shri Syed Abul Mansur Habibullah:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ মাননীয় সেচমন্ত্রীর বাজেট বরাদ্দ প্রস্তাবের বিরোধিতা করবার মারফত আমি সেচের অবস্থা বিশেষ করে আমাদের বর্ধমান জেলার জলসরবরাহের অবস্থা এবং ডি ভি সি কর্তৃপক্ষের সঙ্গে আমাদের ইরিগেশন বিভাগের যে বিতণ্ডা এটা যদি চলতে থাকে, তাহলে কৃষকরা বিশেষ করে ক্ষতিগ্রস্ত হন সে দিকটা আমি তুলি ধরতে চাই। অন্যান্য সদস্যরা অনেক কথা বলেছেন। কিন্তু এই ডি ভি সি বর্ধমান জেলার অশেষ উপকার সাধন করেছে, এই কথাটা বিভিন্নভাবে সংবাদপত্রে ও সব জায়গায় বারে বারে প্রচার করা হয়। উপকার যে কিছু হয়নি একথা কেউ বলে না। কারণ নিশ্চয়ই যখন বৃষ্টির জল হয় না তখন কৃষক ক্যানেলের জলের জন্য ব্যাকুল হয়ে ওঠে। যে এলাকায় ক্যানেল নাই, সেখানে ক্যানেল পাবার জন্য তারা ব্যাকুল হয়ে আছে। সেই জন্য সেচমন্ত্রী দাবী করতে পারেন—এই তো প্রমাণ যে আমাদের ক্যানেল খুব উপকার করছে। কিন্তু আর এক দিক থেকে আজকে ডি ভি সি পরিকল্পনা সম্বন্ধে এমন কি বর্ধমান জেলার কৃষকদের জিজ্ঞাসা করেন যাঁরা ওল্ড অ্যান্ডারসন ক্যানেল-এ অভ্যস্ত ছিলেন, তাঁরা বলবেন যে তখনকার দিনে ফার্স্ট জুন থেকে জল পাওয়া যেত। আজকে ফার্স্ট জুলাই থেকে জল দেওয়ার ব্যবস্থা চালু হয়। কার্যতঃ গিয়ে পেঁছায় ১৫ই জুলাই-এর আগে জল পেতে পারি না, বিশেষ করে টেল য়েন্ড আমাদের মন্তেশ্বর এলাকায়; সেটা ডি ভি সি-র টেল য়েন্ড এলাকা, সেখানে জল আসতে এত দেরী হয় যে জনসাধারণ অস্বাভাবিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। সবচেয়ে মজা হচ্ছে এই, ডি ভি সি আইনে এমন কোন বিধান নাই যে, যাঁরা আগে জল পাবেন, তারা আজ ট্যাক্স দেবেন এবং যাঁরা পরে জল পাবেন এবং যাঁরা জল পাবেন না সবাই ট্যাক্স দেবেন। এমন বহু জায়গা আছে, যেখানে জল পাচ্ছে না, মোটেই, অথচ তাদের জলকর ধার্য হয়েছে। আপনারা অনেকে হয়ত জানেন যে এই নিয়ে অনেকে হাইকোর্টের শরণাপন্ন হয়েছেন, হাইকোর্টের রুল নেওয়া হয়েছে—যাতে এই রকম অন্যায়গুলি না চলে।

এ ছাড়া আরো অনেকগুলি জিনিষ আছে যাতে দেখলে দেখা যাবে ডি ভি সি হয়ে আমাদের খুব উপকার হচ্ছে এই যে একটি ধারণা তৈরী হয়েছে এটা সম্পূর্ণ সত্য নয়। যেমন ধরুন বহু জায়গায় সেচ পুষ্করিণীগুলি পর্যন্ত উঠে গেছে। এই বছর আশ্বিন-কার্ত্তিক মাসে এমন একটি অবস্থা দাঁড়ালো যখন জল বন্ধ করে দিয়েছে ডি ভি সি কর্তৃপক্ষ; তখন সেচমন্ত্রীর কাছে

টেলিগ্রাম করেছি সমস্ত জায়গায় হাহাকার; সকলে বলতে লাগলো যে আমাদের যে সেচ-পুষ্করিণীগুলি ছিল, তাতে আগে জল ধরে রাখবার যে ব্যবস্থা ছিল, সেটা এই ক্যানেল হওয়াতে মানুষ সেই সমস্ত পুকুর বুজিয়ে টুজিয়ে যেমন করে হোক আগে থেকে অকেজো হয়ে গিয়েছিল, এখন সেগুলিকে বুজিয়ে জমি করে ফেলেছে। ফলে সে আশাও বন্ধ হয়ে গেছে। এখানে আজকে এই সেচের জল নিয়ে বিশেষ করে ব্ল্যাকমার্কেট চলছে।

[3-20—3-30 p.m.]

মাননীয় মন্ত্রিমহাশয় আমাকে পত্রে জানিয়ে ছিলেন যে, এই যে জল পেল না তার কারণ হচ্ছে মন্তেশ্বর এলাকার কেন্দ্র দিয়ে যে জল যায় তার একটা এলাকায় চাষীরা নিজেরা বাঁধ দিয়ে জল আটক করে রেখেছে। কিন্তু আমি জানি চাষীরা এই কাজ করতো না যদি তাদের সময়মত জল দেওয়া হত। চাষীরা এই জল পান নি তার জন্য আমাদের ইরিগেশন ডিপার্টমেন্ট এবং ডি ভি সি কর্তৃপক্ষের মধ্যে মারামারি চলেছে। আমি দপ্তরে দপ্তরে ঘুরে আমার এই ধারণাটা হয়েছে যে, এই দুই দপ্তরের মারামারিতে চাষীদের কাছে জল বন্ধ হয়ে গিয়েছে। যখন আমাদের কর্তৃপক্ষ জল চান তখন ডি ভি সি বলেন আমরা জল দিতে পারবো না, আর যখন ডি ভি সি জল দেবে, তখন আমাদের কর্তৃপক্ষ জল নিতে পারেন না। এই রকম একটা বিতণ্ডার মধ্যে পড়ে সাধারণ চাষী মারা যেতে আরম্ভ করে। তার জমিতে তখন জল শুকিয়ে যায়, তখন লেখালিখি দরকার আরম্ভ হয় এবং তার জন্য ওভারসিয়ার থেকে আরম্ভ করে ক্যানেল কর্তৃপক্ষকে ঘুষ দেওয়া থেকে আরম্ভ করে সব কিছু চলে, তারপর জল ছাড়া হয়। এই জল ছাড়া হলে চাষীরা এক জায়গায় প্রথম জল পায় এবং তারা সেই জল আটক করে আবাদ করার চেষ্টা করে, এবং এই নিয়ে শেষ পর্যন্ত ফৌজদারী মারামারি দাঙ্গায় পরিণত হয়। এই সমস্ত বিষয়গুলি যদি বিচার করা যায় তাহলে দেখা যাবে, যেভাবে বলা হচ্ছে ডি ভি সি ইজ আনমিক্সড গুড, এই রকম ধারণা করার কোন কারণ নেই। সমস্ত জায়গায় এমন কতকগুলি অবস্থা সৃষ্টি হয়েছে যার জন্য আমরা অনেক জায়গায় ক্ষতিগ্রস্ত হয়ে যাচ্ছি। সেই ক্ষতির দিক থেকে কিছু বলা হলে বা সেই সমস্ত দাবীদাওয়া তুলতে গেলে, হবে হবে, হচ্ছে হচ্ছে, এই রকমভাবে সমস্ত জিনিষটাকে চেপে দেওয়া হয়। আমাদের মন্তেশ্বর, মেমারী এলাকার মধ্যে, মাননীয় সেচমন্ত্রী মহাশয় জানেন যে গাঙ্গুর এবং বেহুলা, এই দুই নদীকে আপনারা ডি ভি সি পরিকল্পনার ভিতর এনে তাদের যে জলনিকাশী ক্ষমতা, সেটাকে শুধু মেরে দেওয়া হয় নি, তার ফলে অনেক জায়গায় জল আটক পড়ে যায়, এবং তাতে যে জল নিকাশ হচ্ছে না, তার জন্য যে তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে তার জন্য ডি ভি সি থেকে কোন ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে না; এবং এর পরে দেখা যাবে যেখানে যেখানে ডি ভি সি-র বাঁধ মেরামত হচ্ছে সেখানে জমি জলে ভেসে যাচ্ছে। এই রকমভাবে অনেক জায়গা জলে ভেসে গিয়ে চাষীদের জমি ক্ষতিগ্রস্ত হয়, তার জন্য চাষীরা কোন ক্ষতিপূরণ পায় না। এবারে এই রকম বহু ঘটনা ঘটেছে।

আলুর এলাকা আমরা বাড়িয়েছি বলে গর্ব করছি, এটা খুব সত্য কথা। আলুর এলাকায় বহু জায়গায় জল দেওয়া হচ্ছে। কিন্তু আলুর জন্য যখন জল দেওয়া হচ্ছে, তখন সেখানে বাঁধগুলি কি অবস্থায় আছে, তা দেখা হচ্ছে না। ফলে আলুর জন্য যখন জল যায় তখন তৎসংলগ্ন প্রচুর জায়গায় পাকা ধানী জমি জলেতে ভেসে যায় এবং সেই জমির জলের ধানকে রক্ষা করা যায় না, ধান বিশেষ ভাবে ক্ষতিগ্রস্ত হয়। দেখা যায় বর্ধমান জেলায়, বিশেষ করে মেমারী এলাকায় প্রচুর ধানী জমির এই রকম অবস্থা হয়েছে, সেখানে আলুর চাষ করায়। এর জন্য বহু আবেদন নিবেদন করা হয়েছে এবং স্লুইস গেটগুলি মেরামত করবার জন্য আবেদন করা হয়েছে। আমাদের বলাতে এবং মন্ত্রিমহাশয়ের চেষ্টার ফলে কোন জায়গায় যে একটু আধটু রিপেয়ার হয় নি তা বলবো না, কিন্তু, কার্যতঃ দেখা গিয়েছে যে পরিমাণ চাষী ক্ষতিগ্রস্ত হচ্ছে তার জন্য চাষী কোন ক্ষতিপূরণ আশা করতে পারে না। বরং যতগুলি ট্যাক্স আছে, সব তার উপর চাপান হয়। এই অবস্থাটা ডি ভি সি এলাকার মধ্যে সমগ্র এলাকায় রয়েছে। আমাদের প্রধান কথা হচ্ছে যে একে তো আমরা ৭ লক্ষ একর জল দেবার জন্য ডি ভি সি করেছি এবং তার জন্য ১ লক্ষ একর জমি নষ্ট করেছি, তার উপর এই যে ক্ষতিগুলি হতে থাকছে, এর জন্য কি বিভাগীয় ব্যবস্থা করা হচ্ছে তা এখনও পর্যন্ত আমরা জানি না। কোন জায়গায় আবেদন

নিবেদন করলে এক-আধটি জায়গায় ব্যবস্থা করা হয় ছিটেফোঁটা। কিন্তু সমগ্র এলাকা ধরতে গেলে, যেখানে যে পরিমাণ চাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে, তার জমি যে পরিমাণ ক্ষতিগ্রস্ত হচ্ছে, তার জমিতে যে অবস্থা সৃষ্টি হচ্ছে তার থেকে কোন রকম পরিত্রাণ পাবার উপায় পাওয়া যাচ্ছে না। একটা কথা ধরা যাক, আমরা মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে বলেছি আপনি জল দেবার আগে এই সমস্ত বিষয়গুলি একটু চিন্তা করে দেখবেন। ১৫ই মার্চ থেকে ডি ভি সি জল বন্ধ করে দিচ্ছেন। তারা বলছে আর জল পাওয়া যাবে না। কারণ কি? না, সেখানে রিপেয়ার হবে। অবস্থাটা কি? জুন মাসে যদি টেন্ডার দিয়ে রিপেয়ার হয় কোন জায়গায় খাল বা বাঁধ বা স্লুইস গেট, তাহলে সেই জমিতে জুলাই মাসে জল দেওয়া সম্ভব হতে পারে না। আমরা পূর্বে একটা প্রশ্ন তুলে ছিলাম, এবং তাতে আমরা বলেছিলাম এই কথা যে জল দেওয়ার আগে একটা ট্রায়াল দেওয়া হোক। কোন কোন জায়গায় জল যাচ্ছে বা যাচ্ছে না, তার জন্য একটা ট্রায়েল দিয়ে দেখা হোক। ডি ভি সি-র কর্তৃপক্ষ বলেন যে, আমাদের ইরিগেশন-এর কর্তৃপক্ষ এ প্রস্তাবকে একেবারে নাকচ করে দেন নি। কিন্তু ডি ভি সি-র কর্তৃপক্ষ বলেন যে আমাদের কাছে এত জল থাকে না যে আমরা এই রকম একটা ট্রায়েল দেবো। যদি ট্রায়েল জল না দেওয়া হয় তাহলে অন্ততঃ একটা গ্যারান্টি দেওয়া হোক যে এমন ভাবে বন্দোবস্ত করা হবে যে, জল নষ্ট হয়ে যাবে না, বা এত জমি ক্ষতিগ্রস্ত হবে না। আগের থেকে এই ব্যবস্থাগুলি করা হোক। কিন্তু তা ব্যবস্থা করা হয় না। আমি আগে যে কথা বললাম যে জুন মাসে টেন্ডার দেওয়া হয় যে কোন কোন জায়গা রিপেয়ার হবে। অর্থাৎ জুন মাস পর্যন্ত খবরের কাগজে দেখতে পাবেন যে টেন্ডার বেরোচ্ছে রিপেয়ারের জন্য, এবং সেই সময় যদি রিপেয়ার হতে থাকে, তাহলে নিশ্চয় জল যখন আসবে তখন এক জায়গায় খানায় পড়বে, জল কেউ পাবে না, এবং তাই নিয়ে চাষীরা মারামারি করবে। সেই মারামারি চাষীরা বহু জায়গায় করছে—আমরা প্রত্যক্ষ দেখছি। বলা হচ্ছে চাষীরা অন্যায় করছে। চাষীরা অন্যায় করে না, যদি জল ঠিক ভাবে, সঠিকভাবে সব জায়গায় দেওয়া হয়। কিন্তু চাষীরা অন্যায় করে না। যদি সঠিকভাবে জল সব জায়গায় দেওয়া হয় তাহলে চাষীরা এই অন্যায়ের মধ্যে যেতো না বলেই আমার নিশ্চিত ধারণা; কারণ চাষীরা এটুকু বোঝে। কারণ দেখা যায় কি, যেবার সেখানে মারামারি হয় তার পরইত সেখানে চাষীরা জল ছেড়ে দেয় অন্য লোকে পায়, যখন তাদের আবাদ হয়ে যায় তখন অন্য লোকে পেয়ে থাকে। এইজন্য আমি বলতে চাই একথা যে, ডি ভি সি কর্তৃপক্ষ এবং আমাদের ইরিগেশন ডিপার্টমেন্টের মধ্যে যে বিরোধ বর্তমান আছে সেই বিরোধের অবসানের একটা ব্যবস্থা করা উচিত। এবং আমাদের এই অবস্থা করা উচিত যে কি করলে আমাদের এলাকায় জল আমরা সঠিকভাবে পাই। অন্ততঃ ১৫ই জুন থেকে জল না পেলে কোন রকম সুষ্ঠুভাবে জল সরবরাহ হতে পারে না। এবং আশ্বিন-কার্তিক মাসে জলের ইনডেন্ট আগে থাকতে না দেওয়া থাকলে ঠিক চাহিদামত কখনও সরবরাহ হতে পারে না। এবং ডি ভি সি-র যখন মর্জি হবে জল ছাড়বে তখন আমাদের ধান শুকিয়ে যাবে এই অবস্থাটা চলতে দেওয়া উচিত নয়।

আমি আর একটা কথা বলবো যে কিছু কিছু জায়গায় ইতিমধ্যেই টেলিফোন ব্যবস্থা রাখা হয়েছে। যখনই জমির জল শুকিয়ে যাচ্ছে তখনই জল ছাড়ার ব্যবস্থা করা হয়েছে এই ব্যবস্থাকে আরো ব্যাপক করা উচিত। কারণ সময়মত রিপোর্ট পাঠান এবং সময়মত এর ব্যবস্থা হওয়া এভে দেখা যাচ্ছে যে অনেক সময় তা কার্যতঃ হয়ে উঠে না এবং যার জন্য ফসল যখন মরতে আরম্ভ করে তখন দুই দিন, তিন দিন, চার দিনের মধ্যে প্রচুর ফসল মরতে আরম্ভ করে এবং সেখানে জল তড়িঘড়ি যাওয়া একান্ত দরকার, সেজন্য এই সমস্ত ব্যবস্থা করা দরকার।

শেষকালে একটা কথা আমি না বলে পারছি না, আজকে আমাদের বর্ধমান জেলার যে কোন কৃষক এলাকার সঙ্গে পরিচিত যারা তাঁদের কাছে জিজ্ঞাসা করুন, তাদের সব চেয়ে মাথা ব্যথা হয়ে দাঁড়িয়েছে এই যে করের বোঝা কিভাবে তারা এই কর থেকে উদ্ধার পাবেন। এটা তারা যে কোন সময় এসে জিজ্ঞাসা করছে, আমাদের কাছে বলছে যে কিভাবে আমরা এ থেকে উদ্ধার পাই। অনেক বৎসরের কর যে জমে গিয়েছে সেটা অস্বীকার করার কিছু নেই। কিন্তু আজকে একথাও ঠিক যে আজকে ব্যাপকভাবে যে টাকা জমে গিয়েছে এবং তা উদ্ধার করার চেষ্টা যেভাবে আজকে হচ্ছে তাতে আমাদের চাষীদের বিশেষ করে অসুবিধা হচ্ছে। বিশেষ করে ভাগচাষী যাদের কোন

জমি জায়গা নেই, যখন জমির মালিকদের উপরে চাপ দেওয়া হচ্ছে তখন তারা ভাগচাষীদের উপর থেকে সুদে আসলে আদায় করার চেষ্টা করছেন। এর থেকে কিভাবে সাধারণ চাষী উম্ধার পায় সেদিকে চিন্তা করে ট্যাক্সের বোঝা বন্টনের ব্যবস্থা করা উচিত বলে আমি মনে করছি। এবং শেষ কথা এই যে, ডি ভি সি এলাকার সম্পূর্ণ ব্যবস্থাটাকে নূতন করে পর্যবেক্ষণ করা উচিত। তা না হলে এই যে অভাব অনটন চলতে থাকছে এটা শুধু আবেদন নিবেদন দ্বারা সম্ভব নয় একথা বলে আমি অবস্থাগুলির প্রতি দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Siddheswar Mandal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সেচমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন তার আলোচনা প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে দু'-চারটা কথা রাখতে চাই। প্রথমতঃ সেচমন্ত্রী মহাশয় যে আউটলুক নিয়ে তার পরিকল্পনার কাজ চালিয়ে আসছেন তা নীতিগত দিক দিয়ে সমর্থন করতে পারি না। তার কারণ হচ্ছে এ'র নীতি হচ্ছে টু ক্যারি কোল টু নিউক্যাসেল, তেলো মাথায় তেল দেওয়া। তিনি বলেছেন যে, দামোদর উপত্যকা পরিকল্পনা, ময়ূরাক্ষী পরিকল্পনা করেছেন, কংসাবতী পরিকল্পনা করেছেন, কাঁসাই পরিকল্পনা করেছেন, আরো কত আগাড়ুম বাগাড়ুম বলেছেন তা বলে আমি আমার অল্প সময় নষ্ট করতে চাই না। আমি এখন সেচমন্ত্রীর কাছে এই প্রশ্ন রাখতে চাই যে তিনি সুদূর গ্রামাঞ্চলে যেখানে বাংলাদেশের শতকরা ৯০ থেকে ৯৫ ভাগ লোক বাস করে সেই অঞ্চলের কৃষিকার্যের উন্নতির জন্য কি কি সেচ ব্যবস্থা করেছেন। অবশ্য আমি এই প্রসঙ্গে এটাও স্মরণ করিয়ে দিতে চাই তিনি হয়ত বলবেন যে আমি কৃষি বিভাগকে ১ লক্ষ টাকার কাজ ন্যস্ত করেছি এটা আমি জানি এবং জেনেই আমি তাঁকে প্রশ্ন করছি যে তিনি এই গ্রামাঞ্চলে চাষ ব্যবস্থার উন্নতির জন্য কি ব্যবস্থা করেছেন। প্রথমতঃ দেখা যায় গ্রামাঞ্চলে, বীরভূম জেলার অনেক থানা রয়েছে তার মধ্যে আমাদের বিশেষ করে রাজনগর, খয়রাসোল, দুবরাজপুর, ইনামবাজার, এই সমস্ত থানা অঞ্চলে সেখানে সেচ পরিকল্পনার কোন কাজ গ্রহণ করা হয়নি এবং সেখানে সেচের কাজ খুব পশ্চদ্পদ হয়ে রয়েছে, তার ফলে সেখানে প্রায়ই দুর্ভিক্ষ লেগে থাকে। এর দু'-তিন দিন আগে প্রশ্নোত্তরকালে ত্রাণ-মন্ত্রিমহোদয়া বলেছিলেন যে, হ্যাঁ, খয়রাসোল থানায় ব্যাপকভাবে দুর্ভিক্ষ হয়েছে এবং সেখানে ত্রাণকার্যের জন্য টেষ্ট রিলিফের ব্যবস্থা করা হয়েছে। এই অঞ্চলে শুধু এই বৎসরের জন্য দুর্ভিক্ষ নয়, এই রকম দুর্ভিক্ষ প্রায় বৎসরের পর বৎসর চলে আসছে। এবং এখানে উপযুক্ত সেচ ব্যবস্থা না থাকার জন্য কৃষিকার্য ব্যাহত হয় যার ফলে এখানে প্রায়ই দুর্ভিক্ষ লেগে থাকে।

[3-30—3-40 p.m.]

দ্বিতীয় হচ্ছে, তাঁর এবং আগের বাজেটে দেখেছিলাম হিংলি নদী পরিকল্পনার জন্য একটা বন্দোবস্ত ছিল এবং সেখানে নদী বাঁধ দিয়ে যে সমস্ত অঞ্চল পাওয়া যায় না সেই সমস্ত অঞ্চলে জল দেবার চেষ্টা করবেন। বর্তমান বৎসরের বাজেটে দেখছি সেটা বাদ দেওয়া হয়েছে—কী কারণে বাদ দেওয়া হয়েছে বুঝতে পারছি না। এ সম্পর্কে আমরা শুনছি বিহার গভর্নমেন্টের সঙ্গে আমাদের সরকারের মতানৈক্য হয়েছে যার ফলে হিংলি নদী পরিকল্পনা ব্যাহত হচ্ছে। আমার শেষ কথা হচ্ছে, তিনি তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন উত্তরবঙ্গে তিস্তা নদীতে একটা বাঁধ দেবার ব্যবস্থা করেছেন, তার ফলে পশ্চিম দিনাজপুরের চাষ আবাদের সুবিধা হবে, খাদ্যোৎপাদন বাড়বে। আমি বুঝতে পারছি না তিস্তাতে বাঁধ দিলে পশ্চিম দিনাজপুরের কি সুবিধা হবে। কারণ, তিস্তা নদী দিনাজপুরের ধার দিয়েও প্রবাহিত হয় নি। সেই জন্য মন্ত্রি-মহাশয় কিভাবে একথাটা বললেন সেটা তাঁর কাছে জানতে চাই। তা ছাড়া, আরেকটা কথা আমি বলতে চাই, আমাদের দেশে জলসেচের জন্য লিফট সিস্টেম অফ ইরিগেশন প্রার্তনের জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। এই বিজ্ঞানের যুগে অনেক নতুন যন্ত্রপাতি আবিষ্কৃত হয়েছে, সেগুলি আমাদের এখানে কাজে লাগান যেতে পারে।

Shrimati Niharika Majumdar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষিখাতে যে ব্যয় বরাদ্দ উত্থাপিত হয়েছে তাকে আমি সমর্থন করে প্রথমেই বলব যে, সেচ পরিকল্পনায় যে আমাদের দেশের বৃহৎ কল্যাণ সাধিত হয়েছে সেই বিষয়ে কোন দ্বিমত নাই। ভারতবর্ষে এখনো খাদ্যসমস্যা আছে। এই জরুরী অবস্থায় আমি মনে করি যে, যদি আমাদের দেশবাসীকে অধিক খাদ্য উৎপাদন করতে হয় এবং এজন্য আমরা বার বার তাদের কাছে আবেদন জানাচ্ছি—তাহলে সেচ দপ্তর এবং কৃষি দপ্তরের ব্যয় বরাদ্দ আরো বৃদ্ধি করা প্রয়োজন। পশ্চিমবঙ্গ খাদ্যের দিক থেকে ঘাটতি এলেকা থেকে যাচ্ছে—অন্য দিকে জনসংখ্যা দ্রুতগতিতে বৃদ্ধি পাচ্ছে। আমাদের এই পশ্চিমবঙ্গ কৃষিপ্রধান দেশ, কৃষিই হচ্ছে সারা বছরের একমাত্র জীবিকা। আজকে এখানে আপনারা মুখ্যমন্ত্রীর ভাষণে শুনেছেন যে, বীরভূমে ভালো ধান উৎপন্ন হত এবং সারপ্লাস এরিয়া বলে বীরভূমের এককালে খ্যাতি ছিল। কিন্তু এবারে বীরভূম ক্যানেলের নিকটবর্তী অঞ্চল ছাড়া অন্যত্র ভালো ধান উৎপন্ন হয় নাই। আজকে এই সমস্ত এলাকায় সাধারণ লোককে কিনে খেতে হচ্ছে। এজন্য জনসাধারণের মধ্যে বিক্ষোভ জমে উঠেছে এবং নানা জায়গা থেকে টেস্ট রিলিফ ও মডিফায়েড রেশন-এর জন্য আবেদন জানাতে আমাদের কাছে লোক আসছে। এজন্য আমরা অত্যন্ত চিন্তিত ও উদ্বিগ্ন হয়ে পড়েছিলাম। তবে আমাদের মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছেন যে, খাদ্য সমস্যা সমাধানের জন্য যথোচিত ব্যবস্থা অবলম্বন করা হবে। রিলিফের টাকা যা পাওনা ছিল সেগুলি মিটিয়ে দেবার জন্য কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুত হয়েছেন। বাংলার দুর্দিনে কেন্দ্রীয় সরকারের পক্ষে এটা সত্যিই প্রশংসনীয়। কারণ এতে আমাদের খাদ্য সমস্যা খানিকটা মিটবে।

এই জরুরী অবস্থার মধ্যে সরকারের তরফ থেকে পাওনা এক সঙ্গে মেটাবার জন্য জনসাধারণের উপর চাপ দিয়েছেন। জনসাধারণ যাদের দেবার ক্ষমতা আছে এবং জমিতে যারা জল পেয়েছে তারা দেবার জন্য প্রস্তুত আছে এবং দেবেও। কিন্তু কৃষকদের এমন অবস্থা যে তাদের সরকারের ঋণ সমস্ত একবারে শোধ ক'রে দেওয়া সাধ্যাতীত। সেচ ডিপার্টমেন্টে গিয়েও সাধারণ লোক কোন সাড়া পায় না। যেসব জমিতে জল পায়নি সে সমস্ত জায়গায় ট্যাক্স করা হয়েছে এবং রামের জমি শ্যামের ঘাড়ে চেপেছে। এইভাবে জনসাধারণের উপর ট্যাক্স চাপিয়ে এবং তাদের অযথা হয়রানি করে তারা সরকারের উপর বিরক্তি ভাব প্রকাশ করে। সরকারী কর্মচারী যাঁরা আছেন তাঁরা দেশবাসীর কাছে গিয়ে ভদ্রোচিত ব্যবহার করতে পারেন না বলে আমাদের খানিকটা অসুবিধার মধ্যে পড়তে হয়। সেজন্য গ্রামবাসীরা ঊর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট এবং মহকুমা শাসকের কাছে গিয়ে অভিযোগ জানান। তখন তিনি বলেন যে আমি কি করতে পারি দেখব। এসব অসুবিধার জন্য ক্যানেল ট্যাক্স আদায়ের অনেক বিঘ্ন ঘটেছে। বিরোধী পক্ষের বন্ধুরা অনেক কথা অনেকভাবে বলেছেন—নির্বাচনের সময় জনসাধারণের কাছে গিয়ে বলেছেন যে ভোট দাও, আমরা রাজা হলে তোমাদের ক্যানেল কর লাগবে না। এজন্য গত দু' বছর তারা বাকী রাখতে এ বছর অসুবিধায় পড়েছে। এই সুযোগে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা সরকারের অপপ্রচারের ব্যাপারে পঞ্চমুখ হয়ে দেশাত্মবোধের পরিচয় দিয়েছেন। কিন্তু তারা তাদের কথায় বিশ্বাস করে না, তারা তাদের স্বরূপ বুঝতে পেরেছে। আমাদের জনপ্রিয় মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন জানাব যে স্বাধীনতা ও দেশাত্মবোধে উদ্বুদ্ধ হয়ে স্বাধীনতা রক্ষার জন্য দুর্জয় সঙ্কল্প নিয়ে ভারতবর্ষের বৃহত্তর অংশের দেশবাসী এগিয়ে এসেছেন। সেই ভাইরা আসতো মধ্যবিত্ত ও অতি নিম্নশ্রেণীর এবং অতি দরিদ্র শ্রেণীর ভাইরা তাদের কথাই সর্বাগ্রে চিন্তা করবার জন্য। আজকে যদি তাদের বাঁচাতে পারেন তাহলে দেশ বাঁচবে। সেচমন্ত্রীর কাছে অনুরোধ জানাব যে যেসব এলাকায় ট্যাক্স ধার্য হয়েছে সেই ট্যাক্স যেন দুই কিস্তিতে দেওয়া যায় এবং যেসব এলাকায় জল পাইনি সেগুলি পুঙ্খানুপুঙ্খরূপে জেনে তাদের ক্যানেল-কর থেকে বাদ দেওয়া হোক এবং সমস্ত বকেয়া যারা মিটিয়ে দেবে তাদের সুদ হতে রেহাই দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। আমি অনুরোধ জানাচ্ছি যে রিলিফ-এর জন্য এম আর-এর দোকান এবং টি আর-এর কাজ অতি শীঘ্র ব্যাপকভাবে যাতে গ্রাম হতে গ্রামান্তরে ছড়িয়ে পড়ে সেদিকে তাঁরা যেন দৃষ্টি দেন। সরকার যদি গ্রামবাসীদের সঙ্গে সহযোগিতার সঙ্গে কাজ করেন তাহলে আমার মনে হয়, গ্রামেতে খাদ্যশস্য দ্বিগুণ বেড়ে যাবে।

[3-40—3-50 p.m.]

Shri Hrishikesh Halder:

মিস্টার স্পীকার, স্যার, দেশে উৎপাদন বৃদ্ধির জন্য নানা পরিকল্পনা করা হচ্ছে, উন্নত বীজ, ভাল সার প্রভৃতি সরবরাহ করা হচ্ছে এবং এর জন্য মোটা টাকা বরাদ্দ করা হচ্ছে। কিন্তু জল-নিকাশ ও জলসেচের অব্যবস্থার জন্য যেভাবে তা ব্যাহত হচ্ছে আমি সে সম্বন্ধে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি সুন্দরবন সম্বন্ধে বিশেষ করে দু'-একটা কথা বলবো। সুন্দরবনের অনেক সমস্যার মধ্যে বড় সমস্যা হচ্ছে জলনিকাশ সমস্যা ও বাঁধ মেরামত সমস্যা। সেখানে ঠিক সময়মত বাঁধ মেরামত হয় না বলে প্রতি বছর এই অঞ্চলে বাঁধ ভেঙ্গে লোনা জল ঢুকে, বহু জমির চাষ নষ্ট হয়। জল নিকাশের জন্য স্লুইস গেট প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম এবং যা আছে তার মধ্যে অনেকগুলি অকেজো। ছোট ছোট যে সমস্ত খাল আছে তা কিছুদিন যাবত সংস্কারের অভাবে সেগুলির এক রকম অস্তিত্ব লোপ পেয়েছে। আমি আমার এলাকা কুলপি থানার এই রকম দু'-একটা বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মথুরাপুর থানায় সাতপুকুরিয়া খালে যে স্লুইস গেট আছে সেটা মথুরাপুর এবং কুলপি থানার ৬।৭টি ইউনিয়নের জলনিকাশের একমাত্র পথ। এই স্লুইস গেটের ভিতরে এবং বাইরে ৩।৪ মাইল পলি জমার ফলে জলনিকাশ এক প্রকার বন্ধ হয়ে গেছে। ফলে ঐ এলাকায় ১০।১২ হাজার একর জমির ফসল প্রতি বছর নষ্ট হচ্ছে। এই স্লুইস গেট সংস্কারের জন্য বহুবার আবেদন-নিবেদন করা হয়েছে। কিন্তু এ সম্বন্ধে কিছু প্রতিকার হয় নি। ঝিকরা টেংরাবীচি নামে যে খাল কাটা হয়েছে সেই খালটি কাটা হয়েছে কিন্তু তার কোন পরিকল্পনা করে কাটা হয়েছে বলে মনে হয় না। তার কোন বকচর বা ব্রিম রাখা হয় নি। খালের একমুখ বাঁধা অন্য দিক দিয়ে জোয়ার-ভাঁটা খেলছে। খালের মুখে কোন স্লুইস গেট না থাকার জন্য বাঁধ ভেঙ্গে লোনা জল ঢুকে প্রতি বছর বহু জমির চাষ নষ্ট হচ্ছে। ১৯৬১ সালে মাননীয় সেচমন্ত্রী এই অঞ্চল পরিদর্শনে গিয়েছিলেন। সেখানকার জনসাধারণের কাছে তিনি ভাল করে জেনে এসেছেন। তিনি আশ্বাসও দিয়ে এসেছিলেন যে শীঘ্রই এগুলির প্রতিকার করবেন কিন্তু দুঃখের বিষয় এখনও পর্যন্ত কোন ব্যবস্থা হয় নি। কুলপি অঞ্চলে এই খালটা একটা অভিশাপ মত হয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে এই আবেদন জানাচ্ছি যে আমাদের এলাকার কুলপি থানার সাতপুকুরিয়া খালের সংস্কার এবং ঝিংরা টেংরাবীচি খালের সমস্যার সমাধান এখনই না হলে জনসাধারণের দুর্গতি চরমে পেঁছাবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Jugal Charan Santra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সেচমন্ত্রী এই সভার সামনে ১৯৬৩-৬৪ সালের ব্যয় বরাদ্দ পেশ করেছেন। তার পূর্ণ সমর্থন জানিয়ে আমি কিছু আপনার মাধ্যমে তাঁর কাছে নিবেদন করবো। স্যার, আপনি জানেন যে আমাদের পশ্চিমবাংলা কৃষির উপর নির্ভরশীল এবং কৃষি ও কৃষকের উন্নতি করতে হলে জলসেচ ব্যবস্থার প্রধান প্রয়োজন আছে। আমরা দেখেছি যে আগে চিরাচরিত প্রকৃতির উপর নির্ভর করে আমাদের এখানে চাষের ব্যবস্থা করতে হতো। সে যদি কোন সময় অনাবৃষ্টি হয়, তখন আর চাষ হয় না। আবার অতি-বৃষ্টিতেও চাষ হয় না। এই অবস্থার মধ্যে প্রকৃতির উপর নির্ভর করে আজ পশ্চিমবাংলার কৃষক এবং কৃষি এত দিন ধরে চলে আসছিল। কিন্তু স্বাধীনতা পাবার পর আমাদের সরকার কৃষির উন্নতির জন্য যখন চেষ্টা করছেন, তখন তাঁরা প্ল্যানিং কমিশনের নির্দেশমত নানা রকম বড় বড় প্ল্যানিং করে সেচের ব্যবস্থা করলেন। যেমন দামোদর ভ্যালী করপোরেশন, ময়ূরাক্ষী ইত্যাদি, এই সব পরিকল্পনা করে তাতে অনেক অনাবাদী জমি আবাদ করা হয়েছে এবং কৃষি ও কৃষকের মান উন্নত হয়েছে। তবে এটাও ঠিক—আরো যতটা আমাদের সেচ ব্যবস্থা করা দরকার, তা এখনো আমাদের সরকার করে উঠতে পারেন নি। তাহলেও আমার বিশ্বাস যেভাবে আমাদের সরকার অগ্রসর হচ্ছেন, এইভাবে যদি চলে, তাহলে অদূরভবিষ্যতে আমাদের সেচ ব্যবস্থায় ও খাদ্যে স্বয়ং-সম্পূর্ণ হতে পারবো।

মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমার কনস্টিটিউয়েন্সির আশেপাশের কয়েকটি অঞ্চলের সমস্যার কথা সেচমন্ত্রীর কাছে নিবেদন করব। প্রথম হল, বজবজ থানায় হুগলি রিভারের পূর্বদিকে গদখালি নামক জায়গায় একটা খাল আছে এবং সেই গদখালি খালে কোন স্লুইস গেট না থাকায় প্রতি বছর লোনা জল উঠে সেখানের হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হয়। এটা বহুদিনের সমস্যা, অনেকদিন ধরে হয় নি। সরকারী দপ্তরে সে সম্পর্কে লেখালেখি করা সত্ত্বেও আজ পর্যন্ত তার কোন সুব্যবস্থা হয় নি। অধিকন্তু যেখান থেকে খাল বেরিয়েছে, সেখানে এমব্যাঙ্কমেন্ট একশ ফুটের মত চওড়া। সেখানে এপার থেকে ওপারে আসতে হলে একটা বাঁশের সাঁকো পার হতে হয় এবং এই পারাপার হতে গিয়ে অনেক সময় অ্যাক্সিডেন্ট হয়েছে। বিড়লা জুট মিলের ২০।২৫ হাজার লোককেও সেই এমব্যাঙ্কমেন্টএর উপর দিয়ে যাতায়াত করতে হয়, হাটে-বাজারে আসতে হয়। এখানে স্লুইস গেট হলে দুটো কাজ হবে। এক লোনা জলের হাত থেকে ফসল রক্ষা করা চলবে এবং মানুষেরও যাতায়াতের সুবিধা হবে। যদি স্লুইস গেট করা সেখানে আপাতত সম্ভব না হয়, তা হলে অবিলম্বে সেই বাঁশের সাঁকোর বদলে সেখানে একটা কাঠের পুল করা হোক। তা হলে সেখানে লক্ষ লক্ষ লোকের অনেক দিনের একটা অভাব দূর হবে।

তারপর চড়িয়াল খাল—যেটা শুনলাম ১৫ লক্ষ টাকা খাল কাটবার জন্য মঞ্জুর হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় আজ দু-তিন বছর এই টাকা অ্যালটমেন্ট হয়েছিল, আজ পর্যন্ত তা কার্যকরী করা হয় নাই। চড়িয়াল খাল মজে যাবার ফলে, সেখানে অনেক সময় লোনা জলে ফসল নষ্ট হচ্ছে।

আর একটি দুঃখের কথা—চড়িয়াল খাল ডায়মন্ড হারবার রোডসাইড দিয়ে এসে বেহালা থানায় এসে পড়েছে। সেই রোডসাইড খাল বর্তমানে অনেক বড় বড় লোক সেখানে জমি কিনে বাগান-বাড়ি করে সেই খাল ভরাট করে দিয়েছে। তার ফলে হাজার হাজার বিঘা জমির ধান জলে পচে যাচ্ছে। এ সম্বন্ধে কোন কিছু হচ্ছে না। সরকারের কাছে আবেদন করব ঐ রোড-সাইড খাল যেটা ড্রেনেজএর কাজ করত, সেই ড্রেনেজ পরিষ্কার করে দিয়ে চড়িয়াল খালটা রি-এক্সকাভেশন করে যাতে হাজার হাজার বিঘা জমিতে ফসলের সুবন্দোবস্ত হয় তার ব্যবস্থা করবেন।

[3-50—4 p.m.]

তিন নম্বর হল আমাদের বিষ্ণুপুর অঞ্চল একটা ব্লক অঞ্চল। সেখানে নদীর জল আনার কোন সুবিধা নেই বা অন্য কোন ব্যবস্থা নেই। সুতরাং সেই জায়গায় কিছুসংখ্যক ডিপ টিউব-ওয়েল দিয়ে সেখানে যাতে চাষের ব্যবস্থা করা যায় তার জন্য চেষ্টা করুন।

আর একটা বিষয় হচ্ছে কাঁটাখালি খাল। সেখানেও ঐরকম স্লুইস গেট নেই। শুনেছিলাম যে, ঐখানে চার-পাঁচটা স্লুইস গেট বসানো হবে। কিন্তু আজ পর্যন্ত সে সম্বন্ধে কোন কিছু ব্যবস্থা করা হয় নি। এই কাঁটাখালি খাল কাটবার জন্য অনেক জায়গায় দুটো গ্রামকে ভাগ করে দেওয়া হয়েছে। এ গ্রাম থেকে ওগ্রামে যেতে হলে, সেখানে পারাপারির কোনরকম বন্দোবস্ত করা হয় নি। সেইজন্য আমি বলেছি যে, গোবিন্দপুর এবং শ্রীকৃষ্ণপুর—এই দুটো জায়গার মধ্যে অন্তত একটা কাঠের পুল যাতে করা যায় তার জন্য ব্যবস্থা সরকার করুন। এটা করলে ঐ অঞ্চলের মানুষের যাতায়াতের কিছুটা সুবিধা হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Jamini Bhusan Saha:

মাননীয় স্পীকার, স্যার, অতিবৃষ্টি হলে আমাদের কৃষকরা জল পায়, আর অনাবৃষ্টি হলে মাঠ শুকনো থাকে, এই অভিযোগ এখানে বহু সদস্য করেছেন। অতএব এই তো আমরা জানি যে, এটা আকাশের ধর্ম এবং সেই ধর্মই আমাদের সেচমন্ত্রী মহাশয় পালন করছেন। তা হলে আমরা করলাম কি? দশটা বছরে আমরা করলাম কি? বাংলাদেশের সেচব্যবস্থা দশটা বছরে কি হয়েছে? আমি ১৫ বছরের কথা বলছি না। কারণ, আমি প্রথম দুটো পরিকল্পনার কথা বলছি, দশ বছরের কথা বলছি। এখন দেখা যাক এটা। এটা মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় স্বীকার করবেন এবং আমরাও স্বীকার করি যে, কৃষি উৎপাদনের একটা সবচেয়ে বড় শর্ত হল জলসেচের ব্যবস্থা দ্রুত তালে করে ফেলা, তা না হলে কৃষির উন্নতি কিছুতেই হতে পারে না।

তাই যদি হয়, তা হলে দুটো পরিকল্পনার পর, আমরা দেখছি কি হয়েছে, না, বাংলাদেশের আবাদী জমির শতকরা ৭৫ ভাগ এখনও জলসেচ থেকে বঞ্চিত। দশ বছর আগে ২০ ভাগ ছিল, সেটা সামান্য বেড়ে এখন ২৫ ভাগ হয়েছে। এই ২৫ ভাগ আবাদী জমিতে জলসেচের ব্যবস্থা হয়েছে। এবং উত্তরবঙ্গ এলাকায়, সেখানে পাঁচটি জেলায় কোন ব্যবস্থাই করা হয় নি। পুরুলিয়া জেলায় ও নদিয়া জেলায়, সেখানেও কোন পরিকল্পনার ব্যবস্থা করা হয় নি। এই হল তাদের পরিকল্পনা। অর্থাৎ সারা রাজ্যে যেসমস্ত পরিকল্পনা করা হচ্ছে, তা খুব সীমাবদ্ধ পরিকল্পনা, এবং সেটা এক জায়গায় সীমাবদ্ধ। আর যাও সেচব্যবস্থা হয়েছে, অর শতকরা ২৫ ভাগ থেকে ৩০ ভাগ পর্যন্ত সব অব্যবহার্য, সেগুলি কাজে লাগে না।

দ্বিতীয় কথা হচ্ছে কি? না, ডি ভি সি এবং ময়ূরাক্ষীর পোটেনসিয়ালিটি যা হবার সম্ভাবনা ছিল সম্প্রসারণ করে, তার ৫০ ভাগও এখনও পর্যন্ত করতে পারা যায় নি। এই হল দশটি বছরের সংক্ষিপ্ত নির্যাস। যদি বলতে হয়, তা হলে সংক্ষেপে সত্য কথা বলব যে, বাংলাদেশের এই সেচব্যবস্থা করা হয়েছে এখন। এ ছাড়াও উল্টোদিকে কৃষকদের সাধারণভাবে কি অবস্থা হচ্ছে? যখনই কৃষক তার প্রয়োজনীয় উপযুক্ত পরিমাণ জল সরবরাহ চাইল, তখনই একটা আইন করা হল যে, জল তোমাদের কিনতে হবে এবং জলকর তাদের উপর চাপানো হয়েছে এবং সেইজন্য আইন করে। এমন কি খারিফ ও রবি শস্য যেসমস্ত জমি থেকে উৎপন্ন হয়, সেখানে জলকর ধার্য করা হচ্ছে সাড়ে বার টাকা থেকে ১৫ টাকা পর্যন্ত; এবং সেখানে জল নাও আর না নাও, এই জলকর তাদের দিতেই হবে; এটা তাঁরা ঠিক করেছেন। এ সম্বন্ধে অনেক সদস্য অভিযোগ করেছেন।

একটু আগের দিকে যদি ফিরে তাকাই তা হলে দেখতে পাব, দামোদর নদের যে পুরাতন খাল ছিল, সেই খালের জলের জন্য বৃটিশ আমলে আড়াই টাকা করে একর-পিছু কর দিতে হত এবং সেটা বাধ্যতামূলক ছিল না। কিন্তু এখন আমরা সেখানে দাঁড় করিয়েছি সাড়ে চার টাকা থেকে পাঁচ টাকা পর্যন্ত একর পিছু কর দিতে হবে এবং সেটা হল বাধ্যতামূলক। এবং এটা বাধ্যতামূলক ছিল না। কিন্তু এখন সেখানে দাঁড়িয়েছে সাড়ে চার টাকা থেকে পাঁচ টাকা পর্যন্ত একরপিছু কর দিতে হবে এবং সেটা বাধ্যতামূলক। আপনারা কি দাবি করতে পারেন ক্যানেল এরিয়ার কৃষকদের আয় বৃদ্ধি হয়েছে, কি ফলন বৃদ্ধি হয়েছে? এমন কোন নজির আমরা এখন পর্যন্ত দেখতে পাই নি। ময়ূরাক্ষী পরিকল্পনায় সেখানে দেখছি দশ টাকা করে কর ধার্য করা হয়েছে। সেখানেও ব্যাপক হারে সার্টিফিকেট জারি করা হচ্ছে। অনেকেই বলেছেন কৃষকরা দেশরক্ষার নামে এই সব দিচ্ছে এবং এইভাবে পুরানো বকেয়া আদায় হচ্ছে। মন্ত্রিমহাশয় গ্রামে গিয়ে দেখেছেন কি, সেখানে কৃষকরা আজকে জমি বিক্রি করে দিচ্ছে, তাদের গরু-বাছুর নিলাম হয়ে যাচ্ছে, গ্রামে জমি কিনবার লোক পাওয়া যাচ্ছে না? এই অবস্থার সৃষ্টি হয়েছে। আপনি দয়া করে গ্রামাঞ্চলে যান, গিয়ে দেখুন কৃষকদের কাছ থেকে কিভাবে জোর করে কর আদায় করার ব্যবস্থা করা হয়েছে। এখানে বিভিন্ন পরিকল্পনার কথা বলা হয় কিন্তু শুধু জলের ব্যাপারই নয়, কৃষকদের ফসল উৎপাদন করার যে উৎসাহ, সেই উৎসাহ পর্যন্ত নষ্ট করে দিচ্ছেন। যেভাবে জল দেওয়া দরকার সেইভাবে জল দিতে পারছেন না। যখন অতিবৃষ্টি হয় তখন জল দেন, এর ফলে কৃষকদের চাষ করার উৎসাহ নষ্ট হয়ে যাচ্ছে। কেন্দ্রীয় খাদ্যশস্য তদন্ত কমিটির রিপোর্টে বলেছেন যে, অতিবৃষ্টির ফলে এই সমস্ত হচ্ছে। এই খাদ্যশস্য তদন্ত কমিটির রিপোর্টে বলেছে জলকর সম্পর্কে যে, কৃষকরা যাতে দুই ফসল বা বহু ফসল চাষ করতে পারে সেই উৎসাহ দেবার জন্য কয়েক বৎসর এই জলকর বন্ধ রাখা হোক। ছোট ছোট সেচ ব্যাপারেতেও তাই, স্বাভাবিক উৎস বন্ধ হয়ে গেল। পুকুর, খাল, নালা, বিল, ছোট ছোট নদী, এই যে স্বাভাবিক উৎস যেগুলি ছিল সেগুলি মজে হেজে গিয়েছে। ফল হচ্ছে বন্যার প্রকোপ দেখা যাচ্ছে। বৎসরের পর বৎসর বন্যা হচ্ছে। ব্যারাকপুরে বন্যার কথা কেউ জানত না, এখন দেখা গেল যে, ব্যারাকপুরের রেললাইনের দুই ধার ভেসে গেল। ছোট ছোট সেচগুলির সংস্কারের অভাবেই বন্যা হচ্ছে, তদন্ত কমিটি সেই মত প্রকাশ করেছেন এবং বলেছেন যে, সরকার এই ব্যাপারে ব্যর্থ হয়েছেন। তাঁদেরই নিযুক্ত কমিটি এই কথা বলেছেন। তার ফল হচ্ছে কি? এই ছোট ছোট সেচ মরে যাবার ফলে জলা জমির অংশ বাড়ছে। এখানে বাংলাদেশের জলা জমির পরিমাণ বর্তমানে দাঁড়িয়েছে, পার্লামেন্টের এক প্রশ্নের উত্তরে জানা যায়, ২৫ লক্ষ ৫১ হাজার একরের মত। এই ছোট ছোট সেচগুলির স্বাভাবিক উৎস

বন্ধ হবার ফলে জমি জলে ডুবে যাচ্ছে। তার কত জমি আমরা উদ্ধার করতে পেরেছি? স্বাধীনতার আগে যেখানে ছিল ১৪ লক্ষ ১১ হাজার একর জমি সেটা আজকে এসে দাঁড়িয়েছে ২৫ লক্ষ ৫১ হাজারের মত। তাঁরাই এই তথ্য প্রকাশ করেছেন। এই দশ বৎসরের মধ্যে ৭৮ হাজার একর জমি উদ্ধার করা হয়েছে। সুতরাং আমার বক্তব্য হচ্ছে এই বন্যা নিয়ন্ত্রণ ব্যাপারে থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে ৪ কোটি ৩১ লক্ষ টাকা বন্যা নিয়ন্ত্রণ খাতে খরচ ধরা আছে—তার মধ্যে অনেক টাকা তদন্তকার্যের জন্যে খরচ হবে। তা ছাড়া শুধু দীর্ঘমেয়াদী পরিকল্পনাই নয় ছোট ছোট পরিকল্পনাও নিতে হবে।

[4—4-10 p.m.]

আমি একটা কথা না বলে পারছি না, আমার এলাকা ব্যারাকপুর সাব-ডিভিসনএর কথা—বরতি বিল, এখানে ৯ লক্ষ বিঘা জমি অ্যাকোয়ার হয়, কিন্তু সেখানে এমন অবস্থা যে, শীতকালে পৌষ-মাঘ মাসেও একগলা জলে দাঁড়িয়ে ধান কাটতে হয়। এর কারণ হচ্ছে, উলুবেড়িয়ার দিকে জল বেরিয়ে যাবার মুখ বন্ধ হবার জন্য ঠিকমত জলনিষ্কাশন হয় না। এস ডি ও-র কাছে গেলে তিনি বলেন, আমি কি করব। অতিবৃষ্টি হলে সর্বনাশ হয়, শুখা হলে জল পাওয়া যায় না। আপনারা বলেছেন তৃতীয় পরিকল্পনার মধ্যেই নয়া বেসিনের কাজ শেষ করবেন, কিন্তু ফোর্থ প্ল্যানেও আপনারা এর কাজ শেষ করতে পারবেন কিনা সন্দেহ। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় এই কাজ যাতে শেষ হয় তার জন্য আমি মন্ত্রিমহাশয়কে বিশেষ অনুরোধ জানাচ্ছি।

Shri Murari Mohan Manya:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে সেচমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তা সমর্থন করতে উঠে আমি কতগুলি কথা বলতে চাই। আজকে মাননীয় সদস্যরা যে আলোচনা করলেন তাতে বেশির ভাগ দামোদর ভ্যালি কর্পোরেশন পরিকল্পনা নিয়েই আলোচনা হয়েছে। আমি নিম্ন দামোদর সম্পর্কে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। নিম্ন দামোদর যেন একটা উপেক্ষিত অঞ্চল। এই অঞ্চলের অবস্থা পর্যালোচনা করলে দেখা যায় অদূর ভবিষ্যতে যদি কোন সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ না করা হয় তা হলে গ্রামীণ অর্থনীতিতে বিপর্যয়ের সৃষ্টি হবে। আমি বিভিন্ন ইঞ্জিনীয়ারএর কাছে খবর পেয়েছি যে, প্ল্যানিং কমিশন তাঁদের নির্দেশ দিয়েছেন যতদিন না নিম্ন দামোদর পরিকল্পনা গ্রহণ করা হয় ততদিন পার্শ্ববর্তী যেসমস্ত খাল আছে সেগুলি সম্পর্কে কোন স্কীম গ্রহণ করা হবে না। আমার এলাকায় এমন জায়গা আছে—যেখানে গত বৎসর মন্ত্রিমহাশয় গিয়েছিলেন, সেখানকার চাষীরা তাঁর কাছে রিপ্রেজেন্টেশন দিয়েছিল—সেখানে আজ পর্যন্ত একহাঁটু জল, এ বৎসর চাষীরা কোনরকম ফসল ঘরে আনতে পারে নি, যেটুকু আনতে পেরেছিল তা খাটিয়া-তক্তপোষ নিয়ে গিয়ে আনতে হয়েছিল। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, নিম্ন দামোদর পরিকল্পনা কার্যকরী করতে যদি দেরি থাকে তা হলে এমন বিকল্প পরিকল্পনা গ্রহণ করা হোক যার দ্বারা নিম্ন দামোদরের দুই ধারে যে বিস্তীর্ণ অঞ্চল রয়েছে সেই বিস্তীর্ণ অঞ্চলে সুষ্ঠু সেচ পরিকল্পনা গ্রহণ করে তাকে বাস্তবে রূপায়িত করতে পারা যায়। উলুবেড়িয়া সাব-ডিভিসনে ৬টি নির্বাচনকেন্দ্র আছে। এই ৬টি নির্বাচনকেন্দ্রের সদস্য আমরা সকলেই অনুভব করছি যে, এটা আমাদের জীবনমরণ সমস্যা। উলুবেড়িয়ার সমস্ত অঞ্চল দিয়ে নিম্ন দামোদর প্রবাহিত। সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি নিম্ন দামোদর পরিকল্পনার কাজ যাতে শীঘ্র হাতে নেওয়া হয় সেদিকে তিনি যেন দৃষ্টি দেন। দ্বিতীয় কথা, আমাদের দেশে বহু খাল রয়েছে যেগুলির নাম জমিদারি খাল এবং যেগুলি আগে জমিদারদের মালিকানার মধ্যে ছিল ; এখন এইসব জমিদারি সরকারের হাতে আসায় সেই খালগুলির মালিক হয়েছে এস্টেটস অ্যাকুইজিশন ডিপার্টমেন্ট। আজকে যখন সেচদপ্তর রয়েছে এবং জলনিকাশই যদি উদ্দেশ্য হয় তা হলে আমি মনে করি এস্টেটস অ্যাকুইজিশনএর হাতে এ খালগুলি থাকার কোন মানে হয় না। আমি সাজেসশন দিচ্ছি—এইসমস্ত খাল ইরিগেশন ডিপার্টমেন্টএর হাতে নেওয়া হোক।

এই খালগুলি সম্বন্ধে আরও একটা কথা হচ্ছে এই যে, স্থানীয় যেসমস্ত পঞ্চায়েত রয়েছে তাদের তত্ত্বাবধানের ভার দেওয়া উচিত। কারণ আমরা দেখছি প্রতি বৎসর এই খালগুলির দ্বারা উদ্দেশ্য সাধিত হয় না। বর্ষার সময় প্রতি বৎসর মাছ ধরার সময় এমন বাধার সৃষ্টি হয় যাতে

জমিদারি ডিপার্টমেন্ট থেকে নিয়ে ইরিগেশন ডিপার্টমেন্টএ নিয়ে এসে স্থানীয় পঞ্চায়েতে দেওয়া হোক যাতে এই খালগুলির দ্বারা প্রকৃত উদ্দেশ্য সাধিত হয়। আমি নিম্ন দামোদর সম্বন্ধে দু-একটা কথা বলব, সেটা হচ্ছে বিস্তীর্ণ এলাকায় আজকে যেসমস্ত চাষীভাইরা রয়েছেন তাঁরা মনে করছেন তাঁদের ভবিষ্যৎ কি হবে। সেটা তাঁরা আজ বুঝতে পাচ্ছেন না। আজকে তাঁদের খাজনা একবার মকুব করা হয়েছিল আবার তাদের উপর নোটিস করে সার্টিফিকেট জারি করা হচ্ছে। সেই নদীগুলির দ্বারা তাঁরা উপকার পাচ্ছেন না যার জন্য এ ভয়াবহ অবস্থা চলছে। তা থেকে মঙ্গলময় উদ্দেশ্যে দামোদরকে কাজে লাগানো যেতে পারে সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sreemohan Thakur:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে সেচ বিভাগের বিপুল বায়বরাদ্দ আলোচনা করতে গিয়ে তার বিপুল সম্ভাবনার কথা, আর এই বিভাগ মারফত দেশের বিপুল উন্নতির বহু কথা বহু ক্ষেত্রে, কাগজপত্রে এবং এই হাউসের সেসব অনেক সদস্যদের কাছ থেকেও তা শুনলাম। বিপুল সাফল্যের কথার দিকটা আমি আলোচনা করব না, তার কারণ বহু আলোচনা এ বিষয়ে সরকারের তরফ থেকে করা হয়েছে। চাষীরা যে অসুবিধার মধ্যে পড়েছে, বিপুল ক্ষয়ক্ষতির মধ্যে প্রতিটা চাষী আজ ত্রাহি ত্রাহি রব ছাড়ছেন তার সম্বন্ধে ২।১টা কথা বলব। মাননীয় সদস্যা নীহারিকা মজুমদারের কথা অনুসরণ করে আমি বলছি যে কংগ্রেস সদস্যা হয়েও তিনি যে সত্যভাষণের কথা এই হাউসে বলেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। আমি বলছি যে প্রতিটা চাষী আজকে ক্যানেল ট্যাক্সের অসুবিধার মধ্যে যে পড়েছে সেটা আজকে সেচ বিভাগকে অনুধাবন করতে হবে। শতকরা ৯০ জন চাষী ক্যানেল ট্যাক্সের অসুবিধার কথা, তার হিসাব নিকাশের ভুলচুকের কথা, তোর জমি য়্যাসেসমেন্টে-এর গোলমালের কথা, জমিতে জল না আসার কথা, জমিতে জল না দিয়ে ট্যাক্স ধার্যের কথা, এর জমি তার ঘাড়ে চাপিয়ে দিয়ে সার্টিফিকেট-এর কথা, এখন লোক আছে যার জমি নেই তার উপর ২০০ টাকা সার্টিফিকেট জারী হয়ে পুলিসের কাছে খবর গেছে সে আজ ৭ দিন বাড়ী ছাড়া। তার নাম অবনী ধর—বাড়ী কালনা, বর্ধমান জেলা। প্রায় প্রতিটি ইউনিয়ন-এ পুলিস ডেপিউট করা হয়েছে এবং রেভেনিউ অফিসার গ্রামে গ্রামে ঘুরে আদায় করছে। এইভাবে একটা প্যানিক সৃষ্টি করা হচ্ছে। অথচ সরকার থেকে নীতিগতভাবে বলা হয় যে চাষীর হাতে জমি রাখাই সরকারী নীতি। কিন্তু এখন দেখা যাবে যে সম্পূর্ণ ক্যানেল কর সমস্ত বছরের যা কিছু এরিয়ার আছে, জল যে পেয়েছে, না পেয়েছে, ওর জমি তার ঘাড়ে পড়ে এবং যত এরিয়ার আছে ভূমি রাজস্ব কর ১০ বছর আগেকার ঋণ স্বত্ব ধরে এবং ১৫।২০ বছর আগেকার কো-অপারেটিভ ঋণ যা বাকি আছে ভারত রক্ষার এই অজুহাতে সমস্ত কিছু মিলিয়ে এমন একটা সন্ত্রাস সৃষ্টি গ্রামের মধ্যে হয়েছে সেটা বলা যায় না। এ বিষয়ে আমি মন্ত্রিমহাশয়কে চ্যালেঞ্জ করছি যে-কোন গ্রামে, যে-কোন চাষীর আজকে ক্যানেল কর নিয়ে—বিশেষ করে ময়ূরাক্ষী এলাকায় চলুন দেখবেন যে একটা সন্ত্রাসের ব্যাপার দেখা গেছে।

[4-10—4-20 p.m.]

এক'টি গ্রামে জমি কেনার লোক হবে হয়তো ৫ জন ৫০ জন জমি বিক্রি করতে চাইছে। জমি কেনবার কোন লোক নাই। হাজার টাকার জমি ৫ শত টাকায় দাঁড়িয়েছে তবুও কেনবার লোক নেই। চাষীরা কোনরকম সম্মান রাখবার জন্য ছুটে ছুটে বেড়াচ্ছে কে জমি কিনবে কিন্তু তাদের কোন গতি করতে পারা যাচ্ছে না। সরকারের যে নীতি রিয়েল টিলার অব দি ল্যান্ড সত্যিকারের চাষীর হাতে যদি জমি থাকে এমন ব্যবস্থা করার জন্য অনুরোধ করবো। মহাজনদের হাতে যাতে জমিগুলি চলে না যায় তার বন্দোবস্ত করুন এবং এ বিষয়ে একটা সুষ্ঠু এনকোয়ারী করুন। গত ৯ বছর ধরে আমার কেতুগ্রাম এলাকায় একটি জায়গা আছে সেই জায়গার পরিমাণ হচ্ছে মোটে ১০ হাজার একর বিঘা। তিন হাজার বিঘা জায়গায় ময়ূরাক্ষী পরিকল্পনা থেকে জল দেওয়া হয় না। কিন্তু যতগুলি ময়ূরাক্ষী পরিকল্পনায় বড় ক্যানেল আছে প্রায় ১৬টি সেগুলি সমস্তই নিম্নাঞ্চল দিয়ে বয়ে চলে যাচ্ছে এবং ময়ূরাক্ষী পরিকল্পনা, যে খালটি আছে তা বোধ হয় অর্ধেক এই নিম্ন অংশ দিয়ে বয়ে যাচ্ছে—প্রতি বছর জল যাচ্ছে এবং তার জন্য যে পৃথক একটি জলনিকাশের ব্যবস্থা করা উচিত ছিল—চাষীদের আবেদন করা সত্ত্বেও এখনও পর্যন্ত একটা সুষ্ঠু এনকোয়ারী পর্যন্ত করতে পারলেন না। এজন্য আমি নিজে আমাদের

কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় হুগলি জেলার বলাগড় কেন্দ্রে কয়টি "গভীর নলকূপ" কোথায় কোথায় স্থাপিত হইবে;

(খ) কত পরিমাণ জমি প্রতি নলকূপের দ্বারা উপকৃত হইবে; এবং

(গ) জলকরের হার কি হইবে?

দি অনারেবেল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় : (ক) এই সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত এখনও লওয়া হয় নাই।

(খ) প্রায় ২০০ একর জমি প্রতি নলকূপের দ্বারা উপকৃত হয়।

(গ) জলকরের হার সম্বন্ধে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত লওয়া হয় নাই।

শ্রীঅনঙ্গমোহন দাস : সমস্ত প্রদেশে কতগুলি গভীর টিউবওয়েল হয়েছে তার ফিগার দিতে পারেন কি?

দি অনারেবেল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় : এটা বলাগড় সম্পর্কে প্রশ্ন করা হয়েছে সমস্ত প্রদেশের প্রশ্ন নয়, তবে এইটুকু বলতে পারি যে আপাততঃ ২৫০টি হয়ে গিয়েছে, আরো ২০০টি করা হচ্ছে।

শ্রীকাশীকান্ত মৈত্র: বিভিন্ন জেলায় এই ডিপ টিউবওয়েলের জলকরের হার কি স্থির করা হয়েছে?

দি অনারেবেল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় : কোন জেলায় এখন পর্যন্ত ঠিক হয় নি।

Irrigation Pumps

***62.** (Admitted question No. *350.) **Shri Brindabon Chattopadhyay:**

কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় হুগলি জেলার বলাগড়ে নদীর জলে পাম্প বসিয়ে সেচের জন্য জল লওয়ার আশু কোন ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐরূপ কতগুলি পাম্প কোথায় কোথায় বসান হইবে,

(২) কত পরিমাণ জমি প্রতি পাম্প দ্বারা উপকৃত হইবে, এবং

(৩) একর প্রতি জলকরের হার কি হইবে?

দি অনারেবল অমরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) আপাততঃ বলাগড় থানায় গোপালপুরে একটা পরিকল্পনা মঞ্জুর করা হয়েছে।

(খ) (২) এর অন্তর্ভুক্ত চারটি পাম্প দ্বারা প্রায় ৫০০ একর জমি উপকৃত হবে।

(খ) (৩) এখনও জলকর ধার্য করা হয় নাই।

Retail price of rice

*63. (Admitted question No. *423.) **Shri Tarun Kumar Sen Gupta:** খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ইহা কি সত্য যে সারা পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় এবং বিশেষ করে কোলকাতা শহরে সম্প্রতিকালে চাউলের খুচরা দর দ্রুতগতিতে বৃদ্ধি পাইতেছে:

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) বিভিন্ন জেলায় এবং কোলকাতা শহরে বিগত দুই বৎসরের তুলনায় এই বৎসর বর্তমান সময়ে কত বৃদ্ধি পাইয়াছে,

(২) এই বৃদ্ধির কারণ কি, এবং

(৩) ইহার প্রতিরোধের জন্য সরকারী কোন পরিকল্পনা আছে কি?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তিঃ (ক) একটি মূল্য তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল। এই মূল্য তালিকাতে দেখা যাচ্ছে যে ২রা জানুয়ারী থেকে ২৮এ ফেব্রুয়ারি পর্যন্ত চালের দাম প্রতি কিলোগ্রামে ৬৬ থেকে ৬৯ নঃ পঃ হয়েছে। এটা দ্রুত গতিতে বাড়ছে কিনা সেটা দেখলেই বুঝতে পারবেন।

(খ) (১) প্রয়োজনীয় তথ্যাদি এতৎসহ পেশ করা হইল। সেই তালিকা হতে দেখা যাচ্ছে ১৯৬১ সালের ১লা মার্চে ছিল পার কিলোগ্রাম ৫৫ নয়া পয়সা; ১৯৬২ সালের ১লা মার্চ ৫৭ নয়া পয়সা পার কিলোগ্রাম; আর ১৯৬৩ সালের ২৭এ ফেব্রুয়ারি পর্যন্ত ৬৯ নয়া পয়সা পার কিলোগ্রাম হয়েছে। অর্থাৎ ১৯৬১ সাল থেকে ২৫ পার্সেন্ট বেড়েছে এবং ১৯৬২ সালের তুলনায় ২১ পার্সেন্ট বেড়েছে।

(খ) (২) প্রয়োজনের তুলনায় উৎপাদন কম। এতদুপরি উড়িষ্যা হইতে ব্যবসায়ী মারফৎ ধান্য চাউল আমদানির পরিমাণও সন্তোষজনক নহে।

(খ) (৩) মডিফায়েড রেশনিং ও ন্যায্য মূল্যের দোকান মারফৎ ন্যায্য দামে চাউল ও গম সরবরাহের ব্যবস্থা চালু রাখা হইয়াছে। অবস্থা বিশেষে খয়রাতি সাহায্য হিসাবে বা কার্যের বিনিময় সাহায্য বাবদ চাউল ও গম বিতরণের ব্যবস্থাও আছে। ন্যায্য মূল্যে গমজাত দ্রব্য বিক্রয় কল্পে স্থানীয় কেন্দ্রীয় সরকারের গুদাম হইতেও চাকি ও ফ্লাওয়ার মিলগুলিকে গম বন্টন করা হইতেছে। ইস্টার্ন রাইস জোন স্কীমের মাধ্যমে ব্যবসায়ী মারফৎ উড়িষ্যা হইতে তথাকার বাড়তি ধান্য ও চাউল আমদানি ব্যবস্থাও চালু আছে। উত্তর প্রদেশ ও পাঞ্জাব হইতে কিয়ৎ পরিমাণ আমদানির ব্যবস্থা করা হইয়াছে। রাজ্যের খাদ্য পরিস্থিতি কেন্দ্রীয় সরকারকে জ্ঞাত করান হইয়াছে এবং তথা হইতেও বরাবরের ন্যায় সাহায্য পাওয়া যাইবে।

Statement referred to in reply to clause (ka) of the starred question No. 423

Minimum retail prices of rice in West Bengal in rupees per kilogram during January and February 1963

Districts.	January					February			
	Week ending—								
	2-1-63	9-1-63	16-1-63	23-1-63	30-1-63	6-2-63	13-2-63	20-2-63	27-2-63
Calcutta	0.72	0.71	0.72	0.72	0.72	0.73	0.72	0.72	0.72
Burdwan	0.70	0.71	0.72	0.72	0.73	0.73	0.73	0.71	0.72
Birbhum	0,70	0.70	0.70	0.70	0.71	0.72	0.72	0.72	0.73
Bankura	0.66	0.67	0.67	0.68	0.68	0.69	0.69	0.69	0.69
Midnapur	0.65	0.66	0.66	0.67	0.67	0.68	0.68	0.68	0.67
West Dinajpur	0.59	0.60	0.61	0.62	0.63	0.65	0.65	0.66	0.65
Malda	0.58	0.58	0.60	0.61	0.62	0.64	0.65	0.66	0.66
Cooch Behar	0.59	0.62	0.62	0.64	0.64	0.65	0.66	0.67	0.66
Nadia	0.69	0.69	0.68	0.69	0.70	0.70	0.70	0.70	0.70
Hooghly	0.69	0.69	0.69	0.68	0.69	0.70	0.70	0.70	0.70
Howrah	0.71	0.70	0.71	0.71	0.71	0.71	0.70	0.71	0.70
Darjeeling	0.69	0.68	0.68	0.69	0.69	0.69	0.70	0.70	0.70
24-Parganas	0.68	0.68	0.69	0.70	0.70	0.71	0.71	0.71	0.70
Murshidabad	0.66	0.66	0.66	0.67	0.67	0.68	0.69	0.70	0.70
Jalpaiguri	0.64	0.66	0.67	0.69	0.69	0.69	0.69	0.69	0.69
Purulia	0.60	0.62	0.61	0.62	0.63	0.64	0.66	0.65	0.65
State average	0.66	0.66	0.67	0.68	0.68	0.69	0.69	0.69	0.69

Statement referred to in reply to clause (kha)(1) of the starred Assembly question No. 423.

Average minimum retail prices of rice in the districts of West Bengal.

(In rupees per kilogram.)

Districts.	Prices as on 27-2-63.	Prices as on 28-2-62.	Prices as on 1-3-61.	Column 2 as per cent. of column 3	Column 2 as per cent. of column 4
(1)	(2)	(3)	(4)	(5)	(6)
Calcutta	0.72	0.58	0.55	124 14	130.91
Burdwan	0.72	0.58	0.55	124.14	130 91
Birbhum	0.73	0.59	0.55	123.73	132.73
Bankura	0.69	0.54	0.52	127.78	132.69
Midnapur	0.67	0.53	0.50	126 42	134.00
West Dinajpur	0.65	0.61	0.57	106.56	114.04
Malda	0.66	0.62	0.57	106.45	115.79
Cooch Behar	0.66	0.58	0.62	113.79	106.45
Nadia	0.70	0.56	0.54	125.00	129.63
Hooghly	0.70	0.55	0.53	127.27	132.08
Howrah	0.70	0.56	0.55	125.00	127.27
Darjeeling	0.70	0.59	0.59	118.64	118.64
24-Parganas	0.70	0.55	0.53	127.27	132.08
Murshidabad	0.70	0.55	0.54	127.27	129.63
Jalpaiguri	0.69	0.59	0.60	116.95	115.00
Purulia	0.65	0.47	0.46	138.30	141.30
State average ..	0.69	0.57	0.55	121.05	125.45

শ্রীসোমনাথ লাহিড়ী : সাপ্লিমেন্টারি স্যার, আপনি বললেন যে মূল্য বৃদ্ধির অন্যতম কারণ উড়িষ্যা থেকে চাল সংগ্রহ করার ব্যাপারটি সন্তোষজনক নয়। সন্তোষজনক করার জন্য আপনারা কি অন্য চেষ্টা করেছেন?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : আমরা উড়িষ্যা গভর্ণমেন্টের সংগে কথাবার্তা বলছি, এখনও ফাইনাল কিছু হয় নি। তারা ভারত সরকারের সংগে কথাবার্তা না বলে আমাদের সঙ্গে আর কিছু বলতে চান না।

শ্রীসোমনাথ লাহিড়ী : বিষয়টি যখন সন্তোষজনকভাবে অগ্রসর হচ্ছে না এবং যখন কথাবার্তা এখনও ফাইনাল হয় নি তখন সরকার থেকে সরাসরি সংগ্রহের কোন ব্যবস্থা করা হচ্ছে কিনা?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : সরাসরি সরকারের কোন সংগ্রহের ব্যবস্থা নেই।

শ্রীসনৎকুমার রাহা : প্রশ্নের উত্তরে জানালেন যে উড়িষ্যা এবং ইস্টার্ন জোন থেকে কেনবার ব্যবস্থা আছে। আমাদের বক্তব্য হচ্ছে বাংলাদেশের সর্বসাকুল্যে কিরকম ঘাটতি অর্থাৎ খাদ্যের সংগে বীজ ধান ইত্যাদি ধরে ঘাটতি পূরণ করে একটা পরিপূরক হিসাব আনতে হবে। সেই টারগেট ঠিক করে কেনবার পরিকল্পনা সরকারের আছে কিনা।

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : কেনবার পরিকল্পনা নেই। আমাদের উড়িষ্যা থেকে আনবার পরিকল্পনা এবং ভারত সরকারের কাছ থেকে আনবার পরিকল্পনা আছে।

শ্রীসনৎকুমার রাহা : সেটা কত পরিমাণে?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : আমরা আনতে চাই বেশী বটে, কিন্তু উড়িষ্যা থেকে যা এসেছে তার পরিমাণ কম হওয়ার জন্য আমরা বাড়াবার চেষ্টা করছি। কিন্তু কত পরিমাণ সেটা বলা এখন সম্ভব নয়।

শ্রীসোমনাথ লাহিড়ী : উড়িষ্যা থেকে যে সংগ্রহ সন্তোষজনক নয় তার কারণ কি?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: উড়িষ্যায় এবছর উৎপাদন কম হয়েছে আর সেখানে দামও বেশী।

শ্রীসোমনাথ লাহিড়ী : উড়িষ্যা সরকার কি আপনাদের ঐরকম বলেছেন যে এবারে আপনাদের যতটা দরকার তা সরবরাহ করতে পারবেন?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : যতটা দরকার ততটা দিতে পারবেন না। তাদের উৎপাদন কম হয়েছে। তাদের ৩০ লক্ষ টন এবছর উৎপাদন হয়েছে এবং তাদের নিজেদের আবশ্যক সাড়ে সাতাশ লক্ষ টন। সুতরাং আড়াই লক্ষ টন তাদের বেশী হয়েছে। কিন্তু সম্পূর্ণটা তারা দিতে চান না।

শ্রীসোমনাথ লাহিড়ী : আপনারা তাদের কাছে কতটা চেয়েছেন?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : আমরা চাই ঢের বেশী। তাদের যে আড়াই লক্ষ টন আছে তার চেয়েও আমাদের বেশী দরকার।

শ্রীসোমনাথ লাহিড়ী : গত বছর উড়িষ্যা থেকে কতটা পেয়েছিলেন?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : উড়িষ্যা থেকে আমরা পেয়েছি ১৯৬৩ সালের জানুয়ারি এবং ফেব্রুয়ারি এই দুই মাসে ২৭ হাজার ৭১০ টন চাল ইন টার্মস অফ রাইস। গত বছরের হিসাব আমার কাছে নেই। আপনি নোটিশ দেবেন।

[12-10—12-20 p.m.]

শ্রীহেমন্ত কুমার বসু: মডিফায়েড রেশনিং ছাড়া যাতে এই চাল ব্যবসায়ীরা অনধিক লাভ না করতে পারে তা বন্ধ করবার কোন পরিকল্পনা আছে কিনা?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: মডিফায়েড রেশনিং ছাড়া আর কোন বন্দোবস্ত নেই।

শ্রীহেমন্ত কুমার বসু: এই রকম কোন পরিকল্পনা করবেন কিনা?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: তা বিবেচনাযোগ্য।

শ্রীহেমন্তকুমার বসু: তাহলে কি এই রকমভাবে অত্যধিক মূল্যে চাল-ব্যবসায়ীরা দেশের জনসাধারণের সর্বনাশ করবে এটা কি সরকার সমর্থন করেন?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: অত্যধিক মূল্য দিয়ে যে শোষণ করছে, এর কোন প্রমাণ নেই।

শ্রীহেমন্ত কুমার বসু: রাজ্যপাল বলেছিলেন যে উড়িষ্যা থেকে যথেষ্ট পরিমাণে চাল আসবে, অথচ আপনি বললেন যে চাল আসবে না এটার মানে কি?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: যথেষ্টভাবে আসবে বলে আশা করেছিলাম, কিন্তু বর্তমান বৎসরে উড়িষ্যায় কম ধান উৎপন্ন হওয়ায় এবং দাম বেড়ে যাওয়ায় এই সমস্যা দেখা দিয়াছে।

শ্রীসোমনাথ লাহিড়ী: আপনি আগে বলেছেন যে শতকরা ১৫ ভাগ দাম বেড়েছে, আর পরে বলেছেন যে অত্যধিক মূল্য বৃদ্ধি হয়েছে তার কোন প্রমাণ নেই—তাহলে শতকরা কত বাড়ল অত্যধিক মূল্য বৃদ্ধি হার বলবেন কি?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: বলা হয়েছে অতিরিক্ত লাভ ব্যবসায়ীরা যে নিয়েছে তার কোন প্রমাণ নেই।

শ্রীসুধীরচন্দ্র দাস: আপনি বললেন যে উড়িষ্যা থেকে চাল আনছেন এই রাজ্যে চাল কিনবেন না। কিন্তু এখানকার বাজার থেকে চাল কেনবার কোন পরিকল্পনা কেন নেই বলবেন কি?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: আমাদের ডেফিসিট স্টেট-এ যদি আমরা কিনতে চাই তাহলে দাম আরও বেড়ে যাবে।

শ্রীকাশীকান্ত মৈত্র: আপনি বললেন যে দাম বাড়বার কারণ হচ্ছে প্রয়োজনমত আমাদের উৎপাদন কম হচ্ছে আমি জিজ্ঞাসা করছি এই রাজ্যে প্রয়োজন কত এবং উৎপাদন কত কম হয়েছে?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: নোটিশ চাই।

শ্রীসুধীরচন্দ্র দাস: বাজারে যেটা বিক্রি হচ্ছে সেটা যেখানে অন্য লোকে কিনছে, সেখানে স্বাভাবিকভাবে বাজার থেকে আপনারা কিনবেন না কেন?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: অপরে কেনার সঙ্গে সঙ্গে আমরা যদি কিনতে যাই তাহলেই দাম বাড়বে।

শ্রীকাশীকান্ত মৈত্র: মডিফায়েড রেশনিং সপ দশ হাজারের মধ্যে চার হাজার মডিফায়েড রেশনিং সপ চালু নেই একথা কি মন্ত্রিমহাশয় জানেন?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: জানা নেই।

শ্রীসুধীরচন্দ্র দাস: চালের দাম কিছু কমাবার ব্যবস্থা করার চিন্তা কি আছে?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : বাংলাদেশের লোক যদি বেশী করে গম খায় তাহলে চালের দাম কমে যাবে।

শ্রীঅনাদি দাস : চালের দাম বেঁধে দেবার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : না নেই।

শ্রীসনৎ কুমার রাহা : আমি যে প্রশ্ন করেছিলাম তাতে বলেছিলাম যে গ্রামাঞ্চলে সাধারণ গরীবদের ৭ দিন অন্তর চাল এক সঙ্গে রেশনিং সপ থেকে কেনার অসুবিধা হয়, সেজন্য ২।৩ দিন অন্তর কিনতে পারে এই রকম কোন ব্যবস্থা আছে কিনা এবং না থাকলে করবার ব্যবস্থা করা হবে কিনা?

শ্রীঅনারেবল চারুচন্দ্র মহান্তি : না, চিন্তা নেই—করলে অসুবিধা হবে।

শ্রীকাশীকান্ত মৈত্র : চালের দাম বাড়ার জন্য পুরো রেশনিং চালু করার কোন পরিকল্পনা আছে কিনা?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : বর্তমানে নেই, এটা ভারত সরকারের বিবেচ্য।

শ্রীসুধীরচন্দ্র দাস : স্বাভাবিক বাজার থেকে দর বাড়াবার জন্য মজুতদাররা কিনে নিচ্ছে এই রকম কোন সংবাদ সরকারের জানা আছে কিনা?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : কেউ যে হোর্ড করছে এ সংবাদ জানা নেই।

শ্রীকাশীকান্ত মৈত্র : কেন্দ্রীয় সরকার রেশনিং সম্বন্ধে সিদ্ধান্ত নেবার সম্পর্কে রাজ্য সরকার কি কেন্দ্রীয় সরকারকে কিছু জানিয়েছেন?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : না জানানো হয় নি।

শ্রীভক্তিভূষণ মণ্ডল : উড়িষ্যা ছাড়া অন্য কোন জায়গা থেকে চাল কেনার পরিকল্পনা আছে কি?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : কেন্দ্রীয় সরকার দেবেন বলেছেন ইউ পি এবং পাঞ্জাব থেকে আমাদের গভর্ণমেন্ট কিছু স্পেশাল টার্মে খরিদ করেছে।

শ্রীভক্তিভূষণ মণ্ডল : তার পরিমাণ কত?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : এই জানুয়ারি ফেব্রুয়ারি মাসে (১৯৬৩) ইউ পি থেকে ৩০ হাজার ৮ শত ৩৫ টন চাল কিনেছি এবং পাঞ্জাব থেকে ব্রোকেন রাইস ৪২৭ টন।

শ্রীভক্তিভূষণ মণ্ডল : ব্রোকেন রাইস কত দরে কিনেছেন?

Mr. Speaker: I think this question has been sufficiently answered.

শ্রীভক্তিভূষণ মণ্ডল : এই ব্রোকেন রাইস কি লোকে খায়?

মিঃ স্পীকার: আই থিঙ্ক দিজ কোয়েশ্চেন হ্যাজ বিন সাফিসিয়েন্টলি এ্যানশারড।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: এই ব্রোকেন রাইস এটা কি পারপাসে এবং কত কিনেছেন এবং কাদের খাওয়াবার জন্য কিনেছেন?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: ব্রোকেন রাইস মানে ভাঙ্গা চাল।

শ্রীভক্তিভূষণ মণ্ডল : ব্রোকেন রাইস মানে খুদ না কি?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : এটা ভাঙ্গা চাল—এ খাওয়া যায়।

শ্রীভক্তিভূষণ মণ্ডল : সেটা কত টাকা দামে আনছেন?

শ্রীগিরিজা ভূষণ মুখার্জী: ভারত সরকার কবে জানতে পেরেছে যে উড়িষ্যায় মাত্র ৩০ লক্ষ টন চাল রয়েছে?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: ১৯৬৩ সালে ৮ই মার্চ তারিখে আমাদের যে কথাবার্তা হয়েছিল তাতে আমরা জানতে পেরেছি।

শ্রীগিরিজা ভূষণ মুখার্জী: আমি এটা জানতে চাচ্ছি যে উড়িষ্যায় চালের স্টক সম্বন্ধে কোন কিছু না জেনে উড়িষ্যা সম্পর্কে এমন একটা মোহ বিস্তার করা হয়েছিল কেন?

(নো রিপ্লাই)

Mr. Speaker: I will make one request to the honourable members that after putting supplementary questions the members concerned should take his seat so that the Hon'ble Minister may give his reply. He should not remain standing, putting questions after questions. He must take the seat and answer will be given and then another member will stand and put questions.

"Chanchuria" Beel

***64.** (Admitted question No. *455.) **Shri Brindabon Chattopadhyay:** কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার বলাগড় থানার অন্তর্গত একতারপুর ইউনিয়ন ও সিজা কামালপুর ইউনিয়ন সংলগ্ন ৫-৬ মাইল দৈর্ঘ্য বিশিষ্ট "চাঁচুঁরিয়া" বিলটি (চাঁচুঁড়ে) অধিক ফসল উৎপন্ন করার জন্য সরকারের নিজ ব্যয়ে খনন ও সংস্কার করার কোন পরিকল্পনা আছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
(১) কতদিনে ঐ পরিকল্পনা কার্যকরী করা হইবে, এবং
(২) কত বিঘা কৃষি জমি উহাতে উপকৃত হইবে?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: (ক) এই বিভাগের এক্তিয়ারের বাইরে।

(খ) এ প্রশ্ন উঠে না।

Lift Irrigation Scheme

***65.** (Admitted question No. *471.) **Shri Bhakti Bhusan Mandal:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) if there is any scheme of the Government for "Lift Irrigation" near Sahapur and other parts of Dubrajpur and Illambazar police-stations from the water of the main canal of Mor Project (Bolpur Division); and

(b) if so, whether the said scheme will be implemented this year?

The Hon'ble Smarajit Bandyopadhyay: (a) Investigations are being made about the possibility of Lift Irrigation Scheme near Sahapur from the Mayurakshi Canal.

(b) If the scheme proves technically feasible and economically sound, it may be taken up for execution during the next financial year.

শ্রীভক্তিভূষণ মণ্ডল: এই যে লিফট ইরিগেশন এতে প্রত্যেক একরের জন্য কত খাজনা দিতে হবে এটা ঠিক হয়েছে কি?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: এখনও কোন ঠিক হয় নি।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: মামুদ বাজারে যেটা নর্থ ক্যানেল ডিভিসন (ডি ভি সি-র) সেখানে কোন লিফট ইরিগেশন-এর প্রোগ্রাম করা হয়েছে?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: না এখনও কোন কিছু করা হয় নি।

Deep tubewells in West Dinajpur district

***66.** (Admitted question No. *482.) **Shri Ramendra Nath Dutt:**

কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জ মহকুমায় সেচের জন্য কয়টি ডিপ টিউবওয়েল বসান হইয়াছে এবং তাহাদের কয়টি চালু আছে;

(খ) রায়গঞ্জ মহকুমায় সেচের জন্য আর কোন ব্যবস্থা হইয়াছে কিনা; এবং

(গ) সমগ্র পশ্চিম দিনাজপুর জেলায় মোট কয়টি ডিপ টিউবওয়েল বসান হইয়াছে এবং তাহার দ্বারা মোট কত একর জমিতে বর্তমানে জল দেওয়া হইতেছে?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: (ক) এ পর্যন্ত রায়গঞ্জ মহকুমায় দুইটি পরীক্ষামূলক (এক্সপ্লোরেটরি) গভীর নলকূপ বসান হইয়াছে এবং সেগুলি চালু আছে।

(খ) ক্ষুদ্র সেচ পরিকল্পনা ও পুষ্করিণী উন্নয়নের মাধ্যমে সেচের ব্যবস্থা আছে।

(গ) চারটি পরীক্ষামূলক গভীর নলকূপ (এক্সপ্লোরেটরি ডিপ টিউবওয়েল)। এগুলি হইতে মোট প্রায় চার শত একর জমিতে জল দেওয়া হইতেছে।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: রায়গঞ্জ মহকুমার কোথায় কোথায় হয়েছে?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: অফ হ্যান্ড তা এখনই আমি বলতে পারবো না, নোটিশ চাই।

Sposts Stadium in Calcutta

***67.** (Admitted question No. *602.) **Shri Birendra Narayan Ray: Will** the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the construction work of sports stadium in Calcutta has started;

(b) if so, how far the work has progressed and when the same is expected to be completed; and

(c) if not, when the work of construction will begin?

[12-20—12-30 p.m.]

The Hon'ble Saila Kumar Mukherjee: (a) No.

(b) Does not arise.

(c) The drawings of the plan and detailed calculations furnished by the architect, the financial implications and other relevant matters are being examined by the Government, and a decision will be taken as soon as possible.

Shri Kashi Kanta Maitra: From what particular date the whole plan and all these things are under consideration?

The Hon'ble Saila Kumar Mukherjee: I may say for information that the Government of India have allotted to the State Government about 22.772 acres of land near the Ellenborough Race Course in the Calcutta Maidan area for the construction of a Sports Stadium. The late Shri Sibnath Banerjee of Bombay who was selected as one of the members of an informal Board for the Stadium was requested to contact different architects for the construction of the Stadium. He travelled over the continents as well as Soviet Union and saw for himself all the stadia in different parts of the Western countries. Unfortunately he suddenly died. Following the death of Shri Banerjee, the State Government contacted Mr. A. Vitellozzi, an Italian architect, and requisitioned his service for the construction of the proposed stadium in Calcutta. Mr. Vitellozzi came to Calcutta in June, 1960, December, 1960 and December, 1961, inspected and approved the site selected for the proposed stadium. The final working plan and a model has already been submitted by Mr. Vitellozzi and accepted by the said Board informally appointed by Dr. B. C. Roy and drawings of the plan, both architectural and structural have since been received from Mr. Vitellozzi and these are under examination by the State Government. It was almost settled that the preliminary works relating to the construction of the stadium in Calcutta would start early this year, but owing to the emergency the work has been temporarily kept in abeyance. The wholething is being examined by the Cabinet Sub-Committee and the matter will be taken up at the earliest opportunity.

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : ১৯৫৫ সালে এই বিধান সভায় স্টেডিয়াম অবিলম্বে শুরু হোক বলে কোন ইউন্যানিমাস রেজলিউশন নেওয়া হয়েছিল কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী : আমি তো সমস্ত ঘটনা বললাম, তা হতে পারে।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় : আপনার তা জানা নাই?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী : বর্তমান অবস্থা পর্যন্ত যা হয়েছে, তা আমি বিস্তারিতভাবে বলেছি। এর চেয়ে বেশী আমার আর কিছু জানা নাই।

Shri Abani Kumar Basu: Has the Cabinet Sub-Committee submitted any report?

The Hon'ble Saila Kumar Mukherjee: Not yet.

Shri Abani Kumar Basu: When will the report be submitted?

The Hon'ble Saila Kumar Mukherjee: I do not know. The whole Italian scheme is under examination by experts.

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister be pleased to state, even after the whole scheme has been technically approved and the selection of site has been completed, what remains to be decided and discussed by the Cabinet Sub-Committee?

The Hon'ble Saila Kumar Mukherjee: Execution of the work.

Shri Kashi Kanta Maitra: Has there been any preliminary work done after the site was selected by the Expert?

The Hon'ble Saila Kumar Mukherjee: I have told you exhaustively about the peliminary steps taken.

Shri Kashi Kanta Maitra: Save and exept paper preliminaries, has any action been taken to start the preliminary work?

The Hon'ble Saila Kumar Mukherjee: They are not paper preliminaries.

Shri Kashi Kanta Maitra: When it is expected to have the whole thing implemented?

The Hon'ble Saila Kumar Mukherjee: Owing to the emergency nothing can be done now, although everything has been decided, and the present Cabinet Sub-Committee, which is controlling sports in Calcutta, will examine the proposal so that as soon as the emergency is over, Government may take action for implementation.

Shri Kashi Kanta Maitra: As long as this emergency will remain enclamped on the country, the whole thing will remain cold-storaged?

The Hon'ble Saila Kumar Mukherjee: Certainly, it is a big question of finance.

Shri Abani Kumar Basu: Has any estimate been prepared for the construction of the stadium?

The Hon'ble Saila Kumar Mukherjee: The architect has done it. It has not yet been finalised.

শ্রীআনন্দ গোপাল মুখার্জী : এর জন্য কি ইঞ্জিনিয়ারিং ডিভিশন গভর্নমেণ্ট গঠন করেছেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী : না।

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister be pleased to state if any sum has been earmarked or allocated in this year's budget for the construction of the stadium?

The Hon'ble Saila Kumar Mukherjee: No.

Supply of rice from Orissa to this State

68. (Admitted question No. 603.) **Shri Sudhir Chandra Das:** খাদ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) উড়িষ্যা হইতে এ বছর পশ্চিমবঙ্গ-সরকার কত চাউল এ পর্যন্ত সংগ্রহ করিতে পারিয়াছেন এবং আর কত চাউল পাইবার সম্ভাবনা রহিয়াছে;

(খ) উড়িষ্যা-সরকারের সহিত পশ্চিমবঙ্গ সরকারের চাউল পাওয়া সম্পর্কে কোন আলোচনা হইয়াছে কিনা; এবং

(গ) আলোচনা হইয়া থাকিলে, তাহার ফলাফল কি?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : (ক) ইস্টার্ন রাইস জোন স্কীম-এর মাধ্যমে ব্যবসায়ী মারফৎ উড়িষ্যা হইতে তথাকার বাড়তি ধান্য ও চাউল আমদানির ব্যবস্থা আছে। বর্তমান বৎসরের ফেব্রুয়ারী মাস পর্যন্ত মোট ২২,৯৯১ টন চাউল ও ৭,০৭৮ টন ধান্য উড়িষ্যা হইতে আমদানি হইয়াছে। আর কত পরিমাণ পাওয়া যাইবে তাহা সঠিক বলা বর্তমানে সম্ভব নহে।

(খ) প্রাথমিক আলোচনা মাত্র হইয়াছে।

(গ) ফলাফল এখন জানান সম্ভব নহে, কারণ উড়িষ্যা সরকার ও ভারত সরকারের সহিত পরামর্শের এখনও প্রয়োজন আছে।

শ্রীসুধীরচন্দ্র দাস : চালের পরিমাণ কত বললেন?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : চালের পরিমাণ হল ২২,৯৯১ টন এবং ধানের পরিমাণ হল ৭,০৭৮ টন।

শ্রীসুধীরচন্দ্র দাস: ব্যবসায়ীরা কারা? মিল, না অন্য ব্যবসায়ী? এজেন্টরা কারা?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : ব্যবসায়ী মানে, যে কোন ব্যবসাদার এবং সে যে কোন ব্যবসা করার জন্য মাল আনতে পারে।

শ্রীসুধীরচন্দ্র দাস : এখন এই চালটা দিয়েছেন কারা? শুধু মিল-মালিকরা দিয়েছেন, না, অন্য ব্যবসায়ীরাও এর মধ্যে আছেন?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : আমার জানা নেই।

শ্রীসুধীরচন্দ্র দাস : কি রেটে চাল কেনা হয়েছে উড়িষ্যা থেকে?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : কোন কন্ট্রোলড রেট নেই। যে কোন দামে কিনতে পারে।

শ্রীসুধীরচন্দ্র দাস : সরকার কি রেটে চালটা কিনেছেন ব্যবসায়ীদের কাছ থেকে?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : আমার জানা নেই। নোটিশ চাই।

শ্রীকাশীকান্ত মৈত্র : এই চালটা বাংলাদেশে কবে এসে পেঁছাবে, সে সম্বন্ধে কি কোন টাইম লিমিট বেঁধে দিয়েছেন?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : চাল আগেই পেঁছে গিয়েছে।

শ্রীসুধীরচন্দ্র দাস : গত বছর এই রকম সময় কত চাল এসেছে?

মিঃ স্পীকার: আবার গত বছর কেন? গত বছরের হিসাব ত দেওয়া হয়ে গিয়েছে।

শ্রীসোমনাথ লাহিড়ী : আপনি যে উড়িষ্যা থেকে চাল আনার কথা বলেছেন, সেই সব চালটা ব্যবসাদারদের কাছ থেকে সরকার কিনে নিয়েছেন, না, ব্যবসায়ীরা বাজারেও বিক্রয় করেছেন?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : ব্যবসায়ীরা যে সমস্ত চাল বাজারে বিক্রয় করেছেন, গভর্ণমেণ্টের সঙ্গে তার কোন সম্পর্ক নেই।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এই যে চালটা ব্যবসায়ীরা বাজারে বিক্রয় করছে, তার যে দর, সেই দরটা সরকারী নির্দ্ধারিত দর থেকে কম, না বেশী?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি: কন্ট্রোলড কোন রেট নেই। আমাদের কোন বাঁধা দর নেই।

[12-30—12-40 p.m.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী : কন্ট্রোল যদি না থাকে তাহলে একজন ব্যবসায়ী যে উড়িষ্যা থেকে ধান চাল নিয়ে আসবে তার পক্ষে সুবিধা হবে। সেইজন্য সরকার কি তাদের উপর কন্ট্রোল রাখা দরকার বিবেচনা করেন না?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : বর্তমানে সরকার তা মনে করেন না।

শ্রীসোমনাথ লাহিড়ী : ব্যবসায়ীরা চাল কিনছে তার সঙ্গে সরকারের কোন সম্পর্ক নেই, তাহলে কি করে জানলেন যে একই দামে তারা কিনছে?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : আমরা খবর নিই, আমাদের লাইসেন্স সিস্টেম আছে যে ১০ মণের বেশী কোথায়ও ধান চাল নিয়ে যেতে হলে তা লাগে, এবং তাছাড়া রেলওয়ে ওয়াগনে যা আসে তার খবর আমরা পাই।

শ্রীসোমনাথ লাহিড়ী : কেনবার সময় খবর আছে অথচ বিক্রয়ের সময় নেই কেন?

দি অনারেবল চারুচন্দ্র মহান্তি : খবর আছে কিন্তু মূল্য সম্বন্ধে কোন খবর নেই।

Proposed Contai subdivisional Hospital

69. (Admitted question No. 618.) **Shri Sudhir Chandra Das:**

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার প্রস্তাবিত কাঁথি মহকুমা হাসপাতাল প্লটের মধ্যে ২১৭৮ দাগ কারবালা স্থান গ্রহণ করার বিরুদ্ধে স্থানীয় মুসলিম সম্প্রদায়ের নিকট হইতে কোন দরখাস্ত সরকার পাইয়াছেন কি;

(খ) দরখাস্ত পাইয়া থাকিলে, এই সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে;

(গ) উক্ত মহকুমা হাসপাতালের জন্য মোট কত জমি লইয়া প্লট তৈয়ারি করা হইয়াছে; এবং ঐ ২১৭৮ দাগে মোট জমির পরিমাণ কত এবং ঐ দাগের কত জমি হাসপাতাল প্লটের জন্য গ্রহণ করা হইতেছে; এবং

(ঘ) ঐ হাসপাতাল নির্মাণের জন্য টেণ্ডার আহ্বান করা হইয়াছে কিনা?

শ্রীজয়নাল আবেদিন : (ক) ২১৭৮ এবং আরো কয়েকটি দাগ গ্রহণ করার বিরুদ্ধে স্থানীয় অধিবাসীগণের নিকট হইতে দরখাস্ত পাওয়া গিয়াছে।

(খ) ধর্ম সংক্রান্ত কারণে ২১৭৮ দাগ হইতে তাজিয়া ও রথের মেলা এবং শ্মশানের জন্য ব্যবহৃত জমি বাদ দেওয়া হইয়াছে।

(গ) হাসপাতালের জন্য মোট ১৩·৮৮ একর জমি সংগ্রহ করিবার প্রস্তাব আছে। ২১৭৮ দাগে মোট জমির পরিমাণ ১৪·৪৩ একর। উক্ত দাগের আনুমানিক ½ অংশ হাসপাতালের জন্য সংগ্রহ করিবার প্রস্তাব আছে।

(ঘ) হ্যাঁ।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায় : মাননীয় ডেপুটি মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই প্রস্তাবিত কাঁথি মহকুমার হাসপতাল যে জায়গায় প্রতিষ্ঠা করার কথা ছিল সেখানে যাতে না হয় সেজন্য স্থানীয় পি এস পি কোন আন্দোলন করেছিল কিনা?

শ্রীজয়নাল আবেদিন : গণ আন্দোলন হয়েছিল, তাতে স্থানীয় পি এস পি ছিল এবং অন্যান্য পার্টিও যুক্ত ছিল।

শ্রীসুধীরচন্দ্র দাস : এই ২১৭৮ দাগ কারবালা স্থান এবং এই ২১৭৮ দাগ গোটাটাই কারবালা স্থান বলে রেকর্ড করা হয়েছে জানেন কি?

শ্রীজয়নাল আবেদিন : আমি আগেই বলেছি যে এর ½ অংশ আমরা নিয়েছি এবং ½ অংশ ছেড়ে দিয়েছি।

শ্রীসুধীরচন্দ্র দাস : আপনি জানেন এই কারবালা একটি ধর্মস্থান, এর উপর কেউ হস্তক্ষেপ করতে পারে না?

শ্রীজয়নাল আবেদিন: ২১৭৮ দাগে যেখানে কারবালা অনুষ্ঠিত হয় সেই অংশ বাদ দেওয়া হয়েছে এবং যে অংশ সরকারের উপর বর্তেছে সেই অংশ গ্রহণ করা হয়েছে।

শ্রীসুধীরচন্দ্র দাস : আপনি কি জানেন যে এখানে প্রায় ১০০টি তাজিয়া সমবেত হয়?

শ্রীজয়নাল আবেদিন : ১০০টা হয়, কি ৫০টা হয় সেই তথ্য আমার কাছে নেই। তবে এইটুকু বলতে পারি তাজিয়ার জন্য ২১৭৮ দাগের যে অংশ ব্যবহার করা হয় তা ছেড়ে দেওয়া হয়েছে।

শ্রীসুধীরচন্দ্র দাস : মুসলমানদের এই কারবালা স্থানটা ছেড়ে দেবার জন্য সরকার পুনর্বিবেচনা করবেন কিনা?

শ্রীজয়নাল আবেদিন : এটা পুনর্বিবেচনা করার দায়িত্ব সেখানকার স্থানীয় কালেক্টার এবং ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্টের উপর।

শ্রীসুধীরচন্দ্র দাস : যেটা ধর্মস্থান বলে রেকর্ডেড হয়েছে সেটা সরকার আইনতঃ গ্রহণ করতে পারেন কিনা?

শ্রীজয়নাল আবেদিন : আইন সম্পর্কে প্রশ্ন যদি করতে চান তাহলে আইন দপ্তরে প্রশ্ন করে পাঠাবেন এবং সেখান থেকে যথোপযুক্ত উত্তর পাবেন বলে মনে করি।

শ্রীসুধীরচন্দ্র দাস : আপনারা আইন মন্ত্রীর সংগে পরামর্শ করেছিলেন কিনা, তাঁর মত নিয়েছেন কিনা?

শ্রীজয়নাল আবেদিন : আমি আশা করি এই বিষয়ে কালেক্টার মহাশয়ের অভিজ্ঞতা আছে, তিনি প্রসিড করবার সময় সেদিকে বিবেচনা করেই ব্যবস্থা করবেন।

কুমার জগদীশচন্দ্র সিংহ : কাঁথিতে এ ছাড়া কি আর কোন জায়গা নেই যেখানে সুটেবল হাসপাতাল হতে পারে?

শ্রীজয়নাল আবেদিন : না নেই।

শ্রীসুধীরচন্দ্র দাস : আপনি কি জানেন, অনেক জায়গা আছে যেমন কাঁথি কলেজের সংলগ্ন এলাকা যেখানে হাসপাতাল হতে পারে?

শ্রীজয়নাল আবেদিন : সব জায়গা হাসপাতালের উপযুক্ত নয়। এর জন্য একটা বিশেষ পরিবেশ দরকার।

ডাঃ গোলাম ইয়াজদানি : আপনি সমস্ত দায়িত্ব ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের এবং ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্টের উপর চাপিয়ে দিচ্ছেন। আপনার দৃষ্টি যখন এদিকে আকর্ষণ করা হল তখন আপনি কি বিবেচনা করলেন?

শ্রীজয়নাল আবেদিন : সেকথা আগেই বলেছি যে, বিবেচনা করে যে অংশটা অপরিহার্য সেই অংশটা বাদ দিয়ে বাকী অংশটা নেওয়া হয়েছে।

ডাঃ গোলাম ইয়াজদানি : আপনারা তো কোন কন্সিডার করেন নি, যেটুকু করেছেন তা ডি এম করেছেন, আপনারা কি করেছেন?

শ্রীজয়নাল আবেদিন : স্পীকার মহাশয়, আমি মনে করি এর উত্তর দেওয়া হয়ে গিয়েছে।

Total number of nurses

***70.** (Admitted question No. *649.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the total number of nurses under the employ of the State Government attached to different State Hospitals, Rural and Union Health Centres, district and subdivisional hospitals;

(b) what is the total requirement of nurses in the State; and

(c) what arrangements are being made for giving training in nursing in mofussil towns and for improving the quality of training and increase the number of trainees?

Shri Joynal Abedin: (a) 4,264 excluding 1,300 student nurses whose services are also utilised in course of their training.

(b) 5,263 on the basis of requirement as on 1st January, 1963.

(c) Nursing training is being given in every district headquarters except Bankura, Purulia, West Dinajpur and Malda. All steps are being taken by the State Government for starting nursing schools in the district towns of Bankura, West Dinajpur, Malda and also in 2 or 3 subdivisional towns

during the Third Five-Year Plan period to train up a large number of nurses. In order to improve the standard of training qualified Sister Tutors have been posted and revised syllabuses have been introduced.

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় মন্ত্রিমহাশয়ের কি জানা আছে যে এই যে গত বছর ৪০০ নার্সকে ছাঁটাই করা হয়েছে এই বলে যে তারা—

they are temporary servants and their services are no longer required.

তাদের কোন মিস-কন্ডাক্ট-এর চার্জ এর জন্য নয়—যখন নার্স-এর সর্টএজ রয়েছে সেখানে ৪০০ নার্সকে এই গ্রাউন্ড-এ যে তারা টেম্পোরারী সার্ভেন্টস ছাঁটাই করা হয়েছে কি কারণে সেটা করা হয়েছে।

শ্রীজয়নাল আবেদিন: মাননীয় সদস্য যদি তথ্য দেন তাহলে খোঁজ করে দেখব।

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি বলছি আপনার ডিপার্টমেন্ট-এর মেল নার্স কেটেগরি-র ৪০০ মেল নার্সকে এই গ্রাউন্ড-এ ছাঁটাই করা হয়েছে যে তারা টেম্পোরারী তারা পাঁচ-সাত বছর চাকুরী করেছে।

শ্রীজয়নাল আবেদিন: স্বাস্থ্য দপ্তরের সিদ্ধান্ত অনুযায়ী আমরা মেল নার্স কেডার তুলে দেওয়ার সিদ্ধান্ত করেছি দশ বছরের উপরে।

শ্রীকাশীকান্ত মৈত্র: হাই কোর্ট-এর কেস কাগজে রিপোর্টেড হয়েছে তাতে আপনাদের সিদ্ধান্ত নাকচ করে দেওয়া হয়েছে।

শ্রীজয়নাল আবেদিন: হাই কোর্ট-এ কি বিচার হয়েছে তা আমাদের জানা নেই।

শ্রীমতী শান্তি দাস: মহিলাদের যে নার্সিং-এ ট্রেনিং দেওয়া হয় এবং সেবিকাদের ট্রেনিং এ দুটোর তফাৎ কি সেগুলি মন্ত্রী মহোদয় বলবেন?

শ্রীজয়নাল আবেদিন: দুই রকম ক্যাডার প্রবর্তন করা হয়েছে। জেনারেল নার্সিং—যারা ম্যাট্রিকুলেট তাদের বয়স ১৮২ থেকে ২৮-এর মধ্যে হয় তারা হয় উইডো অথবা ডাইভোর্সড। আর একটা কোর্স আছে ক্লাস ৮ পর্যন্ত পড়ার যোগ্যতা থাকা দরকার—তাদের অক্‌জিলিয়ারি নার্স-কাম-মিডওয়াইফ কোর্স-এ ভর্তি করা হয়।

শ্রীমতী শান্তি দাস: এদের মাইনের কি কোন তফাৎ আছে?

শ্রীজয়নাল আবেদিন: কোন তফাৎ নেই। ট্রেনিং পিরিয়ড পর্যন্ত মাইনের তফাৎ আছে।

শ্রীজগদীশচন্দ্র ভট্টাচার্য: যে নার্সদের ট্রেনিং-এ নেওয়া হয় তাদের একটা ফর্ম-এ এক টাকা নন-জুডিসিয়াল স্ট্যাম্প-এ খরচ করে এগ্রিমেন্ট করতে হয় এটা ঠিক কিনা?

শ্রীজয়নাল আবেদিন: যে কোন এগ্রিমেন্ট-এ কত টাকার স্ট্যাম্প লাগাবে সেটা ল' ডিপার্ট-মেন্ট ঠিক করে দেন। এ প্রশ্ন ল' ডিপার্টমেন্ট-কে করলে উপযুক্ত উত্তর পেতে পারেন।

শ্রীজগদীশচন্দ্র ভট্টাচার্য: এটা কি ঠিক যে উত্তরবংগের কোন একটি মেয়েকে যদি বলা হয় এক টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প কলকাতা থেকে সংগ্রহ কর সেটা তার পক্ষে কষ্টকর হয়ে দাঁড়ায়?

শ্রীজয়নাল আবেদিন: সঠিক সন্ধান দিলে অনুসন্ধান করে দেখব।

শ্রীজগদীশচন্দ্র ভট্টাচার্য: এটা কি ঠিক যে নন-জুডিসিয়াল স্ট্যাম্প কলকাতা থেকে সরবরাহ করার জন্য আপনার দপ্তর থেকে কোন চিঠি গিয়েছে?

(নো রিপ্লাই)

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় ডেপুটি মন্ত্রিমহাশয় (বি) কোশ্চেন-এর জবাবে বলেছেন যে টোটাল রিকোয়ারমেন্টস অব নার্সেস ইন দি স্টেট ৫২৬৩। তিনি কি জানাবেন কিসের ভিত্তিতে এই টোটাল রিকোয়ারমেন্ট য়্যাসেস করা হয়েছে?

[12-40—12-50 p.m.]

Shri Joynal Abedin: I may explain the whole thing. The total requir ment of nurses in the State is 5,263 which has been calculated on the bas of one nurse for every five beds. Total hospital beds being 17,036, one nur for each of the 974 clinics, namely, T.B., Leprosy, V.D., M. & C.W., Fami Planning and Dental Clinics, and one nurse for each of the 84 health centr without bed, 3 nurses for labour room of each of the 10 Sadar and Subdivisic Hospitals, 200 P.H. nurses plus leave reserve at the rate of 10 per cent. the total number of nurses.

শ্রীসনৎকুমার রাহা: নার্স সম্পর্কে বাংলাদেশে কতগুলি নার্সেস ট্রেনিং স্কুল আছে এ তাতে বছরে কি পরিমাণ নার্সেস ট্রেনিং হয়?

শ্রীজয়নাল আবেদিন: এ্যাবাউট ১,৩০০।

শ্রীসনৎকুমার রাহাঃ মহিলা নার্সের যে স্কুল আছে সেখানে কারা যেতে পারেন, পড়ে পারেন, ট্রেনিং নিতে পারেন এবং এ বিষয় কে নির্বাচন করেন?

শ্রীজয়নাল আবেদিন: একটা সিলেকশন বোর্ড আছে।

there are maternity complications in the female sex during the maternit period.

সেজন্য ওদের অবিবাহিত ছাড়া নেওয়া হয় না।

Mr. Speaker: This question does not arise.

শ্রীমতী শান্তি দাস: কাঁচড়াপাড়া টি বি হসপিটাল-এ সোশাল অরগানাইজার একটা পোস আছে এবং এরজন্য একটা এ্যাপয়েন্টেড স্টাফ আছে। আমি মাননীয় ডেপুটী মন্ত্রিমহাশয়ে কাছ থেকে জানতে চাই যে ধুবুলিয়া বা যেসমস্ত জায়গায় টি বি হসপিটাল আছে সেসব জায়গা প্রত্যেক হাসপাতালে সোশাল অরগানাইজার আছে কিনা?

শ্রীজয়নাল আবেদিন: এ প্রশ্ন, এ প্রশ্ন থেকে আসে না।

শ্রীরাধাকৃষ্ণ সিংহ: আমি জিজ্ঞাসা করছি যে যদি অবিবাহিত অবস্থা ট্রেনিং পিরিয়ড-এ চাকরীর সময় কেউ বিবাহ করে তাহলে তার চাকরী যাবে কিনা?

শ্রীজয়নাল আবেদিন: ট্রেনিং সমাপ্ত হবার পর সে বিবাহ করতে পারে -

because of the maternity complications in female sex.

সেজন্য অনুমতি দেওয়া হয় না।

ডাঃ গোলাম ইয়াজদানী: আপনারা আনট্রেন্ড নার্স যারা তাদের কি নার্স বলে গণ্য করেন?

শ্রীজয়নাল অবেদিন: যে পর্যন্ত নার্সিং ক্যাডার সম্পূর্ণভাবে ফিল আপ না করতে পারছি তখন আনট্রেন্ড নার্স দিয়ে নার্স-এর কাজ চলছে।

ডাঃ গোলাম ইয়াজদানী: এইরকম কতজন আছে?

Shri Joynal Abedin: 1,100 in the State of West Bengal.

শ্রীকাশীকান্ত মৈত্র: আপনি বললেন যে ৫ হাজার টোটাল রিকোয়ারমেন্ট সেখানে আমাদের আছে ৪ হাজারের কিছু বেশীর সার্ভিস ইউটিলাইজড হচ্ছে এবং ১,৬০০ ট্রেনি ছিল এবং যারা রেগুলার ক্যাডার-এ ছিল—কিন্তু আমি জিজ্ঞাসা করছি যে এই ১,৬০০ যারা তাদের কি সবাই এবজর্ব হয়েছে?

শ্রীজয়নাল আবেদিন: আমি ছিলেন বলিনি, আছেন—

there are 1,300 students nurses whose services are also utilised in the State hospitals.

শ্রীকাশীকান্ত মৈত্র: এদের ট্রেনিং শেষ হবার সঙ্গে সঙ্গে এদের কি এ্যাবজর্ব করা হবে—এসম্পর্কে সরকারের কি কোন পলিসি আছে?

শ্রীজয়নাল আবেদিন: হ্যাঁ।

ডাঃ গোলাম মোজাম্মেল: বাংলাদেশে কত ট্রেন্ড নার্স আছে?

শ্রীজয়নাল আবেদিন: সে উত্তর আমি আগে বলেছি, আপনি ফলো করেননি বলে বুঝতে পারেননি।

শ্রীগোপীকারঞ্জন মিত্র: অক্সিলিয়ারী ট্রেনিং যেটার ৩ মাসে আগে ট্রেনিং কোর্স খোলা হয়েছে তাতে সার্ভিস যে নার্স আছে তাদের ভর্তি হবার সুযোগ সুবিধা জন্য কোন সিদ্ধান্ত সরকার নিয়েছেন কিনা?

শ্রীজয়নাল আবেদিন: সে সিদ্ধান্ত পরে করা হবে।

ডাঃ রাধাকৃষ্ণ সিংহ: বিবাহিত যাঁরা আছেন তাঁরা সিঁদুর পরতে পারেন কিনা?

(No reply).

শ্রীসোমনাথ লাহিড়ী: মোট কত নার্স আছে তার জবাব আপনি দিয়েছেন—অর্থাৎ গভর্নমেন্ট এম্‌প্লয়মেন্ট-এ মোট কত নার্স আছে তার জবাব আপনি দিয়েছেন, কিন্তু আমার প্রশ্ন ছিল যে গভর্নমেন্ট এম্‌প্লয়ী ছাড়া মোট ট্রেন্ড নার্স বাংলাদেশে কত আছে তার ফিগার দিতে পারেন কি?

শ্রীজয়নাল আবেদিন: টোটাল ট্রেন্ড নার্স কত আছে সে সম্পর্কে জানাতে হলে নোটিশ চাই।

শ্রীসোমনাথ লাহিড়ী: আমার প্রশ্ন জিজ্ঞাসা করার উদ্দেশ্য হচ্ছে যে ট্রেনিং পাওয়া সত্ত্বেও গভর্নমেন্ট এম্‌প্লয়মেন্ট-এ নেই এইরকম নার্স আছে কিনা জানতে চাই।

শ্রীজয়নাল আবেদিন: যে উদ্দেশ্য প্রকাশিত হয়েছিল তার উত্তর দিয়েছি, গুপ্ত উদ্দেশ্যের উত্তর দেওয়া সম্ভবপর নয়।

শ্রীসোমনাথ লাহিড়ী: এর মধ্যে গুপ্ত উদ্দেশ্য কি থাকতে পারে?

(No reply).

Alleged raid on the sweepers in the Dhapa Dumping ground

*71. (Admitted question No. *654.) **Shri Sailendra Nath Adhikary:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state if it is a fact that on the morning of the 5th September, 1962, a large number of persons armed with lathis and other deadly weapons raided the huts of the sweepers engaged in the Dhapa Dumping ground under police-station Tollygunge, district 24-Parganas, by the lessees of the Dhapa Square Mile?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) whether any police investigation was made into this incident, and

(ii) if so, the result thereof?

The Hon'ble Saila Kumar Mukherjee: (a) Yes. The lessees referred to were those of the Dhapa Dumping ground.

(b) (i) Yes.

(ii) The matter is still under police investigation. 85 persons have so far been arrested.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মন্ত্রিমহাশয় বলবেন কি যে, যখন এই ইন্সিডেন্ট ঘটে তখন পুলিশে কোন খবর অবগতির জন্য গিয়েছিল কিনা—অর্থাৎ টালিগঞ্জ পুলিশ স্টেশনে কোন ফোন গিয়েছিল কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee: I am placing before the House a complete statement which will enable the members to understand the position.

A dispute was going on for some time between the conservancy workers and the lessee of the Dumping Ground at Dhapa over the rate of wages of certain sections of mazdoors. Shri Jadu Nandan Singh, the local President of the Union Board, is the agent of the lessee. There was no settlement of wage dispute and it is alleged that the agent of the lessee hired a large number of men for wagon unloading and line clearing work in the Dumping Ground. It is reported that on 5th September, 1962, morning, the hired men were sent to the work-site when they were resisted by the mazdoors. The hired men are said to have attacked the mazdoors, ransacked and damaged a large number of houses in the Cooly-Busti, looted household property and inflicted injuries on a number of persons. These men are said to have attacked another nearby Busti on a piece of Corporation land inhabited by outsiders. There was a gun fire also during the disturbances but no injury. Some men ot lessee's property are reported to have received injuries on their persons during the clash. Information about such clash was received at Tollygunj police-station over the phone at 07.35 hours on the same day. Immediately on receipt of such information the Duty Officer informed the Havildar, Pagladanga Out-post over phone, to proceed there at once with available force to maintain peace, and a strong force under the guidance of an officer was also immediately deputed. But the occurrence took place before their arrival.

[12-50—1 p.m.]

In this connection it may be mentioned that the distance of the thana from the place of occurrence (Dhapa) is about ten miles and that between Pagla Danga and Dhapa is more than two miles without any communicating road. Tollygunge P.S. case No. 23, dated 5th September, 1962 under sections 142/149/325/380 I.P.C. and counter case No. 24, dated 5th September, 1962 under sections 148/325 I.P.C. and under section 6 of the Explosie Substances Act were started on the complaint of Shri Sunil Das, ex-M.L.A. and Jadunandan Singh (an employee of the lessee), respectively. In the evening of the same day a serious case of arson and rioting took place. The Superintendent of Police, the District Magistrate and the Commissioner of Calcutta Corporation visited the area after the occurrence and arranged relief measures to the mazdoor's family.

Eighty-one persons including the counter-licensee Surja Prasad Singh were arrested in the former case and four persons were arrested in the latter case. All of them are on bail. Both the cases are still under police investigation and are really sub-judice.

It is not known whether the Dhapa dumping ground is called "Dhapa square mile".

Shri Kashi Kànta Maitra: Is the Hon'ble Minister aware that one of the victims died subsequently in the hospital as a result of the injury received by him?

The Hon'ble Saila Kumar Mukherjee: At present I have no information.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় মন্ত্রিমহাশয় এটা জানেন কি যে আমাদের যিনি অর্থ-মন্ত্রী হয়েছেন, তিনি সেই সময় মিনিস্টার-ডেজিগনেট হয়েও যদ্‌নন্দন সিংদেও-র পক্ষে একটি কেসে ওকালতি করতে গিয়েছিলেন?

The Hon'ble Saila Kumar Mukherjee: I have no information.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: খবরের কাগজে ঐই নিয়ে রীতিমত টীকাটিপ্পনী করা হয়েছিল, সমালোচনা করা হয়েছিল, সেটার সম্বন্ধে তিনি কোন খবর রাখেন কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee: If it appeared in the paper, as you say, there is no harm in that.

Shri Sailendra Nath Adhikary: Then call him Minister-designate

The Hon'ble Saila Kumar Mukherjee: You cannot say Minister-designate, there is no such thing as Minister-designate.

Shri Sailendra Nath Adhikary: His name was announced in the paper?

The Hon'ble Saila Kumar Mukherjee: That question does not arise.

Unstarred questions to which written answers were laid on the Table

Dulung river in Midnapore district

223. (Admitted question No. 313.) **Shri Surendra Nath Mahata:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার সাঁকরাইল থানার ১নং ইউনিয়নের মধ্য দিয়া প্রবাহিত ডুলুং নদীর ভেড়ী বাঁধ স্থানে স্থানে ভাঙ্গিয়া গিয়া উক্ত ইউনিয়নের বেইচা, আস্থি, বাঁধগড়া, কাঠমুণ্ডি প্রভৃতি মৌজার বহু ধানী জমি সম্প্রতি ব্যাপকভাবে নষ্ট করিয়া দিয়াছে ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(১) উক্ত ক্ষতিগ্রস্ত জমির পরিমাণ ও মৌজাগুলির সংখ্যা কত ;

(২) এই ক্ষতি নিরোধের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ; এবং

(৩) এই সম্পর্কে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ?

The Minister for Land and Land Revenue:

(ক) ৫।৬ বৎসর পূর্বে বৃষ্টির জলে বাঁধটি কিছু ক্ষতিগ্রস্ত হয়, যাহার ফলে কিছু ধানী জমির ক্ষতি হইয়াছে।

(খ) (১) ২০০ হইতে ২৫০ একর। মৌজার সংখ্যা—৩।

(২) ও (৩) সরকারের বিবেচনাধীন আছে।

Pay, qualification, etc., of the Anchal Panchayat Secretaries

224. (Admitted question No. 321.) **Shri Ananga Mohan Das:** স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পঞ্চায়েতের প্রতি অঞ্চলের সম্পাদকগণের ন্যূনতম শিক্ষা বিষয়ে যোগ্যতা কি এবং তাহাদের বেতনের হার কি ;

(খ) নির্ধারিত সম্পাদকগণকে উপযুক্ত ট্রেনিং দেওয়ার ব্যবস্থা আছে কিনা ; এবং

(গ) উক্ত ট্রেনিং-এ কি কি বিষয়ে শিক্ষা দেওয়া হইবে এবং কতদিন ধরিয়া উহা চলিবে ?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) সাধারণত স্কুল ফাইন্যাল অথবা তদনুরূপ পরীক্ষায় উত্তীর্ণ হওয়া প্রয়োজন, তবে মহকুমাশাসকের অনুমোদনক্রমে অন্যথা উপযুক্ত প্রার্থীর ক্ষেত্রে সরকার শিক্ষাগত যোগ্যতার মান হ্রাস করিতে পারেন। উহাদের বেতনের হার ৫০—১—৬৮—২—৮০ টাকা ও তৎসহ মাগ্গী ভাতা ও নগদ ভাতা।

(খ) বর্তমানে নাই, তবে পঞ্চায়েত সম্পাদকগণকে উপযুক্ত ট্রেনিং দেওয়ার ব্যবস্থা সরকারের বিবেচনাধীন আছে।

(গ) পঞ্চায়েত সম্পাদকদের জন্য প্রস্তাবিত ট্রেনিং-এর পাঠ্যতালিকার একটি নকল এতদ্সহ দেওয়া হইল। উক্ত ট্রেনিং ছয় মাস ধরিয়া চলিবে।

List referred to in reply to clause (ga) of unstarred question No. 224.

PANCHAYAT SYLLABUS

A. The Panchayat Act and the Rules with particular stresses on the following provisions:

(I) Constitution of Gram Sabha (Section 3).

Member of Gram Sabha (Section 7)

Annual and half-yearly general meetings of the Gram Sabha (Section 8).

Business at the General meetings and quorum (Sections 9 and 10 and Rules 3 to 7).

Constitution of Gram Panchayat (Section 11).

Rules relating to election of members of Gram Panchayat and its Adhyaksha and Upa-Adhyaksha (Rules 8 to 30).

Terms of Office (Section 12).

Disqualifications (Section 15).

Ordinary meetings of Gram Panchayat (Rules 32 to 39).

Staff of the Gram Panchayat (Rules 48 to 56A).

Powers and duties of Gram Panchayat (Section 31).

Other duties of Gram Panchayat (Section 32).

Discretionary duties of Gram Panchayat (Section 33).

Powers of Gram Panchayat under Sections 36 to 41.

Joint Committees of Gram Panchayats (Section 42 and Rule 41).

Gram Panchayat Fund (Section 56).

Budget estimate and supplementary estimate of Gram Panchayat (Section 59 and Rules 134 to 140).

Property of Gram Panchayat (Sections 61 to 63).

Delegation of functions of Gram Panchayat to its Adhyaksha (Section 45).

Reconstitution and supersession of Gram Panchayat (Sections 67 and 68).

Assistance to the District Magistrate and other officers (Section 112).

(II) Establishment and constitution of Anchal Panchayats (Sections 25 and 26).

Election of members of Anchal Panchayat and its Pradhan and Upa-Pradhan (Rules 8 to 30).

Disqualifications (Section 15).

Term of office (Section 26).

Meetings of Anchal Panchayat (Rules 32 to 39).

Powers and duties of Anchal Panchayats (Section 46).

Officers and servants of Anchal Panchayat (Section 48).

Secretary to Anchal Panchayat and additional staff—their qualifications, conditions of service, etc. (Rules 43 to 56A).

Anchal Panchayat fund (Section 55).

Budget estimate of Anchal Panchayat (Section 60 and Rules 130 to 133).

Imposition of taxes, fees and rates and Preparation of Assessment List by the Anchal Panchayat (Section 57 and Rules 110 to 129).

Dafadars and Chowkidars under Anchal Panchayat (Sections 51 to 54 and Rules 57 to 109).

Delegation of Functions by the Anchal Panchayat to its Pradhan (Section 49) and to its Secretary (Section 48).

Committees of Anchal Panchayats (Section 29).

Reconstitution and Supersession of Anchal Panchayat (Sections 67 and 68).

Assistance to the District Magistrate and other officers (Section 112).

(III) West Bengal Anchal and Gram Panchayat (Accounts and Audit) Rules, 1959.

Custody of Gram Panchayat and Anchal Panchayat fund (Rule 3).

Accounts Books and Registers to be maintained by Gram and Anchal Panchayat (Rule 4).

Additional Registers to be maintained by them (Rule 5).

Submission of Accounts—(a) Monthly accounts and (b) Annual Expenditure (Rule 6).

Procedure for receipts, payments and collection of money (Rules 7 to 13).

Quarterly running audit and the annual completed audit of the Gram and Anchal Panchayats [Directorate Memo. No. 1721/DP/3A-1/60(109), dated 26th May, 1960]—Standard forms—Compilation of Annual Report on the working of Panchayats (Directorate Memo. No. 1507/DP/1R-3/60(109), dated 9th May, 1960.

(IV) Nyaya Panchayat—its constitution—(Section 70).

Criminal and Civil jurisdiction of Nyaya Panchayat (Sections 71 and 80).

Institution of Criminal cases and Civil suits before Nyaya Panchayat Sections 72 and 84).

Withdrawal or transfer of case of suit (Section 98).

Realisation of fees and execution of decrees (Section 107).

Registers and records to be maintained (Section 108).

Nyaya Panchayat Election Rules, 10/60 (Notification No. 3222/DP/N-1/60, dated 1st November, 1960).

B Panchayat Execution Instructions Parts I, II and III.

C Manual on Community Development Programme with particular stress on the following:

Schematic budget for Stage I and Stage II Blocks—

Description of the schemes under the Community Development budget relating to—

(1) Drinking water-supply, (2) Drainage and Sanitation, (3) Education, (4) Social Education and (5) Communications—The objectives of the schemes and the procedure for their implementation. Planning and execution of Development Schemes through the Panchayats and other village institutions.

D Relevant Rules and Circulars of the Union Board Manual, Volumes I d II, read with Rule 141 of the Panchayat Rules.

Birth Centenary of the Poet D. L. Roy

225. (Admitted question No. 366.) **Shri Kashikanta Maitra:**

শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কবি দ্বিজেন্দ্রলাল রায়ের জন্মশতবার্ষিকী উপলক্ষে কবির জন্মভিটা কৃষ্ণনগরে কোন স্মৃতিসৌধ ও "দ্বিজেন্দ্র মেমোরিয়াল হল" নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) এই কবির স্মৃতিরক্ষার ও জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের কোন পরিকল্পনা রাজ্যসরকার গ্রহণ করিয়াছেন কিনা ; এবং

(গ) কবির রচনাবলী সুলভে প্রকাশের কোন পরিকল্পনা আছে কিনা?

The Minister for Education:

(ক), (খ) ও (গ) সরকার হইতে কোন বিখ্যাত ব্যক্তির জন্মশতবার্ষিকী পালনের বা স্মৃতি-রক্ষার ব্যবস্থা করা হয় না। জনসাধারণের বা কোন বেসরকারী প্রতিষ্ঠান বা সংস্থা হইতে ঐরূপ স্মৃতিরক্ষার ব্যবস্থা করা হইলে সরকার সাহায্য করিয়া থাকেন।

Bandel Thermal Power Station

226. (Admitted question No. 370.) **Shri Sambhu Charan Ghosh:** উন্নয়নবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্যান্ডেল তাপবিদ্যুৎ উৎপাদন কেন্দ্র কবে নাগাদ কার্যকরী করা সম্ভব হইবে বলিয়া সরকার মনে করিতেছেন;

(খ) এই উৎপাদনকেন্দ্রের জন্য রাজ্যসরকার কত টাকা ব্যয় বহন করিতেছেন;

(গ) এই উৎপাদনকেন্দ্রে কতজন কর্মিনিয়োগের সম্ভাবনা আছে; এবং

(ঘ) এই উৎপাদনকেন্দ্রে কর্মিনিয়োগের ক্ষেত্রে স্থানীয় যুবকদের সুযোগ দিবার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা?

The Minister for Commerce and Industries:

(ক) চারটি ৮২·৫ মেগাওয়াট সেটের মধ্যে প্রথম সেটটি ১৯৬৪ সালের সেপ্টেম্বরের মধ্যে এবং অবশিষ্ট ৩টি সেট উল্লিখিত সালের ডিসেম্বরের মধ্যে কার্যকরী করা হইবে বলিয়া আশা করা যায়।

(খ) ২৯ কোটি ১৯ লক্ষ টাকা।

(গ) এই তাপবিদ্যুৎ কেন্দ্র নির্মাণ কার্যকালীন ৫০০ জন প্রভাবিত (ওয়ার্ক-চার্জড) কর্মী ছাড়াও ৫০০ জন কর্মী স্থায়ী সংস্থায় নিযুক্ত করা হইবে। সম্পূর্ণ চালু হইলে উহাতে ১,০০০ জন স্থায়ী কর্মী নিয়োগ করা হইবে।

(ঘ) হ্যাঁ।

Suri Sadar Hospital, Birbhum

227. (Admitted question No. 382.) **Shri Bhakti Bhusan Mandal:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number of—

(i) general beds,

(ii) maternity beds, and

(iii) isolation beds in the Suri Sadar Hospital, Birbhum; and

(b) the number of—

(i) doctors,

(ii) specialists,

(iii) lady doctors, and

(iv) nurses posted at present at the said hospital?

The Minister of State for Health: (a) (i) ninety-two.

(ii) Eight.

(iii) Thirty-six (including 20 T.B. beds).

(b) (i) Eleven (including Specialists and Lady Doctors.)

(ii) Six.

(iii) One.

(iv) Eighty-four (including 55 pupil nurses).

Quarters of the Officer-in-charge of Moyna P.S. in Midnapore

228. (Admitted question No. 410.) **Shri Ananga Mohan Das:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ময়না থানা অফিসারের কোয়ার্টার দীর্ঘদিন পূর্বে নষ্ট হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, উহা সংস্কার করিবার কি ব্যবস্থা হইতেছে?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ।

(খ) সংস্কারের অনুপযোগী বিবেচনায় কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই। নূতন কোয়ার্টার নির্মাণ সরকারের বিবেচনাধীন আছে।

Town Planning Scheme in East Barisa

229. (Admitted question No. 427.) **Shri Rabindra Nath Mukhopadhyay:** উন্নয়নবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দক্ষিণ শহরতলী পৌরসভার অন্তর্গত পূর্ব বরিষা অঞ্চলে টাউন প্ল্যানিং-এর কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) পরিকল্পনা থাকিলে, উহা কার্যকরী করিবার জন্য কি পরিমাণ জমি সংগ্রহ করিতে সরকার মনস্থ করিয়াছেন; এবং

(গ) এই পরিকল্পনার অন্তর্ভুক্ত মূল বিষয়গুলি কি?

The Minister for Development:

(ক) হ্যাঁ, পূর্ব বরিষায় একটি উপনগরী নির্মাণের পরিকল্পনা পশ্চিমবঙ্গ উন্নয়ন নিগমের (কর্পোরেশন) বিবেচনাধীন আছে, কিন্তু বর্তমান জরুরী অবস্থার জন্য ইহা আপাতত স্থগিত আছে।

(খ) এই পরিকল্পনার জন্য প্রায় ১,২০০ একর জমি সংগ্রহ করিতে হইবে বলিয়া উক্ত সংস্থা মনস্থ করিয়াছে।

(গ) এই পরিকল্পনায় বিভিন্ন শ্রেণীর নাগরিকদের বাসগৃহ নির্মাণের জন্য জমি দেওয়ার ব্যবস্থা করা হইবে। আধুনিক নাগরিক জীবনের যেসমস্ত আনুষঙ্গিক ব্যবস্থার প্রয়োজন, তাহার সমস্তই এখানে পাওয়া যাইবে।

Keshoram Rayon Factory in Hooghly district

230. (Admitted question No. 456.) **Shri Sambhu Charan Ghose:** স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী আমাদের সামনে পশ্চিম বাংলার একটা স্বাস্থ্যোজ্জ্বল চিত্র পরিবেশন করেছেন। প্রদীপের নিচে যেখানে জমাট বাঁধা অন্ধকার, সেখান থেকে আমাদের দৃষ্টিকে তিনি সযত্নে সরিয়ে আনবার চেষ্টা করেছেন। ১৯৪৩ সালে ভারত-সরকার কর্তৃক নিয়োজিত ভোর কমিটি ভারতবর্ষের স্বাস্থ্যের বিষয়ে অগ্রগতি সাধনের জন্য কতকগুলি মূল্যবান তথ্য সুপারিশ করেছিলেন। দূর ভবিষ্যতে বাস্তবপন্থায় কেমনভাবে স্বাস্থ্য এবং সমগ্রভাবে সমাজ-জীবনের উন্নতি করা যায়, এ বিষয়ে ভোর কমিটির অমূল্য পরামর্শে আজকের দিনে বিশেষভাবে প্রণিধানযোগ্য। পশ্চিমবঙ্গ সরকার আমাদের সামনে আমাদের দেশের কতগুলি হাসপাতাল, কতগুলি হেলথ সেন্টার হয়েছে তার ফর্দ পেশ করেছেন এবং পশ্চিমবঙ্গ সরকার যে পুস্তিকা দিয়েছেন, তা আমি দেখেছি। সেখানে তালিকার মধ্যে বারে বারে ভোর কমিটির সুপারিশের কথা উল্লেখ করা হয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে কয়েকটি প্রশ্ন করতে চাই। আমি ভোর কমিটির সুপারিশগুলি আমি অত্যন্ত ভালভাবে পড়েছি। ভোর কমিটি তাঁদের সুপারিশের মধ্যে নীতি হিসেবে যে কথা ঘোষণা করেছিলেন তা হচ্ছে যে কোন মানুষ বিনা চিকিৎসায় থাকবে, কোন মানুষ পয়সার অভাবে চিকিৎসার সুযোগ পাবে না, চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হবে। এরকম অবস্থা যেন না থাকে। এটা ভোর কমিটি সুপারিশের মধ্যে নীতি হিসেবে ঘোষণা করেন। আমি এখানে রেফার করবো রিপোর্ট অফ দি হেলথ সার্ভে অ্যান্ড প্ল্যানিং কমিটির কথা। এ সম্বন্ধে সেই সিদ্ধান্তের কথা পরিষ্কারভাবে উল্লেখ আছে, সেটা ভোর কমিটি কথা। এ সম্বন্ধে সেই সিদ্ধান্তের কথা পরিষ্কারভাবে উল্লেখ আছে, সেটা ভোর কমিটি রেখেছেন। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, আপনারা ভোর কমিটির সুপারিশ গ্রহণ করেছেন, কিন্তু পশ্চিম বাংলায় এই রকম অবস্থা সৃষ্টি করতে আপনারা সমর্থ হয়েছেনকি যে মানুষ পয়সার অভাবে চিকিৎসা থেকে বঞ্চিত হয় নাকো? আজকে দেখি পয়সার অভাবে, চিকিৎসার অভাবে ফুটপাতে লোকে প্রাণ দেয়; পথেঘাটে প্রাণ হারায়। ভোর কমিটি সুপারিশ করেছিল স্বল্প মেয়াদী কর্মসূচীর মধ্যে প্রস্তাব করেছিল প্রতি গ্রামে ৫ জন থেকে ৭ জন নিয়ে একটি করে স্বাস্থ্য কমিটি করা হবে। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই, বাংলাদেশে এইরকম স্বাস্থ্য-কমিটি কয়টি গ্রামে হয়েছে এবং তার অবস্থা কি? ভোর কমিটি দীর্ঘমেয়াদী কর্মসূচীতে বসন্ত ও টি বি, রোগ কেমন করে দূরীকরণ করা যায়, তার নির্দেশ দিয়েছিলেন। ভোর কমিটি তাঁদের সুপারিশে এই কথা বলেছিলেন যে টি বি যদি নির্মূল করতে হয়, তাহলে যে সমস্ত ম্যাল-নিউট্রিশন, আন্ডার নিউট্রিশান, ইনস্যানিটারী অবস্থা হয়েছে, সেই অবস্থা থেকে দেশকে বাঁচাবার জন্য সরকারকে এগিয়ে আসতে হবে। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, আমাদের দেশে ব্যাপকভাবে যে টি বি রোগীর সংখ্যা বেড়ে গেছে, সেখানে ম্যাল-নিউট্রিশান, আন্ডার নিউটিশান ও ইনস্যানিটারী অবস্থা থেকে দেশকে বাঁচাবার জন্য সরকার কোন পন্থা অবলম্বন করেছেন কিনা? পক্স, বসন্ত দূরীকরণ ও তার বিস্তৃতি বাধা দেবার জন্য ভোর কমিটি নির্দেশ দিয়েছিলেন যে সেই ভ্যাক্সিনেশন কম্পালসারি করার জন্য লেজিসলেশন করতে হবে, আইন করতে হবে। সমস্ত দেশে এই রকম আইন করার প্রয়োজন আছে। আমরা দেখলাম কিছুদিন আগে কলকাতা এবং বাংলা দেশের বিভিন্ন জায়গায় বসন্ত মহামারী আকারে দেখা দিল। দায়সারাভাবে কিছু কিছু কর্পোরেশনকে সাহায্য করেছেন, মিউনিসিপ্যালিটিকে কিছু কিছু লিম্প ও ডাক্তার পাঠিয়েছেন। এইভাবে তা সারান যাবে না। আমি এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি। তার ইনভাইরণমেন্টাল হাইজিন কমিটি ১৯৪৮ সালে ভারত সরকার তৈরী করেছিল এবং তারা সুপারিশ করেছিল বিভিন্ন দেশে ও বিভিন্ন গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহ করা হবে। এই নির্দেশ দিয়েছিল, কমিটি যে পানীয় জল সরবরাহের দায়িত্ব সরকার গ্রহণ করবে, অর্থনৈতিক দায়িত্ব সরকারকে বহন করতে হবে। আমি জানতে চাই বাংলাদেশের গ্রামাঞ্চলে পানীয় জল যা সরবরাহ করা হয়েছে তা পর্যাপ্ত পরিমাণে হয়েছে কিনা? এবং যেটুকু জল গ্রামাঞ্চলে দেওয়া হয়েছে, সেই টুকুর পুরোপুরি অর্থনৈতিক দায়িত্ব সরকার গ্রহণ করেছেন কিনা? গ্রামের মানুষের ফিফটি পারসেন্ট কনট্রিবিউশন-এ যে সব টিউবওয়েল দেওয়ার

ব্যবস্থা করা হয়েছে, তার অধিকাংশই তিন মাস পরে খারাপ হয়ে গেছে; গ্রামাঞ্চলের পাণীয় জলের সমস্যার কোন সুরাহা হয় নাই। এ সম্বন্ধে একটি পরিষ্কার বক্তব্য সরকারের কাছ থেকে জানতে চাই বা শুনতে চাই।

[1-30—1-40 p.m.]

বাংলাদেশের আর একটি সবচেয়ে মারাত্মক যে রোগ, সেই রোগ সম্পর্কে কোন সুস্পষ্ট বক্তব্য আমরা শুনি নি। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনি হয়ত জানেন যে ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশী পাগলের সংখ্যা হচ্ছে পশ্চিম বাংলায়। এটা আমার মনগড়া কথা নয়, মিনিস্ট্রি অফ হেলথ ডিপার্টমেন্ট থেকে প্রকাশিত যে বাংলাদেশে পাগলের সংখ্যা বেশী। আমি তাঁদের একটা কোটেসন পড়েছি যে রাঁচীতে ৪২০টা সিট আছে.......[এ ভয়েস—কবেকার রিপোর্ট?] ১৯৫৯ সালের রিপোর্ট। সেই ৪২০টা সিটের মধ্যে......... ইন্টারাপসন] শুনুন। অ্যাকচুয়াল ফ্যাক্ট হল, ওখানে যে ৪২০টা সিট আছে, তার মধ্যে ২৫৫টি সিট পশ্চিমবঙ্গের জন্য অ্যালটমেন্ট করা আছে, এবং বিহার-এর জন্য ৬০টি সিট। উত্তরপ্রদেশের জন্য ৩৫টি সিট, মধ্যপ্রদেশের জন্য ১০টি সিট ও উড়িষ্যার জন ১টি সিট, ইত্যাদি। অর্থাৎ দেখা যাচ্ছে যে এই ৪২০টি সিটের মধ্যে ২৫৫টি সিট বাংলাদেশের উন্মাদের জন্য রাখা হয়েছে। সুতরাং এইটাই যদি ফিগার ধরা যায় যে, ৪২০টি উন্মাদ ভারতবর্ষে আছে, তা হলে দেখা যায় যে পশ্চিম বাংলায় শতকরা ৬০ জন উন্মাদ রয়েছে। শুধু-ত রাঁচীর কথা বললাম, এ ছাড়াও আমাদের কলকাতার রাস্তাঘাটে, বিধানসভায় কতজন আছে তা জানি না। [ইন্টারাপসন।] যাই হোক, এখন কথা হচ্ছে যে, পশ্চিম বাংলায় উন্মাদের সংখ্যা বেড়েছে এবং তার জন্য লুম্বিনী পার্ক আছে এবং মানকুণ্ডু উন্মাদ হাসপাতাল আছে। এ ছাড়া আর কোন একটা বাস্তব ব্যবস্থা অবলম্বন করার জন্য আজকে সরকার চিন্তা করছেন কিনা, এটা আমাদের জানা দরকার। কারণ, আমরা মনে করি এই সম্পর্কে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন সরকার করেন নি।

আমি চতুর্থ যেটা বলতে চাই, সেটা অত্যন্ত মারাত্মক কথা। আজকে সরকার এক দিকে হাসপাতাল, হেলথ সেন্টারের ফর্দ আমাদের কাছে দিচ্ছেন, এবং আর এক দিক দিয়ে আমাদের কাছ থেকে তার জন্য ব্যয়বরাদ্দ পাশ করিয়ে নিচ্ছেন। কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই কার জন্য এই ব্যয়বরাদ্দ সমর্থন করবো? আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেন্ট্রাল মেডিক্যাল স্টোরস সম্বন্ধে যে অভিযোগ আছে। আমাদের কাছে যে অডিট রিপোর্ট আছে ১৯৬২ সালের, এই অডিট রিপোর্টে দেখছি যে ১৯৫৬ সাল পর্যন্ত ঐ সেন্ট্রাল মেডিক্যাল স্টোর্স থেকে ৩ লক্ষ ৩৫ হাজার টাকার মাল নষ্ট হয়ে গিয়েছে। ৩ লক্ষ ৩৫ হাজার টাকা মালের কোন হিসাব পাওয়া যায় নি ১৯৫৬ সাল পর্যন্ত, এটা তাঁদের ১৯৬২ সালের অডিট রিপোর্টে প্রকাশ পেয়েছে। এই অডিট রিপোর্টে আছে যে, ১৯৫৯ সাল পর্যন্ত ঐ সেন্ট্রাল মেডিক্যাল স্টোর্স থেকে ৭ লক্ষ ২৪ হাজার টাকার মাল ব্যবহারের অযোগ্য হিসাবে নষ্ট হয়েছে। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই যেখানে ব্যয়বরাদ্দের টাকা মঞ্জুরী করার জন্য আপনারা প্রস্তাব উত্থাপন করছেন, সেখানে আজকে এইভাবে যে এটা ড্রেনেজ হয়ে যাচ্ছে, টাকাগুলি নষ্ট হয়ে যাচ্ছে, এই সম্পর্কে আপনি দৃষ্টি দেবেন কিনা? আমি সর্বশেষে একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে আজকে বাংলাদেশে পুরান একটা চিকিৎসা প্রতিষ্ঠান, মেডিক্যাল কলেজ, সেই মেডিক্যাল কলেজেতে আজকে যে অবস্থা চলছে সেই সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। যে মেডিক্যাল কলেজের সুনাম আজকে বাংলাদেশে শুধু নয়, সারা ভারতবর্ষের মধ্যে একটা সুনাম আছে, সেই মেডিক্যাল কলেজের ভিতর একটা জঘন্যতম কার্যকলাপ চলছে এবং মেডিক্যাল কলেজের বুকে ধীরে ধীরে একটা মধুচক্র গড়ে উঠছে। আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে এই কথা আপনার সামনে রাখছি। ২৫-১২-৬২ তারিখে আমাদের তদানিন্তন স্বাস্থ্যমন্ত্রী ডাঃ জীবনরতন ধরের নিকট একটি তথ্য পেশ করা হয়েছিল, এবং তার মধ্যে এই অভিযোগ ছিল যে মেডিক্যাল কলেজের বুকেতে ডাক্তারদের নিয়ে একটি মধুচক্র গড়ে উঠছে এবং এইমধুচক্রের নায়ক হচ্ছেন ডাক্তার সর্বাধিকারী এবং নায়িকা হচ্ছেন মিসেস জনসন। ডাঃ সর্বাধিকারী এবং মিসেস জনসন, দুজন মিলে মেডিক্যাল কলেজের বুকে যে একটা পাপচক্র গড়ে তুলেছেন, সেই পাপচক্র মেডিক্যাল কলেজের সমস্ত আবহাওয়াকে দূষিত করে দিচ্ছে।

মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করা সত্ত্বেও ডিসেম্বার মাসে, আজ পর্যন্ত এই সম্পর্কে কোন সুরাহা হল না কেন? আজকে সংবাদপত্রে বেরিয়েছে যে সেখানে ডাঃ সর্বাধিকারীর বাথরুম সমেত কোয়ার্টারকে এয়ার-কন্ডিসনড করবার জন্য ৫০ হাজার টাকা মঞ্জুরী করার জন্য সরকার এগিয়ে এসেছেন, অথচ এখানে আপৎকালীন অবস্থায় ব্যয় সংকোচের জন্য সাধারণ মানুষকে উপদেশ দেওয়া হচ্ছে। আপৎকালীন অবস্থায় ব্যয় সংকোচের জন্য যেখানে মানুষের কাছে উপদেশ দেওয়া হচ্ছে, সেখানে তাঁর ঐ বাথরুম থেকে আরম্ভ করে সমস্ত কোয়ার্টারকে এয়ার-কন্ডিসনড করার পিছনে সরকারের কি মনোভাব আছে, আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই। আমি আশা করি আমার এইসমস্ত প্রশ্নের জবাব আজকে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে পাবো।

Dr. Susil Das Gupta:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নামটা আপনি সুশীলরঞ্জন বললেন, ওটা সুশীলকুমার হবে। আমি একটু কারেক্ট করে দিলাম। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী কর্তৃক উপস্থাপিত যে বাজেট তাকে সমর্থন করতে উঠে দু-একটি কথা রাখতে চাই। কলকাতায় আজকে সবাই স্বীকার করবেন যে হাসপাতালে ভীষণ ভীড়। কিন্তু কাগজেও এই সম্বন্ধে আলোচনা রোজই বের হয়, কেউ ভাল বলে, খারাপই বেশীর ভাগ বলে, কি করে এর সলিউশন হতে পারে এ আমরা বড় একটা দেখি নি। তাই আজকে এই বাজেটের আলোচনা করতে উঠে আমি আমার কিছু বক্তব্য আপনার মারফৎ রাখতে চাই। আমি গতবারে বলেছিলাম যে, ডবল সিফট ইন্ট্রোডিউস করা হক হসপাতালে, এবং আউটডোরে এই ডবল সিফট প্যাথোলজিক্যাল ল্যাবোরেটোরি এবং এক্স-রে ডিপার্টমেন্টকে যদি ইনক্লুড করতে পারেন, তা হলে ভাল হয়। গতবারে আমাদের 'স্টেট্‌সম্যান' বা অন্যান্য কাগজে এবিষয়ে খুব প্রচার দিয়েছিলেন এবং আমি দেখে খুব আনন্দ পেয়েছিলাম যে সরকার এই পরিকল্পনা নিয়েছেন, টাকাও অ্যালট হয়েছিল, কিন্তু আবার দেখলাম হঠাৎ সব বন্ধ হয়ে গেল। ভীড় কমাতে যদি হয়, জায়গা যখন আমাদের নেই, বাড়ি করতে যখন আমাদের সময় লাগবে, কেন আমরা ডবল সিফট করবো না, একথা আমি বুঝতে পারছি না। কাজেই আমি আবার বলি ডবল সিফট হাসপাতালে করতে হবে যদি ভীড় কমাতে হয়। আর ভীড় যদি আপনারা কমাতে না পারেন, তা হলে নানা গোলমাল হবে। এই যে ক্যাম্পবেল হাসপাতালে একটা ছেলে মরে গেল, নানা হাসপাতালের বিরুদ্ধে নানা অভিযোগ থাকবেই, যতক্ষণ ভীড় থাকবে।

আমার দ্বিতীয় কথা যে কথা নারায়ণবাবুও একটু আগে বলেছেন যে ক্যাজুয়েলিটি ব্লক আমাদের একটিমাত্র, অ্যান্ডারসন ব্লক আছে। আমি গতবার বলেছিলাম যে, ডাঃ বি সি রায়, তাঁর একটিমাত্র, অ্যান্ডারসন ব্লক আছে। আমি গতবার বলেছিলাম যে, ডাঃ বি সি রায়, তাঁর নামেতে আর জি কর হাসপাতালে প্রায় ১০ লক্ষ টাকা আছে ক্যাজুয়েলিটি ব্লক করবার জন্য। আমরা গতবারে এই বাজেট বক্তৃতার পরে, আমাদের মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলাম, তিনি রাজী হয়েছিলেন যে এই খাতে সরকার থেকে আরো টাকা বরাদ্দ করবেন। যদি ২০-২১ লক্ষ টাকার দরকার হয়, মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, তিন বৎসরের মধ্যে আমি টাকা দেবো তোমরা কাজ চালিয়ে যাও। আমরা জানতে চাই যে যার কলকাতায় এত অভাব তার জন্য এই এক বৎসরে কতদূর আপনারা অগ্রসর হয়েছেন, আমি মনে করি এটা কলকাতার একটা মস্ত বড় কাজ। ক্যাজুয়েলিটি ব্লক যদি আপনারা করেন এর জন্য আমি বলবো অর্থের যেন ব্যবস্থা থাকে। উত্তর কলিকাতায় একটি এবং দক্ষিণ কলিকাতায় একটি করুন। সেন্ট্রাল ক্যালকাটাতে মেডিক্যাল কলেজ একটি আছে। আর এই ক্যাজুয়েলিটির ভিতর শুধু সার্জিক্যাল ক্যাজুয়ালিটি আমি বলবো না বা সার্জিক্যাল এমারজেন্সীর কথা আমি বলবো না, আমি বলবো মেডিক্যাল এমারজেন্সীর কথা। রোজই শুনি আজকে করনারি থ্রম্বোসিস, আজকে সেরিব্রাল থ্রম্বোসিস, আজকে বার্নস, আজকে কারো পা ভেঙ্গে গেল, কাজেই সার্জিক্যাল এমারজেন্সীর সঙ্গে আমাদের মেডিক্যাল এমারজেন্সীরও ব্যবস্থা রাখা উচিত।

তারপর তৃতীয় উপায় আমি মনে করি সেটা খুবই দরকার। কলকাতার আশেপাশে অনেক হাসপাতাল আছে, আমি আমার নিজের এলাকার কথা বলছি, সাউথ সুবারবন হসপিটাল, এখানে পরিকল্পনা নেওয়া উচিত যে এই যে ক্যালকাটার বাইরে যেসব সুবারবান হাসপাতাল রয়েছে এদের আরো যাতে ভাল করা যায় সরকারের নিয়ন্ত্রণাধীনে এনে। কাজেই সেখানে কোন ভাল ব্যবস্থা নেই। সেইজন্য সেইসব হাসপাতাল যাতে সরকারের নিয়ন্ত্রণাধীনে আসে তার ব্যবস্থা আপনারা করুন।

[1-40—1-50 p.m.]

চতুর্থত, যে কথা আমি বলতে চাই, সে কথা নারায়ণবাবুও বলেছেন যে বেশীর ভাগ হাসপাতালে আপনারা ই এস আই-এর নাম করে ফিফ্‌টি পার্সেন্ট বেড রেখে দিয়েছেন এটা ঠিক নয়। আপনারা শ্রমিকদের ব্যবস্থা করুন সেটা বন্ধ করতে বলি না। সাধারণ লোকেরাও সেই সুবিধা কেন পাবে না, ই এস আই মারফত সুযোগ শুধু মজদুর ভাইয়েরা কেন পাবে। যতদিন আপনাদের বড় বড় বাড়ি তৈরির কাজ শেষ না হয়, ছোট ছোট বাড়ি করুন। এখন আমরা শুনছি ক্যালকাটা মেডিক্যাল কলেজ-এর অনেকগুলি বেড একটা বাড়ি খালি হয়েছে, সেখানে সরাবেন এবং অন্যান্য হাসপাতালে যেসমস্ত বেড রেখেছেন আশা করি সেগুলিও নিশ্চয়ই ছেড়ে দেবেন। আমি মনে করি স্টুডেন্টস-দের জন্য হাসপাতাল আলাদা হওয়া উচিত এবং স্টুডেন্টসদের টি বি চিকিৎসার মধ্যে ফ্রি ডোমিসিলিয়ারি ট্রিটমেন্ট-এর দয়িত্ব সরকারের নেওয়া উচিত। তাদের ডোমিসিলিয়ারি ট্রিটমেন্ট-এর মধ্যে কিছু খাদ্য দেওয়া দরকার। আর একটা কথা, গভর্নমেন্ট এমপ্লয়িজ যারা, তাদের জন্য যেভাবে দিল্লী স্কীম হয়েছে কন্ট্রিবিউটরি ইনসিওরেন্স স্কীম করে চিকিৎসার ব্যবস্থা দিল্লীতে হয়েছে, আপনাদের অনুরোধ করি কলকাতায় সেইভাবে করুন। ইনডোর বেড-এর অবস্থাও শোচনীয়, সেখানে ওই টিকিট নিয়ে বছরের পর বছর অপেক্ষা করতে হয়। আমি সাজেসান দিই যে যত ইনডোর বেড আছে তার ফিফ্‌টি পার্সেন্ট এমারজেন্সী কেস-এর জন্য রেখে দিন, বাকী ফিফ্‌টি পার্সেন্ট বেড, সেখানে যারা ভর্তি হতে চায় তাদের প্যানেল করে নাম রাখুন এবং ইভিনিং সিফট মারফত তাদের ক্লিনিক্যাল এক্সামিনেসন, প্যাথোলজিক্যাল এক্সামিনেসন, এক্সরে একজা-মিনেসন সমস্ত কমপ্লিট করে রাখুন যাতে ভর্তি হওয়া মাত্র তাদের চিকিৎসা হতে পারে তাতে টোট্যাল স্টে ইন হসপিটাল অনেক কমে যাবে। যদি ভর্তি হওয়ার পর ১০ দিন পরীক্ষা করতে সময় লাগে, সেটা ভাল নয়। এদিকে নজর দিন, দিনের পর দিন দেখে আসছি সরকারী চাকুরী করতে গেলে হারনিয়া বা হাইড্রোসিল থাকলে তাকে সরকারী চাকুরী করতে দেওয়া হয় না। আপনারা কি একথা চিন্তা করেছেন যে, অপারেশন কোথায় করবে, সবাই এক হাজার, দুই হাজার টাকা খরচ করে কলকাতায় বড় বড় সার্জেনের কাছে যেতে পারে না। এখানে আপনারা ছোট ছোট পাইলট স্কীম নিয়ে যদি আউটডোরে প্রথম প্রথম পরীক্ষা করেন, তারপর দুইদিন তাদের হাসপাতালে রেখে স্পেসালিস্ট দিয়ে তাদের অপারেশন করান, তা হলে ভাল হবে। আপনারা গতবার পরিকল্পনা নিয়েছিলেন বাংলাদেশে এক্স-রে প্ল্যান্ট তৈরির জন্য একটা কোম্পানীর সঙ্গে ব্যবস্থা করেছিলেন এবং তাদের জন্য ১০ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল, ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট সেখানে ফিফ্‌টি পার্সেন্ট শেয়ার নিয়েছিলেন, কিন্তু কিছুই হয় নি। আবার ক্যালকাটা মেডিক্যাল কলেজ এবং আর জি কর মেডিক্যাল হসপিট্যাল-এ দুটো মেশিন কিনছেন সেই কোম্পানীর কাছ থেকে, আমি জিজ্ঞাসা করি এই যে ইনস্টল করবেন মেশিন তাদের ইমপোর্ট লাইসেন্স আছে কি? তা না থাকলে কি করে করবেন! আর একটা সাংঘাতিক জিনিস এই যে, আমরা জানি যে আমাদের দেশে ছেলেরা, যারা পরীক্ষার্থী, তারা রাত্রি জাগবার জন্য রিটালিন খায়। এসব ঔষধ খেয়ে রেজিসটেন্স বেড়ে যাচ্ছে। এগুলি নিয়ন্ত্রণ করা কর্তব্য। আরেকটা জিনিস, ঔষধের স্ট্যান্ডার্ড অফ পিওরিটি; গত বছর এ নিয়ে মহারাষ্ট্রে গোলমাল হয়েছিল। কিন্তু আমরা দেখতে পাই যে, এজন্য একটা ডিপার্টমেন্ট আছে ওয়াচ করার ব্যাপারে, এজন্য কিছু টাকাও বরাদ্দ হয়, অথচ তার মাত্র ২০ হাজার টাকা খরচ হয়েছে। স্ট্যান্ডার্ড অফ পিউরিটি অফ ড্রাগ দেখা অত্যাবশ্যক, না হলে এর থেকে অনেক ক্ষতির কারণ হতে পারে। সেন্ট্রাল মেডিক্যাল স্টোরস সম্বন্ধে যেকথা নারায়ণ-বাবু বলেছেন, আমি সরকারকে অনুরোধ করব তাঁরা নিশ্চয়ই সে সম্বন্ধে একটু হুঁশিয়ার হবেন। যদি সম্ভব হয়, এটা ডিসেন্ট্রালাইজ করুন, একটা জায়গায় না রেখে বিভিন্ন জায়গায় যদি রাখেন অপচয় অনেক কম হবে। আমরা শুনেছি ক্লোরোমাইসিটিন-এর খালি বোতলগুলি সস্তা দামের ক্যাপসুল দিয়ে ভর্তি করে রাখা হয়। এগুলি ভালোকরে দেখা দরকার, এবং এ সম্বন্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করা উচিত। আরেকটা কথা বলব, বর্তমানে মেডিক্যাল সার্ভিসে তিন কেডার সার্ভিস আছে, কিন্তু বেসিক কেডার থেকে সিলেকশন গ্রেড বা স্পেশ্যাল সিলেকশন গ্রেডে যাবার উপায় নাই, এর একটা কিছু ব্যবস্থা করুন। পাবলিক সার্ভিস কমিশন-এর মাধ্যমে একটা ব্যবস্থা করুন যাতে সত্যিকারের ভালো ডাক্তাররা প্রোমোশন পান, তা হলে ভালো ডাক্তারও আসবেন। এই বলেই আমি এই বাজেট সমর্থন করছি।

Shri Nani Bhattacharjee:

শ্রদ্ধেয় ডেপুটি স্পীকার মহাশয়, তৃতীয় পাঁচশালা পরিকল্পনায় পরিষ্কার ভাষায় বলা হয়েছে ২টা পরিকল্পন.র পরে যেসমস্ত ডিফিসিয়েন্সি থেকে গিয়েছে সেইসমস্ত ডিফিসিয়েন্সি দূর করবার প্রচেষ্টায় অগ্রাধিকার দেওয়া হবে। কিন্তু আমরা লক্ষ্য করেছি যে, মেডিক্যাল বাজেটে বা জনস্বাস্থ্য খাতে যে ব্যয়বরাদ্দ ধরা হয়েছে সেই ব্যয়বরাদ্দ থেকে আমরা পরিষ্কারভাবে বুঝছি যে তৃতীয় পাঁচশালা পরিকল্পনায় যে যে বিষয়ের উপর জোর দেওয়ার কথা বলা হয়েছে তার উপর জোর দেওয়া হয় নি এবং তার কোন প্রতিফলনও আমরা এই বাজেটে দেখতে পাচ্ছি না। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বিশেষতঃ গ্রামাঞ্চলে ইনস্টিটিউশানাল ফেসিলিটিস, যা আমাদের দেশে বর্তমানে খুবই অসম্পূর্ণ অবস্থায় আছে, তার উপর জোর দেওয়ার কথা বলা হয়েছে, অথচ বাজেট বরাদ্দের ক্ষেত্রে আমরা দেখছি বরাদ্দ একই জায়গায় আছে, ইতর বিশেষ কিছুই হয় নি। ঠিক তেমনি ডাক্তারের অভাব, নার্সের অভাব, হাসপাতাল সংক্রান্ত বিভিন্ন কাজে যেসমস্ত কর্মী নিযুক্ত থাকেন, সেই কাজে উপযুক্তসংখ্যক কর্মীর অভাব এবং এই-সমস্ত অভাব দূর করার জন্য সরকারের যতখানি তৎপরতা থাকা দরকার সেই তৎপরতার কোন লক্ষণই আমরা বাজেট বরাদ্দের ভিতরে পাচ্ছি না। তৃতীয় পাঁচশালা পরিকল্পনায় জনস্বাস্থ্যের ব্যাপারে বলা হয়েছে যে, গ্রামাঞ্চলে অধিকাংশ জায়গায় নিরাপদ পানীয় জল হোলসাম ড্রিঙ্কিং ওয়াটার-এর প্রচুর অভাব আছে, এবং এই অভাব দূর করবার জন্য প্রত্যেক সরকারের তরফ থেকে এই বিষয়ে অগ্রাধিকার দেওয়ার দরকার আছে। কিন্তু বাজেট বরাদ্দের ক্ষেত্রে আমরা লক্ষ্য করছি যে, বাংলাদেশের বিভিন্ন গ্রামাঞ্চলে পানীয় জলের সাংঘাতিক অভাব থাকা সত্ত্বেও ড্রিঙ্কিং ওয়াটার সাপ্লাই-এর যে ব্যবস্থা করা দরকার সেই ব্যবস্থার উপর জোর দেওয়া হয় নি—বাজেট বরাদ্দের মধ্যে আমরা তার কোন প্রতিফলন দেখতে পাচ্ছি না। তৃতীয় পাঁচশালা পরিকল্পনায় বলা হয়েছে শহরাঞ্চলে ড্রেনেইজ ব্যবস্থার উন্নতির জন্য চেষ্টা করা দরকার, এবং তা না হলে নানা ধরনের রোগ দেখা দিবে এবং দেখা দিচ্ছে।

[1-50—2 p.m.]

আর একটা কথা, তৃতীয় পাঁচশালা পরিকল্পনায় বলা হয়েছে,

to ensure certain minimum physical well-being.

এটা সরকারের কর্তব্য হিসাবে বলা হয়েছে যে সেদিকে তাকিয়ে তাঁরা করবেন। সেখানে আমরা অন্য বিষয় দেখছি। ফিজিক্যাল ওয়েল-বিয়িং শুধু একটা স্বাস্থ্য দপ্তরের উপর নির্ভরশীল নয়, সেটা সাধারণভাবে গভর্নমেন্টের সমস্ত বিভাগের উপর নির্ভরশীল, যেমন ধরুন গ্রামাঞ্চল যদি দুর্গম থাকে, সেখানে কোন ডাক্তারখানা নেই, কোন হাসপাতাল নেই সেই গ্রামের লোকেদের চিকিৎসার সুযোগ নেই, শহরে চিকিৎসার ব্যবস্থা করতে হবে, সেক্ষেত্রে দুর্গমতা একটা বাধা হিসাবে দেখা দিয়েছে। এই দুর্গমতা দূর করবেন গভর্নমেন্টের পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট। সুতরাং এটা সরাসরিভাবে স্বাস্থ্যদপ্তরে আসছে না। শহরে কিছু কিছু স্বাস্থ্য সংক্রান্ত ব্যাপারে হাসপাতাল ডিসপেনসারী তৈরী হয়েছে, কিন্তু গ্রামাঞ্চলের লোকেরা অর্থ থাকলেও, দরিদ্রের কথা বাদ দিচ্ছি—সেই অর্থবান লোকের কাছে সব সময় অর্থ দিয়ে সুচিকিৎসার সুযোগ নিতে পাচ্ছে না। এইরকম ভূরিভূরি দৃষ্টান্ত দিতে পারা যায়। আমার এলাকায় গ্রামের লোক সুচিকিৎসার অভাবে মারা গেছে। এর সঙ্গে সঙ্গে আরও কতকগুলি বিষয়ের উপর জোর দিতে বলা হয়েছে। যেমন মেটারনিটি অ্যান্ড চাইলড ওয়েলফেয়ার-এর দিকে যদি আমরা দৃষ্টি দিই তা হলে দেখব যে কোলকাতার বাহিরে যে বিরাট মফঃস্বল এলাকা রয়েছে, সেখানে চাইলড ওয়েল-ফেয়ার ও মেটারনিটির ব্যাপারে কতখানি অগ্রসর হয়েছে? এই পুস্তিকার মধ্যে রিপোর্টে দেখতে পাই যে অগ্রগতি খুব অকিঞ্চিৎকর—সেটা উল্লেখযোগ্য নয়। এই বাজেট বরাদ্দের মধ্যে দেখা যাবে যে এমন অর্থ বরাদ্দ সেখানে করা হয়েছে যাতে করে সেদিকে উল্লেখযোগ্য অগ্রগতি এক বছরের মধ্যে ঘটবে না। এজন্য সাধারণভাবে তৃতীয় পাঁচশালা পরিকল্পনায় যেসব বিষয়ের উপর জোর দিয়ে বাজেট করতে বলা হয়েছে সরকারের স্বাস্থ্যবিভাগ কি কি কাজে অগ্রাধিকার দেবেন, সেটা বলা হয়েছে। এর উপর আর একটা কাজ এসে গেছে, সেটা হচ্ছে চীনা আক্রমণের দরুন সিভিল ডিফেন্স-এ খরচ বেড়ে গেছে। কিন্তু ন্যাশানাল এমারজেন্সী খাতে যে অর্থ বরাদ্দ ধরা হয়েছে তার মধ্যে কোন বিধিব্যবস্থার লক্ষণ দেখলাম না। সেটা শুধু ক্যাজুয়ালিটি ফাইটিং-এর

ব্যাপার। সেখানে আহতদের তাড়াতাড়ি হাঁসপাতালে নিয়ে যেতে হয় সেটা হচ্ছে অ্যাম্বুলেন্স-এর ব্যাপারে অ্যাম্বুলেন্স সার্ভিস প্রসারতা করবার ব্যাপার। ঠিক সেইরকম যেগুলি বর্ডার ডিস্ট্রিক্ট—দার্জিলিঙ, কোচবিহার, মালদহ, পশ্চিম দিনাজপুর, নদিয়া, চব্বিশপরগনা ইত্যাদি বর্ডার ডিস্ট্রিক্টগুলোর হাঁসপাতালে আরও বেশী বেড যাতে হয়, সেইরকম ধরনের ব্যবস্থার দিকে নজর দেওয়া দরকার। এইসমস্ত অঞ্চলে হাঁসপাতাল সম্প্রসারণ সিদ্ধান্তের উপর যে জোর দেওয়া উচিত ছিল, মেডিক্যাল খাতে বা জনস্বাস্থ্য খাতে বাজেটের মধ্যে আমরা সেইরকম ব্যবস্থা দেখতে পাচ্ছি না। এরপর হাঁসপাতালের অব্যবস্থার কথা ধরা যাক। সাধারণভাবে এখনও পর্যন্ত বাংলাদেশে আপনারা বলতে পারেন যে অনগ্রসরতার চিহ্ন যে হাঁসপাতালে যেতে চায় না। দেশের সাধারণ লোক খুব ঠেকায় না পড়লে হাঁসপাতালে যেতে চায় না। এখন পর্যন্ত এই মনোভাব আমাদের দেশে শহরেও আছে, এবং শহর থেকে গ্রামাঞ্চলে এই অবস্থা আরও বেশী। আর কোন উপায় নেই এই মনে করে আমরা যখন হাঁসপাতালে যাই, তখন কি ব্যবহার আমরা পাই, সেসম্বন্ধে কিছু কিছু আলোচনা মাননীয় সদস্যারা করেছেন। সেখানে আমরা কি ব্যবহার পাই, সেখানে গিয়ে প্রথমে রোগী ভর্তির সমস্যা, সেটা একটা ভীষণ সমস্যা হিসাবে দেখা দিয়েছে সেখানে রোগী ভর্তিই হতে পারে না, সিট নেই। সেখানে ওভার ক্রাউডিং প্রধান প্রবলেম রয়েছে সিট না থাকার দরুন হাসপাতাল কর্তৃপক্ষ নানা ধরনের দুর্নীতির আশ্রয় নিচ্ছে সেখানে রোগী ভর্তির জন্য হাসপাতাল কর্তৃপক্ষের কাউকে কাউকে খুশী করতে হয়। প্রাইভেট কল দিতে হয় অন্য কোনভাবে টাকা দিতে হয়, তখন হয়ত রোগী ভর্তি হবার সুযোগ ঘটে কিংবা খুব প্রভাবশীল ব্যক্তির প্রভাবে তাকে দিয়ে ভর্তি করতে হয়। যদি অর্থবান লোক হয়, তা হলে সে অর্থ দিয়ে রোগী ভর্তি করে, কিন্তু এটা জানা আছে যে প্রভাবশালী বা অর্থবান লোকের সংখ্যা খুব কম। এ ছাড়া যারা সাধারণ লোক তাদের হাসপাতালে ভর্তি হবার কি সাঙ্ঘাতিক অবস্থা একথা কলকাতার অনেকে জানেন। মফঃস্বলের রোগী ভর্তি হবার সমস্যা কি ভয়াবহ। সেজন্য বেড বাড়ানো দরকার এবং আউট ডোর অ্যারেঞ্জমেন্ট সেটা আরও ভাল করে করতে হলে সেগুলি বাড়ানোর দরকার আছে। এ-তো গেল রোগী ভর্তির সমস্যা। আবার যে রোগী কলেজে ঢোকে তারা মানবিক ব্যবহার হাসপাতাল কর্তৃপক্ষের থেকে যেটা রোগী আশা করে সেটা তারা পায় না। সেখানে অসৎ ডাক্তার, নার্স, কর্মচারীদের সংগঠিত প্রচেষ্টায় এমন একটা অবস্থা সেখানে গড়ে উঠেছে যার দরুন সেখানে মানবিক বোধ একেবারে চলে গেছে। শুশ্রূসা করার ব্যাপারে রোগীকে যে পরিমাণ যত্ন নেওয়া দরকার যে পরিমাণ পরিচর্যা করা দরকার, তা হয় না অপর দিকে হাসপাতাল কর্তৃপক্ষ এবং ডিপার্টমেন্টাল নার্সের উদাসীনতার জন্য অনেক ক্ষেত্রে রোগ জটিল আকার ধারণ করেছে, অবহেলার জন্য লোক মারা গেছে এর কিছু দৃষ্টান্ত আছে, কিছু কাগজেও বেরিয়েছে। এ ছাড়া আর একটা হচ্ছে ঔষধের ব্যাপার। এমন কি ইনডোর পেসেন্টকেও হাসপাতালে ঔষধ না থাকার দরুন বাইরে থেকে কিনতে হয়। আবার ঔষধ থাকা সত্ত্বেও যে দুর্নীতি সেখানে বাসা বেঁধেছে, সেখানে ঔষধ স্টকে থাকা সত্ত্বেও লোককে বলা হচ্ছে যে, অমুক ঔষধ নেই, আপনাকে কিনে নিতে হবে। আলিপুর দুয়ারে, কোচবিহারে এইরকম ঘটনা ঘটেছে। অন্যদিকে হাসপাতাল ইকুইপমেন্ট সেটা একটা ওপেন সিক্রেট হয়ে গেছে যে এক্স-রে খারাপ-- সরকারী এক্স-রে খারাপ হয়ে পড়ে আছে, খারাপ হওয়ার কারণ হচ্ছে হয়তো অমুক বন্ধু প্রাইভেট প্র্যাকটিস করে যার এক্স-রে আছে তার যাতে টাকা আমদানি হয় তার জন্য এই ব্যবস্থা করা হয় অর্থাৎ এক্স-রে খারাপ করে ফেলে রেখে দিয়েছে। হসপিট্যাল ইকুইপমেন্ট অবহেলার দরুন অকেজো হয়ে পড়ে আছে। অনেক ক্ষেত্রে এরকম কাজ হচ্ছে এর দৃষ্টান্তও আছে। এরপর আমি আর একটা কথা বলবো, সেটা হচ্ছে প্রাইভেট ড্রাগ কন্ট্রোল সম্বন্ধে। ড্রাগ কন্ট্রোল সম্বন্ধে সেখানে আমরা দেখতে পাচ্ছি যে এই ড্রাগ কন্ট্রোলকে চেক দেবার ব্যাপারে সরকার একেবারে

[2—2-10 p.m.]

ব্যর্থ হয়েছে তা নয়, সেখানে কোন কিছু হয় নি। তার জন্য স্বাস্থ্য দপ্তরকেই দায়ী করা যেতে পারে এবং এর ভুরি ভুরি প্রমাণ দেওয়া যেতে পারে যে এই সুযোগে স্পুরিয়াস ড্রাগস বেশি পরিমাণে চলছে—এই অবস্থা চলেছে। এই সম্পর্কে চেক দিতে গেলে দুটো জায়গায় চেক দিতে হবে। যারা স্পুরিয়াস ড্রাগস-এর ম্যানুফ্যাকচারার তাদের উপযুক্ত শাস্তি দিতে হবে। সেখানে মমতা দেখালে চলবে না। তেমনি আর একদিকে এই ড্রাগ টেস্ট করবার

ল্যাবরেটরি যা আছে, তার সংখ্যা আরো বাড়াতে হবে। আমি পশ্চিম বাংলার স্বাস্থ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই স্টেট ড্রাগ টেস্টিং ল্যাবরেটরি যেটা আছে, কতটুকু তার ঘর, কত তার ইকুইপমেন্ট এবং কত তার পারসনেল তা চিন্তা করে দেখুন। স্টেট গভর্ন-মেন্ট-এর যেটা আছে ফ্রি স্কুল স্ট্রীটএ চার তলার উপর, তার কতটুকু ঘর, কতটা কি ইকুইপমেন্ট সেখানে আছে, তা হিসেব করে দেখুন। এই ড্রাগ টেস্টিং অ্যারেঞ্জমেন্ট যদি ভালভাবে না করতে পারেন, তাহলে ভেজাল নিরোধ করবেন কি করে? আজ খাদ্যে ভেজাল তার দরুন মানুষ দিনের পর দিন মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছে। তেমনি ভেজাল ওষুধ স্পুরিয়াস ড্রাগএর কল্যাণে আরো বেশি লোক মরার দিকে এগিয়ে যাচ্ছে। এই অবস্থা চলছে। এটা দূর করার ব্যবস্থা করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sudhir Chandra Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা এখনই খাদ্যে ভেজাল ও ওষুধে ভেজালের কথা শুনলাম। এটাকে আমাদের স্বাস্থ্য বিভাগ এমন এক ব্যবস্থার মধ্যে নিয়ে গেছেন যাতে আরো ভেজাল বেড়ে যাচ্ছে বলে আমি মনে করি। খাদ্যে ভেজাল এবং ওষুধে ভেজাল আরো বেড়ে যাচ্ছে। একে যদি কঠোর হস্তে দমন করতে সরকার না পারেন, তাহলে এর প্রতিকারের ব্যবস্থা হবে না। আমি বিশেষ করে কয়েকটি বিষয়ের প্রতি আমার বক্তব্য সীমাবদ্ধ রাখবো। এই পানীয় জলকে একই কারণে ভেজাল না বললেও জলকে সরকার অনেক ঘোলা করেছেন। কেন এই পানীয় জল তারা ঘোলা করেছেন? আমি গতবারে বলে-ছিলাম যে সরকার জল সরবরাহের ব্যবস্থা করেছেন কি করে? না, ৭৯ হাজারটা নলকূপ দিয়ে পশ্চিমবঙ্গবাসীকে তাঁরা জলদান করছেন। এর মধ্যে কোথায় শতকরা ৬০ ভাগ নলকূপ দিয়ে পশ্চিমবঙ্গবাসীকে তাঁরা জলদান করছেন। এর মধ্যে কোথায় শতকরা ৬০ ভাগ নলকূপ অচল, কোথায়ও বা ৪০ ভাগ অচল হয়ে পড়ে আছে। একথা আমি জোর করে বলছি তাঁদের দলের কাজ বিরাটভাবে চলেছে—জলসরবরাহ লোপ করে দিয়ে। তাঁরা বলেছিলেন গ্রামে গ্রামে নলকূপ চালু করবেন—তার অর্ডার এখনো দেওয়া হয় নাই। মন্ত্রীরা ভোটের আগে যে নলকূপ বসিয়েছিলেন আজও সেই নলকূপের তালিকা চলেছে। তাঁরা টাকা নূতন মঞ্জুর করেই খালাস। মাত্র ১৯৬২-৬৩ সালে নূতন কার্যক্রম মঞ্জুর করা হয় নাই। বিভাগের জন্য যেখানে মঞ্জুর করা হয়েছিল ৫৭ লক্ষ ৬৬ হাজার টাকা যেখানে খরচ করার কথা ছিল, ২৩ লক্ষ ২৮ হাজার টাকা সেখানে খরচ করা হয়েছে। টাকা পানীয় জলের জন্য মঞ্জুর করা হলো, ৫৭ লক্ষ টাকার মধ্যে তাঁরা খরচ করলেন মাত্র ২৩ লক্ষ টাকা। আসলে ভোটের সময় যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই টিউবওয়েলের জের এখনো চলেছে বছরের পর বছর। এবারও চলবে কিনা তা ভগবান জানেন। এবারে জলের টাকা কমিয়ে দিয়েছেন। গ্রামাঞ্চলে এখনো বহু গ্রাম আছে যেখানে নলকূপ বসেনি। ৫৭ লক্ষ টাকা গতবারে রেখেছিলেন, আর এবারে তা থেকে ৩০ লক্ষ কমিয়েছেন। যে টাকা দিয়েছেন, সে টাকা কি সত্যিকারে খরচ করবেন, না, প্রতিশ্রুতির জের চলবে? তা ভগবান জানেন। সেই কারণে বলি জল সরবরাহ করা আপনারা বন্ধ করুন এবং মহকুমা কমিটি চালু করবার অর্ডার দিন। এই টাকা ৫০ লক্ষ টাকা বাড়িয়ে মঞ্জুর করুন এই দাবী করছি।

উন্নয়ন বিভাগের নলকূপ পড়ে আছে, অচল হয়ে পড়েছে, তা তুলে বসাবার দরকার। তার কোন মালিক নাই। এই পানীয় জল সরবরাহের সমস্ত ব্যবস্থা একটা এজেন্সী মারফত হোক। কিছু স্বাস্থ্য বিভাগ, কিছু উন্নয়ন বিভাগ করবে, তাতে কাজের কাজ কিছু হবে, দেশের লোকের কোন উপকার হবে না। তাই আমি দাবী করছি একটি এজেন্সী মারফত এই জল সরবরাহের ব্যবস্থা করা হোক। ৪০০ জন ভিত্তিক জল সরবরাহ করবেন বলেছেন। কিন্তু, তা চলতে পারে না। বহু দরিদ্র লোক, একশো, দুশো জন সেখানে জল পাবার জন্য উদ্‌গ্রীব হয়ে বসে থাকে। সুতরাং সেখানে দেড়শো, দুশো জনের ভিত্তিতে জল-কল দিতে হবে। এইটা আপনারা চালু করুন।

এবারে যক্ষ্মারোগ সম্পর্কে একটু বলা দরকার হয়েছে। কারণ, দেখা যাচ্ছে এই রোগ ক্রমশঃ বেড়ে চলেছে, একে কমাতে পারছেন না, যদিও প্রিভেনটিভ মেজার হিসাবে আপনারা ঘরে ঘরে ঔষধ দেবার ব্যবস্থা করেছেন। আমার কংগ্রেসী বন্ধু যে সাজেসন দিয়েছেন আমি তা পূর্ণ সমর্থন করছি। খাদ্যের বরাদ্দ যক্ষ্মা রোগীদের ঔষধের সঙ্গে রাখুন, তবেই তারা বাঁচতে

পারবে। কারণ যক্ষ্মারোগীরা খেতে পায় না। যেটা আপনারা ফ্রি ড্রাগস বা ইনজেকশন দিয়েছেন, সেটা ভালই হয়েছে, সকলে প্রশংসা করবে। তার সঙ্গে খাদ্যের একটা বরাদ্দ রেখে দিন, তাহলে যক্ষ্মারোগ প্রতিরোধ করার ব্যবস্থাকে আরও সুদৃঢ় করবে বলে আমি মনে করি। এতেও আপনারা টাকা কমিয়ে দিলেন, ৪ লক্ষ ৮০ হাজার ছিল গতবার, এ বছর সেখানে ধরেছেন ৩ লক্ষ টাকা মাত্র। এখানে টাকা কমানোর কি প্রয়োজন ছিল? আমার এক প্রশ্নের উত্তরে বলা হয়েছে যে ১৮০০টি টি বি-র দরখাস্ত হয়েছে, আর তার মধ্যে ৩০০টি মাত্র আপনাদের বিচারাধীন আছে। তার উপর আবার এ বছর যক্ষ্মারোগীর শয্যা কমানোর জন্য ৪ লক্ষ ৮০ হাজার টাকার জায়গায় ৩ লক্ষ টাকা করেছেন। আমি এবার মহকুমা হাসপাতালের কথা যেটা তুলেছেন, সেটার কথায় আসছি। এই দেখুন এখানে আপনাদের কেমন কৃতিত্ব। রানাঘাটের একটা হাসপাতালের জন্য বরাদ্দ করা হয়েছিল ৭ লক্ষ টাকা। আমি ১৯৬২ সালের কথা বলছি। আনন্দবাজার পত্রিকায় ১লা মে ১৯৬২ সালের খবর। ঐ হাসপাতালের জন্য ৭ লক্ষ টাকা মঞ্জুরী করা হয়েছিল ১৯৫২ সালে, আজ পর্যন্ত সেই টাকা ব্যয় করা হয়নি। তার স্থান নির্ধারণ এখনও পর্যন্ত করা হয়নি। এমন অকর্মন্যতার পরিচয় আর কি হতে পারে। রানাঘাটে কৃষ্ণনগর হাসপাতালের দুর্দশার সীমা নেই। সেখানে একটা দৃশ্য—শত শত লোক সেখানে দাঁড়িয়ে থাকে। আমরা খবর পেয়েছি যে সেখানে একটা টিনের সেডের ভিতর গাদা করে রুগীদের ফেলে দেওয়া হত মাটিতে, নিচে। তার প্রতিকারের কোন ব্যবস্থা হয়নি। আমি ঐ হাসপাতালের কথা প্রশ্নোত্তরের সময় তুলেছিলাম সেটা এখানে পরিষ্কার করা দরকার আপনাদের কাছে। যে সমস্যার কথা আমার বন্ধু নরেন্দ্রনাথ দাস মহাশয় এই সভাতে পাঁচ বছর পূর্বে তুলেছিলেন এবং জানাতে চেয়েছিলেন, আজ অনেক নূতন সদস্য এসেছেন, তাই আমি তাঁদের অবগতির জন্য পুনরায় দুঃখের সঙ্গে জানাবো কাঁথি মহকুমাতে যে সদর হাসপাতাল হবে বলে ঠিক করেছিলেন, তার জায়গা আজ পর্যন্ত সরকার খুঁজে পেলেন না। তাঁরা বাছলেন কারবালার কবর স্থান। সেখানে প্রচুর বালু জায়গা পড়ে আছে, খাস জায়গা পড়ে আছে, ফাঁকা জায়গা পড়ে আছে, সেখানে যে একটা হাসপাতাল আছে, তার ৯।১০ একর জায়গা পড়ে আছে, বলা হয়েছে, সেখানে না গিয়ে তাঁরা একটা জায়গা খুঁজেছেন, যেখানে মুসলিম সম্প্রদায় আপত্তি করেছেন। কারবালা মুসলমানের ধর্ম স্থান। সেই জায়গায় এঁরা হাসপাতাল করতে যাচ্ছেন। এই স্থান সম্পর্কে একটা সুলেনামা হয়ে গিয়েছে। সেই সুলেনামা যা বেরিয়েছে, আমি তার একটা অংশ পড়ে দিচ্ছি। অরিজিনালেতে বলা হচ্ছে 'পূর্ব হইতে এই স্থান যেভাবে ব্যবহার করিয়া আসিতেছিলেন, তদ্রূপ ব্যবহার করিতে থাকিবেন, তাহাতে বিবাদিদের কোনরূপ আপত্তি থাকিবে না বা বাধা দিবেন না'। সরকার এইরূপ প্রতিশ্রুতি দিয়েছেন ২১৭৮ দাগ করে যে সেখানে কখনও বাধা দিবেন না, তখন সুলেনামা করে দিয়েছেন। আজ এই ব্যাপারে আপনারা হস্তক্ষেপ করতে যাচ্ছেন, সুলেনামাতে আপনারা প্রতিশ্রুতি ভঙ্গ করছেন তাদের ধর্মস্থানের উপর হস্তক্ষেপ করে। সেই ধর্মস্থান হচ্ছে ভারতীয় ধর্ম নিরপেক্ষ রাষ্ট্রের মধ্যে, এবং ভারতীয় ধর্ম নিরপেক্ষ রাষ্ট্রের নীতি হচ্ছে শুধু মুসলিম বলে নয়, কোন সংখ্যালঘু সম্প্রদায়ের ধর্মের উপর তাঁরা হস্তক্ষেপ করবেন না এবং এই প্রতিশ্রুতি আমাদের সরকার বরাবর দিয়ে আসছেন। সেইজন্য আমি জানতে চাই আপনার কাছে যে তাঁরা ঐ কারবালা স্থানের ১৪·৪৩ একর জায়গা পড়ে আছে তার মধ্যে তাঁরা যে ৯ একরের কিছু বেশি জায়গা দখল করে বসে আছেন, এটা কি উচিত হবে? এবং তাঁরা যে কারবালা স্থানের ১৪·৪৩ একর জমির মধ্যে, এক্ষুনি বলে গেলেন ৯ একরের বেশি জায়গা তাঁরা নিচ্ছেন এবং এটা নিয়ে বলছেন আমরা বাকিটা ছেড়ে দিয়েছি, এটা ভাঁওতা। ঐটা সম্পূর্ণ কারবালা স্থান, এবং গোটা জায়গাটাই যাদের প্রয়োজনে লাগে, সেই জায়গায় খানিকটাতেও আপনারা হস্তক্ষেপ করতে পারেন না। অতটুকু স্থানেও আপনারা হস্তক্ষেপ করতে পারেন না। এটা ভাঁওতা, কারবালা স্থান গোটাটাই তাদের কাজে লাগে। কাজেই সেই জায়গায় আপনারা হস্তক্ষেপ করতে পারেন না। আনন্দবাবু তুলেছিলেন যে প্রজা সোসালিস্ট পার্টি থেকে এটা প্রচার করা হয়েছে। কিন্তু আমি বলছি যে কংগ্রেস দলের পক্ষ থেকেই আমাদের বিরুদ্ধে প্রচার করেছিলেন এবং তার রায় জনতা দিয়েছে। আনন্দবাবুকে শুনিয়ে দিই যে তাঁর দল আমার বিরুদ্ধে প্রচার করেছিলেন তার রায় জনতা দিয়েছে অর্থাৎ

কংগ্রেস দলকে ভোট দেয়নি বিরোধী দলকে ভোট দিয়েছে। জনতার রায়ই বলছে কারবালাকে বাদ দিয়ে দাও। সুতরাং আপনারা জনতার রায়কে মেনে নেবেন এই দাবী করে আমার বক্তব্য শেষ করছি।

[2-10—2-20 p.m.]

Shri Hemanta Kumar Basu:

ডেপুটি স্পীকার মহাশয়, আমি প্রথমেই রাষ্ট্রমন্ত্রী সুশীলরঞ্জন চ্যাটার্জি সেদিন কাউন্সিলে শিশু মৃত্যুর হার সম্বন্ধে যে ফিগারগুলি রেখেছেন সে সম্বন্ধে আমি প্রথমে উল্লেখ করতে চাই। আমাদের মুখ্যমন্ত্রী বা স্বাস্থ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন বলেন যে মৃত্যুর হার দিনের পর দিন কমে যাচ্ছে। কিন্তু এই শিশু মৃত্যুর হার দিনের পর দিন বেড়ে চলেছে তা তাঁর ফিগার থেকেই জানা যায়। ১ মাস থেকে ৪ মাসের শিশু মৃত্যু হয়েছে ১,০৯,১২২টি ১৯৬১ সালে। আর ১৩,৭১,৫২৫টি হয়েছে ১৯৬০ সালে। আর ১,২৯,৮২৪টি হয়েছে ১৯৫৯ সালে। কাজেই শিশু মৃত্যুর সংখ্যা যে দিনের পর দিন বেড়ে চলেছে এই থেকেই তা দেখা যায়। কাজেই বাংলাদেশের স্বাস্থ্য কিরকম, বাংলাদেশের মেটার্নিটি ওয়েলফেয়ার-এর যে কি অবস্থা তা এ থেকেই প্রমাণ হচ্ছে। কাজেই সেদিক থেকে সরকারের যে ব্যবস্থা সেই ব্যবস্থা যথেষ্ট নয় এবং এ থেকেই প্রমাণ হচ্ছে চাইল্ড ওয়েলফেয়ার এবং মেটার্নিটির ব্যবস্থা ভাল হয়নি। আমাদের দেশে যে সমস্ত প্রসূতি, যারা গর্ভবতী হন, তাদের স্বাস্থ্য রক্ষা করার জন্য স্টেটে কোথায়ও কোন ব্যবস্থা নেই। স্ত্রীলোক গর্ভবতী হলে তার খাওয়া, তার থাকা, যাতে সে একটা স্বাস্থ্যবান সন্তান প্রসব করতে পারে, অন্যান্য দেশে সেই ব্যবস্থা আছে আমাদের দেশে সেই ব্যবস্থা এখন পর্যন্ত হয়নি। কাজেই আমি সরকারের এই বিষয় একটা বিশেষ গাফিলতি দেখতে পাচ্ছি এবং সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি বলছি এই দিকে সব চেয়ে বেশি নজর দেওয়া দরকার কারণ কথা আছে চাইল্ড ইজ দি ফাদার অব ম্যান। চাইল্ড যদি মারা গেল তাহলে জাতিকে বাঁচাবে কে?

তারপর স্যার, স্বাস্থ্য দপ্তরে যেরকম স্বেচ্ছাচারিতা আমরা দেখতে পাচ্ছি এখানে যারা চাকরী করছে তাদের মধ্যে জেনারেল কেডার, স্পেশাল কেডার, এবং সিলেকশন গ্রেড, এই তিন রকমের চাকরী আছে। কিন্তু এই সমস্ত কর্মচারী ডাক্তারদের কোনরকম পাবলিক সার্ভিস কমিশনে হাজির করা হয় না। এবং তারা নিজেরা ইচ্ছামত এই সমস্ত ব্যবস্থা করেন। ডাঃ রায়ের এই-দিকে দৃষ্টি আকর্ষণ করলে পর ডাঃ রায় এই বিষয় ব্যবস্থা করবার জন্য, অর্থাৎ পি এস সি-র কাছে যাতে কাগজপত্র দেওয়া হয় তার জন্য হুকুম দেন। তারপর তাঁর মৃত্যু ঘটে। কাজেই আবার সেখানে যে ব্যবস্থা চলছিল সেই ব্যবস্থাই চলতে লাগলো। তারপর দপ্তরের কাছে সেই সমস্ত জেনারেল কেডারের অফিসাররা ডেপুটেশন দেন এবং ডাঃ ধরও বলেন এই বিষয় যথা শীঘ্র ব্যবস্থা করা হবে। পি এস সি-র কাছে তাঁদের কেসগুলি হাজির করার ব্যবস্থা করা দরকার। কাজেই সেদিক দিয়ে ব্যবস্থা করার কথা ছিল; কিন্তু ডাঃ ধরের মৃত্যুর পর দেখলাম সে বিষয়ে আর কোন ব্যবস্থা নেই। মফঃস্বলে যে ডাক্তাররা যেতে চায় না তার কারণ হচ্ছে ডাক্তার যেভাবে নিয়োগ করা হয় যেভাবে তাদের প্রতি ব্যবহার করা হয় তার ফলে ডাক্তার পাওয়া যায় না। তাদের গ্রেড-এর যে ব্যবস্থা হয়েছে সেটা একটি অন্যতম কারণ। এখন মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বিভাগের কাজ গ্রহণ করেছেন আমি তাই মুখ্যমন্ত্রীর সেদিকে দৃষ্টি আকর্ষণ করছি যাতে করে এবিষয়ে একটা সত্বর ব্যবস্থা করা হয়, যাতে এইসমস্ত স্বাস্থ্য দপ্তরের যারা কাজ করেন তারা যথাযোগ্য অধিকার পান এবং ভালভাবে কাজ করতে পারেন সেবিষয়ে তাদের অভিযোগ দূর করতে পারেন তা যেন তিনি দেখেন। সম্প্রতি মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া এই হুকুম জারী করেছেন যে আমাদের এখানে আগে যেসমস্ত মেডিক্যাল স্কুল ছিল সেগুলি তুলে দিয়ে মেডিক্যাল কলেজ করা উচিত। আগে পাঁচ বছরের কোর্স ছিল, তারপর ছয় বছরের কোর্স করা হল এখন শুনছি চার বছরের হবে। প্রি-ক্লিনিক্যাল আগে নাকি এক বছরে পূর্ণ হত এখন ১½ বছরে পূর্ণ হবে। প্রত্যেক ছাত্রদের ভর্তির সঙ্গে সঙ্গে ইনডোর এবং আউটডোর-এ শিক্ষার সুযোগ দিতে হবে। চার বছরের কোর্স নতুনভাবে করছেন। আমরা দেখছি সারজেন্ট স্কীম, মুদালিয়ার স্কীম, দে কমিশন প্রভৃতি নিয়ে শিক্ষার ক্ষেত্রে একটা বিভ্রান্তির সৃষ্টি হয়েছে।

...ন দেখছি ছয় বছরের থেকে পাঁচ বছর, পাঁচ বছর থেকে চার বছরের জন্য নতুন নতুনভাবে শিক্ষার পদ্ধতি ঠিক করা হচ্ছে—এটির মানে আমি ঠিক বুঝতে পারছি না। প্রতিরক্ষা ব্যবস্থার জন্য যে যেসমস্ত কলেজ হয়েছে সেখানে যে সংখ্যার ছাত্র ভর্তি হচ্ছে তাতে সেখানে সকলে সুযোগ পায় না। প্রতিরক্ষা ব্যবস্থায় ছাত্রের সংখ্যা বিভিন্ন কলেজে দিনের পর দিন বেড়ে চলেছে এটা ভাল কথা। আমাদের ৪৭৫টি সিট মেডিক্যাল কলেজে—সেখানে ৮৫০টি করা হয়েছে। এদিক থেকে যে মেডিক্যাল কলেজে ছাত্রসংখ্যা বাড়ান হচ্ছে এটা সমর্থনযোগ্য এবিষয়ে কোন সন্দেহ নেই। তারপর স্যার, মৃত্যুর সংখ্যা হ্রাস কমে গিয়ে রোগীর সংখ্যা যে দিনের পর দিন বাড়ছে সে বিষয়ে সন্দেহ নেই। রোগ নিবারণ করার প্রিভেনটিভ মেজার্স-এর ব্যাপারে সরকারের গলদ আছে—এটা ভাল হলে রোগীর সংখ্যা বাড়ত না এবং এত হাসপাতাল বাড়াতে হত না। আমাদের ২৮ হাজার বেড আছে, সেকেন্ড প্ল্যান-এ ৪ হাজার এবং থার্ড প্ল্যান-এ আরও ৮ হাজার বাড়ান হবে। মেডিক্যাল কলেজ-এর অবস্থা কি? সেখানে পাশে পাশে, গায়ে গায়ে রোগীদের সিট। একজন রোগীকে দেখতে গেলে সেখানে গিয়ে উঠতে গলদঘর্ম হতে হয়। কাজেই হাসপাতাল বাড়ান বা সিট বাড়ান যে দরকার এবং কত পরিমাণে বাড়ান যে দরকার তার হিসাব করা কঠিন। রোগীর সংখ্যা বাড়ছে সেক্ষেত্রে আমি বলছি প্রিভেনটিভ মেজার্সেস ভাল করতে হবে। ম্যালেরিয়া নাকি বন্ধ হয়ে গিয়েছে অথচ দেখুন ৪ কোটি ২৫ লক্ষ টাকা ম্যালেরিয়া নিবারণের জন্য ধার্য করা হয়েছে অথচ ম্যালেরিয়া কমেছে তা দেখতে পাচ্ছি না।

[2-20—2-30 p.m.]

ম্যানুফ্যাকচার অফ এক্স-রে মেসিন খুব দরকার। আপনারা হয়তো বলবেন ফরেন এক্সচেঞ্জ-এর অভাবে বা বর্তমান এমারজেন্সীর জন্য বাইরে থেকে এক্স-রে মেসিন ক্রয় করতে পাবা যাচ্ছে না। সরকারের এই লাল বইতে আমরা দেখছি ম্যানুফ্যাকচার অফ এক্স-রে ইত্যাদির জন্য কোন টাকা ধরা হয়নি। কিন্তু এটা খুব দরকার। হোমিওপ্যাথি এডুকেশন এবং রিসার্চ-এর জন্য ১ লক্ষ টাকা দেওয়া হয়েছে, কিন্তু এ পর্যন্ত আমাদের অ্যাসেম্বলিতে হোমিওপ্যাথি বিল পাশ করা হল না। এই বিষয়ে ব্যবস্থা অবলম্বন করা দরকার। অনেক তর্ক-বিতর্কের পর আয়ুর্বেদ বিল গ্রহণ করা হয়েছে। তজ্জন্য ৩।। লক্ষ টাকা ধরা হয়েছে, এটা অতি সামান্য। তারপর ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে টাকার কোন ব্যবস্থা করা হয় নি। শেষ করবার আগে আমি আর একটা বলব, নন-রেজিস্টার্ড প্র্যাকটিশনার যাঁরা ১০।১৫।২০ বৎসর ধরে প্র্যাকটিশ করছেন তারা যাতে একটা পরীক্ষার মারফৎ সরকারী রেকগনিশন পান তার সুযোগ দেওয়া উচিৎ।

Dr. Ranjit Kumar Ghosh Chowdhury:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা দেখছি যে ব্যয় বরাদ্দ উপস্থিত করা হয়েছে তাতে শতকরা ১৩ টাকা মেডিক্যাল অ্যান্ড পাবলিক হেলথ-এ খরচ করা হবে যেটা ভারতবর্ষে সর্বোচ্চ। পার ক্যাপিটা এক্সপেন্ডিচার ১৯৫৮ সালে ২·২২, এখন করা হচ্ছে ৩·৮৫ যেটা ভারতবর্ষের সর্বোচ্চ। ডাঃ দাশগুপ্ত কতগুলি এলাকার স্বাস্থ্য সম্পর্কে আলোচনা করেছেন। আমি গ্রামীণ বাংলাদেশ সম্পর্কে আলোচনা করতে চাই। আমাদের জনসংখ্যার শতকরা ৭৯·২ ভাগ লোক গ্রামে বাস করে। আজকে বাংলাদেশের গ্রামে ১০ হাজার লোক পিছু একজন ডাক্তার আছে। সুতরাং আজকে বাংলাদেশের উন্নতি করতে গেলে গ্রামের উন্নতি করার প্রয়োজন আছে। আজকে প্রত্যেকটি এন ই এস ব্লক-এ প্রাইমারি হেলথ সেন্টার হয়েছে। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের এ পর্যন্ত ৩৪১টি হেলথ সেন্টার হয়েছে, মোট ৫৭৬টি হবার কথা আছে। আজকে আমাদের অনেক হেলথ সেন্টার হয়েছে সন্দেহ নাই, কিন্তু অনেক বাকী আছে একথা না বলে পারছি না। হেলথ সেন্টার করবার ব্যাপারে আমাদের মনে রাখতে হবে যে, গ্রামাঞ্চলে জায়গা জোগাড় করা শক্ত ব্যাপার। দশ বৎসর পরে যদি বাড়াবার প্রয়োজন হয় তাহলে জায়গা পাবেন না। আমি একটা সাজেসশন রাখতে চাই, হেলথ সেন্টার-এর বাড়ী যা করছেন একতলা তা যদি দোতলার ভিত করে করেন তাহলে ভবিষ্যতে জায়গার অভাব হবে না। আর এক কথা আমি এখানে বলব, এই সমস্ত হেলথ সেন্টার-এ টি বি কেস, বা কোন ডিফিকাল্ট ফ্র্যাকচার কেস-এর কোন সুবন্দোবস্ত হয় না। আমি এ সম্বন্ধে স্বাস্থ্যবিভাগে অনেকবার আলোচনা করেছি, কিন্তু এ সম্পর্কে তাদের ভালো কনসেপশন আছে বলে মনে হয় না। আজকে তারা

দরকার, গ্রামাঞ্চলে যে সমস্ত অসুবিধা আছে সেগুলি যদি দূরীভূত করতে হয় তাহলে বিশেষ ট্রেনিং দিয়ে গ্রামাঞ্চলে ডাক্তার পাঠান দরকার, তা না হলে যে সার্ভিস আমরা আশা করছি সেই সার্ভিস আমরা পাব না। হাসপাতালের সংগে চিকিৎসাকেন্দ্রের অনেক পার্থক্য আছে, চিকিৎসাকেন্দ্রে বর্তমান বিজ্ঞানসম্মত সমস্ত সুবিধা আমরা দিতে পারব না। কিন্তু নিছক যদি পোস্ট-অফিস-এর কাজ সে করে, কেবলমাত্র সে স্ট্যাম্প মেরে ছেড়ে দেয় রেফার্ড টু ডিস্ট্রিক্ট হসপিটাল—তা হলে কোলকাতার কনজেসশান কোন দিন কমবে না এবং স্বাস্থ্যকেন্দ্র যেহেতু সেখানে করা হয়েছে সার্ভিস দেওয়া যাবে না। আর একটা কথা, কলেরা সম্বন্ধে বলব। পানীয় জলের যদি ব্যবস্থা দেখি তাহলে দেখব যে গত কয়েক বছরে ৫৫ হাজার ২৬৪টা টিউবওয়েল করা হয়েছে—মোট সংখ্যা আমাদের ৯৮ হাজার ২০৮। কিন্তু এতেও ৪৯·৯১ লোককে আমরা টিউবওয়েল-এর জল খাওয়াতে পারছি না—সেফ ওয়াটার খাওয়াতে পারছি লেস দ্যান ফিফটি পারসেন্ট লোককে। এটা আমি বলছি ১৯৫১ সালের সেনসাস অনুসারে। ১৯৬১ সালের সেনসাস যদি ধরি তাহলে এই সংখ্যা আরও কমে যাবে। সুতরাং আজকে যে সমস্ত টিউবওয়েল ডিরিলিক্ট হয়ে রয়েছে তার জন্য যে টাকা ধরা হয়েছে ২৭ লক্ষ টাকা তাতে যদি সারাতে হয় তাহলে দেখা যাবে ২ কোটি টাকা লাগবে। ২৭ লক্ষ টাকা যদি এক বছরে ধরি তাহলে হিসাব করলে পাওয়া যাবে ক' বছরে হচ্ছে। আরো এই ক' বছরে যেগুলি ডিরিলিক্ট হয়ে যাবে তার জন্য টাকা বরাদ্দ করতে গেলে এই ভিসনস সার্কেল চলবে, আরও বেশী টাকা বরাদ্দ করতে হবে এবং যেখানে পানীয় জলের সমস্যা রয়েছে সেখানে সমস্যা সমাধান হবে না। পানীয় জলের সমস্যা যেখানে রয়েছে সেখানে স্বভাবতঃই কলেরা, টাইফয়েড হবে। বাংলাদেশে সব চেয়ে বেশি গ্রামের লোক কলেরায় মারা যায় বলে আমার ধারণা। গত কয়েক বছর ধরে গ্রামের মানুষের সঙ্গে মেলবার ফলে এবং ডাক্তারী করবার ফলে আমার এই ধারণা হয়েছে যে, যতগুলি স্বাস্থ্যকেন্দ্র আছে সেখানে যদি কলেরা হাটস বা টেম্পোরারি শেড না করা যায় অথচ এমন একটা পাইলট সার্ভিস করতে পারেন মোবাইল ইউনিট-এ কলেরা ট্রিটমেন্ট-এর ব্যবস্থা যা করেন তাহলে গ্রামের লোকেদের বাঁচান যাবে না। গ্রামে যারা কলেরায় বাঁচে আমার কাছ থেকে শুনুন তারা কেউ কলেরায় ভোগেনি। ডাক্তাররা তাঁদের প্রোফেশনাল অ্যাডভান্টেজ-এর জন্য, বেনিফিট-এর জন্য বলে থাকেন কলেরা হয়েছিল, আমি ভাল করে দিয়েছি। কলেরা গ্রামে হলে বাঁচান সম্ভব নয়। [মিস্টার ডেপুটি স্পীকার: আপনি স্যুইসাইড করছেন, ডাক্তারদের বিরুদ্ধে বলছেন।] আমি স্যুইসাইড করছি না। আই অ্যাম টেলিং দি ফ্যাক্ট। তার কারণ হচ্ছে বর্তমান যে অবস্থা আছে এর বেশি তাদের করা সম্ভব নয়। সেজন্য বলছি যে গ্রামের মানুষকে যদি কলেরা থেকে বাঁচাতে হয় তাহলে স্বাস্থ্যবিভাগকে সিরিয়াস হতে হবে। সমস্যা সম্পর্কে তাদের অবহিত হতে হবে। গ্রামে গিয়ে দেখতে হবে গ্রামের অবস্থা কি? এর আগে বলেছি অন্ততঃ ১২ বছর গ্রামে বাস করা দরকার, তবেই গ্রামের অবস্থা জানতে পারবেন। গ্রামের যেখানে শতকরা ৮০ জন লোক বাস করে তাদের স্বাস্থ্যের উন্নতি করা দরকার, তা না হলে হবে না। হেলথ সেন্টার-এর ব্যাপার দেখছি, হেলথ সেন্টার সেখানে বটলনেক হয়ে রয়েছে। ফাইন্যান্স-এর কাছ থেকে স্যাঙ্কশন পাওয়া যায় না বলে হেলথ সেন্টার করতে দেরী হয়। বিশেষ করে সুন্দরবন অঞ্চলে দেখছি যে সুন্দরবন অঞ্চলে যা হেলথ সেন্টার হওয়া উচিত ছিল তার ৪ ভাগের এক ভাগ হেলথ সেন্টার সুন্দরবনে হয়নি। একথা বোঝা দরকার যে সুন্দরবনে হেলথ সেন্টার করতে গেলে সেখানে ট্রান্সপোর্ট কস্ট অনেক বেশী পড়ে যায়। সুতরাং যে টাকা ধরা আছে তাতে সুন্দরবনে হেলথ সেন্টার করা যায় না, যদি না ফাইন্যান্স এ সম্পর্কে তাদের সাহায্য করে। শুধু সুন্দরবনের প্রশ্ন নয়, এই রকম অন্যান্য জায়গাতেও এই প্রশ্ন। জনসাধারণ যেখানে গত ৭।৮ বছর ধরে টাকা দিয়ে রেখেছেন সেখানে হেলথ সেন্টার হয় নি—এই রকম নজীর যথেষ্ট আছে। জনসাধারণ যেখানে মনে করেছিল হয়ত থানা হেলথ সেন্টার হবে, ৫০টা বেড হবে সেখানে সরকারী নীতির যদি পরিবর্তন হয় তাহলে তার জন্য জনসাধারণকে দায়ী করে লাভ নেই। সরকার নীতি পরিবর্তন করেছেন যেখানে থানা হেলথ সেন্টার হল না, প্রাইমারী হেলথ সেন্টার হল না, কিন্তু যারা টাকা, জমি দিয়ে সামান্য দাবী করেছিল যে ১০টার বদলে ১৫টা বেড করে দাও, ঐ ৫টা বেড মেটারনিটির নামে করে দাও তাতেও দেখছি অনেক সময় স্বাস্থ্য বিভাগ রাজী হন না এবং অনেক সময় বলেছেন যে আমরা ১০-এর বেশী করতে পারি না। আমাদের ১৪৪টা হেলথ সেন্টারের মধ্যে ২ হাজার

৪৯৬টা বেড রয়েছে—১০-এর অনেক বেশী—১০ করে ধরলে হোত, ১,৪১০, আছে ২,৪৯৬। সুতরাং একটা হেলথ সেন্টার নিয়ে স্পেশাল কেস করে করা যায়। আমি এই নজীর স্বাস্থ্য-বিভাগের পুস্তকে দেখেছি। সুতরাং আমি কলেরা সম্পর্কে যে কথা বলেছি, টিউবওয়েল সম্পর্কে সে কথাই বলব যে আজকে একটা জেলায় যে নিয়ম আপনারা করেছেন সেই জেলার সমস্ত মানুষকে জেলা হাসপাতাল থেকে বন্দোবস্ত করে নিতে হবে—সেখানে তাকে কাটা তুলতে হবে, সেখান থেকে ওষুধের বন্দোবস্ত করতে হবে এবং কাটা তুলতে গেলে অন্তত ৪ দিন আসতে হবে।

[2-30—2-40 p.m.]

আজকে অত্যন্ত দুঃখের ও লজ্জার সংগে বলতে হয় যে যদি না কিছু পয়সা দিতে পারে তাহলে কিছুই হবে না। ঘুষ দিলে এক দিনেই হয় এই যে অবস্থা একথা আমি বলছি যারা বিভাগীয় কর্মচারী আছে, যারা চীফ মেডিক্যাল অফিসার অফ দি ডিস্ট্রিক্ট তারা এই সমস্ত করেন কিন্তু সে সম্বন্ধে কোন বন্দোবস্ত হয় নি। আমাকে বলেছেন স্পেসিফিক কেস দিতে—আমি স্পেসিফিক কেস দিয়েছি- টিকেট নম্বর পাঠিয়ে দিয়েছি বহু দিন লেগে গেল এনকোয়ারী করতে কিন্তু তার কোন বন্দোবস্ত হয় নি। সুতরাং আজকে যদি গ্রামের মানুষকে কলেরার হাত থেকে টি বি-র হাত থেকে বাঁচাতে হয়, তাদের স্বাস্থ্যের উন্নতি করতে হয় তাহলে প্রকৃতপক্ষে যাতে হেলথ সেন্টারগুলি ভালভাবে হয় যে উদ্দেশ্য নিয়ে করা হয়েছে যদি সেই উদ্দেশ্য সাধিত করতে হয় তাহলে সেখানে উপযুক্ত বন্দোবস্ত করা উচিত। নার্স এবং স্টাফদের সম্পর্কে বলতে গিয়ে বলতে হয় যে আপনারা বলেন নার্স পাওয়া যায় না। ৮০ টাকা দিয়ে হাওড়ার লোককে কুচবিহারে পাঠালে লোক আসবে না। স্থানীয় লোককে নিয়োগ করুন এবং এ সম্পর্কে কোন অসুবিধা হবে না। আজকে একটি নার্সকে ৮ ঘণ্টা থেকে ১২ ঘণ্টা কাজ করতে হয়। এ সম্বন্ধেও দেখা দরকার। সুতরাং আজকে আমরা যদি বাংলাদেশের স্বাস্থ্যের উন্নতি করতে চাই কি গ্রামাঞ্চলে, কি সহরাঞ্চলে তাহলে নূতন করে সব ঢেলে সাজাতে হবে। কত দুঃস্থ লোক বাংলাদেশে আছে—তাই আমি বলতে পারি ডক্টর হিল দাইসেলফ, ডিপার্টমেন্ট হিল দাইসেলফ।

Shri Girija Bhusan Mukherjee:

স্পীকার মহাশয়, আমি স্বাস্থ্যদপ্তরের যে মঞ্জুরী দাবি করেছেন তার বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণে যে, সেখানে যথেষ্ট টাকা খরচ করছেন, যথেষ্ট টাকা দিয়ে নূতন নূতন হাসপাতাল করার পরিকল্পনা করছেন কিন্তু কোন বাস্তব দৃষ্টিভঙ্গি আমরা এই দপ্তর থেকে পেলাম না। আমি ছোট ছোট দু-একটা উদাহরণ দিয়ে দেখাতে চাই যে, এগুলির কোন কিছুই হয় নি। বিশেষ করে যে যক্ষাকে নির্মূল করার কোন প্রচেষ্টা এখানে হয় নি। সাধারণ মানুষের স্বাস্থ্যের উন্নতির কথা এখানে বলছেন—এটা একটা মস্তবড় সমস্যা। আমি বলছি যে, এক একটা শহরের কেন্দ্রস্থলে এক একটা ট্রেঞ্চিং গ্রাউন্ড আছে চুঁচুড়া শহরের মধ্যে একটি ট্রেঞ্চিং গ্রাউন্ড আছে যার চারপাশে মানুষের বসতি—এখানে স্বাস্থ্য-দপ্তরকে বিচার করতে হবে যে সেই ট্রেঞ্চিং গ্রাউন্ডে রোগ বিস্তার লাভ করে কি করে না। পাবলিক হেলথ ডিপার্টমেন্টকে লেখা হয়েছে। শুধু চুঁচুড়ায় নয়, বাঁকুড়ায় একটি আছে, ভদ্রেশ্বরে আছে, বৈদ্যবাটিতে আছে এবং এই ট্রেঞ্চিং গ্রাউন্ড রিমুভ করতে গেলে কোটি কোটি টাকা লাগে না। যদি বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে আপনারা চলেন তা হলে এগুলি খুব অল্প ব্যয়ে রিমুভ করা যায়। আর একটা উদাহরণ দেব—শ্রীরামপুর হাসপাতালে কুকুরে রোগীর খাবার খেয়ে যায়। সেটা গত বছর এখানে আলোচনা করা হয়েছে, কোন ব্যবস্থা হয় নি। শ্রীরামপুর হাসপাতালের দোতলায় কোন ল্যাট্রিন নেই, একটা সাবডিভিসন্যাল হাসপাতাল যেখানে ১৯৫০ সালে ডাক্তারের সংখ্যা ছিল ৩ জন এখন সেখানে হয়েছে ১১ জন। কিন্তু আসল দৃষ্টিভঙ্গি যেটা সেটা তাদের নেই, যার ফলে ল্যাট্রিন তৈরি হয় না। সুতরাং এই বাস্তব দৃষ্টি-ভঙ্গি যদি না এই স্বাস্থ্যদপ্তর আনতে পারে তা হলে তার জন্য যত অর্থ বরাদ্দ করা হোক না কেন, তাতে সত্যিকারের উন্নতি হবে না। এই স্বাস্থ্যবিভাগ সম্বন্ধে আর একটা কথা বলব। বৈদ্যবাটি একটা বিরাট মিউনিসিপ্যাল অঞ্চল—সেখানে জল সরবরাহের কোন ব্যবস্থা নেই। একটা শহরাঞ্চল সেখানে ওয়াটার সাপ্লাই নেই, টিউবওয়েল চোক্‌ড হয়েছে এবং জলের জন্য লোক হাহাকার করছে—এর জন্য স্বাস্থ্যদপ্তরকে বিভিন্নভাবে জানানো হয়েছে কিন্তু কোন ব্যবস্থা এখনও পর্যন্ত করা হয় নি। আমি এগুলি স্বাস্থ্যবিভাগের নজরে আনছি। শ্রীরামপুরে

একটি মেটারনিটি হোম খোলা হল গত নির্বাচনের আগে। আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী সেটা ওপেন করেছিলেন কিন্তু যেদিন ওপেন করা হয়েছে তার পরের দিনই সেটা বন্ধ হয়ে গেছে। আমাদের বিধানসভায় শ্রীরামপুর থেকে নির্বাচিত শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় এটার কথা উল্লেখ করায় তখন আমাদের স্বর্গীয় মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায় মহাশয় তাঁকে ব্যক্তিগত-ভাবে লিখে জানান যে, আমি দায়িত্ব নিচ্ছি যে, সরকার এই মেটারনিটি হোম পরিচালনা করবে। এক বছর হল বিধানবাবু মারা গেছেন--এক বছর কেটে গেল কিন্তু আজ পর্যন্ত কিছুই হয় নি।

এই হচ্ছে সত্যিকারের আমি বলছি ঘটনাগুলি। এই ঘটনাগুলি তৃতীয়, চতুর্থ, পঞ্চম পরিকল্পনার ঘটনা নয়। এগুলোর দিকে স্বাস্থ্যদপ্তরের একটু নজর রাখা দরকার।

চুঁচুড়ায় একটা সদর হাসপাতাল, মস্তবড় বিল্ডিং হয়েছে। ঐ হাসপাতাল থেকে জল-নিষ্কাশনের কোন ব্যবস্থা নাই। সেই হাসপাতালের জল হাসপাতালের জমির মধ্যে পড়ে জমে এবং পচে ও তাতে মশা জন্মায়। বিল্ডিং হচ্ছে, কন্ট্রাক্টররা টাকা পাচ্ছে। কিন্তু সত্যিকারের যেখানে যা দরকার, বিশেষ প্রয়োজন, সেদিকে আপনাদের কোন নজর নাই। এই হাসপাতালের জল বেরুবার কোন বিশেষ ব্যবস্থা করা হয় নাই। এগুলোর উপর আপনাদের নজর রাখতে বলব।

দ্বিতীয়তঃ বাস্তব দৃষ্টি রাখা কতখানি দরকার, আপনারা বলছেন অর্থ নাই, হাসপাতাল গড়ে তুলতে পারছি না। হাসপাতালে বেডের প্রয়োজনীয়তা বেশি শৈলবাবু বলেছেন। আউট-ডোর ডিপার্টমেন্টএ ডবল শিফ্‌ট কেন করতে পারবেন না? ঐ যে বিল্ডিং বিরাট বিরাট পড়ে আছে, বেলা বারটা পর্যন্ত সেখানে কাজ চলে; তারপর সমস্ত দিন এমনিই পড়ে রইল। ঐ বিল্ডিংও, ঐ একই যন্ত্রপাতি নিয়ে আরও কাজ করা যায়, ডবল শিফ্‌টএ ওয়ার্কিং চলতে পারে যাতে ভালভাবে, তার জন্য আউটডোর আরও ওয়েল ইকুইপ্‌ড করতে হবে। আউটডোরএর স্ট্যাটিসটিকস দেখলে দেখা যাবে অ্যাডমিশনএর ক্ষেত্রে যে অ্যাডমিশন রেকমেন্ডেড হল তার পরেও ছ' মাস ঘোরাঘুরি করে ভর্তি হতে না পেরে সে রুগী বাড়ি চলে গেল, অ্যাডমিশন আর হল না। এই আউটডোর যদি ওয়েল ইকুইপ্‌ড হয়, এক্স-রের ব্যবস্থা যদি আউটডোরএ থাকে তা হলে ঐ আউটডোর থেকেই অনেক রোগী সেরে যায়। দ্বিতীয় কথা--এই সমস্ত ব্যবস্থা হলে পর ইনডোর এর অবজারভেশন-এরও অনেক প্রেসার কমে যায়। আমি মেডিকেলম্যান নই আমার অবজারভেশন হাসপাতালে ভর্তি হবার পর ৭ দিন থেকে ১০ দিন ইনভেস্টিগেশন করতে করতেই কেটে যায়। আউটডোর আপনারা ওয়েল ইকুইপ্‌ড করতে পারেন, তাহলে ভর্তি হয়ে এই যে ৭ দিন দশ দিন হাসপাতালে ইনডোর-এ অনুসন্ধানের জন্য থাকতে হয়, এতে করে পার ক্যাপিটা এক্সপেন্ডিচার কত বেড়ে যায়। সেটা আউটডোর-এ হলে পর এক পয়সাও লাগে না। পি জি হসপিট্যাল-এ দৈনিক হয়ত ১০ টাকা; আর অন্য হাসপাতালে কারমাইকেলে হয়ত দৈনিক ৫ টাকা পার ডে পার ক্যাপিটা এক্সট্রা এক্সপেন্ডিচার হয়। এইটা যদি সেভড হয়, তাহলে সব দিকে লাভ হয়। যদি আউটডোর-এ ট্রিটমেন্ট হতে পারে, তাহলে ইনডোর-এর প্রেসারও কমে যায়। তাতে খরচও অনেক কমে। এই বাস্তব দৃষ্টিভঙ্গী আমাদের স্বাস্থ্য দপ্তরের অভাব আছে বলে আমি উল্লেখ করতে চাই।

তৃতীয় কথা হচ্ছে- ধরুন আজ পর্যন্ত আমাদের দেশে ফ্রিজড্রাই প্লাজমা প্ল্যান্ট মেশিনারী নাই। এই ফ্রিজড্রাই প্লাজমা প্ল্যান্ট কিনতে একটার দাম পড়ে এক লক্ষ টাকা। এই প্ল্যান্টের জন্য টাকা বরাদ্দ থাকা সত্বেও আজ পর্যন্ত আমাদের দেশে একটা প্ল্যান্টও বসে নি। এর চেয়ে দুঃখের কথা আর কিছু হতে পারে বলে আমি মনে করতে পারি না। আমি মনে করি প্রত্যেকটি লোক কি ডাক্তার কি সাধারণ লোক--কিছু এই পক্ষে, কিছু ঐ পক্ষে। সকলে এটা সমর্থন করবেন এই যে ফ্রিজড্রাই প্লাজমা প্ল্যান্ট আমাদের দেশে হতে পারে, হওয়া আবশ্যক। যেহেতু আজকে এমারজেন্সি পিরিয়ড, তাই বলে কি এক্স-রে হবে না? আর্জেন্ট কেস না হলে এক্স-রে হবে না। আমি অল কেসেস আর আর্জেন্ট আউটডোর থেকে আর্জেন্ট ছাপ মেরে না দিলে এক্স-রে হবে না—এই যে সারকুলার আছে সেটা আমি মনে করি দ্যাট সারকুলার শুড বি উইদড্রন হিয়ার অ্যান্ড নাউ যে আর্জেন্ট কেস ছাড়া এক্স-রে হবে না। এই আর্জেন্ট লেখাতে গেলে কি করতে হয় তা জানি। এখানেই কোরাপশান ব্রিড করে। সেখানে কিছু গিভ অ্যান্ড টেক না হলে তা হয় না। এই বক্তব্য সম্পর্কে

কোন জবাব আমি মন্ত্রিমহাশয়ের কাছ থেকে চাই না। কারণ তা হলে আমার এই অভিযোগ খণ্ডনের একটা প্রচেষ্টা মন্ত্রিমহাশয়ের তরফ থেকে দেখা দেবে। আপনারা এ সম্বন্ধে অনুসন্ধান করুন, আপনারা বিচার করুন এবং প্রতিকার করবার ব্যবস্থা করুন।

[2-40—2-50 p.m.]

Dr. Radhakrishna Singha:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে খাতে আমরা এই ব্যয়বরাদ্দের জন্য উপস্থিত হয়েছি, সেটা পশ্চিমবঙ্গের একটা গুরুত্বপূর্ণ সমস্যা এবং আমি মনে করি মাননীয় সদস্যরা এই সম্পর্কে আমার সঙ্গে একমত যে, আজকে এই খাতে প্রত্যেকটি নয়া পয়সা should be utilised for the benefit of suffering humanity. কারণ, আমাদের পশ্চিমবঙ্গে জনসংখ্যা বৃদ্ধির জন্য রোগ বা অন্যান্য অসুখের সমস্যাও তার সঙ্গে বেড়ে গিয়েছে। কিন্তু আমরা দেখছি যে, সরকারী বাজেটে যে টাকা বরাদ্দ আমরা করি, সেই টাকাপয়সা খরচ করবার মত ক্ষেত্র, সুযোগ তাঁরা পান না। কারণ, আজকের যে মনোবৃত্তি ও উদ্দীপনা নিয়ে তাঁরা বাজেট পেশ করতে আসেন, জানি না এর পরে কি কারণে, কার স্বার্থে আর সেই সমস্ত উদ্দীপনা থাকে না। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, অন্তত এই খাতে প্রতিটি পয়সা যেন দেশের লোকের স্বাস্থ্যের জন্য, তাদের রোগের প্রতিকারের জন্য ব্যয়িত হয় এবং সারা বছরটাই সরকার যেন এঁদের সুখসুবিধা, চিকিৎসার দিকে বিশেষভাবে যত্নবান থাকেন। সরকার যে টাকা বরাদ্দ করেন, তার কত অংশ কিভাবে ব্যয় করেন একবার দেখুন। ১৯৬২-৬৩ সালে মঞ্জুরী করা হয়েছিল ৮ লক্ষ টাকা স্টেট ইন্সিওরেন্স পরিকল্পনা অনুযায়ী চিকিৎসা খাতে। তার মধ্যে মাত্র খরচ হয়েছে সেভেন্টি-এইট থাউজ্যান্ড রুপীজ। শহরাংশে জল দেবার জন্য ১৯৬২-৬৩ সালে ৪০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল। সেখানে তার মধ্যে মাত্র ২০ লাখ টাকা স্বাস্থ্যবিভাগ খরচ করেছেন, তার চেয়ে বেশি খরচ করতে পারেন নি। পি জি হসপিটাল এবং আর জি কর হসপিট্যালএর আউটডোরএ সামান্য কিছু মূল্যের বিনিময়ে চিকিৎসার জন্য ১৯৬২-৬৩ সালে ৪ লক্ষ টাকা মঞ্জুরী করা হয়েছিল, তার মধ্যে খরচ হয়েছে মাত্র ৫৫ হাজার টাকা। গত বছর ঔষধের কারখানাগুলিতে ভেজাল ওষুধ সম্পর্কে খুব হৈ-চৈ উঠল। সেই ভেজাল ঔষধের প্রতি নজর রাখবার জন্য ড্রাগ ইন্সপেক্টর নিয়োগ করা হল এবং তার জন্য ১৯৬২-৬৩ সালে ৯০ হাজার টাকা মঞ্জুরী করা হয়েছিল, সেখানে খরচ করা হল মাত্র ২০ হাজার টাকা। তা হলে ঔষধ ভেজাল হবে না কেন?

আরও কতকগুলি বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাতে চাই। এক্স-রের কারখানা তৈরি করবার জন্য তার ৫১ পারসেন্ট শেয়ার সরকার গ্রহণ করবেন বলেছেন ১৯৬২-৬৩ সালের বাজেটে। কিন্তু সরকারী দপ্তর সেখানে মাত্র ১ লক্ষ টাকা খরচ করেছেন, এর ভিতর বাকি টাকা তাঁরা খরচ করতে পারেন নি। এত গেল টাকা মঞ্জুরির কথা। এবার আমি স্বাস্থ্য-কেন্দ্রের অবস্থার কথা বলব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমাদের স্বর্গতঃ মুখ্যমন্ত্রী মহাশয় একজন প্রসিদ্ধ ডাক্তার ছিলেন। তিনি লক্ষ্য করেছিলেন যে, শহরের হাসপাতালগুলিতে সমস্ত রকম রোগীর এত বেশি ভিড় হয় যে, তার মধ্যে বড় বড় লোকেরা তদ্বির করেও জায়গা পায় না, আর সেখানে পাড়াগাঁয়ের লোকের হাসপাতালে জায়গা পাওয়া স্বপ্নের কথা। সেইজন্য তিনি পাড়াগাঁয়ে হেল্‌থ সেন্টার স্থাপনের ব্যবস্থা করেছিলেন। প্রতিটি থানায় এবং ইউনিয়নে হেল্‌থ সেন্টার স্থাপন করে বিভিন্ন প্রকার রোগের চিকিৎসা এবং প্রিভেনশনএর ব্যবস্থার গোড়াপত্তন তিনি করেছিলেন। আজকে বাংলাদেশ থেকে ম্যালেরিয়া তাড়িয়েছেন বলে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আত্মসন্তুষ্টি লাভ করেছেন। মাননীয়া রাজ্যপাল তিনি তাঁর অ্যাড্রেসএ বলেছেন, ম্যালেরিয়া আমাদের দেশ থেকে তাড়িয়েছেন। খুব ভাল কথা, আমরা এতে একমত। গভর্নমেন্টের এতে বাহাদুরি আছে। কিন্তু ম্যালেরিয়া তাড়িয়ে আজকে আমাদের ভুগতে হচ্ছে কলেরায়, স্মল-পক্সে, টিউবারকুলোসিসএ। আজকে মাননীয় সদস্য ডাঃ চৌধুরী পাড়াগাঁয়ের একটি সুন্দর বাস্তব ছবি দেখিয়েছেন। তিনি বলেছেন, সেখানে শতকরা ৮০ জন লোক, যারা গ্রামে বাস করে, তারা রোগের কোন চিকিৎসা পায় না। তাই আমি বলব, অন্তত হেল্‌থ সেন্টারগুলি যে উদ্দেশ্যে আমাদের স্বর্গতঃ মুখ্যমন্ত্রী মহাশয় প্রতিষ্ঠা করেছিলেন, এবং তাঁর এই যে চেষ্টা, এই যে পরিকল্পনা, সেটা অন্তত যাতে আমরা বজায় রাখতে

পারি তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় চেষ্টা করুন। তা না হলে তাঁর আত্মা শান্তি পাবে না। তিনি চেয়েছিলেন সেখানে বৈজ্ঞানিক মতে এক্স-রে রেখে ব্যবস্থা করা হবে। দাঁতের বলুন, চোখের বলুন সমস্ত বিশেষজ্ঞ (স্পেশালিস্ট) সেখানে নিয়োগ করবেন এবং এক্স-রেটাও তার সঙ্গে থাকবে এবং এঁদের সাহায্যে সেখানে চিকিৎসা ও প্রিভেনশনএর ব্যবস্থা হবে। আজ আমরা দেখছি, স্মল-পক্স, টাইফয়েড, কলেরা, এমন কি টি-বি পর্যন্ত প্রিভেন্ট করতে পারি বি-সি-জি ভ্যাকসিনেশন দিয়ে। কিন্তু এই বি-সি-জি ভ্যাকসিনেশনটা এত হ্যাফাজার্ডলি ব্যবহার করা হচ্ছে যে, এটার কোন কাজের হয় না। এটা একটা গভর্নমেন্টের খেয়ালমত করা হচ্ছে। যেটা করব, সেটা ডিটারমাইন্ডভাবে করতে হবে, তা না হলে কোন কাজে আমরা সফলতা লাভ করতে পারব না, এই আমার দৃঢ়বিশ্বাস। তা আমি বলব, আমার মন্ত্রিমহাশয়কে অধ্যক্ষ মহাশয়ের মারফত যে. আপনি জানেন ৩০ হাজার পপুলেশনের বোলপুর শান্তিনিকেতনের হাসপাতালে ইলেকট্রিসিটি নেই অথচ তার সামনে পানের দোকানে ইলেকট্রিসিটি জ্বলছে। শান্তিনিকেতন একটা ইন্টারন্যাশনাল টাউন। যাই হোক আমার আগে ডাঃ চৌধুরী অনেক হেল্‌থ সেন্টারের প্রবলেম বলেছেন, আমি শুধু দু-একটি কথা বলব। এই সব হেল্‌থ সেন্টারের কম্পাউন্ড ওয়াল নেই যার ফলে কুকুর-বিড়াল রাত্রে রোগীদের সঙ্গে শুয়ে থাকে। প্রত্যেকটা হেল্‌থ সেন্টার করার আগে একটা কমপ্যাক্ট প্ল্যান করতে হবে। এটা কর্তৃপক্ষের জানা থাকা উচিত যে, একটা হেল্‌থ সেন্টারের কম্পাউন্ড ওয়াল না থাকলে, জানলায় গরাদ না থাকলে সেখানে কোন রোগী থাকতে পারেন না। শেষকালে আমি এইটুকু বলব, যে টাকা আমরা অপচয় করি, আপনার সেন্ট্রাল ড্রাগ স্টোর্স, যেখানে ১১ লক্ষ টাকা আছে, সেখানে একটা অ্যামেনিটি কমিটি আছে, যেসমস্ত ড্রাগস থানা হেল্‌থ সেন্টারের জন্য দরকার হয়, যেগুলি বিনা পয়সায় দেওয়া হয়, সেই টাকা সেই কমিটি কিভাবে ব্যয় করে তা আমরা জানতে পারি না। ট্রান্সপোর্ট ফেসিলিটিস যেসমস্ত করা হয় তার লক্ষ লক্ষ টাকা একটা সিলেক্টেড পার্টিকে দেওয়া হয়। এই অপচয়গুলি বন্ধ করে যাতে ভাল কাজে নিয়োজিত করা হয় তার জন্য আমি মন্ত্রিমহাশয়কে আমার অনুরোধ জানাব এবং তা হলে দেশের লোকও আপনাদের আশীর্বাদ করবে।

Dr. Abani Bhattacharyya:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই মেডিক্যাল বাজেটের ডিসকাশনে পার্ট নিতে গিয়ে মেডিক্যাল কলেজের কথাই আমি প্রথমে উল্লেখ করতে চাই এবং মেডিক্যাল কলেজের মধ্যে আমি একটি মেডিক্যাল কলেজের কথাই উল্লেখ করছি সেটা হচ্ছে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ। বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ সম্বন্ধে আপনাদের এই স্টেটমেন্টের মধ্যে এক জায়গায় দেখতে পাচ্ছি যে, স্টেটমেন্টটি শোয়িং দি প্রগ্রেস অব ডেভেলপমেন্ট স্কীম; এতে আছে

The Bankura Sammelani Medical College with an intake of 50 students per annum taken over by the Government with effect from 6th June, 1961, will be maintained.

তাহলে আমি ধরে নিতে পারি, এই উক্তি থেকে যে, এই মেডিক্যাল কলেজটি গভর্নমেন্ট নিয়েছেন, টেকেন ওভার বাই দি গভর্নমেন্ট এবং সেটির ডেটও দেওয়া হয়েছে দেখছি ৫ জুন ১৯৬১। তার মানে সেটা প্রায় দুই বৎসর হল নেওয়া হয়েছে। তা হলে, দুই বৎসর হল নেওয়া হলে পর সেখানে প্রগ্রেস কি হয়েছে? সেখানে তা যদি আমরা দেখি তা হলে কিন্তু ছবিটা ভয়ানক হতাশাজনক হয়ে উঠে। এই মেডিক্যাল কলেজে ১৫০টি বেড আছে এবং এই মেডিক্যাল কলেজে রেসিডেন্ট সার্জেন, রেসিডেন্ট ফিজিসিয়ান আছে, কিন্তু তাঁরা রেসিডেন্ট নন। তাঁরা মেডিক্যাল কলেজের কম্পাউন্ডের মধ্যে বাস করেন না, তাঁরা বাস করেন শহরে। এবং শহর থেকে মেডিক্যাল কলেজ দুই মাইল দূরে। আর যে রাস্তা দিয়ে যেতে হয়, সে রাস্তাটি ভারি সুন্দর। সেখানে অন্ধকারে হোঁচট খেয়ে পড়ে মাথা না ফাটাটাই আশ্চর্য ব্যাপার। এটা একটা অদ্ভুত ব্যাপার যে, রেসিডেন্ট সার্জেন, রেসিডেন্ট ফিজিসিয়ান, তার রেসিডেন্স সেখানে নেই। কিন্তু এই হাসপাতাল আজ দুই বৎসর হল নেওয়া হয়েছে অথচ তাঁদের জন্য রেসিডেন্স করতে বাধা কোথায়? তাঁদের রেসিডেন্স তৈরি করা তো প্রয়োজন, করতে তো হবেই, তা হলে সেটা তৈরি করতে আপনারা এখনও শুরু করছেন না কেন? বলবেন বিল্ডিং অন্য ডিপার্টমেন্টের ব্যাপার। অন্য ডিপার্টমেন্টের ব্যাপার হলেও যেমন ক্যালকাটা মেডিক্যাল কলেজে তাদের একটা ইঞ্জিনীয়ারিং ইউনিট আছে, সেটা সেখানে থাকার জন্য যে-কোন জিনিসের ব্যবস্থা তারা সেখানে করতে পারে, নীলরতন সরকার মেডিক্যাল কলেজেও আছে, সেখানে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল

কলেজে সেই ব্যবস্থা আরও বেশি দরকার। এটা একটা তৈরি কলেজ, অনেক দিনের প্রতিষ্ঠিত, অনেকখানি সংগঠিত, তারপর নূতন জিনিস আপনারা নিচ্ছেন, আরম্ভ করেছেন, করতে চান, এই ইঞ্জিনীয়ারিং ইউনিট সেখানে করা তো শক্ত নয়। কেন করা হচ্ছে না এটা আমি স্বাস্থ্য-দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীকে অনুরোধ করছি যে, এই বিষয়টা একটু বিচার-বিবেচনা করে দেখবেন।

আর দ্বিতীয় কথা হচ্ছে, ঐ হাসপাতালের মধ্যে ২-৩টি বাড়ি তৈরি হয়ে পড়ে আছে, একটা অপারেশন থিয়েটার তৈরি হয়ে পড়ে আছে অথচ সেই অপারেশন থিয়েটারে অপারেশন হয় না। তার কারণ কি? ইলেকট্রিসিটি নেই, জল নেই। কেন জল ও ইলেকট্রিসিটি সেখানে হচ্ছে না, বৎসরের পর বৎসর চলে যাবে, কবে সেগুলি হবে? এখানে একটা হাসপাতাল আপনারা তৈরি করেছেন, অনেক লক্ষ টাকা খরচ করে সেটা তৈরি করেছেন, সেই হাসপাতালে পি ডবলিউ ডি-র একটা ডিপার্টমেন্ট বাস করছে। সেখানেও জল নেই, ইলেকট্রিসিটি নেই, এই প্রবলেম। তাহলে জল আর ইলেকট্রিসিটি যদি প্রবলেম হয় তা হলে হোয়াই নট সল্‌ভ ইট? যেখানে নাকি এত লক্ষ টাকা খরচ করে বাড়ি তৈরি করতে পারছেন সেখানে ওয়াটার ওয়ার্কস আর ইলেকট্রিসিটিতে কত টাকা খরচ হবে? নদীটা বেশি দূরে নয়, যেখানে ওয়াটার ওয়ার্কস তৈরি করা হয়েছিল ৫ লক্ষ টাকা খরচ করে সেখানে একটা মিনিয়েচার ওয়াটার ওয়ার্কস তৈরি করে দিতে পারেন অনায়াসে। আর একটা প্রবলেম হচ্ছে ইলেকট্রিসিটি। শুনলাম ইলেকট্রিসিটি নিয়ে আপনারা মুভ করছেন। কিন্তু সেটা কমপ্লিট যত তাড়াতাড়ি হয় ততই বাঞ্ছনীয়।

[2-50—3-15 p.m.]

সেখানে সরকারের তরফ থেকে প্রফেসারস, অ্যাসিসট্যান্ট প্রফেসারস অ্যাপয়েন্টেড হয়েছেন, আর সম্মেলনী কর্তৃপক্ষ কিছু অ্যাপয়েন্ট করে গিয়েছেন। সেখানে এখনই তাই দুটো দল হয়েছে। সম্মেলনী অ্যাপয়েন্টেড যেসমস্ত ডাক্তার প্রফেসারস আছেন তাদের অত্যন্ত অস্বস্তির মধ্যে আছেন তাদের সার্ভিস কন্ডিশন রেগুলারাইজ করছেন না কেন? হয় তাদের রাখুন, না হয় তাদের তাড়িয়ে দিন। যদি রাখেন, তা হলে তাদের রেগুলার সার্ভিস কন্ডিশনের মধ্যে রাখুন। যতদিন না তারা নিশ্চিত হতে পারেন যে তারা সেখানে থাকবেন, ততদিন তারা মনপ্রাণ দিয়ে কাজ করতে পারছেন না। তাদের বেসিক প্রেবলেম দুটো এক নং হল কোয়ার্টার্স, দুই নম্বর হল দুটো গ্রুপ অফ স্টাফ থাকার জন্য কাজে কোন কো-অপারেশন মিলছে না।

Let them be safe about their service

তাদের সার্ভিস কন্ডিশন রেগুলারাইজ করে একটা ইকুইটেবল কন্ডিশন-এর মধ্যে আনুন। এরপর বলব হাসপাতালের অবস্থার কথা। হাসপাতালে পেসেন্টরা যে ট্রিটমেন্ট পাচ্ছে সে সম্বন্ধে অনেক কমপ্লেইন্ট হয়েছে। একটা কমপ্লেইন্ট বলি, নার্সিং স্টাফ সম্বন্ধে। একটি ওয়ার্ডে ৩০টি বেড তাতে দিনের বেলায় রেখেছেন একজন স্টাফ নার্স, একজন সেবিকা, আর রাত্রিবেলায় দু'তিনজন সেবিকা। এই সেবিকার ট্রেনিং কতদূর, তা আমার জানা আছে। আপনারা কি মনে করেন যে ২-৩টি মরণাপন্ন রোগী যেখানে, সেখানে একটা এমারজেন্সী সার্ভিস দিতে একজন সেবিকা পারবে, সুইপারদের অবস্থা দেখুন। সেবিকাদের মাইনে দিচ্ছেন ৫০ থেকেও কম টাকা—খেয়ে-পড়ে কি পাবে? সেবিকাদের আরও বেশী ট্রেনিং দেওয়া প্রয়োজন এবং তাই দিয়ে এমন বেতন দিন, যা থেকে তারা খেয়ে-পড়ে বাঁচতে পারে। তা না হলে অর্ধভুক্ত কতকগুলি রিক্ট বাহি দিয়ে রুগীর সেবা হয় না। ঐই বলি এই সেবিকাদের দিকে নজর দিন। দ্বিতীয় কথা এমারজেন্সী সার্ভিস নিয়ে, মেডিক্যাল কলেজে এমারজেন্সী সার্ভিস হল না, কিন্তু মফঃস্বল কলেজ যা করছেন সেখানে কেন হবে না। বাংলাদেশে ১৫টি জেলার মধ্যে বাঁকুড়া একটি জেলা এবং বাঁকুড়া একটি দরিদ্র জেলা—এটা পশ্চাৎপদ, এখানে কোন শিল্পের ব্যবস্থা করেন নি। দামোদর নদীর ওপারে আসানসোলে দেখুন শিল্প-নগরী হয়েছে, কিন্তু বাঁকুড়া, সেখানে আজ দুর্দান্ত দামোদর নেই—তাকে বাঁধা দেওয়া হয়েছে। সেখানে উত্তর পাড়ে যদি শিল্পনগরী গড়ে উঠতে পারে, দক্ষিণ পাড়ে কেন তা গড়ে উঠছে না? সেখানকার কৃষির উন্নতি করতে পারে না- সেখানকার জমি অনুর্বর, কাঁকরের জমি। কাঁকুড়ে জমি, পাথুরে জমি যেন ধূ-ধূ মরুভূমি। বাঁকুড়া জেলার একটা জিনিস আছে, এডুকেশনাল ইমপর্ট্যান্স অনেক কালের। বাঁকুড়ায় একটা কলেজ আছে, তাঁর নাম অনেকেই জানেন। মেডিক্যাল সেন্টার হিসাবে সেখানকার ঐতিহ্য আছে। এই মেডিক্যাল কলেজ আজ আপনারা

নিয়েছেন, এজন্য আপনাদের অভিনন্দন জানাচ্ছি। কিন্তু সেটা ভালো করে গড়ে তুলুন। আমাদের ১৫টা জেলার মধ্যে একটা জেলাকেও আপনারা অবহেলা করতে পারেন না। বাঁকুড়া জেলা থেকে অনেক প্রতিনিধি এখানে এসেছেন, মন্ত্রিসভার মধ্যেও ২-৩ জন আছেন। কিন্তু বাঁকুড়ার উন্নতির দিকে তাঁরা কতটা নজর দিয়েছেন? শুধু ভোট পাবার জন্যই তাঁরা যা-কিছু করেন, অন্যদিকে যদি লক্ষ্য করা যায়, তা হলে দেখা যায় আজ পর্যন্ত তাঁরা কিছুই করেন নি। তাই আপনারা ওখানকার হাসপাতালটা নিয়ে নেওয়া সত্ত্বেও গত ২ বৎসরের মধ্যে তার কাজের অগ্রগতি সামান্যই হয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য-দপ্তরকে অনুরোধ করব, আপনারা এই হাসপাতালটাকে সম্পূর্ণ করে গড়ে তুলুন, যাতে শিক্ষা ও চিকিৎসার ব্যবস্থা সুন্দর হয়। হাসপাতালে যাবার রাস্তা সরকার পেয়েছেন, মিউনিসিপ্যালিটি হস্তান্তর করেছে। কিন্তু এই দীর্ঘ দুই মাইল রাস্তা দিয়ে কোন কঠিন রুগীকে নিয়ে যাওয়া বিপজ্জনক, রাস্তায় যেতে যেতেই তার প্রাণপাত হয়ে যাবে। এরকম দুচারটি নজীর আছে।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment.]

[3-15—3-25 p.m.]

Shri Kamal Kanti Guha:

মিঃ স্পীকার, স্যার, আজকে যে ব্যয়বরাদ্দের দাবি আমাদের সামনে সামনে রাখা হয়েছে এই ব্যয়বরাদ্দ আলোচনা করতে গিয়ে আমরা লক্ষ্য করেছি যে, আমাদের বিরোধীপক্ষের সদস্যরা এবং সরকারপক্ষের সদস্যরা জনস্বাস্থ্য বিভাগে যেসমস্ত দুর্নীতি বা যেসমস্ত অরাজকতা আছে তা তুলে ধরেছেন। আজকে এই দুর্নীতি এবং অরাজকতা কেন জন-স্বাস্থ্যবিভাগ ভরে উঠেছে সে সম্বন্ধে আলোচনা করতে গেলে দেখা যায় তার দুটো কারণ আছে। প্রথম কারণ হচ্ছে, প্রশাসনিক দিক থেকে আমরা লক্ষ্য করেছি মেডিক্যাল কলেজ থেকে আরম্ভ করে হেলথ সেন্টার-এর ডাক্তার এবং হেলথ ডিরেক্টরেট-এর কোন অফিসারের বিরুদ্ধে যদি কোন কমপ্লেইন্ট আসে জনসাধারণের তরফ থেকে, তখন লক্ষ্য করা যায় যে তাঁরা প্রফেশনাল মান বলে এই জিনিসটা চাপা দেবার চেষ্টা করেন এযাবৎ যত কমপ্লেইন্ট এসেছে এই অবিচার ও অরাজকতার বিরুদ্ধে তা সবই চাপা দেওয়া হয়েছে। দ্বিতীয় কারণ, প্রাইভেট প্র্যাকটিস। সরকারী ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করবার একটা অর্ডার ছিল। আমি জোর করে এই হাউসের সামনে বলতে পারি শতকরা ৯০ জন ডাক্তার প্রাইভেট প্র্যাকটিস করেন এবং তার নজীর আমি আপনার সামনে রাখছি। এই প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করবার জন্য একটা তদন্ত হয়েছিল এন্টি করাপশন ডিপার্টমেন্ট থেকে এবং সে সম্পর্কে একটা কমিটি হয়েছিল সেই কমিটির মধ্যে ছিলেন কর্নেল চাটার্জি, ডাঃ যোগেশ ব্যানার্জি, ডাঃ রায়চৌধুরী কিন্তু যে সর্ষে দিয়ে ভূত তাড়াবেন সেই সর্ষের মধ্যেই ভূত। কর্নেল চ্যাটার্জি, ডাঃ যোগেশ ব্যানার্জি কিছুদিন আগে পর্যন্ত প্রাইভেট প্র্যাকটিস করেছেন আমরা জানি। মিঃ স্পীকার, স্যার, আজকে আমরা দেখি আউটডোরে যত রুগী ঘোরাঘুরি করে, তারা কেউ ইনডোর বেড পায় না, কারণ, একটা রহস্যজনক কারণে ইনডোর বেডগুলি ভর্তি হয়ে থাকে। এর কারণ কি? এর কারণ যদি অনুসন্ধান করা যায়, তা হলে দেখা যাবে এসব ডাক্তার প্রত্যেকে নিজেদের প্রাইভেট চেম্বারে মোটা ফি নিয়ে রুগী দেখেন এবং সেই রুগীদের ভর্তি করে দেবার ব্যবস্থা করেন।

আমি আপনার মাধ্যমে সরকার পক্ষকে জিজ্ঞাসা করি যে, গরীবদের আপনারা রাম রাজত্বের কথা বলেন সেখানে রাম রাজত্ব হচ্ছে, না হনুমান রাজত্ব হচ্ছে সেটা লক্ষ্য রাখা দরকার। আমি আপনাদের বলছি যে কোচবিহার সদর হাসপাতালে করুণ কাহিনীর কথা আপনাদের কাছে রাখতে চাই। এখানের ডি এম ও-কে তাঁর বাড়িতে গিয়ে যদি ফিজ না দেওয়া যায়, তা হলে কোন রোগী হাসপাতালে বেড পায় নি এ বিষয়ে বহু দরখাস্ত করা হয়েছে, কিন্তু সেই ডি এম ও বহাল তবিয়তে আছে। আমি আপনাকে একটা ফটো দেখাতে পারি, সেই ফটোতে আমি দেখছি যে, একটা নবজাত শিশুর মুখে রক্ত বেরিয়ে গেছে এবং মুখটা ভেঙ্গে গেছে। কারণ, শিশুরা যখন জন্মগ্রহণ করেন তার পর নার্সের অবহেলা ও অসুবিধাজনক কাজের ফলে বহু শিশু মারা যায়। এ সম্বন্ধে পুলিসে কেস হয়েছে, ইনভেস্টিগেশন হচ্ছে, সে কেসও চাপা দিয়ে দেওয়া হচ্ছে। এর মেডিক্যাল রিপোর্ট আজও রাখা হয় নি, যে কেন শিশুটা মারা গেল! রাজ্যপালিকার ভাষণে

কোচবিহার হাসপাতালের কথা বলা হয়েছে. এই হাসপাতাল সম্বন্ধে আর একটা কথা বলি যে, একটা মহিলাকে যখন চিতায় তোলা হল. চিতার আগুনে তার পেট কেটে গেল. দেখা গেল তার পেটের ভেতর একটা শিশু আছে। অথচ তাঁকে চিকিৎসা করা হয় নি যে তার পেটে শিশু আছে কিনা। এই হচ্ছে হাসপাতালের অবস্থা। কেন সেখানে এরকম হচ্ছে সেখানকার যে ডি এম ও তার অধস্থন ডাক্তার বা নার্সদের তিনি বলে দিয়েছেন যে. আমার কাছে যদি কেউ না আসে. অর্থাৎ যদি বাড়িতে ভিজিট না দেয় এবং তার আগে যদি হাসপাতালে যায় তা হলে তোমরা তার কেয়ার নেবে না। স্যার, আমরা আর একরকম সরকারী ডাক্তার দেখেছি--কলকাতার ব্যাপার. তারা হচ্ছেন অনারারী ডাক্তার, এরা হচ্ছেন ডাক্তার নিরোদ বিজলী রায়. ডাঃ ডি এল পোদ্দার. ডাঃ এ কে সাহা. ডাঃ কৃপা মিত্র এবং ডাঃ হিমাদ্রী সরকার। এ'রা সকলেই অনারারী ডাক্তার. কিন্তু এরা হাজার হাজার টাকা হাসপাতালে জড়িত থাকার সুযোগে রুগীদের কাছ থেকে আদায় করেন। ডাঃ নীরোদ বিজলী রায় হচ্ছেন মেডিক্যাল কলেজের এক্স-রে ডিপার্টমেন্টের চার্জে রয়েছেন। হ্যারিংটন মেনসনে ও'র যে প্রাইভেট চেম্বার আছে সেখানে রোগী গিয়ে তাঁকে যদি ফিজ না দেয়, তা হলে সে মেডিক্যাল কলেজে কোন সুযোগ সুবিধা পায় না. মেডিক্যাল কলেজে আমরা জানি ৪টা এক্স রে মেসিন ছিল. তার মধ্যে ডিপ্ এক্স-রে মেসিন দুটো খারাপ হয়ে গেছে আর বাকি দুটোয় কোনরকমে কাজ চলছে। এই চারটে মেসিনকে আজ পর্যন্ত ঠিক করা হচ্ছে না. ঐ ডাক্তার নীরোদ বিজলী রায়ের স্বার্থে। আজকে মেডিক্যাল কলেজে এক্স-রে মেসিন ঠিক করা হচ্ছে না এজন্যই। আমরা দেখেছি ঐ ডাঃ নীরোদ বিজলী রায় যখন ছুটিতে থাকেন তখন গড়ে দৈনিক ৭৯টা রোগীর এক্স-রে পরীক্ষা করা হয়. কিন্তু যখন আবার তিনি আসেন তখন ৪৪টা রোগী পরীক্ষা করা হয়. কেন না বাকি রোগীগুলিকে ডাঃ নীরোদ রায়ের প্রাইভেট চেম্বারে যেতে বাধ্য করা হয়। আমি আর একটা কথা বলতে চাই. বাংলাদেশে স্পেশালিস্ট আছে. কিন্তু আমরা লক্ষ্য করে দেখেছি সরকারী ডাক্তাররা রোগীদের কাছে স্পেশালিস্ট নয়. এরা স্পেশালিস্ট অফ শোষণ। আজকে এ'দের কাছে সাধারণ মানুষের কোনরকম রিলিফ পাবার ব্যবস্থা নেই. কোনরকম চিকিৎসার ব্যবস্থা নেই। গভর্নমেন্ট আজকে ১০ পার্সেন্ট মাত্র স্পেশালিস্ট ট্রেনিং-এর ব্যবস্থা করেছেন। আমি এ কথা বলবো ১০ পার্সেন্টটা বাড়িয়ে দেওয়া হোক যাতে বেশী ডাক্তার স্পেশালিস্ট হতে পারে. এবং বেশী লোককে দেখবার সুযোগ-সুবিধা হতে পারে। প্রাইভেট প্র্যাকটিস সম্বন্ধে আর একটা কথা বলতে চাই. ৭ জন ডাক্তারকে নোটিশ দেওয়া হয়েছিল যে তোমরা নূতন স্কীমের মধ্যে এলে প্রাইভেট প্র্যাকটিস করতে পারবে না। তারা ৩ মাসের সময়ও চেয়েছিলেন. সেটা হচ্ছে ১৯৬০ সালের জুন মাস। কিন্তু তাদের বলা হল. যে আপনারা প্রাইভেট প্র্যাকটিস গুটিয়ে নিন। এ'রা কারা ডাঃ অমিতাভ রায়, ডাঃ তড়িৎ ঘোষ, ডাঃ সত্যব্রত ঘোষ, ডাঃ সত্য কোনার, ডাঃ অশোক বাগচি. ডাঃ রমেন চ্যাটার্জী, ডাঃ চারু মুখার্জী. এ'রা সবাই বললেন যে. আমাদের কিছু সময় দেওয়া হোক. তারপর আমরা প্রাইভেট প্র্যাকটিস গুটিয়ে নোব। কিন্তু দেখা গেল ৩১এ ডিসেম্বর পর্যন্ত. তাঁরা প্রাইভেট প্র্যাকটিস গুটিয়ে নিলেন না এবং ডাঃ রায়ের হস্তক্ষেপে অনির্দিষ্ট কালের জন্য এই অর্ডার বন্ধ রাখা হল। কারণ আমরা জানি ডাঃ রমেন চ্যাটার্জী ডাঃ রায়ের ব্যক্তিগত চিকিৎসক ছিলেন এবং ডাঃ রায়ে সঙ্গে ভিয়েনায় গিয়েছিলেন।

আজকে আবার হেলথ ডাইরেক্টরেট থেকে নোটিশ দেওয়া হয়েছে যে. তোমরা প্রাইভেট প্র্যাকটিস গুটাও। এর মধ্যে অমিতাভ রায়. যিনি বর্তমানে মুখ্যমন্ত্রীর ব্যক্তিগত চিকিৎসক. তিনি এর মধ্যে আছেন। আমি আপনার মাধ্যমে সরকার পক্ষকে অনুরোধ করবো যে এইসমস্ত ডাক্তারদের বে-আইনী হস্তক্ষেপ এবং তাদের ব্যক্তিগত প্রভাব আবার সেটাকে বন্ধ করলো। আপনাকে আর একটা কথা বলতে চাই. সেটা হচ্ছে যে আমরা লক্ষ্য করে দেখেছি যে ডাক্তারদের কাছে গেলে ঔষধ পাওয়া যায় না--বাইরে থেকে ঔষধ কিনে আনতে বলা হয় বিশেষকরে আমি একজন ডাক্তারের কথা বলবে যে ডাক্তারের সম্বন্ধে আজকে অভিযোগ এসেছে তিনি হচ্ছেন কর্নেল চ্যাটার্জি। তিনি কোচবিহার জেলার দিনহাটা সাব-ডিভিসনের মেডিক্যাল অফিসার। তার সম্বন্ধে দেখা গিয়েছে তিনি কি করেন--আজকে রোগীরা যখন যায় তিনি বলেন. বাইরের থেকে ঔষধ নিয়ে এসো প্রেসক্রিপশন করে দিচ্ছি এবং নির্দিষ্ট করে দেন প্রাইভেট ডিসপেনসারীর কথা উল্লেখ করে যে তার কাছ থেকে ঔষধ আনতে হবে এবং দেখা যায় ডেলিভারী কেস হলেও সেই মরফিয়া যদি আমাশয় রোগ থাকে সেখানেও মরফিয়া এবং টাইফয়েড. ম্যালেরিয়া, নিমোনিয়া যাই কিছু হোক

সেখানে প্রেসক্রিপসনে মরফিয়া থাকে। তার কারণ তিনি নিজেই ১০-১২টা করে মরফিয়া ইঞ্জেকসন গ্রহণ করেন এবং সব সময়ই মত্ত অবস্থায় থাকেন। রোগী যদি যায় চিকিৎসা করেন না। আমি এ সম্পর্কে বহুবার কমপ্লেন করেছি সি এম ও-কে হেলথ ডিপার্টমেন্টের কাছে সেখানে এমন একটা পাপচক্র তৈরি হয়েছে সেই পাপ চক্রের বিরুদ্ধে কিছু করবার নেই। মিস্টার স্পীকার, স্যার, আপনার মাধ্যমে বলবো যে আজকে সরকারপক্ষে যারা বসেছেন তারা বলছেন যে আমরা এতো করেছি, হেলথ সেন্টার করেছি, এ সম্বন্ধে তারা একটা সুন্দর ছবি তুলে ধরেছেন। আপনারা যে টাকা দিচ্ছেন, আমি বলবো সেই টাকা যাতে ঠিক মত বরাদ্দ হয় এবং ডাক্তাররা যাতে ঠিক মত রোগীকে দেখেন সেদিকে লক্ষ্য রাখুন। আপনাদের কাছে আর একটা অনুরোধ করছি যে ডাক্তার অফিসার সরিয়ে দেওয়া হোক। ডাক্তাররা চিকিৎসা করবে তারা রোগী সম্বন্ধে বুঝবে কিন্তু অ্যাডমিনিস্ট্রেসন চালাবার জন্য ডাক্তার অফিসার রাখবার দরকার নেই। এইসমস্ত ডাক্তার অফিসাররা পাপচক্র করে রেখেছে—সেখানে কিছুই হচ্ছে না। আজকে এ টি এস পাওয়া যায় না। আজকে কলকাতার উপর দুঃখের বিষয় শত শত কেসে এ টি এস বাইরের থেকে আনেন এবং বাইরের থেকে তাদের নির্দিষ্ট ডিসপেনসারী থেকে আনতে হয়। এক্স-রে প্লেট নাই—প্রাইভেট চেম্বার থেকে তা নিতে হয়। এইরকম অবস্থা আজকে দূর করা দরকার।

[3-25—3-35 p.m.]

Shri Dulal Chandra Mondal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মেডিক্যাল ও পাবলিক হেলথ-এর ব্যয়বরাদ্দ সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমি প্রথমে আমাদের এলাকার কথা বলবো। আমার এলাকার জনসংখ্যা ১ লক্ষ ২০ হাজারের মত। এই ১ লক্ষ ২০ হাজারের মধ্যে মাত্র ৬ হাজার থেকে ৭ হাজারের মত লোক চিকিৎসা নিতে আসে, যারা ওখানে তিনটা মিলে কাজ করে। পাটকল, সুতাকল এবং বাদবাকি জনসাধারণ যে চিকিৎসায় চিকিৎসিত হন, তার যে অবস্থা কি—সেদিকে সরকার লক্ষ্য দিচ্ছেন না। বার বার করে সরকারের কাছে আবেদন করা হচ্ছে যে আমার এলাকায় একটা মেটারনিটি হওয়া দরকার, একটা হেলথ সেন্টার হওয়া দরকার। এই দুটোর কোনটাই অদ্যাবধি সেখানে হল না। আমি বলতে পারি এই হেলথ সেন্টার-এর জন্য ঐ অঞ্চলের বিশেষকরে সাঁকরাইল থানার লোকেরা কিছু জমিও দিতে রাজি আছেন; টাকাও কিছু তাঁরা জমা দিয়েছেন। অথচ এখনো সেই হেলথ সেন্টার হলো না কোন্ এক অজ্ঞাত কারণে। মায়েরা সন্তান প্রসবের সময় কি অশেষ যন্ত্রণা পান, তা আপনারা জানেন। কোন প্রসবিনীকে কলকাতার কোন হাসপাতালে আনতে গেলে, হয়ত পথিমধ্যেই প্রসব হতে পারে, অথবা মারা যেতে পারে। এটা দেখা উচিত। আমাদের এই অঞ্চলে এখনো মেটারনিটি হোম হলো না, একটা হেলথ সেন্টার হলো না। আমি বিভাগীয় মন্ত্রি-মহাশয়কে অনুরোধ করবো অবিলম্বে সেখানে একটা মেটারনিটি ও হেলথ সেন্টার-এর যাতে ত্বরান্বিত করা যায়, তার ব্যবস্থা করুন।

তারপর পানীয় জলের সমস্যা একটা প্রকট আকার ধারণ করেছে। আমাদের এলাকায় যেসমস্ত টিউবওয়েল ছিল, তার একশো টিউবওয়েল খারাপ হয়ে গেছে। নূতন টিউবওয়েল না বসালে লোকে আগামী দারুন গ্রীষ্মের দিনে জলাভাবে অশেষ কষ্ট ভোগ করবে। জলাভাবে নানারকম এপিডেমিক ডিজিজেস দেখা দিতে পারে সেখানে। ইতিমধ্যে কলেরাও মহামারীর আকার ধারণ করেছে। ১১৩ জন লোক সেখানে গত একমাসের মধ্যে মারা গেছে। বসন্তের ইনোকুলেশন, ভেকসিনেসন কিছু দেওয়া হচ্ছে না। স্বাস্থ্যদপ্তর থেকে যে টীকা বা কলেরার ইঞ্জেকসন দেওয়া হয় তা-ও দেওয়া বন্ধ হয়ে আছে। সেখানে গেলে একজন বলবেন—ওটা একটা মেট্রোপলিটন স্কীমে চলে গেছে। সেখানে গেলে তারা একজনকে পাঠালেন, তিনি দশ-বিশজনকে টীকা দিয়ে চলে যান। এই যদি গ্রামের অবস্থা হয়, তা হলে গ্রামের লোক কি করে বাঁচবে? এইভাবে অচিকিৎসায় গরীব কৃষক, শ্রমিক, ক্ষেতমজুরদের কলেরায় একদম শেষ করে দেবে। আমি দাবি করছি, সেখানে অবিলম্বে ইনোকুলেসন, ভেকসিনেসন দেওয়ার ব্যবস্থা করা হোক।

তারপর স্টেট ইনসিওরেন্স-এর আওতায় যেসমস্ত লোক এসেছে, তাদেরও চিকিৎসার অব্যবস্থা। কার্ড নিয়ে যান ডাক্তারখানায়, সেখানে দেখবেন তিনটা বোতলে ক্লিনিক ওষুধ, এক নম্বর, দু-নম্বর, তিন নম্বর—লাল, নীল, সবুজ মিক্সচার। কাউকে এক নম্বর থেকে ওষুধ দিচ্ছেন, কাউকে বা দু-

নম্বর বা তিন নম্বর বোতল থেকে দিচ্ছেন। সেখানে যে ইঞ্জেকসন দেওয়া হয়, তাও বাজে। বড়িও কতকগুলি দিয়ে দিচ্ছেন; তা খেয়ে অসুখ সারছে না, তারপর অসুখ ক্রনিক হয়ে যাচ্ছে। তারপর হাসপাতালে যাবে, স্পেশালিস্ট রেকমেন্ড করলেন, সেই ডাক্তার ওষুধ লিখে দিলেন, তা কোন কেমিস্টের কাছে পাওয়া গেল না। এইভাবে কোন ওয়ার্কারের অসুখ-বিসুখ হলে তা স্পেশালিস্ট দেখিয়েও ভাল হয় না, ক্রনিক হয়ে ভুগে ভুগে মারা যায়। এর মধ্যে আবার ফ্যামিলি ক্লিনিক নেওয়া হয়েছে। স্টেট ইনসিওরেন্স-এর একটা ডাক্তার সাড়ে সাত-শো রোগী দেখবেন। এইভাবে হাজার হাজার ওয়ার্কার তাঁরা দেখতে পাচ্ছেন না। তার সংগে এই সাড়ে সাত-শো ফ্যামিলির মানুষকে তাঁরা কি করে দেখবেন বুঝতে পারছি না।

এই স্কীমটা সম্পূর্ণ ভুল হচ্ছে এবং শেষে মারাত্মক অবস্থা ধারন করতে পারে। তাই বলি আমাদের গ্রামাঞ্চলে, যেখানে সাধারণ মানুষ, নিরীহ মানুষ, যারা মুখ ফুটে কথা বলতে পারে না, তাদের জন্য স্বাস্থ্য বিভাগ থেকে ব্যবস্থা করা উচিত, তাদের খুব বেশী করে দেখা উচিত, যাতে করে সেইসকল মানুষরা সেখানে বাঁচতে পারে। এ ছাড়া আর একটা কথা এখানে বিশেষ-ভাবে বলা দরকার। ইতিমধ্যে সেখানে ভীষণ মশার আমদানী হয়েছে। এই মশাকে নিবারণ করতে গেলে, বা তাড়াতে গেলে এখনই সেখানে ডি ডি টি খুব বেশী করে ছড়ান দরকার। তা না হলে সরকার যেটা বলছেন- ম্যালেরিয়া আমরা এখান থেকে দূর করেছি, আবার সেই ম্যালেরিয়া এখানে দেখা দিতে পারে। এই ডি ডি টি খুব ভালভাবে সেখানে ছড়ান হচ্ছে না, ফলে সেখানে মশার উপদ্রব অত্যন্ত বেড়ে গিয়েছে। ডি ডি টি এখনই গ্রামে গ্রামে, পাড়ায় পাড়ায়, খুব বেশী করে ছড়ান উচিত। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Gobardhan Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে কিছু বলব।

আমার এলাকা বীরভূম জেলায় ময়ূরেশ্বর থানাতে একটা স্বাস্থ্যকেন্দ্র খোলবার জন্য বহুদিন যাবত, প্রায় দশ-বার বছর ধরে সংশ্লিষ্ট দপ্তরে লেখালেখি করে আসছি, কিন্তু আজ পর্যন্ত গভর্নমেন্ট সেদিকে কোনরকম লক্ষ্য দেন নি। অবশ্য এ বছর ১৯৬২ সালের নভেম্বর মাসের প্রথম দিকে বীরভূম জেলার ডি এম এবং রামপুরহাটের মহকুমাশাসক ও ডি এন রায়, এস ডি ও বাহাদুর, তাঁরা পরিদর্শন করতে মোল্লারপুর হাসপাতালে ও পোড়াদা হাসপাতালে এসেছিলেন এবং সেখানকার জনসাধারণের সংগে সহযোগিতা করেছিলেন। এ থেকে আমরা মনে করছি এ বছর ওখানে হয়ত একটা স্বাস্থ্যকেন্দ্র খুলতে পারে। এইরকম আমাদের একটু আশা হয়েছে, এবং এর জন্য স্থানীয় লোকেরও সেখানে খুব উৎসাহ দেখা দিয়েছে। সুতরাং যাতে এই স্বাস্থ্যকেন্দ্র মোল্লারপুরে অতি শীঘ্র প্রতিষ্ঠিত হয়, তার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে লক্ষ্য করে এই কথা বলছি।

তারপর আমার দ্বিতীয় কথা হচ্ছে পানীয় জল সরবরাহ সম্পর্কে। আজ পর্যন্ত গ্রামে গ্রামে যেসমস্ত টিউবওয়েল করা হয়েছে তার অধিকাংশই দু' গুণ তিন গুণেরও বেশি অকেজো হয়ে অচল অবস্থায় পড়ে রয়েছে। যাতে টিউবওয়েলগুলি ভালভাবে মেরামত করে কার্যকরী হয়, তার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্থানীয় কন্ট্রাক্টর, তারা নূতন টিউব-ওয়েল বসাবার সময় টিউবওয়েলের কাজে কি রকম ফাঁকি দেয় তা আমরা নিজ চক্ষে প্রত্যক্ষ করেছি এবং বীরভূম জেলার আর ডবলিউ এ সি-র তরফ থেকে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার মহাশয়কে আমি নিজে সংগে করে সেখানে নিয়ে গিয়ে দেখিয়েছি যে, ঠিকাদাররা কিরকমভাবে টিউবওয়েলের কাজে ফাঁকি দেয়। এইরকমভাবে যদি ঠিকাদাররা টিউবওয়েলের কাজে ফাঁকি দিতে থাকে, তা হলে গ্রামের সাধারণ চাষী, গরিব, মধ্যবিত্ত শ্রেণীর লোক, যারা এই সমস্ত বিষয় কিছু জানে না, তারা সেখানে কিছু বলতে পারে না, ফলে, শেষে তাদের দুরবস্থার মধ্যে পড়তে হয়। সেইজন্য এ বিষয়ের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করি। যাতে টিউব-ওয়েল সম্বন্ধে স্থানীয় অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার মহাশয়ের এবং ওভারসিয়ারগণের সব সময় দৃষ্টি থাকে, তার জন্য যেন সরকার ব্যবস্থা করেন।

আর একটা বিষয় বলতে চাই। বীরভূম জেলায় একটা মহা-রোগ দেখা দিয়েছে, সেটা হচ্ছে ফাইলেরিয়া রোগ। এই ফাইলেরিয়া রোগ বীরভূম জেলায় অত্যন্ত বেশি। চিকিৎসার জন্য আমাদের শিউড়িতে বড় বড় হাসপাতাল আছে এবং মহকুমা হাসপাতাল আছে, সেখানে এই রোগ চিকিৎসার জন্য আজ পর্যন্ত কোন ব্যবস্থা করা হয় নি। এই ফাইলেরিয়া রোগ চিকিৎসার জন্য সেখানেও যাতে বন্দোবস্ত করা যায়, তার জন্য আমি বিশেষভাবে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই কথাগুলি বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-35—3-45 p.m.]

Shri Birendra Kumar Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, রাষ্ট্রমন্ত্রী মহাশয় কর্তৃক উত্থাপিত মেডিক্যাল-হেলথ বিভাগের এবং পাবলিক হেলথের বাজেট আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে এই বৎসর জরুরি পরিস্থিতিতে স্বাস্থ্য খাতে বাজেট কম না করে বৃদ্ধি করা হয়েছে এইজন্য স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। স্বাস্থ্য খাতের আলোচনা করতে গিয়ে ১৯৪৬-৪৭ সালের বাজেটে যেখানে দেখতে পাচ্ছি ·৯৫ নয়া পয়সা ছিল গড়ে মাথাপিছু ব্যয় এ বৎসরে সেটা ৩ ৮৫ নয়া পয়সা হয়েছে এটা বড় আনন্দের কথা। জম্মু এবং কাশ্মীরের পরেই বর্তমানে পশ্চিমবঙ্গ স্থান পেয়েছে যা এতদিন ছিল তৃতীয় স্থানে। কেবলমাত্র স্বাস্থ্য খাতে ব্যয় বৃদ্ধির জন্য এই বাজেট সমর্থন করছি তা নয়, স্বাস্থ্যক্ষেত্রে পশ্চিমবঙ্গে সর্বাঙ্গীণ উন্নতি হয়েছে বলেই এই বাজেট সমর্থন করতে উঠেছি। পশ্চিমবঙ্গে স্বাস্থ্যবিষয়ে অনেক কিছু করা হয়েছে আর কিছু করণীয় নেই একথা আমি মনে করি না। কিন্তু ২০০ বৎসরের অবহেলিত পরাধীন দেশে সমস্যা চতুর্দিকে। কল্যাণমূলক রাষ্ট্রে একমাত্র স্বাস্থ্যের উন্নতি করলেই হবে না কো-অর্ডিনেটেড ডেভেলপমেন্ট করা দরকার। এইজন্য সব দিকটা বিবেচনা করে সব দিকের উন্নতি একসঙ্গে করতে হবে এটা আমাদের নীতি। ১৯৪৭-৪৮ সালে পল্লী-অঞ্চলে মাত্র তিনটি স্বাস্থ্যকেন্দ্র এবং ১২টি শয্যা নিয়ে পশ্চিমবঙ্গের জন্ম হয়, আর আজ স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা দাঁড়িয়েছে প্রাথমিক ১৮৬টি এবং সাবসিডিয়ারি ৩৯৪টি, মোট ৫৮০টি, শয্যাসংখ্যা ৪২৭৬। আরও ১৮৩টি স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের প্রশাসনিক মঞ্জুরী দেওয়া হয়েছে। প্রতি জেলা ও শহরের হাসপাতালের প্রভূত উন্নতি করা হয়েছে বিভিন্ন বিষয়ে। বিশেষজ্ঞ মফঃস্বল শহরে পাঠানো হয়েছে যা এতদিন কল্পনাতীত ছিল মফঃস্বলের লোকদের কাছে। ১৯৪৮ সালে শহরাঞ্চলে শয্যার সংখ্যা ছিল ১৭,৫৪৯, আজ তা হয়েছে ১৯,৪৭৫। তা ছাড়া বিশেষ বিশেষ কতকগুলি রোগের জন্য ৫ হাজার থেকে ১৪,৮০৮ করা হয়েছে। তবু আমরা মাত্র ১,২২৩ জনের জন্য মাত্র একটি শয্যা দিতে পেরেছি যেখানে সারা ভারতবর্ষে ২,৩৭৩ জনের জন্য একটি শয্যা আছে। ভারতবর্ষের তুলনায় আমরা আরও কয়েকটি বিষয় এগিয়ে আছি। ডাক্তার গড়ে ভারতবর্ষে ৭,৯৬৯ জনের জন্য একজন আছে। পশ্চিমবঙ্গে আছে ২,৮০০ জনের জন্য একজন। নার্স ভারতবর্ষে গড়ে ১৩ ৫০৯ জনের জন্য একজন আছে, বাংলাদেশ আছে ৩,৮৩৮ জনের পিছে একজন। মিড ওয়াইফ ভারতবর্ষে ১১,৪০০ জনের জন্য একজন আছে আর বাংলাদেশে সেখানে আছে ৭,১৬৯ জনের জন্য একজন। মৃত্যুর সংখ্যা ১৮·৬ থেকে ৬·৫-এ এসে দাঁড়িয়েছে এটা আপনারা সকলেই জানেন। শিশু-মৃত্যুর সংখ্যা ১৩৬·৭ যা ১৯৪৭ সালে ছিল আজকে ৬৫ ৪ হয়েছে সেটা নিশ্চয়ই আপনি জানেন। এ থেকে নিশ্চয়ই বোঝা যাবে যে, আমার বামপন্থী বন্ধুরা যে চিত্র এই সভার সামনে তুলে ধরার চেষ্টা করছেন তাতে মনে হচ্ছে যে, স্বাস্থ্য খাতে কিছুই হয় নি। কিন্তু সেটা ঠিক নয়। অবশ্য একটা জিনিসের উপর আমাদের গুরুত্ব দেওয়া দরকার বলে আমি মনে করি, কাউন্সিল অব মেডিক্যাল রিসার্চ এবং ন্যাশনাল টিউবারকুলোসিস সার্ভে রিপোর্টএর তথ্যানুসন্ধান করলে দেখা যায় যে ভারতবর্ষে ১·৩ থেকে ২·৫ পর্যন্ত যক্ষ্মা রোগগ্রস্ত লোক আছে। পশ্চিমবঙ্গে যদি কেবলমাত্র ২ পার্সেন্ট লোককে ধরা হয় যক্ষ্মারোগগ্রস্ত তা হলে ৭ লক্ষ লোক প্রায় হয়। সেখানে আমাদের শয্যাসংখ্যা হল মাত্র ৪,৭৩৭। আমাদের এই শয্যাসংখ্যা দিয়ে এই সমস্যা সমাধান করা যাবে বলে মনে হয় না। পশ্চিমবঙ্গ-সরকারের একটা হিসাবে দেখা যায় যে, ১ কোটি ৬১ হাজার লোককে পরীক্ষা করে বি-সি-জি টিকা দেওয়া হয়েছিল। পরীক্ষা করা হয়েছিল সেখানে মাত্র ৬১ লক্ষ ৯০ হাজার লোককে। তার মানে আগে থেকেই এদের মধ্যে টি-বি জার্মস আছে এবং এর মধ্যে কত লোকের টি-বি হবে তা বলা যায় না। শয্যাসংখ্যা এত দ্রুত বৃদ্ধি করা সম্ভব হবে না এটা নিশ্চিত। তা হলে আমাদের ডোমিসিলিয়ারি ট্রিটমেন্ট এর জন্য বেশি ব্যবস্থা করা

দরকার এবং আমার কথা, এবার সরকারের পক্ষ থেকেও সেই বিষয়ে জোর দেওয়া হয়েছে। বাজেটে দেখা যাচ্ছে আগামী বৎসরে এইজন্য ৭০·৪৬ টাকা রাখা হয়েছে। তার মধ্যে চেস্ট ক্লিনিকে জন্য রাখা হয়েছে ৫৮·৮৯ টাকা। আমার মনে হয় যা কেবল মাত্র ৫০ শয্যাযুক্ত একটি হাসপাতাল আছে সেই সব হাসপাতালে এই এক্স-রের ব্যবস্থা এবং চেস্ট ক্লিনিকের ব্যবস্থা হওয়া দরকার। আমাদের মালদহ জেলায় মাত্র একটি সদর হাসপাতালে চেস্ট ক্লিনিক আছে। সমস্ত জেলার লোককে সেখানে আসতে হয় এবং তিন চারদিন সেখানে না থাকলে এক্স-রে এবং রক্ত পরীক্ষা হয় না। তাদের সহরে থাকার ফলে তাদেরকে বিভিন্ন ভোজনাগারে খেতে হয়, বহু টি বি রোগীকে খেতে দেখেছি এবং তাতে টি বি ছড়াবার বিশেষ সম্ভাবনা থাকে।

সে জন্যে বলি যে প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্রে এক্স-রে করা উচিৎ। হাওড়া জেলায় একটি স্বাস্থ্য-কেন্দ্রে একটি প্রাইমারী এক্স-রে ইউনিট হয়েছে। সেখানে যদি একজন রেডিওলজিস্ট পাঠিয়ে দেওয়া যায় তাহলে এক্স-রে এবং চেস্ট ক্লিনিক-এর কাজ হতে পারে। টিউবওয়েল-এর সংখ্যা অনেক বেড়েছে। কিন্তু শতকরা ৩০টি টিউবওয়েল দেখি খারাপ হয়ে যাচ্ছে। একদিকে দেখছি টিউবওয়েল বসিয়ে যাচ্ছেন অন্যদিকে দেখি কতকগুলি খারাপ হয়ে পড়ছে। টিউবওয়েল পোঁতার তিন বছরের মধ্যেই জল উঠে না দেখা যায়। ভাল ফিল্টার যাতে সে সব জায়গায় দেওয়া হয় তার ব্যবস্থা করা দরকার। আমার মনে হয় সবচেয়ে কম দামী ফিল্টার এখানে নেওয়া হয়। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Anadi Das:

মাননীয় স্পীকার মহোদয়, এখানে এই যে বাজেট উত্থাপিত করা হয়েছে তাতে কিছু বেশী টাকা বরাদ্দ করা হয়েছে, এটায় কোন আপত্তি নেই, আমি বরং খুসী হয়েছি। দেশের জন্য কিছুই করা হয় নি সেকথা আমরা কেউ বলছি না। কিন্তু যেটুকু প্রয়োজন সেই অনুপাতে আমরা দেখছি আমরা খুব পেছিয়ে আছি এবং সেই পিছিয়ে যাওয়ার জন্য যেটুকু কাজ করার সুযোগ আমাদের আছে সেই সুযোগগুলি আমরা নিতে পারছি না। একটি কথা এ থেকে মনে হচ্ছে। মূর্তি তৈরী করতে বড় বড় শিল্পী আনা হ'ল—মূর্তি তৈরী হ'ল, কিন্তু তাতে কেউ প্রাণ দিতে পারল না। আমাদের এখানে স্বাস্থ্য দপ্তরে অনেক গুণী লোক আছেন, কিন্তু এত থাকা সত্বেও স্বাস্থ্য-বিভাগের সর্বত্র যে প্রাণ সঞ্চার করা দরকার সেই প্রাণ সঞ্চার করতে পারছেন না—ফলে দেখছি যেটুকু টাকা বরাদ্দ করা হয় তা ব্যয় করার সুযোগ এরা সৃষ্টি করতে পারছেন না। বিভিন্ন জায়গায় বিভিন্ন কথা এরা বলেন। আমি বলছি টুওয়ার্ডস বেটার হেলথ বলে স্বাস্থ্য দপ্তর থেকে বের করা যে বই তাতে বলা হয়েছে যে স্ট্যাটিস্টিকস নিয়ে দেখা গিয়েছে আমাদের দেশে টি বি খুব বাড়ছে এ জন্যে যে এখানে ঘন-বসতি অর্থাৎ এখানে পার স্কোয়ার মাইল এক হাজার বত্রিশ জন বাস করে। কিন্তু এখানে মন্ত্রিমহাশয়রা অন্য রকম বলেন। দেশের আকাল অবস্থা এদের ভাল করে জানা নেই। অথচ হেল্থ স্ট্যাটিস্টিকস দেখুন ১৯৬২-৬৩ সালে এক লক্ষ টাকা বরাদ্দ ছিল এটা খরচ করতে পারেন নি—মাত্র ৩০ হাজার টাকা খরচ করতে পেরেছেন। টি বি রোগীর সংখ্যা এখানে ৬ লক্ষে দাঁড়িয়েছে বলা হয়েছে এই পত্রিকায়—গভর্নমেন্ট পত্রিকায় বলা হয়েছে যে ছ' লক্ষ টি বি রোগী এখানে আছে তার জন্যে বেড-সংখ্যা ২,৬৯৩। এরকম একটা সংখ্যা তাতে বলেছেন।

[3-45—3-55 p.m.]

২ হাজার ৬৯৩ এইরকম সংখ্যা বলেছেন। দেখছি এভাবে ক্রমাগত বেড়ে যাচ্ছে—এই বেড়ে যাওয়ার কারণ কি? কারণ, লো ইকনমিক কন্ডিশন। আমি একটা জায়গার কথা বলছি—হাওড়ায় এ সি দাস কারখানা, সেই কারখানায় ১০০ লোক, গত বৎসর ১ জন লোক মারা গিয়েছে; বর্তমানে ৪ জন ভুগছে। তারা ডি এম ও-কে দরখাস্ত দিয়েছে আমাদের এখানে অত্যন্ত টি-বি রোগ হচ্ছে—বলতে গিয়ে তারা বলেছে—যাদের অসুখ আছে তারা ডাক্তারের কাছে যেতে চায় না, কারণ, ডাক্তারের কাছে গেলেই ছুটি দিয়ে দেবে, তা হলে অর্ধেক মাইনে পাবে, এমনিতে পুরো মাইনেতেই চলে না। সুতরাং রোগ গোপন করে তারা কাজ করছে। এই অবস্থার যদি পরিবর্তন না করা যায় তা হলে টি-বি রোগ সম্পর্কে যেকথা বলছেন সেই কথা কতখানি কার্যকরী হবে সে কথা ভেবে দেখুন। কলকাতায় বস্তিতে শতকরা ২৫ জন লোক বাস করে—এটি শুধু আমার কথা নয়, মন্ত্রী তরুণকান্তি ঘোষ মহাশয়ের কাগজ যুগান্তরে এই কথা বেরিয়েছে, এবং

সকলেই একথা জানেন। মধ্যবিত্তের এই অবস্থা, শ্রমিকদের এই অবস্থা—তা হলে ভালটা কি হল? আর্থিক অবস্থা যদি ভাল না হয় তা হলে টি-বি রোগ ভাল করার জন্য যে ব্যবস্থা করা হচ্ছে সেটাতে কি করে ফললাভ করা যাবে আমরা কিছুতেই বুঝতে পারছি না। হেল্থ এডুকেশন-এর একটা গ্র্যান্ট-এর কথা শুনলাম হেল্থ এডুকেশন এবং পাবলিসিটি সম্পর্কে, কিন্তু দেখা যাচ্ছে যেখানে ১ লক্ষ টাকা বরাদ্দ সেখানে খরচ হয়েছে মাত্র ৮০ হাজার, হাসপাতালের উন্নতির জন্য ১৩ লক্ষ টাকা বরাদ্দ করলেও মাত্র দশ লক্ষ টাকা খরচ হয়েছে। বেশির ভাগ জায়গায় যেখানে টাকা বরাদ্দ করা হয় সেই টাকা খরচ করার সামর্থ্য থাকে না। এভাবে আমরা দেখছি যে, আমাদের দেশে যে ইকনমিক স্ট্রাকচার গড়ে উঠছে তাতে উপরের দিকে দৃষ্টি রেখেই আমাদের রাষ্ট্রব্যবস্থা চলছে। স্বাস্থ্যবিভাগেও এই দুর্নীতি, অব্যবস্থা দেখছি। শেষে আমি আপনার কাছে একটা কথা রাখছি, হাওড়ায় যে এলাকা থেকে আমি নির্বাচিত হয়ে এসেছি সেই এলাকার কথা বলছি। হাওড়া জেলার সংগে আমাদের স্বাস্থ্যদপ্তর বিমাতার মত ব্যবহার করছেন। সারা বাংলাদেশে পপুলেশন বেসিসএ যে বেডসংখ্যা সেটা যদি হিসাব করে দেখা যায় তা হলে হাওড়ায় সেই অনুপাতে ১,৬৩৮টি বেড হওয়া উচিত, কিন্তু বেড আছে মাত্র ৯৭২টি। মেটারনিটি সম্পর্কে বলা যায়, যতগুলি বেড হয়েছে সারা বাংলাদেশে তাতে পপুলেশন বেসিসএ ২৬২টি বেড থাকা উচিত, কিন্তু সেখানে আছে ১৬০টি। শেষকালে আর একটি কথা বলতে চাই দুর্নীতি সম্পর্কে- দুর্নীতি সম্পর্কে এই সেদিন যুগান্তর পত্রিকায় বেরিয়েছে টি-বি রোগীদের সিট দেওয়া সত্ত্বেও সেখানে সিট পাওয়া যায় না, তার কারণ কি? কারণ হচ্ছে, সিট খালি থাকে না, নামমাত্র কয়েকজন দখল করে বসে থাকেন যাঁদের খুঁটির জোর বেশি।

Dr. Ramendra Nath Dutta:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্যদপ্তর থেকে যে ব্যয়বরাদ্দ দাবি করা হয়েছে সেটা সমর্থন করতে উঠে আপনার মাধ্যমে আমি কয়েকটা কথা বলতে চাই। আমি বলতে চাই ডিস্ট্রিক্ট এবং সাব-ডিভিসন্যাল হসপিট্যালএর প্রতি বর্তমানে কয়েকটা দিকে নজর দেওয়া দরকার। এক নম্বর আজকে ডিস্ট্রিক্টএর সাব-ডিভিসন্যাল হসপিট্যালএ এক্স-রে প্ল্যান্ট চালু করা বিশেষ দরকার। তার কারণ আরলি কেস অফ টি-বি ডায়গোনাইজ করতে গেলে এক্স-রে প্ল্যান্ট ভীষণ দরকার। আরলি কেস অফ টি-বি কেস ডায়গোনাইজ করতে না পারলে যদি কোন টি-বি অ্যাডভান্সড হয়ে যায় তা হলে সেক্ষেত্রে অ্যান্টি-বায়োটিকএ ভাল কাজ হয় না এবং রোগী মারা যায়। সেজন্য এক্স-রে প্ল্যান্ট প্রত্যেক ডিস্ট্রিক্ট এবং সাব ডিভিসনাল হসপিট্যালএ চালু করা দরকার। এখনও পর্যন্ত অনেক হাসপাতালে চালু হয় নি- উদাহরণস্বরূপ বলতে পারি যে, রায়গঞ্জ ও রামপুরহাটে এখনও চালু হয় নি। সেজন্য বলছি যে, ইমিডিয়েটলি প্রত্যেকটা হসপিট্যালএ এটা চালু করা দরকার। দুই নম্বর, আজকাল লোকের আয়ু অ্যাভারেজ লংজিভিটি বেড়ে গেছে—৪৫এর মতন হয়েছে, আগে যেখানে ২৮।২৯ ছিল। সেজন্য গ্রামে হার্ট ডিজিজ দেখা দিয়েছে। এই হার্ট ডিজিজএর চিকিৎসা করতে গেলে ইলেক্ট্রো কার্ডিওগ্রামএর ব্যবস্থা করা বিশেষ দরকার। এই ইলেক্ট্রো কার্ডিওগ্রাম আমার মতে প্রত্যেকটা সাব-ডিভিসনাল এবং ডিস্ট্রিক্ট হসপিট্যালএ অবশ্য করা দরকার। তৃতীয় নম্বর, অপারেশন থিয়েটার সম্বন্ধে বলব। প্রত্যেকটা হাসপাতালে সেপটিক অ্যান্ড অ্যাসেপটিক দুরকম অপারেশন থিয়েটার রাখা দরকার এবং সম্ভব হল সেপটিক অ্যান্ড অ্যাসেপটিক ওয়ার্ড আলাদা করা দরকার। চার নম্বর আমি ডায়েট সম্বন্ধে বলব। কলকাতায় দেখছি ডেইলি পার পেসেন্ট দু টাকা করে ডায়েট দেওয়া হয়, আর মফঃস্বলে ১ টাকা করে দেওয়া হয় অথচ কস্ট অফ লিভিং কলকাতার চেয়ে মফঃস্বলে, বিশেষ করে জলপাইগুড়িতে আরও বেশি। দেখতে পাচ্ছি কলকাতায় ২ টাকা করে দেওয়া হচ্ছে এবং মফঃস্বলে ১ টাকা—তার মধ্যে কন্ট্রাক্টররা পাকে টেন পারসেন্ট। এর ফলে কলকাতার বাইরের পেসেন্ট ঠিকমতন ডায়েট পাচ্ছে না, যার জন্য তাদের বাহিরে থেকে এনে খেতে হয়, আর না হয় আধ পেটা খেয়ে থাকতে হয়। এক্ষেত্রে আমার সাজেসশন হচ্ছে প্রত্যেক পেসেন্টকে কলকাতা এবং মফঃস্বলে ২ টাকা করে ডায়েট ডেইলি দেওয়া হোক। ডিস্ট্রিক্ট অ্যান্ড সাব-ডিভিশনাল হসপিট্যালসএ ডেন্টাল ট্রিটমেন্টএর অ্যারেঞ্জমেন্ট আজ পর্যন্ত হয় নি। দাঁতের চিকিৎসার ব্যবস্থা করা দরকার। আজকাল মফঃস্বলে আমরা অনেক দাঁতের রোগী পাচ্ছি। সেজন্য দাঁত তোলার বন্দোবস্ত এবং দাঁতের ট্রিটমেন্টএর অ্যারেঞ্জমেন্ট সাব-ডিভিসন্যাল ও ডিস্ট্রিক্ট হসপিট্যালএ করা দরকার। তারপর, স্যার, আপনার মাধ্যমে ফার্মাসিস্ট ট্রেনিং সম্বন্ধে কয়েকটা কথা বলব। একটা রোগীর

চিকিৎসা করতে গেলে তার তিনটা স্টেজ আছে। প্রথম স্টেজ হচ্ছে ডায়গোনসিস করা এবং প্রেসক্রিপশন করা এবং সেটা করে ডাক্তাররা। দ্বিতীয় স্টেজ হচ্ছে প্রেসক্রিপশন প্রপারলি সার্ভ করা— সেটা করে ফার্মাসিস্ট অর্থাৎ কম্পাউন্ডার। আর থার্ড স্টেজ হচ্ছে ওষুধ খাওয়ানো এবং নার্সিং—সেটা করে নার্স। কিন্তু আমরা দেখতে পাচ্ছি সেকেন্ড স্টেজএ আমাদের যতটা নজর দেওয়া উচিত ছিল সেটা হয় নি। আজকে বাংলাদেশে প্রতি বছর ৫টা মেডিক্যাল কলেজে ৭৫০টা স্টুডেন্ট ভর্তি হচ্ছে। অথচ ফার্মাসিস্ট ট্রেনিং দেবার জন্য জলপাইগুড়িতে একটা মাত্র সেন্টার আছে—সেখানে প্রতি বৎসর ৫০ জন স্টুডেন্ট নেওয়া হয়। তাও ৫০ জনও আগে ঐ লাইনে যেতে চাইত না, যার ফলে গত বছর থেকে ৫০ জনকে অ্যাপয়েন্টমেন্ট নিয়ে ২ বছরের ট্রেনিং-এর জন্য নেওয়া হচ্ছে। এটার ইম্প্রুভমেন্ট-এর জন্য আমার কয়েকটা সাজেসশন আছে। এক নম্বর সাজেসশন হচ্ছে প্রত্যেকের স্কেল অফ পে করা হয়েছে—আনকোয়ালিফায়েড কম্পাউন্ডার এবং পাস্ড ফার্মাসিস্ট একই স্টার্টিং পে পাচ্ছে। সেই স্টার্টিংএর যারা কোয়ালিফায়েড কম্পাউন্ডার তাদের ইনিসিয়াল স্টার্টিং পে বেশি করা দরকার। দ্বিতীয় নম্বর, বি ফার্মা আজকে বাংলাদেশে ওপেন করা দরকার। বাংলা, বিহার, উড়িষ্যা এবং আসাম এই ৪টা প্রভিন্সএ বি ফারমা ট্রেনিং-এর অ্যারেঞ্জমেন্ট নেই—একমাত্র পাটনায় আছে ডিপ্লোমা কোর্স। এই বি ফার্মা ট্রেনিং দিলে ছেলেদের পক্ষে অনেক সুবিধে হবে। তার কারণ এই বি ফার্মা ট্রেনিং পাশ করতে পারলে ইন্ডাস্ট্রিয়াল সাইডে এদের অনেক ডিম্যান্ড হবে।

[3-55—4-05 p.m.]

এই ইন্ডাস্ট্রিতে ধরুন যেসমস্ত কেমিক্যাল ইন্ডাস্ট্রি ওপেন করেছে সেই সব ইন্ডাস্ট্রি এদের অ্যাবজর্ভ করতে পারবে। তারপর বাংলাদেশে প্রায় ১২ হাজার ডিসপেন্সারি আছে সেই সব ফার্মাসিস্ট ডিসপেন্সারিতে যে সমস্ত লোক কাজ করছে তাদের দেখা যায় আন্ডার-ম্যাট্রিক। আন্ডার-ম্যাট্রিক বলতে গেলে যারা লেখাপড়া জানে না তাদের থেকে আরম্ভ করে ক্লাস টেন পর্যন্ত যারা পড়েছে তাদের আন্ডার ম্যাট্রিক বলা হয়। এই সমস্ত লোকরা কোনরকমে একটা ফার্মাসিস্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট জোগাড় করে কোথায়ও হয়ত সরকারী চাকরি করছে আর তা না হয় কোথায়ও হয়ত ডিসপেন্সারিতে কাজ করছে। এদের হাতে ঔষধ খাওয়া রিস্কি। একটা ঔষধ না বুঝে আর একটা দিয়ে বসে আমার অভিজ্ঞতা থেকে বলছি, আমি একটা প্রেসক্রিপশন করেছিলাম তাতে ছিল অ্যাকোয়া মেন্থ পিব, তলায় ডিল লেখাছিল। একটা ডিসপেন্সারি থেকে দিয়েছিল কনস্। শেষকালে রোগী যায় যায় অবস্থা। যা হোক, প্রপার কোয়ালিফায়েড ফার্মাসিস্ট হলে অনেক দিক থেকে সুবিধা হয়। এক নম্বর সুবিধা হচ্ছে, যদি কোন কারণে কোন ডাক্তার থ্রু স্লিপ অফ পেন একটা ডোজ ভুল করে বসে সে ভুলটা রেক্টিফাই করতে পারে কোয়ালিফায়েড কম্পাউন্ডার—কিন্তু আন-কোয়ালিফায়েড কম্পাউন্ডাররা তা অনেক সময় করতে পারে না। দুই নম্বর সুবিধা হচ্ছে ঔষধের স্বাদে গন্ধে এবং বর্ণে অনেক সময় কোয়ালিফায়েড কম্পাউন্ডাররা ধরতে পারে যে, এটা স্পুরিয়াস ড্রাগ কিনা। নিজের অভিজ্ঞতা থেকে বলছি যে, একটা সোডি-স্যালিসিল্যাস ন্যাচারাল একটা ফার্মাসিস্ট ন্যাচারাল না দিয়ে অর্ডিনারি দিয়েছিল কিন্তু কম্পাউন্ডার সেটা দেখে ধরে ফেলে যে সেটা ন্যাচারাল নয়—তারপর তাকে চ্যালেঞ্জ করলে শেষে সে বুঝল যে, সেটা ন্যাচারাল নয়। যাহোক একটা সুবিধা হয় যে, অনেক সময় কোয়ালিফায়েড কম্পাউন্ডাররা ধরতে পারে যে, কোনটা স্পুরিয়াস ড্রাগ কিনা! তারপর আমি বলতে চাই, মেডিক্যাল কলেজে কতকগুলি অপব্যয় হচ্ছে। যেমন ধরুন আগে মেডিক্যাল কলেজে আমরা যখন পড়েছি তখন কোন পেন্টার, কারপেন্টারদের টেলার পোস্ট ছিল না। অথচ মেডিক্যাল কলেজ সাকসেসফুলি চলেছে, কোন অসুবিধা ফিল করে নি। আজকে দেখতে পাচ্ছি যে, মেডিক্যাল কলেজে কার্পেন্টার-পেন্টার দরকার হচ্ছে—টেলার দরকার হচ্ছে—কেন তা বুঝতে পারছি না। যেখানে এই সমস্ত হাসপাতাল স্টীল ফার্নিচার সেখানে কার্পেন্টার কি ডাক্তারদের পিঁড়ি তৈরি করবে? আন-নেসেসারি কার্পেন্টার অ্যাপয়েন্ট করা হয়েছে—এই সমস্ত পেন্টারদের দিক থেকে বলতে গেলে বছরে ২০।৩০ দিন তাদের কাজ থাকে, বাকি গোটা বৎসরই তাদের আন-নেসেসারি মাইনে দেবার দরকার হয়, সেজন্য এই পোস্টগুলি অ্যাবলিশ করে দেওয়া দরকার।

Dr. Golam Yazdani:

মিস্টার স্পীকার স্যার, আজকে মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা সবাই বলেছেন যে আমাদের দেশে হাসপাতালগুলি, হেলথ সেন্টারগুলিতে ডাক্তারের অভাব, নার্সের অভাব। এ বিষয়ে আমি মিঃ স্পীকার, স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের কাছে যে বইখানি দেওয়া হোল 'হেলথ অন দি মার্চ ১৯৪৮-৬২, ওয়েস্ট বেংগল (কারেক্টেড আপ টু ৩১ ডিসেম্বর) তার মধ্যে আজকে আমাদের মনে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। একটা উজ্জ্বল চিত্র আমাদের চোখের সামনে তুলে ধরা হচ্ছে। মাননীয় সদস্য বীরেন্দ্রকুমার মৈত্র বলেছেন—কত সুন্দর আমাদের দেশে স্বাস্থ্য সম্পদ গড়ে উঠেছে। আমি দু-একটা বিষয়ে এখানে বলবো—সেখানে বিস্তারিতভাবে বলা যেতে পারে—তাঁদের বইয়ের ১২নং পাতার শেষের দিকে বলা হয়েছে--পপুলেসন সার্ভড বাই ইচ—অর্থাৎ প্রথম লাইনের প্রতি ১,৮৯৯ জন লোকের জন্য একজন ডাক্তারের কথা। ৩ হাজার ৮ শত ৩৮ জন লোকের জন্য একজন করে নার্স আছে। এই যে ১,৭৯৯ জন লোকের জন্য একজন করে ডাক্তার এটা আমরা সমর্থন করতে পারি না, আমার মনে হয় এটা একটা মিসলিডিং। আজকে এখানে যে ডাক্তার গভর্নমেন্টের তরফ থেকে নিয়োগ করা হয়েছে, তা দিয়ে যদি দেখি, তা হলে দেখবো ১৯,৪২৪ জন লোকের জন্য একজন করে ডাক্তার আছে। তা হয়ত তাঁরা করেন নাই। কারণ, যেসমস্ত ডাক্তারের সার্ভিস বাইরে আছে, তাঁদেরও হিসেবের মধ্যে ধরা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি, ১৯,৪০০ জন ডাক্তার—অর্থাৎ প্রায় ২০ হাজার ডাক্তার আমাদের দেশে রয়েছে। কিন্তু দুঃখের বিষয় এইসমস্ত ডাক্তারদের সার্ভিস আমাদের দেশে নেওয়া হচ্ছে না। হাসপাতালগুলিতে, হেলথ সেন্টারগুলিতে উপযুক্ত সংখ্যক ডাক্তার নাই, এটা সবাই স্বীকার করেছেন। ঠিক তেমনিভাবে নার্সের কথা বলেছেন ৩,৮৩৮ জন লোকের জন্য একজন নার্স, তা-ও নাই। যদি হিসেব করা যায়, তা হলে দেখবো ১০,৪০০ জন লোকের জন্য একজন করে নার্স। যেসমস্ত নার্স চাকরীতে নাই, তাদেরও হিসেবের মধ্যে ধরা হয়েছে। এতে দেখা যাচ্ছে, আন-ট্রেইনড নার্সকেও বহাল করা হয়েছে। আমি আগে জিজ্ঞাসা করেছিলাম যে আমাদের দেশে টোটাল নার্সের সংখ্যা কত। তা মন্ত্রিমহাশয় বলতে পারেন নি। যেখানে বলা হয়েছে ৩,৮৩৮ জন লোকের জন্য একজন নার্স, সেখানে হিসেবে দেখা যায় ৯,১০০ জন নার্স রয়েছে। মন্ত্রী-মহাশয় বলেছেন ৫,২৬৬ নার্সের দরকার। তা হলে কেন তাদের নিয়োগ করতে আপনারা পারেন নি? এই হচ্ছে আমার বক্তব্য। আমাদের কাছে একটা বিভ্রান্তিকর চিত্র তুলে ধরে আমাদের ভাঁওতা দেওয়া হচ্ছে, সেইজন্য এই সম্পর্কে মন্ত্রিমহাশয়কে একটু পুঙ্খানুপুঙ্খরূপে দেখতে আমি অনুরোধ করি।

আমি বলতে চাই, আমাদের দেশে প্রচুর ডাক্তার রয়েছে, নার্স রয়েছে, তাঁদের কেন নিয়োগ করা হচ্ছে না? ১৯৬০ সালের ডিসেম্বর মাসে চারশো ডাক্তার নেওয়া হবে বলে অ্যাডভারটাইজমেন্ট করা হয়, তার মধ্যে ২৫০ জন এম বি বি এস, ডাক্তার, আর ১৫০ জন স্পেশালিস্ট। তারপর এপ্রিল-মে মাসে ১৯৬১ সালে ইন্টারভিউ হলো বিভিন্ন স্পেশালিস্ট, আই স্পেশালিস্ট, গায়নাকোলজিস্ট, ইত্যাদি বিষয়ে স্পেশালিস্ট যেসমস্ত আপনারা চেয়েছিলেন, তাঁদের বিদেশী ডিগ্রী হওয়া উচিত, যেমন এম ডি এম এস, এম আর সি পি, এম আর সি এস, ইত্যাদি। ঐসমস্ত চারশো অ্যাপ্লিকেশনস্ কল করা হয়। স্পেশালিস্টস যাঁরা দরখাস্ত করেছিলেন, তাদের মধ্যে একজনকেও নেওয়া হয় নাই। কারণটা হলো তাঁদের স্কেল অফ পে তাঁরা ঠিক করতে পারছেন না। কিছুদিন আগে পাবলিক সার্ভিস কমিশন থেকে তাঁদের কাছে চিঠি গেছে।

whether you are willing to join with the basic pay pending the decision of the Public Service Commission

এটা আমি মনে করি, ঐসমস্ত স্পেশালিস্টদের পক্ষে অপমানজনক। এই শর্তে কেউ চাকরীতে জয়েন করতে পারেন না। ১৯৬০ সালের অ্যাডভারটাইজমেন্ট মোতাবেক স্পেশালিস্টদের নেওয়া হয় নাই। গত ফেব্রুয়ারি মাসে ২৫০ জন ডাক্তারের জন্য অ্যাডভারটাইজমেন্ট দেওয়া হলো স্টেটস-ম্যান কাগজে, তার মধ্যে ১৮০ জন এম বি বি এস, ডাক্তার, মেডিক্যাল অফিসার অন জেনারেল ডিউটি, এবং বাকী ৭০ জন স্পেশালিস্ট। আগে যখন স্পেশালিস্টদের নেওয়া হয় নাই, এখন আবার কি করে নেওয়া হবে? গভর্নমেন্টের এসব বিবেচনা করা উচিত ভালভাবে।

মেডিক্যাল এডুকেশন সম্বন্ধে দিল্লী থেকে খবর এসেছে সাড়ে চার বছরের ডিগ্রি কোর্স হবে। তা হলে কোথায় চলে যাচ্ছে এই মেডিক্যাল এডিশেন!

পরিশেষে আমি এই কথা বলতে চাই কলকাতা এবং অন্যান্য জায়গায় খুব মশার উপদ্রব হয়েছে। সংবাদপত্রেও এই নিয়ে বহু লেখালেখি হচ্ছে। ইদানীং অনেক খবরের কাগজে বেরিয়েছে অ্যানোফেলিস মশা বাড়ে না, কিউলেকস মশা বেড়েছে তাতে ফাইলেরিয়া হবে। আপনাদের অ্যান্টি-ম্যালেরিয়া স্কোয়াডকে বসিয়ে রাখা হয়েছে। তাদের যদি সারা বছরের কাজ করতে দেওয়া হয়, তা হলে আমরা জানি ফাইলেরিয়া আমাদের দেশে বিস্তার লাভ করতে পারবে না। এটা অত্যন্ত সাংঘাতিক ব্যারাম। এটা দূর করবার জন্য ও এই অ্যান্টি-ম্যালেরিয়া স্কোয়াডকে সারা বছরের জন্য চালু রাখা হোক।

আমাদের মালদহের হাসপাতালে টি বি ক্লিনিক খোলা হয়েছে, তার জন্য বিল্ডিং কনস্ট্রাকশনও করা হয়েছে। কিন্তু ডাক্তারের অভাবে ও নার্সের অভাবে, আজও সেই টি বি উইং চালু করা হয় নাই। পুরানো হাসপাতালে যে এক্স-রে ইউনিট রয়েছে, সেই টি বি এক্স-রে ইউনিটটি এই নূতন হাসপাতালে স্থানান্তরিত করা উচিত।

[4-05—4-15 p.m.]

Shri Haridas Chakravarty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, চিকিৎসা ও জনস্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী উপস্থাপিত করেছেন আমি তার বিরোধিতা করছি। আর বিরোধিতা করছি এমন সময়, যখন বিশেষ করে আমাদের এই প্রদেশের, অন্য প্রদেশেরও বটে, শহরের এবং গ্রামের মানুষ কেন্দ্রে এবং প্রদেশে চীনা সাঁড়াশি আক্রমণে আরও একটু ফ্যাকাশে হয়েছে; এবং ঠিক এইরকম সময় আমাদের চিকিৎসা ও জনস্বাস্থ্য খাতে ব্যয়বরাদ্দ আলোচনা করতে চাচ্ছি। আমার সময় অত্যন্ত সংক্ষিপ্ত, সব কিছু বলা সম্ভব নয়। আমি প্রথমে বলবো যে চিকিৎসা খাতে ব্যয়বরাদ্দের উপর আলোচনা করতে গেলে প্রথমেই আমার দু-তিন বছর আগের একটা কবিতার লাইন মনে পড়ে। একটা 'বিচিত্র ব্যবস্থা'। কোন ক্ষেত্রে ডাক্তারের অভাবে রোগী মরছে, আর কোন ক্ষেত্রে রোগীর অভাবে ডাক্তার মরছে। অর্থাৎ ডাক্তার নেই বলে, চিকিৎসার অভাবে রোগী মারা যাচ্ছে, আর ডাক্তার যেখানে আছে, সেখানে রোগী নেই। সুতরাং সেখানে পসার হচ্ছে না বলে, পয়সার অভাবে ডাক্তার না খেতে পেয়ে মারা যাচ্ছে। এই অবস্থাটাকে সংহতি সাধন করতে সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। এইদিক দিয়ে আমি প্রথমে শুরু করছি। দ্বিতীয়ত, মাননীয় স্পীকার মহাদয়, আপনি জানেন যে সরকারের পরিকল্পনা ছিল যে ডাক্তারদের মধ্যে ভাগ করবেন—প্র্যাকটিসিং ও নন-প্র্যাকটিসিং ডাক্তার, এবং তাদের নিশ্চয়ই এই উদ্দেশ্য ছিল যে কিছুসংখ্যক চিকিৎসককে তাঁরা বিশেষজ্ঞ করবেন, যাঁরা বাইরে প্র্যাকটিস করবেন না, এবং তাঁদের এই কারণে নন-প্র্যাকটিসিং অ্যালাউন্স দেওয়া হবে। কিন্তু দেখা যায় তাঁরা নন-প্র্যাকটিসিং অ্যালাউন্স নিচ্ছেন, এবং প্র্যাকটিসও করছেন। যার ফলে চিকিৎসা ব্যবস্থা সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। চিকিৎসকদের সম্পর্কে যেসমস্ত পরিকল্পনা আপনাদের ছিল, তা আপনারা কার্যকরী করতে পারেন নি, এবং না পারার ফলে চিকিৎসকদের মধ্যে যে একটা প্রেরণা আনা সম্ভব ছিল, সেই প্রেরণা সঞ্চার করতে আপনারা ব্যর্থ হয়েছেন। এর পরে আমি একটু আঞ্চলিক ভিত্তিতে দু-একটা কথা বলবো। প্রথম কথা হচ্ছে, মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে আসানসোল শিল্পাঞ্চলে প্রচুর লোককে সেখানে বিভিন্ন শিল্প সংক্রান্ত যেসব ইনস্টিটিউশন আছে, সেখানে চাকরী করতে হয় এবং চাকরী করবার জন্য তাদের আরো মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট প্রোডিউস করতে হয়। এই সার্টিফিকেটের ব্যাপার নিয়ে বর্ধমানে একটা বিরাট দুর্নীতির চক্র সৃষ্টি হয়েছে। যাঁরা এই মেডিক্যাল সার্টিফিকেট চান তাঁদের অন্ততপক্ষে ১৫ টাকা, ২০ টাকা বা ৩০ টাকা করে দক্ষিণার দাক্ষিণ্য না দেখালে পর, তারা মেডিক্যাল সার্টিফিকেট পান না। অবশ্য এজন্য সেখানকার সিভিল সার্জেন এ বিষয় কতটুকু দায়ী তা আমি জানি না। কিন্তু আমাদের সরকারের যে দুর্নীতি দমন বিভাগটি আছে, সেখানে এইরকম বহু কেস আছে আমি জানি। এই অবস্থাটা আপনাদের

জানা সত্ত্বেও, সেখানে এই দুর্নীতি দমন করবার জন্য কোন পদক্ষেপ আপনারা নেন নি এবং কোন চেষ্টা আপনারা করছেন না। এই কথা মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বলতে চাই।

দ্বিতীয়ত, আসানসোলে একটা বিরাট শিল্পাঞ্চল, এবং এই কথা প্রায়ই বলা হয়ে থাকে যে, যেহেতু ওখানে ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কারস আছে, সেখানে বিভিন্ন ইন্ডাস্ট্রিতে নিয়োজিত ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কারসদের জন্য রেলওয়ে হাসপাতাল আছে, বা কোলিয়ারী হাসপাতাল আছে। কিন্তু আসানসোলের অন্য মানুষের জন্য হাসপাতালের কি অবস্থা, সেটা দেখবার দায়িত্ব যেন সরকারের নেই। মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাই আসানসোলবাসীর শতকরা ৩০ জন মাত্র সেখানকার বিভিন্ন শিল্প-সংস্থায় নিয়োজিত। কিন্তু, বাকী ৭০ ভাগ মানুষ যাঁরা আসানসোলে আছেন, তাদের চিকিৎসার জন্য একটিমাত্র সাব-ডিভিসন হাসপাতাল আছে। সেখানে সেই একটি-মাত্র হাসপাতাল এবং তার অবস্থা অত্যন্ত মারাত্মক। সেখানে মাত্র ৫০টি বেড আছে। সেখানে এক দিকে দুর্নীতি ও অপর দিকে অব্যবস্থার ফলে হাসপাতালের সমস্ত চিকিৎসার কার্যক্রমকে একেবারে পঙ্গু করে তুলেছে।

মাননীয় স্পীকার মহাশয়, আপনি নিশ্চয় জানেন যে সেখানে পোস্ট-মর্টেম কেস এবং পুলিস কেসের উইটনেস দিতে সেই হাসপাতালের ডাক্তার ও কর্মচারীগণ এত ব্যস্ত থাকেন যে, সাধারণ মানুষের দিকে তাঁরা একেবারে সময় দিতে পারেন না। সেখানে একটা এক্স-রে প্ল্যান্ট আছে, তাকে কার্যকরী করা হচ্ছে না। আর আসানসোল মহকুমার গ্রামাঞ্চলে অন্যান্য মহকুমার তুলনায় অত্যন্ত নগণ্যভাবে সেখানে রুর‍্যাল হেলথ সেন্টার স্কীমকে ইম্পিমেন্ট করা হচ্ছে। মাত্র তিনটি কি চারটি ইউনিয়ন হেলথ সেন্টার সেখানে আছে, বাকী সেই বিরাট মহকুমার বিরাট জনসংখ্যক মানুষ তাদের চিকিৎসার অন্য কোন ব্যবস্থা নেই। এই হচ্ছে চিকিৎসা খাতে আমার যা বলার ছিল তা আমি সংক্ষেপে বললাম।

তারপর জল সম্পর্কে আমি একটি কথা বলতে চাই। এটা মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে আসানসোল মহকুমার জলসংকট একটা দীর্ঘদিনের সংকট এবং এই সংকটকে বুঝাবার মত ভাষা আমার নেই তাই আমি একটি কবিতার দুটি লাইন দিয়ে আপনার মাধ্যমে এই সভার মাননীয় সদস্যদের বোঝাতে চাইবো, তা হচ্ছে এই,

জল দাও জল দাও,
তৃষিত চাতক চাহে জল,
কণ্ঠনালী পুড়ে গেল,
পুড়ে মাঠঘাট দেহ মন হল পোড়া কাঠ।

আপনাদের জল দেবার দায়িত্ব ছিল কিন্তু আপনারা কি করছেন,

শীতল জলের ঝারি ছিল যার আনন্দ সভাতে,
সে এসে নটীর মত হেসে হেসে ঢেলে দিল কণ্ঠে তীব্র বিষ,
ধিকি ধিকি জ্বলে অহর্নিশ।

মানুষ মরছে এইরকম, সেই জলসংকট মোচনের জন্য আপনারা কখন কিছু করতে পারেন নি, সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। এবং তার প্রমাণ কি? প্রমাণ হচ্ছে সমগ্র মহকুমায়, আপনি জানেন স্পীকার মহাশয়, সেখানে টিউব-ওয়েল অচল, টিউব-ওয়েল চলে না ভৌগলিক অবস্থার ফলে এবং সেখানে এই গ্রীষ্মকালে ২ টাকা ২৷৷০ টাকা করে এক বোতল পানীয় জল বিক্রয় হয়। এটা স্বাভাবিক সচরাচর ঘটনা আসানসোল মহকুমায়। সেখানকার এই জলসংকট মোচনের জন্য কোন কোল মাইনিং ওয়েলফেয়ার অর্গানিজেশন থেকে কয়েক কোটি টাকা খরচ করে তারা রানীগঞ্জ কোল বেল্টে একটা ওয়াটার বোর্ড করার কথা বলেছিল। সেখানকার শ্রমিক কর্মচারীদের যে সংগঠন, তারা বারবার বোর্ড মিটিংএ একথা উত্থাপন করেছে, কিন্তু সেখান থেকে বারবার বলেছে যে আমরা স্টেট গভর্নমেন্টের কাছে প্ল্যান দিয়েছি সেই প্ল্যান আজ পর্যন্ত অ্যাপ্রুভড হয়ে আসে নি।

সুতরাং স্যাংশন আমরা পাই নি। এ সম্পর্কে সরকার কি করছেন নিশ্চয়ই এর পরে যখন মন্ত্রী-মহাশয় বক্তৃতা করবেন তখন বলবেন কেন সেটা হল না। অথচ আমরা জানি ঐ কোল মাইনিং ওয়েলফেয়ার অর্গানিজেশন থেকে ঝরিয়া ওয়াটার বোর্ড সেখানে চালু হয়ে গিয়েছে। সেই অঞ্চলে জল সরবরাহের একটা সুব্যবস্থা হয়েছে। কেন কোল মাইনিং ওয়েলফেয়ার অর্গানিজেশনের টাকায় তা করা হবে না? যদি আমাদের প্রাদেশিক সরকার একটু চেষ্টা করেন, তা হলে এই জিনিসটাকে একটা সুব্যবস্থার মধ্যে আনা যেতে পারে। কিন্তু সরকার এ সম্পর্কে সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন।

দ্বিতীয় কথা হচ্ছে, আসানসোল শহরে ২২ লক্ষ টাকার একটা পরিকল্পনা আমরা দু'তিন বৎসর ধরে শুনে আসছি। এই সম্পর্কে, আমার সময় সংক্ষিপ্ত, আমি ঐ মহকুমার একটি কাগজের সম্পাদকীয় পড়ে আসানসোলের এই জল সমস্যা সম্পর্কে বলছি যে এই ২২ লক্ষ টাকার ওয়াটার স্কীমের অবস্থাটা কোথায় দাঁড়িয়েছে আজ।" শীত না শেষ হতেই কলের ধারে জল শূন্য জলাধারের সারি। দেখলেই স্মরণ হয় অতীতের গ্রীষ্মের প্রচন্ড মার্তন্ড তপ্ত দিনগুলি পানীয় জলের অভাবে কি ভয়ংকর কি দুঃসহ, আবারও সম্মুখে সেই ভয়ংকরের পুনরাবৃত্তি হতে চলেছে- হবেও বা তা বার বার। তৃষ্ণার্ত আসানসোলের যুগব্যাপী জল যাচ্ঞা বুঝি কখনও শেষ হবার নয়। বারে বারেই শুনি মাভৈঃ—আর নয়, এবার শুধু তৃষ্ণা বারিবিন্দু নয়—আসানসোল জলে ভেসে যাবে, তৃপ্তির পানসী চলবে, হায় মরিচীকা—তৃষ্ণার্ত যত ধায়, শতদল সরোবর ততই পিছায়!

পথে পথে পাইপের পরিখা কেটে পাইপ এঁটে বসান হল সে আজ প্রায় দু' বৎসরের কথা, এখন শুনি রন্ধ্রে শনি পাইপ সছিদ্র, সছিদ্র গাগরী জলে ভরিবে কে নাগরী! সততার মুখে ছাই দিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কুটিলা ননদিনীর আত্মাভিমান নিয়ে বসে আছেন—মরে কৃষ্ণ মরুক আসানসোলবাসী জলকষ্টে মরুক- মারী বসন্তে মরুক। এই হচ্ছে আসানসোল পৌরসভার জল-সঙ্কটের অবস্থা। ২২ লক্ষ টাকার ওয়াটার স্কীম করার কথা গতবারেও মুখ্যমন্ত্রী বলেছিলেন আমাদেরকে তার কি করা হল? কেন সেই জল আজ পর্যন্ত সেখানে সরবরাহ করা হল না, সে জবাব নিশ্চয়ই দেবেন বলে আমি আশা করছি।

[4-15—4-25 p.m.]

Dr. Anath Bandhu Ray: Mr. Speaker, Sir, during the budget discussion the Hon'ble Sankardas Banerji, our Finance Minister, gave us assurance that the reduction in the provision which has been made under "Public Health", viz., Rs. 28,98,000 would be made good, and now I find and I am happy to say that this Health Budget including Medical and Public Health amounts to Rs. 14,42,61,000. The largest expenditure that has been provided in the budget uptill now is in the Medical Budget. Many honourable members here have pointed out the merits of the budget and the position of the Health Budget in our State which is the highest in the country compared to other States. This Health Budget gives a clear picture of the comprehensive development schemes for which provisions have been made so that they will continue unabated.

Sir, West Bengal can rightly be proud of certain scientific developments recently, namely, Biophysics, Experimental Medicine which has been added in the post-graduate teaching and research, Medical Mycology, Electronic Microscope, Insectarium, freeze-dried vaccine production and also the virus research and things like that. I find that ample provision has been made to maintain them.

Sir, we count wealth and welfare by the health of the people and sound health is the basis of democratic foundation. Since our independence signal progress has been made at the hands of the illustrious architect of modern Bengal, late Dr. B. C. Roy. He said that a nation cannot be happy, prosperous and strong without health. It is a matter of pride for us that health has made rapid strides in all spheres in spite of formidable difficulties and within the scope of limited funds. Health does not mean only prevention of disease or cure of illness. It has a positive aspect to fulfil.

Sir, in the health sector provision has been made to step up activities in all possible ways. The society is fast changing and so also medical knowledge and its application. So the horizon of medical activities is widening and we have to keep pace with that. With the robust optimism and zeal of our Hon'ble Chief Minister, Shri Prafulla Chandra Sen, this will find his ablest guidance to channelise the efforts specially at a critical juncture when the emergency is prevailing in the country so as to make relentless and all-out efforts for the defence of our country.

It is a fact that difficulties arose over the design and construction of the weir at the confluence of Nichu, Dichu and Bindokhola. These difficulties were, however, overcome with the help of our consultants, the Central Water Power Commission who are working out the procedure and exploring the possibilities of obtaining assistance from overseas for the specialised work of extensive grouting and injection. The seepage problem was taken up with our contractors, Messrs. Elektrosond of Yugoslovia and their engineers who visited the project site and have submitted a proposal for construction of diversion of weir. It is not a fact that the project is going to be eliminated from the Third Five-Year Plan. On the contrary, the work is proceeding according to the scheduled programme and the power station is expected to come into operation by about the end of 1964.

Shri Monoranjan Hazra: Sir, on a point of privilege

আমি এখানে একটা প্রশ্ন জানাতে চাই

Mr. Deputy Speaker:

কলিং অ্যাটেনসনের সময় পয়েন্ট অফ প্রিভিলেজ হয় না।

Shri Monoranjan Hazra:

আপনি এলাউ করলে হতে পারে।

Mr. Deputy Speaker:

আমি এল উ করতে পারি না।

Mr. Deputy Speaker: I have received four notices of Calling Attention on the following subjects, viz.,

(1) Murder of a kerosine oil hawker in Jalpaiguri—by Shri Amarendra Nath Roy Prodhan.

(2) Violation of Industrial Truce and retrenchment of 400 workmen by the management of Messrs. Macneil & Berry—by Shri Tarun Kumar Sen Gupta,

(3) Negligence of Government for the protection of earthen-ware industry in Krishnagar—by Shri Kashi Kanta Maitra, and

(4) Mal-administration in publication and distribution of "Kishalaya" and "Prakriti Parichaya" by the Government—by Shri Balai Lal Das Mahapatra.

I have selected the notice of Shri Balai Lal Das Mahapatra on the subject of mal-administration in publication and distribution of "Kishalaya" and "Prakriti Parichaya" by the Government.

Hon'ble Minister-in-charge will please make a statement on the subject today, if possible, or give me a date for the same.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The statement will be made day after tomorrow.

VOTING ON DEMAND FOR GRANT

DEMAND FOR GRANT No. 2

Major Heads: 9—Land Revenue and 92—Payment of Compensation, etc.

[12-45—12-55 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 7,51,45,000 be granted for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc. on the abolition of the Zamindari system."

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এ বছর অর্থাৎ ১৯৬২-৬৩ সালে আয়ের কথা আমাদের এস্টিমেট ছিল ৭ কোটি ১১ লক্ষ ১৫ হাজার টাকা। এটা সংশোধিত এস্টিমেটএ হয়ে দাঁড়িয়েছে ৭ কোটি ৭ লক্ষ ৭৩ হাজার টাকা। এতে কম হয়েছে ৩ লক্ষ ৪২ হাজার টাকা। খরচের দিক দিয়ে বিচার করলে আমরা দেখতে পাই যে এবছর মেজর হেড "৯ ল্যান্ড রেভিনিউ" এই খাতে বৃদ্ধি হয়েছে ১৭ লক্ষ ৫৭ হাজার টাকা, এবং মেজর হেড "৯২ পেমেন্ট অফ কমপেনসেশন ইত্যাদি" এই খাতে যে কম খরচ দেখানো হয়েছে সংশোধিত বাজেটে, তার পরিমাণ হল ২ কোটি ত্রিশ লক্ষ ২৯ হাজার টাকা। "৯- ল্যান্ড রেভিনিউ" মেজর হেডএ এই খাতে যে বেশী খরচ সংশোধিত বাজেটে দেখান হয়েছে তার কারণ হচ্ছে যে ক্ষতিপূরণের তালিকা তৈরী করার জন্য আমরা বেশী বরাদ্দ করেছি। আর "৯২ পেমেন্ট অফ কমপেনসেশন টু ল্যান্ডহোল্ডারস ইত্যাদি" এই খাতে যে কম বরাদ্দ সংশোধিত বাজেটে দেখান হয়েছে তার কারণ, দুঃখের সঙ্গে বলতে চাই, যে ক্ষতিপূরণ দেওয়ার কাজটায় যত তাড়াতাড়ি আমরা অগ্রসর হতে পারব ভেবেছিলাম তত তাড়াতাড়ি অগ্রসর হতে পারি নি। পরবর্তী বছর অর্থাৎ ১৯৬৩ ৬৪ সালে আমাদের আয় আশা করছি হবে ৮ কোটি ৬২ লক্ষ ১৮ হাজার টাকা। আমাদের সংশোধিত বাজেটে হয়েছে ৭ কোটি ৭ লক্ষ ৭৩ হাজার টাকা। কাজেই আমরা আশা করছি ১ কোটি ৫৫ লক্ষ ৪৫ হাজার টাকা আমরা বেশী আয় দেখাতে পারব। এর কারণ হচ্ছে যে সমস্ত বকেয়া পড়ে আছে আমর এসময় তার কিছুটা অংশ বেশী আদায় করতে পারব। খরচের দিক দিয়ে মেজর হেড "৯—ল্যান্ড রেভিনিউ" এই খাতে বাজেটে দেখান হয়েছে ৪ কোটি ৫১ লক্ষ ৫৫ হাজার টাকা। সংশোধিত বাজেটে সেখানে ছিল ৪ কোটি ৪৩ লক্ষ ৫ হাজার টাকা। আর মেজর হেড "৯২—পেমেন্ট অফ কমপেনসেশন টু ল্যান্ডহোল্ডারস ইত্যাদি" এই খাতে আমরা আগামী বছর বাজেটে ধরেছি ৩ কোটি টাকা। সংশোধিত বাজেটে সেখানে ছিল ১ কোটি ৯৯ লক্ষ ৭০ হাজার টাকা। আমরা আশা করছি আগামী বছর ক্ষতিপূরণ দেওয়ার কাজ বর্তমান বছরের চেয়ে উল্লেখযোগ্যভাবে বেশী করতে পারব।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবছর আমরা সরকারে ভেস্টেড জমির দখল গ্রহণ করার কাজে আরও খানিকটা অগ্রসর হতে পেরেছি। আমরা এ পর্যন্ত কৃষি জমি, অকৃষি জমি, বনভূমি এবং অন্যান্য জমি কত ভেস্টেড হিসাবে পেয়েছি তার একটা হিসাব দাখিল করছি। কৃষি জমি ৫ লক্ষ ২৪ হাজার একর, অকৃষি জমি ৪ লক্ষ ২১ হাজার একর, বনভূমি ৮ লক্ষ একর এবং অন্যান্য বিবিধ প্রকার জমি ১ লক্ষ ৮৪ হাজার একর। এই ভেস্টেড জমিগুলির দখল গ্রহণের কাজ দ্রুতভাবে অগ্রসর হচ্ছে এবং যথা শীঘ্র সম্ভব সম্পূর্ণ করব বলে স্থির করেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে দখলীকৃত কৃষি জমি এই কৃষি জমি বণ্টনের ব্যাপারে আমরা একটা নতুন নীতি ১৩৭০ সাল থেকে গ্রহণ করেছি। এই নীতি অনুসারে এই দখলীকৃত জমি বণ্টনের ব্যাপারে প্রতি ল্যান্ড রিফর্মস সার্কেলএ একটি করে এ্যাডভাইসরি কমিটি গঠন করব। এই এ্যাডভাইসরি কমিটিতে সরকারী কর্মচারী কয়েকজন থাকবেন, তা ছাড়া বেসরকারীও অনেকে থাকবেন। সরকারী কর্মচারীদের সংখ্যা বেসরকারী সদস্যদের চেয়ে অনেক কম হবে। তাছাড়া...

Shri Kamal Kanti Guha: বেসরকারী সদস্য কারা থাকবেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

বেসরকারী সদস্য হিসেবে থাকবেন স্থানীয় অঞ্চলগুলিতে যারা নির্বাচিত অঞ্চল প্রধান আছেন তাঁরা থাকবেন, অথবা যেখানে এখনও অঞ্চল গঠন করা হয় নি সেখানে ইউনিয়ন বোর্ডএর প্রেসিডেন্ট যাঁরা তাঁরা থাকবেন।

Shri Kamal Kanti Guha: এম এল এ রিপ্রেজেনটেটিভ থাকবেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:
এম এল এ সম্বন্ধে আমরা কোন নির্দিষ্ট নীতি গ্রহণ করি নি তবে যদি কোন এম এল এ থাকতে চান তা বিবেচনা করব। এছাড়া আমরা দুইজন মনোনীত বেসরকারী সদস্য রাখবো স্থির করেছি।

Shri Kamal Kanti Guha:
আপনি গতবার বলেছিলেন সর্বদলীয় এ্যাডভাইসরি কমিটি হবে।

The Hon'ble Syamadas Bhattacharyya:
মাননীয় সদস্যের যুক্তি সম্পর্কে আমি নিশ্চয়ই বিবেচনা করে দেখেছি। আমি যেটা করেছি এবং সরকার যেটা করতে স্থির করেছেন তার মধ্যে সব দলের স্থান রয়েছে কারণ অঞ্চল প্রধান যাঁরা হয়েছেন তাঁদের সবাই কংগ্রেস দলেরও নন এবং সবাই অকংগ্রেসী দলেরও নন। এছাড়া আমাদের ডিফেন্স সার্ভিস পার্সোনেলের জন্য যারা সামরিক বিভাগে যোগ দিয়েছে তাদের মধ্যে বণ্টনের জন্য আমরা ছয় হাজার একর জমি আলাদা করে রেখেছি। ক্ষুদ্র ক্ষুদ্র মধ্যস্বত্ব-ভোগীদের ক্ষতিপূরণ দেবার কাজ দ্রুত অগ্রসর হচ্ছে। তাদের বেলায় ক্ষতিপূরণ দেবার কাজ সর্বাগ্রে গ্রহণ করা হয়েছে। এ পর্যন্ত আমরা ক্ষতিপূরণ তালিকা খসড়া প্রকাশ করেছি ১৩ লক্ষ ৯২ হাজার ৮৫১টা। তাতে মোট টাকা প্রদেয় হয়েছে ৬ কোটি ৯ লক্ষ ৮০ হাজার ৮৯০ টাকা। এছাড়া মোট যেটা চূড়ান্তভাবে ক্ষতিপূরণ তালিকা প্রকাশিত হয়েছে তার সংখ্যা হোল ১৩ লক্ষ ৩৯ হাজার ৩১৭। এবং এতে মোট ৫ কোটি ৩৫ লক্ষ ৯৪ হাজার ৮১ টাকা প্রদেয় হবে। এই টাকা বণ্টনের ব্যাপারে কিছুটা অসুবিধা আমাদের দেখা দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলেছিলাম একেবারে মনিঅর্ডার যোগে টাকা দেওয়া হবে। মনিঅর্ডার যোগে টাকা দেবার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু যেখানে লক্ষ লক্ষ মনিঅর্ডার দিতে হবে সেখানে পোস্ট অফিসের অসুবিধা রয়েছে। সেইজন্য আমরা দেখেছি যে মনিঅর্ডার যোগে টাকা অনেক সময় আমরা দিতে পারছি না। সুতরাং যাতে স্থানীয় পেমেন্ট করা যায়—অর্থাৎ যাতে মধ্যস্বত্বভোগীদের বাসস্থানের নিকটবর্তী কোন সুবিধামত জায়গায় গিয়ে টাকা দেওয়া যেতে পারে তার একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং সেই পরিকল্পনা শীঘ্র চালু করছি। এতে আমরা আশা করছি যে ২৫০ টাকা পর্যন্ত যেখানে নিট আয় অর্থাৎ মোট প্রদেয় টাকা ৫ হাজার সেখানে আমরা লোক্যাল পেমেন্ট হিসাবে অল্প সময়ের মধ্যে ক্ষতিপূরণের টাকা দিয়ে দেবার ব্যবস্থা

করতে পারবো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বেশী টাকা আয় যেখানে সেখানে বন্ডে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা আছে। বেশি বন্ড যাতে শীঘ্র বিলি করা যায় সেজন্য আমরা সর্বাগ্রে আয়োজন করছি। রিভিসন্যাল জরীপের কাজ প্রায় শেষ হয়ে গেছে। কিন্তু কিছু কিছু অবশিষ্ট কাজ বিভিন্ন রিভিসন্যাল জরীপের কাজ প্রায় শেষ হয়ে গেছে। কিন্তু কিছু কিছু অবশিষ্ট কাজ বিভিন্ন জায়গায় রয়েছে। তাছাড়া ক্ষতিপূরণ তালিকা নির্ণয়ের সময় কিছু কিছু ভুল ত্রুটি ধরা পড়লে অনেক জায়গায় আবার রিভিসন্যাল সেটেলমেন্ট-এর কিছু কিছু সংশোধন প্রয়োজন হতে পারে। অর্থাৎ অবশিষ্ট কাজ যেখানে যেখানে থাকবে সে কাজগুলো সম্পন্ন করবার জন্য আমাদের রিভিসন্যাল সেটেলমেন্টের কিছু কাজ চালু রাখতে হবে বলে মনে হচ্ছে। খাজনা আদায়ের ব্যাপারে এ বছর বিশেষ করে আমরা চেষ্টা করছি যাতে বকেয়া যে বিপুল পরিমাণ টাকা অনাদায়ী পড়ে আছে, সেটা আদায় হতে পারে বা কিছুটা আদায় হতে পারে। মাননীয় মুখ্যমন্ত্রী এবং সেই সংগে আমিও জনসাধারণের কাছে বিবিধভাবে আবেদন করেছি—তারা বর্তমান আপৎকালীন অবস্থার দিকে লক্ষ্য করে তাদের বকেয়া টাকা যথাসম্ভব যেন দিয়ে দেয়। এর থেকে আমরা প্রভূত সাড়া পেয়েছি। অনেকে স্বতস্ফূর্তভাবে তাদের বকেয়া টাকা যথাসম্ভব সাধ্যমত দিয়ে দিয়েছে।

[12-55—1-5 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বর্গাদারদের অবস্থা সম্পর্কে প্রায় অভিযোগ শুনা যায় যে বর্গাদারদের উপর পীড়ন করা হচ্ছে। তাদের উৎখাত করা হচ্ছে, জুলুম করে তাদের বিতাড়ন করা হচ্ছে এ সম্বন্ধে অনেকে অভিযোগ করেছেন। এ সম্পর্কে আমি আগে বলেছি এবং এখনও বলবো যে বর্গাদারদের যে অধিকার সেই অধিকারটুকু রক্ষা করা এবং সম্প্রসারিত করাই হোল আমাদের লক্ষ্য। সেজন্য বর্গাদার সম্পর্কে যে আইন আছে, যে বিধান আছে, সেগুলি আরও ভাল করে যাতে প্রয়োগ করা যেতে পারে তার জন্য বিশেষভাবে লক্ষ্য রাখছি এবং আইনের মধ্যে যেখানে যেখানে ত্রুটি আছে সে সমস্ত ত্রুটিগুলি দূর করবার চেষ্টা হচ্ছে। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই স্মরণ করবেন যে কিছুদিন আগে ১৯৫৫ সালের ভূমি সংস্কার আইনের সংশোধন করা হয়েছিল যার মূল উদ্দেশ্য ছিল বর্গাদারদের স্বার্থ আরও সুরক্ষিত করা। বর্গাদার উচ্ছেদের হিসাব যদি আপনাদের কাছে উপস্থিত করি তাহলে দেখা যাবে বর্গাদার উচ্ছেদের পরিমাণ ক্রমশঃ কমে আসছে। ১৯৫৭ সালে ২,২৭৯ জন বর্গাদারের উপর উচ্ছেদের আদেশ হয়েছিল আর ১৯৬২ সালে ৬৫০ জন বর্গাদারের উপর উচ্ছেদের আদেশ হয়েছে। এর মধ্যে আমরা দেখতে পাচ্ছি যে ক্রমশঃ উচ্ছেদের সংখ্যা কমে আসছে। ঐ সংখ্যা ১৯৬১ সালে ছিল ১,১২৫ জন ও ১৯৬০ সালে ছিল ১.৪৭০ জন। অর্থাৎ যতই পিছনের দিকে আমরা তাকাই ততই দেখতে পাচ্ছি বর্গাদার উচ্ছেদের সংখ্যা আগে বেশী ছিল এখন ক্রমশঃ কমে আসছে। আমাদের এই বিভাগ থেকে অনেক জমি দখল করতে হয় বিবিধ জাতি-গঠনকারী বড় বড় পরিকল্পনা রূপায়িত করবার জন্য। এক সংগে বহু জমির প্রয়োজন হয় ফরাক্কা বাঁধ, কলকাতা-দমদম সুপার হাইওয়ে, কলকাতা-দুর্গাপুর এক্সপ্রেস ওয়ে ইত্যাদির মত পরিকল্পনার জন্য। কংসাবতী নদী পরিকল্পনা, স্টেট ইলেকট্রিসিটি প্রজেক্ট, সল্ট লেক রিক্লেমেশন প্রোজেক্ট, হলদিয়া বন্দর পরিকল্পনা এই রকম অনেকগুলি পরিকল্পনা সফল করবার জন্য আমাদের অনেক জমি দখল করতে হয়। এ কথা ঠিক যে এই জমি দখলের ব্যাপারে অনেকের উপর কিছুটা পীড়ন হয়। কিন্তু এটা যাতে কম হয়, জাতির স্বার্থের জন্য ব্যক্তিগত স্বার্থ কম করে দেখবার কথা আমরা বললেও যাতে কোন ব্যক্তি পীড়িত না হয়, সেদিকে দৃষ্টি রাখছি। ক্ষতিপূরণ ঠিক ঠিক দেবার এবং অনেক ক্ষেত্রে ঐ ব্যাপারে যে বিলম্ব হয় সেই বিলম্বের কারণগুলো দূর করবার চেষ্টা করছি। গত কয়েক বছর ধরে ক্ষতিপূরণ দেবার টাকা বেড়েই চলেছে। মোট ক্ষতিপূরণ ১৯৬০-৬১ সালে দেওয়া হয়েছিল ২ কোটি ৯৭ লক্ষ টাকা। ১৯৬১-৬২ সালে দেওয়া হয়েছে ৩ কোটি ৭৮ লক্ষ টাকা। ১৯৬২-৬৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত দেওয়া হয়েছে ২ কোটি ৬৮ লক্ষ টাকা। অর্থাৎ আমি আশা করছি এ বছর আরও বেশী পরিমাণ টাকা এই ক্ষতিপূরণ বাবত দিতে পারবো।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, চা বাগানের ক্ষেত্রে একটা বিশেষ সমস্যা আছে। মাননীয় সদস্যগণ এ বিষয়ে জানেন যে জমিদারী প্রথা উচ্ছেদ আইনের ৬ ধারার (৩) উপধারা মতে এই বিধান

আছে যে সরকার বিবেচনা করবেন কোন্ চা বাগানের কতখানি জমি দরকার এবং কতখানি জমি বাড়তি বলে গণ্য করা যেতে পারে। যতটা জমি বাড়তি বলে গণ্য করা যাবে সেটুকু জমি সরকার গ্রহণ করতে পারবেন। সেজন্য আমরা একটা কমিটি করেছিলাম তার নাম টি গার্ডেন অ্যাডভাইসরী কমিটি। তাঁদের কাছ থেকে এ সম্পর্কে মতামত চেয়েছিলাম। তাঁরা মত দিয়েছিলেন। সেই মত দেবার পর আমরা সমস্ত চা বাগানের উপরে প্রোসিডিংস আরম্ভ করি। এবং প্রত্যেকটা কেসে সরকার নিরপেক্ষভাবে বিচার করে দেখেন যে কতখানি জমি রাখা যেতে পারে এবং কতখানি জমি দখল করা যেতে পারে। বনভূমি—ফরেস্ট ল্যান্ড যেটা, সেটা আমরা দখল করি সমস্তটা। তা ছাড়া ক্ষেতী জমি, জোত জমি- এগুলোও দখল করা হয়। ইতিমধ্যে একটা কথা, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে বলতে চাই --সেটা হচ্ছে আমাদের অনেক জমি চাই, কিন্তু সেই সংগে দেখতে হবে চা-এর মত একটি শিল্প, যে শিল্পজাত দ্রব্য বাইরে বিক্রয় করে বৈদেশিক মুদ্রা অর্জন করে থাকি, তাতে ক্ষতি না হয়। বিশেষ করে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা দেখতে পাচ্ছি যে এই রকম অনুমান করা হয়েছে, এই জন্য সরকার স্থির করেছেন যে এই চা বাইরে যাতে বেশী করে রপ্তানি হয় তার জন্য উৎসাহ দান করবেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবার কেন্দ্রীয় বাজেট স্পীচে মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রী এই কথা উল্লেখ করেছেন যাতে বেশী পরিমাণ চা রপ্তানি করা যায়, তার জন্য কতকগুলো বিধি-ব্যবস্থা অবলম্বন করা দরকার। আমরা তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা রিপোর্টে দেখতে পাচ্ছি যে ৫৫০ মিলিয়ন পাউন্ড চা যাতে এক্সপোর্ট হতে পারে বাইরে, তার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। যেখানে পূর্বে ৪৬৫ মিলিয়ন পাউন্ড চা এক্সপোর্ট হতো, তার জায়গায় ৫৫০ মিলিয়ন পাউন্ড চা বাইরে রপ্তানি হোক এটাই কেন্দ্রীয় পরিকল্পনা কমিশনের ইচ্ছা। তা ছাড়া আমাদের দেশের মধ্যে চা-এর ব্যবহার ক্রমশঃ বেড়ে যাচ্ছে এবং সমস্ত দিক লক্ষ্য করে কেন্দ্রীয় পরিকল্পনা কমিশন এই কথা বলছেন যে এই তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা কালের শেষভাগে ৭২৫ মিলিয়ন পাউন্ড থেকে বেড়ে গিয়ে মোট উৎপন্ন হবে ৯০০ মিলিয়ন পাউন্ড -অর্থাৎ এক-চতুর্থাংশ যাতে উৎপাদন বৃদ্ধি প্রাপ্ত হয় সেদিকে তাঁরা নির্দেশ দিয়েছেন। এই দুটি দিক লক্ষ্য করে আমরা যতখানি জমি নিতে চাই ততখানি নিতে পারবো না। সেটা আমাদের বিশেষভাবে চিন্তা করে দেখতে হবে। কারণ চা-শিল্পের মত একটা গুরুত্বপূর্ণ শিল্পের কোনরূপ ক্ষতিসাধন হয় এমন কোন কাজ করতে পারি না বলে আমরা টি গার্ডেন অ্যাডভাইসরি কমিটির পরামর্শও বিবেচনা করে দেখি এবং সেই সংগে চা বোর্ডের যিনি চেয়ারম্যান, তাঁরও পরামর্শ আমরা গ্রহণ করি। এই সমস্ত পরামর্শ গ্রহণ করে এই সমস্ত বিষয় বিবেচনা করে প্রতিটা টি গার্ডেন-এর ব্যাপারে কতটা জমি ছেড়ে দেওয়া যেতে পারে এবং কতখানি জমি গ্রহণ করা যেতে পারে তা আমরা বিবেচনা করে দেখি। এ পর্যন্ত আমরা ৪২টি চা বাগান থেকে ৭,৩৪৮ একর জমি গ্রহণ করার ব্যবস্থা করেছি—যা ঐ বাগানগুলির পক্ষে বাড়তি বা অতিরিক্ত বলে বিবেচিত হয়েছে। বাকী বাগানগুলো আমরা দেখছি প্রতিটা ক্ষেত্রে আলাদা আলাদা বিবেচনা করে এবং আমরা আশা করছি আরো উল্লেখযোগ্য পরিমাণ জমি আমরা চা বাগানগুলির কাছ থেকে পাব। চা বাগানের মধ্যে বড় এলাচের অনেক ছোট ছোট ভূমি রয়েছে। এই ভূমিগুলিও আমাদের সরকারী আওতায় নিয়ে আসার পরিকল্পনা করা উচিত, তার ব্যবস্থা করা উচিত। সেজন্য আমরা নানাবিধ পরীক্ষা নিরীক্ষা এবং অনুসন্ধানের কাজ করছি। কারণ, বড় এলাচকে একটা মূল্যবান কৃষিজাত পণ্য বলে বিবেচনা করা হয়।

আমি এই সামান্য কয়েকটি কথা বলে আমার ব্যয়বরাদ্দ মাননীয় সদস্যগণের মঞ্জুরীর জন্য উপস্থিত করছি।

[1-5—1-15 p.m.]

Shri Nathaniel Murmu:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটা প্রশ্ন জানবার আছে। উনি গতবার বলেছেন...........

Mr. Deputy Speaker

এখন নয়, পরে বলবেন।

Cut motion Nos. 3(4), 38, 39, 51, 63 and 64 are out of order. The rest are in order and they are taken as moved.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced to Re. 1.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced to Re. 1.

Shri Girish Mahato: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced to Re. 1.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced to Re. 1.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced to Re. 1.

Shri Jaleswar Hansda: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Dulal Chandra Mandal: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Aboni Bhattacharyya: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Tarun Kumar Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharyya: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Mangla Kisku: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system" be reduced by Rs. 100.

Shri Lakshmi Ranjan Josse: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Birendra Narayan Ray: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Nagen Dolai: *Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000* for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Dharanidhar Sarkar: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Abdul Bari Moktar: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Sreemohan Thakur: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Mahananda Haldar: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমি ও ভূমিরাজস্বের ব্যয়বরাদ্দের অনুমোদনের সময় মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর যে প্রস্তাব রেখেছেন, আমি তার বিরোধিতা করি। বিরোধিতা করি এই জন্য যে বাংলা দেশের ভূমি সংস্কারের ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছেন। শুধু ব্যর্থ হয়েছেন এই কারণে নয়, ভারতবর্ষের প্ল্যানিং কমিশনের যে নীতি ও নির্দেশ ছিল, বাংলাদেশের পশ্চিমবঙ্গ সরকার সেই নির্দেশের সম্পূর্ণ বিরুদ্ধে গিয়েছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিধান সভার সদস্যদের নিকট পরিকল্পনা কমিশনের কয়েকটি বক্তব্য উদ্ধৃত করতে চাই, এবং সেই সঙ্গে উদ্ধৃতির পরে এই কথা বলতে চাই যাঁরা কংগ্রেসী বেঞ্চে মাননীয় সদস্যরা আছেন, তাঁর এই উদ্ধৃতিটা বিবেচনা করে দেখবেন যে পশ্চিমবঙ্গ সরকার পরিকল্পনা কমিশনের নীতি ও নির্দেশ যা ছিল তার বিরুদ্ধে গিয়ে ভূমি-রাজস্বের নীতি সম্পূর্ণরূপে ব্যর্থতায় পর্যবসিত করেছেন কিনা? শুধু তাই নয়, আমার মনে হয় যে কায়দায় পশ্চিমবঙ্গ সরকার ভূমিরাজস্বের নীতি পরিচালনা করছেন তার ফলে বাংলাদেশে যে ভূমির গুণগত পরিবর্তন সম্ভব ছিল তাকে সাবোটেজ করা হয়েছে। প্ল্যানিং কমিশনের ভূমি সংস্কার বিষয়ের ৮০ পৃষ্ঠায় যে সকল কথার উল্লেখ আছে তার কয়েকটি লাইন আমি উদ্ধৃত করে শোনাচ্ছি। তাঁরা বলছেন—প্রথম ভূমি সংস্কারের উদ্দেশ্য হল অতীতের উত্তরাধিকারী হিসাবে যে কৃষি-ব্যবস্থা চলিয়া আসিতেছে তাহার যে সব ত্রুটির ফলে কৃষিজ উৎপাদন বৃদ্ধি ব্যাহত হইতেছে সেগুলি দূর করা। ইহার ফলে যথা সম্ভব উচ্চ দক্ষতা সম্পন্ন ও উৎপাদনক্ষম কৃষি-অর্থনীতি গড়িয়া তোলার উপযুক্ত পরিবেশ সৃষ্টির সহায়তা হইবে। দ্বিতীয় লক্ষ্য হইল কৃষি ব্যবস্থা হইতে সর্বপ্রকারের শোষণ ও সামাজিক অন্যায় দূর করা, যাহারা জমি চাষ করে তাহাদের নিরাপত্তা বিধান এবং গ্রামের জনগণের সর্বশ্রেণীর সম-মর্যাদা ও সমান

সুযোগ লাভের ব্যবস্থা করা। পরিকল্পনা কমিশনের এই যে প্রথম একটা নীতি নির্দিষ্ট করা হয়েছে, সেই নীতির বশবর্তী হয়ে যদি ভূমি সংস্কারের কাজ পরিচালিত হত, তাহলে হয়ত বাংলাদেশের কৃষিব্যবস্থার কিছুটা পরিবর্তন হ'ত। কাজেই সে দিক দিয়ে এই দুটা ব্যবস্থা কৃষি-ব্যবস্থার নীতির সঙ্গে অঙ্গাঙ্গী ভাবে জড়িত সঙ্গত ভাবে। তার সঙ্গে কৃষি, তার সঙ্গে উৎপাদনের সুযোগ, তার সঙ্গে তার খাদ্যের সুযোগ, সব কিছু ওলটপালট হয়ে গিয়েছে। শুধু তাই নয়, আরও এতে বলা হয়েছে—ভূমি সংস্কারের ব্যাপারে, মধ্যস্বত্ব বিলোপ। প্রজাস্বত্ব ব্যবস্থার সংস্কার সাধন, এবং খাজনা নিয়ন্ত্রণ ও হ্রাস। স্বত্ব ভোগের নিরাপত্তা এবং শেষ পর্যন্ত প্রজাদের ভূমির মালিকানা দান, ইত্যাদি সম্পর্কে সমস্ত ব্যবস্থা করতে হবে। উন্নয়নের ক্ষেত্রে ভূমি সংস্কারের যে একটি নির্দিষ্ট ভূমিকা আছে, সে সম্পর্কে যথার্থ স্বীকৃতি দেওয়া হয় নি। তারপর আরও কতকগুলি বিষয়ে মন্তব্য করে বলা হয়েছে। তদুপরি ভূমি সংস্কারের প্রশাসনিক দিকটি সম্পর্কে পর্যন্ত দৃষ্টি দেওয়া হয় নাই। প্রতারণা ও ফাঁকী দেওয়া অবাধে চলিয়াছে এবং আইনের ব্যবস্থা ফলপ্রদরূপে কার্যকরী করার ব্যাপারে গ্রামের জনসাধারণের সমর্থন আদায়ের ক্ষেত্রেও ব্যর্থতা ঘটিয়াছে। আমার মনে হয় বিরোধী পক্ষের বেঞ্চ থেকে এই সব পরিকল্পনার কথা বললে হয়ত কংগ্রেস বেঞ্চের সদস্যদের পক্ষ থেকে আপত্তি উঠতে পারে। তবু আমি বলি, পরিকল্পনা কমিশন, তাঁদের ভূমিরাজস্ব ব্যাপারে সমস্ত বিষয়গুলি পুঙ্খানুপুঙ্খরূপে বিচার, বিশ্লেষণ করবার পর, তাঁরা এই নির্দেশ দিয়েছেন। কিন্তু বাংলাদেশে কি দেখি? যেভাবে এখানে ভূমি সংস্কার আইন একটা প্রহসনে পরিণত হয়েছে, তার ফলে আমরা দেখছি সেই বৃটিশের যুগে যা সৃষ্ট হয় সামন্ততন্ত্র, তারই প্রভাব, তারই ধ্বংসাবশেষকে এখনও আমাদের স্বাধীন দেশে পুষে রাখবার চেষ্টা করা হচ্ছে।

শুধু তাই নয়, ভারতবর্ষে বর্তমানে যে শ্রেণীস্বার্থ শাসন ক্ষমতায় বসে আছে, তাদের একচেটিয়া কারবার, তাদের কাঁচা মাল পাবার ব্যবস্থা, সহজে এবং স্বল্প মূল্যে পাবার ব্যবস্থা এই ভূমি-রাজস্বের মধ্যে দিয়ে চেষ্টা করা হচ্ছে। শুধু তাই নয়, আমাদের তাতে ক্ষতি কি হচ্ছে সে সম্পর্কে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই বিধান সভার সদস্যদের কাছে কয়েকটি বিষয় আমি রাখতে চাই বিচারের জন্য। প্ল্যানিং কমিশন যে কথা বলেছে তাতে যে উলটো ফল হচ্ছে সে দিক দিয়ে আপনার সামনে দেখাতে পারি যে অনেক ঢাকঢোল পিটিয়ে একথা প্রচার করা হল যে বাংলাদেশের ভূমি সংস্কার ব্যবস্থা অন্যান্য প্রদেশের চেয়ে অনেক উন্নত। আমি গ্রাম ও শহরে সর্বত্র এই ভূমি সংস্কারের ফলে যে ছবি দেখতে পাচ্ছি এই হল তার প্রতি-চ্ছবি, এই ভূমি সংস্কার আইন আজকে দাঁড়িয়েছে ভূমি চুরি করার আইন। তার ফলটা দাঁড়িয়েছে ভূমি থেকে গরীব চাষীকে উচ্ছেদ করার ব্যবস্থা। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, উচ্ছেদ ক্রমশঃ ক্রমশঃ কমে আসছে এবং আর ১০ বৎসর এইভাবে চললে উচ্ছেদ একেবারে থাকবে না। কিন্তু আমি বলতে পারি আর কিছুদিন পরে এরা ক্ষেত মজুরে পরিণত হয়ে বেকার বাহিনীতে যোগদান করবে। তারা গ্রাম থেকে শহরে আসবে কাজ দাও কাজ দাও করতে করতে। জমি বণ্টনের যে পরিকল্পনা ছিল, অনেক চিল্লাচিল্লি হবার পর, চেঁচামেচি, সভা-সমিতি করার পর, আন্দোলন করার পর, অনেক হাজার একর জমি জলপাইগুড়ি, মালদহ, মুর্শিদাবাদ, বিভিন্ন জায়গায় জবর দখল করার পর সেই জমি বণ্টন করার জন্য আজকে ৭।৮ বৎসর পরে চেষ্টা করা হচ্ছে। এর জন্য সার্কেল কমিটি, অ্যাডভাইসরি কমিটি করা হবে। স্যার, ক্ষেত-মজুরের সঙ্গে সঙ্গে যেসব ভাগচাষীরা উচ্ছেদ হয়েছিল তারা আজ বেকার বাহিনীতে পরিণত হয়েছে। তার ফলে একদিকে গ্রাম্য জীবনে বিপর্যয় নেমে আসছে এবং অন্য দিকে শিল্পক্ষেত্রে এবং অন্যান্য ক্ষেত্রে প্রতিক্রিয়া সৃষ্টি করছে। আপনারা কমপেনসেশন আইন সংশোধন করার জন্য তাড়াহুড়া করলেন, বড় বড় লোকদের ক্ষতি পূরণ দেবার জন্য আইন সংশোধন করলেন কিন্তু ৫(ক) ধারা, যে ধারায় ভূমি সংস্কারের সমস্ত উদ্দেশ্যকে ব্যর্থ করে দেওয়া হয়েছে, সেই ৫(ক) ধারাকে সংশোধন করা হল না। তাকে সংশোধন করে শক্তিশালী করে নিয়ে যাতে ন্যস্ত জমি সরকার তাড়াতাড়ি দখল করতে পারেন, জমি যাতে জোতদার জমিদাররা অন্যায়ভাবে কবলিত না করতে পারে, যাতে সক্রিয়ভাবে, নিষ্ক্রিয় না হয়ে, গরীব চাষীদের পিছনে দাঁড়াতে পারেন সেই জন্য ৫(ক) ধারা সংশোধন না ক'রে সঙ্গে সঙ্গে এই ক্ষতিপূরণ আইন সংশোধন করে নিয়ে পাশ করে নিলেন। ক্ষতিপূরণ আপনারা দিন। ক্ষুদ্র ক্ষুদ্র জমিদারদের ক্ষতিপূরণ

দিন। তাদের ৫ হাজার টাকা একসংগে দিন, তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু যে সমস্ত চাষী ভাগ্যের বিরুদ্ধে লড়াই করে আসছে তাদের সম্বন্ধে আপনাদের কাছে আবেদন করি এবং আমরা একথা দাবী করতে পারি যে গরীব চাষী, ক্ষেতমজুর, যারা সম্পূর্ণ ভাগ্যহারা হয়ে আছে তাদের জীবন রক্ষা করা হোক। তাদের জমি দেওয়া হোক, যে জমি সরকারের হাতে আছে। সরকার সেখানে নিষ্ক্রিয় দর্শকের ভূমিকা নিয়েছেন। ৫(ক) ধারায় যে কথা ছিল তা করা হল না। এমন কি সিলেক্ট কমিটিতে যে সমস্ত কংগ্রেস সদস্যরা ছিলেন তাঁরাও একমত হয়েছিলেন যে, সত্যিই এদিকে কিছু করা দরকার কিন্তু সরকার সেদিকে দৃষ্টি দেন নি। কোর্টে একটার পর একটা মামলা যায়, গরীব চাষীদের পক্ষে উকিল-মোক্তার দেবার ক্ষমতা নেই, সরকারও তাদের সাহায্য করেন না এবং কোর্টে তারা সেই মামলাগুলি ভাল করে কনটেস্ট করতে পারে না। যার ফল হয়েছে যে, মাঝে মাঝে হাইকোর্ট থেকে এই রকম রায় শুনছি, যার ফলে মনে হয় ৫(ক) ধারা শেষ পর্যন্ত অকেজো হয়ে যেতে পারে।

[1-15—1-25 p.m.]

জোতদার, জমিদাররা পুলিসকে হাতে রেখেছেন, তার ফলে ১৪৪, ১৪৫ ধারা, ১০৭ ধারা, ১১৭ ধারা পর পর চালিয়ে চাষীকে জবরদস্তি মারফত গুলি, লাঠি, গুন্ডা দিয়ে সরিয়ে দিয়ে বেআইনী মামলা করে হয়রাণি করা হচ্ছে। আমাদের মুর্শিদাবাদ এলাকায় এরকম ১২টি কেস হয়েছিল—একটি কেসেও কোন চাষী সাজা পায় নি, বহুবার দেখেছি এরকম মিথ্যা মামলা করেছে। সাক্ষীর সংগে জোতদারের চর গ্রামে রয়েছে, সংগে সংগে আছে পুলিসের লোক, যাঁরা জমিদার, জোতদারের বাড়িতে খানাপিনা করে এবং চাষীর বিরুদ্ধে ভূমিসংস্কার আইনের বিরুদ্ধে দাঁড়ান। এই হচ্ছে বাংলাদেশের বাস্তব চিত্র—ভূমি সংস্কারের স্বরূপ। বিভিন্ন চর এলাকায় এই নিয়ে আন্দোলন প্রচণ্ডভাবে হয়েছে। আমরা জেলা জে এল আর-এর কাছে এ নিয়ে বার বার তদ্বির করেছি, কিন্তু সেখানে উপযুক্ত সাহায্য বা প্রোটেকশন যাকে বলে চাষীর পক্ষে সে সাহায্য পাওয়া যায় নি। এই অবস্থা চলছে যে একদিকে পুলিস, তহসীলদার ইত্যাদির মধ্যে দুর্নীতি চরমভাবে আত্মপ্রকাশ করেছে, সংগে সংগে ঘুষ দিয়ে ন্যায্য জমি তারা দিনের পর দিন কুক্ষিগত করছে যাতে গরীব চাষী জমি না পায়। আমরা দেখেছি, টপ টু বটম দুর্নীতি রেভেনিউ ডিপার্টমেন্ট, বোর্ড অফ রেভেনিউ, জেলা অফিস সর্বত্র ছেয়ে গেছে। একটা দুটো কেস নয়, হাজার হাজার কেস গ্রামে গ্রামে পাওয়া যাবে যার ফলে আমরা দেখেছি সমস্ত ভূমিসংস্কার ব্যাপারটা একটা কেয়োটিক, ইন-ডিসিপ্লিনড্ অবস্থার মধ্যে দাঁড়িয়ে আছে, যার ফলে ল্যান্ড রেকর্ড, ল্যান্ড সেটেলমেন্ট, ল্যান্ড সার্ভে ইত্যাদির ব্যাপারে এত বিকৃতি ঘটছে। আজ দেখতে পাচ্ছি গরীব চাষীদের উপর সার্টি-ফিকেট জারী করে তাদের ঘরবাড়ি, তৈজসপত্র বিক্রী করে বকেয়া টাকা আদায় করা হচ্ছে। জরুরী অবস্থার কথা বলা হয়েছে, জরুরী অবস্থার জন্য চাষীদের কাছ থেকে সাহায্য চাওয়া হচ্ছে, জরুরী অবস্থার মধ্যে চাষীদের কাছ থেকে রেভেনিউ আদায় করছেন, সেখানে চাষীর কাছ থেকে যারা জমি চুরি করে, তাদের কাছ থেকে কেন ১৬ আনা আদায় করছেন না? আমার আবেদন, আপনারা চাষীর সংগে একটা ফেয়ার কম্প্রোমাইজ করুন, গরীব চাষীর সংগে কম্প্রোমাইজ করুন এবং জোতদারদের কাছ থেকে পাওনাটা রুথলেসলি আদায় করুন। ভূমি সংস্কার আইন আজ যেভাবে জোতদার, জমিদারের স্বার্থে চলছে, যেভাবে রেভেনিউ ডিপার্টমেন্ট চলছে, তাতে আমি মনে করি সরকারের উচিত এই ভূমি সংস্কার আইনকে সম্পূর্ণ পাল্টান এবং যেভাবে মধ্যবিত্ত চাষী, গরীব চাষীর ভাগ্য উন্নত হয়, তার চেষ্টা করা উচিত। এখানে মন্ত্রিমহাশয় একটা রিপোর্ট দিয়েছেন যে, বর্তমানে ৫ লক্ষ একর কৃষি জমি পেয়েছি বিলিযোগ্য। সংগে সংগে বলেন যে ১ লক্ষ ২৮ হাজার মেলাফাইডি কেস ছিল মাত্র ৫ হাজার কেস কনটেস্টেড। মেলাফাইডি কেস কনটেস্ট করার জন্য কি অবস্থা হয়েছে তা জানি না। আগে ৮ লক্ষ একর ছিল বনভূমি, এখনও তাই আছে। আগে ছিল যেখানে ২ লক্ষ ১১ হাজার ৪৫ একর, অন্যান্য জমি সেখানে এখনও তাই। সেই জমিগুলি যাতে বিনা পয়সায় চাষীকে দেওয়া যায় তার ব্যবস্থা করা দরকার। শেষকালে আমি সার্কেল কমিটির মধ্যে এইটুকু দাবি করব যে, ভূমি সংস্কার যদি কার্যকরী করতে হয়, তা হলে সেখানে সর্বদলীয় প্রতিনিধি থাকা দরকার এবং যেখানে জমির ব্যাপার, সেখানে চাষীদের প্রতিনিধি না থাকলে জমি বিলির কোন সুরাহা হবে না।

Shri Apurbalal Majumdar:

মাননীয় ডেপুটি স্পীকার, ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ খাতে যে বরাদ্দ আজ মন্ত্রী-মহাশয় এখানে উত্থাপন করেছেন, আমি তার বিরোধিতা করতে দাঁড়িয়েছি। আমরা ল্যান্ড এবং ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট সম্বন্ধে বা এই খাত সম্বন্ধে যখন আলোচনা করি, তখন প্রথমে একটা কথা আমার মনে পড়ে যে কিছুদিন পূর্বে বর্তমান ফাইন্যান্স মিনিস্টার, তিনি বলেছিলেন ডিপার্টমেন্ট সম্পূর্ণভাবে তুলে দেওয়া দরকার, তার কারণ, যে টাকা আদায় হয় তার চেয়ে বেশী বাজে ব্যয় হয়। অবশ্য ফাইন্যান্স মিনিস্টার হিসাবে আজকে হয়ত তিনি সে কথা বলবেন না। সেদিন হাউসে একজন সাধারণ সদস্য হিসাবে তিনি এই কথা বলেছিলেন। তবে অন্য দৃষ্টিকোণ থেকে এই কথা বলছি যে, ভূমি সংস্কার আইন পশ্চিমবাংলা এবং ভারতবর্ষে সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। তার কারণ ভূমি সংস্কারের মূলগত আদর্শ বা নীতি কি ছিল, ল্যান্ড ডিস্ট্রিবিউশন, ভূমিহীন কৃষকদের মধ্যে জমি বণ্টন। সেদিন জমিদারী উচ্ছেদের বিরুদ্ধে বাংলাদেশের এবং ভারতবর্ষের মানুষ একযোগে লড়াই করেছিল। কৃষকরা এগিয়ে এসেছিল কেন, তারা ভেবেছিল যে, বাড়তি জমিগুলি তাদের হাতে পাওয়া যাবে, জমি সমবণ্টন হবে এবং আমাদের দেশের ক্ষেত মজুররা কিছু জমি পাবে। কিন্তু জমিদারী উচ্ছেদ ঠিকই হলো, ভূমি সংস্কারও হলো, কিন্তু ভূমি সংস্কার যা তাঁরা করলেন, অর্থাৎ জমিদারী দখল আইনে পশ্চিমবঙ্গে যে চেহারা ছিল ভূমির তার কোন আমূল পরিবর্তন বা মৌলিক পরিবর্তন হয়েছে কি? ভূমি সংস্কার আমাদের দেশে কোন রূপান্তর আনে নি বা মূলগত পার্থক্য সৃষ্টি করে নি। এটা আমরা দেখছি ন্যাশানাল স্যাম্পল সার্ভে বা ভূমি সংস্কার আইন পাশ হবার পূর্বে জমিদারী উচ্ছেদের ব্যাপারে সারা ভারত-বর্ষের বিভিন্ন জায়গায় যে স্যাম্পল সার্ভে হলো, সেই স্যাম্পল সার্ভেতে দেখা গেল যে ক্রমাগত ক্ষেত মজুরদের সংখ্যা বেড়ে চলেছে, এবং বর্গাদার, যারা পরের জমিতে ক্ষেত মজুরী করে বা শেয়ার হিসাবে কাজ করে, তাদের সংখ্যা বেড়ে চলেছে। দেখা যাচ্ছে কনসেনট্রেশান হচ্ছে, অর্থাৎ বেশীর ভাগ কৃষি জমি অল্পসংখ্যক মানুষের মধ্যে কুক্ষিগত হয়ে যাচ্ছে। এই যদি স্যাম্পল সার্ভের হিসাব হয়ে থাকে, তা হলে জমিদারী প্রথা যা ছিল তখন যে চেহারা আমাদের দেশের দরিদ্র গ্রামের মানুষের যে চেহারা, যে নিষ্পেশনের চেহারা ছিল, তথাকথিত ভূমি সংস্কারের পরে আমরা যদি দেখি সেই চেহারা আরও তীব্রতর এবং আরও গভীর বেদনার ছবি ফুটে উঠেছে, তা হলে এই ভূমি সংস্কার এই ডিপার্টমেন্ট সম্বন্ধে কড়া মন্তব্য স্বভাবতই এসে পড়ে। আমরা দেখছি ন্যাশনাল সার্ভে দু-তিন বছর আগে যা হয়েছিল তাতে দেখতে পাচ্ছি টোটাল হাউসহোল্ড যারা, অর্থাৎ শতকরা ৭০ ভাগ, গ্রামের মানুষের হাতে ১৬ ভাগের বেশী নাই চাষীর জমি, এবং আমাদের শতকরা ৭০ ভাগ লোকের মধ্যে ৫ একরের বেশী নাই। শতকরা ১ জন মানুষের দখলে একের-ছয় অংশ আছে, এই চেহারার কি কোন পরিবর্তন আনতে পেরেছেন? ল্যান্ড ডিস্ট্রিবিউশান সম্পর্কে ভূমি সংস্কার আইন যখন এল, তখন এই বিরোধী পক্ষ থেকে বরাবর আমরা এই কথা বলেছিলাম ভূমি বেআইনী করে বড় বড় রাঘব বোয়াল যারা, তারা আইনকে ফাঁকি দিয়েছে এবং নানাভাবে বেআইনী হস্তান্তর করে জমিগুলি আটকে রেখেছে। দীর্ঘদিন ধরে এই বিধানসভার ভিতরে বিভিন্ন সময় উদাহরণ দিয়ে নাম করে বলেছি কে কতটুকু বেআইনী হস্তান্তর করেছে এবং ভূমি সংস্কার আইনকে সম্পূর্ণভাবে ফাঁকি দিয়ে বাংলার নিঃস্ব কৃষকদের ফাঁকি দিয়েছে।

[1-25—1-35 p.m.]

কিন্তু সেদিকে কোন লক্ষ্য দেখি না—যার জন্য ল্যান্ড ডিস্ট্রিবিউশন-এর ক্ষেত্রে আমাদের ভূমি-সংস্কার আইন কৃষকদের মধ্যে কোন উৎসাহ সৃষ্টি করতে পারে নি, যার ফলে বাংলাদেশে লো প্রডাকটিভিটি বিশ্বের মধ্যে সবচেয়ে বেশি, এবং ভারতবর্ষের মধ্যে আমরা পার একার সবচেয়ে কম ফসল ফলাই—ভারতবর্ষের অন্যান্য প্রদেশের তুলনায় রাজস্থান, মধ্যপ্রদেশ, বোম্বে, মাদ্রাজ ইত্যাদি সমস্ত প্রদেশের তুলনায় পশ্চিমবঙ্গের ইতিহাস জঘন্য। আমরা এখানে পার একার কম ফসল ফলাই, কারণ ভূমি সংস্কারের মাধ্যমে বাংলাদেশের চাষীদের মধ্যে আমরা উৎসাহ সৃষ্টি করতে পারি নি, বড় বড় রাঘব বোয়ালদের জমি নিয়ে সেই জমি বণ্টন করতে পারি নি বলে কৃষকরা কোনপ্রকার উৎসাহ বোধ করে না, জমি চাষ করতে আজকে তাদের উৎসাহ নিভে গেছে। আমরা এখানে শুনলাম মাননীয় মন্ত্রিমহাশয় বল্লেন, কৃষিজমি যা আমরা পেয়েছি

সেই জমি বণ্টন করতে পারব, কিন্তু সেই জমি বণ্টন করার নীতি কি? তিনি আগে বলেছিলেন এই হাউসে যে, সর্বদলীয় কমিটির মাধ্যমে যাতে সঠিকভাবে খেতমজুর বা জমিহীন চাষীদের মধ্যে জমি বণ্টন হয়, সেই ব্যবস্থা করা হবে, সেই প্রসঙ্গে বলতে গিয়ে শ্যামাদাসবাবু বল্লেন তার মধ্যে গ্রামের অঞ্চল পঞ্চায়েত থাকবেন, পি ইউ বি থাকবেন। কিন্তু তখন এই হাউস থেকে প্রশ্ন উঠেছিল, দু-একজন মাননীয় সদস্য জিজ্ঞাসা করেছিলেন বিধানসভার সদস্য যিনি সেই অঞ্চলের সভ্য, তিনি থাকবেন কিনা, তাতে তিনি বলেছিলেন, আমি এখন ঠিক করে বলতে পারি না। এখন আমরা সকলেই জানি এইসব সংস্থায় বেশির ভাগই কংগ্রেস মনোনীত লোক থাকেন। রাজনীতিক দলের মুখপাত্র হিসাবে আমরা যারা বিধানসভায় এসেছি এ সম্পর্কে আমাদের বক্তব্য আছে—আমরা বিভিন্ন এলেকার চাষীদের মধ্যে কাজ করি এবং এই ল্যান্ড প্রোবলেম সলিউশান-এর ব্যাপারে, ডিস্ট্রিবিউশান-এর ব্যাপারে আমাদের দৃষ্টিকোণ থেকে আমাদের যা বক্তব্য, যা বলার, সেটা যাতে আমরা বলতে পারি, এটাই আমরা শ্যামাদাসবাবুর কাছে আশা করতে পারি নিশ্চয়ই, তিনি দয়া করে এই হাউসে জানাবেন বিধানসভার সদস্যরা সেইসমস্ত কমিটির মধ্যে থাকবেন কিনা, স্থানীয় এম এল এ-রা সেইসমস্ত কমিটির মধ্যে থেকে তাঁদের বক্তব্য রাখতে পারবেন কিনা। যাই হোক, ল্যান্ড ডিস্ট্রিবিউশান সম্পর্কে আমি বিহারে দেখেছিলাম সারপ্লাস ল্যান্ড কিরকমভাবে ডিস্ট্রিবিউশান হচ্ছে। বিহার ল্যান্ড রিফরম অ্যাক্ট, ১৯৫৯, এই অ্যাক্ট-এ সারপ্লাস ল্যান্ড কিভাবে ডিস্ট্রিবিউশান হবে তার কতগুলি ধারা উপ-ধারা দেওয়া আছে। কিন্তু আমাদের এখানে ল্যান্ড-এর ক্ল্যাসিফিকেশান নাই, আমাদের এখানে ২৫ একর জমি মাথা-পিছু রাখতে পারবে, মাথা-পিছু ২৫ একর করে যদি ফ্যামিলিতে ৫ জন থাকে, তা হলে ৫×২৫ রাখতে পারবে, যদিও মাইনর হোক বা চাষ না করুক। বিহারে ক্ল্যাসিফিকেশান করা হয়েছে, এই ক্ল্যাসিফিকেশান অনুযায়ী ক্লাস ওয়ান ২০ একর রাখবার বন্দোবস্ত আছে, কিন্তু সারপ্লাস ল্যান্ড ডিস্ট্রিবিউশান-এর কতগুলি বিধি আইনের মাধ্যমে বেঁধে দেওয়া হয়েছে, ফার্স্ট ক্যাটেগরিতে প্রায়রিটি দেওয়া হয়েছে ল্যান্ডলেস এগ্রিকালচারাল ওয়ার্কারদের। এই জমিগুলি চাষ করা হবে বাই এ কো-অপারেটিভ ফারমিং এবং ম্যানেজড বাই দি ল্যান্ডলেস এগ্রিকালচারাল ওয়ার্কারস, যদি সেখানে এগ্রিকালচারাল কো-অপারেটিভ ফারমিং না থাকে, তা হলে যার থেকে জমি নেওয়া হয়েছে, তার জমির পরিমাণ যদি ৫ একরের কম হয়ে থাকে, তা হলে তাকে দিয়ে জমি চাষ বন্দোবস্ত করা হবে।

The Hon'ble Syamadas Bhattacharya:

কত জমি পাওয়া গিয়েছে।

Shri Apurbalal Majumdar:

এখন আমার কাছে তার হিসাব নাই।

সারা ভারতবর্ষের ক্ষেত্রে ভূমি সংস্কার বিরুদ্ধে যে মত, তার কথা আমি প্রথমেই বলেছি যে এই ভূমিসংস্কার ব্যবস্থা কৃষি সম্প্রদায়ের মধ্যে উৎসাহের সঞ্চার করতে পারে নি। তবে সেখানে ল্যান্ড ডিস্ট্রিবিউশনের ক্ষেত্রে বিহারের কতকগুলি প্রিন্সিপল তারা বেঁধে দিয়েছেন, প্রায়রিটি তাঁরা বেঁধে দিয়েছেন। সেই প্রিন্সিপলসের দিকে আমি শ্যামাদাসবাবুর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যেন সেগুলি একটু দেখে নেন। আর আমার সময় কম বলে আমি সেইসমস্ত ডিটেল ডিসকাসনে যেতে পারছি না। ভূমি বণ্টন আমরা দেখছি যে, ৫ একর জমির নিচে যার জমি আমরা বলেছি শতকরা ৭০ ভাগ লোকের জমি ৫ একরের নীচে এবং এই ৫ একর জমি ছাড়া যারা বর্গাদার, তাদের সম্বন্ধে শ্যামাদাসবাবু বলছেন যে যারা বর্গাদার তাদের উচ্ছেদের সংখ্যা কমে যাচ্ছে। কিন্তু যেগুলো উচ্ছেদের কেস ছাড়া উচ্ছেদ হয়, শ্যামাদাসবাবু তার স্ট্যাটিসটিক্স দিতে পারবেন কি? আমরা জানি গ্রামে গ্রামে সব সময়ে আমরা কোর্টে গিয়ে তার বিরুদ্ধে মামলা দায়ের করে উচ্ছেদ করে যে প্রথা আছে, বর্গাদার আইন অনুসারে সেই বর্গাদার অ্যাক্টে সেইভাবে কেস না করে উচ্ছেদ চলছে এবং যখন এই রিভিসন্যাল সেটেলমেন্ট হোল, তাতে আমরা জানি যে, বহু চাষী নিজেরা স্বইচ্ছায় বর্গাদার হিসাবে লেখাবার চেষ্টা করেন নি।

কারণ, চেষ্টা করলে জমি থেকে উচ্ছেদ হয়ে যাবে। সেই ভয়ে বিভিন্ন জায়গায় বর্গাদাররা লেখাতে সাহস পান নি। যেসমস্ত জায়গায় শ্রমিকদের বর্গাদারদের মধ্যে সংগঠন শক্তিশালী ছিল শুধু সেইসমস্ত জায়গায় তারা বর্গাদার হিসাবে নাম রেকর্ড করবার চেষ্টা করেছে। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে বর্গাদাররা নাম লেখান নি। তা ছাড়া আইনের মাধ্যমে কেস করা ছাড়া যে-সমস্ত জায়গায় জোর করে উচ্ছেদ হয়েছে, যেখানে বড় বড় সমস্ত উচ্ছেদ হয়েছে, সেখানে তারা লেখাতে রাজী নয় এবং ১ শত টাকা, ২ শত টাকায় বর্গাদাররা জমি ছেড়ে দিয়েছে। কারণ, তারা জানে ২-৩ বছর ধরে মামলা লড়বার ক্ষমতা তাদের নেই। কাজেই অধিকাংশ ক্ষেত্রে আমরা গ্রামে দেখেছি যে, জোতদাররা যারা চাষ করে না, তারা কোনসময়ে ১ শত টাকা বা কোন সময়ে ২০০ টাকা দিয়ে জমি ছাড়িয়ে নিয়েছে। এইরকম বহু ঘটনা আছে, যেগুলো শ্যামাদাস-বাবুর স্ট্যাটিসটিক্স-এর বাইরে, এবং সেগুলির হিসাব রাখবার উপায় নেই। কাজেই কটা মামলা হোল বা না হোল, সেটা জানা নেই। জোতদাররা উচ্ছেদ করতে চাচ্ছে না। তাদের সদ্‌বুদ্ধির উদয় হয়ে গেছে এইরকম ধরনের বক্তব্য যদি রাখবার চেষ্টা করেন, তাহলে ভুল হবে। আমি বিশেষ করে শ্যামাদাসবাবুর দৃষ্টি আকর্ষণ করছি যে এমন জায়গা আছে যেখানে বর্গা-দারদের জমি থেকে উচ্ছেদ বারণ হয়ে গেছে। যেমন ধরুন আমরা দেখছি কেরেলা রায়ত টেনেন্ট প্রটেকশান বিল অফ ১৯৬২। ১৯৬২ সালে এই আইন পাশ করেছেন কেরেলা রায়তওয়ারী টেনেন্সি অ্যাক্ট—এই অ্যাক্টে অকুপায়ার্স অফ হার্ট হাউস সাইডস যারা লাইসেন্সি অনুমোদিত দখলিকৃত তাদের ক্ষেত্রে উচ্ছেদ বারণ হয়ে গেছে। শুধু তাই নয়, যারা শেয়ার ক্রপার্স তাদের ক্ষেত্রেও উচ্ছেদ বারণ হয়ে গেছে। বর্গাদাররা সেইভাবে বিভিন্ন জায়গায় আমাদের এখানে উচ্ছেদ হচ্ছে লিখিত এবং অলিখিত ভাবে। কেসের মাধ্যমে কিছু টাকা তাদের দেওয়া হচ্ছে, সেটা তারা রুখতে পারতেন। যদি তারা একটা আইন পাশ করে বর্গাদার যদি ঠিকভাবে জমি চাষ করেন, তা হলে তারা জমি থেকে উচ্ছেদ হবেন না। কেরালায় ১৯৬২ সালে যেভাবে তাদের প্রটেকসন দেওয়া হয়েছে এইরকম ভাবে যদি পশ্চিমবাংলায় প্রটেকসন দিতেন, তা হলে আমার মনে হয় খানিকটা তাদের মধ্যে উৎসাহের সঞ্চার হত। কেন এই কথা বলছি এই জন্য যে, বর্গাদাররা পশ্চিমবাংলায় শতকরা একের তৃতীয়াংশ জমি নিজেরা চাষ করে। আপনি জানেন এই ক্ষেত মজুর ছাড়াও জমির সংগে জড়িত এস্টেট লেবারার্স আছে, যারা জমি চাষ করছে। পশ্চিমবাংলা বা ভারতের মোটামুটি হিসাবে যারা কোন দিন জমি চাষ করে না, লাঙল ধরে না, যেটা তাদের ভদ্রতার কলংক বলে মনে করেন তাঁরা পশ্চিমবাংলার শতকরা ৷ অংশ জমি দখল করে রেখেছে। অর্থাৎ যাদের জমির সংগে কোন সম্পর্ক নেই তারাই এত জমি দখল করে রয়েছে।

[1-35—1-45 p.m.]

উচ্ছেদের ক্ষেত্রে কেরালা যে আইন পাশ করেছেন এই রকম না হোক অন্তত কিছুটা প্রটেকশন দেবার ব্যবস্থা করুন। এটা আমি বলছি এই জন্য যে প্রটেকশন যদি না দেন তাহলে আমাদের পশ্চিম বাংলায় বা ভারতবর্ষে প্রডাকটিভিটি বাড়াবার কোন সম্ভাবনা নেই। আমাদের দেশে যারা জমির কাজ কর্ম করে তাদের আয় কত, এভারেজ লেবার প্রডাকটিভিটি পশ্চিম বাংলায় কত বা ভারতবর্ষে কত, এভারেজ লেবার প্রডাকটিভিটি তা যদি দেখি তাহলে আমরা দেখবো ওয়েস্ট জার্মানী এবং নিউজিল্যান্ডে যে প্রডাকটিভিটি তার ওয়ান-থারটিনথ্ লেবার প্রডাকটিভিটি ইন ওয়েস্ট বেংগল অ্যান্ড ইন্ডিয়া এবং জাপান এবং ইউ কে-তে অ্যাভারেজ লেবার প্রডাকটিভিটি অফ এগ্রিকালচারাল ওয়ার্কার তার ১।১২ অংশ আমাদের পশ্চিম বাংলায় বা ভারতবর্ষে নয়। কাজেই এই যে লো প্রডাকটিভিটি এর আজকে কারণ কি? কারণ হোল ক্ষেত মজুরের যাঁরা চাষ করেন তাদের যদি প্রটেকশন না দেন উচ্ছেদের বিরুদ্ধে এবং ল্যান্ড ডিস্ট্রিবিউসন যদি আপনারা না করেন তাহলে সে উৎসাহ তাদের মধ্যে কখনও দেখা দেবে না। আমাদের এখানে সিলিংয়ের যে ব্যবস্থা হয়েছে পার হেড নট ফেমেলি ইউনিট—আমরা যে ২৫ একর করে জমি দিয়েছি আজকে এই যে ৪।৩ লক্ষ একর জমি আপনাদের হাতে আসছে এর কারণ কি। এর কারণ একদিকে যেমন বড় বড় জমিদার, জোতদাররা বেনামী দলীল সৃষ্টি করে নূতন নূতন ট্রাস্ট সৃষ্টি করে জমি আপনাদের হাত থেকে ছিনিয়ে রেখেছে অন্যদিকে তেমনি আপনাদের আইনের সুযোগ দিয়েছেন মাথা পিছু ২৫ একর—এই মাথা পিছু ২৫ একর জমি নিয়ে ল্যান্ড ডিসট্রিবিউশনের জন্য সামান্য জমি ছাড়া

আর কিছু পাবেন না। কারণ আপনি নিজেই সুযোগ করে দিয়েছেন বড় বড় জমিদার, জোতদারদের নূতন নূতন দলিল সৃষ্টি করে জমি সরিয়ে রাখার। এখন প্রশ্ন হচ্ছে ছোট ছোট জমির যে ফসল তার উৎপাদন ক্ষমতা কত। বড় বড় জমি যদি আমরা রাখি তাহলে তার প্রডাকটিভিটি বেশী কিনা সেটা দেখা যাবে। হিসাব করে দেখেছেন প্রফেসার কান্তিওয়ালা, এবং ভারতের বিভিন্ন জায়গায় ফার্মের প্রডাকটিভিটি যদি হিসাব করে দেখা যায় তাহলে দেখা যাবে ৫ থেকে ১০ একর জমি যেখানে চাষ করে সেখানে ফার্মের প্রডাকটিভিটি ম্যাক্সিমাম। অর্থাৎ পার একর হানড্রেড অ্যান্ড থার্টি ওয়ান রুপিস প্রডাকসন হতে পারে। আর যদি ৫ থেকে ১০ একরের বেশী জমি হয়ে থাকে তাহলে আস্তে আস্তে পার একর প্রডাকসন এবং ইনকাম অব দি ফার্ম আস্তে আস্তে কমে যায়। এই যদি হিসাব হয় তাহলে আমরা আমাদের দেশে কেন ৫ থেকে ১০ একরএ হোল্ডিং-এর সিলিংকে কমিয়ে আনতে পারবো না। সিলিংকে নামিয়ে এনে আমরা ১৫ টা ১২ একরে যদি আনতে পারি, তাহলে প্রডাকটিভিটি বা ইনকাম পার একর, অথবা ম্যাক্সিমাম বা অপটিমাম প্রডাকসান আমরা পেতে পারি। ডেপুটী স্পীকার মহাশয়, সময় আমার কম তবুও আমাকে বলতে হচ্ছে জমিদারী কমপেনসেসন ব্যাপারে সরকার গত বার স্বীকার করেছিলেন আমরা জমিদারী কমপেনসেসন ধরেছিলাম ৪ কোটি টাকা সেখানে ১ কোটি ৯২ লক্ষ মাত্র দিয়েছি। পশ্চিম বাংলায় যে কমপেনসেসন আমরা দেবো তার পরিমাণ ৭০ কোটি টাকা। আজ পর্যন্ত ১২ কোটি টাকা আমরা দিয়েছি–৭০ কোটি টাকা কমপেনসেসন দিতে গেলে যে রেটে আমরা দিচ্ছি তাতে আগামী ৩০ বছর ধরে কমপেনসেসন দেওয়া সম্ভব হবে না। বন্ডস আপনারা দেবেন, ৭০ কোটি টাকার মধ্যে ২০ কোটি টাকা আমরা দিচ্ছি–১৮ কোটি টাকা আমরা দিচ্ছি এ্যাজ ইন্টারেস্ট। আমরা দেখছি এই কমপেনসেসন অন্ধ্রে ১৫ কোটি, আসামে ৫ কোটি, বোম্বে ২৮ কোটি, মধ্যপ্রদেশে ২২ কোটি, মাদ্রাজ উড়িষ্যায় রাজস্থানে ৭ কোটি। কিন্তু আমরা পার একর কত কমপেনসেসন দিচ্ছি? আমরা দিচ্ছি ২০ টাকা। অন্ধ্র এবং মাদ্রাজ পার একর ১৫ টাকা করে দিচ্ছে।

(এই সময়ে লাল আলো জ্বলে—এবং মাননীয় সদস্য তাঁর আসন গ্রহণ করেন।)

Shri Nathaniel Murmu:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় রাজস্বমন্ত্রী বাজেট পেশ করতে গিয়ে পশ্চিম বাংলার যে চিত্র এঁকেছেন, তাতে আমরা আশান্বিত হতে পারি নি। আমি তো দূরের কথা তিনি নিজে যে রিপোর্ট দিয়েছেন, তার মধ্যে একটি হতাশার সুর রয়েছে। আমি গতবারে যে কথা তুলেছিলাম এবারও তাই হয়েছে—এটা করা হয় নাই, সম্ভব হয় নাই, আশানুরূপ হয় নাই। বিশেষ করে ভূমি সংস্কার আইনের ১০(২) ধারামতে সরকারী আওতায় যে জমি এসেছে, সেই ভেস্টেড জমি বিলি বন্টনের ক্ষেত্রে গত বছর এই বিধানসভায় যে জটিলতার কথা উল্লেখ করেছিলেন, আমার মনে হয় সেই জটিলতা এখন আরো বেড়েছে। ভূমি সংস্কার ব্যাপারটা যত বিলম্বিত করা হবে, ততই এর জটিলতা বাড়বে। ভূমি সংস্কার সম্বন্ধে নাগপুর কংগ্রেস অধিবেশনে তাঁরা বলেছিলেন ভূমিহীন চাষীদের মধ্যে জমি বিলি করা হবে এবং ইকনমিক হোল্ডিং যে সব ক্ষেত্রে সম্ভব হবে না, সেখানে কো-অপারেটিভ ফার্মিং করা হবে। সেই সময় এই জিনিসটা যে জায়গায় দাঁড়িয়েছিল, আজও সেটার কাছাকাছি তো নয়ই আরো দূরে সরে যাচ্ছে। নাগপুরের প্রস্তাবটা এখন স্বপ্নের জিনিস হয়ে দাঁড়িয়েছে।

ভেস্টেড জমিতে বাংলাদেশের কি ক্ষতি হয়েছে রাজস্ব আদায়ের ব্যাপারে, সে কথা এখন বলবো। ভূমি সংস্কার আইন ১৯৫৪ সালে পাশ করা হয়েছে। ভূমি গ্রহণ সেখান থেকে গ্রহণ করবার কথা থাকলেও আজ পর্যন্ত নেন নাই। সেই সমস্ত জমি তখনও যাদের দখলে ছিল, তাদের কাছে আজও রয়েছে। এ ক্ষেত্রে রিভিসন অফ রেকর্ড অনুযায়ী জমি বিলি বন্টনের

ব্যবস্থা করা হবে। এই সময় সরকার যে ফসলের অংশটা রিবেট পেতে পারতেন, সেই টাকাটা কার কাছ থেকে তাঁরা আদায় করবেন? জোতদার ও চাষী যে সেই জমিটা দখল করে আছে, তার প্রমাণ নাই—রেকর্ড অন্য রকম হচ্ছে। তা প্রমাণ করতে গেলে প্রত্যেকটা জোতদারের বিরুদ্ধে কোর্টে মামলা করতে হবে। সেই ১৯৫৪ সাল থেকে ক্ষতিপূরণের টাকা। দখলের টাকা আমরা কয়েক কোটি টাকা পেতে পারতাম। সেই টাকা কে দেবে? সেই সম্পর্কে রাজস্বমন্ত্রীকে অনুরোধ করছি, সেখানে যে বিশৃঙ্খল অবস্থা আছে, তার প্রত্যেকটা ক্ষেত্রে টাকা আদায়ের জন্য মামলা করা সম্ভব কি না—সেটা ভেবে দেখুন। রেন্ট স্টেজে জমির পরিমাণ অনুযায়ী খাজনা ধার্য করা হবে। আজ পর্যন্ত তা হল না। গত বছর বলেছিলেন যে এই আইন যথাযথভাবে চালু করতে জলপাইগুড়ি জেলাতে চেষ্টা করবো। কি ফল হয়েছে? এক বছর হয়ে গেল, সেখানে কি হল তার কোন খবর পেলাম না। আমি বেসরকারীভাবে জানি যে সেখানে ভেস্টেড জমি নিয়ে মারামারি পর্যন্ত হয়েছে। জলপাইগুড়ি জেলার মাদারিহাট থানায় জোতদার মারামারি করেছে, গুলি পর্যন্ত চালিয়েছে। সেখানে সরকার এগিয়েছেন, কি পেছিয়েছেন তা জানতে পারি নি।

তারপর ভূমি সংস্কার আইনের মধ্যে বিরাট অসঙ্গতি রয়েছে। এই আইনের উদ্দেশ্য হচ্ছে ভূমিহীন চাষীকে জমি দেওয়া, উৎপাদন বাড়িয়ে বাংলা দেশের অবস্থা ভালোর দিকে যাওয়া। কিন্তু রুলসে উলটো কথা বলছে। ভূমি সংস্কার ব্যাপারে যত বিলম্ব করা হবে, যত বেশী সংশোধনী আনুন না কেন, অবস্থা আয়ত্তের বাইরে চলে যাবে। যেমন হাঁড়ির একটা ভাত টিপলেই সমস্ত হাঁড়ির খবর জানা যায়, তেমন এখানেও আমরা সেইটা বুঝতে পারছি, ভূমি সংস্কার করতে গিয়ে যে জটিলতার অভিজ্ঞতা হচ্ছে তাতে আমি বলবো আর একটা নূতন কমপ্রেহেনসিভ ব্যাপকতর আইন আপনি আনুন, যাতে করে ফসলের ভাগ বাটোয়ারা সম্পর্কে ব্যবস্থা থাকবে, খাজনা সম্পর্কে ব্যবস্থা থাকবে; একটা ইউনিফরমিটি থাকবে, কোন অরাজকতা তার মধ্যে থাকবে না। সেই রকম আইন সম্পর্কে চিন্তা করবার যথেষ্ট আইনজ্ঞ লোক আপনাদের আছে, আই এ এস অফিসার্স আছেন, আই সি এস অফিসার আছেন। শ্যামদাসবাবু নিজেও অভিজ্ঞ লোক, তাঁরা সবাই মিলে একটা আইন তৈরী করুন। সেই নূতন আইনকে রিট্রসপেকটিভ এফেক্ট দিয়ে চালু করবার ব্যবস্থা করুন। তাহলে আপনাদের এই অসহায় অবস্থাটা হয়ত আয়ত্তে আসতে পারে।

[1-45—1-55 p.m.]

অন্য দিকে নাম-খারিজের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। একজনের জমিতে অনেকগুলি লোকের নাম থাকে, সেই বিভিন্ন নামের জমি হস্তান্তর হয়; কিম্বা সেই জমির একজন কি দুজন লোক খাজনা দিল না, তার জন্য সমস্ত সম্পত্তিটা নিলাম হয়। জমিদারী আমলে নাম-খারিজ ইত্যাদি হত। কিন্তু বর্তমান ভূমি সংস্কার আইনে এ সম্বন্ধে সম্পূর্ণ নির্দিষ্টভাবে কোন সুস্পষ্ট উল্লেখ নেই। এর পিছনে যাঁরা আছেন, তাঁরা এ সম্বন্ধে একটা রুলস ফ্রেম করে কোর্টের কাছে গিয়ে আবেদন করে, সেটেলমেন্ট অফিসে নাম-খারিজের ব্যবস্থা করতে পারতেন, তাহলে রায়তি প্রজারা এই হার্ডশীপ-এর দিনে বাঁচতে পারত এবং সরকারেরও তার কোর্ট ফি বাবদ কয়েক লক্ষ টাকা আসত। কাজেই, এই জটিলতা যাতে এক বছরের মধ্যে দূর করা যায় তার জন্য বিশেষভাবে আমি রাস্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অন্য দিকে মিন্স অফ প্রডাকশন বা ভূমির ফসল উৎপাদনের ক্ষেত্রে জটিলতা রয়েছে। মিন্স অফ প্রডাকশন-এর মূল কথা হচ্ছে এক নম্বর তার জমি, দ্বিতীয় কৃষি মূলধন, এবং তৃতীয় হচ্ছে কৃষি মূলধন দিয়ে ভূমি ও চাষীর সহযোগিতায় একটা স্বাস্থ্যকর পরিবেশ চালু করা। সেটা করতে গেলে, তাঁরা আজকে যেটা বলছেন ল্যান্ড রিফরমস এডভাইসরি কমিটি করবেন এবং তার মধ্যে ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট ও অঞ্চল প্রধানরা থাকবেন। কিন্তু আমরা জানি ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট ও অঞ্চল প্রধানরা, শতকরা ৮০ জন বড় বড় জোতদার। তাঁরা যদি ল্যান্ড রিফরমস এডভাইসরি কমিটিতে আসেন, তাহলে সরকারী আমলে তাঁদের যে দুর্নাম আছে, অর্থাৎ তাঁদের কিছু রুই মাছ, মুর্গি ঘুষ দিলেই সব ব্যবস্থা হয়ে যায়; এ রকম এখানেও হতে পারে। সুতরাং তাঁদের দ্বারা ভূমি সংস্কার আইনটা একটা প্রহসনে পরিণত হবে বলে আমরা আশঙ্কা করি। অবশ্য শ্যামাদাস

বাবুকে ব্যক্তিগতভাবে আমরা জানি তিনি খুব সৎ লোক। তাঁর আন্তরিকতা ও সততা যতই থাকুক না কেন, গ্রাম বাংলার এই রুই, কাতলার দল রয়েছে, যাঁদের ল্যান্ড রিফর্মস কমিটিতে ও এ্যাডভাইসরি কমিটিতে প্রেসিডেন্ট বা অঞ্চল প্রধান করে নেওয়া হবে, তাঁরা গ্রাম সভায় নির্বাচিত প্রতিটি সিট ছলে বলে কৌশলে গুন্ডাবাজী করে দখল করবার চেষ্টা করবেন। এর ফলে ভূমি সংস্কার আইন সম্পূর্ণরূপে ব্যর্থ হবে। গণতন্ত্র সম্পূর্ণরূপে ব্যর্থ হবে। হয়ত তাঁরা এখানে বলবেন আমরা জনপ্রতিনিধির মাধ্যমে ভূমি সংস্কার কমিটিতে নির্বাচিত হয়ে, ভূমি সংস্কারের ব্যবস্থা করছি। কিন্তু তাঁরা নির্বাচিত হয়েছেন টাকার জোরে, মাছের জোরে, লাঠির জোরে। তাঁরা ভূমি সংস্কার ব্যবস্থাকে ব্যর্থতায় পর্যবসিত করবেন, এটা সুনিশ্চিত। কাজেই সমস্ত বিষয়টা নূতনভাবে চিন্তা করবার সময় এসেছে। বাংলার জমির উপর চাপ সবচেয়ে বেশী, তাকে লঘু করার প্রয়োজন হবে। জমি সংস্কারের ব্যাপারে বাস্তব দিক দিয়ে দেখে চেষ্টা করতে হবে। শুধু কয়েক জন, এম এল একে নিয়ে বা গ্রাম সভার প্রেসিডেন্টকে নিয়ে অঞ্চল পঞ্চায়েতের প্রধানকে নিয়ে এই সমস্যার সমাধান করা যাবে না। এটা চিন্তা করবার বিষয়। বাস্তব দৃষ্টিভঙ্গি দিয়ে, এর বিভিন্ন দিকগুলি চিন্তা করতে হবে। কমলবাবু যা বলেছেন তার সঙ্গে আমি একমত যে বিধান সভার মধ্যে একটা এ্যাডভাইসরি কমিটি করা হোক সেই সমস্ত মেম্বারদের নিয়ে, যাঁদের পশ্চিম বাংলার ভূমি সংস্কার সম্বন্ধে ইন্টারেস্ট আছে, অভিজ্ঞতা আছে এবং সেই কমিটিতে আজ পর্যন্ত বেঙ্গল টেনেন্সী এ্যাক্ট ও ল্যান্ড রিফর্ম-এর আইন পর্যন্ত এবং বাংলা দেশের ভূমি বিবর্তনের বিভিন্ন কাজ সম্পর্কে খুঁটিনাটি আলোচনা করবার পর হাউসের সামনে একটা রিকমেণ্ডেসন রাখুন এবং তার ভিত্তিতে যে একটা কম্প্রিহেনসিভ ল বা নূতন আইন হবে, সেটা সর্বত্র প্রযোজ্য হবে; এবং এর জন্য প্রয়োজন হলে অন্যান্য যে সমস্ত আইনের দ্বারা যাঁরা ভূমি সংস্কার আইনের উদ্দেশ্যগুলি ব্যর্থ করে দিচ্ছেন এবং ব্যক্তিগত মালিকানা প্রতিষ্ঠিত করছেন, তা এই আইনের দ্বারা দূর করা সম্ভব হবে।

আমার শেষ কথা, উচ্ছেদের ব্যাপারে শ্যামাদাসবাবু বলেছেন মাননীয় সদস্য অপূর্বলাল মজুমদার মহাশয়ের সঙ্গে একমত যে কোর্টের মাধ্যমে উচ্ছেদ এখন খুব কম লোকই করেন। কিন্তু গ্রামাঞ্চলে বহু জোতদার আছে যারা সেই নবাবী আমলের মত লাঠি পেটা করে আজকেও উচ্ছেদ করে চলেছে। আমাদের জেলায় আছে, আমি নাম করে শ্যামাদাসবাবুকে বলছি, তপন থানায় মদনাহার গ্রামে মহাদেব ভক্ত বলে এক জোতদার আছেন, ডাকসাইটে জোতদার, তার কাছে আইন কানুন চলে না। তার বরকন্দাজ, পেয়াদা, লাঠির কাছে কোন আইন সেখানে চলে না। আমার মনে হয় রাজস্বমন্ত্রী সেখানে গিয়ে সেখানে দাঁড়ালে মার খেয়ে সেখান থেকে ফিরে আসবেন। সুতরাং এই ক্ষেত্রে আমাদের নূতনভাবে চিন্তা করতে হবে। ফসল বাড়াবার যে প্রশ্ন, আমি আগেই বলেছি যে কৃষি মূলধন যোগান বা অন্যান্য জিনিসের জন্যে একটা কো-অর্ডিনেশনের প্রশ্ন আসছে। ফসল বাড়াতে হবে, জমির উৎকর্ষ বাড়াতে হবে, এর জন্য ল্যান্ড রেভিনিউ বিভাগ, এগ্রিকালচার বিভাগ, কো-অপারেটিভ বিভাগ এবং লোক্যাল সেল্ফ গভর্নমেন্ট এই চারটি বিভাগের ষ্ট্রং কো-অর্ডিনেশন থাকা দরকার। বাজেট বক্তৃতার সময় জনৈক মন্ত্রী মহাশয় বলেছিলেন, আমরা তিনটি বিভাগের একটি কো-অর্ডিনেশনের ব্যবস্থা করছি ক্যাবিনেট পর্যায়ে এবং সেক্রেটারীর পর্যায়ে, আমি বলছি তিনটি চারটি করুন। গ্রামাঞ্চলে লোক্যাল সেল্ফ গভর্নমেন্ট বলে একটি জিনিস আছে, গ্রাম্য পঞ্চায়েত, ইউনিয়ন বোর্ড আছে, সেখানে নির্বাচিত প্রতিনিধি যাঁরা যান বা তাঁরাও জনদরদী আছেন, সুতরাং এইভাবে সমস্ত পর্যায়ে এই কো-অর্ডিনেশন থাকা দরকার। তাদের এ্যাডভাইসরি পাওয়ার থাকবে, অটোনমাস কোন বডি নয়। কিন্তু সেই এ্যাডভাইসরি কমিটির সাজেশনগুলি যদি আমরা কাজে লাগাই ফসল বাড়ানোর ক্ষেত্রে তাহলে সেখানে যে অসুবিধাগুলি রয়েছে, সেখানে চাষী এবং সরকারের মধ্যে যে বিরোধ রয়েছে সেগুলি তাড়াতাড়ি দূর করতে পারা যাবে।

চা-বাগান সম্পর্কে মাননীয় রাজস্ব মন্ত্রী মহাশয় বলেছেন। চা-বাগানের আওতায় যে জমিগুলি ছিল সেই জমিগুলির খবর তিনি রাখেন কিনা জানি না, আমি জলপাইগুড়ি গিয়েছি, সেখানকার দুইজন মাননীয় সদস্যও এখানে আছেন, যে জমিটা দখল করার তিনি আশা করছেন, আমি তাকে বলছি সেই জমিতে চা-বাগানের মালিকরা বাঁশগাড়ি করে দিয়েছে,

বাঁশ যেখানে রোপণ করা হয়ে গিয়েছে, বাঁশের জংগল সেখানে হয়েছে। সুতরাং তিনি যদি সেখানে এনকোয়ারী করতে যান, যেয়ে দেখবেন অনাবাদী সে জমি পড়ে নেই, সেই জমিতে বাঁশের জংগল হয়েছে। এবং এখন যদি দেরী করেন তাহলে সেখানে এক ছটাকও জমি পাওয়া যাবে না। জলপাইগুড়ির চা-বাগানে বাঁশ গাছ গজিয়ে উঠবে, গজিয়ে উঠেছে, এবং এটাকে সম্পূর্ণ তাঁরা ব্যর্থ করে দেবেন। শেষ কথা হচ্ছে সেটেলমেন্ট সম্পর্কে তিনি বলেছেন সেটেলমেন্টের যে রিভিশন চলছে সেই রিভিশনের ক্ষেত্রে, বিশেষ করে ইসলামপুর মহকুমার কথা আমি তাঁকে গতবারে বলেছিলাম, পশ্চিম দিনাজপুর জেলার ইসলামপুর মহকুমা সেটা বিহার থেকে এসেছে, সেখানে বিহার টেনান্সী এ্যাক্ট চালু ছিল। বিহার টেনান্সী এ্যাক্ট ও বেংগল টেনান্সী এ্যাক্টের মধ্যে অনেক বিষয়ে পার্থক্য রয়েছে। সেখানে চুকানী স্বত্ব বলে একটা স্বত্ব রয়েছে। সেই স্বত্বেও একটা লোক ১০ বৎসর, ২০ বৎসর, এমন কি ৪০ বৎসর একটা জমি ভোগ দখল করা সত্ত্বেও তার কোন স্বত্ব আসে না। এবং ইসলামপুর মহকুমার গরীব চাষীদের শতকরা ৮০ জন এই স্বত্বেও তার জমি চাষ আবাদ করছে। এখন বেংগল ল্যান্ড রিফর্ম এ্যাক্ট যখন সেখানে চালু হচ্ছে তখন জোতদাররা পূর্ববংগ থেকে যেসব উদ্বাস্তু আসছে তাদের কাছে জমিটা বিক্রি করে দিচ্ছে বা নূতন পত্তন দিচ্ছে। এবং পত্তন দেবার ফলে যারা ২০।২২।৪০ বৎসর চুকানী স্বত্বে জমিটা ভোগ করছে, নূতন যে জোতদার, জমির মালিক হচ্ছে সে কোর্টে গিয়ে উচ্ছেদ দাবী করছে। এর জন্য মারামারি হচ্ছে এবং গোয়ালপুকুর থানায় এইভাবে মারামারি হয়ে ৮টি লোক মারা গিয়েছে। এখন ইসলামপুর মহকুমায় পশ্চিমবংগ ভূমি সংস্কার আইনকে চালু না করে এখন যেভাবে চলছে সেইভাবে যদি চলতে দেওয়া হয় তাহলে অবস্থা আরো ঘোরালো হবে। কাজেই সেখানকার জন্য আমি বলছি একটা স্পেশ্যল কমিশন নিয়োগ করা হোক। রাজস্ব মন্ত্রী নিজে এবং তাঁর কয়েকজন বিশ্বস্ত কর্মচারী নিয়ে অন্ততঃ পশ্চিম দিনাজপুর জেলায় ইসলামপুর মহাকুমার বাস্তব অবস্থাটা জেনে আসুন এবং যাতে সেখানকার রিভিশন সেটেলমেন্ট সেখানকার বাস্তব অবস্থা অনুযায়ী হয় এবং যারা ৪০।৫০ বৎসর ধরে চুকানী স্বত্বে জমিটা দখল করছেন সেটা যাতে তাঁদের বেদখল না হয় তার ব্যবস্থা করবেন। আমি এই কথাই বলে আমার বক্তব্য শেষ করছি।

[1-55—2-5 p.m.]

Shri Abani Kumar Basu:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ভূমি রাজস্ব বিভাগের ব্যয় বরাদ্দকে সমর্থন করতে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে পেশ করছি। স্যার, এখানে একটি কথা উঠেছে আমরা প্রায়ই এই হাউসএ শুনে থাকি যে ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট-এর যত ওভারঅল এক্সপেনডিচার সেটা রাজস্ব বিভাগের আনুপাতিক আয়ের চেয়ে অনেক বেশী। স্যার, আমি যা দেখছি তাতে দেখি যে ল্যান্ড রেভিনিউ এক্সপেন্ডিচার যেখানে আমরা ধরেছি ৭ কোটি ৭১ লক্ষ টাকা, সেখানে অর্ডিনারী এক্সপেনডিচার-এর মধ্যে ধরা হয়েছে ৪ কোটি ৯৩ লক্ষ টাকা। আজকে ওয়েস্ট বেঙ্গল এস্টেট ফিগার যা কালকুলেট করা হয়েছে সেটা আমার মনে হয় একটু মিসলিডিং। সেখানে বলা হয়েছে ৫৭·৪ পারসেন্ট কিন্তু যদি সিভিল বাজেট এস্টিমেট ১৩২।৩৩ পাতায় দেখা যায়, তাহলে আমরা দেখতে পাই ম্যানেজমেন্ট অফ এক্স-জমিনদারী এস্টেট সেখানে ধরা হয়েছে ১ কোটি ৫২ লক্ষ টাকা—এর মধ্যে কালেকশন কস্ট যেটা তহশীলদারদের দিতে হয় সেটা দাঁড়িয়েছে ৫৫ লক্ষ, এর মধ্যে অন্যান্য খরচ ধরা হয়েছে যেমন ইমপ্রুভমেন্ট অফ হাট, বাজার, পেমেন্ট অফ সেলারি অফ জে এল আর, অফ এস এল আর, ও এস এটসেটরা। স্যার, কলেকসন যদি করতে হয় তাহলে জমিনদারী এস্টেট ম্যানেজমেন্ট এর জন্য এই ব্যয় আমাদের করতে হবে। কাজেই আমরা যদি দেখি যে টোটেল ব্যয় কি হচ্ছে তাহলে আমরা দেখতে পাব—দি ফিগার উইল ওয়ার্ক আউট এট সামথিং লাইক ১৮ পারসেন্ট। স্যার, মেলাফাইডি ট্রান্সফার সম্পর্কে বলতে গিয়ে বিরোধী পক্ষের কয়েকজন বন্ধু বলেছেন আজকে যদি মেলাফাইডি ট্রান্সফার রোধ করবার ব্যবস্থা করা না হয় ভালভাবে তাহলে বাংলা দেশের গ্রামীণ অর্থনীতি রিহ্যাবিলিটেটেড হত বলে তারা মনে করেন।

(এ ভয়েসঃ সে কথা কেউ বলে নি।)

মালাফায়েডি ট্রান্সফার রোধ করার জন্য সেকশন ৫এ বিধান আছে যে, কোন জায়গায় কোন স্পেসিফিক কমপ্লেইন্ট যদি হয় নিশ্চয়ই সেই অবস্থার তদন্ত হয় এবং তদন্তের ফলে যদি দেখা যায় যে সেই ট্রান্সফার মালাফায়েডি হয়েছে তাহলে ডিপার্টমেন্ট থেকে সেই ট্রান্সফার ক্যানসেল করার ব্যবস্থা করা হয় এবং করেছেনও—তাই আমি ভূমি রাজস্ব মন্ত্রীর মুখে শুনেছি। আজকে আমরা কি দেখি? বাংলাদেশে জমির উপর যে চাপ সেই চাপের একটি চিত্র আমি আপনার সামনে তুলে ধরতে চাই। ১৯৫১ সালের যে সেন্সাস রিপোর্ট তার ভিতরে আমি দেখেছি যে টোটাল নাম্বার অফ হোল্ডিং আউণ্ড অ্যাণ্ড আন-অউণ্ড কালটিভেটর চাষীর সংখ্যা হচ্ছে ১ কোটি ৩৫ লক্ষ ৭০ হাজার আমাদের পশ্চিম বাংলায়। শুধু তাই নয়—যারা ওয়েজ আর্নারস এগ্রিকালচারাল লেবারারর্স তাদের সংখ্যা ছিল ৩১ লক্ষ ৩৪ হাজার—মোট সংখ্যা হচ্ছে দেড় কোটির উপর। আজকে দেখা যায় ভূমি রাজস্ব মন্ত্রীর একটি উত্তরে পেয়েছি যে আমাদের এই বাংলাদেশের এগ্রিকালচারাল ল্যান্ডএর টোটাল এরিয়া হচ্ছে ১ কোটি ১৭ লক্ষ ২০ হাজার একর যদি সমস্ত কৃষিজীবী মানুষের মধ্যে এই জমি পুনর্বণ্টন করে দেওয়া যায় তাহলে এক একরের বেশী জমি মাথাপিছু পড়ে না। (এ ভয়েসঃ গত পরশু সেচমন্ত্রী বলেছেন ২ কোটি; আপনি বলছেন এক কোটি কোনটা ঠিক?) স্যার, প্রশ্ন উঠেছে কোনটা ঠিক। আমি এখানে ইন্ডিয়ান সোসাইটি অফ এগ্রিকালচারাল ইকনমিক্স, স্টাডিংস ইন ল্যান্ড ইউটিলাইজেশন থেকে আপনার সামনে তুলে ধরতে চাই—যদি কোন বন্ধু দেখতে চান দেখতে পারেন। আমি বলেছি যে পশ্চিমবঙ্গ সরকার ট্যাক্স ইনকোয়ারী কমিশনএর কাছে ১৯৫৩ সালে যে মেমোরেন্ডাম সাবমিট করেছিলেন তা থেকে আমি দেখতে পাই যে জমির উপর চাপ কিভাবে হয়েছে—

20 per cent. who have got land sufficient to maintain their family, 40 per cent. petty owners with less than 2 acres and 40 per cent. wage earners.

কাজেই এটা ঠিক নয় যে আজকে মালাফায়েডি ট্রান্সফার যদি সম্পূর্ণভাবে হত তাহলে গ্রামীণ অর্থনীতির রিহ্যাবিলিটেশন হত। স্যার, সিলিং যেটা পশ্চিমবঙ্গ সরকার ঠিক করেছেন আমি এ সম্পর্কে অন্য কিছু বক্তব্য রাখতে চাই না আমি শুধু এইটুকু বলছি যে এই সিলিং যে সব সময় ইকনমিক সিলিং হয় তা আমি মনে করি না। আজকে রুরাল এরিয়াতে যেটা ইকনমিক সিলিং অন্য এরিয়াতে যেমন পুরুলিয়া বা বাঁকুড়ায় ইকনমিক সিলিং করতে গেলে তা থেকে আরও বেশী লাগে। স্যার, আমরা যদি অন্যান্য সাম্যবাদী রাষ্ট্রের ইকনমিক সিলিংএর চিত্র দেখি তাহলে দেখব সেখানে

economic ceiling is sought to be fixed at a much higher level.

স্যার, আমরা চায়নার দিকে যদি দৃষ্টিপাত করি তাহলে সেখানে দেখব ইকনমিক সিলিং বলে কোন জিনিস নাই। সেখানে সিলিং বলে কোন বস্তু নাই। সেখানে যারা রিচ পেজান্ট্রী তাদের প্রটেক্ট করবার চেষ্টা করা হয়। স্যার, আমি এখানে একটা তথ্য আপনার সামনে রাখতে চাই, এটা হচ্ছে প্যানেল অফ ল্যান্ড রিফর্মস রিপোর্ট অফ দি কমিটিজ, সেখানে স্যার, তারা বলছেন
"Agrarian land reform of the People's Republic of China adopted by the Central People's Government Council on 28th June, 1950,
তাঁরা বলেছেন যে
land owned by rich peasants and cultivated by them or by hired labour and their other properties shall be protected from infringement."

স্যার, এই হচ্ছে চায়নার চিত্র। তারপর স্যার, বায় বরাদ্দের সমর্থন করতে উঠে দুই একটা সমালোচনার কথা না বলে থাকতে পারছি না। আমরা দেখতে পাচ্ছি আমাদের এই রাজ্যে ভেস্টেড ল্যান্ড ৫ লক্ষ ২৪ হাজার একর এবং তার মধ্যে আজ পর্যন্ত সরকার পজেশান নিতে পেরেছেন মাত্র ২ লক্ষ ৯৪ হাজার একর, আমি জানি না কোন কারণে আজ পর্যন্ত তারা সমস্ত ভেস্টেড ল্যান্ডে পজেশান নিতে পারলেন না। এটা নিশ্চয়ই কনগ্রাচুলেট করবার মত কাজ তারা করেন নি বলে আমি মনে করি। যদিও জানি হাইকোর্ট থেকে অনেক ক্ষেত্রে রুল ইসু করে পজেশন নেবার দিক থেকে রেস্ট্রেন করে দিয়েছে। আজকে যদি এ্যানালোগাস কেসগুলির একটা ফিরিস্তি দাখিল করে হাইকোর্টকে যদি বলা যায় যে এইগুলি ডিসপোজাল না হওয়া পর্যন্ত

বাংলাদেশে রিডিস্ট্রিবিউশান অব ল্যান্ড হবে না, বাংলাদেশে ল্যান্ড রিফর্ম চাল্ হবে না, তাহলে আমি মনে করি হাইকোর্ট নিশ্চয়ই এগ্লি স্বরান্বিত করবেন। তারপর কমপেনসেশানের ক্ষেত্রে আমরা যদি দেখি তাহলে দেখতে পাব, এই বছর তাঁরা বলছেন ৩ কোটি টাকার মত তাঁরা ফাইনাল কমপেনসেশান দেবেন। আমি যতদ্র শ্নেছি ক্যাশ কমপেনসেশান প্রায় ২০ কোটি টাকার মত হবে। তর মধ্যে ১৩ কোটি টাকার মত ইতিমধ্যে এ্যাড-ইন্টারিম কমপেনসেশান বা স্পেশাল কমপেনসেশান হিসাবে দিয়েছেন, আমি ব্ঝতে পারছি না যে টাকা বরাদ্দ থাকা সত্ত্বেও তাঁরা ফাইনাল কমপেনসেশান দিতে পারলেন না কেন। আমি এই হাউসে এর প্র্বে শ্নেছি কমপেন-সেশান রেটস ক্যালকুলেশান ভয়ানক ডিফিক্যালট, সারা বাংলাদেশে ইন্টারমিডিয়ারিদের জমি থাকার জন্য ক্যালকুলেশান করতে দেরী হয় সেই জন্য ফাইনাল কমপেনসেশান দেওয়া হয় নি। আমি জিজ্ঞাসা করি রাজস্ব মন্ত্রীকে যে সমস্ত ইন্টারমিডিয়ারিরা লোয়েস্ট স্ট্রাটা অব ইকনমির মধ্যে আছে, যারা দরিদ্র মধ্যস্বত্বভোগীরা এবং বিধবা ইত্যাদি যাদের একমাত্র লাইভলিহ্ড ছিল তা কেড়ে নেওয়া হয়েছে তাদের ফাইনাল কমপেনসেশান দিতে এত দেরী হচ্ছে কেন আমি ব্ঝতে পারছি না। স্যার, আপনি যদি গ্রামে গিয়ে দেখেন তাহলে দেখবেন এরা দারিদ্র্যের শেষ নিম্ন-স্তরে এসে দাঁড়িয়েছে। তারা এ্যাড-ইন্টারিম কমপেনসেশান এর জন্য জে এল আর অফিসে অথবা কমপেনসেশান অফিসে দয়াদাক্ষিণ্য ভিক্ষা করে বেড়াচ্ছে অথচ তাদের সম্পত্তি আপনারা কেড়ে নিয়েছেন। আপনারা দেরী হবার যে অজ্হাত দেন তা সম্প্র্ণ অচল বলে আমি মনে করি।

[2-5—2-15 p.m.]

আমি মনে করি আজকে এই যে এড-ইন্টারিম কমপেনসেসন দেওয়া হচ্ছে এটা ইকনমিক্যালি ঠিক নয়। আজকে যে সমস্ত স্মল ইন্টারমিডিয়ারিস রয়েছে তারা এককালীন টাকা পেলে ইকনমিক্যালি রিহ্যাবিলিটেটেড হতে পারতেন, আজকে সামান্য সামান্য টাকা পাবার ফলে তাদের ইকনমিক রিহ্যাবিলিটেশান হচ্ছে না। আমি আশা করি মাননীয় রাজস্ব মন্ত্রী মহাশয় এ বিষয়ে নিশ্চয়ই অন্সন্ধান করবেন। আমি এখানে ল্যান্ড রিফরমস কমিটি প্যানেল রিপোর্ট থেকে বলতে চাই, সেখানে তারা বলে গিয়েছেন, কমপেনসেসন পেমেন্ট স্ড বি মেড এ্যাজ কুইকলি এ্যাজ পসিবল। স্যার, আমরা আরো দেখি যে, রাজস্ব মন্ত্রী কিছ্ক্ষণ আগে বলে গিয়েছেন কমপেনসেসন রোল, ৫ কোটি টাকার মতো ফাইন্যাল কমপেনসেসন রোল তৈরী আছে কিন্তু ব্যয় ব্দ্ধি ঘটছে চার্জেস অফ এ্যাডমিনিস্ট্রেশন—রেড ব্ক-এর ৭২নং পাতায় দেখবেন বাদ বাকি টাকা কেন চাইলেন না তা ব্ঝতে পারছি না। স্যার, কমপেনসেসন পেমেন্ট হল না, কিন্তু ব্যয় ব্দ্ধি ঘটছে চার্জেস অফ এ্যাডমিনিস্ট্রেশন—রেড ব্ক এর ৭২নং পাতায় দেখবেন ১৪·১৭ লক্ষ টাকা ব্যয় ব্দ্ধির কথা তিনি বলেছেন। শ্ধ্ তাই নয়, expenditure in connection with Zamindary estates. সেখানে ২০;৯৯ ল্যাক্স ব্যয় ব্দ্ধির কথা বলেছেন। আজকে এই ব্যয় ব্দ্ধি কি কারণে ঘটছে ব্ঝতে পারছি না। কমপেনসেসন পেমেন্ট হচ্ছে না, ভেস্টেড এস্টেটসগ্লির প্রো দখল আপনারা পেলেন না অথচ ব্যয় ব্দ্ধির কথা জানাচ্ছেন। মাননীয় মন্ত্রিমহাশয় যদি এটা এই হাউসকে পরিষ্কারভাবে বলেন তাহলে ভাল হয়। ডিসট্রিবিউশন অফ ল্যান্ড সম্বন্ধে আমি উল্লেখ করতে চাই, যখন এস্টেট এ্যাকুইজিশন ১৯৫৩ সালে পাশ হয়েছিল এবং ১৯৫৫ সালে ৮ বৎসর আগে যখন ল্যান্ড রিফর্মস অ্যাক্ট চাল্ হয়েছিল তখন বাংলাদেশের গ্রামীণ জীবনে একটা বিপ্লব ও পরিবর্তনের আশা মান্ষ করেছিল, তারা ভেবেছিল যে সমস্ত ভূমিহীন কৃষক আছে, বাংলাদেশে এরকম অনেক আছে—তারা অর্থনৈতিক প্নর্বাসন পাবে। কিন্তু আমরা যে চিত্র দেখছি তাতে দেখা যায় ৮ বৎসরের মধ্যে সেই জমি ডিসট্রিবিউশন হল না, আজকেও ল্যান্ড রিফর্মস এ্যাক্ট চাল্ হল না। আজকে আমরা দেখি ১ বৎসরের জন্য জমি অস্থায়িভাবে দেওয়া হয় এবং অস্থায়িভাবে নিতে গিয়ে আজকে কৃষিজীবী মান্ষের হয়রানির অন্ত থাকে না। জে এল আর ও-র দাক্ষিণ্য ছাড়া এই জিনিস হয় না। কাজেই আমি এটা শ্নে আস্বস্তবোধ করছি যে মাননীয় রাজস্বমন্ত্রী শীঘ্রই একটা এ্যাডভাইসরি কমিটি করবেন। এই সংগে আমি ল্যান্ড রিফর্মস এ্যাক্ট-এর দ্টো সেকশন সম্বন্ধে মাননীয় রাজস্ব মন্ত্রীকে একটা কথা বলতে চাই, সেকশন ২৪ এবং সেকশন ২৯ অফ দি ল্যান্ড রিফর্মস এ্যাক্ট—এটা যেন তিনি অন্যান্য স্টেটের সংগে সমপর্যায়ে আনতে পারেন তার জন্য তিনি চেষ্টা করছেন এই

অনুরোধ তাঁকে জানাচ্ছি। আমরা দেখছি, যতক্ষণ পর্যন্ত না ল্যান্ড ফাইন্যালি ডিসট্রিবিউশন হচ্ছে সামগ্রিকভাবে ততদিন পর্যন্ত অন্ততঃপক্ষে তিন বৎসরের জন্য একজন চাষীকে যদি জমি না দেওয়া হয় তাহলে ইনসেনটিভ গ্রো করে না। এই বিষয়টা যদি রাজস্বমন্ত্রী বিবেচনা করেন তাহলে ভালো হয়। আরেকটা জিনিষ উল্লেখ করতে চাই, পূর্বে জমিদারীর সময় যখন মধ্য-স্বত্বভোগীদের রাজত্ব ছিল তখন যে জিনিস ছিল আজকে সেই জিনিস উঠে যাচ্ছে। আমি সেজন্য রাজস্ব মন্ত্রীর কাছে একটা সাজেসন রাখতে চাই যে এই সমস্ত জমি যেগুলো সার্ভিস টেনিওর সেই জমিগুলো যদি তিনি গ্রামের মধ্যে একটা ট্রাষ্ট বডি ফর্ম করে সেই জমি রক্ষণাবেক্ষণের ভার দেন তাহলে গ্রামের মানুষ স্বচ্ছন্দভাবে তারা পাল-পূজা করতে পারবে। আর একটা কথা বলবো যে যে হাজার হাজার মাইল বাঁধ রক্ষণাবেক্ষণের জন্য এই বিভাগের উপর পড়েছে সে সম্বন্ধে। আমরা দেখতে পাচ্ছি এ'দের কোন টেকনিক্যাল বা ইঞ্জিনীয়ারিং ষ্টাফ নেই যার ফলে এই সব জিনিস বিঘ্নিত হচ্ছে। এই রকম হুগলী রাইট এমব্যাংকমেন্ট রয়েছে সেটা কিছুটা ইরিগেসন ডিপার্টমেন্টের এবং কিছুটা স্টেট একুইজিসন ডিপার্টমেন্টের। আমার মনে পড়ে আমি শ্যামাদাস বাবুর কাছে এই বিষয়ে যখন বন্যা প্লাবিত হবার সম্ভাবনা দেখা দেয় তখন তাঁর কাছে গিয়েছিলাম এবং তাঁর কাছে সব বলাতে তখন তিনি তাঁর অসহায় অবস্থার কথা বলেছিলেন। আমি মনে করি এটার একটা কো-অর্ডিনেটেড স্টেপ নেওয়া উচিত। আমি মনে করি বিশেষ করে যে সমস্ত নদী বাঁধ রয়েছে সেগুলো যাতে ইরিগেসন ডিপার্টমেন্টের হাতে হ্যান্ডওভার করা যায় সেই ব্যবস্থা করুন এবং তাহলে নিশ্চয়ই সেখানকার মানুষ তাঁকে ধন্যবাদ দেবে।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় রাজস্বমন্ত্রী আমাদের সামনে যে দাবী উপস্থিত করেছেন আমি নীতিগতভাবে তা সমর্থন করতে পারছি না। তার কারণ আমি বুঝতে পারছি না যে সরকার সত্যিকারের ভূমি সংস্কার সম্পর্কে তাঁরা কোন নীতি গ্রহণ করতে পেরেছেন কিনা? অথচ তাঁরা ভূমি সংস্কার সম্পর্কে যে নীতি ঘোষণা করেছেন তার প্রতি কোন আন্তরিকতা আছে কিনা, কিম্বা নিষ্ঠা আছে কিনা? কারণ আমরা দেখতে পাচ্ছি আজ ১০ বছরের মধ্যে তাঁরা যেভাবে কাজ করছেন তাতে আগের দিনের বৃটিশ সরকারের কথা মনে পড়ছে। তাঁরা একদিন ভূমি সংস্কার সম্পর্কে সাম্রাজ্যবাদী নীতি গ্রহণ করেছিলেন, তাঁদের স্বার্থ রক্ষার জন্য। আজকে আমরা দেখছি কংগ্রেস সরকার তাঁর দলের স্বার্থ রক্ষার জন্য ঠিক সেই পুঁজিবাদী ভূমিকা নীতি গ্রহণ করেছেন এবং আমরা সেটা প্রতি দিনের কাজকর্মের মধ্যে দেখতে পাচ্ছি। আমি মনে করি যদি সত্যিকারের ও'দের ইচ্ছা থাকত যে ভূমি সংস্কারের ভেতর দিয়ে কৃষকদের হাতে জমি দেওয়া এবং বাংলার খাদ্য সমস্যার সমাধান করা, তাহলে তাঁদের কাজ সেই ভাবে হোত। আমরা দেখতে পাচ্ছি আজকে তাঁরা যেসব নীতি ঘোষণা করেন তার সঙ্গে তার কোন মিল নেই। আবাদী কংগ্রেসের সমাজতান্ত্রিক ধাঁচের কথা বাদ দিলাম। ১৯৫৯ সালে নাগপুর কংগ্রেসে যে নীতি নেওয়া হয়েছিল তাতে বলা হয়েছে যে প্রত্যেকটা গ্রামে যারা স্থায়ী বাসিন্দা তাদের জন্য সমবায় গঠন করা হবে। সেখানকার সমস্ত জমি যৌথ খামারের মারফত উৎপাদনের ব্যবস্থা করা হবে এবং ভূমিহীন হোক বা যাদের ভূমি আছে তাদের প্রত্যেককে অংশীদার করা হবে। এসব কথা তাঁরা সুস্পষ্টভাবে নাগপুর প্রস্তাবে বলেছেন। তারপর প্ল্যানিং কমিশনের কথা বলব। প্ল্যানিং কমিশনও ঠিক এই কথা বলেছেন যে সেখানে খাজনা হ্রাস করা হবে, স্বত্ব সম্পর্কে নিরাপত্তার ব্যবস্থা করা হবে, কৃষকদের জমির মালিকানা দেওয়া হবে—তা ছাড়া তাঁরা বলেছেন সেখানে শোষণ বন্ধ করতে হবে, সেখানে সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে হবে। এই সব বহু কথা প্ল্যানিং কমিশন বলেছেন। রাজস্বমন্ত্রী কিছুদিন আগে এখানে ভূদান সম্পর্কে একটা আইন পাশ করেছেন। মুখ্যমন্ত্রীকে আমরা বার বার বিনোবাজীর কাছে যেতে দেখেছি। বিনোবাজী বলেছেন সমাজের সম্পত্তি হচ্ছে ভূমি এবং সকলের তাতে সমান অধিকার আছে—সে ভূমিহীন হোক, বা ভূমিবান হোক। কিন্তু কার্যতঃ তাঁরা ভূমিহীনদের জন্য কি ব্যবস্থা করেছেন। যদি আলো বাতাসের মত ভূমির উপর সকলের অধিকার থাকে তাহলে কংগ্রেস সরকার ভূমিহীনদের

জন্য, বাংলাদেশে যে ৩০ লক্ষ ভূমিহীন আছে, বর্গাদার আছে—তাদের নিরাপত্তার ব্যবস্থা বা তাদের হাতে জমি দিতে পেরেছেন কিনা সে প্রশ্ন আমি করব। কাজেই নীতির দিক থেকে তাঁরা কিছু করেন নি, বরং বলব পুঁজিবাদী সাম্রাজ্যবাদী নীতি নিয়ে বাংলাদেশে ভূমির ব্যাপারে একটা বিভ্রান্তি সৃষ্টি করছেন। তারপর যে আইন পাশ হল সেই আইনের মধ্যেও পক্ষপাতিত্ব আছে। কিছুক্ষণ আগে কেউ কেউ চা বাগানের কথা বলেছেন। চা বাগানের জন্য হাজার হাজার, লক্ষ লক্ষ একর জমি ছেড়ে দেওয়া হল, দেবোত্তর সম্পত্তির নামে ছেড়ে দেওয়া হল, ফলের বাগানের নামে ছেড়ে দেওয়া হল—তার উপর কোলকাতা শহরকে ছেড়ে দেওয়া হল।

[2-15—2-25 p.m.]

এটা যে কোন্ দেশের নিরপেক্ষ নীতি তা বুঝতে পারি না। লক্ষ লক্ষ টাকার যারা মালিক তারা কলকাতার জমি নিয়ে ফাটকাবাজী করবে আর ওঁরা নিরপেক্ষতার একটা প্রহসন দেখাবেন—কাজেই আমি মনে করি রাজস্ব মন্ত্রীর যদি সত্যিকারের ভাল উদ্দেশ্য থাকে তাহলে কলকাতাকে আওতার মধ্যে আনুন এবং সমস্ত ব্যাপারে জমির একটা সীমার মধ্যে আনুন—পল্লীতে যাঁরা থাকবেন তাঁদের এক রকম ব্যবস্থা হবে কলকাতা শহরে যারা তাদের আলাদা ব্যবস্থা হবে এটা ন্যায় বিচার হতে পারে না এবং আইন তা মানে না। তারপর আমি আপনাকে বেআইনী সম্পত্তি সম্বন্ধে কিছু বলবে—এখনও পর্যন্ত আমি বলছি বহু বেনামী সম্পত্তি আছে তাকে উদ্ধার করবার জন্য মন্ত্রিমহাশয়কে বিশেষ চেষ্টা করতে হবে কারণ তিনি দেখালেন যে ৫ লক্ষ একর চাষের জমি তাঁদের হাতে এসেছে—আমি মনে করি এর চেয়ে ঢের বেশী জমি উদ্ধার করা যেতে পারতো- কিন্তু তার কোন ব্যবস্থা করা হয় নি। ভূমি বণ্টন সম্পর্কে বলেছেন যে আঞ্চলিক কমিটি করবেন -তিনি যে রকম ধরনের কমিটির কথা বললেন তার মধ্যে নীতির প্রাধান্য দেওয়া হবে এ বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে আমি সেজন্য বলবো যে ভূমি সম্পর্কিত নীতি হিসাবে গ্রহণ করা হোক, যারা ভূমিহীন চাষী বর্গাদার তাদের প্রথম প্রায়োরিটি দেওয়া হবে তারপর ২ একরের কম জমি তাদের উপরে এবং যেখানে এক লক্ষের বেশী জমি আছে সেখানে সমবায় কৃষি মারফত কাজ করা হবে। এবং সেখানে এস ডি ও-কে চেয়ারম্যান করে, বি ডি ও তার মধ্যে থাকবেন, অঞ্চল প্রধান বা প্রেসিডেন্ট তার মধ্যে আসতে পারেন—এম এল এ এবং এম এল সি যারা সেই অঞ্চলের তারা পদাধিকার বলে সেখানে আসবেন সেই আঞ্চলিক কমিটিতে তাহলে নিরপেক্ষতা রক্ষিত হবে। কংগ্রেস মনোনয়নের যে কথা বলছেন যেমন রিলিফ কমিটিতে আছে সেই রকম যেন না হয় সে সম্পর্কে মন্ত্রিমহাশয়কে সতর্ক করে দিচ্ছি। তার পর খাজনা মকুব সম্পর্কে ২।১টা কথা আছে—২ একর পর্যন্ত বাস্তু জমিকে নিষ্কর করে দেওয়া দরকার। কারণ আমি এটা সামাজিক ন্যায় বিচার বলে মনে করি। যারা মূলধন নিয়ে কিছু ব্যবসা করবেন শিল্প গড়ে তুলবেন তাদের উপর একটা নির্দিষ্ট সীমা করে তাদের কাছে টাকা নেওয়া হয়। কিন্তু জমির ব্যাপারে এই পক্ষপাতিত্ব করা হয় এবং যার দুই একরের বেশী হোল আয়ের ভিত্তি তার কাছ থেকে আয়কর নেওয়া হোক, কৃষি কর নেওয়া হোক এ বিষয়ে আমাদের কোন আপত্তি নেই। শিল্প বাণিজ্যে যেমন আয়কর নেওয়া হয় তেমনি কৃষির ব্যাপারে যদি কৃষিকর নেওয়া হয় তাহলে সমাজে সকলের উপর একটা ন্যায় বিচার করা হবে। ১৩৬৬ সালে বলা হয়েছিল যে হাজা-শুকার জন্য খাজনা মকুব করা হবে—১৩৬৮ সালে আবার বলা হোল যে সমস্ত খাজনা চুকিয়ে তারা দেবে কিন্তু তহশীলদারের কাছে কিংবা জে এল আর ও-র কাছে কোন চেক পাওয়া গেল না। টেলিগ্রামের পর টেলিগ্রাম হোল কিছুই হোল না। সেই সময় ইলেকসনের সময় ছিল বলে আমার মনে হয় ইলেকসনের ধোঁকা হিসাবে তাঁরা বলেছিলেন যে সমস্ত খাজনা মকুব হবে। কিন্তু আজকে দেখা গেলো সেই টাকা তারা চেকের জন্য দিতে পারলো না। সেখানে বলা হচ্ছে যে সুদ সহ টাকা দিতে হবে—সেখানে ক্রোক এবং সার্টিফিকেট করবার ব্যবস্থা হচ্ছে। মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, যে নীতি তিনি ঘোষণা করেছিলেন যে ৩৫ ভাগ খাদ্যশস্য যেখানে হয় নি সেখানে খাজনা মকুব হবে। ১৩৬৬ সালে খাজনা মকুব করার ব্যবস্থা করেন এবং সেই সঙ্গে সঙ্গে বলবো যে বাংলা দেশের জায়গায় ফসল হানি হয়েছে এ বছরে বহু জায়গায় অজন্মা হয়েছে দশ-পাঁচ সের অনেক জায়গায় ফলেছে—এ বছর তিনি তদন্ত করে দেখবেন যে যেসব জায়গায় ফসল হানি হয়েছে সেখানে খাজনা মকুব করা যায় কিনা। ভাগচাষী সম্বন্ধে অনেকে বলেছেন—ভাগচাষীরা কিভাবে হয়রান হচ্ছে।

একদিকে ভাগচাষীদের উচ্ছেদ করার চেষ্টা হচ্ছে—একদিকে জোতদাররা উচ্ছেদ করছে কোর্টে কেস করছে এবং তাদের উপর নালিশ করছে পাওনার জন্য; আর এক দিকে হচ্ছে কি? ভাগচাষীরা জমি থেকে বঞ্চিত হবার ভয়ে তহশিলদারের কাছ থেকে উঠবন্দী প্রজা হয়ে অর্থাৎ একশালা বন্দোবস্ত করে ১০ টাকা হিসাবে তাকে সেলামী দিতে হচ্ছে। কাজেই আজকে কত বেশী। অন্যান্য জায়গায় যেখানে একর প্রতি ৪ টাকা আছে, তিন টাকা, চার টাকা করে দিচ্ছে, সেখানে প্রায় ১০ টাকা দিতে হলো। ভাগচাষী কোর্টে হেরে গেলে ডিক্রী তার উপর জারী হলো। ডিগ্রী জারী হলে পর তার কাছ থেকে আবার পাওনা টাকা আদায় করা হল। একটা কথা বার বার করে তুলছি ও বলছি যে আপনারা এই ভাগচাষীদের রক্ষা করুন। তিনি যে ভাগচাষীর হিসেব দিলেন—এই রকম করে কেবল উচ্ছেদ নয়, তারা নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে। অর্থাৎ ভাগচাষী জোতদারের সঙ্গে পেরে উঠছে না। এই করে করে তারা মারা যাচ্ছে। কাজেই আমি বলি ভাগচাষীকে বাঁচান; এইভাবে আইনের মারপ্যাঁচের ভেতর দিয়ে জাঁতাকলে পিষলে এই ভাগচাষী বাঁচবে না। মন্ত্রিমহাশয় তাদের প্রতি সহানুভূতি প্রদর্শন করুন। একটা ভাল আইন করুন যাতে ভাগচাষীরা কোন অবস্থাতেই যেন জমি থেকে উচ্ছেদ না হতে পারে।

তারপর ভূমি উন্নয়ন সম্পর্কে আমি বলি বহু জায়গায় আছে। আপনারা খালি খাজনা আদায় করতেই জানেন, ক্রোক দ্বারা, সার্টিফিকেট দ্বারা আদায় করতে জানেন, উন্নয়নের কথা তাঁরা ভাবতে পারেন না। সেই জন্য আমার কাট মোশান প্রস্তাবে আছে যে সেখানে যাতে কংক্রীট ব্যবস্থা করা হয়, ভেড়ীবন্দী সংস্কারের ব্যবস্থা করা হয়। সেই জন্য আমার প্রস্তাব আছে যে মহকুমায় যত টাকা আদায় হবে, তার অন্ততঃ ৫০ পারসেন্ট যেন সেই অঞ্চলের জমি উন্নয়নের জন্য ব্যয় করার ব্যবস্থা করা হয়।

তারপর হাজার হাজার যে পুকুর আছে খাসমহালের অধীনে, সেগুলি যদি সংস্কারের ব্যবস্থা করা যায়, তাহলে সেখানে মাছের চাষ করা যেতে পারে এবং সেই পুকুর থেকে জল সেচেরও কাজ করা যেতে পারে, এক-ফসলী জমিকে দো-ফসলী এবং দো ফসলী জমি তে-ফসলী করা যেতে পারে।

তারপর পতিত জমি বহু জায়গায় আছে। আমি এই প্রসঙ্গে দীঘার কথা উল্লেখ করছি, তাদের আন্ডার-এ সেখানে ৫।৬ হাজার একর লবণ জমি আছে। সেই জমি যদি তাঁরা উন্নয়নের ব্যবস্থা করেন, তাহলে বছরে এক কোটি, দেড় কোটি টাকা তাঁদের হাতে আসতে পারে। কাজেই তাঁদের আর ট্যাক্স ধার্য করতে হবে না, খাজনার জন্য পীড়ন করতে হবে না। এইভাবে টাকা আসতে পারে। তা ছাড়া দুগ্ধা বেসিন আছে, দীঘা বেসিন আছে, সেখান থেকে লক্ষ লক্ষ মণ মাছ পাওয়া যেতে পারে। সেখানে উন্নয়নের ব্যবস্থা করুন, তাতে রাজস্ব বৃদ্ধি হবে, আপনাদের আর জনসাধারণকে খাজনার জন্য পীড়ন করতে হবে না, পীড়ন করে ট্যাক্সও আদায় করতে হবে না।

আশা করি, মন্ত্রিমহাশয়, আমার এই সব কথা সহানুভূতির সহিত বিবেচনা করবেন এবং আমার কাট মোশান সম্বন্ধে বিশেষ বিবেচনা করবার জন্য অনুরোধ করছি।

Shri Bhakti Bhusan Mandal:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই আপনাকে, আপনার মাধ্যমে শ্যামাদাসবাবুকে জনাতে চাই কয়েকটি কথা। কারণ, আশা ছিল, শ্যামাদাসবাবু সৎলোক এবং তিনি ভালভাবে সমস্ত বিষয় বিবেচনা করবেন। কিন্তু ব্যর্থ হয়েছি, আশা ছিল, পাই নি, আমি যেখান থেকে এসেছিলাম, সেখানে তিনি প্রফেসরী করেছিলেন, নিরাশ হয়েছি। আমি বলতে চাচ্ছি যেমন আলো, বাতাস, জল ভোগ করবার মানুষের অবাধ অধিকার আছে, তেমন জমি ভোগ করবার অধিকার যে মানুষ চাষ করে তার আছে। এই যে মূল নীতি, এই মূল নীতি বিশ্লেষণ করে আমি বলি, যারা জমি চাষ করবে, তাদেরই জমি হওয়া উচিত। এমন কি ভারতবর্ষের শ্রেষ্ঠ

মনীষী, প্রতিবিপ্লবী, অবশ্য জমির দিক দিয়ে, বিনোবা ভাবেজী যা বলেছেন, সেটুকু আমি এখানে উল্লেখ করছি। তিনি বলেছেন—

Under the just and equitable law of society land must belong to all. That is why we do not beg for gift, but demand a share of which the poor are rightly entitled.

কিন্তু তিনি যে দুটি আইন করেছেন ওয়েস্ট বেঙ্গল এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট এবং ল্যান্ড রিফর্মস অ্যাক্ট—এই দুটো আইনে এই যে মূল নীতি ভারতবর্ষের, এই নীতি তিনি ব্যর্থ করেছেন—

The Hon'ble Shyamadas Bhattacharyya:

আমি নই, আইনসভা করেছে।)

আপনারা তার মালিক যে।

[এ ভয়েসঃ আপনারা?]

আমরা পরাজিত হয়েছি।

[2-25—2-35 p.m.]

বিশেষ করে আমি আর একটা অনুরোধ জানাচ্ছি ল্যান্ড রিফরমস অ্যাক্ট, ১৯৫৫ যেটা পাশ হল এবং প্রেসিডেন্টের কাছ থেকে ৩০এ মার্চ, ১৯৫৬এ অ্যাসেন্ট পেলেন, এর কয়েকটা সেকশন ছাড়া তিনি কেন এখনও পর্যন্ত সেটা এনফোর্স করছেন না। আমি জানতে চাই ল্যান্ড রিফরমস অ্যাক্ট-এর সেকশন ২, চ্যাপটার ৩ এবং সেকশন ৫৯, ও সেকশন ৬০, এই কয়েকটা বাদ দিয়ে আর কোন সেকশনকে এখনও কেন এনফোর্স করা হয় নি? যদিও কিছু করেছেন, কিন্তু সেটাতেও দেখা যাচ্ছে এনফোর্সমেন্ট দিতে তাঁর ভীষণ ভয় লাগছে। আসল কথা আপনার কাছে বলছি যে গভর্নমেন্টের যে পার্টে আপনি আছেন, আপনার উপায় নেই এই রকম ভাবে প্রতিবিপ্লবী কাজ করা ছাড়া, মানুষকে ধোঁকা দেওয়া ছাড়া আপনার আর কোন উপায় নেই। তাই ব্যর্থ হয়ে এই কাজগুলি করছেন। আমি আপনাকে কয়েকটি কথা বলছি সেটা হচ্ছে টেনেন্সী রিফর্ম। যখন এই টেনেন্সী রিফর্ম সম্বন্ধে চিন্তা করেছিলেন, তখন এইটুকু চিন্তা করা উচিত ছিল যে রেন্ট, সেই রেন্ট বাংলাদেশে কেন কম করা হল না বরং বেশী করা হয়েছে। বেশী করা হল এই জন্য যে যেগুলি ফিক্সড রেন্ট, যেগুলি লাখরাজ জমি ছিল, সেগুলির উপরও রেন্ট ধার্য হল। অথচ পাশের রাজ্য বিহার সেখানে তাঁরা অনেক রেন্ট কমিয়ে দিয়েছেন। কিন্তু আজ পর্যন্ত আপনি কোন রেন্ট কমিয়েছেন কি? [এ ভয়েসঃ বিহারে কমিয়েছে কত?] বিহার টাকায় আট আনা কমিয়েছে, আপনি দেখবেন স্ট্যাটিসটিক্সটা। আমি আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে এই রেন্ট সম্পর্কে বলতে চেয়েছিলাম যে জমির ইনকাম-এর উপর প্রোগ্রেসিভ ট্যাক্সেসন অর্থাৎ নেট প্রোডিউস যেটা হবে, তার উপর প্রোগ্রেসিভ ট্যাক্সেশন করা হোক। কিন্তু আমাদের সরকারের এই রকম নীতি আজ পর্যন্ত আমরা দেখতে পেলাম না। যদিও অনেক সভ্য দেশে এই রকম ফরম অফ প্রোগ্রেসিভ ট্যাক্সেশন দেখতে পাওয়া যায়। আমি আর একটা কথা আপনার কাছে বলছি, সেটা হচ্ছে নেট ইনকাম-এর উপর যেটা প্রফিট হবে তার উপর প্রোগ্রেসিভ ট্যাক্সেশন করবেন। তাতে যত ভ্যারাইটি অফ ল্যান্ড আছে তার উপর ইকুইটেবল ট্যাক্সেশন হবে। শুধু তাই নয় কলকাতাতে যে জমিগুলি আছে, সেই সব জমিগুলিতেও আপনারা রেন্ট করতে পারেন, এবং কি ভাবে সেটা করবেন, এটা আলোচনা করা দরকার। কারণ, কোটি কোটি টাকা যারা আজ রোজগার করছেন বাড়ি তুলে, তার উপর রেন্ট ধার্য করতে পারেন কিনা, চিন্তা করবেন।

আমি আর একটা কথা বলবো সেটা হচ্ছে জমি সম্বন্ধে যে সিকিউরিটি অফ টেনেন্সী, এটা বর্গাদারদের দেওয়া হয় নি। যদিও ভারতবর্ষের প্রত্যেক স্টেটে প্রতিটি চাষীকে এটা দেওয়া হয়। কিন্তু একমাত্র বাংলাদেশে বর্গাদারদের ব্যাপারে এই সিকিউরিটি অফ টেনেন্সী দেওয়া হয় না। আমি এটা বলছি, আপনি চিন্তা করে দেখবেন। ভারতবর্ষের সমস্ত জায়গাতে চাষীদের সিকিউরিটি অফ টেনেন্সী দেওয়া হয়েছে। আর বাংলা দেশে যেটা করা হচ্ছে, সেটা হচ্ছে যে কোন সময় বর্গাদারদের উচ্ছেদ করা যায়। এই উচ্ছেদ করার ব্যাপারে আমি গতবারে বলেছিলাম

ভাপচাষ বোর্ড যেটা তৈরী করেছেন, সেটায় জে এল আর ও এমন সব মূর্খ লোক আছেন, যা বলবার নয়, ম্যাট্রিক পাশ পর্যন্ত নয়। সেই সব লোক বিচার করছেন পাঁচ হাজার, ছয় হাজার টাকার কেস। আমি বীরভূম জেলার কথা বলছি—রাজনগরে যিনি জে এল আর ও আছেন, তিনি আগেকার যিনি রাজস্ব মন্ত্রী ছিলেন তাঁর আত্মীয়, তিনি কতদূর পড়ে ছিলেন, তা এর পর আমাদের বলে দেবেন। আমি একটা কনক্রিট কেসের কথা বলেছিলাম। আমি এই জন্য বলছি একটি বর্গাদারের ঘাড়ে তিন-চার বছরের দাবী করে, দু-হাজার, তিন-হাজার টাকা পর্যন্ত ডিক্রি হয়ে যাচ্ছে। অবস্থাটা একবার ভেবে দেখুন—তাদের উপর প্রথমে ডিসট্রেস ওয়ারেন্ট হবার পর, বডি ওয়ারেন্ট হচ্ছে, জমি তার চলে যাচ্ছে, তারপর এই রকম অবস্থা। আমি সেইজন্য বলেছিলাম পাঁচ-শো টাকার নীচে যে কেসগুলি হবে, সেই সব কেসগুলি ঐ রকম অধম লোকদের উপর বিচারের ভার দিন, আর পাঁচ-শো টাকার বেশী হলে, মুনসেফকে দেওয়া হোক, এবং তারপর সেটার উপর যে অ্যাপিল হয়, সেটা জজের কাছে হোক। আর পাঁচশোর নীচে যে অ্যাপিল সেটা মুনসেফের কাছে হোক। [এ ভয়েসঃ আপনি বলছেন এগ্রি?] আমি বলছি আপনি নিজের কথাটা ভাবুন, আমরা সকলে এগ্রি করবো।

তারপর আর একটা কথা আপনাকে বলছি। সেটা হচ্ছে সিলিং-এর ব্যাপার। সারা ভারতবর্ষের সিলিং যদি দেখি, তাহলে বাংলাদেশের মত এই যে রিঅ্যাকশনারী সিলিং, এই রকম সিলিং আর কোথাও নেই। আমার সময় সংক্ষেপ, তা না হলে আরও জানিয়ে দিতাম। পার ক্যাপিটা সিলিং ভারতবর্ষের আর কোথাও চালু নেই, সব জায়গায় পার ফ্যামিলি আছে। [এ ভয়েস—কোথাও তা নেই।] আমি অ্যাডমিট করছি পার ক্যাপিটা সিলিং বাংলাদেশে বেশীর ভাগ জায়গাতে আছে। এবং এখানে যেভাবে এই যে সিলিংটা করা হয়েছে এই সিলিংটা ইকুইটেবল হয় নি। কারণ আপনাকে জানাচ্ছি এই জন্য যে ২৫ একর জমি একটা লোক রাখতে পারে। এই ২৫ একর জমি কারো হয়ত ডাঙ্গাতে আছে, কারো ২৫ একর খুবই ফার্স্ট ক্লাস ল্যান্ড আছে, এই যে ইন-ইকুইটেবল অবস্থা এর জন্য স্ট্যান্ডার্ড একার সিস্টেম যা অন্যান্য প্রদেশে করেছে আমার মনে হয় এখানে করলে ভাল হয় ওয়েটেজ সিস্টেম দিয়ে। কিন্তু আমি এইবার আসছি আপনার কাছে কারণ আপনার সম্বন্ধে আমি জানি অন্ততঃ আপনি অসৎ লোক নন। কিন্তু আপনি যে কাজ করছেন সেটা অসতেরও বেশী, সেই জন্য এটা আবার আমি আপনার কাছে বলছি। আপনি অসৎ লোক নন কিন্তু পাপচক্রে পড়ে কেন আপনি অসৎ কাজ করছেন এটা আমি জানতে চাই। কেন বলছি সেটা আপনাকে বলি। দেখুন, আপনাকে ১০-১১-৬২ তারিখে আপনার ডিপার্টমেন্টে সেটেলমেন্টে চাকরী করতো, শ্রীকান্ত চট্টরাজ, সে একটা চিঠি দিয়েছে এবং কপি টু এম এল এ, দিয়েছে এবং তাতে সবিস্তারে আপনাকে জানান আছে। আমি সেই চিঠির কতকটা অংশ পড়ে দিচ্ছি। ১৯৫৮ সালে তাকে এই বিগ রায়তি কেস স্টার্ট করার পেশকার করা হয়। এবং করার পর তিনি হাকিমকে বলে বিগ রায়তি কেস দুবরাজপুর থানায় স্টার্ট করেন। স্টার্ট করার সংগে সংগে বলা হয়, সেখানে বলা হয় যে, এই এই লোক বিগ রায়ত। কিন্তু সেখানে যিনি সার্কেল ইন চার্জ ছিলেন তিনি বলেছেন যে ওদের নিয়ে মাথা ঘামিও না, ঘাটালে খুব খারাপ হবে। এইখানে একটা চিঠি আছে তার নকল দেওয়া আছে, সেখানে যিনি এই শ্রীকান্ত চট্টরাজ তার বাড়ী হচ্ছে আমাদের মাননীয় সদস্য বৈদ্যনাথবাবু যেখানে আছেন সেখানে। সেখানে চার্জের অফিসার লিখছেন ১-১১-৫৯ তারিখে, আমাদের তার কপি আছে এবং ওখানেও দেওয়া আছে। ১-১১-৫৯ গংগেশনারায়ণ মাহাতো কি বলে চিঠিখানা লিখেছেন আমি সমস্ত চিঠিখানা পড়ে দিচ্ছি। "আপনার কাছে যে লোকটিকে পাঠিয়েছিলাম তাকে আপনি ডাইরেক্টলি রিফিউজ করেছেন। আপনার মত লোক আমাকে কি সাহায্য করিতে পারে।" গংগেশ মাহাতো চিঠিখানা লিখছে, "আমার হাতে চার্জ অফিসার আছে, সার্কেল অফিসার সব বাঁধা আছে, আপনার সার্কেল অফিসার মহাশয়কে জিজ্ঞাসা করিয়া দেখিবেন যে সেটেলমেন্টের পিয়ন অমর পাণ্ডে ও ভট্টাচার্যের হাত দিয়ে আমার কাছ হতে কতগুলি মাছ কত চাল নিয়ে গিয়েছে! আর কতদিনই বা আপনাদের অফিসের গোপন ঘরে ফিস্ট হইয়াছে। যেদিন চার্জ অফিসার এবং হাই অফিসার আসিয়াছেন সেই দিন আমি তাদের সম্মান রক্ষা করিয়াছি কিন্তু পরম পরিতাপের বিষয় আমার সম্মান রক্ষা করা হইল না।" আপনার সার্কেল অফিসারের এই স্লিপ আমার কাছে আছে, এর টু কপি আপনার কাছে পাঠাইলাম। এই চিঠিটি লিখেছেন ১-১১-৫৯ তারিখে এবং এই চিঠির

কপি আপনার কাছে দেওয়া হয়েছে। আজ পর্যন্ত সে সম্বন্ধে আপনি কিছুই করেন নি। সেই চিঠিতে তিনি বলেছেন যে এই এই লোক বিগ রায়ত, সেই নামগুলি আমি পড়ে দিচ্ছি,—রত্নেশ্বর চক্রবর্তী, শ্রীগণেশচন্দ্র মাহাতো, সেখ রুস্তম, আমাদের মাননীয় সদস্য শ্রীবৈদ্যনাথ ব্যানার্জি, শ্রীধীবর ঘোষ, এবং আরো ১২ জনের নাম আপনার কাছে আছে কিন্তু আজ পর্যন্ত তাদের সম্বন্ধে কিছু করা হয় নি। শুধু করা হয় নি নয়, এই কপিটা মাননীয় সদস্য বৈদ্যনাথবাবুর হাতে পাঠান হয়েছে শ্রীকান্ত চট্টরাজকে, তুমি কি করতে পারো মিনিস্টার আমার হাতে। এই যদি অবস্থা হয় তাহলে কি প্রয়োজন আমাদের এখানে থাকার।

The Hon'ble Shyamadas Bhattacharyya: Sir, this is entirely false to my knowledge.

Shri Bhakti Bhusan Mandal:

তারপর আমি আর একটা ল্যান্ড ডিস্ট্রিবিউশন ব্যাপারে ভাঙ্গড় থানার কথা বলছি।

[2-35—2-45 p.m..]

The Hon'ble Shyamadas Bhattacharyya: On a point of order, Sir.

[Noise and interruptions.]

Shri Bhakti Bhusan Mandal:

আমি আর একটা জিনিস দেখাচ্ছি--অব্যবস্থার আর একটি জিনিস। ভাঙ্গড় থানায় যে চিঠিটা একটা পুস্তকাকারে ছাপিয়ে 'ভাঙ্গড় থানার অধিবাসিবৃন্দ' নাম দিয়ে শ্রীযুক্তা পদ্মজা নাইডুর কাছে পাঠিয়েছেন, পশ্চিমবঙ্গের মন্ত্রী পি সি সেনের কাছে পাঠিয়েছেন এবং শ্রীঅতুল্য ঘোষ, এম পি-র কাছে পাঠিয়েছেন তাতে কি আছে? এখানে তিনটি বিল আছে—ভেড়ী, সেটা হচ্ছে হাঁসখালি...

[At this stage the red light was lit.]

আমাকে তিন মিনিট টাইম দিতে হবে।

Mr. Deputy Speaker:

আপনি বসুন--আমি কি করে টাইম দেব ?

Dr. Kanai Lal Bhattacharyya:

আপনাকে টাইম দিতে হবে—ও'রা ও'কে ডিসটার্ব করেছেন।

Mr. Deputy Speaker:

এখন আমি কি করে টাইম দেব, তা আমি দিতে পারব না।

Shri Birendra Narayan Roy:

ও'র সময় নষ্ট করা হয়েছে টাইম আপনাকে দিতেই হবে।

Mr. Deputy Speaker:

তা হয় না, বেশ তাহলে আপনাকে আমি বলতে দেব না।

Shri Bhakti Bhusan Mandal:

আমি ভাঙ্গড় থানার একটি বিষয়ের কথা বলছি—তার কপি নিশ্চয়ই পেয়ে থাকবেন। এখানে অনেককেই দেওয়া হয়েছে। সেখানে তিনটি ভেড়ী আছে—একটি হাঁসখালি, একটি হানাখালি আর একটি চাঁদখালি: সেখানে যিনি সেটেলমেন্ট ডিপার্টমেন্ট-এর চার্জ অফিসার আছেন তিনি কতকটা জমি যদিও সেটা জমি, তাকে ভেড়ী বলে বন্দোবস্ত দিয়েছেন ওই সমীর সরকার, প্রবীর সরকার এদেরকে। এই নিয়ে ২৫শে ডিসেম্বর তারিখে যে ভাগচাষী ছিল সেই ভাগ-

চাষীকে উচ্ছেদ করতে যাওয়ার জন্য দাঙ্গা হয়েছে এবং সেখানে সেই ভাগচাষী ২৫শে ডিসেম্বর মারা গিয়েছে এবং তাকে খুন করা হয়েছে। এ ব্যাপারে একটি কথা আমি বলতে চাইছি যে মমীর সরকার. প্রবীর সরকার এদের এই জমি ৯ হাজার টাকায় দেওয়া হয়েছে যদিও আর একজন লোক ছিলেন যিনি ৭০ হাজার টাকায় ওটা লীজ নিতে রাজী ছিলেন। গভর্নমেন্ট রেভেনিউ এইভাবে সেখানে নষ্ট হয়েছে। আর একটা জায়গার কথা আপনার কাছে বলছি—এইটি বলেই আমার বক্তব্য শেষ করব। আমার জেলায় বীরভূমে গত বছর একটা জায়গা সেটেলমেন্ট করা হয়েছিল অর্থাৎ পান্ডবেশ্বরের যে ব্রীজ সেই ব্রীজটার খেয়াঘাট করা হয়েছিল মাত্র ৩৫ টাকায়। এবছর এখানে দুবরাজপুর মার্কেটিং সোসাইটি যখন জানতে পারল যে ওই ব্রীজের খেয়াঘাটে হাজার হাজার টাকা একজন মারোয়াড়ী রোজগার করছে। আমি পার্টি হিসাবে যখন যাই তখন সেই যে ড.ক ৩৫ টাকার ডাকটা ৩৫ হাজার টাকায় উঠেছে। আপনি তার খবর নিয়ে দেখুন—আগের বছর কি রকমভাবে ৩৫ টাকায় দেওয়া হয়েছিল অনুসন্ধান করুন। ৩৫ টাকার যে ঘাট সেটা যদি ২০ হাজার টাকা ওঠে তাহলে সেটা কিভাবে হল আপনি তদন্ত করুন।

Shri Monoranjan Hazra:

আজকে ভূমিরাজস্ব মন্ত্রী আজ যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থিত করেছেন আমি তার বিরোধিতা করতে উঠেছি। সর্বপ্রথম আজকে একটা খবর তাঁর কাছে শুনলাম, যে জমি সরকারের হাতে বর্তিয়েছে সেই জমি বিলি করার সম্পর্কে তিনি একটা অ্যাডভাইসরি কমিটি তৈরী করবেন, যার মাধ্যমে জমি বণ্টন করা হবে। আমি এই প্রসঙ্গে বলতে চাই, এই ক্ষেত্রে যদি এই ভাবে অ্যাডভাইসরি কমিটি তৈরী হয় তাহলে তার দুটো দৃষ্টিভঙ্গী থাকা উচিত। প্রথম হচ্ছে কতকগুলি জমি যারা সরকারে ভেস্ট করেছে তার মধ্যে আগে থাকতে কিছু রেকর্ডেড হয়ে আছে। যেমন বহু জায়গায় আমরা দেখেছি যে জমি জমিদারদের ছিল কিন্তু সেখানে ভাগচাষী ছিল, তারপর 'বি' ফরম রিটার্ন দেবার পর সেসব জমি সরকারের হাতে এসেছে, এবং সরকার যে জমি নিয়েছেন, আইনতঃ বর্গাদার সেই জমিতে চাষ করেছে—যদি অ্যাডভাইসরি কমিটি বর্গাদারদের রেকর্ড করা জমি বিলি করার নামে অন্য কারো হাতে দেয় তাহলে অত্যন্ত অন্যায় করা হবে। সেই জন্য অ্যাডভাইসরি কমিটিকে পরিষ্কার ভাবে স্থির করে নিতে হবে রেকর্ড জমি যা আছে তাতে এক রকম নীতি চালু করা হবে, আর যেগুলি রেকর্ড নাই যেগুলি সরাসরি সরকারের হাতে আছে সেগুলির ক্ষেত্রে আরেক রকম নীতি চালু করা হবে। এবং এই ক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে অ্যাডভাইসরি কমিটি যেভাবে তৈরী করছেন এতে কোন রকমে কৃষকদের হাতে জমি আসবে না। যখন জমিদারী দখল আইন পাশ হয় তখন সরকারের এই ঘোষিত নীতি ছিল যাতে কৃষকরা জমি পায়। আমরা দেখছি এই অ্যাডভাইসরি কমিটিতে সরকারী সদস্য থাকবে দুইজন এবং অঞ্চল বা ইউনিয়ন বোর্ডের প্রধান থাকবে কিন্তু থাকবে না কেবল কৃষকদের প্রতিনিধি। কৃষকদের জমি দেওয়া হবে অথচ সেখানে কৃষকদের কোন প্রতিনিধি থাকবে না। আমরা জানি বাংলাদেশে একটা প্রতিষ্ঠান আছে বঙ্গীয় প্রাদেশিক কৃষাণ সভা—যারা কৃষকদের সুখদুঃখের সঙ্গে বন্যার দিনে এবং তাদের জমি পাবার দিনে লড়াইয়ের অংশীদার ছিল সেখানে তাদের প্রতিনিধি নিতে আপনারা আপত্তি করছেন। আমি যখন কংগ্রেসে ছিলাম তখন কংগ্রেসেরও একটা কৃষক সংগঠন ছিল, আজকাল বোধ হয় নাই, কিন্তু যদি থেকে থাকে তাহলে সেখান থেকে আপনারা প্রতিনিধি নিন আমাদের আপত্তি নাই। যদি অ্যাডভাইসরি কমিটিতে কৃষকদের প্রতিনিধি থাকে তাহলে কিছুটা কাজ হবে। আমি একটা কনক্রিট উদাহরণ দিয়ে বলতে চাই, মালদহে বেগুনবাড়ী মৌজায় ১৭১ দাগ নম্বর জমি ৬ একর ৮৫ শতক পরিমাণ, হবিবপুর থানা এলাকার সোনার হেমব্রম বুলবুল চন্ডীর সার্কেলের তহশীলদারের কাছ থেকে লাইসেন্স ফি দিয়ে জমি নিলেন, আমি রসিদ নম্বর দিয়ে দিচ্ছি, এ আই ২ হাজার ১১৬, ডেটেড ৬-১২-৬২, সেই জমি লাইসেন্স ফি দিয়ে হেমব্রম নিলেন, চাষ-আবাদ করলেন, ফসল হলো কিন্তু জরুরী অবস্থার সুযোগ নিয়ে জোতদার কৃষ্ণলাল সাহা স্থানীয় পুলিশ নিয়ে গিয়ে সেই ধান কেটে নিয়ে গেল। আপনাদের আইন রয়েছে, লাইসেন্স ফি দিয়ে জমি নিয়েছে, আবাদ করেছে, ফসল হয়েছে, সেই ফসল পুলিশের মাধ্যমে জোতদার নিয়ে যায় এর পরও আমাকে আপনারা কি বিশ্বাস করতে বলেন যে এই অ্যাডভাইসরি কমিটি কৃষকদের জমি দেবেন?

[2-45—2-55 p.m.]

মাননীয় রাজস্বমন্ত্রীকে কড়া কথা বলতে আমার দুঃখ হয়, তিনি এটা একটু ভেবে দেখবেন, আপনি এখানে বসে অর্ডার দেন, তারা রসিদ নিয়ে ভেস্টেড ল্যান্ড চাষ করছে, কিন্তু সেই ফসল জোতদার পুলিসের সাহায্যে কেড়ে নিয়ে যায়। এবং রন্ধ্রে রন্ধ্রে তস্করবৃত্তি, চৌর্যবৃত্তি ও জালিয়াতি লুকিয়ে রয়েছে, এগুলি যাতে নিরসন করতে পারেন তার জন্য আপনি চেষ্টা করুন। অ্যাডভাইসরি কমিটি-র মাধ্যমে এই জমি যদি বিলি করার সদিচ্ছা থেকে থাকে তাহলে আমি বলব শুধু জোতদারদের প্রতিনিধি নয়, প্রতিটি ইউনিয়নের কৃষকদের প্রতিনিধি নিন, তাহলে কৃষক জমি পাবে, এবং আপনাদের ঘোষিত নীতিরও মর্যাদা থাকবে। এ রকম বহু কেস মালদহ জেলায় আছে, হুগলি জেলায় আছে, আমি দেখাতে পারব, আমার কাছে ডকুমেন্ট আছে। তারপর, আমি যে কথা বলতে চাই, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সেটা হচ্ছে যখন জমিদারী প্রথা উচ্ছেদের পর জমিদারী দখল আইন পাস হল তখন আমরা শুনেছিলাম কৃষিজমি পাওয়া যাবে ৬॥ লক্ষ একর। কিন্তু তা আপনারা পারনি। তার অনেক কারণ, এবং সেই সব কারণ বহু বক্তা এখানে বলেছেন—বেনামী জমি হস্তান্তর, তার একটা বড় কারণ—এসব কারণে আপনারা জমি কম পেতে বাধ্য। এবং এই জমি নিয়ে আপনারা বণ্টনের প্রহসন চালাবেন। কিন্তু এখানে আমি বলতে চাই, এটা আমার কথা নয়, প্ল্যানিং কমিশন বার বার এই কথা বলেছেন, যে ব্যক্তিকে জমি থেকে উচ্ছেদ করা হয়েছে সেই ব্যক্তি জমি চাষ করবে। মালিক বর্গাদারকে উচ্ছেদ করেছে এরকম বহু ঘটনা রয়েছে এবং বহু জমি বেনামী হস্তান্তর হয়ে গিয়েছে। এগুলির জন্য একটা দিন স্থির করুন এবং দিন স্থির করে সেই সময় থেকে যা বেনামী হস্তান্তব হয়ে গিয়েছে তা ঠিক করতে হবে। প্ল্যানিং কমিশন এই কথা বলেছেন--এটা করুন, তাতে ঠিকমত কাজ হবে, দেশও এগিয়ে যাবে এবং জমিও হাতে আসবে। কিন্তু তা না করে, সেদিকে দৃষ্টি না রেখে, কতকগুলি বোঝা কৃষকদের ঘাড়ে চাপাচ্ছেন। মাননীয় শ্যামাদাসবাবু তখন ছিলেন না—স্বর্গত সত্যেন বসু মহাশয় এই বিল এনেছিলেন—তিনি বলেছিলেন খাজনা বাড়বে না। আমি ডেপুটি স্পীকার মহাশয়ের মাধ্যমে আপনাকে জানাতে চাই যুদ্ধে শত্রুর সামনে পোড়ামাটি নীতি করে চলে যায়। কিন্তু এখানে জমিদাররা সোনামাটি নীতি গ্রহণ করলেন, যাবার সময় তাঁরা খাজনার রেট এমনভাবে বাড়িয়ে দিলেন যাতে তাঁদের ক্ষতিপূরণ বেশি হয়, এবং ক্ষতিপূরণ বেশি পাবার লোভে যে হারে খাজনা বাড়িয়ে গেলেন, আপনারা সেই খাজনা বছরের পর বছর আদায় করে চলেছেন, আশ্চর্য ব্যাপার—একবারও দেখলেন না! স্বর্গীয় সত্যেন বসু মহাশয় বলেছিলেন খাজনা কমে যাবে—আজো কমে নি। যেদিন কৃষি বিষয় আলোচনা হয়েছিল সেদিন আমি একথা বলেছিলাম এবং আজকেও মন্ত্রিমহাশয়কে বলি এই খাজনার কি পদ্ধতি, এটা কি বর্তমান যুগে খাপ খায়? এতো মানুষের জীবিকার উপর খাজনা আদায় করা। কোন্ আইনে, কোন্ মানবিকতার নীতির বলে এই খাজনা ধার্য করছেন? আপনারা গণতন্ত্রের কথা বলেন, আপনারা দেশের উন্নতি করছেন এসব কথা বলেন, কিন্তু ন্যায়নীতি কোথায়? খাজনা ধার্যের এই নীতি চলতে পারে না, আপনাদের এটাকে বদলাতে হবে। কৃষি আয়কর আপনারা চালু করুন, সেখানে যদি তার উদ্বৃত্ত থাকে তবে সেটা নিশ্চয়ই রাষ্ট্রের জন্য দিতে হবে। আমরা এমন কথা বলি না যে খাজনা দিতে হবে না, কিন্তু যেখানে অযৌক্তিকভাবে খাজনা বেড়েছে সেখানে বলবার অধিকার আছে, বাইরেও বলবার অধিকার আছে, এই হাউসেও বলবার অধিকার আছে। এই খাজনানীতির মধ্যে মানবতা নাই, এটা বদলান। এই কয়েকটা টাকা পেয়ে দেশের এমন কিছু হবে না, ফতেপুর সিক্রি তৈরী করতে পারবেন তা হবে না। সেজন্য অন্যদিকে আয় করা যায় কি না সেটা আমাদের দেখতে হবে। তার পর আমি আরও কয়েকটা কথা বলতে চাই সেটা হচ্ছে যে আপনারা আইন করলেন যে এক বিঘা বাস্তু জমির খাজনা ছাড় দেওয়া হবে। কিন্তু কৈ হোল না। সে আইন চালু করা হোল না। এই আইন করে ফেলে রেখে দেওয়া হোল। এতে কিছুটা লাঘব করেছেন। কিন্তু যে আইন পাস করেছেন যা গৃহীত হয়েছে সে আইন চালু করলেন না কেন, সেটা আমি বুঝতে পারছি না। এটা চালু করার চেষ্টা করুন, এতে কৃষকের কিছুটা ভার লাঘব হবে। তার পর যেসমস্ত জায়গায় আপনারা অ্যাকোয়ার্ড ল্যান্ড যে সমস্ত রাস্তাঘাটের জন্য দুর্গাপুর এক্সপ্রেস প্রভৃতি সেই সব পরিকল্পনার জন্য জমি নিয়েছেন সে সম্বন্ধে বলবো। এই সব পরিকল্পনার জন্য দেশ উন্নয়নের জন্য জমি

যাবে কি করা যাবে, দিতেই হবে—কিন্তু সেই সব পরিকল্পনা জনসাধারণের সঙ্গে পরামর্শ করে তৈরী করা হয় না। রাইটার্স বিল্ডিংস-এ বসে ম্যাপ দেখে রাজার মনে হোল হীরের গাছে সোনার পাখি হয় এবং তাই নিয়ে এসো। এইভাবে আপনারা পরিকল্পনা তৈরী করেন তাদের কি অসুবিধা, তাদের চাষ-আবাদ নষ্ট হচ্ছে কিনা, তাদের উন্নয়ন হচ্ছে কিনা এই সব দেখা হয় না। এই উন্নয়ন করতে গিয়ে জমি চলে যাচ্ছে—জমি চলে যাবার পর যেটা হয়েছে সে সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয়কে বার বার এ হাউসে বলেছি গত ৬।৭ বছর ধরে, কিন্তু কাজ হয়নি। জমি নিয়ে নিলেন ল্যান্ড অ্যাকুইজেশন হয়ে গেল সেখানে পথ-ঘাট হোল—কি ইমারত হোল তার জন্য খাজনা কৃষককে দিতে হয়। এবং মাননীয় মন্ত্রিমহাশয়ের এটা অদৃষ্টের পরিহাস যে এই রকম ভাবে মিথ্যা কথা বার বার আপনাকে বলতে হবে। কি অবস্থায় সার্টিফিকেট হচ্ছে এবং যে আইন আপনারা পাস করে রেখেছেন সেই জমিদারী দখল আইনের একটা ধারা আছে দেখবেন যে কোন কৃষক যদি কোন জমার খাজনা না দিতে পারে তাহলে তার সমস্ত খাজনার জন্য জমিকে নিলামে দিতে পারেন। কাজেই যে জমি কৃষকের চলে গেছে কয়েক বছর নেই তার খাজনাও তাকে গুনতে হচ্ছে। সার্টিফিকেট হচ্ছে—না দিতে পারলে তার সমস্ত জমি চলে যাবে। এই পদ্ধতি আজকে চলছে। এটা বদলাবার চেষ্টা করুন। শুধু চীন চীন করলে হবে না। গ্রামে চীনের ব্যাপার কিছু নেই। তার পর ধরুন খারিজ—আমি একটা জমি হয়ত ১ বিঘা চাষ করি সেটা এক খতিয়ান ভুক্ত, সেই খতিয়ানে আরও দশ জনের জমি আছে—সেই দশজনের খাজনা আর আমার—১১ জনের খাজনা আমার উপর চাপলো। বেঙ্গল টেনেন্সি অ্যাক্ট ছিল যেটা এখন আর আপনারা মানছেন না। খারিজ ফি কোথায় জমির কমালেন—কোথায় ৫০ টাকা হোত সেখানে ফজলুল হক সাহেবের আমলে ১ টাকা খারিজ হোল—আপনাদের কোন খারিজের ব্যবস্থা নেই এবং মূল খতিয়ানের যতগুলি জমি তার জন্য খাজনা গুনতে হবে কৃষককে। যে কৃষকের পাশে দাঁড়াবার কেউ নেই তার উপর অত্যাচারের অদ্ভুত নিদর্শন আপনারা দেখাচ্ছেন। অদ্ভুত গণতন্ত্র —আপনারা এই সব করছেন। সেজন্য বলছি যে খারিজের একটা ব্যবস্থা করুন। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এসেছিলাম একটা ব্যাপারে তাঁর সঙ্গে কথাও হয়েছে—কিন্তু তিনি বললেন কোন উপায় নেই, তিনি অসহায়। চমৎকার আইন। যেখানে মন্ত্রী নিজেই অসহায় সেখানে জে এল আর ও অফিসার কিছু বলতে পারেন সেটেলমেন্ট অফিস কিছু বলতে পারেন? আর তহশিলদার যারা ২৭ টাকা মাইনেতে চলে যার জন্য তাকে ২৭ রকম দুর্নীতি করতে হয় এবং যার জন্য সে নানা রকমভাবে আদায় করে নেয় এবং যার ফলে পরবর্তী সময়ে সার্টিফিকেট আসে, এটাকে যাতে দূর করা যায় তার ব্যবস্থা করুন। গ্রামের এই সব জুলুম থেকে কৃষককে বাঁচাতে হবে। তারপর আমি যেটা বলবো সেটা হচ্ছে সেটেলমেন্ট সম্বন্ধে। এই সেটেলমেন্টে কি করলেন? আপনারা ৫।৭ বছর ধরে যে সেটেলমেন্ট করলেন সেটা কি কোন কার্যকরী হোল। এবং সেটেলমেন্টের পরে আইন কি টিকবে? অবশ্য আইনের কথা আমরা জানি না। কিন্তু গ্রামে যা দেখছি তাদের সর্বনাশ হয়ে গেলো। ১৯৩৫ সালে যে সেটেলমেন্ট শেষ হয়ে গেছে তাতে দেখেছি যেসব মাপযোপ হয়েছিল এবার সে সব নেই। একটা জিনিস আমরা দেখিয়ে গত ২৫ বছর ধরে আমাদের জাতীয় চরিত্রে এই রকম আছে যে অপরের জমির ধার দিয়ে নর্দমা আছে সেখানে কাঁটা গাছের ডাল পুতে দেওয়া এবং তার পর তিন ফুট কলেবর বৃদ্ধি হলেই সেই অপরের ৩ ফুট জমি চলে গেল।

[2-55—3-5 p.m.]

এইভাবে জমি যেটা ৫ বিঘা ছিল সেটা ৭ বিঘা হয়ে যাচ্ছে। যে জমি ১ বিঘা ছিল সেই জমি ৩ বিঘা হয়ে যাচ্ছে। এই ঘটনাগুলো ঘটছে। এর পর কি ঘটল গ্রামের ঘরে ঘরে আপনারা মামলা ঢুকিয়ে দিলেন। এই অবস্থা আজ দাঁড়িয়েছে গ্রামে। বর্তমান সেটেলমেন্টে কোথাও আপনারা পরচা রেখেছেন? সেখানে যে জমি রেকর্ড হয়েছে তার নাম কোথাও দখলে দেখিয়েছেন কোথাও দেখান নি। পরচায় দেখিয়েছেন যারা ঘুষ দিয়ে করতে পেরেছে। এই সেটেলমেন্টের ফলে আজকে গ্রামে কেউ বলতে পারছে না, কি অবস্থায় আমরা আছি। এই জমি আমাদের দখলে আছে কি না। আমি দুর্গাপুর এক্সপ্রেসের ব্যাপারে গিয়ে দেখেছি যে জমি একজনের দখলে আর এক জনের নামে নোটিস আসে এবং আর এক জনের নামে টাকা গেছে। একটা

জায়গায় পেমেন্ট নিয়ে সেখানে আন্দোলন করেছিল। ফলে এই রকম গোলমাল হয়েছে। এবং এবারকার সেটেলমেন্টে সবচেয়ে বেশী মারাত্মক হচ্ছে দখলের উপর। এবার তাদের রাইট ঠিক হয়েছে এবং দখলের উপর রেকর্ড ঠিক হবার ফলে যে অবস্থা দাঁড়িয়েছে সেটা হচ্ছে এই যে আগামী কয়েক বছরের মধ্যে আর একজন কাগজ দেখাবেন এবং আর একজন রেকর্ড দেখাবেন। এই দখলকারী চলে যাবে। এই দখলকারী যখন আবার দখলে এসে যাবে তখন আর একজন দখলকারী এসে যাবে। এই খাতাপত্র প্রত্যেক সেটেলমেন্টে হয়েছে। আপনাদের সবচেয়ে বেশী দায়িত্বপূর্ণ অফিসার ছিলেন এই বিভাগে তাঁকে আপনারা সরিয়ে দিয়েছেন, যে লোকটাকে আমরা দেখেছি কাজের মাধ্যমে যার কোন দুর্নীতি ছিল না, তার জায়গায় অন্য লোক এনেছেন এবং তার ফলে এই সব জিনিস হচ্ছে। এই রকম ব্যাপারের জন্য আমি মন্ত্রিমহাশয়কে বলেছি যে আপনারা এক এক করে এই জিনিসগুলি দূর করবার চেষ্টা করুন। পুনরায় দিনস্থির করুন, তার পর যে হস্তান্তর হয়েছে সেই জমি কেড়ে নিতে হবে আইনের বলে, আপনাদের গ্রহণ করতে হবে। দ্বিতীয় নম্বর আপনারা যে জমি ডিস্ট্রিবিউসন করবেন সেখানে কৃষকের প্রতিনিধি নিন। তৃতীয় নম্বর খাজনা প্রথা তুলে দিন। চতুর্থ নম্বর খারিজ দেবার ব্যবস্থা করুন। ৫নং যে সমস্ত জমি কৃষকের হাত থেকে চলে গেছে তার খাজনা কৃষক দেবে না, এই রকম নীতি আপনারা ঘোষণা করুন। কর্মচারীরা ঘুষ নেয় সেসব আপনাদের শুনতে হবে না যদি আপনারা এই সব কাজ করেন এবং এই সব কাজ করলে কিছু হবে।

Shri Bejoy Kumar Banerjee: Mr. Deputy Speaker, Sir, when the West Bengal Estates Acquisition Act was passed, people welcomed it as a new era in the country in bringing about revolutionary changes in the field of economy and in social and political structures but, Sir, today in the working of the Act we find after eight long years that expectation of the people has been belied and they are being taxed to the ground. Sir, in course of five years the West Bengal Estates Acquisition Act was amended nearly seven times and so there were seven amendments of the Act. It is a piece of legislation unparallel in the history of any country anywhere in the world. Sir, what does that show? It shows that the Government has not made up its mind as to what policy the Government is to follow in this matter. Sir, we find everywhere in the working of that Act hardship, harassment and trouble of the people and, to add to their suffering, they do not know where they stand—absolute anarchy, chaos and disorder are the results of the working of the Act. Sir, if the state of things continues, I do not thintk this State will any day be able to fulfil the o'je tive for which the Act was passed.

Sir, go anywhere, you will find who are the landlords today. Government certainly rules the country through its officers. Government has let loose the officers to do whatever they like. In the hands of those officers this Act is being used as an engine of oppression and, to say the least, Sir, records are being made without any basis whatsoever. Taking advantage of the illiteracy of the people and the uncertainty of law they are following their own policy. Who is there to check them, who is there to supervise the working of the Act? It is not strange therefore that neither land has been distributed as it ought to have been nor compensation paid as it should have been paid by now. If by legislation it is provided that within such and such time such and such work has got to be done, say, in the matter of compensation, why that has not been done? Sir, my honourable friend, the Land Revenue Minister, for whom I have the greatest regard, has admitted in his opening speech today that he is still thinking of a new policy in the matter of কৃষিজমি বণ্টন। He has admitted in his opening speech that in the matter of survey কিছু কিছু ভুল আছে। He has admitted in his opening speech with reference to the Bargadars কিছুটা পীড়ন হচ্ছে। How much is কিছুটা, what does কিছু mean? Sir, these are matters which have got to be determined. Sir, a large number of people who were deprived of their

land were assured of compensation. All the zamindars are not Rajas and Maharajas. They have not been paid their compensation money and the Hon'ble Minister has admitted that they have not been paid. Why they have not been paid? Sir, I have found that many persons are emp'oyed in the offices of this Department. I invite any of the Hon'ble Ministers to come with me and watch the working of the Act in these offices. It is impossible to find out which is the Department, where is the file, who is the person who can give any information about anything. This is the state of affairs in this Department and the Hon'ble Minister has asked for a grant of 7 crores. Sir, this is not such a huge amount as the other amounts being asked for other heads daily, namely, crores and crores of rupees, but then the one policy that I find has been adopted in these Houses, "say as you like and do as we like". That policy would be followed we know, but, Sir, it will not affect me, it will not affect any of my friends on the Opposition or anybody here it will affect the future of the country for which everyone is interested. Sir, this state of things must be changed, otherwise it would be an evil day for Bengal.

[3-5—3-30 p.m.]

Sir, sometime ago rents were remitted due to flood. Afterwards rents were realised—the same rents which were once remitted by this Government during the flood—by issue of notices and processes, threatening to sell all of their belongings. If the Government pursues policies like this, what are we to expect from out of it? It is a paradise now for the J.L.R.O.s and the S.L.R.-Os. there is nobody over their head to check them. They are doing things as they like and they are acting in this manner taking advantage of the illiteracy of the people and uncertainty of law. Sir, rents are realised from many people in respect of the same land, in respect of the same plot of land. Rent is accepted from whoever comes to pay it just for the purpose of creating title. Why? Where the money is being deposited we do not know. Is it kept in suspense account, or in any other account? But that is the usual feature of the working of the Act. For these rents same receipts are given with the following words "অধিকার ও বৈধতা স্বীকার না করিয়া"। Nobody knows what his position is, or what his rights and obligations are under the Act passed by this Legislature. Sir, in 8 years' time to definite scheme has been formulated. I do not know when this will be done. কৃষি জমি বণ্টন কিছুটা পীড়ন Now we hear from the Hon'ble Minister that still we are in the stage of formulating new schemes. Sir, the State is now the zamindar taking the place of all the other zamindars, after the Estates Acquisition Act came into force. We had heard much about the oppression of the zamindars, but we would hear more about the oppression of the Government acting through its officers as the zamindars of West Bengal. I would, therefore, most humbly request the Hon'ble Minister in charge, in the interest of the country—he may dismiss all our argument as the wailings of the Opposition—I do not mind—I have faith and confidence in the Hon'ble Ministr—I would request the Hon'ble Minister to make an anquiry into the deplorable state of affairs. It is not a pleasure for me to criticise the Government. I do not do it unless there are reasons to justify that criticism.

I would next, most respectfully, urge upon the Hon'ble Minister to see that compensations are paid immediately. Why should not they be paid? Land should be distributed as was promised in the Act. It must be distributed. As for the figures given by my friend on the Congress Bench opposite, Sir, I agree with him in some of the matters which he mentioned. He perhaps delivered a very good speech which I appreciate. But, Sir, they have made the zamindars, the small zamindars, not the Rajas and the Maharajas, absolutely penniless. They gave them some pittance out of charity. It was the declared polcy of the Government to give them compensation, not

like the policy of other States to take away land without payment of compensation. These landlords took some money in their hunger, in their want. They wasted the money. They could not utilise that money in any business or in any other capacity you have created problems—by trying to solve one problem, you have created half a dozen other problems. Ultimately, this State, the people of this State, many of them, thousands and thousands of them, will be dependent entirely on the loans and doles for which you have made provsion in the budget. In trying to solve the gold problem you created another problem and again that dole business has come in. You give doles and carry on with this administration. Sir, I say, it is not a wise policy for any Government to follow. Unless the Government is an honest Government without corruption, an efficient Govrenment thinking sincerely for thte people, there is no hope for this country.

With these words, Sir, I thank you, for having given me the opportunity to speak. I know, my friend the Hon'ble Minister will hear us and at the same time repeat the same argument that the country is going forward in its march of progress—we hear it and go away. Let us not, Sir, only be content to hear it. Let us hear from him something new.

[At this stage the House was adjourned till 3-30p.m.]

[After Adjournment]

[3-30 –3-40 p.m.]

Shri Jagadish Chandra Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রীমহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন তা সমর্থন করতে উঠে কয়েকটি কথা বলতে চাই। আমাদের দার্জিলিঙ জেলায় রেভিনিউ বোর্ডের আন্ডারে একটি প্রতিষ্ঠান আছে তার নাম হচ্ছে দার্জিলিঙ ইমপ্রুভমেন্ট ফান্ড। দার্জিলিঙ ইমপ্রুভমেন্ট ফান্ড ইংরাজ আমলে দার্জিলিঙ শহরে স্বাচ্ছন্দ বিধানের জন্য হয়েছিল। দার্জিলিঙ জেলার বিভিন্ন পল্লী অঞ্চলে যে হাট আছে সেই হাট থেকে টাকা পয়সা নিয়ে দার্জিলিঙ জেলার সৌন্দর্য বৃদ্ধির জন্য অনেক দিন আগে ৬০-৭০ কি ৮০ বৎসর আগে এই ফান্ডটি তৈরি হয়। তারপরে দেখা যায় এযুগেও দার্জিলিঙ জেলার বিভিন্ন মহকুমা শহরে যে বাজার আছে, সেই বাজারে, যেমন দার্জিলিঙ শহরের দার্জিলিঙ ইমপ্রুভমেন্ট মার্কেট সেই মার্কেট দার্জিলিঙ মিউনিসিপ্যালিটিকে দিয়ে দেওয়া হয়েছে, কালিমপঙকে আংশিকভাবে দেওয়া হয়েছে, কার্শিয়াঙকেও আংশিকভাবে দেওয়া হয়েছে কিন্তু শিলিগুড়ি শহরে দার্জিলিঙ ইমপ্রুভমেন্টের যে হাট আছে তার সম্পূর্ণ আদায় উসুল, স্বত্ত্ব, সমস্ত দার্জিলিঙ ইমপ্রুভমেন্ট ফান্ডের অথচ শিলিগুড়ি মিউনিসিপ্যালিটি বহুবার চেয়েছে যে, মিউনিসিপ্যাল এলাকার যে বাজার, রেভিনিউ বোর্ডের যে বাজার, যার নাম হচ্ছে দার্জিলিঙ ইমপ্রুভমেন্ট ফান্ডের হাট, তার সম্পূর্ণ স্বত্ত্ব মিউনিসিপ্যালিটিকে দিয়ে দেওয়া হক। কিন্তু এ সম্পর্কে কিছু করা হয় নি। পশ্চিমবাংলার মানুষ স্তম্ভিত হয়ে যাবে যদি শুনতে পায় যে দার্জিলিঙ ইমপ্রুভমেন্ট ফান্ডের শিলিগুড়ি শহরে যে বাজার আছে, সেই বাজারের খালি জমি এক কাঠার খাজনা হচ্ছে ১,৮৯০ টাকা। অর্থাৎ ১ লক্ষ টাকার বেশী হচ্ছে এক বিঘা জমির খাজনা। অথচ এই নিয়ে বারবার শিলিগুড়ি মিউনিসিপ্যালিটি এবং দার্জিলিঙ জেলার বিভিন্ন প্রতিষ্ঠান আপত্তি করেছে পতিত জমির এইরকম খাজনার হার হওয়া উচিত নয়। এই জমি থেকে দার্জিলিঙ জেলার শিলিগুড়ি মহকুমা শহরের যে হাট সেই হাট থেকে প্রতি বৎসরে সরকারের ইনকাম হয় প্রায় ৮০ হাজার টাকা। খরচ হয় ১৮ হাজার থেকে ২৪ হাজার টাকা। মিউনিসিপ্যালিটি বারবার বলছে যে অন্যান্য মহকুমার হাটগুলি যদি তাদের মিউনিসিপ্যালিটিকে দিয়ে দেওয়া হয়ে থাকে, তা হলে শিলিগুড়ির হাটটি শিলিগুড়ি মিউনিসিপ্যালিটিকে কেন দেওয়া হবে না? এই সম্পর্কে আমি রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি শিলিগুড়ি সহরের হাটটি শিলিগুড়ি মিউনিসিপ্যালিটিকে দেওয়া হোক। এই সম্পর্কে আরো কয়েকটি কথা আমি বলবো যে, কি বে-আইনী কাজ তাঁরা করছেন। ১৯৫৪ সালে শিলিগুড়ি মিউনিসিপ্যালিটি পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করলো যে, মিউনিসিপ্যাল

এলাকার হাট যদি পরিচালনা করতে হয়, তা হলে লাইসেন্স লাগবে। ১৯৫৪ সালে শিলিগুড়ি মিউনিসিপ্যালিটি পশ্চিমবঙ্গ সরকারের কাছে বলবো যে, হাটের লাইসেন্স দিয়ে হাট চালান হক। কিন্তু আজ ৯ বৎসর হয়ে গেল পশ্চিমবঙ্গ সরকার সে চিঠির জবাব দেন নি। বিনা লাইসেন্সে হাট পরিচালনা করছেন, কেন তাদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করা যাবে না, তা আমরা বুঝতে পারি না। রাজস্ব বোর্ড, রেভেনিউ বোর্ড, এত গোলমাল তারা করছে দার্জিলিঙ জেলা সম্পর্কে যে তা বলে আর শেষ করা যাবে না। আর একটি কথা বলি, শিলিগুড়ি মহকুমার গ্রামে বিভিন্ন হাট আছে সেইসমস্ত হাট থেকে তাঁরা যে আদায় উসুল করেন তার সম্পূর্ণ টাকা দার্জিলিঙ শহরের উন্নয়নের জন্য খরচা করা হয়। আমার সুনির্দিষ্ট প্রস্তাব বলুন বা সাজেসন বলুন, তা হচ্ছে শিলিগুড়ি মহকুমা কিম্বা জলপাইগুড়ি জেলার ডুয়ার্স অঞ্চলের যে হাট ফান্ড আছে সেই ফান্ড থেকে যে টাকা আদায় হয়, বিভিন্ন পঞ্চায়েতকে সেই টাকা দিয়ে দিতে হবে, এবং শহর এলাকায় যে টাকা আদায় হয়, সেগুলি শহরের মিউনিসিপ্যালিটিকে দিতে হবে। তা যদি দেওয়া না হয়, তা হলে আজকের দিনে অঞ্চল পঞ্চায়েত বলুন বা মিউনি-সিপ্যালিটি বলুন, তা কি করে চলবে। ভূমি রাজস্বমন্ত্রীর কাছে আবেদন করবো এই সম্পর্কে তিনি যেন একটু দৃষ্টি দেন।

আর একটি কথা অনেকে বলেছেন যে পশ্চিমবাংলায় জমির খাজনার হার অত্যন্ত বেশী। সেটা যেমন সত্যি তেমনি এক আনা এক বিঘা জমির খাজনা, তাও তো আছে, যেখানে জমির খাজনা বৃদ্ধির সংগত কারণ আছে, সেখানে কেন বৃদ্ধি করা হবে না? দিনাজপুরে বহু এরকম জায়গা আছে, যেখানে এগার পার একার খাজনা আছে, সেদিকে দৃষ্টি দিন। আর একটি কথা বলতে চাই, মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন শিল্পে শান্তিরক্ষার জন্য দুইপক্ষের দায়িত্ব আছে। আমি বলি তা হলে কৃষিক্ষেত্রে শান্তিরক্ষার জন্য দ্বিতীয় পক্ষ হবে কি চতুর্থ পক্ষ হবে জানি না। কিন্তু যদি কৃষিক্ষেত্রে শান্তি রক্ষিত না হয়, তা হলে উৎপাদন ব্যাহত হবে, পশ্চিমবঙ্গ সরকার নিশ্চয়ই এটা স্বীকার করবেন। ভূমি যাদের আছে তাদের মধ্যে সবরকম শান্তি বজায় রাখতে হবে। পশ্চিমবঙ্গ সরকারের কি নীতি তা ভূমি রাজস্বমন্ত্রীর কাছ থেকে জানতে চাইব। আর একটি বিষয় জানি যে সরকার যে জমি লীজ দেন, জলপাইগুড়ি, দার্জিলিঙ অঞ্চলে দেওয়া হয়, তিন বছরের জন্য লীজ দেওয়া হয়, কিন্তু পশ্চিমবাংলার অন্যত্র এক বছরের জন্য দেন। এটা ঠিক নয়। জমি কৃষককে দেওয়ার পর সে যদি বুঝে, জমি আমার হাতে এক বছর পরে থাকবে না, তাতে খারাপ ফল হয়, এমনভাবে কাজ করবে যাতে ভাল চাষ হবে না। এজন্যে বলি কমপক্ষে সমস্ত পশ্চিমবাংলায় তিন বছরের জন্য জমি লীজ দেওয়ার ব্যবস্থা করুন। পশ্চিম-বঙ্গ সরকার যেসমস্ত জমি লীজ দেন, তা থেকে অনেক জায়গায় কৃষকদের উচ্ছেদ করা হচ্ছে। দার্জিলিঙ জেলায় নাকচাবি থানায় একটা মৌজায় কৃষকদের বেআইনীভাবে উচ্ছেদ করা হয়েছে। পশ্চিমবাংলা সরকার উচ্ছেদ করেন নি, পার্শ্ববর্তী গ্রামের বড় বড় জোতদার দরিদ্র কৃষককে উচ্ছেদ করছেন—তার সুনির্দিষ্ট অভিযোগ বার বার আমাদের কাছে আসে, কয়েকজন কৃষক রাষ্ট্রপতির কাছে আবেদন করেছে, এইভাবে উচ্ছেদ করা হচ্ছে, পুলিস আমাদের সাহায্য করতে পারল না, সরকার আমাদের প্রোটেকশান দিলেন না। আমার কথা হচ্ছে যে জমি তাদের দিলেন, তা থেকে যাতে কেউ তাদের উচ্ছেদ করতে না পারে তার জন্য প্রয়োজন হলে আইন সংশোধন করুন। আর একটি বিষয় নিয়ে অনেকে বলেছেন। জমি বণ্টনের জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে একটা কমিটি গঠন করা হবে। বিরোধীপক্ষের বন্ধুরা বলেছেন সেই কমিটিতে এম এল এ-দের থাকা উচিত। আমি আমার এলাকার কথা বলছি, আমি অন্তত সেখানে থাকতে চাই না, বরং রাজস্বমন্ত্রী যা বলেছেন, সার্কেল অফিসার, বি ডি ও ও অঞ্চলপ্রধান এ'রা থাকুন, আমি অন্তত এতে যেতে রাজী হব না। যে জমি দিয়ে কৃষকদের খুশি করা যাবে না, সেখানে জমির পরিমাণ এত কম এবং কৃষক-দের সংখ্যা এত বেশী তাতে কিছুই করা সম্ভব নয়। কোন এম এল এ যদি যেতে চান যাবেন, আমি আমার কথা বলি, আমি যেতে চাই না। কৃষিক্ষেত্রে শান্তিরক্ষার জন্য পশ্চিমবাংলা সরকারের ভূমি রাজস্বমন্ত্রী কি করতে চান সে সম্পর্কে সুনির্দিষ্ট জবাব আশা করি পাব। আমি দেখছি পশ্চিমবাংলার বিভিন্ন এলাকায় কৃষক এবং জোতদার, জমিদারদের মধ্যে ঝগড়া, অশান্তি লেগেই আছে, সেটা অচিরে বন্ধ হোক এটা আমরা চাই। দার্জিলিঙ জেলায় ডি আই ফান্ড...

[At this tage the red light was lit and the member resumed his seat]

[3-40—3-50 p.m.]

Shri Girish Mahato:

মাননীয় স্পীকার মহাশয়, ভারতবর্ষের সকল রাজ্যের অধিকাংশ লোক কৃষিজীবী। এই জমি তাহাদের বাঁচিবার একমাত্র আশ্রয়, অথচ দেশের অগণিত জনগণের ভূমি সম্পত্তিরূপে এই মহান জাতীয় সম্পদ বিষয়ে আইনকানুন পরিচালনা ও রেকর্ড ব্যবস্থা অত্যন্ত বিভ্রান্তিকর, ক্ষতিকর ও বিশৃংখলাপূর্ণ। অযোগ্য সরকারী ব্যবস্থাধারার ফলে দেশের চাষীগণ, বিশেষত দরিদ্র চাষীরা, প্রতিনিয়ত প্রতিকারহীন নানা দুর্ভোগ, প্রতারণা, ক্ষতি ও সম্পত্তিহানির বিপদ লইয়া কাল কাটাইতেছে। অথচ এই ভূমি ব্যবস্থাকে একটি সুষ্ঠু, সহজ, কার্যকরী, এবং সংশ্লিষ্ট সকলের কল্যাণজনক কার্যধারা সহকারে শান্তিপূর্ণ ব্যবস্থায় পরিণত করা যায়। এর অভাবে কত খুন, কত বিপর্যয়, কত অবাঞ্ছিত ঘটনা ও কত পরিবারের ধ্বংসসাধন হয়ে যায়। কিন্তু এই দীর্ঘ কংগ্রেসী শাসনের মধ্যে এই ভূমি ব্যবস্থার ইংরেজ আমলের ব্যবস্থার চেয়ে কোন উন্নতিসাধন সম্ভবপর হয় নি। একদিকে কোন উন্নতিসাধন তো হয় নি, অন্যদিকে আবার নতুন সেটেলমেন্টের মাপের কাজ আরম্ভ করে—এই শাসনযন্ত্র একটা অরাজকতার রাজত্ব আরম্ভ করে দিয়েছে। এই অরাজকতার মধ্যে চাষী-প্রজাকুলকে, জনসাধারণকে অবাধভাবে শোষণের কাজ এগিয়ে চলেছে। রাজকর্মচারীদের দ্বারা অবাধ দুর্নীতি, ঘুষ, বঞ্চনা প্রভৃতি দ্বারা জনগণ অতিষ্ঠ এবং এইভাবে ব্যয়বহুল জরিপের ফলে বহুজনের ন্যায়সঙ্গত অধিকার বিপন্ন। এই বেআইনী অনিশ্চিত বহু ব্যয় ছাড়াও ন্যায়বিচারের সন্ধানে সরকারী সাধারণ ব্যবস্থা গ্রহণের প্রচেষ্টাও বিশেষ ব্যয়সাধ্য—যা বহুজনের পক্ষেই সম্ভব নয়। ভূমি ব্যবস্থা সম্পর্কিত যে আইনকানুন তা সাধারণের অজ্ঞাত। সাধারণ মানুষের ভাষায় ও তাদের বোধগম্য ভাষায় এই আইন ও তার মর্মার্থ অনুবাদ করে, সরকারী ব্যবস্থায় এই বিষয়ে ব্যাপক গণশিক্ষার প্রয়োজন ছিল। কিন্তু সরকার তা আদৌ করেন নি। যে কোটি কোটি বাংলাভাষীদের প্রতিনিধি এই সরকার, সেই সরকার জনগণের অতিপ্রয়োজনীয় এই আইন বাংলাভাষায় রচনা করার প্রয়োজনও অনুভব করেন নি। আমরা বহু সন্ধান করেও তা কোথাও পাই নি—সরকারী বা বেসরকারী বিভাগ থেকে। এমন কি নিয়মাবলী সহ এই আইন কানুনের ইংরাজী গ্রন্থ বহু সন্ধানেও পাওয়া যায় নি। আমরা গণতন্ত্রের কথা দুবেলা বলে থাকি, কিন্তু এই জনগণের আপন গুরুত্বপূর্ণ অধিকারসমূহ রক্ষায় আইনের ব্যবস্থা ও সুযোগ সুবিধা কি কি ও কিভাবে পাবে, সে বিষয়ে অপরিহার্য গণশিক্ষা প্রসারের কোন প্রয়োজনীয়তাই সরকার উপলব্ধি করেন না। আইন বিষয়ে সম্পূর্ণ অজ্ঞ গ্রামবাসীগণ রাজকর্মচারীদের, তথা তাদের যোগাযোগ যুক্ত ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দ্বারা শোষিত, প্রতারিত ও বিপর্যস্ত হবে এবং নিরুপায় হয়ে বিশেষজ্ঞগণের সহায়তা পাবার জন্য বহুভাবে ক্ষতিগ্রস্ত হবে, এটাই সরকারের ইচ্ছে বলে আমরা ধারণা করতে বাধ্য হয়েছি। আমার নিজের জমির অধিকার সুনির্দিষ্ট করার উদ্দেশ্যে সরকারী অযোগ্য মাতব্বরির জন্য জনগণকে মারাত্মক খেসারত দিতে হচ্ছে। এর ওপরে অবস্থা এই যে, চাষীর সুবিধার দিকে লক্ষ্য রেখে জরিপের সময় ধার্য হয় না। চাষের ভরা সময়ে জরিপ এসে দেখা দেয় সমগ্র চাষীকুলকে ঘোরতরভাবে বিপন্ন করবার জন্য। দুর্ভিক্ষপিষ্ট বিপর্যস্ত অসহায় মানুষের জন্যও রেহাই নেই—হুড়া, পুঞ্চা, মানবাজারের দুর্ভিক্ষপীড়িত অঞ্চলেও আজ জরিপ তাড়া করে গেছে—মানুষকে নানাভাবে পর্যুদস্তু বিপন্ন করতে। সরকারী অযোগ্যতার দরুন দুর্ভিক্ষপীড়িত মানুষ কাজ পায় নি, সেজন্য অগণিত মানুষ ঘর ছেড়ে গ্রাম ছেড়ে বাইরে চলে গেছে। এ-হেন সময়ে জরিপের কাজের ফলে অনুপস্থিত বহু লোকের অধিকার বিপন্ন হবে, চালাক অর্থবান মুষ্টিমেয় লোকেরা এর অবাধ সুযোগ গ্রহণ করবে। জরিপের অনাচার বিষয়ে গ্রামে গ্রামে অগণিত গৃহে অভিযোগ জমা হয়ে আছে। রাজ্যের উচ্চতম কর্তৃপক্ষেরা এ বিষয়ে তদন্তের এবং উপযুক্ত প্রতিকারের আশ্বাস দান করলে হাজার হাজার অভিযোগ অগ্রসর হয়ে আসবে। এই রাজস্ব বিভাগের আর একটি বিশেষ কলংকজনক অধ্যায়ের কথা বলব। ছোটনাগপুর টেনেন্সি অ্যাক্টের অধীনে জমি হস্তান্তরের প্রয়োজনে পারমিশন আইনরূপী অনাচার আইনের বিরুদ্ধে সারা জেলার তীব্র আন্দোলন সত্ত্বেও তার সম্পূর্ণ উচ্ছেদ হোল না—সরকারী জেদের প্রতীকরূপে তার আংশিক অস্তিত্ব বজায় রইল। জেলার দুর্ভিক্ষপীড়িত অঞ্চলের ক্ষুদ্র মধ্যস্বত্বাধিকারীদের অভিযোগ এই যে, এই অবস্থাতেও তাদের দেয় রাজস্ব যে-কোনভাবে দেবার জন্য তাদের উপর অবাঞ্ছিত চাপ দেওয়া হচ্ছে। রাজস্ববিভাগ আদায়ের প্রতীক। অযোগ্য ব্যর্থ

শাসক জনগণের কাছ থেকে অবিরাম আদায় করে [illegible] আজ জরাজীর্ণ করে তুলেছে। রাজস্ব সর্বস্ব এই শাসন আজ পূর্ণ বৈষম্যের প্রতীক হয়ে দাঁড়িয়েছে—নিতে জানে, দিতে জানে না। দরিদ্র আর্তজনকে শোষণ করতে জানে, ভাগ্যবান ধনবানদের শোধন করে সামঞ্জস্য বিধান করতে জানে না। এই চক্রের অবসান না হওয়া পর্যন্ত রাজস্ব মুষ্টিমেয় লোকেরই রাজস্ব ভোগের উপায় হয়ে থাকবে, জনগণের নয়।

Shri Shreemohan Thakur:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিরাজস্ববিভাগের বিপুল ব্যয়বরাদ্দ আলোচনা করতে গিয়ে আজ স্বাধীনতাপ্রাপ্তির প্রথম বছরের দিনগুলির কথা মনে পড়ছে। আমাদের দেশ যখন স্বাধীন হল, তখন গ্রামাঞ্চলের চাষীরা আশা করেছিল অন্তত আর কিছু না হোক, সুষ্ঠুভাবে চাষবাস করে জীবনধারণ করবার মত ব্যবস্থা এই সরকার করতে পারবেন। এই আশা করাটা খুব অন্যায় হয় নি। কিন্তু এখন গ্রামে চলুন, কি চিত্র সেখানে দেখবেন? দেখবেন দিনের পর দিন জমিগুলি খণ্ডবিখণ্ড হয়ে যাচ্ছে। আজকে গ্রামের পুকুর-পুষ্করিণীগুলি সংস্কারের অভাবে শুকিয়ে বুজে যাচ্ছে, ফলের বাগান ও অন্যান্য গাছপালার ফলধারণের ক্ষমতা দিনের পর দিন লোপ পেয়ে যাচ্ছে। এর কারণ কি? এর মূলগত কারণ রয়েছে ভূমিরাজস্ব বিভাগের গলদের মধ্যে। চাষীরা খণ্ডবিখণ্ড জমিতে চাষ করতে পারে না, এটা সহজবোধ্য। আজকে এই বৈজ্ঞানিক যুগে যেখানে মানুষ কো-অপারেটিভ ফারমিং করে চাষের কাজে এগিয়ে যাচ্ছে, সেখানে আমরা উল্টো পদ্ধতি গ্রহণ করছি।

[3-50—4 p.m.]

অন্য দেশের লোক হয়ত দেখে মনে করবে নাবালকের মত এইসব কাজ করছে। এখানে এরা সব করছে কি? চাষীরা করে কি? এ ব্যাপারে যাদের কর্তৃত্ব রয়েছে তারা কতদূর স্বাবলম্বী, সে সম্বন্ধে অনেকে প্রশ্ন তুলতে পারে। গ্রামের পাড়ায় পাড়ায় যান, দেখবেন প্রত্যেকের মুখে এক কথা—অধিকাংশ যারা চাষ করে খান, তারা দেখছে যে কার জমি ভাঙিয়ে নিয়ে কে দখল করতে পারে। এই আইন কি অবস্থা করে দিয়েছে? জমি পাওয়া দুর্ঘট শুধু নয়, এতে আবার কিছু লোকও বেড়েছে। এটা সমস্যা নয়—সমস্যা আরও অন্য ব্যাপারে চলে গেছে। তার মধ্যে এই আইনের সুযোগ নিয়ে যে অসুবিধার সৃষ্টি করা হয়েছে, সেগুলি একটা কারণ হয়ে দাঁড়িয়েছে। সরকারীভাবে আইন করে বলা হচ্ছে, ভাগে জমিতে সার, বীজ ইত্যাদি লাঙল দিয়ে যারা চাষ করবে, লাঙল-হাল দিয়ে চাষ করবে তারা পান ⅔ অংশ, আর ⅓ অংশ জমির মালিক পাবে। কিন্তু সরকারী ব্যবস্থায় আইন প্রয়োগে ঠিক তার উল্টো হচ্ছে। যাঁর ⅔ অংশ পাওয়া উচিত তিনি পাচ্ছেন ⅓ অংশ, আর যার ⅓ অংশ পাওয়া উচিত তিনি পেয়ে যাচ্ছেন ⅔ অংশ। অর্থাৎ 'না'-টা হচ্ছে 'হ্যাঁ', আর 'হ্যাঁ'-টা হচ্ছে 'না'—আজকে গ্রামের লোকের মধ্যে জল্পনা-কল্পনা এটা হচ্ছে, এই হচ্ছে নির্মম বাস্তব। রাইটার্স বিল্ডিংস-এর দপ্তর থেকে গ্রামে গেলে পর সেখানে প্রতিটি ঘরে ঘরে এই আবহাওয়া দেখতে পাবেন। সেখানে চাষবাসের যে মূলগত সমস্যা, যেটা ঘটে আসছে—এই যে কৃষি নীতি ভূমিরাজস্ব বিভাগের, তাতে এই অবস্থার সৃষ্টি হচ্ছে। এখানে যে সমাজতান্ত্রিক ধাঁচে রাষ্ট্র গঠনের ব্যাপারে যে প্রথা যেটা ছিল ভূমি সংস্কার করবার জন্য, তা একেবারে তালগাছের ডগে বেঁধে আমাদের গোপাল ভাঁড়ের মত নিচেতে জাল দেবার ব্যবস্থা করতে হচ্ছে। বিনোবাজীর ভক্ত বোধ হয় এই হাউসের অনেকেই। কিন্তু আমি দেখি অনেক লোকই ফুলের মালা নিয়ে যতই প্রণাম করতে আসছে, যতই সম্বর্ধনা করতে আসছে, তারা চেষ্টা করছে তার উল্টো কাজ যাতে হয়। প্রত্যেকটি গ্রামে আমি দেখেছি, আমার জেলাতে দেখলাম, হর্তা-কর্তারা গিয়ে বিনোবাজীকে খুব সম্বর্ধনা করলেন। কিন্তু তার মুখেই শুনলাম যে উনি যেটা করছেন এটা একটা সম্পূর্ণ অবাস্তব ব্যাপার। এই হচ্ছে তাঁদের অভিনয়—এই অভিনয় চালিয়ে আর কত দিন চলবে? এইসব যা হয়েছে তাতে জমিদারী চক্র চলে গেছে, কিন্তু ঐসমস্ত জমিদারী চক্রের মধ্যে যেসমস্ত গ্রাম্য ঘুঘু যারা ছিল, তারা এই প্রজাদের উপর, চাষীদের উপর যে অন্যায় উৎপীড়ন করেছে, তারা মরে যায় নি, তারা এই কয়েক বছরে সমৃদ্ধশালী হয়েছে। তারা এখন জে এল আর ও, সি এল আর ও অফিসারদের নিয়ে মধুচক্র জমিয়ে চাষীদের যতরকম অসুবিধা করা যায় তার ব্যবস্থা করছেন। এইসমস্ত বাস্তু ঘুঘুদের মধ্যে অধিকাংশের জমি আছে, তারা খাজনা দেওয়া বন্ধ করে দিয়েছে এবং চাষীদের কাছ থেকে পাশের জমিসমেত যাতে সম্পূর্ণ খাজনা পাওয়া যায় তার ব্যবস্থা

করছেন। আইনপত্র সবই আছে, খারিজ করার ব্যবস্থাও আছে, জে এল আর ও-র অফিসও আছে সবই সত্য, কিন্তু কি কংগ্রেস পক্ষের, কি বিরোধী পক্ষের অনেকেই অভিযোগ করেছেন—এই যে বাস্তু ঘুঘুদের নিয়ে যে মধুচক্র চালান হচ্ছে, সেটা যতক্ষণ পর্যন্ত না ভাঙতে পারেন, আমাদের ভূমি রাজস্বমন্ত্রী যতই সৎ হোন, তাঁর দ্বারা চাষীদের উপকার করা সম্ভব হবে না, যতক্ষণ তাঁদের সরকারী নীতির মধ্যে গোলমাল থাকছে। যাতে এই অব্যবস্থা দূর হয় তার জন্য আইন পরিবর্তন করার ব্যবস্থা করুন। বহু নাম করা যায়, আমাদের গ্রামে যাদের খাজনা সত্যিকারের মিটে গেছে, কিন্তু যারা মেটায় নি, তাদের বাদ দিয়ে সেইসমস্ত নিরীহ চাষীদের উপর সার্টিফিকেট জারী হচ্ছে আমি এখানে দু-একজনের নাম করি—নেত্য গায়েন, যতীশ গায়েন, তারা খাজনার পাই-পয়সা মিটিয়ে দিয়েছে, অথচ কোন ভদ্রলোক খাজনা মেটালেন না, তিনি অধিকাংশ জমি ভোগ করেন তিনি গ্যাট হয়ে বসে আছেন, এই জমি নিলামে উঠবে, তিনি নিলাম ডাকবেন মাঝখানে টাকা আদায় করিয়ে যা হোক ব্যবস্থা করা যাবে। এবং জে এল আর ও অফিস পর্যন্ত এমন বন্দোবস্ত আছে যাতে সহসা আর কিছু না করতে পারে টিপে দেওয়া আছে। আমি মধুচক্রের আর একটা ব্যাপার বলছি যে, সরকারী মার্সি ল্যান্ড—ঐ নালা-টালা যে আছে, বা যে গাছে আছে—যারা আমিন আছে তারা মাপজোপ করে এমনভাবে ঠিক করে দিয়ে আসছে যে, চাষীদের খানিক জমি পর্যন্ত মাপ করে নিয়ে চলে এলো। পরে চাষীদের তাদের কাছে যেতে হচ্ছে ২-১০ টাকা দিতে হচ্ছে, অনেক ঘোরা-ফেরার পর দেখা যাচ্ছে যে গাছ যেখানে ছিল সেখানেই আছে, সব ঠিক হয়ে গেছে। হয়তো সেখানে ১ শত, ২ শত গাছ ওদিকে চলে গিয়েছিল, তা আবার চাষীদের ভাগে পড়ে গেছে। এই-রকম সেখানে অহরহ হচ্ছে, তার প্রতিকারের ব্যবস্থা কিছুই হচ্ছে না। সর্বোপরি খণ্ডবিখণ্ড জমি একীকরণ যদি না হয়, অবশ্য এটা কমিউনিস্ট ধাঁচ নয়, তা হলে চাষবাস করার পক্ষে সেটা ইকনমিক হবে না। ফলে জল দেখতে দেখতে চাষীদের সময় ফুরিয়ে যায়। ৬ কাঠা জমিতে ঝিঙে লাগিয়ে অন্য মাঠে গিয়ে আলু লাগিয়ে আসতে হয়, এতে চাষীদের লাভজনকভাবে চেষ্টা করা সম্ভব হয় না। আমাদের মন্ত্রীমহাশয় চেষ্টা করুন যাতে এইরকম একটা আইন পাশ করিয়ে অন্তত ফসল বেশী কি করে ফলানো যায়, তার বন্দোবস্ত করুন। এক এক জায়গায় এক এক জন চাষীকে জমি বন্দোবস্ত করে দিতে হবে, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sambhu Gopal Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই নির্দিষ্ট খাতে যে ব্যয় বরাদ্দের দাবী, সেটা আমি সমর্থন করি না, এবং সংক্ষিপ্ত সময়ের জন্য বিস্তৃত বক্তব্য আমি রাখতে চাই না। আমি একথা বিশ্বাস করি যে, ভূমি সংস্কারের যে মূল্য এবং মোদ্দা কথা সেটা হল ভূমির উপর থেকে অবাঞ্ছিত শোষণকে অপসারিত করতে হবে এবং সঙ্গে সঙ্গে বাংলাদেশের গ্রামের কৃষকের জমির যে ক্ষুধা তা মেটাতে হবে। কিন্তু আমি জানি আমাদের অপদার্থ গভর্নমেন্ট, একচোখো হরিণ নীতির জন্য তাদের থিওরি প্র্যাকটিসে পরিণত হয় নি। যেমন আমরা দেখছি গ্রামাঞ্চলে যারা ছোট ছোট মধ্যস্বত্বভোগী, তাদের যেমন ক্ষতিপূরণ দেওয়া হয় না এবং পেতে অত্যন্ত দেরী হয়, অন্য দিকে আমরা দেখছি বর্ধমানের মহারাজ কুমার, জগদীশচন্দ্র সিংহ প্রভৃতি জমিদারের দল, তারা ক্ষতিপূরণ পেয়ে যান। ঠিক সেইভাবে অন্য ক্ষেত্রে একই কারণে আমরা জানি বাংলাদেশে সর্বত্র জমিদারী প্রথা উচ্ছেদ হোল, কিন্তু কার ভয়ে, কিসের কারণে, কার মুখের দিকে তাকিয়ে, কোন্ বড় লোকের ভয়ে, কলিকাতায় জমিদারী প্রথার উচ্ছেদের কথা আজও গভর্নমেন্ট চিন্তা করলেন না। সেটাই দেখলাম জমি বেনামী হচ্ছে গভর্নমেন্টের কাছ থেকে কিছুদিন আগে, আমরা শুনেছিলাম যে কৃষকের হাতে জমি দেওয়া হবে, লক্ষ লক্ষ একর জমি নাকি গভর্নমেন্টের হাতে আসবে। আগেকার গভর্নমেন্টের দেওয়া হিসাব এই হাউসে বলেছিলেন বিমলচন্দ্র সিংহ মহাশয়, কিন্তু আজকে দেখছি গভর্নমেন্টের যে প্রাপ্য তার মধ্যে আসমান জমিন্ ফারাক। জমি কর্পূর নয় যে জমি হঠাৎ এইরকম চলে গেছে। সমস্ত জমি আছে—বেনামী হয়ে গেছে।

[4—4-10 p.m.]

এই হাউসের মাঝখানে অনেক সদস্য আছেন এবং যাঁরা আপনার ডান দিকে বসে আছেন, তাঁদের মাঝে হাজার হাজার, বিঘা জমির মালিক আছে এবং সেই জমি যাঁরা ফাঁকি দিয়েছেন, আমি তাঁদের নাম উল্লেখ করে জানাতে চাই। মাননীয় স্পীকার মহাশয়, এঁদের মধ্যে একজন আছে—

[এ ভয়েসঃ নাম বলুন!]

বলছি—যিনি এককালে দেশদ্রোহী, পাকিস্তানের দালাল; পাকিস্তানের ঝাণ্ডা কাঁধে নিয়ে একদা যিনি পাকিস্তান জিন্দাবাদ ধ্বনি দিয়ে বেড়িয়েছেন, সেই দেশদ্রোহী একজন উপমন্ত্রী আছেন। এখানে স্যার, নবাবী আমল চলে গেলেও নবাবী আমলের ঘোর এখনো যায় নি। আমাদের কান্দী মহকুমায় যে ঘের আছে, সেই ঘেরের মধ্যে কাজেম আলি মির্জা সাহেবের এক হাজার বিঘার উপর জমি আছে এবং সেই জমির ধান ওঠে আমার এলাকায় উত্তর সাহাপুরের এক খামারে। দু-নম্বর হচ্ছে, কংগ্রেস পক্ষের এম এল এ সাহেব, নোট করে নিন ভাল করে, ইব্রাহিম সাহেব এম এল এ, তাঁর অবশ্য দোষ নয়, তাঁর মায়ের নাম ওলাতন বিবি, সেই ওলাতন বিবির পাঁচশো বিঘা জমি উচ্চ সীমা বেঁধে দেওয়ার আগে কাগজে কলমে তাঁর ধান ওঠে মদনপুর গ্রামের খামারে, ধান ওঠে ভরতপুরের খামারে। আর সেই জঙ্গীপুর কাঞ্চনতলার মহারাজা একদা আমাদের ভূতপূর্ব মন্ত্রী সিদ্ধার্থবাবুকে যিনি নাকি কিছু জমি বেনামী করেছিলেন; সেই সিদ্ধার্থ এখন নাই। সেই কাঞ্চনতলার জমিদারী আজ চার হাজার বিঘা জমি। কান্দী মহকুমার মাঝখানে আর একজন এম-এম এল এ যোগেন্দ্রনারায়ণ রায়, এই আইন যখন পাস হয়েছিল, তখন ঐদিকের শোভা তিনি বর্ধন করতেন, তিনিও ভোট দিয়েছিলেন, সর্বোচ্চ সীমা বেঁধে দেওয়া হোক। আমি চ্যালেঞ্জ করছি মন্ত্রিমহাশয়কে—তিনি বুকে হাত দিয়ে বলুন তদন্ত করতে আমার সঙ্গে যেতে পারবেন? মানুষের মাঝখানে মিশে যদি অফিসারদের দিকে না তাকিয়ে, তিনি অধ্যাপক মানুষ তাঁকে বিশ্বাস করি, তিনি সততা দিয়ে মানুষের মাঝখানে গিয়ে দাঁড়ান। টিকোবাজার ষোলভাগীর ঘের বলে একটা ঘের আছে, সেখানে ৪ হাজার বিঘারও বেশী জমি আছে। আমি জানতে চাই একটা কথা—জমির সর্বোচ্চ সীমা বেঁধে দেবার আগে এদের কি পরিমাণ জমি ছিল? আমি গভর্নমেন্টের রেকর্ড থেকে সংগ্রহ করেছি, একটু এদিক-ওদিক হতে পারে। জবাব দেবেন মন্ত্রীমহাশয় যে তাদের কাছ থেকে ক'ছটাক জমি সরকার পেয়েছেন? আমি জানি কংগ্রেস দলের সুযোগ নিয়ে, পার্টিবাজীর সুযোগ নিয়ে সমস্ত জমি তারা বেনামী করে দিয়েছে। গভর্নমেন্ট তাই পাচ্ছেন না খুঁজে খুঁজে। আইন পাচ্ছেন আজকে সার্টিফিকেট করবার জন্য, গানস নিয়ে গিয়ে গ্রামে গ্রামে হানা দিচ্ছেন। কয়েকদিন আগে আরেরা গ্রাম, ভরতপুর থানায় ক্যানাল ট্যাক্সের জন্য সার্টিফিকেটস নিয়ে গিয়ে টাকা আদায় করবার জন্য সেখানে পুলিস নিয়ে গিয়ে, পেয়াদা নিয়ে গিয়ে চাষের বলদকে ছিনিয়ে নেওয়া হয়েছে আইনের সুযোগ নিয়ে। এমন একটা অপদার্থ সরকার............

Shri Ananga Mohan Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের এই বাজেট সমর্থন করতে উঠে আমি প্রথমে বলবো মাননীয় সদস্যরা যেসমস্ত কাট-মোসান এনেছেন, তা সব প্রত্যাহার করে নেওয়া উচিত।.........

Shri Nikhil Das:

মাননীয় সদস্য শম্ভুগোপাল দাস মহাশয় যখন বলছিলেন, তাঁর সেন্টেন্সটা শেষ হবার আগেই হঠাৎ মাইকটা বন্ধ হয়ে গেল, এ কিরকম ব্যাপার!

Mr. Speaker: I will do as I think best. The honourable member knows what is the time allotted to him and he should stop before that instead of asking for more time as a matter of right from the Chair, so that the member should be allowed to finish his sentences of the speech. If you want to know I can tell you that I have given him little more time than he has taken from your Party so that he may finish his sentence. Unfortunately it is my experience that it becomes difficult for me to pursuade the honourable members to finish their speeches.

Shri Nikhil Das:

এ সম্বন্ধে আমি অ্যাপিল করছি আপনার কাছে।

Mr. Speaker:

আপনিও সবসময় এসে আমার কাছ থেকে টাইম নিয়ে যান। আপনার এটা বলা মানায় না।

Dr. Kanai Lal Bhattacharya:
কোন মেম্বারের বক্তৃতার শেষ সেন্টেন্সটা শেষ হবার আগেই মাইকটা বন্ধ করে দেওয়া যেতে পারে, এরকম প্রিসিডেন্ট নেই। আপনি টাইম দিয়েছেন সেন্টেন্সটা শেষ করতে, অথচ মাইকটা বন্ধ হয়ে গেল।

Mr. Speaker: How can I do it, if the honourable members do not attend to it. As an old member Mr. Bhattacharyya knows it. I personally requested him to finish his speech.

Shri Nikhil Das:
এগুলি স্বীকার করছি, তবে সেন্টেন্সটা শেষ করতে দেওয়া উচিত।

Mr. Speaker: After all, all are old members.. Rather I am a new comer here.

Shri Ananga Mohan Das:
মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আজকে এই যে রেভেনিউ বাজেট এখানে উপস্থিত করা হয়েছে, তাকে সমর্থন করছি এবং অনুরোধ করছি আমাদের হাউসের ও পক্ষের সদস্যরা যেসমস্ত কাট মোশন এনেছেন, তা তাঁরা প্রত্যাহার করে নিন। কেন আমি একথা বলছি? তার কারণ হচ্ছে এই যে বাজেট, এটা একটা রেভেনিউ আর্নিং বাজেট।

আমরা এ পর্যন্ত যে কয়টি বাজেট আলোচনা করেছি, সেগুলি হচ্ছে খরচের বাজেট। আজকের এখন যে বাজেট আলোচনা হচ্ছে, এ রেভিনিউ আর্ন করবে; এবং এই আর্ন করবার যেসমস্ত পথ আছে, সেটা হচ্ছে সাক্ষাৎ বা প্রত্যক্ষ; এবং এই প্রত্যক্ষ করের একমাত্র বড় সম্বল হচ্ছে রেভেনিউ আদায় করা। কাজেই রেভেনিউ আদায় করা উচিত এবং এই রেভেনিউ আদায় করবার জন্য যে খরচের বরাদ্দ চাওয়া হয়েছে, তা দেওয়া উচিত। তবে অবশ্য এ সম্বন্ধে আলোচনা করা যেতে পারে এবং কোথায় কি অসুবিধা হচ্ছে বা না হচ্ছে, সেই সমস্ত বিষয়ের উপর আলোচনা, সমালোচনা করা যেতে পারে।

আমি কয়েকটি বিষয় মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এটা আলোচনার জন্য উপস্থিত করছি। আয়ের দিক দিয়ে রেভিনিউ সাইডএ বলা হচ্ছে যে, রয়্যালটিজ অফ মাইনস অ্যান্ড মিনার‍্যালসএ ৬ লক্ষ টাকা ধরা হয়েছে, এটা ঠিক কথা এবং কোয়ারী থেকে, মাইন্‌স অ্যান্ড মিনার‍্যাল্‌স থেকে আয় হবে ঠিক কথা। কিন্তু এই যে আয়, এই আয়টা কোথা থেকে হয়? রোড মেটিরিয়াল্‌স, যা দিয়ে রাস্তা তৈরি করা হয়, তার মেটিরিয়ালস এই মাইন থেকে নেওয়া হয়। কিন্তু এইসব মেটিরিয়াল্‌স নেবার সময় দেখা যায় যে, লোক্যাল বডিজ ও মিউনিসিপ্যালিটিজ যখন মেটিরিয়্যাল্‌সএর জন্য চেষ্টা করেন, তাঁদের যে হয়রানিতে পড়তে হয়, এবং বহুরকম ফর্ম্যালিটিজএর মাঝখানে যেতে হয়, তার ফলে যথাসময় রাস্তা হওয়ায় অসুবিধা হয়। সেই-জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি এমনভাবে এই রুলটা সংশোধন করে নিন, যাতে মাল সত্বর পাওয়া যায় এবং রাস্তা তৈরি ও মেরামত যথাসময় করতে পারা যায়। তা না হলে এই রয়্যাল্টির আয়, আয়ই থেকে যাবে, যেজন্য রয়্যাল্টি দেওয়া হচ্ছে যে, সেখান থেকে মেটিরিয়্যাল্‌স পাওয়া যাবে, সেই মেটিরিয়্যাল্‌সএর অভাবে রাস্তা তৈরি করা যাবে না।

তারপরে হচ্ছে ফিসারি এবং ফেরি থেকে আয়। এই আয় আরও ভাল হওয়া উচিত। আমাদের পশ্চিম বাংলায় যেসমস্ত পুষ্করিণী আছে সেই সমস্ত পুষ্করিণীকে লিজ দিয়ে আয় হওয়া উচিত সে বিষয় কোন সন্দেহ নেই। কিন্তু যেসমস্ত খাল ও নালা আছে, তাকে যে লিজ দেওয়া হচ্ছে মাছ ধরার জন্য, সেখানে মহা মুশকিলের কথা, যে খাল দিয়ে জল মাঠে ঢোকে এবং বেরিয়ে যায়। সেখানে যদি পাড় তৈরি করে ঐ জল আটকানো যায়, তা হলে যথাসময় জল বেরোয় না এবং ফসলও নষ্ট হয় না। কারণ, আমরা বিভিন্ন সময় লক্ষ্য করে দেখছি এই রকম অসুবিধা সৃষ্টি হয়। কাজেই বড় বড় খাল বা যে বিল যেখান থেকে মাঠে বা ঝিলে জল ঢোকে ও বেরিয়ে যায়, সেগুলি যেন বন্দোবস্ত দিয়ে মৎস্য আয়ের জন্য, জলকর আয়ের জন্য বিলি করা না হয়, এইটা আমি তাঁর কাছে অনুরোধ জানাচ্ছি। এটা আমি আয়ের দিকে বললাম।

এবার আমি ব্যয়ের দিকে বলছি। আমরা দেখছি ব্যয়ের মধ্যে ধরা হয়েছে মোট আয় যেখানে এস্টেট-জমিদারি, রায়তদের কাছ থেকে আয় ছিল ৬ কোটি ৩৭ লক্ষ ৪৪ হাজার টাকা, সেখানে খরচ হচ্ছে ৩ কোটি ৩ লক্ষ ২৪ হাজার টাকা। এই যে বিরাট আয় এর মধ্যে অন্য জিনিসও আছে। এই আয় রিয়ালাইজ করবার জন্য যে শুধু ৩ কোটি টাকার উপর খরচ হচ্ছে তা নয়, প্রকৃত যারা এই আয় আদায় করে তাদের জন্য মাত্র ৫৫ লক্ষ টাকা খরচ করা হচ্ছে। তহশিলদার, যারা নিচের লোক, তারাই ত খাজনা আদায় করে। তাদের উপরের লোকরা শুধুমাত্র সুপার-ভিশন করেন। যেমন এ ডি এম, জে এল আর ও, এস এল আর ও তাঁরা সুপারভাইজ করেন এবং তাঁদের মাইনে ইত্যাদি বাবত অনেকগুলি টাকা চলে যাচ্ছে। এই যে এতগুলি টাকা খরচ হচ্ছে, অর্থাৎ প্রায় এক কোটি টাকার উপর খরচ হয়ে যাচ্ছে এই সমস্ত ব্যাপারের জন্য। কিন্তু বেচারি তহশিলদার যারা গ্রামে গ্রামে ঘুরে নানারকমভাবের অসুবিধা ও কষ্টের মধ্যে পড়ে খাজনার টাকা আদায় করছে, তাদের জন্য মাত্র ৫৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। তাদের মাইনে অত্যন্ত কম এবং অন্যদিকে তাদের হয়রানিও যথেষ্ট আছে। তারপর সেখানে একটা নিয়ম আছে, এ'রা যখন খাজনা আদায় করবেন, তা আদায় ক'রে সেই খাজনার টাকা মনি অর্ডার করে জমা দিতে হবে নিজের খরচায়। এ কি রকম ব্যাপার? সে সরকারের খাজনার টাকা আদায় করবে, সেই খাজনা আদায়ের টাকা থেকে মনি অর্ডার কমিশনএর খরচ কেটে নিতে সে পারবে না। তাকে না হয় আলাদা টাকা দেওয়া হোক মনি অর্ডার খরচের জন্য, তাও দেওয়া হবে না। কাজেই তাদের নিজের পকেট থেকে খরচ করে মনি অর্ডার করতে হবে। এ কি রকম অদ্ভুত ব্যবস্থা, তা আমরা বুঝতে পারি না। বেচারী তহশীলদার এত খেটে, কষ্ট করে যে টাকা আদায় করে, তার উপর সে অল্প টাকা কমিশন পাবে, সেখানে আবার তার উপর যদি এইরকম সব ব্যবস্থা রাখা হয়, তা হলে তাতে আয়ের সুবিধা হতে পারে না এবং অনেক ক্ষেত্রে দেখা যায়, তহশীলদারদের গাফিলতি খানিকটা এইসব কারণে হয়। সুতরাং তহশীলদারদের যেসব নানা রকম অসুবিধা আছে সেগুলি দেখা উচিত এবং এই যে আদায় করে টাকা জমা দেওয়ার খরচা সেটা যাতে তাদের দিতে না হয়, তার ব্যবস্থা করা উচিত।

তারপর হচ্ছে এই যে আদায় খরচা তিন কোটি টাকা, সেই তিন কোটি টাকার মধ্যে কম্পেন-সেশন দেওয়ার জন্য খরচা ধরা হয়েছে ১ কোটি ১৬ লক্ষ টাকা। গত বছর কপেনসেশন দেওয়া হয়েছে কত দেখা যাক। আমরা দেখতে পাচ্ছি যে, অরিজিন্যাল বাজেটে ১৯৬২ সালে কম্পেনসেশনএর জন্য টাকা ধরা হয়েছিল ৪ কোটি ৪৩ লক্ষ। অর্থাৎ এই টাকা তখন দেবার কথা হয়েছিল। কিন্তু অ্যাকচুয়্যালি ৩ কোটি টাকা দেওয়া হয়েছে। এই ৩ কোটি টাকা কম্পেনসেশন দিতে গিয়ে যদি ১ কোটি টাকার উপর সেখানে খরচ হয়, তা হলে আমরা ত এই অ্যাডমিনিস্ট্রেশনকে ভাল বলতে পারি না। কম্পেনসেশনএর টাকা দিলাম তিন কোটি টাকা, আর তা দেবার জন্য খরচ হল এক কোটি টাকা, এ কি রকম ব্যবস্থা।

[4-10—4-20 p.m.]

কাজেই খরচা কি করে কমানো যায় এটা বিবেচনা করে দেখুন। আর মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি যেন দেখেন তাদের যে কম্পেনসেশন দেবার কায়দাকানুন সেগুলি যেন সহজ করে দেন। এর জন্য যে বিরাট একটা কর্মচারীর বহর এই বহর রাখার কি আবশ্যক তা বোঝা যাচ্ছে না। তারপর এই কম্পেনসেশন কিভাবে দেওয়া হচ্ছে দেখুন। কম্পেনসেশন দেওয়া হচ্ছে ১৯৫৯ সাল থেকে আরম্ভ করে আজ পর্যন্ত কম্পেনসেশন মোট দেওয়া হয়েছে ৭ কোটি ২৭ লক্ষ টাকা। এটা নিশ্চয়ই মনে হচ্ছে এর ৯০ ভাগ টাকা ঐ অ্যাড-ইন্টারিম কম্পেনসেশন। অ্যাড-ইন্টারিম কম্পেনসেশন মানে হচ্ছে বড় বড় জোতদার, বড় বড় জমিদার, যারা অন্তর্বর্তীকালীন টাকার জন্য দরখাস্ত করেছে তাদের দেওয়া হচ্ছে। কজেই এই কয় বৎসর ধরে শুধু ঐ বড় জমিদারদেরই টাকা দেওয়া হয়েছে। কিন্তু গরিব জোতদার জমিদার যারা সামান্য কয়েক টাকা পাবে, যারা হয়ত ৫০০।৭০০।১,০০০ টাকা পাবে তারা আজ পর্যন্ত এক পয়সাও পায় নি। তা হলে আমরা কি বুঝব যে, গরিবের প্রতি দরদ

দেখানো হচ্ছে। আমরা এইটাই বিশেষ ক'রে অনুরোধ হরব ঐ গরিব জোতদার, যাদের সম্বল ঐ সামান্য কয়েকটি টাকা যা পাওয়া গেলে তারা হয়ত কিছু করে খেতে পারত, সংসার চালাতে পারত তা হচ্ছে না। অথচ বড় জমিদারদের অ্যাড-ইন্টারিম কম্পেনসেশন যা দেওয়া হচ্ছে তাতেই সব খরচা হয়ে যাচ্ছে। সেইজন্য আমি বিবেচনা করতে বলছি যে, এই অবস্থাটা যেন না হয় সেটা আবার ভাল করে দেখুন। আর হচ্ছে একটু আগে বর্গাদারদের কথা উঠেছে। বর্গাদাররা সত্যিই উচ্ছেদ হচ্ছে। আমার বক্তব্য এখানে কিছু আছে। আমার বক্তব্য হচ্ছে যেমন জোতদাররা কিছু কিছু খারাপ আছে, বিভিন্ন জায়গায় আমরা দেখেছি কিছু কিছু জোতদার খারাপ আছে, তারা বদ লোক সত্যিই। তারা বর্গাদারদের উচ্ছেদ করতে চায় সেটার আমরা দৃঢ় স্বরে প্রতিবাদ করি। কিন্তু অনেক জোতদার আছে তারা সত্যিই ভাল লোক। যেখানে বর্গাদার আর জোতদারদের মধ্যে কোন বিরোধ ছিল না সেখানে বিরোধ লাগিয়েছে তৃতীয় পক্ষ। তৃতীয় পক্ষের লোকেরা গিয়ে সেখানে তাদের এমন উস্কাচ্ছে, তাদের বলছে যে, তোমরা যদি জমির দখলটা না ছাড়, ঠিকমত টাইমে ধান না দাও, তা হলে এই জমি কালক্রমে তোমাদের হয়ে যাবে। এইভাবে তাদের উস্কান হচ্ছে এবং উস্কিয়ে উস্কিয়ে গোলমাল সৃষ্টি করা হচ্ছে এবং এর ফলে বেচারা বর্গাদাররা ভিক্টিমাইজ হয়ে যাচ্ছে, তারা উচ্ছেদ হয়ে যাচ্ছে। কাজেই এই যে উচ্ছেদ হচ্ছে এই উচ্ছেদের জন্য গভর্নমেন্ট দায়ী নয়, জোতদাররাও দায়ী নয়, দায়ী হচ্ছে ঐ তৃতীয় পক্ষ যারা লাল ঝাণ্ডা নিয়ে চাষীদের একত্রিত করে এবং তাদের উৎসাহিত করে যে, তোমরা এগিয়ে চল তারাই প্রধানত দায়ী, এই আমার বক্তব্য। আর এখানে আর একটা কথা হচ্ছে এই যে, জমি বণ্টন সম্বন্ধে আমার বলার কথা হচ্ছে আপনারা যে কমিটি করছেন সেই কমিটি কি করবে না করবে জানি না, কিন্তু প্রিন্সিপ্‌ল কতগুলি ঠিক করুন। কি রকম ধরনের লোককে জমি দেবেন? ভূমিহীন লোক বহু আছে সমস্ত লোককে আপনি জমি দিতে পারেন না, যতই জমি পান তা দিতে পারবেন না। কারণ, এই বাংলাদেশে যেখানে প্রতি বর্গ-মাইলে লোকসংখ্যা প্রায় এক হাজার সেখানে জমি হচ্ছে অত্যন্ত কম এবং কত জমিই বা পাবেন। কাজেই একটা নীতি ঠিক করতে হবে। সেই নীতি যদি ঠিক করতে না পারেন তা হলে কমিটি যত ভাল করেই গঠন করুন না কেন, তাতে কোন ফল হবে না। আগে নীতি ঠিক করতে হবে এই যে যারা প্রকৃত চাষী তাদেরই জমি দেওয়া হোক। যারা প্রকৃত চাষ করে এবং চাষে যাদের দরদ আছে এবং চাষে যাদের আগ্রহ আছে তাদেরই দেওয়া হোক। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Mohammad Israil: Mr. Speaker, Sir, on a point of personal explanation.

Mr. Speaker: You have already given personal explanation.

Kumar Jagadish Chandra Sinha: Sir, on a point of personal explanation.

আমি হাউসএ ছিলাম না—শুনলাম শ্রীকমল গুহ বলেছেন যে, আমি সমস্ত কমপেনসেসনএর টাকা পেয়েছি জমিদারি অ্যাবলিশনের পরে। এখানে রাজস্বমন্ত্রী আছেন। তিনি বলতে পারেন আমি অ্যাড ইন্টারিম টাকা এক পয়সাও পাই নি—পুরা টাকার কোন কথাই তাই ওঠে না।

Shri Birendra Narayan Roy: On a point of order.

Mr. Speaker:

উনি পারসোন্যাল এক্সপ্ল্যানেশন দিলেন—এর পরে পয়েন্ট অফ অর্ডার কি হতে পারে?

Shri Birendra Narayan Roy: On a point of privilege.

কোন সদস্য কি ট্রেজারি বেঞ্চ থেকে বক্তব্য বলতে পারেন?

Mr. Speaker:

স্পীকারএর চেয়ার থেকে ছাড়া অন্য যে কোন জায়গা থেকে বলতে পারেন। উনি ডিবেটএর কিছু বলেন নি—পারসোন্যাল এক্সপ্ল্যানেশন দিয়েছেন। আমার মনে হয় এখানে কোন কোয়েশ্চেন উঠে না।

Now, Shri Jaleswar Hansda will speak.

Shri Jaleswar Hansda:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজ কংসাবতী পরিকল্পনার জন্য যে জমি গ্রহণ করা হয়েছে সে সম্পর্কে কয়েকটি কথা মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাতে চাই। এই পরিকল্পনার জন্য যে ৪৫ বর্গমাইল জমি গ্রহণ করা হয়েছে সেখানকার জনসাধারণ কতখানি জমি থেকে বঞ্চিত হয়েছে তা নিশ্চয়ই মন্ত্রিমহাশয় অবগত আছেন। সেখানে বহু সম্পত্তি এবং বহু বাস্তুভিটা আমাদের এই পরিকল্পনার জন্য গ্রহণ করা হয়েছে। সেখানে আমি দেখছি বর্তমানে বহু লোক উদ্বাস্তু হওয়ার জন্য জমির দাম অত্যন্ত বেশি হয়েছে এবং যে পরিমাণ ক্ষতিপূরণ তাদের দেওয়া হচ্ছে তাতে তাদের পুনর্বাসনের জন্য জমি ক্রয় করা সম্ভব হচ্ছে না এবং অনেকে পুনর্বাসনের জন্য ওদিকে জমি কিনতে পেরেছেন আবার অনেকে পারছেন না। যে সামান্য টাকা পাচ্ছেন তাতে জমি কেনা সম্ভব হচ্ছে না। মাননীয় মন্ত্রিমহাশয়কে তাই জানাতে চাই যে, যাতে জমির মূল্য তাদের ঠিকমতভাবে দেওয়া হয় তাদের পুনর্বাসনের ব্যবস্থা করে দেওয়া হয় তার ব্যবস্থা যেন তিনি করেন। এখনে আমি দেখছি অনেক মৌজায় গ্রহণ করা হয়েছে ধানী জমি—এগুলি নিয়ে মাত্র যেটা ডাঙ্গা জমি—যেটা অকৃষি জমি বা বাস্তুভিটা সেটা বাদ দেওয়া হচ্ছে, অথচ তাদের সেখান থেকে চলে যেতে হবে। আমার বক্তব্য সেই সমস্ত জায়গা-জমি যেন সরকার গ্রহণ করেন। এ ছাড়া অতীতে যেসমস্ত জায়গায় জঙ্গল ছিল বর্তমানে যেগুলি জমি হয়েছে এবং উন্নত করা হয়েছে অথচ সেই সমস্ত জমির দাম চাষীদের দেওয়া হয় নি সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। তার একটা দৃষ্টান্ত গন্ধপুর মৌজায় ৩১৩ দাগ—সেখানে ধানী ফসল ফলে। আগে জঙ্গল ছিল এখন সেখানে ফসল ফলছে সেটার দাম এখনও দেওয়া হয় নি। সেটাকে জঙ্গল বলে বাদ দেওয়া হয়েছে।

[4-20—4-30 p.m.]

এজন্য আমি মন্ত্রিমহাশয়কে জানাতে চাই এই সমস্ত অসুবিধা যা চাষীদের মধ্যে রয়েছে তার কথা তিনি যেন বিবেচনা করেন। এ ছাড়া আমার বক্তব্য হচ্ছে, সেখানে যারা উদ্বাস্তু হয়েছে তারা ক্ষতিপূরণ পেয়ে অন্য জায়গা কেনবার চেষ্টা করছে—তারা শুধু ভেস্টেড জমি যা বি ফরমএ বিতরণ করে দেওয়া হয়েছে সেই জমিই কেনবার চেষ্টা করছে এবং তার জন্য মৌখিক বন্দোবস্ত করছে, কোন রকম রেজেস্ট্রি করে দেওয়া হচ্ছে না। কাজেই আমার মনে হয় এই সমস্ত জমি যদি সরকারের দখলে আসে তা হলে যেসমস্ত উদ্বাস্তু ভূমিহীন কৃষক কম টাকা পেয়েছে তাদের পুনর্বাসন করতে পারা যেত। কিন্তু তার জন্য কোনরকম ব্যবস্থা করা হয় নি। আমি মনে করি ইমার্জেন্সি হিসাবে এটা করা প্রয়োজন। আমি লক্ষ্য করেছি এই সমস্ত জমি সরকার এক বৎসরের জন্য ব্যবস্থা করছেন। আবার যারা গরিব চাষী তাদের মধ্যে এই সমস্ত জমি দেওয়া হয় নি, যাদের জায়গা জমি রয়েছে, যাদের অভাব নাই তাদেরই দেওয়া হচ্ছে। এই ব্যাপারে দৃষ্টি দেবার জন্য আমি রাজস্বমন্ত্রীকে অনুরোধ জানাব। এ ছাড়া আমার বক্তব্য, যেসমস্ত জমির জমিদার ও মধ্যস্বত্বাধিকারী বি ফরম বিতরণ করতে পারেন নি যথাসময়ে তাদের জমিও ভেস্টেড বলে দেখানো হয়েছে—তার জন্য ক্ষতিপূরণও দেওয়া হয় নি। এটা যাতে সংশোধন করা যায় তার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এ ছাড়া বর্তমানে কোন একটা সম্পত্তি খন্ড খন্ডভাবে ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে। আমার মনে হয় সমস্ত ক্ষতিপূরণ একসঙ্গে দেওয়া হলে পর পুনর্বাসনের ব্যবস্থা ভাল হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Ananta Kumar Baidya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিরাজস্ব খাতে ব্যয়বরাদ্দ সমর্থন করতে উঠে আমি আমার বিরোধী দলের কয়েকজন বন্ধু যেসমস্ত প্রস্তাব এখানে করেছেন, সেই সম্বন্ধে কয়েকটা কথা বলতে চাই। আমাদের কয়েকজন বন্ধু এর আগে বলেছেন যে, ভূমিসংস্কার আইন একেবারে ব্যর্থ হয়েছে। আমার মনে হয় এই হাউস বিশেষ বিচার বিবেচনা করে ভূমি সংস্কার আইন প্রণয়ন করার পর ধারাবাহিকভাবে তার বিধানগুলি কার্যকরী করা হচ্ছে। এই ক্ষেত্রে ভূমি সংস্কার আইন একেবারে ব্যর্থ হয়ে গিয়েছে, এই কথা বলার কোন যুক্তি আছে বলে আমি মনে করি না। আমাদের কয়েকজন বন্ধু এবারে এবং গত সেসনে অভিযোগ করেছিলেন যে, আমাদের দেশের সমস্ত ভাগচাষীরা বেআইনীভাবে উচ্ছেদ হয়ে

যাচ্ছে। এবং কংগ্রেস পক্ষের লোকেরা ভাগচাষ বোর্ডের সংগে যোগসাজসে চাষীদের বেআইনীভাবে উচ্ছেদ করছে। স্যার, আমি সুন্দরবন এলাকার প্রতিনিধি এবং আমার এলাকা সম্পূর্ণ কৃষি এলাকা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারা জানেন যে, আমাদের ওখানে ভাগ-চাষ আন্দোলন যখন হয়েছিল কতকগুলি বামপন্থী দল এই ভাগচাষ আন্দোলন করেই তাদের সংগঠন গড়ে তুলেছিল। যাদের অনেক বেশি জমি আছে এবং যারাই বেশি জমির মালিক তারাই এই বামপন্থীদের দলে ছিল। তখন দেখলাম সেই সমস্ত জমির মালিক, যাদের বেশি জমি আছে তারা নিজেদের নামে—যখন জমিদারি উচ্ছেদ হল তার আগে জমিদার থাকাকালীন তাদের জমি জোর করে দখল করে আটকে রেখেছেন, তারপর যখন সেটেলমেন্ট এল তখন স্বনামে হউক আর বেনামে হউক জমি দখল করে নিলেন। এখন পর্যন্ত আমরা দেখছি গোসাবা ইউনিয়নে সবচেয়ে বেশি বর্গা জমি আছে এবং সেখানে আর এস পি দলের প্রাধান্য এখনও রয়েছে এবং এই আর এস পি দলের হাতেই এখন পর্যন্ত সবচেয়ে বেশি জমি আছে—একথা আমি প্রমাণ করে দেব। সেখানে ভূমিহীনরা এখনও জমি পায় নি। সেখানে এই অবস্থা তাঁরা করছেন যে, যেখানে সরকারের প্রচলিত নিয়ম আছে যে, পারমিট নিতে হয়, সেখানে আমরা শুনেছি তাঁরা পারমিট না নিয়ে এমনি চাষ করে যাচ্ছেন যখন ইচ্ছা খাজনা দিচ্ছেন এবং তহশীলদারেরাও খাজনা নিচ্ছেন এই অবস্থা চলছে, আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের এবিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় স্পীকার মহাশয়, আর-একটি ঘটনার কথা বলি। আমাদের ওখানে ৩১ জন চাষী পারমিট পেয়েছেন। ধান কাটা হয়েছে, ধান কাটার পর দেখা গেল অসাধু কর্মচারীদের সংগে যোগসাজসে—এটা আমি অস্বীকার করি না যে, প্রত্যেক দপ্তরে কিছু কিছু অসাধু কর্মচারী আছে, ঐ ৩১ জন চাষী তাঁরা যেসমস্ত খাজনা দিয়েছেন তার রসিদ বাতিল করে দেওয়া হল এই বলে নোটিস ইসু করা হল। এই সমস্ত ঘটনা আমরা দেখেছি। দরগাপুরী মহাশয় কাতলা চীনা আমাদের দেশে আছেন তার কথা বলেছেন, বোয়াল চীনাও আছেন সেটা কেউ অস্বীকার করবেন না। যাই হউক আজ মনোরঞ্জনবাবু আজ এখানে একটা প্রস্তাব রেখেছেন যে, আমাদের অনেক চাষী যাদের ভাগচাষে রেকর্ড হয়েছে তাদের যখন ভূমি বণ্টন করা হবে তাদের পৃথকভাবে বিবেচনা করার দাবী তিনি করেছেন। তিনি যদি এই কথাই বলে থাকেন যে যাদের জমি ভাগচাষে রেকর্ড করা আছে তাদের জমি যেন থাকে। তাহলে আমি বলবো যারা ভূমিহীন তারা জমি পাবে কিনা আমার সন্দেহ আছে। কেন না ভাগচাষ বোর্ডে কিভাবে রেকর্ড করা হয়েছে সেটা সবাই জানেন। বেশীর ভাগ ক্ষেত্রে ভাগচাষ রেকর্ড হয়েছে যাদের বেশী জমি আছে। সেখানে আমার প্রস্তাব বর্তমানে যে প্রচলিত নিয়ম আছে যে অস্থায়িভাবে জমি বণ্টন করা হয় তাতে ৫ একরের বেশী জমি যাদের আছে তাকে সরকারী জমি দেওয়া হবে না।

[4-30—4-40 p.m.]

৫ একর পর্যন্ত একজন চাষীকে সরকারী জমি দেওয়া হবে। আমাদের দেশে খাস জমি এবং ভূমিহীন লোকের সংখ্যা অনুপাতে দেখতে পাই খাস জমি খুব কম। আমি প্রস্তাব করি যে নূতন করে যখন ভূমি বন্টনের ব্যবস্থা করা হবে তখন ৫ একর জায়গায় কোন চাষীকে না দিয়ে ৩ একরের বেশী সরকারী জমি যেন না দেওয়া হয়। এই ব্যবস্থা করার জন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো। আমাদের দেশে উৎপাদন বৃদ্ধি করা খুব প্রয়োজন। আমরা দেখতে পাই ৫ একর জমি মানে ১৫ বিঘা জমি। এই ১৫ বিঘা জমি একজন চাষীর পক্ষে একখানা লাঙ্গল দিয়ে খুব ভালভাবে চাষ করা হয় না। এবং সেখানে উৎপাদন ব্যাহত হয়। সুতরাং এই ৫ একরের জায়গায় যদি ৩ একর জায়গা দেওয়া হয় তাহলে উৎপাদন বৃদ্ধি হবার সম্ভাবনা আছে। এর পর আপনার মাধ্যমে মাননীয় রাজস্বমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি যে আমি দেখতে পাই যে আমাদের এই সমস্ত এলাকায় বহু কৃষিযোগ্য জমি এখনও পড়ে আছে—সেই জমিগুলোর চর ভরাট হয়েছে। এই রকম হাজার হাজার বিঘা জমি আছে। এইসব জমিগুলোকে যদি বাঁধ দিয়ে সেখানে চাষীদের বন্দোবস্ত দেওয়া হয় যে কোন শর্তে তাহলে সেখানে ভূমিহীন চাষী প্রতিপালিত হবে। উৎপাদনও বাড়বে এবং সরকারের রাজস্ব বাড়বে। এই ব্যবস্থা যেন করা হয়। আমি আমার এই প্রস্তাবগুলো রেখে ভূমি-রাজস্ব খাতে যে ব্যয় বরাদ্দ করেছেন সেটা সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Syed Kazim Ali Meerza: On a point of personal explanation, Sir, I learn that the honourable member Shri Shambhu Gopal Das has mentioned that I possess quite an enormous quantity of land. It is not at all true.

The quantity of land that I possess is what was permissible under the *Estates Acquisition Act. It is well-known that we had* extensive zamindaries in West Bengal. But the quantity of land that we possess is what was permissible under the Estates Acquisition Act.

Dr. Radhanath Chattoraj:

মাননীয় স্পীকার মহাশয়, জমিদারী প্রথা উচ্ছেদের সময় বাংলাদেশের কৃষক জনসাধারণ চিন্তা করেছিল এবং তারা একটা আশা করেছিল যে ভূমি ব্যবস্থার একটা আমূল পরিবর্তন হবে। ভূমিহীন কৃষক জমি পাবে—দরিদ্র কৃষক জমির খাজনা থেকে রেহাই পাবে। কিন্তু ফল হোল উল্টো। বর্তমানে আপনি যে দরিদ্র কৃষকের স্বার্থ রক্ষা করছেন না—জমিদার জোতদারদের স্বার্থ রক্ষা করছেন এটা বেশ পরিষ্কার বোঝা যায়। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি অনুরোধ করবো। হয়ত আমার অনুরোধ তিনি রক্ষা করতে পারবেন না কিন্তু তা সত্বেও আমার না বলে কোন উপায় নেই যে বড় বড় জমিদারের কোটি কোটি টাকা আপনারা ক্ষতিপূরণ দিয়েছেন ছোট জমিদারদের দেন নি। কিন্তু বড় বড় জমিদার তাদের ক্ষতিপূরণ না দিয়ে সেই টাকা যদি দেশের ইন্ডাস্ট্রিতে নিযুক্ত করতেন তা হলে দেশে বেকার সমস্যার সমাধান হত। অহেতুক এই ট্যাক্সের বোঝা সাধারণ মানুষকে টানতে হত না। সেজন্য আমি বলছি যে, বড় বড় জমিদারদের ক্ষতিপূরণ দেওয়া বন্ধ করুন এবং সেই টাকায় ইন্ডাস্ট্রি ডেভেলপ করুন। জমিদারদের সেই ইন্ডাস্ট্রিতে শেয়ার দিন এবং তাহলে তারা আস্তে আস্তে ক্ষতিপূরণ পাবে এবং বাংলাদেশের মানুষ বাঁচবে। আমার দ্বিতীয় কথা এই যে, বন্যাবিধ্বস্ত অঞ্চলে ১৩৬৬ সালে আপনারা খাজনা মকুব করার নির্দেশ দিয়েছিলেন সেই নির্দেশের সঙ্গে শর্ত ছিল যে, হাল বকেয়া শোধ করে দিলে তবে সে মকুব পাবে। সেজন্য অধিকাংশ গরিব যারা তারা এ সুযোগ গ্রহণ করতে পারেন নি। কিন্তু এ বৎসর দেশরক্ষা ব্যবস্থার জন্য সমস্ত কৃষক বন্যা-বিধ্বস্ত অঞ্চলে তারা সম্পূর্ণ খাজনা হাল বকেয়া মিটিয়ে দিয়েছে। সেজন্য অনুরোধ করব যাতে বন্যাবিধ্বস্ত অঞ্চলে জনসাধারণের যেখানে খাজনা মকুব করবার অর্ডার দিয়েছেন আবার যাতে ১৩৬৬ সালের খাজনা মকুব পায় সেই রকম ঘোষণা করে সেই সংবাদ সেখানে পাঠিয়ে দিন।

আমার তৃতীয় কথা হচ্ছে, আপনি নিয়ম অনুযায়ী একটা রেন্টাল রেট তৈরি করুন। ৫ একর পর্যন্ত জমির মালিক যারা তারা ঘাটতি কৃষক। এই ৫ একর সম্পত্তি যার আছে তাদের খাজনা মকুব করে ক্রমবর্ধমান হারে ট্যাক্সের নীতি আপনি ঠিক করুন। এই না হলে সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ গঠনের কথা কোন মানে হয় না। ঘাটতি কৃষকদের খাজনা বাড়তি কৃষকের সেই খাজনা হবে এটা সম্পূর্ণ অন্যায়। খাজনা আদায়ের জন্য একজন তহশীলদার থাকেন। আবার ময়ূরাক্ষী এলাকায় জলকর আদায়ের জন্য একজন তহশীলদার এই প্রথা রহিত করে একজন তহশীলদারের উপর খাজনা আদায়ের ভার দিন। তার কারণ আমরা দেখছি ময়ূরাক্ষী এলাকায় যেসমস্ত জলকরের নোটিস হয়েছে সেই রেটগুলো ঠিক নয়। কোন্ দাগে কে কত জল পেয়েছে সেটা ঠিক নয়। সেজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে খাজনা এবং জলকর একজন তহশীলদারের উপর ভার দিন। ভূমিরাজস্ব আদায় সম্পর্কে চূড়ান্ত অব্যবস্থার কথা ইতি-পূর্বে মাননীয় সদস্য অনঙ্গবাবু বলে গেছেন। তার কারণ, তহশীলদারদের আপনারা ২৭ টাকা মাইনে দেন-তাদের না আছে বসবার জায়গা, না আছে কাছারী—না আছে কিছু। অথচ তারা স্টেটের সবচেয়ে বেশি কাজ করে এবং তারা বাড়ি বাড়ি ঘুরে কাজ করে। তারা বসবার চট পায় না—কাগজপত্রের বাক্স নেই। আপনারা পিওনের মাইনে দেন ২৫ টাকা। দেশে দারিদ্র্য আছে বেকারী আছে। আপনারা চার পাঁচ টাকায় লোক পাবেন কিন্তু একটা মানবিক কর্তব্য আপনাদের থাকা দরকার। একজন তহশীলদার স্টেটের ভাইট্যাল ওআর্ক করছে তাকে মাইনে দিচ্ছেন ২৭ টাকা। একজন এল ডি সি-কে কি এই মাইনে দেই? এই মাইনে কি তাদের মানায়—এটা সম্পূর্ণ অন্যায়, সেজন্য অনুরোধ করব যাতে তারা এল ডি সি-র মাইনে পায় তার ব্যবস্থা করুন এবং একজন পিওনকে দিনে এক টাকা করে দিন। এখন জে এল আর ও অফিসের একটা বিরাট চক্র রয়েছে—এই চক্রে সাধারণ মানুষ টাকা না দিলে পাত্তা পাবার উপায় নেই। আমরা গেলে মিষ্টি কথায় সরিয়ে দেন। এই রকম অফিসার রাখার কোন দরকার নেই। তহশীলদার একাই সেই কাজ করতে পারেন। আপনাদের যদি চেক আপ করতে হয় তাহলে

প্রত্যেক থানায় ঐ জে এল আর ও এবং বি ডি ও তাঁরা চেক আপ করলেই এই কাজ সুষ্ঠুভাবে হতে পারে। সেজন্য আমি একটা সাজেসশন দিচ্ছি যে, আদায়ের জন্য প্রতি গ্রাম পঞ্চায়েতে একটা করে কাছারী করুন এবং সেখানে আদায় করার ব্যবস্থা করুন এবং সেখানে কিছু সাজ-সরঞ্জামের ব্যবস্থা করুন তা না হলে দপ্তর বগলে করে এখান থেকে ওখানে নিয়ে যেতে ইম্পর্ট্যান্ট দলিলপত্র হারিয়ে যেতে পারে। সেজন্য পঞ্চায়েত বিভাগের সঙ্গে সমন্বয় করে গ্রাম-পঞ্চায়েত, অঞ্চল-পঞ্চায়েত তিন-চারটা মৌজা ধরে একটা করে অফিস করুন এবং সেখান থেকে নিয়মিত আদায়ের ব্যবস্থা করুন তা হলেই হবে এবং তহশীলদারের উপর জে এল আর ও, সি এল আর ও, ইন্সপেক্টর এই সমস্ত যারা এসে পড়ছে তাদের আনার কোন মানে হয় না। আমার মনে হয়, বি ডি ও-র দ্বারাই এইসব কাজ চলতে পারে।

[4-40—4-50 p.m.]

আমার শেষকালে বক্তব্য হল এই, কুয়ে নদীর মোহনা অঞ্চলে, সেখানে বিল সংস্কারের জন্য সেচবিভাগ থেকে টাকা মঞ্জুর হয়েছে যে, নদী সংস্কার করতে হবে। মোহনা সংস্কার করলে পর বর্ষার শেষে সেখানে ছাঁকা দিয়ে মাছ ধরবার সুবিধা হয়। সেইজন্য টাকা মঞ্জুর হচ্ছে আর আপনি বলছেন সেচবিভাগ যাতে নদীর মুখ বন্ধ হয়ে যায়, জলনিকাশের ব্যবস্থা যাতে নষ্ট হয়, তার ব্যবস্থা করছে। এই অব্যবস্থা অবিলম্বে দূর করা প্রয়োজন বলে আমি মনে করি।

আমার এলাকায় আর একটি বিল আছে—নলহাটির বিল, সেই বিলে সরকারী খাস জমি ১,৪০০।১,৫০০ বিঘা রয়েছে। সেখানে হিন্দু-মুসলমান সমস্ত কৃষক চাষ করছে। আজ কয়েক বছর ধরে একজন তহশীলদার সেখানে গিয়ে সমস্ত মুসলমান প্রজাদের উৎখাত করে দিয়েছে। সেখানে তারা আর চাষ করতে পারে না। গরিব তারা, নিজেদের জমি নাই, কন্টেকটে খায়, সেখানে একটা মুসলমান চাষী নাই। সমস্ত হিন্দু চাষী সেখানে চাষ করছে। এই যে সাম্প্রদায়িকভাবে জমি বিলি করা হয়েছে এটা অত্যন্ত অন্যায় ও গর্হিত বলে আমি মনে করি। এ সম্বন্ধে আপনি তদন্ত করবেন এবং তারপরে নলহাটি বিলের খাস জমি কো-অপারেটিভ করে যাতে হিন্দু-মুসলমান সকলে চাষবাস করতে পারেন তার ব্যবস্থা করবেন।

আর বর্তমানে যেসমস্ত জমি রেললাইনের ধারে রয়েছে, সেই সমস্ত জমি অকৃষক বা অন্যান্য মধ্যবিত্ত চাকরীজীবীরা যাতে না পায় এবং দরিদ্র ভূমিহীন কৃষকরা যাতে সেই জমি পায় সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—বন্যাবিধ্বস্ত অঞ্চলের খাজনা পূর্বের ন্যায় এবারও যেন মকুব করা হয়। গরিব কৃষকরা যেন সেই সুযোগ পায়। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের বক্তৃতা খুব মনোযোগ সহকারে শুনেছি এবং যথাসাধ্য অল্প সময়ের মধ্যে তার উত্তর দেওয়ার আমি চেষ্টা করব। কারণ ইতিমধ্যে মাননীয় সদস্যগণ অনেক সময় নিয়ে নিয়েছেন। হয়ত আর বেশিক্ষণ তাঁরা আমার উত্তর দেওয়ার জন্য থাকতে রাজী হবেন না। প্রথম কথা হচ্ছে, যদিও কোন কোন সদস্য গঠনমূলক দৃষ্টি দিয়ে সমস্ত সমস্যা বিচার করতে চেয়েছেন, তবুও দুঃখের বিষয় বিরোধী পক্ষের অনেক সদস্য এমন সব অভিযোগ এনেছেন যেগুলি সঠিক নয় এবং যেসমস্ত অভিযোগ এখানে আনা সঙ্গত হয় নাই। সাধারণ ভাবে যাকে বলে সুইপিং রিমার্কস—সেটা ছেড়ে দিতে পারি—যেমন কংগ্রেসী সরকারের অপদার্থতা অথবা কংগ্রেসী সরকার আগাগোড়া দুর্নীতিতে পরিপূর্ণ—এসব কথা আমি ছেড়ে দিতে পারি। কারণ রুদ্ধ আক্রোশে ব্যর্থতার গ্লানিতে এই সমস্ত কথা তাঁরা বলে থাকেন।

[এ ভয়েসঃ ব্যর্থতা আপনাদের।]

কিন্তু যখন আমাদের মাননীয় সদস্য শম্ভুগোপাল দাস মহাশয় একটির পর একটি মাননীয় সদস্য যিনি অনুপস্থিত ছিলেন, তাঁর নামে অত্যন্ত গুরুতর অভিযোগ আনলেন এবং তার প্রতিবাদ যখন হল, তখন তিনি কোন কথার প্রতিবাদ করলেন না, তাই স্বভাবতই বিস্ময় লাগে...

[এ ভয়েসঃ আমি তখন ছিলাম না, থাকলে জবাব দিতাম।]

এই সমস্ত অভিযোগের কি অর্থ আছে! এবং এই সমস্ত অভিযোগের উত্তর দেওয়ার আমার পক্ষে কি প্রয়োজন আছে! মাননীয় সদস্য ভক্তিভূষণ মণ্ডল মহাশয় কতকগুলি কথা বলেছেন, তা শুনে আমার হঠাৎ খুব আশ্চর্য মনে হল—

[এ ভয়েসঃ তাতো মনে হবেই!]

তিনি অনেকগুলি কাট মোশান দিয়েছিলেন বলে মনে হলো—যে কথা তিনি তাঁর কাট মোশানের মধ্যে বলেন নি—হঠাৎ তিনি সেই কথা বলে গেলেন। সেগুলি কাট মোশানের মধ্যে বলা থাকলে, আমি ভালভাবে তার জবাব দিতে পারতাম, সে সম্বন্ধে তথ্য সংগ্রহ করে আনতাম। তবে আমি কিছু কিছু জবাব দেবার চেষ্টা করবো। তার একটা অভিযোগ শ্রীকান্ত চট্টরাজ সম্পর্কে। আমি একথা শুনে খুব অবাক হলাম যে মাননীয় সদস্য মহাশয় বললেন আমি কতকগুলি কাগজপত্র নাকি শ্রীবৈদ্যনাথ ব্যানার্জী মহাশয়কে দিয়েছি। এত বড় মিথ্যা অভিযোগ —মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুঃখিত।

[এ ভয়েসঃ আমি তা বলি নি।]

[হৈ-চৈ গোলমাল।]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা যখন বলেছিলেন, তখন তাঁরা বলবার সম্পূর্ণ সুযোগ পেয়েছিলেন। কিন্তু এখন আমি যখন সুযোগ পেয়েছি তখন নিশ্চয়ই তাঁদের জবাব দেব। এই রকম অভিযোগ হাউসে আনবার আগে অনায়াসে আমার কাছে সেটা বলতে পারতেন। এখানে এই অভিযোগ আনার কোন দরকার ছিল না। কারণ তিনি জানেন, আমি মনে করি, এটা সম্পূর্ণ অসত্য অভিযোগ আমি একথা বলতে পারি। এখনই সমস্ত খবরটা নিয়ে এলাম। তিনি অনায়াসে কাটমোশানের মধ্যে এ বিষয়টা উল্লেখ করতে পারতেন যেটা সম্পূর্ণভাবে পার্লিয়ামেন্টারী প্রসিডিওর সম্মত ব্যবস্থা। তা সত্ত্বেও তিনি হঠাৎ এই কথা বললেন। এতবড় অভিযোগ তিনি আনলেন যে আমি এই হাউসের ভেতর একটা ফাইলের কোন কাগজ নিয়ে কোন একজন সদস্যকে দিয়ে দেব। এ কথা বলবার আগে তার বিন্দুমাত্র দ্বিধা হলো না! আমি অনেক সময় মনে করি, এখনও আমার মনে হয় যে যেখানে এই রকম ওয়াইল্ড অ্যালিগেসন আসতে পারে, সেখানে কোন রকম জবাব দেওয়ার দরকার আছে কিনা। একটা কথা তিনি বললেন যে ১৯৫৯ সালে শ্রীকান্ত চট্টরাজ মহাশয় অনেকগুলি অভিযোগ করেছিলেন বলে আমাকে বলেছেন। কিন্তু আমি তাঁকে বলতে পারি সেদিন আমি এই বেঞ্চে আসি নি।

[এ ভয়েসঃ সে কথা উনি বলেন নি; ভালভাবে আপনি শোনেন নি।]

[গোলমাল]

মাননীয় সদস্য মহাশয়গণ যদি দয়া করে একটু ধৈর্য অবলম্বন করেন, তাহলে সমস্ত জিনিষটা বুঝতে পারবেন। কোন কিছু...............

Dr. Kanai Lal Bhattacharyya:

ভক্তিবাবু স্পষ্টভাবে বলেছেন এটা ১৯৬২ সালের নবেম্বরে।

The Hon'ble Shyamadas Bhattacharyya:

মাননীয় সদস্য বলেছেন ১৯৫৯ সালে।

Mr. Speaker:

মিঃ ভট্টাচার্য, আপনাকে সার্টিফিকেট দিতে হবে না। ওয়ান অফ দি মেম্বারস হ্যাজ স্পোকেন দি ট্রুথ-এর আর কি সার্টিফিকেট আপনাকে দিতে হবে?

Dr. Kanai Lal Bhattacharyya:

আমি বলছি, উনি ভুল শুনেছেন।

Mr. Speaker:

আপনি যা বলেছেন উনি তার জবাব দিয়েছেন। এর বেশী আর কথা আসছে কেন?

[গোলমাল]

[এ ভয়েসঃ উনি না শুনে ভুল ধরেছেন।]

Dr. Kanai Lal Bhattacharyya:

সার্টিফিকেট দেওয়ার কথা আপনি বললেন কেন? আমি কাকে সার্টিফিকেট দিয়েছি না দিয়েছি সে কথা আপনার বলা উচিত হয় নাই। আমরা কারো দয়ায় এখানে আসি নি, আমরা এসেছি অন আওয়ার ওউন মেরিট। আমাদের উপরে কোন ইন্সিনুয়েসন করা হলে সেটা

We are not going to tolerate from however big personality it may come. কিন্তু আমাদের যেটুকু রেসপেক্ট আছে, উই মে বি মাইনর ফিগারস, আমরা আশা করি—আপনার কাছ থেকে সেটুকু পাব। আপনার কাছে অন্ততঃ এইটুকু আশা করবো।

Mr. Speaker: One of the honourable members is in possession of the House and he is talking and replying to the statements that have been made in the House today and the first decorum that is expected of other honourable members is that that reply should be heard by them all. [Noise and interruptions]. While an Hon'ble Minister is replying, if anything at all is to be said—though that is not the practice—then Mr. Bhakti Bhusan Mandal, whose statements might have been referred to by the Hon'ble Minister, could have at least drawn my attention but that does not require any recommendation or certificate from another member that a member has told the truth and so why should he not be allowed to say something. That is not the practice. I may tell you Dr. Bhattacharya that I am not here to offend the feeling of any of the members. I have from the very first day that I have been here, tried to keep the prestige, honour, decorum and decency of the House and the rights and privileges of all the members, but at the same time I must have to say this that when an honourable member either of this side or of that side is speaking and is replying to a point, at least the honourable member whose speech has been referred to in the reply may draw my attention and no other member should stand up and say that he has said something correct or incorrect.

[4-50—5 p.m.]

Dr. Kanai Lal Bhattacharyya:

আপনি আমার সম্পর্কে গোটা কয়েক কথা বলে গেলেন সে সম্বন্ধে আমার বক্তব্য শুনতে হবে। সেই কথাগুলি হচ্ছে এই............

Mr. Speaker:

আপনি বলেছিলেন কিনা যে মিঃ মন্ডল যেটা বলেছেন সেটা সত্য?

Dr. Kanai Lal Bhattacharyya:

না আমি একথা বলিনি। আমি বলেছি মিঃ মন্ডল ১৯৬০ সাল বলেন নি।

Sir, you can take the proceedings of the House that are being recorded.

Mr. Speaker:

সেটা আপনি বললেন কেন, সেটা মিঃ মন্ডল বলবেন।

Dr. Kanai Lal Bhattacharyya:

I have every right as a member to draw your attention that the Minister is speaking something wrong.

Mr. Speaker: Dr. Bhattacharya, I will say once again that if anything is to be pointed out, it is the honourable member who has spoken should point it out and no other member.

Dr. Kanai Lal Bhattacharyya: I have got that right to draw your attention.

[Noise and interruptions]

Shri Bhakti Bhushan Mandal: On a point of order, Sir. If any honourable member misrepresents the speech of another honourable member, the latter has every right to say that the former is misrepresenting his speech, and, Sir, you were not present in the House at that time.

Mr. Speaker: Certainly, Mr. Mandal, after the Hon'ble Minister finishes his reply, if any representation is to be made, I think you have the right to do that and it is my duty to allow you to say on the floor of the House that you have been misrepresented. But it is not the practice that he should be interrupted by any member, either of this side or of that side.

The Hon'ble Syamadas Bhattacharyya: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীযুক্ত ভক্তিভূষণ মণ্ডল মহাশয় যখন বলেছেন যে তিনি ১৯৫৯ বা ১৯৬০ সালের কথা বলেন নি তখন আমি ধরে নিয়েছি যে আমার শুনতে ভুল হয়েছিল। কিন্তু আমি মাননীয় সদস্য মহাশয়কে তখনই বলেছিলাম যে, যে সালের কথা তিনি বলছেন, সেই ১৯৫৯ সাল, সেই সময় আমি এখানে ছিলাম না। কিন্তু প্রশ্নটা তা নয়, প্রশ্নটা হচ্ছে এইখানে যে আমার বিরুদ্ধে অভিযোগ করা হল যে আমি একটা কাগজ দিয়ে এলাম শ্রীবৈদ্যনাথ ব্যানার্জি মহাশয়কে এবং সে কাগজ ফাইল থেকে দিয়েছি সেই প্রশ্নের কথা আমি উল্লেখ করেছিলাম, তারপরে অত ইনোসেন্স দেখালে চলবে না। আমার কথা হচ্ছে এখানে যে, এটা আমি মনে করি, ভুল নয়, এটা অসত্য হয়েছে এবং এটা জেনে শুনে করেছেন, এই উক্তি আমি পুনরায় করি। দ্বিতীয় কথা হচ্ছে, আমি যদি এটা আগে জানতে পারতাম তাহলে এটা নিয়ে আসতাম। যাই হোক আমি এখনই এটা নিয়ে এলাম এবং তাতে আমি কি দেখতে পাচ্ছি ; শ্রীকান্ত চট্টরাজ মহাশয়, একজন সিনিয়র শীলমোহরার ছিলেন, তিনি কতকগুলি অভিযোগ করে আমার কাছে চিঠি লেখেন। আমার যতদূর মনে পড়ে আমি তাঁকে ডেকে পাঠাই। আমি তাঁকে বলি, আপনি যদি সম্পূর্ণভাবে বিবরণ দিয়ে আমার কাছে লেখেন তা হলে আমি খুশী হব। আমার যতদূর মনে পড়ে তিনি আমার সঙ্গে দেখা করতে চান এবং আমি তাঁকে বলি, আপনি অতদূর থেকে এসে দেখা করবেন কেন, দেখা না করে আপনি সমস্ত বিবরণ আমার কাছে লিখে পাঠান। তৎসত্ত্বেও তিনি বলেন যে, তিনি দেখা করে বলবেন। আমি তাঁকে ডেকে পাঠাই যতদূর মনে পড়ে (ফাইল আমার কাছে না থাকার জন্য আমি স্মৃতি থেকে একথা বলছি এবং যেটুকু আমি রেকর্ড থেকে পাচ্ছি), তাঁর কাছ থেকে আমি লিখে নিই কি কি তাঁর অভিযোগ। সেই অভিযোগের মধ্যে আমি পাই যে, অনেকগুলি বড় বড় জোতদারের অনেক জমি ছিল, সেই জমি তারা দেয় নি, তারা তা গোপন করেছে। আমি তখন সমস্ত বিষয়টা পুনরায় তদন্ত করবার জন্য মাননীয় ডি এল আর অ্যান্ড এস-এর কাছে পাঠাই। অবশ্য সেটা এখনও তদন্তাধীনে আছে। পিটিশনার, শ্রী চট্টরাজ মহাশয়, তাঁকে বলা হয়েছিল, "আপনি আমাদের কাছে আরও তথ্য দিন।" কিন্তু তিনি আর তথ্য দেন নি এবং সেইজন্য এই তদন্ত এখনও সম্পূর্ণ হয় নি। ভক্তিভূষণ মণ্ডল মহাশয় যখন এত কথা বললেন তখন একথা কেন বললেন না যে, এটা তদন্তাধীন আছে এবং আমি তা করতে পাঠিয়েছি। কিন্তু তিনি এখানে, এই হাউসের মধ্যে অভিযোগ করেছেন যার বিরুদ্ধে, আমি তার তীব্র প্রতিবাদ করি। মাননীয় সদস্য যদি অতখানি ব্রিফ পেতে পারেন তা হলে এটুকুও জানতে পারতেন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয়ের নিশ্চয় জানা আছে যে অপরাধী যদি অপরাধ করে তা হলে তাকে শাস্তিবিধান করতে হয়, কিন্তু এক্ষেত্রে তাঁকে পানিসমেন্ট করা হোল না কেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: এর উত্তর দিতে চাই না।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মন্ত্রিমহাশয়ের জানা আছে এবং আমার প্রশ্ন হচ্ছে যে তিনি চীফ মিনিস্টার হয়ে 'যুগান্তর' যদি একটা অন্যায় করে থাকে এবং যদি তিনি মনে করেন, তা হলে তার শাস্তিবিধান না করে তিনি পয়েন্ট আউট করলেন কেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: খবরের কাগজের লোক কোন অন্যায় করতে পারে না।

শ্রীকাশিকান্ত মৈত্র: স্যার, এটা একটা কোয়েশ্চেন অফ প্রিভিলেজ, কেন না যে প্রশ্ন আজকে গোপাল ব্যানার্জির নামে উঠেছে এটা খুব গুরুত্বপূর্ণ প্রশ্ন। কিন্তু মন্ত্রিমহাশয় কোন প্রশ্নের জবাব দিচ্ছেন না। তাতে আমার মনে হয়—

He is treating the House very lightly which he cannot do. He is treating the House with discourtesy. I should say.

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: উনি যা ইচ্ছা তা মনে করতে পারেন, আমি যা বলেছি তার বেশী আর বলবো না।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে এ সম্বন্ধে তিনি জানেন কিনা যে প্রেস অ্যাডভাইসারী বোর্ড একটা আছে যাদের দায়িত্ব হচ্ছে প্রেস যদি কোন বেআইনী কাজ করেন, তা হলে প্রেস অ্যাডভাইসারী বোর্ড তার বিরুদ্ধে অ্যাকশ্যান নেয়—প্রিন্টার্স অ্যান্ড পাবলিসারর্স?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: এ প্রশ্নের সংগে তার কোন সম্পর্ক নেই।

শ্রীকাশীকান্ত মৈত্র: যুগান্তর পত্রিকা এইরকম দেশদ্রোহী চিঠি ছাপানো সত্ত্বেও ডিফেন্স অফ ইন্ডিয়া রুলসে তার বিরুদ্ধে কোন অ্যাকশ্যান নেবার কথা তিনি চিন্তা করছেন কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: তার সংগে এই প্রশ্নের কোন সম্পর্ক নেই।

শ্রীকাশীকান্ত মৈত্র: স্পীকার স্যার, উনি যদি সমস্ত প্রশ্নের উত্তর এইভাবে দেন, তা হলে আমাদের অবস্থাটা কি হয়—এই বিষয়ে আমি আপনার প্রটেকসন চাই।

মিঃ স্পীকার: এখানে টু কোয়েশ্চেনস হ্যাভ বিন প্রেসড—তিনি পারমিশন দিয়েছিলেন কিনা এবং কে পারমিশন চেয়েছিলেন। সুতরাং—

offence or no offences or whether any steps have been taken.

এসব প্রশ্ন এ থেকে উঠে না।

শ্রীসোমনাথ লাহিড়ী: চীপ মিনিস্টার বল্লেন যে তিনি জবাব দেবেন না। জবাব না দেবার কারণ কি? ইন দি পাবলিক ইন্টারেস্ট?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ যে প্রশ্ন করা হয়েছিল তার জবাব দিয়েছি। সুতরাং সাপ্লিমেন্টারী যদি রেলেভেন্ট হয়, তা হলে নিশ্চয় জবাব দেবো।

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ রেলেভেন্সি সম্পর্কে স্পীকার রয়েছেন, whether it is relevant or not the Speaker is to see that.

পার্লামেন্টারী কার্টসি জানেন নাঃ মুখ্যমন্ত্রী হয়েছেন?

শ্রীসোমনাথ লাহিড়ীঃ চীফ মিনিস্টার জবাবে বলেছেন যে কাগজে যা বের হয় তার জন্য কাগজ দায়ী নয়, কোন একজন ব্যক্তি দায়ী। কিন্তু সেই সূত্রে আমি জিজ্ঞাসা করছি কাগজে যা বার হয় তার জন্য আইন অনুযায়ী সম্পাদক এবং মুদ্রাকর উভয়েই দায়ী এ কথা কি চীফ মিনিস্টার অবগত আছেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ ব্যক্তি দায়ী কি কাগজ দায়ী সেটা আমার জানার প্রশ্ন নয়।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আমার প্রশ্ন ছিল কাগজে যা ছাপা হয় তার জন্য আইনত সম্পাদক এবং মুদ্রাকর উভয়েই দায়ী একটা কি ঠিক?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ এটা সকলেই জানেন।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ তা হলে তিনি যখন আপত্তি করে চিঠি লিখেছিলেন তখন সম্পাদক-এর বিরুদ্ধে অভিযোগ করেছিলেন কেন? এবং মুদ্রাকরকে ছেড়ে দিলেন কেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ যে প্রশ্ন এখানে জিজ্ঞাসা করা হয়েছে তাতে এইসব প্রশ্ন অবান্তর।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ এটা অবান্তর নয় এই কারণে যে আমার সাপ্লিমেন্টারী হচ্ছে তিনি বলছেন যে কাগজ দায়ী নয় লোক দায়ী এবং তার পর আরও পরিষ্কার করে বলছেন যে সংবাদপত্রে যা ছাপা হয় তার সম্পাদক এবং মুদ্রাকর উভয়েই দায়ী, তা হলে তিনি যে চিঠি লিখেছিলেন তাতে তিনি সম্পাদক সম্বন্ধে খালি লিখেছিলেন, মুদ্রাকর সম্বন্ধে কোন উল্লেখ থাকলো না কেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আপনার এ প্রশ্ন অবান্তর কেন না আমি সম্পাদক সম্বন্ধেও লিখি নি, মুদ্রাকর সম্বন্ধেও লিখি নি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় (এ) প্রশ্নের উত্তরে বলেছেন যে হ্যাঁ, চিঠিটা প্রকাশ করবার পারমিশন দিয়েছিলাম, আমি তার উপরে সাপ্লিমেন্টারী জিজ্ঞাসা করছি যে এটা কি আপনি ব্যক্তিগতভাবে লিখে দিয়েছিলেন? না ক্যাবিনেটের রেসপন্সিবিলিটি নিয়ে তার একটা কম্পোনেন্ট পার্ট হিসাবে দিয়েছিলেন।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ ক্যাবিনেটের সঙ্গে এর কোন সম্পর্ক নেই।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ তা হলে এটা কি ব্যক্তিগত চিঠি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমি চীফ মিনিস্টার হিসাবে দিয়েছিলাম।

শ্রীনেপালচন্দ্র রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে চিঠিটা 'যুগান্তরে' প্রকাশিত হয়েছে, সেই চিঠিখানা কনসোলেটে বসে লেখা হয়েছিল?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ এটা অবান্তর প্রশ্ন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ এইসমস্ত যে অবান্তর প্রশ্ন সে সবের ডিসিসন নেবার উনি কে?

মিঃ স্পীকারঃ
Mr. Bhattacharya, that is a separate question.

শ্রীনেপালচন্দ্র রায়ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন কি যে বিবেকানন্দবাবুর সম্বন্ধে কোন একসন নেবার কথা তাঁরা চিন্তা করছেন কিনা?

মিঃ স্পীকারঃ আপনি অনেক দূর চলে গেলেন।

শ্রীনেপালচন্দ্র রায়ঃ আমি প্রশ্ন করছি মুখ্যমন্ত্রী যে কারণ ঐ চিঠিখানা লিখেছেন অর্থাৎ এডিটর বেআইনী কাজ করছেন, ভারতবিরোধী প্রচার করছেন সেজনা তার বিরুদ্ধে কোনরকম ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস অনুযায়ী একসন নেবার কথা তিনি ভাবছেন কিনা।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আপনার এ প্রশ্নের জবাব দেওয়া যায় না।

শ্রীকাশিকান্ত মৈত্রঃ আপনি কবে এই চিঠি লিখেছিলেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ তারিখ মনে নেই।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আপনি এটাকে কেন কনফিডেনসিয়াল বলেছেন এবং পাবলিক ইন্টারেস্টের কথা কেন বলছেন। চীফ মিনিস্টার হিসাবে যদি লিখে থাকেন তা হলে সেটা কনফিডেনসিয়াল হতে পারে না, এই কারণে যে সে সেটা স্বার্থের সঙ্গে জড়িত।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ অনেক চিঠি আমরা কনফিডেনসিয়াল হিসাবে লিখে থাকি। সেই কনফিডেনসিয়াল চিঠি আমাদের প্রকাশ করার দরকার হয় না।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আমি নিবেদন করে এইটুকু বলতে চাই যে যেহেতু বিষয়টা এমন একজন সম্পাদকের ক্যারেকটার অ্যাসাসিনেট করে লেখা হয়েছিল যার সম্পর্কে এইসমস্ত প্রশ্ন করা হচ্ছে। সুতরাং এই সম্পর্কে আমাদের সমস্ত তথ্য জানা দরকার। সেইজন্য জিজ্ঞাসা করছি যে একজন সম্পাদকের মালিক তাঁর সম্পাদকের বিরুদ্ধে প্রচারে নামবার জন্য মুখ্যমন্ত্রীর এই চিঠি ব্যবহার করেছেন সেই চিঠি প্রকাশ করতে মুখ্যমন্ত্রী কেন অনুমতি দিলেন।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমি আবার বলছি যে আপনার এ প্রশ্ন অবান্তর।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মাননীয় স্পীকার মহাশয় আপনারও কি অভিমত তাই?

মিঃ স্পীকারঃ উনি যদি জবাব না দেন, তা হলে আমি কি করবো

If you want the answer as to whether it is relevant or not, you put the question again.

[12-20—12-30 p.m.]

Shri Somnath Lahiri:

আর প্রশ্নটা আমি বুঝিয়ে দিচ্ছি, এখানে কোন অবান্তর প্রশ্ন হচ্ছে না। ঐ চিঠি ছাপাবার অনুমতি দেওয়া হয়েছিল কিনা; যদি দেওয়া হয়ে থাকে, তা হলে স্বভাবতঃ প্রশ্ন ওঠে এখানে কেন অনুমতি দেওয়া হয়েছিল। আমার প্রশ্ন হচ্ছে, যখন মুখ্যমন্ত্রিমহাশয় জানেন সাবজেক্টটা যে যুগান্তর পত্রিকার মালিক যুগান্তর সম্পাদকের বিরুদ্ধে তার প্রচারযুদ্ধে এই চিঠি অপব্যবহার করবেন, তখন মুখ্যমন্ত্রী মহাশয় তাঁকে এক পক্ষকে সুবিধা দিলেন তাঁর চিঠি ছাপাতে দিয়ে?

Mr. Speaker: That is a matter of opinion Mr Lahiri That cannot be a proper supplementary question.

Shri Gopal Banerjee:

ওপিনিয়ন নয়, ২৫এ তারিখের ঘটনা প্রকাশিত হয়েছে এবং তারিখে ফার-ফেচড নয়, সমস্তটাই মুখ্যমন্ত্রীর জানা ছিল—

It was known to the Hon'ble Chief Minister

Mr. Speaker: Mr. Banerjee the question has already been raised by Mr. Lahiri. You should not speak about it now.

Shri Somnath Lahiri:

আমরা ফারফেচড করছি কখন? চিঠিটা কাগজে ছাপা হয়ে যাবার পর। যেহেতু ছাপা হয়ে গেছে, তখন মুখ্যমন্ত্রী মহাশয় জানতে পেরেছেন যে মালিক তাঁর সম্পাদকের বিরুদ্ধে প্রচার করবার জন্য তাঁর চিঠি ব্যবহার করেছেন। তাহলে আমাদের প্রশ্ন সম্পূর্ণ সঙ্গত যে মুখ্যমন্ত্রী কেন তাঁর চিঠি ব্যবহার করতে দিলেন মালিককে তার সম্পাদকের বিরুদ্ধে?

The Hon'ble Prafulla Chandra Sen:

কোন কেনর উত্তর দেওয়া যায় না। যা বলেছি তার চেয়ে বেশী আর কিছু বলবার নাই।

Mr. Speaker:

আপনি দেখবেন মিঃ লাহিড়ী, এইরকম কোশ্চেন-আনসার আগেও হয়েছে, আমার যতদূর মনে পড়ে। তারপরে আবার এই কোশ্চেন

I think the answer is there.

Shri Somnath Lahiri:

আপনাকে আমার বক্তব্য বোঝাবার চেষ্টা করছি, সেটা হচ্ছে এই, তিনি তাঁর বিবেচনা দিয়েছিলেন আমাদের জানবার অধিকার আছে তাঁর সেই বিবেচনাটা কোথা থেকে উৎপন্ন? আনলেস আমি জিজ্ঞাসা করেছি আগেই যদি না, এই গ্রাউন্ড হতো

Not in the Public Interest.

তিনি তা বলেন নি। তাহলে আমাদের জানবার অধিকার আছে তাঁর বিবেচনাটা তুষারকান্তি ঘোষের সপক্ষে গেল কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি যা বলেছি তার অতিরিক্ত আর কিছু বলবার নাই।

Shri Sudhir Chandra Das:

মুখ্যমন্ত্রী মহাশয় জানেন কিনা বিবেকানন্দবাবুকে তুষারবাবু ডিসমিস করবার পর আইনমন্ত্রী অশোক সেন মহাশয় তাঁকে "বসুমতী"তে আশ্রয় দিয়েছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা আমার জানবার কোন প্রয়োজন নাই।

Mr. Speaker: I think the question has been sufficiently answered. There should be no further question on this.

Shri Nepal Chandra Roy:

মুখ্যমন্ত্রী মহাশয় কি বলবেন বিবেকানন্দবাবুর বিরুদ্ধে আপনারা যখন আইনগত ব্যবস্থা করতে যাচ্ছিলেন, তখন বিশেষ এক রাজনৈতিকদল প্রভাব বিস্তর করছিলেন, যাতে তাঁকে অ্যারেস্ট করা না হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:
এটা অবান্তর প্রশ্ন।

Shri Sailendra Nath Adhikary: Sir, it is a very important question, as it is connected with defence problem.

আমাকে একটা সাপ্লিমেন্টারী করতে দিন, স্যার, মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যেটা বিবেকানন্দবাবুর সম্বন্ধে তিনি যে চিঠি দিয়েছিলেন তুষারবাবুকে, সেটা আমি পড়েছি। তাতে দুটো গুরুত্বপূর্ণ জিনিস তিনি বলেছেন একটা হচ্ছে ... ...

Mr. Speaker:

মিঃ অধিকারী, ওরকমভাবে প্রশ্ন করা যায় না। কাগজটা নিয়ে দেখে প্রশ্ন করুন।

Shri Sailendra Nath Adhikary:

আচ্ছা, তাহলে আমি ঠিক সেইভাবেই প্রশ্ন করছি। ওঁর চিঠিতে লিখিত যে ঘটনাগুলি আছে 'স্বাধীনতার' একটা চিঠি সম্পর্কে এবং তার সঙ্গে জড়িত সম্পাদক সম্বন্ধে, সেই চিঠি ছাড়াও স্বাধীনতা পত্রিকা ১০-১২ বছর আগে থেকে এইরকম ধরনের চীনের পক্ষে ওকালতি করে যেসমস্ত সম্পাদকীয় প্রবন্ধ বেরিয়েছে, সে সম্বন্ধে তিনি জানতেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার মতে এও অবান্তর।

[এ ভয়েস -আমাদের কাছে এই সংবাদপত্রের কাটিং আছে।]

Privilege of Members to get replies to questions

Dr. Kanai Lal Bhattacharya:

মিঃ স্পীকার স্যার কোয়েশ্চেন কি সব শেষ হয়ে গেল! এখানে কোয়েশ্চেন সম্বন্ধে আমার একটু বক্তব্য আছে। আগের দিন দেখেছি, আজও দেখছি মিনিস্টাররা যেভাবে জবাব দিচ্ছেন কোয়েশ্চেন আওয়ারে তাঁরা বলছেন জবাব দেবো না, বা মিনিস্টাররাই বলে দিচ্ছেন -

it is relevant, irrelevant

এইসব যেভাবে তাঁরা বলছেন, করছেন, এইভাবে যদি হাউস চলে, স্যার, আপনার কাছে আমার বক্তব্য আছে যে বিরোধী পক্ষ থেকে তা হলে আমাদের চিন্তা করতে হবে যে কোয়েশ্চেন-এ আমরা পারটিসিপেট করবো কিনা? ট্রেজারি বেঞ্চ-এর মন্ত্রিমহাশয়রা যে এইরকম ঔদ্ধত্য দেখান, আর আপনি যদি সেখানে চুপ করে বসে থাকেন-

If you do not give us shelter how can we take part here?

তা হলে আমাদের চিন্তা করতে হবে-

whether we shall take part or not? Who will give us shelter?

এটা চিন্তা করতে হবে।

Mr. Speaker:

এবার হয়েছে, আপনি বসুন। আমাকে বলতে দিন।

Shri Sailendra Nath Adhikary:

আমাদের প্রিভিলেজ নষ্ট হচ্ছে, আপনাকে বলবো না-ত, কাকে বলবো?

Mr. Speaker:

আমাকে বলতে দিন, মিঃ অধিকারী—

Certainly members have the right to have the answers from the Ministers and it is also a duty and an obligation on the part of the Ministers to give the answers according to their knowledge and information. What they did on the last occasion I do not know because I was not there at that time in the Chair. But so far as today's questions are concerned, I can fairly say that they have been sufficiently answered. Of course he pointed out to me that on the last occasion some of the questions had not been answered. But so far as today's questions are concerned, they have been sufficiently answered.

As regards the other point, viz., whether the Minister concerned can say about the relevancy or irrelevancy of a supplementary question, I think he can say it as irrelevant. Of course, that is his suggestion. He can draw my attention.

Dr. Kanai Lal Bhattacharya:

যেভাবে তিনি উত্তর দিচ্ছেন, তাতে তিনি মনে করছেন হি ইজ অমনিপোটেন্ট, তিনি হাউসের লীডার বলে, সকলের উপরে দ্যাট ইজ হিজ কনপ্লেসেন্সি। উনি চীফ মিনিস্টার বলে আপনাকে অস্বীকার করছেন, এইটা আমার কমপ্লেন্ট, এইটা আমার আপত্তি।

The Hon'ble Jagannath Kolay:

স্যার, কানাইবাবু যে কথাটা বলেছেন, সেটা সম্পূর্ণ ঠিক নয়। কারণ আমরা এখানে অনেক সময় দেখেছি যে, সাপ্লিমেন্টারি কোয়েশ্চেনস ইররিলিভ্যান্ট হয়। যদি কোন অ্যান্সার আউট অফ দি কোয়েশ্চেন দিতে হয়, তা হলে মন্ত্রিমহাশয় কি করে তার উত্তর দিতে পারেন! আপনি ধরুন একটা কোয়েশ্চেন বাঁকুড়া সম্বন্ধে হচ্ছে, সেখানে যদি কেউ মুর্শিদাবাদ সম্বন্ধে প্রশ্ন করেন, তা হলে মিনিস্টারের পক্ষে তার উত্তর দেওয়া পসিবল নয়। কাজেই তিনি বলতে পারেন যে, এ প্রশ্ন ওঠে না। মন্ত্রীদের বলবার ক্ষমতা আছে এই কথা যে, দিস কোয়েশ্চেন ডাজ নট অ্যারাইজ।

Shri Somnath Lahiri:

মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আমরা প্রশ্ন করি কিজন্য? যাতে আমরা সঠিক ইনফরমেশন পেতে পারি।

Mr. Speaker:

নিশ্চয়ই।

Shri Somnath Lahiri:

সুতরাং যে বিষয় প্রশ্ন করা হল মন্ত্রিমহাশয়ের কাছে সেই বিষয়ে যদি অন্য ইনফরমেশন থাকে, যা হয়ত খুব বেশি স্ট্রিক্টলি রেলেভ্যান্ট না হলেও, সেই বিষয় সংক্রান্ত, তা হলে আমরা স্বভাবতই আশা করব মন্ত্রিমহাশয় তার জবাব দেবেন। মন্ত্রিমহাশয়কে প্যাঁচে ল্যাং মারবার জন্য নয়, ইনফরমেশন পাবার জন্য প্রশ্ন করব।

Shrimati Biva Mitra:

মিঃ স্পীকার, স্যার, ল্যাং মারা কথাটা কি পার্লামেন্টারি?

[Noise and interruptions.]

Shri Somnath Lahiri:

আমাদের চীফ মিনিস্টারের যে মহিলা সাপোর্ট খুব স্ট্রং, তা আমরা বুঝতে পারলাম।

[Noise and interruptions.]

[12-30—12-40 p.m.]

Protection of privileges of women members in the chamber

The Hon'ble Purabi Mukhopadhyay: Mr Speaker, Sir, I want to draw your attention.

[Noise and interruptions.]

Mr. Speaker:

শ্রীযুক্তা মুখার্জি আপনি বলুন।

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমি আপনার কাছে জানতে চাই, স্পীকার, স্যার, এখানে যখন মাননীয়া সদস্য বিভা মিত্র উঠে দাঁড়িয়েছেন তখন এই হাউসের কোন সদস্য তিনি স্বপক্ষের সদস্য হন বা বিরোধীপক্ষের হন তাঁকে চিৎকার করে বসিয়ে দিতে পারেন কোন্ যুক্তিতে। যিনি এরকম করলেন তিনি কি জানেন না মেয়ে সদস্যারাও এই হাউসএ ইলেক্টেড হয়ে এসেছেন এবং সদস্য হিসাবে তাঁদের অন্য সকলের মত সমান অধিকার আছে?

Shri Kamal Kanti Guha:

আমরাও জেলখানার কয়েদী নই সেটা মনে রাখবেন।

The Hon'ble Purabi Mukhopadhyay: You must withdraw. What do you think of yourself. We have come here on equal rights.

Mr. Speaker: Shrimati Mukherjee, after all you cannot say anything to the members, you can say anything to me.

The Hon'ble Purabi Mukhopadhyay: I am sorry, Sir. I wanted to address you, but they are shouting.

UNSTARRED QUESTIONS

(To which written answers were laid on the table)

Powerloom license in Murshidabad district

264. (Admitted question No. 81.) **Shri Birendra Narayan Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(ক) গত তিন বৎসরের মধ্যে মুর্শিদাবাদ জেলায় পাওয়ার লুম লাইসেন্স দেওয়া হইয়াছে কি;

(খ) লাইসেন্স দেওয়া হইয়া থাকিলে, কয়টি এবং কাহাদের দেওয়া হইয়াছে; এবং

(গ) উক্ত লাইসেন্স প্রাপ্তদের কেহ উক্ত তাঁত চালু করিয়াছেন কি?

The Minister for Cottage and Small-Scale Industries:

(ক) হ্যাঁ।

(খ) একমাত্র জিয়াগঞ্জ রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ার লুম কো-অপারেটিভ সোসাইটি (মুর্শিদাবাদ) লিমিটেডকে ১৬টি পাওয়ার লুম-এর পারমিট দেওয়া হইয়াছে। মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জ ইহাদের রেজিস্টার্ড অফিস অবস্থিত।

(গ) না। কারণ বর্তমানে মাত্র তাঁতকলগুলি বসান হইতেছে। উহা সম্পূর্ণ হইলে উক্ত তাঁতকলগুলি চালু করিবার জন্য প্রয়োজনীয় লাইসেন্সএর জন্য সোসাইটি টেক্সটাইল ডাইরেক্টরের নিকট আবেদন করিবেন।

Road works in Malda

265. (Admitted question No. 286.) **Dr. Golam Yazdani:** Will the Hon'ble Minister-in-charge of the Development (Roads) Department be pleased to state—

(a) the names of roads sanctioned for construction in the Third Five-Year Plan for each Thana in the Malda district with cost of each scheme;

(b) if any such scheme has been taken up; and

(c) if so, the names of these roads?

The Minister for Development (Roads): (a) A statement is laid on the Table.

(b) No.

(c) Does not arise.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 265

Names of Roads sanctioned for construction in the Third Five-Year Plan in each Thana in Malda district

Name of road, cost and thana

(1) Tulshihata-Kushida, Rs. 10 lakhs—Harischandrapur.

(2) Bhaluka Road Rly. Station to Harischandrapur (excluding bridge over the river Kankher), Rs. 6 lakhs—Harischandrapur.

(3) Sodullapur-Meharupur (connecting N.H. 34 to Kaliachak-Niamatpur Road), Rs. 9 lakhs—English Bazar and Kailachak.

(4) Bulbulchandi-Katlapukur. Rs. 13 lakhs—Habibpur.

(5) Pukhuria Ferry Ghat to Kumarganj Rly. Station—Rs. 19 lakhs—Ratua.

(6) Sheikhpur-Kumarganj R.S., Rs. 7.50 lakhs—Ratua.

(7) Jhanjra (on N.H. 34) to Jatradanga, Rs. 4 lakhs—Malda.

New Bridges in Malda district

266. (Admitted question No. 287.) **Dr. Colam Yazdani:** Will the Hon'ble Minister-in-charge of the Development (Roads) Department be pleased to state—

(a) the names of bridges sanctioned for construction in the Third Five Year Plan for each Thana in the Malda district with cost of each scheme;

(b) if the construction work of any such scheme has been started; and

(c) if so, the names of the bridges?

The Minister for Development (Roads): (a) A statement is laid on the Table.

(b) No.

(c) Does not arise.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 266

Names of bridges sanctioned for construction in the Third Five-Year Plan for each thana in Malda district

Names of bridges, cost and thana

(1) Bridge over the Kalindi on Ratua-Mathurapur Road, Rs. 12 Lakhs—Ratua.

(2) Bridge over the Tangon on Malda-Bulbulchandi Road at Aiho Rs. 7 lakhs—Habibpur.

Primary Education in West Bengal

267. (Admitted question No. 331.) **Shri Ananga Mohan Das:** শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে প্রাইমারী বিদ্যালয়ের মোট সংখ্যা কত;

(খ) বাধ্যতামূলক প্রাইমারী শিক্ষা প্রবর্তনু কোন অঞ্চলে চালু হইয়াছে কিনা?

The Minister for Education:

(ক) ৩০,৫৫২।

(খ) ১৯৬১-৬২ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট ১০,৩৭৪·৫৯ বর্গমাইল পরিমিত এলাকায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তিত হইয়াছে।

Bridge over the Bhagirathi river in Jangipur, Murshidabad

268. (Admitted question No. 358.) **Shri Birendra Narayan Roy:**

উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর ও রঘুনাথগঞ্জের মধ্যে গঙ্গার উপর দিয়া একটি সেতু নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কি?

The Minister for Development (Roads):

না।

Cottage Industries in the district of Murshidabad

269. (Admitted question No. 367.) **Shri Birendra Narayan Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Cottage and Small-Scale Industries be pleased to state—

মুর্শিদাবাদ জেলায় (১) কাঁসাশিল্প, (২) হস্তীদন্তশিল্প, (৩) রেশমশিল্প এবং (৪) আম্রজাত দ্রব্যের (ম্যাংগো প্রসেসিং) শিল্পগুলিকে বিভিন্ন সমবায়ের মাধ্যমে পুনর্জীবিত করিয়া উৎসাহ দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

The Minister for Cottage and Small-Scale Industries:

হ্যাঁ। কাঁসাশিল্প, হস্তীদন্তশিল্প ও রেশমশিল্পগুলিকে সমবায় মাধ্যমে উৎসাহ দেওয়ার পরিকল্পনা সরকারের আছে। মুর্শিদাবাদ জেলায় কতকগুলি রেশমশিল্প সমবায় সমিতি গঠিতও হইয়াছে। কিন্তু কাঁসা ও হস্তীদন্ত শিল্পিগণের সমবায় সমিতি গঠনে উৎসাহের অভাবের দরুন এ পর্যন্ত সরকারী প্রচেষ্টা সাফল্যমণ্ডিত হয় নাই। এই জেলায় আম্রজাত দ্রব্যশিল্পের কোন বিশেষ পরিকল্পনা আপাততঃ নাই।

Purchase of Jute

270. (Admitted Question No. 395.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state the quantity of jute purchased districtwise in the current year by the State Trading Corporation and the Buffer Stock Association of West Bengal?

The Minister for Commerce and Industries: The State Trading Corporation has purchased about 18,100 bales (of 400 lb. each) of jute and mesta from West Bengal. The Jute Buffer Stock Association has so far purchased a total quantity of 625,000 bales of jute and mesta. The exact quantity purchased by the J.B.S.A. from West Bengal is not readily available. Districtwise figures of purchase by these bodies are also not readily available.

Co-operative Societies in Murshidabad district

271. (Admitted question No. 398.) **Shri Birendra Narayan Roy:**

সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার লালগোলা থানার—

(১) ঢেঁকি কো-অপারেটিভ সোসাইটি,

(২) ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি, এবং

(৩) নবগ্রাম থানার অধীন কানফলায় অবস্থিত নবগ্রাম কো-অপারেটিভ সোসাইটির প্রত্যেকটিতে গত পাঁচ বৎসরে সরকার অদ্যাবধি কত টাকা ঋণ বা সাহায্য দিয়াছেন?

The Minister for Co-operation:

(ক) গত পাঁচ বৎসরে—

(১) লালগোলা ঢেঁকি শিল্প কো-অপারেটিভ সোসাইটিকে ৪,০০০ টাকা সুদবিহীন ঋণ এবং ১,০০০ টাকা সাহায্য দেওয়া হইয়াছে।

(২) লালগোলা পদ্মা ফিসারমেনস কো-অপারেটিভ সোসাইটিকে ঋণ বা সাহায্য কিছুই দেওয়া হয় নাই।

(৩) কানফলায় অবস্থিত নবগ্রাম ইউনিয়ন কো-অপারেটিভ এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটিকে গুদাম প্রস্তুত করার জন্য ঋণ হিসাবে ৭,৫০০ টাকা, অনুদান হিসাবে ২,৫০০ টাকা ও পরিচালন ব্যয়ের পরিপূরক হিসাবে আরও ২,৫৫০ টাকা সাহায্য দেওয়া হইয়াছে।

Beldanga Sugar Mills

272. (Admitted question No. 407.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether Government is contemplating to start the Beldanga Sugar Mills in the district of Murshidabad in the current year; and

(b) if not, when the mill will start functioning?

The Minister for Commerce and Industries: (a) No.

(b) Does not arise.

Reclamation of the Beel in Baralhamjanpur village, Hooghly

273. (Admitted question No. 454.) **Shri Brindaban Chattopadhyay:** কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার বলাগড় থানার অন্তর্গত সিজা কামালপুর ইউনিয়নের বড়াল হামজানপুর গ্রামের বিলটি অধিক ফসল উৎপন্নের জন্য সরকারের নিজ ব্যয়ে সংস্কার করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি (১) কত দিনের ভিতর এ পরিকল্পনা কার্যকরী হইবে, এবং (২) কত বিঘা কৃষি জমি উক্ত বিলের জলের দ্বারা উপকৃত হইবার সম্ভাবনা আছে?

The Minister for Agriculture:

(ক) ইহা কৃষিবিভাগের এক্তিয়ারের বাহিরে।

(খ) প্রশ্ন উঠে না।

Compulsory Free Primary Education

274. (Admitted question No. 459.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state what amount, if any, the State Government pay to the Berhampore Municipality for Free Compulsory Primary Education?

The Minister for Education: Free and compulsory primary education has not been introduced in Berhampore Municipality.

Hence, the question of payment of any Government grant to the Municipality for such a purpose does not arise.

Slaughter houses at Dankuni, Hooghly

275. (Admitted question No. 489.) **Shri Monoranjan Hazra:**

শিল্পবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাশিয়ার সহিত চুক্তি অনুযায়ী হুগলি জেলার ডানকুনিতে প্রস্তাবিত কসাইখানাটি কতদিন নাগাদ নির্মিত হইবে?

The Minister for Commerce and Industries:

রাশিয়ার সহিত চুক্তিক্রমে কোনও কসাইখানা স্থাপনের প্রস্তাব সরকারের নাই।

Chest Clinic at Tufanganj, Cooch Behar

276. (Admitted question No. 511.) **Shri Jibon Krishna De:**

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) কোচবিহারের তুফানগঞ্জ শহরে অবস্থিত চেস্ট ক্লিনিকে কোন এক্স-রে প্ল্যান্ট আছে কিনা; এবং

(খ) উক্ত ক্লিনিকে কতজন ডাক্তার ও কর্মচারী আছেন?

The Minister of State for Health:

(ক) তুফানগঞ্জ শহরে এখনও চেস্ট ক্লিনিক স্থাপিত হয় নাই, তবে উক্ত ক্লিনিকের গৃহনির্মাণ কার্য সম্পূর্ণ হইয়াছে, এবং যত শীঘ্র সম্ভব এক্স-রে প্ল্যান্ট স্থাপন করিবার চেষ্টা হইতেছে।

(খ) উপরি-উক্ত অবস্থায় এ প্রশ্ন উঠে না।

Agriculture Colleges

277. (Admitted question No. 516.) **Shri Mrigendra Bhattacharya:**

কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় কোথায় কোথায় কৃষি কলেজ প্রতিষ্ঠার পরিকল্পনা করা হইয়াছে?

The Minister for Agriculture:

তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় কোথায় কৃষি কলেজ প্রতিষ্ঠিত হইবে তাহা এখন স্থির হয় নাই।

Handloom Sales Centres in West Bengal

278. (Admitted question No. 524.) **Shri Sudhir Chandra Das:**

কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) পশ্চিমবঙ্গে সরকারী সাহায্যে তাঁতবস্ত্র বিক্রয়কেন্দ্র কয়টি প্রতিষ্ঠিত হইয়াছিল;

(খ) উহাদের মধ্যে কয়টি বর্তমানে চালু আছে;

(গ) ঐ চালু কেন্দ্রগুলি কোথায় কোথায় অবস্থিত, এবং

(ঘ) চালু কেন্দ্রগুলির জন্য এ পর্যন্ত মোট কত টাকা ব্যয় হইয়াছে?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) ১৮৪টি।

(খ) ১০৬টি।

(গ) চালু কেন্দ্রগুলির তালিকা লাইব্রেরি টেবিলে রাখা হইল।

(ঘ) চালু কেন্দ্রগুলির জন্য সরকারের আনুমানিক ৯,০৭,০০০ টাকা ব্যয় হইয়াছে।

Mollarpur Hospital in Birbhum

279. (Admitted question No. 526.) **Shri Gobardhan Das:** স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় ময়ূরেশ্বর থানায় মল্লাপুরে হাসপাতালের জন্য সরকার জমি ও টাকা পাইয়াছেন কি; এবং

(খ) জমি ও টাকা পাইয়া থাকিলে এ হাসপাতাল কতদিনের মধ্যে আরম্ভ হইবে?

The Minister of State for Health:

(ক) প্রয়োজনীয় ৬·৬৬ একর জমির মধ্যে মাত্র ২·০৮ একর জমি পাওয়া গিয়াছে, এবং ১·৩০ একর দানের প্রস্তাব আছে। বক্রী ৩·২৮ একর অধিগ্রহণ ও গ্রহণ আইনের সাহায্যে অর্জন করিতে হইবে। ইহা ছাড়া চার হাজার টাকা ৭২ নয়া পয়সা পাওয়া গিয়াছে।

(খ) প্রয়োজনীয় জমি পাইলেই গৃহ নির্মাণ কার্যের জন্য প্রশাসনিক অনুমোদন সম্ভব হইবে।

Repairs to a Sluice gate at Pakamati, Murshidabad

280. (Admitted question No. 538.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(ক) মুর্শিদাবাদ জেলায় রাঙ্গামাটি, বাঁজপাড়া ইউনিয়নের অন্তর্গত পাকামাটির স্লুইস গেটটি সংস্কারের কোন প্রস্তাব আছে কি; এবং

(খ) প্রস্তাব থাকিলে তাহা কবে কার্যকরী হইবে?

The Minister of State for Agriculture:

(ক) এই স্লুইস গেটটি ক্ষুদ্র সেচ পরিকল্পনা অনুযায়ী নির্মিত হওয়াতে উহার রক্ষা ও সংস্কার সাধন উপকার প্রাপকগণের কর্তব্য। সুতরাং ইহার সংস্কার করার কোনও সরকারি প্রস্তাব নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Lands Vested to Government in West Bengal

281. (Admitted question No. 539.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কত জমি জমিদারী উচ্ছেদের ফলে সরকারের হাতে ন্যস্ত হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

বিবরণী এতৎসহ উপস্থাপিত হইল।

ent referred to in reply to unstarred question No. 281

Area of different lands vested in different districts of the State under the Estates Acquisition Act (up to the 31st January 1963.)

Name of district.	Agricultural lands (in acres) (a)	Non-agricultural lands (in acres) (b)	Other lands (in acres). (c)	Total of (a + b + c)	Forest lands taken possession of. (in acres).
Bankura	44,929·00	37.483·00	9.955·00	92 367·00	3 03.210·24
Birbhum	10,712·24	49.303·95	5.917·25	65.933·44	22.603·70
Burdwan	60.043·72	54.915 47	2.429·04	1.17.388·23	777·81
Cooch Behar	23.118·71	8 188·62	20.216·90	51.524·23	3.947·99
Darjeeling	13.126·12	1.533·97	283·76	14 943·85	4.677·58
Hooghly	4.365·23	7 361·49	1.462·20	13.188·92	450·00
Howrah	852·29	1.442·44	1 649·17	3 943·90	—
Jalpaiguri	82.892·00	30.689·00	31.544·00	1.45.125·00	47.739·00
Malda	36 308·65	33.144·45	6 949·30	76 402·40	1.883·95
Midnapore	1 48.172·71	1.03.286·96	57.177·02	3.08.636·69	4 10 586·88
Murshidabad	8.074·17	10.313·43	18.337·27	36.724·87	481·38
Nadia .. .	10.118·56	7.970·18	11.086·13	29 174·87	369·55
24-Parganas	47 301·00	46 919·00	21 976 00	1 16 196·00	
West Dinajpur ..	32.623 13	17.382·46	4 280 82	54.286·41	615·04
	5 22 637·53	4 09 934·42	1 93 263 86	11 25 835·81	7.97.143·12

Maintenance of C. T. Road

282. (Admitted question No. 550.) **Shri Shankar Lal Mukherjee:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) how much amount is being given by the Union Government for the maintenance of G. T. Road in West Bengal.

(b) whether the junction of Dr. Abani Dutta Road up to Bally Khal is covered by such maintenance scheme;

(c) whether any estimate has been prepared to make the berms of G. T. Road both sides with pucca drains; and

(d) if so, what is the amount?

The Minister for Public Works: (a) The following amounts were sanctioned by the Government of India for expenditure during the last two years as also during the current year on the maintenance of National Highways in West Bengal:

1960-61 Rs. 55,000,00.00

1961-62 - Rs. 55,000,00.00

1962-63 Rs. 60,000,00.00

Out of the aforesaid amounts, the following amounts were allotted for expenditure on the maintenance of G. T. Road in West Bengal

1960-61 Rs. 9,71,000.00

1961-62 Rs. 7,30,000.00

1962-63 Rs. 9,45,000.00

(b) and (c) No.

(d) Does not arise.

Bankura Bishnupur Sankha Banik Samabay Samity

283. (Admitted question No. 556.) **Shri Radhika Dhibar:** কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া-বিষ্ণুপুর শঙ্খ বণিক সমবায় সমিতিটি উঠিয়া যাওয়ার কারণ কি,

(খ) ইহা কি সত্য যে, উক্ত পরিচালকমণ্ডলীর পক্ষ হইতে সরকারের নিকট সেলস ট্যাক্স মকুব করিবার জন্য কিংবা অনাদায়ী সেলস ট্যাক্সের সমপরিমাণ সাহায্য দিবার জন্য বহু আবেদন করা হইয়াছিল; এবং

(গ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) উঠিয়া যায় নাই।

(খ) হ্যাঁ। দুই-তিনবার আবেদন করা হইয়াছিল।

(গ) আইন অনুযায়ী সেলস ট্যাক্স প্রদান বাধ্যতামূলক এবং সরকার ইহা মকুব করিতে পারেন না। এই কারণেই উহার সমপরিমাণ সাহায্যদানের প্রশ্ন উঠে না। শঙ্খ সংগ্রহ এবং উহা বিভিন্ন শিল্পীকে সরবরাহের বাবদ সরকারকেও সেলস ট্যাক্স দিতে হইয়াছে।

Derelict tubewells at Bishnupur and Jaipur police-stations in Bankura

284. (*Admitted question No. 558.*) **Shri Radhika Dhibar:**

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলায় বিষ্ণুপুর ও জয়পুর থানায় সরকারী সাহায্যে প্রতিষ্ঠিত কতগুলি টিউবওয়েল অকেজো হইয়া পড়িয়াছে;

(খ) যদি সত্য হয়, তাহলে এ অকেজো টিউবওয়েলগুলি শীঘ্রই রিসিঙ্কিং করা হইবে কি;

(গ) ইহা কি সত্য যে, রিসিঙ্কিং-এর জন্য সংশ্লিষ্ট গ্রামবাসীদের আর্থিক সাহায্য এবং মেটিরিয়াল ইত্যাদি বহন করিবার খরচ দেওয়া সম্পূর্ণ বাধ্যতামূলক; এবং

(ঘ) সত্য হইলে, পল্লীবাসীদের আর্থিক অস্বচ্ছলতার কথা বিবেচনা করিয়া সরকার হইতে পানীয় জল সরবরাহের জন্য অন্য কোন ব্যবস্থা হইতেছে কি?

The Minister of State for Health:

(ক) বিষ্ণুপুর থানাতে মাত্র ২টি। জয়পুর থানাতে একটিও না।

(খ) হ্যাঁ, উক্ত ২টি অকেজো জল উৎসের পুনর্খনন মঞ্জুর করা হইয়াছে।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Primary Health Centre at Jagannathpur, Bankura

285. (*Admitted question No. 559.*) **Shri Radhika Dhibar:**

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) বাঁকুড়া জেলার জয়পুর থানার জগন্নাথপুর সাবসিডিয়ারী হেলথ সেন্টারটিকে প্রাইমারী হেলথ সেন্টার-এ কবে উন্নীত করা হইয়াছে;

(খ) উক্ত প্রাইমারী হেলথ সেন্টার-এর উপযোগী ডাক্তার, নার্স, যন্ত্রপাতি, বেড সংখ্যা প্রভৃতির মধ্যে কি কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে;

(গ) বিষ্ণুপুর ও জয়পুর থানায় সরকারের কোন নূতন প্রাইমারী থানা অথবা সাবসিডিয়ারী হেলথ সেন্টার সংস্থাপনের পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) পরিকল্পনা থাকিলে, তাহার জন্য কোন স্থান নির্দিষ্ট হইয়াছে কি?

The Minister of State for Health:

(ক) জয়পুর উন্নয়ন ব্লকের সদর কার্যালয় চূড়ান্ত নির্বাচন সাপেক্ষে ১৯৬১ সালের এপ্রিল মাস হইতে সাময়িকভাবে উন্নীত করা হইয়াছে।

(খ) অনুমোদিত হারে চিকিৎসক, নার্স প্রভৃতি নিয়োগের ব্যবস্থা করা হইয়াছে। শয্যা সংখ্যা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র অনুযায়ী আছে।

(গ) নূতন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে তবে নূতন উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা নাই, কারণ বর্তমান অনুমোদিত ব্লকওয়ারী হার অনুযায়ী উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হইয়াছে।

(ঘ) বিষ্ণুপুর থানার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র রাধানগরে স্থাপিত হইবে। জয়পুর উন্নয়ন ব্লকের সদর কার্যালয়ের স্থান নির্বাচিত হইলে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের স্থানও উন্নয়ন এলাকার সদরে স্থাপিত হইবে।

Sinking of tubewells

286. (Admitted question No. 560.) **Shri Radhika Dhibar:**

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ও জয়পুর থানায় ১৯৬২ সালে ও বর্তমান বৎসরের বর্তমান সময় পর্যাপ্ত পানীয় জল সরবরাহের জন্য কোন নূতন টিউবওয়েল স্থাপন করা হইয়াছে কি;

(খ) স্থাপন করা না হইলে, উক্ত দুইটি থানায় নূতন টিউবওয়েল স্থাপনের পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) টিউবওয়েল বসাইবার স্থান কি কি বিষয় বিবেচনা করিয়া কে স্থির করেন?

The Minister of State for Health:

(ক) ও (খ) ১৯৬২ সালে বিষ্ণুপুরে ২১টি টিউবওয়েল এবং জয়পুরে ২টি টিউবওয়েল ও ১৪টি কূপ খনন করা হইয়াছে উপরন্তু বিষ্ণুপুর থানাতে আরও ৭টি এবং জয়পুর থানায় আরও ৭টি জল-উৎসের খনন কার্যের ব্যবস্থা হইতেছে।

(গ) প্রতি ৪০০ ব্যক্তির জন্য একটি এবং প্রতি গ্রামপিছু অন্ততঃ একটি জল-উৎস থাকিবে এই প্রচলিত নীতি অনুসারে স্থানীয় কমিটিগুলি কর্তৃক স্থান নির্বাচিত হয়। কিন্তু ১৯৬১-৬২ সালে পল্লী অঞ্চলে জলসরবরাহের খাতে অর্থ বরাদ্দ দেরিতে হওয়ায় জরুরী ব্যবস্থা হিসাবে ডাইরেক্টর অফ হেলথ সার্ভিসকে, চীফ ইঞ্জিনীয়ার, পাবলিক হেলথ ইঞ্জিনীয়ার-এর সহিত পরামর্শ করিয়া স্থান নির্বাচনের ভার দেওয়া হইয়াছিল।

Deep tubewells in Midnapore

287. (Admitted question No. 569.) **Shri Indrajit Roy:** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state

(ক) ১৯৬২-৬৩ সালে মেদিনীপুর জেলায় কয়টি গভীর নলকূপ (ডীপ টিউবওয়েল) বসানোর পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছে,

(খ) উক্ত জেলার চন্দ্রকোণা থানায় গভীর নলকূপ বসাইবার কোন পরিকল্পনা আছে কিনা

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর হাঁ হয় মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(১) কোন্ কোন্ স্থানে উক্ত নলকূপ বসান হইবে, এবং

(২) কোন্ সময় বসানোর কার্য আরম্ভ হইবে?

The Minister of State for Agriculture:

(ক) বর্তমান বৎসরে মেদিনীপুর জেলায় ২৫টি গভীর নলকূপ বসান হইয়াছে।

(খ) উক্ত এলাকায় যথোপযুক্ত অর্থের বরাদ্দ থাকিলে গভীর নলকূপ বসাইবার বিষয় বিবেচনা করা হইবে। বর্তমানে কোন পরিকল্পনা নাই।

(গ) প্রশ্ন উঠে না।

Money spent for Scheduled Castes and Scheduled Tribes in Bankura

288. (Admitted question No. 576.) **Shri Jaleswar Hansda:**

আদিবাসী কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ১৯৬১-৬২ সালে বাঁকুড়া জেলায় আদিবাসী ও তফসিলী সম্প্রদায়ভুক্তদের জন্য কোন্ কোন্ স্কীমে কত টাকা খরচ করা হইয়াছে; এবং

(খ) ১৯৬২-৬৩তে কত টাকা খরচ করা হইতেছে?

The Minister for Tribal Welfare:

(ক) নিম্নের 'ক' বিবরণী দ্রষ্টব্য।

(খ) নিম্নের 'খ' বিবরণী দ্রষ্টব্য।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 288

বিবরণী—'ক'

১৯৬১-৬২ সালে বাঁকুড়া জেলায় আদিবাসী ও তফসিলীদের জন্য গৃহীত কার্যসূচি ও ব্যয়িত অর্থের পরিমাণ

পরিকল্পনার নাম	ব্যয়িত অর্থ
(ক) আদিবাসী মঙ্গল	
(১) বিনা বেতনে অধ্যয়ন	৭৯,৪২১
(২) পুস্তক ক্রয়ের জন্য অর্থ সাহায্য	৪,৩৭০
(৩) ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য অনুদান	৩৭,২৬০
(৪) মাধ্যমিক শেষ পরীক্ষার ফি প্রদান	৮৭০
(৫) বিশেষ বৃত্তি	১,৮০০
(৬) ছাত্রাবাস নির্মাণ	৮৯,৭৮৫
(৭) বুনিয়াদী বিদ্যালয়ের গৃহ নির্মাণ	৩,৫০০
(৮) আশ্রম ব্যবস্থা	৭,৭৬০
(৯) কোচিং ব্যবস্থা	৯৫০
(১০) পানীয় জল সরবরাহ	১,৯১,৪৪৩
(১১) মাইনর সেচ পরিকল্পনা	৭০,০০০
(১২) পতিত জমি উদ্ধার ও উন্নয়ন	৪০,০০০
(১৩) বাস্তু জমি ও কৃষির জমি ক্রয়	১৫,০০০
(১৪) কারিগরদিগকে ব্যবসারম্ভের জন্য অর্থসাহায্য	১০,০০০
(১৫) বাস্তু জমি ক্রয় ও গৃহ নির্মাণ	৬০,০০০
(১৬) সমাজ কল্যাণ কার্যের জন্য অনুদান	৫,০০০
(১৭) কল্যাণ কেন্দ্র রক্ষণ	১৭,৬০৪
(১৮) পশুপালন কেন্দ্র স্থাপন	৪৭,৮৫০
(১৯) বেসরকারী প্রতিষ্ঠানকে অর্থসাহায্য	১২,৮১৩
(খ) তফসিলী—মঙ্গল	
(১) দরিদ্র ও মেধাবী ছাত্রগণকে বৃত্তি	১৯,৫৫০
(২) ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য অনুদান	১২,৫৯০
(৩) পুস্তক ক্রয়ের জন্য অর্থসাহায্য	২,২০০
(৪) মাধ্যমিক শেষ পরীক্ষার ফি প্রদান	১,৫২০
(৫) পানীয় জল সরবরাহ	১,৭৩,৮০০
(৬) কৃষির যন্ত্রপাতি ও বলদ ক্রয়, পতিত জমি উদ্ধার এবং ক্ষুদ্র সেচ পরিকল্পনা	৪০,০০০
(৭) কারিগরদিগকে অর্থ সাহায্য	৪,৫০০
(৮) সমাজ কল্যাণ কার্যের জন্য অর্থ সাহায্য	১,৫০০
(৯) অপরিচ্ছন্ন পেশায় নিযুক্ত তফসিলীদের বাস্তুভূমি ক্রয়ের জন্য অর্থ সাহায্য	১৫,০০০
(১০) ঝাড়ুদারদের জন্য গৃহনির্মাণ	১৩,৫০০
(১১) মাথায় করিয়া মালপত্র বহনের অভ্যাস দূরীকরণ	৭,৫০০
(১২) বেসরকারী প্রতিষ্ঠানকে অর্থ সাহায্য	৩,৩২৮

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 25

বিবরণী—'খ'

১৯৬২-৬৩ সালে বাঁকুড়া জেলায় আদিবাসী ও তফসিলীদের জন্য গৃহীত কার্যসূচি ও প্রস্তাবিত ব্যয়ের পরিমাণ

পরিকল্পনার নাম	প্রস্তাবিত ব্যয়
(ক) আদিবাসী মঙ্গল	
(১) বিনা বেতনে অধ্যয়ন	১,০০,০০০
(২) পুস্তক ক্রয়ের জন্য অর্থ সাহায্য	৫,০০০
(৩) ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য অনুদান	২০,০০০
(৪) মাধ্যমিক শেষ পরীক্ষার ফি প্রদান	১,০০০
(৫) বিশেষ বৃত্তি	২,০০০
(৬) ছাত্রাবাস নির্মাণ	৬৪,২৯৮
(৭) আশ্রম ব্যবস্থা	৪৬,০০০
(৮) কোচিং ব্যবস্থা	১৫,০০০
(৯) কারিগরি শিক্ষার জন্য বৃত্তি	৫,০০০
(১০) কারিগরদিগকে ব্যবসারম্ভের জন্য অর্থ সাহায্য	৪,০০০
(১১) মাইনর সেচ পরিকল্পনা	৮০,০০০
(১২) বাস্তুজমি ও কৃষিজমি ক্রয়	৮,৫০০
(১৩) পতিত জমি উদ্ধার ও উন্নয়ন	৩৫,০০০
(১৪) কসওয়ে নির্মাণ	৫৩,৮০০
(১৫) বাস্তুজমি ক্রয় ও গৃহনির্মাণ	৫৫,০০০
(১৬) পানীয় জল সরবরাহ	৫০,০০০
(১৭) সমাজ কল্যাণ কার্যের জন্য অনুদান	৫,৪০০
(১৮) বেসরকারী প্রতিষ্ঠানকে অর্থ সাহায্য	১০,০০০
(খ) তফসিলী মঙ্গল	
(১) দরিদ্র ও মেধাবী ছাত্রদিগকে বৃত্তি	২১,৩০০
(২) অধিকতর অনুন্নত তফসিলীদের বিনা বেতনে অধ্যয়ন	৬০,০০০
(৩) পুস্তক ক্রয়ের জন্য অর্থ সাহায্য	২,৭০০
(৪) ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য অনুদান	১৭,০০০
(৫) মাধ্যমিক শেষ পরীক্ষার ফি প্রদান	৩,০০০
(৬) কারিগরি শিক্ষার জন্য বৃত্তি	৩,০০০
(৭) কারিগরদিগকে অর্থ সাহায্য	২,০০০
(৮) কৃষির যন্ত্রপাতি ও বলদ ক্রয়, পতিত জমি উদ্ধার এবং ক্ষুদ্র সেচ পরিকল্পনা	৭০,০০০
(৯) বেসরকারী প্রতিষ্ঠানকে অর্থ সাহায্য	৫,০০০
(১০) পানীয় জল সরবরাহ	৯১,০০০
(১১) সমাজ কল্যাণমূলক কার্যের জন্য অর্থ সাহায্য	২,০০০
(১২) ঝাড়ুদারদের জন্য গৃহনির্মাণ	১৩,৫০০
(১৩) মাথায় করিয়া মালপত্র বহনের অভ্যাস দূরীকরণ	১০,০০০
(১৪) অপরিচ্ছন্ন পেশায় নিযুক্ত তফসিলীদের বাস্তুজমি ক্রয়ের জন্য অর্থ সাহায্য	১১,০০০

Mr. Speaker: Honourable members, now laying of the Annual Report on the working and affairs of the Durgapur Projects Ltd. for the year 1961-62.

Laying of the Annual Report on the Working Affairs of the Durgapur Projects Ltd., for the year 1961-62

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, I beg to lay before the Assembly the Annual Report on the Working and Affairs of the Durgapur Projects Ltd., for the year 1961-62 (15th September, 1961 to 31st March, 1962).

Protection of privileges of women members in the chamber

The Hon'ble Purabi Mukhopadhyay:

স্পীকার, স্যার, আপনি যদি এই হাউসের ডিসেন্সি এবং ডেকোরাম বজায় রাখতে না পারেন তা হলে এখনকের মহিলা সদস্য উইথড্র করতে বাধ্য হবেন।

Shri Monoranjan Hazra:

নিজের সম্মান তিনি নিজে রাখতে জানেন না।

Shrimati Maya Banerjee:

অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার আমরা যখন নির্বাচিত হয়ে এই হাউসএ আসি তখন আমরা পুরুষদের ভোট এবং মেয়েদের ভোট নিয়েই আসি

Shri Kamal Kanti Guha:

এটা কোন পয়েন্ট অফ প্রিভিলেজ হল না। ভোট নিয়ে সকলেই আসেন।

Mr. Speaker:

বলুন, আপনার পয়েন্ট অফ প্রিভিলেজ কি।

Shrimati Maya Banerjee:

আমি বলতে চাই যে, সোমনাথবাবু একটা দলের নেতা তিনি যদি দয়া করে তাঁর কথাটা উইথড্র করেন। তিনি বলেছেন মুখ্যমন্ত্রী মহিলাদের দ্বারা সাপোর্টেড। আমি আপনার মাধ্যমে জানাচ্ছি তিনি যেন তাঁর ওই কথাটা উইথড্র করেন।

Shri Somnath Lahiri:

অন এ পয়েন্ট অফ পার্সোনাল এক্সপ্লানেশন, স্যার, আমার মনে হয় শ্রীযুক্তা ব্যানার্জি আমার কথাটা বুঝতে পারেন নি। আমি বলেছিলাম যে, আমাদের মুখ্যমন্ত্রীর মহিলা সাপোর্ট খুব বেশি। এতে অশোভন কথা কি বলা হয়? আমাদের মুখ্যমন্ত্রী একজন ব্যাচিলর এবং একজন ব্যাচিলরএর মহিলা সাপোর্ট বেশি একথা বললে সেই ব্যাচিলরকে কমপ্লিমেন্ট দেওয়া হয়—তাকে অসম্মান করা হয় না।

Leave of Absence

Mr. Speaker: I have received an application from Shri Kanai Pal, M.L.A., for permission of the Assembly to be absent from its meeting, and with permission of the House the leave is granted.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received two notices of Calling Attention on the following subjects, viz.,—

(1) Monetary help to the distressed political sufferers by the Government—by Shri Bhakti Bhusan Mandal.

(2) Sale of National Medical College Hospital at Calcutta—by Shri Kamal Kanti Guha and Shri Amarendra Nath Roy Prodhan.

I have selected the notice of Shri Kamal Kanti Guha and Shri Amarendra Nath Roy Prodhan on the subject of sale of National Medical College Hospital. The Hon'ble Minister-in-charge may make a statement today, if possible, or give a date for the same.

The Hon'ble Prabodh Kumar Guha:

মাননীয় স্পীকার, স্যার, যে কথাটা এখানে বলা হয়েছে যে, ন্যাশনাল মেডিক্যাল কলেজটি আপার সার্কুলার রোডএ যে বাড়িটায় আছে সেটা বিক্রি করা হচ্ছে এবং আমরা সরকার থেকে কিনে নিচ্ছি এ ঘটনা সত্য নয়। ব্যাপারটা হচ্ছে এমপ্লয়িজ স্টেট ইন্সিওরেন্স কর্পোরেশনএর পক্ষ থেকে আমাদের স্টেট গভর্নমেন্ট ওই বাড়িটা অ্যাকোয়ার করেছেন এটা বিক্রি করবার কোন কোয়েশ্চেন নেই এবং কোন কোন কাগজে যে বেরিয়েছে যে ১৮ লক্ষ টাকায় বিক্রী হচ্ছে সে সম্বন্ধে বলতে পারি কোন দাম এখনও পর্যন্ত ঠিক হয় নি। ল্যান্ড অ্যাকুইজিসন থেকে যে দাম ঠিক করে দেবে এটা অ্যাকুইজিসন-এর জন্য সেই দামে সরকার নেবেন এবং সেই টাকা এম্প্লয়িজ স্টেট ইন্সুরেন্স কর্পোরেশন দেবেন। এর দ্বারা আমাদের পাব্লিক রোগী যারা ওখানে থাকেন তাদের অসুবিধা হতে পারে সেজন্য এখানে যে ৩০০ বেড আছে তার যাতে ক্ষতি না হয় আমরা ক্যালকাটা ন্যাশন্যাল মেডিক্যাল কলেজের যারা কর্তৃপক্ষ তাদের বলেছি আপনারা অন্য মেডিক্যাল কলেজ যেটা গোবরায় আছে সেখানে আপনারা ৩৫০ বেড বেশী করে তৈরী করুন তাহলে ৩০০ বেড যদি কমিয়ে ফেলেন তাহলে ওই অঞ্চলের লোকের অসুবিধা হবে না। এই সর্তে আমরা রাজ্জী হয়েছি যে ওরা যে অঞ্চলে আছেন সেখানে ৩৫০ বেড বাড়াবেন তাহলে আমাদের সাধারণের জন্য আরও ৫০টি বেড বেশী করবেন। স্থানীয় অঞ্চলের কথা যেটা সংবাদপত্রে বলা হয়েছে এবং কলিং অ্যাটেনসন করে আমাদের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে তাতে বলব যে স্থানীয় লোকের খুব বেশী অসুবিধা হবে না কারণ ওর খুব কাছেই কোয়ার্টার মাইল-এর মধ্যেই নীলরতন সরকার মেডিক্যাল কলেজ হাসপাতাল আছে সেখানে আমরা ৩৬০টি বিছানা আরও বাড়তি তৈরী করেছি। জনসাধারণের কোয়াটার মাইল ধরে সেখানে ট্রাম বাসের রাস্তা, রিক্সাও চলে সেখানে যেতে আপত্তি হবে না। তাছাড়া ক্যাজুয়্যাল্টি হসপিট্যাল করব—এটা সত্য যে ওয়ারকারদের জন্য এটা করব এবং তাদের ফ্যামিলির জন্য করব তাহলেও পাব্লিক-এর ক্যাজুয়্যাল্টি কেস যদি ওই পাড়া থেকে আসে সেসব কেস আমরা ফেরৎ দেব না। সুতরাং ওই অঞ্চলের লোকের খুব বেশী অসুবিধা হবে না—এইটুকু স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি জানাচ্ছি।

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার, বিফোর উই বিগিন আমার একটা বক্তব্য আছে—মুখ্যমন্ত্রী Annual report of the working and plans of the Durgapur Projects Ltd. আমাদের সামনে পেশ করলেন। আমার মনে হয় এটা এই প্রথম আমাদের সামনে পেশ করা হ'ল এবং এ সম্বন্ধে আমাদের একদিন বিতর্কের সময় দিলে ভাল হয়।

The Hon'ble Prafulla Chandra Sen:

এতে খুব বেশী সময় লাগবার কথা নয়।

Dr. Kanai Lal Bhattacharya:
ার সঙ্গে আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে পাব্লিক অ্যাকাউন্টস কমিটির রিপোর্ট গত ডিসেম্বর মাসে আমাদের সামনে পেশ করা হয়েছিল তখন বলা হয়েছিল যে একদিনের সময় বিতর্কের জন্য দেওয়া হোক। তখন কথা হয়েছিল যে বাজেট সেসনে দেওয়া হবে। সেটা যেন দেওয়া হয়। আমার আর একটি কথা হচ্ছে যে আমাদের রুলস আছে তিনটা থেকে সাতটা পর্যন্ত অ্যাসেম্বলি বসবে। কিন্তু স্পীকারের স্পেশাল পাওয়ার আছে তিনি ইচ্ছা করলে সুবিধামত অন্য সময় বসাতে পারেন—তাই ১২টা থেকে ৫টা পর্যন্ত এখন চলছে। কিন্তু আমার মনে হয় আপনার ক্ষমতা যেটা একসেপশন সেই একসেপশনটা রুল হয়ে যাচ্ছে। হয় সেই রুল চেঞ্জ করুন, অথবা আমার একটা অনুরোধ আছে এই যে, ১২টা থেকে পাঁচটা পর্যন্ত না করে যদি একটা থেকে ছটা পর্যন্ত করেন আমাদের তাতে সুবিধা হয়। পাঁচটার সময় অ্যাসেম্বলি ভাঙ্গলে অনেকেরই বিশেষ করে যাদের বাসে-ট্রামে যাতায়াত করতে হয় তাদের ঐ সময় ভিড়ে ট্রাম-বাসে ওঠা খুব অসুবিধা হয়ে পড়ে।

Mr. Speaker: That is all right, I shall consider the matter.

[12-40—12-50 p.m.]

BUDGET OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR 1963-64

Demand for Grant No. 30

Major Head: 38—Labour and Employment

The Hon'ble Bijoy Singh Nahar: On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 37,77,000 be granted for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment".

ই প্রস্তাবে

Grant No. 30, Major Head 38—Labour and Employment

মোট ৩৭,৭৭,০০০ টাকা মঞ্জুরের দাবি করা হয়েছে। এ ছাড়া অন্যান্য গ্রান্টএর মাধ্যমে শ্রমিক-কল্যাণ বাবদ আরও ২,৭৪,৪২,২০০ টাকা বরাদ্দ করা হয়েছে, যেমন—

(1) Workmens' compensation Commissioner—1,51,000.
(2) Chief Inspector of Boilers—2,91,700.
(3) Employees' State Insurance Scheme—55,60,300.
(4) Employees' State Insurance (Insured Workers)—1,12,00,000.
(5) Statistics Section (L.C's Office)—1,37,400.
(6) Family Budget Investigation—59,800.
(7) Welfare Centres—Holiday Home Library Training Institute—7,25,000.
(8) Subsidised Industrial Housing (Capital outlay)—53,00,000.
(9) Subsidised Industrial Housing (Private Employer Loan, Advance)—2,60,000.
(10) Plantation Housing—1,31,000.
(11) Craftsmen, Apprentice, Vocational Training and under Industries Budget—36,26,000.

এ ছাড়া কেন্দ্রীয় সরকার ক্র্যাফট্সমেন ট্রেনিংএর জন্য আরও ৫৪,৩৯,০০০ টাকা খরচ বরাদ্দ করেছেন। মোটামুটি পশ্চিমবঙ্গে শ্রমমান উন্নয়ন ও শ্রমিককল্যাণের প্রয়োজনে ৩,৬৬,৫৮,২০০ টাকা চলতি বৎসরের জন্য বরাদ্দ করা হয়েছে। চীনের ভারত আক্রমণের ফলে দেশের আপৎকালীন অবস্থার জন্য শ্রমশক্তি সুদৃঢ় করবার ব্যবস্থা অবলম্বন করা হয়। কাজ বন্ধ না করা, উৎপাদন বাড়ানো, প্রতিরক্ষা তহবিলে স্বেচ্ছাকৃত দান ও শান্তিপূর্ণ আবহাওয়া বজায় রাখার বিষয়ে শ্রমিক এবং মালিক একযোগে ব্যবস্থা অবলম্বন করার প্রতিশ্রুতি গ্রহণ করেন। সরকারও

এই বিষয়ে ন্যায়সংগতভাবে বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা, ছাঁটাই বন্ধ করা ও শিল্পে অশান্তি নিবারণে সতর্ক দৃষ্টি রাখার ব্যবস্থা করেছেন। মালিকপক্ষও এই বিষয়ে সহযোগিতা করেছেন, কিন্তু শ্রমিকেরা যে নিষ্ঠা ও দেশপ্রেমে অনুপ্রাণিত হয়ে দেশরক্ষার কাজে এগিয়ে এসেছেন তা সত্যই প্রশংসনীয়। আমি তাঁদের আন্তরিক অভিনন্দন জানাই। এ সত্ত্বেও কয়েক জায়গায় শ্রমবিরোধ, ছাঁটাই ও কর্মবিরতির সংবাদ পাওয়া যায়। এ সম্পর্কে বিহিত ব্যবস্থা দ্রুত অবলম্বন করা হয়েছে। আমি আপনাদের আরও জানাতে চাই যে, যাতে সরাসরি শ্রমিক ছাঁটাই না হয় সে বিষয়ে সরকার প্রয়োজনীয় আইন প্রণয়নের কথা চিন্তা করছেন। কেননা এই ছাঁটাই সবচেয়ে বেশি শ্রমবিরোধের কারণ।

শ্রমবিভাগের একটি বড় দায়িত্ব হল, শ্রমবিরোধ উপস্থিত হলে যথাসম্ভব তাড়াতাড়ি তার নিষ্পত্তি করা। এই উদ্দেশ্যে আমরা একটি অতিরিক্ত ডেপুটি কমিশনার ও দুজন অ্যাসিস্ট্যান্ট কমিশনারের পদ সৃষ্টি করেছি। এতে শ্রমদপ্তর আরও শক্তিশালী হয়ে উঠবে আশা করা যায়। এই প্রসঙ্গে এ কথাও বলতে চাই, শ্রমবিরোধের নিষ্পত্তির জন্য শুধু শ্রমদপ্তরের উপর নির্ভর করলে শ্রমিক-মালিক সম্পর্ক দৃঢ়তর হবে না। তৃতীয় পক্ষের হস্তক্ষেপ ব্যতীত শ্রমিক মালিক নিজেদের সমস্যা বা বিরোধ পরস্পর আলোচনার মাধ্যমে মীমাংসা করুন এই আমাদের কাম্য। এটাও লক্ষ্য করবার বিষয় যে, শ্রমবিরোধ সবচেয়ে বেশি হয় ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানগুলিতে। আমরা ১৯৬২ সালে ১২ হাজারের অধিক ছোট ছোট ইঞ্জিনীয়ারিং শিল্পের কর্মীদের জন্য একটি অমনিবাস ট্রাইব্যুনাল বসিয়েছি। এই ট্রাইব্যুনালের মারফত ছোট ছোট শিল্পগুলিতে মজুরী নির্ধারিত হবে। ছোট ছোট শিল্প পরিচালনার ক্ষেত্রে কিছু কিছু ত্রুটি দেখা যায়। এসব শিল্পের পরিচালকদের শ্রমিক আইন ও শ্রমিক পরিচালনার ব্যাপারে উপদেশ দেবার জন্য লেবার ডাইরেক্টরেট-এ একটি পার্সোন্যাল ম্যানেজমেন্ট অ্যাডভাইসারি সার্ভিস সৃষ্টি করা হয়েছে। এতে সরকারী উপদেষ্টার সাহায্যে দৈনন্দিন ছোট ছোট সমস্যাগুলির সুষ্ঠু সমাধান হবে আশা করা যায়। এই সঙ্গে উল্লেখ করতে চাই যে, আমরা শ্রমদপ্তরে একটি রিসার্চ ইউনিট মঞ্জুর করেছি। শ্রমবিষয়ে অনেক অনুসন্ধান করবার বিষয় রয়েছে। অনুসন্ধান করলে অনেক সমস্যার উপর নূতন দৃষ্টিভঙ্গী আনা সম্ভব হবে। সেই সঙ্গে একটি শ্রম তথ্যকেন্দ্র খোলবার ব্যবস্থা হচ্ছে। শ্রম সম্বন্ধে বিবিধ তথ্য ও পরিসংখ্যান সংগ্রহ করবার ব্যবস্থা হচ্ছে। এতে যাঁরা শ্রমসমস্যা নিয়ে নাড়াচাড়া করেন তাঁদের কিছু কিছু সুবিধা হবে। শ্রমিক মঙ্গলের বিভিন্ন কর্মসূচি আছে। তাদের অবস্থা আরও উন্নত করবার জন্য নতুন কয়েকটি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ফ্যাক্টরি বিভাগে তিনটি অতিরিক্ত ডেপুটি চীফ ইন্সপেক্টরের পদ সৃষ্টি করা হয়েছে। দুর্ঘটনার সংখ্যা বাড়তির দিকে, তাই নিরাপত্তা সম্বন্ধে বিশেষ ব্যবস্থা অবলম্বন করার প্রয়োজনীয়তা আছে। আমরা কয়েক বছর ধরে সেফটি ট্রেনিংএর ব্যবস্থা করেছি। নিরাপত্তা বিষয়ে বিশেষ অনুসন্ধান চালাবার জন্য একজন ডেপুটি চীফ ইন্সপেক্টর নিযুক্ত হবেন। কারখানায় অকুপেশনাল ডিজিজ দূর করবার জন্য বিশেষ ব্যবস্থার প্রয়োজন আছে। আমাদের মেডিক্যাল ইন্সপেক্টররা এই বিষয়ে অনুসন্ধান চালিয়েছেন। রোগনির্ণয়ের সুবিধার জন্য একটি ইন্ডাস্ট্রিয়াল হাইজিন ল্যাবরেটরি প্রতিষ্ঠা করা হচ্ছে। আলোচ্য বছরের মধ্যে পুরাদস্তুর কাজ চলবে আশা করা যায়। প্রয়োজনীয় সাজসরঞ্জাম কিনবার ব্যবস্থা করা হয়েছে। শ্রমিকদের সুবিধার জন্য কনজিউমার্স কো-অপারেটিভ গড়ে তোলবার উদ্দেশ্যে এমপ্লয়ি ও ম্যানেজমেন্ট কিভাবে অর্থ বিনিয়োগ করতে পাবেন সে সম্বন্ধে

scheme for financial assistance to start consumers' co-operative for industrial workers

নামে এক পরিকল্পনা নিয়েছেন। বয়লার্স ডাইরেক্টরেট-এর জন্য একটি টেষ্টিং ল্যাবরেটরি প্রতিষ্ঠা করা হচ্ছে। কিছু সাজসরঞ্জাম কেনা হয়েছে। বাকিটা বিদেশ থেকে আমদানি করতে হবে। ওয়ার্কমেন্স কম্পেনসেশন কোর্টের জন্য আরও একজন কমিশনার নিযুক্ত হয়েছেন। প্রভিডেন্ট ফান্ড অ্যাক্ট ক্রমশ বিভিন্ন শিল্পে প্রয়োগ করা হচ্ছে। একথা উল্লেখযোগ্য যে, পশ্চিমবঙ্গে বর্তমানে সবচেয়ে বেশি সাবস্ক্রাইবার আছে। ৪,৪২৭টি কারখানা বা বাণিজ্য প্রতিষ্ঠানে প্রায় ৯ লক্ষ কর্মচারী এই স্কীমের অন্তর্ভুক্ত হয়েছেন। ১৯৬২ সালের ৩১এ মার্চ পর্যন্ত পশ্চিম বাংলার কারখানা ও বাণিজ্য সংস্থা ছিল ২,৭৯৯, মোট সভ্যসংখ্যা ছিল ৭,৯৪,০৫১। অন্য রাজ্যের সঙ্গে যদি তুলনা করা যায়, ঐ সময় মহারাষ্ট্রে সভ্যসংখ্যা ছিল

৬,৪২,০১০, মাদ্রাজে ছিল ৩,০৪,২৮৫, উত্তরপ্রদেশে ছিল ২,০০,৯৩০ এবং বিহারে ছিল ১,৯০,৯৪৬। দেখা যাবে যে, পশ্চিম বাংলায় ৯ মাসের মধ্যে ১,৬০০ প্রতিষ্ঠান প্রভিডেন্ট ফান্ড স্কীমএর আওতায় এসেছে। সভ্যসংখ্যা এক লক্ষের উপর বেড়েছে। ১৯৬২ সালে অক্টোবর মাস থেকে এমপ্লয়ীজ স্টেট ইন্সিওরেন্স স্কীমএর অন্তর্ভুক্ত মেডিক্যাল বেনিফিটস স্কীম শ্রম-বিভাগ কর্তৃক পরিচালিত হচ্ছে। আমরা ১লা ফেব্রুয়ারি থেকে কলকাতা ও হাওড়া অঞ্চলে ইন্সিওর্‌ড ওয়ার্কার্সদের পরিবারবর্গকে এই স্কীমের অন্তর্ভুক্ত করেছি। প্রায় সাড়ে তিন কোটি টাকা ব্যয়ে বিভিন্ন শিল্পাঞ্চলে হাসপাতাল নির্মাণের কার্য শুরু করা হয়েছে। হাসপাতাল প্রতিষ্ঠার জন্য বিভিন্ন অঞ্চলে জমি সংগ্রহের চেষ্টা চলছে। আশা করা যায় এই বছরের মধ্যে দুইটি হাসপাতাল চালু করা সম্ভব হবে। বনহুগলিতে ইনস্টিটিউট অব এক্সপেরিমেন্টাল মেডিসিন যে নতুন হাসপাতাল প্রতিষ্ঠা করেছেন সেখানে অনেকগুলি শয্যা স্পেশলাইজড ট্রিটমেন্ট-এর জন্য রিজার্ভ করা হচ্ছে। ইন্ডিয়ান জুট মিলস অ্যাসোসিয়েশন কল্যাণীতে একটি ৪০০ শয্যাযুক্ত হাসপাতাল তৈরী করেছেন। পাটশিল্প শ্রমিকদের কল্যাণে এই হাসপাতাল ব্যবহৃত হবে। শ্রমিক স্বার্থ সংরক্ষণ ও শ্রমিক কল্যাণের জন্য সরকার বহু ব্যবস্থা ও আইন করেছেন। এই সমস্ত ব্যবস্থা ও আইনকানুন সম্বন্ধে শ্রমিকদের সচেতন করার জন্য ওয়ার্কার্স এডুকেশনাল স্কীম চালু করা হয়েছে। যাতে শ্রমিকেরা নিয়মতান্ত্রিক উপায়ে বাইরের প্ররোচনমুক্ত হয়ে নিজ নিজ স্বার্থ সংরক্ষণের কর্মপন্থা উদ্ভাবনের জ্ঞান অর্জন করে শ্রমিক সংস্থাকে শক্তিশালী করে তুলতে পারেন উক্ত স্কীমে শ্রমিকদের তাই শিক্ষা দেওয়া হবে। কলিকাতায় ঐরূপ একটি ওয়ার্কার্স এডুকেশনাল সেন্টার আছে। আসানসোলে এই মাসেই একটি শিক্ষাকেন্দ্র খোলা হচ্ছে। ব্যারাকপুর ও শ্রীরামপুরে শিল্পাঞ্চলে জায়গার ব্যবস্থা হলেই আরও দুটি ওয়ার্কার্স এডুকেশনাল সেন্টার করা হবে। সরকারের তরফ থেকে মোট দশটি আদর্শ শ্রমিকমঙ্গল কেন্দ্র স্থাপিত হচ্ছে। পাঁচটির গৃহনির্মাণ শেষ হওয়ার পর কাজ শুরু হয়েছে। বাকিগুলির নির্মাণকার্য প্রায় শেষ হয়ে আসছে। দীঘাতে একটি হলিডে হোম-এর জন্য জমি সংগ্রহ হয়েছে। দার্জিলিং শহরে একটি বাড়ী হলিডে হোম-এর জন্য রিকুইজিশন করার প্রস্তাব দেওয়া হয়েছে।

মাননীয় স্পীকার মহাশয়, আমি এখন পশ্চিমবঙ্গের সবচেয়ে জরুরি ও জটিল সমস্যা বেকার সমস্যার কথা আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে উপস্থিত করছি। এই সমস্যা সম্বন্ধে পূর্বে এই হাউসে বহু আলোচনা হয়েছে। স্বাধীনতার পর দেশের সমৃদ্ধির জন্য পরিকল্পনার মাধ্যমে নতুন নতুন শিল্প গড়ে উঠছে। কৃষিক্ষেত্রেও বিবিধ উপায়ে উৎপাদন বাড়ান হয়েছে। দেশে গ্রামে বিদ্যুৎশক্তি বন্টনের প্রচেষ্টা চলছে। সমবায়ের মাধ্যমে মাঝারি ও ছোট ছোট শিল্পের সৃষ্টির প্রচেষ্টা চলছে।

[12-50—1 p.m.]

এই জন্য তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ২৯৬ কোটির এক মোটা টাকার বরাদ্দ হয়েছে। এতে করে পঞ্চবার্ষিক যোজনায় বহু কর্মসংস্থানের ব্যবস্থা আছে। এ ছাড়া নূতন নূতন পন্থায় বেকারত্ব ঘুচাবার চেষ্টা চলছে। সঠিক বেকার সংখ্যা নির্ণয় অত্যন্ত দুরূহ ব্যাপার। তবে আমরা চেষ্টা করছি আমাদের পশ্চিমবঙ্গে বেকারের সংখ্যা কত সেটা জানবার। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এর হিসাবে দেখা যায় রেজিস্টার্ড আন এমপ্লয়েড-এর সংখ্যা ৫,২৩,০৫৪ জন। এর মধ্যে স্বাভাবিকভাবে কিছুসংখ্যক আংশিক বেকারকেও ধরা হয়েছে। কিছু লোক আবার কাজ করছেন। কিন্তু একটা ভাল কাজ পাবে এই আশায় নাম রেজিস্ট্রী করে রেখেছেন, কিম্বা একজন কাজ করছেন তার নামও এর মধ্যে রয়েছে। এ ছাড়া আমরা দেখছি আদমসুমারীতে বাংলাদেশে ৩,৪৯,২৬,২৯৯ জন লোকের মধ্যে ১,১৫,৮০,১৯৫ জন কার্যে নিযুক্ত আছেন, তাঁরা রোজগার করছেন এবং পূর্ণ বেকারের সংখ্যা হচ্ছে ৩,৭৬,৭৮৬ জন—যেটা সেন্সাস ফিগার থেকে পাওয়া গেছে কমপ্লিটলি আনএমপ্লয়েড। এ ছাড়া বর্তমানে আমরা দেখছি স্বর্ণশিল্পীদের একটা সমস্যা আমাদের দেশে এসে পড়েছে। এর অনেক কারণ থাকতে পারে। অনেকে বলছেন যে যারা দোকানদার, মালিক তারা এই আইন এড়াবার জন্য জেনে লোক ছাটাই করে একটা নূতন পরিস্থিতি সৃষ্টি করছেন। আবার অনেকে মনে করেন তাঁরা যদি ১৪ ক্যারেটের সোনার কাজ আরম্ভ করতেন তাহলে অনেক লোক ছাটাই হতেন না—তাঁরা এই কাজ আরম্ভ করতে পারতেন, কোন অসুবিধা হোত না। কিন্তু যে কোন পরিস্থিতিতে হোক এদের একটা বিরাট বেকারী

বোঝা আমাদের দেশে এসে পড়েছে। এর জন্য একটা কমিটি করেছি এবং আপনাদের জানাচ্ছি যে এই মাসের মধ্যে আমরা তাঁদের রিপোর্ট পাব। তাঁদের রিপোর্ট পাবার পর কিভাবে আমরা নূতন কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারি তা তখন দেখব। আমরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ নির্দেশ দিয়েছি যে স্বর্ণশিল্পী যারা বেকার রয়েছে তারা নাম লেখালেই তাদের যাতে তাড়াতাড়ি কর্মসংস্থান করতে পারা যায় সে চেষ্টা হচ্ছে। এ ছাড়া আমরা আরও চেষ্টা করছি কিছু কাজ শিখিয়ে যাতে অনেকে নিজের কর্মসংস্থান করে নিতে পারে। এ বিষয়ে তার ফিগার আমি উপস্থিত করছি—ক্র্যাফ্‌টসম্যান ট্রেনিং আমাদের থার্ড প্ল্যান-এ আছে, আমরা ৮,৪৭২ জনকে শিক্ষা দেব, এর মধ্যে ৫ হাজার ৫৬ জন শিক্ষা গ্রহণ করছেন; ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশীপ কোর্স-এ ১০ হাজার আমাদের প্ল্যান-এ রয়েছে, তার মধ্যে ২ হাজার ৫১৬ জন শিক্ষণ গ্রহণ করেছে; ইভিনিং ক্লাস ফর ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কার্স-এর জন্য ৮০০ জন শিক্ষণ গ্রহণ করছে। আমাদের এক হাজার জনকে শিক্ষা দেবার পরিকল্পনা রয়েছে; সর্ট টার্ম এক্সিলারেটেড ট্রেনিং ৬ মাসের একটা কোর্স করা হয়েছে তাতে ৭ হাজার জনের ট্রেনিং ব্যবস্থা করা হয়েছে—এর মধ্যে ১,৭০৮ জন শিক্ষা গ্রহণ করছে। অতএব মোট ১০ হাজার ৮০ জন শিক্ষা গ্রহণ করেছেন কিম্বা করছেন। আমাদের থার্ড প্ল্যান-এর মধ্যে ২৬ হাজার ৪৭২ জনকে শেখাবার পরিকল্পনা রয়েছে এবং আমরা আশা করি সেটা আমরা করতে পারব—হয়ত এর চেয়ে বেশী লোককে শিক্ষা দেবার প্রচেষ্টা করা যাবে যাতে এই শিক্ষা পেয়ে তারা নিজেরা যে ব্যবস্থাগুলো করা হয়েছে তাতে রোজগারের ব্যবস্থা করতে পারে। এর সঙ্গে আর একটা তথ্য আমি দিতে চাই যে লড়ায়ের জন্য আর্মিতে অনেক লোক নেওয়া হয়েছে। এ বিষয়ে আমরা তথ্য সংগ্রহ করার চেষ্টা করেছি এবং যা পেয়েছি সেটা আপনাদের কাছে রাখছি। এই ৩। ৪ মাসের মধ্যে নূতনভাবে বাংলাদেশে আর্মিতে নিয়েছে ১,৯৮৬ জন, নেভীতে ১৬ জন, এয়ার ফোর্স-এ ১৬৬ জন—মোট ২ হাজার ১৬৬ জন। এর সঙ্গে ট্রেনিজ আন্ডার অ্যাকসিলারেটেড্ ট্রেনিং কোর্স-এ তারা নিয়েছে ১ হাজার ৩৪ জন—মোট ৩ হাজার ২০০ জনকে তারা আর্মির মধ্যে গ্রহণ করেছে এবং আরও অনেক নেবার পরিকল্পনা আছে। আমরা চেষ্টা করছি উপযুক্ত যারা রয়েছে তাদের যাতে কর্মসংস্থান হয়।

এছাড়াও আরও ডিফেন্স সার্ভিসেস-এ বাংলাদেশে অক্টোবর মাস থেকে ডিসেম্বর মাস পর্যন্ত আরও কর্মসংস্থান কিছু হয়েছে। মোট ২,৬৪৮ জনকে নেওয়া হয়েছে ক্লারিক্যাল এবং টেকনিক্যালে। এবং এমপ্লয়মেন্টের মাধ্যমে এই রকম কতকগুলি পরিকল্পনা গ্রহণ করে বেকার সমস্যা যাতে সমাধান করা যায় সেটা চেষ্টা করা হচ্ছে। এবং আমি এই অনুরোধ জানাবো এখানে মাননীয় সদস্য যারা রয়েছেন তারা যদি নূতন কোন পন্থা দিতে পারেন বা জানাতে পারেন সেগুলি দেখে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে পারবো বা চেষ্টা করবো। এবং সকলের মিলিত শক্তি নিয়ে আমরা এই বেকার সমস্যা থেকে যাতে উদ্ধার হতে পারা যায় সকলে যাতে রোজগার করতে পারে খেতে পারে—ভালভাবে থাকতে পারে সেদিকে সকলের সহযোগিতা কামনা করি। এবং নূতন নূতন পন্থা বিবেচনা করবার জন্য সরকার সক্রিয়ভাবে চেষ্টা করবেন। এই কথা বলে আমি আমার ডিম্যান্ড ফর গ্রান্ট উপস্থিত করছি।

Mr. Speaker: Honourable members, cut motion Nos. 2(4), 2(5), 2(6) and 2(8) and 32(2) are out of order. The rest are in order and these are taken as moved.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced to Re. 1.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced to Re. 1.

Shri Jamini Bhusan Saha: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced to Re. 1.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced to Re. 1.

Shri Deo Prakash Rai: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced to Re. 1.

Shri Tarun Kumar Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Shri Gour Chandra Kundu: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Shri Girija Bhusan Mukherjee: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Shri A. H. Besterwitch: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Shri Abhay Pada Saha: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Shri Abdul Bari Moktar: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Shri Padak Mahata: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—*Labour and Employment*" be reduced by Rs. 100.

Shri Jagat Basu: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Shri Haridas Chakravarty: Sir, I beg to move that the demand of Rs. 37,77,000 for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" be reduced by Rs. 100.

Mr. Speaker: Now, I call upon Shri Jamini Bhusan Saha.

Shri Jamini Bhusan Saha:

মাননীয় স্পীকার মহাশয়, স্যার, একটা কথা আছে যে যার এক কান কাটা সে গলি দিয়ে যায়। আর যার দু' কান কাটা থাকলে সে রাস্তার মাঝখান দিয়ে যায়। এখানে এখন আমাদের বাংলাদেশে লেবার বাজেট গ্র্যান্ট পেশ করার সময় তিনি যেভাবে চিত্র উপস্থিত করলেন মনে হবে ঠিক ভালভাবেই চলছে। কিন্তু সরকারী সংখ্যা বা তথ্য যা দিয়েছেন তার সংগে আসল চিত্রের কোন সম্পর্ক নেই। আজকে বাংলা দেশের ভয়াবহ চিত্র এই যে কর্মহীন উদ্যমহীন প্রাণহীন এই সমস্ত বেকার আজকে হতাশায় ব্যর্থতায় বাংলাদেশের জনজীবনের একটা বিরাট অংশে পরিণত হয়েছে এবং এদের সামনে দারুণ বিপর্যয় দেখা দিয়েছে। পশ্চিমবাংলা ভারতবর্ষের অন্যান্য দেশকে এ বিষয়ে ছাড়িয়ে গেছে। প্ল্যানিং কমিটি তাঁদের রিপোর্টে বলেছেন যে বাংলা দেশের ২০ লক্ষ লোক দ্বিতীয় পরিকল্পনা শেষে বেকার হবে। এবং দ্বিতীয় পরিকল্পনার পর যেখানে ২ লক্ষ ৩৫ হাজার নূতন কর্মসংস্থানের পরিকল্পনার মধ্যে শতকরা ৭০ ভাগ পূরণ হয়েছে। শুধু তাই নয় থার্ড ফাইভ ইয়ার প্ল্যানের পর বাংলাদেশে আরও বেকারের সংখ্যা বেড়ে প্রায় ১৫ পক্ষের মত দাঁড়াবে। তাদের কাছ থেকে গতবার শুনেছি যে এর জন্য জনসংখ্যা বৃদ্ধি দায়ী। অথচ আমরা দেখছি যেখানে কলকারখানা বাড়ছে সেখানে কিছুই হচ্ছে না। পশ্চিমবাংলায় ভারতের অন্যতম শিল্পনগরী কলকাতা, সেখানে বেকারের সংখ্যা দিনের পর দিন বাড়ছে এবং কাজের ক্ষেত্র সংকুচিত হচ্ছে। আজকে আমরা দেখছি যারা বেকার আছে তারা শুধু নয়—কাজ হারাচ্ছে, ছাটাই হচ্ছে সরকারী সওদাগরী কলকারখানা সর্বত্রই ছাটাই হচ্ছে। তা আজ পর্যন্ত আমরা রোধ করতে পারছি না। একটা উদাহরণ দিলেই এটা বোঝা যাবে। চটকলে ১ লক্ষ ১২ হাজার লোক ছাটাই হয়েছে। ঠেকাতে পারেন নি। নূতন করে বেকার সৃষ্টি হয়েছে। যেখানে কয়লাখনির এওয়ার্ড বেরুলো সেখানে তখন প্রায় ২০ হাজার নারী শ্রমিক ছাটাই হয়েছে। তার কারণ প্রসূতি ভাতা দিতে হবে বলে কয়লাখনি মালিকরা এই ব্যবস্থা করেছে। তাদের তো নিরস্ত করতে পারেন নি। বাংলাদেশের কয়লাখনিতে ১৫ বৎসর মধ্যে যেখানে সংগঠিত শিল্পে ৬ লক্ষ ৮৭ হাজার ছিল সেখানে ১৯৬০-৬১ সালে ৭ লক্ষ ৪ হাজার মাত্র হয়েছে। অর্থাৎ এই ১৫ বৎসরের মধ্যে নূতন কর্মসংস্থান এই সংগঠিত শিল্পে হয়েছে ১৭ হাজার।

[1-—1-10 p.m.]

এখন এর ফলে আমরা দেখছি কি? না, অন্য দিকে ও সরকারী ক্ষেত্রেও ডি ভি সি বলুন, পুনর্বাসন দপ্তর বলুন এবং আমাদের ভূমি রাজস্ব দপ্তর বলুন, সেখান থেকেও সরকারী কর্মচারী এই পিরিয়ডে ছাটাই হয়েছে, গ্রামাঞ্চলে ও কাজের ক্ষেত্র সংকুচিত হয়েছে। ছোট ছোট শিল্পে সংকটের ফলে ছাটাই দারুণ বৃদ্ধি পেয়েছে। তাদের কাজ নাই, দারুণ হাহাকার চলছে। পশ্চিমবঙ্গে এই বেকার অবস্থা। সরকারী শ্রমনীতি কি? শ্রমনীতি কোন্ দিকে, কোন্ খাতে বইছে? তার থেকে আমি দুটো জিনিস পরিষ্কারভাবে বুঝতে পারি—শ্রম সম্মেলনের সিদ্ধান্তগুলি যা হচ্ছে, তাও সম্পূর্ণ ধাপ্পাবাজী ছাড়া আর কিছু হচ্ছে না। যেমন সমাজতান্ত্রিক ধাঁচে

সমাজ গঠনের প্রচেষ্টা যেমন একটা ধাপ্পা—তেমনি এটাও একটা ধাপ্পা। তাই আমরা জানি ৪।৫ বছর আগে নিড-বেসড মিনিমাম যেটা স্থিরীকৃত হয় সম্মেলনে ১২৫ টাকা, যা আজকে পশ্চিমবঙ্গের একজন শ্রমিকের মজুরী হওয়া দরকার। ঠিক আজকেও সেই অবস্থা—৫।৬ বছর পরেও। এই নিড-বেসড মিনিমাম যদি ধরা যায়, তাহলে আজকে একজন শ্রমিকের প্রয়োজন হলো ১৭৫ টাকা। একথা মন্ত্রিমহাশয় অস্বীকার করতে পারেন না। কিন্তু আমরা দেখতে পাই সমস্ত সংগঠিত শিল্পে বাংলাদেশে কি হয়েছে? চটে ৭০ টাকা, সুতাকলে ৭৪৷৷৹ টাকা, কয়লাখনিতে এওয়ার্ড-এর পরেও ৮০ টাকা, ইঞ্জিনীয়ারিং শিল্পে ৮০ টাকা, অর্থাৎ শ্রমমন্ত্রী গত বছর যে প্রতিশ্রুতি দিয়েছিলেন এই ফ্লোরে তাও ধাপ্পা একটা। তিনি বলেছেন—আমি মনে করি এদের ১০০ টাকা মিনিমাম বেতন হওয়া উচিত। ১২৫ টাকা, ১৭৫ টাকা দূরের কথা—তাঁর মুখ ফস্কে বেরিয়ে গিয়েছিল। তারপর বৃহৎ পুঁজিপতির চাপে পড়ে কেঁচো হয়ে যাচ্ছেন। সে কথা আর তাঁর মুখে নাই—সেই এক শো' টাক'র কথা হাওয়ায় মিলিয়ে গেছে। কোন শিল্পে এক শো' টাকা মজুরী হয়েছে, তিনি দেখাতে পারেন? এক বছর পরে তার জন্য কি ব্যবস্থা তিনি অবলম্বন করেছেন? এই হাউসের সামনে তিনি সে প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু তিনি সে সম্পর্কে কিছু করতে পারেন নি।

তা ছাড়া শ্রমিকদের আয়ও হ্রাস পেয়েছে। ভারত সরকার ২৯টি কারখানার ওয়েজ সম্পর্কে যে সেনসাস রিপোর্ট প্রকাশ করেছেন, তাতে বলছেন যে গত ১০ বছরের মধ্যে মালিকের যেখানে নীট আয় বেড়েছে ৪৭·২৯, সেখানে শ্রমিকের অংশ ছিল ৩৮·৪৭ ভাগ। অপর দিকে লোহা ও ইস্পাত শিল্পে মালিকের মূলধনের অংশ ছিল যেখানে ৫ কোটি ৮৮ লক্ষ ৪৭ হাজার টাকা, সেখানে আজকে সেটা বেড়ে হয়েছে ২০ কোটি ৯০ লক্ষ ৮৫ হাজার টাকা। এবং সংগঠিত শিল্পে লোহা ও ইস্পাত শিল্পে শ্রমিকের আয়ের অংশ হ্রাস হয়েছে ৪৭·২৯ থেকে ২৬·৬৬। অথচ উৎপাদন বেড়েছে ৮০ থেকে ৯০ ভাগ। শ্রমিকরা বোনাসের কথা বললে, পূজার সময় বাংলাদেশের শ্রমিকরা চঞ্চল হয়ে ওঠে। তারা বোনাস চায়, কারণ মাইনে কম। দিনের পর দিন জিনিসপত্রের দাম বাড়ছে, কিন্তু তাদের মাইনে বাড়ছে না। তবুও তারা পূজার সময় চায় ছেলে-মেয়েদের মুখে হাসি ফুটিয়ে তুলতে, তার পরিবারকে একখানা শাড়ি দিতে চায়। কাজেই বোনাসের জন্য চঞ্চল হয়ে ওঠে। অথচ এই বোনাস সম্পর্কে আজও কোন সিদ্ধান্ত হয় নাই। কবে হবে সুতাকলের ট্রাইবুনালের এওয়ার্ড দেওয়া হলো যে সমস্ত শেয়ারহোল্ডারদের ডিভিডেন্ড দেওয়া হবে। তার পর সেই ডিভিডেন্ড লিঙ্ক করে দেওয়া হয়েছে বোনাসের সাথে। মালিক ডিভেডেন্ড দিচ্ছে না। ফলে শ্রমিকরা বঞ্চিত হচ্ছে।

ইঞ্জিনীয়ারিং কারখানার শ্রমিককে লড়াই করে বোনাস নিতে হয়. হিন্দ মোটর কারখানার আড়াই কোটি টাকা মুনাফা করা সত্ত্বেও ঐ যে আমাদের ফরমূলা ফেয়ার ওয়েজ বণ্টনের মধ্যে তা পড়ে না, তার মধ্যে শ্রমিকের বোনাসের অংশ থাকে না। সেই হিন্দ মোটর কারখানায় দেখলাম যে তারা কংগ্রেসের নির্বাচনী তহবিলে টাকা দিতে কসুর করেন নি। শ্রমিকদের দু'-মাস ধরে লড়াই চলবার পর, দেখা গেল পুলিস দিয়ে, লাঠি দিয়ে, গুণ্ডা দিয়ে তাদের সংগঠন ভেঙ্গে দেওয়া হল বিড়লার স্বার্থে। এইত তাঁদের ব্যবস্থা করা হচ্ছে বোনাস সম্পর্কে। বাংলাদেশের চটকলের মজুররা কোন বোনাস পায় না। চটকলে বোনাস দেওয়া সম্পর্কে কোন ব্যবস্থা নেই, অথচ সেখানে কোটি কোটি টাকা মুনাফা হচ্ছে চটকলের মালিকদের। দ্বিতীয়তঃ, আমাদের শ্রম সম্মেলনের সিদ্ধান্ত সম্পর্কে একটা বড় প্রশ্ন হচ্ছে শ্রমিকদের মধ্যে শৃঙ্খলা বা আচরণ বিধি। যদিও সেই আচরণ বিধির মূল সত্যটা ছিল যে ইউনিয়নগুলিকে স্বীকৃতি দেওয়া। কিন্তু দেখছি ইউনিয়নগুলি সেই স্বীকৃতি পাচ্ছে না। অথচ আপনারা শিল্পে শান্তির কথা বলেন। সেখানে সরকার মালিক পক্ষ এবং ইউনিয়নের প্রতিনিধি পক্ষ, সবাই মিলিতভাবে ঠিক করেছিলেন এই আচরণ বিধি ও ইউনিয়নগুলিকে স্বীকৃতি দেওয়া হবে। আজকে কি দেখতে পাবেন কোন কারখানার ইউনিয়নকে স্বীকৃতি দেওয়া হয়েছে? এই স্বীকৃতি দিতে মালিকদের পক্ষ থেকে বার বার বাধা দেওয়া হচ্ছে এবং নানা অজুহাত তুলে মালিকরা বার বার এই সিদ্ধান্ত ভঙ্গ করছেন। কিন্তু তাঁদের বিরুদ্ধে সরকার কোন ব্যবস্থা অবলম্বন করছেন না, এবং শ্রমিকদের বোনাস দেওয়ারও কোন ব্যবস্থা তাঁরা করতে পারেন না। শ্রমিকরা যদি একটা

স্ট্রাইক নোটিস দেয়, অমনি বলা হয় তারা আইন শৃংখলা, আচরণবিধি ভঙ্গ করছে। কিন্তু ইউনিয়নগুলিকে মেনে নেবার ব্যাপারে কোন ব্যবস্থা করা হচ্ছে না বা সেই সম্পর্কে চিন্তা করা হচ্ছে না। শৃংখলা ও আচরণ বিধি বজায় রাখবার জন্য একটা সর্ত ছিল, এবং সেটা কিভাবে? না, শৃংখলা ও আচরণ বিধিতে বলা হয়েছে যে, যে সকল ইউনিয়ন ব্যালট ভোট বেশী পাবে, তাদের স্বীকৃতি দেওয়া হবে। লেখা থাকলেও মালিক পক্ষ তা মানছেন না। পরবর্তী কালে দেখা গেল কি? এখান থেকে যাঁরা এনকোয়ারী করতে গেলেন, তাঁরা হিন্দ কারখানায় গিয়ে একটি মজুরকে জিজ্ঞাসা করলেন, তুমি কোন ইউনিয়নের মেম্বর ভাই? সে ভয়ে ভয়ে কিছু বলে না, বোঝে না। সেই অমনি রিপোর্ট দিয়ে দিল যে এই ইউনিয়নে এতগুলি লোক আছে, ঐ ইউনিয়নে অত জন আছে। কেন নির্বাচন করতে ভয়? আপনারা নির্বাচন করুন। কোন্ ইউনিয়নে কতজন সদস্য আছে, সেটা দেখে, সেই ভাবে স্বীকৃতি দেবার ব্যবস্থা করুন তা আপনারা করবেন না।

তৃতীয়তঃ, ট্রাইবুনাল একটা ভারী জিনিস। বিরাট প্রশ্নের ব্যাপার। ট্রাইবুনাল করে করে আমাদের এখানে শ্রমিক শ্রেণীকে পথে বসাবার মত একটা ব্যবস্থা করেছেন। এক বছর ধরে কনসিলিয়েশন চললো, তারপর আবার দু' বছর ধরে সেটা ট্রাইবুনালে চললো এবং দু' বছর বাদে শ্রমিক ট্রাইবুনালে জিতলো, তখন কোম্পানী সুপ্রিম কোর্টে গেল। সেখানে একটি শ্রমিককে কেস করতে তার দু'-তিন হাজার টাকা ব্যয় হয়ে যাচ্ছে, সেই টাকা তাকে দিতে হবে। তারপর সে সেখানেও জিৎলো, কিন্তু মালিক বললো আমি ট্রাইবুনালের রায় মানবো না, সুপ্রিম কোর্টের রায় মানবো না, তুমি যা খুসী তাই করো। এই মানা না মানার দৃষ্টান্ত ভূরি ভূরি লেবার দপ্তরে দেওয়া আছে। মালিক কোর্টের রায় মানে না, এ রকম বহু দৃষ্টান্ত আছে। আমি সুতা কলের উদাহরণ দিতে পারি। ১৯৬০ সালে রায় দেওয়া হয়েছে, এখনও পর্যন্ত তা মানা হয় নি। মহালক্ষ্মী কটন মিলের কেরানী, দরওয়ানদের বেতন সম্পর্কে ওয়েজ বোর্ডের রায় জানান হয়েছে; কিন্তু সেখানকার মালিকরা এই ট্রাইবুনালের রায়কে স্বীকার করেন নি। এই রকমের বহু উদাহরণ আছে। আমি উদাহরণ দিয়ে আর ভারী করতে চাই না, বা সময় নষ্ট করতে চাই না। কিন্তু এই ধরনের অবস্থা সৃষ্টি হচ্ছে, কোম্পানী বলছে ট্রাইবুনালের রায় মানবো না। এবং তারা বলছেন তাদের বিরুদ্ধে সার্টিফিকেট জারী করবো, অমুক করবো, হেনা করবো, তেনা করবো, এই ভাবে তাঁরা সময় কাটাচ্ছেন। এখন অবস্থা হয়েছে কি? আমাদের নাহারবাবু শ্রমমন্ত্রী হবার পর, তিনি নির্দেশ দিয়েছেন ট্রাইবুনাল সম্পর্কে, শিল্পে শান্তি আছে, এটা দেখাবার জন্য, মালিক পক্ষকে যে ট্রাইবুনালে আর এমন কেস দিও না, দীর্ঘসূত্রতা চালাও, ট্রাইবুনাল পাবে না। এমন অবস্থা হয়েছে লেবার ডিপার্টমেন্ট মেরিট বিচার করে সেখানে ট্রাইবুনালে কোন কেস দেবেন, কি, না দেবেন ঠিক করেন। এর ফলে দেখা যায় বহু কেস ফিরে আসছে। লেবার অফিসার এবং তাঁর দপ্তর কেস দিচ্ছেন, কিন্তু উপর থেকে কেস ফিরে আসছে এবং বলা হচ্ছে ট্রাইবুনাল পাবে না, কারণ কেসের মেরিট নেইকো। এই অবস্থা দাঁড়িয়েছে। শিল্পে শান্তি আছে, এইটা দেখাবার জন্য, তাঁরা এই রকম করছেন। সুতরাং এর বিরুদ্ধে শ্রমিকরা যখন বিক্ষোভ প্রদর্শন করেন, তারা স্ট্রাইক করেন, ধর্মঘট করেন, তখন তাদের উপর চার্জসিট দেওয়া হয়, তাদের ছাঁটাই করা হয়। একটা কোথাও স্ট্রাইক হলে মালিকরা আইন শৃংখলা রক্ষার নাম করে ৭।৮ জনের উপর চার্জ সিট দিয়ে তাদের ইউনিয়ন থেকে বার করে দেয় এবং বলেন যে তারা বের না হলে কারখানার গোলমাল, বা বিরোধ মিটবে না। মালিকরা বলছে হ্যাঁ, কিছু লোককে বাইরে রাখো, তারপর তোমাদের কেস ট্রাইবুনালে দাও। এই তো তাঁরা করছেন। এই সমস্ত ছাড়া আর কিছু করেন না। এখানে বর্তমান শ্রমমন্ত্রী মহাশয় বলে গেলেন যে, এই পিরিয়ড-এ শিল্পে খুব শান্তি আছে। কিন্তু শান্তি চুক্তি হবার পর, বাংলাদেশের সর্বত্র মেমোরেন্ডাম যা বিবরণ দেওয়া হয়েছে এবং তাতে দেখান হয়েছে যে, সাড়ে তিন হাজার শ্রমিককে ছাঁটাই করা হয়েছে। লে-অফ হচ্ছে, কাজের চাপ বৃদ্ধি পাচ্ছে, কারখানায় গ্রেপ্তারের ভয় দেখিয়ে, এমন কি মালিকরা তাদের প্রস্রাব বাহ্য পর্যন্ত করতে যেতে দেয় না, মালিকরা এর জন্য পাশ চালু করেছে। ডানলপ কারখানা থেকে আমাদের কাছে এই রকম চিঠি লিখেছে। তারপরও বলছেন শিল্পে চমৎকার শান্তি আছে। সুতরাং আজকে শ্রমমন্ত্রী যে সেকেন্ড লাইন অফ ডিফেন্স তাকে বানচাল করতে চলেছেন এবং তাদের ইমার্জেন্সীর

নাম করে তাদের গলা টিপে টাকা আদায় করছেন তার বহু প্রমাণ আছে।

[1-10—1-20 p.m.]

Dr. Maitreyee Bose:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আজকে যে ব্যয় বরাদ্দের দাবী পেশ হয়েছে, শ্রীবিজয় সিং নাহার পেশ করেছেন, সেটা সমর্থন করতে আমি উঠে দাঁড়িয়েছি। এটা সমর্থন করার সংগে সংগে আমি আপনার মাধ্যমে সদস্যদের কাছে আজকে বাংলাদেশের শ্রমিকরা কি অবস্থায় আছে সেটা একটু দৃষ্টি গোচর করতে চাচ্ছি। এ সম্বন্ধে মন্ত্রিমহাশয় এবং বিভিন্ন সদস্যরা সকলেই নিশ্চয় ওয়াকিবহাল হতে চান এবং আমার যেটুকু জানা আছে সেটুকু আমি তাঁদের সামনে রাখতে চাই। আমি একটা খবরের কাগজ থেকে গুটিকতক কথা পড়বো। খবরের কাগজটির নাম হচ্ছে আনন্দ বাজার পত্রিকা। তার তারিখটা আমি একটু পরে বলছি। দুটি শ্রমিক নেতা লিখছেন আই জে এম এ-র কাছে যে "আমরা জানিতে পারিলাম ২রা মার্চ হইতে নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বিত হইবে। ১নং, সপ্তাহে ৫৪ ঘণ্টার পরিবর্তে ৪০ ঘণ্টা কাজ করিবার ব্যবস্থা করা হইতেছে। ২নং, শতকরা ২৫টি তাঁত বন্ধ করিয়া দেওয়া হইতেছে। প্রথম প্রস্তাব সম্বন্ধে আমাদের বক্তব্য এই যে, সাপ্তাহিক কাজের সময় হ্রাস করিলে মাসিক কাজ বা উৎপাদন হ্রাস পাইবে না। কিন্তু উহাতে শ্রমিকদের মাসিক মজুরী হ্রাস পাইবে। নিম্নলিখিত হিসাব হইতে উহা স্পষ্ট হইবে। বর্তমান অবস্থা অনুসারে সাপ্তাহিক ৫৪ ঘণ্টা হিসাবে ৩ সপ্তাহে মোট কাজ ১৬০ ঘণ্টা। প্রস্তাবিত অবস্থা অনুসারে সাপ্তাহিক ৪০ ঘণ্টা হিসাবে ৪ সপ্তাহে ১৬০ ঘণ্টা। সুতরাং মাসিক উৎপাদনের কোন পরিবর্তন হইবে না। অর্থাৎ কৌশলে শ্রমিকদের দিয়া আগের মত কাজ করাইয়া লইয়া মাসিক তিন লক্ষ টাকা কম দিতে চাহেন এবং তাহা অংশিদারদের দিতেছেন। পাটের ব্যবসার কোন পরিবর্তন করিতে হইলে আপনারা শ্রমিকদের মজুরী কমাইবার চেষ্টা করেন। এক সপ্তাহ বন্ধ রাখিয়া তিন সপ্তাহে ৫৪ ঘণ্টা কাজ করাইয়া লইবার ফলেই অনেক ক্ষতি হইয়াছে, এক্ষণে তাহাদের রোজগার আরো কমাইয়া দিলে তাহারা মারা যাইবে। দ্বিতীয় প্রস্তাবে আপনারা শতকরা ২৫টি তাঁত বন্ধ করিয়া দিতেছেন। ইহার ফলে এক লক্ষ শ্রমিক বেকার হইয়া পড়িবে এবং তাহাদিগকে দেশে ফিরিয়া যাইতে হইবে। পাটকলে তাহাদের অস্থায়ীত্ব অতীব নিষ্ঠুর, প্রস্তাবিত ব্যবস্থায় আরো একটু অনিষ্ট হইবে। যাহারা আপনাদের কাজ করিয়া বৃদ্ধ হইয়াছে তাহাদের কাজ যাইলে পেনশন দিবার ব্যবস্থা আপনারা করেন নি। কে কতদিন কাজ করিল তাহার হিসাব আপনারা রাখেন না। আমাদের অভিমত এই, এই ব্যবস্থা অযৌক্তিক এবং এই ব্যবস্থা বাতিল করিয়া দেওয়া চলে। ব্যবসার অবস্থা মন্দা, আপনারা কার্য কারণ হাসিলের পক্ষে এই যুক্তি দেখাইবেন। আপনাদের এই যুক্তির উত্তরে আমরা দেখাইয়া দিতেছি। জগতের সর্বত্র ব্যবসা বাণিজ্যে ভাটা পড়িলেও আপনাদের এই কারবার বেশ লাভ করিতেছে। কামারহাটি ও কাঁকিনারা জুট মিল ডিসেম্বর ক্লোজিংএ শতকরা ৩০ টাকা লভ্যাংশ দিয়াছে এবং উভয় কম্পানী রিজার্ভ ফান্ডে ৫০ হাজার টাকা করিয়া রাখিয়াছে। আপনারা এ বৎসর আগামী বৎসরের জন্য সস্তা দামে বহু মাল খরিদ করিয়া রাখিয়াছেন। উহাতে অদূর ভবিষ্যতে আপনাদের প্রচুর লাভের সম্ভাবনা রহিয়াছে।" ইত্যাদি। এটি আজকেও লেখা হতে পারতো ৫৭ ঘন্টা টন্টা কয়েকটি বদলে দিয়ে যদি একটু অন্য রকম করা যায়। কিন্তু এটি লেখা হয়েছে আনন্দ বাজার পত্রিকায়, ৯ই ফাল্গুন ১৩৩৭ সাল ইংরেজী ২১ ফেব্রুয়ারী ১৯৩১ সাল। অর্থাৎ ৪২ বৎসর আগে। ৪২ বৎসর আগে চটকলের শ্রমিকদের যে অবস্থা ছিল আজকে তার থেকে মূলতঃ কোন পরিবর্তন হয়নি। তাদের যদি ঘন্টা কমিয়ে দেওয়া হয় তাহলে তাদের রোজগার কম হয়। ঘন্টা হিসাবে তাদের মাইনে দেওয়া হয়—পয়সা দেওয়া হয়। সেজন্য কিছু তাঁত বন্ধ করলে যেমন এখানে ২৫ পারসেন্ট বন্ধ হয়েছে—এর ফলে এরা দেখাচ্ছেন ৮০ হাজার শ্রমিক ছাঁটাই হয়েছে আজও সেটা হচ্ছে—চটকলে কি রকম শ্রমিক ছাঁটাই হচ্ছে আমি সেটা আপনাদের দেখাব। ছাঁটাই বলে এটা স্বীকার করা হয় না—পাকা টিকিট বদলে যখন তখন কাঁচা করে দেওয়া হয়।

এটা ৪২ বছর আগেকার কথা এবং আজও সেটা চলছে। আর একটা বিধি—এটার তারিখ এবং নাম বলব পরে। এটাও চটকলের বিষয়ে, এতে বলছে—

Here we find labourers living on wages which are not quite adequate for their livelihood specially in consideration of the enormous rise in prices. We now hear that their wages have been curtailed and this reduction is due to the reduction of the working hours of the mills in this city."

ঠিক যা আজকেও হচ্ছে। তাই সেখানে এই পত্রলেখক দেখিয়েছেন কিরকম লাভ করেছে—

Kinnison Jute Mill 375 per cent., Gouripore Jute Mill 260 per cent., Fort Gloster 225 per cent., Albion 175 per cent., Caledonian 140 per cent., Budge Budge 132½ per cent.

পত্রলেখক বলেছেন—

such heavy profits justify any reduction so far as the wages are concerned.

এটি বেরিয়েছিল সার্ভেন্ট অব ইন্ডিয়া বলে একটি পত্রিকা ছিল আমাদের দেশে তাতে—আজকাল এটি বের হয় না। তারিখ হচ্ছে ১১ই ফাল্গুন, বুধবার, ১৩২৭, ইংরাজী ২৩এ ফেব্রুয়ারী ১৯২১। আজকের অবস্থার সংগে মূলতঃ কোন প্রভেদ নেই সেটা আপনাদের দেখাচ্ছি। গৌরীপুর জুট মিল-এ ৭০০ ওয়ার্কার বসে আছে, গগণভাই জুট মিলে বেশ কিছু লোক বেরিয়ে গেছে। এলবিয়ন ও লোদিয়ান জুট মিলে নিয়মিত বের করে দেওয়া হচ্ছে। ইন্ডিয়া জুট মিল-এ যেখানে প্রয়োজন আছে—ডবল লুম অপারেট করান হচ্ছে সেখানেও কমান হচ্ছে। ৪২ বছর আগে এই পত্রলেখক যা লিখেছেন আজকে মূলতঃ তার কোন পরিবর্তন হয়নি। এই অবস্থা চলবার কথা হচ্ছে—ওয়েজ বোর্ড-এ মাইনে বেড়েছে ট্রাইবুনাল-এ মাইনে বেড়েছে তাতে আমাদের মনে হয় অবস্থা ভাল হয়েছে। কিন্তু আসলে ঘন্টা হিসাবে মাইনে দেওয়া হয় এবং ঘণ্টা কমালে মাইনে কমে গেল এই হল অবস্থা। চা-বাগান সম্বন্ধে আমাদের মাননীয় অর্থমন্ত্রী বলেছেন না, মজুরী সেখানে ডবল হয়েছে- সেখানকার লিভিং কন্ডিশন সম্বন্ধে একটা সার্ভিং বেরিয়েছে ইন্ডিয়া গভর্নমেন্ট-এর টি বোর্ড বের করেছেন—সেখানে তারা বলছেন—

the indebtedness of the workers...... Details regarding extent and causes of indebtedness and the usual sources of taking loans etc. as collected during the course of the family budget enquiry have been summarised in table No. 11. It will be seen that the proportion of families with some outstanding debts is lowest at 31.25 per cent. in the expenditure level of Rs. 30 to 35 and the highest proportion, namely, 56.25 per cent., occurs in the immediately preceding group. The proportion does not exhibit any clear tendency to increase towards the higher expenditure level even though it remained fairly high in the last year's expenditure level.

[1-20—1-30 p.m.]

বলে ওরা অনেক পরিসংখ্যান দিয়েছেন, শেষ কালটায় বলেছেন দি সেভিং দেখা যাচ্ছে ইনকোয়ারিজ

Enquiries made in course of the survey about the savings habit of labourers brought out a very dismal picture. Amongst the 324 families surveyed only 12 families constituting a bare 3.7 per cent. of the total were found to have made some savings last year.

এখন এখানে আমার অনেক পরিসংখ্যান আছে, সময় সংক্ষেপ সমস্ত বিষয় সম্পর্কে আমাকে বলতে হবে। দার্জিলিং-এর লিভিং কন্ডিশন সম্বন্ধে বলতে হবে

Survey of the living conditions of tea plantation labour in Darjeeling Hills. Survey was conducted by the tea Board and recently published.

পনের দিন হলো এটা পাবলিশ হচ্ছে। এখন এই যে অবস্থা চা-বাগানগুলিতে ওয়েজেস ডাবল হয়েছে কি হয়নি তার বিচার করা শক্ত। বাজেট ডিসকাসন বলে জেনারেলভাবে বলছি। ওয়েজেস

ডাবল বলা যায় যখন দেখা যায় যে তারা যে সাবসিডাইজ ফুড স্টাফ্ পেত তার বদলে নগদ পয়সা পেয়ে সেটা সম্পূর্ণ কমপেনসেটেড হয়েছে কীনা। আজকে চা-বাগানের কি অবস্থা। মাননীয় শ্রম মন্ত্রিমহাশয় আশাকরি জবাব দেবার সময় বলবেন যে চিলোনী গার্ডেনে যে ১৫ জনকে অযথা বের করে দেওয়া হল তাদের কি হলো, আমি জানি এখন ও তারা ঝুলছে, আমি যতদূর শুনেছি ম্যানেজার কিছুতেই বাগ মানছেন না। সব ব্যাপারটা কি অবস্থায় আছে জানতে পারলে খুসী হবো। এই তো গেল চা-বাগানের অবস্থা। মাইনে যেটা বেড়েছে সকলে বলছেন সেখানে সুপ্রীম কোর্ট কি বলেছে শুনুন

Supreme Court has observed recently that even Rs. 273 per month for the operatives and Rs. 370 per month for the clerical staff will be far short of a living wage and can be treated as only approximating to the lower level of **the fair wage.**

তাহলে দেখা যাচ্ছে ২৭৩ টাকা অপারেটিভস-এর জন্য আর ক্ল্যারিক্যাল স্টাফের জন্য মাসে ৩৭০ টাকা হলে লিভিং ওয়েজের কাছাকাছি যাবে, সেখানে আমাদের বাংলাদেশে কি হয়েছে। আমি কতকগুলি ফিগার জোগার করেছি, সেখানে আমি দেখছি একজনের টোটাল ওয়েজ আসামে হচ্ছে এ্যাভরেজ এ্যানুয়াল আর্নিং ১,৫২৫ টাকা। বেহারে ১,২৩৫ টাকা বোম্বে হচ্ছে ১,৩১৪ টাকা, বাংলাদেশে ১,১৪১ টাকা, সারা বছরের জন্য, দিল্লী হচ্ছে ১,৯৬৬ টাকা। যেগুলি পড়লাম তার মধ্যে বাংলাদেশ সব চেয়ে কম। অন্য যেগুলি আছে সেগুলি আমি পড়িনি কম ও আছে বেশীও আছে। যেগুলি মোটামুটি ইন্ডাস্ট্রিয়ালাইজড দেশ তার কথাই বলেছি। আসামের চা-বাগানের কথা এর মধ্যে ধরিনি তাহলে আমাদের চেয়ে কম হবে। তারপর দেখুন আমাদের চেয়ে অন্য দেশ ভাল হওয়া সত্ত্বেও সুপ্রীম কোর্ট বলছেন একেবারে কিছুই পায়নি।

এই সংগে সংগে আমি আপনাদের কয়েকটা কথা জানাতে চাই কিরকমভাবে আজকে মালিকেরা সরকারের ট্যাক্স ইভেড করছে। আপনারা জানেন কোন কোন জায়গায় পাওয়ার লুম বলা হয় যেগুলি আসলে কটন টেক্সটাইল—একটা মিল, নাম তার সিদ্ধেশ্বরী কটন মিলস প্রাইভেট লিঃ, পোঃ অনন্তপুর, জেলা হাওড়া—গত বছর এক্সাইজ ডিউটির কথা এসেছিল, তখন তারা আপত্তি জানিয়েছিল, তাতে সেটা পঞ্চাশ পারসেন্ট করা হয়েছিল এবং তখন তারা এগ্রিমেন্ট করে এসেছিলেন ক্রমশঃ ফেজড ওয়েতে বাড়ান হবে, পঁচাত্তর পারসেন্ট করা হবে। কিন্তু এগ্রিমেন্ট পূরণ করবার সময় যখন এল, তখন তারা ফ্যাক্টরী বন্ধ করে দিলেন, বললেন পঁচাত্তর পারসেন্ট এক্সাইজ ডিউটি দিতে পারব না। কিন্তু তাঁরা প্রতিজ্ঞাবদ্ধ ছিলেন, এবং যেখানে আমাদের প্রধানমন্ত্রী দেশের সকলের কাছে বলছেন তোমরা ট্যাক্স বেশি করে দাও, এই এমার্জেন্সিতে ট্যাক্স ইভেড করবার চেষ্টা করো না সেখানে মালিকপক্ষ বলছেন পঁচাত্তর পারসেন্ট এক্সাইজ ডিউটি দিতে পারব না অথবা মিল বন্ধ করে দিচ্ছেন বা মিলের যন্ত্রপাতি অন্য জায়গায় বেচে দেবার কিম্বা সরিয়ে ফেলবার চেষ্টা করছেন। আরেকটা জায়গার সম্বন্ধে বলি, অদ্ভুত নীতি চলছে সেখানে, ক্যালকাটা ফ্লোর মিল। আমরা কোনদিন শুনিনি আজ পর্যন্ত একই মিলে কিছু লোককে বোনাস দেওয়া যায় আর কিছু লোককে দেওয়া যায় না—এইরকম কোথাও শুনিনি। একটা ইউনিয়নের সংগে ক্যালকাটা ফ্লোর মিল-এর অধিকর্তারা একটা চুক্তি করেছেন এবং সেই পার্টিকুলার ইউনিয়ন-এর মেম্বারদের তাঁরা বোনাস দিয়েছেন, তাদের তাঁরা ছুটি দেন, অন্য সমস্তদের তাঁরা বোনাসও দেন না, ছুটিও দেন না—এটা হতে পারে—প্রথম যখন শুনলাম তখন মনে হয়েছিল সম্ভব নয়, এখন দেখছি সম্ভব। সেখানে দেখছি ৩০।৩৫ জন লোককে বোনাস দিচ্ছেন, ছুটি দিচ্ছেন, ৮০।৯০ জন লোককে ছুটিও দিচ্ছেন না, বোনাসও দিচ্ছেন না। এরকম যে করা যায় আমার ধারণা ছিল না। শেষ পর্যন্ত কি হবে বলতে পারি না, কিন্তু এখন আমাদের বাদবিতণ্ডা চলছে। কিরকমভাবে ছাঁটাই হচ্ছে সেটাও এই প্রসংগে বলব। তারা নবেম্বর তারিখে শ্রমশান্তি চুক্তি হয়েছিল, মালিকেরা এটা কিভাবে ভাঙছেন তা আমি আগেও বলেছি, এখনও বলছি। আমার কাছে কতগুলি ফিগার আছে কয়েকটা কটন মিলের—হুগলী কটন মিল ক্লোজড কমপ্লিটলি, ১৫০ জনকে বের করে দিয়েছেন, রামপুরিয়া কটন মিল, ১০০টি লুম সিল করা হয়েছে, ১৫০ জন লোককে বের করে দিয়েছেন; বংগশ্রী কটন মিল ৫০০ লোককে ছাঁটাই করে দিয়েছেন; লক্ষ্মীনারায়ণ কটন মিল ৩০০; বঙ্গলক্ষ্মী কি করেছেন এখন ঠিক বলতে

পারছি না। অয়েল কোম্পানী, বিশেষ করে ক্যালটেক্স যা ব্যবহার করছেন, যাকে খুশী ডিসমিস করে দিচ্ছেন। তাঁরা ইউনিয়নকে যে কথা দিয়েছিলেন তার সম্মান রাখছেন না। হনুমান কটন মিল ভাওলেশন অব ট্রাইবুনাল এ্যাওয়ার্ড করে চলেছেন,

non-implementation of the Award of the cotton wageboard

করছেন। একটা ইঞ্জিনীয়ারিং ফ্যাক্টরী, শিব ইঞ্জিনীয়ারিং ফ্যাক্টরী, হাওড়া,

agreement signed by the employers and the union in the Labour Commissioner's office was completely violated by the management.

এরা ৩৭ জনকে বের করে দিয়েছেন। সুলতান কোম্পানী, ৩০বি, ফিয়ার্স লেন, এটা একটা লেদার কোম্পানী, ৪০ জনের মধ্যে ১০ জনকে বের করে দিয়েছেন। আমাদের দেশে কোটি কোটি লোক, তার মধ্যে গুটিকয়েক লোককে চাকরী থেকে ছাঁটাই করে দিলে হয়তো কিছু আসে যায় না। কিন্তু এভাবে যদি শিল্পে শান্তি চুক্তি ভংগ করা হয় তাহলে আমরা দাঁড়াব কোথায়? আমাদের দাঁড়াবার একটা জায়গা চাই তো। আমি শ্রমমন্ত্রীর কাছে অনুরোধ করছি তিনি এই দিকে স্ট্রীম লাইন করার জন্য যে কেন্দ্রীয় শ্রমমন্ত্রী, কেন্দ্রীয় শ্রম দপ্তর আমাদের অনবরত বলছেন যে আমরা সেই স্ট্রীম লাইন করি যাতে আমাদের শ্রমিক শ্রেণীকে সম্পূর্ণ ধ্বংসের হাত থেকে শ্রমমন্ত্রী বাঁচাতে পারেন।

[1-30—1-40 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এই শ্রম বরাদ্দের খাতে বলতে উঠে আমি প্রথমে আমাদের পশ্চিমবাংলা সরকারের শ্রম নীতি সম্পর্কে দু' চারটা কথা বলতে চাই। আজকে পশ্চিমবাংলা সরকারের পক্ষ থেকে মন্ত্রিমহাশয় যতই বলুন না কেন আমাদের কাছে যে শ্রম নীতি সার্থক হতে চলেছে কিন্তু বাস্তব অভিজ্ঞতার মধ্য দিয়ে আমরা দেখতে পাচ্ছি যে শ্রমিক কল্যাণ বিশেষত শ্রমিক ছাঁটাই করার ব্যাপারে শ্রম নীতি ব্যর্থ হয়েছে। এই দিক থেকে বলতে পারি যে শ্রম নীতি সরকারের কিছুটা মালিক ঘেঁসা। স্যার, দেশের এই জরুরি অবস্থায় যখন শিল্পে শান্তি রাখার জন্য শ্রমিক মালিক এবং সরকার পক্ষ থেকে একটা ত্রিদলীয় বৈঠক গত ৩রা নবেম্বর ১৯৬২ সালে হয় তাতে একটা চুক্তি সম্পাদিত হয়েছিল। সেই চুক্তি কার্যকরী করার ব্যাপারে আমাদের শ্রম দপ্তর কিভাবে ব্যর্থ হয়েছেন সে সম্বন্ধে গুটিকতক কথা আপনার সামনে বলতে চাই। এ কথা সত্য যে দেশ রক্ষার কাজে যখন আহ্বান এসেছিল তখন বাংলাদেশে শ্রমিক শ্রেণী কিভাবে এগিয়ে এসেছে এবং তারা প্রডাকসন বাড়িয়েছে এবং তারা প্রতিরক্ষা তহবিলে সাহায্য করেছে সে কথা মন্ত্রিমহাশয় নিজেই তাঁর প্রারম্ভিক ভাষণে স্বীকার করেছেন। গত বিধান সভার অধিবেশনে আমরা যখন একটা প্রস্তাব এনেছিলাম সেই সম্পর্কে তিনি তাঁর বক্তব্য রাখতে গিয়ে যে কটি কথা বলেছিলেন আমি আপনার সামনে সে কথা বলছি। তিনি বলেছিলেন দেশের শ্রমিক শ্রেণী দেশের জরুরী অবস্থায় মহান কর্তব্যের পরিচয় দিয়েছেন। মালিক যারা তারা যা করছেন তার অনেকগুলো সমর্থনযোগ্য নয়। বহু ক্ষেত্রে তারা নিজের সুখসুবিধার দিকটাই বেশী লক্ষ্য রাখছেন। আমরা সবাই চেয়েছিলাম যে একটাও লে-অফের প্রচেষ্টা যাতে না হয়, কিন্তু এ পর্যন্ত প্রায় ২ শত ৩৪টি এই রকম কেস হয়েছে—মানে গত ডিসেম্বর মাসে এটা বলা হয়েছে যে ছাঁটাই বা লে-অফ করার পূর্বে মালিক পক্ষ যাতে সরকারকে জানান সেই ব্যবস্থা গ্রহণ করবার জন্য সরকার চিন্তা করছেন। এবং দরকার হলে একটা আইন তারা পাশ করাবেন। আমি শ্রম মন্ত্রীকে জিজ্ঞাসা করি যে তার পর থেকে তিন মাস হয়ে গেছে এ সম্বন্ধে শ্রমমন্ত্রী কি করেছেন। এবং উপরন্তু আমরা কি দেখতে পাচ্ছি—এই জরুরী অবস্থার সুযোগ নিয়ে মালিক পক্ষ থেকে ছাঁটাই এবং লে-অফ করা হচ্ছে। যেকথা মাননীয়া মৈত্রেয়ী বসু বলে গেলেন সেকথা পুনরুল্লেখ করে একথা বলতে পারি যে সিদ্ধেশ্বরী কটন মিল—যারা নাকি সরকারের ট্যাক্স ফাঁকি দেবার জন্য আজকে মিলের তাঁত বন্ধ করেছেন তাদের উপর সরকার কোন ব্যবস্থা গ্রহণ করতে পারেন নি। স্যার, আপনি শুনলে আশ্চর্য হবেন যে ট্যাক্স ইভেড করার জন্য প্রায় তারা ৪৮ জন শ্রমিককে ছাঁটাই করেছে। গত কাল ত্রিদলীয় সম্মেলন হয়ে গেছে সেখানে তারা স্পষ্ট ভাষায় ঘোষণা করেছে যে তারা ছাঁটাই করবে। এবং সরকার পক্ষ সেখানে এক জন নিষ্ক্রীয়

দর্শক। আমি জিজ্ঞাসা করি শ্রমমন্ত্রী শ্রম নীতি সাফায়ে এত বড় কথা বলুন না কেন আজকে তিনি যে শ্রম নীতি নিয়ে চলছেন তার দ্বারা ছাঁটাই রুখতে পেরেছেন? এ ছাড়া আরতি কটন মিল—সেখানে সমস্ত লুম বন্ধ করে দেওয়া হয়েছে। সেখানে প্রথমে তারা যুক্তি দিয়েছিলেন যে কাপড়ের স্টক পাইলিং হয়ে যাবার জন্য লুম বন্ধ করে দিতে বাধ্য হয়েছে। সেজন্য লুম তিন মাস আগেই বন্ধ করেছেন। এবং ছাঁটাইও করেছেন। সেদিন আমি প্রশ্ন তরুনকান্তি ঘোষের কাছে করেছিলাম তিনি স্পষ্ট ভাষায় বলেছেন যে ইলেকট্রিসিটি এই রকমভাবে কার্টেল করা হয়নি। একজিসটিং যা পেয়েছিল তারা তাই পেতে থাকবে। অথচ এই অজুহাত দেখিয়ে ২ শত শ্রমিককে ছাঁটাই করেছে। আমি জানি আমাদের শ্রমমন্ত্রী কিছু করতে পারবেন না। যত বড় বড় কথাই তিনি বলুন না কেন যে আমরা চেষ্টা করবো। গত এক বছর ধরে তাঁর সেই চেষ্টাই আমরা দেখছি—কিন্তু কোন ফল হয়নি। শ্রমমন্ত্রী মহাশয় বলেছেন যে শিল্পে শান্তি বজায় রাখবার জন্য এই লে-অফ বন্ধ করবো—সেদিক থেকেও তিনি সফলকাম হন নি। আমরা ভারত ব্যারেল এ্যান্ড ড্রাম কোম্পানীতে ইউনিয়ন করার অপরাধে শ্রমিক নেতা ভূপাল চক্রবর্তী সহ এক মাসের মধ্যে ১৫ জনকে ছাঁটাই করা হয়েছে। এই ব্যাপারে আমরা শুনেছিলাম শ্রমমন্ত্রী ব্যক্তিগতভাবে হস্তক্ষেপ করেছিলেন যাতে তারা ছাঁটাই না করে কিন্তু তা সত্ত্বেও তারা ছাঁটাই করেছে। কাজেই এই থেকে বোঝা যাচ্ছে যে আজকে শ্রম নীতি কতখানি ব্যর্থ হতে চলেছে। স্যার কিছুক্ষণ আগে মৈত্রেয়ী দেবী বলেছেন যে পশ্চিমবাংলার শ্রমিকদের আয় অন্যান্য প্রদেশের চেয়ে কম। এ কথা গত এক বছর আগে আমরা বলেছিলাম তাতে জবাব দেবার সময় শ্রমমন্ত্রী মহাশয় বলেছিলেন যে এটা তিনি অস্বীকার করতে পারছেন—তবে তিনি দেখবেন যাতে বাংলা-দেশের নিম্নতম মজুরী হয় ১ শত টাকা। আমি শ্রমমন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি গত এক বছরের মধ্যে এই নিম্নতম মজুরী বেঁধে দেবার জন্য তিনি কি প্রচেষ্টা করেছেন। আমাদের খবর হচ্ছে যে তাঁর বক্তৃতা যখন ছাপা হয়—বাংলাদেশের সমস্ত নিম্নতম মজুরী ১ শত টাকা বেঁধে দেওয়া হবে তখন সমস্ত কলকাতায় এবং বাংলাদেশের মালিকদের মধ্যে একটা চাঞ্চল্য পড়ে গিয়েছিল এবং শ্রমমন্ত্রীর কাছে তাদের একটা রিপ্রেজেন্টেশন এসেছিল। যার ফলে তিনি কি তাঁর সেই সাধু প্রস্তাব বর্জন করেছেন। এর দ্বারা যদি আমরা বলি যে সরকারের শ্রম নীতি মালিকঘেঁসা তাহলে আমরা অন্যায় করবো সেকথা শ্রমমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি। আর একটা তথ্য সম্পর্কে বলছি যেটা সম্পর্কে শ্রমমন্ত্রিমহাশয় সম্পূর্ণ ওয়াকিবহাল তাহলে আর একবার বলতে হচ্ছে সেটা হচ্ছে ইউনিয়ন করার অপরাধে ছাঁটাই করা হয় লক-আউট করা হয় এবং আমাদের শ্রম দপ্তর নিষ্ক্রীয় দর্শকের ভূমিকা গ্রহণ করেন। আমি সুর আয়রন অ্যান্ড স্টীল কোম্পানীর কথা বলছি তাদের অপরাধ ছিল তারা ইউনিয়ন করেছিল কিন্তু সেই ইউনিয়ন মালিক চায় না যার জন্য তারা কারখানা লক আউট করলো। এবং সেই কারখানা ক্লোজ আপ করে বললো—ক্লোজ আপ করে দেবার পর যদিও সেটাকে দেওয়া হয়েছে ট্রাইবুন্যালে তা সত্ত্বেও শ্রমমন্ত্রিমহাশয় জানেন তারা সেই কারখানা থেকে মেসিনারী সরিয়ে নিয়ে গিয়ে অন্য জায়গায় কাজ চালাচ্ছে। অথচ এই কারখানার মধ্যে তারা ৫ শত জন শ্রমিককে ছাঁটাই করলো অন্যায়ভাবে—সেটা সম্পর্কে শ্রমমন্ত্রিমহাশয় বিশেষ কিছু বলতে পারলেন না। শ্রমমন্ত্রিমহাশয় হয়তো কিছু চেষ্টা করেছিলেন। কিন্তু এই যে কনসার্ন সেই কনসার্নের যে মালিক—রামচন্দ্র সুর তিনি আমাদের মুখ্যমন্ত্রীর ব্যক্তিগত বন্ধু যার জন্য মুখ্যমন্ত্রীর তরফ থেকে আজকে কোন স্ট্রং একসন তার বিরুদ্ধে নেওয়া হোল না। আজকে যে অবস্থা এই কোম্পানী সৃষ্টি করছেন আমি বলতে পারি ভারত রক্ষা বিধি অনুসারে জোর করে এই কারখানা খোলা যেত—কিন্তু গভর্নমেন্টের তরফ থেকে সেটা করা হোল না। কারণ মুখ্যমন্ত্রী চান না। সেইভাবে তাঁরা শ্রম নীতি চালনা করে এসেছেন এবং আমাদের কাছে শ্রমিক কল্যাণ করছেন বলে বলছেন। এর পর আমি গুটিকতক অভিযোগ আমাদের শ্রম দপ্তরের বিরুদ্ধে রাখবো সেটা হোলো বেশীরভাগ বিরোধ সেগুলি অনেকদিন ধরে শ্রম দপ্তরে পড়ে থাকে। শিল্পে শান্তি চুক্তির যে প্রস্তাব গত ৩রা নবেম্বর গ্রহণ করা হয়েছিল তার দুই ধারার ৬ উপধারায় বলা হয়েছে কেন্দ্র এই রাজ্যের শ্রমিক সম্পর্কিত প্রশাসনিক বিভাগকে কর্মতৎপর করে তোলা উচিত।

[1-40—1-50 p.m.]

যাতে অভিযোগ ও বিরোধগুলি তাড়াতাড়ি মীমাংসা হয় এবং শিল্পে সৌহার্দ্য সম্পর্ক বজায় থাকে। এটা শিল্পে শান্তি চুক্তি প্রস্তাবের একটি ধারা। কিন্তু আমরা কি দেখছি? আজকে

এই জরুরী অবস্থা ঘোষণার পর থেকে শ্রমদপ্তরের কর্মতৎপরতা যেন অপেক্ষাকৃত শিথিল হয়ে গেছে। তার আগে কোন কোন সময়ে শ্রমদপ্তর তাড়াতাড়ি কাজ করতো যেখানে স্ট্রাইক হবার চান্স ছিল। তারা তাড়াতাড়ি মুভ করতো, স্ট্রাইক-এর হুমকি দেওয়াতে তাড়াতাড়ি কাজ হতো। আজকে জরুরী অবস্থার ফলে স্ট্রাইক করা যায় না। কাজেই শ্রমদপ্তরের মুভমেন্ট কমে গেছে। শ্রমদপ্তরের উচিত আরও তাড়াতাড়ি কাজকর্ম করা। সরকার পক্ষ থেকে এই যে প্রস্তাব এসেছে যে মালিক পক্ষ ও শ্রমিক পক্ষের সঙ্গে পরামর্শ করবে, সেই প্রস্তাব কার্যকরী করবার দায়িত্ব তাদের বেশী। সেদিক থেকে আমি মনে করি তারা ফেল করেছে। আমি এর গুটিকয়েক উদাহরণ আপনার সামনে দিচ্ছি—ধরুন যেমন বার্নের শ্রমিকদের প্রডাকসন বোনাস স্কীম চালু হবার দাবী। এটা বহুদিন থেকে শ্রমদপ্তরে পড়ে আছে। আলোচনার মাধ্যমে তা মীমাংসা না হওয়ায় সেটা ট্রাইব্যুনালে দেওয়ার কথা হয়েছে। অনেকদিন ধরে শ্রমদপ্তরে পড়ে আছে। মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি সেটা এখনও ট্রাইব্যুনালে দেওয়া হচ্ছে না কেন? মন্ত্রিমহাশয় কি চিন্তা করেছেন বীরেন মুখার্জীর কারখানার বিরোধ ট্রাইব্যুনালে দেব কি দেব না? এই কথা চিন্তা করছেন না, স্যার বীরেনের হুমকি তাঁর ফাইলের গতিকে স্তব্ধ করে দিয়েছে? এ ছাড়া গভর্নমেন্ট সেন্ট্রাল লক ফ্যাক্টরী বড়গাছিয়া, হাওড়া, তার একটা ডিসপিউট ১৯৬২ সালে ট্রাইব্যুনালে দেবার কথা, আজও তা লেবার দপ্তরে পড়ে আছে। এখন পর্যন্ত তার কোন ফয়সালা হল না। এ ছাড়া শিল্পে শান্তি চুক্তির ব্যাপারে তার ধারায় আছে শিল্পবিরোধগুলো সালিশীর মাধ্যমে যাতে মীমাংসা হয়, তারজন্য সর্বাধুনিক গতিতে চেষ্টা করতে হবে এবং সেই উদ্দেশ্যে যথা সাধ্য ব্যবস্থা করতে হবে। যদি কোন বিরোধ মীমাংসা করবার জন্য আদালতের আশ্রয় গ্রহণ করার প্রয়োজন হয়, তবে এই সম্পর্কে ব্যবস্থা করা ও অত্যন্ত দ্রুত গতিতে সম্পন্ন করতে হবে। কিন্তু আমরা সেদিক থেকে সরকারের দ্রুতগতি কিছুই দেখতে পাচ্ছি না। সালিশী আজ পর্যন্ত বসেছে বলে আমি জানি না। আমি বলছি ট্রাইব্যুনালে পাঠাবার ব্যাপারে সরকার অত্যন্ত টাল-বাহানা করছেন। এই সম্পর্কে আর আমি উদাহরণ দিয়ে হাউসের সময় নষ্ট করতে চাই না। আমি মনে করি এই সম্পর্কে শ্রমমন্ত্রীর বিশেষ দৃষ্টি দেওয়া উচিত, অন্ততঃ এগুলি সম্পর্কে তাঁর ডিপার্টমেন্ট কিছুই করছে না। মালিকরা কিছু করছে না তা বুঝতে পারি। কারণ মালিক দেশপ্রেমে উদ্বুদ্ধ নয়। সে তার নিজের স্বার্থকে অন্য সকলের চেয়ে বড় করে দেখে তা বুঝি। কিন্তু গভর্নমেন্টের তরফ থেকে দীর্ঘসূত্রতা হবে কেন? কেন সরকার আরও তাড়াতাড়ি মুভ করবেন না? এটা জানতে চাই তাঁর কাছ থেকে।

এছাড়া আর একটা ঘটনার কথা শ্রমমন্ত্রীর কাছে উল্লেখ করতে চাই। সেটা হচ্ছে—কোন কোন ক্ষেত্রে আমরা দেখছি সরকারের লেবার ডিপার্টমেন্ট সুপ্রীম কোর্টের যে রায় হয়েছে, সেই রায় অনুসারে তাঁরা কাজ করেন না। একটা উদাহরণ এর দেই—স্ট্যান্ডিং অর্ডার, অফ সার্টিফিকেশন ব্যাপারে সার্টিফিকেট অফিসার যে অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনারের কাছে যায় তাঁকে দেখান হয় সুপ্রীম কোর্ট-এর রিটায়ারিং য়েজ সম্পর্কে রায়—গেস্ট কীন-এ দেওয়া হয়েছে ৬০ বছর। কিন্তু ভারত সরকার ও তাদের ক্লার্কদের রিটায়ারিং য়েজ ৫৫ বছরের জায়গায় ৫৮ বছর করেছেন, এবং ক্লাস ফোর স্টাফদের সিক্সটি ইয়ারস আছে। সুপ্রীম কোর্টের রায় রয়েছে তা সত্ত্বেও তাঁরা সার্টিফাই করে দিলেন ফিফটি ফাইভ ইয়ারস, যেহেতু এটা মালিক পক্ষ চেয়েছিল। অবশ্য এর অ্যাপিল আছে, এ সম্বন্ধে আমি মন্তব্য করতে চাই না। আমি শুধু এইটুকু বলতে চাই সরকারী অফিসারবা অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার, কিম্বা সার্টিফাইং অফিসার, তাঁদের যদি সুপ্রীম কোর্টের রায় দেখানও যায়, তা তাঁরা মানতে চান না পাছে সেটা মালিকের বিরুদ্ধে যায়। সুতরাং এইভাবে যদি তাঁরা মালিকের পক্ষে কাজ করেন এবং তাতে যদি আমরা বলি তাঁদের শ্রমনীতি মালিক ঘেঁসা হয়ে যাচ্ছে, তাহলে তার জন্য আমাদের দোষ দেওয়া যায় না।

এরপরে আর একটা জিনিস আমি আপনার সামনে তুলে ধরবো—সেটা হচ্ছে এই যে, ৩রা নবেম্বরের যে প্রস্তাব, সেই প্রস্তাবের এক জায়গায় আছে শিল্পোৎপাদিত দ্রব্য ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য যাতে না বাড়ে, তা সুনিশ্চিত করবার জন্য সর্বতোভাবে চেষ্টা করতে হবে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি সেই ব্যাপারে তাঁর দপ্তরের তরফ থেকে কি প্রচেষ্টা চালান হয়েছে। আজকে জিনিষপত্রের দাম হু-হু করে বেড়ে যাচ্ছে। শুধু তাই নয় আজকে যে সমস্ত শ্রমিক, যারা বাঁধা মাইনের মধ্যে আছেন, তাদেরও আজকে অশেষ দুর্গতির মধ্যে পড়তে হয়েছে, এবং সে সম্পর্কে শ্রমদপ্তরের কোন ডেফিনাইট মুভ পর্যন্ত দেখছি না।

মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি জানতে চাই, এ সম্বন্ধে তাঁদের কি কার্যক্রম আছে এবং কি কার্যক্রম করেছেন সেটা আমাদের সামনে তুলে ধরবেন। তা ছাড়া বেকারসমস্যা সমাধানের কথা একজন বলেছেন। আজকে হু হু করে দেশে বেকারের সংখ্যা বেড়ে চলেছে। আমরা এরকম কিছু প্রোগ্রাম গভর্নমেন্টের কাছ থেকে দেখতে পেলাম না, যাতে করে আমরা বলতে পারি যে, বেকার সমস্যা সমাধান আমাদের সরকার করতে চলেছেন। এরপরে আমি এমপ্লয়ীজ স্টেট ইন্সিওরেন্স স্কীম সম্বন্ধে দু-একটা কথা বলব। আট বছর আগে এই স্কীমটি সরকার যখন গ্রহণ করেন, তখন আমরা শুনেছিলাম যে, কলকাতা এবং হাওড়া ছাড়াও এটা অন্যান্য ডিস্ট্রিক্টএ এক্সটেন্ড করা হবে। প্রত্যেক বছর বিজয়বাবু কেন, তাঁর আগে সাত্তার সাহেব ছিলেন, তাঁরা এখানে বক্তৃতা দেবার সময় বলে গিয়েছেন যে, এটা এবার ঐ জায়গায় এক্সটেন্ড করা হবে, এবং যেসমস্ত শ্রমিক পরিবারভুক্ত রয়েছে, তাদের এই স্কীমের বেনিফিটএর মধ্যে আনা হবে। এটা আজ পর্যন্ত অন্য ডিস্ট্রিক্টএ এক্সটেন্ড করা হয় নি। তবে গত নবেম্বর, ডিসেম্বর মাস থেকে শ্রমিক পরিবারভুক্ত যেসমস্ত ব্যক্তিরা আছেন, তাঁদের এর মধ্যে ইনক্লুড করা হয়েছে। আমার জিজ্ঞাসা, সরকারপক্ষ থেকে এই স্কীমটা অন্যান্য ডিস্ট্রিক্টে এক্সটেন্ড করা হচ্ছে না কেন? এই স্কীমে যেসমস্ত হাসপাতাল নির্মাণ করবার কথা ছিল, আজ সেই সমস্ত হাসপাতাল নির্মাণ করবার ব্যাপারে সরকারের তরফ থেকে গড়িমসি চলছে, তাতে শ্রমিকের ক্ষতি হচ্ছে। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই—তিনি কি জানেন যে, শ্রমিকরা রোগাক্রান্ত হয়ে দিনের পর দিন হাসপাতালে উপস্থিত হয়েছেন বেডের জন্য, তারা বেড পাচ্ছে না। অথচ তাদের মালিকের কাছে সাবস্ক্রিপশন দেওয়া হচ্ছে? গত আট বছর ধরে এইরকমভাবে স্কীমকে সাকসেসফুল করবার জন্য শ্রমদপ্তর বিফল হয়েছে এবং তার জন্য আজ শ্রমদপ্তরই সম্পূর্ণ দায়ী এবং এর সম্পূর্ণ দায়িত্ব তাঁদের গ্রহণ করতে হবে। সেইজন্য বলব, এই শ্রমদপ্তর যে শ্রমনীতি নিয়ে চলেছে তার দ্বারা শ্রমিকের কল্যাণসাধন হয় না বরং এই শ্রমনীতি মালিকঘেঁষা নীতিতে পরিণত হয়েছে।

[1-50—2 p.m.]

Shri Narendra Nath Sen:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় শ্রমদপ্তরের যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন আমি সেই ব্যয়বরাদ্দকে সম্পূর্ণরূপে সমর্থন করছি এবং এই প্রসঙ্গে কয়েকটি কথা বলতে চাই। প্রথমেই আমি শ্রমদপ্তরের কয়েকটি শ্রমিক কল্যাণের প্রচেষ্টার কথা উল্লেখ করতে চাই। লেবার ওয়েলফেয়ার সেন্টার আজকে বিভিন্ন শ্রমিক এলাকাতে প্রতিষ্ঠিত হয়েছে। এই সংস্থাগুলি কর্মক্লান্ত শ্রমিককে দিনান্তে কর্মের অবসাদ ভুলে গিয়ে আনন্দ উপভোগ করার সুযোগ দেয় এবং এইগুলিতে গান-বাজনা, থিয়েটার করা এবং শিক্ষারও ব্যবস্থা আছে। তা ছাড়া চিকিৎসার জন্য কিছু কিছু ডিসপেন্সারির ব্যবস্থা আছে। এই ব্যবস্থাটা আরও ভাল করার চেষ্টা করা উচিত। প্রতি বৎসর বিভিন্ন এলাকার ওয়েলফেয়ার সেন্টারগুলির মধ্যে কম্পিটিশন হয় এটা খুবই প্রশংসার যোগ্য তাতে কোন সন্দেহ নেই। স্যার, প্রতি বৎসর পূজার সময় বোনাস নিয়ে শ্রমিকদের মধ্যে বিশেষ বিক্ষোভ দেখা যায়। বোনাস কমিশন যেদিন হয়েছে এবং তাঁরা তদন্ত শেষ করেছেন, এই বোনাস কমিশন যদি কার্যকরী হয় তা হলে আমার ধারণা প্রতি বৎসর আমরা বোনাস উপলক্ষে যে বিক্ষোভের সূচনা দেখতে পাই সেটার অবসান হবে এবং কর্মিগণেরও নূতনভাবে বোনাস পাবার সম্ভাবনা থাকবে। এই বোনাস কমিশনটা যাতে তাড়াতাড়ি কার্যকরী হয় শ্রমমন্ত্রী মহাশয়কে আমি সে বিষয় দৃষ্টি দিতে অনুরোধ করছি। যদিও এটা সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার, কিন্তু তবুও আমাদের কিছু করণীয় আছে বলে আমি মনে করি। ওয়ার্কারদের জন্য একটা হলিডে হোম করার ব্যবস্থা শ্রমবিভাগ করেছেন। আজকেও কাগজে দেখলাম, এটা অতি সুন্দর জিনিস হয়েছে। বাংলাদেশে এই প্রথম এটা হয়েছে যে, রোগভোগের পরে দীঘা এবং দার্জিলিংএ গিয়ে বিশ্রাম ভোগ করতে পারবে। এটা যাতে সত্বরে কার্যকরী হয়, আজকের পেপারেও দেখলাম যে, গভর্নমেন্ট এটা গ্রহণ করেছেন এবং যাতে তাড়াতাড়ি হয় তার চেষ্টা করছেন। এটা যাতে তাড়াতাড়ি হয় আমি সে বিষয় দৃষ্টি দিতে অনুরোধ করছি।

স্যার, কনসিলিয়েশন প্রসিডিওর, এগুলিতে আগে আমাদের একটা ভয়ের কারণ ছিল. এখন এ বিষয়ে শ্রমদপ্তরের অফিসারদের মধ্যে একটা আন্তরিকতা দেখতে পাচ্ছি। কিন্তু তা সত্ত্বেও তাদের পিছনে কোন লিগ্যাল স্যাংশন না থাকাতে অনেক স্থলেই দেখা যায় যে, মালিক কনসিলি-য়েশনে আসতে রাজি হয় না, আসেও না। কিন্তু মালিকদের বাধ্য করার ক্ষমতা যে অফিসারদের নেই এই বিষয় যদি ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টের কোন পরিবর্তন করা সম্ভব হয় আমি সেদিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি।

এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ড যেটা ইন্ট্রোডিউস হয়েছে সেটাতে কর্মীদের ভবিষ্যতের সংস্থান হয়েছে, এটা আমরা কল্পনা করতে পারতাম না কিন্তু আজ কয়েক বৎসর ধরে এটা কার্যকরী হয়েছে। কিন্তু কার্যকরী হওয়া সত্ত্বেও এর ভিতরে অনেক ত্রুটি আছে। অনেক কলকারখানাতে এখনও কর্মীরা তার সুযোগ পায় না। বিশেষ করে কলকাতার পূর্ব প্রান্তে যেসব ফ্যাক্টরিগুলি আছে সেখানকার বহু কর্মী, যারা নাকি পার্মানেন্ট হয়েও রয়েছে ৫।৭ বৎসর ধরে, তারাও এই প্রভিডেন্ট ফান্ডের সুযোগ পাচ্ছে না। এ বিষয় যদি একটা এনকোয়ারি হয় তা হলে আমার মনে হয় ভাল হয়। এমপ্লয়ীজ স্টেট ইন্সিওরেন্সএ কর্মীদের চিকিৎসার ব্যবস্থা রয়েছে, বিভিন্ন প্রতিষ্ঠান এর জন্য সাবস্ক্রিপশন দেয় এবং কর্মিগণ এর সুযোগ পেতে পারে। কিন্তু এটিকে আরও ভাল করা উচিত। চিকিৎসার সুযোগ এখনও হাসপাতালে তেমন হয় নি। এটা যাতে আরও ভাল হয় সেদিকে দৃষ্টি দিতে আমি অনুরোধ করছি। স্যার, মাননীয় মন্ত্রি-মহাশয় গত অধিবেশনে যখন দোকান কর্মচারী বিল এনেছিলেন, সেই সময় তিনি দোকান কর্মচারীদেরও ফ্যাক্টরি অ্যাক্টের সুযোগ-সুবিধা দিতে চেষ্টা করেছিলেন। তাঁকে আমি আজ স্মরণ করিয়ে দিতে চাই যে, আজও কলকাতার পূর্ব প্রান্তে, বিয়ন্ড ট্যাংরা অঞ্চলে, কতগুলি ফ্যাক্টরি আছে যারা ফ্যাক্টরি অ্যাক্টের বিধানগুলি লঙ্ঘন করে চলেছে বিনা বাধায়, তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা আজও অবলম্বন করা হয় নি। ইস্ট ক্যালকাটার ট্যাংরা অঞ্চলে রবার ফ্যাক্টরি-গুলি আছে- এখানে একটিও ক্যান্টিন নেই। আমাদের ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্টএ আছে প্রত্যেক ফ্যাক্টরিতে ক্যান্টিন থাকবে এবং তার ম্যানেজমেন্ট শ্রমিকদের উপর থাকবে। এখানে কোন ওয়ার্কারএর সার্ভিস কার্ড নেই এখানে কোন পার্মানেন্সির বালাই নেই। ২৪ দিন কাজ করলে পার্মানেন্ট হয় এখানে ৫।৭ বছর কাজ করছেন তবুও এমন লোক পার্মানেন্ট হয় না—পার্মানেন্ট হওয়া নির্ভর করে মালিকের মর্জির উপর এবং ২৪০ দিন যখন পূর্ণ হয় তখন কার্ডগুলি নিয়ে আবার টেম্পোরারি করে দেওয়া হয়। এ সমস্ত অভিযোগ আমি করেছিলাম, কিন্তু এখনও পর্যন্ত কিছুই হয় নি। এইসব রবার ফ্যাক্টরিতে কোন অ্যানুয়াল ভেকান্সি করা হয় না -এখানে কোন সিক লীভ নেই—কোনরকম লীভ সিস্টেম নেই। গভর্নমেন্টের স্ট্যান্ডিং অর্ডারসএর কোন বালাই এখানে নেই অথচ গভর্নমেন্টএর স্ট্যান্ডিং অর্ডারস অ্যাক্ট রয়েছে—অ্যাপ্রুভড স্ট্যান্ডিং অর্ডারস রাখতে হবে। এখানে সেটা রাখা হচ্ছে কিনা শ্রমমন্ত্রী মহাশয় যদি অনুসন্ধান করে দেখেন ভাল হয়। এখানে আর একটা কথা রাখতে চাই। অল্প পয়সায় চাইল্ড লেবার অ্যাপয়েন্ট করে যারা ফ্যাক্টরি অ্যাক্টএর এগেনস্টএ যায়, ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট তারা কিভাবে ভায়োলেট করে দু'-একটা কথা সে সম্বন্ধে বলব। ওয়ার্কস কমিটি করা বাধ্যতামূলক। কিন্তু কোন ফ্যাক্টরিতেই তা নেই। ট্যাংরা ন্যাশনাল রবার ফ্যাক্টরি একটি বড় ফ্যাক্টরি -গভর্নমেন্টের কাছ থেকে টাকা নেয় সেখানে একটা ওয়ার্কস কমিটি রাখা হয়েছে কমিউনিস্ট ইউনিয়ন তাদের সঙ্গে আঁতাত করে কাজ চালাচ্ছে। ওখানে আর একটা ইউনিয়ন হয়েছে—তারা বার বার গভর্নমেন্টকে জানিয়েছেন, কিন্তু তা সত্ত্বেও কোন ইলেকশন সেখানে হচ্ছে না। লে অফএর যেসমস্ত সুযোগসুবিধা পাওয়া উচিত—প্রায়ই তো মালিক কর্মীদের ছাঁটাই করেন, কিন্তু লে অফএর কোন সুযোগ তারা পায় না। এখানে সেকসন ২৫ যেটা আছে তার কিছুটা সংশোধন করা উচিত যাতে তারা এসব পেতে পারে। সেকসন ৩৩, যেটা আছে অনেক ফ্যাক্টরি এটা ভায়োলেট করছে—এ বিষয়ে ব্যবস্থা করা উচিত মনে করি। তারপরে এই সব ফ্যাক্টরি কর্মীদের যে মাইনে দেওয়া হয় তা যৎসামান্য, লিভিং ওয়েজ দেওয়া হয় না—যা দেওয়া হয় তাতে শ্রমিকদের পক্ষে কাজ করা একেবারেই সম্ভব নয়—তাদের কোন স্কেল অফ পে নেই। কোন পার্মানেন্সির ব্যবস্থা নেই এবং তারা পীস সিস্টেমএ কাজ করে এই রবার ফ্যাক্টরিগুলিকে বিশেষ করে যেসমস্ত ফ্যাক্টরি রবার সীট, হোস পাইপ প্রস্তুত করে এদের মিনিমাম ওয়েজেস অ্যাক্টএর মধ্যে আনা যায় কিনা এ বিষয় চিন্তা করা দরকার। এখানকার

কর্মীদের বিপদ হচ্ছে এরা মাইনে বাড়ানোর দাবি করলে সঙ্গে সঙ্গে এদের চাকরি চলে যায়। কাজেই এগুলি সপর্কে বিশেষ দৃষ্টি দেওয়ার প্রয়োজন আছে। আজকে সরকার গত জানুয়ারি মাসে একটি প্রস্তাব করেছিলেন ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলুশন অনুযায়ী তার লাস্ট লাইনএ আছে—

The Government should further take measures so as to ensure that no case of retrenchment, discharge or dismissal may take place without the prior approval.

এটি দুঃখের বিষয় যে, গভর্নমেন্টের গৃহীত প্রস্তাব কি আজও কোনভাবে কার্যকরী হয় নি। কিভাবে শ্রমিক ছাটাই হচ্ছে, আমার পূর্ববর্তী বক্তা মাননীয় ডাঃ মৈত্রেয়ী বসু তার অনেক উল্লেখ করেছেন এবং আরও অনেকে উল্লেখ করেছেন। আজও আমাদের টাংরা অঞ্চলে যেসমস্ত রবার ফ্যাক্টরির কথা বলেছি, মাননীয় শ্রমমন্ত্রী একটি ফ্যাক্টরির কথা আগেই বলেছিলেন যেখানে এই-সমস্ত জিনিস আজও চলছে। স্যার, আজকে জরুরি পরিস্থিতিতে প্রত্যেক জায়গায় শ্রমিকদের মধ্যে শান্তিরক্ষার কথা বিরোধীপক্ষ থেকে বলা হয়েছে। কিন্তু এখানে শ্রমিকদের মধ্যে কিরকম বিভেদ সৃষ্টি করা হয় তার একটা দৃষ্টান্ত দিই, ইন্ডিয়ান অক্সিজেন কোম্পানি একটা বড় কোম্পানি -এর একটা ইউনিয়ন আছে—আমাদের মাননীয় জ্যোতি বসু মহাশয় তার প্রেসিডেন্ট। তাঁর গ্রেপ্তারের পরে এখানে অকমিউনিস্ট কর্মীরা অন্য ইউনিয়ন করবার চেষ্টা করছেন—আজকে এইসব কর্মীদের বেঁচে থাকা বিপদজনক হয়ে পড়েছে। বেলেঘাটায় যে ব্র্যাঞ্চ আছে, আমার কাছে রিপোর্ট এসেছে সেখানকার শ্রমিকদের ফ্যাক্টরির ভিতর এবং রাস্তায় আক্রমণ করা হচ্ছে, আজ পর্যন্ত তারা এই বিষয়ে কোন প্রতিকার পায় নি। এই বিষয়ে যদি গভর্নমেন্ট কোন কার্যকরী পন্থা অবলম্বন করেন তা হলে আমার মনে হয় এই সমস্ত অপচেষ্টা বন্ধ হবে। তা না হলে এই সমস্ত কার্যের দ্বারা যুদ্ধপ্রচেষ্টা ব্যাহত হবে। এই বলে আমি এই ব্যয়বরাদ্দের দাবি সমর্থন করছি।

[2—2-10 p.m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, প্রথমেই আমি দু'একটি সাধারণ কথার প্রতি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব। শ্রমমন্ত্রী মহাশয় এই হাউসের সামনে গতবার বক্তৃতার সময় এই আসুরেন্স দিয়েছিলেন যে, বাংলাদেশে যাতে ন্যূনতম বেতন ১০০ টাকা করা হয় সেইটে তিনি দেখবেন এবং সেই মর্মে বিভিন্ন শ্রমিক সংস্থার প্রতিনিধিদের সঙ্গে বসে এই ব্যাপারে কি করা যায় তিনি সেটা দেখবেন। কিন্তু তাঁর উদ্বোধনী বক্তৃতায় আমরা সে রকম কোন আভাষ পেলাম না এই পর্যন্ত তিনি কতদূর অগ্রসর হয়েছেন। ২নং ব্যাপার যেটা মাননীয় নরেন সেন মহাশয় রেখেছেন সেটা হচ্ছে এই আইনসভা ভবনে এক সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করে বলা হয়েছে রিট্রেঞ্চমেন্ট কি ডিসচার্জ কি ডিসমিসাল ইত্যাদি ব্যাপারে মালিকেরা যাতে একতরফাভাবে কিছু না করতে পারেন সেই ব্যবস্থা সরকারের তরফ থেকে যেন করা হয়। এই সর্বসম্মত প্রস্তাবকে কার্যকরী রূপ দেবার জন্য আমরা কিছুদিন আগে কাগজে দেখেছিলাম একটা ড্রাফট বিল প্রস্তাবাকারে লেবার ডিপার্টমেন্ট-এ পড়ে আছে। আমরা একথাটা পরিষ্কারভাবে বলতে চাই এই আইনসভা ভবনে গৃহীত প্রস্তাবের পূর্ণ মর্যাদা যেন শ্রমবিভাগ দেন এবং মাননীয় শ্রমমন্ত্রী তা যেন করেন। এটা শুধু জরুরী অবস্থার প্রশ্ন নয়, যখন জরুরী অবস্থা ছিল না তখনকার অবস্থা যদি আমরা আলোচনা করি তাহলেও আমরা দেখতে পাই যে, মালিকরা একতরফা ভাবে বিভিন্ন বিষয়ে বিভিন্ন রকম কাজ করে এসেছেন যাতে শ্রমিকদের অবস্থা অসহনীয় হয়ে উঠে এবং যার ফলে শিল্পে শান্তি ব্যাহত হবার সম্ভাবনা বেড়ে উঠে। শিল্পে শিল্পে শান্তির উদ্দেশ্যে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস যে আইন তৈরী হয়েছে সেই আইন সম্বন্ধে একটা কথা বলা দরকার—আজকে কোর্টের বিভিন্ন ভাষ্যের চোটে এমন এক অবস্থা এসে গিয়েছে যে এই আইনের সুযোগ নিয়ে শ্রমিকদের রিলিফ দেবার কোন ব্যবস্থা থাকছে না। ইন্ডিভিজুয়াল কেস, ইন্ডিভিজুয়াল ডিসপিউট, কলেকটিভ ডিসপিউট, অনেক ক্ষেত্রে আবার ডিসমিশাল কেস বা ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট-এ পড়ে—এগুলি আজকে এমন একটা অবস্থায় এসে পৌঁছেছে যাতে করে সুবিচার

শ্রমিকেরা এই আইনের মধ্যে থেকে পাচ্ছে না। সেই জন্য আমি সরকারকে বলছি অবিলম্বে ইন্ডাস্ট্রিয়াল আইন যাতে সংশোধন করা হয় তার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে তাঁরা তাঁদের বক্তব্য ভাল করে রাখুন, কারণ আমরা অভিজ্ঞতা থেকে বুঝতে পারছি যে, ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্টের স্কোপ অনেক কমে গিয়েছে। খুব দ্রুত যাতে বিচার ও মীমাংসা হয় সেটাই এই অ্যাক্ট-এর উদ্দেশ্য ছিল, কিন্তু বছরের পর বছর ডিসপিউট ঝুলছে এরকম বহু কেস আছে এবং তা শ্রমদপ্তরের কাছে দেওয়া হয়েছে। শ্রমমন্ত্রী মহাশয়ও এটা জানেন যে, ট্রাইবুনাল-এ বছরের পর বছর কেস ঝুলছে ১৯৫৭ সালের কেস আজও একই অবস্থায় চলছে। এই দীর্ঘসূত্রতা দূর করার দরকার, তা না হলে ইন্ডাস্ট্রিয়াল আইনের উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে। তারপর, শ্রমিক শ্রেণীর সাধারণ অবস্থা সম্বন্ধে এই হাউসের কাছে আমি কয়েকটি কথা রাখতে চাই—সেটা হচ্ছে মাননীয় শংকরদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন উৎপাদন বেড়েছে, সরকারের বিভিন্ন পুস্তিকাতে যে হিসাব দেওয়া হয়েছে, তাতেও পরিষ্কারভাবে স্বীকৃত হয়েছে যে, উৎপাদন প্রচুর বেড়েছে, এমার্জেন্সীর জন্য আরো বেড়েছে। অন্য দিকে লক্ষ্য করলে দেখা যায়, কস্ট অফ লিভিং ইন্ডেক্স বেড়েছে। যদি ১৯৫৬ সালকে বেস ইয়ার ধরা হয় তাহলে উৎপাদনের পরিমাণ ১৫২ ভাগ বেড়েছে দেখা যায়। অন্য দিকে কস্ট অফ লিভিং ইনডেক্স এর ক্ষেত্রে যদি দেখি ক্যাপিটাল-এর হিসাব থেকে, তাহলে দেখা যাবে মিডল ক্লাস-এর কস্ট অফ লিভিং ইনডেক্স ১৯৪৯ সালকে বেস ইয়ার ধরে ৪৮০ হয়, এবং আমাদের শ্রমদপ্তরের হিসাব থেকে বলতে পারা যায় ওয়ার্কারদের কস্ট অফ লিভিং ইনডেক্স ৪২২তে এসে উপনীত হয়েছে। কিন্তু ওয়েজ ঠিক সেই হারে বাড়ে নি। এর ফল কি হয়েছে? এর ফলে শ্রমিকদের প্রকৃত আয়, শ্রমিকদের জীবনযাত্রার মান নীচু হয়ে গিয়েছে, প্রকৃত আয় কমতে কমতে গিয়েছে। ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন-এর সবচেয়ে বড় কথা হোল্ডিং অফ প্রাইস লাইন। আমি জরুরী অবস্থার কথা বলছি না, আজকে পার্মানেন্ট ফিচার হিসাবে আমাদের দাবি হবে হোল্ডিং অফ প্রাইস লাইন। জিনিসের মূল্য যদি ক্রমাগত বাড়তে থাকে এবং ওয়েজ যদি সেই হিসাবে না বাড়ে তাহলে শ্রমিকদের বা যারা কর্মচারী তাদের জীবনযাত্রার মান উন্নত হতে পারে না। এই প্রসঙ্গে একটা কথা রাখতে চাই, আজকে দেশে শ্রমিকদের কমপোজিশনও বদলে যাচ্ছে। অনেক মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত ঘরের ছেলেরা আজকে দিনমজুরী করে খাচ্ছে। এটা একদিক থেকে উন্নতির লক্ষণ সন্দেহ নাই। দেশের মানুষ আজ আভিজাত্য নিয়ে বসে নাই। চাপে পড়ে আভিজাত্য গুঁড়িয়ে যাচ্ছে। কিন্তু তবু মানুষ লেখাপড়া শিখে যেভাবে জীবিকানির্বাহ করে সেদিক থেকে যদি বিচার করা যায়, তাহলে একটা কথা স্বতঃই আসে, ওয়েজ বাড়ানোর প্রশ্ন সবচেয়ে বড় করে দেখা দেয়।

[2-10—2-20 p.m.]

ইকনমিক সার্ভে কমিটি রিপোর্ট কেন্দ্রীয় সরকারের যে ইকনমিক সার্ভে রিপোর্ট বার বার বলা হয়েছে যে আমাদের পার ক্যাপিটা ইনকাম অ্যাট কারেন্ট প্রাইস হোল ১৩২ টাকা। এবং সেই সার্ভে কমিটির রিপোর্ট-এ এটা প্রকাশ হয় যে পার ক্যাপিটা ইনকাম অ্যাট ১৯৪৮-৪৯ প্রাইস সেটা হচ্ছে ১১৭·৫। কি রকম আমাদের পার ক্যাপিটা ইনকাম চলে যাচ্ছে সেটা সাধারণ-ভাবে এর থেকে বুঝতে পারা যাবে। এবং পার ক্যাপিটা ইনকাম হচ্ছে গড়। সুতরাং সাধারণ শ্রমিক এবং কর্মচারী মাথাপিছু ইনকাম আজকে কোথায় গিয়ে পৌঁছেছে সেটা আরও পরিষ্কার হয়ে যাবে যে ১১৭·৫-এর কত নীচে এবং এইভাবে সেটা পরিষ্কারভাবে ধরা পড়বে। আমি আগেই বলেছি যে শ্রমিক শ্রেণীতে অনেক জায়গায় মধ্যবিত্ত ঘরের ছেলেরা মিডিলক্লাস ঘরের ছেলেরা—যারা ক্রস সেকশান অফ মিডল ক্লাস তাদের বেতন কি আয় কি সেটা আমি আপনার কাছে একটু রাখতে চাই। রিক্সাপুলার তার মাসিক আয় ৭৫ টাকার মতন। একটা পুলিশ কনস্টেবল তার মাসিক সর্ব সমেত ১০৯ টাকার মত। প্রাইমারী স্কুল টিচার তার মাসিক আয় সাড়ে বাষট্টি টাকা। সেকেন্ডারী স্কুল টিচার তার মাসিক আয় ১৬০ টাকা। ক্লার্ক ইঞ্জিনীয়ারিং শিল্পে প্রায় ৬৫ টাকার মত এবং তার সঙ্গে ডি এ ৫১ টাকা যুক্ত করতে হবে। জুটে ৬০ টাকা তার সঙ্গে যুক্ত করতে হবে ৩৭ টাকা। পেটি সপকিপার ১৫০ টাকা। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের [illegible] বেতন ১২৫ টাকা। নিম্ন বেতন ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের সাব স্টাফ তারা পান ৬০ থেকে ৬৫ টাকার মত। এই হচ্ছে বাংলাদেশের চিত্র, এই অবস্থা থেকে

বোঝা যাবে চাকুরীর নিরাপত্তা না থাকার সেখানে নিশ্চয়তা যথেষ্ট আছে। বৃদ্ধ বয়সে পেন্সন বা ভাতা এ সম্বন্ধে আজ পর্যন্ত সরকার তরফ থেকে কিছু হয় নি। এই গেল যারা চাকুরী করছে তাদের অবস্থার কথা। অন্য দিকে যারা বেকার সেই বেকার বাহিনীর সংখ্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে যে রিপোর্ট দিয়েছেন তার সংগে রাজ্যসভায় এক প্রশ্নের যা উত্তর দিয়েছেন তার সংগে তফাৎ আছে। রাজ্যসভায় তিনি জানিয়েছেন একটা প্রশ্নের উত্তরে যে আমাদের দেশের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের লাইফ রেজিস্ট্রার থেকে যে ৪ লক্ষ ৫৩ হাজার ২০৩ জন বেকার। এবং এডুকেটেড বেকারীর সংখ্যা হচ্ছে ১ লক্ষ ১০ হাজার ২৮৭। এইভাবে বেকার বাহিনী দিনের পর দিন বেড়ে যাচ্ছে। অন্য দিকে চা-বাগানে সেখানেও বেকারের সংখ্যা দিন দিন বেড়ে যাচ্ছে। কিন্তু কি করে এই বেকার বাহিনীকে কাজ দেবেন তা জানি না। একদিকে আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন শিল্পের মালিকরা যে সমস্ত চালু শিল্প আছে সেখানে তারা শ্রমকে সংকুচিত করছেন। ১৯৫৯ সাল থেকে যদি এইগুলির হিসাব ধরা যায় তাহলে দেখা যাবে যে এক চা-বাগানেই এই শিল্পে ২৯ হাজার লোকের কর্মসংস্থান দেওয়া হয়েছে। অন্যান্য শিল্পের অবস্থাও তাই। এই অবস্থায় আজকে যে রকম শিল্পে শ্রমের সংকোচন ব্যাপক হচ্ছে তখন সেখানে শ্রমিক নিয়োগের অবস্থা কি হবে সেটা বোঝা যাচ্ছে অন্য দিকে নূতন শিল্প গড়ার যে সম্ভাবনা তাও নেই। বিভিন্ন চেম্বার অফ কমার্স বাজেট থেকে যেটুকু আভাস পাওয়া গেছে তার মধ্যে তারা একথা বলেছেন যে শিল্প গড়ে তোলার সম্ভাবনা এখানে কম। সেইজন্য আমি বলছি যে আজকে শিল্প নীতির আমূল পরিবর্তনের কথা ভাবতে হবে যাতে শ্রমিক নিয়োগ এবং উৎপাদন ব্যবস্থা বৃদ্ধি পায় তার কথা সরকারকে চিন্তা করতে হবে। কারণ তা না হলে বিপদ সমূহ। যত রকম শিল্পে শান্তি চুক্তির কথা বলা হোক না কেন সেটা কাগজপত্রে থাকবে এবং শিল্পে শান্তির সমাধান আইন সভায় হবে না, রাস্তায় হবে।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের শ্রমমন্ত্রী তাঁর প্রারম্ভিক ভাষণে যে বরাদ্দ মঞ্জুরী চেয়েছেন তার মধ্যে তিনি অনেকগুলি মৌলিক তথ্য উপেক্ষা করে গেছেন হয়তো জেনেই উপেক্ষা করেছেন এটা আমরা ধরে নেবো। প্রথম কথা হচ্ছে গত বছর আমাদের এই রাজ্যের বেকারীর যে অবস্থা ছিল এ বছর কি তার চেয়ে অবস্থা উন্নত হয়েছে। সে সম্বন্ধে তিনি কোন বিবৃতি আমাদের এখানে দিলেন না। গত বছর আমরা জানি যে বাংলাদেশের রেজিস্টার্ড আন-এমপ্লয়য়েডের সংখ্যা ছিল ৩ লক্ষ ১৫ হাজার ৬৪৭। সেটা শ্রমমন্ত্রী মহাশয় তাঁর রিটেন অ্যানসারেই বলেছিলেন সেটা হচ্ছে গত বছর এপ্রিল মাসের ফিগার আর এ বছরের ডিসেম্বরের ফিগার হচ্ছে ৪ লক্ষ ৩৫ হাজার ২৩ জন যে কথা মাননীয় ননী ভট্টাচার্য মহাশয় এই মাত্র বললেন তাতে দেখা যাচ্ছে প্রায় ১ লক্ষ ৪০ হাজারের উপর রেজিস্টার্ড আনএমপ্লয়েড নথিভুক্ত বেকার মানুষ হয়েছে বাংলাদেশে—এখন মনে রাখা দরকার এই যে আমাদের দেশের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে যে ফিগারগুলো পাই তা আদৌ নির্ভরযোগ্য নয়। আজকে এটা দলবাজীর কথা নয়—অর্থনীতির ছাত্র হিসাবে আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই যে পৃথিবীর অন্যান্য দেশে ওয়েস্ট জার্মানী, ইংল্যান্ড, জাপান, ইটালী ইত্যাদি জায়গায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে লাইভ রেজিস্ট্রারে যে য়েন্ট্রিগুলো থাকে, যে ফিগার দেখানো হয়, সেটা ডিপেন্ডেবল। কেননা সেখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে গিয়ে বেকার যুবক বেকার নারী তারা নাম রেজেস্ট্রী করালে তারা একটা ভাতা পায়, সুতরাং তারা গরজেই তাদের নাম রেজেস্ট্রী করে। কিন্তু আমাদের দেশে তা নয়। টাটাজ কোয়াটারলী ফিগার যেটা বেরোয় তাতে তারা যা বলছেন সেটা মোটেই নির্ভরযোগ্য নয় এবং বলছেন

The magnitude of lapsed registration as compared to new registration is very high.

এর একটা ফিগার দিয়ে দেখাচ্ছেন যে ধরুন ১৯৫৭ সালে লাইফ রেজিস্ট্রারে যে সংখ্যা ছিল ১৯৫৮ সালে দেখা যাচ্ছে যে ল্যাপ্স করে যাচ্ছে—তার অর্ধেকের বেশী ল্যাপ্স করে যাচ্ছে। এটাই একটা মস্তবড় ফিগার। দ্বিতীয় কথা হচ্ছে বহু লোক যারা নাম রেজেস্ট্রি করে না, যেমন নদিয়া জেলার কল্যাণীতে এমপ্লয়মেন্টে নাম রেজেস্ট্রী করতে হবে, গ্রামাঞ্চলের বা সহরের যারা বেকার যুবক—অর্থাৎ নবদ্বীপ, শান্তিপুর, কেষ্টনগর, রানাঘাটের যুবকরা সেখান থেকে নাম রেজেস্ট্রী করতে পারে না। গভর্নমেন্টের যা ফিগার ১৯৫৭ রেজিস্ট্রেশনের ফিগার একটা সেন্টারে ছিল

১ লক্ষ ৬৮ হাজার ৭৯৭। ল্যাপ্স করেছে ১ লক্ষ ১৬ হাজার ৩৫৮—১৯৫৯ সালে দেখতে পাচ্ছি ২ লক্ষ ২০ হাজার ৩১০ ল্যাপ্স করেছে তার মধ্যে ১ লক্ষ ৯০ হাজার ৭৬৬—১৯৬০ সালে ২ লক্ষ ৯০ হাজার ৮ শত ১৮—এই হচ্ছে ল্যাপ্স—তাহলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ফিগার দিচ্ছে ৪ লক্ষ ৫৩ হাজার—যেটা ননী ভট্টাচার্য মহাশয় বললেন তার সঙ্গে যোগ করুন যারা ল্যাপ্স করে যাচ্ছে তার কি তথ্য আমাদের কাছে দিতে পারেন প্লাস তার সঙ্গে যোগ করুন যারা এসে নাম রেজেস্ট্রী করছে না। কারণ এখানে ভাতার ব্যাপার নেই—যেটা ইউরোপ, মার্কিন রাজ্যে রয়েছে —এখন প্রশ্ন হচ্ছে যে প্ল্যানিং কমিশন বলছেন যদি একটা রিপোর্ট হয় তাহলে দেখা যাবে ১ কোটি ৩৩ লক্ষ লোক বেকার কিন্তু এর সংগে তারা বলছেন অল ইন্ডিয়া ফিগার যেটা চার গুণ করলে তবে হয়তো ভারতের বেকারীর সংখ্যা পাওয়া যাবে। তাহলে দেখা যাবে যে বাংলাদেশে টোট্যাল ফিগার যেটা লাইভ রেজিস্ট্রার থেকে পাওয়া যাচ্ছে, রেজিস্টার্ড আন-এমপ্লয়েড ৫ লক্ষ ৫৩ হাজার তার চার গুণ যদি করা যায় তাহলে হিসাব করে দেখুন প্রায় ১৭।১৮ লক্ষ লোক বাংলাদেশের বেকার। এবং এর সংগে যোগ করতে হবে যাদের ল্যাপ্স হয়ে গেছে—অতএব এমপ্লয়মেন্ট যে ফিগার দিয়েছেন এই ফিগারগুলো ডিপেন্ডেবল ফিগার নয়। এবং দেখা যাচ্ছে যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে জব অ্যানালেসিস হয় না। মালিকপক্ষ তাঁরা বলেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ যে সমস্ত লোক তাদের পাঠান তার সেই সমস্ত ফর্মে গিয়ে দেখা যায় সুটেবল নয়—হয়ত তাদের অভিযোগের মধ্যে কিছুটা সত্য থাকতে পারে—তা যদি থাকে তাহলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে জব অ্যানালেসিস করা দরকার। সেখানে তার নিজস্ব ট্রেনিং সেন্টার থাকা দরকার। আমি বলতে পারি আমাদের দেশের একটা ধারণা আছে যে তৃতীয় পরিকল্পনার শেষে ভারতবর্ষ টেক-অফ পয়েন্টে চলে যাবে—অর্থনীতির একটা শব্দ টেক-অফ পয়েন্ট—বিদেশী অর্থনীতিবিদের রিসেন্ট পাবলিকেসনস রেস্টলেস নেসন্স আমি পড়েছি -

Professor Richard Eckaus of M.I.T. has estimated that in 1950 some 94 per cent. of U.S. labour force required seven years of primary education to be effective in their jobs and some 77 required the equivalent of ten years of schooling. While the figure is much lower for most under-developed countries, it is rising rapidly as they grow. If we were to rely exclusively on the education of school-age children to change our capital stock of educated human beings, an under-developed country with little education in the past which adopted today universal primary education and extensive secondary education would require 30 or 40 years to bring its entire labour force up to the educational levels needed to operate a modern economy.

[2-20—2-30 p.m.]

তাহলে ৩০ থেকে ৪০ বছর আমাদের লাগবে টেক-অফ পয়েন্টে গিয়ে পেঁছুতে। এটা আমি শ্রমমন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই।

তারপর প্রশ্ন হচ্ছে যে, এই যে নোটিফিকেসন অফ ভেকেন্সীজ অ্যাক্ট বার্থ হয়ে গেছে একথা ও তারা স্বীকার করেছেন। কিন্তু আমি এখানে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি এটা সম্পর্কে একটা এনকোয়ারী করুন। আমি এটাকে চ্যালেঞ্জ করে বলছি যে বাংলাদেশের বড় বড় মাড়োয়ারী ফার্ম বিশেষ করে, তাঁরা করছেন গভর্নমেন্টের কোভেনেন্টেড জবস, বড় বড় মিনিস্টারিয়াল জবস সাড়ে তিন শো' টাকার উপর যে সমস্ত পদের মাইনে, তা তাঁরা এখানে বাংলাদেশের কাগজে অ্যাডভার্টাইজ করেন না। তাঁরা বোম্বের কাগজে সেগুলি অ্যাডভার্টাইজ করছেন। আপনারা এ সম্পর্কে তদন্ত করুন। তাহলে দেখা যাচ্ছে বোম্বের কাগজে অ্যাডভার্টাইজ হচ্ছে, বাংলাদেশের চাকরীর আসন পূর্ণ হবে। আর বাংলাদেশের শিক্ষিত যুবকেরা চাকরী পাচ্ছে না। সুতরাং এ সম্পর্কে আপনাদের তদন্ত করা দরকার। বাংলাদেশের যুবকরা সেখানে চান্স পাচ্ছে না।

দ্বিতীয় প্রশ্ন হচ্ছে এই আমাদের দেশে দেখা যাচ্ছে যেখানে ইন্ডাস্ট্রি গড়ে উঠছে সেখানে আপনারা তাঁদের ইলেকট্রিসিটি সাপ্লাই করছেন, রাস্তাঘাট তৈরী করে দিচ্ছেন, তাঁদের ঐ ল্যান্ড অ্যাকোয়ার করে দিচ্ছেন, সব আপনারা তাঁদের জন্য করে দিচ্ছেন। কেন আপনারা তাঁদের বাধ্য

করবেন না স্থানীয় লোকদের চাকরী দিতে? এটা আপনাদের আইনের মধ্যে আছে, এটা কোন রকমে সংবিধানের ও আইনের কোন রকম ইনফ্রিঞ্জমেন্ট হবে না। আমি এরজন আইনজীবী হিসেবে বলে যাচ্ছি এবং আমার মনে হয় বাংলা সরকারের একটা দায়িত্ব রয়েছে এ বিষয়ে, কেন না—

compulsion under the Notification of Vacancies Act

এখানে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে একটা ঘটনা, একটা মর্মন্তুদ চিত্র তুলে ধরছি। আমি পড়ছি—

Commission for Legislation on Town and Country Planning Report

ডিসেম্বর মাসের একটা রিপোর্ট তাঁরা সাবমিট করেছেন, সেখানে দেখুন বাংলাদেশের চিত্র কি! ও'রা বলছেন—

In a large number of industries and services as much as 75 per cent. of the employees are migrants, manning not merely the jute and cotton mills, dairy farms, sanitary and plumbing work, food processing industries, leather works, brick kilns, transport services, etc., but also doing the humbler jobs of porters, cobblers, milkmen, carters, boatmen, cooks, policemen, durwans, peons, sweepers, rickshaw pullers, thelawallas, etc. The problem created by these migrants is not, as the Census Report of 1951 says, their enjoyment of "quite a big share of the state's cream of amenities by way of municipal services, good roads, good houses, water, electricity, public health service, education, hospitals, sewerage and many other blessings peculiar to town life in India", but the fact that by monopolising so many of the industrial jobs and services from beforehand and pushing forward the claims of their close relations or co-villagers whenever vacancies occur, they are forcing the people born in the state to take to the unproductive parasitic work of petty trade where they earn a precarious living, if they can, by filching the custom or clientele of a fellow trader who is almost as impecunious as he.

এইভাবে তাঁরা বলেছেন যে

Such sub-marginal living is a menace to the city's health in various ways and a stumbling block to the natural born citizen who wants to be absorbed in skilled or unskilled work.

এই হচ্ছে বাংলাদেশের চিত্র। এ ছাড়া মুখ্যমন্ত্রী মহাশয় গত বছর এই হাউসের কাছে বলেছিলেন যে পূর্ব বাংলা থেকে ৪৫ লক্ষ উদ্বাস্তু ভাইবোনেরা এখানে এসেছেন এবং এইভাবে প্রত্যেকটা রাজ্য থেকে যাঁরা এসেছে, তার পার্সেন্টেজের সম্বন্ধে টাউন প্ল্যানিং কমিটি রিপোর্ট-এ তাঁরা বলেছেন ওয়ান-ফিফ্থ অফ দি টোটাল মাইগ্রান্ট পপুলেশন হচ্ছে এরা। এই হচ্ছে বাংলার চিত্র। তারপর বাংলাদেশের মানুষ যাবে কোথায়? এটা কোন প্রাদেশিকতার প্রশ্ন নয়। কেন না আমি বলছি--প্রফেসর নির্মল বোসের লেখা উদ্ধৃত করেছি এবং আমাদের পরলোকগত শ্রদ্ধেয় রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্র প্রসাদের বক্তৃতার উল্লেখ করে তিনি বলেছেন ডাঃ রাজেন্দ্র প্রসাদ সম্বন্ধে বলছেন

Indian National Congress in 1939 had to consider the claims of the people of any particular province for a larger share in the public services and other facilities within the province. He said, Dr. Prasad said, in his report that "it is neither possible nor wise to ignore these demands and it must be recognised that in regard to services and like matters the people of a province have a certain claim which cannot be overlooked".

সুতরাং এটা আমার দলের কথা নয়, কোন বিরোধী দলেরও কথা নয়, এটা ডাঃ রাজেন্দ্র প্রসাদ তিনি কংগ্রেসের কাছে এই প্রস্তাব রেখেছিলেন এবং কংগ্রেসও সেই প্রস্তাব মেনে নিয়েছেন।

আমরা জানি কেন্দ্রীয় সরকারের কাছে একটা প্রস্তাব বিবেচনাধীন ছিল যে সাড়ে তিন শো' টাকার উপর যে সমস্ত পোস্টের স্যালারি হবে, সেগুলি ছাড়া বা তার নীচে যে চাকরী থাকবে যে রাজ্যে সেই ফার্ম থাকবে, সেই রাজ্যের অধিবাসীদের সেই চাকরী দিতে হবে। বাংলাদেশে যদি আপনারা স্থানীয় লোককে চাকরী না দেন, তাহলে বাংলাদেশের বেকার সমস্যা কিছুতেই সমাধান করতে পারবেন না—যতই আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় স্ট্যাটিসটিক্স বিশারদ হন না কেন! মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যিনি আমাদের স্ট্যাটিসটিক্স বিশারদ, তিনি কথায় কথায় বলেন বাংলায় ডেনসিটি অফ পপুলেশন হচ্ছে ১,০৪৯ জন। তা আমরা জানি, একথা বার বার আমাদের কাছে বলে লাভ নেই। কিন্তু কেন এই ডেনসিটি অফ পপুলেশন বেড়ে যাচ্ছে—বেড়ে যাচ্ছে এই জন্য যে ইমিগ্রান্ট পপুলেশন বেড়ে যাচ্ছে, মাইগ্রান্টের সংখ্যা বেড়ে যাচ্ছে। সুতরাং আপনি বাংলা দেশে যত শিল্পই করুন না কেন, তাতে শুধু বাংলার কোন উপকারে আসবে না। কেন না, বাংলাদেশের স্থানীয় লোকরা যদি সেখানে অ্যাবজর্ব না হতে পারে, চাকরী যদি না পান। এই সঙ্গে মনে রাখা দরকার যে আমাদের অর্থমন্ত্রী, যিনি বড়াই করে বলে গেলেন যে বাংলাদেশের গ্রামে গ্রামে শিল্প চাই, এবং মাননীয়া মন্ত্রী তরুণকান্তি ঘোষ মহাশয় খুব ন্যায়সংগত ভাবে একটা স্বীকারোক্তি করে গেলেন বাজেটের জবাব দিতে উঠে—তিনি বললেন বাংলাদেশে সত্যি পাওয়ার ফেমিন রয়েছে এবং তিনি বলেছেন আজকে শিল্প আমরা চাইলেও, তা করতে পারবো না পাওয়ার-এর অভাবে। তাই আমি মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনাকে বলতে চাই—

Bengal is going to lag behind not because of lack of enterpreneural initiative, not because of lack of skilled labour, not because of lack of technical know-how personnel, not because of lack of leadership, not because of lack of able-bodied Bengalees coming forward, but because of acute shortage of power and to quote or borrow the expressions of Her Excellency the Governor of West Bengal, there is acute power famine in this State.

তা যদি বাংলার চিত্র হয়, তাহলে আপনারা কোথায় শিল্প করবেন, কোথায় বাঙ্গালীকে চাকরী দেবেন। সুতরাং বাংলাদেশের চিত্র একটা অত্যন্ত ডিসম্যাল পিকচার, গ্লুমি পিকচার, এখানে আমাদের কোন ভবিষ্যৎ নেই। কিন্তু প্রশ্ন হচ্ছে এই বিপদের মুখে দাঁড়িয়েও আমরা তো একটা নূতন বলিষ্ঠ নীতি নিতে পারি। আজ যদি কৃষির সঙ্গে শিল্প এবং শিল্পের সঙ্গে শিক্ষা—যদি একটা মূল নীতি না নিতে পারে তাহলে কখনও এই সমস্যা সমাধান হতে পারে না। গ্রামে যে বিরাট বেকার সমস্যা দেখা দিয়েছে, সে সম্বন্ধে আপনারা একেবারে উদাসীন। গ্রামের মানুষ অত্যন্ত অসহায়ভাবে দিন কাটাচ্ছে। আমি বলছি এইগুলি আপনাদের করা উচিত। প্রত্যেক পঞ্চায়েৎকে এই ভাইটাল স্ট্যাটিসটিক্স-এর সেন্টার করা উচিত। কেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে লোক আসবে? পঞ্চায়েতে গিয়ে এঁরা সমস্ত স্ট্যাটিসটিক্স সংগ্রহ করে আনতে পারেন, এবং সেটা করা উচিত। এইভাবে তাহলে বাংলাদেশের কাছে আপনারা একটা নূতন চিত্র রাখতে পারেন। আমি সেদিন কৃষিখাতে আলোচনা করবার সময় বলেছিলাম যে বাংলাদেশে যদি আপনারা জুট প্রসেসিং করতে পারেন, বাংলার গ্রামে, গ্রামে যেখানে যে জুট প্রোডিউস হচ্ছে, তৈরী হচ্ছে, তাহলে বাংলার

rural economy will be revolutionised, I can predict.

কিন্তু সেদিকে আপনাদের দৃষ্টি নেই, আপনারা তা করবেন না। আমি গত বছরে বাজেট আলোচনার সময় একটা নূতন প্রবলেম-এর কথা উল্লেখ করে ছিলাম। আজকে দেখছি সেটা আন্ডার ইনভয়েসিং হয়ে গিয়েছে। আজকে দেখছি সেটা অ্যাডমিটেড হয়ে গিয়েছে। এবং এই আন্ডার ইনভয়েসিং সম্বন্ধে এই কথাই বলতে চাই, যা সেদিন ভিভিয়ান বোস কমিটির রিপোর্টে বেরিয়েছে। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি যে বাংলাদেশের গুণনিধি ডালমিয়া কোম্পানীর জুটমিল আছে। এই জুটমিলকে এক্ষণই সিজ করুন। একটা হল লোধিয়ান জুটমিল, এরা ২ লক্ষ ৯৬ হাজার ৯২৫ টাকা ফাঁকি দিয়েছে, এবং আর একটা হল অ্যাবলিয়ান জুট মিল, এটা ২ লক্ষ ১৪ হাজার ৮৮৫ টাকা ফাঁকি দিয়েছে। এই হচ্ছে ভিভিয়ান কমিটির রিপোর্ট। এইভাবে তারা টাকা ফাঁকি দিয়ে যাচ্ছে, অথচ সরকার তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করছেন না। আমি বসবার আগে কয়েকটা দৃষ্টান্ত রেখে যেতে চাই যে কিভাবে ছাঁটাই হচ্ছে। কিছুদিন পূর্বে আমি যা

মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, সে সম্বন্ধে আবার বলছি। হয়ত আমার সমালোচনার পর তিনি বিরূপ হয়ে আমার কাগজগুলি নিয়ে গিয়ে ছুড়ে ফেলে দিতে পারেন। তবু তাঁকে বলছি—এই নামগুলি লিখে রাখুন। প্রথম হল

Superintendence of company—India (P.) Ltd.

এদের অফিস ৩৫ এজরা স্ট্রীট। দ্বিতীয় কোম্পানী হচ্ছে

Messrs. Bombay Steel Rolling Mills Ltd.

এদেরও কলকাতায় অফিস, এবং সালিমারে এদের হেড কোয়ার্টার্স। আমি আপনাকে আরও নাম বলছি

Octavius Steel Co., Turf Club, Imperial Tobacco Co., Scot and Saxby—

এই কয়েকটি কোম্পানীর নাম আপনার কাছে রাখছি, যারা ব্যাপকভাবে ছাঁটাই করছে। আমি আপনাকে বলছি যে কিছুদিন আগে আমি দেখেছি যে এই টার্ফ ওয়ার্কার্স ইউনিয়ন, যেটা কংগ্রেস স্পনসর্ড, তারা ন্যাশনাল এমারজেন্সী চলা কালে খাদ্যের জাহাজ আনলোড করলো না, সেখানে তাদের বিরুদ্ধে কোন ডি আই রুল অ্যাপ্লাই হল না। সেখানে প্রণব গাঙ্গুলী, যিনি ডক লেবার বোর্ডের মেম্বার, তার বিরুদ্ধে কোন অ্যাকশন নেওয়া হল না। ইউনিয়নের রেজিস্ট্রেশন ক্যানসেল্ড করা হয় নি, তারা অ্যান্টি-ন্যাশনাল কাজ করে যাচ্ছে। অথচ বাংলাদেশের অন্যান্য জায়গায় আমরা দেখছি যখন শ্রমিক তার দাবী নিয়ে কিছু বলতে যাচ্ছে, অমনি সেখানে তাঁরা এগিয়ে যাচ্ছেন, এবং তাদের উপর লৌহ ডান্ডা প্রয়োগ করছেন। মাননীয় শ্রমমন্ত্রী তিনি ত পূর্বে আমাদের ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন ইউনিয়নের কয়েকটি স্ট্রাইক করিয়েছিলেন। তিনিই আবার আজ বলছেন ট্রেড ইউনিয়ন-এর লেবার সম্বন্ধে একটা ফান্ডামেন্টাল পলিশি হচ্ছে যে যেখানে একটা লং স্ট্যান্ডিং এগ্রিমেন্ট রয়েছে, যেখানে একটা প্রচলিত ইউনিয়ন রয়েছে, সেখানে সেই ইউনিয়নকে ডিসটার্ব করবো না। কিন্তু দেখা যায়, হিন্দ মজদুর ইউনিয়ন, দেবেন সেন যার নেতৃত্বে রয়েছেন, সেই দীর্ঘদিনের ইউনিয়নকে তাঁরা ভাঙ্গবার চেষ্টা করছেন। অথচ কংগ্রেসী মন্ত্রীদের যে লেবার ইউনিয়ন, তারা যে এখানে ওখানে স্ট্রাইক করছে, তাদের বিরুদ্ধে কিছু করা হচ্ছে না কোন অ্যাকশন নেওয়া হচ্ছে না। পরিশেষে আমি বলছি আমার বন্ধুদের, যাঁরা দক্ষিণ দিকে রয়েছেন, যে আমার তথ্য যদি ভুল হয় তাহলে আমাকে সংশোধন করে দেবেন। আমার কাছে রিপোর্ট এসেছে সাইন্ড পেপার-এ তাঁরা বলছেন যে ল্যান্সডাউন জুট মিলে, ন্যাশনাল এমারজেন্সী চলা কালে সাড়ে তিন হাজার শ্রমিককে ছাঁটাই করে দেওয়া হয়েছে। টিপসই তাদের কাছ থেকে নেওয়া হয়। এই টিপসই তাদের কাছ থেকে ট্রেড ইউনিয়ন নেতারা নিয়ে, তাঁরা সেটা মালিকের কাছে সাবমিট করে দেন। এখন কোম্পানী বলছে এটা তোমাদের টিপসই, তোমরা রেজিগনেশন লেটার-এর উপর টিপসই করে দিয়েছ, অতএব তোমাদের চাকরী গেল। এইভাবে সাড়ে তিন হাজার লোকের চাকরী চলে গিয়েছে। এবং শোনা যাচ্ছে, আমার কাছে যে রিপোর্ট দিয়েছে, তাঁরা বলছেন যে এর মধ্যে কমিউনিস্ট দলের নেতারা নেতৃত্ব করেছেন। এটা যদি সত্য হয় তাহলে এ সম্বন্ধে তাদের স্টেটমেন্ট হাউসে করা উচিত। কিন্তু এ সম্বন্ধে আমার কোন পজিটিভ নলেজ নেই। আমার কাছে যে চিঠিটা আছে, তাতে তাঁরা বলছেন এই ন্যাশনাল এমারজেন্সী চলা কালে ল্যান্সডাউন জুট মিলের সাড়ে তিন হাজার শ্রমিক ছাঁটাই হয়ে গিয়েছে, এই কংগ্রেসী রাজত্বে। তাই আমি বলছি এ সম্বন্ধে যে চিত্র, এটা সম্পূর্ণ নৈরাশ্যজনক এবং এর সম্মুখীন হতে গেলে যে বলিষ্ঠ সমাজতান্ত্রিক নীতি নেওয়া দরকার, এই পুঁজিপতি সরকার সেই নীতি নিচ্ছেন না।

[2-30—2-40 p.m.]

Shri Panchu Gopal Bhaduri:

ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গের শ্রমনীতি আলোচনা করতে গেলে মনে হয় যেন এঁরা ভারত সরকারের যে শ্রমনীতি তার থেকে একটা আলাদা কিছু করছেন। এই ইন্ডাস্ট্রিয়াল

ট্রেস রেজলিউশনের কথা বলি। যখন জানুয়ারি মাসে সর্বসম্মত প্রস্তাব হল, সেই মালিকদের সংকীর্ণ স্বার্থপরতাকে চিহ্নিত করা হল, তখন সেদিনকার বক্তৃতায়, শ্রমমন্ত্রীর বক্তৃতায়, তিনি একটু মালিক পক্ষের সাফাই করেছিলেন। তাই এত বড় একটা হাতিয়ার থাকা সত্ত্বেও শ্রমিকদের কোন রক্ষা পাবার সুযোগ হল না। তার পরেতেও ছাটাই, ইউনিয়ন লিডারদের ভিক্টিমাইজেশন, লে-অফ, অব্যাহতভাবে চলতে থাকলো। এমন কি প্রচলিত যে আইন, ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট, তার সেকশন ৯(এ) ৪র্থ শিডিউল, যেখানেতে ওয়ার্ক লোড বাড়ালে নোটিফাই করতে হয় সেই দায়িত্ব, সেই বাধ্যতা, সেটাও মালিক পক্ষকে ছেড়ে দিলেন। তাঁরা যেন একটা গ্রিন লাইট পেয়ে গেলেন এবং পেয়ে তাঁরা যা খুসী করতে আরম্ভ করলেন। তা এই দিক থেকে শ্রমমন্ত্রীর এই যে মালিক-ঘেঁষা নীতি সেটা প্রকাশ পেয়েছে। বিশেষ করে যুদ্ধের জরুরী অবস্থার মধ্যে যেটা আমরা দেখতে পেয়েছি, এই হাউসের দুই দিক থেকেই ছাটাই, লে-অফ, ভিক্টিমাইজেশনের যে লিস্ট পেলাম, সেই লিস্টের পুনরুক্তি করতে চাই না, সেই লিস্ট দেখে এটা মনে হচ্ছে যে শ্রমমন্ত্রী এবং শ্রমবিভাগ তাঁরা শ্রমিকদের স্বার্থে চলছেন না। এবং আমাকে একটা শ্রমিক আজই এসে বলছিলেন যে, এই শ্রম এবং কর্মসংস্থান এই মন্ত্রীত্বের নাম বদলে পুঁজি এবং বেকারী মন্ত্রীত্ব এই নামকরণ করলে বোধ হয় ঠিক হয়। কিন্তু একটা অদ্ভুত ব্যাপার দেখুন, মিঃ ডেপুটি স্পীকার, কেন্দ্রীয় যে শ্রমনীতি সেই সম্পর্কে ঐ থার্ড ফাইভ ইয়ার প্ল্যানের ইংরাজী কেতাবের ২৫৩ পৃষ্ঠাতে লেবার পলিসির অ্যাপ্রোচ ও আউটলুক অন ইকনমিক প্রগ্রেস সম্পর্কে বলা হয়েছে। তাতে বলা হচ্ছে যে সমস্ত ইকনমিক প্রগ্রেসের উদ্দেশ্য হচ্ছে যে খুব তাড়াতাড়ি ফুল এমপ্লয়মেন্ট অ্যাচিভ করা। এবং তার সঙ্গে সঙ্গে বলা হচ্ছে এই যে সোসালিস্ট সোসাইটির অবজেক্টিভস নিয়ে যে লেবার পলিসি তাতে ইন্ডাস্ট্রিয়াল অ্যাক্টিভিটির উদ্দেশ্য এই হবে না যে আউটপুট অ্যান্ড রিটার্ন, তার উদ্দেশ্য হবে এন্টায়ার কম্যুনিটির সার্ভিস অ্যান্ড হ্যাপিনেস। এই কথা বলার পরেই ঐখানেই বলা হচ্ছে কয়েকটি প্র্যাকটিক্যাল মেজারের কথা। আমি প্র্যাকটিক্যাল মেজার-গুলির কথা বলছি যে, প্রথম বলা হয়েছে যে প্রত্যেক কারখানায় কোড অফ ডিসিপ্লিন অ্যান্ড গ্রিভ্যান্স প্রসিডিওর চালু করতে হবে। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি কতগুলি কারখানায় শুধুমাত্র মালিক-পক্ষের শাস্তিমূলক স্ট্যান্ডিং অর্ডার ছাড়া উভয়তঃ প্রসে জা এই গ্রিভান্স প্রসিডিওর প্রবর্তিত হয়েছে? না হয়ে থাকলে কেন হয় নি? ২নং মেজারে যে কথা বলা হয়েছে সেটা হচ্ছে যতদূর সম্ভব শিল্পে যেসমস্ত বিরোধ রয়েছে সেগুলি শালিস দিয়ে তাড়াতাড়ি তা সমাধান করা। সেই সম্পর্কে ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশনে, তাতে শ্রমিকদের হরতাল লেখে স্ট্রাইক বন্ধ করে দেওয়া হয়েছিল এবং বলা হয়েছিল, কিন্তু যে মালিকপক্ষ ছাটাই করতে পারবে না, ভিক্টিমাইজেশন করতে পারবে না, লে অফ করতে পারবে না, ইত্যাদি করতে পারবে না এবং সেখানেও ভলান্টারি আর্বিট্রেশনেব উপর জোর দেওয়া হয়েছিল, কিন্তু আমি একটা দৃষ্টান্ত মন্ত্রীমহাশয়ের কাছে দিচ্ছি যে ১১ জন শ্রমিক নেতাকে ভিক্টিমাইজ করা হয়েছে বঙ্গেশ্বর ইউনিয়নে এবং সেখানেতে আমাদের তরফ থেকে ভলান্টারি আর্বিট্রেশনের কথা বলা হয়েছে, কিন্তু মালিক পক্ষ রাজী হয় নি এবং শ্রমদপ্তর কি করছেন তারও আমরা কোন খোঁজ পাচ্ছি না, তৃতীয়তঃ, ওয়ার্কস কমিটিকে এফেক্টিভ ফাংশন করান কথা হচ্ছে। এখন ওয়ার্কস কমিটির ফাংশন করতে গেলে ভিক্টিমাইজড হয়। হিন্দুস্থান মোটর কারখানায় ওয়ার্কস কমিটির ভাইস চেয়ারম্যান এবং আর একজন নেতা ভিক্টিমাইজড হলেন। বঙ্গেশ্বরীতে ওয়ার্কস কমিটির জয়েন্ট সেক্রেটারি এবং আর একজন নেতাকে ভিক্টিমাইজড করা হল। ওয়ার্কস কমিটির নির্বাচন হলেও তা বসে না, এইরকম রিসড়া কটন মিলে দেখা যায় এবং অনেকগুলিতে ওয়ার্কস কমিটির কোন বালাই নেই, এবং এখানে মন্ত্রী মহাশয় কি ব্যবস্থা করছেন জানালে খুসী হব। সোসালিস্ট প্যাটার্ন সম্পর্কে অগ্রসর হবার জন্য ঐ কেন্দ্রীয় লেবার পলিসির মধ্যে বলা হয়েছে জয়েন্ট ম্যানেজমেন্ট কাউন্সিলের কথা। কোথায় জয়েন্ট ম্যানেজমেন্ট কাউন্সিল হয়েছে আমি জানি না, মন্ত্রিমহাশয় জানালে খুসী হব। পঞ্চম, ওয়ার্কার্স এডুকেশন সম্পর্কে কথা বলা হয়েছে। ষষ্ঠ, যেটা সম্বন্ধে আমি বলতে চাচ্ছি রেকগনিশন অফ ট্রেড ইউনিয়ন। ট্রেড ইউনিয়নকে ইন্ডাস্ট্রিয়াল ডিমোক্র্যাসির বনিয়াদ বলে ধরা হয়েছে এবং তাকে রিকগনাইজ করতে হবে। শতকরা ১৫ জন যে ইউনিয়নের সদস্য তাকে রেকগনাইজ করতে হবে। এই রেকগনাইজ কোথায় করা হয়েছে, কতগুলি কারখানায়, এবং যেখানে এই শতকরা ১৫ জনের অনেক বেশী, শতকরা ৫০ জনের বেশী সদস্য থাকা সত্ত্বেও ইউনিয়নকে রেকগনাইজ করা হয় নি, সেসব ক্ষেত্রে কেন করা হয় নি আশা করি মন্ত্রিমহাশয় তার সদুত্তর দেবেন।

দুইজন অফিসারের কথা এখানে বলছি—কনসিলিয়েশন অফিসার আর ফ্যাক্টরি ইন্সপেক্টর। নরেনবাবু বলেছেন কনসিলিয়েশন অফিসার-এর দায়িত্ব যতই হোক না কেন, ক্ষমতা কিছুই নেই। মালিকপক্ষকে সামন করলে যদি না হাজির হন, কিছুই তার করবার নেই। আমি জানি বঙ্গেশ্বরী কটন মিলস (?) সামন করলে খাতাপত্র নিয়ে হাজির হন নি এবং কনসিলিয়েশন কোন ব্যাপারে রাজী হলেও, ইমপ্লিমেন্টেশন যখন আসে সেখানে কনসিলিয়েশন অফিসার কি করবেন? ইন্ডিয়া জুটমিলস ১৯৬১ সালে ৩০০ লোককে পার্মানেন্ট করতে রাজী হলেও ১৯৬৩ সালেও তা করেন নি, সে সম্বর্কে কি করা হবে? তৃতীয়ত, মালিক-শ্রমিক বিরোধ যেখানে আছে সেখানে কনসিলিয়েশন অফিসার মালিকপক্ষের ঘরে গিয়ে বসে গল্পগুজব করেন এবং শ্রমিকরা ভাল চোখে দেখেন না—শ্রমমন্ত্রী যেন এটা সার্কুলার দিয়ে বন্ধ করে দেন। বঙ্গশ্রী কটন মিলস ফ্যাক্টরী ইন্সপেক্টর সে সম্পর্কে কিছু বলতে চাই। তাঁর হাতে ক্ষমতা আছে - ঠুটো জগন্নাথ তিনি নন। তিনি যখন ক্ষমতা ব্যবহার করেন না, তখন শ্রমিকদের মনে সন্দেহ হয়। বঙ্গেশ্বরীর কয়েকজন নালিশ করেছে, কিছুই সে সম্বন্ধে হচ্ছে না, কেন হচ্ছে না শ্রমমন্ত্রী দয়া করে বলবেন। ইন্ডিয়া জুট মিলস-এ রাত্রি সিফট-এ আছে আধ ঘণ্টা কম্পালসারি বন্ধ রাখতে হবে, নোটিশ বোর্ডে তা লেখাও আছে, কিন্তু বন্ধ রাখা আসলে হয় না, বরং শুক্রবার, সোমবার, একঘণ্টা খাটিয়ে নেওয়া হয়। তারপর ওয়েজ পলিসি সম্পর্কে দু-একটা কথা বলতে চাইছি। পশ্চিমবঙ্গ গভর্নমেন্ট-এর ওয়েজ পলিসি সম্পর্কে এখানে কিছু কিছু বলা হয়েছে। আমাদের শ্রমমন্ত্রী ১০০ টাকা নিম্নতম বেতন করবেন—কবে করবেন তা জানি না। কিন্তু এখুনি যা করতে পারেন বিভিন্ন কারখানায় শ্রমিকদের জন্য ট্রাইবুনালে অ্যাওয়ার্ড এবং ওয়েজ বোর্ডের যে মিনিমাম ওয়েজ ইত্যাদি সম্পর্কে সরকারের যে চেষ্টা হচ্ছে তাকে ব্যর্থ করার জন্য মালিক বেশী বেশী করে কনট্রাক্ট-এ শ্রমিক নিয়োগ করছেন এবং এদের যা খুসী বেতন দিচ্ছেন। শ্রীরাম কটন মিলসে এরকম কন্ট্রাক্ট শ্রমিককে ৫০ টাকা দেওয়া হয়। বঙ্গশ্রী কটন মিলস, বিশেষ করে জয়শ্রী টেক্সটাইলস কটন মিলস আইন, অ্যাওয়ার্ড, কনভেনসন অগ্রাহ্য করে গত কয়েক বছর কোন ওয়ার্কারকে পার্মানেন্ট করছে না, তাদের মাইনে নিম্নতমের চেয়েও কম - শ্রীরাম মিলসে ৫২ টাকার চেয়েও কম। শ্রমমন্ত্রীকে অনুরোধ করব দুটো কাজ করুন। কবে ১০০ টাকা নিম্নতম বেতন করবেন জানি না, কিন্তু এখুনি যা করতে পারেন তা হল যে কারখানায় যে শ্রমিক কাজ করে তার নিয়োগ যার দ্বারাই হোক না কেন, তাদের নিম্নতম বেতন দেওয়ার ব্যবস্থা করুন। মালিকের আইন অমান্য বন্ধ করার জন্য যে-কোন ক্যাটাগরির শ্রমিককে পার্মানেন্ট বলে ঘোষণা করতে হবে, তাদের চার্জ সিট ছাড়া ডিসমিস করা যাবে না, এবং নির্দিষ্ট সময় হলে অর্থাৎ ২৪০ দিন কাজ হলে পার্মানেন্ট শ্রমিকের বেনিফিট দিতে হবে। এই দুটো কাজ শ্রমমন্ত্রী যদি করেন, তা হলে ওই শ্রমিককে যাদের সন্দেহ যে শ্রমমন্ত্রী পুঁজি এবং বেকার মন্ত্রী তাদের বুঝান যাবে যে তিনি সত্যিই এখন শ্রম এবং কর্মসংস্থান মন্ত্রী।

[2-40—2-50 p.m.]

Shri Nepal Chandra Roy:

মাননীয় স্পীকার মহাশয়, আমি লেবার বাজেট সমর্থন করতে উঠে কয়েকটি কথা আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জানাতে চাই। প্রথম একটি কথা হচ্ছে কলকাতা শহরে সব থেকে ইমপর্ট্যান্ট সার্ভিস হচ্ছে ক্যালকাটা ফায়ার সার্ভিস। মন্ত্রিমহাশয় জানেন যে ক্যালকাটা ফায়ার সার্ভিস-এর যারা পার্সোনেল তাদের যারা নিম্ন বেতনের কর্মচারী, তাদের ১২ ঘণ্টা করে কাজ করতে হয়। সব থেকে আশ্চর্য হচ্ছে অফিসারও রেহাই পায় না, তাদেরও একসঙ্গে কন্টিনিউয়াস ডিউটি হচ্ছে ৩০ ঘণ্টা। তারপর ১৬ ঘণ্টা অফ, এটা কোন্ সভ্য জগতে আছে জানি না। যদি লোকজন কম থাকে একটা ছোট করে ফায়ার সার্ভিস চালান অথবা টাকা দিয়ে বড় করে চালানর চেষ্টা করা উচিত। পৃথিবীর অন্যান্য দেশের ফায়ার সার্ভিস-এর সঙ্গে তুলনা করলে দেখতে পাই আমাদের এত ইন-এফিসিয়েন্সী হওয়ার কারণ হচ্ছে আধুনিক যন্ত্রপাতি যদি না দেন, তা হলে শুধু নামের জন্য ফায়ার সার্ভিস রাখার কোন মানে আছে বলে মনে করি না। এদিকে নজর দেওয়া উচিত। এখানকার কর্মীদের উপর অত্যাচার কম হচ্ছে না, সপ্তাহে একটা ডে অফ, তাও নাকি পায় না,

মাসে নাকি একদিন তাদের দেওয়া হবে। স্বর্গতঃ মুখ্যমন্ত্রী ডাঃ রায় বলেছিলেন তাও তাদের দেওয়া হয় নি। আমি সম্প্রতি ওখানকার ইউনিয়ন-এর সভাপতি হয়েছি, তার পর জানতে পেরেছি যে এতদিন আমাদের চীনা ইউনিয়ননের মাসতুতো ভাই শ্রীসুবোধ ব্যানার্জী এখানে সভাপতি ছিলেন, এখন অবশ্য তাকে এরা তাড়িয়ে দিয়েছেন। সেখানে মজা হচ্ছে সুইপার ছুটি চাইলে সেখানে একজন লোক আনতে হবে তবে ছুটি পাচ্ছে। আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি, এরকম ঘটনা না ঘটে। তাদের নানারকম অসুবিধা আছে যেগুলি আপনাদের লেবার দপ্তর থেকে দূর করার চেষ্টা করা উচিত। এমারজেন্সি সার্ভিস ১২ ঘণ্টা করা হয়েছে এদের দুটো সিফ্‌ট-এ কাজ করছে এটা সব জায়গাতেই বাস্তবিক অত্যাচার ছাড়া আর কিছু নয়। আর একটা কথা--মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, গত কয়েকদিন আগে আই এস এস এন জাহাজ কোম্পানীতে যখন স্ট্রাইক হয়, পাকিস্তানের মুসলিম লিডারস এবং পাকিস্তান গভর্নমেন্ট এর পিছনে ইন্ধন জুগিয়েছে। এদের অফিস কলকাতায়, সেখানে হাজার হাজার ভারতবর্ষের নাগরিক চাকুরী করে, অথচ যখন পাকিস্তানের সঙ্গে আমাদের এরকম একটা রাজনৈতিক অবস্থা তারা আমাদের সংগে, আমরা তাদের সঙ্গে ঠিক বন্ধুভাবাপন্ন হতে পারছি না, সে সময় দেখা যাচ্ছে আই এস এস এন-এ হাজার হাজার পাকিস্তানী নাগরিক চাকুরী করছে, এমন কি আশ্চর্যের কথা আমাদের লেবার কমিশনার গেলেন স্ট্রাইক মেটানোর জন্য, মিটল না। কোম্পানী গিয়ে আমাদের সরকারের বিনা অনুমতিতে তাদের সঙ্গে ট্রুস করে আসে। কোম্পানী যে ব্যবহার করেছে তার জন্য তাদের শাস্তি হওয়া উচিত। আরেকটা কথা, শপ অ্যান্ড এস্টাব্লিশমেন্ট অ্যাক্ট হয়েছে, কার্যকরী হচ্ছে না, কেন হচ্ছে না জানেন? ভারি মজার জিনিস! টাকা স্যাংশন হল অফিসার, ইন্সপেক্টর বাড়ানোর জন্য ফাইন্যান্স ডিপার্টমেন্ট থেকে—জানেন কি হিসাবে টাকা স্যাংশন হল? ১০×১০ ফিট ঘর করতে হবে, মানে পায়রার খোপ দেখেছেন তো, সেই পায়রার খোপ তৈরি করলেন, তার মধ্যে ৪ জন অফিসার বসবেন, লেবার অফিসার, ইন্সপেক্টর, ক্লার্ক এবং অন্যান্য একটা ১০ বাই ১০ ফুট ঘরে কি করে বসবেন? আমি জানি না ফাইন্যান্স ডিপার্টমেন্ট-এর মগজে চলেবার জন্য কিছু আছে কিনা। আমি ঘোরতর প্রতিবাদ করছি এর। একশ ১০০ স্কোয়ার ফিট ঘরে কি করে তাঁরা বসবেন। কি করে তাঁরা এইরকম ঘরের পরিকল্পনা করলেন ফাইন্যান্স ডিপার্টমেন্টকে এটা বুঝিয়ে দিতে হবে। কথায় বলে নিজে খেয়ে অপরকে দেখাও। স্যার, আরেকটা কথা, একটু আগেই শুনলাম বন্ধুদের কাছে, তাঁরা অনেক ভাল ভাল কথা বলেছেন কিন্তু আমাদের যেসব শিল্প, আমি কানাইবাবুর এলেকার কথাই বলছি, এতদিন এই হাইসে দেখছিলাম অপোজিশন মরে গিয়েছে, তাই আমাকেই অপোজিশনের রোল প্লে করতে হচ্ছে, গভর্নমেন্টকে ক্রিটিসাইজ করতে হচ্ছে, কি করব গণতন্ত্র তো বজায় রাখতে হবে, গণতন্ত্র তো নস্যাৎ করে দিতে পারি না। কানাইবাবু যাদের ভোটে নির্বাচিত হয়ে এসেছেন তাদের কথাই বলতে ভুলে গিয়েছেন। হাওড়া শহরের আশেপাশে অনেক ছোট ছোট কারখানা আছে, তাতে লক্ষাধিক লোক কাজ করে, সবই বাঙ্গালী। কিন্তু তাদের অবস্থা কি জানেন? মাল তৈরি হচ্ছে, পণ্ডিত নেহরু ফারমান দিচ্ছেন কাজ বাড়াও, প্রোডাকসন বাড়াও। তার প্রোডাকশন বাড়াচ্ছে, কিন্তু প্রোডাকশন বাড়িয়ে তারা খাবে, না গুদামজাত করবে? সাউথ ইস্টার্ন রেলওয়ের শালিমার ইয়ার্ডে অবশ্য এটা মন্ত্রিমহাশয়ের সাবজেক্ট নয়, কিন্তু তাঁর বাংলাদেশের সরকারের তরফ থেকে গভর্নমেন্ট অফ ইন্ডিয়াকে লেখা উচিত। এইসব ছোট ছোট কারখানার মালিক কারা? যাদের পুঁজি ২-৪ হাজার টাকা। আমার কাছে ফর্ম রয়েছে, একটা ফর্ম ৪-১২ তারিখে জমা দিয়েছে, দেখা যাচ্ছে ১৫-২ তারিখে তাকে মাল নিয়ে আসতে বললে। ততদিনে কোম্পানীই উঠে গেল হয়তো বা অন্য একটা ব্যবস্থা হল, অর্ডার ক্যানসেল বা অন্য কিছু হয়েছে। আমি সেজন্য বলব, এইরকম হলে, পশ্চিমবাংলার লক্ষ লক্ষ মানুষ বিপদগ্রস্ত হবে এবং মন্ত্রিমহাশয়ের ঘাড়ে চাপবে, কারণ যদি রিট্রেঞ্চমেন্ট করেন, তা হলে আমরাও নিশ্চয়ই চীৎকার করব। সেজন্য প্রোটেকশন নেওয়া দরকার, সাউথ ইস্টার্ন এর জেনারেল ম্যানেজারকে সরকারের তরফ থেকে ঘোরতর প্রতিবাদ জানানো দরকার। সেখানে আরেকটা মজা হয়েছে, দালালের আড্ডা হয়েছে, দালালদের যদি ৫০-১০০ টাকা দেওয়া যায়, তা হলে ঠিক জমা হয়ে যাবে—আমি চ্যালেঞ্জ করে বলছি সেখানকার কতগুলি ইন্ডেন্ট আছে প্রত্যেকটা ইন্ডেন্ট-এ দেখবেন দালালদের প্রোভাইড করবার জন্য ডু ডু করে লেখা থাকে, অর্থাৎ ডু ডু তো কোন নাম নয়, খুসীমত যে-কোন নাম বসিয়ে দিতে পারা যায়। এরপর, আরেকটা মন্ত্রিমহাশয়কে বলব, আজকে পশ্চিমবাংলায় এই যুদ্ধকালীন

অবস্থায় শ্রমিকেরা যে মনোবল দেখিয়েছে এবং শ্রমিকেরা ভারতরক্ষার জন্য যেভাবে সহযোগিতা করেছে তা যেন অন্ততঃ ভারতবর্ষের এই সীমানা বিরোধের ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকে।

[2-50—3 p.m.]

এই গৌরব শুধু প্রতিরক্ষা মন্ত্রীর নয় আজকে প্রতিরক্ষা মন্ত্রীর চেয়ে বড় কাজ করছে এই শ্রমিকরা। কারণ, তারা দিনের পর দিন নিজেদের খাটুনির পয়সা তারা দিচ্ছে সরকারকে এবং তারা উৎপাদন বাড়িয়ে গেছে। কোন জায়গায় তারা ট্রুস নষ্ট করে নি—ইন্ডাস্ট্রিয়াল ট্রুস যা হয়েছিল সেই ট্রুস তারা নষ্ট করে নি। তবে কেন করেছে—কেন না ঐ দিকের বন্ধুদের অনেকেই সরকারী লঙ্গরখানায় রয়েছে বলে মজুররা এখনও বিভ্রান্ত হয় নি। এবং সেইজন্য তারা এইভাবে প্রডাকসন বাড়িয়ে নিয়ে যেতে পারছে। মালিকদের কথা আমি জোর করে বলবো যে বহু মালিক পক্ষ ইন্ডাস্ট্রিয়াল ট্রুস ভঙ্গ করেছেন এবং মালিক পক্ষ এমনভাবে তা করছে যার জন্য আমি আমাদের মন্ত্রিমহাশয়কে বলেছি যে এদের দু-একজনকে যদি ডিফেন্স অফ ইন্ডিয়া রুলে আটকানো না যায়, তা হলে এরা সায়েস্তা হবে না। কারণ, মালিকরা সবসময় মনে করেন পশ্চিমবঙ্গ সরকার আমাদের কি করবেন। দিল্লীতে গিয়ে মেরে দিয়ে আসবো। সুতরাং এদের দু-চারজনকে যদি সরকারী লঙ্গরখানায় না দিয়ে দেওয়া যায়, তা হলে তাদের এই মনোবল থাকবে। আমার কাছে কতকগুলি নথিপত্র আছে, যেগুলি ওঁদেরও লেখা—শ্রীমতী রেণু চক্রবর্তী লিখেছেন আমাদের স্বরাষ্ট্র মন্ত্রীকে তাঁদের সেই চিঠির মধ্যে আমার নাম রয়েছে, মন্ত্রিমহাশয়ের নাম রয়েছে এবং আরও অনেকের নাম রয়েছে—আমি ওঁদের নাকি সর্বনাশ করে দিচ্ছি। এদের নাকি রাস্তায় বেরুতে দিই না—অফিস ভেঙ্গে দিচ্ছি। জনসাধারণ যদি দেয় তা হলে আমি কি করবো। আমার এলাকার দুটি লোক গিয়ে যদি সোমনাথবাবুর জামা খুলে নেয়, তা হলে আমি কি করতে পারি। আমি বড় জোর বলতে পারি যে ভদ্রলোকের ছেলে জামা খুলো না। অতএব এইরকম যদি কেউ করে তা হলে কি করবার আছে। আমার নামে অনেক পাতার ফিরিস্তি দেওয়া হয়েছে আমার কাছে নকল আছে তাঁদের সেই ফিরিস্তির মধ্যে লক্ষ লক্ষ টাকা নাকি তারা ডিফেন্স ফান্ডে দিয়েছে, তাও বলেছেন, আমার কাছে আরও প্রমাণ রয়েছে প্রতিটা জায়গায় যেখানে শ্রমিকরা ডিফেন্স ফান্ডে স্বতঃস্ফূর্তভাবে টাকা দিতে গেছে এদের লোকেরা সেখানে গিয়ে বাধা দিয়েছে এবং যাতে কম দেয় তার জন্য বলেছে। টেক্সমেকো আমি সেদিন গিয়েছিলাম সেখানকার এই অবস্থা আমি দেখেছি। এমন কি মজার ব্যাপার হচ্ছে মালিক তাদের সঙ্গে যোগ সাজসে করে বলেছেন যে কমিউনিস্ট ইউনিয়নের মারফত না দিলে কিছু হবে না। [এ ভয়েসঃ শুনলাম আপনি তো পালিয়ে এসেছিলেন] নেপালবাবু কোনদিন পালিয়ে আসেন নি। মালিকের দালালি আমরা করি না। কমিউনিস্টরা আর কিছু না হোক এক দিকে চীনের দালালী করছে এবং অন্য দিকে ভারতের এবং বাংলাদেশের মালিকের দালালি করছে। অন্য যারা আমাদের সঙ্গে বিরোধী দলের বন্ধুও আছেন তাঁদের বলে দিই যে মালিকদের দালালদের আপনারা ভাল করে চিনে রাখুন তা না হলে দেশ রক্ষা হবে না। বাংলাদেশের সমস্ত শিল্প ইউনিয়ন আছে আমি একটু আগেই বল্লাম এবং অন্যান্য বন্ধুরাও বলেছেন যেসমস্ত শিল্পে অনাচার, অবিচার চলছে মালিকের বন্ধু সেজে এই কমিউনিস্ট পার্টি এদের সর্বনাশ করছেন। এদের কাজের দিকে আমি সকলের দৃষ্টি আকর্ষণ করছি। এমন কি একথা শেষ সময়ে বলছি যে কমিউনিস্ট ট্রেড ইউনিয়নিস্ট যারা রয়েছেন তাদের শ্রমিক এলাকা থেকে ব্যান্ড করে বার করে দেওয়া হোক। তা ছাড়া শিল্পে শান্তি আসতে পারে না।

Shri Anadi Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে শ্রম বরাদ্দ খাতে বলতে গিয়ে মন্ত্রিমহাশয় যে চিত্র রেখেছেন সেই চিত্র যে বাস্তব নয় তা সরকারী নথিপত্র থেকে পরিষ্কার বোঝা যায়। আমরা এমন কথা বল্লে সেটা বিরোধী দলের কথা হয়ে পড়ে। কিন্তু সরকারী নথিপত্র থেকে দেখা যায় যে বাংলা দেশে বেকার সমস্যা কিভাবে বাড়ছে। আমি তার একটা ফিগার আপনার কাছে রাখছি। জুলাই মাসে ১৯৬০ সালে ২ লক্ষ ৪৬ হাজার বেকার ছিল রেজেস্ট্রী অনুযায়ী এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে। ১৯৬১ সালে সেটা বেড়ে ৩ লক্ষ ৮ হাজার হোল এবং ১৯৬২ সালের জুলাইতে ৩ লক্ষ ৬৪ হাজার হোল। এই রকমভাবে ক্রমাগত বেকার বাড়ছে এবং বর্তমান কালে জুলাই ১৯৬২ পর থেকে জুন ১৯৬৩ পর্যন্ত এই কয় মাসে মাত্র ৯০ হাজার লোক বেকার হয়েছে। কা

রেজেস্ট্রীতে দেখা যাচ্ছে তাতে বেকারের সংখ্যা এইভাবে ৯০ হাজার বেড়েছে। এটা সম্পূর্ণ বিশ্বাসযোগ্য নয়। একথা ছেড়ে দিলাম শুধু গভর্নমেন্টের যে রেজিস্ট্রার সেটাই আমি আপনার সামনে রাখছি। এই যে ১৫ হাজার করে মাসে বেকার বাড়ছে তাতে যদি আমরা আরবন পপুলেসন দেখি তাহলে দেখাবে ৭৪ লক্ষ ৭৬ হাজার এবং তার ৩·২৮ পপুলেসন বাড়ে। তাহলে মাসে ২০ হাজার পপুলেসন বাড়ে। তার মধ্যে নারী পুরুষ ভাগ করা যায় প্রায় ১১ হাজার বলা হচ্ছে সেটা ১৫ হাজারের মত হবে। অর্থাৎ এই জিনিস নিশ্চয়ই পরিষ্কার যে যারা কাজের জন্য আসছে তারা কাজ পাচ্ছে না। এমন কি যাদের কাজ আছে তারা ছাঁটাই হয়ে যাচ্ছে। আমার পূর্ববর্তী অনেক বক্তাই সেকথা উল্লেখ করেছেন বলে আমি আর দৃষ্টান্ত দিতে চাই না। আমি শুধু সংখ্যা দিয়ে দেখাচ্ছি যে বাংলাদেশে ক্রমাগত বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে কমবার লক্ষণ দেখা যাচ্ছে না। এর কারণ কি। এর কারণ মডারনাইজেসন, র‍্যাশনালাইজেসন, অল্প লোক বেশী কাজ করে এবং তার ফলেই বেকার সমস্যা বাড়ছে। আমাদের অর্থ মন্ত্রী মহাশয় যেভাবে স্ট্যাটিসটিক্স রেখেছেন তাতে তিনি মডারনাইজেসনকে সমর্থন করেন প্রাইভেট ক্যাপিটেলকে সমর্থন করেন এবং তাতে দেখা যাচ্ছে যে বেকারের সংখ্যা এই অর্থমন্ত্রীর কালে আরও বাড়বে। শ্রমিক মহলে এই কথাই তারা বলেন যে কি অরাজক রাজত্বে আমরা বাস করছি। আজকে দেশে শ্রমিক থাকা সত্ত্বেও তাদের কাজ করবার উপায় নেই। যদি ডিমান্ড এবং সাপ্লাই পোজিসন মত রাখা হয় তাহলে গভর্নমেন্ট থাকার কি দরকার ছিল। সেখানে আমরা দেখি মানুষ কর্মক্ষম হয়ে কাজ চাইছে। কিন্তু সে কাজ পাচ্ছে না। এই বিরোধ দূর করবার জন্য একটা নীতি তৈরী হওয়া দরকার। কিন্তু সেই নীতির দিক থেকে আমরা সম্পূর্ণ ব্যর্থ হয়েছি। ক্যাপিটেলিস্ট স্ট্রাকচারের মধ্যে এই বিরোধ সমাধান হওয়া সম্ভব নয়। আমাদের দেশে নাকি মেসিন নেই আমাদের দেশে না শিক্ষিত শ্রমিক নেই সেজন্য আমরা এই সমস্যার সমাধান করতে পারছি না। কিন্তু দেশে যে ক্যাপিট্যাল গুড্‌স আছে ইনস্টল্‌ড ক্যাপাসিটি অব প্রডাকসন আছে তার হিসাব করে তাকে সম্পূর্ণভাবে কাজে লাগানো হচ্ছে না। কলকাতা এবং হাওড়ায় যে কারখানা আছে তাতে যদি থ্রি সিফ্‌ট করা হয় তাহলে বহু লোককে কাজ দেওয়া যায়। ১৯৬২ সালের জুলাই যে হিসাব দেওয়া হয়েছে, তাতে দেখছি স্কিল্‌ড এবং সেমি-স্কিলড ওয়ার্কার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের রেজিস্টারে যা থাকে তার একচুয়াল নাম্বার আরও বেশী। সেখানে দেখছি ৩৫ হাজার ৮ শত ৬০ স্কিলড, আনস্কিল্ড এবং সেমিস্কিল্ড লেবার অকেজো হয়ে পড়ে রয়েছে। এখানে ক্যাপিটাল গুড্‌স অকেজো হয়ে পড়ে রয়েছে এবং সংগে সংগে স্কিলড এবং আন-স্কিলড লেবার অকেজো হয়ে পড়ে রয়েছে। এগুলিকে জোড়বার ব্যবস্থা তারা করতে পারছেন না।

[3—3-20 p.m.]

যেভাবে কথাগুলি বলা হয় মালিক যারা, তারা এখন শ্রমিকদের সংগে সহযোগিতা করছে এটা ঠিক নয়। এই অ্যাসেম্বলী সভায় উত্তর দেওয়া হয় মালিকরা অধিক মুনাফা করছে কিনা জিজ্ঞাসা করলে যে সে খবর আমাদের জানা নাই। প্রত্যেকটা কথা সরকার বলেন মালিককে শীল্ড করবার জন্য। গরীবরা যখন বলেন—এই গভর্নমেন্ট মালিকদের গভর্নমেন্ট, তখন এটা কি অন্যায় বলা হবে? কাজেই আমি বলি এর একটা রেমেডি ছিল যদি বৃহৎ শিল্পগুলি ন্যাসালাইজ করা হোত। ছোট ছোট শিল্পগুলি কন্ট্রোল করা যায়। তাদের যথেচ্ছাচারভাবে যদি লেবার এবং মারকেট কম্‌পিটিশন-এও ডিমান্ড অ্যান্ড সাপ্লাই-র মধ্যে ফেলে না দেওয়া হোত, তাহলে এর একটা সুরাহা আমাদের গভর্নমেন্ট করতে পারতেন। সেদিকে আমাদের গভর্নমেন্ট যাবেন না। আমি কতকগুলি ঘটনা এদিক থেকে রাখতে চাই। এই নীতিটা চতুর্দিক থেকে প্রভাবিত করছে। সেই নীচু থেকে উঁচু পর্যন্ত সমস্ত অফিসার আমি একটা প্রেসের ঘটনা জানি—কলকাতায় একটা প্রেস—লালচাঁদ রায়—সেখানে শ্রমিকদের ১৬ ঘন্টা খাটান হচ্ছে। একটা লোক দু-দুবার করে খাটছে ভিন্ন ভিন্ন নামে। একবার এক নামে, আর একবার অর এক নামে। ওয়ার্কার যদি সম্মত না হয়, তাকে জবাব দেওয়া হয়। এই সম্পর্কে ফ্যাক্টরী ইন্‌স্পেক্টর মিঃ মিত্রকে জানান হলো, অথচ এ পর্যন্ত তার কোন এন্‌কোয়ারী হল না। তিনি যদিও একবার গেলেন প্রেসে, কোন রকমে মালিকের সংগে কথা বলে চলে এলেন—ওয়ার্কারদের সংগে কোন কথা বললেন না। ফ্যাক্টরী ইন্‌স্পেক্টর-এর মধ্যে ভাললোক নেই, সেকথা আমি বলছি না। এই রকমভাবে তাঁরা প্রভাবান্বিত হচ্ছেন। তার কারণ কি?

তারপর জয়েন্ট স্টিমার কোম্পানীর শ্রমিকদের ১২ ঘন্টা করে খাটান হয়। মাননীয় মন্ত্রীকে জানিয়েছি—তাঁকে চিঠি দিলে, সেই চিঠি লেবার অফিসে পড়ে রইল—হয়ত পনের দিন পর্যন্ত। কোন ব্যবস্থা সে সম্পর্কে হল না। তারা বলে আমাদের যে ৪ ঘন্টা করে বাড়তি খাটান হচ্ছে সেই বাড়তি ৪ ঘন্টার মজুরী আমরা ডিফেন্স ফান্ডে দিতে রাজী, গভর্নমেন্ট সে টাকা আদায় করে নিক্। তার সম্পর্কে দ্রুত ব্যবস্থা করা দরকার, তা হচ্ছে না।

তারপর কুসুমিকা কারখানার পৌনে দুশো শ্রমিক চার মাস ধরে লে-অফ হয়ে পড়ে আছে। তার ক্যাপিটাল গুড্স সব পড়ে আছে, শ্রমিকরাও বেকার পড়ে রয়েছে। দুটোর যোগসাধন হচ্ছে না কিছুতে।

তারপর রেয়ন ইঞ্জিনিয়ারিং সেখানে ৬০ জন শ্রমিক ছাঁটাই হয়ে গেছে, কানাইলাল অধিকারী ছাঁটাই হয়ে গেছে। এই রকম অসংখ্য ঘটনা দেওয়া যায়। মাননীয় কংগ্রেসী সদস্যা মৈত্রেয়ী বসু—তিনিও একথা উল্লেখ করেছেন। ৪০ বছর আগে যা ছিল, এখনো তাই দেখছি। এর পরেও বলছেন। আমি এই বাজেটকে সমর্থন করছি। শী ইজ লস্ট ইন দি উড - গাছ দেখতে পাচ্ছেন, বন দেখতে পাচ্ছেন না। খুঁজে খুঁজে দেখা যায় এই সমস্ত জিনিস মালিক করছেন, তার জন্য দায়ী গভর্নমেন্টের শ্রমনীতি, ইন্ডাস্ট্রিয়াল নীতি, সেটা যদি না বদলান যায়, তাহলে কোন সমস্যার সমাধান হবে না।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment.]

[3-20—3-30 p.m.]

Shri Bhakti Bhusan Mandal:

মিঃ স্পীকার, স্যার, এই সরকারের শ্রমনীতি সম্পর্কে বলতে হলে এই কথা বলা চলে যে এই সরকার যা বলেন, তা করেন না, আর যা করেন তা বলবার সাহস তাঁদের নেই। আমি এই জন্য এই কথা বলছি যে, যদিও তাঁরা কাগজে কলমে বলেন যে আমরা লেবারদের ভালর জন্য বহু চেষ্টা করছি, কিন্তু আসলে দেখা যায় মূলতঃ মালিকদের কি করে সাহায্য করা যায় সেই দিকেই তাঁদের বেশী প্রচেষ্টা, এবং এইটাই হচ্ছে পশ্চিমবঙ্গ শ্রম দপ্তরের নীতি।

আমি এই সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। প্রথমে আমি এখানে -

Sur Enamel and Stamping Works Private Ltd.

এর কয়েকটি ঘটনা উল্লেখ করবো। এই

Sur Enamel and Stamping Works Private Ltd.

এতে প্রায় ৭০০ ওয়ার্কার নিযুক্ত আছে, তার মধ্যে ৪৩৮ জন হচ্ছে সেখানকার একটি ইউনিয়নের সভ্য, যে ইউনিয়নের জেনারেল সেক্রেটারী হচ্ছেন সুনীল গুপ্ত। সেখানে আর একটি মালিক স্পোনসোর্ড ইউনিয়ন করা হয়েছে, যার সেক্রেটারী হচ্ছেন বীরেন চক্রবর্তী। এই ইউনিয়নটির কার্যকলাপ থেকে বোঝা যাবে যে এই সরকার কি ভাবে চেষ্টা করছেন মালিককে সর্বদা বাঁচানর জন্য। ১৯৬০ সালে ফেব্রুয়ারী মাসে ওয়ার্কারদের রিভিসন অব পে সম্বন্ধে, আগেকার যে ইউনিয়নের কথা বললাম, যার সেক্রেটারী হচ্ছেন সুনীল গুপ্ত, সেই ইউনিয়নটি কনসিলিয়েশন চায়। কিন্তু কনসিলিয়েশন চলা কালীন অবস্থায় এই ইউনিয়নকে সম্পূর্ণভাবে বাদ দিয়ে, ১৯৬১ সালের মে মাসেতে লেবার ডিপার্টমেন্টের মৈত্রকে নিয়ে সেখানে একটা ট্রিপারটাইট এগ্রিমেন্ট করে ফেললেন ঐ সেম ফ্যাক্ট-এর উপর।

সেখানকার আর একটা ঘটনার কথা বলছি। সেটা হচ্ছে তাদের বোনাস সম্বন্ধে তারা একটা চারটার অব ডিমান্ডস পেশ করেন এবং সেটার সম্বন্ধে ১৯৬০ সালে সেপ্টেম্বার মাসে এই ইউনিয়নটি, যার সেক্রেটারী সুনীল গুপ্ত, কনসিলিয়েশন চায়, এবং ১৯৬১ সালের জুন মাসে, এটা ট্রাইবুন্যালে রেফার করা হয়; এবং এই ট্রাইবুন্যাল চলাকালীন দেখা গেল এই যে ইউনিয়ন,

অর্থাৎ সুনীল গুপ্ত যার সেক্রেটারী, সেই ইউনিয়নকে বাদ দিয়ে মালিক স্পোনসোর্ড ইউনিয়ন যেটা, তারা সেখানে একটা চুক্তি করলো শ্রমিকদের বোনাস সম্বন্ধে ১৯৬১ সালের অক্টোবর মাসে। সুতরাং দেখা যাচ্ছে যারা প্রকৃতভাবে শ্রমিক ইউনিয়নকে রিপ্রেজেন্ট করে, তাদের বাদ দিয়ে করার একমাত্র উদ্দেশ্য হল মালিক পক্ষকে সাহায্য করা। মালিক ঘেঁষা যে ইউনিয়ন, সেই ইউনিয়নকে নিয়ে তাঁরা প্রকৃত যে শ্রমিকদের দাবী, তাকে বানচাল করবার চেষ্টা করেছেন।

এই বীরেন চক্রবর্তী সম্পর্কে ট্রাইবুন্যালের জজ্ এন বি চৌধুরীর একটা মন্তব্য আছে।

In the matter of an industrial dispute between Messrs. Sur Enamel and Stamping Works Private Ltd.

এর একটা কেস হয়েছিল. সেই কেসে বীরেন চক্রবর্তী সম্পর্কে তিনি তাঁর ফাইন্ডিং এইভাবে বক্তব্য রেখেছেন যে—

It is clear that one Biren Chakravarty, former secretary of the union concerned, was in the good books of the management. The allegation of the workmen is that Shri Chakravarty was really a yes-man of the company itself. He used to reside in the house of Shri Usha Ranjan Majumdar and the allegation is that the son of Shri Majumdar has been assaulted by somebody. The fact is that shortly before this incident Shri Chakravarty was removed from his secretaryship by a vote of no-confidence.

এই রকম যে সেক্রেটারী এবং যার ইউনিয়ন সেই ইউনিয়নের সংগে কোয়ালিশন করে মালিককে বাঁচাবার জন্য বা মালিকের সুবিধা করে দেবার জন্য এই লেবার ডিপার্টমেন্ট, যে দুটি বিষয় বললাম, সে বিষয়ে একটা এগ্রিমেন্ট করেছেন এবং এই এগ্রিমেন্ট করার ফলে ১৯৬০-৬১ সালে যে বোনাসের কথা হয়েছিল সেই বোনাসের ব্যাপারটা বানচাল হতে চলেছে। আর একটা কথা বলতে চাই ৩রা নভেম্বর যে শিল্প বিরোধ চুক্তি হয়েছিল, শিল্প বিরোধের মীমাংসা ও শান্তি নীতি যেটা গৃহীত হয়েছিল তার এ্যাডভান্টেজ নিয়ে মালিক গভর্নমেন্টের সহযোগিতায়, কোন জায়গায় ইমপ্লায়েড সহযোগিতায়, কোন জায়গায় গভর্নমেন্টের ইন-এ্যাকশন থাকার জন্য লেবাররা ছাঁটাই হচ্ছে। এই রকম বহু ঘটনা বলবার আছে, আমি একটা ঘটনার কথা বলছি সেটা হচ্ছে দুর্গাপুর প্ল্যান্টে যে ওয়াটার ডিপার্টমেন্টে আছে সেখানে ৫১ জন লোককে ছেটে দেওয়া হয়েছে। আর একটা কথা বলছি পাণ্ডবেশ্বর এলাকায় ভিক্টরী কোলিয়ারী, যেটা মারোয়াড়ীদের কোলিয়ারী, সেখানে ১২৮ জনকে ছাঁটাই করা হয়েছে। সেই ভিক্টরী কোলিয়ারী ওয়ার্কারদের জন্য অজয় ভ্যালি কোলিয়ারী ইউনিয়ন লড়ছে। কিন্তু গভর্নমেন্ট তাতে সহযোগিতা করছেন না বলে তাঁরা কিছুই করতে পারছেন না। অথচ বলা হচ্ছে এখন কোন স্ট্রাইক করা হবে না, স্ট্রাইক করলে অনেক রকম কাজ ব্যাহত হবে। কিন্তু মালিক পক্ষকেও কোন বিষয় বাধ্য করাতে পারছেন না। যেখানে তাঁদের নিজেদের ক্ষমতা নেই সেখানে তাঁরা সেন্ট্রাল গভর্নমেন্টকে জানাচ্ছেন না কেন? স্পীকার, স্যার, আমি একটা করুণ ঘটনা আপনার সামনে রাখতে চাই। এই ইন্ডাস্ট্রিয়াল চুক্তি হবার ফলে বড় বড় অফিসার যাঁরা গভর্নমেন্টের বিভিন্ন ডিপার্টমেন্টে আছে, তাঁরা তাঁদের অধস্তন যেসব কর্মচারী আছে তাদের উপর কিরকম অত্যাচার চালাচ্ছে তার একটা একজাম্পল দিচ্ছি। সেটা হচ্ছে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের বীরভূম জেলায় যে সাব-স্টেশন আছে আমেদপুরে, সেখানকার ঘটনা। বীরভূমে যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের স্টেশন ইন চার্জ তার কথা বলছি। সেখানকার দুইজন অধস্তন কর্মী, একজনের নাম গোস্বামী, আর একজন ভট্টাচার্য, এই দুইজন সেখানে গভর্নমেন্টের যে লোক আছেন ইনচার্জ, সরস্বতী, তিনি গভর্নমেন্টের বহু টাকা অপচয় করছেন এবং পোলস্, ওয়্যার, ইত্যাদি অন্যায়ভাবে ন্যাশনাল স্ত্রীর ছেলে হয়। (এই সময় লালবাতি জ্বলিয়া উঠিলে শ্রী মণ্ডল তাঁহার আসন গ্রহণ করেন।) অ্যান্ড দেয়ার তাদের ট্রান্সফার করে দেন। এবং তাদের যখন বদলী করা হয় তখন গোস্বামীর স্ত্রীর ছেলে হয়। (এই সময় লালবাতি জ্বলিয়া উঠিলে শ্রী মণ্ডল তাঁহার আসন গ্রহণ করেন।)

[3-30—3-40 p.m.]

Shri Deb Saran Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে বাজেট সম্পর্কে আলোচনা মাননীয় মন্ত্রিমহাশয় উপস্থিত করেছেন, তার বিরোধীতা করে আমি আমার বক্তব্য এখানে রাখতে চাই। আজ এটাকে শিল্প

বাজেট বা শিল্প নীতি না বলে মালিক নীতি বললেই ভাল বোঝায়। তার কারণ আজ পর্যন্ত সরকারের এই আইন থাকা সত্ত্বেও মালিকেরা শ্রমিকদের স্বার্থ বিরোধী কাজ করে যাচ্ছে, সেখানে সরকার হস্তক্ষেপ করে মালিক পক্ষকে সেই আইনগুলিকে কার্যকরী করা সম্পর্কে কোন ব্যবস্থা সরকার করছেন না। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে লেবার ইন ওয়েস্ট বেঙ্গল ১৯৬২ বই-এর একটি জায়গায় সুগার মিল ওয়েজ বোর্ড সম্পর্কে যেখানে বলা হয়েছে যে পলাশী রামনগর কেন অ্যান্ড সুগার কম্পানী ওয়েজ বোর্ড কার্যকরী করেছেন। এই সম্পর্কে তিনি উল্লেখ করেছেন। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাতে চাই, সেই মিলে প্রায় ১,৩০০-র মত শ্রমিক কাজ করে, সেখানে ওয়েজ বোর্ড'এর আওতায় মাত্র ৬০০ জনের মত শ্রমিককে আনা হয়েছে, তার মধ্যে মালিক পক্ষপাতিত্ব করে ২০০ জনকে ওয়েজ বোর্ড-এর ইমপ্লিমেন্টেশান দেওয়া হয়েছে। এই সম্পর্কে সরকারের শ্রম দপ্তরে আমি ইউনিয়নের তরফ থেকে অভিযোগ পেশ করেছি। কিন্তু সরকারের দীর্ঘসূত্রতার জন্য এখন পর্যন্ত সেই কাজ অমীমাংসীত আছে। মালিকের অনমনীয় মনোভাবই এইজন্য দায়ী। যদিও ওয়েজ বোর্ড মালিক পক্ষ মেনে নিয়েছে তবুও তারা ঠিক ঠিক প্রয়োগ করেন না। এই সম্পর্কে সরকার ব্যর্থ হয়ে গিয়েছেন। এই সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। তারপরে স্যার এ্যাগ্রিকালচারাল লেবার সম্পর্কে একটা কমিটি হয়, যে কমিটি তাদের একটা রিকমেন্ডেশান সরকারকে জানিয়েছিল তা সত্ত্বেও আপনি স্যার শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে এই পলাশী সুগার মিলে যেখানে প্রায় ৩,০০০ র মত শ্রমিক কাজ করে সেখানে নারী শ্রমিকরা ৮ ঘণ্টা কাজ করে, মাত্র তিন আনা থেকে চার আনা মজুরী পায়। এই সম্পর্কে বহুবার শ্রমদপ্তরে অভিযোগ জানিয়েছি, এবং মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে প্রশ্ন করে উত্তর জানবার চেষ্টা করেছি, কিন্তু দুর্ভাগ্যবশতঃ একবার আমার প্রশ্ন ক্যানসেল হয়ে যায়, এবারে শুনেছি এ্যাকসেপ্‌টেড হয়েছে কিন্তু এখন পর্যন্ত তার উত্তর পাইনি। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব তিনি যদি তদন্ত করে দেখেন, তাহলে দেখতে পাবেন যে সেখানে মালিকদের কি রকম জুলুম চলেছে এবং তারা কি ভাবে সরকারের আইনকে ফাঁকি দিচ্ছে। শুধু তাই নয় বাংলাদেশে কোথায় মজুরের হার এত কম নাই। যেখানে একজন চাষী যদি একজন ক্ষুদ্র মজুর নিয়োগ করে তাহলে ১৲ কিম্বা ১৷৷৹ টাকা কমে পায় না তার এখানে কারখানা আইন চালু থাকা সত্ত্বেও শ্রমিকেরা ৮ ঘন্টা কাজ করে ৮ থেকে ১০ আনা মজুরী পায় আর নারী শ্রমিকেরা দিনে ৩ থেকে ৪ আনা মজুরী পায়। অথচ মাননীয় মন্ত্রি মহাশয় তাঁর বক্তৃতা করে এখানে বলেছেন যে বাংলাদেশে শিল্পে কোন রকম অশান্তি নাই এবং শ্রমিকদের অবস্থা খুব ভাল। কিন্তু বাস্তব যে এটা নয় তা মাননীয় মন্ত্রিমহাশয় একটু অনুসন্ধান করলেই বুঝতে পারবেন। এবং তাঁর বক্তব্য যে অসত্য তা প্রমাণিত হয়ে যাবে। এই শ্রম দপ্তরের কর্মচারীদের সম্পর্কে এবং তাঁদের কার্যকলাপ সম্পর্কে এখানে মাননীয় সদস্যদের কাছ থেকে বহু অভিযোগ এসেছে। আমিও বলতে চাই যে ঠিক ঠিক মত কাজ এবং সময় মত কাজ এবং যে কাজগুলি তাড়াতাড়ি করা দরকার সেগুলি করা হয় না। প্রাক্তন মন্ত্রীর আমলে আমরা দেখেছি বিভিন্ন শিল্পের ক্ষেত্রে বেশী করে এবং সময় মত ট্রাইবুন্যালের ব্যবস্থা হয়েছিল বলেই তদানীন্তন শ্রম মন্ত্রীর বিরুদ্ধে বাংলাদেশের মালিক গোষ্ঠী তাঁর বিরুদ্ধে সরকারের কাছে অভিযোগ করেছিলেন। আমার মনে হয় বাংলাদেশে শ্রমমন্ত্রী হিসাবে বিজয় বাবু দুষ্ট শনি হিসাবে দায়িত্ব গ্রহণ করেছেন। এর আগে মন্ত্রীদের কাছে থেকে যে সুবিধা আমরা পেয়েছি বা প্রত্যাশা করি তার কিছু অংশ কিছু সুবিধা আমরা এখন পাচ্ছি না। এর থেকে প্রমাণিত হয় যে সমস্ত কর্মচারী এই দপ্তরে বহাল আছে তারা দ্রুত গতিতে কাজ করবার দক্ষতা নাই। সেজন্য আমি অনুরোধ করবো মন্ত্রিমহাশয় এই সম্পর্কে তদন্ত করবেন এবং শ্রমিকরা যাতে সুবিচার পায় তার ব্যবস্থা করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Deo Prakash Rai: Mr. Speaker, Sir, for the first time during the current budget session I rise today to take part in the proceedings of the House. Sir, I do so not because I am one of those who look with jaundiced eyes at anything and everything that is done by the Government, particularly at this hour when our country is involved in an undeclared war, but I do so in order to draw the attention of the Government to some problems out of many which I consider to be very important and I feel, they can be remedied even if the country is at war.

Sir, to begin with, I take the Medicinal Plants Scheme and the Cinchona Plantations which are State-owned undertakings. Sir, there has been a mountain of legislation for the protection and welfare of the labourers, but have they been honoured and implemented specially in the Government undertaking in this Welfare State? A State is called a Welfare State if and when the people are faring well. We know whether the people in West Bengal are faring well or not. Still they claim West Bengal to be a Welfare State.

Sir, the Government should be a model employer. That is what the people expect them to be. These two undertakings, the Medicinal Plants Scheme and the Cinchona Plantations, are run by the Government of West Bengal. In 1955-56 when the Government constituted the Minimum Wages Advisory Committee for the Cinchona Plantation workers, the data placed before the Committee showed the total population of the Cinchona Plantation to be about 25,000 of which about 6,000 constituted the daily working strength. But what is the picture today in the welfare State? The working strength has come down from 6,000 to 4,000. Yet you call it a Welfare State. In the Plantations in Darjeeling, the labour position is quite different from what is prevalent in the plantations of Assam and Duars. In Assam and Duars the workers, you will find, mostly belong to the Chhota Nagpur Range and other plains of Bengal. Whenever they are retrenched or dismissed they can still go back to their homes in the Chhota Nagpur Range and the plains of Bengal from where they were originally recruited. But the position of the Nepali speaking workers employed in the Cinchona Plantations, Medicinal Plants Scheme and Tea Plantations is different. Their forefathers, came from Nepal to work in these plantations and became Indian citizens. Their hearth and home whatever you may call it—are these plantations. So, where will they go when you eject them from the Plantation? Where do you want them to go when you retrench them? There is no other place for them to go in India—unless you expect them to cross the borders of India.

In the private sector the Provident Fund Scheme has been made obligatory and it has been implemented. Defaulters have been proceeded against according to the provision under the Act. But what about the condition of the workers in the Cinchona Plantations which is run by the Government of West Bengal? After the promulgation of the Provident Fund Scheme in other fields of Industry the workers through their union, have been moving the State Government for the implementation of the Provident Fund Scheme in the Medicinal Plants Scheme and Cinchona Plantation, but up till now the Government, which tell us that they are running a welfare state, have turned a deaf ear to the representatives of the workers of these undertakings. Now, how will it react on the private sector when the Government themselves have been defaulters?

The workers strength in the Cinchona Plantations, as I told you before, used to be about 6,000. Today, it is 4,000. Sir, you will be surprised to hear and I am sure the Labour Minister will not be less surprised that these workers—born and brought up there—are still treated as temporary workers. In the private sector, in any tea plantation a worker after having put in 6 months' service, becomes a permanent worker, but in the Government owned plantations, even after they put in the whole life in the service, the workers are still treated as temporary workers.

Sir, the provisions of the Plantation Labour Act have not been extended to the Medicinal Plants Scheme and the Cinchona Plantation. What is their plea for not honouring the legislations? Government say that this is because of the fact that two undertakings, the Medicinal Plants Scheme and the Cinchona Plantation, are losing concerns. Sir, it may sound irrelevant superficially but it is relevant when I think it with the economy of these

two undertakings vis-a-vis workers' welfare. There are two directorates—one for Medicinal Plants Scheme and the other for Cinchona Plantation. I hope you will agree and the House will also agree that cinchona is also a medicinal plant. So, why should there be two separate directorates—one for Cinchona and another for medicinal plants like ipecac, rowlfia—serpontina, etc. Is it just to accommodate some blue-eyed persons of some Honourable Ministers? I do not understand why there should be two different directorates. So I would like to suggest to the Government that they should amalgamate these two directorates for the sake of better efficient and economic administration. Of course, you will have two technical wings. But administratively these must be amalgamated into one unit. So that considerable amount of public money is saved in order to provide at least minimum amenities to labourers.

Now, Sir, let me come to the tea plantations. In the tea gardens of Darjeeling the 1950-51 ratio of worker per acre used to be 1.50 and now it has come down to one worker per acre and in many less than that. A tea garden having, on an average 500 acres of tea used to employ according to that ratio of 1950-51 about 750 workers but today in this Welfare State it has come down to one worker per acre.

Sir, I quite understand the difficulties of the management in providing employment to the everincreasing population of the tea gardens. But then the Government in a Welfare State cannot fight shy to come forward with some measure to save the Industry as well as the starving humanity. The unemployment problem in the district is second to that of Calcutta.

Sir, according to the present ratio a tea garden having one thousand acres of tea has a working strength of one thousand workers whereas the number of population in the same tea garden will be round about four thousand. You will find invariably that one worker is supporting a family of three.

[At this stage the red light was lit and the honourable member having reached the time limit resumed his seat.]

[2-40 - 2-50 p.m.]

Shri Kendru Majhi:

মাননীয় স্পীকার মহাশয়, নির্যাতীত শ্রমজীবি বা কর্মচারীদের রক্ষা করার কাজ সত্যই প্রশংসার যোগ্য এবং তার লক্ষ্যে উপযুক্ত আইন কানুন সত্যই অভিনন্দন যোগ্য। কিন্তু যদি কর্মচারী বা শ্রমজীবিদের রক্ষার নামে তার দ্বারা দরিদ্র দোকানদারদের এবং নিতান্ত দরিদ্র ক্রেতাদের অনর্থক গুরুতরভাবে পীড়ন ও বিপন্ন করা হয় তবে সেই আইন যেমন ক্ষতিকর বলে অভিহিত হবে - তেমনি সেই আইন হাস্যকর বলেও গণ্য হবে। পশ্চিমবাংলার দোকান নিয়ন্ত্রণ আইন তেমনি এক আইন বলেই অভিহিত হয়েছে। ছোট দোকানদারদের মধ্যে অগণিত দোকানদার আছেন যাঁদের কর্মচারী রাখবার ক্ষমতা নেই তাঁরা প্রত্যহ বহু পরিশ্রম করে দিন রোজগার করেন, দিন জীবিকা নির্বাহ করেন। শনি রবি বন্ধ থাকলে তাঁদের প্রতি অত্যন্ত অন্যায় করা হয়। এই ছোট দোকানদারদের মধ্যে অগণিত এমন লোক আছেন যাঁদের ঐ দোকানঘরটিই উভয়ত ব্যবসা এবং বাসস্থানের জায়গা। দোকানে কপাট ও তালা বন্ধের নির্দিষ্ট সময়ে দোকান বন্ধ না দেখলে ইনস্পেক্টার রূপ এক আইনের সাক্ষাৎ মূর্তি এসে দেখা দেয় এবং তার পরেই সামান্য ছোট দোকানের মালিক আদালতের কাঠগড়ার আসামী। একে আইন রক্ষার প্রয়োজন বলে না --অপ্রয়োজনীয় আইনের অবাধ অত্যাচারের এই হচ্ছে একটি প্রকৃষ্ট নমুনা এবং এই আইনের ঘনিষ্টতম রক্ষক—যার নাম দোকান ইনস্পেক্টার—তাদের হাতে আজ অত্যাচার করবার এবং বেআইনী অর্থ আদায় করবার অপরিসীম ক্ষমতা ন্যস্ত হয়েছে। পুরুলিয়া সহরের বহু দোকানদার একযোগে এই নামধেয় [illegible] বিরুদ্ধে বহু গুরুতর অভিযোগ জানিয়েছে।

দোকান আইনের ব্যবস্থাধারা কিভাবে চলেছে এই তার অন্যতম পরিচয়। আমরা এর আগেও জানিয়েছি আজও জানাচ্ছি যে, এই দোকান আইনের ফলে বহু অঞ্চলে যেখানে দোকান কম বা দু একটি আছে সেখানে শনি রবিবার সব দোকান বন্ধ থাকে। যারা দিনমজুর অত্যন্ত গরীব প্রত্যাহিক পরিশ্রমের ওপর যাদের দিন চলে তাদের ওপর এই আইনের পীড়ন খুবই চলেছে। যে সব দোকানদারদের কর্মচারী নেই—তাদের জন্য এই আইন জারি করার কোনো প্রয়োজন ছিল না। বরং তাদের জন্য পৃথক ব্যবস্থা থাকলে এই ব্যবস্থার মাধ্যমে গরীব দোকানদারেরা প্রতিযোগিতার বাজারে কিছু সুবিধে করতে পারতো। কর্মহীন জনসাধারণের কর্মসংস্থানের নামে সরকারী ব্যবস্থাধারা কি চলছে তারই কথা কিছু আলোচনা করছি।

কর্মহীন ব্যক্তিদের জন্য কর্ম সৃষ্টি করার এবং দেশের সমস্ত বেকারকে কর্মে নিযুক্ত করার দায়িত্ব দেশের শাসন-শক্তির ওপর কিন্তু আমাদের দেশের সরকার কেবলমাত্র দায়িত্ব গ্রহণ করেছেন নাম রেজিস্ট্রি করার অফিস খুলে বসে থাকার এবং কাজের ক্ষেত্রে কোন পদ খালি হলে সেইগুলিতে যোগ্য এবং বাঞ্চিত ব্যক্তির দাবী আড়াল করে, অনুগ্রহভাজনদের ভর্তি করবার লক্ষ্যে নানা কলা কৌশল অনুসরণ করবার। সরকারী এই বৈষম্যমূলক ব্যবস্থাধারা কি রকম নগ্নভাবে বিসদৃশভাবে চলেছে তার জ্বলন্ত উদাহরণ হচ্ছে পুরুলিয়া জেলা।

বিহার আমলে হিন্দী সাম্রাজ্যবাদীদের অন্যতম লক্ষ্য এবং কাজ ছিল জেলাবাসীর অধিকার হরণ করে শাসন শক্তি সহায়ে জেলার সমস্ত চাকুরী ও কর্মসংস্থান আশ্রয়গুলিকে নিজেদের অন্তরঙ্গ ব্যক্তির দ্বারা অধিকৃত করে ফেলা। পশ্চিমবাংলার আমল সুরু হওয়ার সঙ্গে সঙ্গে এই সরকারও নগ্নভাবে বিসদৃশভাবে এই নিষ্ঠুর অন্যায় ধারা অনুসরণ করে চলেছেন। কর্মহীন অপর ভাই কাজ পান তাতে আপত্তির কিছু নেই। তাঁদের জন্যও ব্যবস্থা করা হোক কিন্তু তা জেলাবাসীর ন্যায়সংগত অধিকারসমূহ হরণ করে নয়। কিন্তু অত্যন্ত অদ্ভুত কথা এই যে, আজ জেলার সমস্ত রকম কর্মক্ষেত্রে ডেপুটি ম্যাজিস্ট্রেটের পদ থেকে আরম্ভ করে, অফিসার, ক্লার্ক, পিওন, ড্রাইভার, কন্ট্রাক্টার, পারমিট হোল্ডার এমন কি কুলি পর্যন্ত বাইরের থেকে আমদানী করা হচ্ছে। জেলার লোক অবিশ্বাস্যভাবেই আজ বঞ্চিত উপেক্ষিত হচ্ছে-যা তাদের ভাগ্যে জুটছে তা অকিঞ্চিৎকর নাম মাত্র তার সমগ্র অধিকারের সামান্য ভগ্নাংশ মাত্র। জমি সেটেলমেন্ট জরিপের জন্য অসংখ্য যে ছোট বড় কর্মচারী নিযুক্ত হচ্ছে, তা জেলার বাইরের আমদানী। হাসপাতাল স্টাফ যতকিছু আসছে তা বাইরের আমদানী। স্কুল বিভাগের ডি আই-এর অধীনে সাব-ইন্সপেক্টারদের প্রত্যেককে কেরাণী দেওয়া হয়েছে তা বাইরের আমদানী। স্টেট ইলেকট্রিসিটি বিভাগের লোকজনও বাইরের আমদানী। বাইরের কন্ট্রাক্টাররা যা কুলি নিয়োগ করছেন তাও বাইরের আমদানী। জেলার জন-অধিকারের বিরুদ্ধে এক ভয়াবহ চক্রান্ত চলেছে। এমন কি, পুরুলিয়া বঙ্গভুক্তির সময়ের এক বিশেষ সরকারী দায়িত্ব আজও ঝুলিয়ে রাখা হয়েছে। জেলা বোর্ড থেকে ১৯৫৬ সালে স্থানীয় শিক্ষা বিভাগে ৫ জন কর্মচারী নেওয়া হয়। তাদের স্থায়ী সরকারী চাকুরীতে সামিল করে নেবার সরকারী নির্দেশও ছিল। ইতিমধ্যে জেলায় বহু পদ খালি হোল এবং বহু কর্মচারীও নেওয়া হল। এখনো কয়েকটি পদ খালিও রয়েছে। কিন্তু আজও এঁদের জন্য ব্যবস্থা হয় নি। বংগভুক্তির সময়কার দায়িত্ব আজও উপেক্ষিত হয়ে ঝুলে রয়েছে। আমাদের জেলায় শাসন জীবনের মধ্য দিয়েই আজ আমরা সম্পূর্ণ উপলব্ধি করেছি যে, স্বাধীনতার নামে আজ অবাধ গোষ্ঠী সাম্রাজ্যবাদ ও জন অধিকার হরণের তান্ডব লীলা চলেছে। এর অবসানও যেমন নেই প্রতিকার ও আজ নেই।

[3-50—4 p.m.]

Shri Birendra Krishna Bhowmik:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রমমন্ত্রী যে ব্যয় বরাদ্দ প্রস্তাব এখানে পেশ করেছেন তা সমর্থন করতে উঠে আমি দু'-একটা কথা এখানে রাখবো। আপনি জানেন যে গত বাজেট সেসনে আমি চা-বাগানের শ্রমিক অঞ্চলে গৃহ নির্মাণের সমস্যা সম্বন্ধে আপনার কাছে বলেছিলাম, কিন্তু দেখতে পাচ্ছি যে প্রতি বছর যেখানে শ্রমিকদের মাত্র শতকরা ৮টা গৃহ করবার কথা তাতে হিসাব করে দেখা যায় যে ৯৬ হাজার ৮ শত ৪৮টা পাকা গৃহ করবার কথা। কিন্তু সেই জায়গায় ৩৫ হাজার ৪২৯টি গৃহ আজ পর্যন্ত হয়েছে, মানে শতকরা ৩৩ ভাগ এ পর্যন্ত হয়েছে।

আজকে নানা অজুহাতে মালিকগণ একথা বলবেন যে এই ইমারজেন্সী পিরিয়ডে বাড়ী করা সম্ভব নয়। কিন্তু সত্যিই কি তাই। আজকে তারা দেখাচ্ছে যে মাল মসলা পাচ্ছে না। কিন্তু সরকার আজ মাত্র ২৫ ভাগ মাল মসলা কনট্রোল করেছেন। বাকী ৭৫ ভাগ ছাড় আছে। সেই জায়গায় এই বক্তব্য তাদের দাঁড়াতে পারে না। আপনি জানেন যে সরকারের তরফ থেকে প্ল্যানটেশন লেবারের উপর বিমাতৃসুলভ ব্যবহার হচ্ছে। অন্যান্য ইন্ডাস্ট্রিতে যেসব হাউসিং স্কীম আছে তাতে সেখানে লোন দেওয়া হয় ৫০ পারসেন্ট, আর সাবসিডি দেওয়া হয় ২৫ পারসেন্ট। কিন্তু এই প্ল্যানটেশন লেবারে ১ পারসেন্ট সাবসিডি দেওয়া হয় না। সম্পূর্ণ লোন দেওয়া হয়। বামডিলা পতনের পর আসাম দুয়ার্স ও দার্জিলিংয়ের চা শ্রমিকরা দৃঢ়-প্রতিজ্ঞ হয়ে উৎপাদন বাড়িয়েছে তখন মালিকরা চার্টার্ড প্লেন করে পালিয়ে গেছে। সেখানে যখন পঞ্চম বাহিনী অরাজকতা করবার চেষ্টা করেছিল কিন্তু তারা সেটা করতে পারে নি। সুতরাং আজকে চা-বাগানের শ্রমিকদের গৃহ সমস্যার সমাধান আশু প্রয়োজন বলে মনে করি। বর্তমানে চা-বাগানে যে প্রভিডেন্ট ফান্ড গৃহীত হয়েছে তাতে সরকারকে অভিনন্দন জানাই। কিন্তু প্রভিডেন্ট ফান্ডে কিছু গণ্ডগোল আছে। ধরুন একটা শ্রমিক যে বৃদ্ধ হয়েছে সে চাকুরী ছেড়ে দিল বা সে রিটায়ার্ড করলো কিন্তু তার প্রভিডেন্ট ফান্ডের টাকার জন্য তাকে ছ' মাস পর্যন্ত বসে থাকতে হবে। সেই প্রভিডেন্ট ফান্ডের টাকা পাবে না, তার জন্য তার ক্লেম যাবে এই রকম আইনের পরিবর্তন করা দরকার। আর যারা শ্রমিক চাকুরী ছেড়ে দিয়ে সে যদি অন্য জায়গায় যায় তাহলে তার সেটা সেই জায়গায় ট্রান্সফার করে দেওয়া যেতে পারে। আমি মনে করি এদিকে শ্রমমন্ত্রীর নজর দেওয়া দরকার। চা-বাগানের শ্রমিকরা খুব অল্প পয়সা মজুরী পান। তাদের ভবিষ্যতের জন্য যে প্রভিডেন্ট ফান্ডের ব্যবস্থা করা হয়েছে তার জন্য তারা সরকারকে অভিনন্দন জানিয়েছে। সংগে সংগে আর একটা দিকে লক্ষ্য রাখতে হবে যে চাবাগানের শ্রমিকদের ইন্সিওরেন্স দেওয়া সব সময় সম্ভবপর হয় না। সেজন্য আমি প্রস্তাব করি যে প্রভিডেন্ট ফান্ডের টাকা থেকে কিছু কেটে ইন্সিওরেন্স প্রিমিয়াম দেওয়া হোক। যাতে তারা ভবিষ্যতে কোন রকম বিপদের মাঝে পড়ে তাহলে তখন সেই ইন্সিওরেন্স কভার করবে।

শ্রমিকদের কথা বললাম, সেই সংগে আমাদের চা বাগানের কর্মচারীদের সম্বন্ধে দু'-একটি কথা বলি এখন। এই চা-বাগানের দুটি সংস্থা আছে, একটা হচ্ছে আই টি এ ইউরোপীয়ান ম্যানেজমেন্ট; আর একটি হচ্ছে, আই টি পি এ- ইন্ডিয়ান ম্যানেজমেন্ট। এর ক্লারিক্যাল স্টাফ-এর মাইনে এক এক বাগানে এক এক রকম। আমি শ্রম দপ্তরকে বলবো চা-বাগানকে এ, বি, সি, ডি- এই রকম ভাবে ক্লাসিফিকেশন করুন। আই টি এ ও আই টি পি এ এর মধ্যে যে মাইনের তারতম্য রয়েছে, সেটা মিটিয়ে দিন, দূর করে দিন।

পরিশেষে বলবো অনেকে বেকার, সমস্যা নিয়ে কথা বলেছেন। আমি বি ও সি পাইপ লাইন সম্বন্ধে দু'-একটি কথা বলবো। এই পাইপ লাইন এ বহু বাঙ্গালী, বাংলাদেশের ছেলে বেকার হয়েছে রিট্রেঞ্চড হয়েছে। কিন্তু এই ইন্ডিয়া অয়েল কোম্পানীতে যে চাকরী দেওয়া হচ্ছে তাতে অন্য প্রদেশের লোক এনে নিয়োগ করা হচ্ছে। শিলিগুড়ি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে বার বার তাগাদা দেওয়া হচ্ছে। ওখানকার কোন সুরাহা করতে পারেন নি। এদিকে শ্রম বিভাগকে তৎপর হতে বলি।

আজ চা-বাগান অঞ্চলের বোনাস নিয়ে কথা বলা হচ্ছে। ১৯৫৯ সালে যে বোনাস ডিক্লেয়ার করা হয়েছে, সেটা আজ পর্যন্ত অনেক বাগানে দেওয়া হয় নাই। এটাও আমি বলবো ১৯৫৯ সালের ডিক্লেয়ার্ড বোনাসের টাকা যদি আজও না পাওয়া যায়, তাহলে সেটা পাওয়া যাবে কবে? সেদিকেও লক্ষ্য রাখা হোক। মাননীয় শ্রমমন্ত্রী যে ব্যয় বরাদ্দ রেখেছেন, তা আমি সম্পূর্ণ সমর্থন করছি।

Shri Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, আজকের ব্যয় বরাদ্দ সম্পর্কে গোড়াতে এই কথা বলতে চাই ওদিককার কোন কোন বন্ধু বললেন আমাদের জেলখানায় রাখায় নাকি শিল্পে শান্তি আছে। ভাল কথা। আমি তা মেনে নিতে রাজী প্রকৃত শান্তি যদি হয়ে থাকে। আমি কয়েকটি ঘটনা উল্লেখ করে দেখাবো যে কোথা থেকে এই জিনিষগুলি হচ্ছে।

প্রথমতঃ মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের কাছে যে কাগজপত্র দিয়েছেন তাতে তিনি এওয়ার্ড ইমপ্লিমেন্ট করবার ফিরিস্তি দিয়েছেন। আমি তাকে জানাতে চাই যে সুপ্রীম কোর্টের এওয়ার্ড মডিফিকেশন করবার যে রায় সেই সমস্ত কি কার্যকরী করবার চেষ্টা করা হয়েছে? কয়েক মাস আগে অক্টোবর সুপ্রীম কোর্টের একটি এওয়ার্ড মডিফিকেশন হলো, হিন্দুস্থান মোটর কোম্পানী সেখানে ১৯৬০ সালের জুন মাস থেকে ১৯৬২ সালের অক্টোবর মাস পর্যন্ত শ্রমিকদের পাওনা হলো। এই এওয়ার্ডটা ওখানকার আগে যা হয়েছিল তাতে স্বীকার করা হয় নাই। ঐ টাকাটার যে ইঞ্জিনীয়ারিং ওমনিবাস ট্রাইবুন্যাল হয়েছিল, তা থেকে বিড়লা কোম্পানী ইঞ্জিনীয়ারিং ফ্যাক্টরী না বলে তারা দরখাস্ত করে বেরিয়ে গিয়েছিল। এই হাউসে যখন সে কথা উত্থাপন করা হলো, তখন তৎকালীন শ্রমমন্ত্রী সাত্তার সাহেব আলাদা একটি ট্রাইবুনাল দিয়েছিলেন। সেই ট্রাইবুনাল শিল্প শ্রমিকদের ডিয়ারনেস অস্বীকার করেছিলেন। তার বিরুদ্ধে সুপ্রিম কোর্ট-এ এ্যাপিল করা হয়েছিল। তার ফলে যে এওয়ার্ড সেখানে মডিফিকেশন হয়েছিল। তার ফলে শ্রমিকদের পাওনা হয় ১৯৬০ সালের জুন থেকে ১৯৬১ সালের মার্চ পর্যন্ত চার টাকা করে হারে দশ মাসে ২ লক্ষ ৪০ হাজার টাকা হয়। আর এপ্রিল ১৯৬১ সাল থেকে ১৯৬২ সালের মার্চ পর্যন্ত পাওনা হয় ৪ লক্ষ ৩২ হাজার টাকা এবং এপ্রিল ১৯৬২ থেকে অক্টোবর ১৯৬২ পর্যন্ত পাওনা হয় ২ লক্ষ ৯৪ হাজার টাকা। অর্থাৎ মোট ৯ লক্ষ ৬৬ হাজার টাকা কোম্পানীর কাছে পাওনা যেখানে, সেখানে কোম্পানী দিয়েছেন ৭ লক্ষ ২৬ হাজার টাকা। আর ২ লক্ষ ৪০ হাজার টাকা তারা দেন নাই। সেটা শ্রমিকদের ১০ মাসের পাওনা।

[4—4-10 p.m.]

সুপ্রিম কোর্টের এওয়ার্ডকে যারা এই রকম ভাবে ভাওলেট করতে পারে, আমি জিজ্ঞাসা করি মাননীয় মন্ত্রী মহাশয়কে যে সেখানে তিনি কি দায়িত্বপূর্ণ কাজ করেছেন এবং তাদের বিরুদ্ধে কি বিধান গ্রহণ করেছেন? কাজেই শিল্পে এইভাবে শান্তি রাখা যায় না। মালিকের পেট ভর্তি করে তাদের স্বার্থ রক্ষা করে এবং শ্রমিকদের ডান্ডা মেরে শিল্পে কখনও শান্তি রাখা যায় না, এটা আমি স্মরণ করিয়ে দিতে চাই। এবং এই টাকা ডিম্যান্ড করবার ফলে কি হয়েছে? সেখানে ইউনিয়নের একজন সদস্য, শ্রীবিমল সরকার, তিনি ওয়ার্কস কমিটির ভাইস প্রেসিডেন্ট, তাঁকে ছাঁটাই করা হয়েছে। চিরঞ্জীলাল বলে একজন ওয়ার্কস কমিটির মেম্বার তাকেও ছাঁটাই করে দেওয়া হল এবং সেখানে ছাঁটাই-এর রাজত্ব চলেছে। তারপর আজকে যখন জরুরী অবস্থা চলেছে, সেই জরুরী অবস্থার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় সেখানে গিয়েছিলেন দেশরক্ষা ফান্ডে চাঁদা সংগ্রহ করতে এবং আমরা ইউনিয়ন থেকে বলে দিয়েছিলাম যে প্রত্যেকে চাঁদা দেবে এবং আমরা সকলে দিয়েছি। সেই টাকা মাননীয় মন্ত্রিমহাশয় এনেছেন। কিন্তু, না কাগজে, না রেডিওতে কোথাও তার স্বীকৃতি নেই। মাননীয় মন্ত্রিমহাশয় এই কাগজটা দেখলেই বোধ হয় বুঝতে পারবেন, এতে মালিকের ছবি আঁকা হয়েছে, এটা মালিকরা বোধ হয় করেছেন—একটি দালাল ইউনিয়নের তরফ থেকে মালিক টাকা তুলছেন। এবং সবচেয়ে আশ্চর্যের বিষয়, সেখানে টাকা তোলবার পর, সেই টাকা রাখার দায়িত্ব অর্ডিন্যান্স অনুযায়ী কার হাতে পড়লো তা আমরা বুঝতে পার না। যাই হোক, যেখানে টাকা তোলা হল এবং সেই টাকাটা একজন দালাল শ্রমিকের হাত দিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের হাতে দেওয়া হচ্ছে, তার ছবি রয়েছে। কিন্তু পরে দেখা গেল, এই যে এত টাকা তোলা হল, সেই টাকাটা সম্পূর্ণ মন্ত্রিমহাশয়ের হাতে আসে নি। এই নিয়ে সেখানে যখন শ্রমিকরা সোরগোল তুললো, তখন দেখা গেল সেই শ্রমিকটির মৃত্যু হয়েছে। তাঁর এই মৃত্যুর তদন্ত হয় নি। আমি বলবো এর তদন্ত হওয়া উচিত। তাহলে এর টাকা, যা মারা হয়েছে, সেই টাকা ধরা পড়বে। যদি এখানে একটু ভাল করে তদন্ত করা যায় তাহলে দেখা যাবে আজকে প্রতিরক্ষা তহবিলে কে এবং কারা কিভাবে ফাঁকী দিয়েছে। আমি এখানে সম্পূর্ণ দায়িত্ব নিয়ে অভিযোগ করছি যে চাঁদার টাকা এই রকম ভাবে, বেপরোয়া ভাবে চুরি করা হয়েছে প্রতিরক্ষা তহবিলের নামে, এবং এই ছবিটা দেখলেই মাননীয় মন্ত্রিমহাশয় বুঝতে পারবেন। এতে আরও ছবি আছে, এটা মালিকের তাঁবেদারী কাগজ। যে লোকটির মৃত্যু হয়েছে তার নাম হচ্ছে নন্দন সর্দার, তার মৃত্যুর তদন্ত হওয়া উচিত। ঐ লোকটি টাকা দিচ্ছে, তার ছবি রয়েছে। আমি এর মধ্যে আর যেতে চাই না।

আমি আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে হিন্দুস্থান মোটর কোম্পানীর ব্যাপার। ওদের ব্যালেন্স সিট-এ দেখলাম যে ৩ কোটি ৮৫ লক্ষ টাকা লাভ হয়েছে ১০ মাসে। ইউনিয়নের তরফ থেকে আমি নিজে প্রস্তাব করেছিলাম যে বাংলাদেশে কয়েক কোটি টাকা উঠতে পারে। আমাদের জাতীয় প্রতিরক্ষা তহবিলে। এক হিন্দুস্থান মোটর কোম্পানী থেকেই ৩ লক্ষ ৮৫ হাজার টাকা নিয়ে তাঁরা জাতীয় প্রতিরক্ষা তহবিলে দিতে পারেন, সেখানে শ্রমিক, মজুররা কোন বোনাস চায় না। কিন্তু তাঁরা সেই টাকাটা নিয়ে আমাদের জাতীয় প্রতিরক্ষা তহবিলে দিলেন না ও মজুরদের বোনাসও দিলেন না। উল্টে মজুররা যে চাঁদার টাকা দিলো, সেটা প্রতিরক্ষা তহবিলে জমা না দিয়ে, নিজেরা মেরে দিলেন। আজকে সেখানে অরাজকতা চলেছে, কথায়, কথায় ছাঁটাই হচ্ছে। সবচেয়ে মুস্কিল হচ্ছে সেখানে ৪০টা ম্যাসনারি পিলার আছে প্রোটেকটেড এরিয়াতে সেই পিলারগুলির পা হয় আর ক্রমশ এগিয়ে এগিয়ে যাচ্ছে। সেটা একটা সংরক্ষিত এলাকা, তার একটা সীমা আছে, এইভাবে বিড়লার হিন্দুস্থান মোটর কোম্পানী যেমন চিত্তরঞ্জন কারানগরী, তেমনি হিন্দুস্থান মোটর কোম্পানীর সেটা একটা কারা ফ্যাক্টরী হয়েছে। এই রকম অবস্থা, যেন একটা জেলখানার মধ্যে আমলাতান্ত্রিক জুলুম চলেছে। আপনারা ভাবছেন ইউনিয়ন ভেঙ্গে দেবেন, কালীপদ মুখার্জী মহাশয় পারেন নি, সত্তার সাহেব পারেন নি, এবং বিজয়বাবুও পারবেন না। আমরা হয়ত ইউনিয়নের নেতৃত্বে না থাকতে পারি, কিন্তু স্কীল্ড লেবারদের ইউনিয়ন কখনও ভাঙ্গা যায় না। কাজের মধ্যে সেটাকে আনতে হয়। কাজেই ইউনিয়নকে আপনারা ভাঙ্গতে পারবেন না। এটা দুঃস্বপ্ন মাত্র। গত বৎসর নবেম্বর-ডিসেম্বর মাসে দেখেছেন রেলে স্পেশাল ট্রেন নিয়ে গিয়েছেন, ব্যারাকপুর থেকে আর্ম ফোর্স নিয়ে এসেছেন এবং এতেও কোনরকমভাবে তা ভাঙ্গতে পারেন নি, পারবেনও না। কাজেই আপনাকে শেষ একটি উপহার দিই, আপনার প্রকৃত পরিচয়, এটি একটি কবিতা।

সুরাবর্দির মাসতুতো আমি
মন্ত্রী হয়েছি ভাই
ভারত রক্ষা আমার কাছেতে
মালিক রক্ষা তাই।
লাল ঝাণ্ডার ইউনিয়ন ভাঙ্গি
পুলিশ লেলাই চুপে,
কখনও আবার গাঁতাই তাদের
যুগ্ম বলদ রূপে।
জাতীয় চীন চাইনাকো ভাই
মালিক বিরোধী হলে,
নীতিটা আমার ঝোল টানা শুধু
মালিক প্রভুর কোলে।
আমি শ্রমিকের হাঁড়ি চাটা ভাই
চাষ করে করি পার,
বিরলায় খুঁজি যদি কভু পাই
একটি মোটরকার।

আপনি এই লোভে সেখানে যান। একটু দেখবেন শ্রমিকদের।

শ্রীগিরিজাভূষণ মুখার্জী:

মাননীয় স্পীকার মহাশয়, এই বাজেট খাতে যে দাবী করেছেন আমি সেটার বিরোধীতা করছি। এই দাবীটা শ্রমিকদের মঙ্গালের জন্য কাজে লাগান হবে এইজন্য, কিন্তু আমি দেখতে পাচ্ছি মঙ্গলের কোন নমুনা আমার সামনে নেই। আমি প্রথমে একটি ঘটনা বলি যে কতখানি শ্রমিক মঙ্গলাকাঙ্খী বর্তমান মন্ত্রী এবং তাঁর দপ্তর। গতবারে ঠিক সময় বাজেট সেশনেতে উনি বলেছিলেন যে যতটা সম্ভব তাড়াতাড়ি আমরা শ্রমিক মালিক বিরোধের ফয়সলা করবো। সেশনের পরে একটি সার্কুলার দিলেন প্রত্যেকটি লেবার অফিসে, অর্থাৎ ও'দের যে অফিস আছে অন্যান্য অঞ্চলে এবং কলকাতায়, যে, ইউনিয়ন থেকে যে ডিসপিউট ফাইল করা হবে সেই পিটিশন

মাস্ট বি ফাইল্ড ইন ট্রিপ্লিকেট। তিনখানা কপি দিতে হবে উইথ পসিবিল আর্গ্যুমেন্টস যে আমি কেন এই দাবী রাখছি। অমুক শ্রমিককে কোম্পানী ছাঁটাই করেছে তার বিরুদ্ধে আমার কি কি যুক্তি সেই যুক্তি সমেত দাখিল করতে হবে প্রথমেই লেবার ডাইরেক্টরেটের সামনে। অর্থাৎ এটা কেন হল, কার সুবিধার জন্য উনি এটা করছেন, এটা আমাদের জানা দরকার। ও'রাই আবার বলে থাকেন ইউনিয়নে বাইরের লোক থাকা বিপদজনক, বাইরের লোক শ্রমিকদের উস্কায়, সুতরাং ইউনিয়ন শ্রমিকরা নিজেরা গড়বে। বাইরের লোকের প্রয়োজন নেই। অর্থাৎ উনি এখন বর্তমানে এই অবস্থা চিন্তা করছেন যে চটকলের শ্রমিকরা শিক্ষিত হয়ে উঠেছে, তারা একটা ইউনিয়ন করবে, ডিসপিউট ফাইল করবে, ড্রাফট করবে, লিখবে এবং লেবার দপ্তরে দাখিল করবে। এই স্তরে আমাদের দেশ এসে গিয়েছে এইরকম চিন্তা ও'রা করছেন নইলে কখনও এইরকম সার্কুলার আসতে পারে না। এবং তার সাথে সাথে উইথ পসিবিল আর্গ্যুমেন্টস। যাতে আমার আর্গ্যুমেন্টের কপি মালিকের কাছে যায় এবং মালিক সেগুলি খন্ডন করতে পারে। মালিক আগে থাকতে প্রিপেয়ার্ড হতে পারে তার জন্য এটা করা হয়েছে। আগে আমরা যেভাবে ডিসপিউট ফাইল করতাম তাতে মালিকরা বাধ্য হত আগে তাদের যে বক্তব্য সেই বক্তব্য আমাদের সামনে হাজির করবে, আমরা তার দ্বারা বেনিফিটেড হতাম, শ্রমিক পক্ষ তার দ্বারা বেনিফিটেড হত, কিন্তু আজ এই সার্কুলারের ফলে আমরা দেখছি সত্যিকারের আমাদের বেনিফিট অনেক অনেক পরিমাণে কমে গিয়েছে। তার অবশ্যম্ভাবী ফল দাঁড়িয়েছে, তাঁরই স্বীকৃতির মধ্যে আছে, অবশ্য আজকে সে স্বীকৃতিটা দেন নি, সেটা হচ্ছে এই যে, ১৯৬১ সালে অ্যাডজুডিকেশনের সংখ্যা ছিল ৩৯৭, ১৯৬২ সালে ছিল ২৯৪, অবশ্য ১৯৬২ সালের মধ্যে পূর্বতন মন্ত্রীর অবদান অনেকখানি ছিল, শেষ অংশ অনেকখানি কম। এটা যদি মাসিক হিসাবে দেখা যায় তাহলে দেখতে পাওয়া যাবে। এবং ১৯৬৩ সালে মাত্র ১৯টি কেস অ্যাডজুডিকেশনের জন্য ও'র দপ্তর থেকে পাঠান হয়েছে। এখন দেখা যাচ্ছে এই যে সার্কুলার এবং বর্তমান মন্ত্রীর শ্রমনীতি এটা শ্রমিকদের সত্যিকারের যেখানে বিচার পাওয়া যায়, যেখানে হয়ত একটা হাকিমের সামনে বক্তব্য হলে একটা বিচার পাওয়া যায়, যে বিচারটা বাইন্ডিং অন বোথ পার্টিস, সেই বিচার থেকে উনি বঞ্চিত করছেন।

[4-10—4-20 p.m.]

বর্তমান শ্রমনীতি আজকে ওই লেবার দপ্তরের যে অধিকার ছিল তাও ক্ষুণ্ণ করছে। ট্রাইব্যুনাল-এ রেফার্ড হল- ট্রাইব্যুনাল-এ রেফার্ড হলে কি হয় জানেন মালিকদের পক্ষে একটা সেনটেন্স–দি কেস ইজ ফিট টু বি অ্যাডজুডিকেটেড। কিন্তু সেগুলি রেফার্ড ব্যাক হচ্ছে কেন, রেফার্ড ব্যাক হচ্ছে? তার দপ্তরে যে সব অফিসার আছেন তাদের উপর যদি আস্থা না থাকে তাহলে সেটা তুলে দিন। সেক্রেটারী আছেন, জয়েন্ট সেক্রেটারী আছেন, এঁরা সবকিছু করেন। আমার বক্তব্য হচ্ছে সত্যিকারের অ্যান্টি লেবার পলিসি নিয়ে মন্ত্রিমহাশয় চলেছেন তার জন্য আমাদের ভুগতে হচ্ছে- ট্রাইব্যুনাল রেফারেন্স এর সংখ্যা দিনের পর দিন কমে যাচ্ছে। তিনি থার্ড নবেম্বর দিল্লীতে গিয়েছিলেন, সেখানে ইন্ডাস্ট্রিয়াল ট্রুস চুক্তি হয়েছিল ফোর্থ লেবার ডিপার্টমেন্ট থেকে সেই চুক্তি–হোয়াট নেক্সট? এর পর সারা বাংলাদেশে যে হাজার হাজার মালিক ইন্ডাস্ট্রিয়াল ট্রুস ভঙ্গ করল তাদের সায়েস্তা করলেন না। কিন্তু লেবার ডিপার্টমেন্ট যে কার স্বার্থে ওই চুক্তি কঠোরভাবে প্রয়োগ করছেন না জানি না। আর একটি পরিণতি এই হয়েছে টেক্সম্যাকো-তে একটা বাই-পার্টাইট এগ্রিমেন্ট হয়েছিল এবং সেটা কনসিলিয়েশন অফিসারের কাছে নিয়ে যাওয়া হল উইটনেস হিসাবে সই করার জন্য। এই প্রথম দেখলাম কনসিলিয়েশন অফিসার সই করলেন না। শ্রীরামপুরের এস ডি ও-র কাছে গেলাম। তিনি বললেন মন্ত্রীদের বক্তৃতা তো শুনেছেন—

How can you expect that they will be impartial? How can we expect that the Deputy Labour Commissioners and the Labour Commissioner will be impartial?

মাননীয় শ্রমমন্ত্রী কেন ঘোষণা করেছিলেন চটকল সম্পর্কে একটা ব্যবস্থা করবেন, তা কোথায় হল? সেখানে এখনও ৯২ হাজার ইন্ডাস্ট্রিয়াল ট্রুস শিল্পে শান্তি যাই বলুন না কেন—৯২ হাজার

অর্থাৎ ৪৪ পারসেন্ট যদি বদলী ওয়ার্কার হয় তাহলে শিল্পে শান্তি কি করে থাকে? এই যে বদলী ওয়ার্কার—১৯ বছর বদলী ওয়ার্কার হিসাবে কাজ করছে—পাঁচ বছরের প্রভিডেন্ট ফান্ড মেম্বার, সেখানে তার কন্ট্রিবিউশন আছে তথাপি সে বদলী ওয়ার্কার। আজ পর্যন্ত এই শ্রমমন্ত্রী এদিকে কোন প্রচেষ্টা দেখাতে পারলেন না। অন্ততঃ যারা প্রভিডেন্ট ফান্ড মেম্বার আছে, যাদের নাম সরকারী খাতায় উঠেছে তাদের পার্মানেন্ট করে দেওয়ার ব্যবস্থা দেখতে পেলাম না। আমাদের ও পক্ষের ডাঃ মৈত্রেয়ী বসু ঠিক বলেছেন যে ১৯২১ সালের সার্ভেন্ট কাগজ এবং ১৯৩১ সালের আনন্দবাজার যা বলেছিলেন তাই যদি এখনও শ্রমনীতি হয় তাহলে উৎপাদন বাড়বে কোথা থেকে এবং শিল্পে শান্তি বজায় থাকবে কোথা থেকে সেটা ভেবে দেখতে হবে। এমপ্লয়িজ স্টেট ইন্সিওরেন্স—এ বিষয়ে বেশী কিছু বলব না। আজকে যদি মন্ত্রিমহাশয় কোন রিপ্রেজেন্টেটিভ পাঠান হাওড়া জেলায় দেখবেন কোন দোকানে ওষুধ নেই জানি না কোন ইন্টারিম কন্ট্রাডিকশন সেখানে আছে কি না—ওষুধ পাওয়া যাচ্ছে না, খোঁজ করে দেখুন। আমার আগে বিরোধী দলের একজন বক্তা ওই ল্যান্সডাউন জুট মিলস সম্পর্কে একটি কথা বলে গিয়েছেন। এটা বলা তার ঠিক হয় নি- ভ্রান্ত খবর। আমাদের যে কাঠামোতে শ্রমনীতি পরিচালিত হচ্ছে তাতে যদি কোন মিল কর্তৃপক্ষ ঠিক করেন যে মিল বন্ধ করে দেবেন কোন ক্ষমতা আমাদের নেই সেই সিদ্ধান্ত থেকে তাদের বিরত করতে। আমরা চাই সেই ল্যান্সডাউন জুট মিল সরকার গ্রহণ করুন। সরকার সেটা টেক আপ করুন। চটকল যেন একটা সরকারের কর্তৃত্বে আমরা দেখি। সরকার ডাইরেক্ট এক্সপিরিয়েন্স চটকল সম্পর্কে নিন। এবং সেই অভিযোগ যিনি করেছেন সেখানে কারখানা বন্ধ হয়ে গেছে। সেখানে বিকল্প চাকরী তারা পায় নি, তাদের রিটেনশন বেনিফিট দেওয়া হয়েছে [রেড লাইট] এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Daya Ram Beri:

अध्यक्ष महोदय, जो बजट सम्मानित श्रम-मन्त्री महोदय ने सदन के सामने उपस्थित किया है, मैं उसका समर्थन करने के लिए खड़ा हुआ हूं और उसके सिलसिले में चन्द बातें आपके मार्फत कहना चाहता हूं। जो हालत इस समय बंगाल के अन्दर है, वह वास्तव में बहुत ही शोचनीय हालत है। मालिक सरकार को कुछ नहीं गिनते हैं। वह तो यही कहते हैं कि तुम डार-डार तो हम पात-पात। अगर तुम डाल-डाल चलोगे तो हम पात-पात चलेंगे।

हमारी जूट इण्डस्ट्रीज के अन्दर तीन ट्राइब्यूनल्स हमारी कांग्रेस गवर्नमेन्ट ने दिया ताकि मजदूरों की हालत अच्छी हो और वे खुशहाल रहें और देश की भलाई हो। लेकिन तीनों ट्राइब्यूनलों में मजदूर जीते। मालिक पराजित हुए। लेकिन इसके बावजूद भी जहां तीन लाख दस हजार आदमी काम करते थे, वहां एक लाख कई हजार आदमी छटाई हो गए।

(विरोधी पक्ष की ओर से कुछ व्यवधान हुआ)

मुझे तो गर्व है कांग्रेसी होने का। मेहरबानी करके टोकिए नहीं, बोलने दीजिए। अगर आपको कुछ मालूम हो तो कृपया बता दीजिए। तो मैं कह रहा था कि तीन लाख दस हजार आदमी से लगभग दो लाख आदमी रह गए। इस वक्त में यह देखकर हैरान हो

गया कि बंगाल के अन्दर करीब १७$\frac{1}{2}$ लाख मैन-डेज लास हो गए। वास्तव में यह बहुत बड़ी बात है। जहाँ इसके अन्दर हमारी पार्टी की यूनियन के मजदूर काम करते हैं वहीं पर हमारे कम्युनिस्ट भाई बिप्लव करते हैं और चाइना को लाकर यहाँ का राज्य देना चाहते हैं—हिन्दुस्तान का। उस पार्टी का हाथ इसके अन्दर है।

लेकिन इसके साथ ही यहाँ पर बहुत से ऐसे मालिक हैं, जो अभी तक यूनियन को स्वीकार नहीं करते। अगर मालिक पक्ष यूनियन को स्वीकार कर देते तो आपस में बैठ कर तमाम दिक्कतों का निप्टारा आसानी के साथ हो सकता था। इस मामले में हमारी सरकार की भी भूमिका ठीक नहीं है। मैं अपने श्रम-मन्त्री महोदय का ध्यान इस ओर आकर्षित करना चाहता हूँ कि वे जरा तगड़े बनें और वे ऐसा कानून बनावें कि कानून को तोड़नेवाले चाहे मालिक पक्ष के हों या और कोई पक्ष के, सबको सीधा करे। साथ ही जहाँ पर हमारी यूनियन का बहुमत हो, वहाँ पर मालिकों को मनवाने के लिए बाध्य करें—मजबूर करें। अगर अभी तक ऐसा कोई कानून न हो, तो नया कानून जल्द से जल्द बनायें और मालिकों को मजबूर करें। यह बहुत जरूरी चीज है। अगर आज यूनियन को ठीक तौर से मान्यता मिली होती तो इतना मैन-डेज लास कभी भी नहीं होता। सन् १९६१ में ३०$\frac{1}{2}$ लाख मैन-डेज लास हुए जबकि इस वर्ष १७$\frac{1}{2}$ लाख हुआ। यह हिसाब केवल ९ महीने का है।

इस वक्त जरूरी अवस्था चालू है। आइ० एन० यू० टी० सी० हमारी पार्टी की महान् यूनियन है। जहाँ-जहाँ पर इसकी यूनियन है, वहाँ-वहाँ पर हड़ताल कभी नहीं होते हैं और मजदूरों का पूरा ख्याल रखा गया है। इसके अलावा इस इमर्जेन्सी के वक्त में जबकि यह घोषणा की गई कि हमें उत्पादन को बढ़ाना है, हमारे देश के सामने महान् काम है। तब मालिकों ने इस इमर्जेन्सी का सुयोग लेकर मजदूरों के ऊपर दोहरी तलवार चलाया है। बहुत से लोग डिस्चार्ज हुए, डिस्मिस हुए और छटाई हुए। मैं तो कहूँगा कि डिस्मिस, छटाई और डिस्चार्ज ये तीनों नाम ही मजदूरों के लिए फाँसी का काम करते हैं। एक ही नाम से मजदूरों को फाँसी लग जाती है। अगर इसी तरह से छटाई, डिस्मिस और डिस्चार्ज जारी रहा तो मजदूरों की भलाई कभी नहीं होगी। इसलिए कानून बनाकर जब तक सरकार ठीक तरह से नहीं देती, तब तक कारखानेदार श्रमिक मजदूरों का अपने यहाँ से छटाई, डिस्चार्ज करता ही रहेगा। सरकार को चाहिए कि कानून बनाकर उसका कड़ाई से पालन करवाये। इस तरह से जब कानून बनेगा और उसका ठीक तरह से इस्तेमाल होगा तो कोई मालिक किसी मजदूर को डिस्चार्ज नहीं कर सकता, उसकी छटाई नहीं कर सकता। जभी कानून बनेगा तभी मजदूरों की रक्षा हो सकेगी अन्यथा बहुत मुश्किल है।

[4-20—4-30 p.m.]

अब मैं जूट इण्डस्ट्रीज पर आता हूँ। बंगाल में जूट-इण्डस्ट्रीज के मालिक बड़े शक्तिशाली रहे हैं और वे बृटिश साम्राज्य के वक्त से ही रहे हैं। पहले यह हालत थी कि ये लोग बंगाल में राज्य करते थे, लेकिन कांग्रेस राज्य के टाइम में ये लोग कहीं-कहीं शिकस्त हुए हैं। लेकिन इसके बावजूद इनके अत्याचार मजदूरों पर बहुत हैं। आज हर मिल के अन्दर पक्का नौकरी करनेवाले मजदूरों की जगह पर बदलीवाले और टेम्परेरी और क्या-क्या बोलकर आदमी रखे जा रहे हैं।

(लाल बत्ती जलने पर कुछ व्यावधान हुआ।)

तो मैं इतना कहकर बैठ जाता हूँ कि सरकार मजदूरों की ओर ध्यान दें और उनकी रक्षा के लिए कानून बनावें।

Shri Kamal Kanti Guha:

মাননীয় স্পীকার, আমি আমার দলের নেতার কাছ থেকে জানতে পারলাম কংগ্রেস পক্ষের মহিলা সদস্য কালকে প্রশ্নোত্তরে যখন উত্তর দিচ্ছিলেন, তখন আমি তার প্রতিবাদ করেছিলাম তার জন্য উনি নাকি অফেনডেড হয়েছিলেন। আমি প্রতিবাদ করেছিলাম মহিলা সদস্য বলে নয়, আমরা বিরোধী পক্ষ এবং তারা কংগ্রেস পক্ষ বলে। যাই হউক তারা যদি কিছু মনে করে থাকেন তাহলে আমি খুব দুঃখিত ।

Shri Jagat Basu:

মাননীয় স্পীকার মহাশয়, এই আলোচনায় মজুরী এবং চাকুরীর নিরাপত্তা সবচেয়ে বড় হয়ে দেখা দিয়েছে এবং সেটা আজকে বাংলাদেশের শ্রমিক আন্দোলন সম্পর্কে সবচেয়ে বড় সমস্যা। স্যার, মজুরী বৃদ্ধি সম্পর্কে শ্রমমন্ত্রী যে বিবৃতি দিলেন সে সম্বন্ধে কিছু উল্লেখ আমরা পেলাম না। গত অ্যাসেম্বলী সেসনে আমরা শুনেছিলাম, যে নিম্নতম মজুরী বৃদ্ধি করার জন্য মজুরীর কাঠামো পরিবর্তন করা হবে। কিন্তু সেই আশ্বাসের কোন উল্লেখ তার বক্তব্যের মধ্যে নেই। স্যার, জরুরী পরিস্থিতির সঙ্গে উৎপাদনের ব্যাপারে শ্রমিকরা সহযোগিতা করছে, শিল্পে শান্তির যে চুক্তি হয়েছিল তার পর থেকে শিল্পে শান্তি বজায় আছে এবং উৎপাদনের ব্যাপারে শ্রমিকরা উৎপাদন বাড়িয়ে চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবাংলার শ্রমিকদের ভিতরে অধিকাংশ শ্রমিক টাইম রেটেড ওয়ার্কার, অর্থাৎ দিন মজুর হিসাবে নিকৃষ্ট মজুরীতে তারা কাজ করে। উৎপাদন বৃদ্ধি হোল কিন্তু তার সঙ্গে তাদের মজুরী বৃদ্ধি হোল না। উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে তাদের মজুরী বৃদ্ধির জন্য কোন ফরমুলার কথা তিনি উল্লেখ করেন নি। স্বেচ্ছাকৃতভাবে শ্রমিকরা উৎপাদন বাড়িয়ে চলেছে, সেই অনুপাতে প্রফিট বাড়ছে সরকারী ট্যাক্স বাড়ছে, কিন্তু শ্রমিকরা তাদের যে ন্যায্য পাওনা সেটা পাবার কোন ব্যবস্থা নেই। আমি জানতে চাই শ্রমিকদের সম্পর্কে জরুরী পরিস্থিতিতে সরকারের দায়িত্ব কি? কারণ মজুরী এবং অন্যান্য প্রশ্ন নিয়ে শ্রমিকরা আন্দোলন করলে কিছু কিছু রিলিফ শ্রমিকদের দিতে পারতেন, কিন্তু জরুরী অবস্থার ফলে যে অবস্থা দাঁড়িয়েছে তাতে শ্রমিকদের আন্দোলন করা সম্ভব নয়।

সেজন্য আজকে এই পরিস্থিতিতে সরকারের এই ব্যাপারে অগ্রণী হয়ে আসা উচিত। এবং শ্রমিক সমস্যা সমাধানের জন্য এগিয়ে যাওয়া উচিত বলে মনে করি। যদি দেখা যায় উৎপাদনের ন্যায্য অংশ থেকে তারা বঞ্চিত হচ্ছে এবং সরকার পক্ষ থেকে মজুরী রক্ষা করার জন্য কোন ব্যবস্থা করা হচ্ছে না এবং যার জন্য শ্রমিকরা বঞ্চিত হচ্ছে, তা হলে আজকে শ্রমিকদের এই বঞ্চনার দায়িত্ব শ্রমবিভাগকে নিতে হবে। এই অভিযোগ আজকে আমি করছি শ্রম দপ্তরের বিরুদ্ধে যে গত কয়েক মাস যাবৎ পশ্চিমবাংলায় যে উৎপাদন বৃদ্ধি হোল তাতে শ্রমিকরা শিল্পে যে শান্তি বজায় রাখলো কিন্তু সেই উৎপাদন বৃদ্ধির অনুপাতে তাদের মজুরী বৃদ্ধি হোল না এবং তা করার কোন ব্যবস্থাও করা হোল না। সেজন্য আমি এই ব্যাপারে শ্রম দপ্তরকে অভিযুক্ত করবো। এবং এই ব্যাপারের জন্য শ্রমিকরা যদি আন্দোলন করে, তা হলে কি অন্যায় হবে। শিল্পে শান্তিরক্ষার যে চুক্তি হয়েছিল তার মূল কথা আজ ব্যাহত হচ্ছে। যেখানে স্থির হয়েছিল শিল্পে বিরোধ হবে না, তার অর্থ হচ্ছে এই যে শ্রমিকদের স্বার্থরক্ষার জন্য সরকার দায়িত্ব নেবে সরকার তাদের গার্জেন হিসাবে এই সময়ে যাতে শ্রমিক অত্যাচারিত না হয় তার জন্য সরকার চেষ্টা করবেন। কিন্তু সেইরকম চেষ্টা কি করা হয়েছে? বাড়তি মজুরীর কথা ছেড়ে দিচ্ছি। বাড়তি প্রোডাকসনের ফলে ন্যায্য তার যে পাওনা হয় সেটা সরকারের শ্রমদপ্তর থেকে কি দেবার চেষ্টা করা হয়েছে। এটা শ্রমমন্ত্রীর কাছ থেকে জানতে চাই। ১ শত টাকা নিম্নতম মজুরী তো দূরের কথা এখন যে ন্যায্য মূল্য পাচ্ছে না, দ্রব্যমূল্য বৃদ্ধির অনুপাতে তার মজুরী যে কমে গেছে সেদিকে তাঁরা কি করছেন। তাদের যে বাড়তি উৎপাদন সেদিক থেকে যদি দেখা যায়, তা হলে দেখা যাবে যে হারে তার ন্যায্য পাওনা হয় তার চেয়ে সে অনেক কম পাচ্ছে। এই বিষয়ে বিশেষভাবে অনেকেই বলেছেন। আমি শুধু শ্রমমন্ত্রীর কাছে অনুরোধ করবো যে বাংলাদেশে ডেলি মজুর রয়েছে তাদের সংখ্যা শতকরা ৮০ ভাগ। তাদের মজুরী যাতে বৃদ্ধি পায় তার জন্য একটা ফরমুলা সৃষ্টি করা উচিত। তাঁদের তো অনেক কমিটি হয়েছে এইরকম একটা কমিটি করে এই বাড়তি উৎপাদনের জন্য বাড়তি মজুরী কিভাবে করা যেতে পারে তার জন্য একটা ব্যবস্থা করার দিকে সরকার অগ্রণী হবেন বলে আশা করি। এই ব্যাপারে আমার এইটুকু আবেদন করলাম।

[4-30 -4-40 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, চাকুরীর নিরাপত্তার দিক থেকে যদি বিবেচনা করা যায় তা হলে দেখা যাবে চাকুরীর নিরাপত্তা কিছু নেই। যেমন মজুরীর কোন নিরাপত্তা নেই। লে-অফ ছাঁটাই এগুলি সর্বত্রই হচ্ছে। আর এই মজুরীর প্রশ্নে একটা দিকে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তা হোল এই যে এখন থেকে কলকাতা এবং হাওড়ার শিল্পপতিরা একথা বলতে আরম্ভ করেছে এই যে আগামী বারে আমরা বোনাস দিতে পারবো না। কারণ স্টেট ইন্সিওরেন্স আমাদের দেয় টাকা বেড়ে যাচ্ছে, ওয়ার রিস্‌ক ইন্সিওরেন্সে আমাদের প্রিমিয়ামের টাকা বেড়ে যাচ্ছে। সুতরাং আমাদের খরচ বাড়ছে বলে আমরা পুজোর সময় বোনাস দিতে পারবো না। এই বোনাস মজুরীর একটা ক্ষতিপূরক অংশ হিসাবে গ্রহণ করা হয়ে থাকে, এই বোনাস দিয়ে তারা কোনরকম ক্ষতিপূরণ করে নেয়। শিল্পে স্থিতাবস্থা বজায় রাখাই হচ্ছে শিল্পে শান্তি চুক্তির মূল কথা। সেজন্য বোনাসের মাধ্যমেই হোক বা বিভিন্ন যে-কোন উপায়ের মাধ্যমেই হোক আজকে আমি বলছি যে এই যে চুক্তি হয়েছিল সেই চুক্তিকে মালিকপক্ষ মানছে না। সেজন্য আমি অনুরোধ করবো যে সেপ্টেম্বর-অক্টোবর মাসে এই বোনাস নিয়ে যেন কোন গোলামাল না হয়। স্থিতাবস্থা যেন বজায় থাকে। গত বছর এই সময় জরুরী অবস্থার সুযোগে মালিকপক্ষ শ্রমিকদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করেছিল, এ বছর যেন তা না করতে পারে। এই দিকে আমি শ্রমমন্ত্রীকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। মাননীয় স্পীকার মহাশয়, এই উপলক্ষে একটা কথা আমি বলবো, শিল্পে শান্তি, উৎপাদন বৃদ্ধি ইত্যাদি প্রশ্নে এই হাউসের সব পক্ষেই একমত হয়েছিল যে শিল্পে শান্তি যেন রক্ষিত হয়। অবশ্য কোন কোন সদস্য একথা বলেছেন যে শিল্পে শান্তি রক্ষিত হবার কারণ হচ্ছে এই যে আমাদের বেঞ্চের যারা ট্রেড ইউনিয়নিস্ট, তাদের জেলে আটক রাখা হয়েছিল বলে শিল্পে শান্তি রয়েছে। কিন্তু এ কথা সত্য নয়। এই হাউসের সদস্য শ্রীরবীন মুখার্জি যিনি জেলে আটক রয়েছেন তিনি আজকে না থাকার ফলে তাঁর যে ইউনিয়ন থেকে তাঁকে সরিয়ে দেওয়া হয়েছে কংগ্রেসের লোক কি সেখানে এসেছে? শেখ আবদুল্লা ফারোকী

যিনি এই হাউসের মেম্বার ছিলেন এবং বর্তমানে যিনি জেলে আছেন তিনি যেসমস্ত ইউনিয়নে ছিলেন তিনি না থাকার ফলে কি সেখানে অন্য লোক এসেছে। তিনি বি পি টি ইউ সি-র সেক্রেটারী। এখানে একটি কথা উঠেছে টেক্সমেকো সম্বন্ধে। আমি শুনলাম যে টেক্সমেকোর একটি স্বতন্ত্র ইউনিয়ন আছে সেই ইউনিয়নের অফিস নাকি জ্বালিয়ে দেবার চেষ্টা হয়েছিল এবং সেই সময়ে কংগ্রেসের কিছু কিছু নেতৃস্থানীয় ব্যক্তি নাকি আশে-পাশে ছিলেন এবং সেই ইউনিয়নের অফিস ভেঙ্গে ফেলে দিয়েছে। সেই ইউনিয়নের কর্তাদের জেলে পুরে রেখে ইউনিয়ন-এর নেতৃত্ব পাল্টানো যায় না। যেসমস্ত ইউনিয়নের সঙ্গে তাঁরা জড়িত ছিলেন তাঁরা প্রতিরক্ষার কাজে অগ্রণী হয়েছিলেন, শিল্পে শান্তি রক্ষার চেষ্টা করেছিলেন। এটা একটা মস্তবড় প্রমাণ যে তাদের জেলে আটক রাখার অর্থ হয় না এবং তাঁর মুক্তির পক্ষে এটাই সবচেয়ে বড় যুক্তি। সেজন্য আমি অনুরোধ করবো পশ্চিমবাংলার ট্রেড ইউনিয়ন কর্মী, যাদের আপনারা জেলে আটক রেখেছেন তাদের আটক রেখে শিল্পে শান্তিরক্ষার পক্ষে কাজ বিঘ্নিত হচ্ছে। তারা যদি শ্রমিকদের পক্ষে না থাকে, তা হলে আজকে যে জরুরী অবস্থা তাতে শ্রমিক নেতৃত্ব পেতে পারে না। সুতরাং তাঁদের যদি ছেড়ে দেওয়া হয়, তা হলে তারা যোগ্য নেতৃত্ব পেতে পারে, আরও এগুতে পারে, আরও উৎপাদন ব্যবস্থায় সহযোগিতা করতে পারে এবং শিল্পে শান্তি সঠিকভাবে তাহলেই রক্ষিত হবে। সেজন্য আমি অনুরোধ করবো গনেশবাবু, রবীন মুখার্জি, মনোরঞ্জন বড় ইত্যাদিদের মুক্তি দেওয়া হোক। এই কটি কথা বলে আমি এই গ্র্যান্ট বরাদ্দের প্রসঙ্গে বলছি যে তাঁদের এদিকে দৃষ্টি দেওয়া উচিত এই আবেদন আমি রাখছি।

Shri Jay Narayan Sharma:

माननीय अध्यक्ष महोदय, आदरणीय श्रम-मंत्री महोदय ने जो मांग सदन के सामने रखी है, मैं उसका समर्थन करता हूँ, और मैं यह भी कहना चाहता हूँ कि देश की स्वतंत्रता के बाद में मजदूरवर्ग की उन्नति हुई है। इसमें कोई सन्देह नहीं है। उनके स्वास्थ्य के लिए अस्पताल बने हैं, उनके रहने के लिए क्वार्टर्स बने हैं। मैं यह जानता हूं कि आजादी के पहले इस देश के मजदूरवर्ग का जो नकशा था, वह बहुत ही गिरा हुआ था। आज हाउस के अन्दर बहुत से भाइयों ने यह जो कहा कि मजदूरों के लिए कुछ भी नहीं हुआ और उनकी हालत बहुत गिरी हुई है, ऐसी दलीलें देना बिलकुल ही गलत है। मैं तो कहूँगा कि अगर बहुत पहले के जमाने से आज के जमाने को देखें तो मालूम होगा कि हमारे देश की उन्नति हुई है और साथ ही मजदूरवर्ग की भी उन्नति हुई है।

हालांकि मजदूरों पर तरह-तरह के जुल्म होते हैं। उसके लिए हमारी सरकार बार-बार जल्द से जल्द ट्राइब्यूनल तैयार करती है, उनका विचार होता है और फैसला भी होता है, इसमें कोई सन्देह नहीं है। मगर जिस तरह से समय का तकाजा है, उसके मुताबिक मजदूरों की आज तक उन्नति नहीं हुई है। यह बात आज हमारे देश के सामने में है। इस देश के मजदूरवर्ग जो चाहते थे, वह आज तक उनको नहीं मिला।

अभी हमारे देश के सामने इमर्जेन्सी का समय है। इस इमर्जेन्सी का सुयोग लेकर मालिकवर्ग मजदूरों का शोषण करना शुरू कर दिया है। इसलिए चारों तरफ मजदूरवर्ग

में कुछ असन्तोष सा है। सर, मैं आपके जरिए माननीय श्रम-मंत्री महोदय से इस असन्तोष को दूर करने की अपील करूँगा। साथ ही उनसे निवेदन करूँगा कि वे ऐसा कोई ठोस कदम उठावें ताकि मालिक या कोई और वर्ग मजदूरों पर अत्याचार या जुल्म न करें। मजदूरों को कोई बहका न पायें। उनको कोई हनन न कर सके। मालिकों की ओर से उनके ऊपर कोई दवाब न डाले जाँय या उन पर डिस्चार्ज या चार्जशीट न लगाए जाँय। आज मजदूरों का हनन होता है, ऐसा नहीं होना चाहिए। इसके लिए मैं आपके जरिए श्रम-मंत्री महोदय के पास अपील करूँगा ताकि वे कड़ा ऐक्शन लें और साथ ही कड़ा कदम उठावें।

अध्यक्ष महोदय, मैं आपके जरिए कुल्टी-रानीगंज जो कोल-फील्ड इलाका है, उसके बारे में कुछ कहना चाहता हूँ। हालांकि मेरे इलाके की समस्यायें सेन्ट्रल गवर्नमेन्ट का व्यापार है तो भी वहाँ पर बंगाल गवर्नमेन्ट की इण्डस्ट्रीज हैं। ऐसी बातें नहीं है कि वहाँ पर सब कुछ सेन्ट्रल गवर्नमेन्ट ही करेगी और बंगाल गवर्नमेन्ट का कोई दायित्व नहीं है। मैं श्रम-मंत्री से निवेदन करूँगा कि वहाँ के सभी मजदूरवर्ग पर नजर रखनी चाहिए। जहाँ-जहाँ पर कारखाने हैं, वहाँ-वहाँ पर वर्तमान समय में मजदूरों को रोशनी, पानी और लाइट मिलनी चाहिए। इससे उनको राहत मिलेगी। आज के जमाने में जनता को ये दो-चार चीजों की बड़ी आवश्यकता है। उनको देखने के लिए रोशनी चाहिए, चलने के लिए साफ रास्ते चाहिए, पढ़ने के लिए शिक्षालय चाहिए और साथ ही उनपर किसी प्रकार का जुल्म नहीं होना चाहिए। ये तीन-चार बातें आज बहुत ही जरूरी हैं। तो मैं आपके सामने इस बात को कहना चाहता हूँ कि वास्तव में जो श्रम करनेवाले मजदूर हैं, उनके बच्चे या उनके सहोदर जिन ग्रामों में रहते हैं, उन ग्रामों के रास्तों की दशा बड़ी जघन्य है। बर्षा होने पर जब उन रास्तो पर चलना पड़ता है, या उनके बच्चे जब बीमार पड़ते हैं, या उनके घरवाले जब बीमार पड़ते हैं तो उनको देखने के लिए बर्षा के समय कोई डाक्टर नहीं मिलता है। रास्ता खराब होने के कारण कोई डाक्टर आना भी नहीं चाहता है। इसलिए उस इलाके के रास्तों को ठीक कराना बहुत ही जरूरी है। यह श्रम-मंत्रालय का काम न होकर सरकार का काम है। तो भी मैं आपके जरिए सरकार को इत्तला देना चाहता हूँ और अपील करना चाहता हूँ कि सरकार इस ओर जल्द से जल्द ध्यान दे। वहाँ पर पानी का तो कहना ही क्या है, पानी की जो दिक्कत है वह वहीं के रहनेवाले ही समझते हैं। यद्यपि इस शहर के अन्दर, इस बन्दरगाह में पानी की बड़ी मुसीबत है फिर भी अगर वहाँ पर जाकर देखे तो मालूम होगा कि वास्तव में इस इलाके में पानी की बहुत ज्यादा दिक्कत है।

मैं आपके सामने एक और बात रखना चाहता हूँ और वह यह है कि कुल्टी के पास ही बराकर है। वहाँ पर वाटर सप्लाई की स्कीम सरकार के सामने रखा गया परन्तु आज तीन बर्ष हो गये, वह स्कीम सरकार के पास ज्यों की त्यों रखी ही हुई है। वह

फाइल राइटर्स बिल्डिंग के इस कोने से उस कोने में घूम-घूमाकर अभी तक पड़ी हुई है। मुझे पता चला है कि वह फाइल अब चीफ मिनिस्टर (मुख्य मंत्री) के पास आई है। तीन बर्ष हो गए एक स्कीम को, सरकार अभी तक अपनी मंजूरी नहीं दे पाई। यद्यपि सरकार का कानून है कि जहाँ की जनता कुछ काम करना चाहती है वहाँ की जनता को सरकार सहयोग देती है, फिर भी तीन बर्ष हो गए, अभी तक एक फाइल सरकार के पास पड़ी हुई है। मैं आपके जरिए मुख्य मंत्री से अपील करना चाहता हूँ कि वे इधर ध्यान दें और वे उस स्कीम को जल्द से जल्द पास करें, ताकि वहाँ की जनता को राहत मिले और पानी की दिक्कत दूर हो जाय।

मजदूर इलाके में शिक्षालय तो है मगर उनकी संख्या बहुत ही कम है। आज मजदूरों को हमारे देश के अन्दर शिक्षित करना बहुत ही जरूरी है। शिक्षालय की कमी के कारण उस इलाके में रहनेवाले मजदूरों को शिक्षा पाने में बड़ी दिक्कत होती है। उस इलाके के मजदूर जो पढ़ना चाहते हैं, उनको पढ़ने में बड़ी दिक्कत होती है। इसलिए मैं सरकार से अपील करूँगा कि मजदूरों के लिए और अधिक शिक्षालय बनाने की बड़ी आवश्यकता है ताकि शिक्षा पानेवाले मजदूर सम्प्रदाय को कोई बहकानेवाला बहका न पावे। अभी इमर्जेन्सी का जमाना है और कुछ लोग इस समय भी मजदूरों को बहका रहे हैं। उनके पास जाकर उनको हमेशा गुमराह करते हैं। इन गरीब मजदूरों को बहकाना उचित नहीं है। आज जिस प्रकार से प्रचार हो रहा है, उसपर सरकार को कदम उठाना आवश्यक है। मैं आपके मार्फत सरकार से अपील करूँगा कि वह इस तरफ ध्यान दे ताकि ऐसे आदमी मजदूरों को गुमराह न कर सकें।

अध्यक्ष महोदय, मैं एकबात और कहना चाहता हूँ वह यह कि अभी तक सरकार के द्वारा मजदूरों के लिए कोई ऐसा कार्य नहीं किया गया जिसको हमलोग जनता को बता सकें, या जनता स्वयं समझ सके कि हमारे लिए सरकार ने बहुत से अच्छे-अच्छे कार्य किए हैं।

हमारे देश को आजाद हुए आज १५ बर्ष हुए, किन्तु अभी तक स्वाधीनता का पूर्ण लाभ जनता नहीं उठा पा रही है। हमारे इलाके में मजदूर और खेतीहर रहते हैं। कुछ मिल-मालिक भी हैं। फिर भी उनकी समस्या दिन प्रति दिन गुरुतर होती जा रही है। सरकार को चाहिए कि उनकी प्रगति का ध्यान रखे।

अध्यक्ष महोदय, आपके मार्फत मैं श्रम-मंत्रीजी से आपील करना चाहता हूँ कि सेन्ट्रल का जो केस कोल-फिल्ड का होता है, उसके लिए मजदूरों को कलकत्ता आना पड़ता है। इससे उस इलाके के गरीब मजदूर बहुत खर्च में पड़ जाते हैं। मैं मंत्रीजी से अनुरोध करूँगा कि ट्राइब्यूनल का प्रबन्ध आसनसोल में होना चाहिए।

इन शब्दों के साथ मैं इस बजट का समर्थन करता हूँ।

[4-40—4-50 p.m.]

Shri Haridas Chakravarty:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, দু-তিন দিন আগে আমাদের মাননীয় শ্রমমন্ত্রী প্রশ্নোত্তরের সময় একটা কথা বলেছিলেন যখন প্রশ্ন করা হয়েছিল যে উৎপাদন বাড়াবার জন্য পশ্চিমবাংলায় আপনি যে কমিটি তৈরি করেছেন তাতে কোন শ্রমিক প্রতিনিধি নিয়েছেন কিনা? তার উত্তরে তিনি বলেছিলেন নেওয়া হয় নি। তারপরে তাঁকে আর একটা প্রশ্ন করা হয়েছিল যে, আপনি কি মনে করেন শ্রমিক প্রতিনিধিদের না নিয়ে উৎপাদন বাড়াবার প্রচেষ্টা সরকারের তরফ থেকে হবে, এবং শ্রমিক প্রতিনিধিদের না নিলে কি সেই উৎপাদন প্রচেষ্টা সফল হবে? তার উত্তরে তিনি বলেছিলেন হ্যাঁ। কোন অসুবিধা হচ্ছে না। এই কথা বলে আমি আমাদের শ্রমমন্ত্রীর যে দৃষ্টিভঙ্গী, সেই দৃষ্টিভঙ্গীর প্রতি আপনার এবং আপনার মাধ্যমে সভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। অর্থাৎ শ্রমিক প্রতিনিধিদের ছাড়াই এবং তাদের কোন বক্তব্য প্রতিনিধিদের মারফত তিনি না শুনেও তিনি তাঁর নিজস্ব দৃষ্টিভঙ্গী এবং নিজস্ব চিন্তা দিয়ে তিনি উৎপাদন বাড়াবার স্বপ্ন দেখছেন। এটা অবাস্তব, অথচ এই শ্রমিক প্রতিনিধিদের নেওয়াটা, একটা নীতি হিসাবে, সব জায়গায় স্বীকৃত। এর ফলে আমাদের শ্রমমন্ত্রীমহাশয় যে শ্রমনীতি পশ্চিমবাংলায় চালু করেছেন, সেটা শ্রমিক শ্রেণীর স্বার্থরক্ষার নীতি না হয়ে, মালিক শ্রেণীর স্বার্থরক্ষার নীতি হিসাবে এবং শ্রমিকদের স্বার্থ সংহার করা নীতি হিসাবে দেখা দিয়েছে, এক কথায় এইটা বলা চলে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, পশ্চিমবঙ্গের শ্রমিক শ্রেণীর গড় আয় ভারতবর্ষের শ্রমিক শ্রেণীর গড় আয়ের চাইতে অনেক কম। এ সম্পর্কে অনেক মাননীয় সদস্য অনেক তথ্য দিয়েছেন, আমি শুধু সুতাকলের একটি তথ্য আপনার মাধ্যমে এই সভায় পেশ করছি। সুতাকলের ২৬ দিনের আয় হিসাবে যদি ধরা যায়, তা হলে বম্বেতে ১২৭·২৫ নয়া পয়সা মাসে, আহমেদাবাদে যেখানে ১২৩·৮১ নয়া পয়সা, সোলাপুরে যেখানে ৯২·২৮ নয়া পয়সা, বরদাতে যেখানে ১১৩ টাকা ইন্দোরে যেখানে ৯৯·৭০ নয়া পয়সা, নাগপুরে যেখানে ৯৮·৪৬ নয়া পয়সা, মাদ্রাজে যেখানে ১০২·৩৩ নয়া পয়সা, কানপুরে যেখানে ৬৯·৫৯ নয়া পয়সা, সেখানে পশ্চিমবঙ্গে ৬৬·৬৭ নয়া পয়সা। ইন্ডিয়ান লেবার জার্নাল, ফেব্রুয়ারি, ১৯৬২ সালের ১১৮ পাতায় এই তথ্যটি আছে। এই যেখানে অবস্থা এবং সে সম্পর্কে আলোচনা করতে গেলে প্রথমেই আমার ওদিকের সদস্য ডাঃ মৈত্রেয়ী বসু যিনি অত্যন্ত সুনিপুণভাবে পশ্চিমবঙ্গের শ্রমিক শ্রেণীর অবস্থাটা তুলে ধরেছেন প্রায় ৪২ বৎসর আগেকার সংবাদপত্রের সংবাদের মাধ্যমে, তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি, এবং তিনি যে শোচনীয় অবস্থা বর্ণনা করেছেন, সে অবস্থাটা কেন হল সে সম্পর্কে আমি অত পুরানো কাগজ না হলেও সাম্প্রতিক একটি কাগজের প্রবন্ধ আপনার মাধ্যমে রাখতে চাই। অধ্যক্ষ মহাশয়, আপনি শুনুন তাতে লেখা হয়েছে, "রাজ্যসরকার তাঁদের বহু ঘোষিত কার্যসূচি কার্যকরী করতে গিয়ে ঢিলেমির পরিচয় দিয়েছেন। প্রকৃত মজুরীর মান আজও প্রাক্‌যুদ্ধ যুগেই রয়ে গিয়েছে। ট্রাইবুন্যাল, বেতন পর্ষৎ, মীমাংসা পদ্ধতির মাধ্যমে মজুরী নামমাত্র বাড়লেও বেশীর ভাগ ক্ষেত্রে তা ভেতর থেকে এমনি ক্ষয়ে যেতে লাগলো যে রাজ্যসরকার বিপন্ন বোধ করতে লাগলেন। ইতিহাসের ছাত্র মাত্রই জানেন যে ভারতবর্ষের পূর্বাঞ্চলে কলকাতা এবং বাংলাদেশে ব্রিটিশ মূলধনকে টেনে আনার জন্যই মজুরী জেনে শুনে কম করে রাখা হয়। কারণ, মজুর শোষণ তাতে সহজসাধ্য হয়। সহজলভ্য ভাসমান শ্রমিক এবং চা বাগিচা, খনি শিল্পের প্রয়োজনে আমদানী করা শ্রমিক সে সুযোগ বাড়িয়েই দিয়েছিল। বর্তমান রাজ্যসরকার পুরানো মুনিবেরই নীতি মেনে চলেছেন। তাই বলা যায় আমাদের রাজ্যসরকার মালিক গোষ্ঠীকে সাহায্য করে পরোক্ষভাবে শ্রমিক শোষণের কারণ হন। আমাদের এই রাজ্যের মজুরী ও মাগ্গিভাতা সেইজন্যেই আজো কম।" মাননীয় নেপালবাবু জানতে চেয়েছেন এটা কোন কাগজ। তাঁর অবগতির জন্য আমি জানাই, 'জনসেবক' এবং লেখক হচ্ছেন কালী মুখার্জি, আই এন টি ইউ সি-র শ্রমিক নেতা এবং বেরিয়েছিল ১০ই জুন ১৯৬২ তারিখে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ঘটনা থেকেই প্রমাণ হয় যে আমাদের শ্রমমন্ত্রী যে নীতি গ্রহণ করেছেন সেই নীতিতে পশ্চিম বাংলার শ্রমিক শ্রেণী কোন অবস্থায় এসে পৌঁচেছে তা শ্রমিক নেতা কালী মুখার্জি, তিনি নেপালবাবুরও নেতা, তাঁর লেখার মধ্যে দিয়ে যথেষ্ট প্রকট হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তারপরেও আমাদের শ্রমমন্ত্রী এই সম্পর্কে দৃষ্টি দিতে পারেন নি। আরো দুটি কথা আমি বলবো, তিনি নিশ্চয়ই আমার

বক্তৃতা শুনছেন, এবং আমি আশা করবো জবাব দেবার সময় এই দুটি কথা তিনি বলবেন। একটা হচ্ছে পেমেন্ট অফ ওয়েজেস অ্যাক্ট এবং আর একটা হচ্ছে ওয়ার্কমেন্স কমপেনসেশন অ্যাক্ট। এবং এটা সর্বজনবিদিত যে পেমেন্ট অফ ওয়েজেস অ্যাক্ট ফাঁকি দেয়। মালিকরা বেতন না দিলে তারপরে তাদের বিরুদ্ধে কেস করতে হয় এবং কেস করলে তাদের ৫০ টাকা জরিমানা হয়। যখন চার সপ্তাহ, পাঁচ সপ্তাহ মজুরী না দিয়ে কয়েক হাজার টাকা মালিক ফাঁকি দেয় তখন এ মামলা করার পর তার ৫০ টাকা ফাইন দিতে এমন কিছু এসে যায় না। সুতরাং এই পেমেন্ট অব ওয়েজেস এ্যাক্ট, তার এ্যামেন্ডমেন্ট এমনভাবে করা উচিত যাতে ফাঁকি না দেওয়া যায়। ওয়ার্কমেন্স কমপেনসেশন এ্যাক্ট শ্রমিক শ্রেণীর মধ্যে সাধারণতঃ ওয়ার্কমেন্স পেনালিজেশন এ্যাক্ট নামে পরিচিত হয়ে গিয়েছে। আমি জানি এটা হয়ত সর্বভারতীয় একটা আইন কিন্তু নিশ্চয়ই শ্রমমন্ত্রী এমন রুল করতে পারেন যাতে করে এই ওয়ার্কমেন্স কমপেনসেশনের ক্ষেত্রে আমরা দেখেছি কারো হয়ত হাত কেটে গেল কাজ করতে গিয়ে, কারো হয়ত আংগুল কেটে গেল এবং এটার যে পরিমাণ সেই পরিমাণ দীর্ঘ দিন আগে স্থিরীকৃত হয়েছিল, যে কাজের অনুপযোগী হয়ে যায় তাকে যে পরিমাণ কম্পেনসেশন দেওয়া হয় তাতে পরবর্তী কালে তার পক্ষে জীবিকা চালান সম্ভব হয় না।

যখন কমপেনসেশন-এর টাকা স্থির করা হয়, তখন মালিক তার চিকিৎসা করেছেন এই কথা বলে, একটা মোটা অঙ্কের টাকা কেটে নেওয়া হয়। আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি। তারপর, অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে এমারজেন্সী শুরু হল, তারপর আমরা দেখলাম ইন্ডাস্ট্রিয়াল ট্রুস হল, শিল্পে শান্তিরক্ষার চুক্তি হল, আমাদের শ্রমমন্ত্রী শান্তি চুক্তি করে এখানে এলেন এবং তারপর শ্রমিক অঞ্চলে বেড়াতে গেলেন। সেখানে গিয়ে কেমন করে চুক্তি বজায় থাকে, মালিক সেটা ভাঙতে না পেরে সেদিকে না গিয়ে আমাদের যে লালঝান্ডা আছে তার বিরুদ্ধে তিনি রণহুঙ্কার তুললেন। তার কর্তব্য সেখানে যাতে শ্রমিকশ্রেণীর মধ্যে ঐক্য থাকে, তাদের স্বার্থ বজায় থাকে তা দেখা, কিন্তু দেখা গেল তাঁর উৎসাহে পাল্টা রাইভাল ইউনিয়ন গড়ে তোলা হচ্ছে। বাংলাদেশের লোক বাংলার শ্রমমন্ত্রীর কাছ থেকে এটা আশা করেনি। যখন শিল্পে শান্তিচুক্তি এল, এই জরুরী অবস্থায় মালিকরা উল্লসিত হলেন এবং দেখলাম শ্রমমন্ত্রীও উল্লসিত হলেন। মালিকপক্ষ উল্লসিত হল কারণ এই এমারজেন্সীর সুযোগে ছাঁটাই করার বেশি সুযোগ পেল। যিনি স্যার বীরেন মুখার্জীর প্রতিনিধিকে পরাজিত করে জয়ী হয়েছিলেন সেই কারণে হয়ত তাকে ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্টে গ্রেপ্তার করা হল এবং জেলে থাকাকালে তাকে ছাঁটাই করা হয়েছে। শিল্পে শান্তি নীতি রক্ষিত হচ্ছে। আর একজন যিনি নির্বাচিত হয়ে এসেছিলেন তাকেও একইভাবে ছাঁটাই করা হল—ওটাও নিশ্চয়ই শিল্পে শান্তি চুক্তি ভঙ্গ করে করা হয়েছে। মদনপুর পল্লীতে ৯ তারিখে ফেব্রুয়ারি মাসে কয়েকজন শ্রমিক ছাঁটাই হয়েছিল—যাদের কেস ট্রাইব্যুনালে চলেছিল

[4-50—5 p.m.]

আমরা দেখেছি কল্যাণীতে যেখানে স্পিনিং মিল এবং ফ্যাক্টরী সেখানে মাননীয় শ্রমমন্ত্রী নিজে গিয়ে ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্টে কর্মীদের গ্রেপ্তার করে পাল্টা ইউনিয়ন করার চেষ্টা করেছেন এবং এর জবাব তার কাছ থেকে চাই। যে নীতিতে তিনি চলছেন শ্রমিকের স্বার্থ সংহার করার যে নীতি তিনি নিয়েছেন, সেটা বজায় রেখে তিনি নিশ্চয়ই আশা করতে পারেন না যে তার ব্যয়-বরাদ্দের দাবী আমরা সমর্থন করব।

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:

মিঃ স্পীকার, স্যার, আমাদের লেবার ডিপার্টমেন্ট-এর যেগুলি ওয়েলফেয়ার অ্যাকটিভিটিজ আছে সেগুলি সম্বন্ধে কয়েকজন অনারেবল মেম্বার্স কিছু কথা বলেছেন। এমপ্লয়ীজ স্টেট ইনসিওরেন্স, প্রভিডেন্ট ফান্ড, হলিডে হোম, আনএমপ্লয়মেন্ট—এই চারটি সম্বন্ধে আমি কিছু বলব। আমাদের ই এস আই স্কীম—ই এস আই অ্যাক্ট অফ ১৯৪৮ গবর্নমেন্ট অফ ইন্ডিয়া

পাস করার পর ১৪ই অগাস্ট, ১৯৫৫ কলকাতায় এবং হাওড়ায় চালু হয়। তার পরে আমাদের ফ্যামিলি এক্সটেনশন করতে অনেক দেরী হয়ে গিয়েছে। এখন আমরা পয়লা ফেব্রুয়ারি কলকাতায় এবং হাওড়ায় ফ্যামিলি এক্সটেনশন-এর ব্যবস্থা করেছি। ইতিমধ্যে আমাদের যা চলছিল তাতে ৩১এ ডিসেম্বর, ১৯৬২ পর্যন্ত ৩ লক্ষ ৭১ হাজার ৩০০ ওয়ার্কার্স-এর বেনিফিট পাচ্ছেন এবং ওদের জন্য ২১০টি বেড ফর টি বি পেসেন্ট ব্যবস্থা আছে। এবং ৭০৬ জন ডাক্তার, ১৪৭টি কেমিস্ট শপ এবং ১১টি স্পেশালিস্ট সেন্টার এই বন্দোবস্ত করা হয়েছে। আমাদের এখন যাতে প্যানেল ডাক্তার হয়, তার জন্য ব্যবস্থা করা হচ্ছে। এবং আশা করছি আগামী মার্চ মাস থেকে সেই প্যানেল ডাক্তারএর ব্যবস্থা করতে পারব। কেমিস্ট শপ বাড়ানোর সম্পর্কে এখানে আমাদের অনেক বন্ধু বলেছেন এবং মাননীয় দুই একজন সদস্য বলেছেন যে ঔষধপত্র তারা ঠিকমত রাখেন না - সব জায়গায় যে রাখেন না তা নয়, তবে এইরকম দুই চারটা দোকানের সংবাদ আমরা পেয়েছি। এখন ১লা জুলাই, ১৯৬৩ থেকে আমরা স্পেশালিস্ট ফেসিলিটিজ প্রতি ফ্যামিলিকে দিতে পারব এই আশা করছি। এবং যতগুলি স্পেশালিস্ট সেন্টার হয়েছে আমরা অনেক বেশি বাড়াতে পারব। এবং ১৯৬৪ সালের মার্চ মাসে অর্থাৎ আগামী বছরে আমরা ফুল মেডিক্যাল কেয়ার দেব to the families of workers in Calcutta and Howrah.

আপনি বললেন সেন্টার-এ এরকম হয়েছিল, সেন্টার-এ এই নীতি গৃহীত হয়েছে যে নীতি আপনারও যে অজুহাতে আপনি মনে করেন এ আই টি ইউ সি-র কিছু কিছু কাজ আছে যা দেশদ্রোহিতামূলক, সুতরাং তাদের নিয়ে একসঙ্গে বসা যেতে পারে না।

The Hon'ble Prafulla Chandra Sen:

এখানে প্রশ্ন হচ্ছে, অ্যাডভাইসরী বোর্ড অর কমিটির সব সদস্যকেই ডাকা হবে—সমস্ত সদস্যকে ডেকে যদি কার্যকরী না হয় মিটিং তাহলে ডেকে লাভ নেই বলে শ্রমমন্ত্রী জানাচ্ছেন।

Shri Somnath Lahiri:

তাহলে আমি জিজ্ঞাসা করতে চাই, যখন এই ঘটনা ঘটেছিল তারপর অনেক মাস চলে গিয়েছে এবং সম্ভবতঃ পরিস্থিতিও কিছু বদলে গিয়েছে শ্রমমন্ত্রী কি সম্প্রতি আর নতুন চেষ্টা করছেন যাতে সব পক্ষকে নিয়ে লেবার অ্যাডভাইসরী কমিটি বসান যায়?

The Hon'ble Bijoy Singh Nahar:

আই এন টি ইউ সি-কে জিজ্ঞাসা করেছি, তারা বসতে রাজী নয়।

Shri Somnath Lahiri:

আমার প্রশ্নটা খুব জরুরী, একটা অজুহাত দিয়ে তারা বানচাল করলেন, যাই হোক, এইচ এম এসকে জিজ্ঞাসা করেছিলেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

আই এন টি ইউ সি একটা লীগ্যাল পার্টি, বিগেস্ট পার্টিও বটে, সেজন্য এইচ এম এসকে জিজ্ঞাসা করি নি, যদি ওরা বসতে রাজী হতেন আমি নিশ্চয়ই এইচ এম এসকে জিজ্ঞাসা করতাম।

[12-10—12-20 p.m.]

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাইবেন কি ইন্ডাস্ট্রিয়াল ট্রুস যেসব ভায়োলেসন হয়েছে সেই দিক থেকে শ্রমিকদের প্রটেকশনের জন্যও বটে লেবার অ্যাডভাইসরী কমিটি কনভেন করা দরকার ছিল না কি?

দি অনারেবল বিজয় সিং নাহার: আমরা লেবার অ্যাডভাইসরী কমিটি কনভিন করতে পারছি না যেহেতু দুটো দল তারা আসতে রাজী নয়—দরকার নিশ্চয়ই আছে—তারা আসতে রাজী হলে ডাকা হবে।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: দরকার তাহলে আছে—শ্রমিকদের ডিফেন্সের জন্য লেবার অ্যাডভাইসরী কমিটি ডাকা যদি দরকার থাকে তাহলে এখন লেবার অ্যাডভাইসরী কমিটি ইমিডিয়েটলি কনভেন করবেন কি?

দি অনারেবল বিজয় সিং নাহার: যতক্ষণ এইচ এম এস এবং আই এন টি ইউ সি রাজী না হন আমরা কনভেন করতে পারছি না।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: কনভেন করে তাদের মত জানবার চেষ্টা করবেন কি?

দি অনারেবল বিজয় সিং নাহার: আমি আই এন টি ইউ সি-র সঙ্গে কথা বলেছি কিন্তু তারা এখনও রাজী হয় নি।

শ্রীকাশিকান্ত মৈত্র: লেবার অ্যাডভাইসরী কমিটির কাছে যেসব কমপ্লেন এসেছে সেগুলি কি বিচার হবে না?

দি অনারেবল বিজয় সিং নাহার: লেবার অ্যাডভাইসরী কমিটির কাছে বিচারের জন্য কোন কমপ্লেন চলে না। তাঁরা আইটেম দেন এবং সেই আইটেমগুলি আলোচনা হয় এই আলোচনায় আই এন টি ইউ সি, এইচ এম এস, এ আই টি ইউ সি থাকেন।

শ্রীযামিনীভূষণ সাহা: শিল্পে যে শান্তি চুক্তি ভঙ্গ করছেন যে চুক্তি আই এন টি ইউ সি, এইচ এম এস এ আই টি ইউ সি এবং সরকার কর্তৃক মিলিত ভাবে গৃহীত হয়েছিল—এখন তারা ভঙ্গ করছে এই সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করার জন্য কি অ্যাডভাইসরী বোর্ড ডাকার মনে করছেন না?

দি অনারেবল বিজয় সিং নাহার: আমি বলছি অ্যাডভাইসরি বোর্ড নিশ্চয়ই ডাকা উচিত কিন্তু যতক্ষণ না ডাকা হচ্ছে ততক্ষণ সরকার সেইসবগুলি দেখছেন।

শ্রীযামিনীভূষণ সাহা: সরকার কি লিখিতভাবে এই মিটিং ডাকবার চেষ্টা করছেন?

দি অনারেবল বিজয় সিং নাহার: লিখিতভাবে চেষ্টা করার কোন প্রশ্ন নেই, তারা আসতে রাজী নন।

Minimum Wage Advisory Committee

***79.** (Admitted question No. *637.) **Shri Deb Saran Ghosh:**
শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষিশিল্পে নিযুক্ত মজুরদের দৈনিক মজুরির হার সম্পর্কে মিনিমাম ওয়েজ অ্যাডভাইসরি কমিটির রেকমেন্ডেশনটি সম্পূর্ণরূপে সরকার কর্তৃক গৃহীত হইয়াছে কি; এবং

(খ) গৃহীত হইয়া থাকিলে, ইহা চালু করার ব্যাপারে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

কৃষি শিল্পে নিযুক্ত শ্রমিকদের নিম্নতম বেতন নির্ধারনের জন্য কোনও কমিটি নিযুক্ত করা হয় নাই। মিনিমাম ওয়েজ আইনের ৫(১)(বি) ধারা অনুযায়ী প্রকাশিত সরকারী প্রস্তাবের উপর বক্তব্য বিবেচনা করিয়া কৃষি শিল্পে নিম্নতম মজুরী ধার্য করা হইয়াছে। জলপাইগুড়ি ও দার্জিলিং জেলার নিম্নতম মজুরী সংশোধনের জন্য দুইটি অ্যাডভাইসরী কমিটি গঠিত হইয়াছিল, তাঁহারা নূতন কোনও বেতনের হার সুপারিশ করেন নাই। (খ) নিম্নতম মজুরী আইন অনুযায়ী বিভিন্ন শিল্পে ধার্য নিম্নতম মজুরী দেওয়া হইতেছে কি না দেখিবার জন্য চারজন পরিদর্শক নিযুক্ত করা হইয়াছে; পরিদর্শকের সংখ্যা বাড়াইবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

শ্রীদেবসরণ ঘোষঃ ইক্ষু শিল্পে নিযুক্ত শ্রমিকদের জন্য নিম্নতম মজুরী দেওয়ার জন্য ওয়েজ বোর্ড বা ঐ রকম কোন কমিটি করা হয়েছে কি না?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ এর জন্য নোটিস চাই, ডিটেলস নেই।

শ্রীদেবসরণ ঘোষঃ মুর্শিদাবাদে কৃষি শিল্পে নিযুক্ত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার কত?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ মুর্শিদাবাদ বলে কিছু নেই—সাধারণভাবে যে সিডিউল্ড দেওয়া হয়েছে নোটিফিকেসনে তাতে দেখছি ডেলি রেট এবং মানথলি রেট দেওয়া রয়েছে, মিনিমাম ওয়েজ ডেলি রেটের ১·৫০ টাকা, কোথাও করা হয়েছে ১·৭৫, ১·৮৭, ১·৬২ এবং মান্থলি রেট ২৬ টাকা, ২৩ টাকা, ২০ টাকা, ১৮ টাকা। এই মান্থলি রেটটা এ জোন বি জোন সি জোন এবং ডি জোনে।

শ্রীদেবসরণ ঘোষঃ মুর্শিদাবাদ ইক্ষু শিল্প কোন্ জোনের মধ্যে?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ ইক্ষু শিল্প এখানে আসে না। এগ্রিকালচারাল লেবার মুর্শিদাবাদে ডি জোনের মধ্যে রয়েছে মেল অ্যাডাল্টস দেওয়া হচ্ছে ১·৫০ নয়া পয়সা, মেয়েদের ১·৩৭, চিলড্রেন ৩৭ নয়া পয়সা এবং মানথলি রেট মেল এবং ফিমেল ১৮ টাকা এবং চিলড্রেন ৯ টাকা।

শ্রীদেবসরণ ঘোষঃ রামনগর সুগার মিলে এগ্রিকালচারাল লেবারের কাজ করার জন্য মেয়েদের ৪ টাকা ৫ আনা মজুরী দেওয়া হয় জানেন কি?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ নোটিশ চাই।

শ্রীদেবসরণ ঘোষঃ ইক্ষু শিল্পে নিযুক্ত শ্রমিকদের জন্য একটা মিনিমাম ওয়েজ অ্যাডভাইসরী কমিটি গঠন করা হবে কি?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ এ সম্বন্ধে এখনও বলতে পারবো না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ আপনি ডি জোনের কত বললেন?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ ১·৫০ নয়া পয়সা মেল, ফিমেল এডাল্ট ১·৩৭ এবং চিলড্রেন ৮৭ নয়া পয়সা।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ এই যে মিনিমাম ওয়েজ নির্ধারিত হয়েছে এটা কি সরকার স্যাফিসিয়েন্ট বলে মনে করেন?

দি অনারেবল বিজয় সিং নাহার: এটা যখন করা হয়েছিল তখন নিশ্চয়ই সাফিসেয়েন্ট বলে মনে করে করা হয়েছিল।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাসিক ১৮ টাকা কি সাফিসিয়েন্ট?

দি অনারেবল বিজয় সিং নাহার: তখন তাই মনে করা হয়েছিল।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এতে কত ক্যালরী খাদ্য হতে পারে?

দি অনারেবল বিজয় সিং নাহার: সেটা বলতে পারবো না।

শ্রীসনৎকুমার রাহা: আমি জানতে চাই সরকার যে কো-অপারেটিভ ফার্ম গাজা, বলরামপুর এবং লালবাগে চালু করেছেন সেখানে কোন নিম্নতম মজুরীর হার ধার্য করা হয়েছে কি না?

দি অনারেবল বিজয় সিং নাহার: নোটিশ চাই।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: বীরভূম জেলাকে কোন জোনে ফেলা হয়েছে এবং তাদের নিম্নতম ওয়েজ কি একটু বলবেন?

দি অনারেবল বিজয় সিং নাহার: বীরভূম জেলাকে সি জোনে ফেলা হয়েছে সেখানে মেল অ্যাডাল্টস ১.৬২, ফিমেল অ্যাডাল্টস ১.৫০, চিলড্রেন ৯৪ নয়া পয়সা। এবং মাসিক রেট সি জোনে মেল, ফিমেল এবং চিলড্রেন২০ এবং ১১ টাকা।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: এটা এ্যাফেক্টিভ করবার জন্য সরকার কি ব্যবস্থা করেছেন?

দি অনারেবল বিজয় সিং নাহার: আমাদের কাছে ইন্সপেক্টার রয়েছে কমপ্লেন এলে তারা দেখে।

শ্রীনিখিল দাস: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি মিনিমাম ওয়েজ যেটা বিভিন্ন জেলায় চালু হয়েছে সেটা কিভাবে লোকে জানতে পারবে---

দি অনারেবল বিজয় সিং নাহার: সাধারণ নোটিফিকেসন হয়েছে প্রত্যেক জায়গায় এখন সম্ভবপর নয় যে আমাদের গিয়ে দেখতে হবে—বিশেষ করে যেখানে কো-অপারেটিভ ফার্মিং আছে সেগুলোতে দেখানো হয় তার পর কমপ্লেন এলে দেখা হয় এবং ইনডিভিজুয়্যালী কমপ্লেন করলে সেগুলো দেখানো হয়।

শ্রীনিখিল দাস: সব জেলায় এফেক্ট দিয়েছেন কি না?

দি অনারেবল বিজয় সিং নাহার: এফেক্ট সব জায়গায় হয়েছে কি না দেখা সম্ভবপর নয়।

শ্রীকানিকান্ত মৈত্র: বিভিন্ন জোনের জন্য বিভিন্ন রেট, এই রেট কি বেসিসে করা হয়েছে?

দি অনারেবল বিজয় সিং নাহার: সেই সময় ১৯৫৯ সালে এনকোয়ারী করে করা হয়েছে—আমি ডিটেলস এখন বলতে পারবো না কিভাবে অঙ্ক কষে করা হয়েছে।

শ্রীকাশিকান্ত মৈত্র: ১৯৫৯ সালের পর যেভাবে দ্রব্যমূল্য বেড়েছে তাতে এটা কি নূতন ভাবে ফ্রেস ক্যালকুলেসন করে করতে আপত্তি আছে?

দি অনারেবল বিজয় সিং নাহার: আপত্তি কিছু নেই, হয়ত কিছু দিন বাদে করা যেতে পারে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

Payment to employees engaged for taking statistics of animals in Murshidabad

289. (Admitted question No. 176.) **Shri Birendra Narayan Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, সরকার পশু পরিসংখ্যান লওয়ার জন্য মুর্শিদাবাদ জেলার কিছু ব্যক্তিকে নিয়োগ করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, তাঁহাদের কার্য কতদিন আগে শেষ হইয়াছে; এবং

(গ) ঐ সকল ব্যক্তির চুক্তিমত প্রাপ্য টাকা মিটাইয়া দেওয়া হইয়াছে কিনা?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) হ্যাঁ।

(খ) তাঁহাদের কার্য ১৯৬১-৬২ সালের শেষভাগে শেষ হইয়াছে।

(গ) না। রাজ্যের বিভিন্ন এলাকার গণনাকারীদের প্রাপ্য টাকার হিসাব মহকুমা-শাসকদের মারফত সংগৃহীত করিয়া গণনাকারীদের সব টাকা মিটাইয়া দেওয়ার ব্যবস্থা করা হইতেছে। আশা করা যায় মুর্শিদাবাদ ও অন্যান্য জেলার গণনাকারীদের টাকা খুব শীঘ্রই দেওয়া সম্ভব হইবে।

Burning Ghat at Krishnagar, Nadia

290. (Admitted question No. 201.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state

(a) whether the Government is aware that there is no permanent pucca burning ghat for cremating Hindu dead bodies within the municipal town of Krishnagar in Nadia district;

(b) if so, whether the Government has any proposal for starting a pucca burning ghat near Jalangi Bridge by the side of river Kharia at a suitable site; and

(c) if the Department concerned received a representation in that behalf from the local people and, if so, what steps have so far been taken in regard to this proposal?

The Minister for Local Self-Government and Panchayats: (a) There is a burning ghat at Krishnagar.

(b) No. The commissioners of the Krishnagar municipality have under their consideration a proposal for a new burning ghat at a suitable site.

(c) No; does not arise.

Water-supply Scheme for the North Barrackpore Municipality

291. (Admitted question No. 280.) **Shri Jamini Bhusan Saha:**

উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পানীয় জল সরবরাহের জন্য নর্থ ব্যারাকপুর মিউনিসিপ্যালিটি সরকারের কাছে কোন পরিকল্পনা পেশ করিয়াছে কিনা; এবং

(খ) উক্ত পরিকল্পনা পেশ করিয়া থাকিলে সে বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Minister for Development:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Preservation of the birth place of Brahmananda Keshab Chandra Sen

292. (Admitted question No. 376.) **Shri Sambhu Charan Ghosh:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, রাজ্যসরকার ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেনের বাস্তুভিটা সংরক্ষণের ব্যবস্থা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে, এ সম্পর্কে সরকারের পরিকল্পনা কি?

The Minister for Education:

(ক) হ্যাঁ, শিক্ষা বিভাগ ঐ সম্পত্তি লইবার চেষ্টা করিতেছেন।

(খ) ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেনের স্মৃতি সংরক্ষণ এবং শিক্ষাবিষয়ক উদ্দেশ্যে ঐ সম্পত্তি ব্যবহার করিবার পরিকল্পনা আছে।

Seeds-farm in Birbhum

293. (Admitted question No. 527.) **Shri Gobardhan Das:**

কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলায় মৌড়েশ্বর থানায়, মল্লারপুর ইউনিয়নে রাজ্যসরকার গত ১৯৫৭ সালে সিডস ফার্ম গঠন করার জন্য ৮২ বিঘা জমি কৃষকগণের নিকট হইতে দখল করেন, এবং সেই সকল জমির মালিকগণ অদ্যাবধি ক্ষতিপূরণ পায় নাই; এবং

(খ) সত্য হইলে কবে ঐ ক্ষতিপূরণ দিবার ব্যবস্থা হইবে?

The Minister of State for Agriculture:

(ক) বীরভূম জেলায় ময়ূরেশ্বর থানায় মল্লারপুরে রাজ্যসরকার গত ১৯৫৮ সালে সীড ফার্ম গঠন করিবার জন্য কমবেশি ৮৫ বিঘা জমি দখল লইয়াছেন এবং সেই সকল জমির মালিকগণ অদ্যাবধি ক্ষতিপূরণ পান নাই।

(খ) ক্ষতিপূরণ বাবদ দেয় টাকা সরকার মঞ্জুর করিয়াছেন এবং আশা করা যায় জমির মালিকগণ এই মাসের মধ্যেই তাঁহাদের প্রাপ্য টাকা পাইবেন।

Failure of crops in some areas of the district of Bankura

294. (Admitted question No. 565.) **Shri Radhika Dhibar:**

কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলার বিষ্ণুপুর থানার অন্তর্গত দ্বারিকা ইউনিয়ন, উনিয়াতা ইউনিয়ন, গেছু গোঁসাইপুর, মড়ার ও রাধানগর ইউনিয়ন এবং জয়পুর থানার নয়টি ইউনিয়নের মধ্যে অনাবৃষ্টির জন্য শস্যহানি হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে ঐ সকল ইউনিয়নের অধিবাসী জনসাধারণের চলতি বৎসরে সমস্ত-প্রকার কৃষি ঋণ, শিল্প ঋণ, জলকর ও খাজনা আদায় মকুব অথবা স্থগিত রাখার বিষয় সরকারের বিবেচনাধীন আছে কি?

The Minister of State for Agriculture:

(ক) পশ্চিমবঙ্গের প্রায় অন্য সমস্ত জেলার বিস্তৃত অঞ্চলের মত এ বৎসর বাঁকুড়া জেলাও প্রলম্বিত অনাবৃষ্টি এবং অল্পবৃষ্টির জন্য ক্ষতিগ্রস্ত হয়। বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ও জয়পুর থানা অঞ্চলও বিশেষভাবে সেই কারণে ক্ষতিগ্রস্ত হইয়াছে—ইহা সরকার অবগত আছেন।

(খ) এই সকল ঋণ এবং খাজনা প্রভৃতি মকুব করা অথবা স্থগিত রাখার বিষয়ে জেলা-শাসকগণের হস্তে ক্ষমতা অর্পণ করা হইয়াছে। এই ক্ষমতাবলে বাঁকুড়ার জেলাশাসক উপযুক্ত ক্ষেত্রে এবং প্রয়োজনবোধে সাময়িকভাবে এই সকল অনাদায়ী ঋণ এবং খাজনা ইত্যাদি মকুব করিতে অথবা স্থগিত রাখিতে পারেন।

Pisciculture in the district of Murshidabad

295. (Admitted question No. 542.) **Shri Sanat Kumar Raha:**

মৎস্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বহরমপুরে মৎস্য উৎপাদনের জন্য সরকার হইতে কোন উদ্যোগ লওয়া হইয়াছে কিনা; এবং

(খ) লওয়া হইয়া থাকিলে, উহা কি?

The Minister for Fisheries:

(ক) হ্যাঁ।

(খ) মৎস্য উৎপাদনের জন্য বহরমপুরে যেসব পরিকল্পনা চালু আছে তাহার একটি তালিকা দেওয়া হইল।

List referred to in reply to clause (Kha) of Unstarred Question No. 295

(1) Popularising the use of fish pond manure for increasing the productivity of pond fisheries.

(2) Intensifying the production of carp fry by granting bonus to the culturists.

(3) Distribution of fry and fingerlings of Cyprinus Carpio free of cost.

(4) Short-term loan for augmenting fish production in culturable tanks.

(5) Medium term loan for fish production in semi-derelict tanks.

(6) Demonstration fish farm on private parties' tanks in every thana of the State.

(7) Scheme for assisting needy fishermen of the State and their co-operatives by giving loans for augmenting fish production.

(8) Establishment of seed farms for production of quality seeds through artificial breeding of Indian major carps by hormonic treatment.

(9) Service parties to render certain service facilities to fish farm ancillary to increase fish production.

New bridge over the river Kangsabati

296. (Admitted question No. 568.) **Shri Syed Shamsul Bari:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether the work of construction of the new bridge over the river Kangsabati between Midnapur and Kharagpur has been started;

(b) if so, how long will it take for its completion?

The Minister for Public Works: (a) Yes, the work has been started.

(b) About three years.

Schemes for Small Irrigation and Well in Bankura

297. (Admitted question No. 579.) **Shri Jaleswar Hansda:**

আদিবাসী কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার সদর মহকুমায় ১৯৬২-৬৩-তে কোন্ থানায় কয়টি ক্ষুদ্র সেচের ও কুয়া খনন করার স্কীম আদিবাসী উন্নয়ন বিভাগের মাধ্যমে গ্রহণ করা হইয়াছে এবং প্রত্যেকটি স্কীমের জন্য কি পরিমাণ টাকা ধরা হইয়াছে;

(খ) এই সমস্ত স্কীমের কাজ শুরু হইয়াছে কি; এবং

(গ) শুরু না হইয়া থাকিলে কখন হইতে শুরু হইবে?

The Minister for Tribal Welfare:

(ক) নিম্নের "ক" বিবরণী দ্রষ্টব্য।

(খ) হ্যাঁ।

(গ) প্রশ্ন উঠে না।

atement referred to in reply to clause (Ka) of unstarred question No. 297

বিবরণী "ক"

ুড়া জেলার সদর মহকুমায় ১৯৬২-৬৩ সালে গৃহীত ক্ষুদ্র সেচ ও কূপ খননের থানাওয়ারী হিসব ও মোট ব্যয়ের পরিমাণ

	ক্ষুদ্র সেচ পরিকল্পনা		পানীয় জলের জন্য কূপ খনন	
ার নাম	পরিকল্পনার সংখ্যা	মোট ব্যয়ের পরিমাণ	কূপের সংখ্যা	মোট ব্যয়ের পরিমাণ
		টাকা		টাকা
ালাপাল	১৬	২৭,৮২৫	১১	১১,৭৯০
ডাংরা	১৫	৩০,৫০৬	১৫	১৩,৫১৪
পুর	২	৫,১৫৫	৮	৭,০২৩
ীবাঁধ	২	৩,৯৬৬	১৮	১৪,০৩৬
না	২	৯,৪৫০	১০	১০,৭৬৩
পুর	২	৭,২০১	৭	৯,৫১৪
জলঘাটি	১	৩,৯৩০	১৩	৮,১৩৫
রা	১	২,১১৮	৫	৬,৫৩৩
ড়া	—	—	৩	১,৮৭১
তোড়া	—	—	৫	৫,২৭৫
জার	—	—	৬	৬,১৪৪
ডা	—	—	১	৬৮০

Pending labour disputes

298. (Admitted question No. 616.) **Shri Jamini Bhusan Saha:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state how many labour disputes are pending in the Labour Directorate and Labour Department of West Bengal?

The Minister for Labour:

Labour Directorate: (Up to 31-1-1963)—2,548.

Labour Department: (Up to 28-2-1963)—39.

Welfare activities through non-official agencies

299. (Admitted question No. 617.) **Shri Birendra Narayan Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state—

(a) the names of the non-official agencies who are given grant for carrying out various types of welfare activities amongst the Scheduled Castes and Tribes people;

(b) the amount of money granted to each of the agencies for the years 1961-62 and 1962-63; and

(c) details of the welfare activities carried out by these agencies in 1961, 1962 and in the months of January and February, 1963?

The Minister for Tribal Welfare: (a) Vide column 2 of the statements A and B placed below.

(b) Vide volumns 4 and 5 of the statements A and B placed below.

(c) Vide column 3 of the statements A and B placed below.

Statements referred to in reply to unstarred question No. 299.

Statement A

List of non-official agencies which are given grants for welfare work among the Scheduled Tribes

Brief description of the scheme and Grants-in-aid given

	1961-62 Rs.	1962-63 Rs.
(1) **Bharat Sevashram Sangha, Calcutta**		
(a) Running of a Social-cum-adult education centre at Bethuale, library and a student home at Ranibundh in the district of Bankura ...	6,268	
(b) Running of two Tribal Welfare Centres (adult education centres) at Tajpur and Ghaksol in the district of Malda ...	3,164	2,992
(c) Running of a Training Centre in woodcraft and clay modelling and expansion of educational and cultural activities amongst the Scheduled Tribes (Lodhas) of Pranabpally and its neighbourhood in the district of Midnapore ...	2,224	2,224
(d) Running of a Social and Adult Education Centre at Manmathapur mauza in the district of 24-Parganas ...	1,408	1,408

Brief description of the scheme and grants-in-aid given

	1961-62 Rs.	1962-63 Rs.
(e) Running of two night schools-cum-welfare centres at Sagatola and Sankarpur in the district of West Dinajpur ...	5,024	3,544
(2) **Ramkrishna Mission Ashram, Malda**		
Running of a Social and Adult Education Centre at Chengdanga, Malda ...	576	576
(3) **Sree Sree Ram Krishna Ashram**		
(a) Suri, Birbhum—		
Running of a Homeopathic Charitable Dispensary at Narasingpur, Muhammadbazar, Birbhum ...	150	200
(b) Narasingpur Br., Md. Bazar, Birbhum— Running of Adult Social Education Centres ...	3,280	
(4) **Gandhi Exhibition, Calcutta**		
Running of an Adibasi Kalyan Kendra at Chupiri, Tulin, Purulia ...	1,040	1,040
(5) **Nikhil Bharat Banga Bhasa Prasar Samity**		
(a) Propagation of Bengali language amongst the hill and tribal people in the Himalayan Region ...	2,160	2,095
(b) Construction of residential home for tribals ...		8,000
(6) **Amarkanan Sree Ramkrishna Sevadal**		
Running of a Santal Student Home and a tailoring section at Amarkanan, Bankura ...	2,448	800
(7) **Shankar Mission, Krishnagar, Nadia**		
Extention of the building of the Shankar Vivekananda Students Home for giving Ashram facilities to Scheduled Tribe students ...	15,000	
(8) **Nai Talimi Sangha, Balarampur, Midnapur**		
Running of (i) a Santal Ashram, and (ii) a Creche at Balarampur ..	6,800	6,400
(9) **Rasulpur Anath Samity, Burdwan**		
Running of an Industrial Centre in leather goods .	3,120	2,320
(10) **Lepcha Association, Darjeeling**		
Running of a knitting and weaving centre and encouragement of cultural dance ...	3,468	2,592
(11) **Bhutia Association, Darjeeling**		
(a) Giving special coaching to tribal and non-tribal students in Tibetan literature ...	11,286	11,156
(b) Encouragement of Bhutia and Lepcha Tribal dance and music.		
(c) Imparting training in Bhutia wood carving.		
(12) **Sevayatan, Jhargram, Midnapore**		
Running of seven night schools and three medical centres ...	1,528	1,528

STATEMENT B

List of non-official agencies which are given grants for welfare work among the Scheduled Castes

Brief description of the scheme and grants-in-aid given

	1961-62 Rs.	1962-63 Rs.
(1) **Ramkrishna Mission Ashram, Narendrapur, 24-Parganas.**		
Running of an Industrial Training Centre in (i) Toy and Calender making, and (ii) cane and bamboo crafts at Rambagan, Calcutta ...	9,440	
(2) **Gandhi Exhibition, Calcutta.**		
Running of three Samata Kendras (Social and Adult Education Centres) at Bally, Howrah; Srikrishnapur, Howrah; Jhakari, Hooghly; Akra, 24-Parganas ...	4,864	3,008
(3) **Taldangra Thana Anunnata Hindu Unnayan Samity, Bankura.**		
Running of a library at Panchmura, Bankura ...	816	
(4) **Amarkanan Sri Ramkrishna Sevadal, Bankura.**		
Running of five night schools in the district of Bankura ...	1,440	1,000
(5) **Ananda Niketan, Howrah.**		
Running of an Adult and Social Education Centre at Nabasan, Howrah ...	4,240	1,040
(6) **Raipur-Ranibundh Anunnata Janaseva Sangha, Bankura.**		
Running of two Adult-cum-Social Education Centre ...	1,072	
(7) **Shri Ramkrishna Ashram, P.O. Nimpith R. K. Ashram, 24-Parganas.**		
Running of—		
(a) Ashram Library. ...	6,400	
(b) Ashram Mahila Samity.		
(c) Ashram Chhatralaya.		
(8) **Rasulpur Anath Samity, Burdwan.**		
Running of a training centre in tailoring ..	1,600	3,200
(9) **Bengal Provincial Depressed Classes League, Calcutta.**		
Running of four Adult-cum-Social Education Centres at Ichapur Hazinagar (24-Parganas), Ghetugachi (Nadia) and at Balak Dutta Lane (Calcutta) and a library ...	2,496	
(10) **West Bengal Provincial Depressed Classes League, Calcutta.**		
Running of two Adult-cum-Social Education Centres at Kamardanga and Narikeldanga ...	864	864
(11) **Community Welfare Society, Narayanpur, 24-Parganas.**		
Running of a Residential Student Home at Narayangarh ...	10,748	

Relief to the families affected by the erosion of the river Padma in Murshidabad

300. (Admitted question No. 620.) **Shri Abdul Bari Muktar:**

ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় জলঙ্গী থানার জলঙ্গী ইউনিয়নের অধীন গ্রামসমূহে পদ্মানদীর ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত পরিবারদিগকে কত টাকা ঋণ ও সাহায্য দেওয়া হইয়াছে;

(খ) যাহাদের ঋণ ও সাহায্য দেওয়া হইয়াছে তাহাদের প্রত্যেকের নাম, ঠিকানা ও টাকার পরিমাণ কত;

(গ) যাহাদের ঋণ বা সাহায্য দেওয়া হয় নাই তাহাদের কোন দরখাস্ত বিবেচনাধীন আছে কি; এবং

(ঘ) বিবেচনাধীন থাকিলে কতগুলি দরখাস্ত বিবেচনাধীন আছে এবং দরখাস্তকারিগণকে কতদিনের মধ্যে ঋণ বা সাহায্য দেওয়া হইবে?

The Minister for Relief:

(ক) ১৯৬২-৬৩ সালে ১,৭২৫ টাকা সাহায্য দেওয়া হইয়াছে। কোন ঋণ দেওয়া হয় নাই।

(খ) একটি তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

List referred to in reply to clause (kha) of unstarred question No. 300

সাহায্যপ্রাপ্ত ব্যক্তির নাম	ঠিকানা	সাহায্যের পরিমাণ টাকা
(১) নকীমুদ্দীন খলিফা	দক্ষাদারপুর, জলঙ্গী	২৫
(২) নসীর সেখ	ঐ	২৫
(৩) করিম মিস্তর	ঐ	৩৫
(৪) বাইনুদ্দিন সেখ	ঐ	৩০
(৫) রেফাতুল্লা বিশ্বাস	ঐ	৩০
(৬) আলিমমুদ্দিন খলিফা	ঐ	২৫
(৭) আজিম মণ্ডল	ঐ	৩০
(৮) মহম্মদ আবদাস সাদেক বিশ্বাস	ঐ	২৫
(৯) নুর মহম্মদ খলিফা	ঐ	২০
(১০) মহম্মদ হক কাসিম খলিফা	ঐ	২৫
(১১) করিম শেখ	ঐ	৩৫
(১২) মহম্মদ নবীরুদ্দীন শেখ	ঐ	২০
(১৩) রাইনুদ্দিন খলিফা	দেওয়ানপাড়া, জলঙ্গী	৯০
(১৪) এম মণ্ডল	ঐ	৭০
(১৫) এ ওদুদ মণ্ডল	ঐ	৬০
(১৬) মহম্মদ বদী শেখ	ঐ	৯০
(১৭) খাসজাম বেওয়া	ঐ	৭০

সাহায্যপ্রাপ্ত ব্যক্তির নাম	ঠিকানা	সাহায্যের পরিমাণ টাকা
(১৮) পরিষ্কার শেখ	দেওয়ানপাড়া, জলঙ্গী	৭০
(১৯) ওমদ শেখ	ঐ	৭০
(২০) মহম্মদ মেঘু শেখ	ঐ	৬০
(২১) সতীশ মণ্ডল	ঐ	৪০
(২২) লেকজান বেওয়া	ঐ	৬০
(২৩) শোরাক শেখ	ঐ	৬০
(২৪) গোদল শেখ	ঐ	৯০
(২৫) রহিম মণ্ডল	ঐ	৭০
(২৬) কাংগালী মণ্ডল	ঐ	৯০
(২৭) সমুম্পা খাতুন		
(২৮) জামেলা খাতুন	জলঙ্গী, জলঙ্গী	৬০
(২৯) মহঃ খোদাবক্স চৌকিদার	ঐ	৬০
(৩০) ইনছান আলি দফাদার	ঐ	৪০
(৩১) মহঃ জি মিয়া	ঐ	৪০
(৩২) ফজলজান বেওয়া	ঐ	৭০
(৩৩) আসিয়া খাতুন	ঐ	৭০
	মোট	১,৭২৫

High Schools upgraded in the district of Midnapore

301. (Admitted question No. 622.) **Shri Syed Shamsul Bari:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state the number and location of the high schools upgraded in 1961-62 and 1962-63 in the district of Midnapore?

The Minister for Education: 36 in 1961-62 and 45 in 1962-63.

A statement showing the location of the schools is attached.

Statement referred to in reply to unstarred question No. 301

Statement

District—Midnapore

Name of police-stations and Number of schools upgraded (1961-62):

Subdivision Sadar—

Pingla—1.
Narayangarh—1.
Garbetta—1.
Debra—1.
Kesiari—2.
Mohanpur—1.
Khargpur—1 (girls).

Name of police-stations and Number of schools upgraded (1961-62):

Subdivision Contai—

Contai—2.
Ramnagar—2.
Pataspur—2.
Khejuri—1.
Egra—1.
Bhagawanpur—1.

Subdivision Tamluk—

Tamluk—2.
Sutahata—2.
Panskura—1.
Nandigram—4.
Moyna—1.
Mahisadal—2.

Subdivision Jhargram—

Jhargram—1.
Jamboni—1.
Gopiballavpur—1.
Sankrail—1.

Subdivision Ghatal—

Daspur—2.
Chandrakona—1.

Total—36.

Name of police-stations and number of schools upgraded (1962-63):

Subdivision Sadar—

Sabong—2.
Narayangarh—1.
Pingla—2.
Daton—1.
Garhbeta—3.
Khargpur—2.
Debra—2.
Kotwali—1.

Subdivision Contai—

Bhagwanpur—3.
Egra—2.
Ramnagar—1.
Patashpur—2.

Subdivision Ghatal—

Daspur—5.
Chandrakona—3.

Name of police-stations and number of schools upgraded (1962-63):

Subdivision Tamluk—

Tamluk—3.
Mahishadal—4.
Panskura—3.
Sutahata—2.
Moyna—1.

Subdivision Jhargram—

Binpur—1.
Nayagram—1.

Total—45.

Calling Attention to matter of urgent public importance

[12-20—12-30 p.m.]

Mr. Speaker: The Minister-in-charge of Education will make a statement on the Calling Attention Notice of Shri Balai Lal Das Mahapatra.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

'কিশলয়' ও 'প্রকৃতি পরিচয়' পুস্তক দুইটির প্রকাশ ও প্রাপ্তি সম্পর্কে সমগ্র পশ্চিমবঙ্গে একটা বিভ্রাট সৃষ্টি হইয়াছে এবং জনসাধারণের গভীর অসন্তোষের কারণ হইয়াছে, এই সংবাদ সত্য নহে।

গত বৎসরের চাহিদা ও এই বৎসরের অনুমিত ছাত্রসংখ্যা বৃদ্ধির উপরে ভিত্তি করিয়া 'কিশলয়' ছাপিবার ব্যবস্থা করা হইয়াছিল। প্রথম দিকে ছাপাখানা হইতে নবমুদ্রিত পুস্তক পাইতে কিছুটা দেরী হইয়াছিল এবং চাহিদার পরিমাণ ও অনুমিত চাহিদা অপেক্ষা কিছু বেশী হইয়াছিল। চাহিদা বৃদ্ধি উপলব্ধির সঙ্গে সঙ্গে আরো বেশী সংখ্যক পুস্তক মুদ্রণের ব্যবস্থা করা হইয়াছে। জানুয়ারির শেষ সপ্তাহ হইতে 'কিশলয়' এবং 'প্রকৃতি পরিচয়' চাহিদা অনুসারে সরবরাহ করা হইতেছে।

পুস্তক দুইটি কলিকাতার কয়েকটি শ্রেষ্ঠ ছাপাখানা হইতে ছাপান হয়. মুদ্রণের উৎকর্ষ, পারিপাট্য ও সমতা বজায় রাখিতে হইলে এখন এই ব্যবস্থার পরিবর্তন করা চলে না।

কলিকাতা সহরে ৭২টি অনুমোদিত পুস্তক বিক্রেতার মাধ্যমে কিশলয় ও প্রকৃতি পরিচয় বিক্রয়ের ব্যবস্থা করা হইয়াছে। কলিকাতার বাহিরে স্কুল ইনস্পেক্টরগণকে বিক্রয়ের ভার দেওয়া হইয়াছে।

বর্তমান ব্যবস্থার আরো উন্নতি সাধনের চেষ্টা করা যাইতেছে। কলিকাতায় কয়েকটি সরকারী বিক্রয়কেন্দ্র স্থাপন করিয়া পুস্তক দুইটি বিক্রয় করা যায় কি না—তাহাও সরকার বিবেচনা করিতেছেন।

Mr. Speaker: I have received only one Calling Attention Notice from Shri Bhakti Bhusan Mandal on the subject of "Monetary help to the distressed political sufferers by the Government". Hon'ble Minister concerned will please make a statement or indicate the date on which a statement will be made.

The Hon'ble Prafulla Chandra Sen: I will make a statement Monday.

Point of Privilege

Shri Birendra Narayan Ray:

মন্ত্রীরা আমাদের যেসব কোশ্চেনের উত্তর দিচ্ছেন, সেগুলিতে ভুল তথ্য পরিবেশন করছেন এব তদ্দ্বারা আমাদের হাউসকে মিসলিড করছেন। আপনি যদি রিটিন অ্যানসার ফোর্থ মার্চ নাইনটিন সিক্সটি-থ্রি, সিক্সথ লিস্ট দেখেন, তাহলে দেখবেন আমার একটা প্রশ্ন ছিল, মুর্শিদাবা জেলার আর টি এ-র সভ্যসংখ্যা কয় জন? তার উত্তর ছিল পাঁচ জন। যখন জিজ্ঞাসা করলাম তাঁদে নাম ও পরিচয় কি? তার উত্তর দিলেন—

(1) District Magistrate, Murshidabad, Chairman.
(2) Executive Engineer, Roads Construction Division.
(3) Superintendent of Police, Murshidabad.
(4) Shri Durgapada Singha, M.L.A.
(5) Shri Sripada Bhattacharja, Chairman, Berhampur Municipality.

এই শ্রীদুর্গাপদ সিংহ, এম এল এ নন; আর শ্রীপদ ভট্টাচার্য্যও চেয়ারম্যান, বহরমপুর মিউনিসিপ্যালিটি নয়। এই রকম ভুল তথ্য দিয়ে তাঁরা হাউসকে মিসলিড করেন। উত্তর দেবার সময় মন্ত্রীরা গঞ্জিকা সেবন করেন কি না জানি না।

The Hon'ble Sankardas Banerjee.

এই প্রশ্নের উত্তর কবে দেওয়া হয়েছিল?

Shri Birendra Narayan Roy:

উত্তর ফোর্থ মার্চ দেওয়া হয়েছিল।

The Hon'ble Prafulla Chandra Sen:

যখন ঐ কমিটি গঠিত হয়েছিল তখন দুর্গাপদ সিংহ, এম এল এ ছিলেন।

Mr. Speaker: It is not a question of privilege, you may refer th matter to the Hon'ble Minister who has given the answer.

Shri Birendra Narayan Ray:

এই ভুল তথ্য দিয়ে আমাদের কি মিসলিড করা হচ্ছে না?

Mr. Speaker:

আচ্ছা, ওটা দেখা হচ্ছে।

BUDGET OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR 1963-64

Demand for Grant No. 36

Major Head: 64—Famine Relief

[12-30—12-40 p.m.]

The Hon'ble Abha Maiti: On the recommendation of the Governor beg to move that a sum of Rs. 2,76,79,000 be granted for expenditure unde Grant No. 36, Major Head: "64—Famine Relief"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যয়বরাদ্দ মঞ্জুর করার জন্য যে অনুরোধ এ সভার সদস্যদের সামনে নিয়ে উপস্থিত করেছি সেই প্রসঙ্গে আমি এ বছরে আর্থিক বছরে, পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে জনসাধারণের অবস্থা এবং পশ্চিম বাংলা সরকারে

যে ত্রাণনীতি সেই সম্পর্কে দু-একটা কথা বলতে চাই। গত ১৯৬১-৬২ সালে যে চাষ হয়েছিল, সেই সময় যে অনাবৃষ্টি হয়, তাতে কৃষি কাজে খুবই ব্যাঘাত ঘটে, এবং আগের বছরের উৎপাদন থেকে ১৯৬১-৬২ সালে উৎপাদন প্রায় ৪ লক্ষ ৯০ হাজার টন চাল আমাদের দেশে কম হয়েছে। এত উৎপাদন কম হওয়াতে এবং এই আর্থিক বছরের প্রথম দিকে আমাদের দেশে যেসমস্ত কৃষি মজুর আছে, তারা বেশী কাজ পায় নি; এবং এই আর্থিক বছর যখন শুরু হয়েছিল, তারপর মে, জুন মাস থেকে আমরা সকলে জানি আমাদের বাংলাদেশে অনাবৃষ্টি হয়, সেই সময়ও আমাদের দেশের কৃষি মজুররা কাজ পায় নি; এবং আমরা দেখছি আমাদের বাংলাদেশে উৎপাদনের হার কমে গিয়েছিল, এবং মোটামুটি যে হিসাব পাওয়া গিয়েছে তাতে দেখা যায় এ বছর, আর্থিক বছরে, আমাদের দেশে ৩ লক্ষ ৭৫ হাজার টন চাল কম হয়েছে। (এ ভয়েস—কোন্ বছর থেকে?) ১৯৬১-৬২ সালের পরে এবারে, যে আর্থিক বছর চলছে, সেই বছরেও ৩ লক্ষ ৭৫ হাজার টন চাল কম হয়। তা হলে আমরা দেখতে পাচ্ছি ১৯৬০-৬১ সাল থেকে আজ পর্যন্ত, আমাদের এ বছর ৮ লক্ষ ৬৫ হাজার টন চাল কম উৎপাদন হয়েছে। এর মূল্য যদি ধরি, তা হলে মোটামুটি প্রায় ৬১ কোটি টাকা হয়। এবং গ্রামাঞ্চলে জনসাধারণের মোট আয়ও সেই অনুপাতে কমে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি মোটামুটি এটা নিশ্চয় বুঝতে পেরেছেন যে এর ফলেতে আমাদের দেশে গ্রামাঞ্চলে কিছু কিছু অংশেতে কৃষি মজুরদের খুবই অসুবিধা হয়েছে। এ ছাড়া এ বছর জুন, জুলাই এবং অগাস্ট মাসে আমাদের উত্তর বাংলার কয়েকটি জেলাতে বণ্যা হয়, জলপাইগুড়ি, কোচবিহার ও পশ্চিম দিনাজপুর। তার ফলে সেইসব অঞ্চলে কিছু কিছু মানুষের কষ্ট হয়, এবং তারা দুর্দশাগ্রস্ত হয়ে পড়ে। গত বাজেট অধিবেশনে যে বায়বরাদ্দ এই সভার মাননীয় সদস্যরা অনুগ্রহ করে মঞ্জুর করেছিলেন, তাতে আমরা এ বছর কতকগুলি সাহায্যের ব্যবস্থা গ্রামাঞ্চলে মানুষের জন্য করেছি। গত এপ্রিল মাস থেকে জানুয়ারি মাস পর্যন্ত প্রতি মাসে গড়ে ৬ লক্ষ ২২ হাজার ইউনিটকে অর্থাৎ ১ লক্ষ ৫৫ হাজার দুস্থ লোককে খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে। এবং এই খাতে মোট এ পর্যন্ত ২ কোটি ২৫ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। যেসব কৃষি মজুর কাজ পায় নি তাদের জন্য নানাপ্রকার সহায়ক কার্যের ভিতর দিয়ে যথাসম্ভব কাজের সংস্থান করে দেওয়া হয়েছে। বিভিন্ন জেলা থেকে আমরা যেসব বিবরণী পেয়েছি তাতে আমরা দেখতে পাই বিভিন্ন গ্রামোন্নয়ন কাজের ভিতর এইসব মজুরদের নিয়োগ করা হয়েছে। গত এপ্রিল মাস থেকে জানুয়ারি মাস পর্যন্ত ২,৮২৩ মাইল রাস্তা মেরামত করা হয়েছে, ও ৪৩১ মাইল নূতন রাস্তা তৈরি করা হয়েছে এবং ১৬৬টি পুষ্করিণী সংস্কার করা হয়েছে, ও ৯৫ মাইল সেচের খাল খনন করা হয়েছে। গত মে, জুন ও জুলাই মাসে যখন অনাবৃষ্টি বা বৃষ্টির প্রকোপ খুব বেশী হয়েছিল, সেই সময়, এমন সময় মাঝে মাঝে গিয়েছে যখন প্রতিদিন এই রাজ্যের ৮০ হাজার লোককে কাজ দিতে হয়েছে; এবং টেস্ট রিলিফের খাতে মঞ্জুর করা হয়েছে ১ কোটি ২৫ লক্ষ টাকা। প্রাকৃতিক দুর্যোগ এবং অগ্নিকাণ্ড ইত্যাদির ফলে বহু গরীব পরিবারের বাড়ি বিনষ্ট হয়ে যায়, এটা আপনি জানেন। তাদের গৃহ নির্মাণ বা মেরামতের জন্য আমরা এ পর্যন্ত ৬ লক্ষ ৫১ হাজার টাকা মঞ্জুর করেছি। এ ছাড়া ৬৭ লক্ষ ৩৭ হাজার টাকা কৃষি ঋণ বাবত দুঃস্থ চাষীদের মধ্যে দেওয়া হয়েছে। দুঃস্থ কারিগরদের সাহায্যের জন্য ১ লক্ষ ৬৫ হাজার টাকা এবং ঋণ বাবত তাদের ৭৭ হাজার ৯০০ টাকা দেওয়া হয়েছে। গরীব পরিবারের ভিতরে, কলকাতা এবং অন্যান্য জায়গায়, পূজা এবং অন্যান্য সময়েতে জামাকাপড় বিতরণের জন্য আমাদের এই পশ্চিম বাংলার ত্রাণবিভাগ থেকে ২ লক্ষ ৪৭ হাজার টাকা মঞ্জুর করার কথা হয়েছে। বন্যা বিধ্বস্ত অঞ্চলে কৃষি দপ্তর থেকে ৫৭,৭৫০ টাকা মূল্যের আমন ধানের বীজ এবং পশু এবং পশু পালন দপ্তর থেকে ৬ হাজার ৬০ টাকা মূল্যের পশু খাদ্য বিতরণেরও ব্যবস্থা করা হয়েছে। আপনারা সকলেই জানেন এ বৎসর মালদহ জেলায় এক অদ্ভুত ধরনের পক্ষাঘাত রোগ দেখা দিয়েছিল এবং এর ফলে ৮১টি পরিবার অত্যন্ত দুর্দশাগ্রস্ত হয়ে পড়ে, এবং তাদের উপার্জনক্ষম ব্যক্তিরা উপার্জনহীন হয়ে পড়ে। তাদের এই বিভাগ থেকে তিন মাসের জন্য সাহায্য দেওয়া হয় প্রতি পরিবারকে অনধিক ৪৫ টাকা হিসাবে। বর্তমান আর্থিক বৎসরে ২৫এ ফেব্রুয়ারি ১৯৬৩ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন প্রকার ত্রাণ ব্যবস্থার জন্য দান বাবত মোট ৩ কোটি ৮৫ লক্ষ টাকা এবং ঋণ বাবত ৬৯ লক্ষ ৮৪ হাজার টাকা ব্যয় মঞ্জুর করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামী বৎসর আমাদের কি রকম যাবে সে সম্বন্ধে আমার পক্ষে এখন কিছু বলা সম্ভব নয়। তবে আমরা সকলেই জানি বা সকলেরই আমাদের অভিজ্ঞতা রয়েছে এ বৎসরও আমাদের ভাল ধান হয় নি, বৃষ্টি ভাল হয় নি, এবং তার ফলে আমাদের দেশে যে অসুবিধা আছে সে অসুবিধাগুলি থাকবে, বিশেষ করে কৃষি মজুররা গত বৎসরও যে অসুবিধার মধ্যে পড়েছিলেন আগামী বৎসরও তাঁদের পড়তে হবে এটা আমরা মনে করি এবং সেইজন্য আজকে যে ব্যয়বরাদ্দ এই সভার সামনে রাখা হয়েছে সেটা আপনারা মঞ্জুর করবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সংগে সংগে আর একটি কথা আমি আপনার কাছে রাখতে চাই সভার সদস্যদের জানাবার জন্য। আমাদের বৎসরের পর বৎসর এই ৬৪ ফেমিন রিলিফ খাতে যে ব্যয় করা হয় তাতে আমাদের এই সভার অনেক সদস্যের মনে এই আশংকা জাগতে পারে যে গত কয়েক বৎসর ধরে আমাদের বাংলাদেশে বিভিন্ন পঞ্চবার্ষিকী পরিকল্পনার ভিতর দিয়ে যেসব কাজকর্ম হয়েছে সেইসমস্ত কাজকর্ম তাহলে সুফল লাভ করে নি। আমি মাননীয় সদস্যগণের অবগতির জন্য, অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাতে চাই স্বাধীনতা পাবার পরে জাতীয় সরকার কৃষিকার্যের উপরে সমধিক গুরুত্ব আরোপ করেছেন। আমরা সকলেই জানি যে বৃটিশ সরকার যখন এদেশে ছিলেন তখন এই কৃষি বিভাগটি সব থেকে অবহেলিত বিভাগ ছিল। কিন্তু জাতীয় সরকার সংগঠিত হবার পরে, কি কেন্দ্রে, কি বিভিন্ন রাজ্যে, কৃষিকার্য এবং কৃষির জন্য যে বিভাগ সেই বিভাগের উপর সব থেকে জোর দেওয়া হয়েছে এবং সে গুরুত্ব আমাদের পশ্চিমবংগ সরকারও দিয়েছেন। তার ফলেতে আমরা জানি যে কিছু কিছু উন্নতিও হয়েছে। যেমন ১৯৪৬-৪৭ সালে যে ৫ বৎসর শেষ হয়েছে তাতে আমাদের চাউল উৎপাদনের বাৎসরিক গড় ছিল ৩৬ লক্ষ ৯ হাজার টন। ১৯৬১-৬২ সালে যে ৫ বৎসর শেষ হয়েছে সেই উৎপাদন বেড়ে গিয়ে হয়েছে ৪৫ লক্ষ ৩ হাজার টন। কাজেই আমরা দেখতে পাচ্ছি যে চালের বাৎসরিক যে উৎপাদন তা এই পরিকল্পনাগুলি সফল করার ফলেতে বেড়েছে। পাট উৎপাদনও বেড়েছে। ১৯৪৭-৪৮ সালে আমাদের যেখানে ২ লক্ষ ৬৬ হাজার একর জমিতে ৬ লক্ষ ৪৮ হাজার গাঁট পাট উৎপাদন হয়েছে সে ক্ষেত্রে ১৯৬১-৬২ সালে পাটের উৎপাদন বেড়ে গিয়ে দাঁড়িয়েছে ৯ লক্ষ ২ হাজার একর জমিতে ২৬ লক্ষ ৮৫ হাজার গাঁট পাট। সহজেই আমরা বুঝতে পারি যে পাট-চাষীরা জাতির বৈদেশিক মুদ্রা অর্জনে কতটা সাহায্য করছে। আলু উৎপাদনও আমাদের দেশে বেড়েছে। ১৯৪৭-৪৮ সালে আলুর উৎপাদন ছিল ২ লক্ষ ৬৭ হাজার টন, ১৯৬১-৬২ সালে সেটা বেড়ে গিয়ে দাঁড়িয়েছে ৭ লক্ষ টনের উপর। সুতরাং পঞ্চবার্ষিকী পরিকল্পনাগুলি রূপায়ণের ফলেতে আমাদের দেশে উৎপাদনও বেড়েছে। এবং এই পরিকল্পনাগুলিকে কার্যকরী করার ফলেতে আমাদের দেশে সেচপ্রাপ্ত যে জমি তারও পরিমাণ দ্বিগুণ হয়েছে।

তবে একথা সত্য যে উন্নতি আরও যদি দ্রুতগতিতে হত আমরা সকলেই আনন্দিত হতাম। কিন্তু একথা চিন্তা করার সংগে সংগে আমাদের এটাও মনে রাখতে হবে যে এর পিছনে আমাদের যে গ্রামীণ অর্থনীতি তার ইতিহাস রয়েছে এবং সেই ইতিহাসের সংগে আমাদের এই সভার সদস্যদের সকলের কিছু না কিছু পরিচয় আছে বলে মনে করি। ১৯৬২ সালে যে আদমসুমারী হয়েছে তাতে বাংলাদেশের গ্রামাঞ্চলে ২·৬৩ কোটি লোক বাস করেন এটা আমরা জেনেছি। এর মধ্যে এই যে ২·৬৩ কোটি লোক গ্রামাঞ্চলে বাস করেন তার মধ্যে ভূমিহীন কৃষক মজুরের সংখ্যা প্রায় ১৭ লক্ষ, তাঁদের উপর নির্ভরশীল যেসমস্ত লোক, তাদের সংখ্যা প্রায় ২৫ লক্ষ। চাষের সময় ক্ষেত-খামারে মজুর হিসাবে কাজ করে এঁরা জীবিকা নির্বাহ করেন, যে বছর চাষের কাজ ভাল হয়, সে বছর এতে একভাবে তাদের সংসার চলে যায়। যে বছর চাষের কাজ ভাল হয় না, দুর্বৎসর সে বছর তাঁরা অত্যন্ত অসুবিধার মধ্যে পড়েন। ১৯৫১ সালে রাজস্ব দপ্তর পশ্চিমবংগের কৃষকদের সম্পর্কে যে তথ্য সংগ্রহ করেছিলেন তাতে সভার সদস্য মহাশয়রা জানেন যে আমাদের দেশে, মোট কৃষক সম্প্রদায়ের শতকরা ৪৯·৮ জনের জমির পরিমাণ খুব কম, অর্থাৎ তিন একর হবে, বা তার থেকেও কম। তাঁদের জমিতে যে ফসল উৎপাদিত হয়, তা-ও সারা বছরের সঙ্কুলান হয় না। শতকরা ১২·৩ ভাগ কৃষকের জমির পরিমাণ তিন থেকে চার একর জমির ফসল থেকে তাঁরা কোনপ্রকারে সারা বছরের খোরাক সংগ্রহ করতে সমর্থ হন, যদি চাষ কোন বছর ভাল হয়।

শতকরা ৩৭·৪ ভাগ কৃষকের জমির পরিমাণ চার একর বা তার থেকে কিছু বেশী। এদের প্রয়োজনের অধিক ফসল হয়। সকলেই জানেন যে আইন আমরা পাস করেছি তাতে ব্যক্তিগত জমির পরিমাণ সর্বোচ্চ নির্ধারণ করে দিয়েছি এবং তার ফলে এই শ্রেণীর কৃষকদের সংখ্যা এখন খুব কম হয়েছে। বর্তমানে তাদের মোট সংখ্যা সমস্ত কৃষক সম্প্রদায়ের শতকরা ২০ ভাগ। আমরা এখন চাষীদের দুইশ্রেণীতে ভাগ করেছি, এক হচ্ছে 'ক' শ্রেণীর, অর্থাৎ যাদের জমির পরিমাণ কম এবং বাকী 'খ' শ্রেণীর, যাদের জমির পরিমাণ তিন থেকে চার একর পর্যন্ত রয়েছে। এই (ক) শ্রেণীর কৃষকদের যেসমস্ত প্রয়োজন তাদের সেই প্রয়োজন যে জমি তাদের হাতে আছে তার উৎপাদনের দ্বারা হয় না। সুতরাং বেশীর ভাগ ক্ষেত্রে তাদের মজুরের কাজ করতে হয়। দেশে কাজ থাকলে মজুরেরা কাজ পান। যখন কাজ সংগ্রহ করতে পারেন না তখন পশ্চিমবঙ্গ সরকারকে তাদের পাশে গিয়ে দাঁড়াতে হয়, এবং তার ফলেতে আমাদের যে টেস্ট রিলিফ ব্যবস্থা সেই ব্যবস্থা চালু করতে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর সঙ্গে আমি আর একটি বিষয়ের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে এই আমাদের দেশে জনসংখ্যা বৃদ্ধি ঘটেছে এবং দেশবিভাগের ফলে কয়েক লক্ষ উদ্বাস্তু ভাইবোনেরা এখানে এসেছেন। ১৯৫১ সালে পশ্চিম-বাংলায় গ্রামাঞ্চলে লোকসংখ্যা ছিল ২ কোটি এবং ১৯৬১ সালে, আমি একটু আগেই বলেছি তার সঙ্গে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ২·৬৩ কোটি, অর্থাৎ গত ১০ বছরে গ্রামাঞ্চলের জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে ৬৩ লক্ষ। বলা বাহুল্য এর ফলেতে জমির উপর চাপ অত্যন্ত বেশী হয়েছে। আমাদের যে ভৌগোলিক আয়তন পশ্চিমবঙ্গের, তার শতকরা ৬২·৯ ভাগ জমি আবাদযোগ্য।

[12-40—12-50 p.m.]

এর সবকয়টিই উর্বর নয়, এর মধ্যে যথেষ্ট অনুর্বর জমি আছে। এই অনুর্বর আর উর্বর জমি মিলিয়ে যেটুকু আবাদযোগ্য জমি আছে তার মধ্যে ৮২ ভাগ অংশে চাষ করা হচ্ছে। উর্বর জমিতে যে বছর ভাল বৃষ্টি হয়, সেসব অঞ্চলে সেচের ব্যবস্থা রয়েছে, সেই বছর ভাল ধান হয়, অনুর্বর জমিতে ভাল এবং মন্দ দুটো বছরেই উৎপাদন হয় না, একথা আমরা সকলেই জানি। এ ছাড়া কোন কোন সময় অনাবৃষ্টি এবং অতিবৃষ্টির ফলে চাষ করা অসুবিধা হয় এবং ফলনও কম হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্ভাগ্যের বিষয় এই যে, ১৯৫৪-৫৫ সাল থেকে আজ পর্যন্ত পশ্চিম বাঙলায় প্রায় প্রতি বছরই কোন কোন অঞ্চলে আবহাওয়ার বৈষম্যের দরুন আমাদের অর্থনীতি বিপর্যস্ত হয়েছে। কোন বছর অনাবৃষ্টি, কোন বছর অতিবৃষ্টি, এই অবস্থার ভিতর দিয়ে গত কয়েক বছর পশ্চিম বাংলায় আমরা এগিয়ে চলেছি। এবং এর ফলে প্রত্যেক বছর এই সভার সামনে ত্রাণ খাতে ব্যয়বরাদ্দ মঞ্জুর করবার জন্য পশ্চিম বাংলা সরকারকে এগিয়ে আসতে হয়। আমি আপনার কাছে আর বেশি কিছু বলতে চাই না, শুধু এইটুকু বলতে চাই আমাদের পশ্চিম বাংলার যে দুর্বল অর্থ-নৈতিক কাঠামো, এই কাঠামোকে সবল করে তোলবার জন্য নানা দিক থেকে ব্যবস্থা চলছে। যতদিন না এই ত্রুটি সম্পূর্ণ দূরীভূত হয়, ততদিন পশ্চিমবাংলার এই ত্রাণ খাতে অর্থবরাদ্দ করবার প্রয়োজন অনুভূত হবে, এবং সেজন্য এই সভার সদস্যদের কাছে এই ত্রাণখাতে যে ব্যয়-বরাদ্দ করার জন্য অনুরোধ জ্ঞাপন করা হয়েছে সেটা মঞ্জুর করবার জন্য আমি তাঁদের কাছে আবেদন জানাচ্ছি। সঙ্গে সঙ্গে আরেকটা জিনিস আমি এই সভার সদস্যদের গোচরে আনতে চাচ্ছি, আমি আগের বছর বলেছিলাম বর্তমানে আমাদের যিনি মুখ্যমন্ত্রী, আগে যিনি এই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলেন, তিনি কলিকাতা মহানগরীর দুঃস্থ পরিবারদের জন্য একটা পরিকল্পনা চালু করেছিলেন এবং ১৯৬১ সালের নবেম্বর মাসের শেষ দিকে এই পরিকল্পনাটি চালু হয় এবং এই পরিকল্পনায় আমাদের এই কলিকাতা মহানগরীর দুঃস্থ লোক, যাদের কোন আয় নাই এবং অনুর্ধ মাসিক ৪০ টাকা আয়, তাদের আমরা কিছু কিছু আর্থিক সাহায্য দিই এবং সেটা সর্বোচ্চ ২৫০ টাকা এবং আমি আপনার কাছে এটা রাখতে চাচ্ছি—গত ১৯৬১ সালের নবেম্বর মাসের শেষ দিক থেকে আজ পর্যন্ত এই মহানগরীর ৮২৮টি পরিবারকে ১ লক্ষ ৯২ হাজার টাকা মূল্যের বিবিধপ্রকার জিনিসপত্র আমরা কিনে দিয়েছি এবং তার ফলে সেইসমস্ত পরিবারের অনেক

রুজিরোজগার বেড়েছে এবং শুধু কিনে দিয়েই আমরা আমাদের দায়িত্ব শেষ করেছি তা নয়, সেগুলিকে আমরা দেখি ও অনুসন্ধান করি সত্যিই এই টাকা দিয়ে তাদের কোনরকম উপকার হয় কিনা এবং আমরা দেখেছি এই আর্থিক সাহায্যের ফলে এইসমস্ত পরিবারের মাসিক আয় ৫০—১৫০ টাকা রোজগার বেড়ে গিয়েছে। আমি আরো আনন্দিত হতাম যদি বলতে পারতাম যে আরো বেশি পরিবারকে আমরা আর্থিক সাহায্য দিতে পেরেছি, কিন্তু আমাদের যে সীমিত অর্থ-সংগতি রয়েছে, তার ফলে আমাদের পক্ষে এই কয়েকজনকে সাহায্য দেওয়া সম্ভব হয়েছে, এবং আশা করি সামনের বৎসরে এর থেকে বেশিসংখ্যক পরিবারকে আমরা সাহায্য করতে পারব। আমি এই কথা বলে আমাদের এই ব্যয়বরাদ্দ মঞ্জুর করবার জন্য সভার সদস্যদের কাছে আমি অনুরোধ রাখছি।

Mr. Speaker: Honourable members, all the cut motions in Grant No. 36 are in order and the same are taken as moved.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64 - Famine Relief", be reduced to Re. 1.

Shri Debi Prosad Basu: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced to Re. 1.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced to Re. 1.

Shri Hemanta Kumar Basu: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced to Re. 1.

Shri Jaleswar Hansda: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced by Rs. 100.

Shri Nagen Dolai: *Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced by Rs. 100.*

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced by Rs. 100.

Shri Abdul Bari Moktar: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced by Rs. 100.

Shri Sreemohan Thakur: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced by Rs. 100.

Shri Gopal Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced by Rs. 100.

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced by Rs. 100.

Shri Girish Mahato: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced by Rs. 100.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 2,76,79,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief", be reduced by Rs. 100.

Shri Debi Prosad Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া ত্রাণমন্ত্রী মহাশয়ার কথা শুনে মনে হলো, "ঐ বলি বলি করি বলিতে না পারি" তিনি এখানে অনেক দুঃখের কথা বললেন, কিন্তু আসল কথাটা তার মুখ দিয়ে বেরুলো না যে, এখন্ দুর্ভিক্ষের অবস্থা চলেছে। মুখ্যমন্ত্রী সেদিন বললেন যে দুর্ভিক্ষ নেই, সব ঝুটা হ্যায়। কিন্তু ঐ যে প্রবাদ আছে যে মানুষ সব দেখতে পায় শুধু নিজের মুখখানি বাদে। মুখ্যমন্ত্রী আভিধানিক অর্থে বলতে চেয়েছিলেন এই যে ভিক্ষার অভাব হচ্ছে দুর্ভিক্ষ, অতএব দুর্ভিক্ষ নাই। কিন্তু এদিকে যে ও'দের শঙ্কর ভিক্ষার ঝুলি নিয়ে রাজপথে নেমে পড়েছেন সেদিকে ও'দের খেয়াল নেই। অবশ্য বিংশ শতাব্দীর শঙ্করেরা বাঘছাল পরে গৃহস্থের বাড়ির দরজার কাছে এসে মোষের শিং-এ সিঙা ফুকে ভিক্ষা চান না—তারা প্যান্ট পরে ঘাটতি বাজেটের ঝুলি কাধে নিয়ে ক্যাডিলাক কিম্বা পন্টিয়াক কিম্বা নিদেন পক্ষে অ্যাম্বাসাডারের সিঙা ফুকে গৃহস্থদের বাড়িতে এসে বলেন, রে গৃহস্থ ট্যাক্স দাও। ও'দের লক্ষ্য থাকে গৃহস্থ বধূর রন্ধনশালার দিকে নয়, গৃহকর্তার পকেটের দিকে। তা আমি শুনেছি যে পৌরানিক শঙ্করদের শামলে সুমলে ভিক্ষাবৃত্তি থেকে ত্রাণ করতে ঐ শঙ্করদের শঙ্করী ছাড়া

আর কেউ পারেন নি। তেমনি আমাদের এই ভিখারী শংকরকে—ক্যাবিনেটের এই ভিখারী শংকরকে মননীয়া ত্রাণমন্ত্রী যদি ত্রাণ করে সামলে নিতে পারেন তা হলে আমরা অভাজন গৃহস্থরা আমাদের পকেট সামলে ধন্য হতে পারি। কিন্তু মজা দেখুন, মুখ্যমন্ত্রী সেদিন বলে-ছিলেন যে, ১৩৫০ সালে অর্থাৎ ১৯৪৩ সালে যে দুর্ভিক্ষ হয়েছিল সেই দুর্ভিক্ষের ভূত কমিউনিস্টদের কাঁধে চেপে আছে সেই জন্যই তারা দুর্ভিক্ষ দুর্ভিক্ষ বলে চীৎকার করছেন। কিন্তু আমি তো অন্য জিনিস দেখতে পাচ্ছি—গত বছর ঠিক এমনি সময়ে নির্মলচন্দ্র স্ট্রীট থেকে বেরিয়ে পাগলা মেহের আলি সেই যে কোন্ ফাঁকে এই বিধানসভায় ঢুকে পড়েছিল তারপর থেকে এবং তার ভূত এখনও ঘুরে বেড়াচ্ছে এবং ওদের কাঁধে চেপে বসেছে। তাই মুখ্যমন্ত্রী এখানে বলেছেন দুর্ভিক্ষ ঝুটা হ্যায়। দুর্ভিক্ষ নাই. কিন্তু তাই যদি হয় এবং এই কথা যদি সত্যি হয় যে দুর্ভিক্ষ নাই, তা হলে গত বছরের চেয়ে এ বছর ফসল কম হয়েছে পোনে চার লাখ টন, তা সত্ত্বেও এবছর টাকা কম করে ধরা হলো কেন, এবং বিগত বছর ফসল ভাল হয়েছিল তা সত্ত্বেও কত টাকা ধার্য করা হইয়াছিল? এখন ব্যাপারটা হচ্ছে এই গত বছর কি হয়েছিল দেখুন—আমাদের অর্থমন্ত্রী তিনি নিজে যে হিসাব দিয়েছেন সেই হিসাবটা দেখুন—১৯৫৮-৫৯ সালে ত্রাণ খাতে যে টাকা বরাদ্দ করা হয়েছে তা হচ্ছে ৭ কোটি ২৪ লক্ষ ৩১ হাজার। ১৯৫৯-৬০ সালে ত্রাণ খাতে বরাদ্দ করা হয়েছে ৫ কোটি ৯২ লক্ষ ৩৬ হাজার টাকা। আর ১৯৬০-৬১ সালে ধার্য করা হয়েছিল ৭ কোটি ৫৬ লক্ষ ২৫ হাজার এবং ১৯৬১-৬২ সালে ধার্য করা হয়েছিল ৫ কোটি ৫৬ লক্ষ ২৮ হাজার আর ১৯৬২-৬৩ সালে ৫ কোটি ১৯ লক্ষ ৭৮ হাজার। আমি বলি দুর্ভিক্ষ যদি নাই হল, ক্ষুধাতুর মানুষ খাই খাই করলো কেন, আর হাত বাড়ালো কেন, আর আপনারা এই টাকাগুলি ধার্য করেছিলেন কেন? শুধু তাই নয়, এইদিক থেকে দেখুন কেন্দ্রীয় সরকারের সংগে আমাদের সরকারের আশ্চর্য মিল আছে এবং আপনারা কাঁদুনী গেয়েছেন কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে. কারণ কেন্দ্রীয় সরকার বলেছেন যে প্রাকৃতিক বিপর্যয় ছাড়া ত্রাণ খাতে টাকা দেওয়া হবে না। একমাত্র বন্যা অথবা ভূমিকম্প অথবা সাইক্লোন ছাড়া দুর্ভিক্ষ হতে পারে না, অতএব আমরা ত্রাণ খাতে টাকা দেব না।

[12-50—1 p.m.]

এখানে যদি খাদ্যের অভাব না থাকতো, তা হলে কেন্দ্রীয় সরকারের কাছে কাঁদুনি কেন? কেন্দ্রীয় সরকার এই খাতে টাকা দিতে অস্বীকার করছেন যে প্রাকৃতিক দুর্যোগ না হলে দেবেন না। এ ছাড়া যেটা বকেয়া টাকা ছিল, যেটা পাওনা ছিল, যেটা অনুমোদিত ছিল, পশ্চিমবঙ্গ সরকার ভেবেছিলেন যে সেই টাকা পাওয়া যাবে। সেই টাকা থেকে ৬ কোটি ৮০ লক্ষ টাকা তাঁরা বরবাদ করে দিয়েছেন—সেই টাকা তাঁরা দেবেন না। এখন এই নিয়ে ও'রা কাঁদুনী গেয়েছেন যে টাকা আমরা পেলাম না। কিন্তু একথা যুক্তির সংগে, সাহসের সংগে বলতে পেরেছেন, কৈ, যে প্রাকৃতিক দুর্যোগ না হলেও দুর্ভিক্ষ হয়, অভাব হয়; বলতে পেরেছেন কৈ যে ফসল ঘাটতি না হলে আজকে আমাদের দেশে দুর্ভিক্ষের অবস্থা সৃষ্টি হয়! কেন না, নিজের দেশেতে, বিধানসভায় দেশের জনসাধারণের কাছে সত্যি কথা তাঁদের বলতে হবে যে দেশের ভিতরে দুর্ভিক্ষাবস্থা চলছে। সেজন্য এই কথাটা তাঁরা জোর দিয়ে বলতে পারেন নি এবং সেজন্যই কেন্দ্রীয় সরকার সচ্ছন্দে বিপুল পরিমাণ পাওনা টাকা ৬ কোটি ৮০ লক্ষ—তাঁরা ফাঁকি দিয়ে চলে যেতে পেরেছেন। এখন কথা হচ্ছে দুর্ভিক্ষের এই যে মূল অবস্থা এটা এ'দের বোঝার দরকার আছে। কেননা, আজকে দুর্ভিক্ষের ডেফিনিশন পালটে গেছে। আগে দুর্ভিক্ষ বলতে লোক বুঝত যেমন ১১৭৬ সালের মন্বন্তর হয়েছিল, খাদ্যশস্য নেই, খাদ্যশস্য পাওয়া যায় না; অথবা ১৩৫০ সালে যে মন্বন্তর হয়েছিল যুদ্ধের দরুন বাহির থেকে খাদ্য চলাচল কোন দিক থেকে আনা হয় নি। অপর দিক থেকে অসৎ ব্যবসায়ী এবং যুদ্ধবাজের সুযোগে কন্ট্রাক্টররা খাদ্যশস্যের অভাব দেশে রেখে দুর্ভিক্ষের অবস্থা সৃষ্টি করেছিল। আজকেও পৃথিবীর স্বাভাবিক অবস্থা এই। অথচ আজকে অভূতপূর্ব উন্নততর যুগে ঐরকম ধরনের দুর্ভিক্ষ পৃথিবীর কোন দেশে হওয়া সম্ভব নয়। আজ দুর্ভিক্ষের কারণ ক্রয় ক্ষমতার সম্পূর্ণ অভাব। পৃথিবীর দূরতম দেশ থেকেও জেট প্লেনে করে ২৪ ঘণ্টার মধ্যে খাদ্যশস্য আনা যায়। মুখ্যমন্ত্রী সেদিন বলেছিলেন যে ১৬ টাকা দরে গম পাওয়া যায়, গম লোকে খাক। কিন্তু ১৬ টাকা দরে চাল পাওয়া গেলেও দুর্ভিক্ষ হয় এবং এটা সত্যি কথা। গতকাল এ নিয়ে এখানে আলোচনা

হয়েছে এবং এর আগেও হয়েছে। আমাদের দেশে আজকে কর্মহীন বেকারের সংখ্যা বেড়েছে অত্যন্ত বেশী পরিমাণে। কালকে এখানে শ্রম খাতে ব্যয়বরাদ্দের সময় বিভিন্ন সদস্য এ বিষয়ে বলেছেন বলে আমি আর তার পুনরাবৃত্তি করতে চাই না যে শিল্পে এবং শহরের অন্যান্য কর্ম-সংস্থানে কি বিপুল পরিমাণে বেকারের সংখ্যা বেড়েছে। এ ছাড়া মফঃস্বল এলাকায় শহরগুলোতে কুটিরশিল্পে এত বেশী পরিমাণে বেকার হয়েছে যে তাদের শিল্প রাখা দায়। স্বর্ণশিল্পীদের কথা এখানে বহু আলোচিত হয়েছে। এর সংগে কাঁসা, পেতল এবং হাঁতীর দাঁতের কাজ যারা করেন সেইসব শিল্পীদের কথাও তাই। শোলা এবং অন্যান্য সূক্ষ্ম কাজ যারা করেন সেইসব শিল্পীরা আজকে চরম বেকারের সামনে এসে দাঁড়িয়েছে। তাদের কাছে চালের দাম ৩৫ টাকা কিম্বা ১৬ টাকা এই কথাই অবান্তর। তাদের কাছে আজকে প্রশ্ন হচ্ছে ১৬ টাকা দরে চাল তাদের কিনে খাবার বিন্দুমাত্র সংগতি নেই। সেজন্য আজকে তাদের জন্য প্রয়োজন হয়ে পড়েছে দুর্ভিক্ষের জন্য সাহায্য। তাদের এই অভাবকে, অনাহারকে দুর্ভিক্ষ ছাড়া অন্য কিছু বলে ব্যাখ্যা করা যায় না।

এর পর গ্রামে আসুন--সেখানে দেখতে পাবেন দিনের পর দিন যত দিন যাচ্ছে ভূমিহীন কৃষকের সংখ্যা প্রচুর পরিমাণে বেড়ে যাচ্ছে। একথা মুখ্যমন্ত্রী মহাশয় নিজে স্বীকার করেছেন - সেদিন বসুন্ধরা কাগজ থেকে সোমনাথ লাহিড়ী মহাশয় যা পড়েছেন আমি আর সেই বসুন্ধরার কথা পুনরুক্তি করলাম না--তাতে একথা স্বীকৃত হয়েছে যে গ্রামে বেকারের সংখ্যা অন্যায়ভাবে বেড়ে যাচ্ছে। যার ফলে প্রতি বছর এই সময় এবং মার্চ মাসে প্রতি বছর ফসলের অভাবে গ্রামে কাজের অভাব হয় এবং ব্যাপক দুর্ভিক্ষের সৃষ্টি হয়। আমি জানি আমার এলাকা থেকে কলকাতা পর্যন্ত লোক এসেছে আমাকে জানাতে যে, অবিলম্বে টেস্ট রিলিফ-এর কাজ যদি শুরু না করা যায়, তা হলে মানুষের আর বাঁচবার উপায় নেই। গ্রামাঞ্চলে সাধারণ কৃষক দৈনিক ১২ আনা মজুরীতে কাজ করবার জন্য ছুটে বেড়াচ্ছে- কাজ পাচ্ছে না। সমগ্র পরিবারের একজন কর্মক্ষম ব্যক্তি। কিন্তু সেই ১২ আনা মজুরী সারাক্ষণ খেটে পয়সা নিয়ে সমগ্র পরিবারের অন্ন যোগাতে হয়- এটা যে কি করে হতে পারে তা আমরা ভেবে পাই না কিন্তু সেখানে কাজ পাওয়া তাদের পক্ষে অসম্ভব। আজকে মানুষ সেখানে দুর্ভিক্ষের দ্বারে এসে দাঁড়িয়েছে, এ ছাড়া আর অন্য ব্যাখ্যা কোনক্রমেই করা যায় না, তাঁরা এই দুর্ভিক্ষের স্বীকৃতি দিতে কেন অস্বীকার করেছেন, কেন দৃঢ়তার সংগে তাঁরা বলতে পারছেন না সেটা আমরা বুঝতে পারছি না। আমাদের ত্রাণমন্ত্রী যা বলেছেন তাতে দেখি, সাজাহান তাজমহল গড়েছিলেন। কিন্তু তিনি যদি হাজার হাজার যুদ্ধবন্দী যদি না পেতেন, যাদের এক মুঠো অন্নের বিনিময়ে কর্মে নিয়োগ করেছিলেন, তা হলে তাঁকে এই তাজমহল তৈরি করতে হয়তো হোত না। তাই আমি বলি আজকে যদি হাজার হাজার ভূমিহীন কৃষক দরিদ্র মানুষ না থাকত, তা হলে গ্রামের উন্নতি হত না। আড়াই সের করে গম দিয়ে টেস্ট রিলিফের কাজ করিয়ে নিয়েছেন, জীপ চলার রাস্তা করে নিয়েছেন। তারপর জীপে জোর করে নির্বাচনে জিতেছেন। গ্রামের মানুষকে টেস্ট রিলিফ দিয়ে, ক্ষুধার্ত মানুষকে টেস্ট রিলিফ দিয়ে নিজেরা বাঁচবার চেষ্টা করেছেন। এর চেয়ে পরিহাস আর কি হতে পারে? দুর্ভিক্ষের নামে তাঁরা যা বলছেন- তাঁরা সত্য কথা বলেন নি। মিঃ স্পীকার স্যার, দুর্ভিক্ষের মূল সংগা এ'রা অস্বীকার করেছেন। তার কারণ হচ্ছে কলকাতায় বসে দুর্ভিক্ষের অবস্থা বোঝা মুস্কিল। এখানে সুসজ্জিত রেস্তোঁরায় গ্লাসকেসে সাজানো গন্ধে আমোদিত চীকেন রোস্ট দুর্ভিক্ষকে উপহাস করে। কিন্তু তার পাশ দিয়ে এক মাতৃপরিত্যক্ত ক্ষুধার্ত বালক তার বেকার বাপের হাত ধরে পথ চলে। ক্ষুধায় সে আর হাঁটতে পারে না, সে কাঁদে। তার বাপ কল থেকে আঁজলা করে তাকে জল খাওয়ায়। খালি পেটে জল খেয়ে তার গা বমি করে ওঠে সে আরও জোরে কেঁদে ওঠে। দিশাহারা বাপ তাকে ট্রাম লাইনের ওপর আছাড় মারে। বালকের রক্ত, মাথার ঘিলু কলকাতার পিচ ঢালা পথের ওপর ছড়িয়ে পরে।

আমি জানি চৌরঙ্গী পাড়ার অভিজাত হোটেলগুলিতে সন্ধ্যার পর নিয়ন, ফ্লোরেসেন ও মার্কারি ভেপারের রোশনাই জ্বলে ওঠে, ময়দান-এর বিস্ময় স্ফটিকারী তার আলো কাস্তুল কক্ষের টেবলে টেবলে রক্ষিত কাঁচের গ্লাশে, দক্ষিণ ফ্রান্সের দ্রাক্ষা আর ইতালির স্বর্ণাভ আপেলের

গেঁজিয়ে ওঠা নির্যাস শোভা পায়। সেখানে জাজ বাজে। আর সেই জাজের তালে তালে তালে আধুনিক কালের মেনকা আর উর্বশীরা নাচে।

[ভয়েসঃ বাঃ বাঃ, বেশ বেশ।]

স্যার, এইখানটা ওঁর খুব ভাল লেগেছে।

[ভয়েস]

[বাঃ বাঃ, ভাল লেগেছে? মিলে গেছে! বেশ! বেশ!]

[1—1-10 p.m.]

সেই আলোর নিচে দাঁড়িয়ে মনে হয় এই দুর্ভিক্ষ ঝুটা হায়, জানি। কিন্তু তার পাশে এই কলকাতার কোন অবজ্ঞাত, অখ্যাত গলিতে আজীবন সমাজসেবী, কর্মী, তার জীবন ও এই দিন মজুরের অসহ্য যন্ত্রণা এই অকথ্য অবমাননা, এই মহাবুভুক্ষা—এ থেকে তিনি সামলে উঠতে পারেন নি। তিনি আজ ... উঠেছেন, বোতল খুলেছেন, তাতে উচ্ছ্বসিত হয়ে উঠেছে অ্যাসিড। সেই অ্যাসিড তিনি আকণ্ঠ পান করেছেন; তারপর আস্তে আস্তে তিনি স্ত্রীর নিকট চলে গিয়েছেন, যাঁকে একদিন মন্ত্র পড়ে শপথ করে গ্রহণ করে নিয়ে এসেছিলেন ভর্তা বলে, যাঁকে ভরণপোষণ করবেন বলে। তাঁর স্বর্ণমুখের সামনে সেই উচ্ছ্বসিত অ্যাসিডের বোতল তুলে ধরে বলেছেন পান কর। তারপর আস্তে আস্তে টলতে টলতে পাশে শুয়ে থাকা জ্বরে ... (জড়প্রাপ্ত) পুত্রের মুখের সামনে বাপ হয়ে দুধের বাটি তুলে ধরতে পারেন নি, তার সামনে অ্যাসিডের তীব্র হলাহল মুখে তুলে দিতে হয়েছে বাপ হয়ে কিছু তুমি পান কর।

ভয়েসঃ শেম শেম।

এদের এ দুঃখ, দুর্দৈব না, এই কলকাতার মাটিতে বাংলার মাটিতে ছড়িয়ে আছে। এ শুনে তাঁরা অট্টহাস্য করে উঠতে পারেন, এবং তাঁরা বলতে পারেন যে দুর্ভিক্ষ নেই। কিন্তু আমি জানি কলকাতার এই মাটির বুকে প্রতিটি কালো অক্ষরে সেসব লেখা থাকবে এ বিষয়ে কোন সন্দেহ নাই। আমরা জানি সে কথাটা বন্ধ করে দেবার জন্য, ক্ষুধার্ত মানুষের, অত্যাচারিত মানুষের কথাটা বন্ধ করে দেবার জন্য দু-তিনটা দমদম খোলা যায়, দু-তিনটা আলিপুর প্রেসিডেন্সী খোলা যায় দু-তিনটা বহরমপুর খোলা যায় এবং তাদের আটক করে রেখে নির্বাচন বিজয়ের গণতন্ত্রের ধ্বজা তুলে একটা মিথ্যা ধাপ্পাবাজি করা যায়, একথা সম্ভব হয় জানি, কিন্তু কখনো কোন শ্রমিক, ক্ষুধার্ত জনসাধারণের কণ্ঠ ... প্রেসিডেন্সী আর আলিপুর দিয়ে বন্ধ করে দেওয়া যায় না। এবং তার শিকল ভাঙার ... অবশ্যই তাঁদের গ্রহণ করতে হবে। এই হচ্ছে জাতির অমোঘ নির্দেশ। মাথা পেতে তা আমাদের নিতে হবে। আমি জানি এবং সেইজন্যই আমি আজকে এই যে ব্যয়বরাদ্দ ত্রাণ খাতে ধার্য করা হয়েছে, এটা সাধারণ মানুষের কাছে একটা প্রহসন হয়েছে বলে আমি এর তীব্র প্রতিবাদ করি।

Shri Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আমরা একদিকে মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেনের মুখ থেকে শুনছি—বাংলাদেশের কোথাও দুর্ভিক্ষ নেই, বাংলাদেশের একটা লোককেও তিনি না খেয়ে মরতে দেবেন না, অপর দিকে ত্রাণমন্ত্রী আমাদের সামনে বাংলাদেশের একটা দুর্ভিক্ষের করাল চিত্র আঁকলেন—এটাই আমরা দেখতে পেলাম। এর মধ্যে কোন্‌টা আমরা গ্রহণ করবো? মুখ্যমন্ত্রী যে কথা বললেন, তাই সত্য, না, ত্রাণমন্ত্রী আমাদের সামনে যে চিত্র এঁকেছেন—তাই সত্য? আমি দেখছি দুর্ভিক্ষ নাই। অথচ বাজেটে দুর্ভিক্ষ খাতে প্রত্যেক বছর টাকা ধরা হচ্ছে। কাজেই দুর্ভিক্ষ নেই—একথা ঠিক নয়। দুর্ভিক্ষ আছে পারপিচুয়াল দুর্ভিক্ষ বাংলাদেশে। বাংলাদেশের জনসাধারণের অবস্থা দিন দিন দারিদ্র্যের চরম সীমায় গিয়ে উঠছে। তবে হ্যাঁ, এটা ঠিকই কতকগুলি লোক সমস্ত সুবিধা ভোগ করছে; তাদের পকেটে বিস্তর টাকা যাচ্ছে, খুব লাভবান হচ্ছে। কিন্তু দেশের সাধারণ লোকের অবস্থা দিন দিন দারিদ্র্যের চরম সীমায় গিয়ে পৌঁচাচ্ছে সে বিষয় কোন সন্দেহ নাই।

এই যে একটা পার্পিচুয়াল দুর্ভিক্ষ বাংলাদেশে রয়েছে; তার প্রতিকারের কোন ব্যবস্থা ত্রাণমন্ত্রী মহোদয়ার মুখ থেকে শুনলাম না, বা মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে শুনি নি। বছর বছর, এই অবস্থার চিত্র আমরা দেখে যাচ্ছি। টাকা স্যাংশনও করা হচ্ছে। কোটি কোটি টাকা

ব্যায়বরাদ্দ করা হচ্ছে এবং সেই টাকা প্রত্যেক বছর দুর্ভিক্ষ খাতে খরচও হয়ে যাচ্ছে। কোন কোন বছর হয়ত অনাবৃষ্টি বা জলপ্লাবনের জন্য অর্থ বেশী লাগছে, কিন্তু এই প্রাকৃতিক দুর্যোগের ফলে বাংলাদেশে যে দুর্ভিক্ষ রয়েছে, তাকে আরও বাড়িয়ে দিচ্ছে। কাজেই দেখা যায় কোন কোন বছর অর্থ বেশী খরচ হচ্ছে, কোন কোন বছর হয়ত তার পরিমাণ কিছু কম হচ্ছে। যেমন রিলিফ খাতে যে টাকা খরচ হয়েছে, সেই টাকার জি আর এ যেটা দেওয়া হয়েছে তাতে আমরা দেখতে পাই ১৯৫৮-৫৯ সালে ১ কোটি ৮০ লক্ষ ৩৬ হাজার টাকা, এবং ১৯৫৯-৬০ সালে ৩ কোটি ৪৯ লক্ষ ২৭ হাজার টাকা, ১৯৬০-৬১ সালে ৩ কোটি ২৩ লক্ষ ৩২ হাজার টাকা, ১৯৬১-৬২ সালে ৩ কোটি ৮০ লক্ষ ৪০ হাজার টাকা, ১৯৬২-৬৩ সালে ২ কোটি ৮৯ লক্ষ ৩৬ হাজার টাকা, ১৯৬৩-৬৪ সালে ২ কোটি ৫৭ লক্ষ ৮১ হাজার টাকা।

যদিও এবার জি আর এ কম টাকা ধরা হয়েছে, কিন্তু এবার বাংলাদেশের যে চেহারা দেখতে পাচ্ছি, তা অত্যন্ত ভয়াবহ। আজ মার্চ মাস, এই মার্চ মাসে চালের দর যেভাবে বেড়ে চলেছে, তা আপনি নিশ্চয় লক্ষ্য করেছেন। আমরা শুনলাম বীরভূম জেলার বিভিন্ন স্থানে, খয়রাসোল প্রভৃতি গ্রামে চালের অভাব দেখা দিয়েছে। আজ আমরা দেখছি ইসলামপুর থানার পাঁচটা ইউনিয়নে ও রাজনগর থানার কয়েকটা ইউনিয়নে এবং আরও কয়েকটি থানার কিছু কিছু অংশে এবং গোলকুণ্ডা প্রভৃতি স্থানে চালের অভাব। সেদিন শুনলাম যে সেখানে কিছু কিছু খয়রাতি সাহায্যের ব্যবস্থা সরকার করতে বাধ্য হয়েছেন। কাজেই এইসমস্ত জায়গায় অনাবৃষ্টির ফলে ফসল কম হয়েছে। একেইত আমরা দেখতে পাই দেশের ৩৩ ভাগ কৃষি কর্মি, তাদের দুর্ভিক্ষের মধ্যে দিন কাটাতে হয়, তার উপর অনাবৃষ্টির ফলে সেই দেশের সাধারণ লোকের, কৃষকের আরও দুর্দশা ঘটে। পুরুলিয়ায় বাগমুণ্ডি থানায় ও আর্ষা থানায় এইসমস্ত জায়গায় লোকদের অত্যন্ত দুরবস্থার মধ্যে পড়তে হয়েছে। সেখানে এরকম অনাবৃষ্টি হয়েছে এরকম অবস্থা হয়েছে যে কল্পনা করা যায় না। অনেক পরিকল্পনা গ্রহণ করা যদিও হয়েছে, কিন্তু সেখানে আজ পর্যন্ত এমন ব্যবস্থা করা হয় নি যে জমিতে সেচের ব্যবস্থা হতে পারে। বৃষ্টি না হওয়ার জন্য সেখানকার লোকের অসীম দুরবস্থায় পড়তে হয়েছে। কারণ, তারা বৃষ্টির উপর সম্পূর্ণ নির্ভরশীল। সেখানকার লোকের এমন অবস্থা হয়েছে যে তারা গ্রাম ছেড়ে ছেড়ে অন্যত্র চলে যাচ্ছে। এটা ঠিক দুর্ভিক্ষের চিত্র, লোকেরা তাদের ঘর-বাড়ি পরিত্যাগ করে অন্নের সন্ধানে অন্যত্র চলে যায়। এটা দুর্ভিক্ষের কারণ। সেখানে অন্নের অভাবের দরুন দুর্ভিক্ষ ঘটে সে বিষয় কোন সন্দেহ নেই।

[1-10—1-20 p.m.]

কাজেই এইসব জায়গায় হয়ত কিছু কিছু দেওয়া হয়েছে, কিন্তু যেখানে দুর্ভিক্ষের ব্যাপকতা অনুসারে যেভাবে রিলিফ বিলি করা উচিত অনেক সময় তা করা হয় না, সব অভাবগ্রস্থ লোক পায় না। এবং সেখানে যেভাবে কমিটি করা হয়, যারা বিতরণ করে তারা হয়ত অঞ্চল পঞ্চায়েতের বা গ্রাম পঞ্চায়েতের সেক্রেটারী, তারা হয়ত কোন দলভুক্ত হিসাবে কাজ করে, যার ফলে সকলে যাতে সাহায্য পায় ঠিক সেভাবে ব্যবস্থা করা হয় না। আমাদের দেশে এক দারুন দুর্ভিক্ষ হয়েছিল ১৯৪৩ সালে। তখন ৬০ টাকা চালের মণ হয়েছিল। আজকে এখনই ৩০—৩২ টাকা চালের মণ, আমরা বুঝতে পারি না অগাস্ট-সেপ্টেম্বর মাসে কি অবস্থা হবে। কাজেই সেদিকে লক্ষ্য রেখে যে বাজেট তৈরি হয়েছে, তা হয় নি। হয়ত বলবেন ত্রাণমন্ত্রী, যে দরকার হলে নিশ্চয়ই টাকার ব্যবস্থা করা হবে। কিন্তু সেটা আগে থাকতে কল্পনা করে করা দরকার। আজকে যে চিত্র সেই চিত্রের মধ্যে দিয়ে ভবিষ্যতে কি হতে পারে, অগাস্ট-সেপ্টেম্বর মাসে ৪০/৫০ টাকা চালের দাম হতে পারে সেদিকে লক্ষ্য রাখা দরকার। চাল সম্বন্ধে প্রশ্ন রয়েছে যে আজকে বাংলাদেশে চাল কম হয়েছে, মোট ৪৩ লক্ষ টন চাল হয়েছে। এখন ৫১ লক্ষ টনের দরকার, ৮ লক্ষ টনের অভাব রয়েছে। কাজেই সে দিক থেকে আমি একবার বলেছিলাম যে কত চাল ঠিক হয়েছে, মজুতদারদের ঘরে কত চাল রয়েছে, মজুতদাররা যে এইরকম একটা ম্যান মেড ফেমিন সৃষ্টি করছে না সেটা বলা যায় না। ঘরে যে চাল আছে সেদিকে ত সরকার দৃষ্টি দিচ্ছেন না, সরকার তাদের উপর চাপ দিচ্ছেন না, সরকার যাতে সেই চাল ন্যায্য মূল্যে বাজারে বিক্রয় হয় তারও কোন ব্যবস্থা করছেন না। স্যার, আমি সংবাদপত্রে দেখলাম, আনন্দবাজার পত্রিকায়, যে শিলিগুড়িতে সুখারী সোনার, সে এইরকম বহুদিন বেকার থাকার জন্য অনাহারে তার জীবন বায়ু শেষ হয়েছে। হয়ত মুখ্যমন্ত্রী বলবেন, ত্রাণমন্ত্রী বলবেন যে সে রোগে মারা গিয়েছে, না খেয়ে মারা যায় নি।

কিন্তু বহুদিন না খেয়ে থাকার জন্য, বহুদিন বেকার থাকার জন্য অনেক সময় রোগ হতে পারে। বহুদিন বেকার থাকার জন্য তার যে রোগ হয়, বেচারা সেই রোগের চিকিৎসা করাতে পারে নি। কাজেই আজকে যে তার দুর্ভিক্ষে, অনাহারে মৃত্যু হয়েছে সে বিষয়ে সন্দেহ নেই। এটা আনন্দ-বাজারের ১২ই মার্চের খবর। আর একজনের খবর দিচ্ছি, দেশবন্ধু পাড়ার কমল হাজরা বলে এক কারিগর, সে তার নিজের সংসারযাত্রা নির্বাহ করতে না পেরে কোনরকম কাজের সংস্থান না করতে পেরে পাগল হয়ে গিয়েছে। সেদিন এখানে আলোচনা হয়েছে যে পাগলের সংখ্যা দিন দিন বাড়ছে কেন। এইজনাই বাড়ছে। লোকে অভাবের তাড়নায় পুত্র পরিবারের মুখে অন্ন দিতে পারে না এই চিন্তায় লোকে পাগল হচ্ছে এবং যার ফলে পাগলের সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। কাজেই কমল হাজরারও ঠিক সেই অবস্থাই হয়েছে।

সুন্দরবনে আমরা দেখলাম, আমাদের কংগ্রেসী দলের একজন এম এল এ, ছিলেন আর আমাদের খগেন নস্কর মহাশয় ছিলেন, তিনি সুন্দরবন সম্বন্ধে বলেছেন যে সুন্দরবনে অচিরে যদি ব্যবস্থা না করা হয়, তা হলে সেখানে দারুন দুর্ভিক্ষ সৃষ্টি হবে। এই কথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

Shri Ananda Gopal Mukhopadhya:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, ত্রাণ খাতে মাননীয় মন্ত্রী যে বায়বরাদ্দ এখানে উত্থাপন করেছেন সেই দাবীকে সমর্থন করতে উঠে আমি আমার বক্তব্য আপনার মাধ্যমে এই সভার কাছে রাখছি। বাংলাদেশের গ্রামাঞ্চলের মানুষের অবস্থা সম্পর্কে মাননীয় মন্ত্রী মহোদয় সবিস্তারে এই হাউস এর সামনে একটা চিত্র তুলে ধরেছেন। আপনি জানেন বাংলাদেশের গ্রামাঞ্চলের মানুষ কৃষির উপর নির্ভরশীল এবং কয়েক বছর যাবৎ হয় অতিবৃষ্টি না হয় অনাবৃষ্টি কিংবা একদিকে অতিবৃষ্টি আর একদিকে অনাবৃষ্টি এবং ভয়ঙ্কর প্লাবনের ফলে গত কয়েক বছর যাবত বাংলা-দেশে খাদ্যোৎপাদনে বিরাট ঘটতি পড়েছে। আমরা যদি বাংলাদেশের কৃষিজীবীদের অবস্থা পর্যালোচনা করি বিশেষ করে কয়েকটি তথ্য ভূমির জরিপ বিভাগের মাধ্যমে যে তথ্য আমরা পেয়েছি সেটা নিয়ে আমরা পর্যালোচনা করি, তা হলে দেখতে পাব যে তিন একর পর্যন্ত জমি যাদের আছে, বাংলাদেশে সেই দরিদ্র কৃষিজীবি সমাজের সংখ্যা হল শতকরা ৬৯·৮ পার্সেন্ট-তিন একরের থেকে চার একর পর্যন্ত জমি শতকরা ১২·৩ পার্সেন্ট, চার একরের বেশী যাদের জমি আছে তাদের সংখ্যা হল শতকরা ৩৭·৯ পার্সেন্ট, কিন্তু বর্তমানে সংখ্যা কমে চার একরের বেশী যাদের জমি আছে তাদের তারা শতকরা হিসাবে ২০ পার্সেন্ট-এ দাঁড়িয়েছে, আর বাকি ৮০ পার্সেন্ট ওই যাদের তিন একরের কম জমি আছে বা তিন থেকে চার একরের মধ্যে জমি আছে, তাদের অবস্থা তা হলে কি ভয়ানক! বাংলাদেশের লোকসংখ্যা মন্ত্রীমহোদয়া বলেছেন যে ৪·৬৩ ক্রোরস অর্থাৎ বাংলাদেশের গ্রামাঞ্চলে কৃষিজীবীদের সংখ্যা এর মধ্যে ভূমিহীন কৃষকের সংখ্যা ১৭ লক্ষ রয়েছে অল্পবেশী এবং তাদের উপর নির্ভরশীল পরিবারগুলির লোকসংখ্যা ধরলে প্রায় ২৫ লক্ষ দাঁড়ায়। আজ বাংলাদেশের কৃষির উপর নির্ভরশীল মানুষ যদি কোনরকম প্রাকৃতিক বিপর্যয় ঘটে, তা হলে সম্বৎসর ফসলের জন্য যারা প্রডিউসার, তাদের সংসার যাত্রা নির্বাহ করার নানা দুর্যোগের মধ্যে পড়তে হয়, কারণ, কৃষি তাদের একমাত্র জীবিকা। ভূমিহীন কৃষক এবং অল্প জমি যাদের আছে তাদের এর উপর নির্ভর করতে হয়, যারা ভূমিহীন কৃষক তাদের বছরের মধ্যে সময় কয়েক মাস তারা কৃষিতে নিযুক্ত হতে পারেন, বাকী মাসগুলি—আট থেকে নয় মাস নানা রুজি রোজগারের দিকে তাদের যেতে হয়, নির্ভর করতে হয়। ফসল উৎপাদন কম যদি হয় তা হলে ভূমিহীন কৃষককে অনাহারে দিন যাপন করতে হয়। বাংলাদেশে দেশ বিভাগের পর অবস্থা এমনভাবে এসে দাঁড়িয়েছে যে প্রতি বছর এই ভূমিহীন কৃষক এবং দরিদ্র কৃষক বছরের মাস কোনরকমভাবে যাতে চলতে পারে তার জন্য সরকারকে দৃষ্টি রাখতে হয়।

[1-20—1-30 p.m.]

গত বছর বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে সুবৃষ্টি না হবার দরুন ফসল কম হয়েছে, তার জন্য পুরুলিয়া, বাঁকুড়া, আসানসোল মহকুমা এবং বীরভূমের কিয়দংশ জায়গাগুলির দিকে আমাদের নজর দিতে হয়েছে। এবং বাংলাদেশের কোন কোন ক্ষেত্রে দরিদ্র কৃষিজীবী মানুষের সামনে একটা সংকট কোথাও কোথাও দেখা দিয়েছিল এবং হয়ত কোথাও দেখা দিতে পারে এই আশংকায় সরকার আগে থাকতেই উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করেছিলেন। আগের বছর সরকার এই ত্রাণ খাতে বরাদ্দ টাকা কি ভাবে ব্যয়িত হয়েছে এবং মানুষকে দুঃসময়ে বাঁচিয়ে রাখবার চেষ্টা করেছিলেন তার পরিসংখ্যান দেখলে দেখব গত বছর নতুনভাবে প্রায় ৪১৩ মাইল নতুন রাস্তা সরকার বাড়িয়েছেন। তারপর সরকার রাস্তা রিপেয়ার করেছেন প্রায় ২ হাজার ৮২৩ মইাল। মজা পুকুরগুলি নতুন করে খনন করেছেন ১৬১টি। ইরিগেশান ক্যানেল প্রায় ৯৫ মাইল দীর্ঘ, এতে কাজ হয়েছে। আমরা দেখেছি জনসাধারণ যেখানে প্লাবনে, অতিবৃষ্টিতে কিম্বা আগুনে ক্ষতিগ্রস্ত হয়েছে কিম্বা যাদের ঘর-বাড়ি নষ্ট হয়েছে তাদের সরকার সাহায্য করেছেন প্রায় ৬ লক্ষ ১৫ হাজার টাকার মত। এগ্রিকালচারাল লোন, কৃষিজীবী মানুষ যাতে তারা তাদের দুঃসময়ে অর্থাৎ চাষের সময় যাতে চাষকে ঠিকমত চালিয়ে নিয়ে যেতে পারেন, তার জন্য লোন হিসাবে সরকার দিয়েছেন ৬৭ লক্ষ ৩৭ হাজার টাকা। আরটিজানদের লোন এবং গ্রান্ট হিসাবে সরকার দিয়েছেন ১ লক্ষ ৬৫ হাজার টাকা লোন এবং গ্রান্ট দিয়েছেন ৭৭ হাজার ৯৮০ টাকা। এ ছাড়া বীজ এবং যে অঞ্চলের মানুষ খারাপ অবস্থার মধ্যে পড়েছে, তাদের পোশাক পরিচ্ছদ এবং কাপড়ের জন্য প্রায় ২ লক্ষ ৪৭ হাজার টাকা, বীজের জন্য ৫৭ হাজার ৭৫০ টাকা, তা ছাড়া গরুর খাবার এবং অন্যান্য বাবদ ৬ হাজার ৬০ টাকা, সরকার খরচ করেছেন। শুধু ২০এ ফেব্রুয়ারি ১৯৬৩ সাল পর্যন্ত সরকার ঋণ খাতে ৬৯ লক্ষ ৮৪ হাজার টাকা খরচ করেছেন আমরা দেখতে পাচ্ছি; এবং সাহায্য হিসাবে ৩ কোটি ৮৫ লক্ষ টাকা খরচ করেছেন। এই হিসাব আমরা এখানে দেখতে পাচ্ছি। আজকে বাংলাদেশে যেসমস্ত সমস্যা আছে তার হাত থেকে রেহাই পাবার জন্য এবং গ্রামীণ অর্থনীতিকে নতুন করে গড়ে তোলবার জন্য সরকার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। তাই আমরা দেখছি পশ্চিমবঙ্গ সরকার এবং ভারত সরকার ডেভালপমেন্ট মারফত যেসমস্ত কৃষিজীবী মানুষ কৃষক এবং ভূমিহীন কৃষক যারা বছরে নয় মাস কোন কাজ পান না, তারা যাতে বৃত্তি পেতে পারেন তার জন্য পরিকল্পনার মাধ্যমে সরকার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। স্যার, আমি এই হাউসে আপনার মাধ্যমে একটি জিনিস পশ্চিমবঙ্গ সরকারকে জানাতে চাই যে একটা জিনিস আমরা দেখতে পাচ্ছি যে আজ দেশে শিল্প পত্তন হচ্ছে মানুষ নতুন কর্মসংস্থানের জন্য দিকদিগন্তে ছোটাছুটি করছে কিন্তু আরেকটি জিনিস আমরা লক্ষ্য করছি যে গ্রামীণ অর্থনীতিতে কোথায় যেন একটা ভাঙন ধরেছে।

সমগ্র মানুষ শিল্পে নিযুক্ত হয়ে তারা রুজি রোজগার করতে পারবে, একথা আমরা বিশ্বাস করি না। কৃষির উপর নির্ভরশীল মানুষ শুধু কৃষির উপর নির্ভর করে বছরে ১২টা মাস চালাতে পারবে এটা আমরা বিশ্বাস করি না। কাজেই ঐ কৃষিজীবী মানুষ গ্রামাঞ্চলে তার কৃষি-কাজে যেটুকুন সময় লাগে তা দেবার পর যদি ৯ মাস অন্য বৃত্তি সে না করে, তা হলে তার সংসার চলবে না। এইভাবে প্রায় এক কোটি লোক যারা ভূমিহীন কৃষক, যারা অল্প জমির মালিক কৃষক তাদের সামনে অন্য ব্যবস্থা না থাকলে দুর্যোগ দেখা দিতে পারে। তাই আমি আগেরবার বাজেটের সাধারণ আলোচনার সময় এবং তার পূর্বে সানুনয়ে সরকারের কাছে একটা নিবেদন রেখেছিলাম, সেটা আমি আবার রাখতে চাই। সরকার পশ্চিমবঙ্গের গ্রামীণ অর্থনীতিকে পুনর্গঠন করবার জন্য একটা কমিটি গঠন করুন। এই কমিটি শুধু সরকারী কর্মচারীদের নিয়ে নয়, এই কমিটিতে ইন্ডাস্ট্রিয়ালিস্টরা থাকুন, অর্থনীতিবিদরা থাকুন, বৈজ্ঞানিক থাকুন। গ্রামের মানুষ ঐ সম্পদকে ব্যবহার করে গ্রামাঞ্চলে কুটিরশিল্প গড়ে দেশের সম্পদ শুধু বৃদ্ধি করা নয়, তারা জীবনধারণ করতে পারে সেই অনুযায়ী সম্ভব হলে প্রত্যেক পঞ্চায়েতে না হলে অন্তত অঞ্চলে যাতে ১ হাজার লোকের রুজি-রোজগার হতে পারে, কৃষি ছাড়া অন্য জীবিকার দ্বারা, সেদিকে জোর দিন। আমি মনে করি এই যুক্তি পশ্চিমবঙ্গ সরকার অন্তত চিন্তার সঙ্গে বিচার করবেন। অন্যান্য প্রদেশের মধ্যে উড়িষ্যার অর্থনীতিকে গড়ে তোলার যে পরিকল্পনা আমরা শুনেছি, তাতে তারা এইভাবে ছোট ছোট শিল্প গ্রামাঞ্চলের ইউনিয়নে ইউনিয়নে ছড়িয়ে দিয়ে গ্রামের অর্থনীতিকে কিভাবে মজবুত করবেন তার জন্য তারা চেষ্টা করছেন। এইভাবে করলে বাংলাদেশের গ্রাম যেমন করে

নূতনভাবে পুনর্জীবিত হবে তেমনি শিল্পের মাধ্যমে বৃহৎ শিল্প দেশের চাহিদা মেটাবে। আজকে যেভাবে অন্য দেশে ছোট ছোট শিল্পের মাধ্যমে বৃহৎ শিল্পে যোগান দেওয়া হয়, সেইভাবে শিল্প গড়ে ওঠার একান্তভাবে প্রয়োজন আছে। সরকার প্রতি বছর কোটি কোটি টাকা সেইভাবে খরচ করে মানুষের দুঃস্থতাকে সাহায্য করেন, তাতে গ্রামীণ অর্থনীতি গড়ে উঠবে বলে আমার বিশ্বাস। এই প্রসঙ্গে আর একটা কথা বলতে চাই যে দেশের মানুষের আর্থিক এবং খাদ্যাবস্থার কোনরকম দুর্দিন দেখা যাবে সরকার সেটা চান না। দেশ স্বাধীন হবার পর অনেক বিরাট সমস্যা সমাধানের দিকে সরকার আস্তে আস্তে এগিয়ে যাচ্ছেন। তাই আমরা দেখতে পাচ্ছি সরকার কমিউনিটি ডেভেলপমেন্ট-এর কথা চিন্তা করেছিলেন। কিন্তু আজকে অ্যাসেস করা দরকার হয়েছে কতটা কাজ আমাদের হয়েছে। অ্যাসেস করার দরকার হয়েছে এই কাজের মাধ্যমে আমাদের প্রয়োজন মিটবে কিনা? তাই আমি হাউসে এই নূতন প্রস্তাব রাখছি। এই প্রসঙ্গে বিরোধী দলের সদস্য যিনি একটু আগে ঘোষণা করলেন তার বক্তৃতার মাধ্যমে যে দুর্ভিক্ষের পদধ্বনি এই দেশে তিনি দেখতে পেয়েছেন। আমি তাঁকে একটি কথা বলে শুধু হুঁসিয়ারী করতে চাই, দেশের বর্তমান অবস্থার কথা বলে আমি বলব যে আমার মনে হয় দুর্ভিক্ষের পদধ্বনি না শুনলে তাঁদের ঘুম হয় না। দেবীবাবু বললেন যে সুদূর গ্রামাঞ্চল থেকে লোক কোলকাতা পর্যন্ত এসেছে তাদের খবর জানাতে। কিন্তু আমার মনে হয় সুদূর গ্রামাঞ্চলে তিনি আর নির্বাচনের পর যান নি। সেজন্য এই শীততাপ নিয়ন্ত্রিত কক্ষ দেখে সুদূর গ্রামাঞ্চল থেকে কোলকাতায় এসে তাঁকে খবর দিতে হয় যে দুর্ভিক্ষ হচ্ছে। সেজন্য তাঁর এই স্বপ্ন বিলাসকে আমি সমর্থন করতে পারছি না।

[1-30—1-40 p.m.]

আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে পশ্চিমবঙ্গ সরকার তথা ভারত সরকার দেশ স্বাধীন হবার পর থেকে দেশের সমস্ত দায়িত্বভার গ্রহণ করে এই সমস্ত সমস্যা মীমাংসা করার জন্য দৃঢ় পদক্ষেপে এগিয়ে চলেছে। তা যদি না হ'ত, দেশের বর্তমান যা লোকসংখ্যা, জমির আয়তন যেভাবে কমেছে, দেশের মধ্যে অতিবৃষ্টি, অনাবৃষ্টি এবং বন্যাতে যেভাবে ফসলের ক্ষতি হয়েছে তাতে ১৩৫০-এর মন্বন্তরের পুনরাবৃত্তি প্রতি বছর ঘটতো। সেখানে দেখাতে চেয়েছেন যে সেই অবস্থা এসেছে কালোবাজারীর, এবং যুদ্ধবাজীদের চেষ্টায়। তার সঙ্গে যারা সহযোগিতা করেছিলেন ঐ সাম্রাজ্যবাদী, বৃটিশের দালাল এবং পদলেহী ঐ কমিউনিস্ট পার্টি ১৩৫০-এর মন্বন্তরের মধ্যে যদি কারও অবদান থাকে, তা হলে ঐ কমিউনিস্ট পার্টিরই আছে। সেদিন জাতীয়তাবাদী দলগুলির নেতারা ছিলেন কারার অন্ধকারে। ভারতের কংগ্রেস নেতারা তখন কারান্ধকারে। বৃটিশ সাম্রাজ্যবাদীদের সাথে মিতালী করে দেশের ২৫ থেকে ৩০ লক্ষ লোককে পথে পথে ফ্যান দাও, ফ্যান দাও বলে যারা ঘুরিয়ে ছিলেন সেদিন, আজকে তারা দুর্ভিক্ষের পদধ্বনি শুনে সরকারকে হুঁশিয়ারী দিতে চান কেন? দেশের মধ্যে উত্তেজনা সৃষ্টি করে এমন পরিস্থিতি করতে চান যাতে ওদের ঐ পিতৃভূমি মাতৃভূমি থেকে এসে ভারতকে যেন কবজা করতে পারে। আমি তাদের হুঁশিয়ারী দিই ১৩৫০ সালের মন্বন্তরের যারা দালাল তাদেরকে ভারতের মানুষ ভোলে নি, আরও বলি যে, আজকে যদি যে পদধ্বনি শুনতে পাচ্ছেন সেটা তাদের আতঙ্কের পদধ্বনি এবং এই কথা বলে হুঁশিয়ার করে দিতে চাই যদি বর্তমান অবস্থায় দেশে বিভ্রান্তিকর পরিস্থিতি সৃষ্টি করে, তা হলে দেশের মানুষ ১৩৫০ সনের মন্বন্তরকারীদের ভুলে যাবে না।

Shri Nikhil Das:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দুর্ভিক্ষ এবং ত্রাণ খাতে ব্যয়বরাদ্দের দাবী আমাদের কাছে পেশ করা হয়েছে সে সম্পর্কে বিতর্কে যোগদান করতে গিয়ে যে কথা সর্বপ্রথম বলতে হয় তা হচ্ছে এই আজও পশ্চিমবাংলার লক্ষ লক্ষ মানুষ অর্থাভাবে অনাহারে দিন কাটাচ্ছে। এটা অত্যন্ত সত্য কথা। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এবার আমরা আমাদের মুখ্যমন্ত্রীর বক্তৃতা আমরা দু দিন শুনেছি এবং একদিন তিনি এগ্রিকালচারাল খাতে ব্যয়বরাদ্দের উপর বলেছেন, আর একদিন আমাদের রাজ্যপালিকার ভাষণের উত্তরে বলেছেন। তিনি ২টি কথা বলেছেন - একটি হচ্ছে আমাদের দেশে বেকার নেই - গ্রামাঞ্চলের অবস্থা দিনে দিনে ভাল হচ্ছে-- দুর্ভিক্ষ নেই -- মানুষ সুখে, শান্তিতে আছে। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে গত বছর তিনি যখন মুখ্যমন্ত্রী

হন তখন তিনি একটি বিবৃতি এই বিধান পরিষদ ও সভায় দিয়েছিলেন তা তিনি ভুলে গেছেন। তিনি গত বছরে বলেছিলেন যে আমাদের ১০ লক্ষ টন চাউলের ঘাটতি আছে, যদি ৭ লক্ষ টন গম আমরা খাই। অর্থাৎ খাদ্যশস্যের ১৭ লক্ষ টন ঘাটতি আছে একথা তিনি গত বছরে বলেছিলেন। তাঁর হিসাব যদি মিলিয়ে দেখি, তা হলে দেখবো যে তিনি বলেছেন যে ফেয়ার প্রাইসে তিনি ১ লক্ষ ৬৭ হাজার টন গম আমরা নিয়েছি। আর ৮৬ হাজার টন চাল আমরা নিয়েছি, অর্থাৎ ফেয়ার প্রাইস রেসন সপ থেকে আমরা আড়াই লক্ষ টন খাদ্যশস্য আমরা নিয়েছি। আমাদের রাজ্যপালিকার ভাষণে দেখলাম যে উড়িষ্যা থেকে ৩ লক্ষ টন এসেছে—তাহলে তিন আর আড়াই এই সাড়ে পাঁচ লক্ষ টন এসেছে—আর ১৭ লক্ষ থেকে সাড়ে পাঁচ বাদ চলে গেলে বাকী থাকে সাড়ে ১১ লক্ষ টন—যেটা খাবার জন্য প্রয়োজন ছিল সেই সাড়ে ১১ লক্ষ টন খাদ্যশস্য পশ্চিমবাংলায় আসে নি। সমগ্র বাংলার এক চতুর্থাংশ লোক খাদ্য পায় নি। হিসাব তাঁর, স্ট্যাটিসটিক্স তাঁর। এ বছরের অবস্থা আরও সাংঘাতিক। গত বছর থেকে ৪ লক্ষ টন চাল কম হয়েছে—এই বছর ঘাটতি গিয়ে দাঁড়াবে আমাদের মুখ্যমন্ত্রীর হিসাব অনুযায়ী ২১ লক্ষ টন। বিপদ হয়েছে যে উড়িষ্যা থেকে চাল কম আসবে, কারণ সেখানে ফলন কম হয়েছে। সেখান থেকে ৩ লক্ষ টন চাল আমরা পাবো না এবং তা হলে অবস্থাটা দাঁড়াচ্ছে যে চালের ঘাটতি এ বছর থেকে যাচ্ছে ১৯ থেকে ২০ লক্ষ টনের মত। অর্থাৎ আমাদের যা প্রয়োজন তার এক-তৃতীয়াংশ চাল থাকবে না, এবং এই এক-তৃতীয়াংশ লোক অভুক্ত থাকবে এটা তাঁরই স্ট্যাটিসটিক্স, তাঁকে আমি উপহার দিতে চাই। তিনি বলেছেন গ্রামের লোকের অবস্থা ভালো হয়েছে কেন? না ১৯৪৮ সালে ১ লক্ষ ২৪ হাজার টন চিনি খেয়েছে—১৯৬২-৬৩ সালে আড়াই লক্ষ টন লেগেছে। ১৯৪৮ সালে কন্ট্রোল ছিল, কন্ট্রোলে চিনি সবাই পেতো না সে কথা কিন্তু উল্লেখ করেন নি। দাম ছিল ৫২ নয়া পয়সা কন্ট্রোলে কিন্তু চোরাবাজারে বিক্রি হয়েছে ২ টাকা থেকে আড়াই টাকা সের। সেটা তিনি উল্লেখ করেন নি। আর একটি কথার তিনি উল্লেখ করেন নি, সেটা হচ্ছে ১৯৪৮ সাল থেকে ১৯৬২-৬৩ সালে জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে। আমাদের ১৯৪৮ সালে জনসংখ্যা ছিল ২ কোটি ৩৩ লক্ষ, আজকে সেখানে সাড়ে তিন কোটি দাঁড়িয়েছে।

এইটুকু আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে বলতে চাই। তিনি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী, অত্যন্ত দায়িত্বশীল পদে তিনি আছেন। পশ্চিমবাংলার এই যে বিধানসভা অত্যন্ত দায়িত্বশীল ফোরাম এটা। একজন দায়িত্বশীল লোক তিনি পশ্চিমবাংলার মাথায় তিনি বসে আছেন। এই দায়িত্বশীল ফোরামে দাঁড়িয়ে তিনি যে দায়িত্বহীন উক্তি করেছেন পশ্চিমবাংলা বিধানসভা, তথা এই অ্যাসেম্বলীর দৃষ্টি সেদিকে আকর্ষণ করতে চাই।

প্রতি বছরই এই ফ্যামিন রিলিফ বাজেট আসে, বাজেট এস্টিমেট এই খাতে অত্যন্ত কম করে ধরা হয়। কেন? দেশে দুর্ভিক্ষ নাই। আমি গত পাঁচ বছরের একটা পরিসংখ্যান এ সম্বন্ধে এখানে উপহার দিচ্ছি। ১৯৫৮-৫৯ সালে এস্টিমেট ধরা হয় ২ কোটি ১৪ লক্ষ টাকা; যেটা রিভাইজড এস্টিমেট-এ হলো ৭ কোটি ৫২ লক্ষ টাকা। একেবারে ২ কোটি টাকা থেকে ৫ কোটি ৫২ লক্ষ টাকা বেড়ে গেল! ১৯৫৯-৬০ সালে এস্টিমেট ধরা হয় ৫ কোটি ৮৪ লক্ষ টাকা। সেটা রিভাইজড এটিমেটে হলো ৬ কোটি ১৪ লক্ষ টাকা। আর অ্যাকচুয়াল খরচ হলো ৫ কোটি ৯২ লক্ষ টাকা। ১৯৬০-৬১ সালে বাজেট এস্টিমেট ধরা হয়েছিল ২ কোটি ৬৮ লক্ষ টাকা, সেটা রিভাইজড এস্টিমেটে হলো ৮ কোটি টাকার উপর। আর বাস্তবে খরচ করলেন তাঁরা ৭ কোটি ৫৬ লক্ষ টাকা। ১৯৬১-৬২ সালে এস্টিমেট ছিল ২ কোটি ৫৯ লক্ষ টাকা; সেটা রিভাইজড এস্টিমেটে হলো ৫ কোটি ৬৮ লক্ষ টাকা। আর বাস্তবে খরচ করলেন ৫ কোটি ৫৬ লক্ষ টাকা। ১৯৬২-৬৩ সালে বাজেট এস্টিমেট ছিল ২ কোটি ৫৫ লক্ষ টাকা সেটা রিভাইজড এস্টিমেটে হলো ৫ কোটি ৬৮ লক্ষ টাকা। এই থেকে দেখা যাবে এটা এক কোটি, আধ কোটি টাকার ব্যাপার নয়, যেটা বাজেট এস্টিমেট দেওয়া হয়, সেটা রিভাইজড এস্টিমেটে দ্বিগুণ, তিনগুণ বেড়ে যায়। বলতে পারেন প্রাকৃতিক দুর্যোগ! আমি বলতে চাই প্রাকৃতিক দুর্যোগ নয়; কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা আনতে পারতেন। গতবারের রিভাইজড বাজেট ও বাজেট এস্টিমেট যদি দেখি, তা হলে দেখতে পাব কেন্দ্রীয় সরকারের গ্রান্ট পাবেন ৩ কোটি ৩৩ লক্ষ টাকা। কিন্তু রিভাইজড এস্টিমেট যখন এলো, গভর্নমেন্টের কাছ থেকে, কেন্দ্রীয় সরকারের টাকা গ্রান্ট পাবার জায়গায় আছে নিল।। অর্থাৎ কেন্দ্রীয় সরকারকে যদি বোঝাতে পারতেন যে প্রাকৃতিক দুর্যোগের

জন্য টাকা দরকার, তা হলে পেতেন; কিন্তু সেটা তাঁরা পারেন নি, এস্টিমেট থেকে রিভাইজড-এ কোটি ছাড়িয়ে চলে গেছে। তার থেকে প্রমাণ হয় কেন্দ্রীয় সরকারের কাছে প্রমাণ করতে পারেন নি যে প্রাকৃতিক দুর্যোগ বা বিপর্যয় সাংঘাতিকভাবে হয়েছে।

আর একটা কথা--কেন্দ্রীয় সরকারের গ্র্যান্ট কথাটা আছে যেখানে, তা ৩ বছর থেকে কেন্দ্রের গ্র্যান্ট পাচ্ছেন। এক বছর আগে কি হারে তা পেতেন? কেন্দ্রের কাছ থেকে ১৯৫৮-৫৯ সালে পেয়েছেন ৪ কোটি ৭২ লক্ষ টাকা। ১৯৫৯-৬০ সালে ৫ কোটি ৭৮ লক্ষ টাকা পেয়েছেন। ১৯৬০-৬১ সালে ৬ কোটি ৪৩ লক্ষ টাকা পেয়েছেন। ১৯৬১-৬২ সালে ৩ কোটি ২৪ লক্ষ টাকা পেয়েছেন। ১৯৬২-৬৩ সালে ধরা হয়েছে ৩ কোটি ৩৩ লক্ষ টাকা। সে খাতে আমরা টাকা পাই নি।

[1-40—1-50 p.m.]

এঁরা বলছেন কেন্দ্র দিচ্ছে না। কিন্তু একটা কথা আমি আপনার মাধ্যমে ওঁদের কাছে রাখতে চাই যে, অ্যাসেম্বলীতে দাঁড়িয়ে যদি অসত্য ভাষণ না করতেন, অ্যাসেম্বলীতে দাঁড়িয়ে যদি সত্যি কথা বলতেন যে পশ্চিমবঙ্গে চিরস্থায়ী দুর্ভিক্ষ, খাদ্য সংকট রয়েছে, পশ্চিমবঙ্গের কৃষি ব্যবস্থার যে উন্নতি করা দরকার ছিল সেই উন্নতি করা সম্ভব হয় নি, পশ্চিমবঙ্গ সমস্যা সংকুল প্রদেশ, তা হলে কেন্দ্রের কাছে জোর করে দাবী পেশ করতে পারতেন। পশ্চিমবঙ্গের মানুষকে ভুল বুঝাবার জন্য, এখানে হাত তালি নেবার জন্য, এখানে বাহবা নেবার জন্য পশ্চিমবাংলার যে রঙিন চিত্র এখানে তুলে ধরেন সেই চিত্রই বঞ্চিত করেছে ওঁকে কেন্দ্রের কাছ থেকে যে ন্যায্য পাওনা সেই পাওনা আদায় করতে। তাঁর অর্থমন্ত্রী যিনি হয়েছেন, আপনার মাধ্যমে আমি তাঁকে আবেদন করবো, পশ্চিমবাংলার যে চিত্র তিনি দিয়েছেন সে চিত্র যদি অন্তর থেকে দিয়ে থাকেন, অন্তর দিয়ে যদি তাদের দুঃখ দুর্দশা তিনি অনুভব করে থাকেন, তা হলে তাঁরা জানান কেন্দ্রের কাছে যে, যে গ্র্যান্ট কেন্দ্র দিতো সে গ্র্যান্ট কেন বন্ধ করে দিয়েছে। অন্তত আমি আমাদের দলের তরফ থেকে একথা দিতে পারি সেই জায়গায় কেন্দ্রের কাছ থেকে সেই গ্র্যান্ট আদায় করবার ব্যাপারে যে ধরনের চাপ সৃষ্টি করা দরকার সেই চাপ সৃষ্টি করতে পূর্ণ সহযোগিতা তাঁদের সঙ্গে করবো। পশ্চিমবাংলার অবস্থা, কৃষকদের উনি একটা হিসাব দিয়েছেন, আমি একটি হিসাব আপনার মাধ্যমে রাখতে চাই। ৫ একর জমির কম যদি থাকে তাকে ইকনমিক হোল্ডিং বলে না। ৫ একর জমি থাকলে আমরা মনে করি যে একটা পরিবারের কোনরকমে গ্রাসাচ্ছাদন হতে পারে। আজ যে পশ্চিমবাংলার কৃষক আছে তার শতকরা ৭৫ ভাগের ৫ একর জমি নেই। অর্থাৎ শতকরা ৭৫ ভাগের যে জমি রয়েছে তা দিয়ে বাৎসরিক খোরাক তাদের হয় না। তার উপর রয়েছে ১১ লক্ষ ৬০ হাজারের মত কৃষি মজুর গ্রামে, যাদের কোন জমি নেই। আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন বেকার নেই। আমি সরকারী তথ্য থেকে তাঁর কাছে দিচ্ছি পশ্চিমবাংলায় পূর্ণ বেকারের সংখ্যা হচ্ছে ২০ লক্ষ। আর এই দুই বৎসরে আরো বেড়েছে। এটা হচ্ছে দুই বৎসর আগেকার হিসাব, গ্রামাঞ্চলে ১১ লক্ষের মত এবং সহরাঞ্চলে ৯ লক্ষের কিছু বেশী, এই হচ্ছে পশ্চিমবঙ্গের বেকারের অবস্থা। তাই পশ্চিমবঙ্গের শতকরা ৭১ ভাগ লোকের হাতে তাদের প্রয়োজনীয় জমি নেই। ১১ লক্ষের মত কৃষি মজুর, সেখানে ১১ লক্ষর মত পূর্ণ বেকার এই হচ্ছে গ্রামের অবস্থা। আনন্দবাবু ঠিক কথাই বলেছেন যে গ্রামীণ অর্থনীতি ভেঙ্গে পড়ছে। যে রঙীন ছবি গ্রাম সম্পর্কে আমাদের মুখ্যমন্ত্রী দিয়েছেন সে ছবি অসত্য ছবি। আনন্দবাবু ঠিক কথা বলেছেন যে গ্রামীণ অর্থনীতি ভেঙ্গে পড়ছে। গ্রামের মানুষ অর্ধাহারে, অনাহারে তিলে তিলে মৃত্যুর মুখে এগিয়ে যাচ্ছে। সহরাঞ্চলের দিকে যদি আমরা আসি, তা হলে দেখি, বেশী তথ্য আমি দেবো না, এটা স্বীকৃত কথা, ১৯৩৯ সালে আমাদের রিয়্যাল ওয়েজেস যা ছিল, প্রকৃত আয় যা ছিল, তার চেয়ে এখন কমে গিয়েছে, কারণ কস্ট অফ লিভিং বেড়েছে। আয় যে পরিমাণে বেড়েছে তার তুলনায় জীবন ধারনের মানের যে খরচ সেই খরচ তার চেয়ে বেড়েছে। তাই রয়্যাল ওয়েজেস আমাদের কমে গিয়েছে। আর এ বৎসর, এ বৎসর ত দারুন সংকটের বৎসর। চাল কম হয়েছে, তার উপর ২৭৫ কোটি টাকা কেন্দ্রীয় ট্যাক্স আমাদের ঘাড়ে পড়বে যার মধ্যে ১৬৪ কোটি টাকা ইন্ডাইরেক্ট ট্যাক্স। তার উপরে পশ্চিমবঙ্গ সরকার সাড়ে তিন কোটি টাকার মত ট্যাক্স অলরেডি বসিয়ে দিয়েছেন এবং তার পরে আরো ট্যাক্স তাঁরা বসাবেন।

Visitors' conduct in the galleries

শ্রীকমলকান্তি গুহ: স্যার, ভিজিটার্স গ্যালারি থেকে কয়েকজন লোক তাঁরা দাঁড়িয়ে খগেনবাবুর দিকে হাত দিয়ে দেখিয়ে কথাবার্তা বলছেন। আমি মনে করি যে এতে আমাদের হাউসের প্রিভিলেজ নষ্ট হচ্ছে। এবং আমার মনে হয় তারা আই বি-র লোক।

মিঃ ডেপুটি স্পীকার: আমি সেক্রেটারীকে বলে দিচ্ছি এবং আই উইল সি টু ইট। সেক্রেটারী দেখে আমাকে রিপোর্ট করবেন।

Shri Nikhil Das:

ডেপুটি স্পীকার স্যার, আমি যেকথা বলছিলাম, সেটা সহরাঞ্চলের কথা কস্ট অফ লিভিং ইনডেক্স বেড়েছে। যে ট্যাক্স কেন্দ্র থেকে আমাদের ঘাড়ে চাপাচ্ছেন সেই ট্যাক্স পশ্চিমবঙ্গ সরকার আমাদের ঘাড়ে আগেই চাপাচ্ছেন এবং পশ্চিম বাংলার মানুষের জীবন দুর্বিসহ করে তুলছেন। একটি মধ্যবিত্ত পরিবারের কথা চিন্তা করুন, নীচের স্তরের লোকের কথা চিন্তা করুন—৩০০ থেকে ৪০০ টাকার সেই মধ্যবিত্ত পরিবারের কি অবস্থা। কোথা থেকেও খরচ কমাবার জায়গা নেই, বাড়ি ভাড়া বেড়েছে, স্কুলের মাইনে বেড়েছে, জামাকাপড় প্রভৃতির দাম বেড়ে যাচ্ছে। কমাতে হবে তাদের একটি জায়গা থেকে, সে হচ্ছে খাওয়ার জায়গা থেকে - মাসে দুই দিন মাত্র মাছ খায় সেটা বন্ধ করতে হবে। এই চিত্র হচ্ছে পশ্চিমবঙ্গের বাস্তব অবস্থা। একে অস্বীকার করলে বাস্তব অবস্থা অস্বীকার করা হবে। কেন্দ্রীয় পরিকল্পনা কমিশন বলেছেন দুঃখের সংগে বলেছেন আমাদের যে ধরনের উন্নতি হওয়া উচিত ছিল তা হয় নি, তারা বলছেন আজও দেশের শতকরা তিন ভাগের দুই ভাগ লোক দুই বেলা দুই মুঠো ভাত পেট ভরে খেতে পায় না এটা আমাদের কথা নয়। আর এখানে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী দৃপ্তকণ্ঠে বলে যান পশ্চিমবঙ্গে দুঃখ নেই, কষ্ট নেই, বেকার নেই, পশ্চিমবাংলার উন্নতির সোপান ক্রমশ স্বর্গের দিকে চলে যাচ্ছে। উন্নতি হয়েছে ঠিকই হয়েছে একদিকে সংহত হয়েছে। বিটিশ আমলে এক ডজন মন্ত্রী ছিল এখন তিন ডজন হয়েছে, কিছু লোককে নিশ্চয়ই তারা ত্রাণ করেছেন। বিটিশ আমলে আমরা পরাধীন ছিলাম, জনসংযোগ তখন প্রয়োজন ছিল না, এখন যারা মন্ত্রী তাদের জনসংযোগ রক্ষা করতে হচ্ছে। সুতরাং উন্নতি হচ্ছে না যারা বলে তারা দুর্মুখ দুষ্টু লোক। আজ পশ্চিমবাংলার পিতা সন্তানকে খেতে দিতে না পেরে দুঃখের জ্বালায় সন্তানকে ফুটপাতে আছড়ে মারে, ভাইবোনকে খেতে দিতে না পেরে টুটি চেপে হত্যা করে। ওরা বলতে পারেন - মায়া। স্যার, এই মন্ত্রীমণ্ডলীর মধ্যে এমন মায়া বাস করছে যে সকলের চোখেই অঞ্জন লেগেছে। যখন বিরোধীপক্ষ সত্য কথা বলেন, তখন ওরা তাকে 'মায়া' বলে উড়িয়ে দেন। একটি কথা বলব এই দুঃখী পশ্চিমবঙ্গ, এই যে ক্ষুধার্ত পশ্চিমবঙ্গের ক্ষুধার্ত মানুষ তাদের কাছে এদের জনদরদীর সাজ আজ খুলে পড়েছে। মুখ্যমন্ত্রী যখন প্রথম মুখ্যমন্ত্রী হলেন, তখন আম দরবার খুলেছিলেন, সেটা এখন রাইটার্স বিল্ডিংস-এর তিন তলায় উঠেছে, আজকে তার আসল চেহারা বেড়িয়ে গিয়েছে যে মুখ্যমন্ত্রীকে পশ্চিমবাংলার মানুষ দুর্ভিক্ষমন্ত্রী বলে আখ্যা দিয়েছিল, আজ তাঁর খাঁটি চেহারা বেরিয়ে পড়েছে। কিন্তু ক্ষুধার্ত মানুষ চিরকাল ক্ষমা করে না মানুষের খাদ্য নিয়ে বেশীদিন খেলা করা যায় না—ইতিহাস তার বিপরীত ইঙ্গিত করছে। এরা যদি তাই করে যান ইতিহাস তার যে গতি, সেই পথে এগিয়ে যাবে।

Visitors' Conduct in the Galleries

Mr. Deputy Speaker: As regards the matter referred to by Shri Kamal Kanti Guha, I may inform the member that it will not be repeated.

Shri Kamal Kanti Guha:

স্যার, আপনি বলুন ব্যাপারটা কি।

Mr. Deputy Speaker:

লোক পোস্ট করে দিয়েছি যাতে এরকম না হয়।

Shri Kamal Kanti Guha:

জিনিসটা অত্যন্ত আপত্তিকর।

Mr. Deputy Speaker:

আমি ওয়ার্নিং দিয়ে দিয়েছি

It will not be repeated.

[1-50—2 p.m.]

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি অত্যন্ত দুঃখের সহিত বলছি যে, মাননীয়া দুর্ভিক্ষ মন্ত্রিমহাশয়া আজ আমাদের সামনে দুর্ভিক্ষ খাতে টাকা ব্যয়বরাদ্দের যে দাবী পেশ করেছেন আমি নীতিগত ভাবে তা সমর্থন করতে পারছি না। আমি তাঁকে দুর্ভিক্ষ মন্ত্রী বলছি এই কারণে যে বাংলাদেশে দুর্ভিক্ষ যেন বাসা বেঁধেছে, কাজেই তাঁকে দুর্ভিক্ষ বলা ছাড়া আর কোন উপায় নাই। দুর্ভিক্ষকে যেন এরা চিরস্থায়ী জমিদারির একটা পাট্টা দিয়েছেন। আমি এই কথা বলতে চাই বাংলাদেশের জনসাধারণ চায় না যে দুর্ভিক্ষ এখানে চিরস্থায়ী জমিদারী চালাক, এর জন্য আমি প্রতিবাদ করছি। এরা যে এখানে দুর্ভিক্ষ স্থায়ী করতে চান এর প্রমাণ এখানে অনেকে দিয়েছেন, আমিও সে কথার উল্লেখ করতে চাই। এঁরা দুর্ভিক্ষের পদধ্বনি শুনতে পান না। আমি বলি রাইটার্স বিল্ডিং-এ ডোলি পদধ্বনি শুনতে পাওয়া যায় সেটা তারা অস্বীকার করতে চান কি করে, কারণ সেটা তাদের খরচা থেকে প্রমাণ করা যেতে পারে। ১৯৫৮-৫৯ সালে ৭ কোটি ২৪ লক্ষ ৩১ হাজার টাকা খরচ করেছিলেন। ১৯৫৯-৬০ সালে ৫ কোটি ৯২ লক্ষ ৩ হাজার টাকা খরচ করেছিলেন। ১৯৬০-৬১ সালে ৭ কোটি ৫৬ লক্ষ ২৬ হাজার টাকা খরচ করেছিলেন। ১৯৬১-৬২ সালে ৫ কোটি ৬৮ লক্ষ ৭৭ হাজার টাকা খরচ করেছিলেন। ১৯৬২-৬৩ সালে ৫ কোটি ১৯ লক্ষ ৭৮ হাজার টাকা খরচা করেছিলেন। আর ১৯৬৩-৬৪ সালে ২ কোটি ৭৬ লক্ষ ৭৯ হাজার টাকার ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন। কাজেই এখানে দুর্ভিক্ষ নাই এবং দুর্ভিক্ষের পদধ্বনি শুনতে পাওয়া যাচ্ছে না এইসব কথা বলতে তাদের লজ্জা পাওয়া উচিত। তারপর আরেকটি কথা শুনতে পেলাম যে মাননীয়া মন্ত্রিমহাশয়া বললেন যে, বন্যা, অতিবৃষ্টি, অনাবৃষ্টি এর জন্য দায়ী, অর্থাৎ সবই ভগবানই দায়ী। আমি বলি তা হলে কোটি কোটি টাকা আপনারা নেবেন কেন? আর বাংলাদেশের লোকেই বা ওদের হাতে কোটি কোটি টাকা দেবেন কেন। এরা যদি অকর্মণ্য হন, অপদার্থ হন, আর সবই যদি আমাদের প্রকৃতির উপর নির্ভর করতে হয়, আর ভগবানের উপর নির্ভর করতে হয়, তা হলে ওরা কোটি কোটি টাকা নেবেন কেন? সেজন্য আমি মনে করি আজ বাংলাদেশে দুর্ভিক্ষ চিরস্থায়ী বাসা বেঁধেছে, তার জন্য দায়ী হচ্ছে এই সরকারের অপদার্থতা দায়িত্বজ্ঞানহীনতা অক্ষমতা এবং আত্মতুষ্টির মনোভাব। এর জন্য আজ বাংলাদেশ সর্বনাশের দিকে যাচ্ছে। এবং আমি মনে করি এর জন্য সবচেয়ে দায়ী হচ্ছে আমাদের কৃষিবিভাগ এবং সেচবিভাগ। অথচ আমরা সেচবিভাগের কাছ থেকে অনেক বড় বড় কথা শুনলাম। বার বার তিনি আমাদের অনেক সুন্দর সুন্দর কথা শুনান যে ময়ূরাক্ষী, দামোদর পরিকল্পনা এবং কংসাবতী পরিকল্পনা ইত্যাদি আরও অনেক পরিকল্পনা আমরা করছি। কিন্তু আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই এই দামোদর পরিকল্পনা যখন শেষ হল এই কয়েকবছর আগেকার কথা, ৮-৯টি জেলা ভেসে গেল। একথা তিনি স্বীকার করবেন না, বলবেন ওতো ভগবানের দোষ। ময়ূরাক্ষী পরিকল্পনা হওয়া সত্ত্বেও দেখবেন সব জায়গায় বছর বছর বন্যা হচ্ছে, ওরা অবশ্য বলবেন সব ভগবানের দোষ। আমরা দেখছি এমন কোন বছর নেই বন্যা হচ্ছে না, এমন কোন বছর নেই অনাবৃষ্টির বা অতিবৃষ্টির জন্য আমাদের ফসল উৎপাদন কমে যাচ্ছে না। আমি বলি তাই যদি হয়, তা হলে এর জন্য ব্যয় বরাদ্দের কি প্রয়োজন আছে? আরও দেখবেন মাননীয় স্পীকার মহাশয় সব নদীগুলি মজে যাচ্ছে, খাল-বিলগুলি শুকিয়ে যাচ্ছে সংস্কারের কোন ব্যবস্থা নেই। এবং আমাদের প্রধান জল নির্গমণের পথ গঙ্গা একেবারে মজে যাচ্ছে। তার শাখা নদী উপনদী সব একেবারে নষ্ট হয়ে যাচ্ছে। কিন্তু আমরা জানি না ফারাক্কা বাঁধ বাধা হবে কিনা, তবে শুনছি যে হবে। যেসমস্ত বন্যা নিবারণের প্রধান প্রধান পথ সেগুলি যদি সংস্কার করা না হয়, তার দিকে যদি গুরুত্ব দেওয়া না হয়, তা হলে বন্যা তো হবেই। এবং এই কাজই হচ্ছে

সরকারের, শুধু ভগবানের দোষ দিলেই তো কাজ চলবে না। অতএব আমি মনে করি বন্যা নিয়ন্ত্রণের জন্য যেটা করা উচিত ছিল সরকার তার উপর গুরুত্ব দেন নি। শুধু আমাদের এখানে এসে বড় বড় কথা বলছেন। কৃষিবিভাগ কিরকম খাদ্য উৎপাদন বাড়িয়েছেন তা দেখুন আর অন্যান্য প্রদেশে কিরকম খাদ্য উৎপাদন বেড়েছে। আমি কয়েকটি প্রদেশের খাদ্য উৎপাদনের হিসাব দেখাচ্ছি। অন্ধ্রতে ১৯৫৯-৬০ সাল থেকে আরম্ভ করে ১৯৬০-৬১ সাল পর্যন্ত ৬৭ ভাগ উৎপাদন বাড়িয়েছে। কেরালা বাড়িয়েছে ৪৩ ভাগ আর মাদ্রাজ বাড়িয়েছে ১০২ ভাগ। আর আসাম বাড়িয়েছে ১৫ ভাগ আর উড়িষ্যা বাড়িয়েছে ৬ ভাগ। আর সেখানে পশ্চিমবঙ্গ বাড়িয়েছে মাত্র ১·১ ভাগ।

এই উৎকৃষ্ট কাজের জন্য কি পুরস্কার দেওয়া যাবে সেটা আমরা জানি না। আজকে আমরা দেখতে পাচ্ছি তাঁরা বলছেন, এ বছর ৪৬ লক্ষ টন পাবেন, ১৯৬০-৬১ সালে ৫৩ লক্ষ ৪০ হাজার, ১৯৬১-৬২ এবং ১৯৬২-৬৩ সালে ৪৭ লক্ষ ২৩ হাজার টন তাঁরা পেয়েছেন। ৪ লক্ষ টন এই যে ঘাটতি, সেটা আমরা বিশ্বাস করি না। ও'দের রিপোর্ট যে কতখানি কাল্পনিক তা জানি না। ১৯৫৯ সালে ও'রা বলেছিলেন খাদ্যের অভাব হবে ৫ লক্ষ টন, তাঁরা আবার বললেন ৭ লক্ষ টন, তারপর বললেন ৯ লক্ষ টন, তারপর বললেন ১১ লক্ষ টন, এবং তার কয়েকদিন পরে আবার বললেন ১৫ লক্ষ টন। ও'দের কোন স্ট্যাটিসটিক্স ঠিক সেটা জানি না। আমি যে অঞ্চলে থাকি সেই রামনগর থানায় অত্যন্ত ঘাটতি। সেখানে ১০।১৫ সের ফলন হয়েছে। লোকে পৌষ মাসে সেখানে খেতে পায় না, সেখানকার ক্রপ কাটিং-এর রিপোর্টে দেখছি ৩½ মণ মিনিমাম এবং ম্যাক্সিমাম ২০ মণ। অথচ ১০।১৫ সেরের বেশী ক্রপ কাটিং কোথায় হয় নি। আমার সময় কম তবুও একটা গল্প শুনিয়ে দিই। ব্রিটিশ আমলে গাধা গোনার একটা গল্প আছে। ব্রিটিশ আমলে এক ম্যাজিস্ট্রেট-এর কাছে খবর গেল যে কালকে ২৪ ঘণ্টার মধ্যে সেই জেলার মধ্যে কতগুলি গাধা আছে গুনে দিতে হবে। সেখানকার বড় বড় বাবু যাঁরা ছিলেন, তাঁদের বললেন ২৪ ঘণ্টার মধ্যে সারা জেলার গাধা কি করে গুনব, তাঁরা বললেন যে কোন চিন্তা নেই, সব ঠিক হয়ে যাবে অনেক লোকজন আছে। তারপর দিন ঠিক ৪টার সময় তিনি তৈরি করে নিয়ে গেলেন—গাধা, মনে নেই, সংখ্যা ৫০০।৭০০ একটা লিখে নিয়ে গেলেন। ডি এম বুঝতে পারলেন যে মিথ্যা কথা বলছে। তিনি বললেন যে, অ্যাড টু মোর, অর্থাৎ তুমি একজন আর আমি একজন যোগ করে নাও। ঠিক সেরকম ধরনের ও'দের খেজুর গাছ গোনা, সেই গাধা গোনার মত হিসাব আমাদের পশ্চিমবঙ্গ সরকার এখনও ছাড়তে পারেন নি এবং এইরকমভাবে সমস্ত জায়গায় দেখবেন যে ঐভাবে স্ট্যাটিসটিক্স তৈরি হয়। ৪৩ লক্ষ টন, কিন্তু আসলে দেখবেন আরও ১৫ লক্ষ টন ওর সঙ্গে অ্যাড করতে হবে। কাজেই বাংলাদেশের যে সাংঘাতিক অবস্থা সেটা বুঝতে পারছেন। মুখ্যমন্ত্রী সেদিন বলেছিলেন যে কোন চিন্তা নেই, আমরা উড়িষ্যা থেকে ৩-৪ লক্ষ টন ধান আনব, সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে আনব। দ্বিতীয় তিনি বললেন যে ধান-চালের দাম এমন বাড়ে নি যার জন্য আশঙ্কার কারণ আছে, চালের দর ২৫·৪০ নঃ পঃ। স্যার, আপনি বাজারে যান কোথাও ২৫·৪০ নঃ পঃ দরে চাল পাবেন না, আজকে ৩০।৩২ টাকার কমে চাল পাওয়া যায় না এবং পাড়াগাঁয়ে ২৮ টাকা থেকে ৩২ টাকা চালের দর। কিন্তু উনি দেখিয়েছেন যে ২৫ টাকা করে চাল এখনও পাওয়া যাচ্ছে। এইসব তাঁর রিপোর্ট। এই হল অবস্থা। অর্থাৎ সত্যকে গোপন করবার কি একটা অপচেষ্টা যে চলছে সেটা আপনি নিজে বুঝতে পারবেন। তারপর আমাদের খাদ্যমন্ত্রী বললেন যে কোন চিন্তা নেই, কোন অভাব হবে না, কারণ আমরা উড়িষ্যা থেকে সব ধান চাল আনছি। কত আনলেন জিজ্ঞাসা করাতে তিনি বললেন ২২ হাজার ৯৯১ টন। এখন বলবার সময় যেন বললেন মণ। যাই হোক এখানে রিপোর্টে দেখছি টন, উনি বললেন মণ, কাজেই খাদ্যমন্ত্রী ভাল ভাবে বলুন যে তিনি টন বললেন না মণ বললেন। তিনি আর একটা কথা বলেছিলেন যে ৭ হাজার ৭৮ টন ধান আনা হয়েছে। কিন্তু তাঁকে যখন জিজ্ঞাসা করা হল যে আপনি আনলেন কি করে যে এতো ব্যবসায়ীরা আনছে, কারণ বলছেন যে ব্যবসায়ীদের এত লাইসেন্স দেওয়া হয় নি? কিন্তু ব্যবসায়ীরা মজুত করল কিনা, সেটা কিভাবে এনেছে, কিভাবে বিক্রি করছে জিজ্ঞাসা করতে বললেন—তা জানি না। কিন্তু কত হাজার টন এই হচ্ছে কথা। এই অবস্থায় উড়িষ্যা থেকে কি করে ধান-চাল আনবেন? আমরা বলছি যে ধান-চাল সরকার আনুন। খাদ্য অর্জন করে যদি তাঁরা ধান আনতেন তা হলে ঠিকভাবে ধান বিতরণ হোত। কিন্তু আমরা খবর

পেয়েছি ধান পাকিস্তানে চলে যাচ্ছে, ওখানে চোরাকারবারী হচ্ছে, মজুতদাররা মজুত করে রেখে দিয়েছে, মিল মালিকরা মুনাফা করবার জন্য তারা মজুত করে রেখেছে। কাজেই সরকারের যদি এই অব্যবস্থা হয়, তা হলে দুর্ভিক্ষ নিশ্চিত এবং ১৩৫০ সালের মন্বন্তর যে আবার হবে না এটা কে গ্যারান্টি দিয়ে বলতে পারে।

[2—2-10 p.m.]

তারপর আপনার কাছে আমি আর একটা নিবেদন করি। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে আয় বেড়ে গেছে কোন ভয়ের কারণ নেই। ১৪ টাকা ১৫ টাকা বাৎসরিক আয় বেড়েছে, সাধারণ মানুষ সেখানে ৩০ টাকা কেন বহু টাকা দরে চাল কেনার ক্ষমতা আছে। তিনি তো বলে দিয়ে গেলেন যে সাইকেল কিনছে, লোক রেডিও কিনছে, সিমেন্ট কিনছে, করগেট কিনছে। কাজেই আয় নিশ্চয়ই বেড়ে গেছে - কিন্তু তিনি বল্লেন না যে কত পারসেন্ট বেড়েছে। যেখানে লক্ষ লক্ষ লোক বেকার, লক্ষ লক্ষ মানুষ চাল কিনতে পাবে না, হাতে পয়সা নেই। সেখানে দিনের পর দিন অনাহারে, অর্ধাহারে লোক থাকে -এতে কি করে রাজ্য চালাবেন তা আমি বুঝতে পারি না। আমি আপনাদের কাছে শেষ নিবেদন করছি যে এইসব বিভিন্ন জায়গায় বিশেষ করে আমাদের অঞ্চলে দেখছি যে টেস্ট রিলিফের কাজ শুরু হয়েছে, কিন্তু কোন স্টাফ বা সুপারভাইজার নেই— কাজ করার লোক নেই। ১ টাকা করে মজুরী দেন ১ সের করে গম, আধ সের করে চাল দেন, তাও আবার দিতে পারেন না এবং সেখানে চালের মধ্যে বালি, কাঁকর এত থাকে যে মানুষ খেতে পারে না। এবার গমের ব্যাপারে শুনছি নাকি ১ সের করে বরাদ্দ হয়েছে, তাও তো তাঁরা দিতে পারেন না। আজকে যদি মানুষকে বাঁচাতে হয়, তাদেরকে যদি খাদ্য দিতে হয় এবং তা যদি ভালভাবে ব্যবস্থা করতে না পারা যায়, তা হলে আমার মনে হয় বিপদ এতো আসন্ন যে তাকে ঠেকানো যাবে না। সেজন্য আমি আপনার মাধ্যমে গভর্নমেন্টকে নিবেদন করছি বিশেষ করে আমাদের দুর্ভিক্ষ মন্ত্রীকে নিবেদন করছি যে যাতে মানুষ পেট ভরে খেতে পায় তার ব্যবস্থা করুন।

Shri Girish Mahato:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দেশে কোথাও দুর্ভিক্ষ হলে সরকারের উপর দায়িত্ব আসে। এক আইনগত দায়িত্ব আর এক মানবতার দিক থেকে দায়িত্ব। দুর্ভিক্ষের অবস্থা হলে সরকার আইনগতভাবে ব্যবস্থা করতে বাধ্য ; আর মানবিকতার বোধ থাকলে আর্ত মানুষের সেবায় সাধ্যমত চেষ্টা করতে মানুষ বাধ্য হয়। কিন্তু যদি দুর্ভিক্ষের ভয়াবহ অবস্থাকে সরকার বিশেষ উদ্দেশ্যে অস্বীকার করেন, তা হলে আইনগত প্রত্যেক লোকের সরকার ফাঁকি দিতে পারেন। এবং জনগণের তাতে প্রভূত দুর্গতি ঘটে। যেখানে মানুষের মর্মান্তিক দুঃখে অস্বীকার করবার মত হৃদয়হীন সরকারী আচরণ হতে পারে, সেখানে মানবিকতার বোধে সরকারী দায়িত্বের কোন কথাই উঠতে পারে না। আজ স্বয়ং বিধাতাপুরুষের সার্টিফিকেট থাকলেও পুরুলিয়া জেলায় দুর্ভিক্ষ এই সত্যকে কেউ চাপা দিতে পারবে না। মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন পশ্চিমবঙ্গে কোথাও দুর্ভিক্ষ হয় নি। আমি দৃঢ়তার সঙ্গে দাবী করছি যে পুঞ্চা, হুড়ো ও মানবাজার এই তিনটি বিরাট অঞ্চলে ভয়াবহ দুর্ভিক্ষ দেখা দিয়েছে। ঐ অঞ্চলগুলিতে হাজার হাজার মানুষের এক মুঠো ধান হয় নি তাদের ঘরে সঞ্চিত কোন খাদ্যশস্যও ছিল না, এখনও নেই, তাদের অধিকাংশ ব্যক্তি কপর্দকহীন এবং তাদের নিজ গ্রামে বা আশেপাশে জীবিকার জন্য কোন কাজ পাবার উপায় নেই, সহস্র সহস্র লোক এই যে অন্নহীন, পুঁজিহীন, কর্মহীন, উপায়হীন অবস্থায়—এই অবস্থাকে ভাষণের ভিত্তিতে দুর্ভিক্ষ বলা না যায় তবে আমি দৃঢ়তার সঙ্গে বলতে পারি এই সংজ্ঞা ইংরাজ আমলের চেয়েও কদর্য। মুখ্যমন্ত্রী বলেছেন স্বরাজ জীবনে পশ্চিমবাংলায় অনাহারে কোথাও মৃত্যু ঘটে নি। আমি দৃঢ়তার সঙ্গে একথা ঘোষণা করছি যে মুখ্যমন্ত্রীর এই দাবীও সম্পূর্ণ ভিত্তিহীন। এটা আমরা প্রমাণ করেছি এবং আজও প্রমাণ করবার দায়িত্ব নিয়ে ঘোষণা করছি যে আমাদের জেলায় স্বরাজ জীবনে হুড়া, পুঞ্চা, মানবাজার আরও অন্যান্য জায়গয় সম্পূর্ণ অনাহারে বহু মানুষের মৃত্যু ঘটেছে।

পশ্চিমবঙ্গ সরকার বহু দুঃখজনক চক্রান্তকে চাপা দেবার প্রয়াস করে সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। এই সত্য প্রমাণের সাক্ষী জেলার হাজার হাজার লোক রয়েছে এবং এই কয়েকদিন হলো পুঞ্চা

থানার পুঞ্চা গ্রামে বহু লোকের অনাহারে মৃত্যু হয়েছে, আমাদের কথা সত্য হয়েছে। অবিলম্বে এই ঘটনার সরকারী তদন্ত হওয়া প্রয়োজন এবং ঘটনা সত্য বলে সরকারীভাবে প্রমাণিত হলে অবিলম্বে দুর্ভিক্ষ প্রতিরোধে উপযুক্ত ব্যবস্থার সঙ্গে এই জরুরী অবস্থায় উপযুক্ত ব্যবস্থা প্রয়োজন। এ পর্যন্ত সরকার আমাদের জেলার দুর্ভিক্ষকে অস্বীকার করে যেমন গুরুতর অপরাধজনক কাজ করেছেন, তেমনি এই সরকার এই জেলার ভয়াবহ অবস্থার প্রতিকার কল্পে কিছুই করেন নাই। এ কথাও বলা যেতে পারে যে উপেক্ষা ও উদাসীনতার সঙ্গে পরিকল্পনাহীন-ভাবে যেটুকু রিলিফ ব্যবস্থা সরকার করেছেন, তা যেমন অকিঞ্চিৎকর, তেমনি বিশৃংখলভাবে হয়েছে। পুঞ্চা ছাড়া, মানবাজার প্রভৃতি স্থানে এই ভয়াবহ অবস্থা থাকা সত্ত্বেও এইসব অঞ্চলে সরকার পুরাতন লোন আদায়ের জন্য সার্টিফিকেট জারী ও জুলুম আরম্ভ করেছেন। পুলিসও লোন আদায়ের জন্য ক্রোকের তোড়জোড় চালাচ্ছে, খাজনা, ট্যাক্স প্রভৃতি আদায়ের ব্যবস্থারও কসুর করেন নাই। এর উপর আবার দুর্ভিক্ষপীড়িত অঞ্চলের অধিবাসীদের কাছ থেকে কৃষি আয়কর আদায়ের জন্য পূর্ণ উৎসাহে কাজ চলেছে। এতেও সরকার সন্তুষ্ট নন। এই দুর্ভিক্ষপীড়িত অঞ্চলে আবার এই জরুরী পরিস্থিতির মধ্যে জমি সেটেলমেন্ট ও জরীপ শুরু হয়ে গেছে। সরকারী অযোগ্যতার ফলে সাধারণ লোক কাজ ও আহার না পেয়ে হাজারে হাজারে, কাতারে কাতারে জেলার বাইরে চলে গেছে। এই অবস্থায় জরীপের কাজ চললে বহু লোকের স্বার্থ বিপন্ন হবে। কারণ, জরীপে বহু দুর্নীতি চলেছে। বহু লোকের অনুপস্থিতির সুযোগ নিয়ে অর্থবান বিবেকহীন লোকেরা ব্যাপকভাবে গরীবের জমি অধিকার করবে। সংবাদপত্রে প্রকাশিত হয়েছে—গত দু-মাস পুঞ্চা ও মানবাজারে ৩ লক্ষ টাকার রিলিফ দেওয়া হয়েছে। হুড়া ও পুঞ্চার জনসাধারণের কাছ থেকে সংবাদ পেলাম গত দু-মাসে এই থানাগুলোতে মাত্র কয়েকশত টাকার রিলিফের কাজ করা হয়েছে ; আর এখন সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে যে জেলায় কাজ দিলেও লোকে বাইরে খাটতে চলে যাচ্ছে। এই দাবী সম্পূর্ণ ভিত্তিহীন। কারণ মানুষ কোনরকমে বাঁচবার উপায় পেলে ঘর ছেড়ে বাইরে চলে যেতে রাজী হয় না। সেই মানুষ গ্রামে ও জেলায় কাজ না পেয়ে কত দুঃখে যে গরু, ছাগল বিক্রি করে পাথের জোগাড় করে জেলার বাইরে ভাগ্য পরীক্ষায় অগ্রসর হয়েছে, তা তার অন্তরাত্মা আর বিধাতা পুরুষই জানেন। তাদের সম্মিলিত হাহাকার এখানকার সরকারী শাসনের পাষাণ ভেদ করতে পারবে কিনা তা সেই বিধাতা পুরুষই জানেন।

এই হাউসের মধ্যে মন্ত্রীমহাশয় যা বলেছেন, তাতে সন্দেহ হচ্ছে আমাদের যে এই সরকার জন-গণের জাতীয় সরকার না স্বৈরাচারী সরকার? তা হলে আবার আপনার সামনে দু-একটি কথা বলি। এই রিলিফ মন্ত্রী আমাদের দুর্ভিক্ষ অঞ্চল দেখবার জন্য মানবাজারে গিয়েছিলেন; যেখানে আমাদের খবর দেওয়া হয় নাই। যদিও আমি সেখানে জনগণের চাহিদার জন্য উপস্থিত হয়েছিলাম। সেই মিটিংএ উপস্থিত ছিলেন জনকয়েক কংগ্রেস কর্মী, আর অঞ্চল প্রধান। সেখানে আমরা জানলাম এই গত ইলেকশনের সময়, মন্ত্রিমহোদয়া বলেছিলেন যে আমরা নাকি বামপন্থীরা সহ-যোগিতা করতে রাজী নই। আমরা সেই সহযোগিতার উদ্দেশ্য নিয়ে তাঁকে জিজ্ঞাসা করেছিলাম যে আমাদের মানবাজার অঞ্চলে এই যে দুর্ভিক্ষ, এর রিলিফের কাজের জন্য একটি কমিটি রয়েছে, এই কমিটির আজ পর্যন্ত কোন মিটিং হয় নাই এবং রিলিফ কাজেরও কোন সহায়তা করেন নাই। এই হাউসে তিনি বলে গেছেন যে এম এল এ ছাড়াও আর একজন এই অঞ্চলের রিলিফ কমিটির মেম্বার হতে পারেন। আমি এ সম্বন্ধে জিজ্ঞাসা করেছিলাম সন্তোষজনক উত্তর দেবার জন্য। কিন্তু তিনি আমার বিচারটা না করে এড়িয়ে গেলেন।

তারপর তাঁকে আমি মধ্যবিত্ত লোনের জন্য বলেছিলাম। কিন্তু যে মানুষ আজ কাজ করতে পারবে না এবং সরকারের কাছ থেকে জি আর-ও নিতে পারবেন না, তার জন্য আমরা দাবী করলাম লোনের। তিনি আশ্বাস দিয়ে গেলেন। কিন্তু আজ পর্যন্ত তার কোন সুরাহা হল না। এতে বোঝা যাচ্ছে, যে রিলিফ কমিটি আজ পর্যন্ত হয়েছে, তাতে মনে হচ্ছে দুর্নীতি চলেছে এবং মন্ত্রীরাও সেই দুর্নীতিতে জড়িত আছেন, দুর্নীতি প্রশ্রয় দিচ্ছেন। একথা আমি বলতে আজ বাধ্য হচ্ছি, তাদের কার্যকলাপ দেখে-শুনে।

দ্বিতীয়ত, মন্ত্রীমহাশয়ের কথার কোন মূল্য আছে কিনা তাতে আমাদের সন্দেহ আছে। তিনি লিখিতভাবে জানিয়েছিলেন যে জানুয়ারীর মধ্যে টেস্ট রিলিফের কাজ মানবাজার এবং পুঞ্চাতে আরম্ভ হবে। আমরা দেখলাম আজ পর্যন্ত সেখানে কাজ আরম্ভ হয় নি। তৃতীয়ত, আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে আমাদের দেশে দুর্ভিক্ষ হয় নি এবং লোক মারা যায় নি। আমি তাঁকে এই হাউসের মধ্যে চ্যালেঞ্জ করছি এই হুড়ায় যে উপ-নির্বাচন হচ্ছে, তাঁর যদি হিম্মৎ থাকে, বুকে শক্তি থাকে, তিনি জনসভা করে সেখানে বলুন যে দুর্ভিক্ষ হয় নি, লোক না খেয়ে মরে নি। আমি তাঁকে আবার চ্যালেঞ্জ করছি, হুড়ার প্রধান প্রধান গ্রাম পুঞ্চা, সেখানে ৭ই জানুয়ারি একজন না খেতে পেয়ে মারা গিয়েছে। সেখানে জনসভা করে তিনি বলুন যে লোক না খেতে পেয়ে মারা গিয়েছে সেটা মিথ্যা এবং হুড়া ও পুঞ্চাতে কোন দুর্ভিক্ষ হয় নি। জনসভায় একথা বলার তাঁর সাহস হবে না।

[2-10—2-20 p.m.]

Shri Bejoy Kumar Banerjee: Mr. Deputy Speaker, Sir, to-day we are discussing the budget grant under the head "Famine Relief". Sir, it was the special privilege of the Hon'ble Shri P. C. Sen, our respected Chief Minister, to move this grant. Crores and crores of rupees were allotted and sanctioned by this House under this budget head, and to-day for the first time, after spending crores of rupees, the Hon'ble Minister for Rehabilitation has been called on to move the grant. Sir, it is imperative and it is necessary that such a grant should always be there. The Hon'ble Shri P. C. Sen expressed the hope that he should be spared to move the grant in this House any more he wanted to see a picture, a rosy picture of this State where people would be more self-reliant and not dependant on others for anything. But that hope and expectation have failed. Our State still continues to be a deficit State in the matter of food production. We have spent crores and crores of rupees for important schemes and plans and all that. My friends on the opposite and even the Hon'ble Minister who moved this grant said that they have done something after the implementation of these schemes and plans and there has been some percentage of increase in the production and food supply. Sir, this fundamental question remains even to-day, the solution of which has not yet been made.

Then what about D.V.C.? For the operation and for the reconstruction of D.V.C. we have spent crores and crores of rupees but it could not prevent flood for which it was constructed. After its construction, only some years back we saw the worst flood in the history of our country. About irrigation it has got to be said what percentage of land has up till now been irrigated and what percentage has not yet been irrigated. Sir, we know that some good is always being done when crores of rupees are spent, but the country and the people have got a right to know whether they have got the comparative benefits against the moneys that have been spent. Sir, I challenge that if any non-official member, experts or independent members are invited to go and inspect the various schemes—they should be given the total amount that we have spent for the schemes and the consequent benefits we are getting—their findings will be that these are wastful expenditures on various schemes, admitted even by the Audit Report of the Government.

Sir, if this state of things continue for every year, I am sorry to say that in spite of whatever is stated by the other side, this State will never be self-sufficient even after Five-Year Plans are completed. Sir, we know the condition of cultivators, the Bhag Chasis in West Bengal and most of them are on starvation diet. Even today there is no sign of

improvement of their condition though we hear in this House that we are marching on the road to development and progress. Sir, what is the state of affairs outside this House? The price of every commodity has been increased due to increase of taxation resulting in hitting hard the common people. It seems the State is going to reduce the whole population to beggars *excepting 10 or 15 per cent of men in whose hands all the wealth of India is concentrated, excepting them, the* whole population of West Bengal, the common middle-class people will be reduced to beggars as a result of this economic policy followed by this Government. Sir, even today you know, as everybody knows, if the Government has got a human heart, why should they allow these babies, these children, these men to live in hovels in and around Sealdah, living in conditions where cattle is taken for slaughter? Cannot they get better house than those in which they are living at present? They have got the right as citizens of free India. What have we done for them? Nothing. Some shelter should be provided for them, no matter the money.

I appeal to the Hon'ble Minister that if they cannot cover these dens, they should not be allowed to be seen by strange persons and foreigners who come here everyday and see these dens made of bark. This state betrays lamentable indifference to the people and want of sincerity for their good. Regarding distribution of relief, a catalogue of items has been cited and money has been spent on them. We know that every year we spend crores of rupees. But we are not interested to hear the story, we are not interested to hear the report of how much money has been spent. We are interested to know only this whether the money has been spent rightly, whether the money has been spent properly, whether the money has been spent honestly, whether you spent the money for the relief of the suffering people as has been done in other countries. We are entitled to know all these things. Why should not relief be distributed through various non-official organizations? Why should it be on party lines? Why should it not be through union boards, panchayats and all that? Any important person of the locality should be taken into confidence, no matter the political affiliation. You are here to relieve the suffering of the people. You have broken, I should say, the heart or rather the spinal cord of the common people, the men living in this State Have this Government taken any step to measure the tears of homeless widows, to measure the depth of hunger of the common people? They do not face in Writers' Buildings people weeping for hunger, starvation and death

[2-20—2-30 p.m.]

In my daily walk I come across people, and my friends also see them, and see as to what their miserable plight is, as to their harrowing tales of misery and woe. As I was telling my honourable friends, the economic policy of this Government has got to be changed, and that can only be achieved by a Government sincere in its efforts, a Government which must be moved by proper consideration rendered to give relief to the people, not for anything else. As you know, a sort of argument is there that population has increased and death rate has decreased. We are immune against death. Living in an atmosphere of poison, we are immunised Even today, what we are thinking? Because we are immunised, we are not being attacked with any other diseases. My friends on the opposite boast, because they know their position is secure. I shall let them continue for half a century more, I don't mind; but at least I may tell them that election is one thing and office acceptance is another. They are Ministers of the people, people whom they are pledged to rule and whose interests they are pledged to look after.

With these words I oppose the demand, and would once again appeal to the Hon'ble Minister that being a lady she would not let a week pass but take all those unfortunate people and give them some shelter somewhere.

Shri Ananga Mohan Das:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এখানে ত্রাণ খাতে যে ব্যয় উত্থাপিত হয়েছে, সেই আলোচনা প্রসঙ্গে আমাদের ওপাশের বন্ধুরা তারস্বরে বলে আসছেন যে দুর্ভিক্ষ হচ্ছে। দুর্ভিক্ষ যদি বাংলাদেশে না হতো, তা হলে বছরের পর বছর কোটি কোটি টাকা খরচ হচ্ছে কেন। তারা সংখ্যা দিয়ে দেখিয়েছেন ১৯৫৯ সাল থেকে আরম্ভ করে আজ পর্যন্ত প্রতি বছর ৬ কোটি ৭ কোটি ৮ কোটি টাকা খরচ হচ্ছে, তাদের এ-কথাই যদি ঠিক হয় যে দেশে দুর্ভিক্ষ চলে আসছে, তবে তারা কেন এখানে এই ব্যয়বরাদ্দের দাবিতে আপত্তি করছেন। যদি তাদের মনে ধারণা হতো যে দেশে দুর্ভিক্ষ চলছে, তা হলে কখনো তারা এ দাবিতে আপত্তি করতেন না। এ দাবিতে আপত্তি করার কারণ হচ্ছে এই যে তারা মনে-প্রাণে জানেন যে দেশে দুর্ভিক্ষ হয় নি, বা হতে পারে না। কেবলমাত্র নিজেদের দল রক্ষার জন্য নিজের দল বজায় রাখার জন্য তারা কতকগুলো ছেঁদো কথা বলছেন। তারা বলতে আরম্ভ করেছেন যে দেশের লোক খেতে পারছে না মরে যাচ্ছে এবং দুর্ভিক্ষ হচ্ছে ইত্যাদি বলছেন। কিন্তু তারা ভালোভাবে জানেন যে বাংলাদেশ যেদিন থেকে স্বাধীনতা লাভ হয়েছে সেদিন থেকে একটি লোকও না খেতে পেয়ে মারা গেছে এমন কোন উদাহরণ পাই নি। বিভিন্ন সময়ে আমরা কাগজে বর্ণনা দেখতে পাই হৈ চৈ। যে অমুক লোক একটি গ্রামে কোন এক জায়গায় আমার নিজের কনস্টিটুয়েন্সিতে একজন লোকের নাম বলা হয়েছিলো যে সে দুর্ভিক্ষে না খেতে পেয়ে মারা গেছে। আমি নিজে এবং সরকারী কর্মচারীদের নিয়ে সেখানে গিয়েছিলাম, দেখলাম যে সে দুর্ভিক্ষে মরে নি। সে তিন মাস ধরে অসুখে ভুগেছিলো অসুখে ভোগার পর পথ্য পেয়ে সে মারা যায়। একে এরা দুর্ভিক্ষে মারা গেছে বলে উদাহরণ দেখিয়েছে, এই তো ব্যাপার, চলে এসেছে। আসল কথা হচ্ছে দেশে যেসমস্ত বিরোধী দল রয়েছেন তারা জানেন যে তারা কোনদিন গভর্নমেন্টের ভার নিতে পারবেন না। তাদের দল বজায় রাখতে হবে এবং তা বজায় রাখার জন্য নানা ছেঁদো কথার আমদানি করতে হবে। এ না করলে দেশবাসী তাদের কথা শুনবে না এবং ভোটও দেবে না এতে মহা মুস্কিল। এই মুস্কিল আসান করবার জন্য নানা কথা বলতে হয়। কিন্তু তাদের এ কথা জানা উচিত যে, দেশ বড়, দল বড় নয়। হতে পারে দেশের মঙ্গলের জন্য দলকে তৈরি করতে হয়, কিন্তু দেশের অমঙ্গল যাতে হয়, দেশের যাতে ক্ষতি হয়, এরূপ দল করা ঠিক নয়।

কাজেই আমি তাঁদের কাছে অনুরোধ জানাচ্ছি যে, এইভাবে গভর্নমেন্টকে বিপদে ফেলে দেশে অশান্তি গণ্ডগোল না হয় সেসমস্ত পথ ত্যাগ করে তাঁরা যেন দেশের গঠনমূলক কাজে এগিয়ে আসেন। তাঁরা গভর্নমেন্টের সঙ্গে যোগ দিন এবং যোগ দিয়ে কি করে দেশের অভাব মিটতে পারে সেই চেষ্টা করুন। অবশ্য একথা সত্য যে, আমাদের তরফ থেকে কোনদিন বলা হয় নি যে, দেশে অভাব নেই—দেশে নিশ্চিত অভাব আছে। আমাদের দেশ যখন স্বাধীনতা লাভ করে, তখন শিল্প, কৃষি, কিছুই ছিল না। আজকে এক একটা পঞ্চবার্ষিকী পরিকল্পনার দ্বারা দেশে ধীরে ধীরে কাজ করা হচ্ছে এবং দেশ ধীরে ধীরে এগিয়ে যাচ্ছে। অবশ্যই এর মানে এই নয় যে দেশের সমস্ত সমস্যা নিবারণ হয়ে গেছে। দেশে বহু সমস্যা আছে, বেকার আছে। এখন কর্মসংস্থানের দরকার। এজন্য দেশে নানারকম ভাবে কাজ করা হচ্ছে। ব্যাপার হচ্ছে ত্রাণ খাতে যে হেডিং লেখা আছে ফেমিন রিলিফ, সেই ফেমিন রিলিফ শব্দটা শুনে গোলমাল লেগে গেছে। এটার যদি নর্মাল রিলিফ নাম হোত, তা হলে একথা আর বলতেন না। নামটা ফ্যামিন রিলিফ আছে মেজর হেড ফ্যামিন রিলিফ না থেকে যদি নর্মাল রিলিফ থাকত, তা হলে এসব কথা তাঁরা বলতে পারতেন না। এই লুপ-হোল থাকায় এইসব বক্তৃতা হচ্ছে। আসল কথা হচ্ছে এই যে, এটা ফ্যামিন রিলিফ নয়, এটা নর্মাল রিলিফ। প্রত্যেক দেশে কিছু না কিছু অভাব থাকবে, কিছু অন্ধ, খঞ্জ, বৃদ্ধ লোক আছে, যারা কোন আয়-ব্যয় করতে পারে না, বিধবা মেয়েমানুষ যে বাচ্চা ছেলে পালন করতে পারে না—এগুলি হচ্ছে আমাদের দায় এবং গভর্নমেন্টের দায়। এদের জন্য

চিরস্থায়ী ডোল দিতে হয় বলে রিলিফ রাখতে হয়েছে, রিলিফ রাখা আবশ্যক। এই কারণে রিলিফ থাকবে এবং কোনদিন লোপ হবে না। বিভিন্ন সময়ে দেশের মধ্যে যে নৈসর্গিক অবস্থা দেখা যায়, তার জন্য কেউ প্রস্তুত থাকে না। যেমন ধরুন ১৯৬২ সালে যখন প্রথম বাজেট তৈরি হয়, তখন টাকা ধরা ছিল ২ কোটি ৫৭ লক্ষ টাকা, তারপর সেটা বেড়ে গিয়ে ৫ কোটি ১৯ লক্ষ টাকা ধরা কেন হল? নর্মাল রিলিফ-এ সেইসমস্ত লোকেদের সেই টাকা সাহায্য দেওয়া হবে। দেশে যদি নর্মাল অবস্থা থাকতো, যদি অস্বাভাবিক কিছু না হোত, যদি বন্যা বা ড্রট না হোত, তা হলে নিশ্চয় এই টাকা বাড়ত না। কিন্তু দুঃখের বিষয় বন্যা এসে গেল, ফসল ঘাটতি হল বলে রিলিফ বাড়াতে হল। এই অবস্থার জন্য মাঝে মাঝে রিলিফের ব্যবস্থার দরকার হয়, এবং থাকবে। কাজেই এ বৎসর যে হিসাব আমরা দিয়েছি তাতে দেখা যাচ্ছে যে আমাদের দেশের ফসল কিছু কম হয়েছে। গভর্নরস স্পীচ-এ রাজ্যপাল বলেছেন যে এ বছর ফসল কম হয়েছে। ফসল কম হবার জন্য নিশ্চয় এখানে রিলিফের দরকার হবে এবং রিলিফের সাহায্য রাখতে হয়েছে। কথা হচ্ছে, আমাদের কি কি কাজের ব্যবস্থা হচ্ছে। একটা হচ্ছে নর্মাল রিলিফ-এর যেমন ব্যবস্থা হয়েছে, যেখানে মানুষ কাজ পাচ্ছে না তাদের জন্য টেস্ট রিলিফ-এর ব্যবস্থা হবে। টেস্ট রিলিফ এর কাজের মধ্যে ১৪ দফা কাজের ব্যবস্থা হবে। আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি ১৫ দফা কাজের ব্যবস্থা না ধরে মুখ্যত যাতে কৃষির উন্নতি হয় সে ব্যবস্থা করুন। যেসমস্ত খাল সংস্কার করলে কৃষকের সুবিধা হবে, সে ব্যবস্থা করুন এবং যাতে টেস্ট রিলিফ-এর কাজ ভালভাবে চলে সেই ব্যবস্থা রাখতে হবে। যে প্রোসেসে টেস্ট রিলিফ-এর স্কীমগুলো আসে সেই স্কীমগুলো ঠিকভাবে আসছে না। কারণ, যে জায়গায় কর্মী পাওয়া যাচ্ছে না সেখানকার লোকেরা যে স্কীমগুলো দেন তখন গভর্নমেন্ট থেকে এস ডি ও বলেন যে ভাল করে অঙ্কন করে কত মজুর লাগে এস্টিমেট করা, কিন্তু গ্রামের লোকের পক্ষে এস্টিমেট তৈরি করা দুঃসাধ্য। আজকে বাংলাদেশে প্রত্যেক জায়গায় ব্লক হয়েছে প্রত্যেক ব্লক-এর সঙ্গে ওভারসিয়ার আছে কিসের জন্য। তাঁরা এই সমস্ত স্কীম করতে পারেন এবং যেসমস্ত দাবী লোকেরা তুলছে সেইসমস্ত স্কীম যাতে সুষ্ঠুভাবে করতে পারেন তার ব্যবস্থা করুন। আর একটা কথা হচ্ছে এই যে, টেস্ট রিলিফ-এ যেসমস্ত ওয়েজ দেওয়া হয় সেটা অতি কম বলে মনে হয়। ১২ আনা থেকে ১।০ যে মজুরী দেওয়া হয়, সেই মজুরীতে একজন লোক কাজ করে তার ফ্যামিলি মেনটেইন করতে পারে না। সেজন্য হয় টেস্ট রিলিফ-এর মজুরী বাড়ান হোক, না হয় মাটির ঘনফুট হিসাবে কাজ করতে দেওয়া হোক। এখন যেমন ১০০-র বেশী মাটি কোন লোক কাজ করতে পারেন না, তাকে তার বেশী কাজ করতে দেওয়া হোক। এগুলি টেস্ট রিলিফ-এর ব্যাপার। টেস্ট রিলিফ খাতে যে যে ৮৫ লক্ষ টাকা ধরা আছে সে টাকা অত্যন্ত কম। আমি বলছি অন্তত পক্ষে ১½ কোটি করা হোক, এবং মন্ত্রীমহাশয়কে বলছি এদিকে যেন তিনি নজর দেন। আমি এইসব কথা বলে এই খাতে দাবী সমর্থন করছি।

[2-30—2-40 p.m.]

Shri Monoranjan Baksi:

মাননীয় স্পীকার, স্যার, আমি আজকে ফুড রিলিফ খাতে বলতে গিয়ে আমার পূর্ববর্তী বক্তা বললেন যে গ্রামের লোকের কোন অভাব নেই। আমরা গ্রামে গ্রামে ঘুরে দেখেছি যে আজকে বাংলাদেশের গ্রামের কি মর্মান্তিক কাহিনী। আজকে একটি কাহিনী উল্লেখ করছি তাতে বুঝতে পারবেন যে, আজকে পল্লীগ্রামে এমন অভাবগ্রস্ত পরিবার আছে যাদের কথা শুনলে হয়তো আপনারা আশ্চর্য হয়ে যাবেন। অনেক সময় আমার মনে হয় যে, সামটাইমস ট্রুথ ইজ স্ট্রেঞ্জার দ্যান ফিকসন। আজকে সেই কাহিনী আপনার কাছে নিবেদন করছি। একটি গ্রামেতে একটি ছেলেকে রাত্রে সাপে কামড়ায়। তখন যন্ত্রণা হয় এবং সে ভাবলো যে হয়তো অন্য কিছুতে কামড়েছে। বাড়ীতে দেশলাই পেয়েও সে জ্বালেনি কারণ দেশলাইতে একটি মাত্র কাঠি আছে—সেটাকে জ্বালালে আর কেনা যাবে না- কেনবার ক্ষমতা নেই। তার অন্য পাশে আর একটা ভাই শুয়েছিল সেই সাপটি তার ভাইকেও কামড়ায় এবং দেখা যায় ভোরের দিকে উভয় ভাই মারা যায় এবং সবাই যখন তাকে বললো—দেশলাই জ্বালে নি কেন—তখন সে বললো আমাদের অবস্থা এমন নয়—তাই দেশলাইকাঠি জ্বালি নি। আজকে পল্লীগ্রামে যে অবস্থা হয়েছে—যে অভাব রয়েছে—সে কথা আমরা ভুলে যাই—আমরা সেখানে গিয়ে উপস্থিত হই না। কাজেই আজকে

এই বর্তমান সময়ে আমরা শুনতে পাই কৃষি খাতে, স্বাস্থ্য খাতে এবং শিক্ষা খাতে অনেক উন্নতি হয়েছে—বহু উন্নয়নমূলক কাজ হচ্ছে কিন্তু কাজের ফল পল্লী অঞ্চলের লোক কিভাবে ভোগ করছে সে হিসাব আমরা রাখি না, তার তথ্য গ্রহণ করি না। আজকে যদি আমরা গ্রামে যাই তাহলে দেখতে পাবো "বুক ফাটা শোকে গুমোরিছে—মুখে গভীর মরম বেদনা" তারা কেরোসিন তেল কিনতে যায় তখন দেখে পয়সা নেই—আবার দাম বেড়েছে—খাবার কিনতে চায়—কেনবার পয়সা নেই। নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বেড়েছে—মানুষের অভাব সৃষ্টি হয়েছে, মানুষ আজকে কিভাবে বাঁচবে এই চিন্তা নিয়ে তারা আকুলি-বিকুলি করছে। আমি জানি রিলিফ খাতে নানা রকম সাহায্য করা হয়, মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত লোককে নানা রকম সাহায্য দেওয়া হয় —হাউস বিল্ডিংস লোন দেওয়া হয়, এগ্রিকালচারাল লোন দেওয়া হয়—অন্যান্য বহু কিছু লোন দেওয়া হয়। কিন্তু পল্লী অঞ্চল একটা বিরাট অঞ্চল, আমি আপনার মাধ্যমে নিবেদন করছি এই হাউসের কাছে যে পল্লী বাংলায় যারা মা বাপ আছে কন্যাদায়গ্রস্ত অনেকে বলেন যে আমরা যদি কন্যার পিতা না হয়ে রাস্তার কুকুর হতাম তাহলে তার চেয়ে সুখী হতে পারতাম। আজকে পল্লী সমাজে কন্যার পিতার মুখ শুকিয়ে যায় কন্যার বিয়ের কথা চিন্তা করতে গিয়ে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে চিন্তা করতে বলছি এবং আমি অনুরোধ করছি যে এই সমস্ত কন্যাদায়গ্রস্ত বাপ মায়েরা কন্যার বিয়েব ব্যাপারে যাতে রিলিফ পায় বা একটা লোন পায় তা দেবার ব্যবস্থা করা উচিত। তার আমি আর একটা সাজেসন রাখছি—বহু গ্রামে দেখা যায় আকস্মিক দুর্ঘটনা ঘটে অগ্নিকাণ্ড ঘটে। সেই সময়ে সরকারী কর্তৃপক্ষ গিয়ে বলেন যে ব্যবস্থা করতে হবে এবং মানুষ অর্থের কাঙ্গাল নয়—মনের কাঙ্গাল—সেখানে সরকারী কর্মচারী যাঁরা যান তাঁদের মনোভাব, বা ব্যবহার ভাল করা উচিত এবং সহযোগিতার সঙ্গে তাদের সঙ্গে যদি ব্যবহার করেন তা হলে তাদের যন্ত্রণা কিছু নিবারণ হয়—সেইজন্য আমি আপনার মাধ্যমে নিবেদন করছি যে সরকারী কর্মচারীরা ঐ সময়ে ঐ দুর্দিনে মানুষের সঙ্গে সহানুভূতি মনোভাব নিয়ে সমবেদনশীল হয়ে তাদের সঙ্গে যেন ব্যবহার করেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Panchu Gopal Bhaduri:

মাননীয় স্পীকার, স্যার, দুর্ভিক্ষ এবং তার কারণ সম্পর্কে মুখ্যমন্ত্রী ইতিহাসের যে উদ্দেশ্যমূলক বিবৃতি এই হাউসের করেছেন আমি তার প্রতিবাদ করি।

ইতিহাস বিকৃতির প্রতিবাদ আগেও হয়েছে! আমাদের রবীন্দ্রনাথ বলেছিলেন—

"অয়ি, ইতিবৃত্তি কথা

ক্ষান্ত কর তব মুখর ভাষণ,

ওগো মিথ্যাময়ী।"

তখন তাঁর কথাটা খুব সোজা ছিল। কারণ তার যে টার্গেট ছিল সর্বজনধিকৃত বিদেশী সাম্রাজ্যবাদ। এই সম্প্রতি লক্ষ্ণৌ শহরে "মার্ক পোকার" বলে একটা প্রদর্শনী জনসংঘ, আর এস এস মিলে অনুষ্ঠান করছে, তাতে জাতির ইতিহাস বিকৃত করা হয়েছে। সেখানেও যাঁরা প্রতিবাদ জানাচ্ছেন তাঁদের কাজটাও কিছুটা সোজা কারণ তাঁরা জাতীয়তা বিরোধী, সাম্প্রদায়িক সঙ্কীর্ণতাকে আক্রমণ করেছেন। আব আমাকে যে বিকৃতির বিরুদ্ধে প্রতিবাদ করতে হচ্ছে, তার নায়ক বিদেশী সাম্রাজ্যবাদও নয় সাম্প্রদায়িকতাও নয়, তার নায়ক হচ্ছেন আমাদের স্বয়ং এই রাজ্যের মুখ্যমন্ত্রী। তিনি রাজ্যপালের ভাষণের বিতর্কে এই দুর্ভিক্ষের পদধ্বনির কথা শুনি চমকে গিয়ে তার কারণ চাপা দেবার জন্য ১৯৪৩ সালের দুর্ভিক্ষের অবতারণা করেছেন এবং পরবর্তীকালে তাঁদের কংগ্রেসী আমলে স্থায়ী দুর্ভিক্ষের অবস্থার মূল কারণও চাপা দিতে চেয়েছেন। তিনি একটা স্মোক স্ক্রীন সকলের সামনে উপস্থিত করতে চেয়েছেন—কমিউনিস্ট বিরোধিতার স্মোক-স্ক্রীন সামনে রেখে আসল দুর্ভিক্ষের যারা জনক, নায়ক তাঁদের তিনি বাঁচাতে চেয়েছেন এবং সেটা আমি আপনার সামনে উদ্ঘাটিত করতে চাচ্ছি।

প্রথমে ১৯৪৩ সালে যা ঐ পঞ্চাশের মন্বন্তর বলে পরিচিত, সেই দুর্ভিক্ষ অবস্থার মূল কারণটা কি ও লোকের ১৯৪৩ সাল থেকে এই ১৯৬৩ সাল—বিশ বছরের ফারাক হলেও সেদিনকার কথা অনেকের মনে আছে। তখন ইংরেজ প্রভুরা সমস্ত পূর্ব-এশিয়া থেকে মারখেয়ে বাংলাদেশে বসে ভাবছিলেন, জাপানীরা আসার আগে পালিয়ে যাই এবং পালিয়ে গিয়ে শোন-দণ্ডক এলাকায় প্রতিরক্ষা ঘাঁটি করবেন। যুদ্ধের অবস্থা থাকায় অসামরিক মাল চলাচল অত্যন্ত ব্যাহত হয়েছিল। ১৯৪২ সালের শেষে শতকরা দশ ভাগ খাদ্যশস্য ঘাটতি হয় এবং একটা ভয়ঙ্কর অবস্থা দেখা যায়। সেটা হলো এই--ফসল উঠলো, কিন্তু দর কমলো না, দর বৃদ্ধির মুখে থাকলো। ১৯৪২ সালের শেষে ও ১৯৪৩ সালের সূচনায় এই ভয়ঙ্কর অবস্থা ছিল। সেই সময় এখানেতে একটি নির্বাচিত মন্ত্রিসভা ছিল, মিঃ ফজলুল হকের মন্ত্রিসভা এখানে শাসনকার্য চালাচ্ছিলেন। কিন্তু তাঁরা এই ঘটনা থেকে এই যে দশ পার্সেন্ট ডেফিসিট-এর সময়েতে এইভাবে নূতন ফসল উঠবার পরেও দর কমলো না, বাড়ার মুখে গেলো এবং এই ওয়ার্নিং সত্ত্বেও তাঁরা কোন প্রতিবিধানের কথা তখন ভাবেন নি। শুধু তাই নয়---এই যুদ্ধের সময়েতে আরো তিন শ্রেণীর লোক ছিল, যারা দুর্ভিক্ষ অবস্থা থেকে মুনাফা করার দিকে তাকিয়ে ছিল, তাঁরা এই লড়াইয়ের সুযোগে, এই লড়াইয়ের মওকা নিয়ে মুনাফা করবার কায়দা দেখছিলেন। তার একটা অংশ হচ্ছে গ্রামের জমিদার, জোতদার তাঁরা মজুত করতে সুরু করেছিল, লড়াইয়ের সময় কনট্রাক্টর ও অসাধু ব্যবসায়ীরাও মজুত করতে সুরু করেছিল এবং সহরাঞ্চলে কলকারখানার মালিকরা খাদ্য ফসল মজুত রেখে তাদের শিল্প কারখানার অবস্থাটা নিরাপদ করতে চেয়েছিল, এই তিন ধরনের মজুত হয়েছিল এবং যখন এই মজুতের বিরুদ্ধে, এই দুর্ভিক্ষের অবস্থা পরিষ্কার হয়ে গেলে, আমি ব্যক্তিগতভাবে খানিকটা এর কার্য-কারণ সম্পর্কে অনুসন্ধান করবার আমার সুযোগ হয়েছিল এবং ঐ দুর্ভিক্ষ রিলিফের যে আন্দোলন, সেই আন্দোলন করার সময়েতে আমার উপর দায়িত্ব পড়েছিল যে তখন আমরা সারা কংগ্রেসের বাইরে ছিলাম, আমরাও জেল থেকে বাইরে আসি। ১৯৪৩ সালের জুলাই মাসে আমি কিরণবাবু প্রভৃতিদের দরজায় দরজায় গিয়েছি এবং আমরা শুনেছি শ্রীমতী বিজয়লক্ষ্মী পণ্ডিত ও কিরণবাবু প্রভৃতি যাঁরা কংগ্রেসের বাইরে ছিলেন, তাদের অনুরোধ জানিয়েছিলাম রিলিফ করতে। কিন্তু ও'রা রিলিফ করতে চান নি। রিলিফ করা ছাড়াও মজুত উদ্ধার করার অ্যান্টি হোর্ডিং করার ব্যাপারে তাঁরা কোন দায়িত্ব নিতে চান নি।

[2-40—3-5 p.m.]

তা ছাড়া সহরাঞ্চল যেটা হচ্ছে ব্ল্যাক মার্কেটের কেন্দ্র সেখানে রেশনিং চালু করা সেটাও চান নি। কাজে কাজেই দেশের বড় দুটি পার্টি, কংগ্রেস এবং লীগ, তারা করলে যে কাজ সফলভাবে হতে পারতো, তারা করতে চায় নি বলে এবং কংগ্রেসে আনুষ্ঠানিকভাবে তখনও কমিউনিস্টরা একটা অংশ ছিল, আমরা একমাত্র সেই দায়িত্ব কাঁধে তুলে নিয়েছিলাম এবং সে কাজ, যে কাজ শুধুমাত্র একটা ছোট পার্টি, দেশের একটা ভগ্নাংশ সফলভাবে করতে পারে না, কিন্তু তবু সে সফলতা আমরা অর্জন করেছিলাম সেটাও আমি আপনার মারফত এই হাউসকে জানাতে চাই। সেই সময় যে রিলিফ আন্দোলন হয়েছিল, একদিকে শ্রমিক ইউনিয়ন, ট্রাম ইউনিয়নের সহযোগিতায় আমরা পিপলস রিলিফ কমিটি গড়ে তুলেছিলাম, আর একদিকে শ্যামাপ্রসাদবাবুকে সামনে রেখে ভগীরথ কানরিয়া প্রভৃতি তাঁরা বেঙ্গল রিলিফ কমিটি গড়ে তুলেছিলেন এবং তার মারফত রিলিফের কাজ হয়েছিল। কিন্তু রিলিফের কাজ লোককে রক্ষা করতে পারে নি। অ্যান্টি হোর্ডিং ক্যাম্পেন এবং সাম্রাজ্যবাদীর টেররকে উপেক্ষা করে সেই সময় উত্তরবঙ্গ এবং পশ্চিম-বঙ্গের বিভিন্ন জেলাতে অ্যান্টি হার্ডিং ক্যামপেন হয়েছে, আমাদের কর্মীরা কারাবরণ করেছেন সেই দৃষ্টান্ত ভূরি ভূরি সেই সময়েতে আছে। তার সঙ্গে যে জিনিসটা বিচার করা দরকার, দেশ প্রেমে উদ্বুদ্ধ করার জন্য নূতন নাট্য আন্দোলন, গণ নাট্য আন্দোলন, নূতন সঙ্গীত, নূতন গীতিনাট্য দেশবাসীর বিবেককে উদ্বুদ্ধ করেছে। জবানবন্দীর 'নবান্ন' নাটক, যতীন্দ্র মৈত্রের নবজীবনের দান, বিনয় রায়ের নেতৃত্বে গণনাট্যের স্কোয়াড সমস্ত উত্তর ভারত টুর করে সমস্ত দেশবাসীর বিবেক দুর্ভিক্ষের বিরুদ্ধে জাগ্রত করেছিল। প্রফুল্লবাবু আজকে ইতিহাসকে

বিকৃত করলে ইতিহাস বিকৃত হবে না। পরেও যারা কংগ্রেসের কর্মী বলে পরিচিত তাঁদের কাছে যখন আমরা গিয়েছি, আসুন রিলিফ করি, অ্যান্টি হোর্ডিং ক্যামপেন করি, তখন তাঁরা বলেছেন রিলিফ নয় ফুড রায়ট করতে হবে। কাজে কাজেই একথা বললে হবে না। সে কাজ তাঁরা করেন নি, গ্রামাঞ্চলে জোতদার জমিদাররা হোর্ডিং করেছে তার বিরুদ্ধে সংগ্রাম করেন নি। হোর্ডিং-এর মনোবৃত্তি তাদের মস্তিষ্কের মধ্যে, চেতনার মধ্যে ঢুকেছে এবং পরবর্তী যুগে, আজকে প্রফুল্লবাবু তাদের বাঁচাচ্ছেন, গ্রামাঞ্চলে তাঁদেরই বাঁচাচ্ছেন। আমাদের ত্রাণমন্ত্রী গ্রামের অনেক তথ্য দিয়েছেন কিন্তু পিরামিডের সব থেকে উপর তলাতে যে শতকরা তিন জন লোকের কথা ডাঃ রায়ের তথ্যে পাবেন যে শতকরা তিন জন গ্রাম্য ধনীর হাতে শতকরা ৩০ ভাগ জমি আছে এবং তারা গ্রামেতে মজুত করতে পারে এবং তারা ব্যাঙ্কের সঙ্গে মিলে শতকরা ৩০/৪০ ভাগ খাদ্যশস্যকে মজুত করে কৃত্রিম খাদ্য সংকট সৃষ্টি করতে পারে, দুর্ভিক্ষের অবস্থার সৃষ্টি করতে পারে, তাদের কথা ত্রাণমন্ত্রী বলেন নি। তবু তাঁকে আমি ধন্যবাদ দিই, তিনি স্থায়ী দুর্ভিক্ষের একটা মূল চিত্র প্রফুল্ল সেন মহাশয়ের বক্তব্যের বিরুদ্ধেও তুলে ধরেছেন। আনন্দবাবুকেও আমি ধন্যবাদ দিই, তিনি গ্রাম্য অর্থনীতি ভেঙ্গে পড়ছে এই সত্য কথা বলার সাহস তাঁর হয়েছে। সত্যি সত্যিই আজকে আমাদের মুখ্যমন্ত্রী যাঁদের আড়াল করতে চেয়েছেন, যাঁদের গত বহু বৎসর ধরে তিনি আড়াল করে আসছেন তারা হচ্ছে গ্রাম্য জীবনেতে যারা কৃত্রিম অভাব সৃষ্টি করেছে এবং তাদের সঙ্গে সংশ্লিষ্ট ব্যবসায়ী যারা চোরাকারবারকে চার দিকে ছড়িয়ে দিয়েছিল আগেকার যুগে, এখনও তারা মজুত করে লাভ করছে। এখানে একটা সামান্য হিসাব দিচ্ছি, সেই ১৯৪৩ সালে একটা স্যাম্পেল সার্ভে করে, ক্ষীতিশ প্রসাদ চট্টোপাধ্যায়ের সঙ্গে আমাদের কর্মীরা হিসাব করে বের করেছিল ৩৫ লক্ষ লোক দুর্ভিক্ষে মারা গিয়েছে, এবং আরো একটা হিসাব করে দেখা গিয়েছিল ৩৫ কোটি টাকা লাভ মজুতদাররা করেছিল ৩৫ লক্ষ লোক মেরে, অর্থাৎ জন পিছু লোককে মেরে ১০০ টাকা। আর আজকের দিনে পশ্চিমবঙ্গ হচ্ছে সারা বাংলাদেশের ৫ ভাগের ২ ভাগ, আজকে আমি একটা হিসাব দিচ্ছি, রাফ হিসাব, যদিও আমাদের নিখিলবাবু বলেছেন যে, ১৫ থেকে ১৭ লক্ষ টন খাদ্যের ঘাটতি এবারেতে হবে—যদি আমি একথা ধরে নিই ১০ লক্ষ টন মজুত করেছে মজুতদাররা এবং প্রতি মণে ১০ টাকা করে দর বাড়াতে পেরেছে তাহলে ২৭ কোটি টাকা তারা মোট লাভ করবে। ৩৫ কোটি টাকা ৩৫ লক্ষ লোককে মেরে আদায় করতে হয়েছিল কিন্তু এখন তারা এক্সপার্ট হয়ে গিয়েছে। এখন তাদের রক্ষাকর্তা মুখ্যমন্ত্রী পর্যন্ত আছেন।

এখন তাঁদের ত্রাণকর্তা, রক্ষাকর্তা মুখ্যমন্ত্রী পর্যন্ত রয়েছেন। আমার মনে আছে সিদ্ধার্থবাবু ওদিকের ট্রেজারী বেঞ্চ থেকে এদিকে এসেছিলেন তখন খাদ্যমন্ত্রীর খাদ্যনীতির বিরুদ্ধে প্রতিবাদ করে এসেছিলেন। আজকে হয়ত তাঁর মন ওদিকে চলি চলি করছে—আজকে প্রতিবাদ করবেন কি না জানি না। কিন্তু সেদিন ট্রেজারি বেঞ্চ-এর একজন লোক বেরিয়ে এসে বিরোধী পক্ষের সঙ্গে মিলেছিলেন। আমি তাই বলছি শুধুমাত্র খাদ্যনীতি ব্যর্থ নয়—শুধুমাত্র খাদ্যনীতিকে আক্রমণ করলেই আমাদের কর্তব্য শেষ হবে বলে মনে করি না। এই খাদ্যনীতির পাশাপাশি শিল্পনীতি আছে, কৃষিনীতি আছে, কুটিরশিল্প—সমস্ত নীতিতে ব্যর্থতাই আজ দেশকে দুর্ভিক্ষের মুখে ঠেলে দিচ্ছে। দুর্ভিক্ষের দ্বিতীয় শিকার হচ্ছে গরীব চাষী এবং কৃষি মজুর—যাদের কথা আমাদের মাননীয় ত্রাণমন্ত্রী বলেছেন এবং আমি তাঁকে আবার ধন্যবাদ দিচ্ছি। তিনি এই দুঃস্থ কৃষককুলের কথা বলতে দ্বিধা করেন নি। তিন একরের কম জমি যাদের যারা সাব-মার্জিনাল লিভিং কন্ডিশান-এ বাস করে তাদের দুঃখ-দুর্দশার কথা তিনি বলেছেন। অন্য খাতে আলোচনা হলে আমি হয়ত বলতাম তিন একরের কম জমির যারা মালিক তাদের খাজনা থেকে রেহাই দেওয়া হোক—এটা সঙ্গত। কিন্তু সরকারী কৃষিনীতি, সরকারের সেচ নীতি, খাদ্যনীতি, শিল্পনীতি সব অঙ্গাঙ্গিভাবে জড়িত এবং সমস্ত মিলিয়ে দেশের দরিদ্রদের দুঃসহাবস্থা আরও বেড়েছে এবং স্থায়ী ফ্যামিন কন্ডিশান চলছে তা অস্বীকার করলে চলবে না। সেবারে আমি জানি সাংবাদিক শ্রীসোমনাথ লাহিড়ী পঞ্চাশের মন্বন্তরের প্রবন্ধ লিখেছিলেন—'কঙ্কালের মিছিল', কঙ্কালের মিছিল করে দেশবাসী সহরে এসেছিল এবং সকলকে একথা

স্বীকার করতে বাধ্য করেছিল যে দেশে দুর্ভিক্ষ হয়েছে। সেই দুর্ভিক্ষের কাহিনী গণনাট্য সংঘ সারা উত্তর ভারতবর্ষে গান গেয়ে...... শুনো শুনো হে বাঙালী বহেনবালো বাঙলাদেশে যে দুর্ভিক্ষ হয়েছিল তার বাণী পেঁৗছে দিয়েছিল দেশের সমস্ত দেশপ্রেমিকের বিবেক জেগে উঠেছিল এবং সেদিন মজুতদাররা চিহ্নিত হয়েছিল দেশবাসীর কাছে দেশের শত্রু বলে। অনেক কংগ্রেস সরকার গ্রামাঞ্চলে অঞ্চল পঞ্চায়েত, ইউনিয়ন বোর্ড-এ যে সমস্ত লোককে পাঠাচ্ছেন তারা কি সেই ৫০-এর মন্বন্তরের সৃষ্টিকারীদের দলের লোক নয়? কিন্তু কংগ্রেস সরকার আজ সেই সমস্ত লোকদেরই সেন্টার দিচ্ছেন। আমি আহবান করছি যাঁরা ১৯৪৭ সালের আগে পর্যন্ত দেশপ্রেমের পতাকাতলে দাঁড়িয়ে দেশবাসীর কাছে দাঁড়িয়েছিলেন তাদের আজকে শাসন গদিতে বসে সেই সাহস আছে কি না যে তাদের অনুবন্ধ, তাদের সেই সমর্থক যারা দেশে অন্নকষ্ট, দুর্ভিক্ষ সৃষ্টি করে, মায়ের অশ্রুজল যার আরও বাড়িয়ে দেয় তাদের বর্জন করে এমন সেচ নীতি, কৃষি নীতি, খাদ্যনীতি, শিল্প নীতি গ্রহণ করতে পারেন কি না যাতে এই অবস্থার প্রতিকার হয়। আমি সেদিকেই আমার আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 15 minutes]

[3-5—3-15 p.m.]

Shri Kamal Kanti Guha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ফেমিন অ্যান্ড রিলিফ খাতে আলোচনা করতে গিয়ে আমি একটু শেকী হয়ে যাচ্ছি। আজকে ফেমিন অ্যান্ড রিলিফের যিনি ভারপ্রাপ্ত মন্ত্রী তিনি একজন মহিলা এবং তাঁর উপমন্ত্রীও একজন মহিলা-- আমি শেকী হচ্ছি এই জন্য যে আমার বক্তৃতার মধ্যে হয়ত এমন কোন কথা থাকতে পারে যাতে তাঁরা আহত হতে পারেন. সেজন্য নরম মোলায়েম করে বলবার চেষ্টা করব তবু যদি সার, আমার বক্তৃতায় কোন কথায় মহিলা বীরাঙ্গনারা চৈনিক সোলজারের মত আমাকে অ্যাটাক করবার চেষ্টা করেন, যদি দুর্যোগ ঘনিয়ে আসে তাহলে পরে আশা করি আপনি আমাকে রিলিফ দেবেন। শাসকরা আজকে তাঁরা ঘোষণা করছেন যে তাঁরা নতুন মহাভারত সৃষ্টি করতে যাচ্ছেন। মহাভারত যখন সৃষ্টি করতে চাচ্ছেন তখন নিশ্চয়ই মহাকাব্য আছে। তা আমরা এই মহাকাব্যের দ্রৌপদীদের দেখি যে দুঃশাসণের রাজদরবারে হাজির। আর দুঃশাষনেরা এক হাতে দ্রৌপদীদের বস্ত্রহরণ করেন আর এক হাতে তাদের হাজার হাজার টাকার চেক ঐ বস্ত্রহরণের ক্ষতিপূরণ দিয়ে পাঠিয়ে দেয়। মাননীয় স্পীকার মহাশয়, প্রাচীনকালে মহাভারত যদি আমরা দেখি তাহলে দেখব সেখানে আমাদের যেসব মহিলাদের সঙ্গে পরিচয় হয় তাঁরা সব রাজ অন্তঃপুরের মহিলা, যেমন দ্রৌপদী, গান্ধারী, প্রিয়ংবদা, কিন্তু আজকের মহাভারতে দেখি এই দ্রৌপদীদের সঙ্গে অসংখ্য অগণিত ম্লানমুখ ঘটেকুড়োনী হতভাগীরা হাজির হয়েছে। এরা আজকের মহাকাব্যের শতকরা ৮০ ভাগ জুড়ে আছে। এরা ছড়িয়ে আছে সহরে বস্তীতে বস্তীতে, উদ্বাস্তু কলোনীতে কীটের গোয়ালার গলিতে, হরিপদ কেরাণীর আর রবীন মাস্টারের সংসারে এবং মফঃস্বলে গফুরের জীর্ণ কুটীরে। মাননীয় স্পীকার মহাশয়, যতদিন হরিপদ কেরাণী আর রবীন মাস্টার আর গফুরেরা বেঁচে থাকবে, ততদিন এরা কোন মতে নিশ্চিন্ত হয়ে থাকে, কিন্তু যেদিন গফুর, হরিপদ আর রবীন মাস্টার শেষ নিঃশ্বাস ত্যাগ করে সেদিন আমরা দেখি এই হতভাগিনী মা বোনেরা সাহায্যের আশায় ড্রাইডোলের আশায় তারা বি ডি ও অফিসের সম্মুখে এসে হাজির হয়। তারা দিনের পর দিন দরখাস্ত করে--আজ ইনকোয়ারি হবে, কাল ইনকোয়ারি হবে এইভাবে দিন চলে যায়, তারপর যখন ইনকোয়ারি হয় তখন দেখা যায় যেখানে হয়ত হাজার লোকের দরকার সেখানে পেল মাত্র ১০০ কি ১৫০ জন। তাও আবার কত দেওয়া হয় না মাসে ৮ সের গম। কিন্তু এই ৮ সেরে গমে যায় দুই-তিনটা ছেলেমেয়ে নিয়ে যাদের সংসার তাদের চলতে পারে না এই কথাটা

আজকে সরকার কিছুতেই উপলব্ধি করছেন না। আমি বলি অন্ততঃপক্ষে যদি ৮ সের গমের জায়গায় ১৫ সের করেন তাহলে আমরা নিশ্চয়ই মাননীয়া মন্ত্রী মহাশয়কে সমর্থন করব। তিনি হয়ত পাল্টা আমাকে প্রশ্ন করতে পারেন যে এই ১৫ সের দিয়ে কি তাদের সংসার চলবে? আমি তার উত্তরে বলবো চলবে না, কিন্তু সেই ভাবনা ভেবে আপনাদের সোনার অঙ্গ আর কালী করবেন না। কিন্তু তবুও ১৫ সের করে দিন। মাননীয় স্পীকার মহাশয় এই সব দুঃস্থ ভাগিনীদের আপনি দেখলে শিউরে উঠবেন, এদের পরনের বস্ত্র শতছিন্ন হয়ে গেছে। লজ্জা নিবারণ এরা করতে পারে না, বাঁদিক ঢাকতে গেলে ডানদিক উন্মুক্ত হয়ে যায়, ডানদিক ঢাকতে গেলে বাঁদিকে উন্মুক্ত হয়ে যায়, মাথার কাপড় টেনে দিতে গেলে পায়ের কাপড় থাকে না, পায়ের কাপড় টানতে গেলে মাথার কাপড় থাকে না। এরা কাপড়ের জন্য হাজির সরকারের দপ্তরে—দিনের পর দিন তারা দরখাস্ত করে কিন্তু কাপড় পায় না। স্যার পঞ্জাব প্রাপ্ত যেখানে হাজার কাপড় দরকার, সেখানে দেখলাম মাত্র ১০০ কাপড় গেল। আমরা মাননীয়া মন্ত্রী মহাশয়ার কাছে আশা করেছিলাম কারণ তিনি একজন মহিলা। মহিলাদের এই যন্ত্রণা লজ্জা নিবারণের ক্লেশ তিনি উপলব্ধি করবেন। কিন্তু বাজেটের বই হাতে নিয়ে দেখলাম তিনি রিলিফ খাতে বস্ত্র কেনার টাকার অঙ্ক কমিয়ে দিয়েছেন। মাননীয় স্পীকার মহাশয়, এই বছর দেশ পত্রিকার মাধ্যমে আমাদের দুটো সার্থক উপন্যাসের পরিচয় ঘটেছে, একটা হচ্ছে বিমল মিত্রের "কড়ি দিয়ে কিনলাম", আরেকটি হচ্ছে শংকরের "চৌরঙ্গী". কড়ি দিয়ে কিনলাম এ আমরা কি দেখি—সেখানে কিরণের মত আদর্শবাদী মানুষ জনস্রোতে হারিয়ে যায়, সেখানে ঘুষখোর লম্পট খুনী অফিসার ঘোষাল সাহেব আমাদের শাসনযন্ত্রকে হাতের মুঠোয় রাখেন। আর দেখি ছিটেফোঁটারা পাওয়ারে আসেন। আর চৌরঙ্গীতে দেখি তাজমহল হোটেলে বাঙ্গলাদেশের শিল্পপতিরা সমাজের শিরোমণিরা মদের গ্লাসে চুমুক দিতে দিতে 'কনি দি ওম্যান'-এর নগ্ন নাচ দেখতে দেখতে বাঙ্গলাদেশের শিল্প বাঙ্গলাদেশের অর্থনীতিকে তারা কনট্রোল করেন।

এইভাবে যেখানে শ্রেণীস্বার্থ প্রবল হয়, যেখানে ছিটেফোঁটা কংগ্রেসের পাওয়ার-এ আসে সেখানে সাধারণ মানুষের রক্ষাকবচ ডেমোক্রেসী থাকতে পারে না এবং সেই ডেমোক্রেসী যে আজকে নেই সেটা আমি আমার জেলা দিয়ে প্রমাণ করব। স্যার, আপনি বিদ্যায় বুদ্ধিতে পণ্ডিত সমাজের অনেক শীর্ষে আছেন, আমরা সাধারণ মানুষ সাধারণ পথে আমাদের চলতে হয়। মুদির দোকানে যখন তেল-নুন কিনতে যাই তখন একটা ছবি আমরা দেখি—মা যশোদা গোপালকে কোলে নিয়ে ক্ষির দুধ খাওয়াচ্ছেন। চৌরঙ্গী ভবন থেকে আদেশ হল কুচবিহারের পঙ্গু কংগ্রেসকে বাঁচাতে হবে—ডেমোক্রেসী-র মাংস কেটে ঐ পঙ্গু সন্তানকে বাঁচাতে হবে। এই মহান দায়িত্ব নিয়ে, কর্তব্য নিয়ে আমাদের ত্রাণমন্ত্রী মাঝে মাঝে কুচবিহারে হাজির হন। কিন্তু সেখানে আমরা কি দেখি? সেখানে দেখি কুচবিহারের কংগ্রেসকে মা যশোদার মত আমাদের মন্ত্রিমহাশয় কোলে করে ডেমোক্রেসীর মাংস কেটে কেটে খাওয়াচ্ছেন। এবং তার শক্তি যোগাবার চেষ্টা করছেন। স্যার, অঞ্চলে অঞ্চলে রিলিফ কমিটি গড়ার কথা আছে। গত এপ্রিল মাসে রিলিফ কমিটি-তে আমি আমার নমিনি-র নাম পাবলিশ করেছি। আমাদের ফরওয়ার্ড ব্লক-এর এম এল এ-রা প্রত্যেকে তাঁদের নমিনি-র নাম সাবমিট করেছে। আজ পর্যন্ত সেই রিলিফ কমিটিতে আমাদের যাবার সুযোগ পেলাম না, অধিকারও পেলাম না। আশ্চর্য হয়ে যাবেন সেই রিলিফ কমিটি-তে প্রাক্তন কংগ্রেসী এম এল এ যিনি হাজার হাজার ভোটে হেরে গেছেন তাঁদের নমিনি বহাল তবিয়তে সেখানে রয়েছেন। এটা কি ডেমোক্রেসী—আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করি যদি তাঁর সততা থাকে, মর্যাদাবোধ থাকে ঐ

রিলিফ কমিটিতে এখুনি আমাদের যাবার সুযোগ করে দিন। স্যার, এই চৈত্র, বৈশাখ মাসে আমাদের অঞ্চলে পল্লীগ্রামে কি হয় জানেন—একদিকে পক্স, কলেরার মহামারী, আর এক দিকে সমস্ত গ্রামকে গ্রাম আগুনে পুড়ে যায়। যেখানে খড়ের চাল, আর খড়ের বেড়া—সামান্য অগ্নি স্ফুলিঙ্গে সেখানে অগ্নিকাণ্ড হয়। সেখানে জল নেই- ৫০।৬০ ঘর লোকের জন্য একটিমাত্র নলকূপ তাতে খাবার জল হয় না, আগুন নিবোবে কি করে। সেই সময় সমস্ত গ্রাম বীভৎস ছবি নিয়ে দাঁড়িয়ে থাকে—মনে হয় একটা খামখেয়ালী চিত্রকর সে হঠাৎ খেয়ালের বসে সমস্ত কালিকে একটা ক্যানভাস-এর উপর ঢেলে দিয়েছে। সমস্ত মানুষ সাহায্যের অঞ্চল অফিসে যায় —অঞ্চল অফিস পাঠায় এস ডি ও অফিসে। এস ডি ও অফিসে সারাদিন ঘুরে তাঁরা ৪ সের গম মঞ্জুর করে। সেই অঞ্চলের ডিলার-এর কাছ থেকে গম নিতে হয়। সেখানে গিয়ে সে শুনল যে আজকে বন্ধ, কালকে দেবে। তার পর সরকারী দপ্তরে সাহায্যের জন্য দরখাস্ত করলে দিন যায়, সপ্তাহ যায়, মাস যায়, বছর যায়। এই সমস্ত অঞ্চলে যাদের বাড়ী-ঘর পুড়ে গেল তাদের সাহায্য বছরের মধ্যে গিয়ে পৌঁছায় না, আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করি আপনি এখুনি একটু ত্বরান্বিত করার চেষ্টা করবেন। স্যার, [illegible] যখন বৃষ্টি নামে তখন নির্বাসিত যক্ষ তখন বিরহের বেদনা ভরে মেঘদূত কাব্য সৃষ্টি হয়েছিল। কিন্তু হিমালয়ের পর্বতের শিখরে শিখরে, জয়ন্তী পাহাড়ের শিখরে শিখরে যখন বৃষ্টি নামে তখন আমরা নির্বাসিত হই, সমস্ত রাস্তাঘাট পুল ভেঙ্গে চুরমার হয়ে যায়, অবশিষ্ট ভারত থেকে আমরা বিচ্ছিন্ন হয়ে যাই এবং সেখানে যখন বর্ষা নামে তখন মেঘদূত সৃষ্টি হয় না—আমরা তখন দুঃখের দূতের খবর পাই। পাগলা হাতীর মত আমাদের অঞ্চলগুলো বন্যার জলে ভেসে এসে খেতখামার সমস্ত বিধ্বস্ত করে দেয়।

[3-15—3-25 p.m.]

সেখানে আমরা কি দেখি—সরকারের কাছে সাহায্যের জন্য গেলে তারা বলেন যে সরকারী লঙ্গর খানায় এসো, সরকারী লঙ্গরখানায় না এলে সাহায্য পাবে না। সেই লঙ্গরখানার ব্যাপারে দেখা যায় সারাদিন ধরে লিস্ট করা হোল, লিস্ট নিয়ে এলেন ডি পি এস ডি ও এলেন জীপে করে সঙ্গে এলেন সঙ্গীনীরা নেমে তাঁরা কি বললেন, হাউ ফানি থিং—বললেন কি সুন্দর দৃশ্য, কি চমৎকার জল। তারা সুন্দর দৃশ্য দেখছেন। যাবার সময় কি বলে গেলেন? চার টাকা মাসিক হারে তোমরা সাহায্য পাবে। চার টাকা মাসিক হারে একটি লোকের চলতে পারে একথা আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করি। আপনাদের লঙ্গরখানায় কেউ সখ করে আসে না। যেদিন জল নেমে যাবে সেদিনই তারা চলে যাবে, তাঁদের ভাল খাবার ব্যবস্থা করুন। তারা তো বেশী কিছুই চায় না শুধু ডাল ভাত। যেমন জেলখানায় কয়েদীদের খাওয়ানো হয়। মিসেস মুখার্জি হয়তো খেপে যাবেন—সেই রকম কয়েদীদের যেমন খাওয়ানো হয় সেই রকম তাদের দিন। মিঃ স্পীকার, স্যার, আপনাকে আমি আর একটা কথা বলতে চাই—টেস্ট রিলিফের কর্মীদের আড়াই সের করে গম দেওয়া হয়। আড়াই সের গমের মূল্য পড়ে ১৫ আনা। এই ১৫ আনায় কি একটি লোকের সংসার চলতে পারে—আর তারা কি খালি গম খেয়ে থাকবে? আমি সেখানে একটা সাজেসন রাখি যে ৪ দিন গম দিন আর তিন দিন একটি করে টাকা দিন। মজুরীর সঙ্কম বিচার করুন, তাহলে আমরা খুশী হবো, কৃতজ্ঞ হবো। যারা কোদাল চালিয়ে হাড়ভাঙ্গা খাটুনি খেটে যে রাস্তা তৈরী করে এস ডি ও, বি ডি ও-দের যাবার জন্য তারা আপনাদের আশির্বাদ করবে। শেষে আমি বলবো স্বর্ণশিল্পীদের কথা। আজকে পরেশ রায় মারা গেছে না খেয়ে। পরেশ রায়ের বৌ আজকে পথে নেমে এসেছে। আমাদের নারী সদস্যাদের সম্মান-বোধ অত্যন্ত প্রবল, মর্যাদাবোধ অত্যন্ত চড়া সুরে বাঁধা -তাঁদের কাছে আমি আবেদন করি যে এই পরেশ রায়ের বৌয়ের মত আজকে অনেক নারী পথে নেমে এসেছে—হাজারে হাজারে নেমে এসেছে—তাদের ভবিষ্যতে কি হবে তা কেউ জানেন না। বাঙ্গলাদেশের মা-বোনেরা যারা পথে নেমে এসেছে তাদের পাশে গিয়ে আপনারা দাঁড়ান, তাহলে আমি বুঝবো যে আপনাদের মর্যাদা-বোধ সার্থক হয়েছে—আপনাদের নারীজন্ম সার্থক হয়েছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Birendra Kumar Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের ত্রাণমন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন সেটা আমি সমর্থন করি এবং সমর্থন করতে গিয়ে এই ফেমিন রিলিফ নাম এখানে বদলানো দরকার বলে মনে করি। আমাদের ফেমিন ম্যানুয়েল ছিল নাম বদলে রিলিফ ম্যানুয়েল ফর ডিসট্রেস রিলিফ রাখা হয়েছে। ফেমিন রিলিফ নাম যদি বদলানো না যায় তাহলে যদি বিরোধী পক্ষের বন্ধুরা বলেন যে দুর্ভিক্ষের জন্য টাকা মঞ্জুর করা হচ্ছে। তাহলে সেটা অন্যায় হবে না সেদিকে আজকে চিন্তা করা উচিত। আজকে যে টাকা বরাদ্দ করা হয়েছে তা থেকে যে বেশী টাকা লাগবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। বছরে যেখানে ১ লক্ষ ৮০ হাজার টাকা মঞ্জুর করা হোত, ১৯৫২-৫৩ সালে সেটা ২১ লক্ষে দাঁড়ায়, ১৯৫৬ সালে সেটা ৩ কোটি টাকায় দাঁড়ায়। এখন দেখা যাচ্ছে ৩ কোটি টাকা থেকে ৫ কোটি টাকায় দাঁড়িয়েছে কাজেই এই যে টাকা ক্রমশ বেড়ে যাচ্ছে তাতে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা বলেছেন যে এই টাকা বৃদ্ধির মানে দেশের অবস্থা খারাপ হচ্ছে-দেশের আর্থিক অবস্থা খারাপ হয়েছে। এতো টাকা ন্যাশনাল এক্সটেনসন, ব্লক এক্সটেনসন, ডিপ টিউবওয়েল ইত্যাদিতে যে এলো টাকা খরচ হয়েছে তাতে কি তারা উপকৃত হয় নি? তাতে কি দেশের অবস্থা খারাপ হয়েছে? আমি এটা মানতে রাজী নই। আমি সত্য কথা বলবো বিরোধী পক্ষের বন্ধুরা হয়তো উপহাস করতে পারেন। আমাদের মুখ্যমন্ত্রী দেখাবার চেষ্টা করেছেন যে গত ১০ বছরে কিভাবে আমাদের দেশে লোক বৃদ্ধি পেয়েছে--এই সমস্ত সমস্যার কথা উড়িয়ে দিলে চলবে না। তিনি একথাও বলেছেন যে আবাদযোগ্য জমি, কর্ষণযোগ্য জমি যা ছিল তার ৮২ ভাগ জমিতে চাষ আরম্ভ হয়ে গেছে।

জমির মালিকানা ভাগ হয়ে ক্ষুদ্র ক্ষুদ্র হয়েছে এবং অনেক সময় সেগুলো আন ইকনমিক হোল্ডিংস হয়েছে। এগুলোও মস্তবড় একটা প্রবলেম। কিন্তু আমরা দেখছি দেশের ফসলের ফলন আদৌ কি বৃদ্ধি হয় নাই। নিতাইবাবু বলেছেন অন্ধ্রে অনেক বেড়েছে, অমুক জায়গায় অনেক বেড়েছে। কিন্তু বাংলাদেশের ক্ষেত্রে মোটেই বাড়ে নাই। বাংলাদেশে আমরা দেখছি চাল বেড়েছে শতকরা ১৭ ভাগ, অন্ধ্রের কথা বলেছেন অনেক বেড়েছে। আমাদের সেই জায়গায় পাট বেড়েছে কত? চতুর্গুণ পাট বেড়েছে। অন্ধ্রে কি ধানের জমি পাটের জমিতে পরিণত হয়েছে? অন্ধ্রে আলুর উৎপাদন বেড়েছে? এগুলো চিন্তা করতে হবে। অন্ধ্রে অনেক ফসল বেড়েছে; পাটের ফসল সেখানে বেড়েছে কি? বিদেশী মুদ্রা আর্ন করছে কি? সেটা তিনি বলেন নি। পার্লামেন্টে এসব জিনিষ না বলাই যুক্তিসঙ্গত। আমি পল্লীগ্রামে থাকি, যে এমন একটা গ্রাম, যেটা কলকাতা থেকে অনেক দূর। কলকাতার কাছের গ্রামের কথা ভাল বলতে পারবো না। আমি মালদহ জেলায় থাকি; সেখানে রিলিফের সংস্পর্শে থাকতে হয়। সেখানে কি দেখছি? আজ বলছেন দেশের অবস্থা খারাপ হয়েছে মিডিল ক্লাস এর অবস্থা খারাপ হয়েছে, এটা ঠিক। গ্রামে দেখলাম—বৃদ্ধ মা, স্বামী মারা গেল, বাচ্চা ছেলে, কিছু না বলে সে ভিক্ষাবৃত্তি গ্রহণ করলো। আজকে নূতন ভিক্ষুক দেখা যায় না গ্রামে। যারা আছে তারা অনেকদিন ভিক্ষাবৃত্তি গ্রহণ করেছে অথবা তারা বাংলাদেশের লোক নয়-যাদের দেখা যায় এটা হচ্ছে খয়রাতি সাহায্যের কারণ। বলা হলো গ্র্যাচুইটাস রিলিফ এর খরচ কেন বাড়ছে? বৃদ্ধা মা, ছেলে বলছে আমার থেকে পৃথক। সঙ্গে সঙ্গে, নাম লেখান হচ্ছে খয়রাতি সাহায্যের জন্য। আর কোন কারণ আছে? চিরকাল বাংলাদেশে বৎসরের কিছু সময় লোক কাজ পেত না। রিলিফ পূর্বেও ছিল, নন-অফিসিয়াল বডি করতো, সরকার করতো না। এটা স্বতঃসিদ্ধ কথা। যে সময় কাজ পেত সেই সময় জীবন ধারণের মূল্য কম থাকায়, পোষ্য সংখ্যা কম থাকায়, অনাহারে অর্ধাহারে থাকলেও গ্রাম্য মহাজনরা সুদে তাদের টাকা দিত। সেটাও আজ বন্ধ হয়েছে। কল্যাণব্রতী রাষ্ট্রের সেই কর্তব্য গ্রহণ করা উচিত বলে আমি মনে করি। আগেকার কালে জমিদার জোতদার লোকদের কাজ দিত। অনেক লোক পাইক বরকন্দাজের কাজ পেত। আজ তার পরিবর্তন হয়েছে। মালদহ জেলায়ও আজ রিলিফের প্রয়োজন হয়েছে। আমরা যেভাবে রিলিফ পাচ্ছি, বাংলাদেশে যেভাবে রিলিফের সুষ্ঠ ব্যবস্থা আছে, তা অন্য কোন দেশে নাই। বিহার সীমান্তে আমাদের বাস। বিহারের রসিদপুর থেকে লোক চলে আসছে, তাদের দায়িত্বও পশ্চিমবঙ্গ সরকারকে নিতে হয়েছে। আরো যদি এইভাবে বহু লোক আসতে থাকে, তাহলে

একটা ভয়াবহ অবস্থা এখানে দেখা দেবে। আমরা ১২১৬ সালের দুর্ভিক্ষের কথা শুনেছি, ১২৩৫ সালের দুর্ভিক্ষের কথা শুনেছি, ১২৭৬ সালের দুর্ভিক্ষের কথা শুনেছি, আমরা ১৩৫০ সালের মন্বন্তর চোখে দেখেছি। সরকার যদি এইভাবে এগিয়ে এসে রিলিফ না দিতেন, তাহলে বহুদিন আগেই এখানে মন্বন্তর হতো।

[3-25—3-35 p.m.]

মালদহ একটি ঘাটতি জেলা। অনেক নূতন নূতন সমস্যা আছে। এখানে প্রায়ই অতিবৃষ্টি অনাবৃষ্টি লেগেই থাকে। তারপর তার অনেক সমস্যা, বরিন্দ আছে, টাল এলাকা আছে, অনেক সমস্যা আছে। এই সকল জায়গায় আমরা দেখেছি প্রত্যেক বৎসরই বন্যা, অনাবৃষ্টি, অতিবৃষ্টি, অসময়ে বৃষ্টি লাগা থাকে। বরিন্দ একটি জায়গা, যেখানে মাত্র একবার ফসল হয়, সেসব জায়গায় সরকার থেকে যেভাবে সাহায্য করা হয় তা প্রশংসার যোগ্য। বিশেষ করে আমাদের মুখ্যমন্ত্রী, তিনি আগে ত্রাণমন্ত্রী ছিলেন, তিনি সেখানে সাহায্য পৌঁছে দিয়েছেন নির্বিকারে। তিনি যখন সাহায্য পাঠিয়েছেন তখন নিজে গিয়েছেন এবং কেন্দ্রীয় মন্ত্রীকেও নিয়ে গিয়েছেন। বর্তমান ত্রাণমন্ত্রীও, আমাদের ওখানে যখন হাজার হাজার সাঁওতাল আসতে আরম্ভ করে পাকিস্তান থেকে, রেফিউজি ডিপার্টমেন্ট ভারত সরকারের গ্রহণ করতে রাজী হয় না, সেই সময় তিনি ডোল দেবার ব্যবস্থা করেছেন, নিজে গিয়ে দেখেছেন, এ সব দিক দিয়ে সত্যিই আমরা রিলিফ ডিপার্টমেন্টের কাছে কৃতজ্ঞ। আমি এই প্রসঙ্গে একটি কথা বলতে চাই মন্ত্রিমহোদয়া উল্লেখ করেছেন গাজল থানায় কিছু কিছু ফ্যামিলির মধ্যে পক্ষাঘাত দেখা দিয়েছিল, তাদেরকে কিছু কিছু সাহায্য তিন মাস দেওয়া হয়েছিল, কিন্তু তার মধ্যে এখনও অনেক লোক আছে যারা পক্ষাঘাতগ্রস্ত হয়ে আছেন তাদেরকে সাহায্য করা এখনও প্রয়োজন বলে মনে করি। তারপর রিলিফে যে টাকা মঞ্জুর করা হচ্ছে, অনেকে বলেন অপচয় হচ্ছে, ইত্যাদি, আমরা দেখছি বিভিন্ন জায়গায় আজকে মন্ত্রিমহোদয়ার কথাও শুনেছি, কত মাইল রাস্তা হয়েছে এবং অন্যান্য কাজ হয়েছে, কাজেই একথা বলা যায় না। আর একটা কথা ও'রা বলেছেন দুর্ভিক্ষে লোক মারা গিয়েছে। দুর্ভিক্ষে লোক মরবে কেন? সরকারী সার্কুলার হচ্ছে যে ইউনিয়ন বোর্ড ও পঞ্চায়েতকে বলা আছে যে, যে কোন সময় যে কোন লোক অভাবগ্রস্ত হলে তাকে সাহায্য দেওয়া হবে এবং সেইজন্য পঞ্চায়েতে কিছু রিলিফের ফান্ডও রাখা হয়, কাজেই দুর্ভিক্ষে মরার কোন প্রশ্ন উঠে না। স্পীকার মহাশয়, এই প্রসঙ্গে আমি এই রিলিফের সমস্যা সম্বন্ধে দু'-একটি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে কৃষকদের জন্য বহু ব্যবস্থা হয়েছে এবং কৃষকরা সেগুলি পাচ্ছে কিন্তু মধ্যবিত্ত শ্রেণীর মধ্যে এমন লোক আছে, কলকাতা সহরে এবং অন্যান্য সহরে ও গ্রামে, যারা ভিক্ষা চাইতে পারে না এবং সরকারী সাহায্য লাইনে দাঁড়িয়ে নিতে পারে না, কিন্তু অভাব তাদের প্রচুর, ছোট একটা দোকান আছে তাতে ইনকাম কিছু হয় না, তাদের কথাও আজকে বিবেচনা করার সময় এসেছে। আর একটি কথা বলতে চাই, এখানে মন্ত্রিমহোদয়া বলেছেন পশ্চিম দিনাজপুরে বন্যা হয়েছিল কিন্তু গত বৎসর কালিয়াচক থানা কয়েকবার গঙ্গার বন্যায় ভেসে গিয়েছিল সেকথা তিনি বলেন নি, সে দিকেও তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Bhakti Bhusan Mandal:

মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি কয়েকটি অঞ্চলের কথা বলছি। পুনর্বাসন মন্ত্রী আছেন তাঁকে আমি চার্জ করে বলতে পারি যে, সেই অঞ্চলের অবস্থা সত্যিই দুর্ভিক্ষের অবস্থা। আমি কংক্রিট কেস দিচ্ছি। বীরভূম জেলার আড়িয়াল (?) থানার দুটি ইউনিয়ন বাদ দিয়ে ইলামবাজার এবং রূপসা ইউনিয়নের খানিকটা অংশ এবং দুবরাজপুর থানা এলাকার কয়েকটি অংশ এবং ময়ূরাক্ষী থানার কালদা এবং তার পার্শ্ববর্তী স্থান এবং অজয় নদীর দক্ষিণধারে অর্থাৎ আন্দোল থানায় এবং ফরিদপুর থানায় দুর্ভিক্ষের অবস্থা রয়েছে। কংক্রিট ভাবে বললাম, এজন্যে যে তিনি বললেন যে সেখানে দুর্ভিক্ষ নেই—এইভাবে মন্তব্য করেছিলেন। তাঁকে পরিষ্কারভাবে জানিয়ে দিতে চাচ্ছি তিনি

'নজে বা অন্য যেকোন লোক পাঠিয়ে খোঁজ করে দেখুন এই অঞ্চলের অবস্থা কি হয়েছে। কিন্তু এর জন্য আজ পর্যন্ত তিনি কি করেছেন সেটা দেখান—তাহলে আমরা মনে করব সত্যি তিনি কিছু করেছেন। আর কিছু করলেন না, সেখানে গেলেন না। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট দূরে থেকে একটা ঢিল মেরে দিলেন—না, দু'-চারটে গ্রামে কিছু খারাপ অবস্থা আছে—তেমন কিছু নয়। যেসব জায়গার কথা আমি বললাম সমস্ত দায়িত্ব নিয়ে এই হাউস-এর সামনে বলছি যে কোন লোক গিয়ে এটা এনকোয়ারী করে আসুন যদি মিথ্যা কথা বলে থাকি তাহলে সেটা প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে এনকোয়ারী করা হোক। মানুষের দারিদ্র্যকে নিয়ে এইভাবে ছিনিমিনি খেলার কি অধিকার আপনাদের আছে। আপনারা দেখুন এগ্রিকালচারাল লোন যেটা দেওয়া হয় সেই ডিস্ট্রিবিউশন অফ এগ্রিকালচারাল লোন কিভাবে হয়। আপনারা কি জানেন এই এগ্রিকালচারাল লোন পেতে হলে কত টাকা লাগে—সেদিকে যদি নজর দেন বিশেষ বাধিত হব। এ আইন আগে ছিল না -এখন নোতুন করে অডার গিয়েছে এগ্রিকালচারাল লোন পেতে হলে তিনি টাইটেল দেখাবেন গভর্নমেন্ট উকিল- জি পি তার জন্য তাঁকে ১০ থেকে ১৬ টাকা দিতে হবে এবং এগ্রিকালচারাল লোন পেতে হলে আরও দিতে হবে সেটা হচ্ছে ১২ বছরের সার্চ ফি। হেড অফিস থেকে লোন দেওয়া হয়, সুতরাং গ্রাম থেকে আসতে যেতে খরচ আছে। আমি হিসাব করে দেখেছি ৪০ থেকে ৫০ টাকা খরচ হয় এবং দেওয়া হয় ২০০ থেকে ৩০০ টাকা। কাজে কাজেই যাদের অবস্থা খারাপ তাদের এই ৪০ টাকা পকেট থেকে দিতে হচ্ছে। তা ছাড়াও আর কিছু দিতে হয় ক্লার্ক-এর হাতে কিছু না দিলে শেষ পর্যন্ত এটা স্যাংশন্ড হয় না এবং দুই বছর তিন বছর পরে পেমেন্ট হয়। এই জিনিসটা অনুসন্ধান করুন। আমি বলছি যে এর আগে এটা ছিল না যে জি পি-কে ১৬ টাকা দিতে হবে—সেটা কেন ইন্ট্রোডিউসড হ'ল এবং ইন্ট্রোডিউস করার ফলে কৃষকের যে অবস্থা হল সেটা দেখা দরকার। আর একটা কথা বলতে চাই। যে যে অঞ্চলে দুর্ভিক্ষের অবস্থা সেই অঞ্চলে নিশ্চয়ই সিনেমা পারমিট দেওয়া উচিত নয়। কিন্তু আমি দেখছি বিশেষ করে আমাদের অঞ্চলে ভাল করে জানি সিনেমা পারমিট দেওয়ার ব্যবস্থা হয়েছে শুধু ব্যবস্থা নয় কংগ্রেসী যে এম এল এ হেরে গিয়েছেন তার একমাত্র কাজ হচ্ছে কি করে সিনেমা লাইসেন্স পাব। আনন্দবাবুর কনস্টিটিউয়েন্সী-র কথা বলছি—সেখানে মাননীয় মন্ত্রী গিয়েছিলেন এবং বলেছিলেন যে হাঁ, দুর্ভিক্ষ-অবস্থা অঞ্চল বটে- সেই অঞ্চলের পার্শ্ববর্তী ২০ হাতের মধ্যে দুটো সিনেমা লাইসেন্স দেওয়া হয়েছে। যখন পেয়েছেন তাদের একজন হচ্ছেন এবার ইলেকশন-এ যিনি হেরেছেন কংগ্রেস নমিনী শ্রীশিবদাস ঘটক তিনি পেয়েছেন তাঁর বাবার নামে—কপিলপদ ঘটক। আর একজন শ্রীদামোদর ঘোষাল(?)। অথচ সেপ্টেম্বর মাসে গিয়ে বলে এলেন এখানে ধান হয় নি—মানুষের অবস্থা খারাপ, কিন্তু ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর রেকমেন্ডেশন-এ দুটো সিনেমা লাইসেন্স দিলেন। কাজেই আমি বলছি এগুলি অন্ততঃ ভালভাবে দেখা দরকার।

[3-35—3-45 p.m.]

Dr. Radhanath Chattoraj:

মাননীয় স্পীকার মহোদয়, আমি দুর্ভিক্ষের খাতে বিশেষ করে বীরভূম জেলার কথা বলতে চাই। আপনি জানেন বীরভূম জেলায় কয়েকটি থানাতে বিশেষ করে ভক্তিবাবু যে এলাকার কথা বললেন সেখানে ফসল হয় নি। তা ছাড়া যে এলাকায় ফসল হয়েছে সেখানেও সময়মত জল না যাওয়ার জন্য ভাল ফসল হয় নি, কম হয়েছে—বিঘা প্রতি ৫ মণ হয়েছে। এবছর আমাদের জেলায় ব্যাপকভাবে খাজনা এবং ক্যানাল কর আদায় করার ফলে কৃষকের বাড়ীতে যে সমস্ত ধান ছিল তার অধিকাংশ বিক্রী করে দিয়েছে এবং এবার যে বর্ষাকালে খাদ্যের অভাব হবে সে সম্পর্কে কোন ভুল নেই। ইতিমধ্যে গ্রামের যারা কিনে খাওয়া লোক তারা চাল কিনতে পারছে না। এবং যদিও পারছে খুব কষ্ট করে তাদের সংগ্রহ করতে হচ্ছে। সেজন্য আমি মাননীয়া মন্ত্রিমহাশয়ার এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই, যাতে অতি সত্বর চালের দোকান গ্রামাঞ্চলে হয় তার ব্যবস্থা করেন।

এবং আমি বিশেষ করে লাভপুর থানার কথা বলছি। কারণ ঐ এলাকায় ইতিমধ্যে দুর্ভিক্ষ দেখা দিয়েছে। স্যার, এই থানা আপনি জানেন যে ক্রনিক ফ্লাড স্ট্রাইকিং এরিয়া, প্রত্যেক বছর এখানে ফ্লাড হয়। এরজন্য একদিকে অনাবৃষ্টির জন্য ফসল হচ্ছে না আবার অন্যদিকে বন্যার জন্য ফসল নষ্ট হয়ে যাচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে ১৯৫৬ সালে বন্যার পর পশ্চিমবঙ্গ সরকার এই লাভপুর থানায় এবং আরও অন্যান্য থানায় বি ওয়াই ও এইচ স্কীমে ঘর তৈরীর কাজ আরম্ভ করেছিলেন। অনেক জায়গায় ঘরও কিছু কিছু তৈরী হয়েছিল, কিন্তু এই পরিকল্পনায় বর্তমানে কাজ হচ্ছে না। সেজন্য আমি মাননীয়া মন্ত্রিমহাশয়াকে অনুরোধ করব যাতে এই বি ওয়াই ও এইচ স্কীমে ঘরগুলি তৈরী হয় তার জন্য দৃষ্টি দেবেন, তাহলে গরীব মানুষেরা এতে উপকৃত হবে, এবং তারা মাথা গুঁজবার একটু স্থান পাবে। মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে আরেকটি বিষয়ে জানাতে চাই, পশ্চিমবঙ্গ সরকার লাভপুর থানায় একটি গ্রামে আদর্শপল্লী নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছিলেন। এবং সেখানে ২৭ একর জায়গাও তারা একোয়ার করেছিলেন। এবং সেখানে অনেকগুলি বাড়ীও নির্মাণ করেছিলেন। সেখানে কমিউনিটি হল তৈরী করেছিলেন, কিন্তু সেখানে এখনও অনেক জমি বাড়ী করবার মত পড়ে আছে, এবং সেই সব প্লটগুলির জন্য যারা বাড়ী করতে চায় তারা দরখাস্ত করেছিলেন কিন্তু আজ পর্যন্ত প্লটগুলি তাদের দেওয়া হয় নি। যদি তাদের দেওয়া হয় তাহলে তারা নিজেরা নিজেদের টাকায় বাড়ি তৈরী করে নিতে পারে। তারপরে স্যার, ঐ গ্রামের থেকে লাভপুর পর্যন্ত যে রাস্তা আছে সেই রাস্তা এত খারাপ যে বর্ষার পর ৬ মাস যাবত থানা কেন্দ্র করে বিচ্ছিন্ন হয়ে পড়ে। ঐ রাস্তাটা লাভপুর নান-হাটা রোড ভায়া ঠিবা আদর্শপল্লী যাতে মেরামত হয় টেস্ট রিলিফের মাধ্যমে সে বিষয়ে মন্ত্রিমহাশয়া যেন একটু দৃষ্টি দেন। তারপরে স্যার টেস্ট রিলিফের যা মজুরি দেওয়া হয় চৌকা প্রতি এক টাকা। এই দ্রব্য-মূল্য বৃদ্ধির পরিপ্রেক্ষিতে এই এক টাকার যা মূল্য সেটা কিছুই নয়, তাতে একটি সংসার কিছুতেই চলতে পারে না। যাতে সেই মজুরী অন্ততপক্ষে ১৷৷০ টাকা হয় সেজন্য মাননীয়া মন্ত্রিমহাশয়ার দৃষ্টি আকর্ষণ করছি। তারপর স্যার, আরেকটি কথা বলব যে, আমাদের লাভপুর থানায় কুয়ে নদীর ধারে ভাঙ্গন ভেঙ্গে প্রায় ৪০ হাজার একর মত জায়গা কয়েক বছর ধরে ভাঙনে ভেঙে নষ্ট হয়ে আছে, সেজন্য আমরা বহু দাবী করেছি, কিন্তু আজ পর্যন্ত তার কিছুই করা হয় নি। কুয়ে নদীর দুই ধারে যদি বাঁধ দেওয়া হয় তাহলে ঐ এলাকায় প্রচুর পরিমাণে খাদ্যশস্য উৎপাদন হতে পারে। তারপরে এতদঞ্চলে চাষীদের কৃষি-ঋণ বা গো-ঋণ দেওয়া হয় না। যদিও তার মধ্যে অনেকের ঋণ পরিশোধ করবার ক্ষমতা আছে। এই নীতি সরকারের পরিবর্তন করা একান্ত দরকার। এবারে টেস্ট রিলিফের কাজের মাধ্যমে খাদ্য উৎপাদনের ব্যবস্থা করা দরকার, বিশেষ করে নদীর ভাঙন মেরামত, নালা সংস্কার ইত্যাদি করা দরকার। আমরা দেখেছি কেনেলের বহু জায়গাতে ভিলেজ চ্যানেল কাটা হয় নি। আমি অনুরোধ করব যাতে ব্যাপকভাবে ভিলেজ চ্যানেল কাটা হয় টেস্ট রিলিফের মাধ্যমে, সে বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়া দৃষ্টি দেবেন। তারপরে স্যার, আমরা একটা সরকারের সারকুলার দেখেছিলাম যে অসহায় বৃদ্ধদের পেনসন দেবার ব্যবস্থা হবে। এ সম্বন্ধে আমরা সরকারের কাছ থেকে ৬।৭ মাস আগে চিঠি পেয়েছিলাম কিন্তু আজ পর্যন্ত এই অসহায় বৃদ্ধদের পেনসন দেবার কোনই ব্যবস্থা হয় নাই।

বন্যার নিয়ন্ত্রণের ব্যবস্থা যাতে সত্বর হয় সেদিকে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং যে সমস্ত রিলিফ কমিটি আছে সেই রিলিফ কমিটিতে আমাদের সকলের যোগদান করা সম্ভবপর হয় নি সেজন্য আমরা শুনেছিলাম যে আমাদের কনস্টিটিউয়েন্সী-র সমস্ত ইউনিয়ন-এ আমাদের প্রতিনিধি হিসাবে নেওয়া হবে এবং আমরা সেই নাম পাঠিয়ে দেব। কিন্তু আজ পর্যন্ত সে রকম কোন ব্যবস্থা হয় নি। একার পক্ষে সমস্ত জায়গায় যাওয়া সম্ভব হয় না সেই কারণে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে সমস্ত জায়গায় আমরা নিজেদের নমিনি পাঠাতে পারি। এদিক থেকে তিনি জেলা ম্যাজিস্ট্রেটকে যেন একটা সার্কুলার দেন। আমি পুনরায় বলছি যে আপনি যদি বীরভূম থানা থেকে লাভপুর থানায় যান তাহলে দেখবেন যে ১৯৫৬ এবং ১৯৬০ সালে ২টা পর পর বন্যা সেখানে হয়ে গেছে, যে বন্যায় বহু গ্রাম ধ্বংস

হয়ে গেছে এবং সেই গ্রামগুলির বহু বাড়ীর মুখ থুবড়ে পড়ে আছে। সেখানে যদি বি ওয়াই ও এইচ স্কীম যেটা মুখ্যমন্ত্রী বললেন সেই বি ওয়াই ও এইচ স্কীম যদি চালু করা হয় তাহলে বহু লোকের উপকার হয়। আমি পরলোকগত মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম তখন তিনি বলেছিলেন যে মডেল ভিলেজ খাতে টাকা দেওয়া না থাকলেও আমি ফ্যামিন এবং রিলিফ খাত থেকে এই কাজ করাব, তোমরা নিশ্চিন্ত থাক। সেজন্য সেই মডেল ভিলেজ পরিকল্পনা যেটা পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করেছেন সেটা যাতে চালু হয় সে বিষয়ে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Hrishikesh Chakravarty:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে ত্রাণমন্ত্রী ত্রাণ সম্পর্কে যে বাজেট উত্থাপন করেছেন আমি অন্তরের সঙ্গে তা সমর্থন করছি এই কারণে যে, আমরা ভুলিনি আমাদের পরাধীনতার সময় সেই ১৯৪৬ সালের দুর্ভিক্ষ এবং বাংলা ১৩৭৯ সালে আমাদের কাঁথি মহকুমায় তৎকালীন সরকার যে অবস্থা সৃষ্টি করেছিলেন তাতে আমাদের দেশের সমস্ত প্রতিনিধি স্থানীয় ব্যক্তিদের কাছে সেই দুর্ভিক্ষ এবং অসহায়মূলক ঘটনা প্রতিকারের সংবাদ প্রকাশ করতে না দিয়েও যথা-সময়ে ব্যবস্থা না করে লক্ষ লক্ষ মানুষকে বিপর্যস্ত করেছিল, তাতে হাজার হাজার প্রাণহানি ঘটেছিল। এই গৃহহারা মানুষের কে প্রকৃত সঙ্গী হবে, কে তার প্রকৃত সহায়সম্পন্ন হবে জনগণ তাহার কিনারা পাইত না। সে সময় এর কথা চিন্তা করলে দেখা যায় আমাদের দেশের সত্যিকারের সমাজ কল্যাণে সংগঠনের দেশপ্রেমীদের হাতে স্বাধীনতার পরে সরকার আসার ফলে আজকে সেই রূপের পরিবর্তন হয়েছে। তার ফলে আমরা দেখতে পাচ্ছি ভারতের মানুষ দুর্ভিক্ষগ্রস্ত হলে অসহায় অবস্থায় পড়লে, খাদ্যাভাবে জর্জরিত হলে, শস্যহানি হলে সেই দুর্দশাগ্রস্থ মানুষকে রক্ষা করবার জন্য প্রাদেশিক মন্ত্রিসভা নয়, ভারতবর্ষের প্রধানমন্ত্রী পর্যন্ত ছুটে গিয়ে তাদের সাহায্য বিতরণ করেছেন। আজকে একথা ঠিক যে নৈরাশ্যবাদ প্রচার করে সমস্ত ভারতবর্ষে কল্পিত দুর্ভিক্ষ সৃষ্টি করে, ভারতবর্ষের উৎপাদন ক্ষেত্রে বাধা সৃষ্টি করে একটা নৈরাশ্যজনক অবস্থা সৃষ্টি করলে কোন ভাল ফল তাতে হবে না।

[3-45- 3-55 p.m.]

আজকে একথা অস্বীকার করার উপায় নেই যে আমাদের দেশেতে- যে কথা মাননীয় সদস্য কমলবাবু বললেন যে, বামপন্থী দলের সদস্যদের রিলিফ কমিটিতে মনোনয়ন করা হোক- আমি আজকে তৃতীয় নির্বাচনে মাত্র (এম এল এ-রূপে) সদস্য নিযুক্ত হয়েছি ঐ কমিটিতে। দুবদা বেসিন এই দুর্দশাগ্রস্ত অঞ্চলে যেখানে বন্যা এবং মহামারীর জন্য উৎপাদন ক্ষেত্রে বিশেষ অসুবিধা হয়ে আছে। সেই অঞ্চলে আমি দেখেছি সেখানকার সেই বামপন্থী এম এল এ-ও প্রেসিডেন্ট এবং সদস্যগণ ফুড কমিটির তারা কি করে এই অঞ্চলে রিলিফ-এর কাজ হয় গ্রামবাসীরা রিলিফ পায় আর এক অঞ্চলেও তারা রিলিফ থেকে বঞ্চিত হয় যেহেতু তারা অন্য দলের---বামপন্থী দলকে সমর্থন করে না। তাই তারা রিলিফ পায় না। যেহেতু বামপন্থী ফুড কমিটি হয়েছে বামপন্থী প্রেসিডেন্ট হয়েছে। তাই আজকে সেখানে এই অবস্থা দেখা যায়। আজকে দেখা যায় বিরোধী দলের দেশদরদী লোকের অভাব- আজকে সরকারের যারা সমর্থক তারা মনে করে যে এটা তাদের দেশ এবং প্রতিটি মানুষকে খাওয়ানো-পরানো ব্যবস্থা করার দায়িত্ব তাদের আছে। কিন্তু অন্য পন্থী যারা তাদের কোন পন্থা নেই। তারা নৈরাশ্যবাদ প্রচার করে—তারা দেশকে অসহায় অবস্থার মধ্যে আগিয়ে নিয়ে যান। তবে তো তাদের এই দেশে থাকবার সুযোগ হবে আজকে কিন্তু জনগণ এটা বুঝতে পেরেছে। আজকে আনন্দ-গোপালবাবু আমাদের যে উন্নয়নমূলক বিরাট হিসাব দিলেন, আমিও আমাদের একটা অঞ্চলের কথা বলি যেখানে বন্যা হয়, বহু শস্য হানি হচ্ছে, সেই অঞ্চলের প্রতিকারের জন্য সরকার চেষ্টা করছে—সেখানে রিলিফ দেওয়াও হয়েছে। আমি গত ১০ বছরের হিসাব দিচ্ছি:- আজকে একটি থানায় সেখানে যে রিলিফ দেওয়া হয়েছে ঐ এগ্রা থানায় দেওয়া হচ্ছে ৭ লক্ষ ৯০ হাজার ৪৯০ টাকা। এবং সেখানে টি আর ওয়ার্ক হয়েছে ১ লক্ষ ৯৪ হাজার ২০৬। একটি সামান্য থানায় এবং সেখানে হাউস বিল্ডিং লোন দেওয়া হয়েছে ৬ হাজার ৩ শত ২০, এবং ৮ হাজার

৫ শত ৩০ টাকা। যেখানে অসহায় অবস্থায় ঘরবাড়ি ভেঙ্গে গিয়েছে তারা এতে সুযোগ পেয়েছে এবং যাদের জমি চলে যাচ্ছিল ফসল হানির জন্য সেখানে দেওয়া হয়েছে ১ লক্ষ ৯ হাজার ৭ শত টাকা। আর সি পি-তে যাদের গরু নষ্ট হয়ে গেছে সেখানে দেওয়া হয়েছে ২ লক্ষ ২৫ হাজার ৯ শত টাকা। সি পি গরু-বাছুর কেনবার জন্য। সেখানে গ্রুপ লোন দেওয়া ৮ লক্ষ ১৭ হাজার ৯ শত টাকা। কৃষকদের শস্য উৎপাদনের সাহায্য করার জন্য এটা দেওয়া হয়েছে। আজকে আমি অনুতপ্ত হচ্ছি যে আজকে স্বাধীনতার পরে যারা সরকারের দায়িত্ব নিয়েছেন আজকে যিনি বাজেট উত্থাপন করেছেন নিশ্চয়ই তাঁর কথায় জনগণ উদ্বুদ্ধ হয়েছেন। তাই প্রায় সর্বোচ্চ ভোটে তিনি সমর্থন পেয়েছেন। আজকে এ কথা সত্য যে বিরোধী পক্ষ সেখানে কোন পাত্তা পাচ্ছেন না। কিছু একটা না করলে তো উপায় নেই। আজকে তাঁরা বলছেন যে দুর্ভিক্ষ মন্ত্রী। কি কারণে? যদি ভোট নেওয়া হয় তাহলে নিশ্চয়ই কেউ একথা বলবেন না কারণ বিগত বছর যা কাজ হয়েছে ১০।১২ বছর ধরে যে কাজ হয়েছে প্রত্যেক জায়গায় সেখানে সমস্ত নেতৃস্থানীয় ব্যক্তি এবং সরকারী কর্মচারীরা তা স্বীকার করেছেন। কারণ ভারতের স্বাধীন সরকার নিশ্চয়ই ঘোষণা করেছেন এবং আইন করেছেন বাধ্যতামূলকভাবে যা প্রত্যেক নাগরিকের স্বীকার্য যে একজন লোকও অনাহারে দুর্ভিক্ষগ্রস্ত হয়ে না মারা যায়।

আজকে ভারতবর্ষ রেকর্ড করেছে যে প্রতিটা মানুষ আগে যেমন নিরবচ্ছিন্ন অসহায়তার মধ্যে মাথা খুঁড়ে মরতো, আজকে এটা হবার উপায় নাই। এটা আজ দেশের সৌভাগ্য, আমাদের দেশের আশীর্বাদ যে আমাদের দেশের যাঁরা নেতা, প্রকৃত যাঁরা জনদরদী, তাঁদের হাতে সরকার রয়েছে। আজকে বিরোধী বন্ধুরা দুর্ভিক্ষ মন্ত্রী বললে নিজেই তাদের অঞ্চলে অপমানিত হবেন, এটা আপনারা বলতে পারেন না। আজকে দুর্ভিক্ষ বাজেটে বলা হয়েছে যে, দেশের সমস্ত পরিকল্পনার দ্বারা সত্যিকার উন্নয়নমূলক কাজকর্ম ঠিকভাবে হয়েছে এবং সেই উন্নয়ন পরিকল্পনা এই অ্যাসেম্বলী ও পার্লামেন্টের উভয় পক্ষের সদস্যরা সমর্থন করেছেন। অথচ বিরোধী পক্ষ থেকে পরিকল্পনা সম্বন্ধে নৈরাশ্যবাদ প্রচার করছেন যে এই পরিকল্পনা কিছু নয়, এই খাদ্যোৎপাদন কিছু নয়, এতে খাদ্যোৎপাদান হবে না। কিন্তু আমরা দেখছি—বড় বড় টেস্ট রিলিফ ওয়ার্ক এবং বিভিন্ন সরকারী পরিকল্পনায় যে সংগঠনমূলক কার্য, খাদ্যোৎপাদন কার্য হয়েছে তাতে বাম-পন্থীদের অনেক অসহায় করে দিয়েছে। তারপর জনগণের মধ্যে বিভ্রান্তিকর প্রচারকার্য চালাচ্ছেন এটা ঠিক নয়, এ কাজ ঠিক নয়, এর রেট ঠিক নয়, এই মজুরী ঠিক নয়, ইত্যাদি বলে লোককে শ্রমবিমুখ করে দেবার চেষ্টা করছেন। এটা জাতির পক্ষে খুবই দুর্ভাগ্য আজকে দেশের লোক নিশ্চয়ই সেটা উপলব্ধি করেছে। এই বলে আমি প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি।

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, নির্বাচনের আগে আমরা খবরের কাগজ পড়তে পড়তে এবং শুনতে শুনতে এসেছিলাম যে বাংলাদেশে দুর্ভিক্ষ মন্ত্রী বলে একজন মন্ত্রী আছেন। কিন্তু নির্বাচনের পরে অ্যাসেম্বলীতে এসে আমরা শুনলাম আর একজন নূতন মন্ত্রী বহাল হবেন, তিনি গোবর মন্ত্রী। এবার আবার দ্বিতীয় অধিবেশনের আগে বাড়ি গিয়ে দেখলাম—আর একটা পুস্তিকা প্রচার করা হয়েছে, ফ্যান সম্পর্কে ভাতের ফ্যান, ইলেকট্রিক ফ্যান নয়। কাজেই মনে হলো দেশের লোক তৃতীয় মন্ত্রী বহাল করবেন কিনা জানি না, তার নাম হবে “ফ্যান” মন্ত্রী। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানাতে চাই যে আমাদের কংগ্রেসী মন্ত্রীমণ্ডলী বা শাসক-শ্রেণীর পক্ষ থেকে একথা প্রচার করা হয় যে চারটি শর্ত পরিপূর্ণ করলে দুর্ভিক্ষ হবে না। এর প্রথম শর্ত হচ্ছে, প্রকৃতির আশীর্বাদ চাই; দ্বিতীয় শর্ত হচ্ছে, কালোবাজারে মাল যাবে না; তৃতীয় হচ্ছে, দেশে লোক জন্মাবে না, এবং চতুর্থ শর্ত হচ্ছে, লোকে ভাতের ফ্যান বা গম খাবে। এই চারটি শর্ত মানতে পারলে দুর্ভিক্ষ হয় না। কিন্তু এই চারটি শর্ত যখন মানা সম্ভব নয়, তখন একটা ফ্যামিন রিলিফ খাত চালিয়ে যাও। আমি একটা দিকে নজর দেবার জন্য আবেদন করবো—সেটা হচ্ছে এই—গত পনের বছর ধরে ফ্যামিন রিলিফ-এর ফলে ফ্যামিন হয়েছে আমাদের চরিত্রে। অর্থাৎ ভিক্ষার অভাব থাকলে যেমন দুর্ভিক্ষ হয়, তেমনি আমাদের পনের বছর ধরে কংগ্রেসী শাসনে যেমিন রিলিফ খাতে খরচ করতে করতে দেশের লোককে এমন একটা পর্যায়ে আনা হয়েছে যে নীতি বলতে, চরিত্র বলতে তাদের আর কিছু রাখবার সম্ভাবনা নাই। এবং সব তারা ডুবিয়ে

দিতে বাধ্য হচ্ছে। এই কথাগুলি আজকে সরকার গর্বের সংগে বলতে চান যে, ফেমিন নাই, দুর্ভিক্ষের পদধ্বনি নৈরাশ্যবাদ। তার পাল্টা জবাবে আমি এইটুকু চাই তাঁরা বুকে হাত দিয়ে বলুন যে, কেন ফেমিন রিলিফ খাতে পর পর দ্বিগুণ, তিন গুণ টাকা বরাদ্দ করছেন! কংগ্রেস পক্ষের এবং বিরোধী পক্ষের সদস্যরা একবাক্যে বলে যাচ্ছেন--ব্যাপক দুঃস্থতায় গ্রামাঞ্চল ভেঙ্গে পড়ছে; শহরে বেকার বাড়ছে। এই যদি পরিস্থিতি হয়, তা হলে আমার মনে হয় দুর্ভিক্ষ কাকে বলবো? তার চেতনা ও সংজ্ঞা কি হবে? দুর্ভিক্ষের চেতনা এবং সংজ্ঞা মামুলী যুগের মন্বন্তর বললে হবে না। ১৯৬৩ সালে যে যুগে এখন আমরা বাস করছি, যে যুগের লোক সমাজতান্ত্রিক ধাঁচের স্বর্গ চাচ্ছে, যেখানে প্রত্যেকটা মানুষ চাচ্ছে স্বাধিকার, সেই যুগের চেতনা নিয়ে চিন্তা করতে হবে। ব্যাপক দুঃস্থতা, ব্যাপক কষ্ট, ব্যাপক খাদ্যাভাব এবং ব্যাপকভাবে মানুষের ক্রয়শক্তির অভাব আজকের লক্ষণ। অভাব কত গভীরে আছে, সেই গভীরতা থেকে আমরা যদি স্বীকার করে নিতে পারি যে আমাদের মধ্যে গভীরতা সম্পর্কে ভাবনার একতা আছে, তা হলে আমাদের দুর্ভিক্ষ চেতনা বদলাতে হবে এবং তার জন্য তদনুযায়ী আমাদের টাকা বরাদ্দ করতে হবে। তা না হলে কার্পণ্য করে এইভাবে দুর্ভিক্ষ খাতে টাকা ব্যয় করে দুর্ভিক্ষ কমবে না, দুর্ভিক্ষ প্রশমিত হবে না, বরং আরো নীতিগত চরিত্রের অধঃপতন হওয়ার সম্ভাবনা আছে।

[3-55—4-05 p.m.]

52.	Shri Khageswar Gope, Sadipur	1	0	0
53.	Shri Subhesh Soran, Kabasi	1	0	0
54.	Shri Kasavaj Mandal, Maharadapur	1	0	0
55.	Shri Sibapada Mandal, Malikan	1	0	0
56.	Shri Rash Behari Mandal, Khanpur	1	0	0
57.	Shri Satya Kumar Mandal, Haripur	1	0	0
58.	Shri Purna Ch Mondal, Aladipur	1	0	0
59.	Shri Gaya Nath Mandal, Krishnagore	1	0	0
60.	Shri Dulal Biswas, Chandpur	1	0	0
61.	Shri Bisweswar Misra, Dumro	1	0	0
62	Shri Mainuddin Mandal, Gourland	1	0	0
63.	Shri Wajat Ali Mandal, Guayabnapur	1	0	0
64	Shri Jhakshu Mandal, Titerpur	1	0	0
65.	Shri Dula Murmer, Jogiapara	1	0	0
66.	Shri Sakhi Charan Mandal, Boalia	1	0	0
67.	Shri Sashi Charan Mandal, Sonavar.	1	0	0
68.	Shri Jamaruddin Munshi, Ramchandrapur	1	0	0
69.	Shri [illegible] Nath Chakraborty, Sibipur	1	0	0
70.	Shri A[illegible] Mandal, Ranikamal	1	0	0
71.	Shri [illegible] Sarkar, Khelanpur	1	0	0
72.	Shri [illegible] Ch. Sarkar, Kosstabari	1	0	0
73.	Shri [illegible] Mandal, Magachara	1	0	0
74.	Shri Sh[illegible] Uttar Khelampur	1	0	0
75.	Shri B[illegible] Das, Chanchal	1	0	0
76.	Shri [illegible] Sk., Baurgachi	1	0	0
77.	Shri A[illegible]ul Haque, Sujaganj.	1	0	0
78.	Shri A[illegible] Ali, Raniganj	1	0	0
79.	Shri Sujan Das, Uttar Singia	1	0	0
80.	Shri Tarapada Das, Dakhinsahar	1	0	0
81.	Shri Kali Charan Das, Srirampur	1	0	0
82.	Shri Emrat Ali, Mohanpur	1	0	0
83.	Shri Narendra Nath Sarkar, Paharpur	1	0	0
84.	Shri Rambhadra Mandal, Birasthal	1	0	0
85.	Shri Najib Mandal, Sanjib	1	0	0

Sl. No.	Name of grower and address.	Quantity supplied. Md.	Sr.	Ch.
86.	Shri Gopal Ch. Das, Dakshinsoba	1	0	0
87.	*Shri Thoger Mandal, Kashipur*	1	0	0
88.	*Shri Jaminruddin*, Uttar *Bhabanipur*	1	0	0
89.	*Shri Nagendra Nath Mandal*, Rosulpur	1	0	0
90.	Shri Muslimuddin, Rampur	1	0	0
91.	Shri Tafazzal Hossain, Gouripur	1	0	0
92.	Shri Hazi Ansaruddin, Gorakpur	1	0	0
93.	Shri Braja Mohan Mandal, Sadupur	1	0	0
94.	Shri Kubad Ali, Harobajra	1	0	0
95.	Shri Rash Mohan Mandal, Bhakui	1	0	0
96.	Shri Abul Kasim, Nahalpur	1	0	0
97.	Shri Abdur Rahaman, Maniknagar	1	0	0
98.	Shri Peer Mahammad, Habinagar	1	0	0
99.	Shri Sadaruddin Ahmad, Bidyanandapur	1	0	0
100.	Shri Hazi Dil Mahammad, Satagoch	1	0	0
101.	Shri Sirajuddin, Khanpur	1	0	0
102.	Shri Sk. Ekram, Mathurapur	1	0	0
103.	Shri Subhan Ali, Ranpur	1	0	0
104.	Shri Sk. Gohar Ali, Jamghati	1	0	0
105.	Shri Praman Ali Chowdhury, Narasinhapur	1	0	0
106.	Shri Sk. Safizuddin, Prasurampur	1	0	0
107.	Shri Basanta Kr. Mandal, Baman	1	0	0
108.	Shri Sukur Mahamad, Basantapur	1	0	0
109.	Shri Baharuddin, Domabur	1	0	0
110.	Shri Golam Hossain Mandal, Silpur	1	0	0
111.	Shri Sk. Gasuddin, Bankipur	1	0	0
112.	Shri Samiruddin Sirkar, Gagoa	1	0	0
113.	Shri Khoka Das, Rahimpur	1	0	0
114.	Shri Basanta Sarkar, Balakat	1	0	0
115.	Shri Jaharuddin, Rajpur	1	0	0
116.	Shri Sabid Mahammad, Sitalpur	1	0	0
117.	Shri Haji Ramjan Ali, Kasmai	1	0	0
118.	Shri Mahatab Hossain, Mathiharpur	1	0	0
119.	Shri Samsuddin, Malda.	1	0	0
120.	Shri Hossain Ali, Daudpur	1	0	0
121.	Shri Sashi Mohan Das, Poma	1	0	0
122.	Shri Fairuddin Ahmad, Kelipara	1	0	0
123.	Shri Fazar Ali, Sonorai	1	0	0
124.	Shri Kiran Ch. Saha, Krishnapur	1	0	0
125.	Shri Masha Ali, Durgapur	1	0	0
126.	Shri Lagan Ghosh, Meghdanbar	1	0	0
127.	Shri Iswar Roy, Kainari	1	0	0

Sl. No.	Name of grower and address.	Quantity supplied. Md.	Sr.	Ch.
128.	Shri Gopal Mandal, Madhabana	1	0	0
129.	Shri Godhan Ghosh, Kajaldighi	1	0	0
130.	Shri Baddhir Orao, Kandavan	1	0	0
131.	Shri Peer Mahammad, Malabar	1	0	0
132.	Shri Tinkari Orao, Kahlamari	1	0	0
133.	Shri Siddik Biswas, Nutan Kandavan	1	0	0
134.	Shri Basanta Kumar Ghosh, Kaliganj	1	0	0
135.	Shri Panchuram Tari, Mokdara	1	0	0
136.	Shri Jatha Oraon, Tisghara	1	0	0
137.	Shri Riajuddin Mandal, Chandikalirpur	1	0	0
138.	Shri Hazi Kasimuddin, Bijli	1	0	0
139.	Shri Raman Ghosh, Bhabasapur	1	0	0
140.	Shri Debnarayan Mandal, Raniganj	1	0	0
141.	Shri Sadha Lal Mandal, Pararpur	1	0	0
142.	Shri Dwarika Mandal, Khempa	1	0	0
143.	Shri Munshi Majhi, Charolmoni	1	0	0
144.	Shri Nagen Mandal, Kasimpur	1	0	0
145.	Shri Taher Molla, Jigachia	1	5	0
146.	Shri Rostam Mandal, Bisanpur	1	5	0
147.	Shri Aftan Munshi, Namo Dhargora	1	0	0
148.	Shri Hazi Sahabdia, Elargi	1	0	0
149.	Shri Kasimuddin Mandal, Solemari	1	0	0
150.	Shri Mahimuddin Biswas, Haldibari	1	0	0
151.	Shri Hazi Khariat, Ranaghat	1	0	0
152.	Shri Lal Mahammad, Dakshin Parsupur	1	0	0

Industrial towns at Habra and Ranaghat

304. (Admitted question No. 368.) **Shri Sambhu Charan Ghosh:**

বাণিজ্য ও শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাবড়া ও রানাঘাটে শিল্পনগরী সংস্থাপনের পরিকল্পনা বাতিল করা হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তরে "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ইহার কারণ কি,

(২) উক্ত অঞ্চলের উদ্বাস্তুদের কর্মসংস্থানের বিকল্প কোন পরিকল্পনা আছে কিনা, এবং

(৩) পরিকল্পনা থাকিলে তাহা কি?

The Minister for Commerce and Industries:

(ক) হাবড়া ও রানাঘাটে শিল্পনগরী স্থাপনের কোন পরিকল্পনা রাজ্যসরকারের নাই। ভারত-সরকারের শিল্প পুনর্বাসন সংস্থা (রিহ্যাবিলিটেশন ইন্ডাস্ট্রিজ করপোরেশন লিমিটেড) উপরি-উক্ত দুই স্থানে শিল্পনগরী স্থাপনের যে পরিকল্পনা করিয়াছিলেন তাহা বর্তমান জরুরীকালীন অবস্থার জন্য স্থগিত রাখা হইয়াছে।

(খ) হাবড়ায় ২৫,000 মাকুযুক্ত একটি স্পিনিং মিল স্থাপনের পরিকল্পনা রাজ্যসরকারের আছে। এ ছাড়া হাবড়ায় ও রানাঘাটে উদ্বাস্তুদের কর্মসংস্থানের জন্য ভারত-সরকারের শিল্প পুনর্বাসন সংস্থা সেরামিক শিল্প স্থাপন করিবার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন।

Clay Modelling Centre at Habra, Ranaghat, Taherpur and Chakdah

305. (Admitted question No. 369.) **Shri Sambhu Charan Ghosh:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাবড়া, রানাঘাট, তাহেরপুর ও চাকদহে মৃৎশিল্প কারখানা প্রতিষ্ঠার পরিকল্পনা বাতিল করা হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ইহার কারণ কি, এবং

(২) এই অঞ্চলের উদ্বাস্তুদের কর্মসংস্থানের বিকল্প কোন পরিকল্পনা আছে কিনা?

The Minister for Cottage and Small-Scale Industries:

(ক) হাবড়া, তাহেরপুর ও চাকদহে পশ্চিমবঙ্গ-সরকারের কোন মৃৎশিল্প কারখানা প্রতিষ্ঠার পরিকল্পনা নেই। প্রসংগত উল্লেখ করা যেতে পারে যে, হাবড়া, তাহেরপুর খোসবাস মহল্লা (চাকদহের নিকটবর্তী) চাকদহ এবং গয়েসপুর (নদিয়া) ভারত-সরকারের অধীনে শিল্প পুনর্বাসন সংস্থার কয়েকগুলি মৃৎশিল্প কারখানা আছে। এই 'প্রডাকসন-কাম-ট্রেনিং সেন্টার গুলিকে পুরোপুরি "ওয়ার্কসপে" রূপান্তরিত করা হচ্ছে। এতে স্থানীয় উদ্বাস্তুদের কর্মসংস্থানের ব্যবস্থা হবে।

রানাঘাট সম্বন্ধে বলা যেতে পারে যে, পশ্চিমবঙ্গ-সরকারের এখানে একটি মৃৎশিল্প কারখানা স্থাপনের পরিকল্পনা আছে। এর জন্য প্রয়োজনীয় জমি ও বাড়ির দখল নেওয়া হয়েছে। তবে চৈনিক আক্রমণের পরিপ্রেক্ষিতে বর্তমান জরুরী অবস্থার জন্য এই পরিকল্পনাটি সাময়িকভাবে স্থগিত রাখা হয়েছে।

(খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

Opening of a College at Cossipore

306. (Admitted question No 372.) **Shri Sushil Kumar Das Gupta:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government has any plan for opening a College at Cossipore; and

(b) if so, when the said plan will be implemented?

The Minister for Education: (a) Government have plans for establishing a Girls' College in Cossipore area, if funds permit.

(b) Government are now on the look out for a suitable piece of land for the proposed College. Further steps will be taken when this is found.

Sports Stadium at Chinsurah

307. (Admitted question No. 393.) **Shri Sambhu Charan Ghosh:** শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি চুঁচুড়া শহরে স্টেডিয়াম নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে কবে নাগাদ তাহা কার্যকরী হইবে?

The Minister for Education:

(ক) না, স্টেডিয়াম নির্মাণের পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন (সেন্ট্রালি স্পনসর্ড) পরিকল্পনাসমূহের অন্তর্ভুক্ত। গত দুই বৎসর কেন্দ্রীয় সরকার স্টেডিয়াম নির্মাণের কোনও নতুন পরিকল্পনাই অনুমোদন করেন নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

North Bengal State Transport Corporation

308. (Admitted question No. 416.) **Shri Sunil Das Gupta:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট করপোরেশন-এর চীফ একজিকিউটিভ অফিসার তাঁহার প্রভিডেন্ট ফান্ডের সমস্ত অর্থ তুলিয়া লইয়াছেন, অথচ কর্মীদের প্রদত্ত প্রভিডেন্ট ফান্ডের কোন হিসাবপত্র প্রদান করিতে করপোরেশন অপারগ; এবং

(খ) সত্য হইলে এই সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Home (Transport):

(ক) ও (খ) উক্ত চীফ একজিকিউটিভ অফিসারকে কেবলমাত্র তাঁহার দেয় টাকা (এমপ্লয়ার্স কন্ট্রিবিউশন বাদে রেখে) প্রভিডেন্ট ফান্ড-এ জমা রাখিতে দেওয়া হইয়াছিল, এবং ১৫-৪-৬৩ তারিখ হইতে অবসর গ্রহণ করিতেছেন বলিয়া তিনি উক্ত টাকা প্রভিডেন্ট ফান্ড হইতে করপোরেশনের অনুমতি লইয়া তুলিয়া লইয়াছেন। উক্ত সংস্থার কর্মীদের প্রভিডেন্ট ফান্ড-এর সমস্ত হিসাব করপোরেশন হইবার পূর্বে সরকারী সংস্থা বলিয়া এ জি ডব্লিউ বি-এর নিকট থাকিত। ঐগুলি এ জি ডব্লিউ বি-এর নিকট চাওয়া হইয়াছে এবং পাওয়া গেলেই এ বিষয়ে সম্পূর্ণ হিসাব দানে উক্ত সংস্থা সক্ষম হইবেন।

Persons arrested under Defence of India Act and Bengal Security Act in Cooch Behar

309. (Admitted question No. 510.) **Shri Jiban Krishna Dey:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Special) Department be pleased to state—

(ক) কোচবিহার জেলার কোন্ কোন্ জেলে ভারতরক্ষা আইন ও বেঙ্গল সিকিউরিটি অ্যাক্টে ধৃত কমিউনিস্ট এবং অন্যান্য কতজন বন্দী আছেন; এবং

(খ) ইহার মধ্যে কতজনকে বিচারাধীন প্রথম শ্রেণীর মর্যাদা দেওয়া হইয়াছে?

The Minister for Home (Special):

(ক) ভারতরক্ষা আইন ও ওয়েস্ট বেঙ্গল সিকিউরিটি অ্যাক্টে আটজনকে গ্রেপ্তার করা হইয়াছে। তাঁহাদের মধ্যে কতজন কমিউনিস্ট এবং কতজন অন্যান্য বন্দী তাহা নির্দিষ্টভাবে জানা যায় নাই। ইহা ছাড়া একজন কমিউনিস্ট বন্দী দমদম সেন্ট্রাল জেলে ভারতরক্ষা আইনে আটক আছেন। যেসকল বন্দীদের গ্রেপ্তার করা হইয়াছে তাঁহাদের অধিকাংশই ডিস্ট্রিক্ট জেলে এবং সাব-জেলে আছেন। ডিস্ট্রিক্ট জেলে এবং সাব-জেলে কতজন বন্দী আছেন তাহার সঠিক সংখ্যা উপস্থিত জানা নাই।

(খ) ভারতরক্ষা আইনে আটক কমিউনিস্ট বন্দীটিকে প্রথম শ্রেণীভুক্ত করা হইয়াছে। বিচারাধীন বন্দীদের শ্রেণীভুক্ত করিয়া থাকেন বিচারক ম্যাজিস্ট্রেটগণ। এইরূপ কতজন বন্দীকে বিচারাধীন প্রথম শ্রেণীভুক্ত করা হইয়াছে তাহা উপস্থিত জানা নাই।

Remission of rents

310. (Admitted question No. 517.) **Shri Mrigendra Bhattacharyya:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মেদিনীপু জেলার দাসপুর থানার ১৯৫৯ সালের ফসলহানির জন্য কোন্ কোন্ মৌজার রাজস্ব ছাড় দি সরকার মনস্থ করিয়াছেন?

The Minister for Land and Land Revenue: মৌজাগুলির একটি তালিকা এতৎসহ উপস্থাপিত হইল।

List referred to in reply to unstarred question No. 310

Police-station Daspur

Sl. No.	Name of Mauza	J. L. No
1.	Supapursuri	[illegible]
2.	Baluri	[illegible]
3.	Simana	[illegible]
4.	Kantadarja	[illegible]
5.	Uttar-Jharia	[illegible]
6.	Raikundu	[illegible]
7.	Chandipur	[illegible]
8.	Singhagahi	[illegible]
9.	Dubrajpur	[illegible]
10.	Darirajpur	1[illegible]
11.	Dakshin-Jharia	1[illegible]
12.	Baramara	1[illegible]
13.	Hazakundu	1[illegible]
14.	Danikola	1[illegible]
15.	Metasore	1[illegible]
16.	Kismat-Narajole	1[illegible]
17.	Nij-Narajole	1[illegible]
18.	Kalyanpur	1[illegible]
19.	Ramdaspur	1[illegible]
20.	Balipota	2[illegible]
21.	Gobrakundu	2[illegible]
22.	Bachrakundu	2[illegible]
23.	Samat	2[illegible]
24.	Hassainpur	2[illegible]
25.	Rajnagar	2[illegible]
26.	Ramdebpur	2[illegible]
27.	Jadupur	2[illegible]
28.	Barasimla	6[illegible]

Sl. No;	Name of Mouza.	J. L.
29.	Barjalalpur	75
30.	Basantapur	77
31.	Gobindanagar	78
32.	Parbatipur	87
33.	Nijampur	88
34.	Syed-Karim	89
35.	Rabidaspur	90
36.	Rambati	91
37.	Beharichak	92
38.	Balakrouth	93
39.	Paiknlakshmi	95
40.	Nandanpur	96
41.	Mirjapur	97
42.	Tatarkhan	98
43.	Kismat-Kolorah	99
44.	Maheshpur	100
45.	Sekendari	101
46.	Joykrishnapur	102
47.	Sarberia	104
48.	Soulan	105
49.	Ratnapur	106
50.	Gangaprasad	107
51.	Brahmanbasan	111
52.	Machgeria	113
53.	Debkul	128
54.	Balitola	103
55.	Jogannathbati	129
56.	Barkasimpur	130
57.	Gadaipur	132
58.	Krishnagar	133
59.	Anantapur	134
60.	Nabinmaheshpur	135
61.	Manikpur	136
62.	Patla ..	137
63.	Dharmasagar	138
64.	Ramchandrapur	139
65.	Chakprasad	140
66.	Jatisob	141
67.	Paikanboalia	142
68.	Chasundar	143
69.	Baha. ichak	144
70.	Dharma	145

Sl. No.	Name of Mauza.	J. L. No.
71.	Chakboalia	146
72.	Sahapur	147
73.	Teorberia	148
74.	Arhkhana	149
75.	Jalalpur	166
76.	Jote-Gouranga	170
77.	Kalaikundu	180
78.	Mahabatpur	185
79.	Nabinsimpla	186
80.	Sagarpur	192

P. S. DASPUR GOPIGUNJ L. R. CIRCLE

Sl. No.	Name of Mauza.	J. L. No.
1.	Goura	80
2.	Sitapur	235
3.	Kashinathpur	236
4.	Lakshyakundu	152
5.	Sripur	151
6.	Radhaballavchak	153
7.	Kashchak	84
8.	Kuchamati	154
9.	Shyamchak	83
10.	Lakshychak	82
11.	Nabinmanua	155
12.	Khukurdaha	150
13.	Jagannathpur	85
14.	Sonamui	86
15.	Rampur	81
16.	Tajpur	173
17.	Juakhali	175
18.	Rana	176
19.	Chakkishore	169
20.	Soyla	171
21.	Kismat-Soyla	179
22.	Mahakalpota	178
23.	Sonakhali	172
24.	Sahachak	177
25.	Jotebhagaban	168
26.	Jotegobardhan	167
27.	Chaksultan	163
28.	Guchati	161

Sl. No.	Name of Mauza.	J. L. No.
29.	Kelegoda	174
30.	Singhachak	162
31.	Bishnupur	189
32.	Udoychak	215
33.	Ghanashyambati	188
34.	Bhuta	187
35.	Gopalpur	199
36.	Kamalpur	206
37.	Shamnagar	207
38.	Kaigeria	208
39.	Kalagechia	204
40.	Khanjapur	205
41.	Hazraberh	209
42	Ishahpur	196
43.	Dubrajpur	196
44.	Ramnagar	197
45.	Ramkrishnapur	190
46.	Khudachak	210
47	Bhagabatpur	211
48	Jotekamramgarh	212
49.	Jotemohiram	191
50.	Dori-Ajodhya	214
51.	Ranichak	213
52	Kajuri	218
53	Perai	219
54.	Bhuinara	217
55	Naihati	221
56.	Arit	220
57.	Chaipat	216
58.	Panchagechia (Part I)	158
59.	Jotekeshab	159
60	Ajuria	107
61.	Adampur	228
62.	Faridpur	227
63.	Uttarbarh	222
64.	Alipur	235
65.	Manikdipa	226
66.	Dakshinbarh	224
67.	Mahishghata	223
68.	Panchagechia (Part I)	229
69.	Nischindipur	230

Sl. No.	Name of Mauza.	J. L. No.
70.	Bhagabanchak	234
71.	Joyramchak	157
72.	Joyrampur	232
73.	Palaspai	156
74.	Kultikri	241
75.	Sreebora	247
76.	Kasiarah	246
77.	Maguria	242
78.	Dudkumra	245
79.	Chak-Dogachia	244
80.	Chak-Dogachia	243
81.	Joteghanashyam	240
82.	Satpota	233
83.	Gourichak	231
84.	Gomokpota	237
85.	Narayanchak	238
86.	Dongabhanga	239
87.	Nema-Narayanchak	248

Sinking of deep tubewells

311. (Admitted question No. 566.) **Shri Radhika Dhibar:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ও জয়পুর থানায় এ পর্যন্ত পশ্চিমবঙ্গ কৃষিবিভাগের সেচ পরিকল্পনানুসারে গভীর নলকূপ স্থাপনের কোন প্রকার ব্যবস্থা হইয়াছে কিনা;

(খ) বিষ্ণুপুর থানার লয়ের মৌজা, চাকদহ গড়ের মাঠ মৌজা, শ্যামসুন্দরপুর মৌজা এবং জয়পুর থানার হেতিয়া ইউনিয়নের জনসাধারণের নিকট হইতে কৃষিকার্যে সেচের উদ্দেশ্যে গভীর নলকূপ স্থাপনের জন্য কোনও আবেদন সরকার পাইয়াছেন কি;

(গ) ঐরূপ আবেদন আসিয়া থাকিলে তাহা কার্যকরী করিবার ব্যবস্থা হইয়াছে কিনা; এবং

(ঘ) উক্ত নলকূপ স্থাপনের জন্য গ্রামবাসীদিগকে কোনরূপ খরচ বহন করিতে হয় কি?

The Minister for Agriculture:

(ক) এ পর্যন্ত কোন গভীর নলকূপ উক্ত থানা দুটিতে বসান হয় নাই।

(খ) হ্যাঁ।

(গ) ঐ দুইটি থানা কংসাবতী পরিকল্পনার এলাকাভুক্ত হওয়ায় ঐ এলাকার গভীর নলকূপ খননের দ্বারা সেচব্যবস্থার কোন সরকারী প্রকল্প বর্তমানে নাই।

(ঘ) নলকূপ স্থাপনের জন্য কোনও স্থানীয় চাঁদা স্থানীয় অধিবাসিগণকে বহন করিতে হয় না। তবে উপকৃত ব্যক্তিদের কিছু সেচকর দিতে হয়।

Scheduled Caste students in Bankura

312. (Admitted question No. 578.) **Shri Jaleswar Hansda:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় হাইয়ার সেকেন্ডারী ও উচ্চ ইংরাজী বিদ্যালয়ে পাঠরত আদিবাসী ও তফসিল ছাত্রছাত্রীর বর্তমান সংখ্যা কত;

(খ) ১৯৬১-৬২ সালে কোন্ কোন্ হাইয়ার সেকেন্ডারী ও উচ্চ ইংরাজী বিদ্যালয়ের কতজন ছাত্রছাত্রীর সাহায্যের ব্যবস্থা হইয়াছে;

(গ) কলেজে পঠরত আদিবাসী ছাত্রছাত্রীদের কি কি বাবত সাহায্যের ব্যবস্থা আছে; এবং

(ঘ) বাঁকুড়া জেলায় কোন্ কোন্ কলেজে কতজন এরূপ ছাত্রছাত্রীর সাহায্যের ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Education:

(ক) সংশিল্ট তালিকা টেবিলে প্রদত্ত হইল।

(খ) প্রয়োজনীয় তথ্য সংগ্রহ সময়সাপেক্ষ।

(গ) কলেজের বেতন, বোর্ড বাবত দেয়, অন্যান্য দেয় এবং রক্ষণাবেক্ষণ বাবত খরচ মিলাইয়া মোট সাহায্য দেওয়া হইয়া থাকে।

(ঘ) সংশিল্ট তালিকা টেবিলে প্রদত্ত হইল।

List referred to in reply to clause (Ka) of unstarred question No. 312

ক) বাঁকুড়া জেলায় হাইয়ার সেকেন্ডারী ও উচ্চ ইংরাজী বিদ্যালয়ে পাঠরত আদিবাসী ও তফসিলী ছাত্রছাত্রীর তালিকা

আদিবাসী	তফসিলী
হাইয়ার সেকেন্ডারী—	হাইয়ার সেকেন্ডারী—
ছাত্র—৭০২	ছাত্র—১,২৩০
ছাত্রী—২১	ছাত্রী—৩৯
উচ্চ ইংরাজী—	উচ্চ ইংরাজী—
ছাত্র—৮৮৮	ছাত্র—১,০৮৬
ছাত্রী—১১	ছাত্রী—৪৯

List referred to in reply to clause (Gha) of unstarred question No. 312

ঘ) বাঁকুড়া জেলার বিভিন্ন কলেজে সাহায্যপ্রাপ্ত আদিবাসী ও তফসিলী ছাত্রছাত্রীর তালিকা

কলেজের নাম	১৯৬১-৬২ সালে সাহায্যপ্রাপ্ত ছাত্রছাত্রীর সংখ্যা। আদিবাসী	তফসিলী
১। বাঁকুড়া ক্রিশ্চিয়ান কলেজ	১০	২৫
২। বাঁকুড়া সম্মিলনী কলেজ	২	২৯
৩। রামানন্দ কলেজ, বিষ্ণুপুর	১৯	৬১
৪। অমরকানন দেশবন্ধু বিদ্যালয়	—	৩
৫। বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ	—	৫
৬। কে, জি, ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট	৩	২১

Nalhati N.E.S. Block No. II

313. (Admitted question No. 581.) **Shri Shiromani Prosad:**

কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নলহাটী থানার অন্তর্গত নলহাটী এন ই এস ব্লক নং ২ কোহারপুর এই বৎসর আলু-সার ঋণের টাকা কৃষকদের মধ্যে বণ্টন করা হয় নাই; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Minister of State for Agriculture:

(ক) না। তবে জরুরী অবস্থায় আলু চাষের দ্বারা ফসল বাড়ানোর জন্য বিশেষ ঋণ বীরভূম জেলায় বরাদ্দ করা হয় নাই। সাধারণভাবে সর্বত্র ধান্য, পাট, আলু ও রবিশস্য চাষের জন্য সারের ঋণ দেওয়া হয় বীরভূম জেলার অন্যান্য স্থানের সহিত নলহাটী ২নং ব্লক লোহাপুরে তাহা বিতরণ করা হইয়াছে।

(খ) প্রশ্ন উঠে না।

Baidara Bantia Road in Birbhum

314. (Admitted question No. 593.) **Shri Shiromani Prosad:**

উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার নলহাটী থানার অন্তর্গত বৈদারা-বানটিয়া রোড উইথ ব্রীজ ওভ ত্রিপুতা রিভার পরিকল্পনার জন্য কত টাকার টেকনিক্যাল এস্টিমেট স্যাংশন ক হইয়াছে; এবং

(খ) উক্ত টেকনিক্যাল এস্টিমেট প্রস্তুতপূর্বক কাজটি আরম্ভ করিতে কতদিন সময় লাগি পারে?

The Minister for Development (Roads):

(ক) রাস্তাটির জন্য তৃতীয় পরিকল্পনায় আট লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। কো প্রাক্কলন এখনও অনুমোদন করা হয় নাই।

(খ) প্রাথমিক ব্যবস্থাদি শেষ করিয়া রাস্তার কাজ আগামী নবেম্বর মাসের পূর্বে আর করা সম্ভব হইবে না।

Baidara Bantia Road in the Third Five-Year Plan

315. (Admitted question No. 595.) **Shri Shiromani Prosad:**

উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

বীরভূম জেলার নলহাটী থানার অন্তর্গত বৈদারা-বানটিয়া রোড (ত্রিপুতা নদীর উপর সহ) কাজটি তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হইয়াছে কিনা?

The Minister for Development (Roads):

হাঁ।

Total cultivated and cultivable area in West Bengal

316. (Admitted question No. 598.) **Shri Birendra Narayan Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) total amount of cultivated and cultivable area in West Bengal in 1951 and 1961; and

(b) total amount of irrigated area during the abovementioned years?

The Minister for Agriculture: (a) and (b) A Statement is laid on the Table.

Statement referred to in reply to clauses (a) and (b) of unstarred question No. 316

STATEMENT SHOWING CULTIVAVED AND IRRIGATED AREA IN WEST BENGAL DURING 1950-51 AND 1960-61.

(In lakh acres)

		1950-51 (West Bengal including Cooch Behar but excluding territories transferred from Bihar).	1960-61 (West Bengal including Cooch Behar and territories transferred from Bihar)
(a) (i) Total cultivated area (including current fallow).		128·63	143·76
(ii) Cultivable area	..	Not available	Not available
(b) Net irrigated area	..	24·46	35·14

Cultivable area includes culturable waste land regarding which no data are available.

Mr. Deputy Speaker: We take up voting on demand for grant. Miss Maiti.

(The Hon'ble Abha Maiti rose to speak.)

Presence of I.B. Officers at the gates of Assembly House

শ্রীহেমন্তকুমার বসু: স্যার, আমাদের বিধানসভার বিভিন্ন গেটে আই বি জমা হয়ে আছে। এটা কি একটা কনসেনট্রেসন ক্যাম্প? আমার মনে হয় এটা আমাদের হাউসের পক্ষে অবমাননা-কর। তাঁরা আমাদের দৃষ্টির বাহিরে থাকুন, কিন্তু আই বি অফিসাররা কেন গেটের ধারে থাকবেন।

মিঃ ডেপুটি স্পীকার: পুলিস হচ্ছে গভর্নমেন্টের ডিপার্টমেন্ট-এর—তাঁদের প্রয়োজন আছে।

শ্রীহেমন্তকুমার বসু: হাউসের গেটের সামনে তাঁদের থাকবার প্রয়োজন নেই, তাঁরা দূরে থাকুন।

মিঃ ডেপুটি স্পীকার: আপনার কথা শুনলাম আমি দেখব।

শ্রীহেমন্তকুমার বসু: আপনার দৃষ্টি আকর্ষণ করছি আপনি এবিষয়ে একটা ব্যবস্থা করুন।

শ্রীসুনীল দাসগুপ্ত: আমি যখন ট্যাক্সি করে ইডেন গার্ডেনের গেট দিয়ে ঢুকছি তখন দুজন পুলিস একেবারে ট্যাক্সির সামনে এসে দেখে তারপরে আমাদের যেতে বললেন। সেই ট্যাক্সি ড্রাইভার বলেন যে আমি তো কোনদিন এইরকম দেখিনি। আমরা আইনসভায় যোগদান করব আর পুলিস এইভাবে বাধা দেবে এটা তো অন্যায়।

Mr. Deputy Speaker: I shall look into the matter. Please take you seat.

Point of Privilege

শ্রী[illegible]নারায়ণ রায়: কালকে আমি একটা পয়েন্ট অফ প্রিভিলেজ তুলেছিলাম সেটার কি হল?

মিঃ ডেপ্‌টি স্পীকার: কিসের ব্যাপারে?

শ্রী[illegible]নারায়ণ রায়: আপনি ছিলেন না।

মিঃ ডেপ্‌টি স্পীকার: স্পীকার যখন আসবেন তখন তিনি তাঁর রুলিং দেবেন।

DEMAND FOR GRANT No. 43

Major Heads: 71—Miscellaneous—Expenditure on displaced persons, etc.

The Hon'ble Abha Maiti: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,13,20,000 be granted for expenditure under Grant No. 43, Major Heads. "71—Miscellaneous—Expenditure on displaced persons—109 Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons".

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৪৩ সংখ্যক অনুদানের "৭১ উদ্বাস্তু ব্যক্তিদের জন্য বিবিধ ব্যয়", "১০৯ অন্যান্য কার্যের জন্য মূলধনী লগ্নী উদ্বাস্তু ব্যক্তিদের জন্য ব্যয়", "রাজ্যসরকার কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিম উদ্বাস্তু ব্যক্তিদের জন্য ঋণ ও অগ্রিম" মূল খাতগুলির ব্যয়ের নিমিত্ত মোট ৫,১৩,২০,০০০ (পাঁচ কোটি তের লক্ষ কুড়ি হাজার) টাকার বরাদ্দ পেশ করছি। মহাশয়, উক্ত ব্যয়ের দফাওয়ারি বিবরণ নিম্নরূপ, "৭১ উদ্বাস্তু ব্যক্তিদের জন্য বিবিধ ব্যয় খাতে ৩,২৯,৫৩,০০০ টাকা," ১০৯ অন্যান্য কার্যের জন্য মূলধনী লগ্নী উদ্বাস্তু ব্যক্তিদেব জন্য ব্যয় খাতে ১,২৪,৮২,০০০ টাকা, ও "রাজ্যসরকার কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিম উদ্বাস্তু ব্যক্তিদের জন্য ঋণ ও অগ্রিম" খাতে ৫৮,৮৫,০০০ টাকা।

মহাশয় অসামরিক বাজেটের আনুমানিক হিসাবের দ্বিতীয় খণ্ডের ৬৪৪ পৃষ্ঠায় দেখা যাবে যে, "৭১ উদ্বাস্তু ব্যক্তিদের জন্য বিবিধ ব্যয়" রাজস্ব খাতের ৩,২৯,৫৩,০০০ টাকার দাবীর মধ্যে কেন্দ্রীয় সরকার ও অন্যান্য সূত্র থেকে পাওয়া যাবে ২,০৫,৪৩,০০০ টাকা, কাজেই পূর্বোক্ত খাতে রাজ্যসরকারের মোট ব্যয়ের আনুমানিক হিসাব দাঁড়ায় ১,২৪,১০,০০০ টাকা। অসামরিক বাজেটের আনুমানিক হিসাবের ২য় খণ্ডে ৬৪৪ থেকে ৬৪৮ পৃষ্ঠার মধ্যে ব্যয়বরাদ্দের বিশদ বিবরণ দেওয়া আছে।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অসামরিক বাজেটের আনুমানিক হিসাবের দ্বিতীয় খণ্ডে ৬৮৯ পৃষ্ঠায় দেখা যাবে যে "১০৯ অন্যান্য কার্যের জন্য মূলধনী ব্যয়—উদ্বাস্তু ব্যক্তিদের জন্য ব্যয়" খাতে মোট দাবীর পরিমাণ ১,২৪,৮২,০০০ টাকা এবং পরিকল্পনাসমূহ থেকে আনুমানিক আদায়ের অঙ্ক ১,২২,০০০ টাকা। ফলে মোট ব্যয় দাঁড়ায় ১,২৩,৬০,০০০ টাকা। ৭১৩ পৃষ্ঠায় দেখা যাবে যে উদ্বাস্তু ব্যক্তিদের জন্য ঋণ ও অগ্রিম খাতে আনুমানিক ব্যয়ের হিসাব ৫৮,৮৫,০০০ টাকা। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রাপ্ত ঋণ থেকেই উদ্বাস্তু ব্যক্তিদের জন্য মূলধন ও ঋণ খাতে ব্যয় নির্বাহ করা হয়। কেন্দ্রীয় সরকারকে ঋণ প্রত্যর্পণ ও সুদের জন্য ব্যয়বরাদ্দ যথাক্রমে ৭০৮ ও ১৭০ পৃষ্ঠায় দেখানো হয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কমিউনিস্ট চীন দেশ কর্তৃক আমাদের দেশ আক্রমণ এবং তার ফলেতে আমাদের দেশে যে জরুরী অবস্থা সৃষ্টি হয়েছে, তাতে আমাদের দেশে এই নিরাপত্তার প্রশ্ন সবচেয়ে বড় হয়ে উঠেছে এবং এটা আমাদের সবচেয়ে বড় সমস্যা এবং এই সমস্যার কাছে অন্যান্য সমস্যার গুরুত্ব অনেক কম, এটা আমাদের প্রতীয়মান হয়েছে। এবং সেইজনাই আমরা সর্বপ্রকারে গুরুত্ব দিয়েছি আমাদের দেশের এই জরুরী অবস্থাতে। কিন্তু তা সত্ত্বেও আমাদের দেশে যেসব স্থায়ী সমস্যা রয়েছে, এই সমস্ত-গুলিকে দূরীভূত করার জন্য যে আমাদের কাজ কম হচ্ছে, কিংবা হবে, তা নয়। সেইজন্য

উদ্বাস্তুদের জন্য আমাদের যে কার্য, সেই কার্য যথাযথ গুরুত্ব সহকারে আমরা চালিয়ে যাবো। কাজেই আজকের এই জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে সরকার উদ্বাস্তু ব্যক্তিদের যথাযথ পুনর্বাসন কিম্বা এই রাজ্যের যে সকল উদ্বাস্তু সহায়তালাভ করা সত্ত্বেও, তারা নিজেরা নিজেদের পায়ের উপর দাঁড়াতে পারেননি, তাদের স্ব-নির্ভরতা অর্জন করতে পারেননি। সুতরাং তাদের দুরবস্থা দূরীকরণের জন্য আমাদের প্রচেষ্টা সর্বপ্রকারে চালিয়ে যাবো। কিন্তু সংগে সংগে এই কথা আমাদের সকলকে মনে রাখতে হবে যে দেশ বিভাগের সময় উদ্বাস্তুদের যেসমস্ত সমস্যা ছিল, এবং যেগুলি সম্বন্ধে বিশেষ ব্যবস্থা অবলম্বনের এক সময় প্রয়োজন ছিল আজ প্রায় ১৬ বছর পরে সেগুলি সমগ্রভাবে এই রাজ্যের শান্তি এবং সমৃদ্ধির সাধারণ সমস্যারই অংগীভূত হয়ে গিয়েছে বলে আমি মনে করি। কিন্তু তা সত্ত্বেও উদ্বাস্তুদের কতকগুলি বিশেষ সমস্যা এখনও পর্যন্ত রয়েছে এবং এগুলি আমরা সকলে মিলে সমাধান করবো, এ বিষয়ে আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার সামনে এই কথা বলতে চাচ্ছি যে গত কয়েক বৎসর ধরে, প্রায় ১৬ বছর ধরে, আমাদের দেশের উদ্বাস্তুদের জন্য আমাদের পশ্চিম বাংলা সরকার ও ভারত সরকার, তাঁদের আর্থিক সংগতি দেখে এবং তাদের বুদ্ধি অনুযায়ী যথেষ্ট কাজ করার চেষ্টা করছেন যাতে উদ্বাস্তুরা এদেশে ঠিকভাবে সুপ্রতিষ্ঠিত হতে পারেন, এবং ভালভাবে তাঁদের জীবনযাত্রা নির্বাহ করতে পারেন। কিন্তু সব সময় যেরকম ঘটে থাকে, এক্ষেত্রেও সেইরকম কতকগুলি জিনিস ঘটেছে। পরিকল্পনাগুলি পূর্ণোদ্যমে চললেও, তারপরেও কতকগুলি স্থায়ী সমস্যা থেকে যায়, এবং সেইসব স্থায়ী সমস্যাগুলি আমাদের সমাধান করতে হয়। আমি উদাহরণস্বরূপ দু-একটা কথা বলবো। আপনারা সকলেই জানেন যে আমাদের এদেশে যেসমস্ত উদ্বাস্তু ভাই, বোন এসেছেন, এঁদের বসাবার জন্য অনেক জমি র‍্যাকুইজিশন করেছিলাম, প্রায় ৬৫ হাজার একর জমি এইভাবে আমরা গ্রহণ করেছিলাম। এ ছাড়া, আমাদের অন্যান্য বিভাগে যেসমস্ত জমি রয়েছে, তাদের কছ থেকেও আমবা কিছু জমি পেয়েছিলাম। সেইসমস্ত জমিতে উদ্বাস্তু ভাই, বোনদের বসাবার জন্য কলোনী প্রতিষ্ঠিত হয়েছে, এবং সেই সমস্ত কলোনীতে রাস্তাঘাট, নলকূপ, ইত্যাদি যেসমস্ত উন্নয়নমূলক কাজ করা দরকার, তা কতকগুলিতে করা হয়েছে, কতকগুলিতে চলছে এবং কতকগুলিতে পরিকল্পনা আমাদের হাতে রয়েছে, এগুলি গত কয়েক বছর ধরে চলছে। কিন্তু অভিজ্ঞতা থেকে দেখা গিয়েছে যে সমস্ত জায়গায় আমাদের উন্নয়নমূলক কাজ সমাপ্ত হয়েছে, সেই সমস্ত জায়গায় এই সকল উন্নয়নমূলক কাজগুলিকে মেন্টেন করার জন্য, সেগুলিকে ঠিকমত রাখবার জন্য কোন ব্যবস্থা ছিল না, এখন সেসম্পর্কে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে।

[9-10—9-20 a.m.]

আমাদের মিউনিসিপ্যাল এরিয়ার ভেতরে ও মিউনিসিপ্যালিটির বাইরে অনেক কলোনী প্রতিষ্ঠিত হয়েছে। কালক্রমে দেখা গেছে সেখানে রাস্তা নষ্ট হয়ে গেছে, নলকূপ খারাপ হয়ে গেছে এবং সেগুলো মেন্টেন করবার কোন বন্দোবস্ত করা হয় নাই। আমরা গত এক বৎসরের মধ্যে এর ব্যবস্থা করেছি। আমি আপনাদের জানাতে পারি আমাদের যেসমস্ত মিউনিসিপ্যালিটি রয়েছে, তার ভেতর যেসমস্ত কলোনী রয়েছে, তাঁরা এই সমস্ত রাস্তা এবং অন্যান্য যেসমস্ত উন্নয়নকার্য হয়েছে, তার দায়িত্ব গ্রহণ করতে স্বীকৃত হয়েছেন এবং তা তাঁরা গ্রহণ করছেন। এই সংগে সংগে গত বছর বলেছিলাম আপনাদের হয়ত মনে আছে যে আমাদের কতকগুলি সরকারী কলোনী এবং জবরদখল কলোনী যা বৈধ করতে পেরেছি, তাতে পানীয় জলের অসুবিধা দেখা দিয়েছিল। কারণ সেই সমস্ত জায়গায় যেসমস্ত নলকূপ ছিল, তার অধিকাংশই খারাপ হয়ে গিয়েছিল। কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার -তাঁরা অর্ধেক অর্ধেকভাবে টাকা দিয়ে সাড়ে নরো লক্ষ টাকা এই বাবত মঞ্জুর করেন -যাতে এই সমস্ত ভাঙ্গা টিউবওয়েল যেগুলি এই সমস্ত কলোনীতে রয়েছে, তা সারিয়ে দেওয়া যায় এবং যেসমস্ত মিউনিসিপ্যালিটিতে এই সমস্ত টিউবওয়েল রয়েছে, আমি আপনাদের কাছে আনন্দের সংগে জানাচ্ছি সেই মিউনিসিপ্যালিটিগুলি নিজেরা এর দায়িত্ব নিয়েছেন এবং আমরা তাঁদের অর্থসাহায্য দিয়েছি, তাঁরা নিজেরা সেগুলি ঠিক করে নেবেন এবং ভবিষ্যতে তা মেন্টেন করবেন।

এ ছাড়া আমি আপনাদের কাছে আনন্দের সংগে জানাতে পারি যে গত বছর একটা সমস্যার কথা উত্থাপন করেছিলাম, সেই সমস্যা ছিল এই আমাদের এই বাংলাদেশে বহু উদ্বাস্তু পরিবারকে

আমরা কিছু কিছু জমি দিয়েছিলাম। কিন্তু সেই জমির কোন মালিকানা স্বত্ব দেইনি। কারণ সেই সময় তা দেওয়া আমাদের পক্ষে সম্ভব ছিল না। আমি গত বছর বলেছিলাম যে একটা কলোনীর কাউকে মালিকানা স্বত্ব দিতে গেলে, তাকে জানিয়ে দিতে হয় কি পরিমাণ অর্থ সরকারকে দিতে হবে এবং যা কিছু লিগ্যাল অসুবিধা রয়েছে, সেগুলি দূর করে তাদের হাতে দিতে হবে। আপনারা জানেন যেসমস্ত কলোনী আমরা তৈরি করেছি সেই সমস্ত কলোনীর অ্যাকুইজিশন কস্ট অ্যান্ড ডেভেলপমেন্ট কস্ট—এই দুটো মিলিয়ে যখন বলতে পারবো, যাকে আমরা অর্পণপত্রের ভেতর দিয়ে যাকে থাকবার অনুমতি দিয়েছি, তাকে বলতে পারবো কতটা টাকা দিতে হবে। তারপর তার পক্ষে মালিকানা স্বত্ব দিতে পারবো এবং তার পক্ষেও জানা সম্ভব হবে যে তার কত টাকা সরকারকে দিতে হবে। এক বছর হতে চললো আমরা এ সম্পর্কে বিশেষ পরিকল্পনা নিয়েছি, শুধু নিয়েছি নয়, সেগুলির ইতিমধ্যে কাজ শুরু করে দিয়েছি। আমাদের ৫০টি কলোনীর আমরা ডেভেলপমেন্ট করেছি এবং অ্যাকুইজিশন কস্টও জানা গেছে। সেই সমস্ত কলোনীতে বসবাসকারী যে সমস্ত পরিবার রয়েছে, তারা যাতে মালিকানা স্বত্ব পেতে পারে তার ব্যবস্থা করা হয়েছে, কাজ শুরু হয়েছে, কতকগুলি কলোনীতে কাজ আরম্ভ হয়েছে। আমি আপনাদের কাছে বলতে পারি বহু পরিবার কলোনীতে রয়েছে, তাদের সকলকে মালিকানা স্বত্ব দিয়ে দেওয়ার কাজ শেষ করতে কিছুটা সময় লাগবে। তবুও বলবো যে কাজ আমরা আগে শুরু করতে পারিনি, যে কাজ আমরা শুরু করেছি, তা আমি মনে করি সকলের সহযোগিতায় তাড়াতাড়ি শেষ করতে পারবো। এবং এর দ্বারা সরকারী কলোনীতে যে ৬৫ হাজার পরিবার বাস করছে এবং জবরদখল কলোনী যেগুলি আমরা বৈধকরণ করবো তাতে ১৮ হাজার পরিবার বাস করছে, তারা আমাদের এই কাজের দ্বারা, আমি মনে করি, উপকৃত হবেন। এই সংবাদ উদ্বাস্তু ভাই বোনের কাছে শুভসংবাদ বলে প্রতীয়মান হবে।

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আর একটি কথা বলতে চাই। সেটা হলো এই সকলে নিশ্চয়ই জানেন আমার বিভাগে কতকগুলি উৎপাদন কেন্দ্র ছিল। যে সব জায়গায় উদ্বাস্তু ভাইবোনেরা বসেছেন, সেই সমস্ত জায়গায় তাঁরা কিছু রোজগার যাতে করতে পারেন, সেইজন্য উৎপাদন শিক্ষণ অথবা উৎপাদন কেন্দ্র করেছিলাম যাতে তাদের ছেলেমেয়েরা হাতে কাজ শিখতে পারে এবং তার মারফত কিছু রোজগার করতে পারে- এই উদ্দেশ্যে করা হয়েছে। গত কয়েক বৎসর ধরে পশ্চিম বাংলায় পুনর্বাসন বিভাগের মাধ্যমে এই সমস্ত চালু ছিল। অবশ্য আমরা পরিপূর্ণভাবে জানতাম একটা বিভাগের দ্বারা কখনো উৎপাদন কেন্দ্র চালানো যায় না স্থায়ীভাবে। স্থায়ীভাবে যদি সেগুলো চালানোর ব্যবস্থা করা যায় তাহলে উৎপাদন কেন্দ্রগুলি স্থায়ী রূপ নিতে পারে এবং যারা সেখানে কাজ করবে তারাও বেশি রোজগার করতে পারবে। আর আই সি যে আমাদের ভারত-সরকার প্রতিষ্ঠিত করেছেন সেই আর আই সি-র কাছে বিভিন্ন কেন্দ্রকে হস্তান্তর করেছেন এই আশা নিয়ে যে এই উৎপাদন কেন্দ্রগুলো আরও বড় হবে, আরো বেশি উদ্বাস্তু যারা কর্ম পেতে ইচ্ছুক তরুণ তরুণীদের কাজ দিতে তারা সক্ষম হবেন। এইভাবে আমরা ভারেরপুর, গয়েশপুর, খোসবাস মহল্লা, হাবড়া, চাকদা এবং মালদহের উৎপাদন কেন্দ্রগুলোকে হস্তান্তর করেছি এবং আরও যে কয়েকটি রয়েছে সেগুলোকে হস্তান্তরিত করার কাজে আমরা অগ্রসর হচ্ছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আপনি জানেন এবং এই সভার সদস্যরা সকলেই জানেন যে পুনর্বাসন বিভাগ একটি অস্থায়ী বিভাগ চিরকাল ধরে এই বিভাগ থাকতে পারে না। কিন্তু এই বিভাগে এমন কতকগুলো কাজ আমরা করি যেগুলো স্থায়ী কাজ। সেগুলোকে স্থায়ীত্ব দিতে হবে। অর্থাৎ ধরুন যে সমস্ত আমাদের এই বিভাগ থেকে যে শিক্ষা ব্যবস্থা রয়েছে যে সমস্ত স্কুলগুলো রয়েছে -প্রাইমারী স্কুল, মাধ্যমিক স্কুল কিংবা কলেজ সেই সমস্ত যা স্থাপন করা হয়েছে এগুলো দীর্ঘদিন চলবে। এবং আমরা মনে করি স্থায়ী বিভাগের সঙ্গে এগুলির যুক্ত করে দেওয়া প্রয়োজন। এইজন্য আমাদের এই বিভাগ উদ্যোগী হয়ে বছরের প্রথম থেকে আমাদের যে শিক্ষা শাখা রয়েছে যেটা আমাদের পুনর্বাসন বিভাগের সঙ্গে যুক্ত সেই শিক্ষাশাখাকে আমাদের স্থায়ী শিক্ষা শাখার সঙ্গে যুক্ত করা এবং হস্তান্তরিত করার ব্যবস্থা হয়েছে। কারণ আমরা মনে করি যে আমাদের স্থায়ী বিভাগের সঙ্গে এই স্কুল কলেজগুলি যদি যুক্ত হয় তাহলে স্কুল কলেজগুলি আরও ভালভাবে চলতে পারবে এবং বাংলাদেশের অবশিষ্ট অংশে যেভাবে শিক্ষা চলে এই সমস্ত স্কুল-কলেজগুলিতে ঠিক সেইভাবেই চলবে। মাননীয় স্পীকার মহাশয় আর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি

এবং আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা সকলেই জানেন যে উদ্বাস্তুরা যখন এসেছিলেন তখন অনেকে ক্যাম্পে ছিলেন এবং এমন অনেক অনেক উদ্বাস্তু এসেছিলেন এমন অশক্ত ব্যক্তি এসেছিলেন এমন মহিলা এসেছিলেন যাদের অভিভাবক ছিল না সেই সমস্ত অশক্ত ব্যক্তিদের এবং সেই সমস্ত মহিলা যারা ছেলেমেয়েদের নিয়ে এসেছিলেন তাদের জন্য আমাদের সরকারী আশ্রয় বিভাগে স্থান দিতে হয়েছিল। যাকে আমরা বলি পি এল হোম। এইরকম আমাদের ২৩টি উদ্বাস্তু শিবির আছে। এবং কালক্রমে সেই সমস্ত শিবিরে যেসব ছেলেমেয়েরা এসেছিলেন আজকে তাঁরা বড় হচ্ছেন যাতে তাঁরা বাইরে নিজেরা নিজেদের জীবনযাত্রা বহন করতে পারেন তার ব্যবস্থা করা হয়েছে। আমাদের যে ২৩টি উদ্বাস্তু শিবির আছে এতে এখনও প্রায় ৪১ হাজার উদ্বাস্তু রয়েছে এবং পূর্ণভাবে তারা সরকারী সাহায্যের উপর নির্ভরশীল এবং আমরা স্ক্রুটিনি করে দেখেছি যে ৪১ হাজার যে উদ্বাস্তু রয়েছে এদের মধ্যে প্রায় ৪ হাজার পরিবার অর্থাৎ এক একটি পরিবারে যদি ৫ জন করে ধরি তাহলে ২০ হাজার লোক এখনও পুনর্বাসন পেতে পারে এবং আমার বিভাগ আজকে সর্বপ্রথমে চেষ্টা করছে এই সমস্ত লোকগুলিকে যথাযথভাবে জমি এবং অন্যান্য অর্থ দিয়ে পুনর্বাসন দিতে পারে ক্যাম্পের বাইরে—এই সমস্ত পি এল হোমের বাইরে। আপনারা সবাই জানেন যে দণ্ডকারণ্য পরিকল্পনাতে আমাদের বাংলাদেশ থেকে বহু ব্যক্তি গিয়েছেন এবং তা সত্ত্বেও এখনও আমাদের যেসমস্ত পূর্বতন ক্যাম্প রয়েছে সেই ক্যাম্পে এখনও ৮ হাজার থেকে ৯ হাজার পর্যন্ত লোকেরা রয়েছেন এবং এদের সকলের উপর নোটিস হয়েছিল তা এখনও বলবৎ আছে যে যদি তারা পুনর্বাসন চান সরকারের কাছে তাহলে তাদের দণ্ডকারণ্যে যেতে হবে। আমি আপনার কাছে বলতে পারি যে গত ১ বছরে আমাদের এই সমস্ত পূর্বতন উদ্বাস্তু শিবিরেতে ২ হাজার ১৯টি এক্স-ক্যাম্প ফেমেলি গিয়েছেন দণ্ডকারণ্যে এবং ইউ পি তেও আমরা গত ১ বছরে ১১৩টি এক্স-ক্যাম্প ফ্যামিলিকে পাঠিয়েছি। কিন্তু এ সত্ত্বেও এখনও প্রায় ৮ হাজার থেকে ৯ হাজার পরিবার এই সমস্ত জায়গার মধ্যে। এবং আমার আশা যদি তাঁরা তাড়াতাড়ি পুনর্বাসন নেবার যে সুযোগ এখনও রয়েছে তাঁরা সেই সুযোগ নেবেন। সেইজন্য আমি আপনার মাধ্যমে বিরোধী দলের যেসব বন্ধুরা রয়েছেন তাঁদের অনুরোধ করবো এই ব্যাপারে যেন তাঁরা আমাদের সঙ্গে সহযোগিতা করেন।

[9-20—9-30 a.m.]

মাননীয় স্পীকার মহাশয় আমাদের এই সভার সদস্যদের মনে [illegible] ধারণা রয়েছে কিছুদিন আগে খবরের কাগজেও কয়েকটি সংবাদ বেরিয়েছিল যে দণ্ডকারণ্যে আর উদ্বাস্তু পাঠানো হবে না। জরুরী অবস্থার জন্য দণ্ডকারণ্যে [illegible] হয়ে যাবে এবং তার ফলেও আমাদের উদ্বাস্তুরা আর সেখানে যাবার সুযোগ পাবে না। কিন্তু আমি আপনাদের জানাচ্ছি যে একথা সত্য নয়। অবশ্য মাঝখানে কিছুদিন উদ্বাস্তু পাঠানো বন্ধ করেছিলাম সত্য কিন্তু তার কারণ অন্য। আমি কয়েকদিন আগে একটি কলিং অ্যাটেনশনের মাধ্যমে সভার সদস্যদের জানিয়েছিলাম যে গত বর্ষাকালেতে যেসমস্ত উদ্বাস্তু পরিবার এখানে গিয়েছিলেন তাঁরা সেখানে ওয়ার্কসাইট ক্যাম্পে কিছুদিন ছিলেন এবং সেইজন্য দণ্ডকারণ্য কর্তৃপক্ষ চেয়েছিলেন যে ক্যাম্প সাইটে যাঁরা রয়েছেন তাঁদের সকলকে অন্য গ্রামে নিয়ে যাবে এবং নিয়ে যাবার পরে তবে বাংলাদেশ থেকে আরো উদ্বাস্তু নিয়ে আসবো। কারণ একত্রে অনেক লোককে এনে জড় করাটা খুব কঠিন হবে বলে তাঁরা মনে করেছিলেন। সেইজন্যই তাঁরা আমাদের অনুরোধ করেছিলেন যে আমরা যেন উদ্বাস্তু পাঠানো একটু বন্ধ করি। এবং মাঝখানে ডিসেম্বর মাসের শেষ সপ্তাহ থেকে ফেব্রুয়ারি মাসের তৃতীয় সপ্তাহ পর্যন্ত আমরা বন্ধ রেখেছিলাম কিন্তু আবার যথারীতি আমাদের উদ্বাস্তু ভাইবোনেরা যাঁরা এক্স-ক্যাম্প সাইটে রয়েছেন তাঁরা দণ্ডকারণ্যে যাচ্ছেন।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আপনি জানেন এই সভায় বহুবার আমরা অবশিষ্ট সমস্যা, রেসিডুয়ারি প্রোব্লেম, নিয়ে আলোচনা করেছি। অনেকবারই আপনারা শুনেছেন আমার পূর্বে যাঁরা পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত ছিলেন তাঁরা অনেকবারই একথা বলেছেন—যে ভারত-সরকার আমাদের রেসিডুয়ারি প্রোব্লেমের যে অর্থ সে অর্থ দিতে রাজী আছে। এবং সেইজন্য আমরা তাঁদের কাছে একটি দাবীও পেশ করেছিলাম একথা আপনারা জানেন। কিন্তু তাহলেও এই

কাজ বেশী দূরে অগ্রসর হয়নি। মাত্র গত নবেম্বর মাসে ভারত-সরকার আমাদের পরিষ্কারভাবে জানিয়েছিলেন যে, আমরা নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে পারি এমন কতকগুলি নির্দিষ্ট প্রস্তাব যেন পাঠাই। ও'রা চেয়েছিলেন প্রত্যেক বৎসর আমরা কোনটায় কতটা কাজ করতে পারবো, কোন কোন স্কীমগুলিকে চালু করতে পারবো সেগুলি নির্দিষ্টভাবে তাঁদের কাছে পেশ করবো এবং সেগুলি পেশ করা হলে পরে তাঁরা সেগুলি মঞ্জুরী দিতে রাজী ছিলেন। গত নবেম্বর মাসে দিল্লীতে আমাদের কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রীর সংগে আমার এবং আমাদের মুখ্য-মন্ত্রীর যে আলোচনা হয় তাতে যে সিদ্ধান্ত হয় তারপরে আমরা আমাদের বিভাগ থেকে কতক-গুলি নির্দিষ্ট পরিকল্পনা তাঁদের কাছে পাঠিয়েছি। এবং সেই পরিকল্পনার মধ্যে আমরা সব থেকে অগ্রাধিকার দিয়েছি রেসিডুয়ারি প্রোবলেমকে। সেটা হচ্ছে এই যে, আপনারা সকলেই জানেন যে আমাদের বাংলাদেশে এমন অনেক জায়গাতে আমরা উদ্বাস্তু ভাইবোনেদের পাঠিয়েছি যাঁদের আন-ইকনমিক হোল্ডিং হয়েছে। আমরা মনে করি তাঁদের যে জমি দেওয়া হয়েছে, তাদের আশেপাশে আরো কিছু জমি তাঁদের বর্তমানে যে জমি রয়েছে তার সংগে যদি যুক্ত করতে পারি তবে তাঁদের পক্ষে জীবনযাত্রা নির্বাহ করা বর্তমান ক্ষেত্রে যে জায়গায় রয়েছেন সেই জায়গায় সম্ভব হবে। সেইজন্যই রেসিডুয়ারি প্রোবলেমের যেসমস্ত নির্দিষ্ট খসড়া আমরা পাঠিয়েছি তার মধ্যে এটার উপরেই আমরা সবিশেষ গুরুত্ব দিয়েছি যাতে করে তাঁরা আন-ইকনমিক হোল্ডিংকে ইকনমিক হোল্ডিং করতে পারেন। এই প্রস্তাবই আমরা পাঠিয়েছি এবং আমরা আশা করছি সেগুলি শীঘ্রই মঞ্জুরী লাভ করে আমাদের কাছে ফিরে আসবে। আপনি জানেন এবং এই সভার সকল সদস্যই জানেন যে আমাদের দেশে পাওয়ার-এর কত অসুবিধা এবং সেটা নানাভাবে এই সভায় বহুবার আলোচিত হয়েছে। সেটা আরও বেশি প্রকট আমাদের উদ্বাস্তু ভাইবোনদের ক্ষেত্রে। আপনি জানেন স্যার, যেসমস্ত জায়গাতে আমাদের উদ্বাস্তু ভাইবোনেরা বসেছেন সেখানে পুরো ইন্ডাস্ট্রি যাতে গড়ে উঠে সেজন্যে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পুনর্বাসন বিভাগ অত্যন্ত গুরুত্ব দিয়েছিলেন এবং সেজন্য একথা আমি আপনার কাছে রাখছি যে আমাদের সমস্ত পল্লীঅঞ্চলে যেসমস্ত জায়গাতে আমাদের উদ্বাস্তু ভাইবোনেরা রয়েছেন সেখানে ২৫টি শিল্প উপনগরী গড়ে তোলার প্রস্তাব আমরা করেছি এবং যেসমস্ত জায়গাতে বিদ্যুৎশক্তি পাওয়া নিশ্চিত জেনেছি, সেই সব জায়গায় শিল্পনগরী স্থাপনের প্রস্তাব দিয়েছি। ইতিমধ্যে বেহালা এবং শহরগুলিতে দুটি ইন্ডাস্ট্রিয়াল এস্টেট স্থাপিত হয়েছে এবং আমরা আশা করি আরও কতগুলি তাড়াতাড়ি স্থাপিত হবে। এছাড়া গ্রামাঞ্চলে আরও কর্মসংস্থানের জন্য কতকগুলি প্রস্তাব করেছি ছোটখাট প্রস্তাব, যেমন টালিগঞ্জে মুরগি পালনের খামার স্থাপিত হয়েছে। এ ধরনের ছোটখাট কাজ পেতে পারে যাতে সেজন্যে ছোটখাট জিনিস আমরা বসাচ্ছি। এর ফলে গ্রামে যারা রয়েছেন তারা উপকৃত হবেন। এর পরে আমি বেশি কিছু বলতে চাইনি। আমি শুধু এইটুকু বলতে চাইছি আপনার মাধ্যমে এই সভার সভাদের কাছে যে দীর্ঘদিন গিয়েছে - প্রায় ১৬ বছর গিয়েছে এবং আমরা সকলেই চাইছি সভার এপক্ষ এবং ওপক্ষ উভয়পক্ষই চাইছি আমাদের দেশে যেসমস্ত ভাইবোনেরা রয়েছেন এদের সমস্যা যত তাড়াতাড়ি পারি আমরা সমাধান করি। আমি আগেই তাঁদের সহযোগিতার কথা বলেছি একথা বলেছি যে আমাদের বাংলাদেশে যদি শান্ত পরিবেশ থাকে এবং বিরোধীপক্ষের বন্ধুরা যারা আছেন তারা যদি সহায়তা করেন, তারা যদি আমাদের কাজ করবার অবকাশ বৃদ্ধি করে দেন, তাহলে আমি আপনাদের কাছে বলতে পারি বাংলা-সরকার উদ্বাস্তুদের যেসমস্ত স্থায়ী সমস্যা রয়েছে তা আস্তে আস্তে দূর করবেন এবং এই সমস্যার স্থায়ী সমাধানের ব্যবস্থা করবেন। এই কথা বলে আমার ব্যয়বরাদ্দের দাবী এই সভায় উত্থাপন করছি - আশা করি বিনা বাধায় তারা মঞ্জুর করবেন।

Mr. Deputy Speaker: Cut Motions Nos. 13, 20 and 45(2) are out of order. The rest are in order and I take them as moved.

Shri Sailendra Nath Adhikary: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on other works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced to Re 1.

Shri Nikhil Das: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced to Re. 1.

Shri Gopal Chandra Banerjee: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced to Re. 1.

Shri Apurba Lal Majumdar: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced to Re. 1.

Shri Sambhu Charan Ghosh: I move that that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced to Re. 1.

Shri Hemanta Kumar Basu: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced to Re. 1.

Shri Bhabani Mukhopadhyay: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced to Re. 1.

Shri Tarun Kumar Sen Gupta: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced by Rs. 100.

Shri Mangla Kisku: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced by Rs. 100.

Shri Gour Chandra Kundu: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced by Rs. 100.

Shri Anadi Das: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—*Miscellaneous—Expenditure on displaced persons*—109—Capital Outlay on Other Works—*Expenditure on displaced persons*—Loans and Advances to displaced persons" be reduced by Rs. 100.

Shri Mahananda Haldar: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced by Rs. 100.

Shri Sambhu Charan Ghosh: I move that the demand of Rs 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Roy Prodhan: I move that the demand of Rs 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced by Rs. 100.

Shri Dharanidhar Sarkar: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: I move that the demand of Rs. 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced by Rs. 100.

Dr. Colam Yazdani: I move that the demand of Rs 5,13,20,000 for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons—109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons—Loans and Advances to displaced persons" be reduced by Rs. 100.

Shri Cour Chandra Kundu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী এতক্ষণ যে বক্তৃতা করলেন, আমরা গতবারও ঠিক এই বক্তৃতাই শুনেছিলাম অর্থাৎ পশ্চিম বাংলায় যে অগণিত উদ্বাস্তুর দল আজ পর্যন্ত ক্যাম্প এবং কলোনীতে প্রকৃত পুনর্বাসন না পেয়ে দিনের পর দিন কাটাচ্ছে সেই যে গুরুতর সমস্যা সেই সমস্যার সমাধানের কোন চেষ্টাই এই সরকার করেননি এবং সেই সমস্যার সুষ্ঠু সমাধান কি হতে পারে সে সম্বন্ধেও মন্ত্রী মহোদয়া কিছুই বলেননি। মামুলী দু-চারটি কথা বলেছেন—গত ১৫ বছরের ইতিহাস পর্যালোচনা করলে দেখতে পাই যে সহযোগিতার কথা মন্ত্রী মহোদয়া

বার বার বলেছেন সেই সহযোগিতা তারা গ্রহণ করেননি। সহযোগিতা করবার জন্য আমাদের বিরোধীপক্ষ থেকে বিভিন্ন কনক্রিট প্রস্তাব দেওয়া হয়েছে সেই প্রস্তাব বিচার করে পর্যন্ত এরা দেখেননি যার জন্য আমরা দেখতে পাই এই সমস্যা আজ একটা গুরুতর ব্যাধির ন্যায় পশ্চিমবঙ্গের জাতীয় জীবনে আত্মপ্রকাশ করেছে। আমাদের খাদ্য সমস্যা, বেকার সমস্যা, বহু সমস্যা পশ্চিমবঙ্গে আছে উদ্বাস্তু সমস্যা আজকে একটা গভীর ক্ষত সৃষ্টি করেছে। আমরা আশা করেছিলাম পশ্চিমবঙ্গ সরকার এবার একটু বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে একটা সমাধানের পথ নির্দেশ করবেন যে পথ দিয়ে আমরা চলি এই দীন, দুঃখক্লিষ্ট মানুষদের মনে আশার সঞ্চার করতে পারবে। কিন্তু আজকে তাঁর বক্তৃতা শুনে আমরা সম্পূর্ণ নিরাশ হয়েছি।

[9-30—9-40 a.m.]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন উদ্বাস্তু সমস্যা ১৫ বৎসর উত্তীর্ণ হবার পর আজ পর্যন্ত সামাধান হয়নি। আমরা সকলেই জানি আমাদের এই ভূয়া স্বাধীনতার জন্য পশ্চিমবঙ্গ এবং পাঞ্জাব দুটো ভাগ হয়েছে। পাঞ্জাবে উদ্বাস্তু সমস্যা সৃষ্টি হলেও সেখানে উদ্বাস্তু সমস্যার একটা সমাধান হয়েছে। এখানেও কংগ্রেসী সরকার, আমরা আশা করেছিলাম এখানেও এই সমস্যার একটা সমাধান হবে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি পশ্চিম পাঞ্জাবে এই সমস্যার যেভাবে সমাধান হয়েছে এখানে সেইভাবে হচ্ছে না, এখানে এই সমস্যা সমাধান হওয়ার পরিবর্তে জটিলাকার ধারণ করেছে। এর কারণ কি? কংগ্রেস সরকার স্বভাবতই রিফিউজীদের উপর দোষ চাপাবার চেষ্টা করছেন। এখানে সরকারী সাহায্যের উপর উদ্বাস্তুরা নির্ভরশীল, তদুপরি এখানে বিরোধী দল থেকে এই সমস্যা সমাধানের পথে বাধা সৃষ্টি করা হচ্ছে, সেজন্য এই সমস্যার সমাধান করা যাচ্ছে না। কিন্তু আমি বলব, না, আজকে এই সমস্যার জন্য দায়ী কংগ্রেস সরকার এবং তার দুর্বল নীতি। এই নীতি যদি সঠিক হত তাহলে নিশ্চয়ই এই সমস্যার সমাধান করা যেত। বিরোধীদল কোন সময় উদ্বাস্তু সমস্যা সমাধানে বাধা সৃষ্টি করেনি, পাঞ্জাবেও করেনি, এখানেও করেনি, তাঁরা বারবার বলেছেন এই সমস্ত উদ্বাস্তুদের ক্যাম্পে বসিয়ে রেখে কোটি কোটি টাকা নষ্ট করা উচিত নয়। পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য এই টাকা খরচ করা হলে অনেক বেশি সংগত হত। কিন্তু সেই কথায় কংগ্রেসী সরকার কর্ণপাত করেননি। তাঁরা বিভিন্ন দপ্তর সৃষ্টি করে ও উদ্বাস্তুদের ক্যাম্পে বসিয়ে রেখে ডোল দিয়েছেন, কিন্তু উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসন হয়নি। এখন তাঁরা বলতে আরম্ভ করেছেন উদ্বাস্তুদের কোনপ্রকার দায়িত্ব তাঁরা আর নেবেন না। কঠিন রোগগ্রস্ত ব্যক্তি যখন দীর্ঘদিন রোগে ভুগতে ভুগতে শেষ অবস্থায় এসে পৌঁছায় তখন অনেক ডাক্তার বলেন এবং রুগীর পরিবারের লোকেরাও মনে করেন মারা গেলেই বাঁচা যায়। তেমনি এঁরাও মনে করছেন এই দায়িত্ব প্রত্যাহার করতে হবে। দণ্ডকারণ্য পরিকল্পনায় আমরা বিরোধী নই, বিরোধীদল এই পরিকল্পনায় কোনদিন বিরোধিতা করেননি যদিও কংগ্রেস সরকারের পক্ষ থেকে একথা বলা হয়েছে যে বিরোধীদল এই পরিকল্পনার বিরোধিতা করেন। আমি জানাতে চাই, দণ্ডকারণ্যে যদি নতুন শিল্প গড়ে উঠে, নতুন কৃষি গড়ে উঠে আমাদের দেশের এইসব উদ্বাস্তু মানুষের কর্মসংস্থানের একটা ব্যবস্থা হয় তাহলে আমাদের আপত্তি কিসের? কিন্তু পশ্চিমবঙ্গের উদ্বাস্তু পুনর্বাসন পরিকল্পনাকে শুধুমাত্র দণ্ডকারণ্য পরিকল্পনায় পর্যবসিত করে রাখতে হবে কেন? ১৯৫৮ সালে কংগ্রেস সরকার থেকে একটা বই প্রকাশ করা হয়েছিল, তাতে এরা প্রতিশ্রুতি দিয়েছিলেন আমরা পশ্চিমবঙ্গে জমি উদ্ধার করব, কিছু কিছু শিল্পনগরী স্থাপন করে উদ্বাস্তু পুনর্বাসন পরিকল্পনা কার্যকরী করব। কিন্তু এখন আমরা দেখতে পাচ্ছি যেগুলি, সেগুলি সমস্তই স্থগিত রাখা হল, সমস্ত পরিকল্পনা বন্ধ করে দেওয়া হল, একমাত্র বলা হল, দণ্ডকারণ্যে যাও, না হয় জাহান্নামে যাও। আমরা সরকারের এই নীতির তীব্র বিরোধিতা করি। আজকে বাস্তব অভিজ্ঞতা থেকে দেখা যাচ্ছে, ওঁরা দণ্ডকারণ্য পরিকল্পনার কাজ শুরু করলেন, ডোল বন্ধ করে দিয়েছেন, যার ফলে হাজার হাজার মানুষ না খেতে পেয়ে শুকিয়ে মারা যাচ্ছে, তবু তাদের দণ্ডকারণ্যে নিয়ে যেতে হবে। বিরোধীদল কখনো এই আন্দোলন করেনি, এবং কেউ তাদের এই কথাও বলেনি তোমরা দণ্ডকারণ্যে যেয়ো না। তবে কেন তারা দণ্ডকারণ্যে যেতে চায় না? আজকে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় একটা না একটা কিছু করে নিজেদের জীবিকার ব্যবস্থা করছে, কিন্তু দণ্ডকারণ্যে জঙ্গলে কি খেয়ে তারা বাঁচবে? এই অনিশ্চয়তার জন্য উদ্বাস্তুরা দণ্ডকারণ্যে যেতে চায় না।

কিন্তু আমাদের এই কংগ্রেসী সরকার বলছেন তবু তাদের দণ্ডকারণ্যে নিয়ে যেতে হবে। আমি কংগ্রেস সরকারকে বিবেচনা করতে বলি আজকে পশ্চিমবঙ্গে হাজার হাজার উদ্বাস্তু পরিবার দিনের পর দিন কি অবস্থার মধ্যে দিন কাটাচ্ছে, নিজেদের অস্তিত্ব বজায় রাখবার জন্য চেষ্টা করছে, বাঙ্গালী জাতি হিসাবে নিজেদের অস্তিত্ব বজায় রাখবার চেষ্টা করছে তাদের আপনারা একটু সহায়তা করুন। তাদের জমির ব্যবস্থা করে দিন। আজকে চাষীর ছেলে, তাঁতীর ছেলে বিভিন্ন রকম কাজকর্ম শিখে, কলে কারখানায় কাজ করে বিভিন্ন বৃত্তি অবলম্বন করে বেঁচে আছে, এদের আপনারা পশ্চিমবঙ্গে বেঁচে থাকবার ব্যবস্থা করে দিন। মাথাপিছু ৩।৪ হাজার টাকা করে পেলেই তারা সন্তুষ্ট হবে, এবং মাথা গুঁজবার জন্য ৪।৫ বিঘা জমি পেলে তারা পশ্চিমবঙ্গেই নিজেরা নিজেদের ব্যবস্থা করে নিতে পারবে। প্রথমে সরকারপক্ষ থেকে বলা হয়েছিল যে, এগ্রিকালচারাল ফ্যামিলিকে জমি দেওয়া হবে, এবং প্রথম কিস্তিতে কুপার্স ক্যাম্পে ১৫০০ পরিবারকে জমি দেওয়া হবে। কিন্তু সরকারের এই ঘোষণা সত্ত্বেও সরকার কোন পরিবারকে বসবাসের ব্যবস্থা করে দিলেন না। আজকে বহু তাঁতী পরিবার কুপার্স ক্যাম্পে রয়েছে যারা ডোল না পেয়েও নিজেদের অস্তিত্ব বজায় রেখেছে। এদের যদি জমি দেওয়া যায় তাহলে তারা বাঙ্গালী জাতি হিসাবে, বাংলাদেশের নাগরিক হিসাবে বেঁচে থাকতে পারে। আজকে মেদিনীপুর, বীরভূম, বাঁকুড়া ইত্যাদি জায়গায় যেসব উদ্বাস্তু এভাবে কষ্টের মধ্যে দিয়ে দিনযাপন করে এখনো বেঁচে আছে তাদের প্রতি একটু দৃষ্টি দেওয়ার ব্যবস্থা করুন।

দ্বিতীয়ত দণ্ডকারণ্য পরিকল্পনার পুনর্গঠন সম্পর্কে অ্যাসেমব্লির ভিতর যতই না বলুন, যুগান্তরে ১৫ই জানুয়ারি তারিখে যেকথা বেরিয়েছে তার থেকেই বোঝা যায় তারা সেখানে পুনর্বাসন পাচ্ছে না। যেখানে বলা হয়েছিল জমি দেওয়া হবে, বাসস্থানের ব্যবস্থা করা হবে, কাজকর্মের ব্যবস্থা করা হবে—এইসমস্ত প্রতিশ্রুতির কোনটাই পালন করা হয়নি। ওয়ার্কসাইট ক্যাম্পে আজকে এই সমস্ত উদ্বাস্তু যারা দণ্ডকারণ্যে গিয়েছেন তাদের ফেলে রাখা হয়েছে, ১।১॥ টাকায় কাজ করতে বাধ্য করা হচ্ছে। তদুপরি সেখানেও জিনিসপত্র অগ্নিমূল্য হয়ে উঠেছে। হয়তো সেখান থেকে অনেকে আপনাদের কাছে চিঠি দিতে পারে, কিন্তু আমাদের কাছেও বহু লোক চিঠি দেয়। এক কথায় বলা যায়, আজকে সেখানকার অবস্থা শোচনীয় পর্যায়ে গিয়ে পৌঁচেছে। সুতরাং আমি বলব, উদ্বাস্তু পরিবারদের পশ্চিমবঙ্গেই পুনর্বাসিত করবার জন্য আপনারা যেসমস্ত পরিকল্পনা করেছিলেন পূর্বোক্ত আপনাদের বইএর মধ্যে, হেরোভাংগা, কুপার্স ক্যাম্প পরিকল্পনায় জমি উদ্ধার করে যাতে করে এখানে উদ্বাস্তুদের পুনর্বাসন করা যায়—সেটা যদি করা হয়, এর জন্য যদি টাকা বরাদ্দ করা হয় তাহলে একদিকে যেমন উদ্বাস্তু ভাইবোনেরা বাঁচবে, তেমনি অন্যদিকে পশ্চিম বাংলায় শিল্পনগরী গড়ে উঠে সামগ্রিক উন্নয়ন হবে। পশ্চিম বাংলার যদি উন্নতি হয় তাহলে কি আমাদের জাতীয় জীবনের উন্নতি হবে না? নিশ্চয়ই হবে। সেজন্য আমি মনে করি উদ্বাস্তু পুনর্বাসন খাতে যে টাকা বরাদ্দ করা হচ্ছে সেই টাকা দণ্ডকারণ্যের জঙ্গলে ব্যয় না করে পশ্চিম বাংলায় শিল্পনগরী প্রতিষ্ঠা করবার জন্য, পশ্চিমবঙ্গে জমি উদ্ধার করবার জন্য ব্যয় করা হোক। আমি সেজন্য বলব, আজকে যে অবস্থা দেখা দিয়েছে, ডেডলক দেখা দিয়েছে, সেটা দূর করবার জন্য একটা নতুন কমিটি, একটা হাই পাওয়ার কমিটি করুন এই উদ্বাস্তু সমস্যার অ্যাসেসমেণ্ট করার জন্য। যাতে করে উদ্বাস্তুদের পশ্চিমবঙ্গেই মাথা গুঁজবার ঠাঁই করে দেওয়া যায় সেটা বিবেচনা করে দেখবেন।

এবার আমি কলোনীর উদ্বাস্তুদের সম্বন্ধে দু-চারটা কথা বলতে চাই। আংশিক পুনর্বাসন-প্রাপ্ত পরিবারের কথা এখানে বলা হয়েছে। কিন্তু এটা নামমাত্র পুনর্বাসন ছাড়া আর কিছু নয়, ৫ কাঠা জমি দেওয়ার সঙ্গে একটা নিম্নতম আয়ের ব্যবস্থাও সরকার থেকে করে দেওয়া দরকার। গতবার মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলেছিলেন, আমার মনে আছে, দণ্ডকারণ্যে না গেলে কলোনীতে আংশিক পুনর্বাসনপ্রাপ্ত যারা রয়েছেন তাদের জন্য আমরা কিছু করতে পারছি না। সেজন্য তাঁরা কেন্দ্রীয় সরকারের কাছে লিখেছিলেন, আমরাও সেটার সমর্থন করেছি। কিন্তু প্রকৃত অবস্থা কি? তাহেরপুর তার প্রকৃষ্ট উদাহরণ—আর আই সি-র তরফ থেকে যে পর্যালোচনা করা হয়েছিল, তার যে রিপোর্ট বেরিয়েছিল এবং গবর্নমেন্টের তরফ থেকে যে রিপোর্ট বেরিয়েছে তাহেরপুর কলোনীর উদ্বাস্তুদের মর্মন্তুদ অবস্থা সম্পর্কে ৭·১৪ নয়া পয়সা তাদের মাথাপিছু তারা আজকে ভিক্ষার ঝুলি নিয়ে কলকাতা, নৈহাটি ও কাঁচড়া-পাড়ার মধ্যে ঘুরে বেড়াচ্ছে।

[9-40—9-50 a.m.]

আমরা দেখতে পাই যে গাড়ী করে অন্তত ১০০ থেকে ১৫০ জন মহিলা বস্তা নিয়ে টিটাগড় ইত্যাদি কারখানায় যাচ্ছে এবং সেখান থেকে কয়লার গুড়ো নিয়ে এসে কোনরকমে ৮ আনা, ১ টাকা রোজগার করছে। তারা সকালবেলা যায় রাত্রি ৮টার পর ট্রেনে করে কয়লা কুড়িয়ে বাড়ী ফেরে। মা বোনেরা পর্যন্ত ভিক্ষা করে এবং সেখানে বেকার সমস্যা তীব্র আকার ধারণ করেছে। মন্ত্রিমহাশয়রা বারবার বলেছেন যে সেখানে স্পিনিং মিল চালু করবেন—সেই স্পিনিং মিল চুলোয় গেছে। সম্প্রতিকালে বলা হল যে আর আই সি-র তরফ থেকে সেখানে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট করা হবে সিরামিক কারখানা ইত্যাদি করা হবে যাতে সেখানকার মানুষের রুজি-রোজগারের কিছু ব্যবস্থা হয়। কিন্তু কিছুই করা হয়নি। সেখানে একটা তাঁতের কারখানা করা হয়েছে—৪ জন মন্ত্রী সেখানে গিয়েছিলেন উদ্বোধন করে এসেছেন। সেখানে ৫০টা তাঁত চলে, কিন্তু সেখানকার মানুষ মোট ৪০ থেকে ৫৫ টাকার বেশী আয় [illegible] না। আর আই সি-র যিনি ম্যানেজিং ডাইরেক্টর আছেন শ্রীমান মুখার্জি তিনি অত্যন্ত ভাল লোক। কিন্তু সরকারের তরফ থেকে যদি কোন সহযোগিতা না করা হয় তাহলে কি কি করতে পারেন এবং কোন পরিকল্পনা যদি না থাকে তাহলে তিনি কি করতে পারেন? সেজন্য সেখানে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট গড়ে ওঠেনি। সেখানে শিল্প স্থাপন করবার কোন ব্যবস্থা হয়নি। এমন কি এক মাইল দূরে বীরনগরে ইলেকট্রিক গেল, অথচ তাহেরপুর কলোনীতে যেখানে ২৫ হাজার রিফিউজী বাস করে সেখানকার কলোনীর মর্মন্তুদ অবস্থা সম্পর্কে সরকারের কাছে, রিফিউজী ডিপার্টমেন্ট-এর কাছে, মুখ্যমন্ত্রীর কাছে রিপোর্ট আছে। কিন্তু সেখানে ইলেকট্রিক [illegible] গিয়ে একটা পাওয়ার লুম কারখানা প্রতিষ্ঠা করবার কোন ব্যবস্থা সরকার থেকে করা হল না। সেখানকার মানুষ ভিক্ষার ঝুলি নিয়ে পথে পথে বেরোয়। সেখানকার মানুষ ক্ষেতমজুরের কাজ করে, কিন্তু যখন কাজ থাকে না তখন অর্ধাশনে, অনশনে দিন কাটায় এবং অনশনে যে মারা গেছে সেটা আমি প্রমাণ করে দেখাতে পারি। কিন্তু সরকার বলবেন রোগে মারা গেছে। [illegible] দুর্ভিক্ষে [illegible] না, [illegible] তাঁরা [illegible] বলবেন [illegible] আমি জানি যে সেখানে মারা গেছে। এইটি হচ্ছে বাস্তব ঘটনা। [illegible] সম্বন্ধে বলব। [illegible] থেকে বলা হল যে ১৫০ [illegible] দেওয়া হল [illegible] বলা হল যে কারখানা সেখানে করা হবে। কিন্তু কিছুই করা হল না। [illegible] চাকদহ অঞ্চলে গোকুলপুরে [illegible] গ্রহণ করে সেখানে তাঁত বা অন্য কিছুর ব্যবস্থা [illegible] ঐ অঞ্চলের [illegible] যুবকরা কিছু কাজ পেতে পারত। [illegible] সদস্যরাও অনেক এই প্রশ্ন [illegible] কিন্তু আজ পর্যন্ত সেটার ব্যবস্থা করা হয়নি। তাঁরা বলছেন যে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট [illegible] কাগজে আমরা দেখলাম যে হাবড়া, চাকদহ, রানাঘাট, তাহেরপুর, ইত্যাদি সব [illegible] জন্য ইন্ডাস্ট্রিয়াল এস্টেট বন্ধ করে দেওয়া হল। যুদ্ধের অবস্থার জন্য আজকে ব্যয় সংকোচ করা দরকার। কিন্তু ব্যয় সঙ্কোচ কি মানুষের রুজি রোজগারের পথ বন্ধ করে? মানুষকে বেকার করে রেখে, মানুষের আয়ের কোন ব্যবস্থা না করে, ক্ষুদ্র শিল্প থেকে তাদের বঞ্চিত করে রেখে যুদ্ধে সাহায্য করা যায় না। ব্যয় সঙ্কোচ করার যে পথ আছে সে আলোচনা আমি করছি না। শিল্প যেগুলি করবার কথা ছিল সেগুলি যাতে হয় সেদিকে বিশেষ দৃষ্টি দেবেন। বিশেষ করে তাহেরপুর, চাকদহ অঞ্চলের মানুষ কাজের অভাবে ঘুরে ঘুরে বেড়াচ্ছে, খেতে পায় না, পরতে পায় না, তাদের প্রকৃত অর্থনৈতিক পুনর্বাসন দেবার জন্য কলোনীর উদ্বাস্তুদের জন্য কাজের ব্যবস্থা করা দরকার। সেজন্য ছোট ছোট শিল্প কটেজ ইন্ডাস্ট্রি করে প্রতিষ্ঠা করাই সবচেয়ে প্রকৃষ্ট পন্থা। বড় বড় পরিকল্পনা নিয়ে কোন লাভ হবে না। স্পিনিং মিল ইত্যাদি যা করার কথা ছিল সেসব করুন। কলোনীর কথায় যখন এলাম তখন ফুলিয়া কলোনীর কথা কিছু বলব। ফুলিয়া সম্বন্ধে আমরা বাজেটে দেখলাম যে এক লক্ষ টাকা অ্যাডমিনিস্ট্রেশন খাতে বরাদ্দ করা হল। কিন্তু ফুলিয়ায় আজকে যেসমস্ত উদ্বাস্তু পরিবার গেল তাদের তথাকথিত পুনর্বাসন দেওয়া হয়েছে। তাদের জমি এবং বাড়ীর কোন শর্ত আজ পর্যন্ত দেওয়া হল না। তারা যেখানে বাস করে সেই বাড়ী তাদের না কার সেটা তারা জানে না তারা বাস করে যাচ্ছে এবং তাদের নামে নাকি ভাড়া ওঠে, সেই ভাড়া তারা দিতে পারবে না। কিন্তু সেই ভাড়াটা কেন ওঠে তা জানি না। সেখানে ইলেকট্রিক লাইট যাবে তার জন্য তাদের ট্যাক্স দিতে হয়। অথচ আমরা

দেখছি অ্যাডমিনিস্ট্রেশন খাতে ১২ লক্ষ টাকা বরাদ্দ করা হল। কিন্তু তারা সেখানে যে কি অ্যাডমিনিস্ট্রেশন করে তা জানি না। সেখানে কর্মসংস্থান করবার জন্য আমরা শুনেছি নাকি তাঁরা আছেন। ফুলিয়া-টাঙ্গাইল টেক্সটাইল মিল বলে একটা মিলের মালিক একজনের নাম তুফানবাবু এবং আর একজন কে আছেন যাঁদের সঙ্গে কংগ্রেসের দহরম মহরম আছে। তাঁদের ৪০ থেকে ৫০ হাজার টাকা রিফিউজী ডিপার্টমেন্ট থেকে লোন দেওয়া হয়েছে। কিন্তু সেই মালিক আজ সেখানকার উদ্বাস্তু যুবকদের কর্মসংস্থানের কি ব্যবস্থা করেছেন জানি না। সেখানকার মিলে অত্যন্ত বিশৃংখলা চলছে এবং তাঁরা সেই টাকা সম্পূর্ণ আত্মসাৎ করেছেন বলে আমার ধারণা। সুতরাং আমি সেটা মন্ত্রী মহোদয়ের কাছ থেকে সঠিকভাবে জানতে চাই এবং আমি আশা করি সেটা তদন্ত হবে যে প্রকৃতপক্ষে যারা উদ্বাস্তু তাদের মঙ্গলের জন্য সেই টাকা বা বাজেট কাজ করছে কিনা। তারপর একটা কলোনী আছে সেখানে বললেন যে জমি দেওয়া হবে, আন-ইকনমিক হোল্ডিংকে ইকনমিক করা হবে—কিন্তু ৯ বিঘা জমি প্রতিশ্রুতি দিয়ে ১৪ বছর আগে নিয়ে গেলেন উদ্বাস্তুদের কিন্তু সেখানে দিলেন কত? ৫ বিঘা জমি। আর জমি দেওয়াই হোল না। পাশে গভর্নমেন্টের ভেস্টেড ল্যান্ড প্রচুর রয়েছে কিন্তু সেই জমিকে এখানকার কংগ্রেসীদের বন্ধু পেয়ারের লোক সেখানে চাষ আবাদ করেন—মাছের চাষ করেন কিন্তু আজকে সেই জমি দখল করে উদ্বাস্তুদের বিলিবন্টনের কোন ব্যবস্থা করা হয় নি। এইভাবে আমি জানি বাংলাদেশে সর্বত্র রিফিউজিদের কলোনীর দুরবস্থা। আমি চন্দননগরে গেছি এবং দেখেছি যে সেখানকার কুপার্স ক্যাম্প থেকে উদ্বাস্তুদের পুনর্বাসনের নাম করে নিয়ে যাওয়া হয়েছে—জঙ্গলের মধ্যে তাদের ৫ কাঠা করে জমি দেওয়া হয়েছে বাস করার জন্য - কিন্তু সেই জমিগুলির কি করে উন্নয়ন হবে- কি করে রুজিরোজগারের ব্যবস্থা করবে, কি করে খাবে এ ব্যবস্থা কিছুই করা হোল না। তাই আমি বলবো শুধু ৫ কাঠা করে জমি দিলে চলে না কর্মসংস্থানের ব্যবস্থা, প্রকৃত অর্থনৈতিক পুনর্বাসনের জন্য ব্যবস্থা করা দরকার। আর একটি কলোনি সম্বন্ধে একটি কথা বলবো আমাদের রানাঘাটের নাস্তা কলোনী সেখানে লোন দেওয়া হয়েছিল ৩ বছর আগে - একটা কো অপারেটিভ মারফত—৩৭৫ টাকার মধ্যে ৩০০ টাকা করে দেওয়া হোল আর কো-অপারেটিভ মহাশয়রা ৭৫ টাকা করে আটকে রেখে দিলেন। এটা কি ব্যবস্থা। আমি দেখেছি গভর্নমেন্ট থেকে দেওয়ার কথা ৩৬৯ টাকা করে কিন্তু সেই ৬৯ টাকা আজ তিন বছর পায়নি। বার বার আবেদন নিবেদন করেছে রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টকে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে, এস ডি ও-র কাছে কোন ফল হয়নি। এটা মন্ত্রী মহোদয় দেখবেন এটা আমি আশা করি। তারপর হচ্ছে এঁরা বললেন যে রিফিউজিরা হ্যান্ডলুম করছে, শিল্প গঠন করছে - হয়ত একটা পার্ট আমরা শুনবো যে রানাঘাট অঞ্চলে ব্যাপক হ্যান্ডলুম হয়েছে - আমি বলি নিশ্চয়ই হয়েছে এবং সেটা উদ্বাস্তুরা করেছে এটা ঠিক এতে সরকারের কোন কৃতিত্ব নেই। আজকে উদ্বাস্তুরা নিজেরা নিজের চেষ্টায় একখানা দুখানা তাঁত করে কোন রকমে জীবনধারণ করছে। এতে সরকার থেকে তাদের যদি সাহায্য করা হয় - সরকার থেকে যদি কো-অপারেটিভ গুলিকে সংগঠিত করা হয় তাহলে এই তাঁতশিল্পের প্রচর লোক কাজ করতে পারে। সেই তাঁতশিল্প আজকে উদ্বাস্তু পুনর্বাসনের একটা প্রধান অংগ হতে পারে। সেদিকে এঁরা দৃষ্টি দেন না। সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি সরকারকে জানাচ্ছি। পরিশেষে আমি উদ্বাস্তদের ঋণ সম্বন্ধে বলতে চাই। পশ্চিম পাঞ্জাবে ঋণ সম্পূর্ণ মকুব করে দেওয়া হয়েছে—উদ্বাস্তু সমস্যা সমাধান পশ্চিম পাঞ্জাবে যেমন হয়েছে তেমনি ঋণও মকুব হয়েছে - আমরা বাংলাদেশ কি দোষ করলাম তা আমরা জানি না যে উদ্বাস্তু ঋণ মকুব হয় না। গতবার ইলেকসনের আগে একটা যুগান্তর কাগজে খবর বেরিয়েছিল যে বাংলাদেশের উদ্বাস্তুদের জন্য একটা সুসংবাদ যে উদ্বাস্তু ঋণ মকুব হয়ে যাবে। কিন্তু গত বছর মন্ত্রিমহাশয়ের বক্তৃতায় শুনেলাম যে কেন্দ্রীয় সরকারের কাছে লেখা হয়েছে এটা লেখা হয়েছে ১৯৬০ সালে—১৯৬০ গেল, ১৯৬১ গেল, ১৯৬২ গেল, ১৯৬৩ এলো কিন্তু এখনও পর্যন্ত উদ্বাস্তু ঋণ মকুব হবে কি হবে না সেটা আমরা জানতে পারলাম না। অথচ গ্রামাঞ্চলে বিভিন্ন জায়গায় দেখি লোন আদায় করবার জন্য অফিসার বাবুরা কিরকম অত্যাচার করে। তাই আমি বলবো যে আজকে এখানে অ্যাসেম্বলী থেকে গভর্নমেন্টের কাছে প্রস্তাব পাঠানো হোক যে উদ্বাস্তু ঋণ মকুব করে কেন্দ্রীয় সরকার যেন একটা ঘোষণা জারী করেন। সে বিষয়ে পশ্চিমবঙ্গ সরকার একটু বিশেষ দৃষ্টি দেবেন এটা আমি আশা করি। আজকে পশ্চিম বাংলা নানা সমস্যায় জর্জরিত—এবং তা যদি সমাধান করতে হয়

তাহলে আমরা বিরোধী দল থেকে বলতে পারি যে এই সমস্যাকে আমরা রাজনৈতিক সমস্যা হিসাবে ব্যবহার করতে চাই না—আমরা চাই এর সুষ্ঠু সমাধান। তা করতে গেলে সহযোগিতার কথা শুধু মুখে বললে চলবে না আজকে প্রকৃতপক্ষে সহযোগিতা নিয়ে মানবিকতার পূর্ণ দৃষ্টি-ভঙ্গী নিয়ে ঐ উদ্বাস্তু সমস্যা সমাধানে মন্ত্রিমহাশয় এগিয়ে আসবেন এই ভরসা রেখে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[9-50—10 a.m.]

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বাত্যাহত বেদনাক্ষুব্ধ ছিন্নমূল অভিশপ্ত ৪৫ লক্ষ উদ্বাস্তু মানুষের কাছে আমাদের সরকার ষোল বৎসর ধরে শুধুমাত্র বক্তৃতার ফুলঝুরি আর অসত্য ভাষণের রংমশাল জ্বালিয়ে এসেছেন। সমস্যার সমাধান তো দূরের কথা অন্তর দিয়ে এটা উপলব্ধি করবার চেষ্টা পর্যন্ত তাঁরা করেন নাই। তা যদি করতেন তাহলে আজকে বাংলা-দেশের বুকে এই ক্যাম্প উদ্বাস্তুদের করুণ চিত্র আমাদের সামনে আমরা দেখতাম না। মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের সামনে দণ্ডকারণ্য পরিকল্পনার কথা বলেছেন। ক্যাম্প উদ্বাস্তুদের সেখানে পুনর্বাসন দেওয়া হচ্ছে এই রঙ্গীন চিত্র আমাদের সামনে তুলে ধরেছেন, কিন্তু আজকে তাঁকে আমরা প্রশ্ন করতে পারি এই দণ্ডকারণ্য পরিকল্পনায় আজ পর্যন্ত সেখানে মাত্র ৬,২৩০টি পরিবার পাঠান হয়েছে। তা সত্ত্বেও যদি বাংলাদেশের বুকে আজকে ৮ থেকে ৯ হাজার ক্যাম্প উদ্বাস্তু পরিবার থেকে থাকে, তারা ভিখারীর মত রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। এই সমস্ত ক্যাম্প উদ্বাস্তুদের ১৯৫৯ সাল থেকে ডোল বন্ধ করে দেওয়া হয়েছে। অথচ আজ পর্যন্ত তাদের অন্য কোনরকমে পুনর্বাসনের ব্যবস্থার কথা সরকার চিন্তা করেন নাই, একমাত্র দণ্ডকারণ্যের কথা বারবার আমাদের কাছে উল্লেখ করেছেন। মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করতে পারি যে দণ্ডকারণ্যে পুনর্বাসনের প্রশ্নটা যখন প্রথম উঠেছিল, তখন সরকার নীতি হিসেবে ঘোষণা করে-ছিলেন যে শতকরা দশ ভাগ নন-রিফিউজিকে দণ্ডকারণ্যে পুনর্বাসন দেওয়া হবে। শিয়ালদহ স্টেশনের আশেপাশে আমরা দেখছি প্রায় এগার শত উদ্বাস্তু যেখানে দুঃসহ জীবনযাপন করছে, সেখানে ধীরে ধীরে তারা অসামাজিকতার পঙ্কিল আবর্তের মধ্যে চলে যাচ্ছে, এর জন্য দায়ী কি প্রত্যক্ষভাবে আমাদের সরকার নন?

ক্যাম্প উদ্বাস্তুদের ভেতর টি বি রোগাক্রান্ত ব্যক্তিদের জন্য সরকার পরিষ্কার করে ঘোষণা করেছিলেন তাদের ব্যবস্থা করা হবে, টি বি উদ্বাস্তু যারা ক্যাম্পে থাকবে তাদের পুনর্বাসন এই পশ্চিম বাংলার মধ্যে করে দেওয়া হবে। আমি তাঁকে জিজ্ঞাসা করতে পারি যে এখন পর্যন্ত বিভিন্ন ক্যাম্পের মধ্যে টি বি রোগগ্রস্ত যারা আছে, তাদের ব্যাপারে কোন পুনর্বাসনের পরি-কল্পনা সরকার করেছেন কিনা? আমি তাঁর কাছে রাখতে চাই হুগলী রবীন্দ্রনগর ক্যাম্পে যে ১২৩জন টি বি রোগাক্রান্ত উদ্বাস্তু আছে, তাদের মধ্যে মাত্র ৩৩ জনকে পুনর্বাসন দেওয়া হয়েছে। আর বাকি উদ্বাস্তুদের কোন পুনর্বাসন হয় নাই।

তারপর কলকাতার ইন্দ্রলোক ক্যাম্পের ৫৫ জন টি বি রোগাক্রান্ত উদ্বাস্তুরা আজও দুঃসহ জীবনযাপন করছে। তার প্রতি সরকারের কোন দৃষ্টি নাই। সরকার এই ক্যাম্প উদ্বাস্তুদের কথা নিয়ে বারেবারে আমাদের কাছে নানা আশ্বাসবাণী শুনিয়েছেন এবং এই সমস্ত ক্যাম্পে থেকে যেসমস্ত উদ্বাস্তু অতি কষ্টে কোনরকমে একটা সরকারী চাকরী যোগাড় করেছে কেউ অফিসের পিয়ন বা বয় এর কাজ করে, তাকে ক্যাম্প থেকে চলে যেতে হয়েছে। যেহেতু সে ২৫।৩০ টাকা মাইনের পিওনের চাকরী করছে, কাজেই তাকে আর ক্যাম্পে থাকতে দেওয়া হবে না। সরকার তাদের কথা দিয়েছিলেন তাদের পুনর্বাসনের ব্যবস্থা করবেন। আমি কি জানাতে পারি পুনর্বাসন দপ্তরে এইরকম চারশো কেস পেন্ডিং পড়ে আছে। তাদের পুনর্বাসনের আজ পর্যন্ত কোন কিনারা হয় নাই, কিছুই সরকার করতে পারেননি।

তারপর যদি দেখা যায় যেসমস্ত উদ্বাস্তু বায়নানামা করে পুনর্বাসনের চেষ্টা করেছেন, সেখানেও সেই সমস্ত বায়নানামার জন্য উদ্বাস্তুরা একটি পয়সা লোন, হাউস লোন, ইত্যাদি কিছুই সরকারের কাছ থেকে পাননি। আমি ব্যারাকপুর অঞ্চলের কথা বলছি সেখানে বায়না-নামা করে বহু উদ্বাস্তু পুনর্বাসনের আশায় গিয়েছিলেন। কিন্তু আজকে দেখছি যে তাদের

জোন বাবত একটি পয়সাও সরকার দিচ্ছেন না। অপরদিকে যে বায়নানামা—যাদের জমি করা হয়েছে, সেই জমির মালিককে, সেই জমিদারকে সরকার হাজার হাজার টাকা দিচ্ছেন। কিন্তু উদ্বাস্তুদের ক্ষেত্রে, পুনর্বাসনের ক্ষেত্রে সরকারের যে নীতি পরিষ্কারভাবে রাখা দরকার, যে নোটিস তাদের জন্য সরকারী দপ্তর রেখে থাকে, সেদিকে একটু তৎপর হওয়া উচিত, সেদিকেও সরকার কোনরকম ভ্রূক্ষেপ করেন নাই।

দ্বিতীয় এই কথা রাখতে চাই জবরদখল কলোনী সম্পর্কে। এই জবরদখল কলোনীতে এক অদ্ভুত পরিস্থিতির সৃষ্টি হয়ে রয়েছে। এই জবরদখল কলোনীর মানুষেরা উদ্বাস্তুরা নূতনভাবে নোটিস পাচ্ছেন তাদের দু হাজার, তিন হাজার টাকা কমপেনসেশন দিতে হবে। ১৯৪৭-৪৮ সালে সমস্ত জবরদখল কলোনীর উদ্বাস্তুরা তাদের গৃহনির্মাণ করেছে, বস্তির মত তারা তাদের মাথা কোনরকমে গুজে থাকবার মত ব্যবস্থা করেছে। কিন্তু সেই ১৯৪৭-৪৮ সাল থেকে আজ পর্যন্ত সেই সমস্ত জায়গাগুলি রেগুলারাইজ করবার ব্যবস্থা সরকারপক্ষ থেকে হয় নাই। আমি টালিগঞ্জের বিবেকানন্দনগর, সূর্য সেন নগর কলোনীর কথা বলছি। সেখানে এক হাজার বিঘা জমি এখন পর্যন্ত সরকার অ্যাকুইজিশন করতে পারেননি এবং দু হাজার বিঘা যা অ্যাকুইজিশন করেছেন, তা এখনো সরকার রেগুলারাইজ করতে পারেননি। সরকার বলছেন অ্যাকুইজিশনএর অসুবিধা হচ্ছে। কি, না, মালিককে খুঁজে পাওয়া যাচ্ছে না বলে জমিগুলো রেগুলারাইজ করা যাচ্ছে না। জবরদখল কলোনীর জমি অ্যাকোয়ার করা যাচ্ছে না। এদিকে করপোরেশন থেকে ট্যাক্সএর নোটিস দিচ্ছে জবরদখল কলোনীর অকুপায়ারদের। মালিককে খুঁজে পাওয়া যাচ্ছে না, তোমরা করপোরেশনের ট্যাক্স দাও। তারা বলছে আমরা তো অকুপায়ার, মালিককে নোটিস দাও, বেশ মজার ব্যাপার হচ্ছে। কিন্তু এখানে দেখা যাচ্ছে তাঁদের যে কম্পিটেন্ট অথোরিটি কোর্ট সেই কোর্টের মধ্য দিয়ে এই সকল জবরদখল কলোনীর অধিবাসীদের কাছে নোটিস দিচ্ছেন যে তোমাদের কমপেনসেশন দিতে হবে দেড় হাজার, দু হাজার টাকা করে। অথচ সরকার এই কম্পিটেন্ট অথোরিটি কোর্টের মারফত মালিকদের দিয়ে এই সমস্ত জবরদখল কলোনীর অধিবাসীদের উপর নোটিস জারী করছেন। আজকে উদ্বাস্তুরা চিন্তা করছেন যে তার নিজেরা সমস্ত রকম পরিশ্রম দিয়ে, সমস্ত রকম ক্লেশ স্বীকার করে তাদের সেই কলোনীতে স্কুল কলেজ গড়ে তুলেছে, কলোনীর সমস্ত ডেভেলপমেন্ট করেছেন, তাঁরা কমপেনসেশন কি [illegible] মালিককে দেবেন? এবং [illegible] যে নোটিস তাদের কাছে সার্ভ করা হচ্ছে তার জবাবে তারা এই কথাই বলতে চায়। কাজে কাজেই আমরা সরকারের কাছে পরিষ্কারভাবে বলতে চাই যে এই সমস্ত জবরদখল কলোনীতে উদ্বাস্তুদের কাছে আজকে যেখানে কম্পিটেন্ট অথোরিটি কোর্টের মারফত নোটিস দেওয়া হচ্ছে, এটা বন্ধ করতে হবে এবং এই সমস্ত জমিগুলিকে অ্যাকুইজিশন করবার জন্য ব্যবস্থা করতে হবে, ও তাকে রেগুলারাইজড করতে হবে এবং তাদের মালিকানা স্বত্ব দিতে হবে। সরকার আমাদের কাছে সরকারী এবং বেসরকারী কলোনী সম্পর্কে একটা অদ্ভুত কথা বলেছেন। কয়েকদিন আগে সংবাদপত্রে দেখলাম যে আমাদের এখানকার পুনর্বাসন মন্ত্রী, তিনি ঘোষণা করেছেন যে সরকারী কলোনীতে এক অদ্ভুত সুন্দর নীতি তাঁরা পরিচালনা করবার জন্য চেষ্টা করছেন। সেই নীতিটা কি? না, সরকারী কলোনীতে যারা বসবাস করছেন তাদের মালিকানাস্বত্ব দেওয়া হবে এবং সেই মালিকানাস্বত্ব দেবার জন্য তাদের বলা হচ্ছে যে তোমাদের জমির দাম বাবত টাকা সরকারের হাতে দিলে তবে, তোমরা মালিকানা স্বত্ব পাবে। কিন্তু তাদের জমি কি পরিমাণ হবে, কোন সালের ভিত্তিতে জমির দাম নিরূপিত হবে এই সম্পর্কে কোন কথা বলা হয়নি। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন না যে আজ যেসমস্ত উদ্বাস্তু সরকারী কলোনীতে বাস করে, তাদের শতকরা ৯৫ জন মানুষের অর্থনৈতিক পুনর্বাসন আজও পর্যন্ত হয়নি? আজকে যদি সরকার তাদের কাছে জমির দাম আদায় করবার জন্য চেষ্টা করেন এবং বলেন যে জমির দাম না দিতে পারলে, তাকে উচ্ছেদ করে দেওয়া হবে, তাহলে তাদের মালিকানাস্বত্ব দেওয়া তো দূরের কথা, নূতনভাবে তাদের কাছে আর একটা সমস্যা সৃষ্টি করা হবে। কাজে কাজেই সরকারী নীতির যে একটা উজ্জ্বল ছবি তাদের কাছে তুলে ধরা হয়েছে যে তোমাদের মালিকানাস্বত্ব দেওয়া হবে, এটা একটা ভাঁওতা দেওয়া হয়েছে। আমি জানতে চাচ্ছি যে সরকারী কলোনীতে যেসমস্ত মানুষ বাস করে তাদের অর্থনৈতিক অবস্থা মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন না? তিনি কি জানেন না যে সরকারী কলোনীর মানুষরা, আজকে সেই কলোনীর মধ্যে যে অনেকে তৈরি হচ্ছে, সেই অনেকেতে তারা টি আর জন্য মজুরী খেটে সংসার

প্রতিপালন করেন? মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন না যে সেখানে যেসমস্ত উদ্বাস্তুরা বাস করেন, তারা পথে পথে ফেরি করে জিনিস বিক্রয় করে দু-পয়সা রোজগার করে তাদের সংসার চালান? আজকে তাদের জমির মালিকানাস্বত্ব দেওয়ার নাম করে তাদের কাছ থেকে টাকা আদায় করার জন্য যে ফন্দি আঁটছেন, তার আমি বিরোধিতা করি। আমরা মনে করি সরকারের এইরকম একটা পরিকল্পনা গ্রহণ করা উচিত, এখানে একটা অত্যন্ত কম মূল্য নির্ধারণ করা উচিত এবং একটা নির্দিষ্ট সময় দেওয়া উচিত, যে ২৫ বছরে, ২৫টা অ্যানুয়াল ইনস্টলমেন্টএ টাকা দেওয়া হবে। কিন্তু এখন যদি তাদের কাছ থেকে এইভাবে টাকা ছিনিয়ে নেওয়া হয়, তাহলে আমি মনে করি যে তাদের সামনে নূতনভাবে আরও সমস্যা নূতন আকারে দেখা দেবে। সরকারী এবং বেসরকারী কলোনীগুলি ডেভেলপমেন্টএর কথা মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন। তিনি বলেছেন যে সরকারী কলোনীতে টিউবওয়েল বসান হচ্ছে এবং ড্রেনেজ স্কিম করা হচ্ছে, এবং মিউনিসিপ্যালিটিকে অর্থ দেওয়া হচ্ছে, এবং মিউনিসিপ্যালিটি রক্ষণাবেক্ষণ করছেন। কিন্তু আমি জানি যে শহর এলাকায় যেসমস্ত সরকারী কলোনী আছে, সেই সমস্ত সরকারী কলোনীতে আজ পর্যন্ত কোন উন্নয়নমূলক কাজ হয়নি। মিউনিসিপ্যালিটির কাছে গেলে তাঁরা বলেন আমাদের দায়িত্ব এতে নেই, সরকারী কলোনীতে সমস্ত দায়িত্ব সরকারের। সরকার আমাদের কাছে কোন জমি বা রাস্তা ভেস্ট করেননি, অতএব এখান দিয়ে রাস্তাঘাট, জল, আলো যাবে না, সুতরাং আমরা এখানে ড্রেনেজের ব্যবস্থা করবো না, যেখানে সরকার নিজে উদ্বাস্তুদের জন্য একটা কাজ করতে যাচ্ছেন। সুতরাং আমরা কিছুই করতে পারবো না। আমি একটা ঘটনার কথা বলতে চাই, সেটা হচ্ছে হুগলী কামারডাংগা কলোনীর কথা। সেখানে সরকার একটা পরিকল্পনা করে কলোনী ড্রেনেজ স্কিম চালু করেছেন। সেটা সরকারের কলোনী ড্রেনেজ স্কিম নয়কো, সেটা 'কারেন্সী' ড্রেনেজ স্কিম। সেই ড্রেনেজ স্কিমে সরকার লক্ষ লক্ষ টাকা অপচয় করেছেন অপব্যয় করাচ্ছেন এবং কন্ট্রাক্টররা কাজে ফাঁকি দিচ্ছে ও কাজের মধ্যে সমস্ত রকম গলদ রয়েছে। এ সম্বন্ধে আমরা বারবার জেলা শাসকের দৃষ্টি আকর্ষণ করেছি এবং এখানেও প্রশ্ন তুলেছি, কিন্তু আজ পর্যন্ত কোনরকম ব্যবস্থা অবলম্বন করা হয়নি। সেইভাবে সরকারী টাকা অপচয় করা হচ্ছে, অথচ ডেভেলপমেন্টএর নাম করে নূতন নূতন পরিকল্পনার কথা সরকার আমাদের সামনে রাখছেন। অধিকাংশ সরকারী কলোনীতে দেখা গিয়েছে যে সেখানে যাবার পথ পর্যন্ত নেইকো। সেখানেতে আলো তো দূরের কথা, কল তো দূরের কথা, যাবার পথ পর্যন্ত নেইকো; এবং যে সমস্ত টিউবওয়েল সরকার সেখানে ব্যবস্থা করেছেন, তার মধ্যে শতকরা ৭০টি টিউবওয়েল অকেজো অবস্থায় পড়ে রয়েছে। এই সমস্ত প্রশ্ন আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে দিয়েছিলাম, কিন্তু আজ পর্যন্ত কোন সুরাহা হয়নি।

[3-10-10 a.m.]

আমি আর একটা সমস্যার কথা রাখতে চাই, হুগলীর আসাম লিংকের ধারেতে শংখনগর কলোনীতে একদল উদ্বাস্তুকে রানাঘাট থেকে এনে বসান হয়েছিল। সে উদ্বাস্তুদের বসান হয়েছে তাদের হাউস লোন বাবত ১২ শত টাকা করে দেওয়া হয়েছে। উদ্বাস্তুরা যখন টিন কিনে বাড়ী তৈরি করতে লাগলো তখন জমির মালিকরা নোটিস দিল যে এটা ডিসপিউটেড ল্যান্ড, সরকারের সংগে আমাদের বিচার চলছে, মামলা চলছে, এই জমিতে তোমরা কিছু করতে পারবে না। আমরা জিজ্ঞাসা করলাম জেলা শাসককে যে আপনারা জমির ব্যবস্থা করে দিতে পারলেন না, ডিসপিউটেড ল্যান্ডের উপর বসিয়ে দিয়ে তাদের হাতে টাকা দিলেন, টাকাও খরচ হয়ে যাবে, তারপরে তারা কেমন করে বাড়ী তৈরি করবে। কোনরকম উত্তর পেলাম না। এইভাবে সরকারের তো পরিকল্পনা নেই, যেখানে ছোটখাট পরিকল্পনা করতে যাচ্ছেন সেই পরিকল্পনার পিছনে এত গলদ রয়েছে যে সে গলদের মধ্যে দিয়ে উদ্বাস্তুদের পুনর্বাসন কোন দিনই হতে পারে না। পরিশেষে আমি জানতে চাই বেসরকারী কলোনী সম্পর্কে, সরকার পুরোপুরিভাবে তাঁর দায়িত্ব অস্বীকার করছেন যে সেখানেতে টিউবওয়েলের দায়িত্ব সরকারের নেই, সেখানেতে পথঘাটের দায়িত্ব সরকারের নেই, সেখানেতে স্কুল কলেজ করার দায়িত্ব সরকারের নেই, আমি জানতে চাই এই ৪৫ লক্ষ মানুষ যখন বাংলাদেশে আসলো সেই ৪৫ লক্ষ মানুষের সমস্ত রকম দায়িত্ব গ্রহণ করার কথা কে ঘোষণা করেছিল। এই ৪৫ লক্ষ মানুষ সরকারের কাছে আজকে অনুকম্পা চায় না, সরকারের করুণা ভিক্ষা তারা চায় না, আজকে তারা জানতে চায় সরকার তাদের পরিষ্কারভাবে বলুন যে সরকার তাদের অর্থনৈতিক

পুনর্বাসন, সুষ্ঠু পুনর্বাসন করবেন কিনা। বারবার বলা হয়েছে যে তাদের জন্য অনেক কিছু করা হয়েছে। গত ১৪ই নবেম্বর পার্লামেন্টে মেহেরচাঁদ খান্না পরিষ্কারভাবে বলেছেন যেসমস্ত জায়গায় উদ্বাস্তু সমস্যার সমাধান হয়েছে একমাত্র পশ্চিমবঙ্গ ব্যর্থ হয়েছে। একথা বিরোধী সদস্য হিসাবে আমি আপনাকে বলছি না, একথা মেহেরচাঁদ খান্না লোকসভায় ঘোষণা করেছেন। আজকে জানতে চাই যদি পশ্চিমবঙ্গ সরকার মনে করেন, যদি মাননীয় মন্ত্রী মনে করেন তাঁর পক্ষে সম্ভব নয় এই পুনর্বাসনের সমস্ত কার্য সুষ্ঠুভাবে পরিচালনা করা, আমি তাঁর কাছে অনুরোধ করবো তিনি অন্তত এই দপ্তরের সমস্ত ভার ছেড়ে দিন এবং ছেড়ে দেবার পর যোগ্যতর ব্যক্তির হাতে দায়িত্ব অর্পণ করুন। এবং তাতে দেখা যাবে নুতন মানুষ কোনরকম নুতন চিন্তা করে এই কাজ করতে পারে কিনা। গতকাল এই বিধানসভার আলোচনাকালে তিনি কটাক্ষপাত করেছিলেন কোচবিহারে তিনি গিয়েছিলেন তাতে নাকি ফরোয়ার্ড ব্লক উষ্মা প্রকাশ করেছিল একথা তিনি বলেছিলেন। যেখানে বাংলাদেশের উদ্বাস্তুরা পথে পথে ঘুরে বেড়ায়, যেখানে বাংলাদেশের উদ্বাস্তুদের সুষ্ঠু পুনর্বাসন হয়নি, সেখানে মাননীয় মন্ত্রী কংগ্রেসের সভা করতে গিয়েছিলেন তাতে আমাদের ফরোয়ার্ড ব্লকের উষ্মার কারণ থাকতো না, ফরোয়ার্ড ব্লক থেকে কোনরকম বিরোধিতার কারণ থাকতো না যদি না দেখতাম সরকারের টাকা নিয়ে, সরকারের টি এ এবং ডি এ নিয়ে তিনি কোচবিহারে কংগ্রেসী সভা করতে গিয়েছেন। যদি দেখতাম চৌরঙ্গী ভবনের তহবিল থেকে টাকা নিয়ে কোচবিহারে কংগ্রেসের সভা করতে গিয়েছেন, কিছু বলতাম না। মাননীয় মন্ত্রী মহোদয়াকে আমি জানিয়ে দিতে চাই যে আজকে হয়ত তিনি কিছুটা বিরক্ত হয়েছেন যে কোচবিহার তাঁদের হাত ছাড়া হয়েছে, ফরোয়ার্ড ব্লকের কাছে তাঁরা পরাজিত হয়েছেন কিন্তু আমি তাঁদের একথা জানিয়ে দিতে চাই যে আগামী কয়েক বৎসরের মধ্যে, সেদিন বেশি দূরে নয়, এই বাংলাদেশের প্রত্যেকটি জেলা থেকে আপনারা উৎখাত হবেন এবং আপনারা তখন উদ্বাস্তুতে পরিণত হবেন, আপনাদের উদ্বাস্তু পুনর্বাসনের জন্য তখন আমরা নিশ্চয়ই অনুকম্পা দেখাবো, তখন নিশ্চয়ই আমরা করুণার দান আপনাদের দেবো এবং তখন আপনাদের পুনর্বাসনের সমস্ত রকম ব্যবস্থা আমরা করবো।

Shrimati Santi Das:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের পুনর্বাসন মন্ত্রী তাঁর ব্যয়-বরাদ্দের দাবী যেটা উপস্থাপিত করেছেন সেটা আমি সর্বান্তঃকরণে সমর্থন করি এবং এবিষয়ে আমার কয়েকটা কথা আপনার মাধ্যমে তাঁর কাছে নিবেদন করতে চাই। তার পূর্বে আমি আমার বিরোধীপক্ষের বন্ধু শ্রীকমল গুহ গতকাল আমাদের এখানকার মহিলা সদস্যাদের লক্ষ্য করে যে অশালীন উক্তি করেছিলেন সে সম্পর্কে বলতে চাই যে আমরা তাতে আঘাত পাইনা। আমাদের কথা সাহিত্যিক শরৎচন্দ্র তাঁর শ্রীকান্ত উপন্যাসের এক জায়গায় বলেছেন-- বাংলাদেশে ছেলে একটি জিনিস এই যে পথেঘাটে মা বোন পাওয়া যায়। তিনি যাদের কথা বলেছেন আমরা সেই জাতের। কমলবাবু তাদের বোন বলে স্বীকার না করলেও আমরা এপক্ষে যারা বসে আছি তাকে তারা চিরকালই ভাই বলে স্বীকার করবেন। আমাদের বিরোধীপক্ষের শ্রীগৌর কুণ্ডু এবং অধ্যাপক শম্ভু ঘোষ এঁদের বক্তৃতা শুনলাম। এঁদের বক্তৃতা শুনে এই মনে হল প্রতি বছর গ্রামোফোনে পিন বদলে একই রেকর্ড বাজান ছাড়া আর কিছু নয়। রবীন্দ্রনাথের একটা কথা এখানে বলি, তিনি যেন এদের জনাই লিখেছেন "বিধাতা তাদের সৃষ্টি করবার সময় পূর্ণ সুযোগ তারা পাননি, তাদের বাথা এবং বুদ্ধিতে মিল হয়নি, তাদের শক্তি এবং ইচ্ছাতে মিল হয়নি।" তা যদি হত তাহলে পুনর্বাসন মন্ত্রী যে বাজেট অনুমোদনের জন্য রেখেছেন তারা নিশ্চয়ই তা সমর্থন করতেন। আজকে আমি আমাদের পুনর্বাসন মন্ত্রীর একটা জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। জানি না রাইটার্স বিল্ডিংএর কারাপ্রাচীরের উচ্চপদস্থ কর্মচারীদের কর্ণকুহরে এটা প্রবেশ করেছে কিনা। আমি বলছি আজকে যেসমস্ত লোকের পুনর্বাসন নীতি সফল করার জন্য অবদান সবচেয়ে বেশি—যারা পূর্ব পাকিস্তানের কর্মী একদিন রাজনৈতিক কর্মী হিসাবে আমাদের সঙ্গে বসবাস করেছিলেন এবং এখনও তারা অ্যাডিশনাল রিহ্যাবিলিটেশন অফিসার হিসাবে পুনর্বাসন বিভাগের ফাউন্ডেশন—তাদের প্রতি যে অবিচার করা হচ্ছে মাইনের স্কেল নিয়ে সেদিকে আমি মন্ত্রী মহোদয়ার দৃষ্টি আকর্ষণ করছি। এই অ্যাডিশনাল রিহ্যাবিলিটেশন অফিসার অনেক, তাদের যেসমস্ত পদস্থ কর্মচারী আছেন ক্যাম্প সুপারিন্টেন্ডেন্ট ইত্যাদি এখান

থেকে তাদের প্রোমোশন দিয়ে, পাবলিক সার্ভিস কমিশনএর থ্রু দিয়ে তাদের আসতে হচ্ছে তাদের যে পে স্কেল দেওয়া হচ্ছে ১৫০ টাকা থেকে ২৫০ টাকা। বর্তমানে তারা মাইনে পান কলকাতায় যারা থাকেন ২৬৩ টাকা, যারা মফঃস্বলে থাকেন তারা পান ২৩৫ টাকা। এখান থেকে যদি তাদের ডিগ্রেড করা হয় সেটা কোন অপরাধের জন্য ডিগ্রেড করা হবে? তাদের পে স্কেল ফিক্সড করা হয়েছে ১৫০ টাকা থেকে ২৫০ টাকা। কিন্তু বর্তমানে যা পান সেটা ২৫০ টাকার উপরে। তাদের ডিউটিজ অ্যান্ড ফাংশনস সম্বন্ধে বলছি—

Duties and Functions in brief—Supervision, inspection of Camps, P.L. Camps; verification of stores and cash of P. L. Homes; enquiries into cases of rehabilitation loans and grants; disbursement of loans and grants and realisation of loans; sundry enquiries in regard to speedy liquidation of camps, worksite camps, transit camps; arrangement of prompt rehabilitation of refugees living in and outside P. L. Homes and colonies.

এখানে আমি বলব যে তাদেরও বর্তমান অবস্থায় প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেটএর যে পাওয়ার আছে সেই পাওয়ার অনেক সময় তাদের হয়, কারণ, তারাও রিফিউজী সার্টিফিকেট ইস্যু করেন। ল ডিপার্টমেন্টএর সেক্রেটারি মিঃ হাজরার এরকম অর্ডার আছে। আমি বলি আজকের এই দুরাবস্থার দিনে আমরা যে অবস্থায় বাস করছি চীন কর্তৃক দেশ আজ আক্রান্ত এবং রিফিউজী অধ্যুষিত বাংলাদেশ যেখানে ৪৫ লক্ষ আশ্রয়প্রার্থী, এবং যারা এদেশে বাস করছে তাদের ইকনমিক কাঠামো এখনও শক্ত হয়নি এই অবস্থায় যদি এই মানুষগুলিকে ডিগ্রেড করা হয় তাহলে সেটা খুব দুঃখের ব্যাপার হবে এবং এদিকে আমি আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রী মহোদয়ার দৃষ্টি আকর্ষণ করছি। মন্ত্রী মহোদয়ার সমস্ত পরিবার রাজনৈতিক আন্দোলন করেছেন এবং সাফার করেছেন—আশা করি তিনি দরদী মন নিয়ে এদের কথা বিবেচনা করবেন।

[10-10—10-20 a.m.]

আমি এবার পুনর্বাসন বিভাগের সামনে কতকগুলি প্রশ্ন তুলব, যেগুলি আমি আশা করি মাননীয়া মন্ত্রিমহাশয়া উত্তর দেবার সময় উল্লেখ করবেন। প্রথম হচ্ছে ১৯৫৬ সালের মার্চ পর্যন্ত যে সমস্ত রিফিউজী পার্টলি পেমেন্ট পেয়েছেন তাদের বাকি টাকাটা দেওয়া হবে না, আমাদের রাজ্যসরকার ঠিক করেছেন। কিন্তু ১৯৫৭ সালে এবং তারপরে আজ পর্যন্ত পুনর্বাসনের জন্য যাদের পার্টলি পেমেন্ট করা হয়েছে তাদের দেওয়া হবে কিনা মন্ত্রিমহাশয়া যদি তাঁর রিপ্লাইতে বলেন তাহলে ভাল হয়, কেননা আমি নিজে ২।৩টা কেস এই ধরনের মন্ত্রিমহাশয়ার দৃষ্টি আকর্ষণের জন্য পাঠিয়েছি। আমার নিজের ধারণা রাজ্যসরকার এখনও এই বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ করেন নাই। তিনি যে স্কীমের কথা বললেন যে কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রীর সঙ্গে আলাপ আলোচনা করছেন, সেই সঙ্গে যদি এই পার্টলি পেমেন্ট পেয়ে যারা রিহ্যাবিলিটেশন পেয়েছেন, বাকি টাকাটা এখনও পাননি তাদের জন্য তিনি যদি একটা বায়-বরাদ্দের দাবী কেন্দ্রীয় সরকারের কাছে করেন তাহলে আমি খুসী হব। আরেকটি কথা হচ্ছে যে আমাদের নন-ক্যাম্প রিফিউজীদের মধ্যে যারা ১৯৫১ সালের অ্যাক্ট অনুযায়ী রিহ্যাবিলিটেশন পেয়েছেন, আজ পর্যন্ত তারা কতখানি কি পেয়েছেন এবং আর কত বাকী আছে সেটা যদি তিনি আমাদের জানান তাহলে আমরা খুসী হব। তাঁরা জানেন যে আমাদের কনস্টিটিউয়েন্সী-তে আমরা যখন কাজ করতে যাই অনেকে অনেক প্রশ্ন করেন এবং কনস্টিটিউয়েন্সীর বাহিরেও বিশেষ করে কলকাতা সহরে যারা রিফিউজী আছেন তাঁরাও আমাদের কাছে জিজ্ঞাসা করেন তাঁদের ধারণা এম এল এ-দের শক্তি বোধ হয় অপার। কিন্তু আসলে সব সময় তাদের প্রশ্নের উত্তর দিতে আমরা পারি না। তাঁদের কাছে আমরা অনেক সময় নাজেহাল হই, কারণ না জেনে ব্লাফ দিয়ে বা মিথ্যা বলে তাদের মনকে শান্ত করতে আমরা চাই না। এবং সেটা যাতে না করতে হয় সেই জন্য মন্ত্রিমহাশয়া যেন রিপ্লাই দেবার সময় এইগুলির উত্তর দেন। আর ইভাকুয়ি প্রপার্টি অ্যাক্ট-এ রিফিউজী রিহ্যাবিলিটেশন সম্পর্কে কি ব্যবস্থা করেছেন সে সম্পর্কে আশা করি তিনি

জানাবেন। এবং আন-অথরাইজড অকুপেশন অফ গভর্নমেন্ট প্রপার্টিজ যেমন লেক ব্যারাক এবং গয়েশপুরেতে যে সমস্ত লোক আছেন তাঁরা কত পুনর্বাসন পেয়েছেন এবং আরও কত বাকী আছে, এবং তাঁদের জন্য কি করা হয়েছে তা জানতে চাই। যেমন একটা ঘটনার কথা বলি, লেক ব্যারাকে যে সমস্ত রিফিউজী আছেন সেটা গভর্নমেন্ট প্রপার্টি—আমি কাগজে দেখেছিলাম যে এডুকেশন ডিপার্টমেন্ট থেকে একটা টেকনিক্যাল ট্রেনিং স্কুল করা হবে উওম্যানদের জন্য, তার জন্য তাঁরা নাকি যথার্থ জমি পাচ্ছেন না। এটা আমি কাগজেই দেখেছিলাম যে, ভেটারিনারী কলেজ যেটা আছে সেটা নাকি উঠে যাবার কথা হয়েছিল হরিণঘাটাতে। সেই বাড়ীটি নাকি তাঁরা নেবেন বলেছিলেন। আমি বলছি যে লেক ব্যারাক যেটা গভর্নমেন্ট প্রপার্টি, যদি এই পারপাজে সেটা ইউটিলাইজ করা যায় তাহলে নিশ্চয়ই কলকাতার মহিলারা যাঁরা কর্মক্ষম এবং কাজের বিনিয়োগে রুজিরোজগার করতে চান এবং তাঁদের ফ্যামিলিকে এস্টাবলিশ করতে চান, তাঁদের পক্ষে নিশ্চয়ই এটা সুখের হবে। আরেকটা কথা হচ্ছে ননক্যাম্প রিফিউজী যাঁরা, যাঁরা তাঁদের আত্মীয়-স্বজনের বাড়ীতে আছেন, যাঁরা ১৯৫৯ সাল পর্যন্ত দরখাস্ত দিয়েছেন এবং ১৯৫৯ সালের পরে যাঁদের আর কোন দরখাস্ত রিসিভ করা হয় নি তাঁদের সম্বন্ধে কি করতে হবে, এবং রাজ্যসরকার এই বিষয়ে কি স্থির সিদ্ধান্তে উপনীত হয়েছেন সেটা যদি তিনি আমাদের জানান তাহলে খুসী হব। কারণ বহু অ্যাপ্লিকেশন পয়সা খরচ করে রিফিউজীরা দিয়ে যায় আমাদের কাছে, কিন্তু আমরা তার উত্তর দিতে পারি না, যে উত্তর পেয়ে তারা খুসী হয়ে যেতে পারে। কাজেই এই সম্বন্ধে মাননীয়া মন্ত্রিমহাশয়া যদি আমাদের ওয়াকিবহাল করেন তাহলে খুসী হব। তারপর আমাদের বন্ধু গৌর কুন্ডু মহাশয় যে কথা বললেন ৯ বিঘা করে জমি পাব ফ্যামিলিকে এগ্রিকালচারাল ল্যাণ্ড দেওয়া হবে সেটা বোধ হয় তিনি না জেনে বলেছেন। তাদের হর্টিকালচার স্কীমে ১৯৫১-৫২ সালে রিহ্যাবিলিটেশন দেওয়া হয়েছিল, সেই এরিয়াতে যখন নাকি হর্টিকালচার স্কীম আমাদের কেন্দ্রীয় সরকার বন্ধ করে দেন তখন তাদের উপর অর্ডার হয়েছিল তারা এগ্রিকালচারাল লোন পাবেন। তারা এগ্রিকালচারাল লোনের জন্য ঐ এলাকাতে ৯ বিঘা করে জমি পাবেন, অথচ তিনি বলে গেলেন যে ওখানে প্রচুর জমি আছে এবং আমি তাকে জানাতে চাই সেই জমিতে আমাদের কংগ্রেসী মহল থেকে কেউ ফিশারী করেন নি বা সেখানে কেউ চাষবাস করেন নি। তাঁরা সব সময় কংগ্রেসের বিরুদ্ধে বলবার জন্যই বলেন। ঐ এলাকায় যাঁরা চাষবাস করে জীবনে প্রতিষ্ঠিত হতে যাচ্ছেন তাঁরা গয়েশপুরের অধিবাসী আর কেউ নয়। আমি বলি কাটাগঞ্জে যে স্পিনিং মিল হতে যাচ্ছে সেখানে যদি গয়েশপুরের অধিবাসীদের অর্থনৈতিক পুনর্বাসন দিতে হয় তাহলে ঐ জমি যখন ছাড়া হবে তখন ঐ জমি শোভনার লোকদের মধ্যে বিতরণ করা হবে। ১৯৫৬ সালে আমি নিজে এইটা টেক করেছিলাম এবং অর্ডারও বের করেছিলাম, কিন্তু গয়েশপুরের লোকদের কাছ থেকে জমি যদি নিয়ে নিই তাহলে দুই দলের মধ্যে মারামারি হবে, সেই জন্য তখন স্কীমটা বন্ধ ছিল। আরেকটা জিনিষের প্রতি পুনর্বাসন মন্ত্রীর আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের কাটাগঞ্জে যে স্পিনিং মিল হচ্ছে অর্থাৎ নানদের যে কোম্পানী সেই কোম্পানী আজ পর্যন্ত রিহ্যাবিলিটেশন ইন্ডাস্ট্রি বোর্ড থেকে কত টাকা পেয়েছেন সেটা যদি বলেন এবং এই কোম্পানী কতদূর অগ্রসর হয়েছে এবং আদৌ হবে কি না সেটা জানতে পারলে অত্যন্ত খুসী হব। এই কথা বলে আমি আবার মাননীয়া পুনর্বাসন মন্ত্রী মহাশয়া যে ব্যয়বরাদ্দ আমাদের সামনে উপস্থিত করেছেন সেটা আমি সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Nikhil Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয়া মন্ত্রিমহাশয়ার বক্তৃতা আমি মনযোগের সঙ্গে শুনেছি। কিন্তু একটা প্রশ্ন আমার মনে জেগেছে যে শিয়ালদহ স্টেশনে যে নন্দনকানন, সেখানে যে পারিজাত ফুলগুলি ফুটে রয়েছে সেই নয়নমুগ্ধকর যে দৃশ্য তা কি আমাদের পুনর্বাসন মন্ত্রিমহাশয়া দেখেন নি? সেখানে হাজার হাজার মানুষ অসহায় অবস্থায় দুর্দশায় উপবাসে অর্ধাহারে অনাহারে দিন কাটাচ্ছে, তাদের জীবনের যে করুণ চিত্র মর্মন্তুদ চিত্র তা কি তাঁর নয়নপথে পড়ে নি, তাদের সম্পর্কে একটা মুখের যে সহানুভূতি তাও তিনি জানালেন না এবং এ সম্বন্ধে তিনি একেবারে নীরব। আমরা শুনেছি সেখানে যে হাজার হাজার মানুষ রয়েছে তাঁদের সম্পর্কে নাকি আইনগত প্রশ্ন উঠেছে, তারা কোথায় কোথায় থেকে নাকি কেউ কেউ

পালিয়ে এসেছে। আইনের যে ব্যাপার তার জনাই নাকি তাদের পুনর্বাসন দেওয়া যাচ্ছে না। স্যার আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রিমহাশয়ার মানবিকতাবোধের কাছে আমি অনুরোধ করতে চাই যে তারা মানুষ, তারা মরে যাচ্ছে অর্ধাহারে অনাহারে, আপনি আইনের ফাঁক দেখিয়ে তাদের আরও মরার দিকে ঠেলে না দিয়ে যাতে তাদের পুনর্বাসন হতে পারে সেই কাজ করাই মনে করি মানুষের মত কাজ হবে। এই চেষ্টাই যেন তিনি করেন। মাননীয়া মন্ত্রিমহাশয়া উদ্বাস্তু দপ্তরের ব্যয়বরাদ্দ উপস্থিত করতে গিয়ে তিনি যে বক্তৃতা দিলেন তা হচ্ছে সব ফিউচার টেনসের বক্তৃতা। অর্থাৎ ভবিষ্যতে এই হবে। এই ফিউচার টেনসের বক্তৃতা আমরা গত ১৬ বছর থেকে শুনে আসছি। গতবারেও এই ফিউচার টেনসের বক্তৃতা শুনেছি, এবারেও সেই ফিউচার টেনসের বক্তৃতা শুনলাম। তাই আমার বক্তৃতার আগে মাননীয় সদস্য শান্তি দাশ মহাশয় বললেন সেই একই রেকর্ড ওখান থেকে বাজে, তার উত্তরগুলিও সব একই হবে। আলাদা উত্তর হবে কি করে—সেই কথাই তাঁকে বলে দিতে চাই। আরেকটা কথা এই প্রসঙ্গে বলতে চাই যে এবারের সেশনে আমরা তিন দিনের বক্তৃতা শুনলাম মুখ্যমন্ত্রীর, শুনে মনে হল তিন দিনের বক্তৃতা আর কিছুই নয় একটি বি ডি অফিসার একটি রেকর্ড করে রেখেছেন সেই রেকর্ডটা যেন তিনদিন ধরে শুনলাম। সেই জনাই বলছি রেকর্ডের কথা যদি বলেন তাহলে বলব যে রেকর্ড ঐদিক থেকেই হয়। একটা কথাই তারা বার বার এখানে বলেন। আজ পশ্চিমবঙ্গে প্রায় ৪৫ লক্ষ উদ্বাস্তু এসেছে, তার মধ্যে কত লক্ষ উদ্বাস্তু হারিয়ে গেছে তার হিসাব উদ্বাস্তু দপ্তরে নাই, তাদের মধ্যে কত হাজার লোক না খেয়ে মারা গেছে তার কোন হিসাব নেই, আবার তাদের মধ্যে কেউ কেউ নিজেদের চেষ্টায় এখানে ওখানে মাথা গোজবার চেষ্টা করেছেন। আর বাকী যারা রয়েছে তাদের পুনর্বাসন দেবার ব্যাপারে সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। অর্থনৈতিক পুনর্বাসন এর কথা ছেড়ে দিলাম ঘরবাড়ী দেবার ব্যাপারেও সরকার ব্যর্থ হয়েছেন। আমরা জবরদখল কলোনির কথা শুনলাম, এখন পশ্চিমবঙ্গে ১৪৭টি জবরদখল কলোনি আছে। এবং গভর্নমেন্ট কলোনি এবং গভর্নমেন্ট স্পনসর্ড কলোনিতে ২১ লক্ষ লোক বাস করে। এবং এই স্কোয়ার্টার কলোনি এবং জবরদখল কলোনির লোকদের পুনর্বাসন দেবার জন্য ১৯৫১ সালে একটা আইন এই আইনসভায় তৈরী হয়েছিল। সেই আইনটা ছিল—

Rehabilitation of displaced persons in unauthorised occupation of lands and houses

10-20—10-30 a.m.]

এই আইনটা ১৯৫১ সালের পর ১২ বছর চলে গেল এই আইনটা কার্যকরী করবার যে জায়গায় সরকার ছিলেন আজও সেখানে আছেন। হয়ত কোথাও কোথাও ২।৪টা অর্পণপত্র দিয়াছে। সেজন্য উদ্বাস্তুরা আজ পর্যন্ত জমির মালিকানা পায় নি। মন্ত্রিমহাশয় বললেন যে আমরা অ্যাকুয়ার করবার চেষ্টা করছি, ডেভেলপ করবার চেষ্টা করছি তাই কত খরচ পড়বে, কত বায় পড়বে সেটা বুঝতে পারেন নি এবং সেজন্য তাদের কত দিতে হবে জমির মূল্য হিসাবে সেটা ঠিক করতে পারছেন না। আমি একটা প্রশ্ন করছি এই যে ১২ বছর তাঁরা দেরী করেছেন তার ফলে যাদের জমি আছে তারা ১২ বছর ধরে যারা জবরদখল করে আছে তাদের বিরুদ্ধে মামলা করেছে এবং কমপেনসেশন ও কনসিডারেশন-এর যে ক্লজ আছে সেই ক্লজ-এ মামলা করে কমপেনসেশন এবং কনসিডারেশন বাবদ যে টাকা সেই টাকা তারা কমপিটেন্ট অথরিটির কোর্ট থেকে তারা ডিক্রি পেয়েছে এবং সেই ডিক্রি পেয়ে তারা টাকা নেওয়ার জন্য ক্রোক জারী করেছে উদ্বাস্তুদের বিরুদ্ধে। ১২ বছরে জমির যে মূল্য তার চেয়ে বেশী হবে না। জমির মূল্য যা আছে তার চেয়ে বেশী কমপেনসেশন এবং কনসিডারেশন বাবদ জমির মালিককে যদি বেশী দিতে হয় তাহলে এগুলি লিগেলাইজ করে লাভ কি আছে? এই যে ১২ বছর দেরী হয়েছে এই দেরী যদি ১০ বছর হয় সেই ১০ বছরের জায়গায় একটা কথা বলতে চাই যে কমপেনসেশন এবং কনসিডারেশন যেহেতু দেরী হয়েছে সরকারের অপদার্থতার জন্য তাহলে কমপেনসেশন এবং কনসিডারেশন যদি কাউকে দিতে হয় তাহলে সেটা সরকারকে দিতে হবে এবং সেই টাকা জমির যখন মূল্য ঠিক হবে সেই মূল্য মালিকের কাছ থেকে কেটে নেওয়া হবে। সেজন্য বলছি যে, ১৯৫১ সালের আইনটা পরিবর্তন করা হোক। এ সম্বন্ধে আর একটা কথা বলব। কেউ

উম্বাস্তু কি উম্বাস্তু নয় তা প্রমাণ করার জন্য আমরা কয়েকটা ধারা ঠিক করে দিয়েছি। তার একটা প্রমাণ হচ্ছে সারকামস্ট্যানসিয়াল এভিডেন্স। এই সারকামস্ট্যানসিয়াল এভিডেন্স একটা মারাত্মক জিনিষ। কারণ পুনর্বাসন দপ্তরে যে মধুচক্র জমে আছে তারা যেখানে মধু দেখেন সেখানে গিয়ে বসেন। তাই সারকামস্ট্যানসিয়াল এভিডেন্স-এর যে জায়গা সেই জায়গায় বহু মধু জমা হয়ে আছে এবং এই সারকামস্ট্যান্সিয়াল এভিডেন্স-এর ব্যাপারে আমার কাছে তথ্য আছে দরকার হলে সেগুলি আপনার মাধ্যমে মন্ত্রীদের দেব। একই এভিডেন্স-এ একজন লোক যে রিফিউজি বলে প্রমাণিত হয়েছে, সেই এভিডেন্স-এ অন্য একজন লোক রিফিউজি বলে প্রমাণিত হয় নি। তাই বলছি যে সারকামস্ট্যান্সিয়াল এভিডেন্স-এর যে জায়গা সেই জায়গায় আমাদের যে আইন আছে সেটা পরিবর্তন করা হোক। তারপর ১৯৫০ সালে ডিসেম্বর মাসের আগে যারা এসেছে তারা এই জায়গায় স্থান পাবে। ১৯৫০ সালের ডিসেম্বর-এর মধ্যে যারা এসেছে এটা যদি তারা প্রমাণ না করতে পারে তাহলে তারা পুনর্বাসন পাবেন না। এ সম্পর্কে আমার একটা কথা হচ্ছে উম্বাস্তুরা যখন পূর্ববাংলা থেকে এসেছে তখন তারা যে অবস্থায় এসেছে তাতে তাদের পক্ষে অর্পণপত্র টেঁকে গুঁজে আনা সম্ভব হয় নি। সেই সময় তাদের মাত্র বর্ডার স্লিপ দিয়েছে। কিন্তু তখন প্রাণের আতঙ্কে বর্ডার স্লিপ রক্ষা কবচ করে বহু রিফিউজি আসতে পারে নি। ১৯৫০ সালের আগে ডিসেম্বর-এর মধ্যে এসেছে কি না সেটা এই প্রমাণপত্র ফাঁকির জন্য বহু দুর্নীতি হচ্ছে এবং তার ফলে যারা সৎ রিফিউজি তারা প্রমাণপত্র দিতে পারছে না। আর একটা অন্য জিনিষ তৈরী হচ্ছে, তা হচ্ছে এই প্রমাণপত্রগুলি তৈরী করবার একটা কারখানা তৈরী হয়েছে। সেই কারখানায় এই প্রমাণপত্রগুলি তৈরী হয় এবং সেই কারখানার খবর অকল্যান্ড হাউস-এ গেলে পাওয়া যায়। এখানে কারখানায় এজেন্সী রয়েছে যাদের খবর ওঁরা জানেন। এবং ওঁরা বলেন যে এখানে গেলেই পাবেন কি করে জাল প্রমাণপত্র তৈরী করতে হয়। তাই আমাদের উদ্দেশ্য যদি উম্বাস্তু পুনর্বাসন হয় তাহলে কে উম্বাস্তু এবং কে উম্বাস্তু না এটা প্রমাণ পাওয়া খুব কঠিন কাজ নয়। এবং ১৯৫০ সনে যে ধারা রয়েছে সেই ধারার ফলে সেই কলোনিগুলোকে বৈধকরণ করবার যে সুযোগ সেটা ঠিক করতে হবে এবং তাতে কোন অসুবিধা হবে না বলে মনে করি। আর একটি কথা আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রি-মহাশয়ের কাছে রাখতে চাই সেটা হচ্ছে দপ্তরের কথা। বহু কলোনিতে তারা গিয়েছেন এবং ফটোও ওরা তুলেছেন, তারা স্টেটমেণ্ট নিয়ে এসেছেন এবং সেই কাগজগুলো গাদা গাদা হয়ে অকল্যান্ড হাউসে জমা আছে। কিন্তু অত্যন্ত দুঃখের কথা স্যার, সেটা হচ্ছে এই যে যদি কোন রিফিউজি যায় এবং তারা যে প্রমাণপত্র দিয়েছিলেন এবং যার ফটো তোলা হয়েছে সেগুলো এখনও আছে কিনা তা খুঁজে পাওয়া যায় না। আমি নাম করে বলতে পারি আমার কাছে নামগুলো আছে তারা ওখানে গিয়েছিল তাদের কলোনিগুলোকে রেগুলারাইজ করার জন্য স্ক্রুটিনি হয়েছে ফটো হয়েছে কিন্তু ডিপার্টমেণ্টে গিয়ে ফটোও পাওয়া যায় এবং স্ক্রুটিনির রিপোর্টগুলো পাওয়া যায় না। সেগুলো যে কোন্ অদৃশ্য হাতে কোথা থেকে কোথায় উড়ে চলে গেছে সেকথা কেউ বলতে পারি নি। এই যে কলোনিগুলোতে যারা বসবাস করছে তাদের জমির মূল্যটা কি হবে সেই প্রশ্ন সম্পর্কে আমি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় কিছু বলবেন। জমির দাম কি হবে সেই সম্পর্কে তিনি কিছুই বলেন নি। আর একটি কথা আপনার মাধ্যমে তাঁর কাছে রাখতে চাই এই যে কলোনিগুলি গড়ে উঠেছে যে সেগুলো অত্যন্ত কনজেস্টেড। সেখানে আসেপাশে যে জায়গা রয়েছে সেগুলোকে অ্যাকোয়ার করার ব্যবস্থা করেছিলেন সরকার। কিন্তু অত্যন্ত দুঃখের ব্যাপার যে সেই ওপেন ল্যান্ড যেগুলো ছিলো তাদের কাছ থেকে অ্যাকোয়ার করার যে নোটিশ সরকার দিয়েছিলেন আজকে সরকারী দপ্তরে এমন দুর্নীতি ঢুকে আছে যে সেই ওপেন ল্যান্ডগুলোর মালিক যারা তারা সার্টিফিকেট নিয়ে আসছেন ওখানকার কংগ্রেস সদস্যদের কাছ থেকে অবশ্য কংগ্রেস বললে তো চলে যাবেন—ঐ ওপেন ল্যান্ডগুলো যে অ্যাকুইজিসনের যে আওতায় আছে সেখান থেকে তারা সেগুলোকে রিলিভড করে নিয়ে যাচ্ছে—এই যে দুর্নীতি এটা এখানে চলছে। এই যে ১৪৭টি জবরদখল কলোনি আছে এগুলো যদি বৈধকরণ করতে চাই যারা এখানে আছে তাদের ঠিক ঠিকভাবে পুনর্বাসন করতে চাই তাহলে আর দেরী করলে চলবে না। ১৯৫১ সালের আইন পরিবর্তন করতে হবে। আর একটা কথা বলবো মুসলিম হাউসের সম্বন্ধে স্যার, সে সম্পর্কে তিনি কিছু বলেন নি। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি সেই এলাকার ১০ এবং ১৪ নম্বর ওয়ার্ডে মুসলিম বাড়ী যে খালি পড়েছিল সেই বাড়ী-

গুলোতে হাজার হাজার উদ্বাস্তু এখনও আছে। আমি মন্ত্রিমহাশয়ের সাথে দেখা করেছিলাম তাদের তরফ থেকে বহু দরখাস্ত দিয়েছে কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয় নি। আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে সেই জায়গাগুলো নম্বর দিচ্ছি

228/2, A. P. C. Road.
1, Radhakanta Jiw Street.
2/1, Nilambar Mukherjee Lane.
1, Pal Street.
1, Dakshina Sen Lane.
21 1, Canal East Road.
20/1, Kalimuddin Lane.
83, Raja Dinendra Street.
5, Baldeopara Road.
Ultadanga Main Road.
20/1 Kalimuddin Lane.
Simla Road.
Munshipara Road.
Lala Bagan.
Hazi Zacaria Lane.

এই যে অঞ্চল এখানে হাজার হাজার উদ্বাস্তু মুসলিম হাউসে পড়ে আছে। গতবার বাজেট সেসানে যখন সাধারণ আলোচনা হয় তখন যখন এই প্রশ্নটা উত্থাপন করেছিলাম তখন আমাদের মুখ্যমন্ত্রী পরলোকগত যিনি ছিলেন বিধানবাবু তিনি বলেছিলেন ঐ বাড়ীতে যারা আছে তাদের পুনর্বাসনের দায়িত্ব আমরা নেবো কিন্তু এই এক বছরের মধ্যে এদের পুনর্বাসনের ব্যাপারে কোন সাহায্য আজ পর্যন্ত করতে পারেন নি। এ ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করছি। শেষ কথা বলি, উত্তর বঙ্গের কথা। সেখানে আপনারা জানেন যে চড়াই মহল বলে কতকগুলো জায়গা আছে। সেই চড়াই মহলে উদ্বাস্তুরা জবরদখল করে আছে। কিন্তু চড়াই মহলের [illegible] সরকারী দপ্তরে এসেছে এবং সেই চড়াই মহলের সরকারী জায়গাগুলো সরকারের এক দপ্তর থেকে রিফিউজি দপ্তরে আর যাচ্ছে না। এক দপ্তরের ফাইল অন্য দপ্তরে যাচ্ছে কিন্তু এই কয়েক বছরের মধ্যে তারা কিছুই করেন নি। এক দপ্তর থেকে আর এক দপ্তরে ফাইল যাচ্ছে সরকারের জমি সরকারের এক দপ্তরে সেই জমি আছে আর এক দপ্তরে সেই জমিটাকে নিতে হবে, সেই যে উত্তর বঙ্গের চড়াই মহলে যে জমিগুলি আছে তার ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। সরকারী পুনর্বাসন দপ্তরের যে চেহারা সেটা রাইটার্স বিল্ডিংসের চেহারার মত সেটা মাননীয় শান্তি দাস বললেন যে রাইটার্স বিল্ডিং কারা প্রাচীর সত্যই কারা প্রাচীর। সেখানে কোন কিছু এধার থেকে ওধারে যায় না। কারণ আমরা লাল টুপি পাগড়ী পুলিশের মাথা থেকে তুলে ফেলেছি বটে কিন্তু এই লাল ফিতের রেড টেপিজম যেটা সরকারী অফিসের ফাইলে যা আছে সেইগুলো এখনও আছে, লালের প্রতি যত বিতৃষ্ণাই আমাদের থাক না কেন। তাই যেমন পুলিশের পাগড়ি যখন তুলেছেন লাল হিসেবে ঐ লাল ফিতের বাঁধনটাকে দপ্তর থেকে তুলে দিন দেখবেন অনেক কাজ তাড়াতাড়ি হবে।

[10-30 – 10-40 a.m.]

Shri Bejoy Kumar Banerjee: Mr. Deputy Speaker, Sir, at least in one matter I hope the House will agree about the achievement of this Government, namely, that the Government is spending crores and crores of rupees on each item to run the administration and on this item also—the grant for the refugees—the Government has up till now spent crores. But the question remains to be answered that by spending so much money whether

and how far the Government has been able to solve the refugee problem—how many of the refugees have by this time been rehabilitated economically or otherwise. The question has got to be answered as to where all the refugees have been sent, how are they and how many are there. Some of them were sent after the partition of Bengal to places like the Andamans, some to the province of Orissa, some to other provinces and lastly some to Dandakaranya. Sir, we have found that those who cannot stay outside Bengal for their suffering and hardship, come back and live at the Sealdah Station—it is a sight, Sir, which certainly will melt any hard heart excepting that of the Government. I do not know under what circumstances and for what reasons they were not taken back and given some sort of shelter somewhere. If as they stamp the mutton, they stamp these people as non-refugees and so they are not to receive any grant, that should not be the attitude of the Government. Sir, sitting here in cool shade and cool atmosphere of this Assembly chamber, it is impossible to understand the real situation of the refugee problem or of any other problem and when we hear speeches from the Government side, we feel, Sir, as if there is no problem left to be solved in Bengal and that all problems have been solved and we are just spending our leisure time here. But, Sir, things are otherwise, and speaking of the refugee problem, I will quote from the speech of no less a person than the Hon'ble the Chief Minister Shri P. C. Sen on his demand for budget grant of 1958-59 because if we quote from the statement of any other person, that is always taken to be the wailing of the Opposition. Sir, he said this:

"আমাদের তরফ থেকে দাবী করা হয় যে, ৩২ লক্ষ লোকের মধ্যে ২১ লক্ষ লোককে আমরা পুনর্বাসন দিয়েছি। আমি অবশ্য মনে করি - ২১ লক্ষ লোক, যারা পুনর্বাসনের জন্য নানা খাতে টাকা পেয়েছে, তাতে সবার পুনর্বাসন হয় নাই। অন্ততঃ শতকরা ৫০ জন লোকের যে পুনর্বাসন হয় নাই সে বিষয়ে আমার কোন সন্দেহ নাই। এই যে ২০ লক্ষ লোক, আমাদের ক্যাম্পে আছে ২ লক্ষ ৫২ হাজার অার হাউজ অ্যান্ড ইনফারমেসিস-এ আছে প্রায় ৫৩ হাজার লোক; আর রিহ্যাবিলিটেশন-এ আছে ১৫ হাজারের বেশী লোক। এটা হলো স্ট্যাটিসটিক্যাল ব্যুরো থেকে একটা সার্ভে করেছে। তাদের সত্যি কতটা পুনর্বাসন হয়েছে তা আমরা দেখবো। আমার যে রিপোর্ট পেয়েছি তা অত্যন্ত হতাশাজনক।"

তিনি নিজে বলছেন ২ লক্ষ ৩৩ হাজার আরবান ফ্যামিলি যার পুনর্বাসন দিয়েছি। এই সার্ভের পর আমরা দেখছি যে ১ লক্ষ ৪২ হাজার পরিবারেরও সুষ্ঠু পুনর্বাসন হয় নাই। আমরা পল্লী অঞ্চলের ইত্যাদি এই রকম সব বলে চলে তিনি বললেন আমি একটু ডিটেলস বলতে চাই......

Sir, here is a statement of the Hon'ble Relief and Rehabilitation Minister, a categorical statement, a statement of fact about the rehabilitation of the refugees. Unfortunately, no other book is available here in this Assembly Library. After this we do not know what has happened, specially as we are new-comers. Mr. Deputy Speaker, Sir, I would like to be told, I would certainly thank the Hon'ble Minister if we are told as to what has happened about these refugees who were sent to the Andamans, why they are not sending other refugees there and also what about the Dandakaranya scheme. All these ineffective, unplanned schemes resulted in disaster—the delay in solving this problem. What do we find in our daily experience here in Calcutta? We find everyday T.B. patients, specially amongst the refugees—also others are there—mostly refugees—without getting any nourishment whatsoever, in large numbers. I find brilliant men, boys and girls, students, who cannot prosecute their studies for want of facilities and money. Sir, grants are there and grants are passed. Beautiful books containing details of the budget are distributed. But if one goes for sanction of a grant—Sir, people go there, wait and after all sorts of harassment and

delay they get some sort of pittance. And at times it is not possible to have the grant sanctioned. This bureaucratic method for getting a grant and relief must be changed.

The refugees must be clearly told—they have come here—whether they are burden on the State or whether we have got any moral obligation for them. Then can demand it as a matter of right. Sir, unless they agreed to come here and undergo the suffering and the sacrifice, where would have been the members of the Treasury Bench today? They sacrificed their all. Now we are driving them from one place to another. We are not trying to solve the problem as we should do. They would have been of great help to the State of West Bengal of they could be rehabilitated here in this province. They are the children of the soil. With the partition of Bengal this refugee fragmentation has affected the future of West Bengal. Sir, these refugees contributed greatly to the development of West Bengal in various ways. I find young boys just in their teens, hawking in the streets of Calcutta just to get a pittance somehow or other. Only the other day one of them saved himself from being run over by a motor car, but ultimately he fell down under a tram car and died because the police did not allow him to sell his articles on the beautiful roads of Chowringhee. This is the state of affairs

Sir, in the Lake Camp, I do not know under what level the refugees are living. They are living in the Lake Camp under conditions of hell. They have got to be taken away somewhere else. If any relief is to be given let them give it. But how can the Government allow these people to live in that condition where there is no arrangement for privy, sanitation or anything of the sort? There should be a target date fixed within which time this problem would be solved. 16 years have passed. I know of no country anywhere in the West faced with this problem, refugee problem, faced with even greater difficulties, which took such a long, long time to solve the problems. There must be some wrong somewhere. Sir, I would have been glad if I could echo the voice and sentiments expressed by the members on the other side. I know nothing will come out in spit of our telling all these things in this House. They will go on doing things according to their sweet will. But, Sir, it will be disastrous for Bengal if this refugee problem is not quickly solved, and if the refugees are not economically rehabilitated as quickly as possible. The present necessity is to rehabilitate this uprooted humanity. They have sacrificed their all. They are Bengalees, they do not belong to any other community. I want to know if any other community have experienced such kind of fragmentation in any other parts of India.

[10-40—10-50 a.m.]

Sir, we have got বিশ্বপ্রেম . But what about our own প্রেম ? We are not looking after our own countrymen. Due to the Partition Bengalees had suffered the worst consequences.

With these words, Sir, I would appeal to the Hon'ble Ministers, because they are the persons in authority, at least to do something for them and also for those refugees who are living in Sealdah, in the Lake Barrack and everywhere because they are our own men. I have great admiration for her, the Hon'ble Minister-in-charge of Rehabilitation. But I would request her to change the mentality so that refugees are not treated as beggars. In the present Census they have been recorded as Indian citizens. They are not foreigners, and they should not be treated like that.

Thank you.

Shri Narendra Nath Sarker:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, স্বাধীনতা লাভের সাথে সাথে বিভক্ত বাংলা দেশে পূর্ব বংগ থেকে পশ্চিমবঙ্গে প্রায় ৩৫ লক্ষ উদ্বাস্তু ভাইবোনেরা এদেশে আজ পর্যন্ত এসেছেন। সুতরাং এই উদ্বাস্তু সমাগমের ফলে পশ্চিমবঙ্গের জনসংখ্যার উপর চাপ পড়েছে এবং পশ্চিমবঙ্গের জন-সংখ্যার উপর চাপ পড়ার সাথে সাথে বহু সমস্যারও উদ্ভব হয়েছে। উদ্বাস্তুরা কেউ বা নিজেদের চেষ্টায়, কেউ বা সরকারী সাহায্যে, কোথাও বা সম্মীলিত প্রচেষ্টায় সরকারী সাহায্যে নিজেরা উপনিবেশ গড়ে তুলেছে এবং পুনর্বাসনের ব্যবস্থা করেছে। সরকার নিজের চেষ্টায় ৪১৭টি কলোনী গড়ে তুলেছেন, ১৪৭টি স্কোয়াটার্স কলোনী গড়ে তুলেছেন। এই ১৪৭টি স্কোয়াটার্স কলোনী রেগুলারাইসড হবে শুনে আজ আনন্দিত হলাম কারণ যারা অর্পণনামা পেয়েছিল তারা জমির উপর সত্যিকারের অধিকার পাবে একথা জেনে আমি আজকে আমাদের পুনর্বাসন মন্ত্রী মহোদয়াকে অভিনন্দন জানাচ্ছি এবং আরো সুখী হলাম যে এই সমস্ত কলোনীতে যে সমস্ত উন্নয়নের কাজ চলছে সেই উন্নয়নের কাজের ভিতরে জলের ব্যবস্থা, স্কুলের ব্যবস্থা, রাস্তা ঘাটের জন্য যে দায়িত্বভার সরকার নিয়েছিলেন, কোন কোন পৌরসভা এগিয়ে এসেছেন সেই দায়িত্বভার গ্রহণ করবার জন্য। আমি বাংলাদেশের সেই সমস্ত পৌরসভাকে আবেদন জানাবো, অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে, যে যদি তাঁরা এই সমস্ত কলোনীর ভার গ্রহণ করেন এবং এই কল, রাস্তাঘাট, স্কুলের উন্নয়নের দায়িত্বভার গ্রহণ করেন, সরকার যার জন্য টাকা দিতে স্বীকৃত আছেন, আমাদের মন্ত্রী মহোদয়া তিনি যে কথা রেখেছেন আমি মনে করি তাহলে সত্যিই কলোনীগুলির অনেক উপকার হবে এবং পৌরসভার কাজও অনেক সুষ্ঠু এবং সুন্দর হবে।

আজকে পুনর্বাসনের কাজ আমরা দেখছি ২২ হাজার লোক এখনও ক্যাম্প-এ বাস করে তাদের ভিতরে অনেকে স্থায়ীভাবে ক্যাম্পে বাস করছে এবং স্থায়ীভাবে যারা বাস করছে তাদের মধ্যে অনেক অসহায় এবং পঙ্গু আছেন এবং যাদের পুনর্বাসনের জায়গা সরকার ব্যবস্থা করেছেন আমি মনে করি তাদের পুনর্বাসন ব্যবস্থা ত্বরান্বিত করা প্রয়োজন। এই ক্যাম্পগুলি উপলক্ষ্য করে বিরোধী পক্ষের বন্ধুরা অনেক কথা বলেছেন যে সমস্যা আছে তারা সেখানে বিভিন্ন ধরনের পুনর্বাসন সংস্থা তৈরী করে আরও মানুষকে বিব্রত করেছেন—বিশেষ করে ইউ জি আর সি-এর মাধ্যমে ওই কমিউনিস্ট পার্টির বন্ধুরা যে ধরনের প্রচার করেছিলেন তার ফলে দণ্ডকারণ্যে পুনর্বাসন ত্বরান্বিত হয় নি। যার ফলে আন্দামানে পুনর্বাসন বাধাপ্রাপ্ত হয়েছিল। আজকের দিনে একথা স্বীকার করতে হবে অসহায় মানুষ যারা পূর্ববঙ্গ থেকে এখানে এসে আশ্রয় গ্রহণ করেছেন তাদের পূর্ণ সহযোগিতা নিয়ে কাজ করার কথা ছিল। নদীয়ার কথা বলি সেখানে সরকার এবং আমাদের সহযোগিতার মিলন হয়েছে এবং তার ফলে নদীয়ায় সর্বত্র এক নোতুন প্রাণের সঞ্চার হয়েছে। নদীয়ায় ৭½ লক্ষ লোক ছিল, সেখানে ১৭ লক্ষ লোক হয়েছে। নদীয়ার অর্থনৈতিক বিপর্যয় যা দেখা দিয়েছে তা রুখবার জন্য আমরা একযোগে কাজ করে চলেছি। হরিণঘাটে পাট উৎপাদন কেন্দ্রে পাট উৎপাদন চলছে—যা বাংলাদেশের ভিতরে পাকিস্তানের সাথে তুলনামূলকভাবে শ্রেষ্ঠত্ব অর্জন করেছে। সেখানে এই উদ্বাস্তু চাষীরা হাজার হাজার টাকা উপায় করছে এবং তাদের কলোনীর অবস্থার উন্নতি করছে। আজকে সেখানে দেখলে মনে হয় তারা অর্থনৈতিক পুনর্বাসন লাভ করেছেন—আজকে আর্থিক দিক দিয়ে মজবুত হয়ে তারা সেখানে হাই স্কুল প্রতিষ্ঠিত করেছে। শান্তিনগর, ধুবুলিয়ায় সমস্ত কলোনীতে আজ শিক্ষার বিস্তার হয়েছে—সব হয়েছে একথা বলি না। আমি বলি না সব করা হয়েছে, অনেক হয়েছে এবং আরও করার প্রয়োজন আছে। যা করা হয়েছে তা আপনাদের কাছে পরিস্কার করে রাখলে বুঝা যাবে যে পুনর্বাসনের কাজ অনেক এগিয়ে গেছে। আজকে বামপন্থী বন্ধু যারা ওধারে বসে আছেন তাদের এক্ষেত্রে স্বাভাবিক সহানুভূতি এবং সাহায্যের প্রয়োজন আছে। পুনর্বাসনের ব্যাপারে যদি তারা দলবাজী না করেন তাহলে কাজ সত্যিই ভাল হবে। নদীয়ায় আমরা দেখেছি ৮০ হাজার তাঁতি তাঁতশিল্পে আত্মনিয়োগ করেছে তাঁরা শুনে সুখী হবেন নদীয়ায় প্রতি সপ্তাহে ৮ লক্ষ টাকার তাঁত উৎপাদন হয়। সেই শ্রমিকদের যারা বিভ্রান্ত করছে সেরকম বহু বন্ধু কমিউনিস্ট পার্টিতে আছেন। (নয়েজ অ্যান্ড ইনটারাপশন) এই ইউ জি আর সি আন্দোলনের সঙ্গে ওই কমলবাবুও গাঁটছড়া বেঁধে গিয়েছিলেন এবং সেটা ভুলে গেলে চলবে না। (শ্রীকমলকান্তি গুহ: সবজান্তা।) ওরা

উদ্বাস্তুদের সম্বন্ধে আলোচনা করতে গেলে নিজেদের দলবাজীর সম্বন্ধে আগে আলোচনা করবেন—তাদের প্রতি আন্তরিকতা আপনাদের ছিল এটা আপনাদের প্রমাণ করতে হবে। স্যার, সুতার ব্যাপারের সেলস ট্যাক্স আমরা জানি যে বিহার, উড়িষ্যা এবং বিভিন্ন প্রদেশে যা আছে আমাদের শঙ্কর দাস ব্যানার্জীকে অভিনন্দন জানাই এজন্যে যে তিনি তা না করে তৈরী সুতার উপর সেলস ট্যাক্স বসিয়েছেন।

[10-50—11 a.m.]

আমি মন্ত্রিমহাশয়কে বলব সেই উদ্বাস্তুদের উপর আজকে যদি সার্টিফিকেট ইস্যু করে তাহলে ভুল হবে। আজ যেখানে তাদের বাঁচাবার ব্যবস্থা করতে পারেন না সেক্ষেত্রে এই সার্টিফিকেট প্রত্যাহার করা উচিত। মূল কথা যে কারণে আজকে উদ্বাস্তু সমস্যা জটিলতর হয়েছে তার জন্য মূলতঃ দায়ী পূর্ব পাকিস্তানের রাজনীতি এবং তাদের রাজনৈতিক দৃষ্টিভঙ্গী। পাকিস্তান সরকার তাদের রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করার জন্য মাইনরিটি কমিউনিটির উপর অত্যাচার করেছে। পশ্চিমবঙ্গ সরকার মানবিকতার দিক থেকে, কেন্দ্রীয় সরকার মানবিকতার দিক থেকে তাদের আশ্রয় দিয়েছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাব যে, তিনি যেন কেন্দ্রীয় সরকারের কাছে এই প্রস্তাব রাখেন যে এই সমস্ত উদ্বাস্তুদের পূর্ণ পুনর্বাসনের সুযোগ দেওয়া উচিত। তারা যেসমস্ত সম্পত্তি পাকিস্তানে ফেলে এসেছে তার পুরো কম্পেনসেসান কেন্দ্রীয় সরকার যেন পাকিস্তানের কাছ থেকে আদায় করেন, তাহলে লোন দেবার প্রয়োজন থাকবে না। পাকিস্তানের কাছ থেকে যদি সমস্ত কম্পেনসেসান আমরা আদায় করতে পারি তাহলে আমরা বিশ্বাস করি এই সমস্ত লোক নিজেরাই নিজেদের ব্যবস্থা করতে পারবে। আমি যে অঞ্চল থেকে এসেছি সেখানকার সাধারণ মানুষের দাবি হচ্ছে, পাকিস্তানের থেকে কম্পেনসেসান আদায় করে উদ্বাস্তুদের লোন দিতে হবে, এবং যারা লোন নিয়েছেন তাদের ঋণ মকুব করার ব্যবস্থা করতে হবে। আমি আমার বক্তব্য শেষ করবার আগে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে একটা আবেদন জানাচ্ছি যে, এটা ডেড লোন করে দিন যাতে করে উদ্বাস্তুরা এখানে ভারতীয় নাগরিকের অধিকার নিয়ে বাস করতে পারে। উদ্বাস্তু খাতে ব্যয়বরাদ্দের দাবিতে মন্ত্রিমহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় উদ্বাস্তুমন্ত্রী মহোদয়া আমাদের কাছ থেকে সহযোগিতা চেয়েছেন। গতবারেও তিনি চেয়েছিলেন এবং এবারেও চাচ্ছেন। গতবারেও আমরা সহযোগিতা করতে পারিনি, এবারেও পারছি না। তার জন্য দায়ী যদি কেউ থাকেন তাহলে তিনি নিজে এবং তাঁর দপ্তর এবং মন্ত্রিসভা। মাঃ উপাধ্যক্ষ মহোদয়, আপনি যদি নবাগত হতেন এই কলকাতা সহরে, যদি টুরিস্ট হয়ে আসতেন তাহলে আপনি দেখতেন ইডেন উদ্যান, মনুমেন্ট, ভিক্টোরিয়া মেমোরিয়াল হল, হাওড়ার পুল। এইগুলি হচ্ছে এই মহানগরীর সজ্জা। আরো একটা জিনিস আপনি দেখতেন তার সঙ্গে, শিয়ালদহ স্টেশন, কি নারকীয় অবস্থা। সেটা হচ্ছে সভ্যতার লজ্জা। মাঃ উপাধ্যক্ষ মহাশয়, আজকে উদ্বাস্তু সমস্যা সম্বন্ধে বলতে গিয়ে একটা করুণ ইতিহাস বলতে হয়—আমি সেদিন দেখেছি শিয়ালদহের নারকীয় কান্ড, একটি দুই বৎসরের ছেলে পাঁকের মধ্যে বসে পোড়ান রুটি খাচ্ছে এবং তার মা তার অদূরে বসে আছে। আরো দেখেছিলাম কতগুলি ছেলে গুড় চাইছে। আমি আতংকিত হয়ে উঠলাম। কিছুদিন আগের কথা, মাঃ উপাধ্যক্ষ মহোদয়, সেই সপ্তাহে ক্যালকাটা কর্পোরেশন-এর রিপোর্ট ৭৪৮ জন মারা গিয়েছে নানা রোগে। এই হচ্ছে গ্লানির বীজ যে বীজ শুধু শিয়ালদহে নয়, যা সংক্রামিত হয়েছে সমস্ত বাংলাদেশের সমাজদেহে এবং সেই বীজকে মন্ত্রিসভা পুষে রেখে দিয়েছেন। এই অবস্থার ভিতর বাংলাদেশের মাথার উপর ঝুলছে উদ্বাস্তু পুনর্বাসন সমস্যা। ইতিহাস তাদের ক্ষমা করবে না। মাঃ উপাধ্যক্ষ মহোদয়, এই উদ্বাস্তু সমস্যার সংগে আমি ওতপ্রোতভাবে জড়িত, আমি তাদের সম্পর্কে জানি, এবং আরো জানি কলকাতা সহরের ফুটপাথে যারা একটু ভিক্ষা দাও বলে ঘুরে বেড়ায় তাদের। আমি দেখেছি তাদের পূর্ববঙ্গের গ্রামে। তাদেরও সংসার ছিল, তাদেরও ভবিষ্যৎ ছিল, সুখ ছিল, শান্তি ছিল, তাদেরও স্বপ্ন ছিল। আজ তারা ঝড়ো হাওয়ায় এখানে উড়ে এসে পড়েছে। এবং সেজন্য আমি এই অবস্থার জন্য যে পলিসি দায়ী সেই পলিসির বিরুদ্ধে কথা বলেছি। আমরা দলাদলি করিনি, আমরা মানবতার নামে এ্যাপিল করেছিলাম,

আমরা বলেছিলাম তাদেরকে বাঁচান। আপনারা তার পরিবর্তে উদ্বাস্তু আন্দোলন লাঠি দিয়ে স্তব্ধ করতে চেয়েছিলেন। কিন্তু স্তব্ধ হয়নি। এবার দণ্ডকারণ্য পরিকল্পনার কথা বলি। এই উদ্বাস্তু সমস্যা সম্পর্কে মন্ত্রিমহাশয় বলেছেন—তাঁর কথা শুনছিলাম—অন্ততঃ এটুকু বুঝি যে তিনি সহানুভূতির সংগেই বিচার করবার চেষ্টা করেন, কিন্তু তিনি যে যন্ত্রের মধ্যে দিয়ে চলেছেন সেই যন্ত্র কিভাবে উদ্বাস্তুদের সর্বনাশ করছে সেটা বলছি। দণ্ডকারণ্যে আজ পর্যন্ত ৬ হাজার ২৮১টি পরিবার গিয়েছে। দশ হাজার পরিবার যারা বাইরে আছে তাদের কি হবে তাদের ভবিষ্যৎ কি এ সম্পর্কে কিছু নাই। ধুবুলিয়ায় আমি দেখেছি অন্ততপক্ষে ৫০ পারসেন্ট লোকের কোন না কোন অসুখ আছে। গ্রামাঞ্চলে হাজার হাজার উদ্বাস্তু পড়ে আছে, তাদের খাদ্য নাই যেহেতু তারা দণ্ডকারণ্যে যেতে চায় না। ব্রিটিশ গভর্নমেন্টের আমলে আমরা জেলে ছিলাম, আমাদের মন্ত্রীদের মধ্যেও অনেকে ছিলেন। আমি এখানে জিজ্ঞাসা করতে চাই, ব্রিটিশ গভর্নমেন্ট জেলের বন্দীদের যে সুযোগসুবিধা দিতেন তার থেকেও বঞ্চিত করছেন ক্যাম্পের উদ্বাস্তুদের কি কারণে? আমরা যতদূর খবর পেয়েছি সেখানে দেখতে বেঙ্গলী সেট আপ বা সেরকম কোন পরিবেশ সৃষ্টি হয়নি। বর্তমানে সেখানে যে পরিবেশ আছে আমরা তার বিরোধিতা করি। আজকে আমরা দেখছি, আমাদের কাছে রিপোর্ট এসেছে যে, সেন্ট্রাল গভর্নমেন্ট সেখানে একটা নন-বেঙ্গলী সেট-আপ তৈরী করছেন। নন-বেঙ্গলীরা বিশেষতঃ বাংলাদেশের বাইরের লোক আমাদের সঙ্গে কি ব্যবহার করেন সেটা সকলেই জানেন। এটা আজকে আপনাদের চিন্তা করতে হবে, এবং সেন্ট্রালকে আপনাদের একথা বলা উচিত। ওয়ার্কসাইট ক্যাম্প এ তাদের রেখে দেওয়া হয়েছে, এবং ৬ হাজারের মধ্যে সবাই পুনর্বাসন পায়নি। বড় বড় অট্টালিকা হচ্ছে, কিন্তু উদ্বাস্তুদের জন্য নয়, অফিসারদের বসবার ঘরের জন্য- সেখানে অফিসারদেরই পুনর্বাসন করা হচ্ছে। তারপর, জবর দখল কলোনী সম্বন্ধেও ঠিক এই কথা বলা যায়। আমার কাছে এখানে ৩টি মেমোরেণ্ডাম আছে, তার থেকে একটার কথা শুনিয়ে দিচ্ছি, সেই মেমোরেণ্ডাম-এর একটা জায়গায় আছে আমি এটা মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে দিয়েছি

There has been complete bungling in the matter of acquisition of land for the sequatter refugees, a consideration portion having been still un-acquired for some mysterious reason. An opportunity has thus been given to land speculators to harrass refugees with endless litigation with the ulterior motive of ousting them from their possession. One glaring instance among them is that of the affiliated High School Jadabpur Madhyamik Bidyalaya, Anandapalli, Jadabpur where land has been mysterially let un-acquired by some conspirators who have combined to harrass the school with various litigation and jeopardise its very existence.

[11- 11-10 a.m.]

এটা হচ্ছে অনেক ঘটনার মধ্যে একটা ঘটনা। এইভাবে এ'রা কতকগুলি ল্যান্ড স্পেকিউলেশন-এর মারপিঁর উপর দিয়ে উদ্বাস্তু সমস্যার সমাধান করছেন। উদ্বাস্তু সমস্যা সম্বন্ধে এ'রা বলছেন যে অনেক টাকা খরচ করছেন। কিন্তু টাকা খরচ করলে সমস্যার সমাধান হয় না। একটা গাছকে তুলে যদি ট্রান্সপ্ল্যান্ট করতে হয় তাহলে সেটা যদি ঠিক মত ট্রান্সপ্ল্যান্ট না করতে পারেন তাহলে সে গাছ মারা যাবে। সেজন্য সেটা প্রপারলি করলে অর্থ ব্যয় কম হয় এবং ইমপ্রপারলি করলে অনেক অর্থ ব্যয় হয়। এই রকম অর্থ ব্যয় দেখিয়ে যদি আপনারা বলেন যে সমস্যার সমাধান হবে তাহলে তাতে গাছ বাঁচতে পারে না। আপনারা অপারেশন করে যাচ্ছেন আর মানুষ না খেয়ে মারা যাচ্ছে। ডোল বন্ধ করে দিয়েছেন, ছাত্রবৃত্তি বন্ধ করে দিয়েছেন, পি এল ক্যাম্প বন্ধ করে দিয়েছেন এবং সর্বশেষে বলছেন যে আর আমাদের উদ্বাস্তু সমস্যা নেই। উদ্বাস্তুদের যে ক্যাম্প হয়েছিল সেসব কিছু অস্বীকার করে বলছেন যে আর উদ্বাস্তু সমস্যা নেই। আপনাদের অপারেশন এদিক দিয়ে সাকসেসফুল হয়েছে, কিন্তু প্যাশেন্ট ইজ ডাইং। আজকে তাদের পরিপ্রেক্ষিতে আপনার মাধ্যমে আমি একটা কথা বলতে চাই আজকে রাজনীতি এর ফলে আসতে বাধ্য। রাজনীতি আসবে না এমন কথা নয়। রাজনীতি এমন মানবতা বোধ লক্ষ্য করে যে আজকে যদি কেউ কতকগুলি লোককে হত্যা করে তাহলে নিশ্চয় তার বিরুদ্ধে আমরা দাঁড়াব, আমাদের মন্ত্রীমণ্ডলী দাঁড়াবেন যদি তাঁদের মানবতাবোধ থাকে।

এইরকমভাবে আজকে হাজার হাজার লোককে হত্যা করা হচ্ছে আইনের নামে এবং তার বিরুদ্ধে আমরা দাঁড়াই। তার কারণ রাজনীতি আমাদের সেই কথাই শিখিয়েছে, আমাদের ধর্মনীতিও সেই কথা শিখিয়েছে। আর একটা কথা আমি বলব যে এটা সত্যিকার যে কোটি কোটি টাকা খরচ হয়েছে। কিন্তু হিসাব করে দেখছি যে এই ১০ বছরে ৫০০ টাকা করে তারা মাথাপিছু পেয়েছে—তার মানে ৫০ টাকা করে বছরে—তার মানে ৪½ টাকা করে মাসে। তাহলে আজকে যাদের জন্য এতগুলো টাকা আপনারা খরচ করছেন বলে বড়াই করেন তার মধ্যে আসলে কত টাকা পড়ছে সেটা দেখুন, কারণ এর মধ্যে অফিসার থেকে আরম্ভ করে কনস্টিটিউয়েন্সী ইত্যাদিতেও খরচ হচ্ছে। সুতরাং এই টাকা দিয়ে সত্যিকারের সমস্যার সমাধান হয় না। আমি সেজন্য আপনার কাছে আরও ২।১টা কথা বলতে চাই সেটা হচ্ছে যে পি এল ক্যাম্পগুলিকে এখন আরও লক্ষ্য করার দরকার আছে। শিয়ালদহ স্টেশন-এর উদ্বাস্তুদের সম্বন্ধে ব্যবস্থা করার দরকার আছে। দণ্ডকারণ্যে বাঙালী সেট আপ যাতে থাকে তার জন্য ব্যবস্থা করার দরকার আছে এবং পারসিয়ালি রিহ্যাবিলিটেটেড যে লক্ষ লক্ষ লোক আছে তাদের আজকে সুষ্ঠু পুনর্বাসন দেবার দরকার আছে। আর একটা জিনিস হচ্ছে যে নূতন ইহুদী একদল গত ১৯৬২ সালের এপ্রিল মাস থেকে রয়েছে। এই নূতন ইহুদী হচ্ছে তারা যারা দেশ থেকে বিতাড়িত হয়ে ঝড়, ঝঞ্ঝা রক্তের মধ্যে দিয়ে পদ্মা পার হয়ে এসেছে। মন্ত্রিমহাশয় দেখেছেন যে এইসমস্ত মানুষ আশ্রয়ের অভাবে কিভাবে বাস করছে। সেই সমস্ত লোক আজকে যারা নূতন ইহুদী তাদের কোন ভূখণ্ড নেই। কিন্তু তাদের সম্বন্ধে কোন কথা বলা নেই। আজ পর্যন্ত এরা না নাগরিক, না রিফিউজী কোনরকম সংজ্ঞাই তাদের দেওয়া হয়নি। আমি বলতে চাই দেশের স্বাধীনতার জন্য যে পূর্ববঙ্গের এতখানি দান রয়েছে তাদের জন্য কি কিছু করা হবে না? আমি ধর্মের নামে, সংস্কৃতির নামে, ঐতিহ্যের নামে বলব যে এইসমস্ত হতভাগ্য মানুষকে আপনারা বাঁচার অধিকার দিন তাহলে তারা আপনাদের মাথায় তুলে রাখবে, আপনাদের সঙ্গে সহযোগিতা করব এবং তা যদি না করেন তাহলে আমরা আপনাদের বিরোধিতা এখানে করব, বাহিরে করব, সর্বত্র করব।

Shri Mahananda Haldar:

মিস্টার ডেপুটি স্পীকার স্যার, উদ্বাস্তু সাহায্য পুনর্বাসন খাতে ব্যয়-বরাদ্দের যে দাবী বিভাগীয় পুনর্বাসন মন্ত্রিমহাশয় উত্থাপন করেছেন সে সম্বন্ধে আমি আপনার মাধ্যমে দু-একটি কথা রাখতে চাই। এই বিভাগে ব্যয়ের জন্য কত টাকা কম বেশী চাওয়া হয়েছে সে সম্বন্ধে আমি সমালোচনা কিছু করতে চাই না। আমি শুধু এ সম্বন্ধে বলতে চাচ্ছি যে দোষ না করেও কি করে যে মানুষকে শাস্তি পেতে হয় এই কাণ্ড আজকে আজব দেশে কি করে হোল তা ঐ রিফিউজি ব্যাপারে প্রমাণিত হয়েছে এবং আমি তা একটি একটি করে বলতে চাই। স্বাধীনতার তাগিদে দেশ বিভাগ হোল এবং এই দেশ বিভাগে যারা সম্মতি দিলেন তাদের সেদিকে ভরসা দেওয়া হয়েছিল যে তারা যদি পূর্ব বাংলা ছেড়ে পশ্চিম বাংলায় আসেন তাদের সবরকমে সুযোগ সুবিধা দেওয়া হবে। ভারতের নাগরিক হিসাবে গ্রহণ করা হবে কিন্তু আজ যারা যথাসর্বস্ব ত্যাগ করে এখানে এসেছে তাদের যা ফেলে এসেছে তার কি হিসাব এদিক থেকে নেওয়া হয়েছে? এবং তার ক্ষতিপূরণেরই বা কি ব্যবস্থা হয়েছে। পক্ষান্তরে তাদের সাহায্যের নামে কি করা হোল—না কিছু ঋণ—যত বড় ব্যবসায়ী হোক না কেন তাদের জন্য ৫ কাঠা জমি শহরে তিন কাঠা গ্রামে ১১শত টাকা এবং শহরে ১২শত টাকা ঋণ দেওয়া হোল। এই ঋণ গ্রহণের পরিমাণ আমরা দেখতে পাচ্ছি সার্টিফিকেট করে নির্মমভাবে এই সমস্ত উদ্বাস্তু যারা অত্যন্ত দরিদ্র অবস্থায় আছে তাদের ঘরের ঘটিবাটি পর্যন্ত বিক্রয় করে সেই টাকা আদায় করা হচ্ছে। এটা কি মানবতার লক্ষণ—এটা কি সেই পূর্ব প্রতিশ্রুতি পালনের কথা? আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়কে বলবো এই নির্মমভাবে ঋণ আদায়ের ব্যবস্থাকে অবিলম্বে বন্ধ করা হোক।

আমি দ্বিতীয় কথা বলতে চাচ্ছি যে ঋণের টাকা হিসাব করে দেখা গেছে যে ৪০ কোটি টাকার মত ঋণ দেওয়া হয়েছে উদ্বাস্তুদের এবং এটা আদায় করবার জন্য সরকার খুবই উঠে পড়ে লেগেছেন। কিন্তু ট্যাক্স ফাঁকি দেওয়া—আয়কর ফাঁকি দেওয়া—গভর্নমেন্টের হিসাবে দেখা যাবে ২শত কোটি টাকার উপর পড়ে রয়েছে পশ্চিমবঙ্গে প্রায় ৪৫ কোটি টাকার মত—সেদিকে এদের কোনই নজর নেই। অথচ ঐ যথাসর্বস্ব হারিয়ে যারা এসেছেন তাদের থেকে এই টাকাগুলো আদায় করবার জন্য তারা খুবই ব্যস্ত হয়েছে—পশ্চিম পাকিস্তানে পশ্চিম পাঞ্জাব থেকে

যারা এদিকে চলে এসেছেন আমি জানি তাদের এই ঋণ মকুব করার জন্য চেষ্টা চলছে হয়তো বা হয়ে যাবে—আমি জিজ্ঞাসা করতে চাই পশ্চিমবঙ্গ সরকার এই ঋণ তা মকুব করার জন্য কেন্দ্রীয় সরকারের সংগে কি ব্যবস্থা করেছেন।

[11-10—11-20 a.m.]

স্যার, আমি জিজ্ঞাসা করতে চাই পূর্ব বাংলার উদ্বাস্তুদের এই ঋণ মকুব করবার কি ব্যবস্থা আমাদের পশ্চিমবঙ্গ সরকার করছেন? তাঁরা কি এটা দাবী করতে পারেন না কেন্দ্রের কাছে যে যারা যথাসর্বস্ব ছেড়ে দিয়ে এখানে চলে এসেছে দেশের স্বাধীনতার জন্য, মানবতার দিক লক্ষ্য করে তাদের এই ঋণ সরকারের মকুব করা দরকার। এইজন্য কি তাঁরা জোর চেষ্টা করেছেন? আমি আবেদন করবো পশ্চিম বাংলা সরকার যেন অবিলম্বে সেই ব্যবস্থা করেন।

তৃতীয়তঃ মাননীয় ডেপুটী স্পীকার স্যার, একটি কথা আমাদের মুখ্যমন্ত্রী দু-বছর আগে বলেছিলেন যখন ক্যাম্পবাসী উদ্বাস্তুদের ডোল বন্ধ করা হয়, যারা দণ্ডকারণ্য যেতে চায় না বলে ডোল বন্ধ করা হয়, তখন আমাদের মুখ্যমন্ত্রী, ত্রাণমন্ত্রী ও পুনর্বাসন মন্ত্রী হিসেবে বলেছিলেন যে ডোল বন্ধ হয়ে গেলেও কোন উদ্বাস্তু যদি টিকে থাকে বা বেঁচে থাকে নিজের চেষ্টায়, তাহলে নিশ্চয়ই আমরা সেখানে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করবো। আমি এখন জিজ্ঞাসা করতে চাই যাঁরা পূর্বে ক্যাম্পে বাস করতেন, অথচ ডোল বন্ধ হয়ে গেলেও নিজেদের চেষ্টায় জীবিকার্জন করছেন, তাঁদের কি তিনি সেখানে পুনর্বাসন দেবেন?

[এ ভয়েসঃ স্যার, ট্রেজারী বেঞ্চে কেবিনেট মিনিস্টার কেউ নেই, একেবারে ফাঁকা।]

Mr. Deputy Speaker:

স্টেট মিনিস্টার আছেন, ডেপুটী মিনিস্টার শাকিলা খাতুন আছেন।

Shri Mahananda Haldar:

এই সমস্ত ক্যাম্পে যেসব কৃষিজীবী উদ্বাস্তু বাস করতেন, তাঁরা এখন বৃত্তি পাল্টে নিয়েছেন এবং ক্ষুদ্র ক্ষুদ্র ব্যবসায় করে জীবিকার্জন করছেন। আমি দাবী করছি ঐ সমস্ত লোককে পুনর্বাসন দেওয়া হোক।

প্রধানতঃ আমি আর একটি বিষয় উল্লেখ করতে চাই এবং গভীরভাবে এটা চিন্তা করবার জন্য সরকারকে অনুরোধ করি। পশ্চিমবঙ্গের যে ১৩০০ মাইল দীর্ঘ সীমান্ত রয়েছে এবং সীমান্ত অঞ্চলে যেসব জমি জমিদারী খাস দখলের পরে সরকারের হাতে এসেছে এবং আমাদের যখন সীমান্তে 'অর্ডার' রক্ষা করা দরকার, তখন সেখানে আমার সাজেশন হচ্ছে পূর্ববঙ্গ থেকে যেসমস্ত কৃষিজীবী পরিবার এসেছেন এবং যারা ইচ্ছুক আছেন, তাঁদের ঐ সমস্ত সরকারের দখলী জমির উপর সীমান্ত বরাবর বসান হোক। তাহলে সীমান্ত রক্ষার প্রশ্ন সম্বন্ধে আমরা একটু কম চিন্তা করতে পারবো।

তারপর সেকেন্ড লাইন হেড়োভাংগা সেখানে রিফিউজী বসান যায়। তাদের শিক্ষার ব্যাপার ১৯৬৪ সাল থেকে সাধারণ শিক্ষা খাতে যাবে, ভাল কথা। কিন্তু তার পূর্বে এ বছর যে রকম অব্যবস্থা চলছে যেমন সময়মত টাকা স্কুলে যায় না ছেলেরা স্টাইপেন্ড পায় না এই সম্বন্ধে যাতে একটু সুষ্ঠু ব্যবস্থা হয়, তা মন্ত্রিমহাশয় করবেন বলে আমি আশা করি।

যেসমস্ত স্পনসর্ড প্রাইমারী স্কুল রয়েছে, তা এখনো সাধারণ শিক্ষাখাত থেকে আলাদা রয়েছে। সেটা সাধারণ শিক্ষা খাতে খোলা হোক।

বোর্ডের আন্ডারএ যেসমস্ত প্রাইমারী স্কুল আছে, আর যে স্পেশাল ক্যাডার-এর শিক্ষক আছেন এই দুয়ের মধ্যে কোন সংযোগ নাই। এই সমস্ত স্কুলে কোন আসবাবপত্র ফার্নিচার ইত্যাদি দেওয়া হয় না। আশা করি সরকার সেদিকে লক্ষ্য রাখবেন।

আমার শেষ কথা হচ্ছে দণ্ডকারণ্যের ব্যাপার। রানী কৈকেয়ী সপত্নীপুত্র রামের নির্বাসন দিয়েছিলেন যে দণ্ডকারণ্যে, এখন আমাদের মন্ত্রিমহাশয় এই সমস্ত রিফিউজিদের সেখানে

পুনর্বাসন দিচ্ছেন। তাদের প্রতি তিনি যেন একটু দৃষ্টি রাখেন। দণ্ডকারণ্য আবার যেন একথা স্মরণ করে না দেয় যে আমাদের পুনর্বাসন মন্ত্রী যিনি, তিনি আবার আমাদের নির্বাসন মন্ত্রী।

[illegible] Bhattacharjee:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, মাননীয়া পুনর্বাসন মন্ত্রী আভা মাইতি মহোদয়া যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন তা আমি সম্পূর্ণভাবে সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলবো।

কয়েকদিন পূর্বে পার্লামেন্টে শ্রীমেহেরচাঁদ খান্না বলেছেন যে পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তু সমস্যা আর নেই, তাদের পুনর্বাসন সমাপ্ত হয়েছে। শুধু পূর্ব বাংলার যারা উদ্বাস্তু, পশ্চিম বাংলায় আছেন বা অন্য জায়গায় আছেন, তাদের পুনর্বাসন সম্পন্ন হয়নি। উনি কি বলতে চেয়েছেন, তা আমরা জানিনা, তবে এ সম্পর্কে সংবাদপত্রে সামান্য একটু যে রিপোর্ট বেরিয়েছিল, তার প্রতি আমি মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। পূর্ব বাংলার যেসমস্ত উদ্বাস্তু পশ্চিম বাংলায় আছেন তাদের পুনর্বাসন-এর কাজ সম্পূর্ণ হয়নি, ঠিক কথা। কিন্তু পূর্ব বাংলার উদ্বাস্তু যারা বিহারে আছেন, যারা উড়িষ্যায় আছেন বা যারা উত্তরপ্রদেশে গিয়েছেন তাদের সমস্যার কি সমাধান হয়েছে? আমি বিশেষ করে তিনটা জায়গা দেখাবো এলাহাবাদে আনন্দভবন ও আনন্দবাজার এলাকায় পূর্ব বাংলার উদ্বাস্তু রয়েছে, তাদের পুনর্বাসনও হয়নি! বিহারে রাজমহল এলাকায়, গঙ্গার চরে, পুরান জেলখানার রাস্তার এধারে, ওধারে পূর্ব বাংলার হাজার হাজার উদ্বাস্তু রয়েছে, তাদেরও এখনও পর্যন্ত পুনর্বাসন হয়নি। উড়িষ্যায়, পুরিতে, স্বর্গদ্বার অঞ্চলে বহু উদ্বাস্তু রয়েছে, তাদের পুনর্বাসনও হয়নি। কাজেই শ্রীমেহেরচাঁদ খান্না মহাশয় যে কথা বলেছেন যে পশ্চিম বাংলা ছাড়া সর্বত্র পুনর্বাসন সমস্যা মিটে গিয়েছে, একথা ঠিক বলে মেনে নেওয়া আমাদের পক্ষে সম্ভব নয়।

আর একটা কথা হচ্ছে বিরোধী পক্ষের বন্ধুরা এবং এ পক্ষেরও অনেক বন্ধু, সকলে বললেন উদ্বাস্তু ঋণ সম্পর্কে কি হবে। তাঁরা বিভিন্নভাবে সাজেসন দিয়েছেন। অনেকে বলেছেন মানবতার দৃষ্টিভঙ্গী থেকে সকল উদ্বাস্তুকে পুনর্বাসন করে দেওয়া হোক। আমার বন্ধু নরেনবাবু বলেছেন উদ্বাস্তুদের যে সম্পত্তি পূর্ব পাকিস্তানে রয়েছে, তার কমপেনসেসন পাকিস্তানের কাছ থেকে আদায় করে ঋণ মকুব করে দেওয়া হোক। ১৯৪৭ সালের পরে উদ্বাস্তুদের যে আশ্বাস দেওয়া হয়েছিল যে তারা যদি ভারতবর্ষে আসেন তাহলে তাদের সম্পূর্ণ দায়িত্ব ভারত সরকার নেবেন। ১৯৪৭ সালে ১৫ই অগাস্ট এ সম্বন্ধে যে এগ্রিমেন্ট হয়েছিল, সেটা কি পালন করা হচ্ছে? শ্রীমেহেরচাঁদ খান্না মহাশয় বোধহয় সেই এগ্রিমেন্টের কথা ভুলে গিয়েছেন।

[11-20 – 11-30 a.m.]

পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তুদের মধ্যে একটা নূতন জিনিস আমরা দেখেছিলাম। পশ্চিম-দিক অমানুষিকভাবে, পাশবিকভাবে পূর্ব পাঞ্জাব ও পশ্চিম পাঞ্জাবের মধ্যে লোক বিনিময় হয়েছিল কিন্তু বাংলাদেশের মানুষ এইভাবে লোক বিনিময় চায়নি। বাংলাদেশের কোন দল সেইভাবে লোক বিনিময় চায়নি, আমরাও চাইনি কেউই চায়নি। সেই অপরাধেই কি পূর্ব বাংলার উদ্বাস্তু মার খাবেন, সেইজন্যই কি পূর্ব বাংলার উদ্বাস্তুরা এত কষ্ট পাবেন? ১৯৫২-৫৩ সালে পূর্ব বাংলার সমস্ত উদ্বাস্তু পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে ভারত সরকারের কাছে পূর্ব বাংলার সম্পত্তির হিসাব দাখিল করেছিলেন তার কি হল? ১০।১২ বৎসর হয়ে গেল যে সম্পত্তির হিসাব দাখিল আমরা করলাম, পূর্ব বাংলার লক্ষ লক্ষ উদ্বাস্তুর সম্পত্তির দাবী করেছিল তার কি ব্যবস্থা কেন্দ্রীয় সরকার করেছেন? পূর্ব বাংলার উদ্বাস্তুদের হাজার হাজার কোটি টাকার সম্পত্তি পূর্ব বাংলায় পড়ে রয়েছে তা উদ্ধারের কি ব্যবস্থা হয়েছে? অথচ পূর্ব বাংলার উদ্বাস্তুকে, আমি জানিনা হিসাব কি হবে, ৪০ কোটি, কি ৫০ কোটি, কি ২০০ কোটি টাকা ঋণ দেওয়া হয়েছে, এই ঋণের জন্য টাকার সার্টিফিকেট জারী হয়েছে। এটা স্বাভাবিক সরকার ঋণ দিয়েছেন সেই ঋণ আদায়ের জন্য ব্যবস্থা নিশ্চয়ই করবেন কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের

মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে একটা আবেদন রাখতে চাই পূর্ব বাংলার উদ্বাস্তুরা যেখানে হাজার হাজার কোটি টাকার সম্পত্তি পূর্ব বাংলায় ফেলে এসেছিলেন সেই সম্পত্তি বিক্রি করে কেন টাকা আদায় হবে না এটা আমাদের বোঝা দরকার আছে। আমরা বলবো একটি কথা পশ্চিম বাংলায় যেসমস্ত সংখ্যালঘুরা আছেন, যাঁরা চলে গিয়েছেন পূর্ব পাকিস্তানে তাঁদের সম্পত্তির আয় থেকে টাকা এখান থেকে যায়। আমি জলপাইগুড়ি জেলার কোন একজন বিশিষ্ট ধনীর কথা জানি, তিনি এখানে সংখ্যালঘু, তাঁর লক্ষ লক্ষ টাকা আয় তা পাকিস্তানে চলে যাচ্ছে। সরকারীভাবে হয় কিনা জানিনা কিন্তু বেসরকারীভাবে নিশ্চয়ই যায়। কোচবিহার, জলপাইগুড়ি, পশ্চিম দিনাজপুর, মালদহ, দার্জিলিঙ জেলায় যে উদ্বাস্তুরা আছেন তাঁদের কি অবস্থা? তাঁদের সামগ্রিক চিত্রটা কি? তাঁরা নিজেদের ভরসায়, নিজেদের জোরে পুনর্বাসন লাভ করেছে। একটি কথা নিশ্চয়ই স্বীকার করবো ১৯৬২ সাল থেকে আমরা দেখছি বর্তমান পুনর্বাসন মন্ত্রী শ্রীমতি আভা মাইতি পশ্চিম বাংলার বিভিন্ন অঞ্চলে নিজে ঘুরেছেন, ছোট ছোট সমস্যাগুলিকে তিনি নিজে হাতে নিয়ে সমাধানের চেষ্টা করেছেন সেজন্য আমরা কৃতজ্ঞ। কিছুদিন আগে তাঁকে আমরা দেখেছি জলপাইগুড়ি, কোচবিহার এবং দার্জিলিঙ জেলার বিভিন্ন গ্রামে উদ্বাস্তুদের পুনর্বাসন ক্ষেত্র তিনি দেখেছেন। সামান্য জিনিস, একটু চেষ্টা করলেই যা হয় তার জন্য তিনি চেষ্টা করেছেন এবং তার মীমাংসা করে দিয়েছেন। একটা খুব বড় মীমাংসা তিনি করে দিয়েছেন শিলিগুড়ির ৫ হাজার উদ্বাস্তুর রুজী-রোজগারের। বাজার নিয়ে একটা গোলমাল ছিল তার ব্যবস্থা করেছেন এবং সুন্দরভাবে ব্যবস্থা করেছেন। সম্পূর্ণভাবে হয়ত হয়নি কিন্তু সুন্দর ব্যবস্থা তিনি করেছেন সেজন্য আমরা কৃতজ্ঞ।

আজকের দিনে সব চাইতে বড় সমস্যা যেটা দেখা দিয়েছে উত্তরবঙ্গে সেটা হচ্ছে স্বর্ণশিল্পী সম্বন্ধে। উত্তর বাংলার হাজার হাজার স্বর্ণশিল্পীদের শতকরা ৭৫ ভাগ হচ্ছে পূর্ব বাংলার উদ্বাস্তু। তাদের ঋণ দেওয়া হয়েছিল সরকারী অফিস থেকে। বসবাসের জন্য ঋণ দেওয়া হয়েছিল, গৃহ সমস্যার জন্য ঋণ দেওয়া হয়েছিল, ব্যবসার জন্য ঋণ দেওয়া হয়েছিল। তারা একবার আজকে বাস্তুচ্যুত হয়েছে আবার আজকে ভারত সরকারের নির্দেশে তারা কর্মচ্যুত হয়েছে। তাদের ঋণ কি করে আদায় হবে? পূর্ব বাংলার যে সমস্ত স্বর্ণশিল্পী উত্তর বাংলায় ছিলেন আমি কলকাতার কথা জানিনা এবং শহরাঞ্চলের কথা সঠিক বলতে পারবো না—কিন্তু উত্তর বাংলার স্বর্ণশিল্পীদের শতকরা ৭৫ ভাগ পূর্ব বাংলার উদ্বাস্তু, তাদের গৃহ ঋণ কি করে আদায় হবে, ব্যবসা ঋণ কি করে আদায় হবে? অনেকে পাগল হয়ে যাচ্ছে, অনেকে যক্ষ্মারোগে আক্রান্ত হয়েছে, আগে তো হয়েছে এখন আরো বেশী হচ্ছে। তাদের কাছ থেকে ঋণ কি করে আদায় হবে? আজ পূর্ব বাংলার যেসমস্ত উদ্বাস্তু ঋণ নিয়েছে, যারা মারা গিয়েছে তাদের কাছ থেকে কি করে আদায় হবে? বাড়ীর কর্তা ঋণ নিয়েছিল তিনি নাবালক সন্তান রেখে মারা গিয়েছেন তাদের কাছ থেকে কি করে ঋণ আদায় হবে তা ভাবতে হবে।

আর একটা কথা শ্রীমতি মাইতি বলেছেন, খুব ভাল কথা বলেছেন যে, সরকারীভাবে যেসমস্ত জমি দেওয়া হয়েছিল সেই জমির মূল্য নির্ধারণ করে দেওয়া হবে—খুব ভাল কথা। মূল্য নির্ধারণ করে দেওয়া উচিত ছিল, মূল্য নির্ধারণ করে জমির মালিকানা তাদের দেওয়া উচিত ছিল। আমি শুধু উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি দৃষ্টান্ত দেবো। ১৯৫১-৫২ সালে শিলিগুড়ি শহরে উদ্বাস্তু কলোনীগুলির জমি উদ্বাস্তুদের মধ্যে বিলি করেছিলেন তখন জমির মূল্য ছিল ৮০ টাকা কাঠা। আজকে সে জমির মূল্য কত হয়েছে? ৫ হাজার টাকা কাঠা। ১৯৫২ সালে যে জমির মূল্য ছিল ৮০ টাকা কাঠা আজকে সে জমির মূল্য হয়েছে ৫ হাজার টাকা কাঠা। কোন কোন জায়গায় ১০ হাজার টাকা কাঠা হয়েছে। আমরা জানতে চাইবো পশ্চিম বাংলা সরকার সেই জমির দাম নির্ধারণের ব্যাপারে উইথ ডেভেলপমেন্ট কস্ট কিভাবে করতে চান। এটা একাই করবেন, না কোন কমিটির মাধ্যমে করবেন সেটা আমরা জানতে চাই। কারণ আমাদের ভয় হচ্ছে সেই জমির মূল্য বর্তমান মূল্য অনুযায়ী যদি নির্ধারিত হয় তাহলে উদ্বাস্তুদের দেবার ক্ষমতা থাকবে না। এমনি তাদের স্বাভাবিকভাবে যে ঋণ দেওয়া হয়েছে সেই ঋণ পরিশোধের ব্যবস্থা তাদের নেই তার উপর জমির মূল্য যদি এইভাবে ধার্য করা যায় তাহলে স্বভাবতঃই আমরা শঙ্কিত হবো বোধহয় আবার আমাদের উচ্ছেদ হতে হবে।

উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের উদ্বাস্তু পুনর্বাসন মন্ত্রীর কাছে আর একটি আবেদন রাখবো। তিনি বলেছেন রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট থেকে যেসমস্ত প্রাথমিক বিদ্যালয় সৃষ্টি হয়েছিল সেগুলি আমাদের নর্মাল এডুকেশন ডিপার্টমেন্টের হাতে চলে যাবে। এটা চলে যাওয়াই উচিত। কিন্তু রিফিউজি ডিপার্টমেন্টের থেকে যেসমস্ত প্রাথমিক বিদ্যালয় তৈরি হয়েছিল বা গ্রামের লোক, কলোনীর লোক যেসমস্ত বিদ্যালয় গৃহ তৈরি করে দিয়েছিল সেই গৃহগুলির অবস্থা কি? তার শতকরা ৯০-৯৫টি ঘর ভেঙ্গে পড়ছে। যেখানে সরকার থেকে ৮,৭০০ টাকা খরচা করে ২৫।৩০টি ছাত্র পড়তে পারে সেইরকম পাকা বাড়ী তৈরি করে দিয়েছেন সেখানে এইসব বিদ্যালয়ে ২॥ শত ছেলে পড়ে। সুতরাং সরকার থেকে ৮,৭০০ টাকা খরচ করে এই পাকা বাড়ী করে দিলে সেই বাড়ীর উপর ভরসা করে এই ২॥ শত ছেলের পড়াশুনা কি করে চলবে? বেতনের দিক দিয়ে তার হার কি হবে এ বিষয়েও পুনর্বাসন মন্ত্রীর দৃষ্টি আমি আকর্ষণ করবো। করবো এইজন্য যে পূর্ব বাংলা থেকে যেসমস্ত উদ্বাস্তুরা যাঁরা এখানে এসেছেন, আমি মানবিক অধিকারের কথা বলছি না, ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে তাঁদের বিরাট দান ছিল সেইজন্য তাঁদের প্রতি আমাদের দৃষ্টি দেওয়া দরকার।

আর একটি কথা বলবো, পূর্ব বাংলার বহু হতভাগ্য যাঁরা বিপ্লবী যুগের কর্মী পশ্চিম বাংলার বিভিন্ন গ্রামাঞ্চলে এসেছেন, বিশেষ করে কলকাতার চতুপার্শ্বে বহু পুরানো যুগের বিপ্লবী কর্মীরা রয়েছেন যাঁদের কথা আমরা শ্রদ্ধাভরে স্মরণ করি, মরলে পরে অমান যেমনতো চীৎকার করে বলবেন, কিন্তু তাঁদের পরিবার আজকে কলকাতার অলিতে গলিতে ভিক্ষা করে বেড়াচ্ছে তাঁদের কি হবে, স্যার, একথাটারও আমি জবাব চাই।

Shri Sunil Das Gupta:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় পুনর্বাসন মন্ত্রী উদ্বাস্তু পুনর্বাসনের জন্য যে ব্যয় বরাদ্দের আবেদন আমাদের সামনে রেখেছেন সেটা সমর্থন করতে পারছি না। তিনি তাঁর বক্তৃতাতে বলেছেন যে উদ্বাস্তুদের যাতে অর্থনৈতিক পুনর্বাসন হয় সেইজন্য সরকারী উদ্যোগে যেসব কলোনী প্রতিষ্ঠিত হয়েছে তার পাশে পাশে তিনি ২৫টি শিল্প নগরী প্রতিষ্ঠা করবার ব্যবস্থা করবেন। এই সম্পর্কে তিনি আরো একটি কথা বলেছেন সেটা হল তিনি নাকি নিশ্চিত যে সেখানে কোনরকম বিদ্যুতের অভাব হবে না। আমি আপনার মাধ্যমে পুনর্বাসন মন্ত্রীর কাছে একটা কথা জিজ্ঞাসা করতে চাই, কয়েক দিন আগে এই সভাতে শিল্প বাণিজ্য খাতে যখন ব্যয় বরাদ্দ উত্থাপন করেছিলেন তরুণবাবু তখন এই সভায় আলোচনার মাধ্যমে একটা জিনিস সুস্পষ্ট হয়ে ওঠে সকলের সামনে এবং তরুণবাবুও স্বীকার করলেন যে বাংলাদেশে ইলেকট্রিসিটির দুর্ভিক্ষ রয়েছে। যেসব শিল্প এখন আমাদের দেশে চলছে তাদের মধ্যেই এই বিদ্যুৎ বিভাগ তাদের প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ করতে পারছে না সেখানে কি করে মাননীয় পুনর্বাসন মন্ত্রী সেই শিল্প নগরীতে সে বিদ্যুৎ সরবরাহ করা যাবে বললেন সেটা আমি বুঝে উঠতে পারছি না। তাঁর এই বক্তব্যের মধ্যে কতটুকু আন্তরিকতা আছে সেটা আমি সন্দেহ করি।

[11-30—11-40 a.m.]

প্রতি বছরই বাজেট বক্তৃতায় কিছু আশ্বাস দিতে হয় বড় বড় কথা বলতে হয়, হয়তো তিনি সেই কারণে আমাদের সামনে এই আশ্বাস রেখেছেন। আমি নিজে ব্যক্তিগতভাবে উদ্বাস্তু কলোনীতে যাতে শিল্প স্থাপন করা হয় সেই ব্যাপারে তাঁর সঙ্গে কয়েকবার আলোচনা করেছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই প্রসঙ্গে আপনাকে বলছি কোচবিহারের তন্তুবায় ভাইদের কথা যারা সকলেই পূর্ব পাকিস্তান থেকে কোচবিহারে এসেছে। সাধারণতঃ উত্তরবঙ্গের মধ্যে এত তন্তুবায় কোন জায়গায় নাই, প্রায় ৩॥ হাজার তন্তুবায় কোচবিহার শহরের পূর্বাঞ্চলে বসে কাজ করে যাচ্ছে। আমি তাঁকে বলেছিলাম যদি আপনাদের আন্তরিকতা থাকে তবে তাদের জন্য বৈদ্যুতিক তাঁত চালু করুন, যাতে করে মেসিন চালু করতে পারা যায় তার জন্য চেষ্টা করুন, এবং এ সম্পর্কে কথাবার্তা চালাবার সময় আমি তাঁর কাছে একটা এস্টিমেট দিয়েছিলাম। কিন্তু আশ্চর্যের কথা, পরে তাঁরা এই স্কীমএর জবাবে জানিয়ে দিলেন এটা আর আই সি-র এক্তিয়ার আপনি তাঁদের সঙ্গে আলোচনা করুন। যদি সত্যিই তাঁর আন্তরিকতা থাকত তবে তিনি নিশ্চয়ই আমি যে স্কীম দাখিল করেছিলাম সে সম্পর্কে ব্যবস্থা করতেন, কিন্তু তিনি উদ্যোগী না হওয়ার ফলে আমরা দেখছি সমগ্র উত্তরবঙ্গে আজকে জমির উপর সকলে ঝাঁপিয়ে পড়েছে।

কিন্তু আমাদের উত্তরবঙ্গে জমির অত্যন্ত অভাব যার ফলে স্থানীয় লোকের সঙ্গে উদ্বাস্তুদের অসন্তোষ সৃষ্টি হয়ে উত্তেজনার সৃষ্টি হয়েছে এবং খুনজখমও হয়েছে। এই প্রসঙ্গে আরেকটা কথা আমি আপনার মাধ্যমে মাননীয় পুনর্বাসন মন্ত্রীর কাছে রাখতে চাই। আমরা নির্বাচনের পূর্বে শুনেছিলাম উদ্বাস্তুদের ঋণের টাকা মকুব করবার ব্যবস্থা করা হবে। আগেরবার পুনর্বাসন মন্ত্রিমহাশয় আমাদের বলেছিলেন এ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কাছে লেখা হয়েছে, এবং আমি যখন ব্যক্তিগতভাবে তাঁর সঙ্গে দেখা করি তখন তিনি বলেছিলেন জেলা ম্যাজিস্ট্রেটদের আমরা নির্দেশ দিয়েছি, যদি কোন উদ্বাস্তু টাকা দিতে অক্ষম হয় সার্টিফিকেট জারি করে তার সম্পত্তি যেন না নেওয়া হয়। অত্যন্ত লজ্জার কথা, কোচবিহারের মেকলিগঞ্জ থানায় দুইজন উদ্বাস্তুকে এই টাকা অনাদায়ের দায়ে জেলে প্রেরণ করা হয়েছে। আমরা যখন এ সম্পর্কে আবার পুনর্বাসন মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি তখন তিনি সে সম্পর্কে কোন মন্তব্য করতে রাজী হন না। এই প্রসঙ্গে আরেকটি কথা পুনর্বাসন মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই, সেটা হচ্ছে, তিনি একটু আগে বলে গেলেন মিউনিসিপ্যাল এলাকায় যেসমস্ত উদ্বাস্তু কলোনী রয়েছে সেইসমস্ত উদ্বাস্তু কলোনীর ইলেকট্রিসিটি, রাস্তাঘাট এবং ড্রেনেজ ইত্যাদি ব্যাপারে মিউনিসিপ্যালিটি আমাদের সাহায্য করবে। আমি ব্যক্তিগতভাবে কোচবিহার মিউনিসিপ্যালিটির সঙ্গে জড়িত ছিলাম—আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করেছি আমরা যখন কোচবিহার মিউনিসিপ্যালিটির তরফ থেকে এই পুনর্বাসন বিভাগের কাছে একটা স্কীম দাখিল করি উদ্বাস্তু অধ্যুষিত অঞ্চলে যাতে করে পরিকল্পনার মাধ্যমে রাস্তাঘাট, ইলেকট্রিসিটি ও ড্রেন তৈরি করতে পারা যায় তখন তিনি একটা চিঠি দিয়ে জানিয়ে দিলেন কোচবিহার মিউনিসিপ্যাল এলাকায় শতকরা ৩৫ জন উদ্বাস্তু নাই, সেই কারণে আমরা এই স্কীম গ্রহণ করতে পারি না। তাঁরা কোথায় এই তথ্য পেয়েছেন জানিনা। আমরা জানি কোচবিহার মিউনিসিপ্যালিটিতে মহারাজার আমলে জনসংখ্যা ছিল ১৫ হাজার। ১৯৫০ সালে লোক গণনা হয়, তখন আমরা দেখি কোচবিহার মিউনিসিপ্যালিটিতে লোকসংখ্যা ৩২ হাজার, এখন সেই এলাকার লোকসংখ্যা ৪২ হাজার। এই যে ১৫ হাজার থেকে বেড়ে আজকে ৪২ হাজার হয়েছে, এরা কারা? মিথ্যা ভাঁওতা দিয়ে জনসাধারণের অভিযোগ যদি এভাবে উপেক্ষা করেন তবে আমরা সেটা সমর্থন করতে পারি না। মাননীয় মন্ত্রিমহাশয় আজকে আমাদের কাছে আবেদন জানিয়েছেন আমরা যেন তাঁর পুনর্বাসন দপ্তরের ব্যয়বরাদ্দের দাবী সমর্থন করি। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি—তাঁর এই আবেদন আমরা সমর্থন করতে পারি না, কারণ, আমরা জানি পুনর্বাসন দপ্তর থেকে ৫০ হাজার লিটার পেট্রল কি করে উধাও হয়ে গিয়েছে, আমরা জানি এই টাকা উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য ব্যয়িত না হয়ে কিছু কিছু লোকের নিজেদের পুনর্বাসনের ব্যবস্থা হয়েছে। আজকে পুনর্বাসন দপ্তরে যেরকম অনাচার ও অবিচার চলছে তাতে আমরা এই বাজেটকে কিছুতেই সমর্থন করতে পারি না।

Shri Brindabon Chatterjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া মন্ত্রিমহাশয়া যে ব্যয়বরাদ্দ দাবি উত্থাপন করেছেন আমি সেই দাবি এবং সরকারের উদ্বাস্তু পুনর্বাসন নীতি সর্বান্তঃকরণে সমর্থন করি। এখানে আমাদের একজন কমিউনিস্ট বন্ধু বলেছেন যে উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসন এবং দণ্ডকারণ্য পরিকল্পনার ব্যাপারে আমরা কংগ্রেসপক্ষীয়রা সম্পূর্ণ দায়ী। আমি মনে করি যে, উদ্বাস্তুদের যে অর্থনৈতিক পুনর্বাসন এখনো অনেক জায়গায় হয়নি তার জন্য কমিউনিস্টপক্ষই দায়ী। পার্টিসানএর পর যখন দলে দলে উদ্বাস্তু বন্ধুরা এদেশে এসেছিলেন তখন ১৯৫০ সালে বিভিন্ন বৃত্তিধারী উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য ইউনিয়ন বোর্ডের মাধ্যমে সরকার থেকে চেষ্টা করা হয়েছিল, অর্থাৎ যে যে অঞ্চলে কুম্ভকারের অভাব, যে যে গ্রামে কর্মকারের অভাব, যে যে গ্রামে মৎসজীবীর অভাব সেই সেই গ্রামে এইসমস্ত বৃত্তিধারীদের পুনর্বাসনের জন্য সরকার থেকে চেষ্টা করেছিলেন, কিন্তু উদ্বাস্তুদের মুখোসপরা বন্ধু কমিউনিস্টরা সরকারী নীতি ভুল বোঝার জন্য সেই চেষ্টা বানচাল করেন। কমিউনিস্টরা জানেন যে, উদ্বাস্তুরা যদি অর্থনৈতিক পুনর্বাসন পান তাহলে তাদের রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ হবে না, আজকে তারা যে জনদরদী উদ্বাস্তুদের নিয়ে রাজনৈতিক চাল চালছেন একথা আপনারা সকলেই জানেন।

আমার এলাকায় একটি সমস্যার কথা আমি উদ্বাস্তু বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ার নিকট রাখতে চাচ্ছি।

[11-40—11-50 a.m.]

হুগলী জেলার বলাগড় কেন্দ্রে যেসমস্ত সরকারী এবং বেসরকারী কলোনী আছে সেখানে যেসমস্ত নলকূপ খারাপ হয়ে গেছে সেগুলি যেন সত্বর সারানো হয়। একটা কলোনীতে ২১টা নলকূপ অকেজো হয়ে আছে। এইরকম যেসমস্ত জায়গায় নলকূপ অকেজো হয়ে আছে সেগুলি যেন তাড়াতাড়ি পুনর্নির্মাণ হয় এবং এগুলিকে রিলিফ ওয়েলফেয়ার অ্যাম্বুলেন্স কোর-এর হাতে দেবার জন্য মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করছি। আর আর-এর প্রাইমারী স্কুলগুলো এখন ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অফিস পরিচালনা করেন। এই আর আর-এর প্রাইমরী স্কুলগুলো যাতে স্কুল বোর্ডএর অন্তর্ভুক্ত হয় তার জন্য আমি তাঁর কাছে নিবেদন করব। এইরকম বর্ণ-বৈষম্য থাকা উচিত নয়। একই গ্রামের কতকগুলি স্কুল ডিস্ট্রিক্ট ইন্সপেক্টরএর দ্বারা পরিচালিত হয়, আবার কতকগুলি স্কুল স্কুল বোর্ডএর দ্বারা পরিচালিত হয়—যাতে সমস্ত স্কুল স্কুল বোর্ডএর দ্বারা পরিচালিত হয় তার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা আমি মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করছি যে জিরাট গভর্নমেন্ট কলোনী বা যেসমস্ত গভর্নমেন্ট কলোনী আছে সেইসমস্ত কলোনীর সমস্ত জমি সরকারের অধীনে, সেইসমস্ত কলোনীগুলিকে বিনোবা ভাবের গ্রামদান যজ্ঞে দান করার জন্য বলছি। সেখানে যদি গ্রামদান হয় তাহলে সমবায়ের মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কাজ আমরা করতে পারি। আর একটা কথা, আমার কনস্টিটিউয়েন্সীতে প্রায় ৪০ হাজার উদ্বাস্তু সেখানে বাস করে। সেখানে কোন কারখানা, কোন শিল্প নেই—কিছু কিছু তাঁতশিল্প আছে, কিন্তু কোন বৃহৎ শিল্প বা মাঝারী শিল্প সেখানে নেই। সরকার থেকে সেই উদ্বাস্তুদের বেকারী দূর করবার জন্য যাতে মাঝারী এবং বৃহৎ শিল্প সেখানে নির্মাণ হয় তার জন্য মন্ত্রিমহাশয়ের কাছে আমি অনুরোধ করছি। আমার এলাকা গুপ্তিপাড়া চর এলাকা যেখানে উদ্বাস্তুরা থাকে, সেই অঞ্চলে রাস্তাঘাট নেই, মাঠের উপর দিয়ে তাদের ৩।৪ মাইল হেঁটে আসতে হয়। এই অঞ্চলে উদ্বাস্তুদের যাতায়াতের জন্য যাতে রাস্তা নির্মাণ হয় তার জন্য আমি মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করছি। গুপ্তিপাড়া চর এলাকায় ৮।১০ হাজার উদ্বাস্তু আছে—বর্ষাকালে তাদের ডাঙ্গার সঙ্গে কোন যোগাযোগ থাকে না। তাঁদের সেখানে একটা হাই স্কুলএর জন্য তাঁরা প্রার্থনা করেছেন, যাতে সেখানে একটা হাই স্কুল হয় তার জন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বারুজীবী কলোনী আমার এরিয়াতে আছে। তাদের এস টি লোন দেওয়া হয়েছিল, কিন্তু তাদের কোন জমি দেওয়া হয়নি। এস টি লোন তারা শেষ করে ফেলেছে। যাতে তাদের কিছু কিছু জমি দেওয়া হয় তার জন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা, আদি সপ্তগ্রাম-গুপ্তিপাড়া রোডের পশ্চিম পার্শ্বে মগরা থানা এলাকায় শঙ্খনগরে ৮০।৮৫ ঘর উদ্বাস্তু নিয়ে আসা হয়েছে, তাদের জমি ভাগ করে দেওয়া হয়েছে। কিন্তু সেখানে এখন তাদের গৃহ নির্মাণ করার কোন অধিকার দেওয়া হয়নি এবং বলাগড় কেন্দ্রের উদ্বাস্তুরা বেকার রয়েছে যেহেতু সেখানে কলকারখানা নেই। সেখানে যাতে টেস্ট রিলিফ-এর মাধ্যমে রাস্তাঘাট পুনর্নির্মিত হয় তার জন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি এই কথা বলে আমার সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

Shri Gopal Banerjee:

মাননীয় স্পীকার, উদ্বাস্তু পুনর্বাসন-এর জন্য যে ব্যয়বরাদ্দ মন্ত্রিমহাশয় চেয়েছেন সেটা বিরোধীতা করছি এবং তার জন্যই আমি দাঁড়িয়েছি। এবং তার কারণ সম্পর্কে নিশ্চয় কিছু বলা দরকার। তাই কিছু বলবো। অভিযোগ উঠেছে যে এখানে বিরোধী পক্ষ থেকে সেই পুরানো কথা বলা হচ্ছে। মন্ত্রিমহাশয় যে কথা বলেছেন তার শেষটা দিয়েই আমি শুরু করছি—একটা পুরানো কথা দিয়ে যে বিরোধী পক্ষের কাছ থেকে তিনি সহযোগিতা চেয়েছেন—এটা কিছু নূতন কথা নয়। গতবারেও তিনি চেয়েছিলেন—তার পূর্বে যারা মন্ত্রী ছিলেন তাঁরা চেয়েছিলেন—কিন্তু এর রূপটা কি? গতবার যখন মন্ত্রিমহাশয় এই উক্তি করেন যে সহযোগিতা চাই তখন কংগ্রেস পক্ষের বন্ধু কেউ কেউ একথা বলেছিলেন যে একটা রিহ্যাবিলিটেশন এ্যাডভাইসারী বোর্ড করলে ভাল হয় অথবা ঐ ধরনের একটা কিছু করলে ভালো হয় যেগুলো ছোটখাট ব্যাপারে সেগুলো সমাধান করা যাবে। যেমন আমার পূর্ববর্তী বক্তা এখনে বললেন যেটা হয়ত আলোচনার প্রয়োজনীয়তা হোত না। একটা এ্যাডভাইসারী বোর্ড অথবা কনসাল-

টেটিভ কমিটি এটা করার প্রয়োজনীয়তা সম্পর্কে অনেকেই বলেছিলেন—আমি উৎসাহিত হয়েছিলাম যে কিছু কিছু পরিবর্তন হবে। নূতন মন্ত্রী এসেছেন, বক্তৃতা যেদিন দিয়েছিলেন তার দু দিন বাদেই আমি একটি চিঠি লিখেছিলাম যে পার্লামেন্টে যে কনসালটেটিভ কমিটি আছে অন্তত সেইরকম করা হোক। এ্যাডভাইসারী বোর্ড যদি বলা হয় তাহলে হয়তো তার কোন দায়-দায়িত্ব থাকতে পারে—আইনগত কোন বাধ্যবাধকতা থাকতে পারে—যদি অতদূর পর্যন্ত যেতে না চান তাহলে একটা ইনফরম্যাল কনসালটেটিভ কমিটির মত এখানে যে নামেই হোক একটা করা হোক যাতে মাঝে মাঝে আলোচনা করা যায়, ছোটখাটো সমস্যাগুলো তোলা যায়, সেইগুলো অন্তত একটু মীমাংসা করা যায়। চিঠি দেওয়ার পরে আমি তার সঙ্গে ব্যক্তিগতভাবে আলোচনা করেছি। তিনি বললেন যে এটা আমি একজামিন করছি—একজামিনেসন চলেছে—এক বছর হয়ে গেছে, একজামিনেসন শেষ হয়েছে কিনা আমি জানি না। কিন্তু আজ পর্যন্ত কোন জবাব পাইনি। সুতরাং জিনিসটা পুরানো এবং সেই পুরানো ধারাই চলছে, মন্ত্রী বদলেছে। আমি গতবার তাই আশা করেছিলাম এবং আমি আমার বক্তব্য উপস্থিত করেছিলাম তখন বলেছিলাম যে মন্ত্রী বদলাবার পরে হয়তো নূতনের একটা রূপ দেখা যাবে। কিন্তু সেদিক থেকে আমি অত্যন্ত নিরাশ হয়েছি। সহযোগিতার প্রশ্ন এখান থেকেই হয়েছে কিন্তু সেই সহযোগিতার ক্ষেত্র প্রস্তুত করবার দায়িত্ব কার? নীতি নির্ধারণের ব্যাপারে যারা তা করছেন সেই নীতির সঙ্গে সহযোগিতা করতে গিয়ে যদি নানা ধরনের আলোচনা করার অবকাশ না থাকে তাহলে তিনি যা চান তার অর্থ হচ্ছে যে কোন সমালোচনা চলবে না, আমি যা করবো তা পুরোপুরি সমর্থন করতে হবে। কিন্তু বিরোধী দলের এই কাজ করা সম্ভব নয়—এর জন্য বিরোধী দল নয়—এই কাজ করার জন্য তারা দায়িত্ব গ্রহণ করেননি। এখানে আজকে এই প্রশ্ন উঠেছে যে আজকে উদ্বাস্তুদের যে অবস্থা হয়েছে তার জন্য বিরোধী পক্ষই দায়ী। আমার পূর্ববর্তী বক্তা যদিও তিনি বলেননি—এটা খুব আনন্দের বিষয় যে এই যে ২১টি টিউবওয়েল যা অকেজো হয়ে গেছে তা কমিউনিস্ট-এর দ্বারাই হয়েছে। এইভাবেই শিক্ষা দেওয়া হচ্ছে, যারা আজকে কংগ্রেস নেতৃবৃন্দ, মন্ত্রী তারা এইভাবে শিক্ষা দিচ্ছে যে সমস্ত কাজের জন্য বিরোধী পক্ষ দায়ী—কমিউনিস্ট পার্টি দায়ী। এইভাবে শেখানো হচ্ছে—তাই আজকে যখন বরাদ্দ উপস্থিত করা হয়েছে তখন সেখানে এই কথা বলা হয়েছে—একটা মনোরম চিত্র যেটা সকলকে চিন্তিত করে তুলেছে সেটা হচ্ছে ৮ হাজার থেকে ৯ হাজার পরিবার যারা ক্যাম্পে ছিলেন তাদের খাতাপত্র থেকে নাম কেটে দেওয়া হয়েছে। এখানে নূতন নাম ব্যবহার করছে এক্স-ডিসপ্লেসড পারসনস। এই এক্স-ডিসপ্লেসড পারসনদের সম্পর্কে কি হবে এই প্রশ্ন তুলেছিলেন।

[11-50—12 noon.]

এই প্রশ্নটা দাঁড়িয়েছিল এই যে লোকেরা যারা ক্যাম্পে আছে, তাদের সামনে পুনর্বাসনের কি সুযোগ ছিল! ১৯৫৮ সাল পর্যন্ত যারা বাংলা এবং বাংলার বাইরে এই দুই জায়গায় পুনর্বাসন পেতে পারতো, কিন্তু ১৯৫৮ সাল থেকে একটা রাখা হলো, আর একটা বন্ধ করে দেওয়া হলো। বাংলাদেশে কৃষিজীবী পরিবারের পুনর্বাসন দেওয়া হবে না। কি কারণে? কারণ হচ্ছে বাংলাদেশে জমি নাই। আচ্ছা, তাই মেনে নিলাম। যুক্তি কি দেওয়া হয়েছে? যখন এই যুক্তি খন্ডন করা হয়েছে আমাদের পক্ষ থেকে তথ্য দিয়ে যুক্তি দিয়ে লিখিতভাবে এবং এই আইনসভার মধ্যে দাঁড়িয়ে আলোচনা হয়েছে, সরকার পক্ষের বক্তব্য উপস্থিত করা হয়েছে। তারপর যখন সরকার যুক্তিতে টিকতে পারেননি, তখন তাঁরা বলেছেন এর জন্য বিরোধীপক্ষ দায়ী, তারা এই উদ্বাস্তুদের ডোল খাইয়ে রাখতে চান। তাঁদের এই হচ্ছে বক্তব্য। অথচ আমরা বলেছিলাম কুপার্স ক্যাম্প যেটা আছে এই ক্যাম্পটাকে এক্ষুনি রিহ্যাবিলিটেশন সাইটএ ট্রান্সফার করা যায়, ক্যাম্প সাইট রিহ্যাবিলিটেশন তাদের দেওয়া যায়। এই পরামর্শটা আমাদের দিক থেকেই প্রথমে এসেছিল এবং সেটা স্বীকৃতও হয়েছিল যে আড়াই হাজার পরিবারকে সেখানে পুনর্বাসন দেওয়া যায়। আজও কুপার্স ক্যাম্পে গেলে দেখতে পাবেন এখনো সেখানে পাঁচশো পরিবার ডোল পাচ্ছে। তার জন্য কি আমরা দায়ী? আজ যারা সেটাকে রূপ দিতে পারেননি ১৯৫৩ সাল থেকে যেটা চলছে, ১৯৬৩ সাল পর্যন্ত এই দশ বছরের মধ্যে, এখন সেই দায়িত্ব আমাদের ঘাড়ে চাপিয়ে দিয়ে লাভ কি? তাদের যুক্তি ছিল, আমরা ডোল খাওয়াতে চাই। আমার মনে আছে যে, কেন্দ্রীয় সরকারের পুনর্বাসন মন্ত্রীর সঙ্গে আলোচনা করবার সময় আমি বলেছিলাম বন্ধ করে দিন ডোল, আমরা দায়িত্ব

নিচ্ছি। কিন্তু তার এক বছরের মধ্যে তাদের পুনর্বাসন দিতে পারবেন কি? সরাসরি এই প্রশ্নের জবাব দিন। দু বছর আগে ডোল বন্ধ হয়ে গেছে। যদি ডোল খাওয়ানটা একমাত্র দোষ হয়ে থাকে, তাহলে ঐ দু বছরের মধ্যে বাংলাদেশে কয়জনকে পুনর্বাসন দেওয়া সম্ভব হয়েছে? বাংলাদেশে এর আগে গড়ে ছ' হাজার পরিবার পুনর্বাসন পেয়েছে। হিসেব নিলে দেখা যাবে ১৯৫৩ সাল থেকে ১৯৫৬, ১৯৫৭ সাল পর্যন্ত ছ' হাজার, সাত হাজার পরিবারকে কখনো বলা হয়েছে যে বাংলাদেশে জমি নাই, এখনো বলা হয়েছে বাংলাদেশে জমি নাই। একথা বলা সত্ত্বেও ছয় থেকে সাত হাজার পরিবার এখানে পুনর্বাসন পেয়েছে। দণ্ডকারণ্যে জমি অনেক আছে শুনেছি। আজ চার বছর প্রায় হলো এই সময়ের মধ্যে সেখানে মাত্র ছ' হাজার পরিবার গিয়েছে। তাহলে কি বাংলাদেশে এদের পুনর্বাসন দেওয়া সম্ভব হ'ত না? ১৯৫২ সালে যখন শ্রীমতী রেণুকা রায় এখানে মন্ত্রী ছিলেন, তিনি প্রথমে জমির সমস্যার কথা তুলেছিলেন। তারপর আমরা দেখছি প্রতি বছর ছয় থেকে সাত হাজার পরিবার, তার মধ্যে কৃষিজীবীই বেশি, তারা এখানে পুনর্বাসন পেয়েছে। কিন্তু আসল কথা হচ্ছে পুনর্বাসন বড় কথা নয়, বড় হচ্ছে সমস্যাটা জিইয়ে থাক, বেঁচে থাক, তবুও তাকে দণ্ডকারণ্যে নিয়ে ফেলতে হবে। এই একগুঁয়েমির জন্য এই আট হাজার পরিবারের পুনর্বাসন হচ্ছে না। যারা দণ্ডকারণ্যে যেতে চাচ্ছে, কেউ কোন দিন তাদের আপত্তি করেনি, যারা দণ্ডকারণ্যে গিয়েছে, কেউ কোনদিন ট্রেনের সামনে গিয়ে তাদের বাধা দেয়নি। তারপর ক্যাম্প ছেড়ে গাড়ীতে করে যারা চলে এসেছে, তখনও কেউ তাদের বাধা দেয়নি। কিন্তু কথাটা কি? আজকে প্রমাণ হয়ে গেছে—আমাদের কথা ঠিক, কি সরকারের কথা ঠিক। এই কথা আমরা বলেছিলাম ক্যাম্পে এমন পরিবার আছে যারা এখানে সামান্য কিছু অর্থনৈতিকভাবে নিজেদের প্রতিষ্ঠিত করার দিকে এগিয়ে গিয়েছে, কেউ হয়ত ছোটখাট ব্যবসা করে, কেউ হয়ত এক বিঘা জমিতে পাট চাষ করে বা ধান চাষ করে—তার মধ্য দিয়ে কোনরকমে তারা বেঁচে আছে, সহায়ক ব্যবস্থা করে নিয়েছে, এই ব্যবস্থাটাকে তারা ভাঙতে চান না। দণ্ডকারণ্য এমন কিছু স্বর্গরাজ্য নয়, সেখানে নূতন বসতি স্থাপন হচ্ছে। তার সেখানে বহু সমস্যা—টিদিং প্রোবলেম খান্না সাহেবের। তারপর হয়ত আরো দু-চারটা প্রোবলেম হবে—এ তো জানা কথা। একটা নূতন বসতি স্থাপন করতে গেলে হঠাৎ সেখানে কিছু হবে না। কিন্তু এঁরা যেটা করেছিলেন, সেটা অবাস্তব। এঁরা প্রচার করেছিলেন যে সেখানে যাওয়া মাত্র, আপনাদের সেখানে স্বর্গরাজ্য হয়ে যাবে। বনজঙ্গল কেটে নূতন বসতি স্থাপন করতে গেলে নানা সমস্যা দেখা দেবে, রাস্তাঘাটের সমস্যা, জলের সমস্যা নিশ্চয়ই সেখানে থাকবে। তা সত্ত্বেও স্বর্গরাজ্যের একটি স্বপ্ন ছড়ান হয়েছিল, গেলে সব কিছু হবে। এইজন্য বাংলাদেশে যেটুকু সম্ভাবনা ছিল, সেগুলিও কার্যকরী করা হয় নাই। সেই আট হাজার লোকের দু বছর ধরে ডোল বন্ধ করে রাখা হয়েছে। শুধু ডোলই বন্ধ করা হয় নাই, টিউবওয়েলগুলি যা খারাপ হয়ে গিয়েছিল, তাও রিপেয়ার করা হয় নাই। ওষুধপত্রও বন্ধ করে দেওয়া হয়েছে। এই অবস্থার মধ্যেও যদি তারা টিঁকে থাকতে পারে, তাহলে কি এই কথা প্রমাণ হয় না যে কিছু অর্থনৈতিক যোগাযোগ নিশ্চয়ই আছে বা যোগাযোগ স্থাপিত হয়েছে। তবে সবার নয়, অন্য কিছু। এই অবস্থায় দণ্ডকারণ্যে গিয়েছে। মন্ত্রিমহাশয় বলেছেন গত বছর এখানে দু' হাজার পরিবার গিয়েছে। তাদের সেখানে যাওয়া সম্পর্কে কেউ কোন আপত্তি করেনি তবে বাস্তব ভিত্তির উপর দাঁড়িয়ে বলতে পারি অনেকে যেতে চায়নি সেখানে, সেটা কোন রাজনৈতিক পার্টির প্ররোচনায় নয় বা কোন রাজনৈতিক প্রশ্নও নয়। এটা স্বীকার করতে তাদের সৎসাহস নাই, সেটাকে স্বীকার করে, ক্যাটেগরি চেঞ্জ করার দরকার হলে বা তাকে অন্য এমনভাবে কিছু করার দরকার হলে, সে স্টেরিওটাইপড ফরমুলা যদি না পড়ে, তাহলে নূতনভাবে তাকে এই সাহায্যটা করা যায় না, এমন কি সমস্যা যে তা সমাধান করা যায় না। আজ বক্তৃতার শেষে মন্ত্রী মহোদয় বললেন এইরকম আট-নয় হাজার পরিবার সেখানে আছে। সেই মানুষের আরো সমস্যা রয়েছে, যে মানুষের ঘর নাই, বাড়ী নাই, খাবার নাই, যে মানুষের নিজের সংগ্রাম তীব্র, তাদের ক্ষুধা এবং অনশনের বিরুদ্ধে সংগ্রাম করবার সহায়তা করবার কোন পরিকল্পনা এল না তো। কই তিনি ত বললেন না যে আরও লিবার‍্যালী ক্যাটেগরী চেঞ্জ করে বা যদি অন্য কোন ভাবে হয় এদের আমরা যতজনকে পারি, সত্যিই যাদের ইকনোমিক রুটস এখানে হয়েছে খুব ভালভাবে না হলেও অল্পভাবে, তার ব্যবস্থা করবো। এর আগেও আমরা দেখেছি যারা সরকারী কলোনীর কথা বলেছেন, সেখানে কি অবস্থা। সেখানেও খুব ভাল ব্যবস্থা এমন

কিছু হয়নি। সুতরাং এ থেকে দেখা যাচ্ছে তাঁদের কোথাও ভাল কিছুই হবে না। দণ্ডকারণ্যের কিছু হয়নি। যদিও এঁরা বলেন সেখানে অনেক কিছু ব্যবস্থা হয়েছে, আমি সেটা মানতে চাই না। যাঁর কিছু সাধারণ বুদ্ধি আছে, তিনিও মানবেন না। সেখানে স্ট্রাগল করতে হবে, এবং একটা নূতন বসতির মধ্যে ব্যবস্থা করতে হবে। সুতরাং এখানে এইটুকু দিতে আপত্তি কি? দণ্ডকারণ্যে একটা পরিবারের জন্য, তার সমস্ত ওভারহেড এক্সপেন্স নিয়ে ১০ হাজার টাকার মত খরচ হয়, আর এখানে তার জন্য খরচ হয় মাত্র দু হাজার টাকা। আমরা এই কথা বলেছি যে ইনডিউসমেন্ট দণ্ডকারণ্যে দেওয়া হোক, স্কেল অফ রিহ্যাবিলিটেশন বাড়ান হোক, সেখানে যে যেতে চায় যাক। কিন্তু এখানে যে থাকতে চায়, তাকে এইটুকু সামান্য সুযোগ দেওয়া হবে না, কেন? আজকে প্রমাণ হয়ে গিয়েছে আমাদের অবস্থাটা কি! যারা সমালোচনা করেছিলেন, তাঁদের আমি জিজ্ঞাসা করতে চাই কার কথাটা ঠিক? যারা আজকে এখানে বলেছিলেন যে ইকনমিক রুটস-এর মধ্য দিয়ে কিছু লোককেও কেউ নিতে পারবেন না, হার্ড কোর হয়ে যাবে; এটা কি সত্য হয়নি? যদি তা হয়ে থাকে তাহলে আজকে তাঁদের এ্যাটিচিউড ও চিন্তাধারা পরিবর্তন করবার সময় এসেছে। এই যে ৮ হাজার পরিবার এখানে রয়েছে, এঁদের সম্পর্কে চিন্তাধারা পরিবর্তন করতে আমি আবেদন ও অনুরোধ জানাচ্ছি। বিরোধী পক্ষের উপর একটা আক্রমণ করার উদ্দেশ্যে নয়, আমি যুক্তি দিয়ে তথ্য দিয়ে আরও ভালভাবে প্রমাণ করতে পারি যে এঁদের প্রতি আপনাদের চিন্তাধারা পরিবর্তনের প্রয়োজন আছে।

দ্বিতীয় প্রশ্ন হচ্ছে যে এর সঙ্গে সঙ্গে আরও অন্যান্য কতকগুলি বিষয় এসে যায়, যার সম্বন্ধে এখানে আলোচনা হয়েছে, তার মধ্যে আমি আর বেশী যেতে চাই না, তবে সেই সম্পর্কে দু-চারটা বিশেষ প্রয়োজনীয় কথা না বলে পারা যায় না। স্কোয়াটার্স কলোনী সম্পর্কে আমি খুব বেশী আলোচনার মধ্যে যেতে চাই না। কিন্তু, তাদের কমপেনসেসন দেওয়ার প্রোবলেম যেভাবে দাঁড়িয়েছে, সেটা নূতনভাবে চিন্তা করবার প্রয়োজন আছে। তাছাড়াও অন্যান্য বিষয় যাদের সম্পর্কে চিন্তা করার প্রয়োজন সেদিকে সরকার সম্পূর্ণ উদাসীনতা দেখাচ্ছেন। যেটা নিখিলবাবু বলতে চেষ্টা করেছিলেন সময়ের অভাবে বলতে পারেননি, সেটা হচ্ছে যারা স্কোয়াটার্স ইন প্রাইভেট হাউসেস, তাদের অবস্থাটা কি? তাদের অবস্থা হচ্ছে যে ১৯৫১ সালে আইন পাশ করে বলা হল যে যারা কমপিটেন্ট অথরিটির কাছ থেকে আদেশ পাবে, তাদেরই আমরা পুনর্বাসনের দায়িত্ব নিলাম। কয়েক হাজার পরিবার পেলেন, আজ যদি তার হিসাব নেওয়া যায় তাহলে দেখা যাবে আট হাজার পরিবার আছেন, যারা কমপিটেন্ট অথরিটির কাছ থেকে অর্ডার পেয়েছে তাদের পুনর্বাসন দিতে হবে, তারা পুনর্বসতি পাবার অধিকারী। তারা বিভিন্ন জায়গায় কলকাতার আশেপাশে রয়েছে। নিখিলবাবু বলেছেন ব্যারাকপুর মহকুমার ধারে ইন্ডাস্ট্রিয়াল বেল্টে এঁরা জীবিকা উপার্জনের জন্য এসে বাসা বেঁধেছেন। সিটি ও সুবার্বনএ তাঁরা এসেছিলেন এবং সেইখানেই তাঁরা আছেন। কিন্তু, কোন সাল থেকে কমপিটেন্ট অথরিটি নির্দেশ দিয়েছিলেন তাদের বিকল্প পুনর্বাসন দেবার জন্য? ১৯৫৩-৫৪ সালে তাঁরা বলেছিলেন রিহ্যাবিলিটেশন ডাইরেক্টরেটকে যে এঁদের জন্য বিকল্প পুনর্বাসনের ব্যবস্থা করো। আজকে ১৯৬৩ সালের মধ্যে কয় হাজার পরিবারকে তাঁরা পুনর্বাসন দিতে পেরেছেন? আজ পর্যন্ত যতগুলি পরিবারকে তাঁরা পুনর্বাসন দিতে পেরেছেন, তার চেয়েও বেশি পরিবার এখনও বাইরে রয়েছেন। এখন এঁদের অবস্থা কি হবে? সমস্যাটা খুব সোজা। কিন্তু ঠেকছে কোথায়? ঠেকছে একটা জায়গায়। এদের ত ঐ জায়গা থেকে সরিয়ে, অন্য জায়গায় জমি দিতে হবে, সেই জমি কোথায়? জমির সমস্যাটা কি দাঁড়িয়েছে, না, বাংলা সরকার ও কেন্দ্রীয় সরকারের মধ্যে বোধহয় এখনও এ বিষয় কোন মীমাংসায় পৌঁছাতে পারেনি। নূতন করে জমি দখল করা সম্বন্ধে কি ব্যবস্থা হবে এবং এই ৮ হাজার পরিবারদের কোথায় নেওয়া হবে এবং এই সম্পর্কে যে জমি সমস্যার একটা বড় প্রশ্ন দাঁড়িয়েছে, আশা করি মাননীয় মন্ত্রি-মহাশয় সে সম্বন্ধে আমাদের বলবেন। এই ৮ হাজার পরিবারকে পুনর্বাসন দেওয়ার দায়িত্ব তাঁদের আছে। এ ছাড়া আরও ৮ হাজার পরিবার আছে, যাদের কমপিটেন্ট অথরিটি থেকে অর্ডার দেওয়া হয়নি। কেন, তাদের অর্ডার দেওয়া হয়নি? তার জন্য উদ্বাস্তুরা ত দায়ী নয়। আইনে আছে কি? না, মালিকরা যদি কোর্টে দরখাস্ত করে, তবেই কমপিটেন্ট অথরিটির কোর্টে যাওয়া যায়, রিফিউজিরা, বা উদ্বাস্তুরা নিজে থেকে কমপিটেন্ট অথরিটির কোর্টে যেতে পারে

না। সুতরাং এমন বহু জমির মালিক আছেন, যারা হয়ত কমপিটেন্ট অথরিটির কাছে নালিশ করেননি, সেক্ষেত্রে সেখানকার পরিবারের কি হবে? অথচ কেন্দ্রীয় সরকার বলে দিয়েছেন যে কমপিটেন্ট অথরিটির কোর্ট থেকে যারা আদেশ পেয়েছেন, তাদেরই দায়িত্ব তাঁরা নেবেন। তার বাইরে যারা আছেন তাদের দায়িত্বভার তারা গ্রহণ করবেন না। তাঁদের হিসাব খুব সোজা। অথচ এই যে আট হাজার পরিবার, যারা ন্যায্যত পুনর্বাসনের অধিকারী, যাদের বলা হচ্ছে যে তারা রিফিউজী, এবং তাদের মধ্যে এইরকম অন্যান্য বহু রিফিউজী আছে, যারা রিফিউজী হিসাবে পুনর্বসতি পেয়েছে, আর এই ৮ হাজার পরিবারের ক্ষেত্রে তা করা সম্ভব হল না। হঠাৎ একদিনের একটা ঘোষণায়, যে কমপিটেন্ট অথরিটির বাইরে যারা রয়েছেন তাদের পুনর্বাসন দেওয়া হবে না, এই অজুহাত নিয়ে তাদের পুনর্বাসন আজ পর্যন্ত দেওয়া হয়নি। এই আট হাজার পরিবারের ভাগ্য নিয়ন্ত্রণ এইভাবে হয়ে গেল। এই হচ্ছে গিয়ে তাঁদের সম্পর্কে কথা।

[12—12-10 p.m.]

শুধু এই নয়, যাঁরা কমপিটেন্ট অথরিটির আদেশপ্রাপ্ত আছেন, আইনের এক জায়গায় আছে যে অলটারনেটিভ রিহ্যাবিলিটেশন যেটা দেওয়া হবে সেটা একটা কন্ডিশনাল, সেটা একটা শর্ত-সাপেক্ষ। তাঁদের যদি ক্ষতিপূরণ দেওয়া থাকে অথবা যে ক্ষতিপূরণ কোর্ট থেকে নির্ধারিত হবে সেই ক্ষতিপূরণ যদি তাঁরা দেন তবে তাঁরা এই বিকল্প পুনর্বাসনের অধিকারী হবেন। কিন্তু এখানে অর্ডার হয়েছে ১০ বৎসর আগে, এই ১০ বৎসরের মধ্যে ক্ষতিপূরণের বোঝা চেপেছে অনেক। যে টাকা তাঁরা পুনর্বাসনের জন্য সাহায্য পাবেন, ১২।। শত টাকা ঋণ, কি ১৪।। শত টাকা ঋণ পাবেন, অনেকের ক্ষতিপূরণ তার ডবলও দাঁড়িয়ে গিয়েছে। এখন ধরুন যাঁরা বাস্তব বুদ্ধি সম্পন্ন মানুষ তাঁদের মনে একটা প্রশ্ন জাগে ২৮।। শত টাকা গচ্চা দিয়ে ১৪।। শত টাকা লোন আদায় করবেন, না ঘর ছেড়ে পালিয়ে যাবেন। সুতরাং প্রশ্ন হচ্ছে তাঁরা এখন এমন অবস্থায় দাঁড়িয়েছে, তাঁদের এমন অবস্থায় এনে দাঁড় করিয়েছেন যে কোর্ট থেকে আদেশ হচ্ছে কমপেনসেশন দেবার জন্য। সেই কমপেনসেশন দিতে গিয়ে যে টাকা লোন পাবেন তার চেয়ে বেশি টাকা কমপেনসেশন। সুতরাং সেখানে এক হয় উচ্ছেদ, না হয় সেখান থেকে পালিয়ে যাওয়া এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। সুতরাং দায় সেরে নিয়েছিলেন কমপিটেন্ট অথরিটির কোর্টে সেই আদেশপ্রাপ্ত উদ্বাস্তুদের বিকল্প পুনর্বাসন দেবেন, অনেকের দায়িত্ব তাঁরা এইভাবেই স্খলন করেছেন। এক হয় তাঁরা পালিয়ে গিয়েছেন, অথবা তাঁদের জোর করে পুলিস দিয়ে উচ্ছেদ করে দিয়েছেন এইভাবেই সেই সমস্যার মীমাংসা করতে চেষ্টা করেছেন। কিন্তু এই সমস্যা মীমাংসার মূল জিনিস হচ্ছে জমির প্রশ্ন। জমির প্রশ্নে তাঁরা বলছেন আমরা আর তোমাকে জমি দিতে পারবো না আমাদের ক্যাম্পের দায়িত্ব রয়েছে। নিশ্চয়ই ক্যাম্পের দায়িত্ব প্রধান একথা অস্বীকার করবার কারণ নেই। কারণ যতক্ষণ পর্যন্ত ক্যাম্প রিফিউজিকে ডোল দিতে হোত ততক্ষণ পর্যন্ত তাঁদের উপর একটা চাপ ছিল, একটা ভয়ানক চাপ ছিল, সুতরাং তাঁরা ক্যাম্পের প্রায়োরিটি দিয়েছেন। কিন্তু আজ তা নিশ্চয়ই দিতে হয় না। যখন ডোল দিতে হয় না তখন অল সো র‍্যানের মত উল্লেখ করেই তাঁরা সেরে দেন। কিন্তু সেদিন যখন চলে গিয়েছে তখন এই যে লোকগুলি যাঁরা কমপিটেন্ট অথরিটির আদেশপ্রাপ্ত ছিল তাঁদের কি হবে। সে সম্পর্কে জমির কি হবে এই প্রশ্নের মীমাংসা করতে হবে। যদি তা না মীমাংসা করা যায় তাহলে সমস্ত জিনিসটাই একটা প্রবঞ্চনা এবং প্রতারণার মধ্যে দাঁড়িয়ে থাকবে।

দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, লোন্স অ্যান্ড এ্যাডভান্স-এ কিছু টাকা আছে দেখলাম। সেই টাকা, যদি আমি বুঝে থাকি ঠিকভাবে বাজেটের বরাদ্দ, তাহলে তিন হাজার পরিবারকে লোন দেওয়া যেতে পারে। এরা কারা? আজকে যারা পুনর্বাসনের উপযুক্ত পরিবার তার সংখ্যা, আমার মনে হয় এখন ৩০ হাজার পরিবারকে পুনর্বাসন দেওয়া প্রয়োজন। যারা ক্যাম্পে আছে, ৮ হাজার পরিবার, এক্স-ক্যাম্প বলে যাদের ওঁরা বলছেন ইনমেটস তাদের, আর যাঁরা [illegible] কলোনীতে আছেন, কমপিটেন্ট কোর্ট থেকে আদেশপ্রাপ্ত তাদেরও ৮ হাজার পরিবার আছে, যাঁরা এইরকম পায়নি। আমার মনে হয় সারা বাংলাদেশে, ৮ হাজার পরিবারের মত আছে, শিয়ালদা স্টেশনে যারা আছে তাদেরও হাজার খানেক পরিবার হবে, পি এল ক্যাম্পে যারা আছে তাদেরও উনি নিজেই স্বীকার করেছেন, পুনর্বাসন মন্ত্রী মহোদয়া, যে প্রায় ৪ হাজার পরিবার রিহ্যাবিটি-বিল

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 13 Hon'ble Ministers, 9 Hon'ble Ministers of State, 7 Deputy Ministers and 152 Members.

STARRED QUESTION

(to which oral answer was given)

[12—12-10 p.m.]

Contai-Darua Maidan Road

***80.** (Admitted question No. *701.) **Shri Sudhir Chandra Das:** বাস্তু বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি কাঁথি-দারুয়া ময়দান পিচ রাস্তাটি সম্প্রসারণ করিবার জন্য স্থানীয় অধিবাসিগণের নিকট হইতে দরখাস্ত পাইয়াছেন; এবং

(খ) দরখাস্ত পাইয়া থাকিলে, এই সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বিত হইতেছে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত:

(ক) সরকার উক্ত রাস্তা সম্প্রসারণ সংক্রান্ত কোন গণ-দরখাস্তের কথা অবগত নহেন; (খ) প্রশ্ন উঠে না।

শ্রীসুধীরচন্দ্র দাস: গণ-দরখাস্ত যে পাঠানো হয়েছে তার রেজিস্টার্ড অ্যাকনলেজমেন্ট রিসিটস আছে সেসবে ঐসব কথা লেখা আছে জানেন কি?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাসগুপ্ত: থাকতে পারে, আমার জানা নেই।

শ্রীসুধীরচন্দ্র দাস: রেজিস্টার্ড অ্যাকনলেজমেন্ট রিসিট যেখানে রয়েছে সেখানে অফিসের গোলমাল ছাড়া আর কিছু নয়। সুতরাং সেটা দেওয়া হয়েছে এবং সেটা আপনাকে আমি দেব। ঐ রাস্তাটা সম্প্রসারণ এবং লম্বা করে দেবার কথা ঐ দরখাস্তে আছে। সেই লম্বা করে দেবার কথা বিবেচনা করছেন কিনা?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: সম্প্রসারণ হচ্ছে ওয়াইডার করা, লম্বা করা এক জিনিস নয়।

শ্রীসুধীরচন্দ্র দাস: সম্প্রসারণ করা মানে লম্বা করা হয় চওড়া করাও হয়—যাই হোক কাজটা হবে কিনা?

[কোন উত্তর নাই।]

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

Agricultural Seed Multiplication Farm in Murshidabad

317. (Admitted question No. 625.) **Shri Abdul Bari Moktar:** কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ডোমকল এগ্রিকালচারাল সিড মালটিপ্লিকেসন ফার্মএর বাৎসরিক আয় কত এবং কি কি খাতে আয় হয়;

(খ) উক্ত ফার্মএর ব্যয় কত এবং কি কি খাতে ব্যয় হয়; এবং

(গ) এই ফার্মএর কার্যক্রম কি কি?

The Minister of State for Agriculture:

(ক) ও (খ) ১৯৫৭-৫৮ সালে উক্ত ফার্ম প্রতিষ্ঠিত হইবার পর হইতে বাৎসরিক আয় ও ব্যয়ের একটি বিবরণী এতৎসহ পেশ করা হইল:

(গ) কৃষকদিগের মধ্যে বিতরণের জন্য এই ফার্মে উন্নত ধরনের আউশ ধান, আমন ধান, পাট, গম, সরিষা ও ডালের বীজ উৎপাদন করা হয়। অন্যত্র বিতরণের জন্য এখানে ধইঞ্চা বীজও উৎপন্ন করা হয়। এই ফার্মে উৎপন্ন শাকসবজি ও পেঁপের চারাগাছ কৃষকদিগের মধ্যে বিতরণ করা হয়। এখানে উন্নত ধরনের কৃষি পদ্ধতিও প্রদর্শিত হয়।

Statement referred to in reply to clauses (ka) and (kha) of unstarred question No. 317

ডোমকল থানা সিড ফার্মএর আয় ও ব্যয়ের বিবরণী

(১) ফার্মে উৎপন্ন বীজ ও অন্যান্য অনুজাত দ্রব্যের বিক্রয়লব্ধ আয়—১৯৫৭-৫৮—৩,৪৬৬·৮১ টাকা, ১৯৫৮-৫৯—৭,৩১৩·৫৫ টাকা, ১৯৫৯-৬০—৯,১১০·৫৩ টাকা, ১৯৬০-৬১—১২,৩৮৩·৫৪ টাকা, ১৯৬১-৬২—৯,৪৬৮·৩৪ টাকা।

(২) ব্যয়—

(ক) কর্মচারীদিগের বেতন ও ভাতা বাবত ব্যয়—১৯৫৭-৫৮—১,২৯২·৩৭ টাকা, ১৯৫৮-৫৯—২,৭৯৪·০৯ টাকা, ১৯৫৯-৬০—৩,৪১০·৬৬ টাকা, ১৯৬০-৬১—৩,২৪২·৪৬ টাকা, ১৯৬১-৬২—৩,৫৮০·৭৭ টাকা।

(খ) বেতন ও ভাতা ব্যতীত ফার্ম পরিচালনার অন্যান্য ব্যয়—১৯৫৭-৫৮—৭,৪৮৭·৮১ টাকা, ১৯৫৮-৫৯—৭,৩৫৭·৬৩ টাকা. ১৯৫৯-৬০—৭,৮৩৫·৬৪ টাকা, ১৯৬০-৬১—৯,০৯০·১৬ টাকা, ১৯৬১-৬২—৯,০১৭·১৪ টাকা।

মোট ব্যয়—১৯৫৭-৫৮—৮,৭৮০·১৮ টাকা, ১৯৫৮-৫৯—১০,১৫১·৭২ টাকা, ১৯৫৯-৬০—১১,২৪৬·৩০ টাকা, ১৯৬০-৬১—১২,৩৩২·৬২ টাকা, ১৯৬১-৬২—১২,৫৯৭·৯১ টাকা।

Central Co-operative Fishermen's Society Ltd., in Murshidabad

318. (Admitted question No. 628.) **Shri Abdul Bari Moktar:** সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জেলা ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটির অফিস বেয়ারারস-এর নাম কি;

(খ) [illegible] জেলার জলঙ্গী ও (খ) ডোমকল থানায় কতগুলি ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি আছে;

(গ) উক্ত কো-অপারেটিভ সোসাইটিগুলির প্রত্যেকটির অফিস বেয়ারারসদের নাম কি;

(ঘ) মৎস্যজীবীদের উন্নতিসাধনে এই সোসাইটিগুলি কি কোন বিশেষ প্রোগ্রাম লইয়াছে; এবং

(ঙ) প্রোগ্রাম লইয়া থাকিলে, উহা কি ধরনের?

The Minister for Co-operation:

(ক) মুর্শিদাবাব ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ফিসারমেনস সোসাইটি লিমিটেডএর অফিস বেয়ারারদের নাম—

(১) শ্রীরাধা বিনোদ হালদার—চেয়ারম্যান,

(২) শ্রীবিপদ রঞ্জন হালদার—ভাইস চেয়ারম্যান,

(৩) শ্রীনির্মল কুমার দত্ত—সেক্রেটারী,

(৪) শ্রীকঙ্করাজ হালদার—এসিস্ট্যান্ট সেক্রেটারী,

(৫) শ্রীঋষিপদ হালদার—ট্রেজারার।

(খ) জলঙ্গী থানায়—৩টি,
ডোমকল থানায়—৩টি।

(গ) জলঙ্গী থানায়—

(১) জলঙ্গী ফিসারমেনস কো-অপারেটিভ সোসাইটি লিঃ-এর—
শ্রীহরিদাস হালদার—চেয়ারম্যান।
শ্রীধীরেন্দ্র নাথ সরকার—সেক্রেটারী।
শ্রীঋষিপদ হালদার—ক্যাশিয়ার।

(২) চান্দের পাড়া ফিসারমেনস কো-অপারেটিভ সোসাইটি লিঃ-এর—
শ্রীগোরা চাঁদ হালদার—চেয়ারম্যান ও ক্যাসিয়ার।
শ্রীনিত্যানন্দ হালদার—ভাইস চেয়ারম্যান।
শ্রীসর্বকান্ত হালদার—সেক্রেটারী।

(৩) খয়রামারী ফিসারমেনস কো-অপারেটিভ সোসাইটি লিঃ-এর—
শ্রীহরিপদ হালদার—চেয়ারম্যান।
শ্রীসীতানাথ হালদার—ভাইস চেয়ারম্যান।
শ্রীকালীপদ হালদার—সেক্রেটারী।
শ্রীসুধীর কুমার হালদার—এসিস্টান্ট সেক্রেটারী।
শ্রীফকির চন্দ্র হালদার—ক্যাশিয়ার।

ডোমকল থানায়—

(১) চরুনগর মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ-এর—
শ্রীদুঃখীরাম হালদার—চেয়ারম্যান।
শ্রীহরিপদ হালদার—ভাইস-চেয়ারম্যান।
[illegible] হালদার—সেক্রেটারী।

(২) ভগীরথপুরে হালদারপাড়া ফিসারমেনস কো-অপারেটিভ সোসাইটি লিঃ-এর—

শ্রীপঞ্চানন হালদার—চেয়ারম্যান।

শ্রীরাধাবিনোদ হালদার—সেক্রেটারী।

শ্রীরেবতীমোহন হালদার—ক্যাশিয়ার।

(৩) অম্বরপুরে মথুরকুল ফিসারমেনস কো-অপারেটিভ সোসাইটি লিঃ-এর—

শ্রীপার্বতীনাথ রায়—চেয়ারম্যান।

শ্রীকমলাকান্ত হালদার—ভাইস-চেয়ারম্যান।

শ্রীকৃষ্ণগোপাল সরকার—সেক্রেটারী।

(ঘ) না।

(ঙ) প্রশ্ন উঠে না।

Different Beels under water in Murshidabad

319. (Admitted question No. 629.) **Shri Abdul Bari Moktar:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জলঙ্গী থানার অন্তর্গত বড়বিল, খয়রামারি বিল, চাঁদের পাড়ার বিল, সাহেব রামপুর বিল, সিপাহীর চক বিল ও মঙ্গল বেরের বিলসমূহে পৃথক পৃথকভাবে কত বিঘা জমি জলমগ্ন অবস্থায় আছে ;

(খ) মুর্শিদাবাদ জেলার ডোমকল থানার অন্তর্গত দাঁইড় খালার বিল, দাসের চক বিল, নলেপাড়ার বিল, পেঁচের পাড়ার বিল, পাইকমারি বিল, দুধসর বিল, শবদলপুর বিল, জুড়ানপুর দামশ, কুশা বাড়িয়ার বিলসমূহে পৃথক পৃথকভাবে কত বিঘা জমি জলমগ্ন আছে?

The Minister for Land and Land Revenue:

(ক) বিলসমূহের পৃথক পৃথকভাবে জলমগ্ন জমির আনুমানিক পরিমাণ যথাক্রমে—

বড়বিল—৭৫ বিঘা।

খয়রামারি বিল—৬৭১ বিঘা।

চাঁদের পাড়ার বিল—৪১৭ বিঘা।

সাহেব রামপুর বিল—৪১২ বিঘা।

সিপাহীর চক বিল—৭৮ বিঘা।

মঙ্গল বেরের বিল—৯৬ বিঘা।

(খ) বিলসমূহের পৃথকভাবে জলমগ্ন জমির আনুমানিক পরিমাণ যথাক্রমেঃ

দাঁইড় খালার বিল—৪ বিঘা।

দাসের চক বিল—৩০৯ বিঘা।

নলেপাড়ার বিল—৫৬ বিঘা।

পেঁচের পাড়ার বিল—৪২ বিঘা।

পাইকমারি বিল—৬৬ বিঘা।

দুধসর বিল—৫০ বিঘা।

শবদলপুর বিল—৮০০ বিঘা।

জুড়ানপুর দামশ—২০০ বিঘা।

কুশা বাড়িয়ার বিল—৪১৪ বিঘা।

Beldanga Block No. 2 in Murshidabad

320. (Admitted question No. 638.) **Shri Deb Saran Ghosh:** সমাজ-উন্নয়নবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা দু' নম্বর (শক্তিপুর) ব্লকের অফিসের স্থান কোথায় নির্ধারিত হইয়াছে;

(খ) কোন্ বছর উক্ত অফিসের বাড়ি তৈরির কাজ আরম্ভ করা হইবে?

The Minister for Community Development and Extension Services:

(ক) স্থান নির্বাচন এখনও পরীক্ষানিরীক্ষা পর্যায়ে আছে।

(খ) উপরি-উক্ত কারণে এবং বর্তমান জরুরি অবস্থার পরিপ্রেক্ষিতে একণে এ সম্বন্ধে নিশ্চয় করিয়া কিছু বলা যায় না।

Sinking of tubewells in West Bengal

321. (Admitted question No. 648.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) how many tubewells are proposed to be sunk in 1963 districtwise; and

(b) whether the District Health Committees will be entrusted with the power of selection of sites and for the execution of work?

The Minister of State for Health: (a) The programme for the year 1963-64 has not yet been finalised.

(b) District Health Committees would advise on the selection of sites. The work will be executed by Chief Engineer, Public Health Engineering.

Relief work at Bishnupur in Bankura district

322. (Admitted question No. 659.) **Shri Radhika Dhibar:** ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মহকুমা অফিসে গত পূজার সময় যেসমস্ত বস্ত্র ও জামা ইত্যাদি বিতরণের জন্য দেওয়া হইয়াছিল তাহার পরিমাণ কত;

(খ) উক্ত বস্ত্রাদি বিতরণ করা হইয়াছে কি; এবং

(গ) বস্ত্রগুলি কাহার নির্দেশে এবং কিরূপভাবে বিতরণ করা হইয়াছিল?

The Minister for Relief:

(ক) ৮০খানি বস্ত্র এবং ৪৫টি শিশুদের পোশাক।

(খ) ১০খানি বস্ত্র এবং ৭টি শিশুদের পোশাক ব্যতীত সমুদয় বস্ত্র বিতরণ করা হইয়াছে।

(গ) বিভিন্ন এলাকার সার্কেল অফিসার, বি-ডি-ও প্রভৃতি সরকারী কর্মচারিগণ স্ব স্ব বিবেচনা অনুযায়ী দুঃস্থ ব্যক্তিদের মধ্যে বস্ত্রগুলি বিতরণ করিয়াছেন।

Park at Behala

323. (Admitted question No. 666.) **Shri Rabindra Nath Mukhopadhyay:** সেচবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বেহালা থানার অন্তর্গত পশ্চিম পুটিয়ারী সেচবিভাগের জমির উপর স্থানীয় অধিবাসিগণ স্বর্গত মুখ্যমন্ত্রী শ্রীবিধানচন্দ্র রায়ের নামে একটি পার্ক স্থাপন করিয়াছে;

(খ) উক্ত অঞ্চলে দ্রুত হারে বসতি বৃদ্ধির জন্য উপরি-উক্ত সরকারী জমিটি এতাবৎকাল সাধারণের ভ্রমণ ও শিশুদের খেলাধূলা প্রভৃতি কার্যে ব্যবহৃত হইয়া আসিতেছিল, ইহা সরকার অবগত ছিলেন কি; এবং

(গ) অবগত থাকিলে উক্ত অঞ্চলের অধিবাসীদের পক্ষে অত্যাবশ্যক আলোচ্য জমিটি সাধারণের ব্যবহারের জন্য সরকার ছাড়িয়া দিবার কথা চিন্তা করিবেন কি?

The Minister for Irrigation:

(ক) সরকারের জানা নাই।

(খ) না।

(গ) এই প্রশ্ন উঠে না।

Irrigation of lands in Chandrakona police-station, Midnapore

324. (Admitted question No. 670.) **Shri Indrajit Roy:**
সেচবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কংসাবতী পরিকল্পনা দ্বারা মেদিনীপুর জেলায় চন্দ্রকোনা থানায় কোন্ কোন্ মৌজায় কত পরিমাণ জমি উপকৃত হইবে; এবং

(খ) উক্ত পরিকল্পনা কতদিনে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation:

(ক) শিলাবতী নদীর উত্তরে চন্দ্রকোনা থানায় অবস্থিত প্রায় সকল মৌজায় আনুমানিক ৩০,০০০ একর জমি কংসাবতী পরিকল্পনার দ্বারা উপকৃত হইবে।

(খ) ১৯৬৮-৬৯ সালে।

Relief work at Ghatal subdivision, Midnapore

325. (Admitted question No. 672.) **Shri Indrajit Roy:**
ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

১৯৬২ সালের ডিসেম্বর মাসে মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমায় কতজন দুঃস্থকে গ্র্যাচুইটাস রিলিফ দেওয়া হইয়াছে?

The Minister for Relief:

১৯৬২ সালের ডিসেম্বর মাসে মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমায় ১০,১৬৭ (দশ হাজার এক শত সাতষট্টি) জন দুঃস্থকে খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে।

Cattle Development Scheme in Rangamati Chandpara Union, Murshidabad

326. (Admitted question No. 675.) **Shri Sanat Kumar Raha:**
পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

মুর্শিদাবাদ জেলার রাঙ্গামাটি চাঁদপাড়া ইউনিয়নে পশু সম্পদ উন্নয়নের ও চিকিৎসার কোন ব্যবস্থা সরকারের আছে কি?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

বর্তমানে মুর্শিদাবাদ জেলায় ভাগীরথী নদীর পূর্বাঞ্চলে পশুসম্পদ উন্নয়নের কাজে হাত দেওয়া হইয়াছে এবং কিছুটা অগ্রগতির পর ভাগীরথীর পশ্চিমাঞ্চলে রাঙ্গামাটি চাঁদপাড়া ইউনিয়নে পশু সম্পদ উন্নয়নের ব্যবস্থা করা হইতে পারে।

এই অঞ্চলে পশুচিকিৎসার জন্য একজন ভ্রাম্যমাণ পশুচিকিৎসক আছেন। ইহা ছাড়া এই অঞ্চলের অধিবাসিগণ পশুচিকিৎসার জন্য নিকটবর্তী গোকর্ণ পশু চিকিৎসা প্রাথমিক কেন্দ্রের এবং বহরমপুর শহরে অবস্থিত পশু চিকিৎসালয়ের সুযোগও গ্রহণ করিতে পারেন।

Facility for provident fund contributions for primary teachers in Murshidabad

827. (Admitted question No. 683.) **Shri Sanat Kumar Raha:** শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় স্কুল পরিদর্শক মহাশয়ের আদেশে পঞ্চান্ন বৎসর বয়স্কের ঊর্ধ্বে যেসকল প্রাথমিক শিক্ষক আছেন, তাঁহাদের জন্য প্রভিডেন্ট ফান্ডের ব্যবস্থা হইতেছে না ;

(খ) সত্য হইলে, এরূপ আদেশের কারণ কি ; এবং

(গ) সত্য না হইলে, উক্ত জেলার কতজন পঞ্চান্ন বৎসরের অধিক বয়স্ক প্রাথমিক শিক্ষক বর্তমানে প্রভিডেন্ট ফান্ডের সুযোগ পাইতেছেন ?

The Minister for Education:

(ক) ও (খ) প্রভিডেন্ট ফান্ড সম্পর্কিত বিধি অনুযায়ী উক্ত ফান্ডে প্রথম অন্তর্ভুক্তির সময়ে প্রাথমিক শিক্ষকগণের বয়স ৫৫ বৎসরের অনধিক হওয়া চাই। এবং প্রভিডেন্ট ফান্ডে যোগদান করিলে ৬০ বৎসর বয়স্ক পর্যন্ত উহার সুযোগ পাওয়া যায়। মুর্শিদাবাদ জেলায় উক্ত বিধির ভুল ব্যাখ্যা হইয়া থাকিতে পারে। জেলা স্কুল পরিদর্শককে এ সম্পর্কে যথাযথ নির্দেশ দেওয়া হইতেছে।

(গ) এই প্রশ্ন উঠে না।

Adjournment Motion

Mr. Speaker: I have received one adjournment motion from Shri Som Nath Lahiri on the ground that Shri Sunil Karmakar of Hujurimull Lane, Calcutta, who has been unemployed for several months due to the operation of the Gold Control Order which severely affected business in gold ornaments, is reported to have committed suicide on the 17th March, 1963, having been unable to provide for himself and his family. Consent is refused. Of course, I may inform the honourable member, Shri Lahiri, that I am allowing one Calling Attention Notice that has been given by Shri Nikhil Das.

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: Now, Hon'ble Minister in charge will please reply to the Calling Attention Notice given by Shri Bhakti Bhusan Mandal regarding monetary help to the distressed political sufferers by the Government.

The Hon'ble Prafulla Chandra Sen: With regard to the Calling Attention Notice given by Shri Bhakti Bhusan Mandal regarding monetary help to the distressed political sufferers, I may state that the Government of West Bengal formulated a scheme for financial assistance to those who have suffered in the cause of the country's freedom and are now not in a position to subsist without it from the Government. From the year 1948-49 these political sufferers are being given monetary assistance in the shape of monthly pension, lump grant and T.B. allowance during period of treatment. So far, monthly pension has been sanctioned in 1,347 cases, T.B. allowance at the rate of Rs. 60 per month has been granted to as many as 139 political sufferers during the period of treatment, and the total number of lump grant recipients stands at 709. The total amount so far, to the political sufferers work out to over Rs. 65 lakhs. This excludes the following assistance given to the political sufferers of this State: lump grants paid from the Union Home Minister's discretionary grant, grants and loans sanctioned by the Ministry of Relief and Rehabilitation to the

displaced political sufferers, and educational grants paid by the Education Department for purchase of books etc., for use of the children of the political sufferers.

Mr. Speaker: Hon'ble Minister-in-charge will please make a statement under rule 346 on the subject of investigation into the allegations about the Durgapur Steel Project, made by Shri Nepal Chandra Roy, on the calling attention notice given by Shri Kashi Kanta Maitra, Shri Sudhir Chandra Das and Shri Balai Lal Das Mahapatra.

STATEMENT UNDER RULE 346

The Hon'ble Prafulla Chandra Sen: With reference to the calling attention notice of honourable members Shri Kashi Kanta Maitra, Shri Sudhir Chandra Das and Shri Balai Lal Das Mahapatra, I may state that the statement made by me in reply to the debate on the motion for grant No. 42 on the 9th of March, 1963, may kindly be read by the members as a whole. The detached reading of my speech by singling out certain expressions has possibly caused this confusion. At the very beginning of my speech I emphatically denied all the allegations and stated that the allegations were wholly untrue. I trust the misunderstanding has now been removed.

Shri Sudhir Chandra Das:
আপনারা প্রসিডিংস দেখুন তাতে তিনি বলেছেন আংশিক সত্য। তা আমি বলি যে......

Mr. Speaker: Mr. Das, according to our practice here there cannot be any question or enquiry on the answer given in reply to a calling attention notice. Of course, you can move in other ways, if there are other ways open to you, but on a calling attention there cannot be any debate or discussion.

Now, honourable members, I have received five calling attention notices on the following subjects, namely :

(1) Investigation regarding the goldsmith shops started by the side of Chinese Restaurants—by Shri Sunil Das Gupta.

(2) Death of one Shri Sisir Kumar Mazumdar of Santragachi, Howrah, due to electrocution of house—by Dr. Kanai Lal Bhattacharya.

(3) Negligence of Government for the protection of the earthenware industry in Krishnagar—by Shri Kashi Kanta Maitra.

(4) Injury to the three persons arrested under D. I. Act at Asansol of Burdwan District—by Shri Haridas Chakravarty and Shri Tarun Kumar Sen Gupta.

(5) Suicide of a goldsmith in Calcutta—by Shri Nikhil Das.

I have selected the notice of Shri Nikhil Das regarding suicide of a goldsmith in Calcutta and I request the Hon'ble Minister-in-charge to make a statement today or to give a date on which the statement will be made.

The Hon'ble Prafulla Chandra Sen: The statement will be made day after tomorrow.

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই সুনীল কর্মকার যে আত্মহত্যা করেছে সে সম্পর্কে আমরা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি যে, তিনি আজকে স্টেটমেন্ট দিন। কারণ গতকাল ১১টা—সাড়ে ১১টার সময় তার মৃত্যু ঘটেছে সুতরাং তিনি যথেষ্ট সময় পেয়েছেন এ বিষয়ে বলবার—এ ধরনের একটা ঘটনা এটা একটা মর্মান্তিক ঘটনা আশা করি আজকেই তিনি এর উত্তর দেবেন।

Mr. Speaker: I have selected that calling attention notice.

শ্রীননী ভট্টাচার্য: এটা আমি তাড়াতাড়ি করতে বলছি কারণ......

Mr. Speaker: He will do it as early as possible. Now, we take up voting of demand for Grant No. 19.

শ্রীসুধীরচন্দ্র দাস: অন এ পয়েন্ট অব অর্ডার—আপনি যখন বলেছিলেন সেটার পর আবার বলছেন—তাতে আমি বলি—মাননীয় মন্ত্রিমহাশয় এখন যদি স্টেটমেন্ট করেন, যে স্টেটমেন্ট আমরা সবাই শুনেছি এবং রেকর্ডও হয়েছে যে, তিনি বলেছেন, এটা আংশিক সত্য—কিন্তু এখন আবার বলছেন, এটা হোল আনট্রু অথচ আমরা শুনেছি এ সম্পর্কে কি করে সত্য প্রকাশ করা যেতে পারে—একবার বলছেন আংশিক সত্য, আবার পরে বলছেন হোল আনট্রু।

মিঃ স্পীকার: আমি এখানে সত্য প্রকাশ করা যাবে কি জানি না, তবে এটুকু বলতে পারি যে, কলিং অ্যাটেনশনের উপর কোয়েশ্চেন হয় না।
According to practice, rule and convention this much I can say definitely, but how it can be moved, that is a matter for you, the honourable members, to decide.

Point of privilege

[12-10—12-20 p.m.]

Shri Somnath Lahiri: On a point of privilege, Sir.
মিনিস্টারদের কাছ থেকে সত্য ইনফরমেশন পাওয়া আমাদের এই হাউসের মেম্বারদের একটা অধিকার। এখন মিনিস্টার যদি একদিন বলেন এটা আংশিক সত্য, কিন্তু সম্পূর্ণ সত্য নয়, তা হলে আমাদের ধরতে হবে, যে ইনফরমেশন আমাদের মিনিস্টার দিলেন, তারপর তাঁর সেই স্টেটমেন্ট বদলানোর অধিকার আছে কিনা? এটা আমাদের সদস্যদের অধিকারগত প্রশ্ন।

দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, যদি তিনি বদলান, সেটা তাঁর আগের স্টেটমেন্টএর কারেকশন, না, আগের স্টেটমেন্টএর রেফুটেশন? এটা জানার অধিকার আমাদের আছে। আজকে মন্ত্রী যে একটা সিম্পল স্টেটমেন্ট করলেন, কালকে তার কন্ট্রাডিক্টরি আর একটা স্টেটমেন্ট তিনি করতে পারেন না। আমি এই অধিকারগত প্রশ্ন তুলছি।

Mr. Speaker: Mr. Lahiri, I will look into the matter raised by you and let you know tomorrow or day after.

VOTING ON DEMAND FOR GRANT

Demand for Grant No. 19

Major Head: 28—Education

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 21,24,65,000 be granted for expenditure under Grant No. 19, Major Head: "28—Education".

Sir, it is not without regret that I am going to make a lower demand for grant this time—this demand which is not only substantially less than the revised estimate of 1962-63, but also than the approved budget estimate

for 1962-63. It is not for any fault on the part of the Education Department which could, in implementation of their approved schemes of development, spend more than the estimates that were approved for the year 1962-63, namely, Rs. 21,67,23,000 as against the budget provision for the year 1962-63 of Rs. 21,38,13,000, or in other words Rs. 29 lakhs 10 thousand more, but because of the situation, that is, the emergency that has come to prevail owing to foreign aggression, necessitating as you have learnt from my honourable colleague's the Finance Minister's speech larger provision for the development of the material strength of the country which has come to be considered more urgent and has received war-time priority.

In the post-independence period education received greater and greater attention from the Congress Government and my Department had always made its best efforts not only to utilise the budget provisions but could claim more and more supplementary grants as the revised budget estimates for the years past will show. In fact, high priority attached to Education and liberal financial provision helped the multiplication of primary schools from about 14,000 in 1947-48 to nearly 31,000 in 1961-62. During the period the number of students at the primary stage, including those in the primary classes of the secondary schools, increased from nearly 12 lakhs to over 31 lakhs. Similarly, the number of secondary schools increased from about 1,900 in 1947-48 to more than 4,500 in 1961-62 and the number of students at the secondary stage increased from about 3½ lakhs to more than 8 lakhs over this period. Not only in the matter of school education but also in college and university education, where there were only 55 colleges in West Bengal in 1947-48 with an enrolment of little over 36,000, the number of colleges in 1961-62 rose to 133 with an enrolment of more than 1 lakh.

The result is that so far as the college and University education is concerned, the percentage of enrolment with reference to population came to be the largest in West Bengal. During the post-independence period six new Universities have also come to be established in West Bengal of which one is a centrally administered University. All these developments were possible because education among departments other than the revenue earning departments came to be provided with the largest percentage of expenditure as you will see from the statement about the destiny of West Bengal State Rupee submitted by the Finance Department. Now that there is going to be a sudden setback in the financial provision for this social service department and it has to suffer the heaviest cut we have to reduce the proposed expenditure for expansion and development on almost every head and sub-head of developmental expenditure.

I would thank my honourable colleague, the Finance Minister, for very kindly holding out the promise to provide at least one crore more for expenditure under the head "Education". But even if it may be possible to increase our financial provision by that amount, that will not go to restore even half of the cut that has been made in our development budget. Already educational development in this State under the Third Five-Year Plan has to be slowed down because an additional sum of not less than 7 crores has to be found by reappropriation from other heads to meet the extra expenditure on one particular head. You have seen from the Finance Minister's statement that for "Improvement of the conditions of service of the school teachers" Education Department has to undertake an expenditure of 10 crores instead of 3 crores as originally provided in the Third Plan outlay of 36 crores approved by the Planning Commission. That obligation we shall have to discharge even during the rest of the Plan period and our liability will increase, I understand, by about 3 crores more on that account.

in the circumstances reduction of 2 crores and 26 thousand will compel us to cry halt to almost all major programmes of expansion under different heads and sub-heads of Education excepting those for "Promotion of Physical Education and N.C.C. Training" which are so much required in the present circumstances.

Honourable members will be inclined to know how we propose to utilise the attenuated financial provisions that have been and may be made for expansion and development of education in the coming year. In the matter of education of the masses which in our view should be our first concern in a socialist economy we shall try our utmost to promote primary education on a larger scale so that within the Third Plan period the remaining inhabited rural area of about 11,500 square miles which has an estimated child population of a little over 12 lakhs may be brought under the scheme of universal and compulsory primary education. We do not expect any difficulty so far as the rural part of our State is concerned but special efforts will have to be made to bring the urban area included in the 88 municipalities of the State together with the Calcutta Corporation. If we can persuade these local authorities to prepare necessary schemes and co-operate with us, it will not be difficult through united efforts to bring the entire State under the scheme. Otherwise the State Government may have to adopt necessary legislative measures to levy education cess or tax as suggested by the Centre to give effect to our programme.

[12-20—12-30 p.m.]

For the removal of adult illiteracy apart from the present arrangements, a new scheme for the establishment of 5,000 pathsalas in course of five years has been framed and as the first step five hundred pathsalas will be set up next year.

The scheme of upgrading secondary schools that fulfil the approved conditions we propose to continue on the terms on which 171 Class X schools have been upgraded with Humanities Course and 213 with Science and other courses this year. Even if the unfortunate emergency period continues, having regard to the better results achieved by the Class XI schools in their Higher Secondary Examination, we cannot consider that the scheme should be discontinued.

The Three-Year Degree Course having been adopted by the Calcutta University on the terms laid down by the U.G.C. the State Government had to accept additional financial burden for the development of college education in this State where there are 135 colleges at present and more colleges are required to meet the situation that has arisen owing to the enforcement of the U.G.C. direction to bring down the enrolment of the big colleges to 1,500 to 2,000 only. As a result of the U.G.C. decision 13 new colleges have come to be established in and around Calcutta and three more colleges are going to be established within and outside the city which are expected to function from the next academic session. If more funds be available one or two more colleges may have to be established to facilitate reduction of students in the big colleges.

So far as technical education is concerned we proposed to start three new politechnics next year including the one for women in Calcutta. It is also proposed to start four junior technical schools in the coming year.

I would like to say a few words about the programmes which are uppermost in our mind in the present crisis—I mean the programme for the expansion of facilities for Physical Education and that regarding the

expansion and development of N.C.C. During 1962-63 the normal activities for imparting Physical Education at the school, college and community levels were being carried on. Construction of four stadia sanctioned during the Second Plan period has been nearly completed. The construction of a fifth stadium at Belghoria is in progress and that of the sixth at Kalimpong will be undertaken during the next year. National Physical Efficiency Drive was conducted throughout the country. Four Coaches' Training Camps were organised and arrangements have been made for expansion of the Post-Graduate Physical Training College at Banipur. To meet the demands of the national emergency arrangements have also been made for the introduction of Physical Education along with the expansion of N.C..C. and A.C.C. in the educational institutions.

The organisation of the N.C.C. first started here in West Bengal in 1948. But where there were only 6 units there are now 52 units functioning in the State of West Bengal and the number of cadets was 34,000 in November, 1962.

On account of the present emergency the Government of India in the Ministry of Defence have fixed the number of cadets for this State in the N.C.C. Rifle groups including the Senior Division to be one lakh and the N.C.C. Rifle groups have been reorganised to N.C.C. Rifle Battalions, their total number being 34. Enrolment of new cadets to the extent of 66,000 is proceeding satisfactorily and will be completed by July, 1963. In the present national emergency a regional training centre is going to be opened in West Bengal in connection with the National Discipline Scheme and in response to a request from the Centre we have allotted the Habra Boys' Home for the training of 500 in service P.T.I's.

Sir, on the top of all this, I may inform the House that we have in mind to set up a second Sainik School in the northern region. At Kalimpong an area of 300 acres was allotted for this purpose. It is, however, going to be taken over by the Defence Department, Government of India. We have to choose and select another place for the Second Sainik School and I have in mind to set it up as early as possible.

With these words, Sir, I move the demand and I hope, honourable members, will be pleased to extend their sympathy and support to the demand placed before them.

Mr. Speaker: Honourable members, cut motions Nos. 13, 33, 36, 39, items (3) and (4), 75, 76 items (4), (5), (6), (8), (9) and (10), 77, 104 and 108 are out of order. The rest are in order and taken as moved.

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced to Re. 1.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced to Re. 1.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced to Re. 1.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced to Re. 1.

Shri Birendra Narayan Ray: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced to Re. 1.

Shri Kandru Majhi: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced to Re. 1.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced to Re. 1.

Shri Dulal Chandra Mondal: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Tarun Kumar Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Sunil Das Gupta: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Aswini Roy: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head. "28—Education" be reduced by Rs. 100.

Shri Mangla Kisku: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Anadi Das: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Dr. Narayan Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Lakshmi Ranjan Josse: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Girija Bhusan Mukherjee: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri A. H. Besterwitch: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Shambhu Gopal Das: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Nagen Dolai: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Abdul Bari Moktar: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Birendra Narayan Ray: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Basu: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Radhika Dhibar: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Dharanidhar Sarkar: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Gopal Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Roy Prodhan: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Mahananda Haldar: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Haridas Chakravarty: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri:

মিঃ স্পীকার, স্যার, আদি যুগে নিষ্ঠুর ভগবান আদি মানুষকে জ্ঞানার্জনের অপরাধে নির্বাসন দিয়েছিলেন, আর আমাদের এই যুগে নিষ্ঠুর অর্থমন্ত্রী আমাদের এই রাজ্যের জ্ঞানার্জনের প্রচেষ্টাকে দুই কোটি ২৬ লক্ষ টাকা জরিমানা করেছেন। যদি আমাদের প্রধান মন্ত্রীর সমাবর্তন উপলক্ষে যে বক্তৃতা তার কোন মর্যাদা দিতে হয় তাহলে আশা করি অর্থমন্ত্রী ওই জরিমানার টাকা মাপ করে দেবেন এবং আরও অধিক পরিমাণে অর্থ বরাদ্দ করবেন। শিক্ষার প্রকৃতি এবং পরিমাণ কোন কল্পনাশ্রয়ী আজগুবি ব্যাপার নয়। দ্রুত শিল্পায়নের পর আমাদের দেশে শিক্ষা ব্যবস্থার প্রকৃতি এবং গতির দিক নির্ণয় করতে হবে। কেন্দ্রীয় সরকার শিক্ষানীতি এইভাবে ব্যাখ্যা করেছেন—

Education is the most single factor in achieving rapid economic development and technological progress.

এইভাবে ব্যাখ্যা করেছেন। এখন যখন র‍্যাপিড ইকোনমিক ডেভেলপমেন্ট এবং টেকনিক্যাল প্রগ্রেস এর পক্ষে সব থেকে ইমপরট্যান্ট সিঙ্গল ফ্যাক্টর হচ্ছে শিক্ষা তখন শিক্ষার সঙ্গে আর প্রতিরক্ষার প্রয়োজনের সঙ্গে কোন পার্থক্য করা উচিত নয়—প্রতিরক্ষার প্রয়োজন আর শিক্ষার প্রয়োজন দুটিকে নিয়েই আমাদের এগুতে হবে। এই কথা বলে আমি অর্থমন্ত্রীকে আরও অনুরোধ জানাব যে শিক্ষাক্ষেত্রে যে ঘাটতি হয় চাহিদা সেখানে যা থাকবে তা যেন তিনি পূরণ করেন। শিক্ষাক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের যে নীতি তাতে একটা ব্যাপারে এমফ্যাসিস দেওয়া হয়েছে। প্রথমতঃ ৬ থেকে ১১ বছর এজ গ্রুপ-এর [illegible] স্কুলিংএর জন্য জোর দেওয়া হয়েছে। দ্বিতীয়তঃ জোর দেওয়া হয়েছে যে মাধ্যমিক এবং ইউনিভার্সিটি পর্যায়ে বিজ্ঞান শিক্ষা এবং প্রসারের উপর জোর দেওয়া হয়েছে। তৃতীয়তঃ সর্বস্তরে শিক্ষা ব্যবস্থায় কারিগরি শিক্ষার প্রসার এই ক'টি জিনিসের উপর জোর দেওয়া হয়েছে এবং এই ক'টি জিনিসের

উপর লক্ষ্য রেখে আমি আমার বক্তব্য বলব। আর একটি জিনিসের উপর জোর দেওয়া হয়েছে—শিক্ষানীতির মধ্যে সেটা হচ্ছে ন্যাশন্যাল ইন্টিগ্রেশন। প্রথমতঃ ন্যাশন্যাল ইন্টিগ্রেশন দিয়ে আমি আমি আমার বক্তব্য শুরু করছি। আপনাদের বাজেটে অ্যাংগলো-ইন্ডিয়ান সাবসিডি ৭ লক্ষ ৯৬ হাজার টাকা ধার্য করা হয়েছে, ব্যাকওয়ার্ড ক্লাস-এর জন্য ১১ লক্ষ ২৪ হাজার টাকা ধরা হয়েছে।

[12-30—12-40 p.m.]

কিন্তু অ্যাংলো-ইন্ডিয়ান এডুকেশনকে জাতীয় শিক্ষা ব্যবস্থা থেকে বিচ্ছিন্ন এক্সক্লুসিভ করে রেখে তাকে সাবসিডাইসড করার আমি বিপক্ষে। কেন না ন্যাশনাল ইন্টিগ্রিটির পক্ষে সেটা খাপ খায় না। দ্বিতীয়তঃ ব্যাকওয়ার্ড ক্লাস বলতে ঐ সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইব মনে করা হয়, কিন্তু পশ্চিমবংগের ক্ষেত্রে আমাদের মনে হয় মুসলমান সম্প্রদায়কেও ধরা উচিত এবং এই ব্যাকওয়ার্ড ক্লাসগুলি শিক্ষার দিক থেকে অনুন্নত। এবং এই তিনটি ক্ষেত্রেই উপযুক্ত সাবসিডি দেওয়া দরকার। এবং সেদিক থেকে এই যে ১১ লক্ষ ২৪ হাজার টাকা ধার্য করা হয়েছে সেটা অত্যন্ত কম। আমি একটা সাংখ্যাতিক তথ্য আপনাদের কাছে রাখতে চাচ্ছি, সেটা হচ্ছে অল ইন্ডিয়া এডুকেশন সার্ভে ১৯৫৭ সাল থেকে ১৯৫৯ সাল নিয়ে একটা তথ্য তারা অনুসন্ধান করে বের করেছেন যে ভারতবর্ষের গ্রামাঞ্চলে শতকরা ২৯ ভাগ এরিয়ার এবং শতকরা ১৭ ভাগ জনসংখ্যার স্কুলে যাবার কোন সুযোগ নাই। এই জনসংখ্যা নিশ্চয়ই ব্যাকওয়ার্ড ক্লাশের জনসংখ্যা। এবং তার সংগে যদি আমাদের এই রাজ্যের সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইব এবং শিক্ষার ক্ষেত্রে অনুন্নত মুসলমান সম্প্রদায়কে ধরা হয় তা হলে জনসংখ্যা প্রায় এক কোটির কাছাকাছি হবে। এবং এই এক কোটি জনসংখ্যার জন্য এগারো লক্ষ টাকা বরাদ্দ করা অর্থাৎ একজনের পিছনে বছরে এগারো নয়া পয়সা যথেষ্ট নয় বলেই আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যাতে এই বরাদ্দ তিনি উপযুক্ত পরিমাণে বাড়ান। তারপর প্রাথমিক শিক্ষা সম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে যেকথা প্রথমে বলতে হয় সেটা হচ্ছে ৬ থেকে ১১ এজ গ্রুপ বালকবালিকাদের শিক্ষা—যাদের শিক্ষা সম্পর্কে কেন্দ্রীয় শিক্ষানীতির মধ্যে বলা হয়েছে যে, মানি ইজ নো কনসিডারেশন। অর্থাৎ টাকার কোন পরোয়া নাই। অথচ আমরা দেখছি যে, ১৯৬০-৬১ সালে মাত্র সর্বভারতীয় ক্ষেত্রে শতকরা ৬১ ভাগ ঐ বয়ঃক্রমের বালকবালিকারা স্কুলে ভর্তি হতে পেরেছিল, আর আমাদের পশ্চিমবঙ্গে ঐ ১৯৬০-৬১ সালে যারা ভর্তি হতে পেরেছিল তাদের শতকরা জনসংখ্যার ৬৫·৬ শতাংশ তারা স্কুলে ভর্তি হতে পেরেছিল। এখন এই দিয়ে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় অতীত দিনে কিছুটা আড়ম্বর করে কখন কখন বলেছেন ৬ থেকে ১১ বয়ঃক্রম বালকবালিকাদের প্রাথমিক শিক্ষাগুলি প্রায় তিনি সেরে এনেছেন, মানে সার্বজনীন শিক্ষার ব্যবস্থা করে এনেছেন। সেটা হচ্ছে অল ইন্ডিয়া ফিগার থেকে মাত্র একটু উঁচুতে। এবং আমাদের পশ্চিমবঙ্গে যেখানে শিক্ষার গর্ব একমাত্র গর্ব ছিল সেখানে এই প্রাথমিক শিক্ষাক্ষেত্রে কেরালা, দিল্লী, মহারাষ্ট্র এবং গুজরাট থেকে আমরা পিছিয়ে আছি। এবং বাজেট যদি আমরা দেখি তা হলে দেখতে পাব অবহেলাও যথেষ্ট রয়েছে। এখন দেখছি গভর্নমেন্ট প্রাইমারি স্কুল বলে একটা খাতে খরচের বরাদ্দ আগে থাকত প্রায় ৪ লক্ষ টাকার মত কিন্তু এবারে কিছুই নেই, উঠিয়ে দিয়েছেন। তা ছাড়া সমস্ত এলিমেন্টারি এডুকেশনকে রিওরিয়েন্ট করা হবে এই কথা হয়েছিল, সেক্ষেত্রে দেখা যাচ্ছে, বেসিক এডুকেশনের ক্ষেত্রে গত বছর ৩৫ লক্ষ টাকা বরাদ্দ ছিল কিন্তু এবারে কমিয়ে ২ লক্ষ ৭০ হাজার করা হয়েছে। তারপর প্রাথমিক শিক্ষাকে সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল বায়াস দেওয়া হবে এইরকম একটা পরিকল্পনা ছিল, গত বছর তার জন্য ২ লক্ষ টাকা বরাদ্দ ছিল, কিন্তু এবারে সেটা কমিয়ে মাত্র ২৫ হাজার টাকা করা হয়েছে। আর ফ্রি কম্পালসারি প্রাইমারি এডুকেশনের জন্য গত বছর বাজেটে বরাদ্দ ছিল ১ কোটি ২২ লক্ষ টাকা কিন্তু এবারে সেটা কমিয়ে ৯৭ লক্ষ টাকা ধরা হয়েছে।

এটা নিশ্চয়ই নমুনা নয় যে, আমাদের প্রাথমিক শিক্ষাকে আমরা বাড়িয়ে ফেলব। প্রাথমিক শিক্ষা যেভাবে চলছে, মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন যে আমাদের কনস্টিটিউশনএর ৪৫নং ধারায় আছে, কনস্টিটিউশন শুরু হবার দশ বৎসরের মধ্যে ৬-১১ বৎসর সমস্ত বালকবালিকাকে অবৈতনিক বাধ্যতামূলক শিক্ষা দিতে হবে। সেই শিক্ষার পরিমাণ কিভাবে বাড়ছে তাও দেখুন,

৬৯ জন পাবে বলে আশা করছেন। এভাবে চলতে থাকলে, যদি পারপাসফুল কোন ডাইরেকশনএর ভিতর না নিয়ে আসা যায়, তা হলে ২২০০ খ্রীস্টাব্দে ইউনিভর্সাল এডুকেশন হবে ৬—১৪ এই এজ গ্রুপের মধ্যে। আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব—তিনি অবশ্য খুব প্রবীণ ব্যক্তি, আশা করি তিনি তেতে উঠবেন না ও গরম হবেন না—তিনি এই প্রাথমিক শিক্ষাকে অন্তত ইন্টার-স্টেট কম্পিটিশনএর বিষয় করে তুলুন এবং তাতে বাংলাকে প্রথম করে দিন, কেরালা, দিল্লি এরকম ৫।৬টা প্রদেশের বাইরে বাংলাকে প্রথম হবার মত করে একটা ব্যবস্থা করুন। তারপর, আমি যেকথা বলতে চাচ্ছি, এই যুগে আমাদের ভয়ানক দরকার এবং আগামী দিনে ১০।১৫ বৎসরে সমস্ত ভারতবর্ষের চেহারার একটা পরিবর্তন হয়ে যাবে—সেটা হচ্ছে, আমরা শিল্প-ক্ষেত্রে পিছিয়ে যাচ্ছি এবং কারিগরি ও ইঞ্জিনীয়ারিং শিক্ষাক্ষেত্রে আমরা আস্তে আস্তে কিভাবে পিছিয়ে যাচ্ছি সেটা আমি দেখাবার চেষ্টা করছি—সর্বভারতীয় ক্ষেত্রে যা ট্রেন্ড পারসোনেল দরকার তৃতীয় পরিকল্পনায় তা হল ১ লক্ষ ৫৮ হাজার ট্রেন্ড ইঞ্জিনীয়ার দরকার, ৮ লক্ষ ১০ হাজার স্কীল্ড ওয়ার্কার ইঞ্জিনীয়ারিং ট্রেডএ, ৬ লক্ষ ৬০ হাজার নন-ইঞ্জিনীয়ারিং ট্রেডএ। এজন্য সমস্ত ভারতবর্ষে ইঞ্জিনীয়ারিং কলেজ থেকে ১৯৫৯-৬১ সালে ছাত্রসংখ্যা সাকসেসফুল হয়ে বেরিয়ে আসবে মাত্র ১৩ হাজার ৮৫১ যেখানে প্রকৃতপক্ষে দরকার দেড় লক্ষ। আমরা লক্ষ্য করছি তৃতীয় পরিকল্পনায় ৫০ হাজারের কম ট্রেন্ড ইঞ্জিনীয়ার প্রতি বছর বেরিয়ে আসছে। ট্রেন্ড ইঞ্জিনীয়ারের অভাবে শিল্পের প্রসার ব্যাহত ও ক্ষতিগ্রস্ত হতে বাধ্য এবং polytechnic industrial training institute.

থেকে যে স্কীল্ড ওয়ার্কার বেরিয়ে আসছে সেটা আমাদের প্রয়োজনের তুলনায় এক-তৃতীয়াংশ, এক-চতুর্থাংশ, এক-পঞ্চমাংশ এই রকম। আমাদের পশ্চিমবঙ্গ ১৯৬০-৬১ সালে ইঞ্জিনীয়ারিং ছাত্র ভর্তির সংখ্যার দিক থেকে অল্প একটু লিডিং, কিন্তু ইঞ্জিনীয়ারিং কলেজী শিক্ষায় এখন আর লিডিং নেই, ১৯৬৫-৬৬ সালে ছাত্রভর্তির দিক থেকেও পশ্চিমবঙ্গের লিডিং স্থান থাকবে না, মাদ্রাজ, মহারাষ্ট্র প্রভৃতি রাজ্যে তাঁরা যেসমস্ত কলেজের ব্যবস্থা করেছেন তাতে তাঁরা আমাদের থেকে অনেক এগিয়ে যাচ্ছেন। পলিটেকনিকএ ইতিমধ্যেই ১৯৬০ সালেই মাদ্রাজ ও মহীশূর আমাদের পেরিয়ে গিয়েছে, ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউটএর দিক থেকে ইউ-পি, বিহার, মহীশূর আমাদের ছাড়িয়ে গিয়েছে। এদিক থেকে বাজেট অ্যালটমেন্ট খুব রিভিলিং। প্রাইমারি স্টেজএ একটা টেকনিক্যাল এবং সায়েন্টিফিক বায়াস এডুকেশনএর ভিতর আনা দরকার, এই বাজেটে কিন্তু উল্টো জিনিসটা আছে। টেকনিক্যাল এবং ইঞ্জিনীয়ারিং এডুকেশনএ কেন্দ্রীয় সরকারের পলিসির কিরকম প্রতিফলন হচ্ছে দেখুন, centrally-sponsord college scheme-এ সেখানে ব্যয়বরাদ্দ বেড়েছে ১৯৬৩-৬৪ সালে ১৮ লক্ষ ৪৫ হাজার, কিন্তু আমাদের তৃতীয় পরিকল্পনার মধ্যে টেকনিক্যাল এবং ইঞ্জিনীয়ারিংএ ১৯৬২-৬৩ সালে ছিল ৮৮ লক্ষ ৩৫ হাজার টাকা, সেটা কমিয়ে, কোথায় বাড়াবেন, ১৯৬৩-৬৪ সালে ৪৮ লক্ষ ২৫ হাজার টাকা হয়েছে, ৪০ লক্ষ টাকা কমানো হয়েছে। পশ্চিমবঙ্গের শিক্ষাব্যবস্থার মধ্যে এই অ্যান্টি-টেকনিক্যাল ও অ্যান্টি-ইঞ্জিনীয়ারিং বায়াসএর বিরুদ্ধে আমি প্রতিবাদ জানাচ্ছি।

[12-40—12-50 p.m.]

ইতিপূর্বে শিল্প সম্পর্কে আলোচনায় আমরা দেখিয়েছি, পশ্চিমবাংলা শিল্পের অগ্রণীর পজিশন থেকে আস্তে আস্তে রিসিড করছে। ইঞ্জিনীয়ারিং এবং টেকনিক্যাল শিক্ষার ক্ষেত্রে এই জিনিসটা আমরা দেখতে পাচ্ছি। বাজেটের ভেতর শিক্ষা বাজেট যেটা প্রণয়ন করেছেন তাতে চেতনা ও উপলব্ধির মধ্যে আগামী দিনে পশ্চিমবাংলার কৃষির ক্ষেত্রে যে অসুবিধা আছে, জমির উপর যথেষ্ট চাপ আছে, শিল্পের প্রসার করে যেখানে অর্থনৈতিক উন্নতি করতে হবে সেখানে শিল্পের শিক্ষার ক্ষেত্রে এইরকমভাবে বাজেট বরাদ্দ অত্যন্ত হতাশাব্যঞ্জক এবং হাউসের এদিক ওদিক দুদিক থেকেই এ সম্পর্কে প্রতিবাদ হওয়া উচিত। এখন এডুকেশন ও বিশেষ করে মাধ্যমিক শিক্ষার মধ্যে টেকনিক্যাল এবং সায়েন্টিফিক বায়াস আনার দরকার এবং তার জন্য কিছু কিছু ইনার ইনস্টিটিউশন পরিবর্তন করা দরকার। পাঠ্য এবং যন্ত্রপাতি শিক্ষাব্যবস্থার ক্ষেত্রে এখানে হয়ত কারিগরি শিক্ষাব্যবস্থা আছে। এগুলি একটা বুড়ি ছোঁয়ার মত। সেখানে একটা রীতিমত ব্যবস্থা করা দরকার। গরিব কেরানী, শ্রমিক তার ছেলেদের অষ্টম শ্রেণী পর্যন্ত

পড়িয়ে ছাড়িয়ে নেয়। অষ্টম শ্রেণীর পাঠ সমাপ্ত হলে যাতে তারা ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং স্কুলএ ভর্তি হতে পারে তার জন্য ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউটএর সংখ্যা বাড়ানো দরকার। বিভিন্ন শিল্প এলাকায় একটা করে ইঞ্জিনীয়ারিং এবং পলিটেকনিক রাখা দরকার যাতে অষ্টম শ্রেণী হলে এইসব ছেলেরা সেখানে ভর্তি হতে পারে এবং ম্যাট্রিক হলে একটা বড় ঢাক পলিটেকনিক ইনস্টিটিউটএ যেতে পারে। যেমন ব্যারাকপুরের মত সাবডিভিসনএ তিনটা কেন্দ্র হওয়া উচিত। হুগলি জেলায় তিনটা কেন্দ্র হওয়া উচিত। এইরকম বিভিন্ন শিল্প এলাকায় পলিটেকনিক এবং ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউটএর সংখ্যা বাড়ানো দরকার। দ্বিতীয়ত, প্রাইমারি এবং সেকেন্ডারি পর্যায়ে ছাত্রদের দুপুরে ফ্রি মিলএর সাজেসশন দিচ্ছি এবং এর সঙ্গে ফিজিক্যাল এডুকেশনএর কথা বলছি। অর্থমন্ত্রী মহাশয় সমস্ত কলেজের ছাত্রদের এন সি সি-তে নেবার কথা বলেছেন। কিন্তু তার জন্য প্রস্তুতি হিসাবে এবং সুস্থ ও বলিষ্ঠ জাতির ফিজিক্যাল এডুকেশন নমঃ নমঃ ভাবে না করে রীতিমত করার কথা বলছি। তারপর মেয়েদের শিক্ষার ব্যাপারে যে ফারাক আছে সেটা দূর করার কথা বলা হয়েছে। স্ত্রীশিক্ষা প্রাথমিক স্তরে ২ : ১ এবং মাধ্যমিক স্তরে ৩ : ১ এবং ইউনিভার্সিটি স্তরে ৫ : ১ এবং ছাত্রীদের বিশেষ করে অধিক সংখ্যায় স্টাইপেন্ড দেওয়া দরকার। মহিলা কলেজের সংখ্যা বাড়ানো দরকার এবং যেখানে বেসরকারী উদ্যোগ আছে সেখানে কলেজ করা খুব দরকার। শ্রীরামপুরের মতন জায়গায় যেখানে বেসরকারী মহিলা কলেজ করবার চেষ্টা চলছে সেখানে সরকারী সাহায্য দেবার প্রয়োজন আছে বলে আমি মনে করি। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে অ্যাডমিনিস্ট্রেশন একটা নৈরাশ্যবাদ সৃষ্টি করে। সেজন্য গোটা দায়িত্ব একটা সিঙ্গল অ্যাডমিনিস্ট্রেশনএর হাতে নিয়ে ৬ থেকে ১১ বৎসর পর্যন্ত বালকবালিকাদের শীঘ্রই অবৈতনিক শিক্ষাব্যবস্থা প্রবর্তন করা দরকার এটা আর পিছিয়ে রাখা যায় না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, জাতীয় জরুরি অবস্থার পরিপ্রেক্ষিতে দেশের স্বাধীনতা এবং গণতন্ত্র রক্ষা করার জন্য আমাদের যতগুলো হাতিয়ারের প্রয়োজন তার মধ্যে মনে করি সবচেয়ে বেশি শক্তিশালী হাতিয়ার হচ্ছে শিক্ষা। অন্য হাতিয়ার দেশে উৎপাদন করতে পারি, বিদেশ থেকে আমদানি করতে পারি, কিন্তু এই শিক্ষাকে আমরা বিভিন্ন দিক থেকে আমদানি করতে পারি না। জাতি তার নিজস্ব ভঙ্গিতে, নিজস্ব সংস্কৃতিতে এবং সভ্যতার মধ্য দিয়ে শিক্ষাকে গড়ে তোলে। আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, যেখানের শিক্ষার উপর সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া উচিত সেখানে আমাদের সরকার সেদিকে একেবারে অবহেলা দেখিয়েছেন। আমাদের দেশে ১৯৫০-৫১ সালে যেখানে শিক্ষার জন্য জাতীয় আয়ের শতকরা ১ ভাগ খরচ হত, ১৯৬৫-৬৬ সালে সেই অংশ নিয়ে দাঁড়াবে ২.৬ ভাগ।

অপর দিকে আমরা দেখি আমেরিকা ও ইংল্যান্ডএ সেখানে জাতীয় আয়ের শতকরা ৪ ভাগ শিক্ষার জন্য খরচ করা হয়। জাপানএ ৬ ভাগ খরচ করা হয়, সোভিয়েট রাশিয়ায় শতকরা ৮ ভাগ শিক্ষার জন্য খরচ করা হয়। আজকে আমাদের সামনে শিক্ষার জন্য যে ব্যয়বরাদ্দ উপস্থিত করা হয়েছে তার মধ্যে আমরা দেখছি যেখানে এই জরুরী অবস্থায় শিক্ষাকে আরও সুঠামরূপে গড়ে তোলা প্রয়োজন, যেখানে সর্বক্ষেত্রে শিক্ষার প্রসার করা প্রয়োজন, সেখানে শিক্ষা খাতে ব্যয়বরাদ্দ কমানো হচ্ছে। গত বছর রিভাইজড বাজেটএ সেখানে আমরা দেখেছিলাম যে, আমাদের শিক্ষার খাতে ছিল ৮.২৩ কোটি টাকা আজকে সেখানে করা হয়েছে ৫.৭১ কোটি টাকা, অর্থাৎ সর্বসাকুল্যে ২ কোটি ৫৬ লক্ষ টাকা পশ্চিম বাংলার শিক্ষার খাতে কমানো হয়েছে। আশা করেছিলাম যে, শিক্ষার দিকে অধিকতর দৃষ্টি দিয়ে, এ সম্পর্কে তাঁরা চিন্তা করবেন এবং বাজেটে সেভাবে বরাদ্দ করবেন। আমাদের গোটা দেশের সাধারণ শিক্ষার অবস্থা কি তা যদি আমরা তাকিয়ে দেখি তা হলে আমরা দেখব যে, তারা তো বিগত ১৬ বৎসর ধরে সমস্ত দেশে শিক্ষার জন্য ও'রা প্রচুর টাকা খরচ করেছেন, কিন্তু এগোতে কতটুকু পেরেছি? আমাদের পশ্চিম বাংলার কথা বলছি, যে সাধারণ স্তরের মানুষের মাঝে শিক্ষার আলো-কে কতটুকু পৌঁছে দিতে পেরেছি। কবি রবীন্দ্রনাথের একটা কথা মনে পড়ে। রবীন্দ্রনাথ তাঁর শিক্ষা সম্বন্ধীয় প্রবন্ধে এক জায়গায় বলেছিলেন যে, আমাদের দেশের শিক্ষাব্যবস্থা হচ্ছে একটা ট্রেনএর মত, "অন্ধকারের বুক দিয়ে ট্রেন চলেছে এবং সেই ট্রেনএর একটা কামরার

মধ্যে কয়েকজন মানুষ বসে আছে, তারা সেই আলোকজ্জ্বল কামরার মধ্যে নিজেদের কেবল চেনে, বাইরের সে অন্ধকারের মধ্যে তাদের কিছু পরিচয় নেই।” আমাদের শিক্ষাব্যবস্থা যেন ঠিক তেমনি ধরনের ও সেভাবে হচ্ছে। আমরা শিক্ষার জন্য বড় বড় ইমারত তৈরি করছি, শিক্ষার জন্য পরিকল্পনা করছি, শিক্ষার জন্য বহু স্কুল-কলেজ তৈরি করছি, আমাদের কাছে সংখ্যা দেওয়া হচ্ছে, পরিসংখ্যান দেওয়া হচ্ছে, কিন্তু শিক্ষাকে কোথায় নিয়ে যেতে পেরেছি? আমি আপনাদের কাছে দেখাচ্ছি যে, পশ্চিম বাংলা এই সাধারণ শিক্ষাপ্রসারের ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে সবচেয়ে নিচে পড়ে আছে যেখানে ছিলাম ১৯৫১ সালে। ১৯৫১ সালে, আমাদের দেশে শতকরা ২৪ জন লিটারেট ছিল, অর্থাৎ অক্ষর পরিচয় যাদের ছিল তাদের কথা। আজ ১৯৬১ সালে তার সংখ্যা হয়ে দাঁড়িয়েছে ২৯·৩ অর্থাৎ ১০ বছরে ১৯৫১ থেকে ১৯৬১ সালে এই দশ বছরে আমরা সাধারণ শিক্ষা বিস্তারের ক্ষেত্রে এগিয়েছি ৫·৩ ভাগ। আবার দেখুন ভারতবর্ষের অন্যান্য রাজ্যে—মাদ্রাজ শতকরা ১১ ভাগ, মহারাষ্ট্র ৯ ভাগ, আসাম ৯ ভাগ, পাঞ্জাব ৯ ভাগ, অন্ধ্র ৮ ভাগ, গুজরাট ৭ ভাগ, মধ্যপ্রদেশ ৭ ভাগ, উত্তরপ্রদেশ ৭ ভাগ, বিহার ৬ ভাগ, কেরলা ৬ ভাগ, মহীশূর ৬ ভাগ, উড়িষ্যা ৬ ভাগ, রাজস্থান ৬ ভাগ, পশ্চিম বাংলা ৫·৩, সাধারণ লিটারেসির ক্ষেত্রে সাধারণ মানুষের কাছে শিক্ষা পৌঁছানোর ক্ষেত্রে পশ্চিম বাংলা সবচেয়ে পিছনে পড়ে আছে। এদিকে আমাদের যতটুকু দৃষ্টি দেওয়া প্রয়োজন তা দিতে পারি নি। আরও ডিপ্রেবেল, আরও হতাশাব্যঞ্জক অবস্থা হচ্ছে আমাদের দেশের স্ত্রীশিক্ষার ক্ষেত্রে। যখন ইংরাজ আমাদের দেশে ছিল তখন নানারকম সামাজিক প্রতিক্রিয়াশীল শক্তি ছিল, নানা-রকম বাধানিষেধ ছিল এবং যার জন্য স্ত্রীশিক্ষার প্রসার লাভ হতে পারে নি। কিন্তু ধীরে ধীরে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে যখন স্ত্রীশিক্ষা প্রসারলাভ করেছে তখন আমরা আশা করেছিলাম পশ্চিম বাংলাকেও স্ত্রীশিক্ষার ব্যাপারে এভাবে পৌঁছে দিতে পারব সাধারণ মহিলাদের কাছে। কিন্তু সেদিকে আমরা কি দেখেছি? সেদিকে আমরা অনেক পিছনে পড়ে আছি, কিন্তু সেদিকে আমরা কি দেখছি? দেখছি আমাদের পজিশন দেখছি ১৯৫১ সালে এবং ১৯৬১ সালকে যদি তুলনামূলক হিসাব করে দেখি দেখব যে, সেখানেতে মাদ্রাজ হতে ৮·২ ভাগ স্ত্রীশিক্ষা প্রসার লাভ করেছে।

[12-50—1 p.m.]

আসামে ৮·১ ভাগ, কেরালায় ৭·৪ ভাগ, মহারাষ্ট্রে ৭·১ ভাগ, গুজরাটে ৫·৬ ভাগ, পাঞ্জাবে ৫·৬ ভাগ, অন্ধ্রে ৫·৫ ভাগ, মহীশূরে ৫ ভাগ এবং পশ্চিমবঙ্গে ৪·৮ ভাগ। পশ্চিম-বাংলায় ১৯৫১ সালে যেখানে আমাদের মহিলা শিক্ষার হার ছিল ১২·২ সেখানে ১৯৬১ সালে হয়েছে ১৭ ভাগ—অর্থাৎ শুধুমাত্র আমরা এগোতে পেরেছি। আজকে আমাদের চিন্তা করা দরকার যেখানে আমরা মনে করি যে, পশ্চিম বাংলায় তার পুরানো সংস্কৃতি পুরানো ঐতিহ্য এবং সভ্যতার মধ্যে দিয়ে অন্যান্য সমস্ত রাজ্যকে নেতৃত্ব দেবে সেখানে আজকে শুধুমাত্র শিক্ষাকে একটা গতির মধ্যে আবদ্ধ করে রাখি তা হলে শিক্ষা ব্যপকভাবে প্রসারলাভ করতে পারে না। সেটা আজ আমাদের চিন্তা করা প্রয়োজন সেজন্য আজ স্ত্রীশিক্ষা প্রসারের জন্য বিশেষ-ভাবে দৃষ্টি দেওয়া দরকার। আজও আমরা দেখেছি বড় শহরে সমস্ত প্রতিক্রিয়াশীল বাঁধন ভেঙ্গে ফেলে আজকে মেয়েরা এগিয়ে এসেছে লেখাপড়া শিখতে চায়—স্কুল-কলেজে জায়গা নাই। আগে ছেলেমেয়েরা লেখাপড়া করতে পারত না, সামাজিক অবস্থা এমন ছিল যে, তাদের বিবাহ দেওয়া যেত না—লেখাপড়া ইত্যাদি কোনরকম কিছু করলে। আজকে সে অবস্থা নেই। আজকে সামাজিক চেতনা মানুষকে অনেক এগিয়ে নিয়ে গেছে। আজকে তারা মুক্তির চিন্তা করছে—তারা নূতন আলোর সন্ধান পেয়েছে এবং সেভাবেই তারা এগোতে চায়। কিন্তু সরকার সেদিকে কোন কিছু করছেন না। আমাদের দেশে শিক্ষার ক্ষেত্রে একথা প্রধানমন্ত্রী থেকে শুরু করে প্রতিটি শিক্ষাবিদ প্রতিটি রাষ্ট্রমন্ত্রীর কাছে একথা আমরা শুনি যে, বিজ্ঞানের উপর আমাদের সবচেয়ে বেশি জোর দেওয়া দরকার। কিন্তু আমি প্রশ্ন করছি, আমাদের এই রাজ্যে বিজ্ঞান শিক্ষাকে এগিয়ে নিয়ে যাবার জন্য সেখানে কি ব্যবস্থা হয়েছে? বিজ্ঞান তো দূরের কথা প্রত্যেক স্তর থেকে শুরু করে, যেখানে মাধ্যমিক শিক্ষা—হায়ার সেকেন্ডারি যেখানে বিজ্ঞান শিক্ষা হয় সেখানে আমরা কি দেখি? আমরা দেখি হায়ার সেকেন্ডারিতে বিজ্ঞান বিভাগ খোলা হয়েছে কিন্তু শিক্ষক নেই। অর্থাৎ একজন এম এস-সি তিনি যে বেতন পান তাতে তিনি সন্তুষ্ট নন।

সেখানে কলেজের একজন অধ্যাপককে পার্টটাইমএ রাখা হয়েছে। ছাত্রদের মধ্যে যেখানে বিজ্ঞান সম্পর্কে অনুপ্রেরণা আনার চেষ্টা করা দরকার, নূতন মনোভাবের সৃষ্টি করা দরকার—সেখানে কোন রকম ভাবে তার ব্যবস্থা নেই। আজকে দেশে বৈজ্ঞানিকের প্রয়োজন—শুধু মাত্র দেশকে রক্ষা করার জন্য নয়—সমস্ত পৃথিবীর সঙ্গে একটা নিবিড় সম্পর্ক যে গড়ে তোলা যায় যে, সমস্ত পৃথিবীকে গোটা পৃথিবী হিসাবে দেখা যায়, সমস্ত মানুষ মানুষকে একটা দৃষ্টিভঙ্গি দিয়ে দেখা যায়, সেই বিজ্ঞানচর্চার প্রয়োজন। কিন্তু আজকে বিজ্ঞানবিভাগের সেদিকে দৃষ্টি নেই। ছাত্রদের মধ্যে বিজ্ঞান সম্বন্ধে অনুপ্রেরণা কি করে দিতে পারা যায়? আমরা এ সম্পর্কে চিন্তাও করি না। টাকা দিচ্ছে, বিল্ডিং হচ্ছে, ল্যাবরেটরি হচ্ছে, অথচ শিক্ষক নেই বিজ্ঞান পড়াবার। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে এইরকম অনেক দৃষ্টান্ত দিতে পারি। এই রকম ঘটনা বাংলাদেশের বহু জায়গায় আছে। কলেজ থেকে প্রফেসরকে একশত টাকা দেওয়া হয় —তাঁরা প্রতি সপ্তাহে তিন দিন পড়িয়ে যান—তাতে শিক্ষা হয় না। আজকে বাংলাদেশে বৈজ্ঞানিকের প্রয়োজন আছে, কিন্তু এই যে সমস্ত বৈজ্ঞানিক আমাদের দেশ থেকে বেরিয়েছে তাঁদের রাষ্ট্রের পক্ষে কাজ করাবার কোনদিন চেষ্টা করেছেন কি সরকার? আমাদের দেশে প্রায় ৭০ হাজার বৈজ্ঞানিক বিদেশ চাকরি করছেন—তাঁরা দেশে আসবার চেষ্টা করেন কিন্তু উপযুক্ত কর্মক্ষেত্র বা সেই কর্মক্ষেত্রের সন্ধান তাঁরা পাচ্ছেন না—অথচ জাতিগঠনের প্রয়োজন রয়েছে, দেশকে নূতনভাবে পুনর্গঠনের প্রয়োজনে রয়েছে বিজ্ঞান—নিশ্চয়ই তাদের ক্ষেত্র রচনা করতে হবে, তার জন্য আজকে সামগ্রিকভাবে সরকারকে চিন্তা করতে হবে। দেশের মধ্যে ইঞ্জিনীয়ারের প্রয়োজন আছে—ছাত্রদের মধ্যে উৎসাহ দেখে অনেক কষ্টে মধ্যবিত্ত পরিবারের যাদের সামর্থ্য নেই, কোনরকম ধার কর্জ করে কোনরকমে একজন আত্মীয়ের সাহায্য নিয়ে ইঞ্জিনীয়ারিং পড়তে যায় তখন কিন্তু সেখানে ছাত্রদের কোন সিট নেই—বাংলাদেশে যে ৬টি ইঞ্জিনীয়ারিং কলেজ আছে—যাদবপুর, খড়্গপুর ইত্যাদি সেই সমস্ত কলেজের সিট সংখ্যা হচ্ছে ৪৮০।

১৯৬১-৬২ সালে, ১৯৬২-৬৩ সালে সেখানে অ্যাপ্লিকেশন পড়েছিল, ৫,৬০০ ও ৫,৭৮৫ জন দরখাস্ত করেছিল। ৪৮০টি সিট, ৫,৭৮৫ জন ছাত্র দরখাস্ত করেছিল এবং অধিকাংশ ছাত্রকে হতাশ হয়ে ফিরে যেতে হয়েছে। ইঞ্জিনীয়ারএর প্রয়োজন আছে দেশে, দেশকে গড়ে তোলবার জন্য। কিন্তু সরকারের যেখানে এগিয়ে আসা উচিত, ইঞ্জিনীয়ারিং কলেজ খোলা উচিত, পলিটেকনিক খোলা উচিত, সেখানে কোন ব্যবস্থা নাই। নর্থ বেঙ্গলে বারে বারে বলা হচ্ছে যে, কোচবিহারে একটা পলিটেকনিকএর প্রয়োজন আছে। নর্থ বেঙ্গলের মালদহে এবং জলপাইগুড়িতে কোন পলিটেকনিক নাই। কাজে কাজেই আমরা বিজ্ঞানের উপর, ইঞ্জিনীয়ারিংএর উপর, পলিটেকনিকের উপর, কারিগরি শিক্ষার উপর জোর দিচ্ছি। সেখানে আমাদের বেশি করে চেষ্টা করা উচিত, যাতে করে আমরা এই ধরনের বিদ্যালয়গুলি ঠিক ঠিকভাবে চালাতে পারি, ঠিক ঠিকভাবে প্রতিষ্ঠা করতে পারি, সেইদিকে আমাদের দৃষ্টি দেওয়া দরকার। শিক্ষার ব্যবস্থাকে যাঁরা গড়ে তোলেন অর্থাৎ শিক্ষক সমাজ, সরকার নিয়ম করেছেন যে, সেই শিক্ষক সমাজকে ট্রেনিং নিতে হবে, শিক্ষাপ্রাপ্ত হতে হবে, বি টি ডিগ্রি তাকে নিতে হবে। অত্যন্ত ভাল একটি পরিকল্পনা করেছেন তাঁরা যে শিক্ষক ট্রেনিং নিয়ে স্কুলে পড়াবেন। কিন্তু সেখানে তো সেই পরিকল্পনা উপযুক্তভাবে আমরা প্রতিষ্ঠা করতে পারি নি। অর্থাৎ সারা বাংলাদেশে মাত্র ১৪টা বি টি কলেজ আছে। এবং তাদের ইনটেক বা সিটের সংখ্যা হচ্ছে চোদ্দ শ'। আমি একথা বলতে পারি যে, শতকরা ৭৫ জন ছাত্র তারা এই অ্যাডমিশনএর ক্ষেত্রে বিফল মনোরথ হয়ে ফিরে আসে, বি টি কলেজে ভর্তি হতে পারে না। কোন সুবিধা তারা সেখানে পায় না।

তারপর আমরা কি দেখি? এক একটা মাধ্যমিক বিদ্যালয়ে গড়ে তিনজনও ট্রেনিংপ্রাপ্ত শিক্ষক নাই। গ্রামের বিদ্যালয়ে প্রধান শিক্ষক শিক্ষিকা ছাড়া কেউ আর প্রায় শিক্ষণপ্রাপ্ত শিক্ষক নাই। তাঁদের জিগ্গেস করলে বলেন যে, আমরা সেখানে ভর্তির সুযোগ পাই না। সরকার যেখানে এইরকম নিয়ম চালু করছেন যে শিক্ষণপ্রাপ্ত শিক্ষক ছাড়া অন্য কেউ শিক্ষা দিতে পারবে না, সেখানে তাদের জন্য সেই ট্রেনিংএর ব্যবস্থা সরকার করছেন না। সিটসংখ্যা বেঁধে দিয়ে আমরা তাদের এড়িয়ে যাচ্ছি, তাদের পড়বার সুযোগ আমরা করে দিচ্ছি না।

তারপর এই বি টি কলেজের মধ্যে যেসমস্ত গণ্ডগোল রয়েছে, প্রশাসনিক ব্যবস্থার মধ্যে যেসমস্ত গলদ রয়েছে, সেগুলির প্রতি মন্ত্রিমহাশয়ের একটু বিশেষভাবে দৃষ্টি দেওয়া দরকার।

আমি কয়েকটি ঘটনা মন্ত্রিমহাশয়ের কাছে তুলে ধরতে চাই। যেখানেতে আজকে সাধারণ-ভাবে এই সমস্ত বি টি কলেজে যেসমস্ত অধ্যাপক আছেন, তাঁদের মধ্যে আজকে একটা অত্যন্ত হতাশার মনোভাব সৃষ্টি হয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে, মিসেস নলিনী দাস—যিনি Institute of Education for Women, Alipore Hastings House তার প্রিন্সিপাল তাঁকে কোন্ যোগ্যতা দেখে সেই Institute of Education for Women এর প্রিন্সিপ্যাল করা হয়েছে? তাঁর কি কোন Secondary Teacher's Degree or diploma. আছে? সেকেন্ডারি এডুকেশনএর কোন এক্সপিরিয়েন্স তাঁর আছে? কোনটাই নাই। অথচ মুদালিয়র কমিশন কি বলছেন? মুদালিয়র কমিশন পরিষ্কারভাবে বলছেন যে, অন্তত একটা গুড অ্যাকাডেমিক ব্যাকগ্রাউন্ড থাকা দরকার। মুদালিয়র কমিশন বলছেন যে, সেকেন্ডারি এডুকেশন এবং টিচিংএর এক্সপিরিয়েন্স থাকা দরকার। কিন্তু মিসেস নলিনী দাসকে কোন যোগ্যতা না দেখেই সেখানে নিয়োগ করা হয়েছে অধ্যক্ষরূপে। এইরকমভাবে একটা অরাজকতা এই বি টি কলেজগুলিতে চলছে। আমি আপনার কাছে রাখব হুগলি ট্রেনিং কলেজএর কথা। এখানে যাঁকে প্রিন্সিপ্যাল করা হয়েছে– তিনি ছিলেন ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অব স্কুলস। তাঁর কোনরকম শিক্ষকতার কোন অভিজ্ঞতা বা এক্সপিরিয়েন্স ছিল না। তাঁর কি ঐ হুগলি ট্রেনিং কলেজের অধ্যক্ষ হওয়ার যোগ্যতা ছিল? ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের প্রধান অধ্যাপক প্রফেসর জে এন দাশগুপ্ত এবং প্রফেসর কে ডি চৌধুরী এ'দের সমস্ত দাবিকে নস্যাৎ করে দিয়ে, সমস্ত দাবিকে অগ্রাহ্য করে দিয়ে, ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অব স্কুলস যিনি ছিলেন, তাঁকে প্রিন্সিপ্যাল করে সেখানে বসানো হল। এই রকম ব্যবস্থা যদি চলে তা হলে কেমন করে আশা করব যে, একটি ইনস্টিটিউশন বা প্রতিষ্ঠানের মধ্যে তার শিক্ষাব্যবস্থাকে আমরা সুন্দরভাবে গড়ে তুলতে পারব?

এইরকম আর একটি উদাহরণ আপনার কাছে দিচ্ছি। বেলুড়ে যে ট্রেনিং কলেজ, দার্জিলিং রামকৃষ্ণ ট্রেনিং সেন্টার এই সমস্ত জায়গায় অধ্যক্ষ নিয়োগের ব্যাপারে এইরকম গলদ আমরা দেখছি।

মাননীয় স্পীকার, স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই যে, এই ট্রেনিং কলেজ, যেখানেতে শিক্ষকরা নূতন শিক্ষণপ্রাপ্ত হয়ে ছাত্রদের শিক্ষা দেবার নীতি শিক্ষা করছেন, সেখানেতে আজকে ৩০ থেকে ৩৫ বছর আগেকার যা সিলেবাস তাই পড়ানো হয়। যেখানে শিক্ষাজগতে বিরাট ওলটপালট হয়ে গেছে, যেখানেতে মেথড অফ টিচিংএর ক্ষেত্রে নূতন বিপ্লব সাধিত হয়েছে, সেখানে যদি ৩০।৩৫ বছর আগেকার যুগের সিলেবাস দিয়ে আজকে বি টি কলেজের শিক্ষণকার্য সম্পন্ন করা হয়, তা হলে তার চেয়ে দুঃখের আর কিছু হতে পারে না। এইদিকে আমাদের অত্যন্ত বেশিভাবে দৃষ্টি দেওয়া দরকার।

[1—1-10 p.m.]

এই যে শিক্ষক যারা শিক্ষাব্যবস্থাকে ধীরে ধীরে গড়ে তুলছেন, এই শিক্ষকদের অবস্থাটা কি? এই শিক্ষকদের অবস্থা প্রাথমিক স্তর থেকে আরম্ভ করে বিশ্ববিদ্যালয়ের স্তর পর্যন্ত সমস্ত শিক্ষকদের অবস্থা আমরা যদি পর্যালোচন করি তিনটা দৃষ্টিভঙ্গি দিয়ে, একটা হচ্ছে সামাজিক দৃষ্টিভঙ্গি, দুই হচ্ছে গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গি এবং তিন হচ্ছে অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি, আমরা সেখানে কি দেখি? আমরা একটা হতাশার ছবি দেখি। সামাজিক ক্ষেত্রে বাংলাদেশে শিক্ষকদের কোন মর্যাদা নেই। একদিন ছিল, যখন সমাজের সমস্ত শিক্ষক প্রধান মনীষী হিসাবে পরিগণিত হতেন। সমাজের মানুষ পাঠশালার গুরু থেকে আরম্ভ করে কলেজের অধ্যাপক পর্যন্ত, প্রতিটি স্তরের সমস্ত শিক্ষককে সম্মান দিত। আজকে দেখা যায় যে, এই সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োজিত সমস্ত শিক্ষক এবং অধ্যাপকদের বিশেষ কোন সামাজিক মর্যাদা নেই। আজকে সামাজিক মর্যাদা আছে যিনি একজন অ্যাডমিনিস্ট্রেটর হয়ে স্কুলের মাথায় বসে আছেন, তাঁর সামাজিক মর্যাদা আছে। আজকে স্কুলের কর্তৃপক্ষের সঙ্গে একজন শিক্ষকের সম্পর্ক হচ্ছে প্রভু ভৃত্যের সম্পর্ক। যেমন আমরা দেখছি

উলুবেড়িয়াতে, সেখানে হাইস্কুলে একজন অ্যাডমিনিস্ট্রেটরকে বসিয়ে রাখা হয়েছে বহুদিন ধরে। সেই অ্যাডমিনিস্ট্রেটর-এর সঙ্গে শিক্ষকদের সম্পর্ক কি? সম্পর্ক হচ্ছে, প্রভু ভৃত্যের সম্পর্ক। প্রধান শিক্ষক নতজানু হয়ে যাবেন এবং অ্যাডমিনিস্ট্রেটর যে নির্দেশ দেবেন, সেই নির্দেশ তাঁকে মাথা পেতে মানতে হবে, তা পালন করতে হবে। আমরা দেখেছি বাগনান কলেজের গভর্নিং বডির চীফ সেক্রেটারী বিজয় পাল, তিনি পানের একজন ব্যবসাদার, তাঁর কাছে, সেই কলেজের অধ্যাপককে মাথা নত করে যেতে হবে। বাংলাদেশের স্কুল কলেজের শিক্ষা ব্যবস্থাকে গড়ে তোলবার জন্য এই তো ব্যবস্থা। এই যে অবস্থা, এই রকম সামাজিক মর্যাদা নিয়ে পাঠশালার শিক্ষক থেকে আরম্ভ করে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পর্যন্ত, কোন মানুষ সুষ্ঠুভাবে শিক্ষকতা করতে পারে না। এটা গভীভাবে চিন্তা করার প্রয়োজন আছে। আজকে যাঁরা শিক্ষার কার্যে ব্রতী আছেন, তাঁরা অন্ততঃ এইটুকু চান যে সামাজিক মর্যাদার ক্ষেত্রে তাঁরা প্রতিষ্ঠিত হতে চান। তারপর শিক্ষকদের গণতান্ত্রিক অধিকার। আজকে প্রাথমিক বিদ্যালয়ে যে সমস্ত শিক্ষক আছেন, তাঁদের গণতান্ত্রিক অধিকারগুলি অস্বীকার করা হয়েছে। গণতান্ত্রিক অধিকার বলতে, সেখানে আমরা দেখছি যেখানে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক কেন্দ্র থেকে শিক্ষক প্রতিনিধি নির্বাচনে অধিকার দেওয়া হয়েছে, সেখানে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকরা সেই নির্বাচনে গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত হয়েছে। এই কথা আমি বারবার সরকারকে বলেছি, কিন্তু আজ পর্যন্ত তার কোন সুরাহা হয় নি।

তারপর দেখুন শিক্ষকদের অর্থনৈতিক অবস্থা। পাঠশালার একজন শিক্ষক আজকের দিনে ৬২৷৷৹ টাকা মাইনে পান। সেই সামান্য ৬২৷৷৹ টাকা মাইনে দিয়ে একজন শিক্ষক সংসার প্রতি-পালন করতে পারে না, বাধ্য হয়ে তাকে প্রাইভেট টিউসন করতে হয়। ফলে শিক্ষার যে এফিসিয়েন্সী, সেটা কমে যায়, এ কথা তাঁরা স্বীকার করেছেন। সেইজন্য ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন বারবার বলেছেন শিক্ষকদের বেতন এমনভাবে করা উচিত যে তাদের প্রাইভেট টিউসন করার কোন রকম প্রয়োজন থাকবে না। কিন্তু পাঠশালার শিক্ষকরা যে সামান্য ৬২৷৷৹ টাকা বেতন পান, তা দিয়ে তাঁরা সংসার চালাতে পারেন না। আজকের এই দুর্মূল্যের দিনে তা কোন রকমেই সম্ভব নয়। মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের পে-স্কেল নূতন হারে প্রবর্তিত হলেও, যেভাবে আজকে বোর্ড তাদের সঙ্গে ব্যবহার করেন, তাদের টাকা দেয়, কিন্তু সেইভাবে টাকা দেওয়ার কোন অর্থ হয় না, কারণ তাদের প্রয়োজনের সময় তাঁরা টাকা পান না। এত ইর্‌রেগুলারিটিস সেখানে রয়েছে যে, তাঁরা টাকা পাওয়ার সুযোগ পেয়েও, তা ভোগ করতে পারেন না। আজকে যে প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে আমরা যে কথা বারবার বলেছি যে, তাঁদের ন্যূনতম বেতন অন্ততঃ একশ' টাকা হওয়া উচিত। মাধ্যমিক শিক্ষকদের বেতন দেবার ক্ষেত্রে সেক্রেটারীর কাছে টাকা পাঠানো হয়। সেক্রেটারী তাঁর খেয়ালখুশিমত যখন ইচ্ছে তখন দেবেন। তাঁর ইচ্ছে হলে ছয় মাস আটকে রেখে, তারপর দেবেন। কাজে কাজেই এ বিষয় যেমন মাদ্রাজে করেছিল, রাজাজী যখন সেখানকার সরকারে অধিষ্ঠিত ছিলেন, তখন সেখানে প্রতিটি শিক্ষকের নামে মানিঅর্ডার করে টাকা পাঠিয়ে দেওয়া হত এবং ঠিক সময় বেতন তাঁদের হাতে গিয়ে পৌঁছাত; সেক্রেটারীর হাতে টাকা দেওয়া হত না। আমাদের এখানেও সেই-রকম ব্যবস্থা অবলম্বন করা উচিত, যাতে অন্ততঃ শিক্ষকরা দারুণ অর্থনৈতিক কষ্টের হাত থেকে কিছুটা মুক্ত হতে পারেন।

তারপর কলেজ অধ্যাপকদের ক্ষেত্রে দেখা যায় যে, ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন তাদের দয়া করে একটা নতুন পে স্কেল করে দিয়েছেন—২০০ টাকা থেকে ৫০০ টাকা সাধারণ লেকচারার আর ৩০০ টাকা থেকে ৭০০ টাকা সিনিয়ার লেকচারার। কিন্তু ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন জানিয়ে দিয়েছেন যে, ১৯৬৩ সালের মার্চ মাস পর্যন্ত তাঁরা টাকা দেবেন তারপর আর টাকা দেবেন না। তাঁরা গোড়ায় জানিয়েছিলেন ১৯৬২ সালের মার্চ মাস পর্যন্ত দেব, তারপর আর দেব না। তারপর বলেছেন আরও এক বছর দিতে পারি কতকগুলি শর্ত অনুযায়ী। ১৯৬৩ সালের মার্চ মাস শেষ হতে চলল, তাই পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের বলে দিলেন যে, পশ্চিমবঙ্গের সমস্ত কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক-দের এই বর্ধিত হারে বেতন দেওয়ার দায়িত্ব সরকার গ্রহণ করবেন। কিন্তু আমি জানি, একটা কলেজে আছে, এখনও পর্যন্ত কোন নির্দেশ আমাদের সেখানে গিয়ে পৌঁছায় নি।

আজকে আমরা একটা অনিশ্চিত অবস্থার মধ্যে পড়ে রয়েছি। সরকার যে প্রতিশ্রুতি যেন সেই প্রতিশ্রুতি তাঁরা পালন করেন না। এটা দ্রুত কার্যকরী হবে তার একটা পরিষ্কার ঘোষণা আমরা চাই। ডাঃ শ্রীমালী লোকসভায় বারবার বলেছেন কলেজের অধ্যাপকদের বেতন গেজেটেড অফিসার, ফার্স্ট ক্লাস অফিসারের সমান রাখা উচিত। এই সম্পর্কে রাজ্যসরকারের একটা চেষ্টা করা দরকার। বেতন বাড়ানো মানে যেন এমনভাবে মাইনে বাড়ানো হয় যাতে করে তাঁদের আর টিউশনের প্রয়োজন না হয় বা আলাদা করার প্রয়োজন না হয়। অর্থাৎ এই ব্যবস্থা অবলম্বনের জন্য গভীরভাবে তাঁদের চিন্তা করতে হবে। বর্তমান অবস্থায় আজকে সর্বক্ষেত্রে শিক্ষার কি ছবি আমরা দেখতে পাচ্ছি। প্রাথমিক শিক্ষাস্তরে আমরা দেখছি শহরে ও গ্রামে বিভিন্ন রকম, বিভিন্ন ধরনের প্রাথমিক শিক্ষাব্যবস্থা সেখানে প্রচলিত রয়েছে। শহরের মধ্যে পৌরসভা পরিচালিত করে এমন কিছু প্রাথমিক বিদ্যালয় আছে, হাই স্কুলের মধ্যে প্রাথমিক বিদ্যালয় আছে, কলোনিতে কতকগুলি প্রাথমিক বিদ্যালয় আছে, প্রাইভেট ম্যানেজড বিদ্যালয় আছে, এইগুলিকে একটা স্তরে নিয়ে আসা উচিত। আর প্রাথমিক বিদ্যালয়ে, সেই যে ১৯৩০ সালের আইন সেই আইন দিয়ে আজ পর্যন্ত প্রাথমিক শিক্ষাব্যবস্থাকে পরিচালনা করার যে চেষ্টা করা হচ্ছে তা অবিলম্বে যদি বন্ধ করা হয়, প্রাথমিক শিক্ষাকে যদি নূতন করে গড়ে তুলতে না পারেন তা হলে সমস্ত শিক্ষাক্ষেত্রে একটা বিপর্যয় দেখা দেবে। প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার জন্য বারবার সরকার প্রতিশ্রুতি দিয়েছেন কিন্তু আজ পর্যন্ত তা কার্যকরী করতে পারেন নি। আজকে এই প্রাথমিক শিক্ষা নিয়ে অন্যান্য প্রদেশ কিভাবে চিন্তা করছে দেখুন, উড়িষ্যায় দেখুন সরকার প্রাথমিক শিক্ষা নিজের হাতে রাখে নি, ডিস্ট্রিবিউট করে দিয়েছে, সরকার তাদের সাহায্য করছেন। আমি এডুকেশন কোয়ার্টার্লি, গভর্নমেণ্ট অব ইন্ডিয়া, পাবলিকেশন, তার একটা নিউজ পড়ে দিচ্ছি......

Government orders transferring the management and control of primary schools to Panchayat Samitis with effect from September 1961 under the Orissa Zilla Parishad Act, 1959, were received and communicated to all Zilla Parishads in the State.

অর্থাৎ গ্রামে গ্রামে কোথায় একটা প্রাথমিক বিদ্যালয়ের ঘরে চাল নেই, চেয়ার নেই, এই সব ব্যবস্থা করার জন্য জেলা পরিষদের হাতে ক্ষমতা দিচ্ছে। শুধু যে ক্ষমতাই দিচ্ছে তাই নয়, তাদের টাকা-পয়সা খরচ করবারও ক্ষমতা দিয়েছে। এখানে যেসব ডিফিকাল্টি আছে সেগুলি দূর করা দরকার এবং আমাদের রাজ্যেও সেইভাবে চেষ্টা করা দরকার। ঠিক অনুরূপভাবে আমরা দেখছি প্রাথমিক বিদ্যালয়ের মত কলেজীয় শিক্ষাস্তরে এই সব ডিফিকাল্টি থাকতেও সেখানেও একটা সুষম নীতি গ্রহণ করা হয় নি। এইগুলি যদি অবিলম্বে না করতে পারেন তা হলে শিক্ষাক্ষেত্রে আমরা যে নূতন পরিকল্পনা নিতে যাচ্ছি তা সফল হবে না। আমি এখানে একটা ঘটনা বলতে চাই, প্রশাসনিক ব্যবস্থার মধ্যে দুর্নীতি ও গলদ কিভাবে রয়েছে, তা তুলে ধরতে চাই। মৌলানা আজাদ কলেজ একটা খুব নাম করা কলেজ, সেই কলেজের যে লাইব্রেরিয়ান, মিঃ এনায়েতুল্লা, সেই কলেজের অধ্যক্ষ তাঁকে ডিক্টেট করেন যে, কলেজ থেকে ৭০০ টাকার বই মিসিং। মৌলানা আজাদ কলেজ থেকে মিঃ এনায়েতুল্লাকে সরিয়ে দেওয়া হল, কিন্তু সরকার নূতনভাবে তাঁকে আবার এশিয়াটিক সোসাইটির লাইব্রেরিয়ান করেছেন। অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা দেখছি যে, এই এশিয়াটিক সোসাইটিতে বহু মূল্যবান গ্রন্থ আছে সেখানে এইরকম একটা মানুষকে রাখা উচিত নয়।

[1-10—1-20 p.m.]

Shri Sishuram Mondal:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিধানসভায় মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষা খাতের যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন আমি তা সর্বান্তকরণে সমর্থন করছি। সত্যিই এবার বাজেট গত বৎসরের তুলনায় বরাদ্দ কম করা হয়েছে। কিন্তু সে কম করতে হয়েছে দেশের সার্বভৌমত্ব রক্ষা করবার জন্য। এর যে প্রয়োজনীয়তা আছে তা স্বীকার করে নিলেও, এটা দুঃখজনক হলেও আমাদের বরাদ্দ কম করতে হয়েছে। কিন্তু পূর্ব পূর্ব বৎসরে যেসমস্ত ব্যয়বরাদ্দ করা হয়েছিল তাতে আমরা শিক্ষা বিস্তারের দিকে কিভাবে এগিয়ে গিয়েছি সেটা যদি দেখি তা হলে নিশ্চয়ই আমরা সন্তুষ্ট হতে পারব। প্রথমত ১৯৪৭-৪৮ সালের পর,

স্বাধীনতা প্রাপ্তির পর থেকে ক্রমশই আমরা দেখতে পাচ্ছি যে, শিক্ষা খাতের ব্যয় বেড়ে বেড়ে গিয়েছে। প্রাথমিক শিক্ষা খাতে আমরা দেখছি ১৯৪৭ সাল থেকে ১৯৬০-৬১ সাল পর্যন্ত প্রাথমিক বিদ্যালয়, বুনিয়াদি বিদ্যালয়, সব বিদ্যালয় সহ ১০,৯৫০ থেকে বেড়ে ২৮,০১৬তে পেঁছেছে। ছাত্রসংখ্যা ১,০৪৪,১১১ থেকে ২,৮৮৬,১৪২ হয়েছে। শিক্ষকসংখ্যা ৩৫,৪৫০ থেকে বেড়ে ৮৩,৭৮৯এ পেঁছেছে। প্রাথমিক শিক্ষার জন্য মোট ব্যয় ১৯৪৭-৪৮ সালে ১,১৫,৬৮,৯৪২ টাকা থেকে বেড়ে ৭,০৫,৪১,৬৯০ টাকা হয়েছে। এর মধ্যে শিক্ষকদের বেতন বৃদ্ধির জন্যও এই ব্যয় বৃদ্ধি হয়েছে। এই প্রাথমিক শিক্ষা ব্যাপারে বিশেষ উল্লেখযোগ্য আর একটা জিনিস যেটা আমাদের কনস্টিটিউশনে আছে যে, ৬ থেকে ১১ বৎসর বয়স্ক ছেলে-মেয়েদের শিক্ষা বাধ্যতামূলক করতে হবে। সে ব্যাপারেও আমাদের অগ্রগতি দেখতে পাচ্ছি। প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করার ফলে মোট ৩,৭৯১·৭ বর্গমাইল জুড়ে ৫,৭৪৩টি গ্রাম প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করতে পারা গিয়েছে এবং প্রত্যেক বৎসর এই ক্ষেত্র প্রসারিত হচ্ছে। প্রাথমিক শিক্ষাক্ষেত্রেও আমরা দেখতে পাচ্ছি যে, ১৯৪৭-৪৮ সালে যেখানে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ছিল ১,৯০৩ সেটা বেড়ে ১৯৬০-৬১ সালে ৪,৩৫০এ উঠেছে। এবং ছাত্র-সংখ্যা ৫২২,৫০০ থেকে বেড়ে ১,০০৩,৪৪৬ হয়েছে। শিক্ষকসংখ্যাও ১৭,৬৩১ থেকে বেড়ে ৪০,২৪৬ হয়েছে এবং ব্যয় যেখানে ২ কোটি ৬ লক্ষ ১২ হাজার ১৪২ টাকা ১৯৪৭ সালে ছিল সেটা বেড়ে ৮ কোটি ৯২ লক্ষ ২৪ হাজার ৭২৪ টাকা হয়েছে। এইভাবে যে বেড়েছে এর মধ্যে শিক্ষক মহাশয়দের বেতন বৃদ্ধির বিষয়ও আছে। তারপর কলেজ ও বিশ্ববিদ্যালয়ের দিকে দেখলে আমরা দেখি ১৯৪৭ সালে মাত্র একটি বিশ্ববিদ্যালয় ছিল, তা বেড়ে এখন ৫টি বিশ্ববিদ্যালয় হয়েছে। কলেজের সংখ্যাও বেড়েছে। কলেজের শিক্ষকদের বেতনের হারও উন্নীত হয়েছে। এ ছাড়া কারিগরি বিদ্যালয়ের ব্যাপারেতে দেখতে পাচ্ছি ১৯৪৭-৪৮ সালে কলেজীয় স্তরের নিচে কোন রকম কারিগরি শিক্ষার ব্যবস্থা ছিল না, এখন এই ১৯৬১ সাল পর্যন্ত দেখতে পাচ্ছি তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে ২১টি পলিটেকনিক হবার পরিকল্পনা মঞ্জুর হয়ে আছে তার মধ্যে ১৬টি এর মধ্যে সম্পূর্ণ হয়ে গিয়েছে।

এই ১৬টিতে ৯ হাজার ৬৯০ জন ছাত্রের ডিপ্লোমা কোর্সে পর্যন্ত শিক্ষার ব্যবস্থা হয়েছে এবং এটা তৃতীয় পরিকল্পনার ভিতর সম্পূর্ণ হবার কথা আছে। তা ছাড়া Bengal Engineering College, Sibpur. আছে। সেখানে বর্তমানে ১৬০টি সিটের জায়গায় ৪০০ সিট হয়েছে। যাদবপুর ইঞ্জিনীয়ারিং কলেজএও অনুরূপভাবে বাড়ানো হয়েছে। তা ছাড়া দুর্গাপুরে সেন্ট্রাল গভর্নমেন্টএর উদ্যোগে একটা ইঞ্জিনীয়ারিং কলেজ স্থাপিত হয়েছে, সেটা গত বছর থেকে চালু হয়েছে, এবং জলপাই-গুড়িতে আর একটা ইঞ্জিনীয়ারিং কলেজ চালু হয়েছে। এভাবে আমরা দেখতে পাই যে, শিক্ষাবিভাগ যেমন সাধারণ শিক্ষার দিকে নজর দিয়েছেন তেমনি কারিগরি শিক্ষার দিকেও তাঁদের দৃষ্টি আকৃষ্ট হয়েছে এবং তার উন্নতির জন্য তাঁরা ব্যয়ও করছেন। হয়ত আমরা যতটা আশা করি ততটা করতে পারা যায় নি, কিন্তু তার কারণ আমাদের জাতীয় আয়ের সীমাবদ্ধতা। তা ছাড়া এ বছর প্রত্যেক আইটেমএ কিছু কিছু করে কম ধরতে হয়েছে, তার কারণে ২ কোটি টাকার মত এবারের বাজেটে ছাড়তে হয়েছে এমারজেন্সির জন্য। সমাজশিক্ষার দিক থেকে আমরা দেখতে পাই যে, ১৯৬০-৬১ সালে ৪ হাজার সমাজশিক্ষা কেন্দ্র হয়েছে এবং তাতে ৪ লক্ষ লোক শিক্ষণলাভ করছে, সেইসঙ্গে জেলা লাইব্রেরি ১৯টি হয়েছে, লাইব্রেরিয়ান ট্রেনিংএর জন্য ৬ মাসের কোর্সের এখানে আমার একটা কথা বলার আছে, এই সমস্ত সেন্টারএ যেমন আক্ষরিক জ্ঞান দেওয়া হয় তেমনি তার সঙ্গে যদি কোন ক্র্যাফ্ট, কোন একটা শিল্পশিক্ষার ব্যবস্থা করা হয় তা হলে আমার মনে হয় এই ব্যাপারে সাধারণ লোকের আগ্রহ বাড়বে এবং তারা উপকৃত হবে বেশি। এ ছাড়া ছাত্রদের এন সি সি প্রভৃতি সামরিক শিক্ষা দেওয়ার ব্যবস্থা হয়েছে, ইতিমধ্যে ১৪,৪৯০ জন রেজিস্টার্ড ক্যাডেট হয়েছেন, এন সি সি রাইফেলএ ৯,৮০৮ জন শিক্ষিত হয়েছেন, এন সি সি অফিসার ট্রেনিং পেয়েছেন ১,৯১৪ জন। এ ছাড়া এবার ইমার্জেন্সির জন্য প্রত্যেক স্কুল-কলেজে এন সি সি বাধ্যতামূলক করা হয়েছে এবং এই ইউনিটগুড়ি বাড়ানোর জন্য চেষ্টা করা হচ্ছে। প্রাথমিক বিদ্যালয়, বুনিয়াদি বিদ্যালয়ে রূপান্তরিত করার ব্যাপারেও আমাদের পশ্চিমবঙ্গ পিছিয়ে নেই, ক্রমশ সমস্ত প্রাথমিক বিদ্যালয়কে বুনিয়াদি বিদ্যালয়ে রূপান্তরিত করার প্ল্যান আমাদের আছে এবং সেদিকে আমরা

এগিয়ে চলেছি। জুনিয়ার বেসিক স্কুলকে সিনিয়ার বেসিকএ উন্নীত করা হচ্ছে। হাই স্কুলকে হাইয়ার সেকেন্ডারি করা হচ্ছে। এগুলি হচ্ছে শিক্ষাসংস্কারের দিক থেকে শুধু তথ্যমূলক শিক্ষাব্যবস্থার ব্যাপার, এ ছাড়া কর্মমুখীন শিক্ষাব্যবস্থার দিকেও ঝোঁক দেওয়া হয়েছে। এই সমস্ত সংস্কারের সঙ্গে সঙ্গে আমার সাজেসশন হচ্ছে, আমাদের পরীক্ষা ব্যবস্থা এখনও পর্যন্ত পুরানো ধাঁচেই চলছে, এই পরীক্ষাব্যবস্থার সংস্কার করার দরকার আছে।

[1-20—1-30 p.m.]

Shri Shambhu Gopal Das:

মাননীয় স্পীকার মহাশয়, এবারে শিক্ষাখাতে আমরা দেখলাম যে, ৪ কোটি টাকার মত ব্যয় হ্রাস করা হয়েছে এবং এই ব্যয় হ্রাসের সমর্থনে এইমাত্র কংগ্রেস দলের কয়েকজন সদস্য যুক্তি দিয়ে বললেন যে, দেশের সার্বভৌমত্ব রক্ষা করাটা সব প্রথম কাজ এবং সেইজন্য এই ব্যয় হ্রাসকে তাঁরা সমর্থন করেছেন। আমি তাঁদের দুই-একটা কথা স্মরণ করিয়ে দিচ্ছি এবং আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কেও জানাতে চাই যে, গত মহাযুদ্ধের সময় গ্রেট বৃটেন অত্যন্ত সংকটের মুখে পড়েছিল, কিন্তু তা সত্ত্বেও মহাযুদ্ধের সময়েও তারা শিক্ষা খাতে ব্যয় হ্রাস না করে শিক্ষার প্রসারের চেষ্টা করেছিল। এবং এই কথাও সত্য যে, যুদ্ধের সময় ইউ এস এস আর তারাও শিক্ষা খাতে ব্যয় হ্রাস করে নি এবং জরুরি অবস্থায় শিক্ষা খাতে ব্যয় হ্রাস করা উচিত কি অনুচিত এই বিষয়ে আমাদের প্রধানমন্ত্রী পণ্ডিত নেহরু শান্তিনিকেতনের বক্তৃতায় বলেছেন, 'যে-কোন শক্তিই আসুক না কেন, শিক্ষাক্ষেত্রে ব্যয়সংকোচ করা অত্যন্ত অনুচিত।' তা ছাড়া কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রণালয় থেকে জরুরি অবস্থায় শিক্ষা সম্পর্কে যেসমস্ত লেখা বেরিয়েছে এবং সংবাদপত্রের মাধ্যমে যা আমরা পেয়েছি তাতে দেখছি যে, জরুরি অবস্থায় শিক্ষাক্ষেত্রের টাকার পরিমাণ না বাড়ানো যেতে পারে কিন্তু কখনই যেন কমানো না হয়। কাজে কাজেই জরুরি অবস্থার দোহাই দিয়ে, দেশের সার্বভৌমত্ব রক্ষার দোহাই দিয়ে শিক্ষাক্ষেত্রের এই যে ব্যয়সংকোচ আমি মনে করি এটা সরকারের সেই মনোবৃত্তি থেকে এসেছে যে মনোবৃত্তি বাস্তবে বরাবরই শিক্ষাকে সঙ্কুচিত করে এসেছে। হয়ত তাদের সামনে একটা আতঙ্ক আছে যে সেই আতঙ্ক হল এই ১৯৬২ সালে ৩১এ ডিসেম্বর তারিখ পর্যন্ত আমাদের দেশের ম্যাট্রিক পাশ বা স্কুল ফাইন্যাল পাশ বা উচ্চশিক্ষিত বেকারের সংখ্যা ১ লক্ষ ১০ হাজার ২৮৭ জন। শুধু কর্মসংস্থানে যাঁরা নাম লিখিয়েছেন তাঁদেরই এর মধ্যে ধরা হয়েছে। সেজন্য এঁরা সব কিছু ছেড়ে দিয়ে শিক্ষাকে ধরেছেন। সুতরাং টাকা যদি কমাতে হয়, করাত যদি চালাতে হয় তা হলে এই শিক্ষার উপর দিয়েই চালানো হোক। আমি বলি পশ্চিমবঙ্গে শিক্ষার ব্যাপারে সরকারী উদাসীনতা ঘৃণার যোগ্য। এটাকে কিছুতেই সমর্থন করা যায় না। বিশেষ করে এত বেশি ডামাডোল, এত বেশি হট্টগোল এবং এই সংক্রান্ত প্রশাসনিক ব্যাপারে এত বেশি বিশৃঙ্খলা আর কোথায়ও আছে বলে আমি জানি না। শিক্ষামন্ত্রী মহাশয় হিসাব দিয়ে দেখিয়েছেন স্কুলের সংখ্যা কত বেড়েছে, নূতন কলেজ স্থাপিত হয়েছে, কত অগ্রগতি হয়েছে, কত নতুন ইনস্টিটিউশন তৈরি হয়েছে তার একটা হিসাব তিনি দিয়েছেন। কিন্তু স্কুলের সংখ্যা কত বাড়ল, কলেজের সংখ্যা বাড়ল, শুধু এই দিয়ে বিচার করলে একটা দেশের কত উন্নতি হয়েছে সেটা বিচার করা বোধ হয় ঠিক হয় না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বিশেষ করে প্রাথমিক শিক্ষার সম্বন্ধে একটা কথা উল্লেখ করতে চাই, তার কারণ, প্রাথমিক শিক্ষার সম্বন্ধে একটা কথা উল্লেখ করতে চাই তার কারণ প্রাথমিক শিক্ষা বাংলদেশের ছাত্ররা গ্রহণ করে সেই পরিমাণ ছাত্র আর কোন শিক্ষার মাঝখানে নাই। এবং আমি মনে করি দেশের ভবিষ্যৎকে শক্ত ভিত্তিতে স্থাপিত করবার জন্য যে শিক্ষার উপরে সব থেকে বেশি গুরুত্ব দেওয়া উচিত ছিল, যে মনোযোগ দেওয়া উচিত ছিল সরকার তা দেন নি। কি গ্রামাঞ্চলের প্রাথমিক শিক্ষার ব্যাপারে, কি কলিকাতা করপোরেশনের প্রাথমিক শিক্ষার ব্যাপারে সরকারের এই হৃদয়হীন ঔদাসীন্য শুধু আমাদের মনে কেন অনেকের মনে বিস্ময়ের সঞ্চার করে। শিক্ষাক্ষেত্রে টাকা কাটা হয়েছে বলে আমরা বিস্মিত হয়েছি, অবশ্য এই কথা সত্য যে, আমি দেখিয়ে দিচ্ছি যে, প্রাথমিক শিক্ষাক্ষেত্রে যে টাকা বরাদ্দ হয়েছিল সে টাকাও খরচ হওয়া তো দূরের কথা, দেখা যাচ্ছে যে, সর্বক্ষেত্রে সে টাকা খরচ হয় নি। তার প্রমাণ হল বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তনের জন্য তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় দুই বছরে বরাদ্দ ছিল ১ কোটি ২২ লক্ষ টাকা টাকা তারপরে রিভাইজড বাজেটে ৯৭ লক্ষ টাকা কিন্তু ১৯৬১-৬২ সনে অর্থাৎ প্রতি বছরে খরচের পরিমাণ মাত্র ৪৬ লক্ষ টাকা।

এই খাতে তৃতীয় পরিকল্পনায় মোট বরাদ্দের পরিমাণ ছিল ৫ কোটি ৭৬ লক্ষ টাকা। প্রাথমিক শিক্ষাক্ষেত্রে তৃতীয় পরিকল্পনায় আরও একটা বড় বরাদ্দ ছিল সেমিনার, ভ্রমণ, সম্মেলন ইত্যাদি সমস্ত ব্যাপারে। এই ব্যাপারে ৫ বছরের জন্য বরাদ্দ ছিল ৩৮ লক্ষ ৩১ হাজার টাকা—১৯৬১-৬২ সালে এই ব্যাপারে একটা পয়সাও খরচ হয় নি, ১৯৬২-৬৩ সালে বরাদ্দ হয়েছিল ২ লক্ষ ৫ হাজার টাকা, খরচ হয়েছে মাত্র ৫০ হাজার টাকা। অথচ সরকারকে কিছু বললেই সরকার বলেন টাকা নেই, আবার দেখছি, যে টাকা বরাদ্দ হয় তা খরচ হয় না। ক্যালকাটা করপোরেশনএর অধীনে প্রাথমিক শিক্ষার দায়িত্ব আছে। কিন্তু এই মর্মে এক সংবাদ বেরিয়েছিল যে আর্থিক দুর্গতির জন্য হয়ত কর্পোরেশনকে প্রাথমিক শিক্ষার দায়িত্ব তুলে দিতে হবে এবং তাঁরা এ বিষয়ে প্রতিবাদ করে। অথচ সরকারের তরফ থেকে আজ পর্যন্ত এ বিষয়ে কিছু বলা হয়েছে বলে আমরা জানি না। আমরা জানি কর্পোরেশনএর শহরাঞ্চলে প্রায় ৩ লক্ষ বালকবালিকার প্রাইমারি এডুকেশনএর দায়িত্ব নিয়েছে, কিন্তু সেখানে সুযোগ পায় মাত্র ৫০ ভাগ। স্যার, ১৯৬২ সালের ২০এ মার্চ তারিখে পরলোকগত মুখ্যমন্ত্রী বিধান পরিষদে ঘোষণা করেছিলেন যে, শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষাব্যবস্থা তাঁরা সম্পূর্ণরূপে নিজের হাতে গ্রহণ করবেন। কিন্তু সে দায়িত্ব গ্রহণ করা হয় নি। আজকে সেখানে একটা অদ্ভুত পরিস্থিতির সৃষ্টি হয়েছে এবং সেখানে এই অবস্থার জন্য যদি কারুর দায়িত্ব থাকে তা হলে সে দায়িত্ব সম্পূর্ণভাবে সরকারের। এখানে অর্থাভাবের কথা বলা হয়েছে। এই ব্যাপারে আমি কোন বামপন্থীর কথা বলব না, আর এস পি, ফরওয়ার্ড ব্লক সদস্যদের কোন কথা বলব না, আমি জে পি নায়েকএর একটা অংশ উদ্ধৃত করব। এই ক্যালকাটা কর্পোরেশনএর শিক্ষার ব্যাপারে জে পি নায়েক বলেছেন -

The State spends only about 13.2 lakhs on primary education in the city. This is low by any standards. The Corporation also spends only about Rs. 28.8 lakhs from its own funds. This is about 3.5 per cent. of its total revenues (excluding Government grants). This is also very low judged by the standards of other Corporations, even by that of smaller municipalities.

এই কথাটা যেন মন্ত্রিমহাশয় স্মরণ রাখেন। শুধু তাই নয়, এই প্রসঙ্গে আনন্দবাজার কাগজে গত ১৯৬২ সালে ৮ই ফেব্রুয়ারি সম্পাদকীয় যে একটা প্রবন্ধ দিয়েছে তাতে তারা লিখেছে—"নিরক্ষরতা দূরীকরণ সরকারের অন্যতম প্রাথমিক দায়িত্ব হইলেও খাস কলিকাতাতে এখনও পর্যন্ত প্রতিটি শিশুর জন্য প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা সম্ভব হয় নাই। অর্থাভাবই ইহার কারণ, কলিকাতা কর্পোরেশন কলিকাতা শহরের তিন লক্ষ শিশুর মধ্যে ১।৫ অংশের শিক্ষার ব্যবস্থা করতে পেরেছেন, বেতন দিয়ে পড়বার কিছু ব্যবস্থা থাকলেও আর্থিক কারণে সকলের পক্ষে সে সুযোগ গ্রহণ করা সম্ভব নয়। কর্পোরেশন-এর স্কুলে সাধারণত নিম্ন মধ্যবিত্ত ঘরের ছেলেমেয়েরাই পড়াশুনা করে। কর্পোরেশন-এর অবৈতনিক বিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি করতে পারলে আরও অনেক গরীব ঘরের ছেলেমেয়েরা শিক্ষার মুখ দেখতে পাবে। কলিকাতা শহরের গরীব মধ্যবিত্তদের আর শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত করা উচিত নয়। কলিকাতা শহরের প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করিবার আইনত দায়িত্ব যার উপর থাকুক না কেন শিক্ষাব্যবস্থার সামগ্রিক দায়িত্ব সরকারেরই"। কাজেই গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষার অবস্থা একটা চিত্র, সেটা একটু তুলে ধরছি। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার কথা আমরা অনেক আগে শুনেছি সেটা স্বপ্ন হয়ে গেছে। শুধু তাই নয়, গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষা যেভাবে চলছে তাতে সেদিকে সরকারের প্রশাসনিক বিভাগ একটা চরম বিশৃঙ্খলা সেখানে সৃষ্টি করেছে। সেখানে স্কুলবোর্ড-এর মাধ্যমে প্রাথমিক শিক্ষা কন্ট্রোলড হয়ে থাকে। এই স্কুলবোর্ড-এর মেম্বার ইলেকটেড হয়, অঞ্চল পঞ্চায়েত, ইউনিয়ন বোর্ড-এর মেম্বার-এর মারফৎ। সেখানে কোন ফ্রি ইলেকসন, ফেয়ার ইলেকসন হয় না, সেখানে ভোট বাই ব্যালাট তাঁরা নির্বাচিত হন না। প্রত্যেকটা জায়গায় বাংলাদেশের গ্রামাঞ্চলে এইসব স্কুলবোর্ড কংগ্রেসী রাজনীতির একটা ঘাঁটি হয়েছে এবং ইচ্ছামত প্রাথমিক শিক্ষকদের আজ এখানে কাল সেখানে ট্রান্সফার করা হচ্ছে। গত বৎসর এই বাজেট উপস্থাপিত করার সময় মুর্শিদাবাদের প্রাইমারী শিক্ষক ইদ্রিসের স্ত্রী পদ্মার জলে ঝাঁপ দেবার কথা বলেছিলেন। পারসোন্যাল এক্সপ্ল্যানেশন দেবার সময় আমাদের ডেপুটি মিনিস্টার কাজেম আলি মির্জা প্রতিবাদ করেছিলেন। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি

হাউসের সদস্যদের কাছে জানিয়ে রাখছি যে শুধু অর্থাভাবের জন্যই এবং ডিস্ট্রিক্ট স্কুলবোর্ডের খামখেয়ালীর ও অপদার্থতার জন্য ইদ্রিস আজ ইহলোকে নাই। এই অবস্থা যখন একদিকে চলেছে অন্যদিকে আরও গণ্ডগোলের সৃষ্টি হচ্ছে ও নানা বিভাগের মাঝখানেই সৃষ্টি হয়েছে। সেকেন্ডারী এডুকেশনের ক্ষেত্রে হউক বা কলেজের ক্ষেত্রেই হউক সর্বত্র এটা সৃষ্টি হচ্ছে। কোথাও সরকারের তরফ থেকে কোথাও সেসব ইন্সটিটিউশনের কর্মকর্তাদের তরফ থেকে সৃষ্টি হয়েছে। এখানে চারুচন্দ্র কলেজের প্রিন্সিপ্যালের কথা না বলে পারছি না। সেখানকার কলেজের ছেলেরা সরস্বতী পুজার চাঁদা বাঁচিয়ে যে টাকা ডিফেন্স ফান্ড-এ দেবে বলেছিলেন, চারুচন্দ্র কলেজের প্রিন্সিপ্যাল সে টাকা আজও ডিফেন্স ফান্ডে দেয় নি। এ ঘটনা আজও চলছে। সেই কলেজের সঙ্গে মুখ্যমন্ত্রী মহাশয়ের শ্রী পি সি সেনের অত্যন্ত নিকট সম্পর্ক ছিল।

[1-30—1-40 p.m.]

কথাটা আজকে অত্যন্ত জোর দিয়ে বলছি, অন্যদিকে স্বাস্থ্যের দিকে আমরা দেখছি কলেজে কলেজে ও স্কুলে স্কুলে আমরা দেখছি হেল্‌থ সেন্টার স্থাপনের কথা এখন যখন বলি তখন গভর্নমেন্টএর নজর নেই, মাত্র ৪টা কলেজে হেল্‌থ সেন্টার স্থাপন করা হয়েছে। স্যার, স্পেসএর অভাব, 'জায়গার অভাব' ইত্যাদি বলে দেওয়া হয় আমাদের। গতকাল সন্ধ্যাবেলায় সিটি কলেজএ গিয়েছিলাম, সিটি কলেজএর কর্তৃপক্ষ বললেন স্পেসএর অভাবে হেল্‌থ সেন্টার হচ্ছে না, কিন্তু বাউন্ডারির মাঝখানে লেদ মেসিনএর কারখানা। সদস্যগণের যদি প্রয়োজন থাকে তা হলে যদি সিটি কলেজএর প্রিন্সিপ্যালের সঙ্গে যোগাযোগ করেন দেখবেন বাউন্ডারির মাঝখানে ঐ রকম কারখানা চলেছে। ওটা কি কারখানা? ওটা কি ব্যবসা করবার জায়গা, কলেজের বুকের উপর? শিক্ষাদপ্তর নেই, মন্ত্রিমহাশয়দের কি এ দেখবার সময় থাকে না? ডাঃ প্রফুল্ল ঘোষ ক'বছর আগে ঠিক কথাই বলেছিলেন, কলকাতার কলেজগুলো হাট্‌স অ্যান্ড বাজারস হয়ে দাঁড়িয়েছে। অথচ আমরা শিক্ষাদপ্তর পুষেছি ১ জন নয়, ৪ জন মন্ত্রী, ৪ জনের উপরেই শিক্ষা দপ্তরের ভার দেখাশুনার ঠিক হয়েছে, সেদিক থেকে কোন অভাব নেই। বাংলাদেশের মানুষের শিক্ষাব্যবস্থা চালাবার জন্য শিক্ষাদপ্তর আছে তাঁরা চরম ঔদাসিন্য দেখাচ্ছেন এবং যে অপদার্থতার পরিচয় দিয়েছেন এর জবাব বাংলাদেশের শিক্ষক, ছাত্র ও অভিভাবক সমাজ দেবে।

Shri Syed Nawab Jani Meerza:

مسٹر ڈپٹی اسپیکر سر —

آج مجھے اس ایوان میں بجٹ پر کہنے کا موقعہ ملا ہے - والبتہ میں ہندوستانی میں کہونگا، سر، مجھے افسوس کے ساتھ اظہار کرنا پڑتا ہے کہ آج کوئی اردو جاننے والا یا کوئی اردو اسپیکر اس ہاؤس میں نہیں ہے حالانکہ اسکی سخت ضرورت ہے، حالانکہ اردو قومی زبان ہے اور کنسٹیٹیوشن نے اسکو مان لیا ہے - آج ایجوکیشن بجٹ پر میں کہوں کہ ایمرجنسی کے دور میں جب کہ قومی زندگی میں نئے انقلاب نے جنم لیا ہے تو اس صحیح طریقہ سے تعلیم (proper education) سے ہم قوم کی زندگی کو سنوار سکتے ہیں۔

اسلئے یہہ ضروری تھا کہ اس 13 برس کے عرصہ میں حکومت کو چاہئے تھا کہ وہ تعلیم (Education) کے طرف ٹھیک سے دھیان دیتی

تاکہ آج دیش کے کونے کونے میں تعلیم کی روشنی جائے - مگر مجھے افسوس کے ساتھ کہنا پڑتا ہے کہ آج یہاں فری کمپلسری پرائمری ایجوکیشن جو کہ بہت ہی ضروری تھی اور جسکی ضرورت اسوقت آن پڑی ہے مگر ہماری حکومت کامیاب نہیں ہوئی اسکو جاری کرنے میں حالانکہ اور صوبونکی حکومتوں — کیرالا، مہاراشٹر — ان سب صوبونکی حکومتوں نے اسکو جاری کیا ہے - خاص کرکے پرائمری ایجوکیشن کے بارے میں مجھے یہہ کہنا ہے کہ ابتدائی تعلیم پرائمری اسکول میں دیتے وقت دھیان رکھا جائے تاکہ لڑکوں کا مورل کیریکٹر سدھر جائے - اسکے لئے انکو ایسی کتابیں پڑھنی چاہئیے جس میں اچھے بزرگوں کی زندگی اور واقعات، رہنماؤں کے کارنامے اور انکی قربانیوں کی داستانیں ہونی چاہئیے تاکہ بچپن سے ہی بچوں کا کیریکٹر اچھا اور سدھرا جائے اور انکا کریکٹر بنتا جائے ۔

مجھے افسوس کے ساتھ عرض کرنا پڑتا ہے اسکی معرفت خاص طور کے اردو انسٹیٹیوشن یہاں جتنے ہیں انکو پارٹیشن کے بعد کافی نقصان پہنچ رہا ہے - جیسے نواب بہادر مرشدآباد، سعادت میموریل اردو اسکول ہیں جس میں لڑکیاں تعلیم پا سکتی تھیں - پارٹیشن کے بعد لڑکیوں کا داخلہ بہت مشکل ہو رہا ہے - اس لئے حکومت اس طرف نظر دے - تیسری چیز یہہ کہنا ہے کہ انکی تعلیم انکی مادری زبان انکی ماتری بھاشہ میں ہو - ایسا نہ ہونے سے انکو بہت سی تکلیفوں کا سامنا کرنا پڑتا ہے - اس لئے یہہ ضروری ہے کہ جب وے اسکول فائنل یا ہایر سیکنڈری پاس کرنے کے بعد داخلہ کے لئے کالجوں میں جائیں تو انکو انکی ماتری بھاشہ میں یعنی انکی مادری زبان میں تعلیم ملنی چاہئیے یا پڑھایا جانا چاہئیے کیونکہ یکایک جا کر انگلش میں پڑھنا پڑتا ہے جس سے کافی دشواریوں کا سامنا کرنا پڑتا ہے ۔

تیسری چیز میں آپکے معرفت Hon'ble Education Minister سے عرض کرونگا کہ اس اسکول خاص کر کے نواب بہادر اسکول کا جو فنڈ حکومت کے پاس ہے اس سے رہائش یا ایک University بنگلہ، اردو، عربیک اور سنسکرت کچھ قائم کر سکتی ہے - حالانکہ یہہ یاد رکھیگی یہہ وہی مرشدآباد ہے جو کہ کبھی علم و فن کا مرکز تھی جہاں پر تہذیب و تمدن پنپتی اور سنورتی تھی - آج اسکو تعلیمی زندگی سے بہت دور کیا جا رہا ہے ۔

اسکے ساتھ ساتھ مجھے یہہ کہنا ہے کہ کوراباراز آئی - ٹی - انسٹیٹیوشن میں بہت سی ایسی باتیں ہوئیں ہیں وہاں پر گورنمنٹ منی کی لیکن misappropriation ہوئی ہے - اسکے بارے میں ابھی تک حکومت کیا کر رہی ہے ؟

تیسری چیز یہہ ہے کہ نواب بہادر Institution میں بہت سی کمی ہے ٹیچر ہیں جس کے لئے دو بار کہا گیا ہے ہمارے Hon'ble Deputy Minister سید کاظم علی مرزا سے جو اس اسکول کے ممبر ہیں - پچاسوں بار شکایتیں کی گئیں مگر انہوں نے دھیان نہیں دیا اور نہ حکومت ہی اسکی طرف دھیان دیتی ہے - حکومت کو یہہ یاد رہے کہ وہ فری انسٹی ٹیوشن ہے اور ہر قوم، ہر مذہب اور ہر ملت کے ایک ساتھ فائدہ اٹھا رہی ہے - جمہوریت کا تقاضہ ہے کہ ان سب چیزوں کو برقرار رکھتے ہوئے ہر قوم، ہر ملت اور ہر مذہب کو فائدہ پہونچانا چاہئے - تعلیم سے آج زندگی میں ہمیں جو کٹھنائیوں اور دقتوںکا مقابلہ کرنا پڑ رہا ہے وہ ہم کہہ نہیں سکتے ۔

خاص کرکے اردو داں لڑکے جو partition کے پہلے بھرے ہوئے تھے اسکولوں و کالجوں میں آج ایسی حالت ہو گئی ہے کہ نہ تو کالجوں

میں جگہہ پاتے ہیں اور نہ تو اسکولوں میں ہی داخلہ ملتا ہے - اس لئے ضروری ہے کہ انکی طرف آپ دھیان دیجئے اور انکی مشکلاتیں دور کرنے کی کوشش کیجئے - اسکے باوجود یہہ یاد رہے کہ انکی تعداد مغربی بنگال میں کچھہ کم نہیں ہے - لاکھوں کی تعداد اردو داں لوگونکا اور اردو اسٹوڈنٹونکا ہے جیسے کلکتہ، مرشدآباد، بردوان، دیناجپور اور آسنسول کے علاقہ میں کافی ہے - اسکے باوجود بھی انکے لئے کچھہ بھی نہیں کیا جاتا ہے - آج انکو بہت مشکلونکا سامنا کرنا پڑ رہا ہے - اس لئے حکومت سے عرض کرتا ہوں کہ انکی طرف دھیان دے اور جمہوریت کے اصل معنی کو Democracy کے جو اصل معنی ہیں - کیونکہ Democracy کا معنی یہہ ہے کہ ہر قوم ہر مطالب برقرار ہے اور حکومت سے فائدہ اٹھا سکے ٭

تیسری چیز پرائمری ٹیچر کی تنخواہیں اتنی کم ہیں کہ جس کی وجہہ سے انکو اپنی پوری ذمہداری سے کام کرنے کا موقعہ نہیں ملتا - ایک قلی کی آمدنی اس سے زیادہ ہے - اس لئے یہہ ضروری ہے کہ حکومت کو اسکی طرف نظر دینی چاہئے کیونکہ یہہ کام بہت ذمہداری کا ہے - اگر حکومت اسطرف نظر نہیں دیگی تو جو ہماری Builder of the nation ہے اگر ٹھیک طور سے انکی طرف دھیان نہیں دیا جائے جیسے تنخواہ بھی نہیں ملے جس سے وے اپنی ضروریاتیں زندگی پوری کر سکیں تو کسطرح اپنے اہم فرض کا امتحان دینگے ٭

آخر میں مجھے یہہ کہنا ہے کہ ان سب باتوں پر غور کرتے ہوئے میں حکومت سے عرض کرونگا کہ وہ ان سب چیزوں پر دھیان دے اور سب باتیں جو ہمارے اور دوستوں اور ساتھیوں نے کہیں ہیں اس پر خاص نظر رکھے ٭

[1-40—1-50 p.m.]

Shri Anadi Das:

মাননীয় ডেপুটী স্পীকার, স্যার, আমার সময় খুব অল্প। কাজেই ত্রুটিগুলি সব বলার সুযোগ ও সময় নাই। আমি শুধু দুটী কথা আপনার সামনে বলতে চাই। এবারে যে বাজেট হয়েছে, সেই বাজেটে যা রাখা হয়েছে—তা রাখতে গিয়ে দেখা যাচ্ছে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় মেঘনাদের মত মেঘের আড়ালে থেকে লড়াই করছেন রামের সংগে। এখানে তিনি এমার্জেন্সির নামে এবং কতকগুলি মিথ্যা আশ্বাসের পেছন থেকে তিনি লড়াই করছেন। এটা এমার্জেন্সির জন্য শিক্ষা খাতে টাকা কমান কোন দেশে এর নজীর নেই। গত দ্বিতীয় মহাযুদ্ধের সময় ইংল্যান্ড, আমেরিকা এবং রাশিয়া—কোন দেশেই শিক্ষার জন্য টাকা কমানো হয় নাই। কিন্তু আমাদের দেশে সেটা করা হয়েছে এবং আমাদের আশ্বাস দেওয়া হয়েছে নানারকম—যে টাকা এই খাতে কমে গেলেও আমরা অনেক কিছু করে তুলতে পারবো,—গ্রামাঞ্চলে ইউনিভার্সাল এডুকেশনকে ফ্রি এ্যান্ড কম্পলসারী নিশ্চয়ই করতে পারবো, অথচ তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় বলা হচ্ছে যে পাঁচ বছর পরেও আমরা 80 per cent. of the child population এর বেশী সেদিকে নিয়ে যেতে পারবো না, এ্যাডাল্ট এডুকেশন তো দূরের কথা। দেখা যাচ্ছে পাঁচশো পাঠশালা তৈরী করলে আমাদের দেশে যে এ্যাডাল্ট ইল্লিটারেসি আছে, যে অশিক্ষা আছে, তা দূর করতে পারা যাবে। এতদিন পরে আমরা ঠিক করছি আগামী বছর মাত্র পাঁচশো পাঠশালা তৈরী করবো। সত্যিই তাতে কতটা কি হবে তা জানি না।

আমরা এর প্রত্যেক আইটেম যদি ধরি তাহলে দেখা যাবে খরচ যা ধরি তা আমরা ব্যয় করতে পারি না। এই এ্যাডাল্ট এডুকেশন-এর ক্ষেত্রে দেখছি ১০ বছরে মাত্র নিরক্ষরতা দূর করতে পেরেছি। একটি উদাহরণ দেই গতবার বলেছি—কিউবার মত জায়গায় যেখানে ৪ পারসেন্ট লিটারেসি ছিল, সেখানে তারা দেড় বছরের মধ্যে সেন্ট পার সেন্ট লিটারেসি হয়েছে। আর আমরা ১৫ বছরে যেখানে ২৪ পারসেন্ট লিটারেসি ছিল সেখানে ২৯·১ পারসেন্ট করতে পেরেছি। কারণ আমাদের সরকার থেকে শিক্ষা সম্পর্কে তেমন কোন আন্দোলন চালানো হয় নাই। তার ফলে এই হয়েছে। সেমিনার ইত্যাদির জন্য টাকার বরাদ্দ হলো ২ লক্ষ ৫ হাজার টাকা মাত্র, এর মধ্যে ৫০ হাজার টাকা ব্যয় হলো। এইভাবে দেখলে পরে অসংখ্য ত্রুটি দেখা যায়।

মাননীয় ডেপুটী স্পীকার, স্যার, এই বিধান সভার বাজেট অধিবেশনে দেখছি প্রত্যেকটা খাতে অবহেলা হয়েছে, শৈথিল্য হয়েছে। এই অভিযোগ বহু সদস্য করেছেন। এমন কি কংগ্রেস বেঞ্চ থেকেও এই রকম অভিযোগ আছে। এই অভিযোগগুলির কারণ কি—তা যদি অনুধাবন করা না হয়, সেটা যদি দূর করা না হয়, তাহলে আমরা বিরোধী পক্ষ থেকে যতই চীৎকার করি না কেন, এই শিক্ষাকে সহনীয় ও দ্রুত ও ব্যাপক করতে পারা যাবে না। শিক্ষার মত সর্বজনকল্যাণকর ব্যাপারে এত বড় মতবিরোধ হয় কেন? আসল কথা কৃষ্টি এবং সংস্কৃতি সেটা অর্থনৈতিক বনিয়াদের উপর তৈরী হয়। সেটা হচ্ছে গোড়া, তারপর সুপার স্ট্রাকচার বা অন্য জিনিস তৈরী হয়। ধনীর ধন বৃদ্ধি, গরীব আরো গরীব—এই যে নীতি চলেছে ব্যক্তিগত মালিকানা ক্ষেত্রে—, মিনস অব প্রোডাক্সন-এর ক্ষেত্রে প্রাইভেট সেক্টর এখনো সেই সমস্ত করছে। তার জন্য শিক্ষায় গলদ দেখা যাচ্ছে।

Shri Adwaita Mandal:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, বঙ্গ ভুক্তির পর দীর্ঘ ছয় বৎসর হয়ে গেল এখনও পুরুলিয়া জেলার শিক্ষা ক্ষেত্রকে বাংলা বিহার আইনের খিচুড়ি অবস্থা থেকে মুক্ত করা হল না। এর মূলে শিক্ষা ক্ষেত্রকে সরকারী খেয়াল খুসীর অধীনে রাখবার ইচ্ছে বলেই জেলার জনসাধারণের মনে করার সংগত কারণ রয়েছে। কারণ, পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় জেলা স্কুল বোর্ড রয়েছে, নেই কেবল পুরুলিয়া জেলায়। দীর্ঘ ছয় বৎসরেও পশ্চিমবঙ্গ সরকারের সময় হল না এই জেলায় একটা স্কুল বোর্ড করবার। জেলা স্কুল বোর্ড হলে, তার দ্বারা শিক্ষা পরিচালনার ক্ষেত্রে জনগণের খানিকটা অংশ গ্রহণ করার সুযোগ থাকে। জনগণকে এই সুযোগ দিলে সরকারের অসুবিধা আছে কারণ, পুরো কেন্দ্রীভূত শাসনে অধঃস্তন কর্মচারীদের দিয়ে গোষ্ঠী স্বার্থে বা দলীয় রাজনীতিক স্বার্থে কাজ করান যায়। পুরুলিয়ায় এর পূর্ণ সুযোগ গ্রহণ করা হচ্ছে

এবং বিগত নির্বাচনের নগ্ন রূপ উৎকট আকারে দেখা দিয়েছিল। এই অভিযোগের উপযুক্ত তদন্ত হওয়া আমরা প্রয়োজন মনে করি। শিক্ষা ক্ষেত্রে যে অবাঞ্ছিত রাজনীতি পশ্চিমবঙ্গের অধ্যায় কাল থেকেও যে পুরাপুরি ভাবে চলেছে, তার বিভিন্ন উদাহরণের মধ্যে একটি উজ্জ্বল দৃষ্টান্ত হল বান্দোয়ানের দুটি স্কুলের ব্যাপার। বহু সুদীর্ঘকালের বাংলা স্কুল যা বাংলা ভাষার সংগ্রামে ঋষি নিবারণচন্দ্র বিদ্যাপীঠ নাম গ্রহণ করে, সেই বাংলা স্কুলকে ধ্বংস করার জন্য বিহার সরকারের দ্বারা একটি জাল হিন্দী স্কুল, অমর নাথ ঝা স্কুল নামে প্রতিষ্ঠিত হয়। এবং ঐ বাংলা স্কুলের মঞ্জুরী বিলোপসাধন থেকে আরম্ভ করে বহু নির্যাতন চলে এবং হিন্দী স্কুলের প্রতি বহু বেআইনী কৃপা বর্ষণ হতে থাকে। কিন্তু, মাতৃভাষা রক্ষার দৃঢ় সংকল্প নিয়ে জনশক্তি ও জনগণের তথা শিক্ষকগণের দীর্ঘকালের ত্যাগ-শক্তির দ্বারা এই স্কুল সকল অত্যাচার অবহেলা করে টিকে থাকে। জনগণের তথা এই সকল ঐতিহাসিক স্কুলগুলির সংগ্রাম শক্তির বলে পশ্চিমবঙ্গ সরকার পুরুলিয়ার ওপর শাসনের অধিকার লাভ করেন। বাংলা সরকার এই অধিকার লাভ করেই প্রথম কাজ সুরু করলেন সেই সব প্রতিষ্ঠানের ক্ষতি সাধন করবার, অথচ তাদেরই সম্মিলিত শক্তিতে পুরুলিয়ায় তাঁরা শাসনের অধিকার লাভ করেন। এই প্রতিষ্ঠান-গুলির অন্যতম বান্দোয়ানের এই ঐতিহাসিক স্কুল ঋষি নিবারণচন্দ্র বিদ্যাপীঠ। এই স্কুল বিহার সরকার দ্বারা অন্যায় ভাবে অপহৃত এবং এর মঞ্জুরী ফেরৎ না দেওয়ার জন্য বহু কলা-কৌশল সুরু হল। এই অবিচারের বিরুদ্ধে তিন বছর ধরে সংগ্রাম করে এই বিদ্যালয়ের জন্য জনগণ মঞ্জুরী আদায় করে। আজও দেখা যায় এই ঐতিহাসিক বিদ্যালয়ের বিরুদ্ধে রাজনৈতিক ষড়যন্ত্রের অন্ত নেই। অন্যায় ভাবে এর যোগ্য প্রধান শিক্ষক ও অন্যান্য শিক্ষকদের প্রতি সরকারী সমর্থন প্রত্যাহৃত হয়। এবং যা দীর্ঘকাল পরে সরকার তুলে নিতে বাধ্য হল। এবং আর এক দিকে এই বিদ্যাপীঠের প্রতি অন্যায় আচরণের সঙ্গে পর্যায়ক্রমে বিহার আমলের ন্যায় অমরনাথ ঝা স্কুলটির প্রতি অন্যায় ভাবে কৃপা বর্ষিত হতে থাকে এবং এই স্কুলটি সরকার ও কংগ্রেসের সকল রকম ব্যাপারে ও অনুষ্ঠানের একটি আখড়া রূপে পরিণত হয়। ঋষি নিবারণচন্দ্র বিদ্যাপীঠ উচ্চ বিদ্যালয়ের পর্যায়ে উন্নীত হবার যোগ্যতা অর্জন করে, এবার মঞ্জুরীর জন্য আবেদন করে, এবং সঙ্গে সঙ্গে দেখা যায় অমরনাথ ঝা স্কুলটিও আবেদন করে, কিন্তু উপযুক্ত যোগ্যতার পরিচয় তার ছিল না। সহসা এক ঘটনার আবির্ভাব হল। মঞ্জুরী পাবার আগেই প্রচারিত হল যে অমরনাথ ঝা স্কুলটি মঞ্জুরী পাবে বলে ব্যবস্থা হয়ে গিয়েছে। মঞ্জুরী পাবার আগেই আমন্ত্রণপত্রে স্কুলটিকে উচ্চ বিদ্যালয় বলে ঘোষিত হয়ে গেল। এবং দেখা গেল ঋষি নিবারণচন্দ্র বিদ্যাপীঠের কতকগুলি ছাত্র স্কুল পরিত্যাগের সার্টিফিকেট ছাড়াই ঐ অমরনাথ ঝা স্কুলে গৃহীত হল। এবং বিদ্যাপীঠের দুজন পুরাতন শিক্ষক সহসা অমরনাথ ঝা স্কুলে যোগদান করলেন। তদন্তের দিনে কয়েক ঘণ্টার জন্য হেডমাস্টারের যোগ্যতা সম্পন্ন শিক্ষক ও ধার করা চেয়ার, টেবিল প্রভৃতি অমরনাথ ঝা স্কুলের শোভা বর্ধন করল। তারপরই মঞ্জুরীর ফলাফল প্রকাশিত হল অমরনাথ ঝা স্কুল যোগ্যতা সম্পন্ন, আর বিদ্যাপীঠ তার ছাত্র সংখ্যা ও শিক্ষক সংখ্যার দিক থেকে, যোগ্যতা সম্পন্ন নয়, সুতরাং মঞ্জুরীর পরিবর্তে অমরনাথ ঝা স্কুলের জন্য।

[1-50—2 p.m.]

কয়েকটি গুরুতর বিষয়ে আজও যোগ্যতা সম্পন্ন না হয়েও অমরনাথ ঝা স্কুল মঞ্জুরী লাভ করলো। অন্যদিকে বিদ্যাপীঠ সারা বৎসর উপযুক্ততা অর্জন করেও তদন্তের দিনের খতিয়ানে অযোগ্য প্রমাণিত হোল। আকস্মিক অবস্থা সামলে নেবার সুযোগও এই স্কুলকে দেওয়া হল না। এর প্রতিকারের জন্য এই স্কুল কর্তৃপক্ষ কি চেষ্টা করে কি অবস্থার সম্মুখীন হলেন এবং অমরনাথ ঝা স্কুল কি কি অত্যন্ত প্রয়োজনীয় বিষয়ে যোগ্যতা সম্পন্ন না হয়েও মঞ্জুরী পেয়েছে যথা সময়ে আমরা তার তথ্য উদ্‌ঘাটন করব।

স্কুলগুলির ম্যানেজিং কমিটি গঠনের যে অভিনব বিচিত্র ধারা প্রবর্তিত হয়েছে তার দ্বারা কায়েমী স্বার্থবাদীরা অথবা সরকারী অনুগ্রহ ভাজনরা এই ক্ষেত্রে রাজনৈতিক চক্রান্ত চালাবারও বহু সুযোগ লাভ করেছে। এই অবাঞ্ছিত সুযোগের অবকাশে পুরুলিয়ার একটি স্কুল ম্যানেজিং কমিটি গঠনে অন্যায় আচরণ করে। এর বিরুদ্ধে অভিযোগের ফলে তদন্ত হয় ও নূতন ব্যবস্থা বাতিল হয়। কিন্তু দীর্ঘকাল হয়ে গেল, পুনরায় নূতন ব্যবস্থা দ্বারা কায়েমী স্বার্থের অবসানের

আর কোন ব্যবস্থাই এখানে হল না। হয় শিক্ষাপ্রেমী, সহায়ক মণ্ডলী ...
সুযোগে সরকারী সহায়ক কমিটি গঠিত হোক, নতুবা পুরাতন কায়েমী স্বার্থই পুরাতন কমিটি ধরে থাক এই সরকারের ইচ্ছে।

বঙ্গ বিহার আইনের খিচুড়ির নমুনাস্বরূপ ভগ্নপ্রায় কর্মহীন জেলাবোর্ড তথা লোকাল বোর্ডের হাতে আজও পর্যন্ত কতগুলি স্কুলের ভার আছে। সাম্প্রতিক কয়েকটি এরূপ স্কুলের অবাঞ্ছিত বিচিত্র ব্যাপার সমূহের পরিপ্রেক্ষিতে এই সকল স্কুলে দায়িত্ব এরূপ বিশৃঙ্খল ব্যবস্থার হাতে কখনই রাখা উচিত নয়।

এই জেলায় বি টি ট্রেনিং বিভাগ খোলার স্কীম হয়ে দীর্ঘকাল পড়ে আছে কিন্তু তা হবার কোন লক্ষণ নেই। জেলা বোর্ড থেকে শিক্ষা বিভাগের জন্য কয়েকজন কর্মচারী নেওয়া হয়। ১৯৫৬ সালে বঙ্গভুক্তির সময় স্থায়ী পদে তাদের সামিল করে নেবার সরকারী প্রতিশ্রুতি সত্ত্বেও এখনো তাঁরা অনিশ্চিত ব্যবস্থা ও বহু ক্ষতি ও অসুবিধার মধ্যে ঝুলছেন। তাছাড়া শিক্ষা ক্ষেত্রে বহু বিভাগেই আজ অবাধ অপচয় ও অব্যবস্থা চলছে। বাংলা সরকার নিজেকে প্রগতিসম্পন্ন জনগণের প্রতিনিধি ও শিক্ষাপ্রেমী বলে মনে করে থাকেন। সমস্ত ব্যাপারগুলি থেকে তার পরিচয় আমরা পাই নি। শিক্ষায় অনগ্রসর পুরুলিয়া জেলার জন্য কোন সহানুভূতির পরিচয় নেই। বরং শিক্ষাক্ষেত্রের সমস্ত অবস্থাগুলি থেকে জেলার প্রতি সরকারী ঔদাসীন্য এবং কাজের বিষয়ে গভীর অযোগ্যতাই প্রমাণিত হয়েছে।

Shri Gurupada Khan:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, স্বাধীনতার পর থেকে আমাদের শিক্ষা ক্ষেত্রে সর্বাংগীন উন্নতি হয়েছে তার সম্বন্ধে বহু বক্তা বলেছেন, এমন কি তা বিরোধী দলের অনেক সদস্যই স্বীকার করেছেন। অবশ্য আমাদের দেশে যেটা অনাদি বাবু বলেছেন যে ১৷৷ পার্সেন্ট থেকে একেবারে সেন্ট পার্সেন্ট শিক্ষিত করা সম্ভব হয় নি। আর সেই রকম ধরনের কোন আলাদীনের প্রদীপ কোথায়ও পৃথিবীর মধ্যে লুকান আছে কিনা তাও আমি জানি না, যাই হোক প্রাইমারী শিক্ষার ক্ষেত্রে এবং মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে, এই দুটি ক্ষেত্রের সঙ্গে, আমরা পল্লীবাসীরা খুব বেশী জড়িত রয়েছি। অবশ্য কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষা আমাদের পল্লী অঞ্চলে প্রত্যক্ষভাবে ও পরোক্ষভাবে প্রসারিত হয়েছে সে বিষয় কোন সন্দেহ নেই তাহলেও আমাদের পল্লী বাংলাতে প্রাথমিক শিক্ষা আর মাধ্যমিক শিক্ষাটা খুব বেশী করে প্রচলিত রয়েছে বলেই এই দুটির উপর আমার নিজের বক্তব্য সীমাবদ্ধ রাখতে চাই। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে এবং মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে সর্বপ্রথম আমি এই কথাটাই সরকারকে অনুরোধ জানাচ্ছি, বিশেষ করে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে এটা আমাদের খুব ভাল করে মনে রাখা উচিত যে আমরা প্রাথমিক শিক্ষকদের যে বেতন দিয়ে থাকি, অত্যন্ত দুঃখের কথা সেটা ঠিক সময়মত তাঁদের দিতে পারছি না। এ বিষয় যে কোথায় কি গলদ লুকিয়ে আছে, আমি মন্ত্রী মহাশয়ের কাছে অত্যন্ত বিনয়ের সংগে নিবেদন করবো যে সেই গলদ সেই ত্রুটি অবিলম্বে দূর করার ব্যবস্থা করা উচিত। যেখানে যে গলদ ঢুকে থাক না কেন, সে স্কুল বোর্ডেই হোক, পোস্ট অফিসেই হোক, তা দূর করা উচিত। আমরা এই গরীব প্রাইমারী শিক্ষকদের যে বেতন দিয়ে থাকি সেই বেতনটা নিয়মিতভাবে মাসের পর মাস তাঁরা যাতে পেতে থাকেন সে বিষয় শিক্ষা বিভাগ অত্যন্ত তৎপর হয়ে উঠুন নইলে পল্লীগ্রামে পল্লীগ্রামে যখন আমরা গরীব শিক্ষকদের কাছে যাই বিভিন্ন কাজের জন্য তখন সত্যিই তাঁদের অবস্থা দেখে আমাদের দুঃখ হয়। তারপর এই মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রেও বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশন থেকে যে গ্রান্ট ইন এড যায় তা এত অনিয়মিত যে আমরা পল্লীগ্রামের শিক্ষকদের নিয়মিত বেতন দিতে পারি না। একথা অত্যন্ত সত্য যে পল্লীগ্রামের স্কুলগুলিতে সহরের স্কুলগুলির মতন নিয়মিত বেতন আদায় হয় না, করাটা সম্ভব হয় না বিভিন্ন কারণে। যদি খুব চাপ দেওয়া যায় তাহলে ছাত্র সংখ্যা অনেক কমে যাবে। অবশ্য বেতন যে খুব বেশী বাকী পড়ে থাকে বছরের শেষে তাও থাকে না তবে নিয়মিত সেটা করা যায় না। যদি সরকারী যে সাহায্য রয়েছে সেটা নিয়মিত দেওয়া যেতো তাহলে অন্ততঃ মাধ্যমিক শিক্ষকদের খানিকটা খানিকটা মাধ্যমিক স্কুল থেকে নিয়মিত বেতন দিতে পারতাম। এই দুটি বিষয় সম্পর্কে আমরা যখন শিক্ষা ক্ষেত্রে

বিশেষ করে পল্লী শিক্ষা প্রতিষ্ঠানগুলি সম্বন্ধে চিন্তা করি তখন খুবই মনোবেদনা আমাদের দেয়। আমি আবার পুনরাবৃত্তি করছি মন্ত্রী মহাশয়ের নিকট, সবিনয় অনুরোধ করছি এই দুটি বিষয়ের জন্য যেন তিনি একটা ভাল ব্যবস্থা অবিলম্বে অবলম্বন করেন।

এরপর আমার খুব বেশী সময় নেই বলে আমি অল্প কয়েকটি কথা বলে আমার বক্তব্য সারছি। শিক্ষা ক্ষেত্রে, বিশেষ করে মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে সাধারণতঃ আমরা দেখি যে একটা সুষ্ঠু আবহাওয়ার সৃষ্টি হওয়া উচিত, একটা সুষ্ঠু পরিবেশের সৃষ্টি হওয়া উচিত কিন্তু আমরা পল্লীগ্রামে তা দেখতে পাই না। আমার মনে হয় শিক্ষা বিভাগ থেকে যদি এই ব্যবস্থা করা হয় যে সেখানে শিক্ষক এবং যারা অভিভাবক রয়েছেন তাঁদের নিয়ে বেশ জোরদার একটা সমিতি করা। অর্থাৎ তাঁদের সংগে মিলিত হওয়া, সেখানে স্থানীয় সমস্যা কি রয়েছে সেই সমস্যাগুলি নিয়ে আলোচনা করা। এমন কি ব্যক্তিগতভাবে কোন ছাত্রের সম্বন্ধে কি সমস্যা আছে সেইগুলি নিয়ে আলোচনা করা যেতে পারে। আমাদের এই পশ্চিম বাংলাতে কোথাও এই রকম ধরনের শিক্ষক ও অভিভাবকদের নিয়ে একটি সমিতি আছে কিনা আমি জানি না। আমার মনে হয় প্রত্যেক স্কুলে যদি এটা আমরা চালু করবার ব্যবস্থা করি তাহলে যে শুধু স্কুলের আভ্যন্তরীণ অবস্থা ভাল হবে তাই নয় শিক্ষকদের সঙ্গে অভিভাবকদের একটা ঘনিষ্ঠ যোগাযোগ থাকার জন্য ছাত্রের সঙ্গে শিক্ষকদের স্বতঃই একটা ঘনিষ্ঠ যোগাযোগ হয়ে যাবেই সে বিষয় কোন সন্দেহ নেই। ছাত্রের সঙ্গে শিক্ষকদের একটা ঘনিষ্ঠ যোগাযাগের কথা বলতে গিয়ে আর একটা কথা নিশ্চয়ই আমি শিক্ষা বিভাগকে স্মরণ করিয়ে দিতে চাই সেটা হচ্ছে এই যে শিক্ষক ও ছাত্রদের মধ্যে যে রেশিও রয়েছে, আমরা দেখেছি যে কোন পাঠশালায় গিয়েছি, যে কোন স্কুলে গিয়েছি, যাঁরা ট্রেনিং প্রাপ্ত শিক্ষক হন, ভাল শিক্ষক যাঁরা, তাঁরা উপরের ক্লাসে পড়িয়ে থাকেন আর শিক্ষার ফাউন্ডেশন যেখানে আছে, প্রাইমারী স্কুলেই হোক আর মাধ্যমিক স্কুলেই হোক সেগুলিতে শিক্ষক এবং ছাত্রের যে অনুপাত তার মধ্যে অত্যন্ত ফারাক আছে। বিশেষ করে প্রাইমারী স্কুলেতে, আমার অনেক জায়গায় যাবার সৌভাগ্য হয়েছে, আমি দেখেছি যেখানে ৪র্থ শ্রেণীতে অল্প সংখ্যক ছাত্র রয়েছে, প্রধান শিক্ষক মহাশয়, হেড টিচার যিনি তিনি সেখানে পড়াচ্ছেন, তিনি উপযুক্ত শিক্ষক, ট্রেনিং প্রাপ্ত শিক্ষক, আর ফাউন্ডেশন যেখানে রয়েছে সরকারের যেখানে মনস্তাত্ত্বিক উপায়ে শিক্ষা দেওয়া উচিত সেই প্রথম শ্রেণীতে যেটাকে আগে শিশু শ্রেণী বলা হোত সেখানে যিনি তৃতীয় শিক্ষক বা চতুর্থ শিক্ষক রয়েছেন তিনি পাঠ দান করছেন। এক বেত্র আস্ফালন করা ছাড়া সেখানে সবাইকে চুপ করিয়ে রাখবার মত আর কোন শিক্ষা দেবার পদ্ধতি তিনি জানেন কিনা আমি জানি না, আমার মনে হয় এই নিম্ন শ্রেণীর ছাত্রগুলি যেখানে রয়েছে সেখানে খুব বেশী আমাদের জোর দিতে হবে। তা ভিন্ন তাদের যে ভিত্তিটা সেটা আলগা হয়ে যাবে। তেমনি ক্লাস ৫, পঞ্চম শ্রেণী যে স্কুলে আছে সেখানে এত বেশী ছাত্র রয়েছে, এবং যেখানে একজন মাত্র শিক্ষক রয়েছেন সেখানেও ভিত্তিটা এইরকম আলগা হয়ে যায়। এর উপরে আরো যে কথাটা আমি বলতে চাচ্ছি সে কথাটা হচ্ছে এই, আমাদের স্কুলগুলিতে বিশেষ করে এই জরুরী অবস্থাতে যেটা আমরা খুব বেশী করে অনুভব করছি সেটা হচ্ছে ছেলেদের স্বাস্থ্য। আমি জানি না আমাদের পশ্চিমবাংলায় ছেলেদের স্বাস্থ্য পরীক্ষা করে তার বিধিমত ব্যবস্থা পল্লীতে ছাত্রদের ঠিকমত নির্দেশ দিয়ে একটু আগে যেটা আমি বলছিলাম শিক্ষকদের সংগে করার ব্যবস্থা আমাদের কতগুলি স্কুলে আছে। এইটাকে অন্ততঃ বাধ্যতামূলক করা উচিত। অভিভাবকদের একটা ঘনিষ্ঠ সম্পর্ক রাখার জন্য শিক্ষক এবং অভিভাবকদের নিয়ে একটা দৃঢ়তর সমিতি করা উচিত এবং যদি এইভাবে স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা থাকে, শিক্ষক মহাশয়দের মাধ্যমে ছাত্রদের স্বাস্থ্যের উন্নতির জন্যে শিক্ষক মহাশয়রা সেই অভিভাবকদের নিয়ে সে ব্যবস্থা করতে পারেন। আর একটা কথা আমাদের মনে রাখা উচিত, এই যে অভিভাবক এবং শিক্ষকদের যে সমিতি তার সংগে যদি আমাদের রাষ্ট্রের কোন প্রতিনিধি অর্থাৎ ইনেসপেক্টারদের কোন প্রতিনিধিত্ব থাকে তাহলে আরো ভাল হয়। সেটাকে আমরা নাম দিতে পারি শিক্ষা ক্ষেত্রের ত্রয়ী সম্মেলন। শিক্ষা ক্ষেত্রে ত্রয়ী সম্মেলনের উপর আমি জোর দিচ্ছি এত বেশী করে এইজন্য যে এটা যদি আমরা খুব ভাল করে সফল করে তুলতে পারি তাহলে বিদ্যালয়ের অভ্যন্তরে এবং বিদ্যালয়ের বাইরে শিক্ষার যে সুষ্ঠু, উপযুক্ত আবহাওয়া সেই আবহাওয়া আমরা তৈরী করতে পারবো সে বিষয় কোন সন্দেহ নেই। আর একটা কথা আমি বলি, প্রাইমারী স্কুলগুলিতে যেটা আমি লক্ষ্য করেছি এবং যেটা আমরা শিক্ষা বিভাগের উপর চাপ না দিয়ে সমাধান করতে পারি,

সেটা হচ্ছে প্রাথমিক স্কুলগুলিতে ইনেসপেক্টারদের পরিদর্শন ব্যবস্থা খুব শিথিল। আমি লক্ষ্য করেছি বছরে একবার, কি দু'বছরে একবার হয়। আমাদের সেখানে সাজেশন হচ্ছে এই যে আজকালকার দিনে আমাদের পল্লীতে পল্লীতে হাই স্কুল অনেক হয়েছে, আর সেই হাই স্কুলের ফিডার স্কুল হিসাবে অনেক প্রাইমারী স্কুল রয়েছে, এই হাই স্কুলে যাঁরা ট্রেন্ড শিক্ষক রয়েছেন তাঁদের দিয়ে যদি আমরা এই প্রাইমারী স্কুলগুলিতে পরিদর্শন—ঠিক ইনেসপেক্টারদের মত না হলেও—তাঁরা পড়াবেন, পরামর্শ দেবেন কি তাদের গলদ আছে তা কিভাবে পরিচালিত হওয়া উচিত, এই ব্যবস্থা যদি শিক্ষা বিভাগ করতে পারেন আমার মনে হয় সেটার ফল খুব ভালই হবে।

[2—2-10 p.m.]

ফলটা হবে হাই স্কুলের সংগে প্রাইমারী স্কুলের বন্ধন অচ্ছেদ্য ও ঘনিষ্ঠ হবে। প্রাইমারী স্কুলে যেসমস্ত শিক্ষক শিক্ষা দান করছেন তাঁদের মধ্যে যদি কোন শিক্ষ প্রাপ্তির সুযোগ পেয়ে থাকেন, অর্থাৎ যারা উচ্চ বিদ্যালয়ে শিক্ষকতায় যাবেন তাঁদের কাছ থেকে পেয়ে থাকেন তাহলে খুব ভাল হবে। এই ব্যবস্থা যদি কার্যকরী করতে পারা যায় সেটা খুব ভালো হবে। এন সি সি আরো বেশি করে প্রচলন করা উচিত পশ্চিমবংগে অবশ্য এজন্য খরচ আছে এবং শিক্ষা বিভাগেও কিছু কম ধরা হয়েছে। বর্তমান জরুরী অবস্থায় এন সি সি আরো প্রচলন করা উচিত, তাতে ছাত্ররা ডিসিপ্লিন্ড হবে, সুশৃংখলভাবে জীবন যাপন করতে পারবে। এজন্য আরো কম খরচে সমস্ত স্কুলে এন সি সি বাধ্যতামূলক করা যায় কিনা সে বিষয়ে চিন্তা করবার জন্য শিক্ষা বিভাগকে অনুরোধ জানাচ্ছি। এরপর, আমি আমাদের প্রাথমিক বিদ্যালয় যা রয়েছে সে সম্বন্ধে অল্প কয়েকটা কথা বলব। আমরা দেখছি প্রাথমিক বিদ্যালয়গুলি সংখ্যা হুহু করে বাড়ছে, কিন্তু প্রাথমিক বিদ্যালয় সংখ্যায় বাড়লেও আমরা এটা লক্ষ্য করেছি যে, বিদ্যালয় মঞ্জুর হওয়া সত্ত্বেও শিক্ষক নিয়োগে দেরী হয়। ছেলেরাও নিয়মিত আসা যাওয়া করছে, কিন্তু শিক্ষক ঠিক সময় নিযুক্ত হয় না। শিক্ষককে আমরা জাতির মেরুদণ্ড বলে স্বীকার করি ও সম্মান করি, এই শিক্ষকদের নিয়োগের ব্যাপারে যতটা সম্ভব সুষ্ঠু ব্যবস্থা করা সরকারের কর্তব্য, এবং সেদিক থেকে আমি আগেও বলেছি, আবারও বলছি যে, অভিভাবকদের সংগে এবং এবং রাষ্ট্র প্রতিনিধিদের ঘনিষ্ঠ যোগাযোগ রেখে শিক্ষার আবহাওয়াকে নির্মল ও সুন্দর করবার জন্য শিক্ষাবিভাগের চেষ্টা করা উচিত।

Shri Dulal Chandra Mondal:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে দুটো আইন আছে, একটা ১৯১৯ সালের এবং আরেকটি ১৯৩০ সালের, এই দুটো আইনই ব্রিটিশ সরকার তৈরী করেছিল। এই আইন দুটি ব্রিটিশ সরকার তৈরী করেছিল যাতে শিক্ষাকে গোড়া থেকে নির্মূল করা যায়, এবং যাতে ভারতবর্ষের লোকেরা শিক্ষায় শিক্ষিত হয়ে মেরুদণ্ড সোজা করে না দাঁড়াতে পারে। কিন্তু এখন আমাদের দেশ স্বাধীন হওয়ার পরেও এই দুটি আইন এখনও বলবৎ আছে। এই আইনের মধ্যে কি আছে, আমরা দেখতে পাচ্ছি এর মধ্যে শিক্ষকদের প্রতিনিধি নেই, জেলা বোর্ডের নির্বাচনে শিক্ষাবিদদের প্রতিনিধি নাই, এর মধ্যে আছেন যারা শিক্ষা থেকে বিচ্ছিন্ন এমন কয়েকজন লোক স্কুল বোর্ডে বসে আছেন। এবং তারাই সমস্ত শিক্ষা দপ্তরটা পরিচালনা করছেন। সেজন্য এই আইনটা পরিবর্তন করা দরকার। এর মধ্যে শিক্ষাবিদরা থাকবেন এবং শিক্ষকরা থাকবেন তাহলে শিক্ষার সংগে একটা সামঞ্জস্য থাকবে। এবং এর জন্য প্রয়োজন গণতান্ত্রিক আইন তৈরী করা। এই আইনের মধ্যে সমস্ত শিক্ষা ব্যবস্থাটা সুষ্ঠুভাবে যাতে পরিচালনা করা যায় তার ব্যবস্থা করা। আর সরকার আজ গ্রামাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়গুলিকে অবৈতনিক করছেন আমি বলি পৌর এলাকায়ও অবৈতনিক করা দরকার। আমি বলি একটা কেন্দ্রীয় গণতান্ত্রিক শিক্ষাবোর্ড তৈরী করার প্রয়োজন হয় তাহলে তা করা উচিত। পৃথিবীর অন্যান্য দেশের দিকে চেয়ে দেখি তাহলে দেখব সেই সব দেশ যখন স্বাধীন হল তারপর যখন তারা দেশকে সর্বাঙ্গীন উন্নতির দিকে পরিচালনা করতে লাগলেন তখন তারা শিক্ষাকে সর্বাধিক গুরুত্ব দিয়েছিলেন, যার ফলে তাঁরা দেশকে সুন্দর করে গড়ে তোলার কাজে এগিয়ে নিয়ে গিয়েছিলেন। কিন্তু আমরা দেখি আমাদের দেশ ১৫ বছর স্বাধীন হওয়ার পরেও আমাদের শিক্ষার মূলগত কোন পরিবর্তন হলো না। এ ছাড়াও আমরা দেখছি গ্রামাঞ্চলের প্রাথমিক

বিদ্যালয়গুলির কি রকম শোচনীয় অবস্থা! একটা চালাঘরে ৪টি ক্লাশ বসে, সেই ৪টা ক্লাশের মধ্যে ১৫০/২০০ ছেলে বসে এবং তার মধ্যে কোন পার্টিশান নাই। যদি গ্রামের কোন ভদ্রলোক দয়া করে বেঞ্চ সাহায্য করেন, একখানি টুল দেন বা চেয়ার দেন বা টেবিল দেন তাহলে সেখানে মাস্টার মহাশয়রা একটু বসে পড়াতে পারেন। এবং ছাত্ররাও একটু বসতে পারে। একটা চালু স্কুল সেই স্কুলের ছেলেরা কি ভাবে বসবে, শিক্ষকরা কি ভাবে শিক্ষা দেবেন, তাদের বসার জায়গা কি ভাবে হবে, সরকার এই সব বিষয়ে কোন নজরই দেন না। আমি মনে করি সমস্ত প্রাথমিক শিক্ষাটা সরকারের নিজের দায়িত্বে নিয়ে আসা উচিত। তারপর স্যার প্রাথমিক শিক্ষকদের বছরে ছুটির পাওনা মাত্র ১৫ দিন। এই ১৫ দিন ছাড়াও তারা যদি অসুখে ভোগে তাহলে তাদের পুরো বেতনে ছুটি মঞ্জুর হয় না। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে এই অনুরোধ করব যাতে তিনি এইসব শিক্ষকরা যদি অসুখে ভোগেন তারা যাতে মেডিক্যাল লিভএ পুরো বেতনে ছুটি পায় তার যেন ব্যবস্থা করেন। তাছাড়া এই সব শিক্ষকরা এত অল্প বেতন পায় আমরা বহু দিন ধরে দাবী করা সত্ত্বেও তারা আজ পর্যন্ত ১০০ টাকা বেতন পায় না। যদিও কিছুটা বেতন তাদের বেড়েছে, কিন্তু সে বেতন বর্তমান দ্রব্যমূল্যের তুলনায় তা কিছুই নয়। সেজন্য এখুনি তাদের ১০০ টাকা বেতন চালু করা দরকার। শিক্ষকদের বদলি ডিস্ট্রিক্টস স্কুল বোর্ডের নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। খামখেয়ালের উপর তাদের বদলি করা হয়। তারা যদি মনে করেন এই শিক্ষক অপরাধ করেছে যদিও অপরাধ প্রমাণিত না হয় তবুও তাকে বদলি করা হয়। যদি কোন শিক্ষক তিনি এই বদলি অর্ডার পেয়ে বসে থাকে তাহলে তার মাহিনা বন্ধ করা হয়। এবং দীর্ঘদিন ধরে মাহিনা বন্ধ হয়ে আছে এই রূপ ঘটনা আমার কাছে আছে। এবং আমার এলাকায় হয়েছে তাকে মাহিনা দেওয়া হয় না। এই হচ্ছে বদলির ব্যাপারে। বদলিটা কিসের ভিত্তিতে হয় আজ পর্যন্ত জানা যায় নি। এছাড়া বুনিয়াদী স্কুলগুলিতে বুনিয়াদী শিক্ষার কাজ চালু হয়েছে। সেটা চালু করতে গেলে যে সংখ্যক ছাত্র এই বুনিয়াদী বিদ্যালয়ে পড়বে সে ধরণের স্কুল আজ পর্যন্ত হল না। আমি জানি আমার এলাকায় একটা স্কুলকে বুনিয়াদী বিদ্যালয় করবার জন্য জমি দেওয়া হয়েছে স্কুল বোর্ডকে এবং জমি রেজিস্ট্রী করে দেওয়া হয়েছে কিন্তু দুই বছর হয়ে গেল সেই জমিটায় এখন পর্যন্ত বেসিক স্কুল হলো না। যেমন ভগ্ন প্রাথমিক স্কুল ছিল তেমনি রয়ে গেল। আমি জানি না বেসিক স্কুল হবার কি প্রতিবন্ধকতা আছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যে সাঁকরাইল থানায় মানিকপুর গ্রামে এই ব্যাপারে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের সভাপতি এবং ডি আইকে বারবার বলা সত্ত্বেও তাঁরা কোন কর্ণপাত করেন নি সেজন্য তিনি যেন দৃষ্টি দেন। এছাড়াও মধ্যমিক শিক্ষকদের ব্যাপারে আমি একটা কথা বলব যে ১৯৬১ সালে এপ্রিল মাস থেকে মাধ্যমিক শিক্ষকদের সংশোধিত বেতনের হার স্বর্গত মাননীয় মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় তিনি ঘোষণা করেছিলেন কিন্তু বাংলা দেশের অধিকাংশ বিদ্যালয়ের শিক্ষকরা আজও সংশোধিত হারে বেতন পাচ্ছে না।

যে কয়েকটি বিদ্যালয়ে এই সংশোধিত বেতন চালু হয়েছে তার মধ্যে দেখা যায় ঘোষিত প্রতিশ্রুতি অনেকের ক্ষেত্রে রক্ষা করা হয় নি। যেমন আনট্রেন্ড গ্র্যাজুয়েট যাঁরা তাঁদের ১৬০ টাকা বেতন দেবার প্রতিশ্রুতি ছিল, কিন্তু এখন তাঁরা পাচ্ছেন ১০৫ টাকা। এটা সেই পূর্বের বেতনের মতনই রয়ে গেছে। বিদ্যালয়গুলিতে সাহায্য দানের ব্যবস্থা অত্যন্ত অনিয়মিত এবং বিশৃঙ্খলার ফলে অধিকাংশ ক্ষেত্রে শিক্ষকদের বেতন দানের ব্যাপারে ছাত্রদের বেতনের উপর নির্ভর করতে হয়। সেজন্য মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এটা লক্ষ্য রাখবেন যাতে ১৬০ টাকা বেতন অবিলম্বে আনট্রেন্ড গ্র্যাজুয়েটদের জন্য চালু হয়। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-10—2-20 p.m.]

Shri Birendra Narayan Ray:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, কংগ্রেসের হাতে শাসন ভার যাবার পর এই ১৫ বছরে শিক্ষা ডিপার্টমেন্ট-এর যা উন্নতি হয়েছে সেটা হল ৪ জন মন্ত্রী-উপমন্ত্রী, মাথাভারী এ্যাডমিনিস্ট্রেশন কিন্তু আমাদের শিক্ষক এবং স্কুলের ততটা উন্নতি হয় নি। এর মধ্যে স্কুল-এর

পরিচালক মণ্ডলীকে নেওয়া হয় নি এবং ২ কোটি টাকা কমান হয়েছে। এই কমানোর জন্য আমি তীব্র বিরোধিতা করি। এই জরুরী অবস্থায় মন্ত্রিদের মাইনে এবং ভাতা ইত্যাদি যখন কমে নি তখন স্কুলের বরাদ্দ কেন কমবে। একটা যুক্তি আমি সরকারের বুঝি যে এই শিক্ষা ব্যবস্থায় সংকটের কারণ হয়েছে যে তাঁরা আর শিক্ষিত বেকার বাড়াতে চান না। অশিক্ষিত বেকার বাড়াতে চান। কারণ শিক্ষিত বেকার যত বাড়বে তত এই সরকারের আয়ু কমবে। বর্তমান যে নীতিতে চলছে তাতে শিক্ষকদের চাকরীর কোন গ্যারান্টি নেই। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে দেখুন যে আজ পর্যন্ত প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক এবং অবৈতনিক সব জায়গায় হয় নি—যেখানে হয়েছে সেখানে দুর্নীতি আছে। মুর্শিদাবাদে প্রাথমিক শিক্ষার প্রসার কি হয়েছে তা দেখাচ্ছি। একখানা জীপগাড়ী যার জন্য ৪৫ হাজার টাকা খরচ হয়েছে এবং আমাদের শিক্ষা খাতে সেই খরচ পড়েছে। এর সবচেয়ে বড় প্রমাণ হচ্ছে আমাদের অডিট রিপোর্ট। অডিট রিপোর্টে বলা হয়েছে যে অন্যায় ভাবে স্কুল বোর্ড জীপ ব্যবহার করে এবং স্কুল বোর্ডের সভাপতি তথা অপমন্ত্রী কাজেম আলি মির্জা সাহেবের নির্বাচন ক্ষেত্রে কয়েকটি স্কুলের শিক্ষকদের যেভাবে এ্যাপয়েন্টেড করা হয়েছে তার আমি তীব্র বিরোধিতা করি। যেমন ধরুন জয়নাল বলে একজন শিক্ষক—তিনি মহীয়ান স্কুলের শিক্ষক—তাঁর বিরুদ্ধে কেস হয়েছিল। কেস হবার পর কনভিকটেড হয়েছিলেন এবং তা হবার পরও তাঁকে নরম্যাল ক্যাডার হিসাবে চাকরী দেওয়া হয়েছে। আর একজন শঙ্করলাল তিনি দলগেছা প্রাইমারী স্কুলের শিক্ষক ছিলেন। তাঁর সম্বন্ধে অনেক অভিযোগ ছিল কোর্ট-এ কেস হয়েছিল, কিন্তু তারপর তাঁকে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। তার কারণ হচ্ছে তাঁরা কংগ্রেস-এর না কি ভোটে ক্যানভাস করেছিলেন এবং সেটাই তাঁদের একমাত্র কোয়ালিফিকেশন। শিক্ষা বিভাগে যে ৪ কোটি টাকা কমান হয়েছে। এই ৪ কোটি টাকা যদি মাথাভারী এ্যাডমিনিস্ট্রেসন-এ কমান হোত, ৪টির জায়গায় যদি একটি মন্ত্রী করা হয় এবং ডাইরেক্টর প্রভৃতি কমান যায় তাহলে অনেক টাকা আমরা পেতাম। কিন্তু তা হয়নি। ভাতা নিয়ে গতবারে মন্ত্রীরা নিয়েছিলেন ৭৩ হাজার টাকা—টোটাল ১০ লক্ষের মধ্যে ৭৩ হাজার টাকা নিয়েছেন, তার মধ্যে ৬ মাস এমার্জেন্সি পিরিয়ড। আমার মনে হয় ৮০।৯০ হাজার টাকা খরচ হয়ে যাবে মন্ত্রীদের মাইনে, ভাতা ইত্যাদি নিয়ে। এই রকম ভাবে অন্য ব্যক্তিদের শিক্ষকের চাকরী দেওয়া হচ্ছে এবং সৎ ব্যক্তিদের হয়রাণী যেভাবে করা হয় তার উদাহরণ আমি স্কুল বোর্ড সম্বন্ধে আলোচনা করতে গিয়ে বলেছিলাম। আমি আর বেশী বলতে চাই না, কারণ আমার দুজন বন্ধু আরও বলবেন।

Shri Jaharlal Banerjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। যদিও বর্তমান জরুরী অবস্থার জন্য এই শিক্ষা খাতে কিছু ব্যয় সংকোচ করা হয়েছে, তবুও আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে আশ্বাস দিয়েছেন যে তিনি এখাতে আরও অর্থ বরাদ্দ করবেন আরো ব্যয় বরাদ্দ মঞ্জুর করবেন। আমি মনে করি তাঁর আশ্বাস যদি প্রতিপালিত হয় তাহলে শিক্ষাক্ষেত্রে সুবিচার করা হবে। আমি শিক্ষাবিদ নই, এই সভায় অনেক শিক্ষাবিদ আছেন, যাঁরা সরকারের শিক্ষা নীতি সম্বন্ধে আলোচনা করবেন। আমি একজন সামান্য শিক্ষাব্রতী, এই শিক্ষাব্রতীর দৃষ্টি নিয়ে আমি আলোচনা করতে চাই এবং আমি আমার আলোচনা মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রের মধ্যেই সীমাবদ্ধ রাখতে চাই। মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে আজকে সাহায্যপ্রাপ্ত এবং সরকারী সাহায্য পায় না, এই বিদ্যালয়গুলি সম্বন্ধে বিশেষভাবে আলোচনা করবো। আজকে দেখতে পাই জনসাধারণের প্রয়োজনের খাতিরে অনেকগুলি বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল এবং সেগুলির অনেকগুলি সুযোগ্য পরিচালনার জন্য, সুযোগ্য শিক্ষক থাকার জন্য সরকার সেগুলিকে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করেছেন, কিন্তু এই উন্নীত হওয়ার ফলে, পরিচালনার ব্যয় ভার বর্ধিত হয়ে গেছে, এবং বর্ধিত হওয়ার ফলে বর্তমান পরিচালক মণ্ডলীর পক্ষে সেই ব্যয় নির্বাহ করা সম্ভবপর না হওয়ার জন্য তাঁরা আবেদন করেছেন, কিন্তু অনেক স্থলে দেখা গেছে যে, শিক্ষা বিভাগের যে কতকগুলি নিয়ম আছে ফর্ম, পরীক্ষার ফর্ম প্রভৃতি পালন করিতে না পারার জন্য সেগুলির অর্থ সাহায্য দেওয়া সম্ভবপর হচ্ছে না, এ ভিসাস সারকেল তৈরী হয়েছে। যে সমস্ত বিদ্যালয়গুলিতে সরকারী সাহায্য না পাওয়ার জন্য বিজ্ঞ শিক্ষকদের ধরে রাখা সম্ভব হচ্ছে না, কারণ সৌভাগ্যের বিষয়, আর এই

যে সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলির শিক্ষকদের বেতন বৃদ্ধি পেয়েছে এবং এ সমস্ত সাহায্যপ্রাপ্ত নয় বিদ্যালয়গুলিতে শিক্ষক ভাল হয় না এর ফলে যে ভিসাস সারকেল হয়েছে যে সরকারী সাহায্য পায় না বলে শিক্ষার মান ঠিক রাখা সম্ভবপর হচ্ছে না। আবার শিক্ষার মান ঠিক রাখা হচ্ছে না বলে সরকারী সাহায্য পাচ্ছে না। এ হতে উদ্ধার পাবার কি উপায় আছে সেদিকে আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আমার মনে হয় যদি এসব বিদ্যালয়গুলিকে সরকারী সাহায্য দেওয়ার পর যদি তাদের ২।৩ বছর সময় দেওয়া হয় তাদের অবস্থার উন্নতি করবার জন্য তাহলে হয়ত সুফল লাভ করতে পারা যায়। মাননীয় ডেপুটী স্পীকার স্যার, আর এক রকম সাহায্যহীন বিদ্যালয় আছে, তাদের কর্তৃপক্ষ ইচ্ছা করেই সরকারী সাহায্য ইচ্ছা করেই নিতে চান না কারণ তাঁরা সরকারের বাঁধাধরা নিয়মের মধ্যে যেতে চান না, তার ফলে শিক্ষকরা অনেক কিছু থেকে বঞ্চিত হন এবং নানারকম দুর্নীতির মাধ্যমে এগুলিকে তাঁরা মুনাফার প্রতিষ্ঠানে পরিণত করেছেন। আমি আপনার মাধ্যমে জিজ্ঞাসা করছি যে শিক্ষাক্ষেত্রে যাতে নিম্নতম বিতন দেওয়া হয় তার ব্যবস্থা করবেন,, এই সমস্ত বিদ্যালয়গুলিতে শিক্ষকদের যেভাবে বঞ্চিত করা হচ্ছে তার প্রতি কি সরকার দৃষ্টি নিক্ষেপ করবেন না? এই হতভাগ্য শিক্ষকগণ কেবলমাত্র সাহায্য প্রাপ্ত নয় এরকম বিদ্যালয়ে চাকরী করছেন বলে, তাদের যোগ্যতা, অভিজ্ঞতা থাকার জন্য, সরকারী সাহায্য প্রাপ্ত বিদ্যালয়ে সেমত মনোনীত বেতন পাবেন না, আমার মনে হয় অবিলম্বে দেখা উচিত যে প্রত্যেকটা বিদ্যালয়ে যাতে বাধ্যতামূলকভাবে সরকারী সাহায্য পায়, এবং সেসমস্ত বিদ্যালয়গুলি যদি সরকারী ভাতা দিতে অস্বীকার করে, দুর্নীতির মাধ্যমে, পরিচালনাকার্য চালাচ্ছেন, সেগুলি যাতে সরকার গ্রহণ করেন, এগুলি পরিচালনা করেন এ আবেদন সরকারের কাছে করছি। দ্বিতীয় হচ্ছে মাধ্যমিক বিদ্যালয়ে ভাষা সমস্যা, আজকে আমরা দেখতে পাচ্ছি যে, মাধ্যমিক বিদ্যালয়ে ভাষা সমস্যা, আজকে আমরা দেখতে পাচ্ছি যে, মাধ্যমিক বিদ্যালয়গুলিতে ইংরাজী, বাংলা, হিন্দী, সংস্কৃত এই ৪টা ভাষা শিক্ষা করবার জন্য ছাত্রদের অধিকাংশ সময় এভাবে নষ্ট হয়ে যায়, এবং তার জন্য তাদের উৎসাহ নষ্ট হয়ে যায়। আমি জানি না কোন রাজনৈতিক কারণে, হিন্দীকে মাধ্যমিক বিদ্যালয়ের ভাষা হিসাবে পরিণত করা হয়েছে কিনা, কারণ সংস্কৃত সেভাবে জোর দেওয়া উচিত অন্ততঃ যারা বিজ্ঞান বা শিল্প বিভাগের ছাত্র তাদের সেদিকে সেভাবে নজর দেওয়া হচ্ছে না। আমি সরকারের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি।

[2-20—2-30 p.m.]

এরপর আমি বহুমুখী বিদ্যালয়গুলোর কথা আলোচনা করবো। এ বহুমুখী বিদ্যালয়গুলো তৈরী হয়েছিলো, যাতে ছাত্ররা তাদের এক্টিভিটি অনুসারে পড়াশুনা করতে পারে। এটা একটা বলিষ্ঠ পদক্ষেপ। এজন্য আমি গর্ব অনুভব করি, যে আমাদের দেশে এত বহুমুখী বিদ্যালয় স্থাপিত হয়েছে। কিন্তু একটি কথা মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, এগুলো যদি সুষ্ঠুভাবে পরিচালিত করতে হয় তাহলে বেশী সংখ্যক কেরিয়ার মাস্টারের প্রয়োজন। যারা গাইডেন্স দেবে, যারা ছেলেদের কোন শিক্ষা উপযুক্ত তাদের পক্ষে, তা ঠিক করে দেবেন। কিন্তু দুঃখের বিষয় কেরিয়ার মাস্টারের সংখ্যা অত্যন্ত নগণ্য। একমাত্র ডেভিড হেয়ার ট্রেনিং কলেজে সাইকোলজিকাল এডুকেশন ছাড়া অন্য কোথায় কেরিয়ার মাস্টার-এর ট্রেনিং-এর ব্যবস্থা নেই। আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করবো। যাতে প্রত্যেকটি ট্রেনিং কলেজে এই কেরিয়ার মাস্টার এর শিক্ষার ব্যবস্থা হয়, এবং তার ফলে হয়তো বহুমুখী বিদ্যালয়গুলো প্রতিষ্ঠিত সেগুলো আরো ভালোভাবে চলবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আর একটি বিষয়ের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করবো। এই যে বহুমুখী বিদ্যালয়গুলি নানান স্কীম নিচ্ছে, তা যেখানে সেখানে স্কীম দেবার আগে চিন্তা করতে হবে। যেমন গ্রাম অঞ্চলে এগ্রিকালচার স্কীম দেবার জন্য আমি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। তেমনি কমার্সের দিকে আজকে আরো বেশী নজর দেওয়া উচিত শুধু তাই নয়, অনেক সময় আমরা দেখতে পাচ্ছি যে টেকনিক্যাল পাস করে ইঞ্জিনীয়ারিং কলেজ-এ ভর্তি হতে পারছে না, কিন্তু সায়েন্স পাস করে তাদের অগ্রাধিকার দেওয়া হচ্ছে। এই সমস্ত যে অসঙ্গতি রয়েছে সেদিকে আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর আর একটি কথা হচ্ছে টেক্সট বুক,

টেক্সট বুক সম্বন্ধে একটি কথা বলবো, যে আজকে শিক্ষা বিভাগে অনেক উচ্চপদস্থ কর্মচারীর নামে যে সমস্ত পুস্তক বেরোচ্ছে, সেগুলো ভালো বলে মনে হয় না। তৎকালীন ডি পি আই বলেছিলেন তাঁর নামে যে বইটি বার হয়েছে সেই বইটি তার নিজের লেখা বই নয়। আমি এদিকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে এ্যাপ্রুভড বই-এর সংখ্যা কমিয়ে দেবার ফলে রাইটিং একরডিং টু সিলেবাস এই নামে বহু পুস্তক আজ রচিত হচ্ছে, এবং এর ফলে এমন অনেক বই আছে যেগুলো একটি বা দুটি স্কুলে চলে। এর ফলে ন্যাসনাল লস হচ্ছে। আজকে যারা স্কুলের সংগে সংশ্লিষ্ট তারা দেখবেন যে প্রচুর বই প্রেজেন্টেশন কপি হিসাবে আসছে তার কোনটাই এ্যাপ্রুভড নয়। শুধু লেখা আছে, রাইটিং একরডিং টু সিলেবাস। এভাবে দেশের কাগজ, প্রেস, নষ্ট করতে দেওয়া উচিত নয়। এই দিকে আমি মাননীয় শিক্ষা-মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অবশেষে, আমাদের এই শিক্ষা ধারাতে যাতে ছাত্রগণ প্রকৃতই দেশাত্মবোধে উদ্বুদ্ধ হয়, এই জন্য প্রত্যেকটি বিদ্যালয়ে জাতীয় সংগীত প্রভৃতি গাওয়াবার ব্যবস্থা করবার জন্য আমাদের শিক্ষামন্ত্রীকে অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Siddheswar Mandal:

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আপনার মাধ্যমে দুটি গুরুত্বপূর্ণ বিষয়ের দিকে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজ যেখানে বিহার, উড়িষ্যা, বোম্বেতে স্বাধীনতার ইতিহাস রচিত হয়েছে সেখানে আজও বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস রচিত হোল না। সম্প্রতি ইতিহাস রচনার জন্য সরকার একটি কমিটি গঠন করেছেন এবং সেই কমিটির সদস্যগণ সকলেই কংগ্রেসী দলভুক্ত - ডাঃ রমেশ মজুমদার, [illegible] ঘোষ, সত্যরঞ্জন বক্সী, লীলা রায়, হেমন্ত বসু, সতীশ পাকড়াসীর মত প্রবীণ বিপ্লবীদের কমিটিতে স্থান হোল না কেন? রামকৃষ্ণ সারদা কলেজে সম্প্রতি ১৯-১২-৬২ তারিখে ১ লক্ষ ৯০ হাজার টাকা গ্রান্ট দেওয়া হয়েছে—এই জরুরী অবস্থায় যেখানে অধিকাংশ কলেজে সরকারী গ্রান্ট দেওয়া থেকে বঞ্চিত হয়েছে সেখানে এই কলেজটিতে এত টাকা গ্রান্ট পাওয়ার পিছনে কি কারণ? এই কলেজ কমিটির সভাপতি হচ্ছেন আমাদের রাজ্য মুখ্য মন্ত্রী। এই কলেজে উক্ত গ্রান্ট পাবার পিছনে শিক্ষা দপ্তরের মাননীয়া উপমন্ত্রী মায়া ব্যানার্জির যথেষ্ট প্রভাব ছিল একথা জোর করে বলা যায়।

ঐ কলেজটির সাথে মাননীয়া উপমন্ত্রী মায়া বন্দোপাধ্যায়ের অন্য আরো কোন সম্পর্ক আছে কি - তাঁকে উদ্দেশ্য করে লেখা সম্পাদকের নিবেদন - তারিখ ১৯৬৩ সালের ২৭এ ফেব্রুয়ারী। সম্পাদক লিখেছেন "তাঁর সংগে আমাদের সংযোগ সরকারী সম্পর্কের ঊর্দ্ধে। যে নিবিড় [illegible] সংসদকে দেখাচ্ছেন [illegible]।

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের একটি কথা বলতে চাই, তার মধ্যে একটি বিশেষ গুরুত্বপূর্ণ। আজকে শিক্ষা বিস্তারের নামে শিক্ষক নিধন যজ্ঞ আরম্ভ হয়েছে। আপীলের নামে চলেছে প্রহসন। বহু শিক্ষক তাঁদের অন্যায় ছাঁটাইয়ের বিরুদ্ধে কর্তৃপক্ষের নিকট আবেদন করে বছরের পর বছর সে আবেদন ফাইলবন্দী হয়ে পড়ে থাকে। দু-একটি ক্ষেত্রে যা হুকুম দেওয়া হয়, তাও শিক্ষকদের বিরুদ্ধেই। আমি অন্য উদাহরণ বাদ দিয়ে এই বিধানসভার মাননীয় সদস্য শ্রীঅমর রায় প্রধান মহাশয়ের কেসটার কথাই বলতে চাই। ১৯৬০ সালের এপ্রিল মাসে জলপাইগুড়ি জেলার [illegible] জুনিয়র হাই স্কুলের স্থায়ী শিক্ষক পদ [illegible] হল। শ্রী রায় প্রধান চাকুরী ছাড়ার জন্য কোন পদত্যাগপত্র দেন নি, উপরন্ত যখন তিনি জানালেন এমন কি মৌখিকভাবেও কোন সময় তিনি বলে নি যে তিনি আর এখানে শিক্ষকতা করবেন না। তা সত্বেও তার আবেদনপত্র বিবেচনা করতে সময় লাগতে লাগতে প্রায় তিন বছর হতে চললো। আসল কথা আজকে বেশীর ভাগ ক্ষেত্রে শিক্ষক ছাঁটাই অন্য-শিক্ষকের [illegible] জন্য নয়- সে [illegible] সরকারের দলীয় স্বার্থ কায়েম রাখার জন্য।

(এ ভয়েসঃ কোশ্চেন!!)

তাছাড়া আর একটা গুরুত্বপূর্ণ বিষয়ের কথা স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে রাখতে চাই। সেটা হচ্ছে তপশীলী সম্প্রদায়ের শিক্ষা ব্যবস্থার কথা। তাদের অবস্থার

কথা একটু চিন্তা করলে দেখা যাবে সে ক্ষেত্রে কি দুর্গতি। সমগ্র পশ্চিমবঙ্গে সাড়ে তিন কোটি জনসংখ্যার মধ্যে প্রায় ৯২ লক্ষ তপশীলী, উপজাতি এবং অনগ্রসর শ্রেণীভুক্ত অর্থাৎ মোট জনসংখ্যার শতকরা ২৫ ভাগেরও বেশী। অথচ এই বিরাট সংখ্যক অনুন্নত শ্রেণীর মানুষ কি শিক্ষায়, কি সংস্কৃতিতে, কি জ্ঞান-বিজ্ঞানে সব ক্ষেত্রে উপেক্ষিত, অবহেলিত ও পশ্চাৎপদ। তাঁদের শিক্ষা বাবদ এই বৎসর বাজেট এস্টিমেট ধরা হয়েছে ১১ লক্ষ ২৪ হাজার টাকা, আর তপশীলী ও অনগ্রসর শ্রেণীর ছাত্রসংখ্যা হবে প্রায় ৩০ লক্ষ, হিসাব করলে দেখা যাবে মাথাপিছু পড়বে পাঁচ আনা, সওয়া পাঁচ আনা মাত্র। এর দ্বারা শ্রীঠাকুরের নামে মানসিক শোধ করা চলতে পারে বা ছিন্নি দেওয়া যেতে পারে—আর কিছু হতে পারে না। এই বরাদ্দ নিতান্তই অকিঞ্চিতকর। তা ও আবার ঠিকভাবে কাজে লাগে না। তপশিলী জাতি ও উপজাতির মধ্যে বেশীর ভাগ লোকই অত্যন্ত গরীব। তাদের ছেলে মেয়েদের স্কুলে পাঠিয়ে পড়াশুনা শেখানোর মত ক্ষমতা তাদের নাই। যারা সমস্ত দিন হাড়ভাঙ্গা খাটুনি খেটে দুমুঠো পেটের ভাত জোগাড় করতে পারে না, তারা পাঠাবে স্কুলে কলেজে ছেলেমেয়ে? এ যেন ছেঁড়া চাটাইয়ে শুয়ে লাখ টকার স্বপ্ন দেখা। তাই সরকার থেকে অধিক অর্থ বরাদ্দ করে উপযুক্ত ব্যবস্থা অবলম্বিত না হলে অনগ্রসর তপশিলী জাতি ও উপজাতির লোকেরা শিক্ষার ক্ষেত্রে অগ্রসর হতে পারবে না। তারা যে তিমিরে সেই তিমিরেই থেকে যাবে।

তার পর আমি যে বিষয়টির উল্লেখ করতে চাই, তা হচ্ছে কম্পালসরি প্রাইমারী এডুকেশন—বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ যথেন্ট পেছনে পড়ে রয়েছে। পনের বৎসর স্বাধীনতা লাভের পরও এখনো কম্পলসারী প্রাইমারী এডুকেশন চালু হয় নাই পশ্চিমবঙ্গে।

শেষে আমি যে কথাটি বলতে চাই সেটা হচ্ছে মাধ্যমিক স্তরে কম্পালসরি ফিজিক্যাল এডুকেসন চাল করা। আমি মাননীয়া রাজ্যপালের ভাষণের উপর বিতর্কের সময় আমি এ কথাটা উল্লেখ করেছিলাম। এ সম্বন্ধে আজকের পরিস্থিতিতে কেন্দ্রীয় সরকার পর্যন্ত চিন্তা করছেন। জাতীয় প্রতিরক্ষা ব্যবস্থাকে সুদৃঢ় করার ক্ষেত্রে উহার বিশেষ প্রয়োজনীয়তা আছে। তছাড়া ন্যাশনাল ডিসিপ্লিন স্কীম হিসেবে এ সি সি এবং এন সি সি-র কথাও বলা হয়েছে। ইহার যথেষ্ট গুরুত্ব আছে। আগামী জুলাই মাস থেকে বিশ্ববিদ্যালয়গুলিতে কলেজীয় স্তর থেকে এই কম্পালসারী প্রাইমারী এডুকেশন শুরু হবে এই প্রস্তাব খুব সময়োপযোগী হয়েছে। এর দ্বারা ছেলেদের স্বাস্থ্য ভাল হবে, কাজেও শৃঙ্খলতা বাড়বে। সেই জন্য মাধ্যমিক স্তর থেকে যদি শুরু হয়, তবে বিশেষ সুবিধা হবে। এ বিষয়ে অমৃতবাজার পত্রিকায় ২১এ ফেব্রুয়ারীতে একটি খবর বেরিয়েছে এখন তার উল্লেখ করছি--

Answering question on the national discipline scheme, Dr. Srimali said that the Education Ministry was discussing with the Defence Ministry about the scope of ACC and NCC and the national discipline scheme. In the light of discussions arrangements could be made to introduce physical education on a compulsory basis with schools from the 6th to the 11th standard.

[2-30—2-40 p.m.]

Shri Deb Saran Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মহাভারতের যুধিষ্ঠিরের মুখ থেকে একটা কথা জানতে পারি যে একজন পণ্ডিতকে সঙ্গে নিয়ে নরকে যাওয়া ভাল। কিন্তু হাজার জন মূর্খকে সঙ্গে নিয়ে স্বর্গে যাওয়া ভাল নয়।

আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় এই শিক্ষাখাতে ব্যয় বরাদ্দ কমাবার জন্য তিনি হাজার হাজার অশিক্ষিত দেশবাসীকে সঙ্গে নিয়ে তার শেষ বয়েসে স্বর্গে যাবার পরিকল্পনা করেছেন। [এ ভয়েস—এখন স্বর্গ নেই।] [হাস্য।] এই শিক্ষা ব্যবস্থার ব্যয় সংকোচের একটা কারণ হিসাবে এইটাই আমাদের মনে হচ্ছে। আজ সারা বাংলাদেশে হাজার হাজার বেকারের সংখ্যা ক্রমশঃ দিন দিন বেড়ে চলেছে। আমাদের সরকার সেই বেকারের ভয়াবহ অবস্থা দেখে, আমাদের সন্দেহ হচ্ছে যে, সরকার শিক্ষা ব্যবস্থাকে সংকুচিত করবার চেষ্টা করছেন। অশিক্ষিত বেকার

থেকে শিক্ষিত বেকার রাষ্ট্রের পক্ষে ভয়ংকর। এবং সেই দিকে লক্ষ্য রেখে আমাদের পশ্চিমবঙ্গ সরকার বর্তমান জরুরী অবস্থার অজুহাত দেখিয়ে যে শিক্ষা খাতে ব্যয় বরাদ্দ কমাবার চেষ্টা করেছেন, এটা সন্দেহের অমূলক নয় বলে আমি মনে করি। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এখানে একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের ভারতীয় শাসনতন্ত্রে এটা স্বীকৃত হয়েছে যে শিক্ষা ব্যবস্থ নিয়ন্ত্রিত হবে প্রাদেশিক সরকারের দ্বারা। কিন্তু আমরা সংবাদপত্রে দেখলাম কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী, তিনি এই ব্যবস্থার পরিবর্তে, আমাদের শিক্ষা ব্যবস্থাকে একটা যৌথ নিয়ন্ত্রণাধীনে রাখবার পরিকল্পনা গ্রহণ করেছেন। এই কারণে আমরা উদ্বিগ্ন বোধ করছি যে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা যদি কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীনে চলে যাওয়ার সম্ভাবনা থাকে, তাহলে আমাদের বাংলাদেশের বর্তমানে যে শিক্ষা ব্যবস্থা চলছে, তার উপর হিন্দীর প্রাধান্য খুব জোর ভাবে দেখা দেবে।

সর্বশেষে আমি একটা বিষয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো। প্রাথমিক বিদ্যালয়ের জন্য সরকারী তত্ত্বাবধানে যে কিশলয় পুস্তক মুদ্রিত হয়, সেই সম্পর্কে বহু আলোচনা এই সভায় এবং বিধান পরিষদে হয়েছে। আমি মুর্শিদবাদ জেলার খবর জানি, সেখানে কিশলয় বই পাওয়া যচ্ছে না। এবং কিশলয় বই কিনতে গেলে, আপনি জানেন, মিঃ স্পীকার, স্যার, এই কিশলয় পুস্তকের সাথে তিন চার খানা নোট বই কিনতে হয়, তা না হলে কিশলয় পাওয়া যায় না। ফলে কিশলয়ের যা দাম, তার চেয়ে বেশী দাম দিয়ে কিনতে হয়। সেই জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো এই কিশলয়ের ব্যাপারে যাতে একটা সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করা যায়, সেদিকে সরকার দৃষ্টি দিন। মুর্শিদাবাদের 'জনগণ' পত্রিকায় একটা সংবাদ বেরিয়েছে যে, মুর্শিদাবাদ জেলায়, কোথায় কিশলয় বই পাওয়া যাচ্ছে না। এ সম্বন্ধে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও তিনি বলে দিয়েছেন যে আমাদের এ বিষয় কিছু করণীয় নেই। আমি আবার তাকে অনুরোধ করবো তিনি এ বিষয়টি বিবেচনা করে, যাতে সর্বত্র কিশলয় বই পাওয়া যায় তার ব্যবস্থা করেন। আমি এই অল্প সময়ের মধ্যে আমার যা বক্তব্য মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে রাখলাম। আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় উত্তর দেবার সময় এই কিশলয় পুস্তক সম্বন্ধে তাঁর যে বক্তব্য তা তিনি রাখবেন।

Shrimati Olive Pemantle: Sir, I rise to speak a few words in support of the grant presented to the House by the Hon'ble Minister. I would like to say a few words concerning my community and particularly about the schools as there appears to be a great deal of misunderstanding about them.

Anglo-Indians today are statutory Indian citizens by nationality. Anglo-Indian schools are no longer communal or foreign in origin or character and Anglo-Indian education no longer means the education of children of Anglo-Indian parentage; it connotes a special type of education which is freely available to children of all communities in India irrespective of caste, creed or community. Such an education aims to achieve a synthesis between the best elements of Western and Indian education and culture. The perfect synthesis has not yet been achieved but this is the ideal which has been set before these schools. In these schools are to be found the mingling of all communities on terms of perfect equality and friendship which has done and is doing much to promote genuine communal harmony and national emotional integration. The superior quality of their character-formation and teaching and discipline—admitted even by their opponents—have almost since their inception made the educational facilities provided by these schools eagerly sought after by Indian parents of all communities for their children with the result that these schools have enjoyed a long and unbroken era of progress and success and are without doubt among the best schools in the country. Our late Chief Minister held these schools up as models for other schools in the State to emulate. The Inter School Board on an All-India basis and the State Board of Anglo-Indian Education in the State level are shaping and reshaping these schools to adapt them

to the needs of free India and without destroying their special character and co-ordinating and integrating them as closely as possible with the national pattern of education laid down by the Central Advisory Board of Education.

The regional language and Hindi are now taught to all pupils. Indeed these schools were the first to accept and implement the three-language formula. Arts and crafts, Indian history and culture, dancing and folk songs are being taught to bring them more into line with other Indian schools. Yet in spite of these achievements, many still look with disfavour on their supposedly alien character and outlook. In short, these schools are truly Indian in spirit, character and outlook and yet to preserve an identity of their own within the larger unity they need sympathy, understanding and positive help and encouragement from the State education authorities. If you force them to lose their individuality by adopting Hindi or the regional language as their medium of instruction or regiment them unduly to a narrow uniformity, they will become indistinguishable from other Indian schools and a vital and progressive part of the educational system of the country which contributed much to the richness, variety, flexibility and complexity of that system would be lost for ever. If they are thus compelled to lose their unique character and age-old identity, it would be a major disaster in the realm of education and culture in this country. Just to quote a well known educationist who said, "In these schools we have the meeting of the East and the West and in the world of today the West can no more think of doing without Eastern culture and the East without Western methods, organisations and certain habits of life". Further attempts are being made to bring these schools in harmony with the present day trends in the society outside their walls and the future needs of the children as citizens of a free India. These improvement coupled with very high standard of education and discipline have made these schools widely sought after.

In 1947 scholars in Anglo-Indian schools were 50 per cent. Anglo-Indians and 50 per cent. non-Anglo Indians. Today in these schools 34 per cent. or less are Anglo-Indian boys and girls and 66 per cent. non-Anglo-Indian boys and girls. These are basic facts and cannot be refuted and it would therefore be most fitting and appropriate on the part of the Education Department of the State to enhance the grants to these institutions which have remained static since 1935 so that these schools can render greater service to a wider-cross-section of the society in this State in the future than they have rendered in the past. Thank you.

[2-40—2-50 p.m.]

Shri Sanat Kumar Raha:

মিঃ স্পীকার স্যার, আমাদের শিক্ষামন্ত্রী একটি বিষয়ে গৌরবের সঙ্গে দাবী করেছেন—একটা হচ্ছে বাংলাদেশে প্রি ইউনিভার্সিটি এবং কলেজ এডুকেশন-এর ক্ষেত্রে সব থেকে বেশী সংখ্যক এনরোলমেন্ট হয়। আর একটা দাবী করেছেন যে গণশিক্ষার ক্ষেত্রে ব্যাপক প্রচেষ্টা আরম্ভ করেছেন এবং আর একটা দাবী সব থেকে বেশী পার্সেন্টেজ অন্য দপ্তর থেকে এখানে খরচ করা হয়। এই তিনটি দাবী ন্যায্যভাবেই যা করেছেন টাকা পয়সার হিসাবে সে সম্বন্ধে আমি কিছু আলোচনা করতে চাই। আমরা দেখেছি ইউনিভার্সিটি এবং কলেজ-এ আমাদের কিভাবে ন্যাশনাল ওয়েস্টেজ চলছে। এটা আমাদের কাছে পরিষ্কার হয়ে উঠে যখন পাস ফেলের পার্সেন্টেজ এর দিকে লক্ষ্য করি। বি এ-তে ৫৭ পারসেন্ট ফেল করে। বি এস-সি-তে ৪৯ পার্সেন্ট ফেল করে, এম বি বি এস ৪৬·৬ পারসেন্ট, এল এল বি ৫০·৭ পারসেন্ট, বি এস-সি ইঞ্জিনীয়ারিং ৩১ পারসেন্ট ফেল করে। এই যে ফিগার আমার মনে হয় গুরুত্বের সঙ্গে এর

দায়িত্ব নেওয়া দরকার। এত ন্যাশনাল ওয়েস্টেজ যেন না হয় বিশেষ করে জর়ুরী পরিস্থিতিতে এই সব লোকের অভাব রয়েছে স়ুতরাং এই সব হ্যান্ড যাতে প্রপারলি ইউটিলাইজড করা যায় সেটা দেখবেন। তৃতীয়তঃ তাঁরা বলছেন আমরা এখানে শিক্ষার ব্যাপারে গণশিক্ষার ব্যাপারে সমস্ত রকম প্রচেষ্টা করছি—এই প্রচেষ্টা দিন দিন বেড়ে যাবে, বাংলাদেশে ব্যাপক গণশিক্ষার ভিত গড়ে তুলছি, ইত্যাদি। আমার মনে হয় এত যে এক্সপেন্ডিচার করলাম তাহলে ১৯৫৩ সাল থেকে ১৯৬৩ সালের মধ্যে আমরা শিক্ষাক্ষেত্রে চতুর্থ স্থান থেকে অষ্টম স্থানে কেন নেমে এলাম এটার জবাব দেওয়া উচিত। আমার আর একটা বক্তব্য হচ্ছে তাঁর এটিচুড কি তিনি সেটা পরিষ্কার করে বলবার চেষ্টা কর়ুন। আমি উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে দাবী করব আমাদের বাংলা সরকারের কি এ্যাটিচুড তা যেন বলেন। বেসিক এডুকেশন সম্বন্ধে কি এ্যাটিচুড আমরা জানতে চাই। এবারকার বাজেটে বেসিক এডুকেশন খাতে যেভাবে কৃপণ হস্তে বরাদ্দ করা হয়েছে তাতে মনে হয় বেসিক এডুকেশন বোধ হয় উঠবার ম়ুখে। মেয়েদের শিক্ষা সম্পর্কে কি ব্যবস্থা? সরকারের কোন ফেজ়ড প্রোগ্রাম আছে কি না। সেভাবে আমাদের উইমেনফোক-এর শিক্ষার গতি তাতে ভয় লাগে—এই পারসেন্টেজ-এ কী ক'রে

adult education, universal primary and free education

ব্যাপকভাবে অগ্রসর হবে তা চিন্তা যে গণশিক্ষার জন্য এত প্রচেষ্টা থাকে তাহলে

free primary education, technical adult education, social education, physical education, handicrafts education

এর জন্য

free compulsory universal education

এর জন্য এত কম বরাদ্দ করা হচ্ছে? কাজেই ভবিষ্যতে কি হবে এসম্বন্ধে সরকারের এটিচুড কি, সোশাল এডুকেশনকে ঠিক মত রিকগনাইজ করবেন কি না, সেখানে বেনিফিট দেওয়া হবে কিনা এসব জিনিস পরিষ্কার করে বলা উচিত। আমার মনে হয় সোশাল এডুকেশন-এর ভিত্তি ঠিক করে নিয়ে সেইভাবে টাকা বরাদ্দ করতে হবে, সেইভাবে বেসিক এডুকেশন, সেইভাবে হ্যান্ডিক্রাফট-এর জন্য ব্যবস্থা করতে হবে। আমাদের অনেক পপ়ুলেশন হয়েছে, কিন্তু যারা হ্যান্ডিক্যাপড, ব্লাইন্ড রয়েছেন, তারপর বাংলাদেশের ভবিষ্যৎ বংশধরগণ সেই সব ছেলেমেয়েদের কিভাবে শিক্ষিত করে তুলব তার প্রোগ্রাম পরিকল্পনা শিক্ষামন্ত্রীর কাছে চাই। আমাদের দেশে গরীবের ছেলেরা পড়তে পারে না স্টুডেন্টস হোম হচ্ছে সেটা কোথায়? কলকাতায় না কলকাতার বাইরে হবে কি জানি। গরীবের ছেলেমেয়েরা বই কিনতে পারে না এসব ব্যাপারে [illegible] কোন প্রোগ্রাম আছে কিনা বলবেন। [illegible] দের দেশে যে শিক্ষা অগ্রসর হচ্ছে না তা কয়েকটি ফিগার দিলেই ব়ুঝা যাবে। ১৯৩১ সালে শিক্ষার হার ছিল ৫·৯২, তিরিশ বছর পরে ৪·৭৬ হয়েছে তাহলে এতগ়ুলি পরিকল্পনার পরে শিক্ষার হার যদি ক্রমশঃ কমের দিকে যায় এবং ৪·৭ পারসেন্ট-এ দাঁড়ায় ৫·৯২ পারসেন্ট-এর জায়গায় তাহলে কি করে বলব যে আমাদের দেশে এমন অবস্থা হয়েছে যে তৃতীয় পরিকল্পনার শেষে দেখব যে ৫ থেকে ১১ বৎসর গ্রুপ-এর ছেলেমেয়েদের ৮০ পারসেন্ট শিক্ষিত হয়েছে?

শ়ুধ়ু তাই নয়, আমরা আরো দেখি ১৯৫১ সালে ·৮ আর পশ্চিমবঙ্গে তখন আমরা দেখছি ·৪ শিক্ষা প্রসারের হার। ১৯৫১ সালে পশ্চিমবঙ্গে দেখছি একটা স্ট্যাটিসটিক্সএ ৭০ পারসেন্ট ছাত্র ক্লাস ফোর-এর পর পড়তে পারে না। তাদের ব্যবস্থা কি করা যায় সে বিষয়ে চিন্তা করা উচিত। এই জিনিস আমাদের চোখের সামনে ঘটছে, ক্লাস ফোর-এর পর তারা পড়তে পারে না, চাকরী পাচ্ছে না, কোন একটি বৃত্তি শিখেও কাজ পাচ্ছে না—এসমস্ত চিন্তা করবে কে? এগ়ুলি চিন্তা করা উচিত। ১৯৬৩ সালে দেখছি পশ্চিমবঙ্গে অক্ষরজ্ঞানসম্পন্ন প়ুর়ুষের সংখ্যা শতকরা ১৯·৩, মেয়েদের ·৯ মাত্র। এত পার্থক্য থাকবে কেন? যে বাংলাদেশ সভ্যতায় উন্নত, শিক্ষায় উন্নত, শিল্পে উন্নত বলে আমরা অত্যন্ত গৌরব অন়ুভব করি সেটা প্রকৃতই যথার্থ কিনা আমাদের তা চিন্তা করা দরকার। উচ্চশিক্ষা ক্ষেত্রে আমরা দেখি মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে ৬—১১ বৎসর এজ গ্র়ুপএ ১৯৫৫-৫৬এ ৫২·৯, ১৯৬০-৬১ সেটা হল ৬১·১, তারপর দেখ়ুন, ১১—১৪ বৎসর এজ গ্র়ুপএ মাধ্যমিক বিদ্যালয়ে ১৬·৫ থেকে বেড়ে হল ২২·৮, হাইয়ার সেকেন্ডারীতে তাদের পারসেন্টেজ হল ১৯৬০-৬১এর সংখ্যান়ুসারে ৩২·১ থেকে ৩১·৯। এর থেকে যে জিনিসটা বোঝা যায় সেটা হল এই যে, শিক্ষার গ়ুণগত উৎকর্ষের দিক থেকে আমাদের

পশ্চাদপদ পিছিয়ে পড়ছে। যদি আমরা চিন্তা করি যে, বিনা পয়সার গ্রামে গ্রামে স্কুল স্থাপন করেই আমাদের কর্তব্য শেষ করব তাহলে কিছুই হবে না, আমার ধারণা তার জন্য বাংলাদেশে এমন অর্থনৈতিক, রাজনৈতিক ও সামাজিক পরিবেশ সৃষ্টি করার প্রয়োজন যাতে করে ছাত্ররা শিক্ষার সুযোগ গ্রহণ করতে পারে, বর্তমানে আমরা জানি শতকরা ১৯ জন মাত্র আমাদের দেশে শিক্ষালাভের সুযোগ পায়, যে অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক অবস্থার জন্য দেশের মানুষ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে সেই অবস্থার যাতে অবসান হয় সেদিকে সর্বাগ্রে লক্ষ্য দেওয়া দরকার। সেদিক থেকে আমি বলব, শিক্ষামন্ত্রীকে চেষ্টা করতে হবে বৃত্তিমূলক শিক্ষা ব্যবস্থা বাড়াবার জন্য, এমন ব্যবস্থা করা দরকার যাতে শিক্ষা দপ্তরের সঙ্গে অন্যান্য দপ্তরের যোগাযোগের মাধ্যমে আমাদের সামগ্রিক শিক্ষিতের সংখ্যা শতকরা ৮০তে এসে পৌঁছাতে পারে, তার জন্য আমাদের শিক্ষা ব্যবস্থাকে সামাজিক ও অর্থনৈতিক দৃঢ় ভিত্তিতে দাঁড় করাতে হবে।

Shri Khalil Sayeed:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা সম্পর্কে বলতে গিয়ে অন্য কিছু না বলে আমি শিক্ষা বিভাগের সমস্যা এবং তার সমাধানের দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রথমেই আমি যেকথা বলতে চাচ্ছি সেটা হচ্ছে, প্রাথমিক শিক্ষকদের কতিপয় জায়গায় অহেতুক কারণে বদলি করে দেওয়া হয়। আমার মনে হয় যেসমস্ত শিক্ষকদের বাড়ির কাছাকাছি স্কুল আছে তাদের সেইসব স্কুলে মাস্টারী করবার সুযোগ দেওয়া উচিত কারণ, এই মহার্ঘের দিনে অন্য জায়গায় থেকে খাওয়া দাওয়া করতে যা খরচ হয় তারপর আর তাঁরা তাঁদের পরিবারকে কিছু দিতে পারেন না। সুতরাং যাঁদের পক্ষে বাড়ীতে থেকে কাজ করার সুযোগ আছে সেই সুযোগ তাঁদের দেওয়া উচিত। এর পর, আমি যে কথা বলতে চাচ্ছি সেটা হচ্ছে, বর্তমানে সেকেন্ডারী স্কুলএর শিক্ষকদের এ্যাপ্রোভাল সম্পর্কে একটা জটিলতার সৃষ্টি হয়েছে। আগে দেখা গিয়েছে যে জুনিয়ার হাই স্কুলএ ডি আই এ্যাপ্রোভাল দিতেন এবং এ্যাপ্রোভাল পাওয়াটাও অনেক সহজ ছিল, এটা আজকাল বোর্ডের হাতে চলে গিয়েছে এবং এতে করে অনেকগুলি জটিলতার সৃষ্টি হয়েছে, এর জন্য এ্যাপ্রোভাল পেতে দেরি হয় এবং এ্যাপ্রোভাল অনেকে পাচ্ছে না কারণ, তাঁরা এ্যাপ্রোভাল কিভাবে দেবেন সে সম্পর্কে পরিষ্কার জানা যায় না। সুতরাং আমার বক্তব্য হচ্ছে, আগে ডি আই যে ব্যবস্থাধীনে এ্যাপ্রোভাল দিতেন সেই ব্যবস্থা থাকলেই ভালো হয়। এছাড়া আরেকটা জিনিস দেখা যাচ্ছে যে, অনেক শিক্ষক আছেন যাঁরা ম্যাট্রিক পাস করে একই স্কুলে ১৮।২০ বৎসর ধরে চাকরী করছেন, তাঁদের এ্যাপ্রোভালও আছে, কিন্তু তাদের এমন একটা বেকায়দায় ফেলা হয় যে, তাঁরা সেই স্কুল ছেড়ে যেতে পারেন না, ছেড়ে গেলে তখন তাঁদের নতুন এ্যাপয়েন্টমেন্ট বলে ধরা হবে। তাঁদের কেন অন্য সুযোগ থেকে এভাবে বঞ্চিত করা হবে আমি বুঝতে পারি না। এইসমস্ত শিক্ষকদের যে অ্যাপ্রোভাল আছে সেই অ্যাপ্রোভাল অনুযায়ী অন্যান্য স্কুলে কাজ করবার অধিকার দেওয়া উচিত। এছাড়াও আমার আর একটা বক্তব্য আছে, প্রাইভেট পরীক্ষার্থীরা ম্যাট্রিকুলেশন, স্কুল ফাইন্যাল, আই এ, বি এ, পরীক্ষা দেবার সুযোগ পেয়ে থাকেন, কিন্তু কেবলমাত্র হাইয়ার সেকেন্ডারীর ক্ষেত্রে সেই সুযোগ থেকে প্রাইভেট পরীক্ষার্থীরা বঞ্চিত হচ্ছেন। এই সুযোগ গ্রামাঞ্চলের ছাত্ররা যাতে পায় তার ব্যবস্থা করা উচিত, অন্তত মেয়েদের বেলায় এই সুযোগ দেওয়া উচিত যাতে তারা হাইয়ার সেকেন্ডারী পরীক্ষা প্রাইভেটে দিতে পারে। মিঃ স্পীকার, স্যার, গ্রামাঞ্চলে প্রায়ই একটা অভিযোগ শুনতে পাওয়া যায় আদিবাসী ছাত্রদের জন্য যে গ্রান্ট দেওয়া হয় তা যথাসময়ে পৌঁছায় না, মধ্যপথে কোথায় হারিয়ে যায়। এ সম্পর্কে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে, এর পর থেকে যখন সরকার এই সমস্ত ছাত্রদের টাকা দেবেন, যে বাবতেই গ্রান্ট দেওয়া হোক না কেন, তাঁরা যেন পরিষ্কারভাবে অনুসন্ধান করেন সেই টাকা ছাত্রদের হাতে গিয়ে পৌঁছেছে কিনা। পরিশেষে আমার বক্তব্য হচ্ছে, জুনিয়ার মাদ্রাসা এবং জুনিয়ার হাই স্কুলগুলি একটা ব্যবস্থাধীনে রাখা উচিত। বর্তমানে জুনিয়ার হাই স্কুলএর ছাত্ররা স্কুলেই পরীক্ষা দেবার সুযোগ পান, কিন্তু মাদ্রাসার ছাত্ররা সেই সুযোগ পান না, তাদের অন্য কেন্দ্রে গিয়ে পরীক্ষা দিতে হয় এবং তাতে অনেক সময় অসুবিধা হয়। তাই আমার বক্তব্য হচ্ছে, জুনিয়ার হাই স্কুলএর ক্ষেত্রে যেভাবে পরীক্ষা গ্রহণ করা হয় জুনিয়ার মাদ্রাসার ক্ষেত্রেও সেভাবেই যেন পরীক্ষা গ্রহণ করা হয়। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-50—3 p.m.]

Shri Girija Bhusan Mukherjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি জানি আমি যে দু-একটি কাট মোশন দিয়েছি সগুলি ভোটে হেরে যাবে। আমি শুধু জানাতে চাচ্ছি যে, এই কাট মোশনে নাম উল্লেখ করে দেওয়া হয়েছে "বিজ্ঞান বিচিত্রা" বলে একটা বইএর, তাতে লেখা আছে "হালকা বায়ু নীচে নামে, গরম বায়ু উপরে উঠে"। এই বই টেক্সট বুক কমিটি কর্তৃক অ্যাপ্রুভড, এবং তাঁরা নিশ্চয়ই পড়েছেন at least they are supposed to do so

এটাকে প্রিন্টিং মিসটেক হিসাবে ধরা যেতে পারে। আরেকটা বইএর কথা বলব, "পৃথিবীর কথা" বাই নীলিমা ঘোষ - এই বইএ আছে, "ময়ূরাক্ষী, অজয়, দামোদর, দ্বারকেশ্বর, কাঁসাই প্রভৃতি নদী ছোটনাগপুরের মালভূমি হইতে উৎপন্ন হইয়া হুগলী বা ভাগীরথীর বামতীরে অবতীর্ণ হয়েছে।" এটা প্রিন্টিং মিসটেক নয়, এটা জ্ঞানের অভাব। এই ধরনের বই টেক্সট বুক কমিটি থেকে অ্যাপ্রুভড হয়ে আসছে এবং ছেলেরাও পড়ছে। এই হল প্রথম কথা। দ্বিতীয় কথা হচ্ছে, অঙ্ককে কিভাবে স্কুলে পড়ান হচ্ছে তার একটা উদাহরণ আমি দিচ্ছি --আমি নাম দিয়ে দিচ্ছি, ভদ্রেশ্বর থানায় ধোপাপুকুরের প্রাইমারী স্কুলে গত ৮ মাস যাবত ২ জন টিচার নাই। সেখানে ডি আই গিয়েছেন, গ্রামের লোকের তরফ থেকেও জানানো হয়েছে, কিন্তু সেখানে কোন শিক্ষক দেওয়া হয় নি। এর মধ্যে কি আভ্যন্তরীণ রাজনীতি আছে জানি না, অজ পর্যন্ত সেখানে তাঁরা শিক্ষক পান নি।

এখন এই যে অবস্থাগুলো চলছে এই অবস্থাগুলো কেন বজায় রাখা হয়েছে? আমরা বক্তৃতা শুনলাম যে স্কুলের সংখ্যা অনেক বেড়েছে—সত্যি বেড়েছে কিন্তু শিক্ষার স্ট্যান্ডার্ড ক্রমশঃ ফল করছে, নীচের দিকে যাচ্ছে। এটা কেন যাচ্ছে এ বিষয়ে নিশ্চয় সকলকে এদিক বলুন, আর ওদিক বলুন অনুসন্ধান করে দেখতে হবে। তৃতীয়, আমি উদাহরণ দিচ্ছি হুগলী কলেজিয়েট স্কুল যেটা বহুমুখী স্কুল হয়েছে সেখানে শিক্ষা দেবার জন্য যন্ত্রপাতি এল, কিন্তু শিক্ষকের অভাবে সেসব যন্ত্রপাতিতে জং ধরে গেল। আজও সেই প্যাকিং বাক্স খোলা হল না। চতুর্থ আমি নমুনা দিচ্ছি, ইটাচনা স্পনসর্ড কলেজএ শ্রীবৈদ্যনাথ মুখার্জি বলে একজন সিনিয়র প্রফেসর হিসাবে অ্যাপয়েন্টেড হয়েছেন। আমার তার উপর কোন গ্রাজ নেই। ইউ জি সি বলেছেন Hons and M. A. and all these things

তাঁর ২৫ ইয়ার্স এক্সপিরিয়েন্স আছে, but not in the teaching line

তিনি একটা অফিসে কাজ করতেন, রিটায়ার করে সিনিয়ার প্রফেসার হিসাবে ভর্তি হলেন।

এই সমস্তগুলি বিশ্লেষণ করা যায় তাহলে দেখা যাবে যে A wrong policy and bad system is breeding corruption

এইভাবেই সমস্ত এডুকেশন ডিপার্টমেন্ট চলছে। এটাকে যদি তুলনা করতে হয় তাহলে একমাত্র করপোরেশন-এর আউটডোর ডিপার্টমেন্ট-এর সঙ্গে তুলনা করা ছাড়া আর কোন কিছুর সঙ্গে তুলনা করা চলে না। বাস্তবিক পক্ষে এইরকম অবস্থা চলছে। তারপর প্রাইমারী স্কুল নিয়ে রাজনীতি হচ্ছে। বদলী করার অনেক অভিযোগ চলছে--এর পেছনেও রাজনীতি আছে। টিচার না দেবার পেছনে অনেক রাজনীতি আছে। আমি যে স্কুলের নাম করলাম যেহেতু ঐ ইউনিয়ন বোর্ড বামপন্থীরা হোল্ড করে সেজন্য সেই ইউনিয়ন বোর্ডকে স্টারভ করার উদ্দেশ্য নিয়ে সেখানে টিচার দেওয়া হচ্ছে না। সেই গ্রামে শিক্ষিত আই এ, ম্যাট্রিক পাস ছেলে আছে, সেই স্কুলের ছাত্র তারা, কিন্তু সেখানে তাদের নেওয়া হচ্ছে না। কারণ ঐ স্কুল বোর্ডএ একটা চক্র করে রাখা হয়েছে এবং সেই স্কুল বোর্ড যাকে অ্যাপয়েন্টমেন্ট দেবে সে স্টেশন থেকে ৪ মাইল পথ হেঁটে কাদা ভেঙে মাস্টারী করতে যাবে না। এইরকম জিনিস সর্বত্র চলছে। সেকেন্ডারি স্কুল সম্বন্ধে বলব। আমি দুঃখের সঙ্গে বলছি যে ১ লক্ষ ৩৮ হাজার ছেলে এবার একজামিন দিয়েছে তার মধ্যে ৩৩ হাজার হচ্ছে হাইয়ার সেকেন্ডারী, আর ১ লক্ষ ৫ হাজার স্কুল ফাইনাল --তার মানে ২৫ পারসেন্ট নিয়ারলি। ২০ পারসেন্ট স্কুলকে হাইয়ার সেকেন্ডারী করেছেন। আর বাকীগুলোকে তাঁরা হাইয়ার সেকেন্ডারী করবেন না কেন? তাঁরা শুধু বলছেন যে তোমরা আর্টস কর, হিউমানিটিস কর আমরা টিচার দেব, কিন্তু সায়েন্স লেবরেটরী খরচ আমরা দিতে

পারব না। সায়েন্স লেবরেটরী করার খরচ তোমাদের গ্রাম কিম্বা শহর থেকে তুলে দিতে হবে। আমাদের দেশে সায়েন্স-এর ডেভেলপমেন্ট-এর অত্যন্ত বেশি প্রয়োজন সেখানে আমরা দেখছি স্কুলএ সায়েন্স টিচার পাওয়া যায় না। অনেকগুলো সেকেন্ডারী স্কুল আছে সেখানে সায়েন্স টিচার পাওয়া যায় না। এই অবস্থায় সায়েন্স লেবরেটরী করার জন্য হাইয়ার সেকেন্ডারী স্কুলকে কোন গ্রান্ট, কোন কনট্রিবিউশান আপনারা দেবেন না। এইভাবে সত্যিকারের বিজ্ঞানকে সংকুচিত করে দিয়ে কি করে দেশের ডেভেলপমেন্ট করবেন, কি করে আমাদের দেশের বিভিন্ন দিকে যে উন্নতির প্রয়োজন তা করবেন সেটা আমি বুঝতে পাচ্ছি না। এটা ঠিক যে গত কয়েক বছরে অনেক বড় বড় বিল্ডিং হয়েছে, ভাল ভাল বিল্ডিং হয়েছে, কিন্তু সত্যিকারের সেই বিল্ডিং-এর ভেতর কি হচ্ছে এগুলি যদি অনুসন্ধান করে আমরা না দেখি তাহলে শিক্ষার মানকে কিছুতেই আমরা উন্নত করতে পারব না। এ বিষয়ে আমি একটা ছোট ঘটনা দেব। বর্ধমান থেকে কোন টিচারকে কোলকাতা বা হুগলীতে যেতে হবে বি টি পড়তে বা হুগলীর কোন টিচার তিনি ডেভিড হেয়ারএ আসবেন বি টি পড়তে তাহলে তাঁর ৬০ টাকা মাইগ্রেশন ফি খরচ হবে কারণ যাবার পথে ৩০ এবং আসার পথে ৩০ টাকা। একই স্টেট-এর মধ্যে ক্যালকাটা ইউনিভার্সিটির আন্ডারএ ১৪টা ট্রেনিং স্কুল আছে এবং বর্ধমান ইউনিভার্সিটিতে একটা আছে। এগুলি সম্বন্ধে চিন্তা করতে হবে এবং এগুলি সম্বন্ধে চিন্তা না করলে আমরা কিছু করতে পারব না। তারপর টিচারদের পে স্কেল ইত্যাদি সম্পর্কে আবার নূতন করে ভাবতে হবে। যাঁরা সত্যিকারের old and experienced teachers- M.A., B.T.—
তাঁরা ২১০ টাকা পাচ্ছেন, আর যারা গত বছর ভর্তি হয়েছেন তাঁরাও ২১০ টাকা পাচ্ছেন। এতে করে যাঁরা পুরানো টিচার সত্যিকারের জাতিকে শিক্ষা দিয়ে গেছেন তাঁদের এইরকমভাবে স্টারভ করে রেখে সত্যিকারের শিক্ষার উন্নতি করতে পারবেন না।

[3—3-25 p.m.]

তারপর আমি একটা ছোট্ট ঘটনা বলি, থ্রি ল্যাঙ্গোয়েজএ সংস্কৃত ক্লাস এইট-নাইন থেকে পড়বে, ক্লাস নাইনে এই সংস্কৃত স্ক্রিপ্টে এক্সামিন দিতে হবে। ভারতবর্ষের কোন ইউনিভার্সিটিতে নেই—পৃথিবীর কোথাও নেই যে, তিনটে ল্যাঙ্গোয়েজ একজনকে পড়তে বাধ্য করা হবে। কেন হবে? ইলেক্টিভ সাবজেক্ট ছিল সংস্কৃত, এখন হচ্ছে কম্পালসরি ইলেকটিভ সাবজেক্ট কিংবা ইলেকটিভ কম্পালসরি। কারণ ইলেকটিভ তুলে দেওয়া হয় নি অথচ কম্পালসরি করা হয়েছে। এ বছরের ছাত্ররা ভাগ্যবান, তারা এখন এভাবে সংস্কৃত এগজামিন দেবে না কিন্তু আগামী বছরে তাদের সান্সক্রিট স্ক্রিপ্টএ লিখে এক্সামিনেশন দিতে হবে। যুক্তি কি? ক্লাস ফাইভ, সিক্স, সেভেনএ তারা হিন্দী পড়বে, হিন্দীর স্ক্রিপ্ট আর সংস্কৃত স্ক্রিপ্ট প্রায় একরকম, সুতরাং এইট, নাইন, টেন, ইলেভেন—এই চার বছর কেন সংস্কৃত স্ক্রিপ্টএ এক্সামিনেশন দিতে পারবে না? একটা ভাষার হরফকে প্রায় আর একটা রকম দিয়ে আর একটা ভাষায় রূপান্তরিত করে দেওয়া যায়। হিন্দী এবং গুরুমুখী প্রায় এক রকম, কিন্তু হিন্দী জানলে গুরুমুখী জানা যায় না। সুতরাং এ সম্পর্কে চিন্তা করতে হবে। তিনটে ভাষা শিক্ষা চলতে পারে না। সংস্কৃত ভাষাকে ইলেকটিভ সাবজেক্ট হিসেবে রাখা হোক এবং এর অবশ্যম্ভাবী পরিণতি কি হয়েছে? ইংরাজীতে কম স্ট্রেস দেওয়া হচ্ছে। বলা হচ্ছে ১৫০ নম্বরের ইংরাজীকে হাইয়ার সেকেন্ডারিতে ইংরাজী এই হল, কিন্তু বি এ তে গিয়ে সেই ছেলে কি করছে? তার অবশ্যম্ভাবী পরিণতি আমরা দেখছি এবং তার জন্য বহুদিন বহুবার বলে আসছি। Education Co ordination Committee করা হোক। Primary, Secondary, Higher Education
এ সম্বন্ধে কো-অর্ডিনেশন করবার কোন ব্যবস্থা নেই, প্রত্যেকটা স্তরে সিলেবাস কমিটি আলাদা থাকতে পারে কিন্তু There is no co-ordination.

সুতরাং এই কো-অর্ডিনেশন যদি না করতে পারি তা হলে সত্যিকারের এডুকেশন ডিপার্টমেন্টকে উন্নত করতে পারব না। আর চতুর্থ কথা বলছি Intre-University Co-ordination Committee করতে হবে। আমরা পাঁচটা ইউনিভার্সিটি করতে চলেছি, তার মধ্যে যদি কো-অর্ডিনেশন না করতে পারি তা হলে বাঙালী হিসেবে বাংলার ~~ক্ষ~~ শিক্ষা, সে শিক্ষার মান ক্রমশ নেমে যাবে, এ সম্বন্ধে চিন্তা করতে হবে। আমার পঞ্চম বক্তব্য হচ্ছে আপনি স্পনসর্ড কলেজ সম্বন্ধে

একটু চিন্তা করবেন। ঐ যে ডুয়েল কন্ট্রোল, ঐ বোর্ড ম্যানেজিং কমিটির কন্ট্রোল। এ সম্বন্ধে অত্যন্ত চিন্তার ব্যাপার যে মিসলিড করে অন্যদিকে চালিয়ে যায় এই বৈদ্যনাথ মুখার্জি জ্বলন্ত উদাহরণ। আমি বলছি চিন্তা করুন। স্পনসর্ড কলেজকে এভাবে ফেলে রেখে দিলে হবে না—রাজনৈতিক ঘুঘুর বাসা হয়ে দাঁড়াচ্ছে এই স্পনসর্ড কলেজগুলো। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Syed Shamsul Bari:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আজ যে ব্যয়বরাদ্দ এখানে উত্থাপন করেছেন তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। আজ জাতির সংকটজনক মুহূর্তে প্রতিরক্ষা ব্যবস্থার জন্য যে-কোন খাতে ব্যয়সংকোচ করার প্রয়োজন হলে করতে হবে। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের আমলে আমরা দেখতে পাচ্ছি যে, শিক্ষার যথেষ্ট উন্নতি হয়েছে, প্রত্যেক স্তরে উন্নতি হয়েছে। কি প্রাথমিক শিক্ষা, কি মাধ্যমিক শিক্ষা। কি কলেজীয় শিক্ষা— প্রত্যেক স্তরেই উন্নতি হয়েছে। তবে আমরা লক্ষ্যে পৌঁছতে পারি নি, কারণ আমাদের লক্ষ্য বহুদূর। যেভাবে পশ্চিমবাংলার শিক্ষার প্রসার হয়ে চলেছে অদূরভবিষ্যতে পশ্চিম বাংলা যে-কোন রাজ্যের সমকক্ষ হবে, তাতে কোন সন্দেহ নেই। আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আর একটা কথা বলব যে, আজকে ব্যয়সংকোচ করা হয়ত দরকার হবে প্রতিরক্ষার জন্য, এবং সে ব্যয়সংকোচ করতে হবে। তবে আমি মনে করি শিক্ষার জন্য ব্যয়সংকোচ না করে অন্য খাতে করলে ভাল হত, কারণ আমরা মনে করি সিভিল ডিফেন্স বা অসামরিক প্রতিরক্ষা শিক্ষার অংগ। আমরা মনে করি শিক্ষাকে সিভিল ডিফেন্সএর একটা অংগ, কারণ যদি দেশে যথেষ্ট শিক্ষার প্রসার হয় তা হলে দেশের মধ্যে দেশাত্মবোধ জেগে উঠবে এবং আমাদের ছাত্ররা তারা সমস্ত দেশকে ভালবাসবে এবং তাদের মধ্যে দেশকে ভালবাসার ভাব জেগে উঠবে। আমাদের এই যে বিশেষ রাজনৈতিক দল, যাঁরা চীনা-যুদ্ধের পরিপ্রেক্ষিতে নানারকম অপপ্রচার করার চেষ্টা করেছেন তাঁরা তা করতে পারবেন না যদি দেশে শিক্ষার প্রসার হয়। তাদের অপপ্রচারের অসুবিধা হবে। আমরা দেখেছি যেখানে শিক্ষার অভাব সেই গ্রামে এর সুযোগ নিয়ে চীনা-দরদী বন্ধুরা নানাপ্রকার অপপ্রচার করার সুবিধা পেয়েছেন।

সেখানে গ্রামবাসীদের মধ্যে তাদের সরলতার সুযোগ নিয়ে, শিক্ষার অভাবের সুযোগ নিয়ে নানারকম অপপ্রচার করছে। বলছেন মুক্তি ফৌজ আসছে—কখনও বলছেন যে নেতাজী সুভাষ-চন্দ্র এই ফৌজের সংগে আসছেন—এইভাবে দেশের লোককে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। এবং আমরা দেখতে পাচ্ছি যেখানে শিক্ষার অভাব সেখানে তাদের আবির্ভাব—আমরা দেখতে পাচ্ছি যে, আমাদের যে রিক্সাচালক ভাইরা তাদের মধ্যে তারা অপপ্রচার—আমাদের বিড়ি শ্রমিক ভাইদের নিরক্ষরতার সুযোগ নিয়ে তাদের নানারকম অপপ্রচার করেছেন। এইরকম মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি আশ্চর্য হবেন এইভাবেই তাঁরা চলেছেন—এই যে চীনাদের আক্রমণ এটাতে আমাদের বিরুদ্ধে নানারকম অপপ্রচার করেছেন। তাদের বলেছেন যে, এ যুদ্ধ কিছু নয়—এ বড় লোকের যুদ্ধ—এ কংগ্রেসের নানারকম ভাঁওতা—দেশের ট্যাক্স বাড়াবার জন্য এইরকম চেষ্টা হচ্ছে—এটা আমাদের কোনরকম একটা যুদ্ধ নয়—চীনারা আমাদের কোন জায়গা দখল করে নি। তাদের যেসব জায়গা ছিল সেই জায়গা তারা নিয়ে যাচ্ছে। মোট কথা তাঁরা বলতে চাচ্ছেন যে, এ'রা দেশে ট্যাক্স বাড়াবার জন্য চেষ্টা করছেন।

এই অশিক্ষা এবং সরলতার সুযোগ নিয়ে তাঁরা রাজনীতি চালিয়ে যাচ্ছেন। তাঁরা জানেন যেখানে ঘোলা জল সেখানে মাছ ধরার সুবিধা হয় এবং তাঁরা সব সময় চান দেশের মধ্যে যাতে সব সময়ই একটা অশিক্ষা-অশান্তি থাকে তা হলেই তাঁদের সুবিধা হয়। তাই আমি আজকে বলব যে, এই শিক্ষা খাতে ব্যয়সংকোচ না করে অন্য কোন খাতে সংকোচ করে শিক্ষা খাতে যাতে দেওয়া হয় তার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা এই প্রসংগে বলব—কলেজের শিক্ষা সম্বন্ধে—আমাদের দেখা যাচ্ছে যে এই কলকাতায় ছাত্রদের ভিড় জমছে এবং এখানে ছাত্রদের সংখ্যা বেড়ে যাচ্ছে, কিন্তু বাসস্থানের নানা রকম থাকার অভাব এবং এই ছাত্রদের পড়াশুনার নানা রকম অসুবিধা দেখা যাচ্ছে—এক জায়গায়

অনেক বেশি ছাত্র হয়ে যাচ্ছে, তার জন্য আমি বলব, ডিসেন্ট্রালাইজেশনের দরকার। আজকে এখানে দেখা যাচ্ছে যে, কলকাতায় ছাত্রদের অসহায়তার সুযোগ নিয়ে বড় ব্যবসা চলছে—এখানে পরীক্ষা একটা ভাঁওতায় পরিণত হয়েছে এবং বাজারে দেখতে পাওয়া যাচ্ছে নানারকম মেড ইজি এবং টিউটোরিয়াল হোম চলছে—তা ছাড়া সংবাদপত্রে দেখা যাচ্ছে যে, লাস্ট মিনিট সাজেসশন বলে বই বিক্রি হচ্ছে—ছাত্রদের অসহায়তার সুযোগ নিয়ে ব্যবসা চলছে কলকাতায়, সেইজন্য আমি মনে করি, শিক্ষার নামে এটা প্রহসন। তাই আমি সরকারের তথা শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব যাতে এই সমস্ত মেড ইজি এবং লাস্ট মিনিট সাজেসশন যেন আইন ক'রে বন্ধ করে দেওয়া হয়। কলকাতায় এই যে টিউটোরিয়াল হোমের সংখ্যা ক্রমে ক্রমে বেড়ে চলেছে সেটা বন্ধ করা দরকার। এইজন্য আমার মনে হয় এই সব আইন করে বন্ধ করা দরকার। আর দেখতে পাওয়া যাচ্ছে যে, মফঃস্বলের অনেক মেধাবী ছাত্র তারা নানারকম অসুবিধায় পড়ে এবং নানারকম আর্থিক অসুবিধার জন্য পড়াশোনা করতে পারে না এবং কলকাতায় এসে অনার্স পড়ার সুযোগ পায় না। তাই আমার মনে হয় যে, আমাদের মফঃস্বল শহরে পশ্চিম সাব-ডিভিসনে যে ডিগ্রি কলেজ রয়েছে তাতে অনার্স বিষয় পড়াবার ব্যবস্থা করার বিশেষ প্রয়োজন এবং যাতে সেখানে ছাত্রবাসের সুবিধা হয় এবং ভালভাবে পড়াশোনা করতে পারে তার ব্যবস্থা করা দরকার। আর একটি কথা আমি বলব, কমার্স শিক্ষার জন্য সরকার থেকে কোন ব্যবস্থা করা হয় কিন্তু বিজ্ঞানের পরেই অনেক ছাত্র আজকাল কমার্স পড়তে চায় তাদের জন্য রাজ্যসরকারের কোন সুবিধা নেই—সেইজন্য মনে করি মফঃস্বলে যেসব কলেজ রয়েছে তাদের সাহায্য করা দরকার এ ব্যাপারে। রেকারিং এবং নন-রেকারিং ব্যাপারে গ্র্যান্ট দেবার সেখানে ব্যবস্থা রয়েছে—আমাদের অনেক ছাত্রই কমার্স পড়তে পারে। আমি আর একটি কথা বলব, এই এডুকেশন ডিসেন্ট্রালাইজ করা খুবই প্রয়োজন—অবশ্য এর আগেই আমি বলছি এবং আগামী দিনেও বলব এই ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা দরকার। আমাদের মেদিনীপুরে যাতে একটি বিশ্ববিদ্যালয় হয় তার জন্য আমি এর আগে এবং এখনও অনুরোধ করি।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[3-25—3-35 p.m.]

Shri Amarendra Nath Basu:

মাননীয় ডেপুটি স্পীকার, মহাশয় মন্ত্রিমহাশয় যে অর্থ-মঞ্জুরী করবার জন্য এখানে তাঁর বক্তব্য রেখেছেন, আমি সেটা সমর্থন করি এবং সংগে সংগে একথাও বলি যে, এই অর্থ যেন অপব্যয় না হয়, অন্যায় খরচ না হয় এবং সমস্ত অর্থ যেন সত্যিই খরচ হয়—পড়ে না থাকে। আমি আমার বক্তব্য খুব সীমাবদ্ধ করবো—অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে।

প্রথমে বলবো—কল্যাণরাষ্ট্রের কর্তব্য কি? স্বামী বিবেকানন্দ বলেছিলেন প্রথমে সবাই শুরু করবে—প্রথম অন্নদান, তারপরে শিক্ষাদান। অন্নদানের কথা, অন্নের ব্যবস্থার কথা—এক্ষেত্রে আমি বলব না। কারণ এই সভায় এ নিয়ে বহু আলোচনা হয়ে গেছে এবং আজকে প্রমাণ হয়ে গেছে যে এদেশে অন্নের অভাবে মানুষ আত্মহত্যা করছে। আমি এখানে কেবল শিক্ষাদানের কথা বলবো। এখানে শিক্ষাদানের কোন ব্যবস্থা নাই, আছে শিক্ষা বিক্রয়ের ব্যবস্থা। এবং সেই শিক্ষা এখানে বিক্রয় করা হচ্ছে, তাও অত্যন্ত বেশী দামে এবং সেখানেও চোরাকারবারীর গন্ধ পাওয়া যায়। স্যার, এই শিক্ষা বিভাগের এ চিন্তা করা উচিত যে, এই গরীব দেশের মানুষ এত উচ্চমূল্যে শিক্ষা ক্রয় করতে পারবে কিনা! তা পারছে না। আমি সেজন্য প্রথম স্তরের—একেবারে প্রাথমিক শিক্ষা স্তরে অন্ততঃ অবৈতনিক ব্যবস্থা করবার জন্য বলছি। আমি বাধ্যতামূলক শিক্ষার কথা বলছি না এই জন্য যে আজ যদি বিনা বেতনে তারা পড়বার সুযোগ পায়, তাহলে প্রত্যেক বাপ তার ছেলেমেয়েদের পড়াবার জন্য আগ্রহ করে এগিয়ে আসবে। কাজেই সেই ব্যবস্থা যদি আপনারা করেন, তাহলে জাতির প্রথম বুনিয়াদ যেটা, সেই বুনিয়াদটা আপনারা একটু উঁচু করে দিয়ে যাবেন। এই বুনিয়াদকে আপনারা একটু মজবুত করবেন, জাতির মনে শিক্ষালাভ করবার জন্য আগ্রহ আরো বেড়ে যাবে। সেই জন্য আমি আরো দু'একটি কথা এখানে রাখছি।

স্কুলে আজ ছেলেমেয়েদের বই-এর বোঝা অত্যন্ত বেশী। অন্ততঃ ২০।২৫ খানা বই আমি দেখেছি পঞ্চম শ্রেণীর ছাত্রছাত্রীদের; অথচ সেই বইগুলি তাঁরা পুরো পড়ান না। তার মধ্যে ৩।৪ খানা বই একেবারেই পড়ান না এবং যে বইগুলো পড়ান তাও খুব অল্প কয়েকখানা পাতা, এমনকি অর্ধেকটা বইও পড়ান হয় বলে আমি দেখি নি, অবশ্য পড়া সম্বন্ধে ছেলেমেয়েদের সঙ্গে আলোচনা করে যতটুকু দেখেছি।

দ্বিতীয় হচ্ছে, প্রত্যেক বছর এই বইগুলো বদলান হয়। অর্থাৎ দাদার বই, ভায়ের পড়বার কোন সুযোগ নেই। আমি এই কথা অনেক দিন আগে উত্থাপন করেছিলাম, আমাদের স্বর্গত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয় তখন বলেছিলেন আমি চেষ্টা করবো যাতে এই রকম একটা ব্যবস্থা হয়, অর্থাৎ যাতে প্রত্যেক বছরই এইভাবে বই বদলান না হয়।

তৃতীয় হচ্ছে, ছাত্রছাত্রীদের জন্য প্রত্যেকটি বিদ্যালয়ে ফ্রি টিফিনের ব্যবস্থা করা উচিত। এখানে এই জরুরী অবস্থার সময় দেখেছি বহু যুবক যুদ্ধে যোগদান করবার জন্য সৈনিক হবার জন্য দরখাস্ত নিয়ে এগিয়ে গিয়েছিল। কিন্তু কারও চোখ খারাপ, কারও দাঁত খারাপ, কারও ছাতির মাপ মিললো না, কারও ওজন কম হল, এইভাবে বহু ছাত্র, বহু যুবক বাতিল হয়ে গিয়েছে। সুতরাং আমাদের গোড়া থেকে চিন্তা করতে হবে শিক্ষা যখন ছাত্রদের দিচ্ছি, তার সঙ্গে সঙ্গে যদি ছাত্রদের শরীরটা মজবুত করে দিতে না পারি তাহলে সে অর্ধেক মানুষ হয়ে থাকল। কোন ক্ষেত্রেই, কোন কাজে, কোন জায়গায় ভালভাবে তারা কাজ করতে পারবে না। সেই জন্য একটু পুষ্টিকর খাদ্য দিনে একবার অন্ততঃ বিদ্যালয়ের ছাত্ররা যাতে পায়, তার ব্যবস্থা সরকারের এই শিক্ষা বিভাগ থেকে করা উচিত। তা ছাড়া আর একটা কথা হচ্ছে, বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের স্বাস্থ্য যাতে ভাল থাকে, তার জন্য শরীরের দিক থেকে, প্রত্যেকটি বিদ্যালয়ের তাদের চিকিৎসার ভার গ্রহণ করা উচিত। শুধু একজন ডাক্তার মহাশয়কে রাখলেই চলবে না। তারা যাতে অমনি ওষুধ পায় সেই ব্যবস্থাও সরকারের করা উচিত। এখন এই ছাত্রদের শরীরের উপর সরকারের লক্ষ্য রাখা কেন প্রয়োজন আছে সেটা আমি বললাম। আর একটা কথা হচ্ছে কোন স্কুল খেলা-ধুলার ভাল ব্যবস্থা করে উঠতে পারে না। খেলা-ধুলার জন্য এরা একটা চাঁদা নেন বটে। আমরা জানি, বৎসরে একবার একটু ছেলেমেয়েদের দৌড় করিয়ে বা হাই-জাম্প, লংগ-জাম্প করিয়ে কিছু পুরস্কার দেন বটে। কিন্তু ঠিক ভাবে খেলা-ধুলা তারা করেন না বা তা করাবার সেখানে সুযোগ নেই। তার সবচেয়ে বড় কারণ হচ্ছে সেখানে খেলা-ধুলার কোন মাঠ নেই, ছেলেদের খেলবার কোন জায়গা নেই। এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলবো, বিদ্যালয়গুলি সাধারণতঃ যেসকল বাড়ীতে হয়, সেই সব বাড়ীর অবস্থা এমনই খারাপ যে সেখানে আলো, বাতাস ঢুকতে পারে না। আপনি যদি স্কুলগুলি পরিদর্শন করে দেখেন, তাহলে দেখতে পাবেন, অবশ্য অনেকগুলি স্কুল ভাল আছে, সে বিষয়ে কোন সন্দেহ নেই কিন্তু এমন আরও বহু স্কুল আছে, যেগুলি স্বাস্থ্যের দিক দিয়ে অত্যন্ত ক্ষতিকর। সেখানে ছাত্রছাত্রীদের পাঁচ, ছয় ঘণ্টা বসে থাকতে হয়। সেখানে এই রকম অবস্থায় তাদের বসে থাকা উচিত নয়, এতে তাদের স্বাস্থ্য খারাপ হয়ে যায়। সেই জন্য আমার একটা বক্তব্য মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি, তিনি চিন্তা করে দেখুন যে বিদ্যালয় ভবনগুলি, সরকারী পরিকল্পনা অনুযায়ী বাড়ী তৈরী করে দেওয়া যায় কিনা। এবং তার খরচের টাকা, সেই বিদ্যালয়গুলির পরিচালকমণ্ডলীর কাছ থেকে ভাড়া হিসাবে কিম্বা কিস্তিবন্দি হিসাবে পরিশোধ করা যায় কিনা? যদি ছাত্রছাত্রীদের জন্য একটা ভাল বাড়ী হয়, একটা খেলার মাঠ হয় এবং সামান্য কিছু দৈনিক টিফিন দেবার ব্যবস্থা করা হয়, এবং তাদের চিকিৎসার দায়িত্ব নেওয়া হয়, তাহলে আমি বলবো এই ভাল পরিবেশের মধ্যে থেকে, এই ভাবে যেসব ছাত্রছাত্রীরা পড়বার সুযোগ পাবে, তারা সুস্থ, সবল বলিষ্ঠ শরীরে, জ্ঞান, বিদ্যা অর্জন করে, দেশের সেবার কাজে লাগতে পারবে।

আজকের দিনে যারা লেখাপড়া শেখে তাদের এই মনোভাব সৃষ্টি করে দিতে হবে। আর সেদিন নেই যেদিন এই বাংলা দেশে ৫০-৬০ বৎসর আগে মানুষ ভাবতো লেখাপড়া করে যারা গাড়ীঘোড়া চড়ে তারা। আজকে এই মনোভাব আনতে হবে যে, লেখাপড়া করে যারা দেশের সেবা করে তারা। লেখাপড়া শিখছে যারা তারা দেশের ও দশের জন্য শিখছে এই মনোভাব ছাত্র

সমাজের মধ্যে জেগে ওঠে নি। শিক্ষা বিভাগের মধ্যে দিয়ে ছেলেদের লেখাপড়া শেখাবার সঙ্গে সঙ্গে এই মনোভাব সৃষ্টি করে দিতে হবে যে আমরা শুধু চাকরীর জন্য লেখাপড়া শিখছি না, পয়সা উপার্জনের জন্য শিখছি না, আমরা লেখাপড়া শিখে দেশের ও দশের সেবা করবো, দেশের উন্নতি করবো।

আর একটা কথা আগেরবারও বলেছিলাম এই সভায় যে, প্রাথমিক শিক্ষার দায়িত্ব সম্পূর্ণভাবে মহিলাদের হাতে ছেড়ে দিতে হবে। এই বিভাগটি যদি মা বোনেদের হাতে ছেড়ে দেওয়া যায় তাহলে আমার মনে হয় বর্তমানে যেভাবে ছেলেরা পড়ার সময় মন দিতে চায় না এবং পড়তে চায় না, পড়ার সময় পালিয়ে যেতে চায়, মা বোনদের হাতে দিলে তাদের পড়ার আগ্রহ খুব বেশী হবে। আমি এই কয়েকটি কথা আলোচনা করে মন্ত্রিমহাশয়ের কাছে আমার বক্তব্য রাখছি এবং আমি অনুরোধ করবো তিনি যেন এই বিষয় একটু চিন্তা করেন।

[3-35—3-45 p.m.]

Shri Gobardhan Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকের এই বাজেট বরাদ্দ খুব কম ধরা হয়েছে ফলে শিক্ষার প্রসার ব্যাহত হবে। ৬ হতে ১৪ বৎসর বয়স্ক ছেলেমেয়েদের প্রাথমিক শিক্ষা প্রসার দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যখন শতকরা ৮০ ভাগ পূর্ণ হবার কথা ছিল তা হবে না। ফলে প্রাথমিক শিক্ষার হার আরো কমে যাবে। বাংলা দেশের শিক্ষার স্থান নামতে নামতে আজকে অষ্টম স্থানে নেমেছে এটা বিবেচনা করা দরকার। গত বৎসর ১৯৬২-৬৩ সালে প্রাথমিক শিক্ষার জন্য বরাদ্দ ছিল—ফ্রি প্রাইমারী, অবৈতনিক প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা, এবং উন্নয়ন খাতে ১ কোটি ২২ লক্ষ ৪০ হাজার টাকা। সেখানে সংশোধিত বাজেটে হল ৯৭ লক্ষ টাকা। এ বৎসরও ৯৭ লক্ষ টাকা আছে। মোটামুটি প্রাথমিক শিক্ষা ব্যাপারে ১৯৬৩-৬৪ সালে ২৫ লক্ষ টাকা কম দেওয়া হয়েছে। (গ) শ্রেণীর শিক্ষকদের ৭০ টাকায় চাকরী শেষ হয়ে যাচ্ছে, (খ) শ্রেণীর ৮০ টাকায় এবং (ক) শ্রেণীর শিক্ষকদের ১০০ টাকা পেতে ১৫ বৎসর কাটাতে হবে। প্রাথমিক শিক্ষকগণের কমপক্ষে বেতনের হার ১০০ থেকে ১২৫ টাকা পর্যন্ত হওয়া উচিত বলে মনে করি এবং এটা মন্ত্রিমহাশয়ের কাছে ডেপুটি স্পীকার মহাশয়ের মাধ্যমে অনুরোধ করি। কেন? কারণ বর্তমান যুগে নিত্যনৈমিত্তিক জিনিষের দাম অনুসারে ৭০-৮০ টাকা বেতনে তাঁদের চলতে পারে না।

আর একটা কথা জানাতে চাই, গ্র্যাচুইটি সম্পর্কে সরকারের মনোভাব আমরা জানতে চাই। আর একটি কথা, কিশলয় এবং প্রকৃতি পরিচয়, এই বইগুলির দায়িত্ব গভর্নমেন্ট নিজের হাতে নিয়েছেন, কিন্তু সেই বই পাওয়া যাচ্ছে না এবং তার জন্য ছেলেমেয়েদের পড়ার ব্যাঘাত ঘটছে। এখনও এই বই পাওয়া যাচ্ছে না। প্রাথমিক স্কুল সম্বন্ধে আর একটি কথা বলবো, বিশেষ করে গ্রামাঞ্চলের কথা বলছি, সহরাঞ্চলের কথা বলছি না, গ্রামাঞ্চলে প্রাথমিক স্কুলের ছেলেমেয়েদের পানীয় জলের খুব অভাব আছে। আমি নিজে একজন শিক্ষক এবং আরো অন্য শিক্ষকদের সঙ্গে মেলামেশা করি, আমি দেখেছি যে সেখানে পানীয় জলের খুবই অভাব। সেই জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে এই প্রাইমারী স্কুলের সংলগ্ন এলাকায় একটি করে যেন টিউব-ওয়েল দেওয়া হয়।

আমাদের মাননীয় প্রধান মন্ত্রী শ্রীজওহরলাল নেহরু বলেছেন এই জরুরী অবস্থায় যেন আমরা শিক্ষা সঙ্কোচন না করি। আমিও সেই অনুরোধ মন্ত্রিমহাশয়ের কাছে জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Haridas Chakravarty:

ডেপুটি স্পীকার মহোদয় আমার বক্তব্য শুরু করার আগে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে মাননীয় শিক্ষামন্ত্রী এখানে অনুপস্থিত। যাই হোক দেশ যখন দারুণ সংকটের সম্মুখীন, যখন আমাদের দেশে অগণিত ছাত্রছাত্রী শিক্ষার আকাঙ্ক্ষায় গুমরে মরছে সেই সময়

সরকারী অর্থানুকুল্যে চালিত একটি শিক্ষা প্রতিষ্ঠান কেমন করে একটি দুর্নীতিপরায়ণ প্রতিষ্ঠানে পরিণত হয়েছে তার রোমাঞ্চকর কাহিনী আমি এখানে বলতে চাই। দুর্ভাগ্যের বিষয় যার কথা বলব তিনি এখানকার সদস্য। ১৯৫৯ সালে গোঘাট থানায় একটি কলেজ স্থাপিত হল, নাম হ'ল গোঘাট অঘোর কামিনী প্রকাশ চন্দ্র কলেজ—স্বর্গত ডাঃ রায়ের মা ও বাবার নামে এই কলেজ হয়েছিল। তার সম্পাদক হলেন এই সভার একজন সদস্য। এই কলেজে প্রয়োজনীয় সংখ্যক ছাত্র নেই। শিক্ষক নেই—তা সত্ত্বেও সব রকম সরকারী অর্থানুকুল্যের অভাব নেই। সেখানে আর্টস এবং সায়েন্স ক্লাস খোলা আছে। সেখানে যে দুর্নীতি চলছে সেই কলেজের সঙ্গে শিক্ষামন্ত্রী জড়িত আছেন। এর সম্পাদকের নাম ডাঃ রাধাকৃষ্ণ পাল, মাননীয় সদস্য যাঁরা এখানে অনেকদিন আছেন তাঁদের স্মরণে আছে তিনি একবার বক্তৃতায় শিক্ষামন্ত্রীকে "শিক্ষার শৃগাল" বলে অভিনন্দিত করেছিলেন, এবং আমাদের স্বর্গতঃ মুখ্যমন্ত্রী ডাঃ রায় তাঁকে বলেছিলেন ডক্টর অফ লাইজ। যাই হোক এই কলেজে প্রি-ইউনিভার্সিটি, বি এ, মিলিয়ে ৭১ জন ছাত্র। ১৯৬২ সালেও ছাত্রসংখ্যা মোট ৯৫ জন। কাগজপত্রে ছাত্রসংখ্যা অনেক দেখান হয় অথচ ১৫০-এর বেশী ছাত্র সেখানে আজ পর্যন্ত হয় নি। অন্য কলেজ হলে এই কলেজ অনেক আগেই উঠে যেত—এরকম সম্পাদক থাকলে অনেক আগেই কলেজ দুর্নীতির অভিযোগে উঠে যেত। পরীক্ষার অবস্থা সেখানে দেখুন—টুকে লেখার জন্য অনেকগুলি ছেলে রিপোর্টেড এগেনেস্ট হয়ে যায়। অভিযুক্ত ছাত্রদের যখন ডাকা হয় তারা বলে যে আমরা কলেজে যাই, কিন্তু কোন অধ্যাপক থাকেন না।—সম্পাদকের এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন অধ্যাপক থাকুক বা না থাকুক ব্যাপারটা আমার হাতে ছেড়ে দাও—তোমাদের কোন চিন্তা নেই। তাই ছেড়ে দেওয়া হল। একটা হিসাব দেখুন। ১৯৬১ সালে ইন্টারমিডিয়েট-এ ম্যাল-প্র্যাকটিস-এর জন্য আর এ যে ৩৫ জন, ১৯৬২ সালে আর এ হল ৫ জন। এই রকম খবর আছে যে অধ্যাপকের নামে যখন ছাত্ররা অভিযোগ করেছিল তখন সম্পাদক তাদের আশ্বাস দিয়েছিলেন। কিভাবে সেই আশ্বাস পালন করেছিলেন সেটা জানা গেছে যে ওই কলেজের সেন্টার-এ ব্ল্যাক-বোর্ড-এ প্রশ্নোত্তর লিখে দেওয়া হয়েছিল ট্রানস্লেশন করে দেওয়া হয়েছিল। সেইভাবে তাদের নকল করার সুযোগ দেওয়ার ফলে ছাত্ররা রিপোর্টেড এগেনেস্ট হয়। তার পর ওখান থেকে সেন্টার উঠিয়ে দেওয়া হয়। পরে দলীয় স্বার্থে এস ডি ও-কে প্রভাবিত করে এস ডি ও আন্ডারটেকিং দিলে সেই কলেজ-এ আবার সেন্টার হয়। কিন্তু এস ডি ও আন্ডারটেকিং দেওয়া সত্ত্বেও পরবর্তীকালে ইউনিভার্সিটি সেই সেন্টার ওখান থেকে উঠিয়ে নিতে বাধ্য হন।

[3-45—3-55 p.m.]

তারপর তৃতীয় প্রিন্সিপ্যাল এলেন, তাঁর নাম হচ্ছে সুশান্ত পাঠক, তিনি বি এ ফেল এবং এটা জেনেই ঐ কলেজের সম্পাদক তাঁকে নিযুক্ত করেছিলেন এবং এর একমাত্র উদ্দেশ্য ছিল ইউনিভার্সিটির গ্র্যান্ট কমিশনের টাকা এবং ঐ কলেজের টাকা বখরা করে নেওয়া যায়, এবং তার পরবর্তীকালে পুলিস সেই প্রিন্সিপ্যালকে গ্রেপ্তার করে এবং তাঁকে সেখান থেকে সরিয়ে নেওয়া হয়। তারপর যে প্রিন্সিপ্যাল নিযুক্ত করা হয়েছিল তারও ইউনিভার্সিটির প্রেসক্রাইব কোয়ালিফিকেশন ছিল না। সম্প্রতি তাঁর অ্যাপয়েন্টমেন্ট ক্যান্সেল করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বোধহয় জানেন যে, এই কলেজটি ফুলফ্লেজেড কলেজ, সেখানে বি এ, মডিফায়েড বি এ, ওল্ড কোর্স বি এ, প্রি-ইউনিভার্সিটি, ও আর্ট এবং সায়েন্স, এবং আর্টএর সমস্ত বিভাগ আছে। সুতরাং লোকে নিশ্চয়ই আশা করবে সেখানে অন্ততপক্ষে ৪০।৫০ জন আছে, কিন্তু আপনি শুনলে অবাক হবেন এবং মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন কারণ গভর্নমেন্টকে ডি এ দিতে হয় সেজন্য তাঁদের কাছে রিপোর্ট আসে, সেখানে মাত্র দশ জন অধ্যাপক আছে। এই দশ জন অধ্যাপকের জন্য সরকারী আনুকূল্য কি—সেখানে ফ্রি কোয়ার্টার্স তৈরি করবার জন্য আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় ১৬ হাজার টাকা গ্র্যান্ট দিয়েছেন। আমরা জানি বাংলাদেশের এমন অনেক শিক্ষাপ্রতিষ্ঠান আছে যেখানে টাকার অভাবের জন্য ছেলেদের মিনিমাম শিক্ষার ব্যবস্থা করা যায় না এবং সেখানে সরকার থেকে তাঁরা কোন সাহায্য পান না। কিন্তু ঐ কলেজকে আরও অনেকভাবে টাকা দেওয়া হয়েছে। এবং এক একটা বাড়ী করা হয়েছে যেখানে ১৬ জন অধ্যাপক থাকতে পারে তা সত্ত্বেও সেখানে ৯৬ হাজার টাকা দেওয়া হয়েছে। ১৯৬০-৬১ সালে ৯৬ হাজার টাকা দেওয়া হয়েছে, তারপর অডিট রিপোর্ট এবং

আমাদের ফাইন্যান্স ডিপার্টমেন্ট এবং এডুকেশন ডিপার্টমেন্ট থেকে নোট দেওয়া হয় যে সেখানে এই অবস্থা চলেছে। সুতরাং তাকে আবার টাকা দেওয়া যায় না। কিন্তু আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় ফোন করলেন শিক্ষা দপ্তরকে বললেন টাকা দিতে হবে, অডিট রিপোর্টকে রিভাইজড করা হউক। তারপরে রিভাইজড করিয়ে--যেখানে এক পয়সাও পাওয়া উচিত ছিল না সেখানে ১০ হাজার টাকা এই সরকারী তহবিল থেকে খরচ করা হল, কেন এর জবাব কি শিক্ষামন্ত্রী মহাশয় দেবেন? তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন এই কলেজ এর অ্যাফিলিয়েশনের জন্য যায় তখন ইউনিভার্সিটির ইন্সপেক্টর অব কলেজ তিনি সেখানে গিয়ে মন্তব্য করেছিলেন এবং তিনি যে রিপোর্ট দিয়েছিলেন তাতে বলা হয়েছিল যে ছাত্রদের বেতন বাবদ কলেজের আয় হচ্ছে ১৫ হাজার টাকা, তারপর কোন সিনেমা কোম্পানী ডোনেট করেন ৫ হাজার টাকা, তারপর একটা ফিসরী কোম্পানী ডোনেট করেন ৫ হাজার টাকা এবং কলেজের নিজস্ব ধানী জমি থেকে আয় হচ্ছে বছরে ৫ হাজার টাকা। এই ১৫ হাজার টাকা বছরে আয় হয়। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই এই টাকার হিসাব কি তিনি নিয়েছেন এবং কি দেখেছেন এই টাকা জমা পড়ে কিনা। তারপর আমি আর একটি কথা বলতে চাই যে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আপনি বাংলাদেশে অত্যন্ত দায়িত্বপূর্ণ শিক্ষার সিংহাসনে অধিষ্ঠিত আছেন, আপনার ঐ সৌম্য শান্ত মুখের উপর এই ধরণের দুষ্ট গ্রহকে যদি আপনি প্রশ্রয় দেন তাহলে বাংলাদেশের শিক্ষা জগৎ কোথায় গিয়ে দাঁড়াবে, শিক্ষাব্যবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আর একটি কথা জানাতে চাই যে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এক সময়ে রাধাকৃষ্ণবাবুকে ডাঃ অব লাইজ উপাধিতে ভূষিত করেছিলেন, কিন্তু রাধাকৃষ্ণবাবু মুখ্যমন্ত্রীর বাবার ও মায়ের স্মৃতির উদ্দেশ্যে ঐখানে কলেজ প্রতিষ্ঠিত করে তাঁকে হাতের মুঠোর মধ্যে এনেছেন। এক সময় তিনি তার কাছে পরাজিত হয়েছিলেন, হয়তো সেই আতঙ্ক আজও আছে, সেইজন্য এই সমস্ত দুর্নীতি জানা সত্ত্বেও তার বিরুদ্ধে তিনি হাত তুলতে পারছেন না। তাঁর কাছে আমার অনুরোধ শিক্ষার নামে বাংলদেশে আপনি আজকের দিনে ছাত্রছাত্রীর ভবিষ্যতের দিকে চেয়ে তিনি তাঁর এই আতঙ্ক দূর করুন এবং বাংলাদেশের শিক্ষাজগতের স্বাস্থ্য ফিরিয়ে আনুন, এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Santosh Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষাখাতে যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন, তা আমি পূর্ণ সমর্থন করছি, এবং এই সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা আমি আপনার মাধ্যমে সরকারের কাছে এবং মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। প্রথমে আমি বলতে চাই যে শিক্ষাখাতে যে ব্যয় বরাদ্দ কমান হয়েছে তাতে আমি অত্যন্ত দুঃখিত, যদিও আমাদের এখানে অর্থমন্ত্রী বলেছেন যে সুবিধা হলেই তিনি আরও টাকা দেবেন। প্রাথমিক বিদ্যালয় এই কথা বলতে গেলে বলতে হয় আগেকার দিনে বৃটিশ আমলে যেভাবে শিক্ষা চলতো এখন আর সেইভাবে নাই। আজ শিক্ষার একটা বৈপ্লবিক পরিবর্তন হয়েছে। আগেকার দিনে শিক্ষা দেওয়া হত কেরাণী তৈরী করবার জন্য। কিন্তু আজকের দিনে শিক্ষা দেওয়া হয় দেশ গঠন করবার জন্য, দেশ রক্ষার জন্য, ঠিক এই কারণে শিক্ষার খাতে প্রতিরক্ষার সঙ্গে সঙ্গে এই ব্যয় কমান বাঞ্ছনীয় নয়। তারপর আর একটি কথা আপনার মাধ্যমে এই সভায় জানাতে চাই যে কিছুক্ষণ আগে এখনকার বিরোধী পক্ষের সদস্য বললেন যে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মাহিনা আজকেও ৬২৷৷০ টাকা দেওয়া হয়, আমি বলব তিনি এখানে অনেক তথ্য পরিবেশন করেছেন, কিন্তু তিনি আজকের প্রাথমিক শিক্ষকদের মাহিনা কত তা তিনি ঠিক জানেন না। সেখানে তিনটি ক্যাটিগরী শিক্ষক আছেন, যাঁরা সি ক্যাটিগরী তাঁরা মাহিনা পান ৬০ থেকে ৬৫ টাকা। আর যাঁরা বি ক্যাটিগরী তাঁরা পান ৭৫ থেকে ৮০ টাকা। আর যাঁরা এ ক্যাটাগরী অর্থাৎ বেসিক ট্রেন্ড তাঁরা পান ৮০ থেকে ১২৫ টাকা। এ ছাড়া তাঁদের প্রভিডেন্ট ফান্ড এবং গ্রাচুইটি দেওয়া হয়। তারপর শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আমি অনুরোধ করব যাতে এই শিক্ষকদের শিক্ষাকর না দিতে হয় তার জন্য তিনি ব্যবস্থা গ্রহণ করবেন। এই কর থেকে যদি তাঁরা রেহাই পান তাহলে তাঁদের অনেক উপকার করা হবে। তারপর বিরোধী অনেকে বলেছেন যে তাঁদের বিনা কারণে বদলি করা হয় এবং খুব উচিত হবে যদি যার যেখানে বাড়ী তার কাছে দেওয়া যায়। স্যার আমি যতদূর জানি এইসব [illegible] যাতে এই শিক্ষকদের বাড়ীর কাছে দেওয়া যায় তারজন্য চেষ্টা

করেন। কিন্তু অসুবিধা হচ্ছে যে বিদ্যালয়গুলি একেবারে তৈরী হয় নি, বিদ্যালয়গুলি বছরে বছরে মঞ্জুরীকৃত হয় সেজন্য হয়তো দেখা যাবে একজন শিক্ষক দূরে আছেন তার পক্ষে তাঁর অন্ন বাড়ীর কাছে দেওয়া সম্ভব হয় না। তারপরে স্যার, আমাদের সংবিধানে বলা হয়েছে ৬ থেকে ১১ বছর বয়স্ক শিশুদের বাধ্যতামূলক এবং অবৈতনিক প্রাথমিক শিক্ষা দেওয়া হবে। কিন্তু এক্ষেত্রে অনেক সময় দেখা যায় যে শিশুদের দিয়ে অনেক সময় বাধ্য হয়ে উপার্জন করাবার চেষ্টা হয়, হয়ত তাদের দিয়ে গরু চরাবার কাজ করান হয় অথবা ক্ষেতে, খামারে, বাগানে কাজ করান হয়, তাদের নিজেদের অন্ন নিজেদের রোজগার করতে হয়, সেজন্য আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি যদি এই সমস্ত শিশুদের দুপুরের আহারের ব্যবস্থা করেন তাহলে হয়ত প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক এবং অবৈতনিক করতে চাওয়া হচ্ছে তা হয়ত সফল হতে পারে। তারপর আর একটি কথা জানাতে চাই যে জুনিয়র বিদ্যালয়গুলি বুনিয়াদী বিদ্যালয়ে পরিণত করা হবে কিন্তু যে নিয়মে বুনিয়াদীতে পরিবর্তিত করা হচ্ছে তাতে অনেক সময় লাগবে। সেজন্য আমি বলছি যেসব বিদ্যালয়গুলিতে জায়গা আছে, ছাত্রদের বসবার জায়গা আছে, ঘর আছে সেইসব বিদ্যালয়গুলিকে বুনিয়াদী বিদ্যালয় তৈরী করা যায় তাহলে তাড়াতাড়ি হবে এবং প্রাথমিক বিদ্যালয়গুলিও বুনিয়াদী বিদ্যালয়ে পরিণত হবে।

[3-55—4-05 p.m.]

এই সঙ্গে সঙ্গে আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে আর একটা কথা বলব যে, শিক্ষক শিক্ষা পাবার জন্য যেসব বুনিয়াদি কলেজ আছে সেগুলি অত্যন্ত কম। এগুলি আরও বেশি দরকার যাতে সমস্ত শিক্ষক বুনিয়াদি শিক্ষা পেতে পারে। এই প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে জানাব যে, মেদিনীপুর শহরে যে বুনিয়াদি বিদ্যালয় আছে সেটার সঙ্গে আজ যেসব নূতন বুনিয়াদি শিক্ষণ বিদ্যালয় তৈরি করা হয়েছে তার সঙ্গে কোন সামঞ্জস্য নেই- সম্পূর্ণ নূতনভাবে আধুনিক ধরনের এটা করা প্রয়োজন। আমি আপনার মাধ্যমে আর একটা কথা [illegible] বিষয়ে আজকাল যেরকমভাবে শিক্ষার প্রসার হচ্ছে সেই শিক্ষার প্রসার নিয়ে সাধারণ কলেজের সঙ্গে বাণিজ্যিক কলেজের প্রয়োজন। মেদিনীপুরে একটামাত্র এইরকম ধরনের কলেজ আছে। ইদানী মেদিনীপুরের একজন প্রাক্তন জমিদার তাঁর বাড়ি এবং সম্পত্তি দিয়েছেন। এই কলেজটাকে আলাদা করবার জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি। এবং যদি সম্ভব হয় সেই কলেজকে সাহায্য দিলে তারা আলাদা একটা কলেজে একে পরিণত করতে পারবে।

Dr. Radhakrishna Singha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের শিক্ষামন্ত্রী শিক্ষা খাতে যে অর্থ মঞ্জুরি পেশ করেছেন তাতে আমার নিজস্ব সমর্থন আছে, তবে তার সঙ্গে এটুকু বলব যে, আজকে এই খাতের প্রতিটি অর্থ যাতে শিক্ষার মান উন্নয়ন করবার জন্য ব্যয়িত হয় সেদিকে যেন তাঁর দৃষ্টি থাকে। বিখ্যাত লেখক এইচ জি ওয়েলস একবার রাশিয়ায় গিয়েছিলেন। রাশিয়ার জনগণ একবার তাঁকে জিজ্ঞাসা করেছিলেন, "হোয়াট ইজ এডুকেশন?" তিনি বলেছিলেন, Education is a weapon. Its effects come on those who wield it.

তাঁর সেই ভবিষ্যৎবাণী আমার আজকে মনে পড়ছে। আজকে কোটি কোটি টাকা আমরা খরচ করছি, কিন্তু দেখছি যে বাংলাদেশে শতকরা ৫০ জন ছেলে গড়ে পাশ করে- তার মধ্যে থার্ড ডিভিসনএ ৭০ ভাগের বেশি। শিক্ষার উদ্দেশ্য দেশসেবা করা, দেশকে রক্ষা করা, দেশের মর্যাদা বাড়ানো। আজকে শতকরা ৭০ থেকে ৭৫ জন ছেলে সুযোগ অভাবে অ্যান্টি সোশাল এলিমেন্ট হয়ে পড়েছে। সেজন্য আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে বলব যে, এ সম্বন্ধে একটা ফ্যাক্ট ফাইন্ডিং কমিটি নিযুক্ত করুন এবং দেখুন যে, বাংলাদেশের শিক্ষার মান কেন এত নেবে যাচ্ছে। আজকে অল ইন্ডিয়া সার্ভিসএ বাংলাদেশের স্থান নেই। সেজন্য আমাদের অনুরোধ যে, বাংলাদেশ যেভাবে একদিন ভারতবর্ষকে গাইড করত আজকে বাংলাদেশ সেখানে শিক্ষার দিক থেকে সব থেকে বেশি পিছিয়ে আছে। সেজন্য আমি ফ্যাক্ট ফাইন্ডিং কমিটির দাবি করছি। তারপর শিক্ষক সম্বন্ধে ২।১টা কথা বলব। প্রথম হচ্ছে ১৯৬১-তে যে রিভাইজড পে স্কেল হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত বীরভূম ডিস্ট্রিক্টএর শিক্ষকরা সেই টাকা পান নি;

বাংলাদেশের কোন স্কুল সেই টাকা পান নি। সুতরাং শিক্ষকরা যদি সময়মত বেতন বা গ্র্যান্ট ইন এড না পান তা হলে তাঁদের মধ্যে উৎসাহ নষ্ট হয় এবং এতে শিক্ষার প্রভূত ক্ষতি হয় এটাই আমার বিশ্বাস।

এজন্য বলা গ্র্যান্ট-ইন-এড এ পর্যন্ত প্রত্যেক কোয়ার্টারলিতে দেওয়া দূরে থাক অনেক সময় বছরের শেষে পৌঁছায়, অনেক স্কুলের এতে ক্ষতি হয়। এই অব্যবস্থাটা চরম হয়ে উঠেছে, এজন্য বলেছিলাম ডি আইএর মাধ্যমে গ্র্যান্ট-ইন-এড দেবার ব্যবস্থা করা, প্রত্যেক ডিস্ট্রিক্টএ ডিস্ট্রিক্টএ এটা দেবার যদি ব্যবস্থা হয়, তা হলে ভাল হতে পারে। আর একটা মাল্টি-পারপাসএ স্ট্রীম সম্বন্ধে। মাল্টি-পারপাসে যেসমস্ত স্ট্রীম থাকে তাতে ৩ জন কি ৪ জন করে শিক্ষক থাকেন, তার মধ্যে আমার মনে হয় ১ জন টিচার-ইন-চার্জ রাখা উচিত, তাতে যে সে স্ট্রীম ভালভাবে কাজ চালাতে পারে এবং প্রধান শিক্ষকের দায়িত্ব কমে যায় ও শিক্ষার পদ্ধতিও ভাল হয়। কারণ আমাদের কলেজসমূহে যেমন থাকে এক একটা ডিপার্টমেন্টএর সিনিয়ার প্রফেসর তেমন স্কুলে যদি থাকে একটি একটি স্ট্রীমের সিনিয়ার টিচার তো ভাল হয়। আমাদের সার্জেন্ট কমিশন রিপোর্টে আছে, অ্যাডিশনাল ওয়ার্ক করলে অ্যাডিশনাল পে পাবেন—এ ব্যবস্থা করলে খুব ভাল হবে। আর একটা ব্যাপার যা আমাদের মফঃস্বল স্কুলে অসুবিধা হচ্ছে শিক্ষক পাওয়ার ব্যাপারে। ভাল শিক্ষক পাওয়া যায় না। সেজন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো যেমন স্পনসর্ড কলেজ-এ তাদের একটা প্যানেল অফ প্রফেসর তৈরী করা হয়, তেমনি আমার মনে হয় টিচার্সদেরও একটা প্যানেল করা দরকার এ সমস্ত স্কুলে পাঠাবার জন্য। আমি আর একটা অনুরোধ করবো যে টিচার্সদের স্পেসিয়ালি সায়েন্স টিচার্স-এর খুব অভাব হচ্ছে, তার জন্য রাত্রি বেলায় বা যে কোন সময় ডাবল সিফট-এ বি এস-সি পড়াবার সুযোগ যেন প্রবর্তন করা হয়। তাহলে এ সমস্যার কিছুটা সমাধান আমরা করতে পারি বলে আমার মনে হয়। এই বলে আমার বক্তব্য আমি শেষ করছি।

Dr. Radha Krishna Pal:

মিস্টার স্পীকার স্যার, আপনি আমার নাম ডাঃ রাধাকৃষ্ণ পাল বললেন, কে এক হরিদাস পাল—কি এক কি পাল হরিদাস পাল আমার সম্বন্ধে আলোচনা করেলেন। [নয়েজ]

Shri Kamal Kanti Guha:

স্যার এসব স্ল্যাং ল্যাংগুয়েজ এখানে বলা চলবে না।

Mr. Speaker:

কি হল বুঝতে পারলাম না, নামের কি গোলমাল হল? There is no Haridas Pal.

Dr. Radha Krishna Pal: Mr. Speaker, Sir,

অর্ধ সত্য কথা শুনতে খুব মিষ্টি লাগে। আমি চ্যালেঞ্জ করছি সমস্ত মাননীয় সভ্যকে যে তাঁরা আসুন—কমলবাবু থেকে আরম্ভ করে প্রত্যেক মাননীয় সভ্য প্রত্যেকে আমার সমালোচনায় মুখর হতে পারেন, আসুন আমি যৌবনের দুর্নিবার আকর্ষণ উপেক্ষা করে যখন আমি গোহাট থানায় হাইস্কুল করি ১৯৩০এ এবং আমার গুরু নেতাজী সুভাষচন্দ্র যিনি তখন ছিলেন মেয়র অফ ক্যালকাটা কর্পোরেশন তিনি আমার সে স্কুলের উদ্বোধন করেন এবং সেই ইম্পসিবল রোডস-এতে সে কথা বলেছিলেন, সুতরাং আমি বলছি স্যার সমালোচনা করা সহজ কিন্তু অনুসরণ করা বড় কঠিন আর সব যা বলে গেছেন টাকার কথা। [নয়েজ]—তুমি কমল একটা জুনিয়ার স্কুল করতে পার না—তোমরা সব সমালোচনা কর, [নয়েজ]। উনি বলেছেন গোহাট থানায় অঘোর কামিনী কলেজে দুর্নীতি চলছে, শিক্ষা সংক্রান্ত দপ্তরের সংগে যুক্ত। সেখানে ১৫০টি ছেলের বেশী নাই, সে স্কুলে শৈলেন অধিকারী পদত্যাগ করতে বাধ্য হয়েছেন। শৈলেন অধিকারী বলে আজ পর্যন্ত কেউ আমার কলেজে প্রফেসর ছিল না। শৈলেন বলে কেউ নেই, ও নামে কোন প্রিন্সিপ্যাল ছিল না আমার কলেজে। [নয়েজ—মিথ্যা কথা]। আমি যখন আরামবাগে কলেজ করি সেখানে ২৬ জন প্রফেসর এবং ৯৫০টা ছেলে, সেকেন্ড ট্রায়াল হচ্ছে, আমার অঘোর কামিনী কলেজ।

ব্রহ্মডাঙ্গায় প্রথম কলেজ করি, এবং ডাঃ রায় সেখানে গিয়েছিলেন, প্রফুল্লবাবু সম্বন্ধে বলেছিলেন তিনি দেবতার মত লোক তাঁর সম্বন্ধে আলোচনা করতে কমিউনিস্ট পার্টির দ্বিধা বা সঙ্কোচ হয় না।

[4-05—4-15 p.m.]

মিঃ স্পীকার, স্যার, শৈলেন অধিকারী বলে কোন প্রিন্সিপ্যাল ছিলেন না। দ্বিতীয়তঃ, যে প্রিন্সিপ্যাল ফ্রড কেসে পড়েছেন আমি উড়িষ্যা গভর্নমেন্টকে জানাই—আপনি খাতাপত্র তলব করুন, ওঁকে সাক্ষী রাখুন, আমি জানি সে বি এ পাশ নয় বলে তাঁদের সঙ্গে করেসপন্ডেন্স করে জানলাম যে, সে বি এ পাশ নয়, তখন উড়িষ্যা গভর্নমেন্টকে আমি জানাই উড়িষ্যার সেই কলেজকে আমি জানাই যে, সে বি এ পাশ নয় এবং আমিই তাকে ধরিয়ে দিয়েছিলাম। সে বি এ পাশ কিন্তু এম এ পাশ বলে চালিয়েছিল বলে আমিই ধরিয়েছি। দিল্লী গভর্নমেন্টকে জানাবার পর সেখান থেকে করেসপন্ডেন্স করে তারপর উড়িষ্যা গভর্নমেন্টকে জানাই পরে আমাদের বাংলা গভর্নমেন্ট পরোয়ানা বের করে, স্যার, দেখতে পাচ্ছেন কি রকম উনি ঔদ্ধত্য আরম্ভ করেছেন। দ্বিতীয়ত, স্যার, ১৫০ ছেলে নয়, সেখানে ২৭৫ ছেলে এবং আজকে জানেন সেটা একটা মাঠের মাঝে

Within a radius of 4 miles there is not a single village.

সেখানে আমি আরম্ভ করি এবং সেখানে নেতাজী সুভাষচন্দ্র ছোট বীজ বপন করে এলেন—আরামবাগ কলেজ। স্যার, ইনি বলেছেন, সেখানে নাকি ১০ জন প্রফেসর আছেন। স্যার, কত-বড় উলঙ্গ অসত্য কথা বলছেন। স্যার, আপনি শুনুন, স্যার, সেখানে ১৫ জন প্রফেসর আছে, আবার পার্ট টাইম ধরে সেখানে ২৫ জন প্রফেসর আছেন।

[এ ভয়েসঃ এই আবার কলেজ?]

তুমি যেখানে প্রফেসরী কর সেখানে ১০ জন প্রফেসর আছে। আমার তবু ১৫ জন আছে। উলুবেড়িয়া কলেজ সেখানে মাত্র ১২ জন ইনক্লুডিং শম্ভুবাবু সেখানে ঐ ১২ মাত্র। বলেছেন যে, ৯৬ হাজার টাকা কোয়ার্টারের জন্য দেওয়া হয়েছে। এটা স্যার, লোন—ইট ইজ লোন ফ্রম দি গভর্নমেন্ট। আমি নিয়েছি ৪৮ হাজার এখনও ইনকমপ্লিট আছে, এখনও পাই নি—এই ইমারজেন্সির জন্য বন্ধ হয়ে আছে নিজের টাকা দিয়ে রিপেয়ার করে প্রফেসরদের ঢোকাচ্ছি, স্যার, উনি দেখে আসুন সেটা জাস্টিফায়েড কিনা। ১ লক্ষ ৯০ হাজার টাকা আমি পাই নি ভাই। স্যার, একটা কলেজে ১০ হাজার টাকা দেওয়া হয়েছে—স্যার, আপনি জানেন মালটি-পারপাস স্কুল—আমার চারটে মাল্টিপারপাস স্কুলে ২০ হাজার টাকা গ্র্যান্ট দেওয়া উচিত। আর একটা কলেজে যদি ১০ হাজার টাকা গ্র্যান্ট দেওয়া হয়—ডেফিসিট গ্র্যান্ট দেওয়া হয় তা হলে সেটা কি অনুচিত হয়? এসব এরা জানে না—এরা এতো মূর্খ—এই মূর্খের দল রাধাকৃষ্ণ পালকে সমালোচনা করতে সাহস করে? যার পদাঙ্ক অনুসরণ করলে তোরা সব মানুষ হয়ে যাবি। মিঃ স্পীকার, আমি ওঁকে বলতে পারি যে, আমার সঙ্গে আমি যেসমস্ত স্কুল-কলেজ করেছি ওঁকে চারদিন লাগছে ঘুরতে। এবং তার যে বিরাট সম্পত্তি নিজে সেই সমস্ত ১১।১২ লক্ষ টাকা আমি ভিক্ষা করে দিয়েছি মাস্টার মহাশয়দের নিয়ে গিয়ে।

মিঃ স্পীকার, স্যার, এই যে শিক্ষাদপ্তর আমাদের আছে, এর সম্বন্ধে অনেকে সমালোচনা করেছেন। আমি তাঁদের বলতে পারি, আমাদের এডুকেশন ডাইরেক্টরেটএ যেসব শিক্ষাবিদ আছেন, সমস্ত ভারতবর্ষের কোথাও তেমনটি নাই, কোন স্টেট অ্যাসেমব্লিতেও নাই। এডুকেশন ডাইরেক্টরেটএ সেকেন্ডারি এডুকেশন সম্পর্কে জে পি নিয়োগীর মত দিকপাল একজনও নেই —তিনি শুধু বড় এডুকেশনিস্ট নন, তাঁর মত এত বড় এফিসিয়েন্ট লোক একজনও নাই। ডক্টর ভবতোষ দত্ত মহাশয় আমাদের ডি পি আই হয়ে এসেছেন। তিনি একজন মস্ত বড় ওয়ার্লড্ ইকনমিস্ট, তাঁর নাম পর্যন্ত উচ্চারণ করতে পারে নি ঐ পাপীর দল।

তারপর, স্যার, আমাদের শিক্ষামন্ত্রী সম্বন্ধে সমালোচনা করেছেন তাঁরা। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন একমাত্র গুরু গৌতমের সংগে তাঁর তুলনা করা যায়। তাঁর সমপর্যায়ে তিনি পড়েন। তাঁর সম্বন্ধে সমালোচনা করল ঐ শিশুর দল, বেবি ইন পলিটিকস অ্যান্ড এডুকেশন! এত বড় মূর্খ আর ওদের মত......

[গোলমাল]

কথায় বলে—'যাবৎ মূর্খ ন ভাষতে'।

আমি বলতে পারি এই যে কমিউনিস্ট পার্টি, এর যারা সদস্য, শুধু বাংলাদেশে নয়, সারা ভারতবর্ষের মধ্যে বড় দেশদ্রোহী তা প্রত্যেকটা ক্ষেত্রে তাদের কার্যকলাপে বোঝা যাচ্ছে। আমি তাদের প্রতিটি কথার প্রতিবাদ করি।

[হৈ চৈ]

Shri Mono Ranjan Bakshi:

মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন যে, মানুষ প্রতিদিন তীর্থক্ষেত্রে যায় এবং তীর্থক্ষেত্রে গিয়ে মানুষ পাষাণ দেবতার কাছে আকুলি-বিকুলি করে। তেমনি আজকে আপনার মাধ্যমে বাংলাদেশের এক বিরাট দায়িত্বসম্পন্ন যে ব্যক্তি সেই মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমি আমার আকুলিবিকুলি জানাচ্ছি, আবেদন নিবেদন করছি। তার কারণ হচ্ছে, এই বাংলাদেশে একসময়ে এতগুলি মহাপুরুষ জন্মগ্রহণ করেছিলেন, সারা ভারতবর্ষে হয়ত অত মহাপুরুষ জন্মগ্রহণ করেন নি। কাজেই আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে নিবেদন করছি—আমাদের স্ত্রী-শিক্ষা সম্পর্কে। আপনি জানেন, স্যার, বাংলাদেশে যে প্রাথমিক শিক্ষা যা হচ্ছে আমাদের বুনিয়াদি শিক্ষা, সেই বুনিয়াদি শিক্ষা শিশুদের কেমনভাবে দেওয়া হয় তার সম্বন্ধে নানারকম পরিকল্পনা হয় আমরা জানি। সেই বিদ্যালয়ে পরিদর্শনকারী যান যখন, তখন তাঁরা নানারকম কথা বলেন। কেউ বলেন, ভাল স্কুল বিল্ডিং তৈরি করতে হবে, কেউ বলেন বাগানবাড়ি তৈরি করতে হবে, কেউ বলেন অন্য কিছু তৈরি করতে হবে। এইভাবে তাঁরা নানা পরিকল্পনার কথা বলেন। কিন্তু আমার মনে হয় যে, যদি শিক্ষকদের শিক্ষা দিতে হয় তা হলে প্রথম তাঁদের প্রকৃতির সংগে সম্পর্ক রেখে তাঁদের শিক্ষা দেওয়া প্রয়োজন। আমরা জানি একজন ছোট শিশুকে দৈনিক বিদ্যালয়ের ভেতর বসিয়ে শিক্ষার কথা শোনানো হয়, শিক্ষার বিষয় পড়ানো হয়। তবে সেই জংগলের দিকে তার মন চলে যায়, ঐ পাশের গাছে দিকে যেখানে ঐ আমগাছে আম ঝুলছে, কবির ভাষায় বলতে গেলে, প্রত্যেক শিশুর হয়ত মনে হয় যে—

"ঐ আমগাছে আম দোলে
তার লোভ থাকে না?
কোন্ ছেলে নেবে তুলে,
তাই তার ভাবনা।"

এই শিশুর সংগে এই যে প্রকৃতির সম্পর্ক, সেই সম্পর্ক বজায় রেখে আজকে শিশুকে শিক্ষা দেওয়া প্রয়োজন। তারপর হচ্ছে শ্রম সম্বন্ধে শিক্ষা দিতে গেলে শিশুকে বাড়ি নিয়ে দেখানো উচিত যে, দেখ, তোমার বাপ-মা কিভাবে কাজ করছে, চাষীরা ক্ষেতে কিভাবে কাজ করছে। এইভাবে তাদের শ্রম সম্বন্ধে শিক্ষা দেওয়া উচিত। শিশুও যাতে শ্রম করতে পারে, সেদিকে লক্ষ্য স্থাপন করা উচিত। তাঁরা কোন্ সমাজের, কোন্ স্তরের লোক, কোন্ এলাকার লোক, কোন্ বংশ, ইত্যাদি এই সমস্তর সংগে তাদের পরিচয় করিয়ে দেওয়া উচিত।

আমরা জানি এই বাংলাদেশের শিক্ষার মধ্যে কোনরকম ধর্মের শিক্ষা নাই। পুরাপুরি বলতে গেলে সেটা একটা গডলেস এডুকেশন। সেখানে কোন ডিভিসন নাই। আমরা জানি যে, আমাদের এটা সেকুলার স্টেট। আমর ডি ভি সি করেছি। যে দামোদরকে আমরা বলতাম—

"ওরে নদ দামোদর,
তোরে নিয়ে যত ডর।"

যে দামোদর এতকাল প্লাবন বইয়ে দিত, গ্রামের পর গ্রামকে ডুবিয়ে দিত, যে দামোদর একদিন ছিল রিভার অফ সরোজ, সেই দামোদরকে সরকার আজ বেঁধেছেন, নিয়ন্ত্রণ করেছেন।

আমি মনে করি, আজকে বাংলাদেশে যেসমস্ত যুবক আছে, ছাত্র আছে, যাদের আমরা উচ্ছৃঙ্খল বলে মনে করি, আমার মনে হয়, তাদের যদি ভাল শিক্ষা দেওয়া যায়, মর‍্যাল এডুকেশন দিতে পারা যায়, রিলিজিয়াস এডুকেশন দেওয়া যায়, তা হলে তাদের উচ্ছৃঙ্খলতা বন্ধ হয়ে যাবে। সত্যিকার তাঁরা সমাজের সুস্থ সবল মানুষ এবং নাগরিক হয়ে উঠবে। কাজেই এদিক থেকে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি যাতে সত্যিকার শিক্ষা আজকে দিতে পারেন, তার জন্য প্রত্যেক বিদ্যালয়ে এমন কি নিম্নশ্রেণী থেকে আরম্ভ করে উচ্চতর পর্যায় পর্যন্ত এই ধর্মীয় শিক্ষা দেওয়ার ব্যবস্থা করা প্রয়োজন।

[4-15—4-25 p.m.]

তারপর আমার দ্বিতীয় কথা হচ্ছে, আপনার মাধ্যমে বলতে চাই, বর্তমানে আমাদের বাংলাদেশে আমাদের মাতৃভাষা, বাংলার মাধ্যমে শিক্ষাদান ব্যবস্থা আরম্ভ করা হয়েছে, এটা খুব আনন্দের কথা, খুব গৌরবের কথা। "আমরা জানি নানা দেশের নানা ভাষা, বিনা স্বদেশী ভাষা মোদের মেটে কি আশা।" সত্যই ঠিক তাই হয়েছে। কিন্তু এখন কথা হচ্ছে, কি বিজ্ঞানে, কি ইতিহাসে, কি ভূগোলে, নানা দিক থেকে বিভিন্ন ইংরাজী শব্দের যে পরিভাষা বা তার পারিভাষিক তৈরি করা হচ্ছে, সেগুলি নানা রকম গোলমেলে ব্যাপার। আমরা জানি এবং রাজনীতির যারা ছাত্র, যাঁরা পলিটিক্স করেন তাঁরাও জানেন যেখানে লেখা আছে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট মানে জেলাশাসক, আবার তার নিচে লেখা আছে সমাহর্তা। এটা আমরা অনেকেই জানি। কিন্তু বিজ্ঞানের ক্ষেত্রে অনেক ইংরাজী শব্দের মানে ঠিক বোঝা কঠিন। যেমন ধরুন, 'এনার্জি' কিম্বা 'ফোর্সের' কি অর্থ হবে? অর্থাৎ ইংরাজী শব্দের কি মানে হওয়া উচিত, সেইসব দেখে তার প্রতিশব্দ নির্ধারিত করতে হবে এবং সেই প্রতিশব্দ যদি করতে হয় তা হলে সত্যিই আমাদের মাতৃভাষায় শিক্ষাদান, সার্থক হয়ে উঠবে এবং সুন্দর হয়ে উঠবে। সেদিক থেকে ইংরাজীর যে বাংলা পরিভাষা কি হবে, সেটা যাতে সহজ, সরল হয়, সেটা কিভাবে পিক আপ করলে ভাল হয়, সে সম্বন্ধে একটা কমিটি করে বাংলাদেশের বহু মনীষী আছেন, শিক্ষাবিদ আছেন, তাঁদের নিয়ে কমিটি তৈরি করে, পরিভাষা কি করা যায়, এবং সেটা যাতে সত্যিকারের সর্বাঙ্গীন সুন্দর করতে পারা যায় এবং আমাদের ভাষা সুষ্ঠু করতে পারা যায়, সেদিক থেকে আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করছি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I will first deal with the points that have been raised by my friends opposite. The first point that Mr. Panchu Gopal Bhaduri attempted to make was inadequate grant for scheduled caste and backward class education. He has only confined his attention to the provision that has been made in the Education budget for scheduled castes and scheduled tribes. He has entirely omitted to see the other head, rather the main head on the subject which comes under the Tribal Welfare Department. Had he looked into that he would have seen that as much as Rs. 93,25,000 have been provided for the welfare of the scheduled castes and scheduled tribes and backward tribes and various amounts that are provided under that head for the promotion of education of the scheduled caste and backward tribes.

The next point he tried to make was about primary education so far as the State of West Bengal is concerned. He said that previously there was higher percentage of students of the age group 6 to 11 who were reading in primary schools, but now the percentage has come down to 68.9 per cent., that is about 70 per cent. It is entirely because of the fact that there has been unprecented increase of population in West Bengal during the last decade. Previously we reached the figure 78 per cent. of the age group reading in the primary stage. It is true that the percentage has come down to about 70 per cent. But why? It is because in 1951 the total population of West Bengal was 2 crores 63 lakhs but in 1961 the population figure was 3½ crores. That is, there has been an increase of 33 per cent. during the

last decade. And therefore you will see that the percentage has gone down by about 10 per cent. If population suddenly increase by 33 per cent., certainly it is difficult to keep pace with the increase in population. That is quite true but at the same time it is quite intelligible that we have continued to make progress, so far as primary education is concerned, at least by 20 per cent.

The third point raised is that provision for technical education should be made at the primary stage. Sir, in no country provision for technical education is made at the primary stage. It is only after the junior secondary stage, that is, after the 14th year, that students may go to technical schools and we have accordingly made provisions for setting up junior technical schools here so that students who take their education in the junior middle schools up to the age of 14, may, after completion of their studies, go to the junior technical schools—there is that provision.

Sir, it has been suggested that there should be more provision for technical education and in industrial training schools. That is a misfire, Sir. The industrial training schools are not run by my Department but they are under the care of the Industries Department which are promoting such schools in their own way.

Now, Sir, let me go to the points that have been raised by Professor Sambhu Charan Ghosh. His first point was that the annual intake in the engineering colleges in West Bengal was very low and that out of about 5,000 students who applied for admission only 800 could be admitted. Sir, that is not the correct figure. There are six engineering colleges now in West Bengal. He referred to four engineering colleges only and omitted to refer to two other engineering colleges that have been set up recently. Now, the intake of the Indian Institute of Technology at Kharagpur is 412, the intake of the Bengal Engineering College, Sibpore, is 400, the College of Engineering and Technology, Jadavpur, can admit 370 students, the Regional Engineering College at Durgapur can admit 250 students, the Jalpaiguri College can admit 150 students and the North Calcutta Engineering College can admit 150 students. You will thus see, Sir, that there are more than 1,700 seats in the engineering colleges in the State of West Bengal and if 3,000 or 5,000 students appear to seek for admission, that is because of the fact that the students apply for admission to more than one engineering college at one and the same time—the same students apply for admission in two or three engineering colleges—and therefore you see the much larger figure of students who seek admission in the engineering colleges. But, Sir, there is another fact to be considered, namely, that on the one hand in the engineering colleges education is provided to only the technically equipped students and on the other, engineering education is very costly education. Sir, the other day a point was raised in the Council that quite a large number of students get plucked in the final engineering degree examination here. It may or may not be true that a larger percentage of students get plucked here than in Bombay. After all, the examination is held not by the colleges but by the Universities. The standard of the Universities may differ from one university to another —that is quite intelligible. Take for instance, the percentage of Post-graduate passes in the Agra University—it is much higher than that of Calcutta. But that does not prove that the Agra post-graduates are better students or better equipped than the Calcutta students.

[4-25—4-35 p.m.]

Then, Sir, about the intake of 21 Polytechnics, we are trying to develop engineering education, or rather technical education, in different

grades The annual intake in the 21 Polytechnics is now 3,230 in the Three Year Diploma Course and in the Two Year Certificate Course the intake is 160, that is, more than 3,000 can now have facilities for junior engineering education in the Polytechnics. So far as the intake of junior technical course of three year's duration is concerned, the intake capacity is 840.

The next point was about the pay scales of the Primary teachers. My honourable friend stated that Primary teachers' salary is only Rs. 62 only. He did not take care to acquaint himself with the recent figure. That is unfortunate. The present revised pay scales as introduced with effect from 1st April 1961 are as follows—

Basic Trained teachers get Rs. 80 to Rs. 150; Matric trained from Rs 80 to Rs. 125; Matric or Trained Non-Matric—from Rs. 75 to Rs. 80 and it is only the Non-Matric untrained teachers who get Rs. 65 to Rs. 70 —and this is a category which will vanish soon. All the other teachers—I have given the details—get higher salary than what has been quoted by Professor Sambhu Charan Ghosh.

Then, Sir, Professor Ghosh has raised certain inconsequential points and made some insinuations against the Education Department in connection with some appointments. He has referred to the appointment of Mrs. Nalini Das, Principal, Institute of Education for Women. According to him she is not well qualified. That is not correct. Mrs. Nalini Das got First Class B.A. and M.A. in Philosophy. She was the Ishan Scholar of her year yet she is underqualified according to Professor Sambhu Charan Ghosh. Sir, according to him she is unqualified but she not only got the Ishan Scholarship of her year, but undertook post-graduate training for a period of one year in the National Froebel Foundation in London. Sir, several officers were sent abroad in 1950—during the first period of my Ministry for training and Mrs. Nalini Das was one of them. She had training in the National Froebel Foundation in London. However, her appointment has been approved by the Public Service Commission and I think they are better judges than Professor Sambhu Charan Ghosh.

The next question is regarding the appointment of the Principal of the Hooghly Training College. According to Professor Ghosh he is also not properly qualified. That is again not correct, Sir. The Principal is a Second Class M.A. and a First Class B.T. He has got intimate experience of secondary education as a District Inspector of Schools.

The next point raised was that the State undertook the liability to pay the share of the U.G.C. grant for college teachers in the event of the U.G.C. discontinuing their grants, and the State is not carrying out the promise. It is absolutely untrue, Sir. It has been announced in the press more than once that the State of West Bengal has undertaken to continue not only the matching grants but also to make good the grants that the U.G.C. undertook to make only for two years. The U.G.C. has continued to pay its share of grants only up to 1962-63, i.e., including the current year. As a matter of fact, copies of letters sanctioning grants have been received and the share of the State Government has been released in all cases intimated by the Calcutta University.

As regards the future, Sir, I repeat it has been already announced after a decision taken by our Government that after the U.G.C. discontinues its grants we shall make that good.

Then, Sir, about Shri Enayetulla, Librarian of the Moulana Azad College, it has been said that my Department is responsible for the loss of his appointment. That is also not true. It is not a fact. Shri Enayetulla was not removed from service. He retired from service as usual and he was even re-employed for one year, after which he has been employed by the Asiatic Society.

As regards the other point, namely, that there are insufficient seats in the post-graduate training colleges, he admitted that there are 14 post-graduate training colleges here in West Bengal . Their total intake capacity is 1795. The number of seats as stood at the end of the First Five-Year Plan was 885 and the number of seats at the end of the Second Five-Year Plan was 1795 or more than double. The number of additional seats provided during the first year of the Third Five-Year Plan is one hundred i.e , altogether the total number of seats comes to 1895 or 1900.

As regards post-graduate basic training colleges, there are two such colleges and they have a total capacity of 210 plus 120 and so far as the College of Physical Education at Banipur is concerned, the capacity has been doubled. It was 60. Altogether in the post-graduate training colleges we have as many as 2285 seats.

So far as the under-graduate training colleges are concerned, there are 11 under-graduate training colleges with an intake capacity of 750 seats. All told there are more than three thousand seats in our training colleges.

Regarding the point raised by Shri Syed Nawab Jani Meerza, in so far as it relates to the junior Madrassas there the students have to appear at a final public examination, that is quite true. But they are appearing at the public examination from the time of the Muslim League Government. We have not placed them in any disadvantage thereby. Even there are Urdu students who take their education in other institutions such as Sakhawat Memorial High School where a class has been set apart for the Urdu students. Many Urdu students appear also at the School Final Examination conducted by the Board of Secondary Education, West Bengal.

A question has been raised here by the member from Purulia as to why A. N. Jha High School has been upgraded and not Nibaran Chandra Vidyapith. Let us compare the intake figures of the two schools and their staff as well as accommodation.

So far as Nibaran Chandra Vidyapith is concerned, it has got only 109 students with five teachers whereas A. N. Jha Institution has got 208 students with 12 teachers. So, was it wrong on our part to upgrade the A. N. Jha High School instead of Rishi Nibaran Chandra Vidyapith? I learn from one of our Deputy Ministers from Purulia, that even in Purulia it was suggested that the name of A. N. Jha Institution may be named after Rishi Nibaran Chandra. Why this can't be done? It is up to the local people to do it and it is not for the Government to suggest.

[4-35—4-43 p.m.]

These are the points raised by the members opposite. So far as Education Department is concerned I can say that I am quite prepared to answer any point that may be raised and I only request the members opposite not to be guided by prejudice. If any question troubles their mind—whether any action has been taken rightly or wrongly by the Education Department—please inform me about that, and I am quite certain that I shall be able to satisfy them.

With these words, Sir, I commend my motion for the acceptance of the House and I oppose all the cut motions.

Police interference with Members at the Gates of the Legislative Building

Mr. Speaker: Honourable members, before I put the cut motions I want to mention one thing.

On Saturday last Shri Hemanta Kumar Basu and Shri Sunil Das Gupta had drawn the attention of the Chair about police interference with members and visitors while they were entering the precincts of the House. Immediately the matter was raised, I directed the staff of this House to stop such interference, if any. No case of this nature has since been brought to my notice, and I hope the honourable members will no longer have any inconvenience while entering the precincts of this House. In order that there may not be any inconvenience caused to the honourable members I shall have a talk with the Hon'ble Minister-in-charge of Police Department and take necessary steps to remove all causes of inconvenience to honourable members of this House and to visitors.

DEMAND FOR GRANT

Mr. Speaker: Honourable members, I put to vote all the cut motions together excepting cut motions No. 2, 39 items (1) and (2), 65 and 73, on which division has been claimed.

(The cut motions were then put and lost)

The motion of Shri Sanat Kumar Raha that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education", be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education", be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education", be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education", be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Birendra Narayan Roy that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education", be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education", be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Kandru Majhi that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education", be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education", be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Dulal Chandra Mondal that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Tarun Kumar Sen Gupta that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sunil Das Gupta that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Aswini Roy that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Monoranjan Hazra that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Anadi Das that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Narayan Chandra Ray that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Lakshmi Ranjan Josse that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Girija Bhusan Mukherjee that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri A. H. Besterwitch that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Deb Saran Ghosh that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nani Bhattacharjee that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nagen Dalai that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28 Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nimai Chand Murmu that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Abdul Bari Moktar that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Birendra Narayan Ray that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head "28—Education" be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Amarendra Nath Basu that the demand of Rs 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28 Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Radhika Dhibar that the demand of Rs 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Dharanidhar Sarkar that the demand of Rs 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand of Rs 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Gopal Banerjee that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Amarendra Nath Roy Prodhan that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Mahananda Haldar that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Haridas Chakravarty that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced by Rs. 100, was then put and lost.

Mr. Speaker: With the permission of the House I put cut motions Nos. 2, 39, items (1) and (2), 65 and 73 together to vote.

The motion of Shri Sambhu Charan Ghosh that the demand of Rs. 21,24,65,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" be reduced to Re. 1, was then put and a division taken with the following result:

AYES 46

Abdul Bari Moktar, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Banerjee, Shri Bejoy Kumar
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Chakravarty, Shri Haridas
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Gobardhan
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Dhibar, Shri Radhika
Dolai, Shri Nagen
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hansda, Shri Jaleswar
Khalil Sayed, Shri
Kisku, Shri Mangla
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Mukherjee, Shri Girija Bhusan
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Nawab Jani Meerza, Shri Syed
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Saha, Shri Jamini Bhusan
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar

NOES 111

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerji, The Hon'ble Sankardas
Basu, Shri Abani Kumar
Bauri, Shri Nepal
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Jagadish Chandra
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, The Hon'ble Dr. Susil Ranjan
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Dinabandhu
Das, Shri Mahatab Chand
Das, Shrimati Santi
তা হলে আমার এখানে প্রশ্ন হচ্ছে, ইফ সো, মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, কিভাবে প্রিভিলেজ ব্রিচ হচ্ছে আপনি দেখবেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

অফিসাররা চাপ দেন নি, এমপ্লয়িজরা দিয়েছেন—

Shri Kashi Kanta Maitra:

আপনি এটা এক্সপ্লেন করে পারবেন না।
You are caught in your own trap. My question is—
if it is a fact that the said officer had donated recently a sum of Rs. 13,000 to India Aid Committee as contribution to National Defence." (e) if so......

The Hon'ble Prafulla Chandra Sen: Some amount was collected by the officers and the same was deposited with India Aid Committee.

Shri Kashi Kanta Maitra:

তা হলে আমার প্রশ্ন হচ্ছে
(e) "if so, whether the said amount was his personal contribution or the same represented the contribution of the employees of the department obtained against proper receipts, and whether the officer was duly authorised to raise funds for National Defence?" Now kindly look at the answer given by the Minister. He says "No" with regard to (d) and with regard to (e) the answer is, "the question does not arise."

The Hon'ble Charu Chandra Mahanti: Question (d) is, "if it is a fact that the said officer had donated the amount etc.", and the answer is "No". So, when the answer to this question is not in the affirmative, I cannot answer the question (e).

Shri Kashi Kanta Maitra:

আমি জিজ্ঞাসা করছি, রিসিটস আছে কিনা এই ১৩ হাজার টাকার, এমপ্লয়ীজদের কাছ থেকে যে নিয়েছেন তার রিসিটস আছে কিনা?

The Hon'ble Charu Chandra Mahanti:

এটা কোন পারসোন্যাল ব্যাপার নয়, আপনি পারসোন্যালি বলছেন কেন?
A sum of Rs. 13,201 was collected by different Rationing Officers under the Initial Area of the Directorate of Food from amongst the staff and that amount was made over to the India Defence Aid Committee.

Shri Kashi Kanta Maitra:

যারা ডোনেট করেছেন তারা রিসিটস পেয়েছেন কি না, ফুড ডিপার্টমেন্ট-এর এমপ্লয়িজ যারা ডোনেট করেছেন তারা রিসিট পেয়েছেন কি না?

The Hon'ble Charu Chandra Mahanti:

পেয়েছেন।

Shri Kashi Kanta Maitra:

আমি জিজ্ঞাসা করছি সরকারী অফিসার এ রকম ধরনের কোন কাগজে যেটা ট্রেড জারনাল নয় তার চীফ এডিটর অফ দি বোর্ড অফ ডাইরেক্টরস হতে পারেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen: That is a matter of opinion.

Shri Kashi Kanta Maitra: If the Hon'ble Chief Minister, the Leader of the House, stands up and interrupts off and on then we shall have to repeat the same thing. That he cannot do. This is a very important matter. আমার প্রশ্ন হচ্ছে—

if he is associated with the journal; and if so, I am asking the Chief Minister or the Minister of State concerned, under what rule can the officer associate himself with a journal which is not a trade journal of the employees?

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, this is a hypothetical question.

Shri Kashi Kanta Maitra: My question is whether it is a fact that under the rules of Service conditions no employee of any Government department can associate himself, far less become an Editor or a Director, with any journal which is not recognised as a trade journal of the employees of the department concerned.

Mr. Speaker: This supplementary is not hypothetical.

The Hon'ble Prafulla Chandra Sen: Let the honourable member kindly put the supplementary again.

Shri Kashi Kanta Maitra: My question is: Shri Pratap Kumar Sen Gupta, Deputy Controller of Rationing, is the President of the Board of Editors of the journal known as "Saha Karmi". Under the Government Servants' Conduct Rules no employee of any department of the Government can associate himself with any journal, far less be the editor of that journal, unless that journal is recognised as trade journal of the department concerned.

The Hon'ble Prafulla Chandra Sen: Under the Government Servants' Conduct Rules literary work on the part of a Government servant is not objectionable.

Shri Kashi Kanta Mitra: Is this journal a literary journal and is it recognised as a literary journal?

The Hon'ble Prafulla Chandra Sen: Yes.

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Chief Minister look into this journal? I am presenting it to him.

Mr. Speaker: The answer may be had by way of putting a supplementary question.

Engineers for tubewell management

***88.** (Admitted question No. *759.) **Shri Sailendra Nath Adhikary:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number of different categories of engineers, if any, posted for tubewell management for this State; and

(b) how many tubewells have been sunk and resunk in 1962 and the total cost involved in it?

The Hon'ble Susil Ranjan Chattopadhyay:

(a)

Name of different posts of Engineers.	Numbers.
Superintending Engineer (Deputy Chief Engineer) ...	1
Executive Engineer ...	2
Assistant Engineer ...	17
Overseer ...	47
Sub-overseer ...	46

(b) During the period from April, 1962 to December, 1962, 610 tubewells have been newly sunk and 564 tubewells resunk and 377 surface wells constructed at a total cost of Rs. 23.28 lakhs. No separate account for cost of tubewells only is maintained.

Shri Sailendra Nath Adhikary:

এই যে টিউবওয়েল ইঞ্জিনীয়ার এ'রা কি প্রত্যেক জেলায় জেলায় একজন করে আছেন?

The Hon'ble Susil Ranjan Chattopadhyay: There is one engineer designated as Deputy Chief Engineer Public Health posted in Calcutta headquarters. There are two work divisions under different Executive Engineers, 15 subdivisions, each under one Assistant Engineer and two maintenance works in each thana.

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রিমহাশয় বলবেন কি এই টিউবওয়েল ম্যানেজমেন্ট কি আগে এ ভাবেই হোত?

The Hon'ble Susil Ranjan Chattopadhyay:

জানি না।

Shri Sailendra Nath Adhikary:

এর আগে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট টিউবওয়েল স্যাংকসানিং অথরিটি ছিলেন না?

The Hon'ble Susil Ranjan Chattopadhyay:

হতে পারে, আমার জানা নাই।

Mr. Speaker:

উনি এই ব্যাপারে ভাল জানেন না।

Shri Sailendra Nath Adhikary:

কলিকাতায় স্টেরেজ-এর জন্য কোন ইঞ্জিনীয়ার ডেপুটেড আছেন কি না?

The Hon'ble Susil Ranjan Chattopadhyay:

আমি নোটিশ চাই।

Shri Sailendra Nath Adhikary:

আপনার ডিপার্টমেন্টের খবর আপনি জানেন না?

The Hon'ble Susil Ranjan Chattopadhyay:

ডিটেলড খবর সব সময় রাখতে পারি না।

Shri Sanat Kumar Raha:

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার যাঁরা জেলায় জেলায় থাকেন তাঁদের দায়িত্ব কি, মাস্টার রোল প্রিপেয়ার করা, টিউবওয়েল বসান সুপারভাইস করা—তাঁদের কাজটা কি?

The Hon'ble Susil Ranjan Chattopadhyay:

কাজের সুপারভিসন করা।

Shri Sanat Kumar Raha:

মন্ত্রিমহাশয় এটা বলবেন কি, গত বৎসর ১৯৬২ সালের মে মাসে মুর্শিদাবাদ জেলায় অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার বিভিন্ন এলাকার প্রতিনিধিদের নিয়ে একটা মাস্টার রোল তৈরী করেছিলেন টিউবওয়েল-এর; এবং ৪০০ লোকের ভিত্তিতে এবং তার কিছু কমের ভিত্তিতে যে লিস্ট দাখিল করা হয়েছিল সেই লিস্ট অনুযায়ী কয়টা টিউবওয়েল বসান হয়েছে, এবং যদি কোন টিউবওয়েল না বসান হয়ে থাকে তাহলে তার কৈফিয়ৎ কি?

The Hon'ble Susil Ranjan Chattopadhyay:

আমি খোঁজ নেব কি ব্যাপার।

Starred Questions to which Answers were laid on the table.

Sinking of tubewells in different districts of West Bengal

***89.** (Admitted question No. *764.) **Shri Sanat Kumar Raha:**

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

গত ৫ই মার্চ, ১৯৬৩ তারিখে প্রদত্ত ১২০নং প্রশ্নের উত্তর উল্লেখ করিয়া মাননীয় স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬২ সালের এপ্রিল মাস হইতে ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে চব্বিশপরগনা ও মেদিনীপুর জেলায় স্থাপিত নূতন নলকূপ ও পুনঃস্থাপিত নলকূপের সংখ্যার তুলনায় অন্যান্য জেলায় নলকূপের সংখ্যা কম কেন?

The Minister for Health:

(ক) প্রতি ৪০০ ব্যক্তির জন্য একটি এবং প্রতি গ্রাম পিছু অন্ততঃ একটি এই প্রচলিত নীতি অনুযায়ী উক্ত জেলা দুইটির তুলনায় অন্যান্য জেলায় কম সংখ্যক জল উৎস প্রাপ্য।

Sinking of tubewells in Murshidabad district

***90.** (Admitted question No. *773.) **Shri Sanat Kumar Raha:**

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৬১-৬২ সালে কতগুলি নূতন নলকূপ স্থাপন করার কতগুলি পুনঃস্থাপিত করার প্রস্তাব ছিল; এবং

(খ) উক্ত প্রস্তাব অনুযায়ী কতগুলি নূতন নলকূপ খনন হইয়াছে এবং কতগুলি পুনঃস্থাপিত হইয়াছে?

The Minister for Health:

(ক) নূতন খননের সংখ্যা ১৯০ এবং পুনর্খননের সংখ্যা ১৪০।

(খ) নূতন খননের সংখ্যা ২টি এবং পুনর্খননের সংখ্যা ১০টি।

Blood donation during Emergency period

***91.** (Admitted question No. *774.) **Shri Tarun Kumar Sen Gupta:**

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জাতীয় আপৎকালীন অবস্থায় আজ পর্যন্ত কত ব্যক্তি স্বেচ্ছায় রক্ত দান করিয়াছেন;

(খ) যুদ্ধরত আহত জোয়ানদের জীবনরক্ষার জন্য যে রক্ত জনসাধারণের নিকট হইতে স্বেচ্ছাকৃত দান হিসাবে গ্রহণ করা হইয়াছে তাহার কত বোতল রক্ত সামরিক কর্তৃপক্ষের কাজে পশ্চিমবঙ্গের ব্লাড ব্যাঙ্ক হইতে সরবরাহ করা হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে, জনসাধারণ কর্তৃক দান হিসাবে প্রদত্ত রক্ত বিক্রয় করা হইয়াছে; এবং

(ঘ) সত্য হইলে, কি দরে বিক্রয় করা হইয়াছে?

The Minister for Health:

(ক) জরুরী অবস্থা ঘোষণার সময় হইতে ১৩-৩-৬৩ পর্যন্ত ৩,৫১৮ ব্যক্তি স্বেচ্ছায় রক্ত দান করিয়াছেন।

(খ) ১৯৪ বোতল।

(গ) হ্যাঁ। পূর্ণ রক্ত হোল ব্লাড ১৪ দিন পর্যন্ত প্রয়োগ করা যাইতে পারে। সামরিক কর্তৃপক্ষের চাহিদা না থাকায় দান হিসাবে প্রাপ্ত রক্তের উদ্বৃত্ত অংশের শতকরা ৮০ ভাগ প্লাসমা তৈয়ারীর কাজে ব্যবহার করা হইয়াছে এবং শতকরা ২০ ভাগ জনসাধারণের নিকট বিক্রয় করা হইয়াছে। কিছু প্লাসমাও বিক্রয় করা হইয়াছে।

(ঘ) ২৫০ সি সি বোতল—

(১) সাধারণ শয্যার রোগীদের জন্য ১৫ টাকা দরে ;

(২) পেয়িং বেডের রোগীদের জন্য ৩০ টাকা দরে ;

(৩) কেবিন ও বাহিরের রোগীদের জন্য ৪৫ টাকা দরে।

Purchase of blood-plasma

***92.** (Admitted question No. *775.) **Shri Tarun Kumar Sen Gupta:**

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা ব্লাড ব্যাঙ্কের অধিকর্তা জরুরী অবস্থা ঘোষণাকালীন জাপান হইতে ছয় হাজার বোতল শুষ্ক ব্লাড প্লাজমা ক্রয় করিবার ব্যবস্থা করিয়াছিলেন;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(১) ইহার জন্য তাঁহাকে কি কোন ক্ষমতা দেওয়া হইয়াছিল;

(২) ঐ ছয় হাজার বোতল শুষ্ক প্লাজমার মূল্য কত নির্ধারিত হইয়াছিল;

(৩) ইহা কি সত্য যে, এক হাজার বোতল শুষ্ক প্লাজমা জাপান হইতে কলিকাতায় বিমানযোগে আণীত হইবার পর বাকি পাঁচ হাজার বোতল আনার ব্যবস্থা স্থগিত রাখা হয়;

(৪) সত্য হইলে, ইহার কারণ কি;

(৫) এয়ার ইন্ডিয়া ইন্টারন্যাশনালের ভাড়া কোন্ খাতে পরিশোধ করা হইয়াছে; এবং

(৬) এই সকল প্লাজমা ক্রয়ের জন্য যে অর্থ ব্যয় হইবে তাহা কি পশ্চিমবঙ্গ সরকার বহন করিবেন?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) (১) জরুরি অবস্থাকালীন দেশের স্বার্থে সরকারের অনুমোদন সাপেক্ষে তিনি ইহা করিয়াছিলেন।

(২) প্রতি বোতলের মূল্য প্রায় ৫৫ টাকা (কাস্টমস ডিউটি বাদে);

(৩) হ্যাঁ;

(৪) ইম্পোর্ট লাইসেন্স লইতে অসুবিধা এবং অবস্থার উন্নতি হওয়ায় বাকি শুষ্ক প্লাজমা আনা স্থগিত রাখা হয়;

(৫) এখনও পরিশোধ করা হয় নাই;

(৬) ৫২০ বোতল হেস্টিংসস্থিত কেন্দ্রীয় সরকারের মেডিক্যাল স্টোরএ দেওয়া হইয়াছে। ইহার মূল্য তাহারা দিবে।

৪৮০ বোতল সামরিক কর্তৃপক্ষকে সরবরাহ করা হইয়াছে। ইহার মূল্য আদায়ের প্রশ্নটি সরকারের বিবেচনাধীন আছে।

Release of Political prisoners

***93.** (Admitted question No. *817.) **Shri Somnath Lahiri:** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state whether, in view of the impending by-elections in West Bengal, the Government is contemplating the release of members of opposition parties at present detained without trial?

The Minister for Health: No

(UNSTARRED QUESTIONS to which written answers were laid on the Table)

Official tours of the Deputy Minister for the Department of Public Works

328. (Admitted question No. 408.) **Shri Sanal Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state the number of official tours undertaken by Shri Syed Kazem Ali Meerza, Deputy Minister for the Department of Public Works, in Murshidabad district and in other districts during 1962 and in the months of January and February, 1963?

The Minister for Public Works: The number of official tours undertaken by Shri Syed Kazem Ali Meerza, Deputy Minister for the Department of Public Works—

(a) in Murshidabad district in 1962—12.

(b) in other districts in 1962—1.

(c) in Murshidabad district in January, 1963—Nil,

(d) in other districts in January, 1963—Nil,

(e) in Murshidabad district in February, 1963—1.

(f) in other districts in February, 1963—Nil.

Water Supply Schemes of south and north Dum Dum municipalities

329. (Admitted question No. 532.) **Shri Tarun Kumar Sen Gupta:**

উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ ডেভেলপমেন্ট কর্পোরেশনের তত্ত্বাবধানে চব্বিশপরগনা জেলার দমদম থানার অন্তর্গত যথা—দমদম, দক্ষিণ দমদম এবং উত্তর দমদম পৌর এলাকাগুলিতে গৃহে গৃহে পানীয় জল সরবরাহের জন্য যে পরিকল্পনার কাজ চলিতেছে তাহা উক্ত বিভিন্ন এলাকাগুলিতে কবে নাগাত সম্পূর্ণ হইবে;

(খ) এই কাজ সম্পূর্ণ হইলে উক্ত বিভিন্ন পৌর এলাকাগুলিতে যথা—দমদম, দক্ষিণ দমদম এবং উত্তর দমদমের কতজন লোককে মাথাপিছু কত গ্যালন করিয়া জল দৈনিক সরবরাহ করা সম্ভব হইবে;

(গ) উক্ত পানীয় জল কি গভীর নলকূপের সাহায্যে সরবরাহ করা হইবে;

(ঘ) উক্ত বিভিন্ন পৌর এলাকার কোন্ কোন্ জায়গায় কয়টি করিয়া নলকূপ বসানো হইবে এবং জলাধারগুলি কোন্ কোন্ স্থানে স্থাপিত হইবে; এবং

(ঙ) উক্ত পানীয় জল সকলপ্রকার রোগ জীবাণু এবং খনিজ প্রতিক্রিয়া মুক্ত হইবে কিনা?

The Minister for Development:

(ক) খ্রীস্টাব্দ ১৯৬৪-৬৫।

(খ) পরিকল্পিত লোকসংখ্যা—

(১) দমদম—২৫,০০০

(২) দক্ষিণ দমদম—১,৬০,০০০

(৩) উত্তর দমদম—৮০,০০০

পরিকল্পনা সম্পূর্ণ হইলে দমদম এবং দক্ষিণ দমদমে দৈনিক গড়ে মাথাপিছু ২০ গ্যালন এবং উত্তর দমদম এলাকায় ১৫ গ্যালন করিয়া জল সরবরাহ সম্ভব হইবে।

(গ) হ্যাঁ।

(ঘ) পৌর এলাকা	নলকূপ সংখ্যা	স্থান
(১) দমদম	২	কামালপুর লিচুবাগান
(২) দক্ষিণ দমদম	৬	নয়াপট্টি ৩টি, দিঘলা ১টি, পাতিপুকুর ২টি
(৩) উত্তর দমদম	২	দক্ষিণ নিমতা
জলাধার		
(১) দমদম	১	কামালপুর
(২) দক্ষিণ দমদম	৩	নয়াপট্টি দিঘলা পাতিপুকুর
(৩) উত্তর দমদম	১	দক্ষিণ নিমতা

(ঙ) এই জল-সরবরাহ সকলপ্রকার রোগ-জীবাণু এবং খনিজ প্রতিক্রিয়া হইতে মুক্ত হইবে।

Areas of lands settled in the districts of West Bengal

330. (Admitted question No. 540.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কত সরকারী ন্যস্ত জমি ১৯৬১-৬২ সালে বন্দোবস্ত দেওয়া হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

বিবরণী এতৎসহ প্রদত্ত হইল।

Statement referred to in reply to unstarred question No. 330

Areas in acres of different lands settled in the districts of West Bengal during the year 1961-62

Name of district.	Agricultural land.	Non-agricultural land.	Other lands.	Total.
Bankura	818·00	87·00	..	905·00
Birbhum	644·00	683·00	..	1,327·00
Burdwan	4,261·00	516·00	..	4,777·00
Cooch Behar	9,500·00	..	..	9,500·00
Darjeeling	3,310·00	..	..	3,310·00
Hooghly	138·07	103·97	41·38	283·42
Howrah	86·87	..	73·89	160·76
Jalpaiguri	17,177·00	..	..	..
Malda	13,939·00	..	..	13,039·00
Midnapore	10,609·00	9,885·00	..	20,494·00
Murshidabad	1,434·00	1·00	100·00	1,535·00
Nadia	2,547·26	..	..	2,547·26
24-Parganas	16,079·00	410·00	690·00	17,179·00
West Dinajpore	15,193·00	9·90	..	15,202·90
Total ..	94,836·20	11,695·87	905·27	107,437·34

Sinking of tubewells and wells in police-station Ghatal, Midnapore

331. (Admitted question No. 669.) **Shri Indrajit Ray:**

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাঁচ বৎসরে মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমার কোন্ থানায় কয়টি নলকূপ ও কূপ সরকারী সাহায্যে খনন করা হইয়াছে;

(খ) উক্ত নলকূপ ও কূপগুলির মধ্যে কয়টি কোন্ গ্রামে অকেজো অবস্থায় আছে; এবং

(গ) অকেজো কূপ ও নলকূপগুলি সংস্কার করার কি ব্যবস্থা সরকার করিতেছেন?

The Minister of State for Health:

থানার নাম, নলকূপের সংখ্যা ও কূপের সংখ্যা

(ক) চন্দ্রকোণা- নলকূপ—৭১, দাসপুর—নলকূপ—১২৬, ঘাটাল—নলকূপ—৬৯।

(খ) নির্ভয়পুর গ্রামে ১টি নলকূপ এবং চণ্ডীপুর গ্রামে ১টি নলকূপ।

(গ) প্রতি বৎসর রুরাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে বরাদ্দকৃত অর্থের পরিমাণ-সাপেক্ষ, প্রতি ৪০০ ব্যক্তির জন্য একটি এবং প্রতি গ্রামে অন্তত একটি জল-উৎস স্থাপনের প্রচলিত নীতি অনুযায়ী অকেজো জল-উৎসগুলির সংস্কার করা হইয়া থাকে।

Treatment of outdoor and indoor patients of Health Centres in Chandrakona police-station, Midnapore

332. (Admitted question No. 671.) **Shri Indrajit Roy:**

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় চন্দ্রকোণা থানার বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রগুলিতে গত পাঁচ বৎসরের কোন্ সালে কতজন রোগীকে বহির্বিভাগে ও অন্তর্বিভাগে চিকিৎসা করা হইয়াছে; এবং

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলির কোন্‌টিতে কোন্ সালে কত টাকা মূল্যের ঔষধ সরবরাহ করা হইয়াছে?

The Minister of State for Health:

(ক) এতদ্‌সংশ্লিষ্ট ১নং বিবরণী দ্রষ্টব্য।

(খ) এতদ্‌সংশ্লিষ্ট ২নং বিবরণী দ্রষ্টব্য।

Statement No. 1 referred to in reply to clause (Ka) of unstarred question No. 232

STATEMENT SHOWING THE TOTAL NUMBER OF OUTDOOR AND INDOOR PATIENTS TREATED IN THE HEALTH CENTRES OF CHANDRAKONA P.S. IN THE DISTRICT OF MIDNAPORE DURING THE YEARS FROM 1957 TO 1961

Name of the Health Centres in Chandrakona police-station.	Bed.	Number of patients treated.									
		1957		1958		1959		1960		1961	
		Outdoor.	Indoor	Outdoor.	Indoor.	Outdoor.	Indoor	Outdoor	Indoor.	Outdoor.	Indoor.
Chandrakona Primary Health Centre.	50	17,221	1,582	16,201	1,172	17,236	1,318	21,697	1,540	13,219	1,200
Khirpai Primary Health Centre.	10	12,703	264	13,814	331	9,162	243	N.A.	N.A.	3,745	211
Bhagabantapur Subsidiary Health Centre.	4	9,817	103	26,635	132	N.A.	N.A.	N.A.	99	5,749	177
Basanchora Subsidiary Health Centre.	4	8,429	178	8,546	71	N.A.	N.A.	8,749	112	9,749	102
Ramjibanpur Subsidiary Health Centre.	4	13,051	178	N.A.	N.A	*1,676	*15	N.A.	N.A.	N.A.	N.A.
Ramkrishnapur Subsidiary Health Centre.	10	11,063	202	N.A	N.A	N.A.	N.A.(b)	1,338(b)	40	N.A.	N.A.
Mangrul Subsidiary Health Centre.	Nil	4,953	..	9,963	..	N.A.	N.A.	9,688	.	4,822	..

N.A.—Not available.

*Relates to one month only.

(b) Relates to two months only.

... referred to in reply to clause (Kha) of unstarred question No.332

COST OF MEDICINES SUPPLIED TO THE HEALTH CENTRES IN CHADRAKONA P.S. IN THE DISTRICT OF MIDNAPORE

	During the years—				
	1958-59.	1959-60.	1960-61.	1961-62.	1962-63.
	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
(a) Chandrakona I. Block.					
(1) Public Health Centre Khirpai (50 beds)	2,694·13	3,060·00	4,871·44	5,889·17	6,366·12
(2) Subsidiary Health Centre, Ramkrishnapur (10 beds) ..	4,063·72	2,290·41	1,968·64	1,390·15	923·30
(3) Subsidiary Health Centre, Ramjibanpur (10 beds) ..	4,126·09	3,455·29	3,972·35	3,466·92	950·45
(4) Subsidiary Health Centre, Mongrul	1,347·60	1,930·39	1,731·72	1,975·03	738·91
(b) Chandrakona II. Block.					
(5) Public Health Centre, Chandrakona (50)	5,253·58	13,740·76	11,105·93	10,671·60	10,371·39
(6) Subsidiary Health Centre, Bhagabantapur (4) ..	1,818·35	2,893·58	1,961·38	1,608·96	Not available.
(7) Subsidiary Health Centre, Basanchora (4)	1,650·85	3,022·47	2,424·65	814·66	1,514·42

Govindapur Khal in Rangamati-Chandpara Union, Murshidabad

333. (Admitted question No. 676.) **Shri Sanat Kumar Raha:**

সেচবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদের রাঙামাটি-চাঁদপাড়া ইউনিয়নের গোবিন্দপুর খালটি এযাবতকাল মাঠের জলনিকাশ ও সেচকার্যের জন্য ব্যবহৃত হইত এবং বর্তমানে ঐ খালটি বন্দোবস্ত দেওয়া হইয়াছে;

(খ) অবগত থাকিলে উক্ত খালটি বন্দোবস্ত দেওয়ার কারণ কি এবং উক্ত এলাকায় জলনিকাশের এবং সেচকার্যের জন্য কী বিকল্প ব্যবস্থা সরকার গ্রহণ করিতেছেন?

The Minister for Irrigation and Waterways:

(ক) গোবিন্দপুর খাল নামে সেচ বিভাগের অধীনে কোন খাল নাই; তবে জীবন্তী বাঁকী জলনিকাশী পরিকল্পনা সংক্রান্ত ব্যাপারে সেচ বিভাগ কর্তৃক গোবিন্দপুর গ্রামের মধ্য দিয়া প্রবাহিত বাঁকি নদীর সংস্কারকার্য করা হইয়াছে। উক্ত নদীটি প্রতি বৎসর বন্দোবস্ত দেওয়া হইয়া থাকে।

(খ) মৎস্য চাষের জন্য বাঁকী নদীটি বন্দোবস্ত দেওয়া হয় এবং উহা দ্বারা জলনিকাশের কার্য কোনরূপ বাধাপ্রাপ্ত না হওয়ায় বিকল্প ব্যবস্থা গ্রহণের প্রশ্ন উঠে না।

Primary Health Centre in Rangamati-Chandpara Union, Murshidabad

334. (Admitted question No. 678.) **Shri Sanat Kumar Raha:**

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মুর্শিদাবাদের রাঙামাটি-চাঁদপাড়া ইউনিয়নে প্রাথমিক স্থায়ী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, কবে উক্ত স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইবে?

The Minister of State for Health:

(ক) বর্তমানে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Minimum and maximum price of rice and paddy in Midnapore

335. (Admitted question No. 693.) **Shri Nagen Dolai:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মেদিনীপুর জেলায় ধান ও চালের নিম্নতম ও উচ্চতম দর গত ডিসেম্বর, জানুয়ারী ও ফেব্রুয়ারী মাসে কত ছিল; এবং

(খ) ধান ও চালের দাম কমাইবার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Minister for Food and Supplies:

(ক) একটি মূল্যতালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

(খ) 'মডিফায়েড রেশনিং'-এর দোকান মারফত ন্যায্য দামে চাউল ও গম সরবরাহের ব্যবস্থা চালু রাখা হইয়াছে। অবস্থা বিশেষে খয়রাতি সাহায্য হিসাবে বা কার্যের বিনিময় সাহায্য বাবত চাউল ও গম বিতরণের ব্যবস্থাও আছে। ন্যায্যমূল্যে গমজাত দ্রব্য বিক্রয়কল্পে কেন্দ্রীয় সরকারের গুদাম হইতে বড় বড় 'চাকি'গুলিকে গম বণ্টন করা হইতেছে। 'ইস্টার্ন রাইস জোন স্কীম'-এর মাধ্যমে ব্যবসায়ী মারফত উড়িষ্যা হইতেও তথাকার বাড়তি ধান্য ও চাউল আমদানি ব্যবস্থা চালু আছে। উত্তরপ্রদেশ ও পাঞ্জাব হইতেও ব্যবসায়ী মারফত কিছু পরিমাণ আমদানির ব্যবস্থা করা হইয়াছে।

রাজ্যের খাদ্যপরিস্থিতি কেন্দ্রীয় সরকারকে জ্ঞাত করান হইয়াছে এবং সেখান হইতে বরাবরের ন্যায় সাহায্য পাওয়া যাইবে।

Statement referred to in reply to clause (Ka) of Unstarred Question No. 335.

STATEMENT SHOWING THE MAXIMUM AND MINIMUM WHOLESALE PRICES OF COMMON RICE AND PADDY IN THE DISTRICT OF MIDNAPORE DURING DECEMBER 1962, JANUARY 1963 AND FEBRUARY 1963.

(Prices in rupees per quintal)

Month	Rice.		Paddy.	
	Maximum.	Minimum.	Maximum.	Minimum.
December 1962	72·10 (Contai *W/E 5-12-62)	55·17 (Jhargram W/E 5-12-62)	45·65 (Contai W/E 5-12-62)	32·62 (Jhargram W/E 5-12-62)
January 1963 .. .	70·15 (Tamluk W/E 16-1-63)	57·92 (Jhargram W/E 2-1-63)	43·21 (Tamluk W/E 30-1-63)	35·45 (Jhargram W/E 2-1-63)
February 1963 .. .	71·61 (Tamluk W/E 6-2-63)	61·40 (Jhargram W/E 20-2-63)	45·30 (Tamluk W/E 6-2-63)	37·31 (Jhargram W/E 20-2-63)

*W/E Week ending

N.D.F. Collection in Midnapore district

336. (Admitted question No. 697.) **Shri Nagen Dolai:**

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মেদিনীপুর জেলা হইতে প্রতিরক্ষা তহবিলে মোট কত টাকা ও সোনা সংগৃহীত হইয়াছে?

The Minister for Home (Police):

মহানিরীক্ষকের নির্দেশমত রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া জাতীয় প্রতিরক্ষা তহবিলের জন্য কেবলমাত্র প্রাদেশিক ভিত্তিতে হিসাব রাখেন, সুতরাং জেলাভিত্তিক সংগ্রহের পরিমাণ কত তাহা জানানো সম্ভবপর নয়। তবে ২৮-২-৬৩ তারিখ পর্যন্ত রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়ার হিসাবমত সমগ্র পশ্চিমবঙ্গে জাতীয় প্রতিরক্ষা তহবিলে সংগ্রহের পরিমাণ এইরূপ—

(১) নগদ ও চেক -২,৯৪,৫২,৬২৩ টাকা ৪৩ নয়া পয়সা;

(২) স্বর্ণ ও স্বর্ণালঙ্কার - ১,৫১,৪১৯ গ্রাম।

Dacoity in West Dinajpore by a police constable

337. (Admitted question No. 699.) **Shri Nathaniel Murmu:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(ক) (১) ইহা কি সত্য যে, পশ্চিম দিনাজপুর জেলার ইসলামপুর মহকুমায় একটি সীমান্ত পুলিস ফাঁড়ির কতিপয় পুলিস রাইফেল সহযোগে ডাকাতি করিতে গিয়া সম্প্রতি ধরা পড়িয়াছে; এবং

(২) এই সম্পর্কে কয়েকজন পুলিস এবং জাতীয় রক্ষী বাহিনীর লোকদের গ্রেপ্তার করা হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কোথায়, কবে এবং কখন এই ডাকাতি সংঘটিত হইয়াছিল,

(২) যাহাদের গ্রেপ্তার করা হইয়াছে সেইসব পুলিস ও জাতীয় রক্ষী বাহিনীর লোকদের নাম কি, এবং

(৩) সরকার তাহাদের সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Home (Police):

(ক) (১) ও (২) না; তবে একটি ডাকাতির ব্যাপারে করণদীঘি থানার অন্তর্গত কাদিরগঞ্জ সীমান্ত পুলিস ফাঁড়ির একজন কনেস্টবল জড়িত আছে সন্দেহে ধৃত হইয়াছে।

(খ) (১) পশ্চিম দিনাজপুর জেলার করণদীঘি থানার মালিপাড়া নামে পরিচিত বেতাউনা গ্রামের শেখ সামারউদ্দিন-এর বাড়ীতে ১৯৬৩ সনের ২৩এ জানুয়ারী রাত্রি এক ঘটিকায় এই ডাকাতি হয়।

(২) কনেস্টবলটির নাম সুধীর মন্ডল।

(৩) তাহাকে গ্রেপ্তার করিবার পর ম্যাজিস্ট্রেটের নিকট হাজির করা হয় এবং পরে সে জামিনে মুক্ত হয়। আরও তদন্তসাপেক্ষে তাহাকে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে।

Rural Water Supply Scheme in Murshidabad

338. (Admitted question No. 710.) **Shri Abdul Bari Moktar:**

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রতি জেলায় রুরাল ওয়াটার সাপ্লাই স্কীম-এর টিউবওয়েল সংক্রান্ত কাজের জন্য সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কে;

(খ) মুর্শিদাবাদ জেলায় এই প্রকার টিউবওয়েলের সংখ্যা থানাওয়ারীভাবে কত;

(গ) মুর্শিদাবাদ জেলায় এই টিউবওয়েল-সংক্রান্ত কাজের বা বিতরণের জন্য কোনও কমিটি আছে কিনা; এবং

(ঘ) কমিটি থাকিলে, তাহার অফিস বিয়ারারদের নাম ও ঠিকানা কি?

The Minister of State for Health:

(ক) অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার, রুরাল ওয়াটার সাপ্লাই, পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং।

(খ) মুর্শিদাবাদ জেলার পল্লী-অঞ্চলে স্থাপিত মোট নলকূপের থানাওয়ারী বিবরণী এতৎসহ উপস্থাপিত হইল।

(গ) কেবলমাত্র স্থান নির্বাচনের জন্য একটি কমিটি আছে। উহা ডিস্ট্রিক্ট হেলথ কমিটি নামে পরিচিত।

(ঘ) উক্ত কমিটি নিম্নলিখিত সদস্যগণকে লইয়া গঠিতঃ—

Chairman—

District Magistrate.

Secretary—

Chief Medical Officer of Health.

Other members—

Chairman of the District Board, Principal of the local college, President of the District Congress Committee.

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 338

থানার নাম ও চাল্‌ নলকূপের সংখ্যা

বহরমপুর—৪৯৫
বেলডাঙ্গা—৫৫২
নোদা—১৬১
হরিহরপুর—২৮৪
ডোমকল—২৭৪
জলাঙ্গী—৯৯
কান্দি—২৭৮
খরগ্রাম—২৯০
ভরতপুর—৪২৫
বারোয়ান—২৯৯
রঘুনাথগঞ্জ—৩০৫
সাগরদীঘি—৩২৯
সুতী—২৩৭
সামসেরগঞ্জ—১২৮
ফারাক্কা—১১৭
মুর্শিদাবাদ—৭৫
ভগবানগোলা—১৬৫
লালগোলা—১১০
নবগ্রাম—২৫১
রাণীনগর—২৬৪
জিয়াগঞ্জ—৩১

মোট—৫,১৬৯

Land improvement loan due in Murshidabad district

339. (Admitted question No. 712.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় অদ্যাবধি কতজনের নিকট ল্যান্ড ইমপ্রুভমেন্ট লোনের টাকা পাওনা আছে;

(খ) এই লোনের টাকার মোট পরিমাণ কত; এবং

(গ) ১৯৬১, ১৯৬২ সালে ও বর্তমান বৎসরের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই লোন-বিষয়ে কি পরিমাণ টাকা আদায় হয়?

The Minister for Land and Land Revenue:

(ক) ৪৫৬ জন।

(খ) ১,০৬,৩৮৬·০০ টাকা।

(গ) ১৯৬১-৬২ সালে ১১,১২১·০০ টাকা এবং ১৯৬৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত ১০,৬৬৯·০০ টাকা আদায় হয়।

Cottage Industries in Murshidabad

340. (Admitted question No. 713.) **Shri Sanat Kumar Raha:**

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় অদ্যাবধি বিভিন্ন কুটিরশিল্প, যথা কাঁসা পিতলের বাসন, রেশম-গুটি ও রেশম তাঁত, শংখশিল্প ও সুতী তাঁত শিল্প প্রভৃতির উন্নতির জন্য সরকারের পক্ষ হইতে কোন চেষ্টা লওয়া হইয়াছে কিনা; এবং

(খ) ঐ সকল কুটিরশিল্পীদের কাঁচামাল সরবরাহ করিবার বা ঋণ দিয়া সাহায্য করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) ও (খ) হ্যাঁ।

Compensation for Lands

341. (Admitted question No. 715.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কতজন মধ্যস্বত্বাধিকারী হিসাবে ক্ষতিপূরণ পাইবার তালিকাভুক্ত হইয়াছেন;

(খ) এই প্রাপকদের কতজনকে সম্পূর্ণ ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে; এবং

(গ) কতজন প্রাপকের বিষয় এখনও বিচারাধীন আছে?

The Minister for Land and Land Revenue:

(ক) ১,৪৩,৬৭২ জন (১৫-২-৬৩ পর্যন্ত)।

(খ) ১৪,৯৫৭ জন।

(গ) ৪৫,৪৯০ জনকে ক্ষতিপূরণ গ্রহণের জন্য নোটিস দেওয়া হইয়াছে।

Bhag Chas Board at Murshidabad district

342. (Admitted question No. 719.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কোন ভাগচাষ বোর্ড গঠিত হইয়াছে কি; এবং

(খ) গঠিত হইয়া থাকিলে, কোন্ কোন্ এলাকায় গঠিত হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) ও (খ) ১৯৫৫ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনে ভাগচাষ বোর্ড গঠন করিবার কানও বিধান নাই। আধিকারিক নিয়োগের বিধান আছে। উক্ত আইনের ১৭(১) ও ১৮(১) ারা অনুসারে বিরোধাদি মীমাংসার জন্য সমস্ত মুর্শিদাবাদ জেলায় দশজন ভাগচাষ আধিকারিক নযুক্ত করা হইয়াছে।

তাঁহাদের এলাকা দর্শাইয়া একটি তালিকা এতৎসহ টেবিলে উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clauses (ka) and (kha) of unstarred question No. 342.

(১) জুনিয়র ল্যান্ড রিফর্মস্ অফিসার, রঘুনাথগঞ্জ ভূমিসংস্কার কেন্দ্র—রঘুনাথগঞ্জ থানা, জেলা মুর্শিদাবাদ।

(২) জুনিয়র ল্যান্ড রিফর্মস্ অফিসার, ধুলিয়ান ভূমিসংস্কার কেন্দ্র—সমসেরগঞ্জ, ফরাক্কা এবং সুতী থানাসমূহ, জেলা মুর্শিদাবাদ।

(৩) জুনিয়র ল্যান্ড রিফর্মস্ অফিসার, সাগরদিঘী ভূমিসংস্কার কেন্দ্র—সাগরদিঘী থানা, জেলা মুর্শিদাবাদ।

(৪) জুনিয়র ল্যান্ড রিফর্মস্ অফিসার, কান্দী ভূমিসংস্কার কেন্দ্র—কান্দী থানা, জেলা মুর্শিদাবাদ।

(৫) জুনিয়র ল্যান্ড রিফর্মস্ অফিসার, বড়ঞা ভূমিসংস্কার কেন্দ্র—বড়ঞা থানা, জেলা মুর্শিদাবাদ।

(৬) জুনিয়র ল্যান্ড রিফর্মস্ অফিসার, ভরতপুর ভূমিসংস্কার কেন্দ্র—ভরতপুর থানা, জেলা মুর্শিদাবাদ।

(৭) জুনিয়র ল্যান্ড রিফর্মস্ অফিসার, খড়গ্রাম ভূমিসংস্কার কেন্দ্র—খড়গ্রাম থানা, জেলা মুর্শিদাবাদ।

(৮) জুনিয়র ল্যান্ড রিফর্মস্ অফিসার, বহরমপুর সদর—বহরমপুর ও হরিহরপাড়া থানা-সমূহ, জেলা মুর্শিদাবাদ।

(৯) জুনিয়র ল্যান্ড রিফর্মস্ অফিসার, বেলডাঙ্গা—বেলডাঙ্গা ও নোয়াদা থানাসমূহ, জেলা মুর্শিদাবাদ।

(১০) জুনিয়র ল্যান্ড রিফর্মস্ অফিসার, ডোমকল—ডোমকল ও জলঙ্গী থানাসমূহ, জেলা মুর্শিদাবাদ।

Distribution of Fertiliser in Murshidabad

343. (Admitted question No. 721.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

মুর্শিদাবাদ জেলায় কোন্ থানায় কত সার ১৯৬২ সালে ও ১৯৬৩ সালের বর্তমান সময় পর্যন্ত সরবরাহ করা হইয়াছে?

The Minister of State for Agriculture:

একটি বিবরণী বিধানসভার টেবিলে উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 313

Statement showing the quantities of different kinds of fertiliser distributed during 1962-63 (up to 9-3-1963)

Serial No.	Name of the police-station.	Ammonium sulphate.	Paddy fertiliser mixture.	Potato fertiliser mixture.	Jute fertiliser
1	Beldanga	286·184	362·000	96·800	4·000
2	Berhampore	77·817	100·600	31·625	..
3	Domkal	73·130	..	6·000	..
4	Jalangi	45·600	..	6·000	..
5	Kandi	213·915	261·625	279·200	48·000
6	Sagardighi .. .	35·000	15·000	66·750	..
7	Nabagram	40·300	86·225	46·550	..
8	Burdwan	50·000	238·557	133·000	24·000
9	Ziaganj	2·416	1·875	3·225	0·750
10	Murshidabad	11·032	..	1·725	..
11	Bharatpore	228·815	70·000	28·500	..
12	Farakka	20·100	..	..	..
13	Lalgola .. .	7·275	..	..	..
14	Bhagwangola	..	..	..	..
15	Khargram	2·007	..	..	..
16	Raghunathganj	11·206	20·250	15·625	..
17	Hariharpur	18·200	1·000	1·675	..
18	Lalbagh	..	..	..	..
19	Jangipore	30·000	4·000	21·000	..
	Total ..	1,152·000	1.161·632	727·675	76·750

Scheme for Maternity Hospital at Domkal in Murshidabad

344. (Admitted question No. 726.) **Shri Abdul Bari Moktar:**

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ডোমকল থানার ডোমকলে মাতৃসদন সহ হাসপাতাল করার পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কোথায় ও কোন্ জায়গায় ঐ হাসপাতাল সংস্থাপিত হইবে,

(২) হাসপাতাল নির্মাণের কাজ কবে আরম্ভ হইবে, এবং

(৩) কি প্রকারের কত বেড্যুক্ত হইবে?

The Minister of State for Health:

(ক) হ্যাঁ।

(খ) (১) এবং (২) সঠিক বলা যায় না, কারণ হাসপাতাল স্থাপনের স্থান এখনও চূড়ান্তভাবে নির্ণয় করা হয় নাই।

(৩) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র হইলে দশটি শয্যা এবং উপস্বাস্থ্যকেন্দ্র হইলে দুইটি পথ্যবিহীন অত্যাবশ্যক প্রসূতিশয্যা থাকিবে।

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker: I present the 13th Report of the Business Advisory Committee which at its meeting held on the 18th March, 1963, in my private chamber considered the question of allocation of time for the Bills to be disposed of during the current session. The recommendations of the Committee as to the allocation of time for the disposal of the Bills are:—

(1) The Court-fees (West Bengal Amendment) Bill, 1963—1 hour.

(2) The West Bengal Local Authorities (Postponement of Elections) Bill, 1963—2 hours.

(3) The Bengal Electricity Duty (Amendment) Bill, 1963—4 hours.

(4) The West Bengal Sales Tax (Amendment) Bill, 1963—4 hours.

(5) The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1963—4 hours.

(6) The West Bengal Development Corporation (Amendment) Bill, 1963—2 hours.

(7) The Calcutta University (Amendment) Bill, 1963—1 hour.

(8) The Bihar Tenancy (West Bengal Amendment) Bill, 1963, as passed by the Council—1 hour.

The Committe also recommended that the West Bengal Premises (Requisition and Control) (Temporary Provisions) (Amendment) Bill, 1963, as passed by the Council, be taken up by the House on the 20th March, 1963, after the voting on demands for Grants fixed for that day.

The Hon'ble Jagannath Kolay: Sir, I beg to move that the Thirteenth Report of the Business Advisory Committee presented this day, the 19th March, 1963, be agreed to by the House.

The Report was then agreed to.

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker: I have received two Calling Attention Notices, one from Dr. Narayan Chandra Roy on the subject of suicide of Shri Sunil Karmakar, a goldsmith of Calcutta, and the other also from Dr. Narayan Chandra Roy on the subject of hunger strike by prisoners detained under the Defence of India Rules in the Krishnagar District Jail. I have selected the notice of Dr. Narayan Chandra Roy on the subject of hunger strike of prisoners detained under the Defence of India Rules in the Krishnagar District Jail. The Hon'ble Minister-in-charge will please make a statement today or give a date on which a statement will be made.

দি অনারেবল প্রবী মুখার্জি: স্যার, আমি আজকেই বলে দিচ্ছি। আমরা রবিবারদিন ৪৫ জন
Division II D.I. Rules prisoner of Krishnagar Jail.
দের কাছ থেকে হাঙ্গার স্ট্রাইক-এর একটা নোটিস পেয়েছি। গতকাল থেকে তাঁরা হাঙ্গার স্ট্রাইক করেছিলেন ৩টা গ্রাউন্ডস দিয়ে—একটা হচ্ছে হায়ার ক্লাসিফিকেসন, দ্বিতীয় হচ্ছে ফ্যামিলি অ্যালাওয়েন্স আর তৃতীয় হচ্ছে ডিটেনসন পিরিয়ডএ তাঁদের যেন চাকুরীর কোন ক্ষতি না হয়। তাঁদের ফ্যামিলি অ্যালাওয়েন্স সম্বন্ধে আমি এখানে আগে বলেছিলাম যে সরকার এ সম্বন্ধে সিদ্ধান্ত নিয়েছেন এবং শীঘ্র আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই কথা জানতে চেয়েছি

এবং তার উত্তর পাওয়া গেলে এই ফ্লোরএ তা আমরা জানাতে পারব। অতএব ফ্যামিলি অ্যালাওয়েন্স সম্বন্ধে নূতন করে হাঙ্গার স্ট্রাইক করার আর কোন স্কোপ আছে বলে মনে করি না। ডিভিসন ২ যাঁরা তাঁরা হায়ার ক্লাসিফিকেশনএর জন্য যে হাঙ্গার স্ট্রাইক করেছেন বিভিন্ন জেলখানা থেকে কিছু কিছু নোটিস এ বিষয়ে আমরা পেয়েছি। হায়ার ডিভিশন কাদের দেওয়া হবে? ফ্যামিলি স্ট্যাটাস ইত্যাদি সম্বন্ধে ট্রাইং ম্যাজিস্ট্রেট খোঁজ করে হায়ার ডিভিশন দেন। কখনও কখনও আমরা রিভিউ করি। অতএব এইরকম একটা কমিটমেন্ট আমাদের পক্ষে করা সম্ভব নয় যে যাদের ধরা হবে তাদেরই হায়ার ডিভিশন দেওয়া হবে। আর তৃতীয় কারণ যেটা দেওয়া হয়েছে চাকরী ক্ষেত্রে সেটা সাধারণক্ষেত্রে যা হবে তাই হবে এবং এ সম্বন্ধে আমাদের করণীয় কিছু নেই। একথা কৃষ্ণনগরের ডি এম জানানোর পর তাঁরা এক বেলা না খেয়ে ছিলেন, কিন্তু রাত্রিবেলা তাঁরা হাঙ্গার স্ট্রাইক কল অফ করেছেন।

DEMAND FOR GRANT

Grant No. 15—Major Head: 23—Police

The Hon'ble Prafulla Chandra Sen: On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,71,27,000 be granted for expenditure under Grant No. 15, Major Head: "23—Police".

এই বাবদে গত বছর আমাদের খরচ হয়েছিল ১০ কোটি ৩৪ লক্ষ ৩২ হাজার টাকা, এবার আমরা চাইছি নেট ৯ কোটি ৯২ লক্ষ ৫১ হাজার টাকা, আর গ্রস ১০ কোটি ৭১ লক্ষ ২৭ হাজার টাকা অর্থাৎ গত বছরের চেয়ে আমরা নেট ৪২ লক্ষ টাকা কম চাইছি। এই যে পুলিস খাতে ব্যয়, এ আমাদের পশ্চিম বাংলায় নানা কারণে সামান্য সামান্য বাড়ছে। গত বছর যেটা বেড়েছিল সেটার মূল কারণ হচ্ছে বেতন বৃদ্ধি। আমাদের পশ্চিম বাংলার মানচিত্রের দিকে যদি একবার তাকাই এবং সঙ্গে সঙ্গে আমাদের পশ্চিম বাংলার অবস্থা যদি পর্যালোচনা করি তাহলে পর এখানে এই যে ১০ কোটি ৭১ লক্ষ ২৭ হাজার টাকা চাইছি গ্রস এতে কোন মাননীয় সদস্য তিনি এ পক্ষেরই হন এবং ও পক্ষেরই হন বিশেষ কিছু আপত্তি করতে পারেন না। আমি দেখছিলাম যে, আর একটা সীমান্ত প্রদেশ—যেমন আসাম সেখানে কত খরচ হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আসামের রাজস্ব পশ্চিম বাংলার চেয়ে ঢের কম কিন্তু আসাম গভর্নমেণ্টকে শতকরা ১৪ টাকার চেয়ে বেশি—তার যে মোট রেভিনিউ এক্সপেনডিচার তার শতকরা ১৪ অংশের চেয়ে বেশি ব্যয় করতে হয়। আমাদের পশ্চিম বাংলায় এ বছর আমাদের যে মোট ব্যয় হবে রেভিনিউ থেকে তার শতকরা ৯ অংশ আমরা ব্যয় করব। আমি আর কয়েকটি প্রদেশের সঙ্গে তুলনা করতে পারি যা আমি হিসেব করে দেখছিলাম যে আমরা খুব বেশি অন্য প্রদেশ অপেক্ষা ব্যয় করছি না। পাঞ্জাব, সে একটি সীমান্ত প্রদেশ। পাঞ্জাবের রাজস্ব হচ্ছে ৮৪ কোটি টাকা। আর পাঞ্জাব ব্যয় করছেন এই পুলিসি খাতে ৯ কোটি ৩১ লক্ষ টাকা অর্থাৎ তার মোট যা রাজ্যে ব্যয় হয় তার শতকরা ৮·৮। আর একটা প্রদেশের সঙ্গে আমরা তুলনা করতে পারি মহারাষ্ট্র প্রদেশ। মহারাষ্ট্র প্রদেশের আয় আমাদের চেয়ে অনেক বেশি—রেভিনিউ হচ্ছে ১৪৪ কোটি থেকে কিছু বেশি আর আমাদের হচ্ছে ১১৭ কোটি টাকা। মহারাষ্ট্র প্রদেশ পুলিসি খাতে ব্যয় করেন ১২ কোটি ১৩ লক্ষ টাকা নেট। আর আমরা আগামী বছরের জন্য করছি ৯ কোটি ৯৩ লক্ষ টাকা, এবং মহারাষ্ট্রে মোট যা ব্যয় হয় প্রায় ১৬০ কোটি টাকা তারা ১৯৬৩-৬৪ সালে ব্যয় করবেন তার শতকরা প্রায় ৮ ভাগ পুলিসি খাতে ব্যয় করা হচ্ছে। আর আমাদের পশ্চিম বাংলা তার যে সীমান্ত-রেখা, তার দৈর্ঘ্য হচ্ছে ১ হাজার ৩ শত ৪১ মাইল। আমাদের পশ্চিম বাংলায় কলিকাতা একটি বড় শহর আছে এবং তার সঙ্গে সঙ্গে আমাদের শিল্পগুলিও আছে এবং সেটাও খুব বড় এবং লোক সংখ্যা কলকাতা নিয়ে ৬০ লক্ষের কাছাকাছি যাবে। আমাদের পশ্চিম বাংলায় পূর্ব বাংলা থেকে তথা পূর্ব পাকিস্তান থেকে এ পর্যন্ত ৩৫ লক্ষ আশ্রয়প্রার্থী

ভাই-বোনেরা এসেছেন; এবং তাঁরা আসার দরুন আমাদের দেশে আইন ও শৃঙ্খলা বিষয়ে নিশ্চয়ই একটু সংকট দেখা দিয়েছিল তাতে সন্দেহ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যখন আমাদের এখানে হাজার হাজার আশ্রয়প্রার্থী আসতে আরম্ভ করেন শিয়ালদহ ডিভিশন থেকে--পায়ে হেঁটে আসতে আরম্ভ করেন--শিয়ালদা স্টেশনে যারা আসেন, তাদের সঙ্গে সঙ্গে পুনর্বাসন ব্যবস্থা করতে পারিনি তাদের অনেককেই আমরা শিবিরে রেখেছিলাম- ক্যাম্পে রেখেছিলাম। আমার যতদূর মনে আছে মোট ৩৫ লক্ষ আশ্রয়প্রার্থী এসেছেন এবং তাদের মধ্যে ৭ লক্ষ নরনারী শিবিরে গেছেন। তাদের পুনর্বাসনের সব সময় সুষ্ঠু ব্যবস্থা করতে পারিনি কিন্তু অনেক আশ্রয়প্রার্থী লোকেরা তারা বহু লোকের মূল্যবান জমি জবর-দখল করেছেন যাকে আমরা সকলেই বলি স্কোয়াটার্স কলোনি। আমাদের এখানে ১৪৭ না ১৫৩টা স্কোয়াটার্স কলোনি ছিল। এখানেও আইন শৃঙ্খলার প্রশ্ন ওঠে। একে সীমান্তের ব্যাপার, দ্বিতীয়তঃ এই আশ্রয়প্রার্থী ভাই-বোনেরা আসায় সেখানে আইন-শৃঙ্খলার প্রশ্ন এসেছে আবার আমাদের এখানে শিল্পাঞ্চল কলকাতার মত বড় শহরও আছে। এও একটা মস্ত বড় ব্যাপার।

[1-10—1-20 p.m.]

কলকাতা শহরে এবং আমাদের পশ্চিম বাংলার অন্যান্য জায়গায় আমরা হিসাব করে দেখেছি যে আগে ১৯৪৮ সালে মোট ৪৬ লক্ষ ভেহিকেল ছিল- চড়বার মোটর গাড়ী বা অন্যান্য কিন্তু বর্তমানে দাঁড়িয়েছে ১ লক্ষ ৯ হাজার। আমাদের এখানে ট্রাফিকের ব্যাপারে খুব কড়াকড়ি হয়েছে। কলকাতায় ৬০ বছর আগে এক একর জমিতে বাস করতো ৫২ জন লোক, ২০ বছর আগে বাস করতো ৭৬ জন লোক, আর আজকে কলকাতায় এক এক একর জমিতে বাস করছে ১৪৬ জন লোক। কাজেই আইন এবং শৃঙ্খলার প্রশ্ন খুবই গুরুত্বপূর্ণ। আমাদের পশ্চিম বাংলায় ভারতের অন্যান্য প্রদেশ থেকে বহু লোক চাকুরীর জন্য আসে, আমাদের এখানে কি রকম বেকার আছে এবং তা থাকা সত্ত্বেও দৈনিক হাওড়া স্টেশনে যান দেখতে পাবেন অন্যান্য বিদেশ থেকে বহু লোক আসছে চাকুরীর জন্য। আমরা যদি খড়্গপুরে যাই তাহলে দেখবো দক্ষিণ থেকে বহু লোক সেখানে আসছে কর্মসংস্থানের জন্য। আমরা এই সেদিন দুর্গাপুরে একটি মস্তবড় শিল্পাঞ্চল গড়ে তুলেছি, আগে দুর্গাপুরের লোক সংখ্যা সামান্যই ছিল- কিন্তু সেদিন শুনলাম যে সেখানকার লোক সংখ্যা ১ লক্ষের উপর দাঁড়িয়েছে। এবং সেখানে এই কয়েক বছরের মধ্যে প্রায় ৩৬ হাজার লোকের কর্মসংস্থান হয়েছে অনেক বাঙ্গালীর কর্মসংস্থান হয়েছে কিন্তু অন্যান্য বহু লোক বিভিন্ন জায়গা থেকে এসে দোকান করছে--শ্রমিকের কাজ করছে এমন বহু লোক আছে। এই রকম যেখানে বিভিন্ন প্রদেশের লোক বাস করেন--সেখানে আইন ও শৃঙ্খলার প্রশ্ন উঠে--এবং তা রাখতে গেলে পুলিস বাহিনীকে কাজ করতে হবে। আমাদের পুলিস বাহিনীতে যারা সব এখন কর্মচারী আছেন তাঁদের মধ্যে অনেকেই খুব উচ্চ শিক্ষিত এবং তাঁরা যেভাবে রিক্রুটেড হয়েছেন--শুধু আমাদের দেশে নয় পৃথিবীর যে কোন দেশে সেইরকম রিক্রুটমেন্টকে প্রশংসার চক্ষে দেখবে। এই সমস্ত পুলিসের কর্মীরা শুধু যে আইন-শৃঙ্খলা রক্ষা করছেন তা নয় তারা আমাদের সামাজিক কাজের দিকটাও লক্ষ্য করছেন। ১৯৫৬ সালে, ১৯৫৯ সালে যে নিদারুন বন্যা হয়েছিল তখন আমাদের পুলিস কর্মচারীরা যেভাবে সেবা করেছিলেন সেটা আমাদের ইতিহাসে লেখা থাকবে। গতবারে যেখানে সামান্য সামান্য বন্যা হয়েছিল সেখানে এই পুলিসের কাজ সকলেরই প্রশংসা অর্জন করেছে। আমাদের এখানে অপরাধের সংখ্যা ধীরে ধীরে কমে আসছিল কিন্তু দুঃখের বিষয় অপরাধের সংখ্যা একটু বেড়েছে--১৯৫৮-৫৯ সালে ডেকয়িটি হয়েছিল ৫০০, রবারি ৭৪০, বার্গলারী ১০ হাজার ১ শত ১৯। ১৯৫৯ সালে ডাকাতি কমে গিয়ে দাঁড়ালো ৪১০, রবারি ৬১৫, বার্গলারী ১০ হাজার ৩ শত ৪১। ১৯৬০ সালে ডেকয়িটি ৪১০ থেকে ৫৩০, রবারি ৬২২, বার্গলারী ৯,৮০৬। ১৯৬১ সালে ডাকাতি ৫০৮, রবারি ৫৯৬, বার্গলারী ৯ হাজার ৭ শত ৫৮, ১৯৬২ সালের ডাকাতি ৭০৮, রবারি ৬০৯, বার্গলারী ১০,৮৩২। আমরা সকলেই জানি যে এই কনস্টেবলদের সঙ্কট অবস্থা ঘোষণা হবার পর থেকে তাদের নানারকম কাজে ব্যস্ত থাকতে হয় সেইজন্য অপরাধের সংখ্যা গত বছর কিছু বেড়েছে। আমাদের এখানে যতগুলি মোট অপরাধী ধরেছি গোটা বাংলাদেশে--সেইসমস্ত অপরাধ কগনিজিবল, তার সংখ্যা কিন্তু কমে গেছে। ১৯৬০ সালে যেখানে ছিল ৮২ হাজার ১৯৬১ সালে সেটা হলো ৮১ হাজার। আর ১৯৬২ সালে সেটা দাঁড়িয়েছে ৭০ হাজার, অর্থাৎ কমেছে।

আমাদের এখানে অনেক দুর্নীতিপরায়ণ লোক আছে, তাদের বিরুদ্ধে পুলিস যেসমস্ত কাজ করেছেন তা খুব প্রশংসনীয়। গত বছর ২৪৪ জন র‍্যাবস্কনডারকে তাঁরা ধরতে সক্ষম হয়েছেন। ১,৫৫৭ জন দুর্নীতিপরায়ণ ব্যক্তি যারা ১০৯ ধারায় অভিযুক্ত হয়েছিল, তাদের ধরেছিলেন। ১২,৪৮৮ জন ক্রিমিনালকে ধরেছিলেন।

Under the Bengal Criminal Law (Amendment) Act

২৯৯টি ধরেছিলেন ১১০ ধারায়। ১,৯৬৮ জন ক্রিমিনাল তাঁরা হাতে নাতে ধরেছিলেন; ১.৮৯৮ জন তাঁরা অপরাধ করবার সময় হাতেনাতে ধরা পড়েছে। আমাদের এখানে সি আই ডি তারা বেশ সন্তোষজনকভাবে কাজ করেছেন। আমাদের এখানে ১৯৬১ সালে ৫২৬টি কেস তাঁরা ইনভেসটিগেশন করেছেন; ১৯৬২ সালে ৬৮৪টি কেস ইনভেসটিগেশন করেছেন; আর এই যে ১৯৬২ সালে তাঁরা ৬৮৪টি কেস ইনভেসটিগেশন করেছেন। তার মধ্যে ইতিমধ্যে ১৬৮ জনকে তাঁরা অভিযুক্ত করেছেন, তারা বিচারের জন্য গিয়েছে। ৩৪১টি আরো ইনভেসটিগেশন চলছে। তাঁরা পাঁচটি ডাকাতের গ্যাংকে হাতেনাতে ধরেছেন। ৬০টি কেসে রেলের জিনিসপত্র চুরি হয়েছে, যার মূল্য ৮২ হাজার সাতশো টাকা, সেটা তাঁরা ধরতে সক্ষম হয়েছেন। ৩৬৬ জন রেলওয়ে ক্রিমিনালসদের ধরেছেন, ৪১ জন র‍্যাবস্কনডার ৯৭ জন ট্যাক্সি চোর, ৩৬ জন পীক-পকেট, আর ২৫ জন এমনি চোর ধরা হয়। তার সঙ্গে তেইশ মণ তামার তার চুরি হয়, সেটাও তাঁরা উদ্ধার করেছেন। ২০টি ফায়ার আর্মস এবং ৬০টি কার্তুজ উদ্ধার করতে পুলিস সক্ষম হয়েছেন।

আমাদের এনফোর্সমেন্ট ব্রাঞ্চ-এর কাজও খুব সন্তোষজনক হয়েছে। ১১,১১৭টি কেস করা হয় এনফোর্সমেন্ট বিভাগ থেকে তার মধ্যে ১৭,০১২ জন লোক সংশ্লিষ্ট ছিলেন এবং এর মধ্যে কনভিকটেড হয়ে গেছে, শুনলে আপনি খুসী হবেন, ১৫,১৮১ জন।

আর কলকাতার বাইরে জেলাতে ২৮,৯৫১টি কেস হয়েছে, তার মধ্যে ২৫,২০৮ ব্যক্তি কনভিকটেড হয়েছে এবং মোট মাল পাওয়া গেছে যা কনফিসকেটেড হয়েছে তার মূল্য ২ লক্ষ ২ হাজার ৫০৪ টাকা। এই সমস্ত অপরাধীদের জরিমানা করা হয়েছে, তাতে আমরা পেয়েছি ১ লক্ষ ৫৪ হাজার ৩২২ টাকা। গত বছর ১৯৬২ সালে ৭,৭৭০ জন রাওডিকে ধরা হয়েছে এবং এই ৭,৭৭০ জনের মধ্যে ৭,৭২৬ জন কনভিকটেড হয়েছে। আর অ্যান্টি সোস্যাল এলিমেন্টস ধরা হয়েছে ৭,২৩২ জন এবং ৩২টি কেস হয় তাতে লোক ইনভলভড ৩২ জন লোক ধরা হয়েছে। রাওডিস ১৭,৬২৩ জনকে, আর অন্যান্য ক্রিমিনাল ৬৮৪ জনকে ধরা হয়েছে। এই-রকমভাবে এনফোর্সমেন্ট বিভাগের কাজ খুব সন্তোষজনক হয়েছে।

আমাদের কলকাতা শহরে ট্রাফিক কন্ট্রোলএর কাজ, যদিও য়্যাকসিডেন্ট হয়েছে, খুব সন্তোষ-জনক হয়েছে একথা মাননীয় সদস্যরা নিশ্চয়ই স্বীকার করবেন।

[1-20—1-30 p.m.]

আমাদের পুলিসের জন্য এই যে ব্যয় করা হয় আমার মতে এটা পর্যাপ্ত নয়। কারণ, যেভাবে আমাদের দেশে আইন শৃংখলা রক্ষার কাজ বেড়েছে, তাতে আমি মনে করি পুলিস খাতে আরও বেশি টাকা বরাদ্দ করতে হবে। যদিও আমরা পুলিস খাতে ব্যয় বরাদ্দ বাড়িয়েছি, কিন্তু, চিকিৎসার খাতে বা স্বাস্থ্য খাতে তার চেয়ে আমরা বেশি ব্যয় বাড়িয়েছি। যেমন আমরা পুলিস খাতে ব্যয় বাড়িয়েছি শতকরা ২৬ ভাগ, কিন্তু, শিক্ষা খাতে ব্যয় বেড়েছে শতকরা ৫২ ভাগ এবং স্বাস্থ্যের খাতে ব্যয় বেড়েছে শতকরা ৮১ ভাগ। আমি আবার বলছি পুলিস খাতে আরও বেশি টাকা ব্যয় করা উচিত। কারণ, আমাদের দেশে যদি শান্তি ও শৃংখলা ঠিকভাবে রাখতে হয়, তাহলে আমাদের পশ্চিম বাংলায় আরও বেশি পুলিসের দরকার। পুলিসকে অনেক অজস্ররকম কাজ করতে হয়, তা মাননীয় সদস্যরা জানেন এবং পুলিসের উপর আজ আমরা অনেক বিষয় নির্ভরশীল। কাজে কাজেই আমি এই যে ১০ কোটি ৭১ হাজার টাকা চেয়েছি, খুব বেশি তর্ক বিতর্ক না করে এটা মঞ্জুরী হবে বলে আমি মনে করি।

Mr. Speaker: Honourable members, all the cut motions are in order and the same are taken as moved.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced to Re. 1.

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced to Re. 1.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced to Re. 1.

Shri Jamini Bhusan Saha: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced to Re. 1.

Shri Gopal Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced to Re. 1.

Shri Mahananda Haldar: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced to Re. 1.

Shri Somnath Lahiri: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced to Re. 1.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Dulal Chandra Mondal: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Tarun Kumar Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Aswini Roy: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Roy Prodhan: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Girija Bhusan Mukherjee: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Birendra Narayan Ray: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Abdul Bari Moktar: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Basu: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Gopal Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Hemanta Kumar Basu: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Kandru Majhi: Sir, I to move that . the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Haridas Chakravarty: Sir, I beg to move that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced by Rs. 100.

Shri Somnath Lahiri:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিস খাতে ১৯৬২-৬৩ সালের বাজেটে মোটামুটি ১১ কোটি ৪০ লক্ষ টাকা ধরা হয়েছিল। মোটামুটি মানে য়্যাডিশনাল এক্সপেনসেস যা ছিল, এবং ক্যাপিটাল আউটলে ইত্যাদি সমস্ত ধরে ১১ কোটি ৪০ লক্ষ টাকা ১৯৬২-৬৩ সালে ধরা হয়েছিল। আর ১৯৬৩-৬৪ সালে ধরা হয়েছে ১১ কোটি ৭১ লক্ষ টাকা, এবং এই পুলিসের সঙ্গে আরও কয়েকটি নূতন আইটেম যোগ করা হয়েছে; যেমন

for National Emergency extra police force and West Bengal National Volunteer Force

ইত্যাদি, এইগুলি যোগ করলে মোটামুটি পুলিসের খরচ ১৯৬২-৬৩ সালে ১১ কোটি ১৮ লক্ষ টাকা, আর ১৯৬৩-৬৪ সালে ১২ কোটি ৯০ লক্ষ টাকা। অর্থাৎ বৃদ্ধি প্রায় ১ কোটি টাকা। অর্থাৎ ৮ পারসেন্ট বেশি। গত বছরের বাজেটের তুলনায় এ বছরের বাজেটে পুলিস খাতে খরচ বৃদ্ধি হচ্ছে ৮ পারসেন্ট।

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়, তথা অর্থমন্ত্রী মহাশয় যদি এখানে উপস্থিত থাকতেন, তাহলে ভাল হত। কিন্তু, তিনি তা প্রয়োজন মনে করেন না। এ থেকে বোঝা যাচ্ছে আমাদের আলোচনার উপর কতটুকু মূল্য তিনি আরোপ করেন। যাই হোক, আমি যা বলছিলাম, পুলিস খাতে খরচ বৃদ্ধি হয়েছে।

[Interruptions]

মাননীয় স্পীকার, স্যার, আমাদের মাননীয় সদস্যরা, অনেকে বলছেন যে বিভাগীয় পুলিস মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত না থাকলে, বক্তৃতা বন্ধ করা ভাল। তাঁর অনুপস্থিতিতে এখানে বক্তৃতা করার কোন অর্থ হয় না।

(Minister moving the Demand not present in the House)

The Hon'ble Jagannath Kolay:

উনি খেয়েদেয়ে আসছেন। উনি শুনছেন ওখান থেকে। [এ ভয়েস—যতক্ষণ তিনি না আসেন, ততক্ষণ হাউস বন্ধ থাক।]

Dr. Kanai Lal Bhattacharya:

আমাদের চা খাওয়ার জন্য কুড়ি মিনিট হাউস এ্যাডজোর্ন থাকে।

The Hon'ble Jagannath Kolay:

উনি না থাকলেও এখানে ডেপুটি মিনিস্টাররা আছেন, তাঁরা নোট নিচ্ছেন। আপনারা যে উত্তর চান, তা পাবেন। আপনারা ব্যস্ত হবেন না, যা উত্তর দেবার, তা তিনি দেবেন।

Dr. Kanai Lal Bhattacharya:

তার মানে আছে কিছু?

There is no Deputy Minister even.

Mr. Speaker:

একে সময়ের টানাটানি, তার উপর এই করে সময় চলে গেলে, আর সময় থাকবে না। কানাইবাবু, মিঃ লাহিড়ী, প্রত্যেককে বলছি উনি ঘরে গিয়েছেন, সেখানে লাউড স্পীকার রয়েছে উনি সব শুনতে পাচ্ছেন, একটু বাদে উনি এখানে আবার আসবেন। ক্যাবিনেট মিনিস্টররা এখানে আছেন, তারা শুনে সব নোট রাখছেন, তিনি এলে, ঐ সমস্ত পয়েন্টে জবাব দেবেন।

Now Mr Lahiri......

[এ ভয়েস- উনি না থাকলে বক্তৃতা হবে না।]

Shri Sambhu Charan Ghosh:

পুলিসের উপর যে গুরুত্বপূর্ণ আলোচনা হবে, সেখানে বিভাগীয় মন্ত্রিমহাশয় যদি উপস্থিত না থাকেন, তাহলে আলোচনা করে লাভ কি? এখন হাউস এ্যাডজোর্ন করে দিন। যদি দরকার হয় ৭টা পর্যন্ত হাউস চলুক।

The Hon'ble Jagannath Kolay:

এজন্যে কাউন্সিল অব মিনিস্টারস তাদের দুইজন নোট নিচ্ছেন এবং যে প্রশ্ন এখানে উঠবে তার প্রত্যেকটির উত্তর পাবেন তাতে কোন সন্দেহ নেই। আজকে এমনি ৪৫ মিনিট বেশি বসতে হবে। এরকম করে সময় নষ্ট করলে.........

Shri Sambhu Charan Ghosh:

অন্য বিষয় নিয়ে যখন আলোচনা করি তখন ডেপুটি মিনিস্টার, মিনিস্টার অব স্টেট থাকেন তাঁরা নোট করেন তাতে আপত্তি করিনা। কিন্তু..................

The Hon'ble Jagannath Kolay:

স্মরজিৎবাবু আছেন--আমি আছি।

Shri Somnath Lahiri:

আমি আবগারী পুলিসের সমালোচনা আজ করছি না যে আবগারী মন্ত্রী এখানে থাকলেই চলবে। আমি প্রতিবাদ জানিয়ে রাখলাম ভবিষ্যতে যেন এরকম না হয়। পুলিস ব্যবস্থা সম্বন্ধে বলতে গিয়ে পুলিসের যে সমস্ত দোষ তা বলার দরকার নেই। পুলিস বিভাগে একটা জিনিস দেখা গিয়েছে যে বাঙালীর ছেলেরা এবং কিছু কিছু শিক্ষিত কনস্টেবল এতে ভর্তি হওয়ার পর থেকে পুলিসের লোকের সঙ্গে কথাবার্তা বলার সময় বৃটিশের আমলে যে ঔদ্ধত্য এবং দুর্ব্যবহার দেখা যেত এখন সেটা গিয়েছে--কিছুটা ভাল ব্যবহার তাদের কাছ থেকে পাওয়া যায় এটা সত্যি। কিন্তু বৃটিশ আমলের যে দৃষ্টিভঙ্গী অর্থাৎ মেরে ঠান্ডা করা, তার দুর্নীতি এবং কোন মানুষ ডাকলে তা অগ্রাহ্য করা- সেই দৃষ্টিভঙ্গী কিছু বদলায়নি। তার উপরে আছে কংগ্রেস দলের দলগত চাপ যার ফলে পুলিসের পক্ষে প্রকৃত অপরাধীর শাস্তিবিধানের ব্যবস্থা করা অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। ধরুন লক্ষ লক্ষ টাকার গুঁড়ো দুধ চুরি—যে দুধ খেয়ে বাচ্চারা বাঁচতে পারত

এবং রুগ্ন লোকেরা দুধ খেয়ে সুস্থ হতে পারত। শুধু যে সেই দুধের অভাবে তারা মরে গেল তা নয়—সারা পৃথিবীর কাছে আমাদের মাথা হেঁট হল। সেই দুধ নিয়ে বাণিজ্য হচ্ছে মুনাফা-বাজী চলছে। ধরুন গত বছর মণ্ডল কংগ্রেস সম্পাদক শ্রী দাস দুধ চুরির অপরাধে গ্রেপ্তার হলেন—গ্রেপ্তারের পর যারা তাকে এই পাপের পথে নামাল তাদের নাম বলে দিলেন কিন্তু তাদের সবাই কংগ্রেসের হোমরা চোমরা লোক—সুতরাং তাদের গ্রেপ্তার করা হল না। আসল অপরাধীরা সেই ব্যাপারে বহাল তবিয়তে থাকলেন বলে মণ্ডল কংগ্রেসের সম্পাদক শ্রী দাস দুঃখ এবং অনুশোচনার জ্বালায় আত্মহত্যা করেন এবং আত্মহত্যা করার সময় একখানা চিঠি দিয়ে যান পুলিসকে তা স্বাধীনতা কাগজে ছাপা হয়েছিল—ফোটোস্ট্যাট কপি। পুলিস এটা নিশ্চয়ই জানে—সেটি বেরিয়েছিল ৩১এ আগস্টের 'স্বাধীনতায়'।

Shri Asoke Krishna Dutta: On a point of order, Sir.

এই যে কেসটা সম্বন্ধে আলোচনা করা হচ্ছে এ কেসটা সাবজুডিস আছে। সাবজুডিস কেস নিয়ে এই হাউসএ আলোচনা হচ্ছে।

Mr. Speaker:

সাবজুডিস হলে আলোচনা করা চলে না।

[1-30—1-40 p.m.]

Shri Somnath Lahiri:

আমি মামলার ফলাফল বা গুণাগুন সম্বন্ধে কোন আলোচনা করিনি, করবও না। আমি ইনফরমেশন দিয়েছি যে অরবিন্দ দাস আত্মহত্যা করার আগে ১৭ই আগস্ট একটা চিঠি দিয়ে যান পুলিসের কাছে তার ফটোস্টেট কপি 'স্বাধীনতায়' ৩১এ অগাস্ট বেরিয়েছিল। আমি এই কাগজ আপনার কাছে দিচ্ছি। তাতে তিনি লিখেছিলেন—"আমার বিনীত নিবেদন আমার আত্মহত্যার জন্য প্রকৃত দায়ী ২৪-পরগনা জেলা রেড ক্রসের তারপর নামটা—কেসটা বিচারাধীন বলে স্বাধীনতায় শ্রী, শ্রী, শ্রী লেখা হয়েছে নামটা স্বাধীনতার সম্পাদক ছাপেননি, কারণ এটা বিচারাধীন। চিঠিতে ছিল এরা আমাকে অকাজে ব্রতী করাইয়াছিলেন দিনের পর দিন লোভ দেখাইয়া—প্রকৃত শাস্তি এদের হওয়া উচিত। ভগবান বিচার করুন।" ইতি অরবিন্দ দাস, ১০-৮-৬২, চিঠির আসল কপি পুলিসের কাছে আছে এবং কেস হচ্ছে, কিন্তু সেই ৩১এ আগস্টের পর থেকে আজ পর্যন্ত এই কেসের কারও কোন শাস্তির ব্যবস্থা পুলিস করে উঠতে পারেনি, কেন পারেনি আমরা তা জানিনা। কিন্তু এর সঙ্গে আর একটা খবর বেরুল যেটা সেদিন কমলবাবু রেফার করেছেন। সেই চিঠির ফটোস্ট্যাট কপি বেরিয়েছিল 'স্বাধীনতায়'। রেড ক্রস চিঠি লিখেছিলেন শ্রীহংসধ্বজ ধাড়াকে যে তিনি দুধ নিয়ে গেছেন ২ হাজার পাউন্ড, কিন্তু তার কোন হিসাব দাখিল করেন নি। ২৪-পরগনা জেলায় কারা দুধ আনেন এবং কোথায় কিভাবে যায়? এ দুটি ঘটনা থেকে কার্য কারণ সম্পর্কে অনেকটা বুঝা যায়। কিন্ত আশ্চর্যের বিষয় এই যে বিরোধী পক্ষের কোন সদস্য যদি এর সিকি অপরাধ করত তাহলে তার গলা টিপে তাকে জেলখানায় নিয়ে লোপসী খাওয়ান হত। কিন্তু শ্রীহংসধ্বজ ধাড়া বহাল তবিয়তে আছেন তার প্রসিকিউসন বা অ্যারেস্ট কিছুই হয়নি। শিশুদের জন্য দান করা গুঁড়া দুধ নিয়ে যারা মুনাফাবাজী করে তাদের গ্রেপ্তার করা হোক। তারপর চেৎলায় অর্যস্থান সোস্যাল সেন্টার তার সম্পাদক ধরা পড়লেন দুধ চুরির ব্যাপারে। বহুদিন এড়ার সব লোক জানে ডাঃ শৈলেন বোস ডাক্তার নন, প্রাকটিস করেন না। তারা অবাক হয়ে যায় প্রথম চেৎলায় যখন তিনি বাড়ী করলেন, তারপর বারাসাতে, তারপর বেহালায়। কি করে করলেন? সমস্ত লোক জানে তিনি কি চরিত্রের লোক। সেই বাড়ী তৈরি হল তন্দুরী রুটির গম দিয়ে ইট করে এবং ইউনিসেফ, রেড ক্রস-এর গুঁড়া দুধ দিয়ে সিমেন্ট করে। পুলিসের নাকের ডগায় ওই ধরনের বাড়ীগুলি উঠল কি করে? কারণ এক নম্বর হল—গত নির্বাচনের সময় আমার বিরুদ্ধে যে কংগ্রেসপ্রার্থী দাঁড়িয়েছিলেন সেই ভদ্রলোকটি জনসভায় দাঁড়িয়ে ওই শৈলেন বোসকে সারটিফিকেট দিলেন যে শৈলেন বোস একজন ক্ষণজন্মা মহাপুরুষ। তারপর আমাদের নবনির্বাচিত কংগ্রেসী সদস্যা বর্ধমানের শ্রীমতী মহতাব গিয়ে প্রায় প্রত্যহ হাজিরা দিতে লাগলেন শৈলেন বোসের আড্ডায়, এই অল্প কয়েকদিন আগেও স্বয়ং রাজ্যপাল শ্রীমতী নাইডু গিয়ে

শৈলেন বোসের. ভদ্র ভাষায় বললে বলতে হয়. আরেকটা গাঁড়াকল উদ্বোধন করলেন। সুতরাং গ্রেপ্তার হওয়া সত্ত্বেও এই শৈলেন বোস জামিনে খালাস হবে এটা আশ্চর্যজনক নয়। তারপর আমাদের ডেপুটিমন্ত্রী শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর শৈলেন বসুর যাকে বলে এক গ্লাসের ইয়ার—আলঙ্কারিক অর্থে, লিটারাল অর্থে বলছি না—শুনেছি অর্ধেন্দুবাবু নাকি পুলিস বিভাগের মন্ত্রী পদে প্রোমোসন পাবেন. তিনি যদি প্রোমোসন পান তাহলে শৈলেন বোসের আর জামীনে থাকতে হবে না, খালাস হয়ে যাবেন। শুধু চুরি বা দুর্নীতিই নয়, কংগ্রেস দল দলীয় জিঘাংসায় যেসব রাজনৈতিক হত্যাকাণ্ড করছে পুলিস সেখানেও অপরাধীদের শাস্তিবিধান করতে পারে নি। হাওড়ার জগদীশপুরের মণি কয়ালকে প্রকাশ্যভাবে কংগ্রেসপক্ষ থেকে ভয় দেখালেন যে তুমি যদি কংগ্রেস পক্ষে ভোট না দাও, প্রচার না কর তাহলে তোমাকে দেখে নেওয়া হবে, দুঃখ পাবে। তিনি দুঃখকে ভয় পান নি, কংগ্রেসপ্রার্থীর বিরুদ্ধে প্রচার করেছিলেন। নির্বাচনের পরে ৫ই জুন রাত্রে হেজাগ আলো জ্বালিয়ে গুণ্ডার দল তাকে বাড়ী থেকে বের করে তার স্ত্রী-পুত্র-কন্যার সামনে হত্যা করে। আজো এই কেসে কারুর শাস্তি হয় নি। ভূতপূর্ব কংগ্রেসী এম এল এ বঙ্কিম করের চাপে যারা ধরা পড়েছিল তারা জামীনে খালাস হয়েছে, পুলিস তাতে আপত্তি করেনি। ২৪-পরগনার পাথরমাটির কমিউনিস্ট নেতা আলতাফ আলী মোল্লাকে ঘুমন্ত অবস্থায় গুলি করে হত্যা করা হল, আজ পর্যন্ত সেই কেস-এর কোন কিনারা হল না। বেহালার ট্রেড ইউনিয়ন কর্মী সাধনবাবুকে রাস্তায় প্রকাশ্য দিবালোকে খুন করা হল, এর কোন কিনারাও আজ পর্যন্ত হল না। কংগ্রেসের চাপ থাকলে পুলিস এই ধরনের লোকদের যারা হত্যা করেছে, যারা শিশুর খাদ্য চুরি করে ব্যবসা করে, যারা রোগীর পথ্য চুরি করে বিক্রি করে বাড়ী করে সেই সমস্ত মানুষকে পুলিস জামীন দিতে আপত্তি করে না। কিন্তু কংগ্রেসের বিরোধী হলে এই পুলিসই মিথ্যা অভিযোগে জেলে আবদ্ধ করে। আমি তার উদাহরণ দিচ্ছি—ইটালী দেব লেনের সিভিল ডিফেন্স ফার্স্ট এড সেন্টার অফিসে বসে বখাটে ছেলেরা পাশের বাড়ীর মেয়েদের প্রতি অশ্লীল মন্তব্য করত বলে পাশের বাড়ীর লোকেরা ৭ই ডিসেম্বর তারিখে ডি সি, এস বি এবং সিভিল ডিফেন্স পুলিস কমিশনারএর কাছে অভিযোগ করেন। আপনি দেখবেন, ৭ই ডিসেম্বর অভিযোগ হল, ৯ই ডিসেম্বর অভিযুক্তকে কিছু না বলে অভিযোগকারীদের ঝাড়েবংশে পুলিস ধরে নিয়ে গেল, অজুহাত দেখান হল ওখানে নানারকম গোলমাল হয়। এই মামলা এখন বিচারাধীন আছে, তার জন্য আমি কোন মন্তব্য করছি না, আমি ঘটনার মধ্যে যাচ্ছি না—৭ই ডিসেম্বর তারা নালিশ করে এল পুলিসের কাছে, ৯ই ডিসেম্বর তারা গ্রেপ্তার হয়ে গেল। যাঁরা গ্রেপ্তার হলেন কেউ জামীন পেলেন না, ২১শে ডিসেম্বর আলিপুরের সেসন জাজ-এর কাছে অ্যাপিল করা হলে তিনি জামীন দিলেন না. তিনি বললেন,

"These are applications for bail and admittedly there was a serious rioting between two rival parties in course of which several persons were seriously injured—one very seriously. I am given to understand that this latter has succumbed to the injury. The matter is a serious one and the learned Public Prosecutor opposes bail.".

অর্থাৎ, জাজকে পুলিস বলেছিল একজন আহত মারা গিয়েছে, এই রিপোর্টের ভিত্তিতে জাজ বললেন জামীন দেওয়া যাবে না। কিন্তু তার পর ১১ দিন পরে আবার জামীনের জন্য দরখাস্ত হলে পুলিস পক্ষ আবার জামীনের বিরুদ্ধে রিপোর্ট দিলেন ২।১।৬৩ তারিখে তাতে লেখা রয়েছে

"The injured sustained injuries and left radius fracture".

অর্থাৎ, মরেনি। ১২ দিন আগে মিথ্যা রিপোর্ট দিয়ে বেচারীদের জামীন নাকচ করা হল, পরে অবশ্য তারা জামীন পেয়েছিল মিথ্যা কেস বলে। এর কলকাঠি নাড়ছিলেন শ্রীনরেশনাথ মুখার্জি এবং মণ্ডল কংগ্রেস কমিটির নেতারা। সুতরাং জামীনে খালাস হলে পর তাঁরা ক্ষুব্ধ হলেন—এক ভদ্রলোক, ডাঃ বলরাম মুখার্জি যার ছেলেকেও এই কেসে গ্রেপ্তার করে বন্ধ করে রাখা হয়েছিল—হুকুম হল, বেটাকে সরাও। সুতরাং এবার সেই ডাঃ বলরাম মুখার্জিকে গ্রেপ্তারের ব্যবস্থা হল, এবং একজন ঘড়িওয়ালা রোজারিওকে দিয়ে দরখাস্ত দেওয়ান হল বলরামবাবু প্রতিরক্ষা তহবিলের বিরুদ্ধে প্রচার করেন—ব্যস, আর দরকার নাই, বলরামবাবু

গ্রেপ্তার হলেন। তাঁর কেস-এ জামীন দিতে পুলিসের আপত্তি—কিন্তু শেষকালে আলিপুরের ডিস্ট্রিক্ট অ্যান্ড সেসনস জাজএর কাছে অ্যাপিল করায় তিনি তাঁকে জামীন দিয়ে যে কথা লিখেছিলেন তার কিছুটা অংশ আমি পড়ে শুনিয়ে দিচ্ছি—

"This is an application for bail. Heard the lawyer for the applicant and learned A.P.P. This is a case under the D. I. Rules. The accused has been charged for making anti-national and pro-Chinese speeches. The complainant is one Suna D. Rozario and the complaint has been made on 5th February, 1963. The very fact that the complaint has been made about a month after the alleged occurrence is itself very much suspicious. It appears that of these incidents the Police knows nothing.".

[1-40—1-50 p.m.]

এই হল পুলিসের ব্যাপার। আরেকটা উদাহরণ দিই আরেকটা মামলা, খড়দহ বিদ্যাসাগর কলেজের কমার্স বিভাগের অধ্যক্ষ শ্রীহেমন্তকুমার গাঙ্গুলী, খড়দহ মিউনিসিপ্যালিটির কমিশনার সাধন চক্রবার্তী ও রাসবিহারী ঘোষ এবং অমলকান্তি দত্তকে এভাবে পুলিস রিপোর্টের ভিত্তিতে গ্রেপ্তার করে জেল হাজতে রাখা হয়েছে—তারা তো দুধ চুরি করেনি, দুধ চুরির টাকায় তারা তো বাড়ী করেনি, তারা মানুষ খুন করেনি, সুতরাং তারা জামীন পাবে না। যদি মানুষকে খুন করতো জামীন পেত। তার সম্বন্ধে জজ বলেছেন, আমি বাংলা করে বলছি—আমার মনে হয়, আবেদনকারী একজন সম্মানিত ব্যক্তি, এবং আমি আরো দেখছি প্রতিরক্ষা তহবিলে রক্ত দিয়েছেন, অর্থদান করেছেন, -দলীয় রাজনীতির দরুন মিথ্যা করে তাদের জড়িত করা হয়েছে। আমার আর বেশি সময় নাই। এই হচ্ছে পুলিস দপ্তর, এবং এই পুলিস দপ্তরকে কিভাবে এই কংগ্রেস দল মানুষকে নক্কাণ দেবার জন্য, ঘায়েল করবার জন্য এবং নিজেদের অনাচার ও অত্যাচার ও দুর্নীতি ঢাকবার জন্য কিভাবে নির্লজ্জভাবে অপব্যবহার করছে তার সামান্য নমুনা দিলাম, যদিও আমি এরকম অসংখ্য কেস দিতে পারতাম। তাঁরা আজ বিরোধী দলকে এভাবে নাস্তানাবুদ করছেন, কিন্তু মনে রাখবেন এই দিন চিরকাল থাকবে না।

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্কর:
On a point of personal explanation, Sir,
বিরোধী দলের নেতা সস্তায় বাহবা পাবার জন্য আমার সম্বন্ধে যা উক্তি করলেন তা সম্পূর্ণ অসত্য। একথা যদি উনি প্রমাণ করতে পারেন তাহলে আমি এই হাউস থেকে ইস্তফা দেব, না হয় উনি দেবেন।

Mr. Deputy Speaker: Now, Shri Kamal Kanti Guha.

শ্রীকমলকান্তি গুহ: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার সময় কম বলে আমি একটা কথা আপনার কাছে রাখতে চাই। আমাদের মুখ্যমন্ত্রী তথা পুলিস মন্ত্রী বলেছেন যে অপরাধের সংখ্যা কমে যাচ্ছে। আমি কোলকাতার হিসাব থেকে বলতে পারি যে অপরাধের সংখ্যা কমেনি। ১৯৬০ সালে ৭টা হত্যাকাণ্ডের কিনারা হয় নি, ১৯৬১ সালে ৩টা হত্যাকাণ্ডের কিনারা হয়নি, ১৯৬২ সালের ৫টার কিনারা হয় নি। আমি আর একটা কথা বলতে চাই যে গণেশ মোহন্ত ফরওয়ার্ড ব্লক-এর কর্মী, তিনি আলিপুরদুয়ারে সমাজসেবী বলে পরিচিত। কিন্তু সেখানে আমরা কি দেখলাম, যে তিনি আমাদের এই হাউসের সদস্য শ্রীপীযূষকান্তি মুখার্জির বিরুদ্ধে গতবার ফরওয়ার্ড ব্লক পার্টি সমর্থিত প্রার্থিকে সমর্থন করার জন্য তাঁর বিরুদ্ধে গুণ্ডাদের উত্তেজিত করে ছলে বলে কৌশলে ১৫ই জুন তাঁকে হত্যা করা হল—দিনদুপুরে শহরের উপর হত্যা করা হ'ল। এই ঘটনা যে ঘটবে সেখানকার 'দাবী' পত্রিকার সম্পাদক তা জানতে পারেন এবং সেখানকার নাগরিকরা জানতে পেরে পুলিসে খবর দিয়েছিলেন, কিন্তু পুলিস তা সত্ত্বেও নিষ্ক্রিয় থাকল এবং গণেশ মোহন্ত হত্যা হল। এর ফলে সেখানকার সাধারণ লোক যারা পুলিসের কাছে অপরাধীর নাম বলে দিয়েছিলেন সেই অপরাধীদের আজ পর্যন্ত গ্রেপ্তার করা হয় নি এবং শ্রীপীযূষ মুখার্জির হস্তক্ষেপে পুলিস আজ পর্যন্ত সেই হত্যাকাণ্ডের কোন কিনারা করেন নি। হত্যাকাণ্ড, রাহাজানি, চুরি, ডাকাতি ইত্যাদিগুলি বাংলাদেশে প্রতিদিন

ঘটছে। এ ছাড়া কতকগুলি অপরাধের কথা বলছি যে অপরাধগুলো আমাদের সমাজকে দিনের পর দিন পঙ্গু করে তুলছে—তা হচ্ছে জাল ওষুধের কেলেঙ্কারী। আপনি জানেন গত বছর জাল ওষুধ নিয়ে বম্বে থেকে আরম্ভ করে বাংলাদেশ পর্যন্ত একটা চাঞ্চল্য সৃষ্টি হয়েছিল। এই জাল ওষুধ নিয়ে আমরা দেখছি যে ড্রাগ লাইসেন্স কমিটি-র কর্তাদের সঙ্গে পুলিসবাহিনীর কর্তাদের একটা ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। আমি পুলিসমন্ত্রীর কাছে দাবী করছি যে ড্রাগ লাইসেন্স এনকোয়ারী কমিটি যে রিপোর্ট পেশ করেছেন সেই রিপোর্ট আমাদের সামনে রাখা হোক। আমরা জানি এরপর পুলিসমন্ত্রী বলবেন যে কমলবাবু যা বললেন সব অসত্য। কিন্তু আমরা কোন কথা মানতে রাজী নই। আজকে ড্রাগ এনকোয়ারী কমিটি যে রিপোর্ট পেশ করেছেন সেই রিপোর্ট আমাদের সামনে রাখা হোক। তারপর তার সত্যাসত্য বিচার করা হবে। আর একটা কথা, বাংলাদেশের যে সাহিত্য, শিল্প, দর্শন দিনের পর দিন সমৃদ্ধি লাভ করেছে, কিন্তু সেটাও আজকে চেপে দেবার চেষ্টা করা হচ্ছে। আপনি জানেন বাংলাদেশের মাসিক সাপ্তাহিক পত্র-পত্রিকাগুলি ভালভাবে চলতে পারছে না। বাংলাদেশের উঠতি আধুনিক কবি, সাহিত্যিকরা সাহিত্য পত্রিকা চালু করতে পারছেন না।

[1-50—2 p.m.]

বাংলাদেশে নিউজ প্রিন্ট এসে বাংলাদেশের বেশীরভাগ এই পত্রিকার মালিকরা চোরা-কারবারিতে বিক্রী করে দিচ্ছে। আজকে যদি বাগবাজার থেকে আরম্ভ করে রাস্তা দিয়ে হাঁটা আরম্ভ করেন সেই নিউজ রিল কেটে বিক্রী করা হচ্ছে এবং আর একটা কথা বলতে চাচ্ছি, জনসেবক পত্রিকা তারা বলেন ২০ হাজার পত্রিকা দৈনিক বিক্রী হয়, আমি বলছি ১০ হাজারের বেশী হয় না। অথচ বাকি ১০ হাজার চাস্ করে সেই পত্রিকা চোরা কারবারে বিক্রী করা হচ্ছে পুলিস এ সম্বন্ধে নিষ্ক্রয়—পুলিস একথা জানে। মাননীয় স্পীকার, স্যার, পুলিস কমিশন-এর রিপোর্ট আজ পর্যন্ত আমাদের সামনে বের করা হয় নি, অথচ আমরা দেখছি পুলিস কমিশনার পুলিসের ফেভার-এ কথা বলেছেন, সেটা কার্যকরী করে পুলিস অফিসারদের সুযোগ দেওয়া হচ্ছে, পুলিস কমিশন একথা বলেছে, আই জি এবং পুলিস কমিশনার বাইরের লোক নেওয়া হোক, এই ডিপার্টমেন্টের লোককে আই জি এবং পুলিস কমিশনার করা হল, যে দুর্নীতির কথা আমরা বলি, যে দুর্নীতির অভিযোগ পুলিসের সঙ্গে আসে সে সম্বন্ধে ঠিক তদন্ত হয় না। পুলিস কমিশন বার বার বলেছে পুলিস কমিশনের-এর রিপোর্টএ পুলিস কমিশন বাইরের লোক নিয়োগ করা হোক, মাননীয় স্পীকার, স্যার, এই পুলিসএর মধ্যে চোর বসে আছে, আপনি জানেন এই লালবাজার পুলিসএর হেডকোয়ার্টার্স। আমি একটা কথা বলতে চাই, একজন পাদ্রী এবং একজন সদাশয় ভদ্রলোক শিশুদের জন্য জুভেনাইল এইড ব্যুরোতে একটি রেডিও ও একটি ওজনের মেসিন দিয়েছিলেন, আর সেখানকার একজন অফিসার শ্রীরামকৃষ্ণ ও শ্রীশ্রীমার একটি অয়েল পেন্টিং রেখেছিলেন, সেটা চুরি হয়ে গেছে লালবাজারের মধ্য থেকে, সেটা কে চুরি করেছেন জানেন? ভূতপূর্ব কমিশনার হরিসাধন রায় চৌধুরী। এখনই যদি অফিসার পাঠিয়ে দেন এখনই যদি পুলিস পাঠিয়ে দেন হরিসাধনবাবুর বাসায়—যদি তদন্ত করেন দেখা যাবে সে রেডিও ও ছবি আছে, মুখ্যমন্ত্রীর কি সে সৎসাহস আছে যে তিনি এখনই অফিসার পাঠিয়ে দেবেন, আমি জানি, তিনি উত্তর দেবেন একথা মিথ্যা। মাননীয় স্পীকার, স্যার, আমি আর একটা কথা বলতে চাই, পুলিস আমাদের দরকার, এটা আমরা অস্বীকার করি না, কিন্তু পুলিস বিভাগ যেভাবে অর্থের অপচয় হয় সে সম্বন্ধে আপত্তি আছে। হঠাৎ দেখলাম লাল থেকে নীল হয়ে গেল পুলিসের টুপি, কিন্তু আমরা শুনেছি গভর্নমেন্টের কাছ থেকে এ সম্বন্ধে অনুমতি নেওয়া হয় নি, আবার কাল দেখলাম নীল থেকে সাদা হয়ে গেল- কিভাবে টাকা খরচ হচ্ছে, আমি মনে করি মাননীয় মুখ্যমন্ত্রী এর তদন্ত করবেন। এই বড় বড় পুলিস অফিসারদের পেটোয়া কন্ট্রাক্টরদের সুবিধা করে দেওয়ার জন্য এভাবে কয়েক হাজার টাকা খরচ হয়ে গেল, যার পিছনে আমাদের কোন অনুমোদন নেই—আমাদের কোন প্রকার রঙ্গুরী নেই। মাননীয় স্পীকার, স্যার, আর একটা কথা বলা হচ্ছে, জাতীয় দুর্দিনে অপচয় আমাদের বন্ধ করতে হবে কিন্তু আপনি ক্যালকাটার হিসাব নিয়ে দেখুন এর মধ্যে ২ জন ডেপুটি কমিশনার, ৮ জন অ্যাসিস্ট্যান্ট কমিশনার, ৩০ জন ইন্সপেক্টর, ১০০ জন সাব-ইন্সপেক্টর, ২০০ জন এ এস আই-এর প্রোমোশন

হয়ে গেল। মাননীয় স্পীকার, স্যার, দুর্নীতি পুলিস বিভাগে কিভাবে হয় তার একটা কথা রাখতে চাই, পুলিস বিভাগে একটা গভর্নমেন্ট অর্ডার হল

122-G.A.P. 45/59, dated 1st September 1960.

এ একটা গভর্নমেন্ট অর্ডার হল যে আই এ আর-এর সেকেন্ড ব্যাটালিয়নএ কজন কম্যান্ডান্ট নেওয়া হবে, একজন কম্যান্ডান্ট নেওয়া হয়ে গেল, সেখানে যিনি হলেন আর এন বোস, আই পি এস; তার পরে আর একজন গেলেন সে পোস্টএ—তিনি পি লাহিড়ী, আই পি এস; এবং আর একজন গেলেন সে পোস্টএ তিনি হলেন এস সিনহা। কিন্তু দেখা গেল সেই ব্যাটালিয়নকে ফোর্স রিক্রুট করা হল এবং আপনারা জানেন এটা ১৯৬২ সালে অথচ ১৯৬০ সালে অফিস স্টাফ নিয়োগ হয়ে গেল, ফোর্স নিয়োগ হল ১৯৬২ সালে, স্যার, এই যে অবস্থা এ সম্বন্ধে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এবং যে অফিসারদের কারসাজিতে এভাবে টাকা অপচয় হয়ে গেল সে সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করা হোক। আর একটা কথা বলতে চাই, শিয়ালদায় একটা ঘটনা ঘটেছিল, আপনারা জানেন সেখানে সাধারণ লোকের উপরে পুলিস যে অকথ্য অত্যাচার করলো, কিন্তু যারা গুন্ডামি করলো পুলিসের সাথে তাদের কেস-এর কিনারা হল না, ঠিক তখন তিনজন ডেপুটি কমিশনার সেখানে ছিলেন, কিন্তু পরে দেখা গেল চীফ সেক্রেটারী পুলিসের ইন-অ্যাকটিভিটির বিরুদ্ধে তিনি রিপোর্ট দিয়েছেন; কিন্তু সেখানে ১ জনকে শাস্তি দেওয়া হল ২ জন ডেপুটি কমিশনার ৪ জন অ্যাসিস্ট্যান্ট কমিশনার-এর বিরুদ্ধে কিছু করা হল না, এ যদি অন্যায় হয়ে থাকে এবং তাঁরা যে সত্যই অন্যায় করেছেন, তাঁরা সেটাকে থামাতে পারেন নি, সেজন্য তাঁদের শাস্তি হওয়া উচিত ছিল, কিন্তু হল মাত্র ১ জনের এবং তা আমরা জানি যে তখন পুলিস ভ্যান এবং জিপ খুঁজে পাওয়া যায় নি, এই পুলিস জিপগুলো আমরা জানি সরকারী কাজের সময় ব্যবহৃত হয় না, হয় পুলিস কমিশনার, আই জি-র মাছ ধরার কাজে, মেয়ের আত্মীয়ার বাড়িতে মিষ্টি পাঠানোর কাজে, এভাবে দুর্নীতি পুলিস বিভাগে চলেছে, আর অপরাধের সংখ্যা বাংলাদেশে কমছে না বরং দিনের পর দিন বাড়ছে।

শ্রীপিযূষকান্তি মুখার্জি: অন এ পয়েন্ট অব পারসোন্যাল এক্সপ্লানেশন—কিছুক্ষণ আগে কমলবাবু বললেন যে আলিপুরদুয়ারে গণেশ মহান্তি নামে একজন ফরওয়ার্ড ব্লক কর্মীর হত্যা হয়েছে এবং তার সঙ্গে আমার নাম যুক্ত হয়েছে। ফেব্রুয়ারী মাসে যখন আমরা অ্যাসেম্বলীতে ছিলাম তখন একটা মারামারি হয়। একটা দল ১৯৫৮ সালে তৈরী হয় ফরওয়ার্ড ব্লকের নেতৃত্বে তার সভাপতি এবং সম্পাদক ছিলেন শচীন্দ্রমোহন গাঙ্গুলী, ধীরেন্দ্রমোহন সরকার। ১৯৫৯ সালে যখন আসামে রায়ট হয় সেই সময়......

[নয়েজ]

মিঃ ডেপুটি স্পীকার: আপনি বসুন অনেক বলেছেন—এইবার আমি বলি—আপনার পারসোন্যাল এক্সপ্লানেশন একটু সংক্ষেপ করুন।

শ্রীপিযূষকান্তি মুখার্জি: ১৯৫৯ সালে যখন আসাম রায়ট হয় তখন এই দল নেতৃত্ব করেন এবং আলিপুরদুয়ারে লুটপাট করে, অগ্নিসংযোগ করে। তারপর এই লুটের টাকা ভাগাভাগি নিয়ে দল দুভাগ হয়ে যায়। পরে এই দল ঐ টাকা নিয়ে......

মিঃ ডেপুটি স্পীকার: আপনি বসুন......

শ্রীপিযূষকান্তি মুখার্জি: আমাকে হত্যাকারীর সঙ্গে যুক্ত করেছে স্যার, আমাকে বলতেই হবে

মিঃ ডেপুটি স্পীকার: আপনি বসুন— আই আস্ক ইউ টু সিট ডাউন।

শ্রীনিখিল দাস: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রী, তথা পুলিশ মন্ত্রী তথা দুর্ভিক্ষ মন্ত্রী বা খাদ্য মন্ত্রী আমাদের সামনে পুলিস বাজেট পেশ করেছেন। এবং এই পুলিস বাজেট আলোচনা করার আগে আপনার মাধ্যমে এই হাউসের

সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই- এই পুলিস বাজেট পেশ করবার আগে আমাদের মাননীয়া রাজ্যপাল যে ভাষণ দিয়েছিলেন তাতে একটা সার্টিফিকেট তিনি দিয়েছেন এবং তিনি বলেছেন

Co-operation between the police and the public has increased.

আমার মনে হয় ছাপা এখানে ভুল আছে—এখানে পাবলিকের জায়গায় ক্রিমিন্যাল হবে স্যার—কারণ আমাদের ধারণা হচ্ছে

Co-operation between the police and the criminals has increased.

কারণ আমরা দেখছি যে বিভিন্ন জায়গায় থেকে যে তথ্য পেয়েছি, আমরা মাননীয় পুলিস মন্ত্রী বা মুখ্য মন্ত্রীর কাছে যে তথ্য পেয়েছি তাতে দেখেছি আমরা যে গতবার যে পরিমাণ ডাকাতি বা রাহাজানি বা খুনের মামলা ছিল বা সেই ধরনের যে ঘটনা ছিল তার থেকে এবার বেড়েছে। এমন দুষ্কৃতকারী যারা তারা একটা সহাবস্থান নীতি গ্রহণ করে নিয়েছে এবং তারা পাশাপাশি বসবাস করছে, কেউ কাউকে ঘাটাতে চাচ্ছে না। এই প্রসঙ্গে আপনার দৃষ্টি আমি একটা সংবাদের প্রতি আকর্ষণ করতে চাই। গতকাল যুগান্তর কাগজে বেরিয়েছে যে আমাদের পশ্চিমবাংলায় প্রতি ৫ বছর পর পর অপরাধীরা পঞ্চবার্ষিকী উদ্‌যাপন করে।

[2—2-10 p.m.]

তার অর্থ হচ্ছে- আমাদের ১৯৫২ সালে সাধারণ নির্বাচন হয়ে যায়। সেই নির্বাচনে যারা অসামাজিক লোক, সমাজবিরোধী লোক, সমাজের মধ্যে দুষ্কার্য করে—যারা পার্টি ইন পাওয়ার, তাঁরা তাদের কাজে লাগায় এবং এস্কারায় পূর্বাপেক্ষা তাদের দুষ্কৃতি আরো বেড়ে যায় পরের বছর। তারপর ১৯৫৭ সালের সাধারণ নির্বাচনের সময় অসামাজিক যারা, কংগ্রেস নিজে নির্বাচনে জিতবার জন্য সেই গুণ্ডাদের কাজে নিয়োগ করে, তারপরে ১৯৫৮ সালে হাওড়া সহরে যে ঘটনা ঘটেছিল, দুষ্কৃতকারীরা হাওড়ার জীবনযাত্রাকে যেভাবে পঙ্গু করে দিয়েছিল, তা মাননীয় সদস্যরা সকলে জানেন। তারপর ১৯৬২ সালের নির্বাচনের পরে ১৯৬৩ সালে, যে সমাজবিরোধীরা এই কংগ্রেসকে নির্বাচনে সাহায্য করেছে, সেই সমাজবিরোধীরা আবার মাথা-চাড়া দিয়ে উঠেছে। কলকাতা, হাওড়া এবং শিল্পাঞ্চলে পশ্চিমবাংলার প্রতিটি জায়গা তারা আচ্ছন্ন করে ফেলেছে। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, পুলিস মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী পুলিসের কাজের অনেক ফিরিস্তি দিয়েছেন। আমি সে সম্পর্কে দু-একটি কথ এখানে তুলে ধরতে চাই। এই যে আমাদের মিউজিয়ামে চুরিটা হয়ে গেল মিউজিয়ামের ডিরেক্টর মামলা করলেন, সেই চুরির মামলাটা এখন কোথায়, কি অবস্থায় আছে? প্রথম চুরি হয়ে গেলে পুলিস কর্তৃপক্ষকে জানান হলে তাঁরা বললেন যে এটা একটা সাধারণ ছ্যাঁচড়া চুরি। তারপর খবরের কাগজে যখন লেখালিখি সুরু করলো যুগান্তর, আনন্দবাজারে যখন বেরুলো এর পেছনে আন্তর্জাতিক গ্যাং আছে, তখন পুলিসের টনক নড়লো। এই ব্যাপার সম্পর্কে অনুসন্ধানের জন্য একটা স্পেশাল স্কোয়াড তাঁরা তৈরী করলেন। তার মাথায় যাকে বসানো হলো তিনি এ সি বার্গলারী নন, তিনি এ সি ইনটেলিজেন্স--তাঁকে বসিয়ে দেওয়া হলো এই স্পেশাল স্কোয়াডএর কর্তা করে। তার ফলে বার্গলারীর এ সি ও অন্যান্য অফিসার যাঁরা আছেন, তাঁদের মধ্যে অন্তর্দ্বন্দ্ব সুরু হয়ে গেছে। মিউজিয়ামে চুরি হয়ে গেল, বার্গলারী হয়ে গেল, অথচ এখনো তার কোন কিনারা হলো না! আমরা আশা করছিলাম পুলিস মন্ত্রী প্রারম্ভিক যে ভাষণ দেবেন, তাঁর সেই ভাষণের মাধ্যমে সেটা আমাদের কাছে আসবে; তার মধ্যে এই সম্পর্কে কিছুটা আলোকপাত করা হবে। কিন্তু তা এলো না।

এই পুলিসের মধ্যে যে কিছু কিছু সৎ কর্মচারী যে নাই তা নয়। তবে যাঁরা সৎভাবে কাজ করতে চান, যাঁরা অন্যায়ের বিরুদ্ধে দাঁড়াতে চান, তার বিরুদ্ধে পুলিসের ভেতর যাঁরা—অর্থাৎ কাজের সাথে জড়িত আছেন তাঁদের কাছ থেকে কোন প্রোটেকশন পাওয়া যায় না, বরং পদে পদে বাধা পেতে হয়। ওদিকে নেপালবাবু তো চীৎকার করছেন! তিনি বুকে হাত দিয়ে বলুন,—তিনি কি তাঁর এলাকায় যে সমস্ত সমাজবিরোধী লোক আছে, দুষ্কৃতকারী আছে, তাদের নাম ও তথ্য এখানে পরিবেশন করতে পারবেন? তা তিনি পারবেন না।

(শ্রীনেপালচন্দ্র রায়ঃ নিশ্চয়ই পারবো।)

আমি এই প্রসঙ্গে যে কথাটা বলতে চাই তা হচ্ছে আসানসোলে ১৯৫৭ সালে যে মতিলাল সরকার হত্যা হয়ে গেল, সেই হত্যার কিনারা আজও হ'ল না কেন? ১৯৬০ সালে মুক্তি সেন নামক একজন ইনকাম ট্যাক্স অফিসার, তাঁকে খুন করা হলো। সে খুনের কিনারাও আজ পর্যন্ত হলো না। যাঁরা সৎ কর্মচারী, তাঁরা যখন সৎভাবে কাজ করতে চান, তখন দুষ্কৃতকারীর আক্রমণে তাঁরা খুন হয়ে যান এবং সেই খুনের বিরুদ্ধে যে ধরনের তদন্ত করে কাজ করার দরকার হয়, তা হয় না। তাই সৎ কর্মচারীদের সৎ হিসেবে কাজ করবার সাহস ও মনোবৃত্তি তাঁদের ভেতর থাকে না। এই সম্পর্কে বলতে গিয়ে আপনার সামনে কয়েকটি কথা বলতে পারি—আমি বলব পুলিস বিভাগের দুর্নীতির কথা অনেকে বলেছেন। কিন্তু সেই দুর্নীতি যে কতটা গভীর, সেই সম্পর্কে উদাহরণ দিয়ে শেষ করা যায় না। কয়েক মাস আগে আমাদের গোয়েন্দা যাতে ভালভাবে কাজ করতে পারে, তার জন্য তিনটা ওয়্যারলেস ভ্যান গাড়ি কেনা হয়েছিল। কিন্তু দুঃখের বিষয়, তার একটা গাড়ি আমাদের পুলিস কমিশনারের যিনি পি এ তিনি ব্যবহার করেন। আর একটা গাড়ি যিনি কন্ট্রোলার অব ক্যালকাটা সিভিল ডিফেন্স, সেই পি কে সেন তিনি ব্যবহার করেন। তিনি মাছ ধরতে কয়েকবার এই গাড়িটি করে গিয়েছিলেন। এই ঘটনাগুলি সত্য কি না, আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের নিকট জানতে চাই। বেলঘোরিয়াতে ক্যালকাটা পুলিসের থাকবার জন্য কোয়ার্টার হয়েছে। কিন্তু কোয়ার্টারগুলি এমন জায়গাতে হয়েছে যে সেখানে কোন পুলিস অফিসার কলকাতা থেকে গিয়ে থাকতে চায় না। যেতে চায় না, তার কারণ, সেখান থেকে বাজার অনেক দূর, এবং সেখানে যাতায়াতের অসুবিধা অনেক রকম রয়েছে। অথচ সেখানে লাখ লাখ টাকা খরচ করে ক্যালকাটা পুলিসের কোয়ার্টার করা হল। কিন্তু আসল কথা তা নয়। সেখানে সুন্দর একটা বাংলো করা হয়েছে, রেসিডেন্সিয়াল কোয়ার্টার নয়। উপরতলার পুলিস অফিসার—এ সি, ডি সি যাঁরা আছেন, তাঁরা কাজ করে, পরিশ্রম করে এবং ক্লান্ত হয়ে যান যে, মাঝে মাঝে তাঁদের সেখানে গিয়ে বিশ্রামের প্রয়োজন হয়। তাই আজ বেলঘোরিয়ায় রেস্ট হাউস বা বাংলো করা হয়েছে যাতে সেখানে গিয়ে তাঁরা বিশ্রাম করতে পারেন, যাতে সেখানে তাঁরা পরিশ্রম অপনোদন করতে পারেন। (এ ভয়েস: তা করা দরকার। আপনাদের যেমন রাঁচিতে রয়েছে) মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পুলিসদের সম্পর্কে যে সহ-অবস্থানের কথা বলেছিলাম, তাতে চীৎকার করে উঠেছিলেন মাননীয় সদস্য রাধাকৃষ্ণ পাল মহাশয় ও নেপাল রায় মহাশয়, অবশ্য তাঁরা সব সময়েই চীৎকার করে থাকেন। সেখানে তাঁরা যান, আমি বলতে পারি। যাই হোক, আর একটা ব্যাপার বলছি। কিছুদিন আগে আমরা দেখেছি কলকাতা সহরের বুকের উপর দু'জন পুলিস অফিসার ধরা পড়েন। কেন? তার কারণ, তাঁরা ব্ল্যাকমেলিং গ্যাং-এর সঙ্গে জড়িত ছিলেন। একটি অবাঙ্গালী লোক বিয়ের ব্যাপারে কিছু জিনিষপত্র কেনবার জন্য কলকাতায় আসেন, তাঁকে ঐ গ্যাং ট্র্যাপ করলো। তাঁরা বললেন আমরা আপনার সমস্ত জিনিষপত্র কিনে দেবো, এই বলে, তাঁকে একটি ঘরের মধ্যে নিয়ে গেলেন, যেখানে একটি যুবতী মেয়ে বসে ছিল। সেখানে তাঁকে নিয়ে যাবার একটু পরে, ঐ দু'জন পুলিসের লোক সেখানে গিয়ে তাঁকে বলেন আপনি এই মেয়েটির সঙ্গে কি করছেন? আপনার টাকা আমাদের দিয়ে দিন। তখন সেই লোকটি ভয় পেয়ে তার হাতে যে টাকা ছিল জিনিষপত্র কেনবার জন্য সেটা দিয়ে দেন। তাতেও তাঁরা খুসী হলেন না। তাঁর কাছ থেকে আরও টাকা আদায় করার উদ্দেশ্যে তাঁকে একটা তারিখ দেন। ইতিমধ্যে সেই লোকটি পুলিসে জানায় এবং পুলিস কর্তৃপক্ষ এই গ্যাং-কে ট্র্যাপ করে ঐ দু'জন পুলিস অফিসারকে ধরেন। অর্থাৎ এর থেকে প্রমাণ হয়ে যাবে যে বহু পুলিস অফিসার আছেন, যাদের এই সমস্ত সমাজবিরোধী লোকদের সাথে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। এই ধরনের দু-চারটে ঘটনা যা বেরিয়েছে তার মধ্য দিয়ে এটা পরিষ্কার প্রমাণ হয়ে যায় যে পুলিসরা কি ভাবে সমাজবিরোধী কাজে লিপ্ত থাকেন। তাই আমি বলতে চাই আপনার মাধ্যমে, পুলিস খাতে ব্যয়বরাদ্দ যা আমাদের সামনে উপস্থাপিত করা হয়েছে, তার আমি বিরোধিতা করি। সব সময় পুলিসকে সমাজসেবক হিসাবে, জনসেবক হিসাবে জনসাধারণের কাজে লাগাবার কথা যা বলেছেন, তা অত্যন্ত অসত্য কথা। এই যে আমরা দেখছি বাংলার বুকে, কলকাতার বুকের উপর সমাজবিরোধীদের কার্যকলাপ বেড়ে চলেছে, তার কারণটা কি? কেউ বলছেন পুলিস নিষ্ক্রিয়, কেউ বলছেন পুলিস অকর্মণ্য। তা নয়। আমার মতে পুলিস নিষ্ক্রিয় বা অকর্মণ্য নয়। তাদের একটা ডেফিনিট পলিসি আছে। তাদের পলিসি হচ্ছে যেখানে চুরি, ডাকাতি হবে, অসামাজিক জীবরা যেখানে নড়েচড়ে ঘুরে বেড়াবে, এবং যেখানে

কিছু পকেটে আসবার সম্ভাবনা আছে, সেখানে তাঁরা চুপচাপ জেগে ঘুমান। আর বড় লোকদের শোষণের যে জায়গায়, সেই জায়গায় যদি জনসাধারণ, তার গণতান্ত্রিক অধিকারকে রক্ষা করতে চেষ্টা করেন বা তাদের ন্যায্য অন্যান্য সুযোগ-সুবিধাগুলি পেতে চান, তাহলে পর পুলিস সেই জায়গায় অত্যন্ত তৎপর হয়ে ওঠে। তখন সেখানে পুলিস নিষ্ক্রিয় নয়, অকর্মণ্য নয়। কাজেই দেখা যাচ্ছে যে তাদের একটা পলিসি আছে। এবং সেই পলিসি হচ্ছে তারা এক্সপ্লয়টেশন-এর ক্ষেত্রে হেলপ করবেন, অপ্রেশন-এ হেলপ করবেন এবং সাপ্রেশন-এ হেলপ করবেন। এই তিনটা জিনিস নিয়ে আমাদের দেশের পুলিসের যে প্রশাসনিক ব্যবস্থা, সেই ব্যবস্থা চলছে।

[2-10—2-20 p.m.]

জোতদার, জমিদার মহাজন এদের পুলিস হল হাতিয়ার গ্রামের গরীব মানুষদের ডাণ্ডা পিটিয়ে ঠাণ্ডা করবার জন্য। কিন্তু যখন চোরা কারবারী হাজার হাজার মণ চাল গুদামজাত করে চালের দাম বাড়িয়ে দেয় যখন খাদ্যে ভেজাল মেশান হবে, ওষুধে ভেজাল মেশান হবে তখন পুলিস নীরবে সরে দাঁড়াবে। আমরা জানি কলকাতা সহরে অনেক বড় বড় বাড়ী আছে অনেক আনঅথরাইজড কনস্ট্রাকসন আছে। কিন্তু আনঅথরাইজড কনস্ট্রাকসন হচ্ছে কি করে পুলিসের নাকের ডগায় এই প্রশ্ন আমি এখানে রাখছি। আমাদের মুখ্যমন্ত্রী তথা দুর্নীতি মন্ত্রী বলেছেন আমাদের এনফোরসমেণ্ট বিভাগ খুব কাজ করছেন। স্পুরিয়াস ড্রাগস-এর ব্যাপারে এনফোরসমেণ্ট ব্র্যাঞ্চ এর কি কাজ ... সকলের কাছে পরিষ্কার। লোক জানে কত তারা একটিভ কত কেস তারা ধরছেন। যেখানে ২ টাকা, ১ টাকা, ৫ টাকার কেস যে সমস্ত কেস গরীব মানুষ কণ্টেস্ট করে না, এই জাতীয় কিছু কেস দেখা যায়। কিন্তু যারা সিমেণ্ট, বালি, লোহা, ইস্পাতের চালাও চোরাকারবার সেখানে এনফোরসমেণ্ট ব্রাঞ্চ একেবারে চুপ। যেখানে কন্ট্রোল ... নিয়ে তার অপব্যবহার করা হয় সেখানে তারা একেবারে চুপ। আমি জানি চীৎকার করে কোন লাভ হবে না। ডেপুটি স্পীকার, স্যার আপনার মাধ্যমে আমি একটা সাজেসসান এখানে রাখতে চাই তা হলে এই যে ডি ডি, আই বি, সি আই ডি, এস বি যাঁরা লোক আছেন তাঁদের ওই আপনার ডানদিকে যাঁর বসে আছেন তাঁদের পিছনে লাগান হোক অনেক অপরাধের সুরাহা হবে। ওই নেপালবাবুর পিছনে লাগান, অনেক অপরাধের মীমাংসা হয়ে যাবে অনেক অপরাধের সুরাহা পাওয়া যাবে, যেমন দুর্গাপুরের ঘটনার খবর তিনি রাখেন, এ ধরনের অনেক খবর পাওয়া যাবে। ডেপুটি স্পীকার, স্যার, শেষ কথা যা দিয়ে আমার বক্তব্য শেষ করতে চাই তা হল নরহত্যার ঘটনা যা ঘটে তার কটা কেস পুলিস ঠিকমত দাঁড় করাতে পারেন। আজকে কলকাতা সহরের বুকে রিপন স্ট্রিটে গত বছর যারা খুন হল সেই খুনের মামলার আজ পর্যন্ত কোন তদন্ত হল না কেন? খুনের মামলার আসামীকে ধরা গেল না কেন? গত বছরের কাগজ যদি দেখি দেখা যাবে গত বছর যখন পুলিস খাতের বায় নিয়ে আলোচনা করছিলেন সেদিন শিয়ালদার একটি ট্রাঙ্কের ভিতর একটা তরুণীর মৃতদেহ স্টেসনে পাওয়া যায়। এ বছর যখন আমরা পুলিস খাতের বায় বরাদ্দ নিয়ে আলোচনা করছি তখন কোথায় কটা খুন হয়ে যাবে তার খবর কে রাখেন। তাই বলছি সত্যিকারের কাজ যদি করতে চান তাহলে যেভাবে চলছেন ওইভাবে চললে চলবে না। এই দুর্নীতির গোড়া কোথায়? এক অপরাধী গুণ্ডারা, এক অপরাধী পুলিস, এক অপরাধী টাকা যাদের আছে, বিত্তশালী যারা আছে, আর এক অপরাধী যারা রাজনৈতিক প্রভাবশালী ব্যক্তি— এই চার মিলে পশ্চিমবাংলার দুরবস্থা সৃষ্টি করেছে। পুলিসকে জনসাধারণের সেবার কাজে লাগান হোক। জনসাধারণের ন্যায্য আন্দোলনকে দাবিয়ে দেবার যে কাজ সেই জায়গা থেকে তাকে সরিয়ে নিন। তা না করে যতই চীৎকার করুন এমারজেন্সী-র দোহাই দিয়ে ওই গদীতে বসে থাকুন ইতিহাসের অমোঘ নীতিতে ওখান থেকে সরে আসতে হবে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী মাঝে মাঝে যে তথ্য পরিবেশন করেন সেই তথ্য অনেক সময় তত্ত্বে গিয়ে দাঁড়ায় এবং তাঁর সেই তথ্য এবং তত্ত্ব এই দুটিতে মাথা ঘুলিয়ে যায়। যাই হোক, আমি তাঁর তথ্য অনুসরণ করে কয়েকটি ঘটনা আপনার কাছে রাখছি। প্রথম তথ্য হচ্ছে কলকাতার পুলিস বিষয়ে নিখিলবাবু কিছু বলেছেন। আমি টালীগঞ্জ পুলিস

স্টেশনের কথা এখানে তুলে ধরছি। গত ৫ই সেপ্টেম্বর ১৯৬২ সালে টালীগঞ্জ থাপা ব
সেখানে যে পাওয়ারফুল লোস তার লোকেরা সেখানকার কতকগুলি অনাহারক্লিষ্ট মানু
কতকগুলি দরিদ্র মানুষের উপর হঠাৎ সকালবেলায় গিয়ে হামলা আরম্ভ করল—তাদের ঘর
পুড়িয়ে দিল তখন তারা চার চার বার টালীগঞ্জ পুলিসকে ফোন করল টালীগঞ্জ প
অফিসার প্রতিবারই ফোন ছেড়ে দিলেন। ঘটনার সময় কলকাতা পুলিসের লোক কাছেই ছি
তারা দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখল—তাদের জুরিসডিকসন না বলে কিছু নাকি করতে পারেন
তারা অগ্রসর হল না। আমি জিজ্ঞাসা করছি এরকম কি সাফিসেন্ট কজ অব এক্‌সন ি
যারা ওখানে দাঁড়িয়ে ছিল কলকাতা পুলিসের তাদের পক্ষে ইন্টারভেন করার জন্য। এর ব
দিন পরে দেখা গেল ননু ভুঁইয়া বলে একটা লোককে মারডার করা হল। বেচারা
জানুয়ারী নীল রতন হাসপাতালে ভর্তি হল। পুলিসকে বলা সত্ত্বেও কিছু করেনি—
যারা আঘাত করেছে এবং যারা আঘাত পেয়েছে উভয়কেই একদলে ফেলা হচ্ছে। দ্বিত
এন্টালী থানার কথা বলি ৪৭ নং মণ্ডল কংগ্রেস কমিটি অর্থাৎ ওই গনি সাহেবের যে ইলে
অফিস ছিল সেটা এমারজেন্সির সুযোগে দখল করে বসলেন—এমারজেন্সি বলে ফার্স্ট
সেন্টার করলেন। তা করার পরে কংগ্রেসের ওখানকার সেবকেরা ওখানে প্রচণ্ড হৈ হল্লা
করল। ওখানে এক ভদ্রলোক ৭১।৭২ বছর তার বয়স, তিনি মণ্ডল কংগ্রেসের প্রেসিডে
একথা জানালেন। তার ফল হল কি? তার পরের দিন সেই মণ্ডল কংগ্রেসের কি জা
তাদের পেটুয়া গুণ্ডা সেই ভদ্রলোকের ছেলেকে এমনভাবে মেরেছে যে মারতে মারতে
অজ্ঞান করে ফেলে। ভদ্রলোক যখন এণ্টালী থানায় এফ আই আর করতে গেলেন তখন তা
হল না, কারণ, তার আগেই ব্যবস্থা ছিল -মণ্ডল কংগ্রেসের ব্যাপারে তারা হাত দিল না।
কেস হল। সেই ভদ্রলোক এবং তার ছেলেকে গ্রেপ্তার করা হল এবং জামীনের আবেদন
পুলিসের একজন হোমরা চোমরা অবশ্য তিনি খুব উচ্চপদস্থ নন, তাকে নাকি ডি এস ি
এরকম কিছু এরা করে দেবেন—যাই হোক তিনি সোজাসুজি কোর্ট-এর কাছে স জান
বললেন।

[2-20—2-30 p.m.]

এই হচ্ছে ইটালী পুলিশের কথা। অথচ সেই ইটালীতে সমানে চোলাই মদের কারবার চ
সেখানে এ্যাম্বুলেন্স গাড়ী করে চোলাই মদ পাচার হচ্ছে পুলিশ জানে এবং পুলিশ খবর।
এবং সেখানকার কোন একজন ইনফ্লুয়েন্সিয়াল কংগ্রেস ম্যান যিনি হয়ত আর দুইদিন
আমাদের এখানে আসতে পারেন, তিনি এর সংগে জড়িত আছেন, আমি চ্যালেঞ্জ করছি।
আপনার কাছে আরেকটা কথা বলতে চাই যে লোক সেবক কাগজে ১৮-৩-৬৩ তারিখে বেরি
বাগবাজারে চোরাই মালের ক্রয় বিক্রয়, কয়েকটি মুদিখানার মালিক এর সংগে জড়িত।
পড়ে দিচ্ছি 'উত্তর কলিকাতা বাগবাজার অঞ্চল হইতে কয়েকটি মুদিখানার দোকানে ব
চোরাই মাল ক্রয় বিক্রয় হইতেছে বলে এক সংবাদে প্রকাশ, সেখানে মুদিখানার দোকানে বি
মদের বোতল নতুন টেবিল পাখা এবং মোটর পার্টস কিনতে পাওয়া যায়। এই হচ্ছে
খবর। তারপর সেকেন্ড খবর মোরা গ্রামে ২২এ সেপ্টেম্বর নির্বিঘ্নে ডাকাতি। সেখানে
ভদ্রলোকের বাড়ীতে এক ছোট রকমের ডাকাতি হইয়াছে বলে জানা গেল। তারপরের খবর
পার্শ্ববর্তী এক গ্রামে কয়েকদিন পূর্বে অনুরূপ একটা ডাকাতি হইয়াছে বলে জানা গি
তারপরে আরেকটা খবর দামোদর পত্রিকায় বেরিয়েছে যে সিমেন্টের চোরাকার
চলেছে, সেখানে এক ভদ্রলোক খদ্দরধারী তিনি কন্ট্রোলারকে এবং এস ডি ও প্রভৃ
টেলিফোন করিয়া নিয়ন্ত্রিত সিমেন্ট পারমিট বের করে প্রচুর অর্থ উপার্জন করিতেছে।
দিকে সাধারণ লোক ২/৫ বস্তা সিমেন্ট পাইতেছে না। এই হচ্ছে একদিকে পুলিশের চে
আর একদিকে যাঁরা পুলিশের পরিচালনা করছেন তাঁদের চেহারা। স্যার এই ব্যাপারে আ
কথা বলতে চাই, সেটা হচ্ছে যে একটা দারুন কেস হয়ে গিয়েছে, বর্ধমান জেলায় রায়না থা
রায়না থানায় সবিতা চাটার্জী নামে উন্নয়ন ব্লকের একজন সরকারী কর্মচারী প্রতিরক্ষার তহ
চাঁদা আদায় করবার জন্য কায়তি গ্রামে গিয়েছিলেন নিমন্ত্রিত হয়ে, কায়তি গ্রামের যিনি কংগে
প্রধান তাঁর বাড়ীতে তিনি অতিথি হন। এবং অতিথি হবার পর সকাল বেলায় দেখা গেল
ইয়ং অফিসারটি আর নাই, ঘরের মধ্যে রক্তাক্ত কলেবরে তাঁকে মার্ডার করে ফেলে রাখা হ

তার পকেট থেকে কোন কিছু খোয়া যায়নি। টাকা পয়সা যা ছিল সব ঠিক ছিল। তারপরে কি হল, একটা নেপালী দারোয়ান ভেগে গিয়েছে শুনলাম। এই রকম একটা গুম্সাম মার্ডার হয়েছে কিন্তু সেখানকার স্থানীয় পুলিস এল না। সামান্য দুই ছটাক চাল কম হলে সেখানে গিয়ে পুলিস হামলা করে আর এই ব্যাপারে পুলিস নড়লো না। যখন এটা লোক জানাজানি হয়ে গেল তখন এখান থেকে লাকিকে পাঠান হলো হত্যাকারিকে বের করবার জন্য, সেই লাকি গিয়ে অরবিন্দ রায়ের ছেলেকে জড়িয়ে ধরলো সবার সামনে, সেই অরবিন্দ রায়ের আরেক ছেলে এখনও পলাতক তাকে এখনও ধরা হয়নি কারণ তিনি সেখানকার মন্ডল কংগ্রেসের প্রধানের পুত্র। আজকে আমি সেজন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করব যে আইনের বাণী কি এই রকম নিভৃতে কাঁদবে। পুলিস যেভাবে চলছে সেটা কি আমরা চিরকাল সহ্য করব? পুলিস যে দুর্নীতিপরায়ণ সেটা আজকে প্রবাদ বাক্যে দাঁড়িয়ে গিয়েছে। সেজন্য আমার সাজেসন হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যদি সত্যিই দুর্নীতি বন্ধ করতে চান তাহলে একটা হাই পাওয়ার ইনভেস্টিগেশন কমিটি বসান, এটা পার্মানেন্ট কমিটি হবে। যেমন আমেরিকায় রুশভেল্ট সিনেটারদের দিয়ে কমিটি বসিয়েছিলেন, ঠিক সেই রকম এখানকার বিশিষ্ট দলের সভ্য দিয়ে এবং নিরপেক্ষ লোক দিয়ে একটা কমিটি বসান। পুলিস সারভিল্যান্স করে, এই কমিটি পুলিসের উপর সারভিল্যান্স করবে। আমরা বিরোধী পক্ষ, আমরা হচ্ছি গণতন্ত্রের চৌকিদার, আমরা সাধুকে সাবধান করে দিই। আমরা মনে করি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী একজন সাধু লোক সেজন্য তাঁকে সাবধান করে দিচ্ছি। আজ তাঁর পাশে চোর জোচ্চোর গাঁটকাটা সব বসে আছে, তার থেকে তিনি সাবধান হউন। যদি তিনি সাবধান না হন তাহলে বাংলা দেশের লোক তাঁকে কোনদিনই ক্ষমা করবে না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Asoke Krishna Dutta:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী পুলিসখাতে যে বায়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি সর্বান্তঃকরণে তার সমর্থন করছি। একটু আগে আমাদের মুখ্যমন্ত্রী তাঁর বায়বরাদ্দের দাবি রাখবার সময় পরিষ্কার করে বুঝিয়ে বলেছেন বিভিন্ন বিষয়ে পুলিস-দপ্তরে কত উন্নতি হয়েছে, পুলিসের কৃতিত্ব সম্বন্ধে অনেকগুলি উদাহরণ দিয়েছেন, অনেক-গুলি হয়তো সময়াভাবে বলতে পারেন নি। তারপর যে ধরণের সমালোচনা আরম্ভ হল আমি বিশেষ করে বিরোধী দলের কমিউনিস্ট পক্ষের নেতা সোমনাথ লাহিড়ী মহাশয়ের কথা বলব তাঁর সমালোচনা থেকে এটুকু আমার মনে হল যে তিনি যেসমস্ত অসত্য কথা কোনদিন কোর্টে প্রমাণ করতে পারবেন না এই বিধানসভার ফ্লোরের সুযোগ নিয়ে এখানে সেইসমস্ত অসত্য কথা পরিবেশন করে কিছুটা চমক লাগিয়ে গ্যালারি-প্লে করবার চেষ্টা করেছেন। প্রথমেই আমি বলব আর্যস্থান স্যোসাল সেন্টারের শৈলেন বোসের কথা। একটা কথা প্রথমেই স্পষ্ট করে বলে দিতে চাই, মাঃ ডেপুটি স্পীকার মহাশয়, এই শৈলেন বোসের সঙ্গে কোথাও কোন কংগ্রেস কর্মিটির আদৌ সম্পর্ক নাই। এটা সম্পূর্ণ অসত্য কথা—শুধু একটা সাবজুডিস কেস, তাতে একটা লোক শৈলেন বোস বলে আর্যস্থান স্যোসাল সেন্টার চালায—সে ধরা পড়েছে, তার কেস চলছে, কোর্ট থেকে বেল পেয়েছে--সংগে সংগে সোমনাথবাবু কংগ্রেসের সংগে তার যোগাযোগ করে দিলেন। সোমনাথবাবু ঐ এলাকায় প্রতিনিধি রয়েছেন বহু দিন থেকে, ১৯৫৭ সাল থেকে ঐ এলাকার প্রতিনিধি রয়েছেন--আলীপুর-চেতলা এলাকার। কোনদিন শৈলেন বোসের বিরুদ্ধে তিনি বা তাঁর দলের কেউ এতদিন তাঁরা কেউ তাঁর বিরুদ্ধে অভিযোগ আনেন নি। সম্ভবতঃ গত নির্বাচনের কথা তিনি তুলেছেন। সেখানকার কংগ্রেসপ্রার্থী যিনি ছিলেন তাঁর সংগে নাকি কিছুটা যোগ ছিল, বোধহয় সেই ক্ষোভে এতটা শত্রুতা করতে আরম্ভ করেছেন। এই শৈলেন বোস অ্যারেস্ট হয়েছে কিছুদিন আগে, তার বিরুদ্ধে চার্জ সে দুধ চুরি করেছে। আমি ব্যক্তিগতভাবে তার সংশ্রবে এসেছি, আমার নির্বাচনে সে যথেষ্ট বিরোধিতা করেছে। বহু-দিন আর্যস্থান স্যোসাল সেন্টার সে চালায়, কংগ্রেসের সংগে এই লোকের আদৌ কোন সংশ্রব নাই। সোমনাথবাবু বলেছেন উপমন্ত্রী আমাদের বন্ধু অর্ধেন্দু নস্কর মহাশয় নাকি তার এক গ্লাসের ইয়ার- অর্ধেন্দু নস্কর মহাশয় কোনদিন শৈলেন বোসকে দেখেন নি তাঁর সংগে তার কোন সম্পর্ক নাই। অর্ধেন্দুবাবু চ্যালেঞ্জ দিয়েছেন, সোমনাথবাবুর এই চ্যালেঞ্জ এ্যাকসেপ্ট করবার পর্যন্ত সৎ সাহস নাই। আমরা আমাদের চেতলার সঙ্গীদের কাছ থেকে শুনেছি যে সোমনাথবাবুই এক কল্কেতে গাঁজা খেতেন এই শৈলেন বোসের সংগে। তারপর ইটালী দেব

লেনের কথা বলেছেন সোমনাথ লাহিড়ী মহাশয় এবং আজকে প্রজা স্যোসালিস্ট পার্টির তরফ থেকেও শুনলাম ইটালী দেব লেনের কথা—প্রজা সোস্যালিস্ট পার্টি আমেরিকাকে ছেড়ে দিয়ে এখন কমিউনিস্ট পার্টি লাইনে চলে এসেছেন। প্রজা-স্যোসালিস্ট পার্টির তরফ থেকে আমি শুনলাম ইটালী দেব লেনের কথা—ইটালী দেব লেনের কেস সম্পর্কে সোমনাথবাবু এমন একটা ছবি দেবার চেষ্টা করলেন, কতগুলি লোক, সাধু লোক, কতগুলি কংগ্রেসের বদমায়েস লোক মেয়েদের দিকে টিটকারী করে বলে তিনি অভিযোগ এনেছেন, পরে পুলিস সেই সমস্ত সাধু কমিউনিস্টদের ধরে নিয়ে চলে গিয়েছে। এর চেয়ে মিথ্যা আর কিছু হতে পারে না। এই কেসটা এখনো বিচারাধীন আছে। যখন এই কেসের কথা তুলেছেন তখন এই কথা পরিষ্কার ভাবে ঘোষণা করা উচিৎ যে, এই অঞ্চলের কমিউনিস্ট গুণ্ডারা কংগ্রেসের লোকদের উপর হামলা করেছিল এবং কংগ্রেসের লোকেরা সেই সমস্ত কমিউনিস্ট গুণ্ডাদের বিরুদ্ধে পুলিস কেস করেছিল।

[2-30—2-40 p.m.]

পুলিসের রিপোর্ট গেছে শুনে তারা সন্দিগ্ধ হয়ে উঠেছে যে তারা এ্যারেস্ট হবে। সঙ্গে সঙ্গে যেদিন রিপোর্ট গেল তার দুদিন পরে যেদিন তাদের এ্যারেস্ট হবার সম্ভাবনা সেদিন একটা মিথ্যা অজুহাত করে কংগ্রেসী ছেলেদের ধরে তারা মেরেছিল এবং যে ছেলেগুলো ওদের নামে কেস করেছিল তাদের নামে কতকগুলো মেয়েকে টিটকিরি করে এই অভিযোগ এনে একটা গট আপ কেস খাড়া করবার চেষ্টা করেছে। প্রত্যেকটা বিষয়ে এইরকম অসত্য একটার পর একটা পরিবেশন করে চলেছেন। দুধ চুরির কেসের কথা বলেছেন এবং তার সঙ্গে কংগ্রেসকে জড়িয়েছেন। একটা লোক অরবিন্দ রায় বলে আত্মহত্যা করেছেন। তাঁকে দুধ চুরির অজুহাতে ধরা হয়েছে। কংগ্রেসের সেক্রেটারী হোক, আর যেই হোক তাঁকে এ্যারেস্ট থেকে বাঁচান হয়নি। সে এ্যারেস্ট হয়েছিল, তার নামে কেস চলছিল এবং জেলে খালাস থাকা অবস্থায় তিনি আত্মহত্যা করেছিলেন তাঁর কেস এখন সাব-জুডাইস রয়েছে। ঐযে চিঠিখানা স্বাধীনতায় বেরিয়েছে—স্বাধীনতা পত্রিকা বোধহয় কার্ল মার্ক্সের নিজের বই, তাতে কোন রকম ভুল তথ্য পরিবেশন হয় না, অতএব তাতে যা বেরিয়েছে নিশ্চয় সেটা গসপেল অব ট্রুথ—ঐ চিঠিখানা এখনও বিচারাধীন, এখনও প্রমাণিত হয়নি। শ্রীঅরবিন্দ রায়ের স্ত্রীর সঙ্গে নিশ্চয় কমিউনিস্ট পার্টির যোগাযোগ আছে—তা না হলে স্বাধীনতায় ঐ চিঠিখানা যায় কোথা থেকে। ঐ চিঠিখানা এখনও বিচারাধীন এবং আমরা এখন কিছুতেই স্বীকার করতে রাজী নই যে সেই চিঠিখানা তাঁর বা কংগ্রেসের অন্য কারুর, যে ঐ কেসের সঙ্গে জড়িত আছে। [Interruption] আমি বিশেষ করে এখানে পরিষ্কার করে ঘোষণা করতে চাই যখন কমিউনিস্ট পার্টির তরফ থেকে বক্তৃতা হচ্ছিল তখন আমাদের তরফ থেকে কেউ কোন আপত্তি করেন নি। আমার বক্তৃতার পর যদি ও'দের কিছু থাকে ও'রা বলবেন। আমাদের তরফ থেকে আমাদের প্রতিমন্ত্রী তাঁর পারসোনাল এক্সপ্লেনেসন দেবার সময় চ্যালেঞ্জ রেখেছেন শ্রীসোমনাথ লাহিড়ীর সামনে, সেই চ্যালেঞ্জ এ্যাকসেপ্ট করতে যাঁরা ভয় পান তাঁরা আবার উঠে বক্তৃতায় ইন্টারাপ্ট করেন কোন মুখে? আমি পরিষ্কারভাবে জানতে চাই এই যে দুধ চুরির ব্যাপার নিয়ে ২৪-পরগণায় এই যে কেস চলছে তাতে কোন কমিউনিস্ট এম এল এ এসে আ্যাপিল দিয়েছেন। আমি ব্যক্তিগতভাবে বলতে পারি যে, আমাদের কাঁচড়াপাড়া এলাকায় কংগ্রেস কর্মীদের পিটিসন পাঠিয়েছি এ্যান্টি-করাপসন দপ্তরে এবং তার উপর এ্যারেস্ট আরম্ভ হয়েছে। যদি কোন লোক দুধ চুরি করে সে কংগ্রেসী হোক বা অকংগ্রেসী হোক সে ধরা পড়লে নিশ্চয় তার সাজা হবে। তার সঙ্গে কংগ্রেসের কি সম্পর্ক আছে? একটার পর একটা এই রকম ভুল তথ্য পরিবেশন করে চলেছেন। (শ্রীনিখিল দাস: ধরা পড়ে না।) ধরা নিশ্চয় পড়ে না—নিখিলবাবু ছিলেন না—কারণ যে ৩টা কেস সোমনাথবাবু বলে গেছেন তার ৩টাই যে অসত্য তা পরিষ্কারভাবে বলে দেওয়া হয়েছে। শৈলেন বোসের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। তিনি এ্যারেস্ট হয়ে বেল পেয়েছেন কোর্ট থেকে। এ'রা কি সেসব খবর রাখেন যে ৭ দিন সেই লোক পুলিস কাস্টোডিতে ছিল এবং পুলিস কাস্টোডিতে থেকে যখন ডিস্ট্রিক্ট জাজ বেল দিয়েছেন তখন পুলিস ডাকেন নি বা পুলিসের তাতে মত আছে কি না আছে সেসব জেনেই দিয়েছেন। অতএব ৭ দিন পুলিস কাস্টোডিতে থাকার পর ডিস্ট্রিক্ট জাজ নিজে থেকে বেল দিয়েছেন। এর সঙ্গে পুলিসের কি সম্পর্ক আছে? কোর্ট বেল দিয়েছেন—ডিস্ট্রিক্ট জাজ বেল দিয়েছেন—

এর সঙ্গে পুলিসের কোন সম্পর্ক নেই- পুলিস অপোজ করেছে না করেছে সে দেখবার দরকার নেই। নিখিলবাবু যদি আমার বক্তৃতা একটু মনোযোগ সহকারে শুনতেন তাহলে বুঝতে পারবেন পুলিসের অপোজ করবার কোন স্কোপ পায় নি। এজন্য পুলিস ডাকা হয়নি। পুলিস ৭ দিন কাস্টোডিতে রেখেছে. আবার কাস্টোডি এক্সটেন্ড করেছে। তারপর এক্স-পার্টি তারা জজের কাছে দরখাস্ত করে-- এক তরফা দরখাস্ত করে তারা বেল নিয়ে চলে গেছে। পুলিস ডাকা হয়নি। নিখিলবাবু মিউজিয়ামের কথা বলেছেন--আরও কতকগুলি কেসের কথা বলেছেন। এটা সত্যি কথা যে দর্পণে এই ব্যাপার একটা অভিযোগ ওঠে। কিন্তু সেই চিঠি সত্য কি অসত্য কেউ আমরা জানি না। যেরকম অভিযোগ আনা হয় এবং আমাদের যা অভিজ্ঞতা তাতে দেখা যায় সব না হোক শতকরা ৯৯·৯ মিথ্যা কথা এখানে বলা হয়, অভিযোগ আনা হয়। আমি একটার পর একটা দেখিয়েছি--প্রত্যেকটা কেস প্রুফ করা হয়ত সম্ভব নয়--সব ঠিক নয়। কোলকাতা পুলিসের কৃতিত্বের ও সুখ্যাতিতে ওকথা বলব যে প্রত্যেকটা কেস তাদের পক্ষে হয়ত প্রুফ করা সম্ভব নয়। পৃথিবীর যে কোন দেশের সঙ্গে তুলনা করলে দেখতে পারি কোলকাতার পুলিস যতগুলো কেস ডিল করে পৃথিবীতে এত পারসেন্ট ডিটেকসন হয় না। আমি কতকগুলি তথ্য দিয়ে একথা বলব। অবশ্য রাশিয়া বা ঐ ধরনের চীনে বা অন্যান্য কমিউনিস্ট দেশের তথ্য আমার কাছে নেই। কেন না এত ভাল ডিমোক্রাসি যে তাঁরা সত্যটা মানুষের কাছে প্রচার করতে সাহস পান না। ওটা যদি রাশিয়া হোত তাহলে সবাইকে গুলি করে মারা হয়ে যেত এতদিনে কেউ থাকত না। গুলি করে মারার কথা যামীনি বাবু বলেছেন। এটা যদি রাশিয়া হোত তাহলে এই রকম এসে ব্যক্তি স্বাধীনতার সুযোগ নিয়ে মিথ্যা কথা বলার সুযোগ এখানে পেতেন না।

[Interruption.]

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমার সময় নষ্ট করা হচ্ছে, এর জন্য আমায় বেশী সময় দেওয়া উচিত। আমরা জানি রাশিয়া এবং চীনের মত কমিউনিস্ট দেশ যাঁরা তাঁদের লোকের কাছে তথ্য পরিবেশন করেন না, তাই তাঁদের কথা জানি না, এই না জানার কারণই তথ্য পরিবেশন না করা। আমরা যে সমস্ত দেশের কথা জানি পৃথিবীর মধ্যে সবচেয়ে বেশী নাম হচ্ছে স্কটল্যান্ড ইয়ার্ড, বা লন্ডন মেট্রোপলিটান পুলিস তাদের ডিটেকসন সম্বন্ধে। তার সঙ্গে তুলনামূলক কতকগুলি তথ্য দিচ্ছি ফিগার দিচ্ছি, যা আমার কাছে আছে- ১৯৬১ সালের কমিশনার অব পুলিস লন্ডন মেট্রোপলিটান পুলিস অর্গানিজেসন-এর রিপোর্ট রয়েছে, যদি কেউ চান আই ক্যান লে দিস অন দি টেবল অব দি হাউস, ১৯৬১ সালের লাস্ট রিপোর্ট পাওয়া গেছে, সে ক্ষেত্রে ৩৫ টা মার্ডার হয়েছিল তার ৪০ পার্সেন্ট ডিটেক্সন হয়েছিল। আমাদের কলকাতা পুলিসের এলাকায় ৩৫টা মার্ডার হয়েছে তার ৯২·৮ পার্সেন্ট ডিটেক্সন হয়েছে, কলকাতার ডেকয়টি, রবারি, স্নাচিং তার মধ্যে ডেকয়টি ও রাবারি ৮৬·৬ পারসেন্ট ডিটেক্সন হয়েছে। ৭৫ স্নাচিং তার মধ্যে ৬৮ পারসেন্ট ডিটেক্সন হয়েছে, অথচ এ সময় লন্ডনে ৯৬৩টা এই তিন রকমের কেস হয়েছে তার শতকরা ২৫ পার্সেন্ট ডিটেক্টেড হয়েছে। বাগলারি যা হয়েছে, তার চোরাই মাল পুনরুদ্ধার করা হয়েছে। লন্ডনের ক্ষেত্রে মাত্র ৩ পার্সেন্ট, আর আমাদের কলকাতার পুলিস এই পিরিয়ড-এ ৫৩·৩ পার্সেন্ট মাল রিকভারী করেছে বার্গলারি ও চুরিতে। (বিরোধীপক্ষ হইতে গন্ডোগোল) মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, সত্য কথা হজম করবার সাহস এ'দের নেই। যখন সত্য কথা পরিবেশন করা হয় তখন চীৎকার করে মুখ বন্ধ করে দেওয়া ছাড়া আর কোন যুক্তি এ'দের নেই। এরা যুক্তি দিয়ে সত্যকে মিল করতে পারেন না। চেঁচিয়ে সত্যকথা বন্ধ করার চেষ্টা করেন। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমাদের এই পশ্চিমবঙ্গ পুলিসের বিরুদ্ধে মাঝে মাঝে অভিযোগ করা হয়ে থাকে যে আমাদের বর্ডার এলাকা ভালভাবে সংরক্ষণ করা হয় না। আমাদের পশ্চিমবাংলার সঙ্গে পাকিস্তানের যা বর্ডার ভারতবর্ষের আর কোন স্টেট-এর এতখানি বর্ডার নেই। আমাদের অন্য যে দুটা বর্ডার স্টেট আছে, পাঞ্জাবের সীমানা পাকিস্তানের সঙ্গে প্রায় ৩০০ মাইল, আর রাজস্থানের সীমানা প্রায় ৬৫০ মাইল আর তার জায়গায় পশ্চিম বাংলার সীমানা ১,৩৫০ মাইল, কিন্তু পশ্চিমবাংলার বর্ডার ফোর্স, সুপারিনটেন্ডেন্ট থেকে আরম্ভ করে কন্সটেবল অবধি মাত্র সাড়ে তিন হাজার, এই বর্ডার ফোর্স পশ্চিমবাংলার সীমানা চালায়, অথচ তার ৪ ভাগের এক ভাগ এলাকা নিয়ে পাঞ্জাব ও অর্ধেক এলাকা নিয়ে রাজস্থান,--সেখানে ৪ হাজার পুলিস আছে

এই একটা স্টেট-এ। আজকে নিখিলবাবু বলছেন ফোর্স বাড়িয়ে দিন—এদিকে আবার বলছেন বাজেটে টাকা কমিয়ে দিন। পুলিস বাড়বে অথচ বাজেটে টাকা কমবে। আপনারা অপচয়ের কথা যা বলছেন—অপচয় নেই, তা বন্ধ করার কোন প্রশ্ন আসে না (বিরোধী পক্ষ হইতে হৈ চৈ গন্ডগোল) মাননীয় স্পীকার, স্যার, গত বৎসর পুলিস যে সমস্ত কনস্ট্রাকটিভ কাজ করেছে—২৪-পরগনার প্রতিনিধি হিসাবে আমি পুলিসকে বিশেষভাবে অভিনন্দন জানাই ২৪-পরগনার মত বিস্তৃত এলাকায় ৮টি নূতন থানা করা হয়েছে। তার মধ্যে ৬টার কাজ সম্পূর্ণ হয়েছে, ২ টার কাজ সামান্য বাকি আছে। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এ দুটার কাজ যাতে তাড়াতাড়ি শেষ হয় এবং তাহলে প্রত্যেকেই আনন্দিত হবে। আমি পুলিসকে বিশেষভাবে অভিনন্দন জানাই এ জন্য যে, তাদের এত অসুবিধা থাকা সত্ত্বেও তারা কাজ করে যাচ্ছে।

[2-40—2-50 p.m.]

আমি বিশ্বাস করি যে এতরকম অসুবিধা থাকা সত্ত্বেও পুলিস যেভাবে কতকগুলি বিশেষ কাজ করছে তাই পুলিসকে অভিনন্দন জানাই। আমি আমাদের কলিকাতার পুলিসের কথা বলবো—বিশেষ করে ফোরেন্সিক সায়েন্স ল্যাবরেটারীর কথা বলবো—এটা অনেক দিন থেকে প্রায় ১০-১২ বৎসর যাবৎ আমাদের প্রেসিডেন্সি কলেজের অধ্যাপক ডাঃ নির্মলকুমার সেনের নেতৃত্বে কাজ করে যাচ্ছে এবং এই বছর একটা বিশেষ কারণের জন্য তারা ইংল্যান্ডের একটা কেসের জন্য ইন্টারন্যাশনাল রেকগনিশন পেয়েছে। এবং মাত্র কিছুদিন হল সেখানে এই ল্যাবরেটরী একটা বিশেষ নীতিতে এবং পদ্ধতিতে একজামিন করে সুন্দরভাবে ডিটেকশন করেছেন এই ডিপার্টমেন্ট। আমরা বিশেষ আনন্দের সঙ্গে এটা স্মরণ করছি যে, ইন্টারন্যাশনাল পুলিশ অর্গানাইজেসন তার জার্নাল ইন্টারন্যাশনাল পুলিস রিভিউ তাতে ডাঃ সেনের যে স্বীকৃতি রয়েছে—তাঁর জন্য সাধুবাদ রয়েছে। আমাদের একথা মনে রাখতে হবে বিশেষ করে এই সংকটের সময় পুলিস খাতে যে টাকা দাবী করা হয়েছে আমরা তা সর্বান্তঃকরণে সমর্থন করছি বিশেষ করে এই বছর এই কারণে যে আমাদের মধ্যে যে সমস্ত দেশদ্রোহী রয়েছে যারা এই চীনা আক্রমণের সুযোগ নিয়ে, বিদেশী আক্রমণের সুযোগ নিয়ে যে সমস্ত লোক আমাদের দেশের মধ্যে অরাজকতা চালাচ্ছে তাদের সায়েস্তা করার জন্য পুলিশকে তারও মজবুত করতে হবে। তাই এই বাজেটকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি।

Shri Bejoy Kumar Banerjee: Mr. Speaker, Sir, I was thinking as to why we should criticise the Police administration after the independence of our country. Sir, strange things happen almost every day and stranger things happen here in this Assembly. Those who suffered most in the hands of the police, those who were so long very violent in their denunciation of the police activities, have now come forward to use sweet expressions, sweet words and with eulogy they are praying for increased grants under the head 'Police'. Should we think, Sir, that there has been a change in the outlook of the police, or there is a change anywhere in the police administration? Sir, the change is in the dress from red to black. Does it mean any change in the mentality, outlook and behaviour of the police? Does it mean honesty, or any change in the police administration? Or is it an outward change for show?

Sir, I will not speak on any matter of a controversial nature. It would be an evil day for this country if the police who are the upholders of the lives and the privileges of the citizens in a free country, whom the weak and oppressed look upon as their protector, at any time encourage the breaking of law, support the breaking of law and move in an atmosphere which is not free from corruption. It would be an evil day, I say, for the country because everywhere in the administration the evil of corruption is prevailing, and if it enters into the police administration it has already entered into the police administration—in a violent form, it will affect the interest of the country, the interest of the people, from which there is no escape. Therefore, Sir, this matter should be very seriously considered.

In the British days the Britishers wanted police for the protection of the alien rule and for exploitation by the Britishers in India. Why this should happen in this socialistic pattern of society and when we have got to depend on the goodwill of the people?

We require Police forces in larger numbers. Sir, the expenditure will show that in recent years, that in course of six, seven or eight years—and practically every year there has been an increase in the expenditure on Police. Every year there is an increase in the number of appointments in all ranks—high and low. The per capita capital expenditure has also increased. My honourable friend, the Hon'ble Minister, has said that in Assam and in the Punjab they spend greater percentage of the revenue on Police head than what we here in Bengal do. May I ask, Sir, in all humility if the Hon'ble Minister will be pleased to tell me, when he gives the reply, since when such expenditure in Assam and in the Punjab on Police head is being incurred. May I ask, Sir, in all humility, if the Hon'ble Minister will be pleased to give his reply on this specific point, viz., since how many years Assam and the Punjab are paying more than what we in Bengal pay. I would be glad to have a reply on this point.

Sir, corruption in the Police Department is so widespread and it is so notorious that it is known to everybody. Not a thelawala or a rickshawwala or even a footpath dweller is spared from the clutches of the Police people. Sir, I know that these things are known to the officers. I also know that these things are known to the Ministers. Will they have the courage to declare here and now that from now onwards they will catch hold of every blackmarketeer, every racketeer and all sorts of anti-social elements in this country? Government will not dare do it. Will the Hon'ble Minister have the courage to declare in this House that he will direct the police officers to arrest the blackmarketeers, those racketeers and those people who are smuggling gold and anything whatsoever? I do not know if the Government dare even do it. Otherwise, by this time those people would not have been outside the gallows or outside the prison walls. The racketeers and the blackmarketeers are doing widespread adulteration and speculation and these things are going on right and left.

Sir, we have heard about posting of police at the borders. Still thousands and thousands of cases of infiltration are reported to the Police. But what the Police are doing? They are doing their business and they want to stabilise their business on a permanent footing. For every man who crosses the border an amount of 15 or 20 rupees is paid and that is a permanent arrangement there. Everybody knows it.

Sir, as regards the behaviour of the Police, you will find in the thanas that they are overlords and they will not care to touch anything for the good of the people. I know I shall be failing in my duty if I do not mention that there are brilliant officers also in the Police Administration. Of course, there are brilliant young men with ambition, with culture; but at the same time they are forced to work. Promotion does not depend on merit alone. It depends on the favour shown by the officers. Sir, the Police are being utilised for party ends and not for the good of the country. If you do not stop this business, I am sure, you will not be able to do any good to the country even after ten Five Year Plans.

[At this stage the red light was lit once.]

Sir, the news in connection with Police activities are reported in the Press.

[At this stage the red light was lit again and the honourable member having reached the time limit resumed his seat.]

[2-50—3 p.m.]

Shri Anadi Das:

মাননীয় স্পীকার, স্যার, আমি আমাদের স্বরাষ্ট্রবিভাগের মন্ত্রীর কাছে একটা প্রশ্ন রেখে আমার বক্তৃতা আরম্ভ করতে চাচ্ছি। যে বাংলাদেশে এই কলকাতাতে সোনার চোরাকারবার করে লক্ষ লক্ষ টাকা একজন মারোয়াড়ী করেছিল তাকে একজন রেসপন্সিবল পুলিস অফিসার জাল পেতে ধরল এবং অ্যারেস্ট করবার পূর্বমুহূর্তে গভর্নমেন্টের কোন এক দায়িত্বশীল প্রভাবশালী ব্যক্তির কাছ থেকে খবর গেল, একে তোমরা ধরো না। একথাটা সত্য কিনা? যার কাছ থেকে খবর পেয়েছি, তিনি অত্যন্ত রেসপন্সিবল লোক, তিনি তাঁর নাম প্রকাশ করতে চান না। তাই নাম বলতে পারলাম না। সমস্ত নাম জানি। মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রিমহাশয় এই ব্যাপার অনুসন্ধান করে আমাদের জানাবেন কিনা জানতে চাই? অন্যদিকে আমারা দেখছি ঠিক সেই সময়ে দেখছি, গরিব সোনার ব্যাপারী, কর্মচারীদের তাঁর মেরে চলেছেন। সোনার নামে এই কান্ড করা হচ্ছে। অন্য প... কা কথা আমার নিজের কথা। হাওড়া জেলায় বেলিলিয়াস রোডে আমাদের পার্টি অফিস, সেখানে সাত-আট বছর ধরে আমি আছি। হঠাৎ একদিন বাড়িওয়ালা আমাদের পার্টি অফিসের ঘরে চাবি লাগিয়ে দিল। এর পিছনে কারা আছেন, তা আমি জানি। সেখানে আগামীবারের ইলেকশনের জন্য প্রস্তুতি হচ্ছে। পুলিসকে কমপ্লেন করবার পর তাঁরা চাবি খুললেন। পুলিস সেখানে দেখতে পেল যে আমাদের পার্টির সমস্ত জিনিসপত্র, ইউনিয়নের সমস্ত জিনিস ও টেলিফোন সেখানে রয়েছে। যদিও সেই ঘর আমাদের ব্যবহার করতে দিল বটে, কিন্তু সেখানে আজ প্রায় আট বৎসর যাবৎ পুলিস বসে আছে। সেখানে আমাদের হাতে তারা চাবি দেয় নি। ফলে সেখানে আমাদের কোন জিনিষ রাখবার সুযোগ নেই। যাতে এই অফিস জনসাধারণের প্রতিনিধিদের দ্বারা ব্যবহৃত হতে না পারে, সেই উদ্দেশ্যে বাধা সৃষ্টি করা হচ্ছে। এই ভাবে কি তাঁদের শান্তি রক্ষা করা হচ্ছে?

মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে মনি করের কথা উল্লেখ করা হয়েছে। আমি সেই সম্পর্কে আরও কয়েকটি কথা উল্লেখ করতে চাই। তাঁকে জামিন দেওয়া হয়েছে। যিনি হত্যাকারী বলে অভিযুক্ত, যিনি প্রকাশ্য দিবালোকে কুড়ুল দিয়ে কাঠ চেলার মত করে মানুষকে কাটলো, তাকে জামিন দেওয়া হল। ঐ সময় ঐ অঞ্চলে সেখানকার অধিবাসীদের মনের যে সেন্টিমেন্ট, তার পরিমাপ আপনি সহজে উপলব্ধি করতে পারবেন। এন আই এস ফোর কারখানায়, সেখানে কংগ্রেসের ইউনিয়ন, আই এন টি ইউ সি স্ট্রাগল করলো। তার ফলে সেখানে যারা বোনাস-এর দাবী নিয়ে গিয়েছিলেন, সেই সমস্ত নিরীহ লোকের উপর পুলিসের গুলি চললো এবং অনেক ধৃত হল। তারা কিন্তু জামিন পায় নি। আর মনি কর হত্যাকারী যারা, তারা জামিন পেল। তারা জামিন পাবার পরে, এই কেসের যারা সাক্ষী সাবুদ, তাদের কিভাবে ভয় দেখান হচ্ছে তার একটা উদাহরণ আপনার সামনে রাখতে চাই। একজনকে বলা হচ্ছে তোমার বাড়ীর সামনে পন্ডিত জওহরলাল নেহরুর ফটো পুড়িয়ে, তোমাকে যাতে এমার্জেন্সীতে ধরিয়ে দেওয়া যায় তার ব্যবস্থা করবো। সে ভয় পেয়ে তাড়াতাড়ি থানায় যায়, সেখানে পুলিস তার ডায়েরি রেকর্ড করেন নি। কিন্তু সেই ব্যক্তি যে হত্যাকারী বলে অভিযুক্ত, যে কংগ্রেসের পার্শ্বচর, যে চোরাকারবারী ও অন্যায় দুষ্কর্মে লিপ্ত, তার সমর্থক হয়ে পুলিস দাঁড়ায়।

আমাদের মন্ত্রী শঙ্করবাবু ও শৈলপতিবাবু এখানে উপস্থিত আছেন, তাদের আমি জিজ্ঞাসা করছি—তাঁরা যখন সেখানে এমার্জেন্সীর জন্য টাকা আদায় করতে গিয়েছিলেন, সেখানে মিটিং হয়েছে এবং সেই মিটিং-এ ঐ হত্যাকারী বলে যিনি অভিযুক্ত, তাকে সংগে নিয়ে মিটিং করা হয়েছে? [এ ভয়েস—তাতে কি অপরাধ হয়েছে?] তাকে সংগে নিয়ে রাস্তায় ঘুরে ঘুরে প্যারেড করা হয়েছে। সে দেখিয়েছে, দেখ আমি কত প্রভাবশালী, আমি মার্ডার করতে পারি। যারা আমার বিরুদ্ধে সাক্ষী দেবে, তারা জেনে রাখুন আপনাদের মন্ত্রীরা হচ্ছেন আমার বন্ধু। এইভাবে এই সমস্ত মার্ডারাররা উৎসাহিত হয়ে ওঠে। আমি আবার বলছি—এই সমস্ত ঘটনাগুলি ঘটছে পুলিসের সহায়তায়। বর্তমানে পুলিস একটা নীতির দ্বারা পরিচালিত, সেই নীতি হচ্ছে—ধনিক রক্ষাকারী, শোষণ ব্যবস্থা রক্ষাকারী। পুলিস এই নীতির দ্বারা পরিচালিত হয় বলেই প্রতিটি জায়গায় আজ দুর্নীতি বেড়ে চলেছে।

হাওড়া জেলায় বোস কোম্পানী বলে আর একটি কারখানা আছে, সেখানে ৬০।৭০ জন লোক কাজ করে। তারা গত পূজার সময় বোনাসের দাবী করবে এই আভাস পেয়ে কোম্পানী তাদের ইউনিয়ন ভাঙ্গার জন্য ওয়ার্কারদের কাজ দেয় না। ওয়ার্কাররা থানায় গিয়ে রিপোর্ট করে। সেই থানায় গিয়ে রিপোর্ট করার পরে পুলিস অফিসাররা গিয়ে দেখে সত্যিই ওয়ার্কারদের কাজ দেওয়া হচ্ছেনা। তারজন্য তারা মালিকদের ধমকায়। কিন্তু তারপর পিছন থেকে কি এমন কান্ড ঘটে গেল যে উল্টো হয়ে গেল। মালিকরা যখন মারামারি ইত্যাদি মিথ্যা কেস করলো সেই মিথ্যা কেসেতে ৬ জনকে অ্যারেস্ট করা হল। ওয়াকাররা ভয় পেয়ে যখন সারেন্ডার করলো যে, না আমরা আর বোনাস চাই না, আমরা স্ট্রাইক করবো না, আমরা ইউনিয়ন ভেঙ্গে দিলাম, তখন সেই কেসও ধামাচাপা পড়ে গেল। যদি এটা মারামারির কেস হত তাহলে পরে নিশ্চয়ই পুলিস এই কেসে প্রসিড করতো। বোস কোম্পানীর কারখানা নরসিংহ রোডে, আপনারা অনুসন্ধান করলে এটা পরিষ্কার বুঝতে পারবেন। আরও আছে, আবু হোসেন। হাওড়া জুট মিলেতে কিভাবে নিখোঁজ হল একথা কারও অজানা নয়। এবং তাকে কিভাবে পুলিস উদ্ধার করল—উদ্ধার করে নি, অ্যাক্সিডেন্টালি একটা কুলির প্রচেষ্টায় এটা ধরা পড়েছিল—সেই কেসে সমস্ত লোকে ধারণা করে নিল যে, জুট ট্রাইব্যুনালের সামনে সে মালিকের বিরুদ্ধে সাক্ষ্য দিয়েছিল বলে এইভাবে একটা ঘটনা ঘটানো হল। অথচ সেই ঘটনার পর থেকে পুলিস আজ পর্যন্ত সেই ব্যাপারে কোন সিদ্ধান্ত জানায় নি। হুইসপারিং করে একটা ব্যবস্থা চালু করবার চেষ্টা হয়েছে যে, ওটা মালিকরা করে নি, অন্যরা করেছে। হুইসপারিং করে একথা বলবার চেষ্টা হচ্ছে। স্যার, আরও ইলেকশনের প্রস্তুতি কিভাবে হচ্ছে এবং বামপন্থীদের কিরকমভাবে জব্দ করবার চেষ্টা হচ্ছে, এই নরসিংহ রোডের আর একটি জায়গার ঘটনা বলছি। সেখানে কিছু নেই, কোন গোলমাল নেই, গরিব কয়েকটি ছেলে তারা গত ইলেকশনে যেহেতু কংগ্রেসের বিরুদ্ধে কাজ করেছিল সেহেতু নানা মিথ্যা অভিযোগ করে তাদের নামে মামলা দায়ের করা হয়েছিল এবং পুলিস সেই ব্যাপারে কংগ্রেসের পক্ষের যারা লোক তাদের সাহায্য করে। এইখানেতে হেরে যাবার পর এই সমস্ত লোকগুলিকে ছেড়ে দেওয়া হল এবং তারপর আবার তাদের নামে অ্যাপীল করা হয়েছে। গরিব লোক তারা এখন ভেবে কাতর যে আমরা কি করে এখন হাই কোর্টের অ্যাপীল লড়ব। লোয়ার কোর্টে আমরা মামলা করে মিথ্যা কেস বলে প্রমাণ করে দিলাম, আমরা ছাড়া পেলাম। এইরকমভাবে অবস্থাটার সৃষ্টি হচ্ছে। তাই বলি, স্পীকার মহাশয়, শ্রেণীব্যবস্থা সমাজে এইরকম ঘটনা অনেক আছে। পুলিসকে বললে কিছু হয় না, তারা চেষ্টা করে, কিন্তু এঁরা তাদের বিপথে নিয়ে যাচ্ছে। যারা ধনতন্ত্রকে রক্ষা করতে চায়, গরিবকে পিষে মারতে চায় তারাই এই পুলিসকে দুর্নীতির পথে ক্রমাগত এগিয়ে দিচ্ছে। আমরা সেই পুলিস খাতে নীতিগতভাবে টাকার বরাদ্দের বিরোধিতা করি। আমরা গরিবরা যে ট্যাক্স দিই সেই ট্যাক্স দিয়ে যে পুলিস পোষা হয় সেই পুলিসকে দিয়ে গরিবকে মারবার জন্য চেষ্টা করা হয়, গরিবের আন্দোলনকে দমন করবার জন্য চেষ্টা করা হয়, সেইজনাই নীতিগতভাবে এই পুলিসের ব্যাপারে, এই বরাদ্দের বিরুদ্ধে আমি বলতে চেয়েছি।

[3—3-10 p.m.]

Shri Amarendra Nath Roy Prodhan:

মিঃ স্পীকার, স্যার, পুলিস বাজেট সম্পর্কে বক্তব্য পেশ করার আগে বলতে চাই যে, গতবারের বাজেট অধিবেশনের সময় পুলিস খাতে ব্যয়বরাদ্দের দাবি আলোচনাকালে মাননীয় সদস্য শ্রীঅপূর্বলাল মজুমদার কর্তৃক একটা বিষয় উপস্থাপিত হয়েছিল যে, পাকিস্তান থেকে জনৈক মেজর এসেছিল ভারতবর্ষে এবং এই কলকাতা শহরের বুকে বিনা পাসপোর্ট ভিসায় তিনি সাতদিন ছিলেন। তখন মাননীয় মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছিলেন যে, এ বিষয়ে তিনি তদন্ত করবেন এবং ভিসার নম্বর এই সভার কাছে রাখবেন। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে, গত বছর জুলাই মাসে যেকথা হয়েছিল সেই জুলাই মাসের পর ১৯৬৩ সালের মার্চ হতে চলল কিন্তু একবারও এই হাউসকে যেকথা মাননীয় মুখ্যমন্ত্রী দিয়েছিলেন তা তিনি রাখবার চেষ্টা করেন নি। মিঃ স্পীকার, স্যার, হাউসের প্রসিডিংস দেখুন, তা হলে দেখতে পাবেন যে, মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতার সময় বলেছিলেন পাকিস্তানের সঙ্গে আমাদের সীমান্ত এলাকার সমস্যা সম্পর্কে। আমি সেই সম্পর্কে আমার বক্তব্য রাখব। আমরা দেখছি পূর্ববঙ্গের সঙ্গে আমাদের পশ্চিমবঙ্গে যে ১,৩০০ মাইল সীমান্ত সেখানে

কি হয়েছে। আমরা সেখানে দেখছি গরু চুরি, মহিষ চুরি, ডাকাতি খুন-জখম নিত্যনৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে। সেখানে আমরা দেখেছি নারীধর্ষণ, নারীহরণ চলছে। আজকে জলপাইগুড়ি জেলার গর্ভবতী মহিলা ফুলমনি সেই পাকিস্তানী নরপশুদের কাছ থেকে রেহাই পায় নি। আমরা জানি, কিছুদিন আগে নদিয়া জেলার সীমান্ত এলাকা থেকে ডাঃ কালিপদ মজুমদারকে পাকিস্তানে জোর করে ধরে নিয়ে যাওয়া হয়েছে। কোচবিহার জেলায় বালাপুর গ্রামে যে সীমান্ত ফাঁড়ি আছে সেখানকার একজন পুলিস কনস্টেবলকে জোর করে পাকিস্তানে ধরে নিয়ে গেল। এর চেয়ে পুলিস বিভাগের অপদার্থতার পরিচয় আর কি হতে পারে? মুখ্যমন্ত্রী হয়ত বলবেন যে প্রতিবাদ করা হয়েছে। আমরা জানি, আপনারা প্রতিবাদ পাঠাবেন, তীব্র প্রতিবাদ পাঠাবেন। ভীষণ প্রতিবাদ, মারাত্মক প্রতিবাদ করা হবে কিন্তু কাজে কোন কিছুই দেখা যাবে না। আপনাদের সীমান্ত এলাকায় যেসমস্ত পুলিস পাহারায় আছে তারা বন্দুক ঘাড়ে আওয়ারার মত দাঁড়িয়ে থাকবেন ফল কিছুই দেখা যাবে না। আমরা দেখছি দিনের পর দিন পাকিস্তানী অনুপ্রবেশ ঘটছে এবং এখানে বসে পঞ্চমবাহিনীর কাজ চালাচ্ছে। এই সব দুর্বৃত্তদের কার্যকলাপ বন্ধ করার ক্ষেত্রে কংগ্রেসী নেতৃবৃন্দ এমনকি কংগ্রেসী মন্ত্রিবৃন্দ পুলিসের কাজে হস্তক্ষেপ করে থাকেন। আমি জিজ্ঞাসা করি, এই সব দুর্বৃত্তদের কেন গ্রেপ্তার করা হয় নি। এখানে 'জাগরণ' নামে একটি পত্রিকা থেকে আমি একটি অংশ পড়ে শোনাচ্ছি। কোচবিহার থেকে জাগরণ পত্রিকা বের হয়; লিখছে—"গত ৬ই ফেব্রুয়ারি হলদিবাড়ি মণ্ডল কংগ্রেসের সহঃসভাপতি এবং ১৯৬২ সালে জুলাই মাসে সরকার কর্তৃক মনোনীত হলদিবাড়ি পৌরসভার সদস্য শ্রীতকী বসুনিয়া ওরফে মহাম্মদুল হক বসুনিয়া তাঁহার দ্বিতীয় স্ত্রীকে গহনাপত্র এবং নিজের জামাকাপড় এবং জুতা ইত্যাদি সহ তাঁহাদেরই পাকিস্তানী ভ্রাতা আবদুল হক বসুনিয়ার সহিত পাকিস্তান দিনাজপুরে পাঠাবার সময় ধৃত হইলেন কাস্টমস কর্তৃক এবং আরও প্রকাশ, এইভাবে বসুনিয়া সাহেবের বাড়িতে তাঁহার ভ্রাতাগণ মাঝে মাঝে অবৈধভাবে যাতায়াত করেন। এ সম্পর্কে পুলিসের গোপন রিপোর্ট রহিয়াছে।" স্পীকার, স্যার, ঘটনার যদি এইখানে শেষ হত তাহলে আমাদের বিশেষ আপত্তি ছিল না। কিন্তু আমরা জানি ৬ই ফেব্রুয়ারি ওই ঘটনা ঘটে যাওয়ার পর সেই যে পাকিস্তানী ভ্রাতা তাঁকে আশ্রয় দেওয়ার ব্যাপারে কারা ছিলেন? কংগ্রেস সভাপতির বিশেষ দূত এই কলিকাতা শহরে এসেছে এবং মাননীয় মন্ত্রী শ্রীমতী আভা মাইতির সংগে সাক্ষাৎ করেছে। ওই কাগজে লিখছে "এখানে উল্লেখযোগ্য যে, শ্রীমতী আভা মাইতি প্রতিরক্ষা তহবিলে চাঁদা অর্থ সংগ্রহের জন্য আসেন বসুনিয়া সাহেবের বাড়িতে। মহম্মদুল হক বসুনিয়া তাঁকে আপ্যায়িত করেন।" এর চেয়ে লজ্জার এবং ধিক্কারজনক কি হতে পারে? এই যে সীমান্ত এলাকা এ সম্বন্ধে আজ বিশেষভাবে দৃষ্টি দিতে হবে। আসামের দিকে তাকিয়ে দেখুন। সেদিকে তাকিয়ে আজ পার্লিয়ামেন্টএর সদস্যরা উদ্বেগ প্রকাশ করছেন। আমি মনে করি যে, এমন দিন আগতপ্রায় যে, আমাদের মুখ্যমন্ত্রীকে এই হাউসে দাঁড়িয়ে বলতে হবে পাকিস্তানী অনুপ্রবেশ সম্পর্কে আমরা কি সিদ্ধান্ত নিতে পারি। কোচবিহার জেলায় তিস্তা নদীর পয়স্তীতে মহম্মদ আবাদ মণ্ডল, মহম্মদ বাগাদি মণ্ডল, মহম্মদ জনমুদ্দিদ মণ্ডল, মহম্মদ সাদীন মণ্ডল, মহম্মদ কাসেমউদ্দিন মণ্ডল এদের বিরুদ্ধে চার্জ সীট দেওয়া হল - পুলিস থেকে বলা হল - তোমরা পাকিস্তানী নাগরিক, ভারত ছেড়ে চলে যাও। কিন্তু আশ্চর্যের কথা, মণ্ডল কংগ্রেসের হস্তক্ষেপে দেখা গেল তাদের আর ফেরত পাঠানো হল না। এদের সার্টিফিকেট দেওয়া হল! কোথা থেকে দেওয়া হল? আসাম সরকার ও ফকরুদ্দিন সাহেবের কৃপায় সার্টিফিকেট নিয়ে আসা হল যে, তারা আগে আসামের নাগরিক ছিল। আমরা পরিষ্কার দেখছি আসামে যেভাবে পাক অনুপ্রবেশ ঘটেছে আজ উত্তরবঙ্গে ঠিক সেইভাবে পাক অনুপ্রবেশ ঘটছে এবং এ যদি বন্ধ করার চেষ্টা না হয় তা হলে ভবিষ্যতে এখানে পাকিস্তান সৃষ্টির ষড়যন্ত্র চলবে।

[3-10—3-25 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্পর্কে আমি যেকথা বলতে চাই, আমি পরিষ্কারভাবে দেখছি ...এক পুলিস চলে রাইটার্স বিল্ডিংস-এর কথায় নয়, চৌরঙ্গী ভবনের কথায়। আজকে কার বিরুদ্ধে পুলিস রিপোর্ট করবে, কার বিরুদ্ধে করবে না, কে চোর, ডাকাত, কে দেশদ্রোহী তাহা প্রমাণিত হবে পুলিস রিপোর্টের ভিত্তিতে নয়, মণ্ডল কংগ্রেস কমিটি কি বলবে তার নির্দেশে।

এবং তার একটা প্রমাণ আমি রাখছি আপনার সামনে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আপনি অনেক কাজে ব্যস্ত থাকেন, নিশ্চয়ই আপনার স্মরণ নাই—হুগলি জেলার একজন ভদ্রমহিলা, সামান্য একজন পুলিস কনস্টেবলের স্ত্রী, আপনার কাছে ১৯৬২ সালের ২০এ জুলাই তারিখে আবেদন করেছিলেন একটি কেস সম্পর্কে যে কেসে তাঁর স্বামী জড়িত ছিলেন এবং পরে অব্যাহতি পান। সেই পুলিস কেসটি হল, হুগলি জি আর ৪৯৭, ১৯৬১, স্টেট ভারসাস শ্যামাচরণ হাজরা পুলিস কনস্টেবল এবং অনিল রায়, গভর্নমেন্ট এমপ্লয়ি। এই কেসের সঙ্গে যাঁরা জড়িত ছিলেন তাঁদের একজনের নাম কমল মুখার্জি, আর একজনের নাম কংগ্রেসকর্মী, [illegible] এম এল এ ব্যোমকেশ মজুমদার। এই অজুহাতে পুলিস কনস্টেবল-এর বিরুদ্ধে মিথ্যা অভিযোগ আনা হল যেহেতু সে ভালভাবে জানত, একটা নারীঘটিত ব্যাপারে ব্যোমকেশ মজুমদার এবং কমল মুখার্জি জড়িত ছিল। এই ব্যাপারে এই পুলিস কনস্টেবলটি তাদের বিরুদ্ধে— [illegible] পুলিস কনস্টেবলের বিরুদ্ধে একটা মিথ্যা কেস নিয়ে আসা হল এবং সেই মিথ্যা কেস [illegible] প্রমাণ হয়ে গেল, ইট ইজ এ ফলস্ কেস, মিথ্যা মামলা। শ্রী হাজরা মুক্ত পেলেন সেই কেস থেকে। শ্যামাচরণ হাজরার স্ত্রী আপনার কাছে আবেদন করেছিলেন—এই অভাবের দিনে যখন শ্যামাচরণের চাকরি ছিল না, তাঁর ছেলে খাবারের অভাবে না খেয়ে মারা গিয়েছে, তাঁর রুগ্না স্ত্রী কোন কিছুই করতে পারে নি। জানি এর কোন প্রতিকার হবে না। কিন্তু এই কেস সম্বন্ধে যে রিপোর্ট বেরিয়েছে সেই রিপোর্টের মধ্যে যে কথাগুলি [illegible] আছে সে সম্পর্কে [illegible] মুখ্যমন্ত্রী [illegible] ব্যবস্থা গ্রহণ করেছেন আমি সেটা জানতে চাই।

[illegible] lie of the prosecution case. P. W. 2 says he was not examined [illegible] I. O. at all.

[illegible] যে ইনভেস্টিগেশন অফিসারএর দায়িত্ব ছিল যে সাক্ষীকে সে [illegible] সে সাক্ষীর [illegible] লিখিতভাবে রিপোর্ট হিসাবে পেশ করবে, কিন্তু আমরা অবাক হয়ে যাই ইনভেস্টিগেশন অফিসারএর কোনরকম রিপোর্ট দাখিল হয় নি এবং সেটা রায়ের মধ্যে অত্যন্ত [illegible] বলা হয়েছে। কাজেই আমি কি মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে পারি এই [illegible] অফিসারের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। [illegible] আপনাদের [illegible] কোন ব্যবস্থা অবলম্বন গ্রহণ করা হবে না, কারণ এই ইনভেস্টিগেশন অফিসারও [illegible] সেই নারীঘটিত [illegible] ঘটনার সঙ্গে জড়িত রয়েছে [illegible] তার সঙ্গে [illegible] মজুমদার প্রমুখ কংগ্রেসী নেতৃবৃন্দ। এজন্য আমি পুলিস বাজেটে [illegible] মুখ্যমন্ত্রী মহাশয় চেয়েছেন তা সমর্থন করতে পারি না, কারণ যে পুলিস নিয়ন্ত্রিত [illegible] তা আমরা কোনদিন সমর্থন করতে পারি না।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

[3-25—3-35 p.m.]

শ্রীনেপালচন্দ্র রায়ঃ মিস্টার স্পীকার [illegible] পুলিস বাজেটকে সমর্থন করতে উঠে আমি [illegible] একটি কথা মাননীয় মুখ্যমন্ত্রী [illegible] নজরে রাখতে চাই। সেটা [illegible] বাংলা- [illegible] পুলিসদের [illegible] সার্ভিস [illegible] বছর [illegible] এ এস আই এস আই বা ইন্সপেক্টরএ [illegible]। প্রমোশন না হবার জন্য তাঁদের সুযোগ-সুবিধা থেকে তারা বঞ্চিত হচ্ছে। আমি [illegible] মুখ্যমন্ত্রী [illegible] দৃষ্টি [illegible]। কারণ পুলিস [illegible] যদি সিকিউরিটি অফ সার্ভিস না থাকে, যদি প্রমোশন না থাকে, তাহলে কিছুতেই ভালভাবে কাজ হতে পারে না। স্যার, আমি এই হাউসে অনেকদিন ধরে আছি, এককালে ঐ [illegible] কড়াভাবে ক্রিটিসিজম করতাম, যেমন আজকে [illegible] পুলিসের বিরুদ্ধে সমালোচনা করছেন। কিন্তু আমি বলব, এর [illegible] ভালও আছে আবার মন্দও আছে সব জিনিসের ভাল দিকও আছে আবার মন্দ দিকও আছে। [illegible] ভাল দিকও [illegible] মন্দ দিকও আছে। চাঁদেরও কলঙ্ক আছে। [illegible] খারাপ কাজই করে তা নয় পুলিস ভাল কাজও যথেষ্ট করে। [illegible] পুলিস অনেক সময় ইচ্ছা করে খারাপ কাজ করে। স্যার, এই হাউসে

আমাদের বিরোধী দলের বন্ধুদের সামনে একটা কথা বলছি—অবশ্য কমিউনিস্ট পার্টিকে বাদ দিয়ে বলছি, কারণ ওদের আমি মশা-মাছি জ্ঞান করি—তাঁরা সমালোচনা করুন, ডেমোক্রেসিতে সেই অধিকার দেওয়া আছে—অবশ্য যাদের ফাদারল্যান্ড রুশে আর মাদারল্যান্ড চায়নাতে তাদের ওখানে ক্রিটিসিজম করলে সেখানে গিলোটিন বক্সএ যেতে হয়, সেজন্য আমি বলছিলাম যে, ক্রিটিসিজম করুন তাতে আপত্তি নাই, কিন্তু অসত্য কথা যেন না বলেন, অসত্য কথা যেন এই হাউসের সামনে না রাখেন। আমি এটাই আমাদের বন্ধুদের কাছে অনুরোধ করব। স্যার, এঁরা বলেছেন যে, কোন খারাপ কাজ হয় যেমন দুধ চুরি, মার্ডার, অমুক, তমুক, সকলের সঙ্গে নাকি এই কংগ্রেসওয়ালারাই জড়িত। কংগ্রেস দেশের মানুষের বৃহত্তর মানুষের প্রতিনিধিত্ব করে তারা এখানে সব থেকে বেশী ভোটে এসেছেন, তাঁরা কি সবাই অসত্য, সবাই ভ্রষ্টাচারী, তাঁরা কি সবাই মিথ্যাবাদী? আমি বিরোধীপক্ষের বন্ধুদের সংযত হয়ে কথা বলতে অনুরোধ করি। তাঁরা মনে করেন, তাঁরা সব বেলুড় মঠের সন্ন্যাসী আর আমরা আলিপুর সেন্ট্রাল জেলের কয়েদী।

আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে, একটা ময়দানের মধ্যে ঘিরে রেখে এই সমস্ত সন্ন্যাসীদের সেখানে থাকবার ব্যবস্থা করুন এবং দেশের মানুষ এসে তাঁদের নমস্কার করে তাঁদের পদরজঃ নিয়ে ধন্য হবে। কারণ এরা কখনও চিন্তা করে না যে, এরা ছাড়া পৃথিবীতে বা ভারতবর্ষে কোন মানুষ সৎ আছে—যা কিছু সব হচ্ছে আমাদের বিরোধী দলের বন্ধুরা। আমি যখন ওদিকে ছিলাম তখন কিন্তু এক কথাই বলেছি যে, কংগ্রেসওয়ালারা সব খারাপ। স্যার, ভয়ে চলে এলাম, কেননা ওখানে যাঁরা আছেন যদি এরা চোর হয় তা হলে ওরা হচ্ছেন ডাকাত। ডাকাতের সংস্রব ছাড়ি—উই আর নোন থিভস্, এঁরা হচ্ছে আননোন ডেকয়েটস্। আর একটা কথা এঁরা বলেছেন কংগ্রেসওয়ালারা মার্ডার করছে, অমুক করছে, তমুক করছে, কিন্তু পুলিস তাতে কিছু করে না। আমি সেই একইভাবে অভিযোগ করছি এবং মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি যে, তিনি ওর জবাব দেবেন। আমাদের যিনি বরানগরের প্রতিনিধি ছিলেন শ্রীধীরেন চ্যাটার্জি, তিনি ঐ বিরোধী দলের কমিউনিস্ট নেতা জ্যোতি বসুর সঙ্গে কনটেস্ট করেছিলেন। তাঁকে যে কমিউনিস্টরা মার্ডার করেছে তার কোন হদিশ হল না। আমার এর কৈফিয়ৎ চাই পুলিসের কাছ থেকে মুখ্যমন্ত্রীর মাধ্যমে। তাঁকে দিনের বেলা হত্যা করল কমিউনিস্টরা এবং রাজনৈতিক কোঁদলের জন্য রাজনীতি চরিতার্থ করবার জন্য আজকে ধীরেনবাবুর মত শান্ত মানুষ হত্যা হল। আমাদের কংগ্রেসশাসিত পুলিস তা যে সেখানে হদিশ করতে পারল না তা হলে কি ধরতে হবে যে, পুলিসের সঙ্গে কমিউনিস্টদের যোগসাজস রয়েছে। আমি এই হাউসে অভিযোগ করব তিনদিন আগে সোনারপুরের এম এল এ শ্রীখগেন রায়চৌধুরী যখন এই হাউসে এলেন আমরা শুনেছিলাম, চারিদিকে পুলিস পাহারা। পুলিস ধরতে পারল না কি করে তিনি ঢুকলেন—অবশ্য তারপর চলে যাবার সময় অ্যারেস্ট হলেন। আরও কয়েকজন আছেন, আমি নাম বলতে চাই না, পাছে কমিউনিস্টরা টের পেয়ে যায়। কিন্তু তাঁরা আজকে এই হাউসের মেম্বার। অথচ তাঁরা অ্যারেস্ট হচ্ছেন না। অর্থাৎ একথা কি বিশ্বাস করতে হবে যে, কমিউনিস্টদের সঙ্গে পুলিসের যোগসাজস রয়েছে। জেনে রাখুন, পুলিস আপনাদের সবচেয়ে বেশি সুযোগ দেয় অন্যায় করবার। যদি কোন অন্যায় এদেশে হয় তার জন্য শুধু পুলিসকে দোষ দিলে হবে না। আমি জোর করে বলতে পারি, আজকে পশ্চিম বাংলার যিনি চীফ সেক্রেটারি, হোম সেক্রেটারী, যিনি কলকাতার পুলিস কমিশনার এবং যিনি আই জি বাংলাদেশের সৌভাগ্য যে, এইরকম সব ভাল অফিসার আমরা পেয়েছি। কলকাতা পুলিসের ঘোড়া চুরির মামলা হয়েছিল, আরও অনেক মামলা পুলিসের ঊর্ধ্বতন কর্মচারীদের বিরুদ্ধে আমরা শুনেছি। কিন্তু আজকে বাংলাদেশের কর্ণধার বা রাইটার্স বিল্ডিংস-এর কর্ণধারদের বিরুদ্ধে এই অভিযোগ করতে পারেন না। নিম্নে যেসমস্ত কর্মচারী আছে তাদের মধ্যে গলদ থাকতে পারে এবং তা থেকে পুলিস অফিসারও বাদ যায় না। আলিপুর থানায় একজন কর্মচারী একজন নিরীহ মানুষের বিরুদ্ধে অত্যাচার করার কথা আই জির কাছে গিয়ে অভিযোগ করার সঙ্গে সঙ্গে তার বিরুদ্ধে অ্যাকশন নিয়ে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করেছে। আমি জানি মানুষ মাত্রেরই ন্যায়-অন্যায় হয়। যারা কাজ করে তাদের ভুল হয়, যারা কাজ করে না তাদের ভুল করবার কোন সুযোগ হয় না। তাই আপনাদেরও সমালোচনা ছাড়া আর কোন কিছু কাজ করার নেই।

[3-35—3-45 p.m.]

সমালোচনা আপনারা করতে পারেন কিন্তু এর বেশি আপনারা করতে পারবেন না। মাননীয় স্পীকার, স্যার, একটি কথা আপনার গোচরে আনতে চাই। বাংলাদেশের, তথা ভারতবর্ষের ঐতিহ্য হচ্ছে মিউজিয়াম। এই মিউজিয়ামএ লক্ষ লক্ষ টাকার জিনিস চুরি হয় এবং ভারতবর্ষের ইন্টার প্রভিন্সিয়াল গ্যাংস্টারস দ্বারা এই চুরি সাধিত হয়। যে অমূল্য সম্পদ এই মিউজিয়ম থেকে বার তার দাম মাননীয় স্পীকার মহাশয় আপনি দিতে পারবেন না বা সমস্ত পশ্চিম বাংলার ধনসম্পদ দিলেও পাওয়া যাবে না। সেগুলো অত্যন্ত রেয়ার জিনিস। সেগুলোর বার করবার কোনরকম ব্যবস্থা হল না, উপরতলায় সেগুলো ধামাচাপা পড়ে গেল, হয়ত দেখবেন পাশের প্রভিন্সে কিছুদিন পরে তাদের মিউজিয়ামএ গিয়ে বাংলাদেশের সেই সমস্ত অমূল্য জিনিস শোভা পাচ্ছে। তাই এ বিষয়ে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ওদিকের বন্ধুরা বলেছেন আলিপুর দুয়ারের কিছু ঘটনা। আমি আলিপুরদুয়ারে গিয়েছিলাম। যুদ্ধোত্তরে কতকগুলি মিটিং করতে, সেখানে ঐ গণেশ মন্ডলের কথা—যার কথা এখানে উঠেছে। আমি কিছুদিন হল জানি ঐ গণেশ মণ্ডলটি কে, উনি বিরোধী দলের মানুষ, যিনি নাকি বারবার কংগ্রেসী প্রার্থীদের বিরোধিতা করেছিলেন। আমি কোন রাজনৈতিক দলের নাম করতে চাই না—তবে এদিক আর ওদিক ফরোয়ার্ড ব্লক, আর এস পি দলভুক্ত এসব মানুষ। এ'রা করেছেন কি, এ'রা নেফারিয়াস অ্যাক্টিভিটিতে লিপ্ত ছিলেন। এমনকি মেয়েমানুষদের কারবার—মেয়েমানুষ নিয়ে কারবার গণেশ মন্ডল করেছে, এবং সে গণেশ মন্ডল যখন ধরা পড়ে তখন সে কারণে তার সঙ্গে মারামারি হয়। এই কমলবাবু তাঁর কিছু গুন্ডাকে পাঠিয়েছিলেন ঐ মারামারির মধ্যে লিপ্ত করবার জন্য। স্যার, এজন্য আমি বলছি যে, গণেশ মন্ডলের হত্যা এটা একটা নিজেদের ঘরোয়া ব্যাপার, ঘরোয়া কোন্দল—এটা আমাদের ব্যাপার নয়। এ'রা যেকথা বলেছেন—আমি কারুর নাম করতে চাই না, আমার এলাকার বটতলা থানা, একটি বিখ্যাত থানা, সেখানে কিছু রূপসীরা বাস করে, সেখানে হাউসের একজন মেম্বার ইমমোর‍্যাল ট্র্যাফিক অ্যাক্টএ আসামী হয়েছিলেন। আমি তাঁর নাম এখানে বলতে চাই না, কারণ নাম বললে চাকুরী যাবে, আমি এই বলেই আমার বক্তব্য শেষ করব। আমি এই পুলিস বাজেট সম্পূর্ণ সমর্থন করি এবং বিরোধী দলের বন্ধুদের বলি—আপনারা যখন ক্রিটিসিজম করবেন তখন আপনারা কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম করবেন, তা হলে সরকার তা মানবে। যদি আপনারা মনে করেন ক্রিটিসিজম করবার জন্যই ক্রিটিসিজম করব, তা হলে কেউ মানবে না।

Shri A. H. Besterwitch: On a point of order, Sir, just now the honourable member Shri Nepal Roy has expressed that R.S.P. and the Forward Block—he has got certain names of persons who are members of this House—made a conspiracy to murder, and under their instigation a murder at Alipur Duar took place. I request him through you that the names of those who are members of this House may be given to this House as every word that he has expressed is nothing but concoction.

Mr. Speaker: Mr. Besterwitch, there is no point of order in your speech that you have just now made.

Now Shri Padak Mahata.

Shri Padak Mahata:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইংরেজ আমলের মত পুলিস আজও সাধারণ মানুষের কাছে এক ভীতির জিনিস এবং শিক্ষিত সমাজের কাছে অবজ্ঞার জিনিস হয়ে আছে। এবং তার ওপরে স্বাধীন জীবনের শাসনে দায়িত্ববোধের চেয়ে বিশৃঙ্খলার কারণে পুলিস আরও উচ্ছৃঙ্খল হয়ে উঠেছে। কারণ পুলিস আজ শাসনকারীদের দলীয় রাজনীতি ও অপকর্মসমূহের অন্যতম যন্ত্র। এর পরিনাম হয়েছে ভয়ঙ্কর। পুলিসেরাও এর পূর্ণ সুযোগ গ্রহণ করছে। সাধারণ দুর্নীতির জীবনধারার মধ্যে বেপরোয়া অংশগ্রহণ করছে এবং সমাজবিরোধীদের যোগে সমাজে বিপর্যয় সৃষ্টি করছে। এই গুরুতর অভিযোগসমূহের প্রমাণস্বরূপ বহু সাংঘাতিক ঘটনার

দৃষ্টান্ত আমরা সরকারে বহুবার পেশ করেছি। কিন্তু কিছুই হয় নি। সে সমস্ত দৃষ্টান্তের পুনরাবৃত্তি না করে, অধুনা অনুষ্ঠিত কতকগুলি ঘটনার দৃষ্টিতে কিছু আলোচনা এখানে করব। বড়াবাজার থানার কয়েকটি গ্রামে কতকগুলি দুর্বৃত্ত অবাধে জনপীড়ন করে বেড়াচ্ছে বহুকাল ধরেই। তাদের এই বেপরোয়া উপদ্রবের মূলে আছে পুলিসের সক্রিয় যোগ এবং নিষ্ক্রিয়ভাবে থেকে সুযোগ দান। দীর্ঘকাল ধরে এ বিষয়ে অভিযোগ করেও কিছু হয় নি। সম্প্রতি এখানকার সর্বোচ্চ পুলিস বিভাগে সমস্ত বিষয় জানিয়েও কোন প্রতিকার হচ্ছে না। একটা তদন্ত পর্যন্ত নেই। পুলিসের পক্ষ থেকে যদি কেউ যায় -তবে সে কেবল তাদের অনুচরবর্গকে সামলে দিতে। এই অবস্থাটির থেকেই সাধারণ পরিস্থিতি অনুভব করা যায়। পুলিসকে অপরাধ ধরবার ক্ষমতা দেওয়া হয়েছে- পুলিসের অপরাধ ধরবার কোন কার্যকরী ব্যবস্থা নেই। জনশক্তির সহায়তায় এর প্রতিবিধান ব্যবস্থা হতে পারত এবং পারে, কিন্তু তা কার্যকরী হলে কংগ্রেসের কর্তৃত্ব চলবে কি করে? অপরাধীকে ধরাব দায়িত্বের অন্যায় সুযোগ গ্রহণ করে পুলিস অবাধে অন্যায়ভাবে বহু লোককে অভিযুক্ত করে। এবং এর জন্য পুলিসের হাতে সবচেয়ে সুবিধের যেসব দণ্ডধারা আছে—সেগুলি ১০৭, ১০৯, ১১০ প্রভৃতি আইনগুলি। রাজনৈতিক অবাঞ্ছিত উদ্দেশ্যেও এই ধারাগুলির অবাধ ব্যবহার হচ্ছে এবং নির্দোষ মানুষ বহুভাবে লাঞ্ছিত হওয়ার পর নিরপরাধ সাব্যস্ত হচ্ছে। এর বহু সাম্প্রতিক উদাহরণও আমাদের কাছে আছে এবং অভিযুক্ত মানুষের বিচার ও দোষ সাব্যস্ত হওয়ার আগেই তার প্রতি বহুতর দীর্ঘ শাস্তির অবাধ ব্যবস্থা, পুলিসের হাতে দেওয়া আছে। অপরাধীদের হাজত বাস করিয়া জামিন না দেবার সহজ পুলিসী প্রবৃত্তির ফলে বহু লোক দোষী সাব্যস্ত হওয়ার আগেই দীর্ঘ থেকে সুদীর্ঘকাল হাজতবাস করছে এবং অভিযুক্তকে হাজতে ফেলে রেখে, মামলার জন্য প্রস্তুত না হয়ে তাকে লক্ষ্যহীন ভবিষ্যতের ওপর রেখে দেওয়া হচ্ছে। মামলার দিন আগে পুলিসের গাফিলতির ফলে দিন বাড়ে। এই কদর্য ব্যবস্থাধারা ব্যক্তি-স্বাতন্ত্রে জীবনকে অসহনীয় করে তুলেছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, কিছুদিন আগে আমি একটা কলিং অ্যাটেনশন দিয়েছিলাম পুলিসের অপকর্ম সম্বন্ধে। মাননীয় মুখ্যমন্ত্রী এক কথায় তার উত্তর দিয়েছিলেন "সব ঝুটা হ্যায়"। "সব ঝুটা হ্যায়" বললেই তো সব ঝুটা হয়ে যাবে না। এই হাউসের কি কংগ্রেসপক্ষ কি বিরোধীপক্ষ যাঁরা বিভিন্ন অঞ্চল থেকে এসেছেন, বিশেষ করে সীমান্ত অঞ্চল থেকে তাঁরাই বলছেন পুলিসের অপকর্ম দিন দিন কিভাবে বেড়ে যাচ্ছে। স্যার, আমি এখানে দু-একটি তথ্য তুলে ধরতে চাই। গত ১৯-১-৬৩ তারিখে তেহট্ট থানার অধীনে একজন ডাক্তার তাঁর নাম কালিপদ মজুমদার, তাঁকে পাকিস্তানীরা ধরে নিয়ে যায়। গভর্নমেন্টের সে ব্যাপারে বক্তব্য হল

"He was kidnapped by three E.P.R. men while he was going to attend his professional call at Sahapur.".

আবার নদিয়ায় ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তাঁর ভাষণ হল—

He was kidnapped when he was inspecting gram crops.

[3-45—3-55 p.m.]

স্যার, এই সরকার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের একরকম বক্তব্য, আর সেই সরকারের আর একরকম বক্তব্য। দুপক্ষের মধ্যে একথা কেউ বলছেন না যে তাঁকে গ্রেপ্তার হবার সময় তাঁর কাছে একটি পিস্তল ছিল। কেন পিস্তল নিয়ে তিনি ঐ জিনিস নিয়েছিলেন, তা জানা নাই। সবচেয়ে আশ্চর্যের কথা ডি এম, নদীয়া, জানালেন স্টেট গভর্নমেন্টকে যে

"The Doctor was very useful to the administration"

অথচ আমরা জানি এই ভদ্রলোক একজন সমাজবিরোধী লোক। এই সমাজবিরোধী লোকটিকে সাহায্য করবার জন্য কি স্টেট গভর্নমেন্ট, কি আপনার জেলা কর্তৃপক্ষ এমন কি মন্ত্রীরা পর্যন্ত উদ্‌গ্রীব হয়ে উঠেছেন। কেন না, সমাজবিরোধীদের আশ্রয়দানই হচ্ছে বর্তমান কংগ্রেসী সরকারের নীতি।

[এ ভয়েসঃ আঁ!, কি বললেন ?]

তারপর মুর্শিদাবাদ জেলার ব্যাপারে আসি। ১৯৬১ সালের ১৭।১৮ই নবেম্বর তারিখে জেল থেকে তিনজন পাকিস্তানী বন্দী পালিয়ে যায়। এই সম্পর্কে প্রশ্ন করলে তার একটা উত্তর সরকার দিয়েছিলেন ৪ঠা আগষ্ট তারিখে। প্রশ্নটা ছিল বন্দীরা কিভাবে পলায়ন করেছে এবং অপাততঃ জেলের সংশ্লিষ্ট কর্মচারীদের এই পলায়নের ব্যাপারে কোন হাত ছিল কিনা? সরকার উত্তরে বললেন - তাহা এখনো সঠিক জানা যায় নাই। এ বিষয়ে অনুসন্ধান চলিতেছে।

এই কথা যদি তাঁরা জানতে না পারেন, তাহলে কিভাবে তাঁরা শাসন চালাতে পারেন? এটা এখানে শেষ হয় নাই। আবার এক বছর পরেও ঠিক ঐ একই উত্তর - অনুসন্ধানের ফলাফল জানা যায় নাই। আমার অ্যাডমিটেড কোয়েশ্চন নম্বর ৩৬৩, ১৪ই মার্চ, ১৯৬৩। তার উত্তর তাঁরা দিলেন -

দুজন হেড ওয়ার্ডার ও তিনজন ওয়ার্ডারকে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে চাকরী হইতে। দুজন হেড ওয়ার্ডার ও তিনজন ওয়ার্ডারের বিরুদ্ধে মামলা করা হয়েছে। ব্যাপারটার এখনো তদন্ত চলিতেছে।

এক বছর পরেও ঐ তদন্ত চলেছে। আবার এক বছর পরে প্রশ্ন করলে হয়ত ঐ উত্তর আসবে "মা ফলেষু কদাচন"।

তারপর আর একটি ঘটনা। কিছুদিন আগে বহরমপুরে একটা জোড়া খুন হয়। যাদের খুন করা হয়, তারা অবস্থাশালী লোক। এখান থেকে পুলিস কুকুর নিয়ে যাওয়া হল। কুকুর এদিক সেদিক ঘোরাফেরা করার পর এক পুলিস ফাঁড়িতে গিয়ে ঢুকে পড়লো। পুলিস কুকুরও যদি পুলিস ফাঁড়িতে গিয়ে ঢোকে, তাহলে তো অসুবিধা। সঙ্গে সঙ্গে কুকুরকে কলকাতায় পাঠিয়ে দেওয়া হল। আর কি হল? কিছু কিছু সাধারণ লোককে গ্রেপ্তার করা হলো। কিছুদিন আগে প্রকাশ্য দিবালোকে হত্যা করা হলো একজনকে মুর্শিদাবাদ জেলায়। আজ পর্যন্ত সেই সম্পর্কে কোন অপরাধীকে পুলিস ধরতে পারেনি। আমরা জানি কারা হত্যা করেছে এবং কিভাবে হত্যা করা হয়েছে। আজ যদি একথা কিছু বলতে যাই তাহলে আমরা হবো সমাজদ্রোহী ও ব্ল্যাকমার্কেটিয়ার। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে গুঁড়া দুধের কারবারে যেসমস্ত অপরাধীকে গ্রেপ্তার করা হয়েছে, তাদের বিরুদ্ধে অ্যাকশন নেওয়া হচ্ছে। আমি কি জিজ্ঞাসা করতে পারি পশ্চিমবঙ্গের কংগ্রেস কমিটির সম্পাদক হংসধ্বজ ধাড়া, তিনি যখন দু' হাজার পাউন্ড দুধ নিজের কাছে নিয়ে যান, আজ পর্যন্ত তার রিটার্ন দেন নাই, উত্তরও দেন নাই, হিসেবও দেন নাই। কিন্তু আজ কংগ্রেস সেক্রেটারী হলে দু-হাজার কেন, দু-লক্ষ পাউন্ড দুধ চুরি করলেও কোন অন্যায় হয় না, কোন কৈফিয়ৎ দিতে হয় না। অন্যায় হয় কখন? যখন জনসাধারণ ভাত, কাপড়, জীবন ও জীবিকার জন্য দাবী জানায়। লালগোলা থেকে আরম্ভ করে মুর্শিদাবাদের প্রত্যেকটি জেলায় প্রত্যেকটি অঞ্চলে গিয়ে দেখুন দেখবেন সেখানে চোরাকারবারের অবাধে রাজত্ব চলেছে। থানায় গিয়ে পুলিসকে বললে, তারা বলেন দিনের বেলায় লণ্ঠন জ্বালিয়ে ঠন্ ঠন্ করে টাকা নেবো, কে কি করতে পারে দেখি। দিনের বেলায় আলো জ্বালিয়ে তাঁরা ঠন্ ঠন্ করে টাকা নেবেন, তাদের কেউ কিছু বলতে পারবেন না। এই যদি সরকারের নীতি হয়, এই যদি সরকারের সুষ্ঠু শাসন ব্যবস্থা হয়, তাহলে অবশ্য বলবার কিছু নেই।

আর একটা কথা বলে আমি বক্তব্য শেষ করবো। যদি সত্যি সত্যিই আপনারা আমাদের কো-অপারেশন চান। যদি সত্যি সত্যিই আপনারা পুলিসের এই সমস্ত অন্যায়, অবিচার বন্ধ করা সম্বন্ধে কিছু করতে চান, তাহলে নিশ্চয় আমরা ফুল কো-অপারেশন দেবো। কিন্তু এইভাবে যদি পুলিসকে অন্যায়ের প্রশ্রয় দিয়ে কাজ চালান, তাহলে আমরা সেখানে কোন কো-অপারেশন দিতে পারবো না, আমরা সেখানে বাধা দেবো।

Shri Nimai Chand Murmu:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের মাননীয় পুলিস মন্ত্রী পুলিস খাতে ব্যয় বরাদ্দ মঞ্জুরীর দাবী করেছেন, এই বরাদ্দ আমরা সমর্থন করবো কি না করবো, সেটা স্থির করতে হলে, একটানা ১৪।১৫ বছর ধরে এই কংগ্রেসী স্বাধীন রাজত্বে পুলিসের কর্মতৎপরতা একবার তলিয়ে দেখা দরকার। আমি স্বাধীন দেশের একজন নাগরিক, এই কথা যখনই আমার মনে উদয় হয়,

তখনই আনন্দে আমার বুক ফুলে ওঠে। কিন্তু যখনই পুলিসের কার্যকলাপ সমালোচনা করতে আমরা যাচ্ছি, ঠিক তখনই কে যেন আমার বুকে কুঠারাঘাত করছে। মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এই স্বাধীন রাজ্যে বিগত ১৪।১৫ বছর ধরে গণতন্ত্র প্রিয় মানুষ যখন নিজেদের মরণের হাত থেকে বাঁচবার তাগিদে শান্তিপূর্ণ পদ্ধতিতে, শান্তিপূর্ণভাবে আন্দোলন করেছে, তখন তাদের উপর পুলিসের কি নির্মম অত্যাচার, জুলুম, পীড়ন ও দমনমূলক ব্যবস্থা অবলম্বন করা হয়েছে, তা আমরা সকলে জানি। আমরা এও জানি যে কেমন করে, কিভাবে ষড়যন্ত্র করে কংগ্রেসী নেতার নেতৃত্বে কংগ্রেসী পুলিসরা কমিউনিস্ট পার্টির কর্মি, নিষ্কলঙ্ক দেশপ্রেমিকদের মধ্যে কলঙ্ক লেপন করছেন। একথা আমরা সকলেই জানি। আপনার কাছে একটা, একটা করে দৃষ্টান্ত দিয়ে সেটা দেখিয়ে দেবো। আমি যেসমস্ত দৃষ্টান্ত দেবো পুলিসের কার্যকলাপ সম্বন্ধে, সে সম্বন্ধে যদি কোন কংগ্রেস সদস্যের মনে এই ধারণা হয় যে এই কথা অসত্য, কিম্বা কোন মন্ত্রিমহাশয় যদি বলেন আমার একথা মিথ্যা, তাহলে আমি তাঁদের কাছে অনুরোধ জানাবো তাঁরা আমার সঙ্গে চলুন, আমি এ সমস্তগুলি প্রমাণ করে দেবো। আর যদি সমস্ত কংগ্রেস সদস্যরা আমার কথা অসত্য বলে ষাঁড়ের মত চীৎকার করতে থাকেন, তাহলে তাঁদের কাছে আমার চ্যালেঞ্জ থাকবে।

[Interruptions by Shri Nepal Chandra Roy.]

Mr. Speaker: Mr. Roy, please do not disturb.
আপনার যদি কোন পয়েন্ট অব অর্ডার থাকে তাহলে বলুন।

[Continued interruptions by Shri Nepal Chandra Roy and Dr. Radha Krishna Pal.]

Shri Nikhil Das:

এই দুজন আপদ বসে আছেন। নেপালবাবু ও রাধাকৃষ্ণবাবুকে আপনি দয়া করে চুপ করতে বলুন।

[Noise and interruptions.]

Mr. Speaker:

আমি ত বলছি অনবরত। মিঃ রায়,
you are awefully disturbing the House. Please do not disturb the House.

Shri Nimai Chand Murmu:

মাননীয় স্পীকার মহাশয়, এই একটানা ১৪।১৫ বৎসর ধরে কংগ্রেসী রাজত্বের ফলে, আমাদের পশ্চিম বাংলার মফঃস্বল অঞ্চলে, গ্রামে গ্রামে চুরি, ডাকাতি দিন দিন বেড়ে চলেছে। কিন্তু সেই চোর ডাকাত ধরা পড়ছে না। যদি বা দু-একজন চোর ধরা পড়ছে, তাদের শাস্তি দেওয়া হচ্ছে না। আমাদের কমিউনিস্ট কর্মী হাবিবপুর থানায় গোরু চোরকে হাতেনাতে ধরে পুলিসের হাতে দিয়ে এসেছেন। কিছুদিন পরে দেখা যায় সেই গরু-চোর জেল থেকে বেরিয়ে এসে নির্বাচনের সময় তেরঙ্গা ঝাণ্ডা ঘাড়ে নিয়ে চিৎকার করে বলছে দেশে যদি শান্তি চাও, তাহলে কংগ্রেসকে সবাই ভোট দাও। এই হচ্ছে কংগ্রেসী নেতাদের কার্যকলাপ। তাঁরা চোরদের সঙ্গে হাত মিলিয়ে নির্বাচনে জিততে চেষ্টা করেন।

[3-55—4-5 p.m.]

তার থেকে জনসাধারণের ধারণা পরিষ্কার হয়ে উঠেছে এই কংগ্রেসীরাই চোরদের সঙ্গে যোগসাজসে পাকিস্তানে পার করে দিচ্ছে। এই সমস্ত প্রমাণ আমাদের হবিবপুর থানায় রয়েছে। আরো দৃষ্টান্ত দেবো, সেটা হচ্ছে পাকিস্তানের সীমান্তে পালিয়াচক থানায় সাবদলপুর বর্ডারে প্রতি সপ্তাহে শত শত গরু পাচার হয়ে যাচ্ছে। এই সম্পর্কে মালদহ জেলার সমাহর্তা, পুলিস সাহেব, এবং আমাদের বাংলাদেশের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেও তার কোন প্রতিকার হয়নি। আপনারা বলেন যে আমাদের সহযোগিতা চান, আমরা বলেছিলাম আসুন আমাদের সঙ্গে সহযোগিতা করুন, আমরা ধরিয়ে দেবো সেই সমস্ত গরুচোর যারা গরু পাকিস্তানে পাচার করছে। কিন্তু সেই সমস্ত পাচার বি ও পি ক্যাম্পের সম্মুখ দিয়ে হচ্ছে এবং সেই পাচার কি

করে সম্ভব হচ্ছে? এত গরু মহিষ পাকিস্তানে চলে যায় তা একমাত্র সম্ভব তখনই যখন পুলিসকে টাকা দিয়ে নিয়ে যাওয়া হয় তাছাড়া কোন মতেই সম্ভব নয়। এইরকম ঘটনা আরো হবিবপুর থানায় রয়েছে, সেটা হচ্ছে হরিশ্চন্দ্রপুর বর্ডার, সেখানেও বামনগোলা থানার গরু-মহিষ চুরি হয়ে যাচ্ছে এবং সেই বি ও পি ক্যাম্পের সম্মুখ দিয়ে পাকিস্তানের পাচার হয়ে যাচ্ছে। এই জিনিস আমরা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেও তার প্রতিকার পাইনি। একথা যদি কোন মন্ত্রী, কোন সদস্য অসত্য বলে মনে করেন, আসুন আমি আপনাদের চোখে আঙ্গুল দিয়ে প্রমাণ করে দেবো যে এই সমস্ত হামেশা হচ্ছে।

[হট্টগোল।]

শ্রীনেপালচন্দ্র রায়ঃ স্যার চোখে আঙ্গুল দেওয়া হচ্ছে......

Mr. Speaker: Mr. Roy, I cannot allow this type of interruption on the floor of the House. Please take your seat. If you have a point of order you may raise it. Otherwise you have no right to stand up.

শ্রীনিমাইচাঁদ মুর্মুঃ মাননীয় স্পীকার মহাশয়, আর একটি কথা আমি বলতে চাই সেকথা হচ্ছে এই কংগ্রেসী নেতারা আজকে কোথায়ও রাজনৈতিক স্বার্থে কোথায়ও ব্যক্তিগত স্বার্থে থানাকে ব্যবহার করছে। তার জাজ্জ্বল্যমান দৃষ্টান্ত হবিবপুর থানা। আমি একথা বলবো যখন আমাদের মালদহ জেলায় কমিউনিস্ট পার্টির নেতৃত্বে একটি শক্তিশালী কৃষক আন্দোলন পরিচালিত হচ্ছিল তখন সেখানকার কংগ্রেসী জোতদাররা খুব অসুবিধা ভোগ করছিল সেখানে সমস্ত মানুষ তারা কমিউনিস্ট পার্টির নেতৃত্বে পরিচালিত হচ্ছে এতে নির্বাচনে আমরা জিততে পারবো না, কি করে কমিউনিস্ট পার্টির নেতৃত্বে এই গণ-আন্দোলনটা আমরা ভেঙ্গে দিতে পারি সেজন্য তারা পুলিসের সঙ্গে নানাভাবে যোগসাজস করে মিথ্যা কেসে তাদেরকে জড়িয়ে শত শত কৃষককর্মী ও সাধারণ কৃষককে তারা হয়রান করে আসছে গত কয়েক বৎসর ধরে। কিন্তু, মাননীয় স্পীকার মহাশয়, এই ভারত রক্ষার হিড়িকে কিভাবে এই কংগ্রেসী নেতারা পুলিসের সঙ্গে যোগসাজস করে কমিউনিস্ট পার্টির নিষ্কলঙ্কময় দেশপ্রেমের মধ্যে কলঙ্ক লেপন করছে তার একটা জাজ্জ্বল্যমান দৃষ্টান্ত দিচ্ছি। হবিবপুর থানায় একজন বিশিষ্ট কংগ্রেস নেতা, শৈলেন রায় তার নাম তার নেতৃত্বে কিছু কংগ্রেস কর্মী এবং কিছু গুণ্ডার সঙ্গে যোগসাজস করে চীনা আক্রমণের সমর্থনে কমিউনিস্ট পার্টির নামে পোস্টার গ্রামের দেওয়ালে দেওয়ালে দিয়েছিল। গ্রামের লোকের কাছে যখন সেটা ধরা পড়লো, তৎক্ষণাৎ তা হবিবপুর থানায় ইজাহার করা হয়েছে কিন্তু থানার পুলিস নীরব দর্শকের ভূমিকা পালন করেছে। গ্রামবাসীরা আশা করেছিল এই নিষ্কলঙ্ক দেশপ্রেমিকতার মধ্যে যে সমস্ত কংগ্রেসী নেতারা এবং গুণ্ডারা কলঙ্ক লেপন করার চেষ্টা করেছে বোধহয় তারাই ভারত রক্ষা আইনে গ্রেপ্তার হবে কিন্তু তাদের আশা ভরসা একেবারে নিরাশ হয়ে গিয়েছে। তার কিছুদিন পরে আমরা দেখলাম যে সমস্ত দেশপ্রেমিক রয়েছে, যাদের দেশপ্রেমিকতা তাদের কার্যকলাপের মধ্যে ফুটে উঠেছে সেই সমস্ত কমিউনিস্ট পার্টির নেতাদের গ্রেপ্তার এবং ধরপাকড় করে কারারুদ্ধ করে দিয়েছেন এবং এমনি ভাবে তাদের দেশদ্রোহিতা প্রমাণ করতে চান। আমি চ্যালেঞ্জ করে বলছি কংগ্রেসী নেতারা পুলিশের যোগসাজসে কোথায়ও রাজনৈতিক স্বার্থে, কোথায়ও বা নিজেদের ব্যক্তিগত স্বার্থে তাদের উপরে এইরকম ষড়যন্ত্রমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন।

(**শ্রীনেপাল রায়ঃ** বেশ করেছে।)

আসুন যে সমস্ত কংগ্রেসী সদস্য অসত্য বলে ষাঁড়ের মত চীৎকার করছেন চলুন সেখানে, মুখ্যমন্ত্রীর কাছে আমার অনুরোধ যে আপনারা আসুন আমি দেখিয়ে দেবো।

[Noise and interruption.]

Mr. Speaker: Mr. Roy, I again request you not to interrupt in this way.

শ্রীনিমাইচাঁদ মুর্মুঃ মিঃ স্পীকার, স্যার, আর একটা কথা, আমাদের একজন কর্মী, দরবারী মণ্ডলকে ভারতরক্ষা আইনে আটক করা হয়েছে। আমি, স্পীকার মহাশয়, আপনার কাছে একটি বক্তব্য রাখতে চাই সেটা হচ্ছে বৃটিশ রাজত্বের আমলে ১৯৩০ সালের স্বাধীনতা আন্দোলনে

যেসমস্ত রাজনৈতিক বন্দীরা ছিলেন তাঁদের মধ্যে যাঁদের মাথা খারাপ হয়ে গিয়েছিল ব্রিটিশ সরকার তাঁদেরকে মুক্তি দিয়ে দিয়েছিলেন। কিন্তু আজকে এই ভারতরক্ষার হিড়িকে যেসমস্ত দেশপ্রেমিক কমিউনিস্ট নেতাদের আটক রাখা হয়েছে তার মধ্যে একজন দরবারী মণ্ডল তার মাথা খারাপ হয়ে গিয়েছে। আমি অনুরোধ জানাচ্ছি জেল মন্ত্রীর কাছে, মুখ্যমন্ত্রীর কাছে, এবং সরকারের কাছে সেই দরবারী মণ্ডল তাকে জেলখানায় আটক করার পর থেকে তার মাথা খারাপ হয়ে গিয়েছে, পাগল হয়ে গিয়েছে, অতএব তাকে আপনারা মুক্তি দিন।

[হট্টগোল]

Mr. Speaker: Mr. Nepal Roy, I am giving you the last warning You can not disturb the proceedings of the House. I requested you several times not to do this.

শ্রীকমলকান্তি গুহ: স্যার, ডেপুটি মিনিস্টার আশু ঘোষ ওখানে গোলমাল করছেন।

Mr. Speaker: Mr. Guha, it is my duty—not yours.

শ্রীনিমাইচাঁদ মুরমু: আর যদি না দেন তাহলে আমি প্রশ্ন করে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো যে আমার সহকর্মী, আমার ঘনিষ্ঠতম বন্ধু দরবারী মণ্ডল, তাকে দমদম জেলে আটকে রেখে তার মাথা খারাপ করে দেওয়া হয়েছে অতএব সেই দরবারী মণ্ডলকে মুক্তি দিন। মুক্তি দিলে পরে নিশ্চয়ই তার পরিবারের সংগে যোগাযোগ করে তার মাথা ভাল হতে পারে এবং জেলখানার যিনি ডাক্তার তিনিও নাকি সেই মতই পোষণ করেছেন। তিনি বলেছেন তাকে মুক্তি দিয়ে তার সংগে যদি তার বাড়ীর সমস্ত লোকের মেলামেশা করতে দেওয়া হয় তাহলে তার যে ব্রেন ডিফেক্ট সেটা নাকি পরিষ্কার হয়ে যাবে। তা যদি আপনারা না করেন তাহলে আমি প্রশ্ন করবো যে এইভাবে রাজনৈতিক কর্মীদের জেলখানায় বন্ধ করে তাদের মাথা খারাপ করে দেওয়াই কি আপনাদের উদ্দেশ্য? এই উদ্দেশ্য নিশ্চয়ই আমাদের চিফ মিনিস্টারের নয় এবং সেইজন্য আমি আশা করবো যে আপনারা তাকে মুক্তি দেবেন।

আর একটি কথা, স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে জানাতে চাই যে, এই ভারতরক্ষার হিড়িকে কিভাবে এই কংগ্রেসী নেতাদের নেতৃত্বে পুলিসের যোগসাজসে জোতদাররা আমাদের উৎপাদনকে ব্যাহত করছে। কৃষক, যারা নিজেদের রক্ত জল করে, মাথার ঘাম পায়ে ফেলে জমিতে ফসল উৎপাদন করেছে সেই সমস্ত কৃষকের ধান কংগ্রেসী নেতাদের নেতৃত্বে পুলিসের যোগ সাজসে জোতদাররা জোর করে কেটে নিয়ে গিয়েছে। একথা বিধানসভা ভবনে আরো আগে বলা হয়েছে এবং এই দৃষ্টান্ত ভুরিভুরি রয়েছে। হবিবপুর থানার অন্তর্গত বুলবুলচণ্ডী নিবাসী কৃষ্ণ সাহা বেগুনবাড়ী গ্রামের বি ও পি, পুলিস ক্যাম্পের পুলিসের সাহায্যে সমস্ত ধান কেটে নিয়ে চলে গিয়েছে এবং তার পরিমাণ প্রায় ১৯ থেকে ২০ বিঘা। এই সব কারণে এই ব্যয় বরাদ্দকে আমরা কোন মতে সমর্থন করতে পারি না।

[4-5—4-15 p.m.]

Mr. Speaker: Now, Shri Bhabani Mukhopadhyay may like to speak.

শ্রীভবানী মুখোপাধ্যায়: মাননীয় স্পীকার মহাশয়, এই পুলিস বাজেট.........

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, নেপালবাবু ফ্লোর ক্রস করে ওদিক থেকে এদিকে চলে এলেন। তাহলে এখন আমরা কি বুঝবো, নেপালবাবু কোন দলের?

Crossing the floor of the House by members

Mr. Speaker: Mr. Adhikary, from tomorrow I will stop any one from crossing the floor. I think more members from the left often cross the floor. I will follow the rules strictly. So, you all will please remember that from tomorrow I will stop the honourable members from crossing the floor. I request the honourable members to refrain from crossing the floor very often.

শ্রীঅপূর্বলাল মজুমদার: স্যার, আমরা অনেক সময়, অনেক কাজে ফ্লোর ক্রস করে মন্ত্রীদের কাছে যেয়ে থাকি, কিম্বা আপনার কাছে যেয়ে থাকি।

Mr. Speaker: That is not the procedure. Whenever you come to me do not cross the floor.

শ্রীঅপূর্বলাল মজুমদার: সেকথা ঠিক। কিন্তু যেখানে একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হচ্ছে, আমি দেখছি, মাত্র দু'তিনজন সদস্য এখানকার সমস্ত ডিগনিটি এবং ডিসিপ্লিন্ নষ্ট করে দিচ্ছেন, সেদিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Speaker: Every one must stop it, no question of one or two—no question of number. No member should cross the floor.

Shri Bhabani Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই পুলিস বাজেট সম্বন্ধে আলোচনা করবার সময় আমি বিশেষ করে ভারতরক্ষা আইন যেভাবে প্রয়োগ করা হচ্ছে দলীয় স্বার্থের কাজে লাগিয়ে বিরোধী দল, বিশেষ করে কমিউনিস্ট পার্টিকে দমন করবার জন্য তার কয়েকটা দিক আমি তুলে ধরতে চাই। আমরা সকলেই জানি যে, গত সেপ্টেম্বর, অক্টোবর, নবেম্বর মাস থেকে যখন দেশে জাতীয় জরুরী পরিস্থিতির সৃষ্টি হল সেই নিদারুণ জাতীয় সংকটের সময় সমস্ত দেশবাসী সংঘবদ্ধভাবে ঐক্যবদ্ধভাবে দেশের বিরুদ্ধে আক্রমণকারীদের বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধ প্রস্তাব নিয়েছিলাম। শুধু লোকসভায় নয়, এই বিধানসভা ভবনেও আমরা সম্মিলিতভাবে প্রস্তাব গ্রহণ করে যাতে করে জাতীয় সংকটে দেশের শত্রুকে প্রতিরোধ করতে পারা যায় তার জন্য সকলে মিলে লড়বার জন্য একটা জাতীয় প্রতিজ্ঞার চেহারা সমগ্র বিশ্বের সামনে তুলে ধরেছিলাম, এবং এটা স্বভাবতঃই বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় যে, সেই ঘটনায় আমাদের দেশের যে সর্বসম্মত, সর্ববৃহৎ ঐক্য সেই ঐক্যের মধ্যে কোন ফাটল ছিল না, কোন দলাদলি ছিল না, কোন ভাঙ্গন ছিল না—সেই বিরাট ঐক্য-শক্তি আজকে আমাদের দেশের উপর যে আক্রমণকারী তাকে প্রতিরোধ করতে সহায়তা করেছে—সেদিক থেকে মস্তবড় কাজ করেছে। আমরা জানি বিশেষ করে আমাদের পার্টিকে বারবার সরকারপক্ষ থেকে নিন্দিত করা হয়, তার বিরুদ্ধে অভিযোগ আনা হয় দেশরক্ষার কাজে আন্তরিকতা ছিল না—এই নিন্দাবাদ করা হয়—এখানে শুধু এসেম্বলী ভবনেই নিন্দাবাদ করা হয়নি—তারপরে, অত্যন্ত দুর্ভাগ্যের কথা যে জাতির ও দেশের যখন সংকট যেখানে সমস্ত মানুষ জাতীয় স্বার্থে দলাদলির উর্ধ্বে উঠে সমগ্রভাবে দেশের ঐক্যকে গড়ার যে কাজ ছিল সেই ঐক্য গড়ার সহায়তা না করে সরকারী দলের আমরা দেখছি, কোন কোন মানুষ সরকারী যন্ত্রকে ব্যবহার করে, পুলিস যন্ত্রকে ব্যবহার করে বিরোধীপক্ষ যেখানে যেখানে শক্তিশালী, বিরোধীপক্ষের যেখানে প্রভাব সেখানে তাকে দলীয় স্বার্থে ভাঙ্গবার জন্য কাজে নিয়োগ করেছেন, এবং সেই জঘন্য নিয়োগের উদাহরণ হিসাবে আজকে অসংখ্য মামলা রুজু করা হয়েছে এবং মামলা রুজু করে দেখানোর চেষ্টা করা হচ্ছে আজকে বুঝি দেশের সর্বত্রই শত্রুরা কাজ করছে। এটা করে কি, মিথ্যা মামলা, অসত্য মামলার সৃষ্টি করে, নানারকম কাল্পনিক ঘটনার সৃষ্টি করে দেশের মধ্যে আমাদের এত শত্রু আছে বলে প্রমাণ করতে চাচ্ছেন, অতগুলো ধ্বংসাত্মক কাজ চলছে যা প্রমাণ করতে চাচ্ছেন—তাঁরা কি আসলে পরোক্ষভাবে যে বিদেশী তারই সাহায্য করছেন না? তার কাজকেই কি এগিয়ে নিয়ে যাচ্ছেন না? যে দেশে আমাদের সমস্ত অংশের মধ্যে, সৎ মানুষের মধ্যে একতা ছিল সেখানে আজকে দলীয় স্বার্থে দলের সুবিধার জন্য যদি অপর দলের, বিরোধী দলের মানুষকে মামলায় জড়িয়ে নানা মিথ্যা অজুহাত সৃষ্টি করে আজকে বিদেশের সামনে দেখাবার চেষ্টা করা হয় যে দেশের মধ্যে বিদেশী চর আছে—সেটা কি কাজ করছেন আমি সেটা বিবেচনা করবার জন্য অধ্যক্ষ মহোদয়, সরকারপক্ষকে নিবেদন করছি। আমাদের হুগলী জেলায় আমি নিজে যে ঘটনার অংশীদার হয়েছি, যে আঘাতের অংশীদার হয়েছি, এই হুগলী জেলায় অসংখ্য কেস-মামলা সৃষ্টি করা হয়েছে এবং সৃষ্টি করা হয়েছে কাদের সাহায্যে? আমি জানি এখানে এই সরকারপক্ষের বিভিন্ন যাঁরা সমস্ত আই এন টি ইউ সির সংগঠক, সরকারপক্ষের যে এম এল এ এবং কংগ্রেসদলীয়

লোক—তাঁরা কলকারখানার ক্ষেত্রে মালিকের সঙ্গে হাত মিলিয়ে শ্রমিক আন্দোলনকে দমন করবার জন্য ভারতরক্ষা আইন প্রয়োগ করেছেন—আমি নাম করছি হিন্দ মোটর কারখানা বিড়লার, বিড়লার জয়শ্রী, জে কে স্টীল, ভদ্রেশ্বর অঞ্চলের হেন্ডারসনের জুট মিল এবং সেন র‍্যালে পাঁশ্চত কারখানা—এইরকম বিভিন্ন জায়গায় মালিকপক্ষের সঙ্গে যোগসাজস করে তাদের লোককে দিয়ে, উস্কানি দিয়ে মামলার সৃষ্টি করা হয়েছে, অভিযোগ সৃষ্টি করা হয়েছে কাদের বিরুদ্ধে? সেসব নেতাদের বিরুদ্ধে যারা ইউনিয়ন নির্বাচনে, ওয়ার্কস কমিটির নির্বাচনে জিতেছে, যারা সেখানকার সর্ববাদীসম্মত নেতা যাদেরকে কোনরকমভাবে আই এন টি ইউ সি বা মালিকপক্ষ দমন করতে পারেননি সেইসব নির্বাচিত প্রতিনিধিদের অন্য রাস্তায় দমন না করতে পেরে, সেখানকার ইউনিয়নকে ভাঙ্গবার কোন সুযোগ সৃষ্টি না করতে পেরে আজকে মামলায় জড়িয়ে তাদের জেলখানায় আটক রেখে সেই ইউনিয়ন একদিকে ভাঙ্গবার এবং সেখানকার যারা সমস্ত ট্রেড ইউনিয়ন লীডার্স সেই ট্রেড ইউনিয়ন লীডার্সদের যাতে করে তাদের চাকরী পর্যন্ত চলে যায় তার ব্যবস্থা করবার চক্রান্ত করা হয়েছে, অত্যন্ত আশ্চর্য ব্যাপার। যদি মুখ্যমন্ত্রী আন্তরিকভাবে এ সম্বন্ধে সত্য তথ্য সংগ্রহ করেন তাহলে দেখবেন এই সমস্ত কারখানার যাদের আজকে গ্রেপ্তার করা হয়েছে তারা জাতীয় সংকটের শুরুতে প্রত্যেকটা কারখানায় নিজেরা উদ্যোগ নিয়ে প্রস্তাব গ্রহণ করেছে, ম্যানেজমেন্টের কাছে গিয়েছে এবং প্রস্তাব জানিয়েছে সেখানে ন্যাশনাল ডিফেন্স ফান্ডের জন্য কালেকশান করা হোক, তারা নিজেরা নিজেদের ইউনিয়নে প্রস্তাব গ্রহণ করে একদিনের সমস্ত মাইনে জমা দেবার ব্যবস্থা করে, তারা নিজেরা স্বেচ্ছায় ইউনিয়ন অফিসে প্রস্তাব নিয়ে মালিকের কাছে পাঠিয়েছে, তারা কলকারখানায় প্রচার করেছে এবং যাতে করে ব্যাপকভাবে ন্যাশনাল ডিফেন্স ফান্ডে কালেকশান করা হয় সেই কার্য করেছে। এই সমস্ত যাদেরকে আজকে কারাগারে আবদ্ধ করা হয়েছে তারা অনেকে নিজেদের রক্তদান করেছে এবং অপরকে রক্তদান করাবার জন্য এগিয়ে আসবার জন্য আবেদন করেছে। কিন্তু তাজ্জব ব্যাপার হচ্ছে, এমনি ধরনের যেসব মানুষ যারা জাতীয় প্রতিরক্ষা ফান্ডের কালেকশানে অংশগ্রহণ করেছে, নেতৃত্ব নিয়েছে তাদেরকে দমননীতির সাহায্যে জেলখানায় পোরা হল। কারখানার শ্রমিকদের মনে স্বভাবতই প্রশ্ন এল আজকে কি সরকার সত্যিই দেশরক্ষা করতে চান, না ইউনিয়ন ভাঙ্গা তাঁদের উদ্দেশ্য। স্বভাবতই লক্ষ লক্ষ শ্রমিকের মনে এই প্রশ্ন তাহলে তাঁরা কি দেশের শত্রুকেই সাহায্য করছেন না। আমি এই প্রশ্ন, অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পুলিস মন্ত্রীর কাছে রাখতে চাই। শুধু তাই নয়, আজকে আমরা দেখছি যেমন একদিক থেকে এভাবে ইউনিয়ন ভাঙ্গবার চক্রান্ত হয়েছে, গ্রামের ক্ষেত্রে আমরা দেখছি কোন কোন ক্ষেত্রে যেসব এম এল এ মারজিনাল ভোটে জিতেছেন এবং আশঙ্কা করেন আগামীবারে জিতবার কোন সম্ভাবনা নাই যেখানে যেখানে কমিউনিস্ট পার্টির ঘাঁটি, বামপন্থী ঘাঁটি সেসব এলাকায় গিয়ে সেখানকার লোককে খাড়া করে মিথ্যা মামলা রুজু করবার চেষ্টা করেছেন এবং গ্রামের বিভিন্ন অঞ্চল থেকে লোককে গ্রেপ্তার করে জেলখানায় পাঠান হয়েছে। এবং আরো কয়েকটা ক্ষেত্রে যেখানে এম এল এ যাঁরা ছিলেন, আমি নিজে জানি আমাদের শহরের ক্ষেত্রে যিনি নির্বাচিত হতে পারেননি সেই এম এল এ এসে সেখানে মিটিং করে একদিকে সেখানকার করপোরেশনকে ভাঙ্গবার জন্য কি কি পরিকল্পনা করতে হবে তার জন্য সেখানে যেমন বাহিনী পাঠিয়ে দিয়েছেন অপরপক্ষে সেখানে ব্যবস্থা অবলম্বন করে যাতে করে মামলা রুজু করা যায়, কার কার বিরুদ্ধে কিভাবে মামলা রুজু করা যায় সেইসমস্ত প্ল্যান করেছেন। আমি সেজন্য বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রী যিনি পুলিসমন্ত্রীও বটেন, তাঁর কাছে আবেদন রাখতে চাই, এই ভারতরক্ষা আইনে অসংখ্য যে মামলার সৃষ্টি করা হচ্ছে তাতে দেশের শত্রুকেই সাহায্য করা হচ্ছে, এবং নিজ দলের ঊর্ধ্বে উঠে জাতীয় স্বার্থকে যদি বড় করে দেখতে চান তাহলে এই জঘন্য পথ পরিহার করার চেষ্টা করুন। এই প্রসঙ্গে আমি বলতে চাই, যেসমস্ত লোককে গ্রেপ্তার করা হয়েছে তাঁদের প্রতি জঘন্য ব্যবহার করা হচ্ছে। তাঁরা বিশিষ্ট মান্য ব্যক্তি, তাঁদের দড়ি বেঁধে জেলখানায় নিয়ে যাওয়া হয়েছে এবং তাঁদের ডিভিশন টু প্রিজনার করে রাখা হয়েছে এবং তাদের অখাদ্য খেতে দেওয়া হচ্ছে এবং তাঁদের বাড়ি থেকে যৎসামান্য জিনিসপত্র দিতে গেলেও তা পর্যন্ত অ্যালাউ করা হচ্ছে না এবং তাঁদের প্রয়োজনীয় জিনিসপত্র এবং মশারি দেওয়া হচ্ছে না, ঔষধপত্র দেওয়া হচ্ছে না।

[Red light]

[4-15—4-25 p.m.]

Shri Apurba Lal Majumdar: মাননীয় স্পীকার মহোদয়, এই পুলিস বাজেট ব্যয়-বরাদ্দের বিরুদ্ধে বলতে উঠে একথা প্রথমেই আমার মনে হয় যে যারা পুলিস বিভাগ পরিচালনা করেন এবং যাঁরা আমাদের সরকার পরিচালনা করছেন তাঁরা যদি নিজেদের ঠিক না করতে পারেন, যদি তাঁরা দুর্নীতির ঊর্ধ্বে উঠতে না পারেন এবং যারা সমাজবিরোধী অপরাধপ্রবণ যেসমস্ত ব্যক্তি আছে তাদের সংস্রব যদি তাঁরা না ছাড়তে চেষ্টা করেন তাহলে পুলিসের বিরুদ্ধে যতই সমালোচনা করি, সে সমালোচনায় দেশের উন্নতিসাধন করা যাবে না বা দেশের অপরাধ বন্ধ করা যাবে না। প্রথমে আমি মুখ্যমন্ত্রী ও পুলিস মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে কিছুদিন আগে তিনি বলেছিলেন যে গুঁড়া দুধ বা মিল্ক পাউডার সম্পর্কে কারা সমস্ত চোরাকারবারীতে লিপ্ত আছে তাদের নাম আমি প্রকাশ করব না, তার কারণ হচ্ছে যে তাহলে জনস্বার্থবিরোধী হবে। আমি অবাক হয়ে যাই যে ক্রাইম করছেন, যারা ক্রাইমের সঙ্গে জড়িত তাদের নাম যদি জনসাধারণের কাছে প্রকাশ করা হয় তাহলে হয়ত ক্রাইমের বিরুদ্ধে যাবে, অপরাধীর বিরুদ্ধে যাবে বা এইসমস্ত ক্রিমিনালসএর স্বার্থ-বিরোধী হবে। কিন্তু একথা বলে জনসাধারণের হাত থেকে এইসমস্ত ক্রিমিনালদের পক্ষপুটে রাখবার যে চেষ্টা তিনি করছেন, তাদের সম্পর্কে জনসাধারণ যাতে জানতে না পারে তাদের লুকিয়ে রাখবার যে চেষ্টা করছেন তার আমি তীব্র বিরোধীতা করছি। শুধু তাই নয়, স্পুরিয়াস ড্রাগ সম্পর্কে আমরা যখন বলছিলাম তখন আমরা দেখেছি তাদের নাম মুখ্যমন্ত্রী প্রকাশ করলেন না, কারণ তাদের বিরুদ্ধে জনমত তাহলে প্রবল হয়ে উঠবে। মুখ্যমন্ত্রীর সই জাল করে সিমেন্ট এবং স্টীল-এর পারমিট ইসু হয়েছে। খবরের কাগজে ফলাও করে দেওয়া হল। ইনভেস্টিগেশনও হল, ঐ ডিপার্টমেন্ট-এর ডাইরেক্টর, অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টরের বাড়ি থেকে কাগজপত্র উদ্ধার হল। কিন্তু আজ পর্যন্ত আমি সরাসরি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করি সেই মামলা কেন ধামা চাপা দেওয়া হল। কারণ যেহেতু তাঁর অত্যন্ত স্নেহভাজন একজন কর্মচারী তার মধ্যে আছেন সেজন্য তাঁর স্বার্থে তিনি তাঁর বিরুদ্ধে কোন প্রসিডিংস নেবার ব্যবস্থা করলেন না এবং তাঁকে সেল্টার দিয়েছেন। এইভাবে স্পুরিয়াস ড্রাগ, সিমেন্ট, স্টীল এবং গুঁড়া দুধের ব্যাপারে যদি সমস্ত ক্রিমিন্যালসদের নাম জনসাধারণের কাছে প্রকাশ করার বিরোধী তার মনোভাব থাকে তাহলে আমি বলব তিনি ক্রিমিন্যালসদের প্রশ্রয় দিচ্ছেন এবং তাদের তিনি তার স্নেহছায়ায় রেখে দেশকে রসাতলে দিতে চাচ্ছেন। আমি আর একটা ঘটনা এরপর বলব যে কিভাবে বিনোবাজীকে নিয়ে কান্ড করা হল। আমি জিজ্ঞাসা করি যে—আমাদের এখানকার মন্ত্রী শংকরদাসবাবু, ফজলুর রহমান সাহেব, স্মরজিতবাবু—মুর্শিদাবাদে যখন বিনোবাজী যখন তখন তিনি ইচ্ছা প্রকাশ করেন যে পলাশী গ্রাম আমাকে দান করা হোক—এই তিনজন মন্ত্রী গ্রামে গিয়ে চেষ্টা করেন কোয়ারসন করেছেন যে তোমাদের গ্রামদান করতে হবে।

The Hon'ble Smarajit Bandyopadhyay: Absolutely baseless.

Shri Apurba Lal Majumdar: তারপর যখন গ্রামের লোকেরা রাজী হল না, বি ডি ও ইত্যাদির যারা চেষ্টা করেও যখন গ্রামদান করা যাচ্ছে না তখন দানের আগের দিন পুলিসকে নিয়ে কনফারেন্স করা হল এবং পুলিসকে ডিরেকশান দেওয়া হল যে করেই হোক গ্রামের লোকের সই করিয়ে নিয়ে গ্রামদান করা হবে এবং অ্যাট দি পয়েন্ট অফ বেয়োনেট গ্রামের লোককে ধরে এনে সই করান হয়েছে—তা সত্ত্বেও ৫।৭ জন লোক সই করেনি। এইভাবে তাঁরা নিজেদের কর্তৃত্ব জারী করার জন্য, দেশের সামনে তাদের বিরাট প্রভাব প্রতিপত্তি প্রকাশ করার জন্য পুলিসকে দিয়ে অন দি পয়েন্ট অফ বেয়োনেট সই করিয়ে নিয়ে সেই জমি দান করা হল। [সেম] আমি জিজ্ঞাসা করি পুলিসকে এইভাবে নিজেদের স্বার্থের পেছনে লাগিয়ে দেশের পুলিস বাহিনীকে যেভাবে হেয় করছেন সেটা অত্যন্ত লজ্জার কথা, ঘৃণার কথা। আমাদের এখানের পাক ডেপুটি হাই কমিশনার তিনি রাত ১০টায় পাণ্ডুয়ায় গেলেন, তিনি ধর্মীয় সভার নাম করে একটা সভা কল করা হল ডি আই জি ও মাথুর সাহেব যাঁরা তাঁকে অভ্যর্থনা করেছিলেন, তিনি সেই বৈঠকে রাত ১০টার সময় ওখানকার একজন ব্যবসাদার যার হিলিতে চালের কারবার আছে, পাণ্ডুয়ায় কারবার আছে, তার সহযোগিতায় ওখানকার অঞ্চলের মুসলমানদের সংগঠিত করে, সে রাতের মধ্যে আড়াই লক্ষ টাকা কলেকশন করলেন ডেপুটি হাই কমিশনার, সেই টাকা পাচার করা হল, সেই পাকিস্তান এভাবে মিটিং করে টাকা আদায় করা হল এর বিরুদ্ধে প্রধান কার্য ডি আই এবং ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অফ ইন্টেলিজেন্স

ক্লাশ তিনি রিপোর্ট পেশ করেছেন সরকারের কাছে, আমি জানতে চাই তার জন্য কি অ্যাকশন নেওয়া হয়েছে, এবং আজ পর্যন্ত মুখ্যমন্ত্রী মহাশয়, যিনি পুলিস মন্ত্রীও আছেন সে রিপোর্ট পেঁৗছানোর পরও গোপনে সেই বন্দোবস্ত তার বিরুদ্ধে একটুও কিছু করা হল না, অ্যাকশন নেওয়া হল না। এস বি যিনি রয়েছেন, এস বি ডি সি তিনি কি করেছেন জানতে চাই, এভাবে বিভিন্ন জায়গায় গোপন পরামর্শ করে, এভাবে টাকা আদায় করে গোপনে পাকিস্তানএ পাচার হচ্ছে, কি তার বিরুদ্ধে হয়েছে কোন অ্যাকশন আজ পর্যন্ত দেখতে পাচ্ছি না। এর ফলে কি হচ্ছে এখানে ক্রাইমকে সাপপ্রেস করবার জন্য প্রচেষ্টা চলেছে, বিভিন্ন জায়গায় আজ হিসাব করে দেখা যায় পশ্চিম বাংলায় যত ক্রাইম হয় তার মধ্যে মাত্র শতকরা ৫০টা ক্রাইম রেজিস্টার্ড হয়, আর বাকি ক্রাইমগুলো কগনিজেবল ক্রাইম হওয়া সত্ত্বেও রেজিস্টারড হয় না। শুধু তাই নয় ঐ যে ৫০টা রেজিস্টারড হয় তার মধ্যে মাত্র ৩টা কেস শেষ হয়, কনভিকশন এন্ড হয়, তার কারণ উপরতলার বড় বড় লোক যায়, তারা গিয়ে সেখানে বাধা সৃষ্টি করে তারা গিয়ে সেই ক্রিমিন্যালস-দের প্রশ্রয় দিয়ে সে কেসকে দুর্বল করে দেয়। যে দু-একজন সৎ কর্মচারী আছেন পুলিস-এর মধ্যে তাঁরা সৎভাবে কাজ করতে পারেন না, তার কারণ উপরতলার লোক যারা তাদের প্রভাব প্রতিপত্তি দিয়ে ঐ পুলিসদের অকর্মণ্য করে দেন। সৎ পুলিস কর্মচারীকে অসৎ হতে বাধ্য করেন। শুধু তাই নয় আমি এ সঙ্গে বলছি তারা ঐ সমস্ত পুলিস অফিসারদের লোকেদের সঙ্গে যোগাযোগ আছে, তারা নির্বিবাদে যে কোন অন্যায় কাজ চালিয়ে যান শঙ্করদাসবাবুর সঙ্গে যেহেতু যোগাযোগ আছে সেহেতু কৃষ্ণনগরের ও সির সঙ্গে যোগাযোগ আছে, সেখানকার সি আই সাহেবের সঙ্গে—শ্রীনির্মল সিনহা ওখানকার সি আই, রানাঘাটের সি আই, তাঁর বদলির অর্ডার হয়ে গেল, বদলির অর্ডার হয়ে গেল বারাসাতে গেলেও কিন্তু নেপাল হালদারের সঙ্গে—যার বাড়ীতে শঙ্করদাসবাবু সব সময় গিয়ে ওঠেন, সামান্য কয়েকটা বোতলের পরিবর্তে সেখানে এ সমস্ত কারবার চলে, এবং সেখানে তাঁকে ইনফ্লুয়েন্স করে তাঁকে সে ট্রান্সফার অর্ডার ক্যানসেলড করা হল, ও সি এবং সি আই তাঁর স্নেহস্পুটে বসে যা তা কাজ করে যান, কেউই তার গায়ে হাত দিতে পারবেন না। অথচ হাওড়ার যখন ডি এস পি, হেড কোয়ার্টার তাঁর স্ট্রোক হয়েছে—শ্রীসুবোধ মজুমদার তার কোথাও যাবার অবস্থা নয়, সেই অবস্থাতেই তাকে বদলি করা হল। তিনি অ্যাপীল করলেন ডি আই জির কাছে—কর্তৃপক্ষের কাছে যে আমার স্ট্রোক হয়েছে এ অবস্থায় আমি কি করে মেদিনীপুর ট্রান্সফার হব, তাকে বলা হল তোমার ডেড বডি পেঁৗছাবে। স্ট্রেচারে করে এসে তাকে মিদনাপুরে জয়েন করতে হল। দুর্ভাগ্যের কথা ২ সপ্তাহের মধ্যেই ডি এস পি তাঁর ঐ ভগ্নস্বাস্থ্য নিয়ে মেদিনীপুরে মারা গেলেন তাঁর কেস ক্যানসেল করা হল না। কিন্তু ক্যানসেল হল কার, যিনি নেপাল হালদারের সহযোগিতায় আমাদের এখানের ফাইনান্স মিনিস্টারকে খুশী করতে পারেন। এই সমস্ত পুলিস অফিসারদের ক্যানসেল করিয়ে তাদের আবার পদোন্নতি হয়। কিন্তু এদের বিষয় হয় না ঐ হাওড়ার ডি এস পি ও। হাওড়া সম্পর্কে আরো দু-চারটা কথা বলতে চাই। এখানে হাওড়া জেলা থেকে যে কয়জন সদস্য আছেন তাঁরা আমার সাথে নিশ্চয়ই একমত হবেন যে সেখানে নরহত্যা, ডাকাতি, খুন, কিভাবে দিনের পর দিন বেড়ে চলেছে—জিজ্ঞাসা করুন অবনীবাবুকে তিনি এখানে আছেন। মেরে ডেড বডি গাছে ঝুলিয়ে দিলেন তার কোন সুরাহা হয়নি। গত ২ মাসে হাওড়া জেলায় এক আমতায় ৪টা ডাকাতি হয়েছে, উদয়নারাণপুরে একটা, বাগনানে ২টা, শ্যামপুরে ২টা ডাকাতি, উলুবেড়িয়ায় একটা ডাকাতি হয়েছে, সারা বছরে যেখানে ১০টা না ১১টা ডাকাতি হত সেখানে শুধু ফেব্রুয়ারি মাসের মধ্যে আর এই মার্চ মাসের কদিনে ডাকাতি হয়েছে ১২টা, আমরা দেখছি ১৯৫২ সালে আমাদের এখানে পুলিস বাজেট ছিল ৫ কোটি টাকা আর এখন ১০ কোটি টাকা। গত ১০ বছরে পুলিস বাজেটে ১০০ ভাগ বেড়ে গেছে। সেন্ট পারসেন্ট ইনক্রিজ করেছে সেই সঙ্গে সঙ্গে ক্রাইম বেড়েছে। আবার সেই সঙ্গে আমাদের উপরতলার যে প্রভাবশালী লোক তাদের স্নেহপুটে দুর্নীতি পরায়ণ পুলিস অফিসারদের পক্ষপুষ্ট রেখে ঐ ক্রিমিন্যালদের সহযোগিতা করতে দেখছি এদের কোন ইনভেস্টিগেশন হচ্ছে না।

[4-25—4-35 p.m.]

স্যার, ক্রিমিন্যাল ইনভেস্টিগেশন কিরূপ নিম্নস্তরে নেমে গেছে তার দু-একটা উদাহরণ আমি দেবো।

The Hon'ble Sankardas Banerjee: Sir, I rise on a point of privilege.

Mr. Speaker: Mr. Banerji, whatever you want to say you may say after Mr. Majumdar has finished.

Shri Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার স্যার, গত ১ বছরেতে আমার বাড়ীতে তিন তিনবার চুরি হয়ে গেছে।

The Hon'ble Sankardas Banerji: On a point of personal explanation, Sir. The first thing is absolutely false. I had never been there on the day when Vinobaji went to Plassey. I did not go there. Therefore, you can see how far the statements are true.

The second thing is, I have never been yet a guest of any O.C. or C.I. I have better people to mix with. These allegations are totally false.

শ্রীআনন্দগোপাল মুখার্জি:—মাননীয় স্পীকার মহাশয়, বিধানসভার সদস্য হিসাবে গত ১১ বছর যাবত এই পুলিশ বিভাগের বরাদ্দের দিন আমাদের বিরোধী পক্ষের বন্ধুদের বক্তৃতা শুনার সুযোগ ঘটেছে। এই বছর আমি নিজে আলোচনা আরম্ভ হবার আগে মনে মনে এই আশা নিয়ে এসেছিলাম যে দেশ স্বাধীন হবার পর এমন একটা বৎসরের পুলিশ বাজেট আমরা আলোচনা করবো যে বৎসর এই বিভাগের গুরুত্ব এবং দায়িত্ব সবচেয়ে বেশী। আলোচনা শুনে আমি হতাশ হয়েছি কি হই নি, এটা আমি বলতে চাই না। আমি শুধু এইটুকু বলতে চাই যে আমি এই হাউসের সমস্ত সদস্যদের নিয়ে দুটি ভাগে ভাগ করতে পারি। একটি ভাগ হোল এই দলগুলিকে নিয়ে যারা জাতীয়তাবাদী—আর একটি হোল, যারা জাতীয়তা বিরোধী। জাতীয়তা-বাদী দলগুলির মধ্যেও আজকে জাতির স্বার্থের কথা বিরোধী দলের বন্ধুদের মুখ থেকে একটু শুনতে পাবো এটা বোধ হয় আমার কাছে দুরাশা করা ভুল হয় নি। একটু আশাই করেছিলাম কিন্তু এখন যা দেখতে পাচ্ছি যে হাউসে আলোচনা করতে গিয়েই যে এমন পরিস্থিতির সৃষ্টি হচ্ছে স্পীকার মহোদয় দরকার হোলে নাকি ভেতরেও পুলিশ ডাকতে পারেন। কাজেই পুলিশের কি প্রয়োজনীয়তা—বাইরে যে কিভাবে আমরা উপলব্ধি করি সেটা বলছি। মাননীয় মন্ত্রিমহাশয় এই খাতে বরাদ্দের জন্য যে দাবী রেখেছেন, তাতে আমরা দেখতে পাচ্ছি গত বছরের তুলনায় ৪২ লক্ষ টাকা কম ধরেছেন। এবং তা সত্ত্বেও আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা কেউ কেউ বলছে ২ হাজার ১ হাজার গুণ ব্যয় বেড়ে গেছে। যদি ওয়েলফেয়ার বিভাগ—জনসাধারণের কল্যাণকারী ডিপার্টমেন্ট তাদের সঙ্গে যদি ব্যয়বরাদ্দের তুলনা করি, তা হলে আমরা দেখতে পাবো যে ১৯৫৮-৫৯ সালের সঙ্গে আজকে ১৯৬৩-৬৪ সালের হিসাব কি হয়েছে। পুলিশ খাতে দেখুন ১৯৫৮-৫৯ সালে ৭·৮৫ ক্রোরস খরচ হয়েছে।

১৯৬৩-৬৪ সালে কত হয়েছে? ৯·৯৩ ক্রোরস। এটা আমি অ্যাকচুয়াল-এর কথা বলছি। পার্সেন্টেজ-এর হিসেব ধরলে দেখা যাবে, যা বেড়েছে ২৬·৬ পার্সেন্ট বেড়েছে। এডুকেশন খাত দেখলে দেখতে পাব ১৯৫৮-৫৯ সালে ছিল ১২·৯৩ ক্রোরস। ১৯৬২-৬৩-তে দাঁড়ালো ২১·৬৭ ক্রোরস, এবং ১৯৬৩-৬৪ সালে বর্তমান জরুরী অবস্থার জন্য সেই খাতে কিছু কমতি ধরা হয়েছে—১৯·৪১ ক্রোরস। পার্সেন্টেজ-এর হিসেব ধরলে সেটা হবে ৫০·১২ পার্সেন্ট।

তারপর মেডিক্যাল অ্যান্ড পাবলিক হেলথ খাতে ১৯৫৮-৫৯ সালে ছিল ৬·২৪ ক্রোরস। আর ১৯৬৩-৬৪ সালে হচ্ছে ১১·৩০ ক্রোরস। এর পার্সেন্টেজ-এর হিসেব হচ্ছে ৮১·০৯ ক্রোরস। আর যদি টোটাল রেভিনিউ-এর সঙ্গে পার্সেন্টেজ ধরি, তা হলে দেখবো ১৯৫৮-৫৯ সালে ছিল ৯·৯ পার্সেন্ট, সেটা ১৯৬৩-৬৪ সালে দাঁড়ালো ৯ পার্সেন্ট। তার পর পুলিস বিভাগের তৎপরতা, তার বিভিন্ন খাত যদি আলোচনা করি, তা হলে দীর্ঘ সময় লাগবে। আমি এক-একটি করে এই ডিপার্টমেন্ট সম্বন্ধে অল্প কয়েকটি বক্তব্য রাখবো। ১৯৬২ সালে কিছু কিছু খাতে যেমন—ডেকয়িটি, রবারি বাড়েনি, বার্গলারি বাড়েনি, ডাকাতি একটু বেড়েছে। তার কারণ, হিসেবে কি দেখতে পাচ্ছি? ১৯৬২ সালে একটি বিশেষ বছর। সেই সময় পুলিসকে নির্বাচনের দিকে নজর দিতে হয়েছিল, সেখানে পুলিসকে কমিউনাল ডিস্টার্বেন্স-এর দিকে নজর দিতে হয়েছিল। পাকিস্তানী গোলমালের ধাক্কা পশ্চিমবাংলার কয়েকটি জেলার উপর পড়ে,

সেদিকে পুলিসকে নজর দিতে হয়েছিল। সবচেয়ে বেশী ব্যস্ত থাকতে হয়েছে পুলিসকে চাইনীজ অ্যাগ্রেসন-এর ব্যাপারে। কাজেই ১৯৬২ সালে ক্রাইম পার্সেন্টেজ, ডাকাতির ক্ষেত্রে একটু বেড়ে থাকতে পারে এবং তার জন্য হয়ত পুলিস সতর্ক ও সযত্ন দৃষ্টি দিতে পারেন নি। তার যুক্তি হলো, এই পুলিস বিভাগের বিশেষ যে বিভাগগুলি আছে তাদের তৎপরতার কথা আমাদের মুখ্যমন্ত্রী এখানে বলেছেন, সি আই ডি, ডিপার্টমেন্ট-এর কথা বলেছেন; এনফোর্সমেন্ট-এর কথা পুঙ্খানুপুঙ্খ রূপে তিনি বলেছেন। তার কাজ সত্যই প্রশংসনীয় হয়েছে, এ কথা আমি জোর করে বলতে পারি, আমাদের বন্ধু অশোক দত্ত বলেছেন পুলিস বিভাগের ইনভেস্টি-গেশন-এর যে সিস্টেম তা অত্যন্ত সাইন্টিফিক বেসিস-এর উপর ভিত্তি করে করা হয়। তার যে ফরেনসিক ল্যাবোরেটরি আছে, তা পুলিস বিভাগের ক্রাইম ডি-টেকসন-এর ব্যাপারে বিশেষ করে সাহায্য করে চলেছে এবং বিশেষ আন্তর্জাতিক খ্যাতি লাভ করেছে।

আমি ভিলেজ রেজিস্টান্স গ্রুপের কথা এবং ট্রাফিক ডিপার্টমেন্টের কথা আমি এখানে বিশেষ কিছু আলোচনা করবো না। আমার সময়ের অভাব। আপনার সামনে আজ বিরোধী পক্ষের বন্ধুরা দেশের স্বার্থের কথা চিন্তা না করে যে বক্তব্য করেছেন, তার একটু উল্লেখ করতে চাই। একটু আগে কমিউনিস্ট বন্ধুরা এখানে সহযোগিতার কথা বলেছিলেন। তাঁর দেশে যখন এইরকম জরুরী অবস্থা, তখন পুলিস কিভাবে কাজ করবে, সেই সম্পর্কে উপদেশ দিতে এসেছেন, কারা সেই উপদেশ দিয়েছেন? যাঁদের সম্বন্ধে দেশ আজ সবচাইতে আতঙ্কিত, তাঁদের সঙ্গে সহযোগিতা করবার আগে তাঁদের সম্বন্ধে চিন্তা করা সারা দেশের একান্তভাবে প্রয়োজন আছে। আমি সেই হিসেবে মনে করি আজ পুলিস বিভাগ সমস্ত দায়িত্ব নিয়ে, অন্য দিকে যদি একটু দৃষ্টি কমও দেন, এদিকে যদি দৃষ্টি বেশী দেন, তা হলে দেশের প্রতি বিরাট কর্তব্য হবে।

মাঠে গরু চুরির কথা তাঁরা বলছেন, অন্যান্য জায়গায় অল্পস্বল্প চুরির কথা বলছেন, আর যারা দেশের স্বাধীনতাকে চুরি করবার চেষ্টা করছে, তাদের দিকে নজর পড়েনি তাঁদের। এই-সমস্ত রাজনৈতিক দলের অতীত ইতিহাসের দিকে আমরা যদি তাকিয়ে দেখি, বর্তমান কার্যা-বলীর দিকে তাকিয়ে দেখি, তা হলে সে কথা বলতে বলতে হয়ত রাত্রি ভোর হয়ে যেতে পারে—আমি তাই দু-একটা কথা আপনার সামনে রাখবো। এই দলকে সহযোগিতার জন্য আহ্বান করবেন সরকার কি করে? ১৯৩৯ সালের ঘটনা বিরুদ্ধ পক্ষীয় বন্ধুদের স্মরণ থাকতে পারে, মুখে উচ্চারণ করতে পারবেন না। রাশিয়ার সঙ্গে জার্মানী যখন চুক্তিবদ্ধ হলো, তখন সেদিন এই যুদ্ধকে তাঁরা এর সমস্ত প্রয়াসকে বাধা দেবার জন্য চেষ্টা করেছিলেন, দ্বিতীয় মহাযুদ্ধকে। কি বলেছিলেন তাঁরা? "এক পাই, এক ভাই নাহি দেব সমরে।" চুক্তি ভঙ্গ হয়ে গেল; রাশিয়ার ইঙ্গিত এলো, বৃটিশের সঙ্গে যাদের বিরুদ্ধে দেব না বলে একদিন তাঁরা পথে নেমেছিলেন, যাঁরা এই বিরুদ্ধ পক্ষের বেঞ্চে বসেছিলেন, লজ্জায় বাইরে গেছেন—বক্তৃতা শোনবার তাঁদের সাহস নেই, সেদিন—"এক পাই, এক ভাই নাহি দেব সমরে" বলে বেড়িয়েছিলেন।

[4-35—4-45 p.m.]

রাশিয়া ইঙ্গিত করলো, তখন তারা সারা দেশের মানুষকে ডাক দিলো। ডাক দিলেন জন-যুদ্ধ মারফত, ডাক দিলেন পিপলস ওয়ার মারফত। বড় বড় নেতারা লেখনি নিয়ে বেরিয়ে পড়লেন। তাঁরা বললেন কি? তোমার বাড়ির ছেলেকে যুদ্ধে দাও, তোমার সম্পত্তি দেশরক্ষার জন্য দাও। ঐ ইস্পাহানীর গোডাউন-এ গিয়ে তোমার সম্পদকে জমা করো। কারা বললেন সেদিন এই কথা? ওপক্ষের বড় বড় নেতারা।

তারপর আমাদের ১৯৪২ সালের আন্দোলন চলে। তারপর এলো আস্তে আস্তে মেদিনী-পুরের বুকে প্লাবন ও মহামারী। মহামারীতে যখনি সারা বাংলাদেশ ছেয়ে গেল, বাংলার যখন ৩৫ লক্ষ মানুষ একটু ফ্যান দাও, ফ্যান দাও বলে কলকাতার পথে পথে চীৎকার করে মরছে, তখন সেখানে এ'রা গিয়ে বলেছেন ইস্পাহানী গোডাউন-এ গিয়ে তোমরা সবাই চাল জমা দাও, তোমাদের সম্পদ জমা দাও, আজ তোমরা যুদ্ধে যাও। কি করে এই ঘটনা সম্ভব হল? ১৯৪২ সালে লন্ডন কমিউনিস্ট পার্টির মিটিং-এর যখন রিপোর্ট এলো যে ব্রিটিশ সাম্রাজ্যবাদকে সমর্থন করতে হবে,

তখন এইসমস্ত ব্রিটিশ সাম্রাজ্যবাদির পদলেহী কুকুরের দল, ঐদিন 'জনযুদ্ধ' হাতে করে বাজারে বাজারে ঘুরে বেড়িয়েছিলেন।

[Noise and interruptions.]

মরা কি দেখতে পেয়েছি ১৯৪২ এবং ১৯৪৩ সালে? ১৯৪২ সালে যখন দেশজোড়া বিরাট স্বাধীনতা আন্দোলন চলেছে, দেশের স্বাধীনতাকে ফিরিয়ে আনবার জন্য, যখন জাতীয় কংগ্রেসের নেতৃত্বে আমরা অগ্রসর হয়েছি, তখন তাঁরা দিনহাটা কনফারেন্সে, কৃষক সম্মেলনে কি প্রস্তাব গ্রহণ করেছেন দেখুন। ৩০-৭-৪২ তারিখে কমিউনিস্ট পার্টি প্রস্তাব গ্রহণ করলেন 'ভারতবর্ষের ভারত ছাড়' প্রস্তাবের বিরুদ্ধে, এবং স্পষ্ট ভাষায় জাপানীদের আমন্ত্রণ করা হয়েছে। এইভাবে দেশের মানুষকে তাঁরা বিভ্রান্তের মধ্যে টেনে নিয়ে এসেছেন। একদিকে দেশের ভিতর অন্নাভাব, আর একদিকে দেশের আপামর জনসাধারণ দশের স্বাধীনতাকে ফিরিয়ে আনবার জন্য হাতে প্রাণ নিয়ে ব্রিটিশ সাম্রাজ্যবাদের ভিতকে কাঁপিয়ে তুলছেন, আর সেই দিন জনযুদ্ধের দালালরা ব্রিটিশ সাম্রাজ্যবাদকে সমর্থন করবার জন্য এগিয়ে গিয়েছেন। তাদের ইতিহাস দেশদ্রোহিতার ইতিহাস। তাদের ইতিহাস বিশ্বাসঘাতকতার ইতিহাস। তাদের ইতিহাস জাতীয়তা বিরোধী ইতিহাস। তারা আবার সহযোগিতার কথা বলে। ১৯৬৩ সালে যখন ভারতবর্ষের সীমান্তে ঐ সাম্রাজ্যবাদী চীন হামলা করছে, তখন তাঁদের কথা বিশ্বাস করে তাদের কাছে সহযোগিতা চাইবে ভারতবর্ষের মানুষ? অতীতের ইতিহাসের দিকে চেয়ে আর একটু সময় নিয়ে বর্তমানে আসবো। ২৯-৭-৪২ তারিখে কমিউনিস্ট পার্টির জেনারেল সেক্রেটারী পি সি যোশী কি বললেন? মিঃ পি সি যোশী বললেন কংগ্রেসের এই আত্মঘাতী নীতিতে আমরা কখনও প্ররোচিত হইবো না। আমরা কংগ্রেস নেতৃত্বে, তথাকথিত কংগ্রেস সরকারের বিরোধিতা করি এবং বিরোধিতা করবো। তাতেও তাঁরা খান্ত হলেন না। বর্তমানে তাঁদের দলের নেতা জ্যোতিবাবু বাজারে নামলেন, তাঁর সহযোগী হলেন ভবানী সেন এবং সঙ্গে এলেন বঙ্কিমবাবু। তাঁরা কি ইস্তাহার জারী করলেন? আমরা কংগ্রেসের নেতৃত্বে তথাকথিত কংগ্রেসের সংগ্রামকে বিরোধিতা করিয়া থাকি এবং করবো। এই ঘটনা ঘটলো ২-৮-৪২ তারিখে। মাননীয় স্পীকার মহোদয়, আপনি দেখুন এই ২-৮-৪২ তারিখের পর দেশের মধ্যে কত পরিবর্তন ঘটে গিয়েছে। তারপর এলো ১৯৪৪ সাল, তখন তাঁদের ঐ মহান নেতা পি সি যোশী, তিনি এক থিসিস নিয়ে এলেন গান্ধী-জিন্না আপসের পথ। সেখানে তিনি কি বললেন? তিনি বললেন, স্বাধীনতার যেসকল নীতি আমরা মানি এবং মুসলীম লীগকে মানিব বলে ঘোষণা করেছি, সুতরাং সেইসব নীতি অনুসারে আমরা লীগকে পাকিস্তান না দিয়ে পারি না। সেই ভিত্তিতে বাংলাদেশকে টুকরো করবার জন্য তাঁরা ম্যাপ তৈরি করলেন। ম্যাপের মধ্যে নদিয়া, মালদহ, ওয়েস্ট দিনাজপুর পাকিস্তানকে ঘুষ দেবার জন্য সেদিন তাঁরা ইঙ্গিত দিলেন। মাননীয় স্পীকার মহোদয়, তারই ফলে আজ ভারতবর্ষ দ্বিখণ্ডিত হয়েছে এবং ভারতবর্ষের লক্ষ লক্ষ মানুষ আজ ছিন্নমূল হয়ে স্বাধীন ভারতবর্ষের বাংলার মাটিতে, পাঞ্জাবের মাটিতে তারা আশ্রয় নিয়েছে। ১৯৪৭ সালে ভারতবর্ষ স্বাধীনতা লাভ করবার পর এই সমস্ত বিদেশী চক্রান্তকারী দালালরা ভারতবর্ষের স্বাধীনতাকে বিঘ্নিত করতে পারে নি। সেদিন পোল্যান্ডে যে কনফারেন্স হয়েছিল অর্থাৎ আন্তর্জাতিক কমিউনিস্ট সংস্থায় কমিনফর্ম-এর যে কনফারেন্স হয়েছিল, সে দিনকার তাঁদের নেতাদের নীতি ও ঘটনা সম্পর্কে বলতে হলে, হয়ত অনেকে আঁতকে উঠবেন।

[4-45—4-55 p.m.]

১৯৪৮ সালের সেপ্টেম্বরের ঘটনা বললে আঁৎকে উঠবেন অনেকে। যানভ—তিনি সেদিন ছিলেন প্রধান বক্তা। ১৯৪৭ সালে কমিনফর্ম-এ বক্তৃতায় তিনি বলেন

(Interruption)

তাঁর বক্তৃতায় মূল উদ্দেশ্য ছিল কমিউনিস্ট পার্টিকে ইঙ্গিত করে বলা ভারতবর্ষের মাটিতে বিশৃঙ্খলার সৃষ্টি কর, ভারত সরকারকে বানচাল করার চেষ্টা কর। তার পরে দেখুন, ১৯৪৮ সালে ক্যালকাটা কনফারেন্স এবং এই কনফারেন্স-এ কমিউনিস্ট পার্টি

(Interruptions from the Communist Benches)

সশস্ত্র বিপ্লবের পরিকল্পনা গ্রহণ করে। ১৯৪৮ সালের রেজলিউশন.........

Shri Jamini Bhusan Saha:

অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, উনি পুলিস বাজেট আলোচনা করছেন, কিন্তু ১৫ মিনিট ধরে উনি কমিউনিস্ট পার্টিকে অ্যাটাক করে যেসমস্ত কথা বলছেন আজকে কি এটা আলোচনার বিষয়বস্তু?

Mr. Speaker::

পুলিস বাজেটে বলার কোন বাধা নেই।

Shri Debi Prasad Basu:

অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, আমাদের বক্তব্য বিষয়ানুগ হবে। পুলিস বাজেটে বলতে এসে গাল দিলে তা হয় না।

Shri Ananda Gopal Mukhopadhyay:

ওরা যখন বলেন পুলিস এই সব করে, তখন আমাদের গায়ে তো লাগে না। নিজেদের কথা শুনতে নারাজ কেন? আমার বক্তব্য যে তাদের গায়ে কাটার মত বিঁধছে এ বিষয়ে আমি নিঃসন্দেহ। ১৯৪৭-এর পরে পোল্যান্ড কনফারেন্স-এর পরে যে নীতি গ্রহণ করলেন, ক্যালকাটা কনফারেন্স ১৯৪৮-তে যে রক্তাক্ত বিপ্লবের নীতি গ্রহণ করা হল, তার ফলে স্থানে স্থানে যে, তাণ্ডব লীলা শুরু হল তাতে হাজার হাজার নিরীহ মানুষকে হত্যা করা হয়েছে, হাজার হাজার গৃহে অগ্নিসংযোগ করেছেন। তেলেংগানায় তিন হাজার কৃষক এবং ছোট ছোট জোতদারদের হত্যা করেছেন। আমরা আজও দেখতে পাচ্ছি তাদের কার্যকলাপ। সেদিনকার লৌহ মানব যাকে বলতেন তাকে আবার গর্তে নিয়ে ঢুকিয়ে দেন। বিশ্বাসঘাতকতা তারা বার বার করেছে—আবার নতুন করে করছে। গণতন্ত্র রক্ষার নামে গরীব কৃষককে আন্দোলনে নামিয়ে গুলির মুখে দাড় করিয়ে দিয়েছে। সমস্ত রকম করে যখন ব্যর্থ হল, তখন এই দেশকে বিদেশের কবলে যাতে নিয়ে যাওয়া যায় তার চেষ্টা করে চীনের সংগে দোস্তি করেছে। ১৯৫৮ সাল থেকে আমরা দেখতে পাই যে তারা কিরকম ধূম্রজাল সৃষ্টি করে ভারতবর্ষের মানুষকে বিভ্রান্ত করবার চেষ্টা করেছে।

[Interruptions from Communist benches.]

৩১-৮-৫৯ তিনি বলছেন, ভারতবর্ষ উত্তর, দক্ষিণ, পূর্ব, পশ্চিম, যে দিক দিয়েই আক্রান্ত হোক আমরা ভারতবর্ষের সমস্ত লোক তার ফয়সলা করব, তার পরে মীরাট সেসনে কমিউনিস্ট পার্টি প্রস্তাব গ্রহণ করল, ম্যাকমোহন লাইন তারা করল। তার পরে আপনাদের সকলের পুণ্যপাদ তিনি বাংলায় ফিরে এসে সভা ডাকলেন। সভাপতি সুবোধ ব্যানার্জী মহাশয় বললেন, ভারত সরকার যে ব্যাখ্যা দিয়েছেন তাতে এস ইউ সি বিশ্বাস করে না। জ্যোতিবাবু সেটা চ্যালেঞ্জ করেন, আপনাদের দলের কার্যবিধির মধ্যে আছে দলীয় সিদ্ধান্ত কেউ চ্যালেঞ্জ করবে না। কিন্তু এক্সিকিউটিভ মিটিং-এর ভোটাভুটির ফলাফলের দিকে চেয়ে দেখুন। ভোটাভুটির ফল দেখছি, প্রথম পাঁচ জন ফর-এ, পাঁচ জন এগেইনস্ট-এ, একজন নিউট্রাল। পার্টি ন্যাশানাল কাউন্সিল-এ ২০ জন ফর, ৩০ জন এগেইনস্ট, ২০ জন অ্যাবসেন্ট হলেন। ন্যাশানাল কাউন্সিল-এর যেদিন মিটিং, সেদিন রাশিয়ান কমিউনিস্ট পার্টির কাছ থেকে যে খবর পেয়েছিলেন তাতে তাঁরা দমে গিয়েছিলেন, কিন্তু তা সত্ত্বেও কোন কোন নেতৃস্থানীয় লোক তাঁরা বাগনানে ভারতবর্ষের মহান নেতা জওহরলালের মূর্তি পুড়িয়ে আনন্দ করেন। বর্ধমানের নিরীহ জনসাধারণ যখন চীনের আক্রমণের বিরুদ্ধে রাস্তায় প্রোসেশন করেছিল, তাদের উপর তাঁরা এন্টালিতে............/..........

Shri Apurba Lal Majumdar: Sir, on a point of order. I draw your attention to rule 331, where it is laid down that "the Speaker, after having called the attention of the House to the conduct of a member who persists in irrelevance or in tedious repetition either of his own arguments or of the arguments used by the other members in debate, may direct him to discontinue his speech.".

Mr. Speaker:

আপনার পয়েন্টটা কি?

Shri Apurba Lal Majumder:

আমার পয়েন্ট হল যে হেডে যে ব্যয়বরাদ্দ সম্পর্কে আমরা আলোচনা করছি সেই ব্যয়বরাদ্দের উপরে আমাদের ডিসিসন কনফাইন্ড রাখতে হবে, নতুবা বক্তব্য ইর্‌রেলেভ্যান্ট হবে।

Mr. Speaker: This relates to the conduct of a member.

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলছিলাম যে কমিউনিস্ট পার্টির ন্যাশানাল কাউন্সিল-এর রেজোলিউশান হবার পরও বাংলাদেশের বুকের উপর বাগনানে যে ঘটনা ঘটিয়েছেন তাকে বিচ্ছিন্ন ঘটনা বলে, এন্টালীর ঘটনাকে বিচ্ছিন্ন ঘটনা বলে, বর্ধমানের ঘটনাকে বিচ্ছিন্ন ঘটনা বলে দেখাতে চাচ্ছেন; তাদের সামনে আমি এই কথা তুলে ধরতে চাই যে যারা ভারতবর্ষের অভ্যন্তরে শান্তি বিঘ্নিত করে ভারতবর্ষের মানুষকে বিপদগ্রস্ত করবার জন্য স্বাধীনতাকে বিঘ্নিত করবার জন্য বারবার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন, যদিও তাদের এই প্রচেষ্টা সফল হয় নি, কারণ ভারতবর্ষের ৪৫ কোটি দেশবাসী দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে সারা ভারতবর্ষে এমন একটা দুর্ভেদ্য দুর্গ রচনা করে-ছিলেন, তা দেখে সারা বিশ্বের মানুষ বিস্মিত হয়ে গিয়েছেন। আমি তাই আবার আবেদন করব যে জাতীয়তাবাদী দলগুলির কাছে যে আবার চিন্তা করুন যে এই ঘটনাগুলি বিচ্ছিন্ন ঘটনা কি না। যদি আপনারা বলেন যে এইগুলি বিচ্ছিন্ন ঘটনা, তা হলে আমি আর কয়েকটি ঘটনার কথা বলব। আপনারা সকলেই জানেন যে শিলিগুড়িতে একটা এয়ারপোর্ট আছে, কিন্তু আপনারা কি জানেন যে শিলিগুড়ির যে এয়ারপোর্ট সেটা মিলিটারী কন্ট্রোলে গিয়েছে তা কি জানেন, এমন কি শিলিগুড়ির অধিবাসীরা পর্যন্ত জানে না। কিন্তু পিকিং রেডিও থেকে ব্রডকাস্ট হয়েছে। তারপর আরেকটি কথা বলি, সব থেকে গুরুত্বপূর্ণ যোগাযোগ ব্যবস্থা যেখানে আমাদের ইঞ্জিন তৈরি হয়, সেই চিত্তরঞ্জনে যখন আমাদের ডিফেন্স কাউন্সিলের মিটিং হয়—যাঁর সদস্য মাত্র কয়েকজন অফিসার, যাঁরা অত্যন্ত দায়িত্বপূর্ণ পদে অধিষ্ঠিত আছেন, তাঁরা সেখানে মিটিং করেছেন সকাল সাড়ে দশটায়, আর যে সিভিল ডিফেন্সের কি মেজার নেওয়া হবে আর বিকেল ৫টায় পিকিং রেডিও থেকে সে খবর ব্রডকাস্ট হচ্ছে, আজ তাই বাংলাদেশের বুকের উপরে সেইসমস্ত চক্রান্তকারী দল রয়েছে, আজ তাই দেখি বাংলাদেশের বুকের উপরে কারিয়াপ্পার দলরা আছে তাদের থেকে সাবধান হওয়া প্রয়োজন।

[4-55—5-5 p.m.]

Dr. Golam Yazdani:

মাননীয় স্পীকার মহাশয়, এই পুলিসের বাজেটের উপর আমি কতকগুলি কথা বলতে চাই। আমরা দেখি স্বাধীনতার পূর্বে যখন অবিভক্ত বাঙলা ছিল, তখন ৪ কোটি টাকা খরচ হত। কিন্তু আমি দেখছি যে এই পুলিস খাতে দিনের পর দিন টাকা বেড়ে যাচ্ছে। আমরা দেখি ১৯৫২ সালে ৫ কোটি ৭৫ লক্ষ টাকা ছিল, তা থেকে বেড়ে ১৯৬২-৬৩ সালে ১০ কোটি ৩৪ লক্ষ ৩২ হাজার হয়েছিল, তারপরে আবার ১৯৬৩-৬৪ সালে ১০ কোটি ৭১ লক্ষ ২৮ হাজার ধরা হয়েছে। অর্থাৎ এবারে ৩৬ লক্ষ ৯৬ হাজার টাকা বেশী হচ্ছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে আমাদের আরও বেশী পুলিসের দরকার। আমি আশ্চর্য হয়ে ভাবছি যখন বিদেশী শাসন ছিল তখন বেশী টাকা মঞ্জুর করা হত পুলিসের জন্য। কিন্তু দেশ স্বাধীন হবার পর আরও বেশী করে কেন পুলিসের দরকার তা আমি বুঝতে পারছি না। বিদেশী শাসনের সময় বেশী পুলিস দরকার হত, তার কারণ স্বাধীনতাকামী লোকদের দাবীকে দাবিয়ে রাখবার জন্য বেশী পুলিসের দরকার হত। অথচ কংগ্রেস গভর্নমেন্ট বলেন যে জনসাধারণের সমর্থন তাদের পিছনে আছে। তাদের প্রতি জনসাধারণের সমর্থন থেকে থাকে, তা হলে এত বেশী পুলিস রাখবার কি দরকার। আমি এই কথাটা বলতে পারি যেহেতু জনসাধারণের সমর্থন তাদের পিছনে নাই, এটা তারাই নিজেরা অনুভব করছেন সেজন্য জনসাধারণের দাবিকে দাবিয়ে রাখতে হবে, সেজন্য তারা বেশী বেশী করে পুলিসের জন্য খরচ করছেন। নইলে এত বেশী টাকা পুলিসের জন্য কিছুতেই খরচ হতে পারে না। আজ তারা নিজেদের স্বার্থে এবং পুঁজিপতিদের স্বার্থে এই পুলিস রাখছেন। আবার অন্য দিকে দেখুন স্যার, পুলিসের সংখ্যা বেড়ে গিয়েছে, কিন্তু ক্রাইমের সংখ্যা কমছে না। সরকারের প্রচারিত স্ট্যাটিসটিক্যাল ডাইজেস্ট আছে তাতে আমরা দেখি যে দিনের পর দিন ক্রাইম বেড়ে যাচ্ছে। তারপর চাষীদের উপর অত্যাচার, জুলুম চলছে, সে কথাগুলি

আপনার সামনে বলব। মালদহ জেলা হবিবপুর থানায় কি ঘটনা ঘটেছে সে কথা মাননীয় সদস্য নিমাই মুর্মু এখানে বিশদভাবে বলেছেন, আমি শুধু একটি কথা বলবো যে, আজকে জোতদাররা পুলিসের সাহায্যে চাষীদের উপর কিরকম অত্যাচার চালাচ্ছে। হবিবপুর থানার রাজেন্দ্রনাথ রায় সাওতাল গ্রামে তিনি ২·২১ শতক ভেস্টেড জমি বন্দোবস্ত নিয়েছিলেন, তার রসিদ নম্বর ১২৭, অথচ এই বার ন্যাশান্যাল ইমারজেন্সীর সুযোগ নিয়ে সেখানকার জোতদার সেখানকার বড়ার পুলিসের সাহায্য নিয়ে ক্ষেত থেকে ধান কেটে নিয়ে গিয়েছে। এই একই রকম ভাবে সোমাই হেম্রব ভেস্টেড জমি নিয়ে চাষ করেছিল কিন্তু জোতদার কৃষ্ণলাল সাহা পুলিসের সাহায্যে ধান কেটে নিয়ে গিয়েছে। এইরকম ২৫-৩০টা কেসের কথা আমি জানি। এখানে সময়ের অভাবের জন্য সব বলতে পারছি না। অর্থাৎ এখানে স্পষ্ট দেখা যাচ্ছে আজকে জোতদারদের স্বার্থে পুলিস ব্যবহৃত হচ্ছে। এইসব সম্বন্ধে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অভিযোগ করেছিলাম, কিন্তু কিছুই হয় নি। আমি আরেকটি কথা এখানে বলতে চাই এবং আমি মনে করি এটা এই হাউসের সামনে রাখা উচিত সেটা হলো এই যে, পুলিসের বিরুদ্ধে অভিযোগ যে তারা সাম্প্রদায়িক মনোভাব নিয়ে কাজ করে, অথচ তারা ভুলে যায় যে আমাদের এটা সিকিউলার স্টেট। যখনই কোন সংখ্যালঘু আর সংখ্যাগুরু সম্প্রদায়ের মধ্যে কোন ঘটনা ঘটে, তখনই দেখি সংখ্যালঘুদের উপর অত্যাচার বেড়ে যায়। তাদের দোষ না থাকলেও চালান করা হয় এবং নানান রকম শাস্তি দেওয়া হয়। আমি দুই-একটি ঘটনার কথা আপনার মাধ্যমে এখানে বলতে চাই, গত নবেম্বর মাসে কালীপুজার প্রতিমা বিসর্জনের দিনে যখন সামসুল হুদা রোড দিয়ে ব্রাইট স্ট্রীট দিয়ে যাচ্ছিল, তখন সেখানকার সংখ্যালঘুদের ২টি দোকান লুটপাট করা হয় এবং ওখানকার মসজিদের দরজা ভেঙে দেওয়া হয়, এটা ঘটে মিছিলের সামনে এ সি ডি সি, তারা পায়ে হেটে আসছিলেন এবং করেয়া থানার ও সি-ও ছিলেন, অথচ তারা কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। সেই মিছিল যখন আবার কংগ্রেস এক্সিবিশান রোড দিয়ে যাচ্ছিল, তখন তারা একটা সংখ্যালঘু সম্প্রদায়ের হোটেলের উপর আক্রমণ করে এবং ঐ হোটেলটা নষ্ট করে দিয়েছিল। সেখানেও এ সি ডি সি, ও থানার ও সি ছিলেন, কিন্তু তারা এর কোন কিছু প্রতিকার করেন নি। তারপর ৪-৫ দিন পরে ৬-৭ জনকে গ্রেপ্তার করেছিলেন এবং তাও সংখ্যালঘু সম্প্রদায়ের লোককে। মাননীয় স্পীকার, স্যার, মুর্শিদাবাদ জেলায় বহরমপুর থানায়, খিদিরপুর নামক গ্রামে গত ফেব্রুয়ারী মাসের শেষ সপ্তাহে একটা ছোটখাট কমিউনিয়াল রায়ট হয়েছে একটা সামান্য ঝগড়াকে কেন্দ্র করে কমিউনিয়াল রায়ট লেগে গিয়েছিল, তাতে সংখ্যালঘু সম্প্রদায়ের ৪টা বাড়ি পুরিয়ে দেওয়া হল, কতকগুলি বাড়ি লুট করা হলো, কিন্তু কোন ব্যবস্থা অবলম্বন করা হলো না। এই ঘটনার ২-৩ দিন পর ২৭ জনকে অ্যারেস্ট করা হল, তার মধ্যে বেশীর ভাগই সংখ্যালঘু সম্প্রদায়ের লোক। তারপর মুর্শিদাবাদ জেলায় ভগবানগোলা থানায় হোসেন নগর গ্রামে ছোট আব্দুল রহমানের স্ত্রীর উপর পুলিস অত্যাচার করে একটা ছোটখাট ঘটনাকে কেন্দ্র করে, অর্থাৎ জলের ধারে একটা ছোটখাট বচসাকে কেন্দ্র করে সংখ্যালঘু সম্প্রদায়ের লোকের বিরুদ্ধে থানায় রিপোর্ট করে যে তারা নাকি পাকিস্তান জিন্দাবাদ করেছে, আসল ঘটনা কি তা যাচাই না করে সেই গ্রামের আব্দুল রহমানের স্ত্রীকে পুলিস জোর করে ধরে নিয়ে যায় এবং তাকে রেপ করে। তারপরে স্যার, আরেকটা ঘটনার কথা বলছি যে, মুর্শিদাবাদ জেলায় বহরমপুরে চুনীখালির নিমতলায় প্রকাশ্য রাজপথে বাজার এলাকায় আহম্মদকে খুন করা হয়, সেই খুন হয়েছিল ১৯৬২ সালে, যখন মালদহে কমিউনিয়াল রায়ট হয়েছিল, তখন এখানকার হিন্দুমহাসভা, জনসঙ্ঘ প্রভৃতি লোকেরা উত্তেজনা ছড়ায় যার ফলে ঐ ঘটনা ঘটে। কিন্তু আজ পর্যন্ত পুলিস কোন ব্যবস্থা অবলম্বন করে নি। তারপরে স্যার, আমি এখানকার পুলিস সম্বন্ধে দুই-একটি কথা বলতে চাই। বেনিয়াপুকুরের এস আই রামমোহন দেব এর বিরুদ্ধে সেখানকার স্থানীয় লোকেরা অভিযোগ করেছিল যে তিনি দুর্নীতিপরায়ণ এবং তিনি একটা বাড়িতে অসৎ উদ্দেশে যান, তিনি কিছুদিন পূর্বে শ্যামবাজার থেকে বদলি হয়ে এসেছেন, তার বিরুদ্ধে আরও অনেক অভিযোগ আছে এবং ডি সি-র কাছে অভিযোগ করা সত্ত্বেও আজ পর্যন্ত কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি। তারপর বেনিয়াপুকুর থানার অ্যান্টি রাউডির অফিসার কোথায় তিনি চোলাই মদের কারবার, জুয়া খেলা ইত্যাদি বন্ধ করবেন, তা নয় তিনি সেগুলি সমর্থন করেন, যার ফলে সেখানে চোলাই মদের কারবার, জুয়া খেলা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। তারপর করেয়া থানার সার্জেন্ট এ কে গুহঠাকুরতা, তিনি চারিদিকে ঘুরে ঘুরে বেড়ান এবং গ্যাম্বলিং এবং চোলাই মদের কারবারে তিনি উৎসাহ দেন।

স্যার, আমি আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পুলিসের মধ্যে এই দুর্নীতি এই দুর্নীতি করে তাঁরা নিশ্চয় অনেক টাকা রোজগার করছেন, তা না হলে কার্তিকচন্দ্র হালদার এস আই অফ কশবা, তিনি কত টাকা পুলিসী জীবনে জমা করে গেছেন যার ফলে রিসেন্টলি কিছুদিন হল তিনি সিক লিভ নিয়েছেন এবং সিক লিভ নিয়ে জয়নগর থানায় একটা পাকাবাড়ি করেছেন। একটা পুলিসের এস আই, তিনি এত টাকা কোথা থেকে পেলেন যে, কিছুদিন চাকরী করার পর তিনি এইভাবে পাকা বাড়ি করছেন। আমরা দেখছি পুলিসের দুর্নীতিতে দেশ ছেয়ে গেছে। এমন কি মফঃস্বল এলাকায় আমরা দেখছি যে সাধারণ গ্রামবাসীর মনের ভেতর এমন ধারণা যে কিছু টাকা যদি আমি হাতে করতে পারি অন্তত ৫০০ টাকা —তা হলে যে কাউকে আমি মার্ডার করতে পারি এবং আমার কোন শাস্তি হবে না। এই যে ধারণা গ্রামবাসীদের মনের মধ্যে হয়েছে পুলিস সম্বন্ধে, সেটা নিশ্চয়ই সম্মানজনক নয়, মর্যাদাকর নয়, এবং এই ধারনাটুকু গ্রামবাসীদের মনের মধ্যে গড়ে তুলবার জন্য দায়ী কংগ্রেস সরকার। রাজনীতির সঙ্গে পুলিসের সম্পর্কের কথা মাননীয় সদস্য নিমাই মুর্মু বলেছেন। এটা অতি সত্য কথা এবং এ বিষয়ে বারবার আমরা ঊর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছি। সেখানে চীনের সমর্থনে সেখানকার কংগ্রেস কর্মীরা পোস্টার নিয়ে কমিউনিস্ট কর্মীদের নাম দিয়ে যখন দেওয়ালে এঁটে দিতে চলছিল, তখন সেখানকার গ্রামবাসীরা পুলিসে খবর দেয়, কিন্তু পুলিস কিছু করে নি। ২-৩ দিন পরে দেখা গেল ঐ কমিউনিস্ট কর্মীদের গ্রেপ্তার করে চালান দেওয়া হল। পুলিসের এই অন্যায়ের প্রতি আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা জিনিসের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, মফঃস্বল এলাকা এমন এলাকা যে থানাটা একদিকে থাকে এবং বহুদূর পর্যন্ত ১০।১৫।১৬ মাইল পর্যন্ত সেই থানার এলাকা, অথচ সাধারণভাবে পুলিসের কোন জীপ দেওয়া হয় না। এমন দুর্গম এলাকা যেখানে মার্ডার হয়, চুরি-ডাকাতি হয়, সেখানকার মানুষের থানায় যেতে ৮-১০ ঘণ্টা লেগে যায়। এইরকম মফঃস্বল অঞ্চল আছে, সেখানে রাস্তাঘাট না থাকার জন্য পুলিস সেখানে যেতে পারে না। এমন কি যেখানে রাস্তাঘাট ভাল আছে সেখানে পুলিসের যদি একটা করে জীপ থাকে, তা হলে ঐ মফঃস্বল এলাকাতে তারা তাড়াতাড়ি যেতে পারবে। কিন্তু তার কোন ব্যবস্থা নেই। স্যার, এইরকম ভাবে আমার কনস্টিটুয়েন্সি খবড়া থানার কথা বলব—থানাটা উত্তর দিকে অবস্থিত এবং তার দক্ষিণ অঞ্চল ১৬ মাইল দূরে অবস্থিত। অথচ রাস্তা এমন যে সেখানে গাড়ি যেতে পারে না। এদিকে সরকারের কোন দৃষ্টি নেই। সেজন্য মফঃস্বলে বিভিন্ন জায়গায় আউটপোস্ট করার জন্য আমি আপনাকে অনুরোধ করছি।

Shri Panchu Gopal Bhaduri:

মাননীয় স্পীকার, স্যার, প্রথমে আমি নেপালবাবুর একটা বক্তব্যের প্রতিবাদ জানাচ্ছি। তিনি বরাহনগরের ধীরেন চ্যাটার্জি নিহত হওয়ার ব্যাপারে কমিউনিস্টদের বিরুদ্ধে একটা পয়েন্ট স্কোর করতে চেয়েছিলেন। আসলে সেটা সেমসাইড হয়েছে। দ্বিতীয় কথা হচ্ছে, আনন্দবাবু যেভাবে তাঁর বক্তব্য রেখেছেন তাতে হয়ত এটাই প্রদেশ কংগ্রেসের লাইন। মাননীয় স্পীকার, স্যার, আমি অনুরোধ জানাব, যদি দলিল থেকে, ডকুমেন্ট থেকে বলে থাকেন তা হলে সেই ডকুমেন্ট যেন তিনি আপনার টেবিলে জমা দেন, কারণ এই ডকুমেন্ট সম্বন্ধে ২।১টা তারিখ সম্পর্কে মিথ্যা দেখা দিয়েছে, যেমন ২।৮।৪২ তারিখটি। ভবানী সেন কি বলেছেন না বলেছেন এরকম একটা কথা এতে আছে। আমি পরিষ্কার বলতে পারি ২।৮।৪২ তারিখে ভবানী সেন সম্পর্কে যেটা বলা হয়েছে এটা একেবারে জালিয়াতি। যদি আমি ২।৮।৪২ তারিখটি শুনে থাকি এবং ঐ ২।৮।৪২ তারিখই যদি ঠিক হয়, তা হলে সে তথ্য যেন উনি আপনার কাছে জমা দেন—সে ডকুমেন্ট যেন জমা দেন।

The Hon'ble Sankardas Banerji: The word used is "Jaliati" i.e., forgery, can any honourable member use that language unless substaintial evidence is adduced.

Mr. Speaker: Shri Bhaduri, it is unparliamentary and you must withdraw.

Shri Panchu Gopal Bhaduri: Sir, I beg to withdraw that particular term.

কিন্তু তিনি যা বলেছেন ভবানী সেন সম্পর্কে সেটা ভুল এবং যদি ২।৮।৪২ তারিখে ভবানী সেন ঐ বিবৃতি দিয়েছেন এরূপ কোন দলিল পান তিনি যেন তা হাজির করেন। তৃতীয়তঃ যে ক্রিটিসিজম করা হয়েছে সেটা মামলায় পুলিসের অনাচার সম্বন্ধে—আমি সে সম্বন্ধে কোন সমালোচনা করতে চাই না, সে আলোচনা, সে সমালোচনা বহু করা হয়েছে, বহু মাননীয় বিরোধী সদস্য তা করেছেন, তাই আর পুনরায় বলে দরকার নেই। সেই মামুলি অনাচার সম্পর্কে আলোচনা আমার বক্তব্য নয়। পুলিসে কোন ভদ্রলোক নেই, কোন সৎ লোক নেই এটাও আমার বক্তব্য নয়। এটা এমনই হয়েছে সৎ লোক থাকলে তার পক্ষে টিকে থাকা শক্ত। আগে তাকে অসৎ করতে বাধ্য হতো, আজকে হয়েছে, তাকে আইন শৃঙ্খলার বিরুদ্ধে অনাচার করতে হচ্ছে, ভারতবর্ষের সংবিধানে এবং আইন শৃঙ্খলার মধ্যে যা তার কর্তব্য সেই কর্তব্যের বাইরে কংগ্রেসের সংকীর্ণতা ও দলগত সমর্থনে তাকে অনেক অকাজ কুকাজ করতে হচ্ছে, সে কথা আপনার মাধ্যমে বলতে চাই। এখন যেটা হচ্ছে সেটা আমাদের সংসদীয় গণতন্ত্রের পক্ষে ভয়ানক বিপদ। একটা রুলিং পার্টি তারা প্রধান বিরোধী দল এবং সেই বিরোধী দল সম্পর্কে এমন মনোভাব নেন যেন তাদের অস্তিত্ব বিলুপ্ত হয়ে যাক। নানা রকম ভাবে কেস তৈরী করে এদের সব শাস্তি দেবার চেষ্টা হচ্ছে। সেই সব লোককে আঘাত করা হচ্ছে কোন কোন ক্ষেত্রে সলিড সার্ভিস করবার জন্য। কাজে কাজেই এরকম কিছু জাল মামলা সাজিয়ে বা মিথ্যা মামলা সজিয়ে তাকে কোন কিছু করা যায় না, কিন্তু তবুও সংসদীয় গণতন্ত্রে ভয়ানক বিপদ উপস্থিত হয়েছে। সম্ভবতঃ প্রদেশ কংগ্রেসের এটা একটা নীতি, সে সম্পর্কে কয়েকটা তথ্য উপস্থিত করতে চাই। তিন রকমের এটা দেখা যায়। প্রদেশ কংগ্রেস হয়ত ভাবলেন জরুরী অবস্থার পরে বিরোধী দলকে ধ্বংস করবার এই মওকা! তারা সেজন্য তিন দিক থেকে থ্রি প্রংগড অ্যাটাক করলেন। একটা হচ্ছে কমিউনিস্ট পার্টির,—পার্টির মূল ঘাঁটি আক্রমণ করা। চীন টিন কিছু নয়। যাঁরা আজকে প্রকাশ্যে, প্রত্যক্ষে মনেপ্রাণে চীনের ভারত আক্রমণের বিরোধী তাদের উপর আক্রমণ হল, তাদের রেহাই দিলেন না। তারপর যে সমস্ত জায়গায় কমিউনিস্ট পার্টির নেতৃত্বে এ আই টি ইউ সি-র ইউনিয়ন খুব শক্তিশালী সেখানে আক্রমণ শুরু হল। তৃতীয়ত যেখানে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কমিউনিস্ট পার্টি বা নাগরিক সমিতির দ্বারা পরিচালিত সেখানে আক্রমণ শুরু হল, তার দৃষ্টান্ত কয়েকটা দিচ্ছি।

একটি হচ্ছে, বোধ হয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে, হুগলি জেলার শহরাঞ্চলে যে অ্যাসেম্বলি কনস্টিটিউয়েন্সি তাতে সেই পাঁচটিতেই কংগ্রেস হেরে গেছেন, যে দুইটি পার্লামেন্টারি কনস্টিটিউয়েন্সি সে দুটিতেই কংগ্রেস হেরে গেছে। তার জন্য দুঃখ আছে, রাগ আছে এবং মনে দাগা আছে এবং সেই রাগটা এবারেতেই ঝেড়ে নিতে চান। কিন্তু এত তাড়াতাড়ি তা করা যায় না। সেবা করে অনেক পরিশ্রম করে লোকের মন জয় করতে হয়। অজুহাত সৃষ্টি করে তা করা যায় না। যেমন একটা উদাহরণ আমি দিই—এই যখন অফিস-টফিস আক্রমণ হয় তখন বলা হয় জনতা করেছে—জনতাকা ফুকার। হুগলি জেলার কমিউনিস্ট পার্টির অফিস শ্রীরামপুরেতে যেদিন আক্রমণ হল তখন মার্কামারা কংগ্রেসী কর্মী এবং বাছাই করা কংগ্রেসের লোক তারা গিয়ে আক্রমণ করলেন একেবারে গ্যাংস্টার মেথড নিয়ে—তাঁরা তাড়াতাড়ি উপরে গিয়ে কমিউনিস্ট পার্টির ফ্ল্যাগ ছিঁড়ে ফেললেন—একজন ঘর খুলে ফেলে ভেতরে গিয়ে বলল, এখানে নিশ্চয়ই মাউ-সে-তুংয়ের ফটো আছে। মাউ-সে-তুংয়ের ফটো পাওয়া গেল না—স্ট্যালিনের ফটো পাওয়া গেল—একজন বলল মাউ-সে-তুং সম্প্রসারণবাদী, স্ট্যালিন তো নয়—এর ফটো নিয়ে কিছু দরকার নেই—একজন বলল, না না, ফটো ভাঙতে হবে। তারপর ফটো নিয়ে গিয়ে বাইরে ভাঙল, কিছু বইও পোড়াতে হবে, বই না পোড়ালে কখনও ফ্যাসিসিজমের সূত্রপাত হয় না। তাই বই নিয়ে গিয়ে পোড়ানো হল। এই ঘটনা আমি টেলিফোনযোগে মুখ্যমন্ত্রীকে জানিয়েছিলাম এবং এই ঘটনাতে বলতে পারি যে, একথা সত্য নয় যে, সবাই এই ঘটনাকে সমর্থন করেন। কংগ্রেসের একাংশ অতীত দিনে দেশসেবা করেছেন এতে তাঁরা অত্যন্ত বিচলিত এবং ব্যথিত। এই নূতন ধরনের গ্যাংস্টার মেথড এটা কংগ্রেসের সবাই সমর্থন করেন না। তাতে আমি মনে মনে খুব খুশি হয়েছি যে, কংগ্রেসের ভিতরে এখনও একটা সুস্থ অংশ আছে, বলিষ্ঠ মনোভাব আছে যাঁরা এইসব সহ্য করেন না। তারপর সেখানে কমিউনিস্টদের ফ্ল্যাগ পুড়িয়ে একটি ত্রিবর্ণ পতাকা যাতে কোন মার্কা ছিল না সেখানে সেটা তুলে দেওয়া হল। তারপর অফিসের লোকরা সেটা নিয়ে নামিয়ে ভাঁজ করে রেখে দিলেন।

পরে কংগ্রেসেরই একজনের বাড়িতে সেটা পেঁাছে দেওয়া হয়। পুলিস যেসময় অ্যাটাক হয়েছিল তখন ছিল এবং সেই সময় একজন কংগ্রেসের নাম করে আমাকে বললে যে, অমুকচন্দ্র দলবল নিয়ে কমিউনিস্ট পার্টির অফিসের দিকে যাচ্ছে। আমি তখনই কমিউনিস্ট পার্টির অফিসে ফোন করলাম। তখন তারা বলল, হ্যাঁ, এরা এসেছে এবং ভয়ানক গণ্ডগোল করছে। তারপর থানাতে ফোন করলাম। থানা বলল, আমাদের লোক গিয়েছে। থানা আগে জানতেন তাই সেখানে তাঁরা গিয়েছিলেন। তাঁদের সামনে সমস্ত ইনসেনডিয়ারিজম হল। তারপর চলে যাবার পর অফিসে যে দুজন ছিলেন তাদের পরের দিন এবং তার পরের দিন এক একজনকে গ্রেপ্তার করা হয়। এটা হয় ২৫।১১।৬২ তারিখে। ঐদিন সকালে শ্রীরামপুর কলোনি থেকে বিমল মজুমদার প্রভৃতি চারজনকে ধরা হল। বিমলবাবু হচ্ছেন প্রাথমিক শিক্ষক। তার সঙ্গে অবিনাশ দত্ত তিনি একটি দোকানদার এবং তার সঙ্গে আরও ১ জন ভদ্রলোক তিনি একটা ছোট কারখানার মালিক আর একজন হচ্ছেন অফিসের চাকুরে—তাঁরা কোন পলিটিক্সের মধ্যে জড়িত নন। অবশ্য অবিনাশবাবু এবং বিমলবাবু কমিউনিস্ট কর্মী এবং পাবলিক অ্যাক্টিভিটির সঙ্গে জড়িত। বিমলবাবু প্রাথমিক শিক্ষক, ইউনিয়ন বোর্ডের মেম্বার এবং ঐ কলোনির নেতা এবং এদের সরানোর ব্যাপারে আর একটি কারণ ছিল যে, ঐ জবরদখল কলোনির একটি প্লট যেটা গার্লস স্কুলের জন্য নির্দিষ্ট ছিল সেই প্লটটি জবরদখল করেছিল কিছু লোক এবং তাদের বিরুদ্ধে বিমলবাবু আন্দোলন করে তাদের সরাবার চেষ্টা করছিলেন এবং তাদের ভিতর দুজন লোক কান্তিলাল দে এবং বলাইবাবু তাঁরাই খবর দিয়ে এলেন যে, এরা চীনের পক্ষে প্রচার চালাচ্ছে এবং সেই ইনফরমেশনের জোরে তাদের ধরা হল। অ্যারেস্ট করা হয়েছে ২৫ তারিখে কিন্তু এখনও পর্যন্ত তাদের বেল দেওয়া হয় নি। তারা যে বেলের দরখাস্ত করেছে তা আমি পড়ে দিচ্ছি। শ্রীরামপুরের জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এ কে মজুমদার তিনি বলছেন ডেট ৬।৩।৬৩

All three accused produced, bail moved for the accused by the lawyers, bail petitions rejected. I have no time to go through the documents referred to, 175 Cr.P.C. for Criminal charge the accused are produced.

[5-15—5-25 p.m.]

এই হচ্ছে অর্থ—তাঁদের ঐ যে বেলের জন্য যেসমস্ত ডকুমেন্ট দেওয়া হয়েছিল যে, এঁরা সম্পূর্ণভাবে ডিফেন্স অফ ইন্ডিয়া রুলসএ পড়ার অযোগ্য, পড়তে পারে না, সেগুলি পড়ার সময় জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটএর হল না। আমার সময় নেই—এইসব পড়বার এবং না পড়েই তিনি বেল রিজেক্ট করলেন।

আর একটা কথা বলি, ট্রেড ইউনিয়ন এলাকা কিভাবে আক্রমণ করা হয়েছে দেখুন। নুরমহম্মদ জয়শ্রী মিলের একজন শ্রমিক ; তিনি ডিফেন্স ফান্ডএ চাঁদা দিলেন এবং একটা ডেপুটেশন নিয়ে রাজভবনে এসে কয়েক সহস্র টাকা জমা দিয়ে গেলেন। এই নুরমহম্মদ স্পিনিং ফ্রেম কারখানায় জোড়া মিল চালানোর প্রতিবাদ করেছিলেন এবং এ নিয়ে অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনারের সঙ্গে দেখাও করেছিলেন। তাঁকেও গ্রেপ্তার করা হয়েছে।

তারপর লক্ষ্মীনারায়ণ কটন মিলের শ্রমিক ইউনিয়নের সেক্রেটারি, তিনি ডিফেন্স ফান্ডএ টাকা জমা দেবার কথা বার বার বলেছেন। টাকা নিয়ে মিল ম্যানেজার জমা দিতে গেলেন। কিন্তু যেসব টাকা শ্রমিকরা জমা দিয়েছিলেন, তাদের সব টাকা তিনি জমা দিলেন না। তার জন্য সেক্রেটারি প্রতিবাদ করলে ম্যানেজার গুণ্ডা বাহিনী দিয়ে তাকে মারবার চেষ্টা করলেন এবং সেদিন শেষরাত্রে তাকে ডিফেন্স অফ ইন্ডিয়া রুলসএ কয়েকজন সঙ্গী সহ ধরা হল। এই হচ্ছে ঘটনা।

আর একটা স্বায়ত্তশাসনশীল প্রতিষ্ঠানে যেমন অঞ্চল পঞ্চায়েত ও মিউনিসিপ্যালিটি, যেখানে কমিউনিস্ট ও নাগরিক সমিতি ও কৃষক সমিতির প্রভাব, সেখানে আক্রমণ শুরু হয়ে গেল। আমি শুনেছি এই সম্পর্কে নাকি এই সমস্ত দলের হাত থেকে, কমিউনিস্টদের হাত থেকে এই প্রতিষ্ঠানগুলি ছিনিয়ে নিয়ে যাওয়া সম্পর্কে প্রদেশ কংগ্রেসের সার্কুলার আছে। আমি সার্কুলার পড়িনি। কাজে কাজেই সে সম্পর্কে জোর করে কিছু বলতে পারছি না। আমরা কংগ্রেসবিরোধী হলেও কংগ্রেসকে আমরা শত্রু মনে করি না। কংগ্রেসের এইরকম

অবনতি হয়েছে কিনা এটা আমাদের পক্ষে জানা খুব দরকার। কাজেই এই রকম কোন সার্কুলার যদি কেউ পড়ে থাকেন, আমাকে দেবেন। কমিউনিস্টরা যেসমস্ত মিউনিসিপ্যালিটি বা অঞ্চল পঞ্চায়েতের নেতৃত্ব করছেন তার বিরুদ্ধে বা তাদের উলটে দেবার জন্য কোন কিছু সার্কুলার দেওয়া হয়েছে কিনা কংগ্রেস থেকে সেটা সঠিক জানা দরকার। এই সম্পর্কে যদি কেউ আমাকে জানাতে পারেন, তা হলে আমি অনুগৃহীত মনে করব।

(**The Hon'ble S. M. Fazlur Rahaman:** Absolutely baseless.)

এই সম্পর্কে বলি কোন্নগর মিউনিসিপ্যালিটির ১২ জন মেম্বারের মধ্যে ১১ জন হচ্ছেন নাগরিক সমিতির লোক। আর যাঁরা হেরে গিয়েছিলেন, তাঁরা কংগ্রেসী। তাঁরা আক্রমণ শুরু করলেন। ছোট ছোট দল নিয়ে বহু কংগ্রেসী কমিশনাররা বাড়ি বাড়ি গিয়ে চ্যাঁচালেন—পদত্যাগ করতে হবে, পদত্যাগ করতে হবে। কমিউনিস্ট কমিশনারদের বাড়ির দরজায় মলত্যাগ পর্যন্ত তাঁরা করলেন। আত্মত্যাগের মধ্যে মলত্যাগ করাটাই খুব সোজা এবং সুবিধা। তাই তাঁরা মলত্যাগ করলেন। এইসব করেও যখন ও'রা পদত্যাগ করলেন না, তখন গোবিন্দ চট্টোপাধ্যায় বলে একজন কমিশনার তাঁকে গ্রেপ্তার করা হল ভারতরক্ষা আইনে। গোবিন্দ চট্টোপাধ্যায় যে অফিসে কাজ করতেন তার ডিফেন্স ফান্ড-এর কালেক্টর ছিলেন। এদিক থেকে বিবেচনা করে চেষ্টার ফলেতে জজসাহেব তাঁকে বেল দিয়ে দিলেন।

আর একটি, ব্যারাকপুর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, সুনীল ভট্টাচার্য, তাঁর সঙ্গে যদুবাবু নামে এক ভদ্রলোকের মামলা চলছে এবং যদুবাবু একটা ইনফরমেশন দেওয়ার ফলে তাঁকে ডিফেন্স অফ ইন্ডিয়া রুলসএ ধরা হল। তেমনি হুগলি জেলার আরও একটি-দুটি মিউনিসিপ্যালিটি সম্পর্কেও এই ধরনের কৃতিত্ব তাঁরা দেখিয়েছেন।

তারপর অঞ্চল পঞ্চায়েতের দিক থেকে একটু বলি। নসীবপুর, বড়া, এইসব অঞ্চল পঞ্চায়েতে যেখানে কৃষক সমিতির প্রাধান্য সেইসব অঞ্চল পঞ্চায়েতের সভাদের কেবল বেপরোয়া গ্রেপ্তারই করা হলো না, তাঁদের কোমরে দড়ি বেঁধে রাস্তা দিয়ে হাঁটিয়ে নিয়ে যাওয়া হলো। শীতকালে খোলা গায় নিয়ে যাওয়া হলো। তাঁরা অঞ্চল পঞ্চায়েতের সভ্য হয়ে কি অপরাধ করলো আমি জানি না। সেটা হচ্ছে গণতন্ত্র ধ্বংস করবার একটা পথ, এবং এইটা সংসদীয় গণতন্ত্রে শাসক দল থাকে এবং বিরোধী দলও থাকে। এবং সংবিধান হচ্ছে সিট অ্যাঙ্কর সেখানে পুলিসকে আইন ও শৃঙ্খলার মধ্যে কাজ করতে হয়। যদি আপনি পুলিসকে আইন, শৃঙ্খলার বাইরে এনে আপনার দলীয় স্বার্থসিদ্ধির কাজে লাগান এবং তার সঙ্গে সঙ্গে কংগ্রেসের সাথে একদল সমাজবিরোধী গ্যাংস্টার সৃষ্টি করেন তাহলে সেটা হচ্ছে ভবিষ্যতের পক্ষে অত্যন্ত দুঃখময় ভবিষ্যতের ইঙ্গিত দিচ্ছে এবং যেটা অতীত যুগে, দ্বিতীয় মহাযুদ্ধের আগের যুগে ইউরোপে দেখা গিয়েছিল। অর্থাৎ ফ্যাসিজিম-এর উদ্ভব যা হয়েছিল, সেটা এই ভাবেই হয়েছিল। এই ফ্যাসিজিম-এর উদ্ভবে চিরকাল অ্যান্টি কমিউনিজম সৃষ্টি হয়েছে; এবং সেই অ্যান্টি কমিউনিজম প্রচার কি রকম ভাবে করা হয় তা সকলে জানেন। তারপর যখন কমিউনিস্ট পার্টি জেলের মধ্যে চলে যায়, তখন সোসালিস্ট ডেমোক্রাটিক পার্টির রেহাই থাকে না এবং তারপর রেহাই থাকে না গণ-তান্ত্রিক দলের। সেইজন্য আমি বলতে চাই এই যে অ্যান্টি কমিউনিজম সৃষ্টি করা হচ্ছে সেই অ্যান্টি কমিউনিজিম-এর ক্ষমতা নিয়ে গিয়ে ফেলবে দক্ষিণপন্থী প্রতিক্রিয়ার হাতে। অনেকে হয়ত বলবেন পশ্চিমবঙ্গে দক্ষিণপন্থীর প্রতিক্রিয়া নেই। অনেক সময় ঘুঁটে পোড়ে, গোবর হাসে। কিন্তু গোবর ঘুঁটে হবে এবং তাকেও পুড়তে হবে। পশ্চিমবঙ্গে প্রদেশ কংগ্রেসের দক্ষিণপন্থী ঘাঁটি করেছে এবং তার ভিতরে আমি বিশ্বাস করি গণতন্ত্রপ্রিয় খাঁটি দেশপ্রেমিক বহু আছেন, যাঁরা বহুকাল ধরে ৪০।৪৫ বছর ধরে দেশের সেবা করে আসছেন। এঁরা গণতন্ত্রপ্রিয়, স্বাধীনতাপ্রিয় এবং ভবিষ্যৎ সম্পর্কে এঁদের দৃষ্টি আছে। এই সমস্ত গণ-তন্ত্রপ্রিয় লোককেও ভবিষ্যতে ধ্বংস করতে হবে। তাই হয়ত এই দক্ষিণপন্থী প্রতিক্রিয়া যখন প্রথম লিস্ট করে তখন কমিউনিস্টদের লিস্ট করে এবং তারপর সোসালিস্টদের, বামপন্থীদের লিস্ট করে; এবং এর পর কংগ্রেসের মধ্যে গণতন্ত্রপ্রিয় লোকদেরও লিস্ট হবে, আমি একথা বলতে পারি। কিন্তু আমি আশা করি দক্ষিণপন্থী প্রতিক্রিয়াকে এই অ্যাডভ্যানটেজ নিতে

আপনারা দেবেন না। দক্ষিণপন্থী প্রতিক্রিয়ার বিরুদ্ধে যে আক্রমণ হচ্ছে এবং সেই আক্রমণ যে করে, তার কন্ঠস্বর স্তব্ধ করা দরকার। যদি বিরোধী দল সম্পর্কে শাসক পার্টির কোন বক্তব্য থাকে, জনসেবা করে, লোকের মুখে প্রচার করে, আইন শৃঙ্খলার গন্ডীর মধ্যে তাদের উৎখাত করুন। তাতে আপত্তি নেই। সেবা করে, জনসেবা করে, কংগ্রেস দলের বর্তমান যে সংখ্যাগরিষ্ঠ আছে, তাকে যদি আরও বাড়াতে চান, তা করুন। যদি শ্রমিকদের একমাত্র পার্টি শ্রমিক কৃষকদের হাতে চান, তাহলে শ্রমিক কৃষকের দরদী হতে হবে। প্রফুল্লবাবু বলেছেন যে ৮০ লক্ষ কৃষক এখনও পর্যন্ত তাঁদের রাজ্যে কোন সুখ সুবিধা পায় নি। সেই ৮০ লক্ষ কৃষক আজ কি বিরোধী দলের কাছে যাবে না? মধ্যবিত্ত শ্রেণী, শ্রমিক শ্রেণী তারা কি আজ বিরোধী দলের কাছে যাবে না? নিশ্চয় যাবে। তারা যাবে জনসেবার মধ্য দিয়ে, অ্যান্টি কমিউনিজম-এর মধ্য দিয়ে নয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অপরাধ সব দেশেই হয়ে থাকে। ক্যাপিটেলিস্টিক দেশে হয়, ডেমোক্রেটিক দেশে হয়, আর আমাদের মত সোসালিস্টিক দেশেও হয়। [হাস্য] যদি আমরা বুঝতাম যে টোটালিটেরিয়ান স্টেটগুলিতে অপরাধ প্রবণতা নেই, কেউ অপরাধ করে না, অপরাধী নেই, তাহলে নিশ্চয় আমরা এটা মনে মনে ঠিক করতাম যে আমাদের যে পথ সে পথ ভ্রান্ত।

[5-25—5-35 p.m.]

আমরা কি দেখতে পাচ্ছি? আমরা দেখতে পাচ্ছি যে, যেগুলি টোটালিটেরিয়ান স্টেট আছে সেখানেও অপরাধ হয়—ভয়ঙ্কর অপরাধী সেখানে আছে—অপরাধ প্রবণতা আছে, রাশিয়াতেও আছে, চীনেও আছে বা অন্যান্য যেসমস্ত টোটালিটেরিয়ান স্টেট আছে সেখানেও আছে। আমাদের আজকে যে বিতর্ক হল পুলিস বাজেট নিয়ে তাতে আমরা যে পুলিসের জন্য খুব বেশী ব্যয় করি ঠিক সেকথা কেউ তেমনভাবে বলেন নি। সকল মাননীয় সভ্য একথা বলেছেন যে সমস্ত অপরাধ বা অপরাধীকে আমরা ধরতে পারি না। আমরা তা স্বীকার করছি। সমস্ত অপরাধীকে কোন দেশেই—পৃথিবীর কোন দেশেই ধরতে পারে কি না সেটা মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি সবিশেষ জানেন। সমস্ত অপরাধীকে ধরা যায় না। আমাদের পুলিস কর্মচারীরা তদন্ত করেছেন কি না অপরাধীদের ধরবার চেষ্টা করেছেন কি না এবং বেশীক্ষেত্রে অন্যান্য দেশের তুলনায় আমাদের দেশে বেশী সংখ্যক অপরাধীকে ধরছে কি না এইটাই হচ্ছে মূল বিচার্য বিষয়। যদি করে থাকে বা পেরে থাকে তাহলে আমি বলব আমাদের যে পুলিস বাজেট, সেই পুলিস বাজেটে সকলেরই সম্মতি দিতে হবে। আমি আগেই বলেছি যে পশ্চিমবাংলা যেভাবে গড়ে উঠেছে—পশ্চিমবাংলার যে সমস্ত সমস্যা আছে সেই সমস্ত সমস্যার সম্মুখীন হয়ে আমরা অন্য যে কোন রাজ্যের চেয়ে যে কোন প্রদেশের চেয়ে অপরাধীদের বেশী সংখ্যক লোককে গ্রেপ্তার করেছি। আমি স্বীকার করছি যে, সব অপরাধীকে আমরা গ্রেপ্তার করতে পারি না। কিন্তু একথাও ঠিক যে, আজকে এখানে কয়েকজন মাননীয় সদস্য অসত্য কথা বলে আমাদের সকলকে বিভ্রান্ত করবার চেষ্টা করেছেন। একটু আগে আমাদের মাননীয় অর্থমন্ত্রী শ্রীশঙ্করদাস ব্যানার্জি মহাশয় বলেছেন যে, পলাশীতে আচার্য বিনোবা ভাবে যেদিন এসেছিলেন তিনি সেদিন সেখানে যান নি এবং সত্যিই তিনি সেদিন সেখানে যান নি। আমার সঙ্গে সেদিন তাঁর দেখা। আমি জিজ্ঞাসা করলাম—আপনি পলাশী যান নি? তিনি বললেন—না। আমি পলাশীতে যাই নি, আর পলাশীতে যাবার ইচ্ছাও আমার নেই। [লাফটার] এটা হাসবার কথা নয়—লজ্জার কথা, দুঃখের কথা যে কয়েকজন মাননীয় সদস্য আমাদের বিশ্বাস করতে বলেন যে, মাননীয় অর্থমন্ত্রী সেদিন পলাশীতে ছিলেন। আমরা তা কিছুতেই বিশ্বাস করতে পারি না। কাজেই যে সমস্ত মাননীয় সদস্য আমাদের এখানে সমালোচনা করেছেন, তীব্র সমালোচনা করেছেন তার মধ্যে যদি কিছু সত্য থাকে নিশ্চয়ই সেদিকে আমাদের দৃষ্টি আকর্ষিত হবে। আমাদের যদি কিছু দোষ-ত্রুটি থাকে তা সংশোধন করবার চেষ্টা করব, আমাদের কর্মচারীদের যদি কোন ত্রুটি থাকে তাঁরা তা সংশোধন করবার চেষ্টা করবেন। কিন্তু কোন দায়িত্বশীল মাননীয় সদস্য যদি বলেন যে, পলাশীতে সেদিন অর্থমন্ত্রী গিয়েছিলেন তা হলে আমরা কি মনে করব? মনে করব যে, এইভাবে তাঁরা অসত্য কথা বলবার চেষ্টা করেন। এখানে আরও যেসমস্ত গুরুতর অভিযোগ করা হয়েছে আমি মনে করি এর চেয়ে বড় অভিযোগ

কিছু হতে পারে না যে, আচার্য বিনোবা ভাবে যিনি শুধু বাংলাদেশের লোকের নয়, ভারত-বর্ষের লোকের নয়, সমস্ত পৃথিবীর লোকের কাছে পূজনীয় এবং শ্রদ্ধার পাত্র—যাঁর আদর্শ অত্যন্ত মহান, তাঁর পলাশীতে যাবার জন্য যদি পুলিস প্রোটেকশন নিতে হয় এর চেয়ে লজ্জার কথা আর হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পলাশী গ্রাম অতি ক্ষুদ্র গ্রাম—সে গ্রামে মাত্র ১৫০টি পরিবার আছে এবং সেই গ্রামের প্রত্যেক পরিবারের জমি নেই—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আশ্চর্য হবেন যে, যেহেতু পলাশীতে আমাদের স্বাধীনতা সূর্য অস্ত গিয়েছিল সেজন্য পলাশী গ্রামের প্রত্যেক গৃহস্থের বাড়িতে স্বয়ং আচার্য বিনোবা ভাবে গিয়েছিলেন এবং মাননীয় সদস্যদের লজ্জিত হওয়া উচিত যে, আচার্য বিনোবা ভাবের বিরুদ্ধে এরকম উক্তি তাঁরা করেন।

[Noises and interruptions.]

Mr. Speaker: You cannot interrupt in this way when the Hon'ble Chief Minister is replying.

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় স্পীকার মহোদয়, আমি এই কথা বলতে চেষ্টা করছিলাম যে আচার্য বিনোবা ভাবের উপরে কটাক্ষ......

[Noises and interruptions.]

Shri Apurba Lal Majumdar:

যেকথা কেউ বলেন নি, সেকথা কেন বলছেন—
it is distortion.

Mr. Speaker::

ও'র যা বক্তব্য সেটা শুনবেন তো।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি আবার বলছি......

[Noises and interruptions.]

Shri Kamal Kanti Guha:

আপনাকে আবার বলতে হবে না।

Mr. Speaker::

মিঃ গুহ, মুখ্যমন্ত্রীকে তাঁর বক্তব্য বলতে দিতে হবে—এভাবে বাধা দেওয়া চলবে না। আপনি যদি না শোনেন, আমি আপনাকে ডিস্টার্ব করতে দেব না।

Shri Apurba Lal Majumdar:

উনি, স্যার, উল্টো কথা বলছেন।

Shri Kamal Kanti Guha:

আমরা বাজে কথা শুনব না।

Mr. Speaker: Mr. Guha, I am giving you the last warning. If you want to create disturbance or if you want to interrupt the reply, it must be properly dealt with. You cannot stop any member from replying.

Shri Apurba Lal Majumdar:

যে কথা বলা হয় নি, তা নিয়ে কেন কথা বলবেন?

Mr. Speaker: If you have not said that why that pinches you at all. The Hon'ble Chief Minister is giving his reply and the honourable members should not disturb.

Shri Apurba Lal Majumdar:

তা হলে যে কথা এখানে বলা হয় নি তাই নিয়ে উনি বক্তৃতা করবেন আর আমাদের তাই শুনতে হবে?

Mr. Speaker:

আপনি যদি না বলে থাকেন তা হলে আপনার গায়ে লাগবার কিছু নেই। যখন আপনি কোন রিপ্লাই দেন বা অন্য কেউ দেন সেটা একেবারে ওজন করে মেপে সেই রিপ্লাই কি দেওয়া হয়?

Shri Nikhil Das:

অপোজিশন-এর কেউ বা অন্য কোন লোক বললে আলাদা কথা। কিন্তু চীফ মিনিস্টার পশ্চিম বাংলার অত্যন্ত দায়িত্বশীল একজন ব্যক্তি। তিনি কেন ডিস্টরশন অফ ফ্যাক্টস করবেন। এটা আমরা আশা করি না।

Mr. Speaker:

তিনি যদি উল্টোপাল্টা বলেন এই হাউসএর মধ্যে কিছু করার নেই, সেটা বাইরে কাগজে বেরুবে, তাঁরা জাজ করবেন।

You cannot stop him from replying.

[Noises and interruptions continuing]

Shri Apurba Lal Majumdar:

যেকথা বলা হয় নি, সেটা আমার উপর ইম্পিউট করতে দেবেন, যে ল্যাঙ্গোয়েজ.........

Mr. Speaker:

না যদি বলে থাকেন তা হলে তো আপনার গায়ে লাগার কথা নয়।

[5-35—5-45 p.m.]

Shri Apurba Lal Majumdar:

বিনোবাজী সম্পর্কে আমি কোন্ কথা বলেছি তিনি সেটা বলুন, আমি তাঁর প্রতি কোনরূপ কটাক্ষ করি নি, সুতরাং আমার উপর তিনি কেন ইম্পিউট করছেন এবং আমার ওয়ার্ড এবং ল্যাঙ্গোয়েজকে কেন ইউস করছেন?

Mr. Speaker:

আপনি না বললেও উনি বলতে পারেন ও'র জবাবে যদি তিনি প্রয়োজন মনে করেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি একথা বলতে চাচ্ছি আচার্য বিনোবা ভাবে এমন একটা মহান আদর্শ নিয়ে পশ্চিম বাংলায় এসেছেন। যদি সত্যিই প্রমাণ হয় পুলিসের সাহায্য নিয়ে কোয়ারশনের দ্বারা যেখানে আচার্য বিনোবা ভাবে প্রত্যেক গৃহস্থের বাড়িতে গিয়েছেন সেখানে পুলিসের সাহায্যে, পুলিসের কোয়ারসানের দ্বারা গ্রামদান হয়েছে, গ্রাম কেনা হয়েছে, অর্থাৎ যার ২০ কাঠা জমি আছে তাদেরকে এক কাঠা জমি দিতে এবং এজন্য এই পলাশী গ্রামে ভারতবর্ষের স্বাধীনতা সূর্য অস্ত যায়, সেইজন্য তিনি প্রত্যেক গৃহস্থের বাড়িতে যাবেন এবং লোককে বলবেন, বুঝাবেন—কাজে কাজেই আমি যেকথা বলছিলাম, পুনরায় বলি যেখানে বিনোবা ভাবেজী প্রত্যেক গৃহস্থের দ্বারে নিজে গিয়ে বুঝাবার চেষ্টা করেছেন এবং প্রার্থনান্তিক সভায় ভাল করে বলেছেন সেখানে যদি কেউ বলে যে, পুলিসের কোয়ারশনের দ্বারা গ্রামদান হয়েছে, জোর করতে হয়েছে তাহলে পর বিনোবা ভাবেজীর সমস্ত আন্দোলনের বিরুদ্ধেই কি কটাক্ষ করা হয় না?

[না, না, না—ফ্রম দি অপোজিশন বেঞ্চেস]

যদি পুলিসের সাহায্যে ও কোয়ারশনের দ্বারা গ্রামদান হ'ত তা হলে আমার পশ্চিম বাংলায় ৩৮ হাজার গ্রামই পেয়ে যেতাম। আমাদের পুলিসের সঙ্গে এর কোন সম্পর্ক নেই, পুলিস গ্রামদানের ব্যাপারে এতটুকুও হস্তক্ষেপ করে নি এবং করবেন না। আমি যেকথা বলছিলাম

সমস্ত অপরাধীদের আমরা চেষ্টা করলেও ধরতে পারব না—আমরা বহু অপরাধীকে ধরেছি, এবং আমি বলতে পারি, অন্যান্য প্রদেশের সঙ্গে যদি তুলনা করা যায়, অন্য রাজ্যের সঙ্গে যদি তুলনা করা যায়—আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় যেকথা বলেছিলাম, চোখের সামনে বাংলাদেশের মানচিত্রকে রেখে আমরা এখানে যদি সবাই চারদিক থেকে বসে যদি চিন্তা করি পুলিস দোষী কিনা, সৎ কি সৎ নয়, কর্তব্যপরায়ণ কি নয়, তা হলে আমি বলব নিশ্চয়ই কর্তব্যপরায়ণ, নিশ্চয়ই সৎ। মাননীয় সদস্যরা বলতে পারেন, মশাই, আপনাদের ৫০ হাজার পুলিস আছে, তার মধ্যে ২ হাজার পুলিস অসৎ, তা হলে পর একথা স্বীকার করা যায়, ৫০ হাজারের মধ্যে ৪৮ হাজার সৎ, ভাল, কর্তব্যপরায়ণ, ২ হাজার ভাল নয়। কিন্তু স্পেসিফিক অভিযোগ করতে হবে, সেটা যদি না করতে পারেন, এইরূপ সমালোচনায় কোন ভাল ফল হয় না। আমি সেজন্য মাননীয় সদস্যদের বলব এবং বারে বারে বলছি একথা, আমরা সমস্ত অপরাধীদের ধরতে পারি না, আবারও একথা বলছি যে, সমস্ত পশ্চিমবঙ্গের যা অবস্থা তাতে করে আমাদের পুলিস বাহিনীর কাজ প্রশংসনীয়, আমাদের পুলিস কর্মচারীরা কর্তব্যপরায়ণ, আমাদের পুলিস কর্মচারীরা নিষ্ঠাবান—আমাদের পুলিস কর্মচারীরা শুধু যে শান্তিশৃংখলা রক্ষা করেন তাই নয়, আমাদের পুলিস কর্মচারীরা জনতার সেবা করেন এবং সেই দৃষ্টিভঙ্গি নিয়েই এই পুলিস বাজেটের আলোচনা করতে হবে। আমি এই কথাই বলবার চেষ্টা করেছিলাম, কোন মাননীয় সদস্যকে আঘাত দেবার চেষ্টা করি নি। আমার কাছে অনেক টুকরো কাগজ আছে। মাননীয় সদস্য যেসমস্ত অভিযোগ করেছেন সেই সমস্ত অভিযোগ এখনই স্খালন করতে পারি, কিন্তু আমি যদি এই সমস্ত পড়তে আরম্ভ করি, আপনার সময় নেওয়া হবে এবং মাননীয় সদস্যরা যে অসত্য বলেছেন সেগুলি যদি দেখিয়ে দিই তা হলে আবার এখানে এমন আলোচনা হবে যে, সভার কাজ পরিচালনা করা সম্ভব হবে না। আমি সেজন্য বলতে চাই আজকে আমরা এখানে স্বীকার করছি যদিও সমস্ত অপরাধীদের আমরা ধরতে পারি না তা হলেও সমস্ত অপরাধীকে সায়েস্তা করবার জন্য আমরা আরও সচেষ্ট হয়েছি। আমাদের স্বর্গীয় কালিপদ মুখার্জি মহাশয়, প্রত্যেক বছর এখানে দেখিয়েছেন জনসাধারণ কিভাবে আমাদের পুলিসের কাজ অ্যাপ্রিসিয়েট করেছে। আমি আজকে বিতর্কের সময় কাগজপত্র আনি নি, বা সেগুলি পাঠও করব না, কেন? আমি এটুকু বলতে পারি কলকাতা শহর এবং পশ্চিম বাংলার নানা জেলায় এমন বহু লোক আছেন যাঁরা পুলিসের প্রশংসা করেন, পুলিসের কর্তব্যপরায়ণতার প্রশংসা করেছেন এরকম বহু লোক আছেন। আমি একটা জিনিস দেখছিলাম, আদালতে যেসমস্ত মামলা হয় সব মামলাতেই আমরা জিতি না, এমনও অনেক হয়—এখানে অনেক আইনজ্ঞ আছেন কাশীকান্ত মৈত্র মহাশয় এখানে আছেন কিনা। আইনজ্ঞরা জানেন অনেক সময় সত্য মামলায় তাতেও পরাজয় ঘটে।

For bad investigation from the opposition benches.

হতে পারে এবং অনেক সময় মিথ্যা জিনিসেও জয় হয়। কাজে কাজেই আমাদের এত মামলা যায়—আমি হিসাব করে দেখছিলাম, গত বছর ১৯৬২ সালে আমাদের জজ বা ম্যাজিস্ট্রেটরা ৯টি মামলায় পুলিস কর্মচারীদের স্ট্রিকচার দেন, কিন্তু ৪২টি মামলায় প্রশংসা করেছেন, কর্তব্যনিষ্ঠার প্রশংসা করেছেন। এবং তাদের বিরুদ্ধে আমরা ব্যবস্থা অবলম্বন করছি এবং এটা প্রশংসনীয় যে, ৯টির বিরুদ্ধে স্ট্রিকচার, ৪২টিতে প্রশংসা ও অ্যাপ্রিসিয়েশন—এটাও দেখতে হবে। কাজে কাজেই পুলিস ব্যতীত আমরা চলতে পারব না, পুলিস আমাদের চাইই। আমাদের কাছে কমিউনিস্ট পার্টির অনেক নেতা এসেছেন সংকটের সময়, মহাশয়, আমাদের পুলিস প্রোটেকশন দিন, আমরা সভা করব। আমি তাঁদের জিজ্ঞাসা করেছি, আচ্ছা, পুলিস প্রোটেকশন নিয়ে আপনারা সভা করবেন কি। শ্রীজ্যোতি বসু মহাশয় যখন বাইরে ছিলেন একদিন আমাদের কাছে গিয়ে বললেন, দেখুন, আমরা সভা করতে চাই এবং সভায় আপনারা পুলিস প্রোটেকশন দিন। আমি বললাম, পুলিস প্রোটেকশন দেব নিশ্চয়ই আপনাদের, আপনাদের সভায় যাতে শান্তিশৃঙ্খলা বজায় থাকে তার ব্যবস্থা করব নিশ্চয়ই।

[5-45—5-57 p.m.]

কিন্তু আপনারা ভেবে দেখুন, যখন সমস্ত জনসাধারণ আপনাদের বিরুদ্ধে, সভা তখন করা উচিত হবে কিনা? তিনি বললেন যে, আমি ভেবে দেখব। তারপর দিন আমাকে টেলিফোন করে বললেন যে, না আমরা ঠিক করেছি সভা করব না। সেদিন আমার কাছে শ্রীসোমনাথ

লাহিড়ী মহাশয়—এখানে তিনি এখন উপস্থিত নেই, তিনি দুধ সম্পর্কে অনেক কথা বলে এখান থেকে চলে গেলেন—এসে বললেন যে, আমাদের মাইক ব্যবহার করবার অনুমতি দেবেন কি—পারমিশন দেবেন কি? আমি জিজ্ঞাসা করলাম, কেন বলুন তো? তিনি বললেন, আমরা ময়দানে মিটিং করব। আমি বলেছিলাম, নিশ্চয় পারমিশন দেব। কিন্তু ময়দানের মিটিংএ আমাদের এদিকে কমিউনিস্ট বন্ধুরা আছেন, অবশ্য তাঁদের সঙ্গে ফরোয়ার্ড ব্লক কিংবা অন্য বন্ধুরা যান নি, তাঁরা মনে মনে গুণে গুণে হিসাব করে দেখুন যে, সেই ময়দানের সভায় কত লোক হয়েছিল—হাজার, ৬০০, ৩০০? কেন লোক আসছে না? ময়দানে ৫ হাজার লোক যদি হয় তা হলে হিসাব করে দেখুন কমিউনিস্টরা ১০ বছর আগে যদি সভা ডাকতেন তা হলে কত লোক হত? আমার বন্ধু শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী মহাশয়ের সঙ্গে আমি অনেক দিন কাজ করেছি এবং তিনি স্বীকার করেছেন যে, কংগ্রেসের মধ্যে অনেক ভাল লোক আছেন যাঁরা গণতন্ত্রে বিশ্বাস করেন এবং তাঁদের প্রতি তাঁর শ্রদ্ধা আছে। আমি পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয়কে জিজ্ঞাসা করি যে, কমিউনিস্ট কমিশনাররা মিউনিসিপ্যালিটি থেকে পদত্যাগ করতে বাধ্য হয়েছেন কেন? এই কমিউনিস্ট বন্ধুরা গণচাপের কথা প্রায়ই বলতেন। খাদ্যসমস্যার সমাধান করব গণচাপে, খাদ্যসমস্যার সমাধান করব শোভাযাত্রা করে, খাদ্যসমস্যার সমাধান করব খাদ্য আন্দোলন করে। এইসব জিনিস তাঁদের কাছেই জনসাধারণ শিখেছে—কংগ্রেস তাদের শেখায় নাই। তাদের কাছে জনসাধারণ শিখেছে। দেশকে ভালবাসে না, যাদের দেশের ঐতিহ্যে বিশ্বাস নেই, যারা চীনদেশের সঙ্গে বন্ধুত্ব স্থাপন করতে চায় তাদের কমিশনারের পদে রাখব না। কংগ্রেসের লোকেরা সেখানে গিয়ে নিষেধ করে নি, জনসাধারণ নিষেধ করেছে। এই যে বিদ্যা, গণ-চাপ, গণ-আন্দোলন এই বন্ধুরাই জনসাধারণকে শিখিয়েছেন এবং তাঁদের বিরুদ্ধে লোকেরা এটা প্রয়োগ করছে। আমি তাদের জন্য অত্যন্ত দুঃখিত। মাননীয় স্বায়ত্তশাসন মন্ত্রিমহাশয় প্রায় আমায় জিজ্ঞাসা করেন যে, সমস্ত কমিউনিস্ট কমিশনাররা পদত্যাগ করছেন, কি করি বলুন তো? আমি বলছি, কিছুদিন থামুন, লোকের, তাঁদের উপর হঠাৎ চটে গেছে তাঁদের কার্যকলাপ দেখে এবং কি কার্যকলাপ আমার বন্ধু মাননীয় আনন্দগোপাল বাবু সবিস্তারে বলেছেন, আমাকে বলতে হবে না। তাঁদের কার্যকলাপ দেখে গণ-চাপের চোটে তাঁরা পদত্যাগ করেছেন। ৩।৬।৭ দিন পরে মাননীয় স্বায়ত্তশাসন মন্ত্রিমহাশয় আবার জিজ্ঞাসা করেছেন অচল অবস্থা কি করব? আর কি উপায় সুপারসিড করুন। কাজেই কংগ্রেসের লোকেরা করে নি। কমিউনিস্ট অফিসার [illegible] কথা মাননীয় পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় বললেন। তিনি আমাকে টেলিফোন করেছিলেন। আমি ওঁকে জিজ্ঞাসা করেছিলাম টেলিফোনে—উনি আমাদের শ্রীরামপুরের প্রায় সমস্ত কংগ্রেসকর্মীকে চেনেন, অনেক কংগ্রেসের সঙ্গে তিনি কাজ করতেন—তুমি কি কোন প্রমিনেন্ট কংগ্রেস লোককে দেখেছ না—না, দেখি নি। সেখানে গণ-চাপ হয়েছে কংগ্রেসের কোন নির্দেশ হয় নি বা একবারের জন্য প্রদেশ কংগ্রেস পক্ষ থেকে এমন কোন নির্দেশনামাও যায় নি। কাজেই আজকে পুলিসের ব্যয়বরাদ্দ বিষয়ে যেসমস্ত আলোচনা হয়েছে আমি প্রত্যেকটা আলোচনার উত্তর দিতে পারি—আমার কাছে এখানে কাগজ রয়েছে—তা হলে প্রায় ৩ ঘণ্টা সময় লাগবে, কিন্তু সেটা সম্ভব নয়। মূল কথা হিসাবে আমি এইটুকুন বলতে পারি আমাদের পশ্চিম বাংলায় যেসমস্ত সমস্যা আছে সে সমস্যা সামনে রেখে আমাদের পুলিস কর্মচারী আমাদের পুলিস বাহিনী যে কাজ করছে নিশ্চয় তা প্রশংসার যোগ্য এবং ত্রুটি যদি কিছু থেকে থাকে সেই ত্রুটি সম্বন্ধে আমরা সজাগ হব, সেই ত্রুটি সম্বন্ধে নিশ্চয়ই আমরা দেখব।

কোথাও যদি অনুসন্ধান করতে হয়, নিশ্চয় আমরা অনুসন্ধান করব এবং আমাদের কমিশনার অফ পুলিস, আই জি এবং অন্যান্য কর্মচারীরা সচেতন আছেন, সজাগ আছেন। এই সমস্ত আলোচনার ফলে আমরা কেউ এখানে তিক্ততা সৃষ্টি করতে চাই না, মাননীয় সদস্যরাও নিশ্চয় চান না। তাঁদের মনে যে জ্বালা ছিল সেই জ্বালা তাঁরা ভাষায় প্রকাশ করেছেন এবং যদি কিছু তিক্ততা এখানে হয়ে থাকে এপক্ষ ওপক্ষের দ্বারা তা হলে সেইরকম তিক্ততা আমাদের সংসদীয় ব্যাপারে বাঞ্ছনীয় নয়। মাননীয় অধ্যক্ষ, বারবার আমাদের সচেতন করে দিয়েছেন যে, এইরকম তিক্ততা সৃষ্টি করা উচিত নয়, তাতে পার্লামেন্টারি ডেমোক্রেসি ভালভাবে ফাংশন করতে পারে না। এই কটি কথা বলে যত সব কাট মোশন এসেছে আমি তার বিরোধিতা করছি এবং আমার মূল মোশন সেটা তাঁরা গ্রহণ করুন।

Mr. Speaker: I put all the cut motions on Grant No. 15 to vote.

(All the cut motions were then put and lost.)

The motion of Dr. Radhanath Chattoraj that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23-Police" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Jamini Bhusan Saha that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23-Police" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Gopal Banerjee that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No 15, Major Head: "23-Police" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Mahananda Haldar that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23-Police" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Somnath Lahiri that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23-Police" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand of Rs. 10,71,27,000 for expenditure under Grant No. 15, Major Head: "23-Police" be reduced to Rs. 100, was then put and lost.

(v) assisting the District Officers generally in administration of relief;

(vi) liaison between the Commissioner of Relief at Headquarters and the District Officers within their zones to energise the operations;

(vii) constant supervision to check malpractices; and

(vii) organising Emergency Relief according to Government of India's Scheme.

(B) To do surprise inspection of relief works, dole distribution centres, loan distribution camps and the like for checking corruption in administration of relief.

(C) To submit fortnightly reports to the Commissioner of Relief regarding their tours with copies to District Officers concerned, which should generally give an appreciation of the economic situation of the areas visited, relief measures in operation and suggestions for improvement.

(D) To visit Fair Price Shops for checking false ration cards, dealers' accounts, etc., in course of tours and send reports regarding checking of false ration cards, etc., to Secretary, Food and Supplies Department.

(E) To check up papers in the Relief Offices in the districts for tidying up the books and accounts here.

(F) To follow up the outstanding audit objections in respect of the districts and submit fortnightly report showing progress in disposal of the same.

Employment exchange at Cooch Behar

360. (Admitted question No. 728.) **Shri Jiban Krishna Dey:**

শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ ১৯৬২ সালে ও বর্তমান বৎসরে ১লা মার্চ তারিখ পর্যন্ত কত সংখ্যক পুরুষ ও স্ত্রী কর্মসংস্থানের জন্য নাম রেজেস্ট্রী করিয়াছে; এবং

(খ) ইহার মধ্যে কতজনকে কাজ দেওয়া হইয়াছে?

The Minister for Labour:

(ক)

	১৯৬২	১৯৬৩ (১লা জানুয়ারি হইতে ২৮এ ফেব্রুয়ারি)
পুরুষ	৬,০৭৭	৮৪৯
স্ত্রী	৫৬৯	৬৪
মোট	৬,৯৪৬	৯১৩

(খ)

	১৯৬২	১৯৬৩ (১লা জানুয়ারি হইতে ২৮এ ফেব্রুয়ারি)
পুরুষ	৩২১	২৪
স্ত্রী	১৮	...
মোট	৩৩৯	২০

Prices of rice and paddy

361. (Admitted question No. 729.) **Shri Jiban Krishna Dey:**

খাদ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার, দিনহাটা, মাথাভাঙ্গা এবং তুফানগঞ্জ শহরে ধান ও চাউলের দর কত;

(খ) ১৯৬২ সালে এই সময়ে ঐ সমস্ত শহরগুলিতে ধান ও চাউলের দর কত ছিল; এবং

(গ) পশ্চিম বাংলার মধ্যে বর্তমানে সর্বোচ্চ দর কোথায় এবং কত?

(ক) ও (খ) একটি মূল্যতালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

The Minister for Food and Supplies:

(গ) গত ৬ই মার্চ যে সপ্তাহ শেষ হইয়াছে সেই সপ্তাহের সাধারণ চাল ও ধানের গড়পড়তা সর্বোচ্চ পাইকারী দর ছিল মুর্শিদাবাদ জেলার লালবাগ মহকুমায়, যথাঃ—

চাউল—৭৩·৬৭ টাকা প্রতি কুইন্টাল

ধান— ৪৬·৮০ টাকা প্রতি কুইন্টাল

Statement referred to in reply to clause (*Ka*) and (*Kha*) of unstarred question No. 361.

Minimum wholesale prices of rice and paddy in rupees per quintal

	As on 6th March, 1963		As on 7th March, 1962	
	Rice	Paddy	Rice	Paddy
Cooch Behar Town .. .	64·00	37·25	58·94	34·83
Dinhata Town	63·00	40·00	58·94	34·83
Mathabhanga Town	65·00	37·00	58·94	30·81
Tufanganj Town	67·00	39·00	58·94	34·83

Sinking of tubewells

362. (Admitted question No. 744.) **Shri Lutfal Haque:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সুতী ও সমসেরগঞ্জ থানায় ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ও ১৯৬২-৬৩ সালে কতগুলি নলকূপ মঞ্জুর করা হইয়াছিল;

(খ) ইহার কতগুলি নূতন ও কতগুলি পুনঃসংস্কারের জন্য; এবং

(গ) এই মঞ্জুরীকৃত নলকূপগুলির মধ্যে কতগুলির সংস্থাপনার কাজ কোন্ কোন্ বৎসর সমাধা হইয়াছে?

The Minister of State for Health:

(ক) ও (খ) এতৎসহ প্রদত্ত বিবরণী দ্রষ্টব্য।

(গ) ১৯৬০-৬১ সালের রুরাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে মঞ্জুরীকৃত কাজগুলি ১৯৬১-৬২ সালের মধ্যে সমাপ্ত হইয়াছে। ১৯৬১-৬২ সালের অনুরূপ প্রোগ্রাম-এ মঞ্জুরীকৃত কাজগুলি এখনও চলিতেছে।

Statement referred to in reply to clauses (*Ka*) and (*Kha*) of unstarred question No. 362.

থানার নাম	১৯৬০-৬১ সালের রুরাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে মঞ্জুরীকৃত নলকূপের সংখ্যা			১৯৬১-৬২ সালের রুরাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে মঞ্জুরীকৃত নলকূপের সংখ্যা			মন্তব্য
	নূতন খনন	পুনর্খনন	মোট	নূতন খনন	পুনর্খনন	মোট	
সূতী	২৮	৪	৩২	১৪	১৮	৩২	১৯৬২-৬৩ সালের জন্য গ্রামাঞ্চলে জলসরবরাহের কোন নূতন পরিকল্পনা গ্রহণ করা হয় নাই।
সমসেরগঞ্জ ..	৩০	৪	৩৪	১৬	৮	২৪	

Belvedere Jute Mills at Sankrail, Howrah

383. (Admitted question No. 746.) **Shri Dulal Chandra Mondal:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Belvedere Jute Mills at Sankrail in the district of Howrah will be re-opened; if so, when; and

(b) if not, whether the Government has got any alternative scheme for the employment of the workers of the Belvedere Jute Mills, who have been thrown out of employment due to the closure of the Mill?

The Minister for Labour: (a) The Belvedere Jute Mills Company has been amalgamated with the Delta Jute Mills Company with the approval of the High Court. The work of the Belvedere Jute Mills has been transferred to the Delta Mills. There is no question of re-opening of the Belvedere Jute Mill.

(b) The Company agreed to employ on the same terms and conditions all the permanent workmen of the closed Mill in the Delta Mill to which its production was transferred. The Company also agreed to provide employment to the budlis on the same terms and conditions and to pay retrenchment compensation to those who did not like to work in the other Mill and were eligible for such compensation. As the workmen were absorbed in the Delta Mill or were paid compensation as desired by them, the question of any alternative scheme for their employment does not arise.

Panchayat elections in Howrah

384. (Admitted question No. 748.) **Shri Dulal Chandra Mondal:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state—

(a) when the elections of village panchayats in Domjur and Sankrail and Panchla police-station areas in the district of Howrah will take place;

(b) how long the Union Board bodies will be allowed to function with no further election in the areas of Sankrail, Panchla, Bauria and Domjur police-station areas; and

(c) whether the Government has appointed any new administrator for the Union Board of Mohiary under Domjur police-station in the district of Howrah, after the death of old administrator?

The Minister for Local Self-Government and Panchayats: (a) Elections of Panchayats in Domjur, Sankrail and Panchla police-station areas in the district of Howrah will be held as soon as necessary directive comes from the Central Government and delimitation in those areas is completed.

(b) Until Panchayat elections are held in those areas.

(c) No.

Maternity Hospital in Andul Jhorehat area, Howrah

365. (Admitted question No. 750.) **Shri Dulal Chandra Mandal:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if there is any proposal for starting a maternity hospital by the Government in the area of Andul and Jhorehat under police-station Sankrail in the district of Howrah;

(b) if so, when the work of its construction will begin; and

(c) whether the Government has got any scheme to start a health centre in Andul Jhorehat area in the district of Howrah with free dispensing arrangement?

The Minister of State for Health: (a) No.

(b) Does not arise.

(c) Yes.

Water Supply Scheme for Asansol municipality

366. (Admitted question No. 755.) **Shri Gopika Ranjan Mitra:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is aware that during the summer scarcity of drinking water becomes very acute in the Asansol municipality;

(b) if so, whether lump sum grant was given by the Government for augmenting the water-supply of this municipality; and

(c) whetherer the work of augmenting water-supply in the said municipality will be taken up before the ensuing summer?

The Minister of State for Health: (a) Yes.

(b) and (c) Asansol Waterworks Improvement Scheme estimated to cost Rs. 22,90,100 was already taken up during the Second Plan. Government under the existing policy sanctioned grant equivalent to ⅔rds of the estimated cost of the scheme to Asansol municipality. Ninety-five per cent. of the work has been completed. It is expected that the rest of the work will be finished very soon.

Reservation of Seats in Mental Hospital at Ranchi

367. (Admitted question No. 798.) **Shri Niranjan Sen Gupta:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) how many seats in Ranchi Mental Asylum have been kept reserved for mental cases for West Bengal;

(b) how much money the West Bengal Government pay each year for these beds; and

(c) whether the Government has any contemplation to construct a Mental Hospital in West Bengal?

The Minister of State for Health: (a) 925.

(b) About Rs. 12.25 lakhs per annum.

(c) Yes. An institute of Mental Diseases with 100 indoor beds is under construction at Gobra. A scheme for establishment of a 350-bedded Mental Hospital at Berhampore is under active consideration.

Lunatics recovered in Dum Dum Central Jail

368. (Admitted question No. 799.) **Shri Niranjan Sen Gupta:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) how many cases of mental diseases have been declared to have been recovered completely through treatment in Dum Dum Central Jail each year during the last five years (1958-62);

(b) what is the annual number of such cases sent to Ranchi Mental Asylum from Dum Dum Jail each year during the last five years (1958-62); and

(c) what is the number of deaths each year due to various causes among the suspected lunatic cases in Dum Dum Jail during the last five years (1958-62)?

The Minister for Home (Jails):

Year.	Number of lunatics recovered.
1958	... 13
1959	... 16
1960	... 10
1961	... 11
1962	... 14
	Number of lunatics sent to Ranchi.
1958	... 11
1959	... 29
1960	... 31
1961	... 31
1962	... 36
	Number of deaths.
1958	... 1
1959	... 4
1960	... 7
1961	... 3
1962	... 5

Scarcity of Corrugated Sheets and Cement in Murshidabad

369. (Admitted question No. 802.) **Shri Birendra Narayan Ray:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি মুর্শিদাবাদ জেলায়—

(১) করোগেটেড টিন, এবং

(২) সিমেন্টের অভাব সম্পর্কে অবগত আছেন;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ইহার কারণ কি, এবং

(২) কতদিনের মধ্যে করোগেটেড টিন ও সিমেন্টের সরবরাহ বৃদ্ধি পাইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Food and Supplies:

(ক) (১) ও (২) হ্যাঁ।

(খ) (১) করোগেটেড টিন—কেন্দ্রীয় সরকার কর্তৃক এই প্রদেশের জন্য করোগেটেড টিনের যে বরাদ্দ করা হয় চাহিদার তুলনায় তাহা খুবই অপর্যাপ্ত। ফলে এই প্রদেশে ইহার অত্যন্ত অভাব রহিয়াছে। তদুপরি করোগেটেড টিনের উৎপাদকদের নিকট হইতে সরবরাহ আসিয়া পোঁছাইতেও যথেষ্ট বিলম্ব হয়।

সিমেন্ট—কেন্দ্রীয় সরকার কর্তৃক এই প্রদেশের জন্য সিমেন্টের যে বরাদ্দ করা হয় চাহিদার তুলনায় তাহা খুবই অপর্যাপ্ত। তদুপরি যাহা বরাদ্দ করা হয় প্রকৃত সরবরাহ তাহা অপেক্ষাও কম হয়, ফলে এই প্রদেশের সর্বত্র সিমেন্টের অত্যন্ত অভাব রহিয়াছে।

(২) বর্তমান অবস্থায় ইহা বলা সম্ভব নহে।

University in Midnapore town

370. (Admitted question No. 839.) **Shri Nagen Dolui:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মেদিনীপুর শহরে বিশ্ববিদ্যালয় স্থাপন করা সম্পর্কে সরকারের কোন পরিকল্পনা আছে কি?

The Minister for Education:

না।

Fixing of age-limit for persons returned from Second World War for employment in Government Service

371. (Admitted question No. 848.) **Shri Deb Nath Hansda:**

অর্থবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত দ্বিতীয় বিশ্বযুদ্ধের যুদ্ধফেরত ব্যক্তিগণের সরকারী চাকুরিতে নিয়োগের বয়ঃসীমা রিফিউজীদের ন্যায় ৪৫ বৎসর করিবার কোন প্রস্তাব আছে কিনা; এবং

(খ) প্রস্তাব থাকিলে, কবে তাহা কার্যকরী করা হইবে?

The Minister for Finance:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Calling Attention to matters of urgent public importance.

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, with reference to the "Calling Attention" notice given by Shri Nikhil Das and Dr. Narayan Roy on the subject of suicide of Shri Sunil Kumar Karmakar, a goldsmith, I may be permitted to make the following statement:

On 17th March, 1963, at about 7 a.m. in the morning, one Shri Sunil Kumar Karmakar, aged about 28 years, son of late Rashiklal Karmakar, who had been staying all alone in a room at No. 3, Huzurimal Lane, Calcutta, was reported to have taken certain quantity of Nitric acid. It is reported that he came out of the room and disclosed the fact to his neighbours, but being further questioned could not speak any more to relate the cause of his such act. The local people took him to the Nilratan Sarkar Hospital immediately but he died there soon. He was a goldsmith by profession. He is reported to have been working under one Shri Thakurdas Karmakar at the said address and residing there for about last two years. Thakurdas Karmakar lives at Jadavpur. The deceased's family consisting of his widowed mother and younger brother aged about 16 live in their own house at Gayespur Colony at Chakda in the district of Nadia. The deceased was an ordinary goldsmith drawing about Rs. 100 per month. He used to send Rs. 30 to his mother every month. This month also he sent the said amount of Rs. 30 to his mother.

[12-40—12-50 p.m.]

At the time of occurrence he had with him rupee one and fifty nP. in his pocket. He was a quiet type of person and seldom used to mix with anybody. He never expressed to anyone that he had been suffering from extreme poverty, nor did he disclose his intention of putting an end to his life. No note was left by the deceased prior to his committing suicide. He has practically no friend to suggest anything about the cause of this suicide. His mother and brother who came down to Calcutta on hearing the news of the death also failed to ascribe any cause so far of the suicide. A bottle containing nitric acid which is used by goldsmiths was found in the room of the deceased. The bottle containing some acid was taken charge of from the room. No foul play was suspected. The post-mortem was also held. The motive of course remains a mystery. It was apparently not hunger that drove this young man to suicide. Probably fear of an uncertain future urged him to this tragic end. One should have, however, expected greater courage and will to face the realities of life from a young man of 28.

Point of Privilege

Mr. Speaker: I have received the following Calling Attention Notices:—

(1) Shifting of Asansol Divisional Office of Eastern Railway from Asansol to Dhanbad—by Shri Haridas Chakravarty;

(2) Death of one Shri Sisir Kumar Mazumdar of Santragachi due to electrocution of house—by Shri Kanai Lal Bhattacharya;

(3) Strike by students of Calcutta Engineering College of 13, Jamir Lane, Calcutta-19—by Shri Nikhil Das;

(4) Negligence of treatment of a girl patient in the Nilratan Sarker Hospital—by Shri Birendra Narayan Roy; and

(5) Proposed increase in the fare of State buses—by Shri Nani Bhattacharya.

Out of these, I have selected the notice of Shri Haridas Chakravarty on the subject of shifting of Asansol Divisional Office of Eastern Railway from Asansol to Dhanbad. Will the Hon'ble Minister-in-charge make a statement?

The Hon'ble Prafulla Chandra Sen: I shall try to find out the details. But I do not know when I shall be able to give the reply.

Point of Privilege

Shri Asoke Krishna Dutta:

On a point of privilege, Mr. Speaker, Sir,

আমি আজকে সকালে আমাদের হাউসের রুলস্ অব কন্ডাক্ট অব বিজনেস অনুযায়ী আপনাকে নোটিস দিয়েছি যে আমি একটা প্রিভিলেজ মোশান এখানে আনতে চাই। কালকে যখন পুলিস বাজেট নিয়ে এখানে আলোচনা হচ্ছিল, সেই সময় বক্তৃতা প্রসঙ্গে আমি বলেছিলাম যে সোমনাথ লাহিড়ী মহাশয়, তিনি তাঁর বক্তৃতায় রেফার করেছিলেন শৈলেন বোস বলে একজন লোক, যাঁর বিরুদ্ধে দুধ চুরির অভিযোগ আছে, তার সঙ্গে আমাদের কংগ্রেসের যোগাযোগ আছে। তার উত্তরে আমি বক্তৃতা প্রসঙ্গে বলেছিলাম যে কংগ্রেসের সঙ্গে এ রকম কারও কোন যোগাযোগ নেই, এবং সেই শৈলেন বোস আমাদের নির্বাচনের সময় যথাসাধ্য বিরুদ্ধতা করেছেন। আজকে স্বাধীনতা পত্রিকায় আমার বক্তৃতার বিবৃতি ছাপাবার প্রসঙ্গে তাঁরা বলেছেন আমি নাকি বলেছি আমার নির্বাচনে তিনি নাকি আমাকে যথেষ্ট সাহায্য করেছেন। আমি মনে করি এটা completely garbled and false report of my version.
এই হাউসের সদস্য হিসাবে আমার যে প্রিভিলেজ আছে তা ক্ষুন্ন হয়েছে। আমি আপনার কাছে অনুরোধ করছি আপনি দয়া করে এ সম্বন্ধে যথাযথ ব্যবস্থা অবলম্বন করবেন।

Mr. Speaker: You will make over the papers to me. I shall take it to my record and see what I can do.

Dr. Kanai Lal Bhattacharya:

মিঃ স্পীকার স্যার, কলিং এটেনসন মোসান সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জবাব দেবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি দেখবো, এটা আমার ব্যাপার নয়, কেন্দ্রীয় সরকারের ব্যাপার।

Mr. Speaker:

উনি বলেছেন দেখবেন, এটা আমার ব্যাপার নয়, কেন্দ্রীয় সরকারের ব্যাপার।

BUDGET OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR 1963-64

VOTING ON DEMAND FOR GRANT

Demand for Grant No. 34 Major Head: "50—Public Works" and

Demand for Grant No. 48 Major Head: 103—Capital Outlay on Public Works

The Hon'ble Khagendra Nath Das Gupta: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,78,47,000 be granted for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works".

I also beg to move, on the recommendation of the Governor, that a sum of Rs. 8,63,19,000 be ganted for expenditure under Grant No. 48, Major Head: "103—Capital Outlay on Public Works".

মাননীয় স্পীকার মহোদয়, ৫০—পাবলিক অয়ার্কস বাজেট একটি রাজস্ব বাজেট। সাধারণ নির্মাণ এবং সংস্কার কার্যের ব্যয় বরাদ্দ এর অন্তর্ভুক্ত। কিন্তু ২০,০০০ (কুড়ি হাজার) টাকার ঊর্ধ্বমূল্যের সমস্ত নূতন সড়ক এবং গৃহ নির্মাণ সংশ্লিষ্ট ব্যয় বরাদ্দ, প্রচলিত নিয়মানুসারে, ১০৩ ক্যাপিটাল আউটলে অন পাবলিক ওয়ার্কস্ নামাঙ্কিত বাজেটের অন্তর্ভুক্ত করা হয়েছে।

২। এই বছর ৫০—পাবলিক ওয়ার্কস খাতে, আমার দাবী গত তিন বছরের তুলনায় আপাত দৃষ্টিতে বহুলাংশে অধিক বলেই প্রতিভাত হবে। মাননীয় সভ্যবৃন্দের কাছে এই বৃদ্ধির কারণ বিশ্লেষণ আমার কর্তব্য। ইতিপূর্বে সামগ্রিক ব্যয়ের অঙ্ক থেকে, বিভিন্ন কাজের সম্ভাব্য আদায়ের অঙ্ক বাদ দিয়ে, নীট অংকের দাবী পেশ করা হত। কিন্তু ১৯৬৩-৬৪ সাল থেকে প্রত্যেক খাতে সামগ্রিক ব্যয় বরাদ্দ মঞ্জুরের পদ্ধতি (গ্রস ভোটিং সিসটেম) অনুসরণ স্থিরীকৃত হয়েছে। সুতরাং আমার উত্থাপিত দাবীতে, সংশ্লিষ্ট খাতে, সামগ্রিক ব্যয়ের অঙ্কই ধরা হয়েছে। তা থেকে ঐ সব খাতে আদায়ীকৃত অর্থ বাদ দেওয়া হয় নি। কেন্দ্রীয় সড়ক তহবিল সম্পর্কিত পথ নির্মাণকার্যে ব্যয় নির্বাহ বাবদ, সম্ভব্য আদায়, এবং আরও কয়েকটি দফার ব্যয় বাবদে আদায়, সাকল্য অঙ্ক থেকে যদি বিযুক্ত হয় তা হলে নীট অঙ্ক দাঁড়াবে ৪,৮৯,৭৪,০০০ (চার কোটি উননব্বই লক্ষ চুয়াত্তর হাজার) টাকায়। সুতরাং কার্যত আগামী বছরের ৫০—পাবলিক ওয়ার্কস খাতে নীট ব্যয় বরাদ্দ গত বছরের তুলনায় অপেক্ষাকৃত কম। বর্তমান জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতেই আগামী বছরের ব্যয় বরাদ্দ কতকাংশে সাধ্যমত সংকোচিত করা হয়েছে।

৩। কর্মসূচীর পূর্ণাংগ বিবরণ আমার বিভাগ কর্তৃক প্রকাশিত দুটি বাজেট পুস্তিকায় প্রদত্ত হয়েছে। মাননীয় সভ্যগণের কাছে ইতিমধ্যেই তা পেঁীচেছে। নানা শাখায়িত পরিকল্পনা সড়ক এবং গৃহ উভয় পক্ষেই যা বর্তমানে রূপায়িত হচ্ছে এবং যেগুলি আলোচ্য বছরে পূর্ত বিভাগের উভয় শাখার তত্ত্বাবধানে রূপায়নের প্রস্তাব করা হয়েছে। এই পুস্তিকা দুটি তারই নির্দেশ দেবে। এই প্রসঙ্গে দুটি গুরুত্বপূর্ণ পরিকল্পনার নাম উল্লেখ না করে পারি না। এ দুটি হচ্ছে টালা এবং মাজেরহাট সেতুদ্বয়ের পুনর্নির্মাণ যে প্রসঙ্গ ইতিপূর্বেই এই সভায় আলোচিত হয়েছে। আনন্দের সঙ্গে জানাচ্ছি যে আশু হস্তক্ষেপের পথে সমুদয় অন্তরায় অতিক্রম করে, দুটি কাজই ইতিমধ্যে আরম্ভ করা হয়েছে। বাজেট পুস্তিকায় যে পরিকল্পনা-গুলি প্রদর্শিত হয়েছে, তা ছাড়াও উল্লেখযোগ্য মূল্য ও মানের ট্র্যান্সফার রেমিটান্স ওয়ার্কস প্রমুখ কতকগুলি বিশেষ বিশেষ জরুরী কাজও পূর্ত বিভাগ সম্পন্ন করছে। এই শ্রেণীর কয়েকটি অত্যান্ত গুরুত্বপূর্ণ কাজের নাম মাননীয় সভ্যবৃন্দের জ্ঞাতার্থে আমি উল্লেখ করছি, যথা—

(ক) এমপ্লয়িজ স্টেট ইন্সিওরেন্স হাসপাতাল নির্মাণ ব্যয় বরাদ্দ—১,৮৫,০০,০০০ টাকা।

(খ) ইন্ডো-জাপানীজ প্রটোটাইপ প্রডাকশান-কাম-ট্রেনিং সেন্টার-এর গৃহনির্মাণ বাবদ ব্যয় বরাদ্দ—৫৪,০০,০০০ টাকা।

(গ) রেন্টাল হাউসিং স্কীম-এর গৃহনির্মাণ ব্যয় বরাদ্দ ১৭,০০,০০০ টাকা।

(ঘ) জলপাইগুড়ি ইঞ্জিনীয়ারিং কলেজ ১০ লাখ টাকা।

(ঙ) আর্মড্ পুলিস ব্যাটালিয়ন ব্যারাক এ্যাট মাটিগাড়া—৫৫,০০,০০০ টাকা।

উল্লেখ করা প্রয়োজন যে জাতীয় এবং সীমান্ত সড়ক সমূহের নির্মাণ এবং সংস্কার কার্য ভারত সরকারের প্রতিভূ হিসেবে পূর্ত বিভাগই সম্পন্ন করে চলেছে। বর্তমানে এই সব কাজের মূল্য বহু কোটিতে দাঁড়িয়েছে।

৪। প্রথম এবং ২য় পরিকল্পনায় নির্মিত দীর্ঘ বিসর্পী পথ এবং বহু সংখ্যক গৃহের যথাযোগ্য তত্বাবধানের দায়িত্ব গ্রহণ করবার ফলে বিভাগের কার্যভার উল্লেখযোগ্যভাবে বর্ধিত হয়েছে।

৫। গ্রামীন সড়ক এবং পথ ঘাটের উন্নতিতে সক্রিয় অংশ গ্রহণের মাধ্যমে গ্রাম্য জনসাধারণের স্থানীয় উদ্যমকে উৎসাহিত করতে এই বিভাগ সি ডি পি পরিকল্পনায় অর্থ বিনিয়োগের নীতি অদ্যাবধি অনুসরণ করে চলেছে। ১৯৬২-৬৩ সালে অনুমোদিত সি ডি পি পরিকল্পনা কার্যকরী করবার জন্য মোট আনুমানিক ৫,৭৫,০০০ (পাঁচ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা বন্টিত হয়েছে।

এবার সড়ক নির্মাণ এবং উন্নয়ন বিষয়ে আমার বিভাগের কার্যাবলীর একটি সংক্ষিপ্ত বিবরণী মাননীয় সদস্যাবৃন্দের অবগতির জন্য পেশ করছি।

[12-50—1 p.m.]

নদনদী এবং পলিমাটি সমৃদ্ধ বাংলাদেশ বহুযুগ ধরেই যোগাযোগ ব্যবস্থার তীব্র অভাব এবং অসুবিধা অনুভব ক'রে এসেছে। বঙ্গবিভাগের সঙ্গে সঙ্গে যুগব্যাপী যোগাযোগ ব্যবস্থার যেটুকু সুবিধে ছিল, সেটুকুও বিপর্যস্ত হ'ল। এই খণ্ডিত রাজ্যের বিভিন্ন অঞ্চলের সঙ্গে যোগাযোগ রক্ষার সমস্যা ছাড়াও, এই দেশবিভাগ, দেশরক্ষা এবং বহিঃশুল্ক আদায় উভয়দিক থেকেই পাকিস্তানের সঙ্গে প্রায় ৬০০ মাইল ব্যাপী সীমান্ত সড়ক নির্মাণের তীব্র সঙ্কট সৃষ্টি করেছে। প্রয়োজনীয় অর্থের সীমাবদ্ধতার দরুণ আমাদের পথ উন্নয়নে দ্রুত অগ্রসরণের উচ্চাশা সময়ে সময়ে বাধা প্রাপ্ত হয়েছে। তৎসত্ত্বেও স্বাধীনতা লাভের পর থেকে সড়ক উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন কাজে আমরা প্রায় ৪৯ কোটি টাকা ব্যয় করতে সক্ষম হয়েছি। পরিসংখ্যান থেকেই এই উন্নয়নের বাহ্যিক পরিচয় পাওয়া যাবে। দেশ বিভাগের সময় যেখানে এই রাজ্যে, সরকারের রক্ষণাবেক্ষণে মোট রাস্তা ছিল মাত্র ১,১৮১ মাইল, দ্বিতীয় পরিকল্পনার অন্তেই তা বেড়ে গিয়ে দাঁড়ায় ৭,৫০০ মাইলে। এছাড়া আরও ৩,৭০০ মাইল সড়ক উন্নয়নের সূচী তৃতীয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত হয়েছে। এই সূচীর সম্ভাব্য মোট ব্যয় ৩৭ কোটি টাকার মধ্যে তৃতীয় যোজনায় ২৫ কোটি টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। এই পরিকল্পনায় ১,৭০০ মাইল রাস্তা ২য় পরিকল্পনা থেকে জের হিসাবে গ্রহণ, ক্রমবর্ধমান ভারী এবং দ্রুত যানবাহনের সঙ্গে তাল মিলিয়ে চলতে পূর্ববর্তী পরিকল্পনায় নির্মিত ১,০৭০ মাইল পথের সর্বাঙ্গীণ উন্নয়ন এবং সর্বশেষে সীমান্ত ঘাঁটির সঙ্গে সংযুক্ত ৫০ মাইল পথ সমেত বিভিন্ন পর্যায়ের ১,০০০ মাইল নূতন পথ নির্মাণ অন্তর্ভুক্ত হয়েছে। যানবাহনের স্বাধীন ও স্বচ্ছন্দ চলাচলের জন্য বিভিন্ন দিকে নদীর উপর সাধ্যমত সেতু বন্ধনের উপরও গুরুত্ব আরোপ করা হয়েছে। মেদিনীপুর জেলার নরঘাটের কাছাকাছি হলদি সেতু নিয়ে সর্বমোট ৩৬টি বৃহৎ সেতু পরিকল্পনা বর্তমান যোজনায় গৃহীত হয়েছে। একথা বলতে আমি আনন্দ বোধ করছি যে তৃতীয় পরিকল্পনার প্রথম দু'বছর উন্নয়ন যথেষ্ট সন্তোষজনক হয়েছে। এই অল্প সময়ের মধ্যেই যানবাহন চলাচলের জন্য ৬০০ মাইল পথ এবং কতকগুলি সেতুও উন্মুক্ত করা হয়েছে। যাদের মধ্যে চাপাডাঙ্গায় দামোদরের [illegible] সেতু, কালনার কাছে খড়ি সেতু এবং ইলমবাজারের কাছে অজয় সেতুর

নাম উল্লেখযোগ্য। তা ছাড়া অপর যে সেতুগুলির কাজ বর্তমানে অগ্রগতির পথে তাদের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য সেতুগুলির নাম যথাক্রমে—

(ক) কোলাঘাটে রূপনারায়ণ

(খ) রাণাঘাটে চূর্ণি

(গ) কৃষ্ণনগরে জলঙ্গি

(ঘ) বহরমপুরে ভাগিরথী

(ঙ) মালদহ, সোনারপুরহাট ও শিলিগুড়িতে 'মহানন্দা'

(চ) গয়েরকাটায় দুদুয়া

(ছ) হাসিমারায় তোরষা

(জ) আরামবাগে দ্বারকেশ্বর

(ঝ) শিলিগুড়িতে বালাসন

(ঞ) কাঁথিতে রসুলপুর ও

(ট) মেদিনীপুরে কসাই

পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গৃহীত সড়ক সূচী ছাড়াও এমন কতকগুলি জাতীয় সড়কের সঙ্গে সম্পর্কান্বিত বিশেষ কাজ ভারত সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে যা রাজ্যের স্বাভাবিক জাতীয় সড়ক সূচীর অন্তর্গত নয়। প্রথমেই উল্লেখযোগ্য আসাম রাজ্যের সঙ্গে সরাসরি সংযোগ রক্ষার জন্য উত্তরবাংলায় ডালখোলা থেকে বক্সিরহাট পর্যন্ত জাতীয় সড়কটির জরুরী কাজ আরম্ভ করা হয়েছে। এর সর্বমোট খরচ হবে প্রায় ১১ কোটি টাকা যার মধ্যে সমস্ত নদী এবং খালে সেতু বন্ধ রচনা ব্যতীত সমগ্র পথটির বিস্তার এবং উন্নয়নও ধরা হয়েছে। বর্তমান জরুরী অবস্থার সঙ্গে সমতালে চলতে আমার বিভাগ এই পরিকল্পনাকে কেন্দ্র করে অবিরাম কাজ করে চলেছে।

বিশ্বব্যাংকের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার (ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এসোসিয়েশন অব দি ওয়ার্লড ব্যাংক) ঋণ সাহায্য থেকে প্রায় ৯ কোটি টাকা ব্যয়ে জনবহুল সহর এড়িয়ে কলকাতা থেকে সপ্তগ্রাম পর্যন্ত জি টি রোডের বিকল্প পথ এবং মেদিনীপুরের ভিতর দিয়ে কলকাতা-বোম্বাই সড়ক এই দুটি বিশেষ জাতীয় সড়ক নির্মাণ পরিকল্পনা গ্রহণের কথা বিগত বছরের বাজেট ভাষণেই আমি উল্লেখ করেছি। রূপনারায়ণ এবং কংসাবতী নদীর উপর সেতুদ্বয় এই পরিকল্পনার অন্তর্ভুক্ত। এই পথ পরিকল্পনাগুলির সমাপ্তির সঙ্গে সঙ্গে যানবাহনগুলি সপ্তগ্রাম থেকে কলকাতা পর্যন্ত যেমন, মেদিনীপুর থেকে কলকাতা পর্যন্তও তেমনি অবাধে চলাচল করতে পারবে। এই পথগুলির নির্মাণ কার্যে সর্বাধুনিক পদ্ধতি প্রয়োগ করা হচ্ছে। এই পরিকল্পনাগুলিতে কাজ দ্রুতগতিতেই অগ্রসর হচ্ছে। রূপনারায়ণ সেতুর জন্য কূপ খননের কাজ এখন অগ্রগতির পথে। পাঁশকুড়ার কাছে কংসাবতী নদীর উপর সেতুটি সম্প্রতি সম্পূর্ণ হয়েছে এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী কর্তৃক কয়েকদিনের মধ্যেই যানবাহন চলাচলের জন্য তা উন্মুক্ত হতে চলেছে।

উন্নয়ন পরিকল্পনায় কয়লাখনি অঞ্চল থেকে সময়মত কয়লা পরিবহণের গুরুত্বটি সরকারের দৃষ্টি আকর্ষণ করেছে এবং এই উদ্দেশ্যে কয়লাখনি অঞ্চল পর্যন্ত সড়কগুলির উন্নয়নের প্রস্তাব গৃহীত হয়েছে। পরিকল্পনাটির দুটি অংশ। একটি অংশে পুরাতন জি টি রোডটিকেই সপ্তগ্রাম থেকে বরাকর পর্যন্ত প্রশস্ত এবং উন্নত করতে হবে। আসানসোল, বর্ধমান এবং পান্ডুয়ার মত ঘনবসতিপূর্ণ অঞ্চলের অংশটিতে বিকল্প সড়ক এবং অনেকগুলি রেলওয়ে ক্রশিং এর উপর ওভার-ব্রীজ নির্মাণ করতে হবে। এই সমস্ত কাজে মোট ৬ কোটি টাকা ব্যয়িত হবে —যার সমস্তটাই বহন করবেন ভারত সরকার। দ্বিতীয় অংশে, প্রায় ২০০ মাইল স্বল্প প্রশস্ত আঁকিণ পথ জি টি রোড থেকে কয়লাখনি অঞ্চল পর্যন্ত বিস্তৃত হবে। এই কাজে প্রায় সাড়ে

চার কোটি টাকার প্রয়োজন হবে। ভারত সরকার এর অর্ধাংশ ঋণ হিসেবে এবং বাকি অর্ধাংশ দান হিসেবে মঞ্জুর করবেন।

প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কেন্দ্রীয় সড়ক তহবিল (সেন্ট্রাল রোড ফান্ড) থেকে প্রাপ্ত ৫৫০ লক্ষ টাকা ব্যয়ে ৩০০ মাইল পথ নির্মাণের কাজ গৃহীত হয়েছিল। ৩য় যোজনায় ২৪০ লক্ষ টাকা ব্যয়ে ১৫০ মাইল পথ নির্মাণের আরও ৩৪টি পরিকল্পনা অনুমোদিত হয়েছে।

উল্লিখিত কাজ ছাড়াও পশ্চিমবঙ্গ উন্নয়ন সংস্থার অধীনে কলকাতা-দমদম রাজপথ এবং কলকাতা-দুর্গাপুর দ্রুতযান পথটি নির্মিত হচ্ছে। এই কাজগুলি অগ্রগতির পথে।

এই বিবরণী থেকে পরিলক্ষিত হবে যে প্রায় ৭০ কোটি টাকার সড়ক সম্পর্কিত উন্নয়নের কাজ আমাদের হাতে এসেছে। ভারত সরকারের কর্তৃত্বাধীনে হলদিয়া বন্দর থেকে কলকাতা-বোম্বাই জাতীয় সড়কের সংগে সংযোগকারী একটি পথ নির্মাণের পরিকল্পনা সম্প্রতি সমীক্ষা ক'রে দেখা হচ্ছে। প্রথম দফার খরচের আনুমানিক অংক স্থির করতে সড়কের সম্ভাব্য গতিপথ জরীপ করে দেখা হচ্ছে। জাতীয় সড়কের সমপর্যায় ক'রে এই পথটি নির্মাণ করা হবে এবং এজন্য ভারত সরকারের কাছ থেকে প্রয়োজনীয় অর্থ আমরা আশা করি।

সম্পূর্ণ শিক্ষাপ্রাপ্ত একজন অধিকর্তার অধীনে বর্তমানে আমাদের একটি সড়ক এবং গৃহ গবেষণা প্রতিষ্ঠান রয়েছে যা সড়ক নির্মাণের বিভিন্ন দিকে গবেষণা চালিয়ে কার্যক্ষেত্রে যেখানে সম্ভব তার ফলাফল প্রয়োগ করে চলেছে। এ ছাড়া আমেরিকা এবং ইংলণ্ডের মত প্রাক্ অগ্রসর দেশের সর্বাধুনিক প্রয়োগ বিদ্যার সংগে পরিচিত করবার জন্যে সময়ে সময়ে নির্বাচিত যন্ত্রবিৎ-গণকেও প্রেরণ করা হচ্ছে।

পূর্বেই আমি উল্লেখ করেছি যে সমস্ত ঋতুর উপযোগী চলাচল ব্যবস্থার প্রয়োজন পশ্চিমবঙ্গে বিরাট। মাননীয় বিরোধীপক্ষের সদস্যগণ কর্তৃক নানাস্থানে পথের অপর্যাপ্ততা নিয়ে যে সমস্ত ছাঁটাই প্রস্তাব আনীত হয়েছে তা থেকেই জনসাধারণের সড়ক সম্পর্কে ক্রমবর্ধমান ঔৎসুক্যের কথা প্রমাণিত হবে। তার মধ্যে অধিকাংশই নিশ্চিতভাবে স্থানীয় গুরুত্বপূর্ণ গ্রাম্যপথ সংক্রান্ত। কিন্তু আমাদের সীমাবদ্ধ অর্থসম্পদের উপর নির্ভর ক'রে গুরুত্বানুযায়ী অত্যাবশ্যক পরিকল্পনাগুলিকেই নির্বাচন করতে হয়েছে। মাননীয় সদস্যবৃন্দকে আমি কেবল এই ব'লে আশ্বস্ত করতে পারি যে সড়ক নির্মাণ সংক্রান্ত প্রত্যেকটি অনুরোধকেই সরকার তার সহানুভূতি জানাবেন এবং অর্থের আনুকূল্যের উপর নির্ভর ক'রে যতদূর সম্ভব তা রূপায়িত করতে সচেষ্ট হবেন।

[1—1-10 p.m.]

পরিশেষে আমার বিভাগের কর্তৃত্বাধীনে West Bengal Preservation of Historical Monuments and Objects and Excavation of Archaeological Sites Act, 1957. এর বিধান অনুসারে যে পুরাতত্ত্বাধিকার মাত্র কয়েক বছর আগে প্রতিষ্ঠিত হয়েছে তার কার্যাবলীর একটি সংক্ষিপ্ত বিবরণী মাননীয় সদস্যবৃন্দের জ্ঞাতার্থে পেশ করে আমার বক্তব্য শেষ করব।

আলোচ্য বৎসরে পশ্চিমবঙ্গ সরকারের পুরাতত্ত্বাধিকার রাজ্যের বিভিন্ন অংশে ব্যাপক অনুসন্ধান কার্য পরিচালনা করেন। একদিকে যেমন সুদূর কালিম্পং মালভূমিতে অপরদিকে তেমনি মেদিনীপুর জেলার শীলাবতী তীরে বনাডিহিতে আবিষ্কৃত হয়েছে নব্য-প্রস্তর যুগের মসৃণ কুঠারাদি। এছাড়া ঝাড়গ্রাম মহকুমায় সুবর্ণরেখা নদীর উপত্যকায় তপোবনের এক অরণ্যাবৃত পাহাড়ের চূড়ায় আবিষ্কৃত হয়েছে অজ্ঞাত যুগের পাথরের হাতিয়ার এবং এক রহস্যাবৃত আদিম প্রতিরক্ষা বা দুর্গের ধ্বংসাবশেষ যা স্থানীয় অধিবাসীদের ধারণায় একদা অসুরদের দ্বারা নির্মিত হয়েছিল।

এই বৎসরে সংগৃহীত নানা দুষ্প্রাপ্য ভাস্কর্য, পোড়ামাটির মূর্তি, চিত্রাঙ্কিত বৌদ্ধ ও অন্যান্য পুঁথিগুলির মধ্যে সর্বাধিক উল্লেখযোগ্য মালদহ জেলায় আবিষ্কৃত আবক্ষ দেবমূর্তি, পশ্চিম দিনাজপুরে প্রাপ্ত পূর্ণাবয়ব অবলোকিতেশ্বর এবং বাঙলার পাল-শিল্পধারার সমুজ্জ্বল মহাযান বৌদ্ধ ধর্মে পূজিত দেব দেবীর চিত্রসম্বলিত একটি তাল-পত্রের পুঁথি।

পুরাতত্ত্ব অধিকারের দ্বারা পরিচালিত অভিযান ও অনুসন্ধানের দ্বারা অজয় নদীর দুই তীরে কাটোয়ার নিকটবর্তী গঙ্গাডাংগা থেকে পশ্চিম দিকে যশপুর পর্যন্ত বিভিন্ন প্রাগৈতিহাসিক জনবসতি, দুর্গ ও নগরীর ধ্বংসাবশেষ আবিষ্কৃত হয়েছে। এই সব ধ্বংসাবশেষ থেকে পূর্ব ভারতীয় ইতিহাস রচনায় যে নূতন দিগন্ত প্রসারিত হয়েছে তার ফলে সম্প্রতি পুরাতত্ত্ব অধিকারকে বর্ধমান জেলায় অজয় উপত্যকায় পাণ্ডুরাজার ঢিবিতে বিস্তৃত খননকার্য পরিচালনার নির্দেশ দেওয়া হয়। খনন কার্যের ফলে ইতিমধ্যেই এখানে পোড়া ইটে নির্মিত এক নগরীর কেন্দ্রস্থল কিছুটা উন্মোচিত হয়েছে। একদা আক্রমণকারীদের দ্বারা যে এই নগরী ধ্বংসপ্রাপ্ত হয়েছিল তারও প্রমাণ পাওয়া গেছে। এছাড়া ভূনিম্নে আবিষ্কৃত হয়েছে গৃহাদির ক্রমস্বর স্তর, চিত্রিত মৃৎপাত্র, একটি পূর্ণাংগ মৃন্ময় প্রবাহনালীযুক্ত ভাণ্ড, তামা ও লোহার নিদর্শন, বহুছিদ্র বিশিষ্ট কলস, পোড়ামাটির মাতৃমূর্তি ও জীবমূর্তি, খেলনা নৌকা অথবা জাহাজ এবং একটি রহস্যময় ক্ষুদ্রাকার শীলমোহর যার উপর খোদিত আছে গিরি, নদী ও এক জীবমূর্তি। বৈজ্ঞানিক পদ্ধতিতে এ খননকার্য এখনো চলছে। যার ফলে উদ্ঘাটিত হচ্ছে বাঙলা তথা পূর্ব-ভারতের প্রায় চার হাজার বছর আগেকার এক বিলুপ্ত সভ্যতার রহস্য।

আমার বক্তব্য শেষ করেছি। এবার আমার উৎথাপিত ব্যয় বরাদ্দের দাবী দুটি অনুমোদনের জন্য এই সভাকে অনুরোধ করছি।

Mr. Deputy Speaker: Under Grant No. 34 all the cut motions are in order and they are taken as moved.

Under Grant No. 48 cut motions Nos. 2, 3 and 4 are out of order. The rest are in order and they are taken as moved.

Shri Sambhu Charan Ghose: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced to Re. 1.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced to Re. 1.

Shri Adwaita Mandal: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced to Re. 1.

Shri Jaleswar Hansda: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Dulal Chandra Mondal: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Abani Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Sunil Das Gupta: Sir, I beg to move that the dedmand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Mangla Kisku: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Gour Chandra Kundu: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move tht the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Nagen Dolui: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Dharanidhar Sarkar: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Abdul Bari Muktar: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Radhika Dhibar: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Sreemohan Thakur: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Roy Prodhan: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Haridas Chakravarty: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 10,78,47,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 8,63,19,000 for expenditure under Grant No. 48, Major Head: "103—Capital Outlay on Public Works" be reduced by Rs. 100.

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 8,63,19,000 for expenditure under Grant No. 48, Major Head: "103—Capital Outlay on Public Works" be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 8,63,19,000 for expenditure under Grant No. 48, Major Head: "103—Capital Outlay on Public Works" be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the demand of Rs. 8,63,19,000 for expenditure under Grant No. 48, Major Head: "103—Capital Outlay on Public Works" be reduced by Rs. 100.

Mr. Deputy Speaker: Now, Shri Tarun Kumar Sen Gupta may like to speak.

Shri Tarun Kumar Sen Gupta:

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন তা যদি সমর্থন করতে পারতাম তা হলে খুশী হতাম। কিন্তু তার কাজের বিগত কয়েক বৎসরের ইতিহাস যদি অনুধাবন করি, তা হলেই এটা বুঝতে পারা যাবে এবং তার জন্য এ ব্যয়বরাদ্দ আমি সমর্থন করতে পারছি না। এই খাতে ব্যয়বরান্দের জন্য ১৯৫৭ সালে যে বক্তৃতা করা হয়েছিল এই অ্যাসেম্বলী হাউসে তা থেকে উদ্ধৃতি করেই দু-একটা কথাই বলবো। তিনি বলেছিলেন যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্য দিয়ে রাস্তাঘাটের উন্নতি করবেন, হয়ত বলেছেন ২য় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তাঁরা যে অর্থ পেয়েছেন তা দিয়ে এই কাঠামোর শাখা-প্রশাখা, বাংলাদেশের গ্রাম এলাকার মধ্যে এই রাস্তার বিস্তার করবেন এবং আরও বলেছেন কেন্দ্রীয় সরকারের তরফ

থকে বাংলাদেশকে যে বরাদ্দ করা হয়েছিল তাতে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সবচেয়ে বেশী টাকা বরাদ্দ করা হয়েছিল এবং ২য় পঞ্চবার্ষিক পরিকল্পনায় তিনি বলেছেন সেখানে ২য় স্থান ছিল। টাকা পাবার ব্যাপারে পশ্চিমবাংলার ক্ষেত্রে দেখতে পাচ্ছি যে, তাঁর ঐ হিসাব বিশেষ করে রাস্তা নির্মাণের ব্যাপারে তিনি যে হিসাব দিয়েছেন তাতে ১ম এবং ২য় পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে হিসাব, তাতে আমি দেখছি যে বায়বরাদ্দের টাকা ধরা হয়েছিল তা খরচ করতে পারেন নি। প্রথমে যে হিসাব তিনি দিয়েছেন, ১৯৫১-৫২ সাল থেকে ১৯৫৫-৫৬ সালে ১৩ কোটি ৮৫ লক্ষ ১০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছিল এবং ব্যয় করা হয়েছে ১২ কোটি ১১ লক্ষ ৫২ হাজার ৯২৫ টাকা। তারপর তিনি আর একটা হিসাব দিয়েছেন ২য় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে দেখেছি, ১৯৫৬-৫৭ সাল—১৯৬০-৬১ সাল পর্যন্ত রাস্তাঘাটের জন্য বরাদ্দ হয়েছিল ১৭ কোটি টাকা, তিনি খরচ করেছেন ১৪ কোটি ৫ লক্ষ ৯৫ হাজার টাকা। তার মানে ২য় পরিকল্পনার মধ্যে ৩ কোটি টাকার মত ব্যয় করতে পারেন নি, এবং ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এর হিসাব ধরা আছে ৩৫ কোটি টাকা। যদি প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা থেকে এই রাস্তার জন্য কাজের প্রগ্রেসের হার যদি দেখি, তা হলে দেখবো সরকার ১০ পার্সেন্ট কাজ করতে পারেন নি, আর ২য় পরিকল্পনার হার যদি দেখি তা হলে দেখবো শতকরা ৩০ পার্সেন্ট কাজ এই রাস্তার ব্যাপারেই সরকার করতে পারেন নি। ৩য় পরিকল্পনার একচুয়াল ফিগার যদি দেখি যা ১৯৬১-৬২ সালের এতে দেওয়া আছে, তাতে দেখবো সমস্ত পরিকল্পনার জন্য যে টাকা বরাদ্দ আছে, সেই টাকার শতকরা ১০ ভাগ ব্যয় করতে পেরেছেন এই ১৯৬১-৬২ সালে রাস্তার ব্যাপারে। সুতরাং এই যদি রেট অফ প্রগ্রেস হয়, তা হলে ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালের শেষে দেখা যাবে যে শতকরা ৫০ পার্সেন্ট কমে যাবে, খরচ করতে পারবেন না। তাই তাঁর বক্তৃতায় বলেন নি যে এবার পশ্চিম-বাংলা কোন্ স্থানে আছে টাকা ব্যয় করার ব্যাপারে। সারা ভারতবর্ষের অন্য প্রদেশের সঙ্গে তুলনামূলকভাবে বা পশ্চিমবাংলায় যা কাজ হয়েছে তাতে তার কোন্ স্থান আছে এসব কথা তিনি এবার বলেন নি, কিন্তু আমাদের সবচেয়ে বেশী ভয় হচ্ছে এই রাস্তা করার ব্যাপারে, যা নাকি বাজেটের মধ্যে বহু আলোচনা হয় যে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে টাকা দেন নি। আমাদের এরকম একটা দপ্তরের এমন অবস্থা হয়, যে দপ্তরের প্রচুর কাজ কিন্তু কর্মচারীরা টাকা খরচ করতে পারেন না, তা হলে পশ্চিমবাংলা সরকারকে কেন কেন্দ্রীয় সরকার টাকা দেবেন এবং কি করে কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করবেন, এটাই হচ্ছে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে প্রথম প্রশ্ন। ২য় প্রশ্ন সেটা হচ্ছে আগামী বৎসরের বাজেটে বলা হবে, এবং কেন্দ্রীয় সরকার টাকা কমিয়ে দেবেন, তখন ট্যাক্স বাড়াতে হবে, সাধারণ মানুষের উপর ট্যাক্স চাপান হবে উন্নয়ন পরি-কল্পনার নামে।

[1-10—1-20 p.m.]

আপৎকালীন জরুরী অবস্থার কথা বলেছেন এবং তার জন্য টাকা কমাতে হয়েছে -জরুরী অবস্থা ছিল না যখন, যখন পিসফুল কন্ডিসন ছিল দেশে, তখন সমস্ত টাকা ব্যয় করতে পারেন নি। ১৯৫৭ সালে বলেছিলেন যে প্রত্যেকটি থানা থেকে অন্ততঃ মহকুমার শহরে আডমিনিস্ট্রেটিভ হেড কোয়ার্টারে অন্ততঃ আপনি একটা না একটা রাস্তা করবেন। কিন্তু তা আপনি করতে পেরেছেন কি? আমি উদাহরণ দিয়ে বলতে পারি যে বীরভূম জেলায় মল্লেশ্বর থানায় একটি রাস্তাও পাকা করতে পারেন নি। ব্যারাকপুর সাবডিভিসনে যেসমস্ত ইউনিয়ন বোর্ডগুলি আছে তার একটি কোন রাস্তাকে আপনি সম্পূর্ণরূপে পাকা করতে পারেন নি। দমদম এলাকায় বাঁকড়া প্রভৃতি যে ইউনিয়ন বোর্ড এরিয়া আছে যেখানে প্রচুর লোকের বাস হয়েছে আজকাল সেখানের একটা রাস্তাও আপনি পাকা করতে পারেন নি। দমদম কলকাতার এত কাছে যেখানে বহু লোক বসবাস করে, সেখানে রাস্তর খুব প্রয়োজন। এর পাশে মিলিটারী ওয়ার স্টেশন পর্যন্ত আছে। শুনেছি নাকি বর্তমানে রাস্তা পাকা হচ্ছে। খড়দা থানা বীরকান্দি সেখানেও ঐ একই অবস্থা আছে, সেখানে একটা হেলথ সেন্টার—সেখানে বহু লোক যায়, কিন্তু সেখানে একটি রাস্তাও পাকা হয় নি। কিন্তু রাস্তার টাকা খরচ হয়েছে যা উনি হিসাব দিয়েছেন অনেক খরচ হয়েছে। যদি কনস্টিটিউয়েন্সিওয়ারী হিসাব দেওয়া হোত যে কোন্ কোন্ কনস্টিটিউয়েন্সিতে কত খরচ হয়েছে তা হলে দেখা যাবে অনেক জায়গায় অনেক কনস্টিটিউয়েন্সিতে বিশেষ বিশেষ এম এল এ-র

ভোটের জন্য অপ্রয়োজনীয় রাস্তাগুলি পাকা হয়েছে। এই যে নীতি এই নীতির আমি তীব্র বিরোধিতা করি। সরকারকে আজকে সত্যিই যদি কিছু দেশের কাজ করতে হয় তা হলে সরকারের উচিত যে-কথা উনি ১৯৫৭-৫৮ সালে বলেছিলেন সেই নীতি যদি অনুসরণ করেন, তা হলে নিশ্চয়ই আমরা সহযোগিতা করবো। যদি উনি করেন প্রত্যেকটি গ্রামে এইরকম ব্যবস্থা যে একটি গ্রামও বাংলাদেশে থাকবে না, যার নাকি একটি অন্তত প্রধান রাস্তা পাকা হবে না। অন্তত একটা রাস্তা করা হোক। আমাদের মুখ্যমন্ত্রী গ্রামের লোককে সাইকেল চড়তে দেখেন; যদি একটিও রাস্তা পাকা না হয়, তা হলে লোকে সাইকেল চালাবে কি করে। যেসব জায়গায় হাসপাতাল আছে অন্তত সেই সব জায়গাতে রাস্তা পাকা করা হোক। বড় বড় রাস্তা দুর্গাপুর রাস্তা, দমদম থেকে কলকাতা পর্যন্ত রাস্তা এতো করবেনই—কেন না সেখানে পুঁজিপতিদের স্বার্থ প্রধান। সাধারণ মানুষের স্বার্থ দ্বিতীয়। কেন সেখান দিয়ে কে যাবে? সেখান দিয়ে পুঁজিপতিদের কয়লা নিয়ে যাবার সুবিধা হবে—সেখানে বিদেশীরা যাবে পচা ডোবা যা আছে সেখান দিয়ে না গিয়ে শহরের উপর দিয়ে এলে সেটা ভাল হবে, সেটা আমরা বুঝতে পারি, এতো আপনারা করবেনই। কলকাতা বস্তীগুলোর পাশ দিয়ে যাতে কোন বিদেশীকে যেতে না হয় তার জন্য আপনাদের রাস্তার দরকার হবে। করুন সেগুলো তাতেও কিছু হবে—কিন্তু গ্রামের রাস্তা যে মূল কথা এখানে আপনারা বার বার বলেন, সেদিকে নজর দিন। সেদিক দিয়ে কি করে গ্রামের রাস্তার উন্নতি হয় তার একটা ঢালোয়া নীতি নেওয়া দরকার। এই একটা পরিকল্পনা করেই ছেড়ে দিলে হবে না। তৃতীয় কথা হচ্ছে গ্রামের এলাকায় দেখা যায় অনেক জায়গায় রাস্তা হয় কিন্তু বরাবর যেটা আছে, যেটা চালু আছে সেই রাস্তা পাকা করা হোল না। তার পাশ দিয়ে আর একটা রাস্তা করা হোল যে তারই একটা প্যারালাল। অনেক জায়গায় দেখা গেলো যে রাস্তা সোজা করলে বিশেষ অসুবিধা হোত না সেই রাস্তাটিকে বেঁকিয়ে অন্য দিকে নিয়ে যাওয়া হোল কোন ব্যক্তি-বিশেষের স্বার্থে। তাতে কি হোল ব্যক্তিবিশেষের কোন স্বার্থকে সার্ভ করার জন্য চেষ্টা করছেন লোক্যাল অফিসার বা কেউ কৃষকরা তাদের জমি যাচ্ছে দেখে বাধা দিলো, তার ফলে সে রাস্তা বন্ধ হোল, অথচ টুকরো টুকরো জায়গায় খোয়াও পড়ে গেল, পিচ পড়ে গেল, কিন্তু রাস্তা হোল না। এইজন্য সরকারের উচিত চালু রাস্তাগুলি পাকা করা, নূতন রাস্তা না করে। অবশ্য যেখানে কোন রাস্তা নেই সেখানে নূতন রাস্তা করার প্রশ্ন উঠে। কিন্তু সেটা করা হয় না। যেখানে রাস্তা রয়েছে সেখানে রাস্তা না করে নূতন রাস্তা করে তাহা হঠাৎ বেঁকে যাবে, অন্য বিশেষ লোকের বাড়ির সামনে দিয়ে গেলে এইরকম বেঁকে যাবে এ কেন হবে। এ করলে রাস্তা করে আপনি শেষ করতে পারবেন না। শেষে একটা কথা বলি—বীরভূম জেলার, বিশেষ করে ময়ূরেশ্বর থানায় মোল্লারপুর-মুলটী রোড, বিশেষ করে তারাপীঠ রোড থেকে রাস্তা করবার জন্য মন্ত্রী-মহাশয়কে অনুরোধ জানাচ্ছি এবং তারাপীঠ মন্দিরের রাস্তাটাও পাকা করবার জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি।

Shri Sunil Das Gupta:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী যে ব্যয়বরাদ্দ আমাদের সামনে রেখেছেন আমি সেটার বিরোধীতা করছি। গত বছর তিনি যখন বাজেট আমাদের সামনে রেখেছিলেন তখন আমি তার বিরোধিতা করতে যেয়ে যে কয়েকটি কথা বলেছিলাম সেটা আপনার মাধ্যমে সদস্যদের আবার আমরা স্মরণ করিয়ে দিতে চাই। আমি বলেছিলাম এই পূর্তবিভাগ কিছুসংখ্যক দুর্নীতিপরায়ণ কর্মচারী এবং কিছুসংখ্যক দুর্নীতিপরায়ণ কন্ট্রাক্টরস-এর একটা দুষ্টচক্রে পরিণত হয়েছে। যতই দিন যাচ্ছে, আমার এই ধারণা ক্রমেই দৃঢ়বদ্ধ হচ্ছে, যা আমি এক বছর আগে বলেছিলাম। এই পূর্তমন্ত্রী খগেন দাশগুপ্তকে এই পূর্ত দপ্তর থেকে ছাটাই করবার জন্য মুখ্যমন্ত্রীকে বলেছিলাম। কারণ এই দপ্তরের কর্মদক্ষতা যদি বাড়াতে হয় তা হলে খগেনবাবুর এই দপ্তর থেকে চলে যাওয়া উচিত। তিনি সম্পূর্ণরূপে দায়ী এই দপ্তরের কর্মদক্ষতা হ্রাসের জন্য, কি যে মধু আছে এখানে জানি না! গত ১৪ বছর ধরে এই দপ্তর আকড়ে ধরে থেকে বাংলাদেশের সবচেয়ে বড় সমস্যার কিছুতেই সমাধান করতে পারেন নি। আমার বক্তব্য হচ্ছে শহরতলীর মধ্যে সীমাবদ্ধ একটা নির্দিষ্ট নীতি নিয়ে যদি পশ্চিমবঙ্গের রাস্তাগুলি নির্মাণ করা হতো, তা হলে বলার কিছু থাকতো না। কিন্তু আমরা দেখছি একটিমাত্র নীতি

এই সড়ক নির্মাণ ব্যবস্থার মধ্যে রয়েছে। সেটা হচ্ছে দলীয় স্বার্থ, সেই দলীয় স্বার্থ বজায় রাখবার জন্য যেখানে সুবিধা সেখানে রাস্তা তৈরি করেন। তিনি নির্বাচনের একটা মস্তবড় হাতিয়ার হিসেবে তাঁর দপ্তরকে পুরোপুরি ব্যবহার করেন। মিঃ ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি একটি জরুরী বিষয়ের প্রতি সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সদস্যদের সবাই জানেন যে দশ কোটি টাকা ব্যয়ে এন এইচ ৩১ যে রাস্তাটা রয়েছে তা অবশিষ্ট ভারতের সংগে আসাম ও উত্তরবংগের একমাত্র যোগাযোগ ব্যবস্থা। সেই সম্পর্কে আমার বক্তব্য রাখবো।

একটু আগে খগেনবাবু বললেন যে তাঁর বিভাগের কর্মদক্ষতা রয়েছে, সেটা সেখানে প্রতীয়মান। কিন্তু আমরা দেখছি অত্যন্ত সামরিক গুরুত্বপূর্ণ রাস্তা নির্মাণের ব্যাপারে যে চরম অপচয় ও দুর্নীতি চলছে, সেই সম্পর্কে খগেনবাবু ওয়াকিবহাল কি না? খগেনবাবু জেগে ঘুমান বলে আমার সন্দেহ হয়। তা আমরা পরবর্তী বক্তব্যের মধ্যে প্রকাশ করবো। এই রাস্তা তৈরির যে এস্টিমেট তৈরি হয়, সেই এস্টিমেট উত্তরবংগের পি ডব্লিউ ডি-র যে এস্টিমেট তা থেকে দেড়গুণ বেশী করে সমস্ত জিনিসের দর ধরা হয়েছে। উত্তরবংগে যে এস্টিমেট রয়েছে সেই এস্টিমেট-এর মধ্যে বোল্ডার্স, সিংগলস মাটির দর যা রয়েছে, এর প্রত্যেকটা আইটেম-এর দর বেশী রয়েছে। তিনি হয়ত বলবেন ইমারজেন্সীর জন্য তাড়াতাড়ি কাজ শেষ করবার জন্য বেশী করে ধরতে তাঁরা বাধ্য হয়েছেন।

আর একটি কথা তাঁকে জিজ্ঞাসা করছি—এই পশ্চিমবংগে আর একটা সেচ দপ্তর আছে। তারাও বোল্ডার্স, সিংগলস মাটি দিয়ে কাজ করেন। তাঁরা উত্তরবংগের কোন কোন সহরকে রক্ষা করবার চেষ্টা করছেন, তাঁরা যদি ইমারজেন্সীতে কম দরে কাজ করেন খগেনবাবু এক বছর সময় আছেন, সেচদপ্তর যে কাজ তিন মাসের মধ্যে শেষ করে ফেলছেন, অল্প দরে বোল্ডার, সিংগলস পেতে পারে, মাটি পেতে পার, সেখানে কেন দশ কোটি টাকার কাজ, যা উত্তরবংগে হচ্ছে, তার জন্য দেড়গুণ টাকা পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে টাকা খরচ করবার ব্যবস্থা করেছেন? আমি মনে করি সেই টাকা তাঁরা তচনচ করে দিচ্ছেন, একদম হেলায় নষ্ট করে দিচ্ছেন।

[1-20—1-30 p.m.]

দ্বিতীয় কথা এ'রা কিভাবে টাকা অপচয় করেছেন আমি তার একটা দৃষ্টান্ত আপনার সামনে রাখছি। কোচবিহার টাউনে মতিমহলের পাশে একটা বাড়ি তাঁরা নির্মাণ করছেন এই জেলার যিনি অ্যাডিসনাল এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার তাঁর বাস করবার জন্য। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি শুনে আশ্চর্য হয়ে যাবেন যে ৬৫ হাজার টাকা ব্যয়ে তাঁরা সেখানে টেন্ডার না ডেকে নিজেদের মর্জি মত একটা বাসা কু-কাঠ দিয়ে তৈরি করেছেন। এই কাঠ দামী কাঠ নয়, এবং এই কাঠ দু-চার বছরের মধ্যে পচে নষ্ট হয়ে যায়। সেই কু-কাঠ দিয়ে ৬৫ হাজার টাকা ব্যয় করে একটি বাড়ি তাঁরা তৈরি করেছেন বিনা টেন্ডারে। ঐ বাড়ি তৈরি না করলে কি চলতো না? আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী খগেন দাসগুপ্ত মহাশয়ের কাছে এই প্রশ্ন রাখছি। যদি সেখানে বাড়ি তৈরি করার একান্তই প্রয়োজন ছিল, তা হলে কেন টেন্ডার ডাকেন নি? ঐ বাড়ি যদি তৈরি করবার একান্ত প্রয়োজনীয়তা দেখা দিয়েছিল তা হলে তিনি কেন পাকা বাড়ি তৈরি করেন নি? এইভাবে জনসাধারণের কষ্টার্জিত ৬৫ হাজার টাকা কেন জলে ফেলে দেবার ব্যবস্থা করেছেন? তারপর আরও দেখা যায় যে পি ডব্লিউ ডি অফিসের পাশে কোচবিহার টাউনের উপর প্রায় ৮০ হাজার টাকা ব্যয় করে একটা বিরাট গুদাম তৈরি করা হয়েছে ঐ কু-কাঠ দিয়ে। কোন টেন্ডার না ডেকে এইভাবে তাঁরা ৮০ হাজার টাকা জলে ফেলে দেবার ব্যবস্থা করেছেন। এই যে তিনি টেন্ডার না ডেকে প্রায় দেড় লক্ষ টাকা এইভাবে নষ্ট করেছেন, সে সম্বন্ধে আমি তদন্ত দাবি করি। তৃতীয় কথা—ধূপগুড়ি সেকসনে যে কাজ চলছে সেই কাজের ভার নিয়েছেন মিঃ আর মুখার্জি। তাঁর বাড়ি হচ্ছে রায়কৎ পাড়া, জলপাইগুড়ি। মেটাল আপনার মাধ্যমে দাবি করি যে সেই সেকসনের মেজারমেন্ট বুককে পরীক্ষা করা হ'ক, তা হলে

আপনার মাধ্যমে দাবি করি যে সেই সেকসনের মেজারমেন্ট বুককে পরীক্ষা করা হ'ক, তা হলে

দেখা যাবে যে সব আগাগোড়া সেই মেজারমেন্ট বুকে কাটাকাটিতে ভর্তি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি হয়ত জানেন যে এই মেজারমেন্ট বুক একটা অত্যন্ত জরুরী দলিল, এবং সেই দলিলের মধ্যে অডিট থেকে নিষেধ করে দেওয়া আছে যে কোন রকম কাটাকুটি না করার জন্য। সুতরাং সেখানকার মেজারমেন্ট বুকেতে এইভাবে কাটাকুটি করায় এইটাই প্রমাণিত হয় যে সেখানে টাকা নিয়ে কারচুপি করার ব্যবস্থা রয়েছে। তারপর আর একটা মারাত্মক কথা হচ্ছে—কনসোলিডেশান-এর কাজের ব্যাপার। মাননীয় সদস্যরা সবাই বোধ হয় জানেন যে একটা পাকা রাস্তা তৈরি করতে হলে—সেখানে প্রথমে মাটি কেটে, তারপর বোল্ডার্স বিছিয়ে, সিংগলস্ দিয়ে, তার উপর রোলার চালাতে হয়। আজকে আমি অত্যন্ত ক্ষোভের সংগে জানাচ্ছি এন এইচ ৩১, এতে, যেখানে ১০ কোটি টাকা ব্যয় করা হচ্ছে এবং যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ রাস্তা, সেখানে তার অনেক জায়গায় কনসোলিডেশান-এর কাজে ভাল বোল্ডার ব্যবহার করা হয় নি। এই বোল্ডার ব্যবহার না করার ফলে রাস্তার অবস্থা অত্যন্ত খারাপ হয়ে গিয়েছে। আমি একটা দৃষ্টান্ত রাখছি। কোচবিহার শহর থেকে তুফানগঞ্জ পর্যন্ত যে রাস্তা গিয়েছে, সেই রাস্তা নিয়ে কন্ট্রাক্টারদের নিজেদের মধ্যে মারামারি আরম্ভ হয়ে গিয়েছে এবং একটা কেস কোর্ট পর্যন্ত গড়িয়েছে। আজকে এই কনসোলিডেশন-এর ব্যাপারে আর একটা ঘটনার কথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে রাখছি। সেটা হল লংকাপাড়ার কাছে কার্বালি নদীতে যে বোল্ডার কালেকশান হয়েছে, এই বোল্ডার কালেকশান-এর ব্যাপার কার্রালি নদী থেকে সবাই জানেন যে তাতে পারসেন্টেজ অফ লাইম অত্যন্ত বেশী অর্থাৎ চুনের পরিমাণ সবচেয়ে বেশী থাকে। সুতরাং সেই পাথর যদি উপর থেকে ফেলে দেওয়া যায় তা হলে সেটা একেবারে গুঁড়া গুঁড়া হয়ে যায়। আজকে আমাদের যদি ঐ পাথর রাস্তা নির্মাণের কাজে ব্যবহার করতে হয়, তা হলে চিন্তা করতে হবে যে ঐ রাস্তার উপর দিয়ে ৪০ টন ওজনের ভারী ভারী ট্যাংক যাতায়াত করা সম্ভব কি না? কারণ, এইসমস্ত ভারী ভারী ট্যাংক পাস করবার জন্য কেন্দ্রীয় সরকার প্রত্যেকটি সেতু ও প্রত্যেকটি রাস্তাকে যথাযোগ্য নির্মাণ করবার জন্য ব্যবস্থা করেছেন। সেখানে ঐ চুনা পাথর দিয়ে রাস্তা তৈরি হতে পারে? আমাদের মন্ত্রী মহাশয় খগেনবাবুর এমনই কীর্তি যে বর্তমান যুদ্ধ পরিস্থিতিতে যেসকল গুরুত্বপূর্ণ কাজ আছে সেদিকে তিনি গুরুত্বপূর্ণ দায়িত্ব নিয়ে একেবারে নজর দিতে পারেন নি। আজকে সেই লাইম স্টোন দিয়ে সেখানে কাজ হচ্ছে এখনও। যদি কেউ সেটা একটু তদন্ত করেন, তা হলে পরে সেটা সকলের কাছে প্রমাণ হয়ে যাবে।

রাস্তার পাশে এখনও পর্যন্ত সিংগলস পড়ে আছে। যদি কেউ ইন্সপেকশন-এ যান দেখবেন। ২টা সিডিউল-এর মধ্যে দেওয়া হয়েছিল ফ্রি ফ্রম ডিউটি এটসেটরা। আপনারা দেখতে পাবেন যে সিংগলস যা থ্রি ফোর্থ ইঞ্চ দেবার কথা, সেই সিংগলস-এর মধ্যে বালি এবং ছোট ছোট কাঁকর অপর্যাপ্ত রয়েছে। সেই বাজে ধরনের সিংগলস যা দিয়ে কোন কাজ হয় না সেই জিনিস তাঁরা ওখানে কাজে লাগাবার চেষ্টা করছেন। এইভাবে আমাদের দেশের টাকা খগেনবাবুর দপ্তর অপচয় করে চলেছে। আরও একটি গুরুত্বপূর্ণ কথা আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে রাখছি। তোর্ষা নদীর উপরে একটি সেতু নির্মাণ করা হচ্ছে। সেই সেতু নির্মাণের জন্য ব্যয়বরাদ্দ ধরা হয়েছে এক কোটি ২৪ লক্ষ ৬৩ হাজার ৫৭০ টাকা। বিরাট সেতু তৈরি হবে। আপনি শুনলে আশ্চর্য হবেন এই সেতু নির্মাণের টেন্ডার ডাকার ব্যাপারে তাঁরা একটা অদ্ভুত ব্যাপার অবলম্বন করেছিলেন। সেটা হলো এই যে কন্ট্রাক্টরদের দুই রকমের রেট দিতে হবে। এক বছরের মধ্যে সেতুটি তৈরি করতে হলে যে রেট তা তারা কোট করে, আর দেড় বছরের জন্য যে রেট তাও কন্ট্রাক্টরদের দিতে হল। কিন্তু অত্যন্ত আশ্চর্যের বিষয় যে রেট তারা এক বছরের কাজের জন্য দিল সেখানে কন্ট্রাক্টার আরও পাঁচ লক্ষ টাকা বেশী দিলেন। আমি দায়িত্বের সংগে বলতে পারি ওই দেড় বছরের কাজ এক বছরে করার যে দায়িত্ব খগেনবাবু নিয়েছেন সেটা ব্যর্থতায় পর্যবসিত হবে, কন্ট্রাক্টরকে সেই দেড় বছরের সময় দিতে হবে অথচ বাড়তি পাঁচ লক্ষ টাকা ওই জন্য ধরা হয়েছে। খগেনবাবুর ব্যক্তিগত সুনাম এর সংগে জড়িত—এই নিয়ে নানাজনে নানা কথা বলছে এবং কাগজপত্রেও বলা হয়েছে, যদিও আমি তা বিশ্বাস করি নি। তিনি যেন তার ব্যক্তিগত সুনামের জন্য এই হাউসের সামনে পরিষ্কার করে রাখেন। আমি জিজ্ঞাসা করতে চাই তিনি

মনি সরকার বলে কাউকে চেনেন কিনা এবং তাকে কোন কন্ট্রাক্ট দেওয়া হয়েছে কিনা। আমি বিশ্বাস করি না, তবে কেউ কেউ বলেছেন কিছুদিন আগে খগেনবাবুর মেয়ের বিয়েতে ২২ হাজার টাকার একখানা অ্যাম্বাসাডার গাড়ি উপহার দিয়েছেন এবং সেই মেয়ের বিয়েতে সব কন্ট্রাক্টর-এর নেমন্তন্ন ছিল এবং তারা অনেক দামী দামী উপহার খগেনবাবুর মেয়েকে উপহার দিয়েছিলেন।

Shri A. H. Besterwitch: Mr. Speaker, Sir, 'Public Works' is a very important factor in the defence of the country. But seeing through the various budget estimates as well as what the Minister has given us in the two books I find the seriousness of the defence is not taken into account. If I give some points, I think Khagen Babu is aware of them as I am speaking of his district, and will agree with me, in 1962-63 budget, you will find on page 319, item 345, an estimate of Rs. 5 lakhs was made for improvement of Madarihat-Patlakhawa-Jaygaon Road. Of course, in 1961-62 the budget estimate was Rs. 50,000. Was it a vote catching budget? When I saw this included in 1961-62 budget I really appreciated it because that road would have gone to Chhota Salkumar Union and Bara Salkumar Union and the people of that area would have been very happy. Unfortunately, in this budget that question has been dropped like a rotten pumpkin.

[1-30—1-40 p.m.]

Now, they have taken up construction of a road from Silbarighat to Salkumar Hat. I appreciate the construction of this road as it caters to the need of certain sections of the people of Patlakhawa. The estimate is only 6 lakhs 75 thousand (vide page 338, item No. 439). Now, Sir, if we go through this item it appears to be a very alluring one. But if this road was extended further north and if it was connected with Jaigaon Road then I think it would have catered to the need of the whole of Salkumar Union and Patlakhawa Union. They have not done it. They have extended it up to Salkumar Hat only.

I would now like to refer to the construction of another important road, i.e., Madarihat-Birpara Road. In 1959-60, a provision of 14 lakhs for its construction was made in the budget estimate. It was a very good estimate and I am sure if that road was taken up honestly it would have catered to the need of the whole of Alipurduar subdivision. But up-till now nothing has been done. The Hon'ble Minister has told me that it will be taken up during the Third Five-Year Plan. The Plans can wait but not emergency and the defence of a nation, if this road is constructed will serve to carry man and material of defence quickly. We feel that this is a very important road maintaining link with the villages. It was estimated in 1959 but unfortunately they have now considered to observe economy on that. Till March 1961 they spent Rs. 57,460 and I find again that they spent more money. Till 31st March 1962 they spent about Rs. 23,893. Now they are preparing a revised estimate. It is most surprising that from 14 lakhs the amount has suddenly come down to 11 lakhs. It is unfortunate that the Department had no knowledge about the facts. I know that if the construction of this road was taken up—they estimated at Rs. 1 lakh for every mile, and if this amount of money, 14 lakhs or 11 lakhs whichever may be, was spent usefully, it would then have catered to the need of the whole of Alipurduar subdivision.

Sir, the Hon'ble Minister knows full well that during the rainy season Alipurduar remains cut off from other areas of the subdivision and also from the Jalpaiguri district. Yet the department does not consider the need

of constructing this important road which would have been the life link between the two parts of the Jalpaiguri district.

Sir, let us come to the constituency of the Hon'ble Minister—the Jalpaiguri constituency. I think my friends from Jalpaiguri district will agree with me and I think even the Hon'ble Minister will agree with me that there is a road from the station to No. 3 ghoomty which is a feeder road connecting the Railway station. What is the condition of that road, for years and years together? During the rainy season such a big road is always flooded and accidents always occurred there. Does the Department care to look into it? No, it does not. It is nothing new. This is going on since 1958.

Now, let us come to the bridges of Jalpaiguri district. There is a river called Karaya over which there are four bridges—two footpath bridge and the remaining two are mainly meant for vehicular traffic. But what is the condition of the bridges? The Hon'ble Minister is aware that in the last Chat Puja—the hanging bridge across the Karaya river near the Girls' School collapsed and hundreds of lives were lost. He has admitted that the bridge will be completed soon but now we hear that some pillars only are being placed there the Iron bridge was washed away during the last flood. Then again there is one Brabourne bridge which connects the area inhabited on both sides of the bridge which will collapse due to heavy traffic. The two bridges—Dinbazar Bridge and the Brabourne Bridge near the I.T.P.A.'s office are used by vehicular traffic. Dinbazar Bridge may collapse any day, notice is already put up saying " No vehicular traffic" and there will be great strain on the Brabourne Bridge which is situated near the I.T.P.A.'s office. Sir, the Hon'ble Minister's constituency is there and he knows that those bridges are used by vehicular traffic 24 hours, yet repairing of those bridges is not taken into consideration by the Department. Should these 2 bridges also collapse it will take heavy toll of lives and disconnect both the parts of Jalpaiguri town.

[At this stage red light was lit.]

Sir, you are giving me very little time; I thought I would be given some more time.

Then, Sir, I have got other things to say regarding the roads, but for want of time I am unable. I request the Hon'ble Minister to take up immediately specially those bridges for the convenience of the people of Jalpaiguri, as well as the roads between Birpara and Madarihat so that there may be a life-link for the welfare of the people of Alipur Duar and the district of Jalpaiguri.

Shrimati Niharika Majumdar:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে রাস্তাঘাটের যে বায়বরাদ্দ এই সভার সামনে এসেছে তা আমি সম্পূর্ণ সমর্থন করি। ১৯৪৭ সালের পর আমরা যখন স্বাধীন হলাম তখন আমরা দেখতে পেলাম যে আমাদের শিক্ষা, স্বাস্থ্য, খাদ্য, রাস্তাঘাট সবকিছুরই অনেক অভাব আছে। আমাদের জাতীয় সরকার ধাপে ধাপে পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্য দিয়ে আমাদের দেশকে এগিয়ে নিয়ে চলেছেন। তৎসত্ত্বেও আমরা শুনতে পেলাম আমাদের রাস্তাঘাটের কোন যোগাযোগ হয় নাই, ১,১৮১ মাইল আমাদের কাঁচা ও মেঠো রাস্তা আছে, কিন্তু তার মধ্যে কোন যোগাযোগ নাই। তারপরে আমাদের জাতীয় সরকার দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বিভিন্ন জেলায় মহকুমা শহর ও সদর দপ্তরের সঙ্গে যোগাযোগ ব্যবস্থা স্থাপন করার জন্য অনেক পরিকল্পনা গ্রহণ করলেন। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে আমরা দেখতে পেলাম ১৭৷৷০ হাজার

মাইল আমাদের রাস্তা হয়েছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার এখনো পর্যন্ত কিছু রাস্তাঘাট করা বাকি আছে। এখন আমাদের এই অসম্পূর্ণ রাস্তাঘাটগুলি তৈরি করতে হবে। মন্ত্রিমহাশয়ের বিবৃতি থেকে আমরা জানতে পারলাম এরি মধ্যে ৪৮ কোটি ৭০ লক্ষ টাকা খরচ হয়ে গিয়েছে। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের সরকার আরো রাস্তা এবং বড় বড় সেতু করবার পরিকল্পনা গ্রহণ করেছেন। সমস্ত রাস্তাঘাট একসঙ্গে করার পক্ষপাতী নই, কারণ সেরকম অর্থের প্রাচুর্য আমাদের দেশের নাই। তবু আমি বলব যে, বিভিন্ন শহর ও গ্রামাঞ্চলের মধ্যে যোগাযোগ ব্যবস্থা স্থাপন করার জন্য কতকগুলি রাস্তাঘাট তৈরি করা অত্যাবশ্যক। এই প্রসঙ্গে আমি বীরভূম জেলার রামপুরহাট মহকুমার কথা এখানে বলব। এই জনবহুল শহরের সঙ্গে সেখানকার গ্রামাঞ্চলের যোগাযোগ স্থাপন করার জন্য এখনো পর্যন্ত উল্লেখযোগ্য কোন রাস্তা নাই। স্বাধীনতা প্রাপ্তির ১৫ বৎসর পরেও গ্রাম থেকে সেই শহরে যেতে গেলে কোমর সমান কাদা ভেঙ্গে যেতে হয়।

[1-40—1-50 p.m.]

এবার আমি বীরভূম জেলার রামপুরহাট মহকুমার কথা বলব। সেই জনবহুল শহরের সঙ্গে বহু গ্রামের যোগাযোগ নেই। সেই এলাকায় এ পর্যন্ত উল্লেখযোগ্য কোন রাস্তা নেই। এমন কি এই শহরে গ্রামাঞ্চল থেকে শহরে আসতে দেশবাসীদের অনেক দুর্ভোগ ভুগতে হয় এবং অসুখ করলে ডাক্তার দেখান যায় না। তাই মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি যে শহর থেকে রাস্তাগুলো যেন গ্রামাঞ্চলের ভেতর দিয়ে রেল স্টেশন, স্কুল, কলেজ, স্বাস্থ্যকেন্দ্রর মধ্যে যোগাযোগ স্থাপন করে নিয়ে যাওয়া হয়। এটা যদি করা হত তাহলে গ্রামের গরীব দরিদ্র চাষী কৃষক ভাইরা স্বাধীনতার খানিকটা সুখ স্বাচ্ছন্দ অনুভব করতে পারত। এ ছাড়া ব্যবসাক্ষেত্রের সঙ্গে যোগাযোগ থাকলে আর্থিক উন্নতি তাতে বৃদ্ধি পাবে, আমি আর একটা অনুরোধ জানাই যে রামপুরহাট কেন্দ্রে দুটি স্বাস্থ্যকেন্দ্র আছে—তাদের মধ্যে কোন যোগাযোগ নেই। গ্রামাঞ্চলের স্বাস্থ্যকেন্দ্র গ্রামবাসীদের উপকারে আসে না। সেখানে রাস্তা না থাকার জন্য ডাক্তারদের ঔষধ কেনার অসুবিধা হয়। সেজন্য অনুরোধ করব সেই শহরের সঙ্গে রাস্তাঘাটের যোগাযোগ স্থাপন করে দরিদ্র গ্রামবাসীদের ব্যাপকভাবে উন্নতিসাধন করবার চেষ্টা করুন। তিনি নিজে এই এলাকার কিছু কিছু রাস্তা দেখে এসেছেন। হয়ত বর্ষার দিনে তিনি যাননি, সেজন্য সেই দৃশ্য দেখে তিনি আতংকগ্রস্ত হন নি। আমি বলছি অনেক মেয়ে শ্বশুরবাড়ী থেকে বাপের বাড়ী বাবা-মার মৃত্যুর দিনে যেতে পারে না। সেজন্য তারা আমাকে কেঁদে বলেছে যে আমি আগে যেন গিয়ে রাস্তার কথা বলি। আমি তাই তাদের হয়ে অনুরোধ জানাচ্ছি যে তিনি গ্রামের উন্নয়নের জন্য রাস্তাগুলোর যেন যোগাযোগ আগে করেন এবং সেদিকে যেন দৃষ্টি দেন।

Shri Abdul Bari Moktar:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, অজকে এই ব্যয়বরাদ্দের উপর আলোচনা করতে গিয়ে আমি আমার যেসমস্ত বক্তব্য রাখব তা রাস্তা এবং ব্রিজ পর্যায়ের উপর সীমাবদ্ধ করব বলে ঠিক করেছি। কিন্তু তার পূর্বে আমি একটা কথা বলব যে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় গত ১৯৫৭ সালে এইরকম বাজেট অধিবেশনে মাননীয় বিরোধীপক্ষের সদস্যের কথা উত্তর দিতে গিয়ে বলেছিলেন তিনি অর্থের অপচয়ের কথা, সিমেন্টের অপচয়ের কথা বলেছিলেন যে এসব উড়ো খবর। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে কতকগুলি বক্তব্য রাখব। বাংলাদেশে একটা ব্রীজ হচ্ছে ফরাক্কা ব্রীজ। ফরাক্কা প্রোজেক্ট-এর কাছে এই এমারজেন্সী পিরিয়ড-এর আগে থেকে ধুলিয়ান থেকে ফরাক্কা পর্যন্ত একটা রাস্তা আরম্ভ করেছেন প্রায় ৩০ লক্ষ টাকা ব্যয়ে। এই রাস্তা আপনারা নির্মাণ করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই যে বাংলাদেশে রাস্তাঘাটের জন্য যে পরিমাণ ব্যয় হয়—আমি সমস্ত রাস্তার কথা না জানলেও একটা রাস্তার উদাহরণ দিয়ে বোঝাবার চেষ্টা করব যে বাংলাদেশের মানুষের টাকা কিভাবে অপচয় হয়। আমরা যখন জাতীয় জরুরী অবস্থার বাহিরে ছিলাম তখন আমাদের দেশের রাস্তাঘাট তৈরির ব্যাপারে ৩০ থেকে ৪০ পারসেন্ট লেস-এ রাস্তাঘাটের কাজ করতে পেরেছি। বিশেষ করে ধুলিয়ান টু ফরাক্কা রাস্তার ব্যাপারে যখন জরুরী অবস্থা এল তখন ৩০ টু ৪০

পারসেন্ট লেস-এ তো দূরের কথা সেটাকে ৩০ টু ৪০ পারসেন্ট অ্যাবভ-এ কাজ করতে হয়েছিল। তারপর ২ মাস যেতে না যেতেই দেখা গেল সেই রাস্তার উপর ৫ পারসেন্ট লেস-এ কন্ট্রাক্টর কাজ করছেন।

আবার দেখা গেল গত ১৫ই মার্চ তারিখে ওখানের ব্রীজ ছাড়িয়ে ওখানে রাস্তার টেন্ডার দিয়েছেন তাতে দেখা গিয়েছে টোয়েন্টি টু টোয়েন্টি-এইট পারসেন্ট লেস-এ কাজ করতে পারা যাচ্ছে। তুলনামূলকভাবে যদি বিচার করা যায় দেখবো কি পরিমাণ অর্থের অপচয় হয় সেখানে। কেননা জাতীয় যে জরুরী অবস্থা আছে তা আমরা বুঝি। কিন্তু কন্ট্রাক্টরদের ফেসিলিটি দিয়ে যে সুবিধা দিয়ে কি করে ব্যয় বৃদ্ধি হয় তা আপনার মাধ্যমে তুলে ধরতে চাই। জাতীয় জরুরী অবস্থায় সেসমস্ত অফিসাররা নিজেদের পেটোয়া লোককে দিয়ে সেখানে বিড করিয়েছেন এটা আমি বুঝতে পাচ্ছি না হয়ত তার কাছে সে ক্ষমতা থাকতে পারে যে জাতীয় জরুরী পরিস্থিতিতে তিনি বিড করতে পারেন। টেন্ডার কল করে কাজ করা হয়নি, কিন্তু নিজস্ব লোক কন্ট্রাক্টরদের ডেকে নিয়ে তাঁর ঘরের মধ্যে ডেকে নিয়ে তিনি এসমস্ত বিড করিয়ে নিয়ে বেশী রকম টাকা বরাদ্দ করিয়ে নিয়েছেন। আমি মন্ত্রিমহাশয়কে বলি তিনি যেন বুঝিয়ে দেন জাতীয় জরুরী পরিস্থিতির বাহিরে যে পরিমাণ খরচ করতে পারেন এবং জাতীয় জরুরী অবস্থা থাকাকালীন আমরা কিরকমভাবে বেশী খরচ করতে পারি এবং তাহলে জাতীয় জরুরী অবস্থার জাতীয় প্রতিরক্ষার কি কাজ দ্রুতগতিতে এগিয়ে যেতে পারে যে জরুরী অবস্থা হয়ে গেলে পর তা কম খরচ হয়ে যাবে। আমার মনে হয় ধুলিয়ান ও ফরাক্কা রাস্তার কথা বলেছেন, আমার মনে হয় যখন এরকম সময় আসে একদিকে কালোবাজারি হাঁ করে তাকিয়ে থাকে মুনাফালোভের আশায় তেমনি কন্ট্রাক্টর বা যেসমস্ত অফিসারদের এতে কারুর পৌষ মাস কারুর সর্বনাশ আসলে অনেকের গায়ে কাপড় থাকে না আবার অনেকে লেপ কাপড় নিয়ে বাস করে থাকে। এ যে কি অবস্থা বসে আছে তা আপনার মাধ্যমে আমি আমার জেলার কথা তুলে ধরতে চাই। মুর্শিদাবাদ জেলা একটা সীমান্ত জেলা, যে জেলায় পূর্ব পাকিস্তানের সীমান্ত এমন কি কোথাও কোথাও দেখতে পাওয়া যাবে যে গোয়ালঘর পাকিস্তানে চলে গেছে শোবার ঘর চলে এসেছে আমাদের দেশে। এই যে বর্ডার এই বর্ডার-এর রাস্তা আমাদের দেশে যখন না হয় তখন আশ্চর্য হয়ে যাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এটা তুলে ধরতে চাই। আমাদের মুর্শিদাবাদ জেলায় যে কৃষ্ণচন্দ্রপুর-জলদেবধারা-দেবীপুর একটা রাস্তা করতে পেরেছেন। সেখানে কাজ চলেছে। সেখানে এই যে অবস্থা দেবীপুর দিয়ে না হয়ে আপনি রাস্তা সাগরপাড়া দিয়ে ঘুরিয়ে দিলেন অনাবশ্যকভাবে কতকগুলো লোককে উচ্ছেদ করে দেবেন এবং সেখানে আমার মনে হয় যে ঘোরানোর দরুন ৩ লক্ষ টাকা খরচ হয়ে যাবে, তারপর এই সমস্ত রাস্তা আপনি ঘুরিয়ে নিয়ে সঙ্গে সঙ্গে আমি মনে করি এতে আমাদের সীমান্ত অঞ্চলে যেসমস্ত ব্রিজ আছে সেসমস্তর সঙ্গে আমাদের সদর রাস্তার যোগ থাকা প্রয়োজন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই কথা তুলে ধরতে চাই বাংলাদেশের এমন কটা ব্রিজ আছে, কটা খাল আছে যেখানে মানুষ জাজ্বল্যমান মানুষ মরে যায় যার জন্য মরে—আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, ইতিপূর্বে প্রশ্নও দিয়েছিলাম এই ব্রিজ না থাকার জন্য মানুষ মরে যায়। আমি নাম করে বলি পলডাঙ্গা ঘাটের ব্রীজ রায়পাড়ার বারমাসিয়া ব্রীজ, ঘোষপাড়ায় ব্রীজ, শিয়ালমারি নদীর উপর ব্রীজ, এ সমস্ত ব্রীজের কথা অনেক মন্ত্রী জানেন। মাননীয় মন্ত্রী স্মরজিৎবাবু তিনিও জানেন যে কি দুঃখ দুর্দশার মধ্যে তাঁর কনস্টিটুয়েন্সিতে পৌঁছতে হয় অথচ সে সমস্ত ব্রীজ হয় না। আমি বুঝতে পাচ্ছি না কি কারণে দেখা হয় না। মানুষ মরে যায় তবু ব্রীজ হয় না—কেন হবে না। আপনার মাধ্যমে বলতে চাই মন্ত্রিমহাশয়ের কাছে জোর দাবীর সঙ্গেই যে তিনি চিন্তা করে দেখুন যে এ সমস্ত করণীয় কাজ করা উচিত কি না। আমি খুশী হয়েছি যে আমাদের কাট মোশানকে নাকচযোগ্য বলে বিবেচিত হয়নি, কারণ তাঁর বিবেচনায় হয় নিছক তিনি মনে ভেবেছিলেন এ সমস্ত জিনিসগুলোকে দেখার প্রয়োজন আছে। আমি আপনার মাধ্যমে তাঁর কাছে নিবেদন রাখতে চাই যে, গ্রামীণ বাংলার কেন্দ্র উন্নতিসাধন হয়নি, জাতীয় সড়ক করলে কিছু বাংলার উন্নতিসাধন হবে বলে মনে করি না। কাজেই আমি মনে করি সেই ধরণের জিয়াগঞ্জ টু হরিয়াল থানা, মণিরামপুরেঘাট ভায়া পলাশবাড়ী সেটা মুর্শিদাবাদের একটা সীমান্ত

রাস্তা এতবড় গুরুত্বপূর্ণ রাস্তা সে রাস্তার উপর কোন নজর দেওয়া হয় না। আমরা কি করে জানবো কোনখান দিয়ে কিভাবে রাস্তা হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয়ের কাছে আমি কতকগুলি কথা রেখে বিবেচনা করতে বলছি।

Mr. Deputy Speaker:

কাট মোশানএ যে ৫৭৭ মিনিট সময় থাকে এতে লোকাল গ্রিভ্যান্সেস যা থাকে তা বলবেন, অন্য সব বলে সময় নষ্ট করে আবার সময় চান এটা ভাল কথা নয়। যাঁরা নূতন এসেছেন তাঁদের জন্য বলছি যে এই কাট মোশানএ বক্তৃতার ভেতর লোকাল গ্রিভ্যান্সেস যা আছে তাই বলবেন জেনারেল ডিসকাসন-এর সব কথা যদি বলেন এবং সময় চান তাহলে মুস্কিল হয়। এটাই আমার অনুরোধ।

[1-50—2 p.m.]

Shri Nagen Dolai:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার কাট মোশনে যেসমস্ত রাস্তাগুলির কথা বলেছিলাম সেই সম্বন্ধেই আমি কিছু বলতে চাই। ঘাটাল মহকুমা থেকে আসতে গেলে শহরে একটা রাস্তার প্রয়োজন। বৃটিশ সাম্রাজ্যবাদের আমলে একটা রাস্তা ছিল সেই রাস্তা দিয়ে আসতে হলে একশ মাইল রাস্তা ঘুরে আসতে হ'ত। বর্তমান স্বাধীনতার পর ঘাটাল হইতে পাঁশকুড়া পর্যন্ত একটি রাস্তা সরকার গ্রহণ করেছেন। কিন্তু এই রাস্তাটি প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নেওয়া হয়। এই রাস্তাটি মাত্র ২০ মাইল এবং এই রাস্তা দ্বিতীয় পরিকল্পনায় শেষ হবার কথা ছিল। কিন্তু প্রথম পরিকল্পনা শেষ হোল, দ্বিতীয় পরিকল্পনা শেষ হোল, এখন তৃতীয় পরিকল্পনায় রাস্তাটি শেষ হোল না। কিন্তু এই বিষয় ২০ মাইল রাস্তা তার এক মাইল রাস্তাও আজ পর্যন্ত কেন হোল না। ঐ এক মাইল রাস্তা না হবার ফলে ৭ মাইল রাস্তা ঘুরে আসতে হচ্ছে। এই সাত মাইল রাস্তা ঘুরে আসার ফলে এবং শহরে যাদের তাড়াতাড়ি প্রয়োজন তাদের যে কি অসুবিধা হয়েছে একথা মন্ত্রিমহাশয় জানেন। কেন এই এক মাইল রাস্তা সংস্কার করা হচ্ছে না আমি মন্ত্রিমহাশয়ের কাছে এই হাউসে জানতে চাই। তারপর ঐ রাস্তার মধ্যে কংসাবতী নদীতে একটি সেতু রয়েছে সেই সেতুটি আজ প্রায় ৮ বছর কাজ চলছে সেই সেতুটি আজও পর্যন্ত দেখতে পাচ্ছি মাত্র থাম উঁচু হয়েছে আর কিছুই দেখতে পাচ্ছি না। আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই যে এই খাল ৭।৮ বছর অতীত হোল কেন এই সেতুটির কার্য শেষ করা হচ্ছে না; যার ফলে এখানকার জনসাধারণকে কি অসুবিধার মধ্যে পড়তে হয়েছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাচ্ছি যে সেতুটি সম্বন্ধে তাঁদের কি ধারণা। কন্ট্রাক্টরের সঙ্গে আপনাদের ডিপার্টমেন্টের সঙ্গে কোন বন্দোবস্ত আছে কি না। আমি মনে করি এই সেতুটিকে নিয়ে আগামী নির্বাচনে এই যে কংগ্রেসীরা পরাজিত হয়েছে ওখানে ঘাটাল এবং দাসপুরে আবার কি ঐ নির্বাচনে এটাকে কাজে লাগাতে চান।

Shri Nihar Roy:

অন এ পয়েন্ট অব প্রিভিলেজ—এতো জোরে বলছে যে কিছুই বুঝতে পারছি না।

Mr. Deputy Speaker:

আপনি বুঝতে পারছেন না—এটা পয়েন্ট অব প্রিভিলেজ নয়।

Shri Nagen Dolai:

কাজেই কি কারণে ওটা হচ্ছে না, আমার ধারণা হচ্ছে না আমার ধারণা হচ্ছে যে ঐখানে নৌকাঘাটেতে কন্ট্রাক্টার দাগ দিয়েছে—এই কারণে কি? সেখানের থেকে ১৮ হাজার টাকা করে পাওয়া যায় সেই কারণে কি? না আগামী নির্বাচনে ভোট আদায় করার জন্য? একথা আপনি এই হাউসের সামনে পরিষ্কার করে বলবেন। তারপর ঐ যে রাস্তা তার খোয়া উঠে গেছে গর্ত হয়েছে সেখানে পিচ দেবার কি ব্যবস্থা করেছেন? সারাই করছে কি করে —যেখানে গর্ত হয়েছে সেখানে পিচ ঢেলে দিচ্ছে—খোয়া আর দিচ্ছে না। এই রাস্তা খারাপ হওয়ার জন্য আজকে চার পাঁচখানা বাস অচল অবস্থায় পড়ে আছে। কাজেই সেইজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যাতে ঐ রাস্তাটি একটু তাড়াতাড়ি হয় এবং ঐ সেতুটি শীঘ্র

তৈরি হয়। গত বছর আপনি বলেছিলেন আমার প্রশ্নের উত্তর দিতে গিয়ে যে কন্ট্রাক্টারের গাফিলতির জন্যই এইরকম হচ্ছে—আবার সেই কন্ট্রাক্টরকে দেবার জন্য ২২ হাজার টাকা বরাদ্দ দেওয়া হয়েছে—তাকে নূতন করে কন্ট্রাক্ট দেওয়া হয়েছে কিন্তু আপনি বলেছিলেন যে বর্ষার পূর্বে তাড়াতাড়ি হবে। কিন্তু তা হয়নি। যাতে তাড়াতাড়ি হয় তার ব্যবস্থা করুন। এখনও আমি প্রায় সপ্তাহে ২ বার করে ঘুরে আসি—সেখানে তার কোনও ব্যবস্থা নাই—কাজের মধ্যে কতকগুলো খুঁটি গাড়া হয়ে পড়ে আছে। কাজেই কন্ট্রাক্টরকে যে পরিবর্তন করা হয়েছে আমি শুনতে পারছি সেই কন্ট্রাক্টরকে বেনামী করে সেই রাস্তাটার কন্ট্রাক্ট নিয়েছে। এটা সত্যি কিনা মন্ত্রিমহাশয় তা এই হাউসের মধ্যে রাখবেন।

তারপর হচ্ছে যে আরো অন্যান্য রাস্তা সম্পর্কে। যেটা রানীচক টু ঘাটাল পর্যন্ত বৃটিশ আমলের এই রাস্তাটার পরিকল্পনা নেওয়া হয়েছিল, স্বাধীনতার পরে আমরা আজকে দেখতে পাচ্ছি এই সরকার সেই রাস্তাটা গ্রহণ করছেন না। কাজেই এই রাস্তাটি যাতে হয় আমি সরকারের কাছে অনুরোধ করছি তাড়াতাড়ি এই রাস্তাটা পাকা করবার ব্যবস্থা করা হোক।

তারপর ঘাটাল টু আরামবাগ রাস্তাটা হওয়া প্রয়োজন। আরামবাগ ও ঘাটালের জনসাধারণের ব্যবসা-বাণিজ্য ও যাতায়াতের সুবিধার জন্য এই রাস্তাটা গ্রহণ করবার জন্য সরকারের কাছে আবেদন করছি।

তারপর বীরভূম জেলায় লাভপুর থানার সঙ্গে সহরের যোগাযোগ না থাকায় ব্যবসা বাণিজ্যের অসুবিধা হচ্ছে। কাজেই সেই রাস্তাটা যাতে তাড়াতাড়ি হয় সেই জন্য সরকারকে অনুরোধ করি।

তারপর আমার কাট্-মোশানের মধ্যে যে সমস্ত রাস্তার উল্লেখ রয়েছে যেমন রাণীচকের কথা বললাম, তেমনি পাঁশকুড়া বকুলতলা হয়ে নারায়ণপুর পর্যন্ত যে রাস্তাটা গিয়েছে, সেটা তাড়াতাড়ি পাকা হওয়া প্রয়োজন। আর একটা রাস্তা পাঁশকুড়া বকুলতলা হয়ে ডেবরা থানার নলহাটা পর্যন্ত যে রাস্তাটা গিয়েছে, সেটাও পাকা হওয়া দরকার। সেটার ব্যবস্থাও তাড়াতাড়ি মন্ত্রিমহাশয় করবেন।

আর অন্যান্য রাস্তার কথা বলতে চাচ্ছি না। আমি বিশেষ করে বলছি আগামী এক বছরের মধ্যে যাতে এই সব কাজ হয়।

[এ ভয়েস: আপনার লালবাতি জ্বলে গেছে!]

আপনাদের জন্য ঐ লালবাতি হয়েছে। ঐ লালবাতি আপনাদেরও জ্বলবে।

Dr. Radhakrishna Singha:

মাননীয় ডেপুটি অধ্যক্ষ মহাশয়, আজ মাননীয় পূর্ত মন্ত্রী যে ব্যয় বরাদ্দের মঞ্জুরী রেখেছেন, তার উপর আমি দু-একটি বক্তব্য রাখছি।

আমাদের পশ্চিম বাংলার সাড়ে তিন কোটি লোকের মধ্যে ২ কোটি ৬৩ জন লোক গ্রামে বাস করে। আজকে উনি যে গুণাবলী নিয়ে, যে কীর্তি নিয়ে ট্রেজারী বেঞ্চে বসবার অধিকারী হয়েছেন, সেই দলের কংগ্রেসের মহান নেতা মহাত্মা গান্ধী বলেছিলেন—ভারতবাসীকে চিনতে গেলে তার গ্রামবাসীকে চিনতে হবে। তার গ্রামের উন্নতি মানে ভারতবর্ষের উন্নতি। আমাদের দেশের প্রত্যেকটি মনীষী যথা রবীন্দ্রনাথ, এখন বিনোবা ভাবেজী গ্রামে গ্রামে ঘুরে বেড়াচ্ছেন গ্রামবাসীর উন্নতির জন্য। কিন্তু আজ আমরা এক্সপ্রেস হাইওয়ে, সি এম পি ও এই রকম নানাবিধ বড় বড় চিন্তা করি। কিন্তু অগণিত পল্লীবাসীর দুঃখ-দুর্দশা চিন্তা করবার কথা ভুলে যাই। তাই আমি আজ যে দু-একটি বক্তব্য রাখছি তার প্রথম হচ্ছে দেশের যোগাযোগ

ব্যবস্থার জন্য পল্লীগ্রামের কথা আমি বলবো। তার জন্য মন্ত্রিমহাশয়কে সজাগ হতে বলছি। এই যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার একটা জাতীয় জীবনে। যে সব গুরুত্বপূর্ণ খাতে পূর্বে আমরা ব্যয় মঞ্জুর করেছি, যেমন শিক্ষা, স্বাস্থ্য ইত্যাদি, সেগুলি কাজে লাগাতে গেলে এই যোগাযোগ ব্যবস্থা ভালভাবে রাখতেই হবে। যেমন মানুষের শরীরে নানাবিধ যন্ত্র আছে—যেমন ধমনী, হার্টস, লাঙস্, লিভার ইত্যাদি কিন্তু আর্টারি বা ধমনী না দিয়ে এগুলির যোগাযোগ না থাকলে যেমন মানুষ কাজ করতে পারে না, সব ইনার্ট, তেমনি দেশের ধমনী হচ্ছে এই রাস্তা। তার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এবং এই সম্পর্কে দুই-একটি অভিযোগের কথা বলবো।

আপনি জানেন যে বীরভূম জেলায় দু'টি রাস্তা গত থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এ ইনক্লুসান হয়েছিল। একটি রাস্তা হলো সুরুল-গুনুটিয়া রোড যেটা শ্রীনিকেতন থেকে বেরিয়েছে। আর একটা রাস্তা হচ্ছে বাহরী সাজনোর—এ দু'টোই খুব জনবহুল লোকালয়ের মাঝখান দিয়ে গিয়েছে এবং বহু কৃষিজাত পণ্য এখানে উৎপন্ন হয়। রাস্তা দু'টি তৃতীয় পঞ্চবার্ষিকী প্ল্যানএ ইনক্লুসান হয়েছিল, আমি মন্ত্রিমহাশয়কে তা চিঠি দিয়ে জানিয়েছিলাম তাঁর কাছ থেকে জানতে চেয়েছিলাম এই রাস্তা দু'টোর কাজ কবে আরম্ভ হবে। এটা যদি তিনি দয়া করে জানান তাহলে আমাদের দেশবাসী অত্যন্ত উৎসাহিত বোধ করবেন। কিন্তু মন্ত্রিমহাশয়ের কাছ থেকে আজ পর্যন্ত সেই সম্বন্ধে কোন উত্তর পাই নি। যদি তিনি কোন সদস্যের চিঠির উত্তর না দেন, তাহলে সেটা খুবই দুঃখের বিষয়। তাহলে আমরা কি করে দেশবাসীর প্রতি আমাদের কর্তব্য পালন করবো?

[2—2-10 p.m.]

দ্বিতীয়তঃ হচ্ছে, আমি কয়েকদিন আগে জানতে পারলাম যে সেই দুটো রাস্তা থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান থেকে বাদ দেওয়া হয়েছে। তার কারণ, গত জেনারেল ইলেকশনএ, সেখানে যে মাননীয় সদস্য নির্বাচিত হবার জন্য দাঁড়িয়েছিলেন, তিনি কংগ্রেসের মনোনীত প্রার্থী এবং আমার প্রতিদ্বন্দ্বী ছিলেন। আমি তাঁকে হারিয়ে দৈবক্রমে নির্দলীয় সদস্য হিসাবে এই সভায় এসেছি। বোধ হয় এই অপরাধে, দেশবাসী এই দু'টি রাস্তা থেকে বঞ্চিত হচ্ছেন। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো আপনি দয়া করে এ সম্বন্ধে পুনর্বিবেচনা করবেন এবং আপনার যাঁরা অফিসার আছেন তাঁদের নির্দেশ দেবেন যে তাঁরা যেন দয়া করে কোন কারণে এই রাস্তা দু'টিকে বাদ দেওয়া না হয়, সে দিকে লক্ষ্য রাখেন। আমি জানি এ সম্বন্ধে আপনিই হচ্ছেন সর্বময় কর্তা, এবং আপনি যদি এই রাস্তা দু'টির প্রতি একটু নজর দেন, তাহলে দেখতে পাবেন কত বড় বড় গ্রাম, কত চাষী-প্রধান গ্রাম, কত স্বাস্থ্যকেন্দ্র, কত পাঠস্থান আপনি জানেন যে কঙ্কালীতলা, এবং ফুল্লরাতলা—ঐ রাস্তার উপর দিয়ে যেতে হয়। এই দু'টি রাস্তা তৃতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার মধ্যে নেবার জন্য আপনাকে পুনরায় আবেদন জানাবো এবং জানাচ্ছি। এখন এইটা আমার শেষ কথা।

Shri Adwaita Mandal:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, দালাল-সর্বস্ব এই কংগ্রেসী শাসনের কল্যাণে পাবলিক ওয়ার্কস বিভাগটি আজ গুরুত্বপূর্ণ স্থান অধিকার করছে। পথ ঘাটের কাজ এর অন্যতম দায়িত্ব। কিন্তু আমাদের জেলার মত মফঃস্বল জেলায় সকল পথ ঘাটের চেহারা প্রায় সকল সময়ই দুর্ভিক্ষপীড়িত কঙ্কালসার মানুষের মত। অজস্র অর্থ ব্যয় করে মাঝে মাঝে সারান যদি বা হয় কিন্তু পূর্ত বিভাগের দক্ষ তত্ত্বাবধানের কল্যাণে অতি অল্প সময়ের মধ্যে রাস্তার দেহে খানা, ডোবা রূপে পেতে থাকে, ফলে সারা রাস্তা অচিরেই কংকালময় হয়ে ওঠে।

আমরা শুনেছি ন্যাশনাল হাইওয়ের মস্ত মর্যাদা ও তার জন্য দারুণ ব্যবস্থার আয়োজন আছে। কিন্তু আমাদের জেলার মধ্য দিয়ে টাটা-পুরুলিয়ার যে রাস্তা হাইওয়ের আভিজাত্য পেয়েছে তারও অবস্থা আজ পংক্তিহীনদের চেয়েও অধম। রাস্তা মেরামতের উদ্দেশ্য হচ্ছে যানবাহন এবং যাত্রী চলাচলের সুবিধার ও নিরাপত্তার জন্য। কিন্তু অধুনাকালে রাস্তার উপরেই গাদা গাদা

পাথরের স্তূপ সারিবন্দি ভাবে মাসের পর মাস রেখে দেওয়া হয়। এর ফলে যানবাহন এবং যাত্রীদের যাতায়াতে অত্যন্ত অসুবিধা সৃষ্টি হয়, এবং এর জন্য গুরুতর দুর্ঘটনার নজিরও এই ব্যবস্থার ধারা পরিবর্তিত করতে পারে নি। রাস্তার কাজ হাতে নিয়ে, কাজ আরম্ভ করে তা তৎপরতার সঙ্গে কাজ করার কোন প্রচেষ্টাই থাকে না। অত্যন্ত গড়িমসি, অযোগ্যতা এবং দীর্ঘসূত্রতার সঙ্গে কাজ করার এই বেপরোয়া মনোবৃত্তি সম্ভব হয়েছে এই শাসনযন্ত্র অযোগ্য হওয়ার কারণে। আমরা বহুদিন থেকেই এই কথা বলে আসছি যে একটা জেলার সমস্ত অংশে বা সমস্ত থানায় সারা বৎসর যদি যোগাযোগের যাতায়াতের ব্যবস্থা না থাকে, তবে তা অত্যন্ত অসুবিধার এবং সরকারের পক্ষে তা অত্যন্ত অপরাধের বিষয়। বর্ষাকালে যোগাযোগ ছিন্ন হয়ে যায়—রাস্তাবিহীন অঞ্চল থেকে নদী, নালা পার হয়ে গুরুত্বপূর্ণ জরুরী কাজে যাওয়া অথবা গুরুতর রোগব্যাধিতে যোগাযোগ ও যাতায়াত করা অত্যন্ত কঠিন ও দুঃসাধ্য হয়ে পড়ে। আজ পশ্চিম বাংলার শাসন ৭ বৎসর হতে চললো, কিন্তু এখনও পর্যন্ত আমাদের জেলার সমস্ত থানার সঙ্গে স্থায়ী যোগাযোগের ব্যবস্থা করা হয় নি। বিহার আমলেও এই কংগ্রেসী শাসনের ফলে আমাদের জেলার অত্যন্ত প্রয়োজনীয় রাস্তাঘাট বিষয়ে জরুরী এবং অপরিহার্য ব্যবস্থাগুলি সম্পূর্ণ উপেক্ষিত ছিল। আজও আমাদের জেলায় এমন সব থানা আছে, যেখানে বহু নদী, নালা পার হয়ে সদরে আসতে হয়। সেখানে বর্ষায় একেবারে যোগাযোগ ছিন্ন হয়ে যায়, যানবাহন চলাচলের অবস্থা থাকে না।

কিন্তু পূর্ত বিভাগের দীর্ঘসূত্রতা এহেন যে, এই দীর্ঘ সাত বছরের মধ্যে এখনও পর্যন্ত এরকম জরুরী রাস্তার জন্য কাজের কোনো ব্যবস্থাই হোল না. সীমা নির্ধারণের বিচিত্র ব্যবস্থায় পুরুলিয়া জেলার দক্ষিণে বিহার সরকারের অধিকারে একটি পকেট রয়েছে। বিহার সরকার দখলের গৌরব অবশ্য অর্জন করেছেন কিন্তু তার দায়িত্ব বহনের কোনো আগ্রহ বা উৎসাহ তাঁদের মোটেই নেই। ফলে ঐ অঞ্চলে অবস্থিত বিহার-ভূমি পকেটের অবস্থা নিতান্তই শোচনীয়। সাধারণ কংগ্রেসী অযোগ্যতার পরিনামের সঙ্গে এই অঞ্চলের প্রতি অতিরিক্ত উপেক্ষার ফলে এই অঞ্চলের অবস্থা খুবই শোচনীয় হয়ে উঠেছে। কিন্তু পশ্চিমবঙ্গ-সরকার আঞ্চলিক কমিটির মাধ্যমে এর প্রতিকারের কোনো চেষ্টা করেন নি। ফলে সরকারী কাজ ও জনগণের কাজ উভয়ই ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই সরকারের শুধু যে দেশময় দালান তৈরী করার কাজে অপব্যয় করার অবিরাম চেষ্টাই চলেছে তা নয়, দালানের মেরামতের নামে নানারকম নূতন কার্নিশ তৈরী, চারিদিকে বেদী তৈরী, সীমানার জন্য দেওয়াল প্রভৃতির কাজে বহু সরকারী অপচয়ও চলেছে। অথচ বহু রকম জরুরী ব্যবস্থা সম্পূর্ণ উপেক্ষিত হয়ে রয়েছে। এর দৃষ্টান্ত স্বরূপ একটি ব্যাপারের প্রতি দৃষ্টি আকর্ষণ করি পুরুলিয়া কোর্ট সীমানার মধ্যে স্বাস্থ্যকর ব্যবস্থার প্রস্রাবখানা, পায়খানার উপযুক্ত ব্যবস্থা কিছু নেই, যা দু'-একটি আছে তা ভগ্ন অকেজো এবং আবর্জনার স্তূপ হয়ে আছে।

Shri Dulal Chandra Mondal:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, গত বছর এই হাউস-এ আমি আমার এলাকার কতকগুলি রাস্তার দুরবস্থার কথা বলেছিলাম। কিন্তু দীর্ঘ এক বছর হ'ল সেই এলাকার একটি রাস্তারও সংস্কার করা হল না। অথচ ওই যে এলাকা এর মধ্যে সাতটি ইউনিয়ন আছে—মাত্র একটি ইউনিয়নে দু'-একটা ভাল রাস্তা হয়েছে। তাছাড়া কোন ভাল রাস্তা নেই। সাঁকরাইল থেকে বাগনান পর্যন্ত পাঁচের একটি রাস্তা করা দরকার। দুঃখের কথা সেই পরিকল্পনা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতেও নেওয়া হয় নি-যদিও এটা ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল থেকে পাশ হয়েছিল। শুনেছিলাম এছাড়া আর একটি রাস্তা যেটার বাণিজ্যিক গরুত্ব আছে, বহু গ্রামের সাধারণ মানুষকে ওই পথ দিয়ে আসতে হয়—দৈনিক প্রায় তিন চার হাজার মানুষ এই পথ দিয়া হাটে যায়, এই রাস্তাটি হবার কথা শুনেছিলাম। দয়া করে এই রাস্তাটি করুন, সাধারণ মানুষ আপনাদের আশীর্বাদ করবে। এছাড়া আরও বহু রাস্তা আছে—ঠিক রাস্তা তাকে বলা যায় না—জমির আল, নদীর বাঁধ, ইত্যাদি। বন্যার সময় এক গ্রাম থেকে অন্য গ্রামে আসার অসুবিধা হয় রাস্তার অভাবে। আমি আশা করি আমার যে এলাকা সাঁকরাইল এলাকা

এই এলাকার রাস্তাগুলির দিকে আপনারা নজর দেবেন। রাস্তার খাতে প্রতি বছর বহু টাকা মঞ্জুর করা হয়, কিন্তু তা খরচ করা হয় না। যে সমস্ত এলাকায় রাস্তা নেই সেখানে যদি ঠিকমত পরিকল্পনা নিয়ে রাস্তা তৈরী করার কাজে লাগা যায় তাহলে এই টাকা ঠিকমত ব্যবহৃত হতে পারে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-10—2-20 p.m.]

Dr. Golam Yazdani:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আমার কাট্ মোশান নম্বর ৪০, ৪১, ৪২, ৪৩-এর মধ্যে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। উত্তর বাংলায় যোগাযোগ ব্যবস্থা সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর ভাষণে বলেছেন এবং তিনি নিজে স্বীকার করেছেন যে উত্তর বাংলা বিচ্ছিন্ন হয়ে গিয়েছে অবশিষ্ট বাঙ্গলা থেকে। আমরাও এই কথা বলি এবং এ সম্বন্ধে আমরা বার বার অভিযোগ করেছি যে উত্তর বাংলায় যোগাযোগ ব্যবস্থা ভাল নেই। কিন্তু এতদিন হলো আমরা স্বাধীন হয়েছি তবুও আমরা দেখি যে উত্তর বাঙ্গলার যোগাযোগ ব্যবস্থার এখনও কোন উন্নতি হল না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিশেষ করে ন্যাশনাল ইমারজেন্সির সময় যেখানে আমাদের নেফাতে ট্রুপ পাঠাতে হচ্ছে তখন আমাদের কি অসুবিধা হচ্ছে। ফারাক্কা বাঁধ যেখানে হচ্ছে সেখানে গঙ্গার উপর দিয়ে স্টীমার করে এখন ট্রুপ পাঠাতে হচ্ছে, তাতে ভীষণ অসুবিধা হচ্ছে এবং আর কোন রাস্তা নাই। নবেম্বর মাসে এই বিধান সভায় একটা প্রশ্ন এসেছিল তাতে জিজ্ঞাসা করা হয়েছিল যে ন্যাশনাল ইমারজেন্সির সময় উত্তর বাঙ্গলায় যোগাযোগ ব্যবস্থার জন্য ১০ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে, এটা সত্য কি না। তার উত্তর পাওয়া গিয়েছিল যে না তা হয়নি। তারপরে আমরা পেপারে দেখেছি যে ১০ কোটি টাকা উত্তর বাঙ্গলার যোগাযোগ ব্যবস্থা ভাল করবার জন্য এই ন্যাশনাল ইমারজেন্সি পিরিয়ডে মঞ্জুর করা হয়েছে সেন্টার থেকে, একথা সত্য কি না মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন। এই ১০ কোটি টাকা সেন্টার থেকে পাওয়া গিয়েছে কি না এবং পাওয়া গিয়ে থাকলে উত্তর বাঙ্গলার যোগাযোগ ব্যবস্থা ভাল করবার জন্য কি পরিকল্পনা নেওয়া হয়েছে সেটা নিশ্চয়ই আমাদের জানাবেন। স্যার, এখানে অন্যান্য সদস্য বলেছেন যে বাঙ্গলাদেশের অন্যান্য জায়গায়ও যোগাযোগ ব্যবস্থা ভাল নাই। আমাদেরও ঠিক সেই রকম অভিযোগ রয়েছে। কিন্তু আমরা যদি বাজেট বই খুলে দেখি তাহলে দেখতে পাব যে অবশিষ্ট বাঙ্গলার জন্য যে টাকা খরচা করা হচ্ছে তার প্রোপোরশন এরিয়া হিসাবে উত্তর বাঙ্গলায় কম খরচ করা হচ্ছে। আমি এখানে একটা সামান্য হিসাব দেব। এই বই থেকে অংক কষে আমি বের করেছি যে সেন্ট্রাল রোড ডেভালপমেন্ট ফান্ড থেকে যে টাকা বরাদ্দ করা হয়েছে তার মোট পরিমাণ হলো যে সমস্ত রাস্তা হবে ঠিক হয়েছে তার মেজর কন্ট্রিবিউশন, তার মোট বরাদ্দ থেকে আমি টোটাল করেছি তা হচ্ছে ৯ কোটি ২২ লক্ষ ৫৩ হাজার ৪০২ টাকা তার মধ্যে উত্তর বাঙ্গলার জন্য দেখা যাচ্ছে ১ কোটি ৮ লক্ষ ২৭ হাজার ৭৬৮ টাকা, অর্থাৎ প্রায় ১২ পারসেন্ট—এই রকম ধরা হয়েছে। আমি মনে করি উত্তর বাঙ্গলার জন্য আরও বেশী ধরা উচিত ছিল। সেই জন্য বলছি স্যার, উত্তর বাঙ্গলা সত্যিকার অবহেলিত হচ্ছে। শুধু তাই নয় মাননীয় মন্ত্রিমহাশয়ের যেখানে বাড়ী সেখানে ঠিকই কাজ হচ্ছে। উত্তর বাংলায় যে টাকা খরচ করা হয়েছে তার মধ্যে ৭৬ লক্ষ ২০ হাজার ৯৬৮ টাকা জলপাইগুড়িতে খরচ করা হয়েছে। এবং ৯ লক্ষ ৮০ হাজার টাকা কুচবিহারে খরচ করা হয়েছে। এবং ১৬ লক্ষ ২৭ হাজার ১০০ টাকা দার্জিলিং-এ খরচ করা হয়েছে। এবং ৬ লক্ষ টাকা ওয়েস্ট দিনাজপুরে এবং ১০ লক্ষ টাকা মালদহে খরচ করা হয়েছে। এই ভাবে যদি আমরা দেখি তাহলে দেখব যে মাননীয় মন্ত্রিমহাশয় সিংহের ভাগটা নিয়ে চলে যাচ্ছেন। এর একটা প্রতিকার আমরা চাই। এবং অন্যান্য যে সমস্ত রাস্তা হয়েছে তাতেও আমরা দেখছি যে বৈষম্যমূলক ব্যবহার করা হয়েছে। আমি এই মাত্র শুনলাম যে মন্ত্রিমহাশয়ের এলাকাতে ৪টি রাস্তা মঞ্জুর করা হয়েছে যা নাকি অন্যান্য এলাকায় হয়নি। এই ভাবে আমরা দেখছি উত্তর বাঙ্গলায় কয়েকটি বিশেষ এলাকায় রাস্তার উন্নতিসাধন হচ্ছে। তারপরে আমি বলতে চাই যে মাননীয় সুনীল দাস গুপ্ত মহাশয় এখানে বলেছেন যে দলীয় রাজনীতি নিয়ে রাস্তাঘাট মঞ্জুর করা হয়। আমি বলি এটা সত্য কথা এবং আমিও এর ভুক্তভোগী। কেন না গত নির্বাচনের সময় দেখা গেল যে আমাদের মালদহ জেলাতে সব জায়গা

থেকে রাস্তা মঞ্জুর করা হল, আমার এলাকা থেকে স্বরূপগঞ্জ-চাচোল পর্যন্ত যে রাস্তা মালদহ ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল থেকে ফাস্ট প্রাইওরিটি দেওয়া হলো, কিন্তু তা নেওয়া হল না সেটা নিয়ে রাজনীতি করলেন আমাদের সৌরেন্দ্রমোহন মিশ্র মহাশয়। শিক্ষামন্ত্রী তিনি গিয়ে সেখানে প্রচার করলেন যদি তোমরা কংগ্রেসকে ভোট দাও তাহলে রাস্তা হবে, তা না হলে রাস্তা হবে না। শেষ পর্যন্ত দেখা গেল সত্যই ঐ রাস্তা হলো না। এই ভাবে সরকার রাস্তাঘাটের উন্নতি করছেন। সেজন্য আমি বলতে চাই যে আজ উত্তরবঙ্গে সামরিক গুরুত্ব রয়েছে সেজন্য সামরিক গতিতে রাস্তাঘাটের উন্নতি করা প্রয়োজন। আমি এখানে বলতে চাই যে মালদহ থেকে দিনাজপুরে যেতে হলে একই রাস্তা দিয়ে যেতে হয় অথচ অন্যান্য রাস্তাও আছে যদি মহানন্দার উপর দিয়ে একটা ব্রীজ করে দেওয়া যায় তাহলে ইটাহারের সঙ্গে সংযোগ হয়ে যায়। এবং তাহলে রায়গঞ্জের সঙ্গেও কানেকশান হয়ে যায়। এই জন্য আমি এই সব কথা বলছি যে আজকে সীমান্ত জেলাগুলি যা রয়েছে তাদের কমিউনিকেশন অলটারনেটিভ হওয়া উচিত। কেন না যদি কখনও সীমান্ত সংঘর্ষ বাধে এবং যদি আমাদের তাড়াতাড়ি মিলিটারী অ্যাকশন নিতে হয় তাহলে লাইন অফ কমিউনিকেশনের জন্য যেন আমরা পরাজিত না হয়ে যাই। সেজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যেন তিনি এই বিষয়ে দৃষ্টি দেন। তারপরে স্যার, আমি আরেকটা কথা জিজ্ঞাসা করতে চাই যে আমাদের যে ফাইভ ইয়ার প্ল্যানে যে রাস্তাগুলি নির্মাণ হয় এবং এই রাস্তাগুলির উপর যে ব্রীজগুলি সেগুলি কে তৈরী করবে। আমরা যখনই জিজ্ঞাসা করি তখনই তাঁরা বলেন এগ্রিকালচার ডিপার্টমেন্ট এবং ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে পারমিশান নিতে হবে ব্রীজগুলি তৈরী করতে। এই করে করে আমরা দেখছি রাস্তা তৈরী হয়ে গিয়েছে অথচ এখন ব্রীজগুলি তৈরী হয় নি। এইভাবে আমরা দেখছি যে আমার এলাকায় খরবা এবং চাচোল-এর রাস্তার উপর ব্রীজ আজ পর্যন্ত তৈরী হয় নি, সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যান শেষ হয়ে গেল। আমরা জিজ্ঞাসা করলে তারা বলেন যে এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে এবং ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে তাদের মতামত না পেলে আমরা ব্রীজ তৈরী করতে পারব না। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। তারপরে আমার শেষ বক্তব্য যে টেস্ট রিলিফের মাধ্যমে যে রাস্তাগুলি তৈরী হয় তার উপরে কালভার্ট কিম্বা ব্রীজ থাকে না যার জন্য জনসাধারণের অত্যন্ত অসুবিধা হয়। এই সম্বন্ধে সরকারের কোন পরিকল্পনা আছে কি না এবং যদি থাকে তা হলে কি করে করবেন তা যদি এখানে বলেন তাহলে আমরা খুব খুসী হব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করব। মাননীয় পূর্তমন্ত্রী শুধুমাত্র রাস্তা বা ব্রীজ এইসব রক্ষণাবেক্ষণ বা তৈরির জন্য ভারপ্রাপ্ত নন, তিনি বাংলাদেশের বিভিন্ন জায়গার যেসমস্ত অতীতের স্থাপত্যশিল্প যেগুলি ছড়িয়ে আছে সেগুলির দায়িত্বও মাননীয় পূর্ত-মন্ত্রীর। বাংলাদেশের বিভিন্ন জায়গায় বিভিন্ন নদীর ধারে যেসমস্ত পুরানো সভ্যতার নিদর্শন পুরানো সংস্কৃতির নিদর্শন ছড়িয়ে রয়েছে সেগুলির রক্ষণাবেক্ষণের উপযুক্ত ব্যবস্থা আজ পর্যন্ত তেমনভাবে আমরা দেখি নি। আমি একটা ঘটনার কথা উল্লেখ করছি। আজকে 'যুগান্তর' পত্রিকায় সেই সংবাদ বেরিয়েছে, সেটা হল মেদিনীপুর জেলায় শিলাবতী নদীর তীরে গগোরী কৃষ্ণনগরে। সেখানে কৃষ্ণ রায়জীর পঞ্চরত্নের মন্দির আছে, সেই মন্দির থেকে মাত্র ৪ হাত দূরে ৩৫।৩৬ ফুট নদীর পাড় আজকে শীলাবতী নদীর ভিতরে চলে গিয়েছে। এখনও যদি পূর্তমন্ত্রী এ বিষয়ে ব্যবস্থা অবলম্বন না করেন তা হলে বাংলাদেশের এইরকম একটি অমূল্য সম্পদ, সংস্কৃতির এবং সভ্যতার অমূল্য নিদর্শন নদীর গর্ভে বিলীন হয়ে যাবে। এজন্যে অবিলম্বে একটা কমিটি করা উচিত। স্থানীয় মানুষদের উৎসাহিত করবার জন্য একটা কমিটি করে এই জিনিসগুলি রক্ষণাবেক্ষণের দায়িত্ব গ্রহণ করা উচিত। দ্বিতীয় যে বিষয়ে আমি বলতে চাই তা হচ্ছে পাণ্ডুরাজার ঢিপির প্রসঙ্গে। আমরা কাগজে দেখেছি এবং আমার একটা স্টার্ড কোশ্চেনও ছিল তার উত্তরে জবাব পেয়েছি যে, পাণ্ডুরাজার ঢিপির মধ্যে দিয়ে আমাদের বাংলাদেশের সরকার নাকি পুরানো যুগের ইতিহাস আবিষ্কার করেছে। আমি

এখানে চ্যালেঞ্জ করে বলতে পারি যে, আমাদের সামনে যে তথ্য দেওয়া হয়েছে সেই তথ্যের মধ্যে দিয়ে আমরা দেখছি যে, ইতিহাসকে বিকৃত করা হয়েছে। আমাদের সামনে যে তথ্য দেওয়া হয়েছে, সেই তথ্যে বলা হয়েছে যে, প্রোটো-হিস্টরিক পিরিয়ডের একটা নিদর্শন হরাপ্পার সভ্যতার একটা নিদর্শন এই পান্ডুরাজার ঢিপির মধ্যে থেকে পাওয়া গিয়েছে। এর মধ্যে দিয়ে বলা হয়েছে যে, তাম্র-প্রস্তর যুগের নিদর্শন এই পান্ডুরাজার ঢিপির মধ্যে থেকে পাওয়া গিয়েছে এবং তার একটামাত্র কারণ হচ্ছে সেখানে কিছু পটারীজ পেয়েছেন তার ডিজাইনের উপর ভিত্তি করে এই যে নিদর্শন তাঁরা প্রতিষ্ঠা করবার চেষ্টা করেছেন, আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে, সেই সমস্ত জিনিসগুলি যা পাওয়া গিয়েছে সেগুলিকে রেডিও কার্বন টেস্ট করে তার এজ কি আপনারা ঠিক করেছেন, যার উপর দায়িত্ব সেই আরকিওলজিক্যাল ডিপার্ট-মেন্টের ভদ্রলোক পরেশ দাশগুপ্ত—তাঁর দায়িত্ব এটা নয়, তাঁর দায়িত্ব হচ্ছে সব জিনিস জোগাড় করা এবং এই সমস্ত প্রত্নতত্ত্ব জোগাড় করে এক্সপার্টের ওপিনিয়ন নেওয়া। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, যেসমস্ত তথ্য সংগৃহীত করা হয়েছে এগুলির এজ ভেরিফিকেশন করবার জন্য কোন এক্সপার্ট ওপিনিয়ন নেওয়া হয়েছিল কি? আমি জিজ্ঞাসা করতে চাই যে, এস আর সরস্বতী বলে যে ভদ্রলোক আছেন যিনি প্রত্নতত্ত্ব সম্বন্ধে গভীর পান্ডিত্য রাখেন তাঁর কোন পরামর্শ নেওয়া হয়েছে কি? এবং মিস্টার দেশপান্ডে যিনি আমাদের এখানকার ইস্টার্ন সার্কেলের আরকিওলজিকাল ডিপার্টমেন্টের সুপারিন্টেন্ডেন্ট, যদিও তিনি এখন অজন্তায় আছেন, তাঁর ওপিনিয়ন নেওয়া হয়েছে কি? আমি বলতে পারি যদি তাঁদের ওপিনিয়ন নেওয়া হত তা হলে আপনারা যে কথা বলছেন যে, হরপ্পা সভ্যতা খৃঃ পূঃ ১৫ শতকের আগেকার সভ্যতার নিদর্শন নয়, আমি আপনাদের কাছে দেখাতে পারি আমার কাছে কিছু নিদর্শন এবং কাগজপত্র আছে যার মধ্যে দিয়ে আমি অন্তত এই কথা রাখতে পারি এবং আমি এক্সপার্টের সঙ্গে আলোচনাও করেছি, আমি বলতে পারি যদি তাদের ওপিনিয়ন নেন তা হলে দেখবেন যে, আজকে যেকথা বলেছেন হরপ্পা সভ্যতা খৃস্টপূর্ব ১৫০০ শতাব্দীর পূর্বের নয়, সে কথা ঠিক নয়; ১৫০০ শতাব্দীর আগের সভ্যতার নিদর্শন

[2-20—2-30 p.m.]

রয়েছে। আমি আপনার কাছে দেখাতে পারি, কারণ আমার কাছে এই সমস্ত নিদর্শনের কাগজ-পত্র আছে যার মধ্য দিয়ে এই কথা রাখতে পারি এবং আমি এক্সপার্টদের সাথে এখানে ওখানে আলোচনা করেছি এবং এই বিষয়ে আমার কিছু পড়াশোনা আছে, আমি এই সমস্ত থেকে দেখাতে পারি যে, এই পান্ডুরাজার ঢিপির মধ্য দিয়ে গুপ্ত সভ্যতর নিদর্শনকে বাংলাদেশের মধ্যে ফুটিয়ে তুলতে পারি ও একটা ইতিহাসের সত্য ঘটনাকে যদি এইভাবে অসত্য এবং বিকৃত করা হয় তা হলে বাংলাদেশের মানুষ স্বভাবতই তা রুখবার চেষ্টা করবেন এবং ইতিহাস কোনদিনই মিথ্যা হবে না। পরেশ দাসগুপ্ত তাঁর নিজের এটা প্রমাণ করবার জন্য কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করবার জন্য যদি এইভাবে ভুল তথ্য দিয়ে সংস্কৃতিকে, সাহিত্যকে বা সভ্যতাকে যদি ভুলভাবে রাখবার চেষ্টা করেন, বাংলাদেশের মানুষ তা কোনদিন সহ্য করবে না। আমি আপনাকে দেখাতে পারি যে, পান্ডুরাজার ঢিপি এটা হচ্ছে একটা ভুল কথা। কারণ পান্ডু রাজা বলে কোন রাজা সেখানে ছিল না। সেই যে রাজার ঢিপি অজয় নদীর তীরে বেরিয়েছে সে ঢিপি হচ্ছে পান্ডুগ্রামের পাশে যাকে নাকি সেই গ্রামের লোক বলতো পান্ডুগ্রাম। সেই পান্ডুগ্রামের কাছে রাজার ঢিপি আবিষ্কৃত হয়েছে এবং সেই রাজার ঢিপি থেকে যে সমস্ত প্রত্নতত্ত্ব বেরিয়েছে তা থেকে বোঝা যায় যে পান্ডুরাজা বলে কোন রাজা ছিল না। শুধু তার পাশে বারাসাতের ডাঙ্গা বলে একটা জায়গা ছিল এবং সেখানেও অবিকল পান্ডুরাজার এই রকম একটা ঢিপি আছে। আজ পর্যন্ত সরকারের তরফ থেকে এইসব বিষয়ে অনুসন্ধানের কোন ব্যবস্থা করা হয় নি। সেই বারাসাতের ডাঙ্গার ঢিপি থেকে যেসব প্রত্নতত্ত্ব উদ্ধার করে আনা হয়েছে তাতে জৈন সভ্যতার নিদর্শন আছে বলে মনে করি। এই সম্পর্কে খনন কাজ বা কোন প্রকার চেষ্টা সরকারের পক্ষ থেকে করা হয় নি। আমি আজ আপনাদের সামনে দেখাতে পারি এই পান্ডুরাজার ঢিপির কাছে রানি চন্ডী বলে একটা জায়গা আছে সেই চন্ডী মূর্তি বা সেই পান্ডুরাজার ঢিপি থেকে যে সমস্ত মূর্তি পাওয়া গেছে তা থেকে এইটেই প্রমাণিত হয় যে পান্ডুরাজার ঢিপি থেকে যে সভ্যতার নিদর্শন পাওয়া গেছে তা হোল ফোর্থ টু সেভেন

সেঞ্চুরির মধ্যে—১৫০০ বি সি নয়। এই সময়ের মধ্যে যে সভ্যতার নিদর্শন পাওয়া গেছে তার কয়েকটা জিনিস আমি সংগ্রহ করেছি—সেখানে দেখা গেছে বিষ্ণুর মূর্তি আছে। আমি এ বিষয়ে হুগলি মহসিন কলেজের অধ্যক্ষ চন্ডিকা ব্যানার্জির সাহায্য এবং সহযোগিতা পেয়েছি। এই সব দেবদেবীর মূর্তি বিভিন্ন জায়গায় দেখেছি। আমি মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করতে চাই যে বঙ্গীয় সাহিত্য পরিষদের একটা অমূল্য জিনিস সংরক্ষিত আছে যা ১৯১৪ সালের। যতীন্দ্রমোহন বলে এক ভদ্রলোক ও সুরেন্দ্রমোহন বলে আর এক ভদ্রলোক ১৯১৪ সালে পান্ডুরাজার ঢিপির কাছ থেকে একটা গোল্ড কয়েন সংগ্রহ করেছিলেন সেই গোল্ড কয়েন বঙ্গীয় সাহিত্য পরিষদে ১৩২ নং আইটেম-এ দেখবেন। সেখানে ২৪ নং যে সিরিয়াল আইটেম আছে সেখানে গোল্ড কয়েন সংরক্ষিত আছে, সেই গোল্ড কয়েনের যে ইতিহাস তাতে আমরা দেখি নরসিংহ গুপ্ত বালাদীপ্তের সময়ের। পান্ডুরাজার ঢিপির সেই ইতিহাস গোল্ড কয়েনের। আপনারা কোন রকম পাত্তা দেন নি, পরেশ দাশগুপ্ত অবশ্য দৃষ্টি আকর্ষণ করেছেন বিভিন্ন মনীষীর, এটা আপনারা প্রোটো-হিস্টোরিক পিরিয়ড বলে চালাবার চেষ্টা করেছেন, কিন্তু আমি এর তীব্র চ্যালেঞ্জ রেখে যাচ্ছি, যদি আপনারা এক্সপার্টের ওপিনিয়ন নেন এবং যদি এ সমস্ত তথ্য দেখেন তাহলে দেখবেন এটা প্রোটো-হিস্টোরিক পিরিয়ড নয়, এটা ফোর্থ টু সেভেনথ সেঞ্চুরির মধ্যে আছে। আর একটা জিনিস দেখাতে চাই সেটা হল একটা ফুলের মূর্তি এবং এটা আমি পান্ডুরাজার ঢিপির কাছ থেকে সংগ্রহ করেছি, এই ফুলের মূর্তির মধ্যে দেখা যাবে সুন্দর ফুলের কারুকার্য। এটা হরপ্পা সভ্যতার সময় ছিল না; এরূপ ফুলের কারুকার্য আমরা একমাত্র ফোর্থ সেঞ্চুরি টু সেভেনথ সেঞ্চুরির মধ্যেই দেখেছি। কাজে কাজেই মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করবো, পূর্ত বিভাগের যখন আপনি দায়িত্ব গ্রহণ করেছেন, বাংলাদেশের সভ্যতার নিদর্শন রক্ষা করবার জন্য, বাংলাদেশের অতীতের পুরাতন উজ্জ্বল একটা ইতিহাসকে আজ যদি বিকৃত করা হয়, তা হলে সেটা দুঃখেরও হবে, বেদনারও হবে। সেজনাই আজকে এক্সপার্টের ওপিনিয়ন নিতে হবে, সমস্ত জিনিসটা বেশ করে তার এজ বিচার করতে হবে, শুধুমাত্র ডিজাইন আছে স্ট্রেইন লাইন আছে, তার মধ্যে দিয়ে ক্যালকোলিথিক এজের সিভিলাইজেশন বিচার করতে পারি না, তার মধ্যে দিয়ে প্রোটো-হিস্টোরিক পিরিয়ডের সিভিলাইজেশন ডিটারমিন করতে পারি না, কাজে কাজেই আমার নিবেদন হচ্ছে, আজকে যে পান্ডুরাজার ঢিপি যা খননকাজে হাত দিয়েছেন সেটা অত্যন্ত ভাল কথাই। কিন্তু সেকালের মধ্যে দিয়ে সত্যকে উদ্ঘাটন করুন, বাংলাদেশের যে গুপ্তযুগের বা যে সময়কার যে নিদর্শন আমাদের দেশে বিদ্যমান ছিল তার একটি উজ্জ্বল চিত্র তুলে ধরুন। ইতিহাসকে বিকৃত করবার চেষ্টা করবেন না।

Hon'ble Khagendra Nath Das Gupta:

মাননীয় স্পীকার, স্যার, বিতর্কের অবতারণা করে শ্রীতরুণ সেনগুপ্ত মহাশয় আমাদের বিভাগের কর্মপরিচালনার অনেক সমালোচনা করেছেন। তিনি বলেছেন যে, ১ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় এবং ২য় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমাদের যত টাকা পেয়েছিলাম তা ব্যয় করতে পারি নি; আমরা অসমর্থ হয়েছি। কিন্তু আমি আপনাদের সামনে যে তথ্য পরিবেশন করছি তাতে বুঝতে পারবেন আমরা কতদূর এগিয়েছি। প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ১৩ কোটি ৮৫ হাজার টাকা বরাদ্দ হয়েছিল। ঠিক ১৩ কোটি ৮৫ হাজার টাকার মত রাস্তা আমরা ধরেছিলাম। প্রথমবারে ঐ টাকার ভিতর ১২ কোটি ১২ লক্ষ টাকা খরচ করতে সমর্থ হই। এটা শতকরা ৮৮ ভাগ হয় প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায়। প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় রাস্তা নেবার সাথে সাথে প্রতিটি জায়গায় জমি অ্যাকুইজিশনের প্রয়োজন হয়ে পড়ে এতে রাস্তা ধরে অ্যাকুইজিশনএর কস্ট ধরা থাকে। প্রথম পরিকল্পনাকালের পাঁচ বৎসর আমাদের তা দেওয়া সম্ভব হয় নি। পরে অ্যাকুইজিশন কস্ট দেওয়া হয়েছে। সমস্ত রাস্তার কাজ ধরে শেষ করতে পারি নি একথা সত্য। এত অল্প সময়ের মধ্যে রাস্তার কাজ সম্পূর্ণ হতে পারে না। প্রথম পরিকল্পনায় এজন্য যে ৮৮ ভাগ অর্থ আমরা খরচ করতে পেরেছি এটাই আমাদের পক্ষে গৌরবের কথা। এজন্য বলছি যে, অন্য কোন বিভাগ এইভাবে এত টাকা খরচ

করতে পারি নি। দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমাদের ১৭ কোটি ৪৮ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল বটে, কিন্তু দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা পরে রিভাইজ্‌ড হয় এবং সে পরিকল্পনায় আমরা রাস্তার খাতে পেয়েছিলাম ১৪ কোটি ৮০ লক্ষ টাকা। এই ১৪ কোটি ৮০ লক্ষ টাকার মধ্যে ১৪ কোটি ৪০ লক্ষ টাকা ব্যয় করতে সমর্থ হয়েছিলাম অর্থাৎ আমরা শতকরা ৯৭ ভাগ ব্যয় করতে সক্ষম হয়েছিলাম। নিশ্চয়ই আমাদের ইঞ্জিনীয়ারদের এজন্য ধন্যবাদ দিতে পারি যে, দ্বিতীয় পরিকল্পনাকে তাঁরা এভাবে সাফল্যমণ্ডিত করতে পেরেছেন। ১৪ কোটি ৮০ লক্ষর মধ্যে ১৪ কোটি ৪০ লক্ষ—যা শতকরা ৯৭ ভাগ—যখন খরচ করেছেন তখন । নিশ্চয়ই প্রশংসার যোগ্য। দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় মন্তেশ্বর থানার সম্বন্ধে অনুযোগ করেছেন যে বর্ধমান জেলায় মন্তেশ্বর থানায় আমরা কোন রাস্তা নিই নি। আমি তাঁকে শোনাচ্ছি—মন্তেশ্বর থানায় যতগুলো রাস্তা নিয়েছি—প্রথম পরিকল্পনায় মন্তেশ্বর-মেমারী রাস্তা, দ্বিতীয় পরিকল্পনায়—কুসুমগ্রাম-নাদনঘাটা রাস্তা ভায়া মন্তেশ্বর, গাইঘাটা রাস্তা, কুসুমগ্রাম-মির্জাপুর রাস্তা ভায়া কুলাগ্রাম, তৃতীয় পরিকল্পনায় মন্তেশ্বর-নাসিগ্রাম ভাতার এই সব কয়টি রাস্তাই মন্তেশ্বর থানায়, আবার বীরভূমে তারাপীঠ থেকে তারাপীঠ কোটাপুরের রাস্তার কথা তুলেছিলেন। এ রাস্তাও দ্বিতীয় পরিকল্পনায় গ্রহণ করা হয়েছিল এবং সেসব রাস্তা এগুলিই তার মধ্যে। তৃতীয় পরিকল্পনাকালে দ্বারকা নদীর উপর সেতু নির্মিত হচ্ছে। তিনি অভিযোগ করেছেন যে, আমরা থানা হিসাবে রাস্তা নিচ্ছি না অনেক রাস্তা বাদ পড়ে গেছে। আমার যতদূর স্মরণ আছে কোন থানায় রাস্তা বাদ পড়েছে বলে মনে হয় না।

[2-30—2-40 p.m.]

সাধারণত যে রাস্তার পরিকল্পনা গ্রহণ করি, এটি জেলা বেসিসে। পশ্চিম বাংলাকে সামগ্রিক-ভাবে ধরেও এবং জেলা বেসিস করে আমরা পরিকল্পনা রচনা করি। থানা বা ইউনিয়ন বোর্ডে কোনখানে কিভাবে রাস্তা হল- এভাবে রাস্তার পরিকল্পনা হয় না। প্রতিটি জেলায় একটি করে ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল আছে এবং তার উপর ভিত্তি করে আমরা আমাদের রাস্তার পরিকল্পনা রচনা করি। প্রতিটি বর্ধিষ্ণু গ্রামের প্রতি ৫ মাইলের মধ্যে আমাদের রাস্তা যাচ্ছে এবং আমরা যে পরিকল্পনা নিয়েছি তা অনেক বিবেচনার পর এবং এর ভেতর কোন দলীয় রাজনীতি থাকতে পারে না। কোন কনস্টিটিউয়েন্সিকে বড় করি নি কোন দলীয় রাজনীতির স্বার্থ এখানে আসতে পারে না। প্রতিটি সদস্যের কনস্টিটিউয়েন্সিতে রাস্তা হয়েছে একথা বললে অসত্য ভাষণ হবে যে, আমরা দলীয় রাজনীতিতে প্রভাবান্বিত হচ্ছি। মাননীয় সদস্য মহাশয় বলেছেন আমরা কয়লা সরবরাহ করবার জন্য রাস্তা করছি এবং পুঁজি-পতিদের সুবিধার জন্য। কয়লা যদি আমাদের দেশের ঘরে ঘরে এসে পৌঁছায় তাতে শুধু পুঁজিপতিরাই লাভবান হবেন না এতে সাধারণ লোকেরই সুবিধা হবে। আজ কয়লা পুঁজি-পতিদের পাওয়ার অসুবিধা হয় না। সাধারণ লোকের পক্ষেই অসুবিধা হয়। আজ যদি কয়লাখনি অঞ্চলে রাস্তাঘাটের উন্নয়নের ফলে আমাদের পশ্চিম বাংলায় সর্বত্র কয়লা সরবরাহ করা সম্ভব হয়—সেখানে পুঁজিপতিরা শুধু নয়, সকলেই তাতে উপকৃত হবেন। শ্রীসুনীল দাসগুপ্ত মহাশয় অনেক কিছু আক্রমণ করেছেন—তিনি দুর্নীতিপরায়ণ কর্মচারী দেখেন—কিন্তু কোন্ কর্মচারী দুর্নীতিপরায়ণ দেখেছেন সে তথ্য তিনি দেন নি। দু-একটি কথা বলেছেন যে, আমরা যে রাস্তা করছি ন্যাশনাল হাইওয়ে নং ৩১—আমরা এস্টিমেট তৈরি করেছি দেড় গুণ টাকার উপরে। কিন্তু আমি এ সম্পর্কে খোঁজ নিয়েছিলাম আমাদের ওখানে সিডিউল প্রচলিত আছে, তার উপরই এস্টিমেট তৈরি হয়েছে। তা ছাড়া আর একটা হয়ত সুনীলবাবু কার কাছ থেকে খবর পেয়েছেন জানি না, তাঁর হয়ত জানা নেই যে দূর থেকে যদি পাথর আনতে হয় তারও একটা রেট আছে সেই রেট যোগ করে আমাদের যেখান থেকে পাথর আনতে হচ্ছে সেই রেট যোগ দেওয়া হয়। এই এস্টিমেটগুলো ভারত-সরকারের মঞ্জুরির উপর নির্ভর করে—ভারত সরকারের কনসাল্টিং ইঞ্জিনীয়ার ঘন ঘন এসে দেখে যাচ্ছে যেসকল পাথর রাস্তার ধারে জমা আছে—আমাদের সুনীলবাবু নিজে ইঞ্জিনীয়ার নন, তিনি জানেন না যে কোন্ পাথর দিয়ে কি হয়। হয়তো কার কাছে কি শুনে এখানে এসে অনেক কথা বলেছেন। আমি নিজে কিছুদিন আগে দেখেছি এবং সেখানে যে রাস্তা যার উপযোগী সেই পাথরই সেখানে সংগৃহীত

হয়েছে। আমি এটি বিশেষ জোর দিয়ে বলতে পারি এবং আমি শুধু নই—আমি নিজে ইঞ্জিনীয়ার নই—দিল্লী থেকে ইঞ্জিনীয়ার আসছে এবং একবার নয়, বহুবার তারা আসছে রাস্তার ধারে পাথর পড়ে আছে তাঁরা দেখছেন সেইসব রাস্তার কাজ এবং যেখানে যে ভাব নিয়ে রাস্তা তৈরির প্রস্তাব হয়েছে সেই অনুসারেই রাস্তা তৈরি হচ্ছে। তিনি বলেছেন যে, ৬৫ হাজার টাকা ব্যয়ে মন্দিমহল তৈরি হয়েছে। আমাদের ওখানে বহু কর্মচারী নিযুক্ত করতে হয়েছে জরুরি কার্যের জন্য সেজন্য সাময়িকভাবে তাদের কিছু গৃহনির্মাণ করে দিতে হয়েছে এবং যে এস্টিমেট করা হয়েছে এবং যেভাবে ঘর তৈরি হয়েছে তাতে এর ভেতরে কোন অন্যায় কিছু করা হয় নি। টেন্ডার ডাকা ছাড়া কোন কাজ সেখানে নেওয়া হয় নি। তোর্সার উপর সেতুর কথা তিনি তুলেছেন—আমরা সেখানে টেন্ডার কল করার ব্যাপারে নাকি অন্যায় করেছি ইত্যাদি। তোরসা নদীর সেতু নির্মাণ ব্যাপারে ভারত-সরকার নিজে এগিয়ে এসেছিলেন এবং ভারত-সরকারের সঙ্গে পরামর্শ মত বর্তমান কন্ট্রাক্টর নিযুক্ত হয়েছে।

(শ্রীসুনীল দাসগুপ্তঃ টেন্ডার ডাকা হয় নি কেন?)

এটা ভারত-সরকারের মত অনুসারেই করা হয়েছে—যাকে কাজ দেওয়া হয়েছে তাকে ভারতের মধ্যে সবচেয়ে বড় কন্ট্রাক্টর বললে অত্যুক্তি হয় না।

তোরসা নদীর সেতু নির্মাণের ব্যাপারে ভারত-সরকার নিজে এগিয়ে এসেছেন এবং ভারত-সরকারের সঙ্গে পরামর্শ করে ভারত সরকারের পরামর্শমত বর্তমান কনট্রাক্টর নিযুক্ত হয়েছে। বর্তমান কনট্রাক্টরস যাঁরা তোরসার সেতুকে নির্মাণের ভার নিয়েছেন, তাঁদের ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বড় কন্ট্রাক্টর বললেও অত্যুক্তি হয় না। কিছুদিন পূর্বে এঁরাই ব্রহ্মপুত্র নদের উপর অল্প সময়ের মধ্যে সেতু নির্মাণ করে এসেছেন। ভারত-সরকার এঁদের নিযুক্ত করতে চেয়েছিলেন এইজন্য যে তোরসা নদীর উপর অতি দ্রুত সেতুটির কাজ সম্পন্ন হতে পারবে। আগের ডিসেম্বর মাসে এই কোম্পানী তোরসা নদীর উপর সেতুটি নির্মাণ করে দিয়েছে, যা ভারতবর্ষের মধ্যে হয় নাই—এত অল্প সময়ের মধ্যে এই কাজ সম্পন্ন হয়েছে।

(শ্রীসুনীল দাসগুপ্তঃ তার জন্য তো ৫ লক্ষ টাকা বেশি দিতে হয়েছিল।)

নিশ্চয়ই। জরুরি প্রয়োজনে ৫ লক্ষ টাকা বেশি দিয়ে এত বড় একটা সেতু এক বৎসরের মধ্যে নির্মাণ করতে আমরা সক্ষম হয়েছি। এতে অন্যায় কিছু হয় না। জরুরি প্রয়োজনে ভারত-সরকার এই পাঁচ লক্ষ টাকাকে অনেক বেশি অর্থ মনে করেন নাই। এটা আমাদের কিছু নয়। ভারত-সরকারের অনুমোদনক্রমে, পরামর্শক্রমে এই কাজ হচ্ছে।

আর একটা কথা তিনি তুলেছেন, মণি সরকার—তাঁকে আমি চিনি। তাঁকে আমি কোথায় কি কাজ দিয়েছি বলেছেন। মণি সরকার, কন্ট্রাক্টর, জলপাইগুড়ি শহরে বাস করেন। সেই হিসেবে আমি জানি তাঁকে। কোন কনট্রাক্টরকে কোন কাজ দেবার ভারও আমার নয় এবং সে অধিকারও আমার নাই। আমার সঙ্গে পরামর্শক্রমে কোন কনট্রাক্টরকে কাজ দেওয়া হয় না। প্রতিটা কাজ দেবার জন্য টেন্ডার কল করা হয়। যিনি সর্বনিম্ন রেট দিতে পারেন, তাঁকেই কাজ দেওয়া হয়। মণি সরকার কোথাও কোন কাজ পেয়েছেন কিনা তা আমি জানি না। যদি পেয়ে থাকেন, তা হলে নিশ্চয়ই তা সর্বনিম্ন রেট দিয়ে পেয়েছেন। এর জন্য তাঁর আমাকে কোন কিছু দেবার কারণ থাকতে পারে বলে আমি জানি না। আমাকে তিনি কখনও কিছু দেন নাই। তাঁর কাছ থেকে আমি কখনও কোন উপকারও পাই নি। তিনি নিজে যেমন তেমনি অন্যকেও মনে করেন। তা নইলে এই রকম কথা বলতে পারতেন না। তিনি আমাকে অ্যাম্বাসাডার কার বা অন্য কার দিয়েছেন বা আমার জামাইকে দিয়েছেন এটা কখনও সত্য নয়।

(এ ভয়েসঃ দামও বলছি—বাইশ হাজার টাকা।)

তারপর যে মাদারিহাট রাস্তার কথাটা তুলেছেন, সেই মাদারিহাট-জয়গাছা রাস্তার পরিকল্পনা আমরা ড্রপ করে দিয়েছি একথা সত্য নয়। আমরা দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে সেটা

গ্রহণ করেছিলাম; কিন্তু জরুরি প্রয়োজনে বর্তমানে ভারত-সরকার এই রাস্তাকে জাতীয় সড়করূপে পরিণত করতে বাসনা প্রকাশ করায় এই রাস্তাটির জন্য নতুন করে এস্টিমেট তৈরী করে জাতীয় সড়ক হিসেবে এটা তৈরী করবার ব্যবস্থা হচ্ছে।

[এ ভয়েসঃ কতদিনে হবে?]

তাড়াতাড়ি হবে। মাদারীহাটের দুটো রাস্তাই ভারত সরকার কর্তৃক জাতীয় সড়কের অন্তর্ভুক্ত হয়েছে। আমরা যেভাবে এটা করতে চেয়েছিলাম, সেটা বদল করতে হচ্ছে বলে কিছুটা বিলম্ব হচ্ছে। শীঘ্রই কাজ আরম্ভ হবে।

তারপর আব্দুল বারি মোক্তার সাহেব জলপাইগুড়ি শহরে কয়েকটি পুলের কথা তুলেছেন। সেই পুলগুলি তৈরী করা আমাদের মিউনিসিপ্যালিটির কাজ। ওর মধ্যে তিনি সাসপেন্সান ব্রিজ-এর কথাও তুলেছেন। এটা মিউনিসিপ্যালিটির ব্রিজ, মিউনিসিপ্যালিটি অক্ষমতা প্রকাশ করায় পশ্চিমবঙ্গ সরকার তার নির্মাণের দায়িত্ব নিয়েছেন এবং সেতুটি নির্মাণ করা হচ্ছে। এই বর্ষার পূর্বে তার কাজ শেষ হয়ে যাবে।

তারপর ফরাক্কা প্রজেক্ট দেরীর কথা তুলেছেন। ধুলিয়ান থেকে ফরাক্কা পর্যন্ত আগে কোন রাস্তা ছিল না। হঠাৎ জরুরী প্রয়োজনে চীন যখন ভারতবর্ষ আক্রমণ করে সেই সময় ঐ নদী দিয়ে প্রচুর মালপত্র প্রেরণ করা প্রয়োজন হয়েছিল, তখন ফরাক্কা ফেরিটী সরিয়ে নেওয়া হয়। সামান্য চেষ্টায় ফেরিটী তাড়াতাড়ি চলাচলের ব্যবস্থা হওয়ায় ঐ রাস্তাটা নির্মাণ করা প্রয়োজন হয়ে পড়ে।

[2-40—2-50 p.m.]

এবং সেখানে একটা কাঠের পুলের প্রয়োজন হয়ে পড়ে। এই পুলটি তাড়াতাড়ি সামান্য কয়েক দিনের মধ্যে তৈরী করে দেবার জন্য কলকাতা থেকে কাঠ ইত্যাদি নিয়ে যাবার জন্য খরচ একটু বেশী পড়ে। আমাদের সাধারণ যে রেট তার চেয়ে কিছু বেশী খরচ হয়, এতে এমন কিছু অন্যায় হয় নি।

মাননীয় রাধাকৃষ্ণ সিংহ মহাশয় রাস্তা নির্মাণ সম্পর্কে দলীয় প্রশ্নের কথা তুলেছিলেন, আমি তার উত্তর আগেই দিয়েছি।

মাননীয় স্পীকার মহাশয়, গত বছর এই বিভাগের ব্যয়বরাদ্দ বিধানসভায় উত্থাপন করার সময় মাননীয় শৈলবাবু নাটকীয় ভঙ্গিতে তার বিশাল শরীর সঞ্চালিত করে আবেগ কম্পিত ভাষায় যে বক্তৃতা করেছিলেন তাতে আশা করেছিলাম এবার তিনি এই দপ্তরে একটা বৈপ্লবিক পরিবর্তন আনবেন এবং তফসিলী এবং উপজাতীয়দের উন্নতির পথ প্রশস্ত করবেন। কিন্তু এবারে তাঁর বক্তৃতায় সেই আবেগকম্পিত ভাষা আমরা শুনতে পেলাম না, হতাশার সুরই এবারকার তাঁর বক্তৃতায় ধ্বনিত হয়েছে। তিনি নিজে স্বীকার করেছেন যে আপৎকালীন অবস্থার জন্য এই বিভাগের ব্যয়সংকোচ করা হয়েছে, যদিও সংবিধান থেকে আরম্ভ করে সরকারের বিভিন্ন রিপোর্টে তফসিলী ও উপজাতীয়দের উন্নতির প্রচেষ্টাকে অগ্রাধিকার দেবার কথা বলা হয়েছে। কিন্তু এমনই অগ্রাধিকার আমাদের বাংলাদেশের সরকার দিচ্ছেন যে, তাঁরা এই বিভাগের ব্যয়বরাদ্দ কার্টেল করলেন। মাননীয় সদস্য মনসুর হবিব সাহেব বলেছেন সংবিধানের ৪৭ ধারায় বলা হয়েছে যে, এদের বর্তমান দুরবস্থা ও শোষণ ও সাংস্কৃতিক বিপর্যয় থেকে রক্ষা করবার জন্য স্পেশাল কেয়ার নেওয়া হবে। এমনি স্পেশাল কেয়ার এ'রা নিয়েছেন যে, যতটুকু খবর আমরা জানি, আজকে এমনি অবস্থা দাঁড়িয়েছে যে, এই 'উপ' কথাটি বাদ দিয়ে তার জায়গায় অন্য কিছু শব্দ প্রয়োগ করতে হবে এবং আজকে এই উপ-জাতীয়রা অপজাতিতে পরিণত হতে চলেছে, এই বিষয়ে আমি অন্ততঃ নিঃসন্দেহ। আজকে ভূমি ব্যবস্থার যে জটিলতার কথা মনসুর হবিব

সাহেব বলেছেন তাঁর কথা পুনরাবৃত্তি করে আমি বলতে চাই. আজকে ভূমি ব্যবস্থার এই জটিলতার দরুন এবং ভূমি থেকে উচ্ছেদ হওয়ার ফলে উপজাতি সম্প্রদায় ধ্বংসের মুখে পড়েছে। তাদের রক্ষা করবার ব্যবস্থা সংবিধানে রয়েছে, সংবিধানে ফিফথ সিডিউলে খুব পরিষ্কারভাবে তাদের রক্ষা করবার ব্যবস্থা সংবিধানে রয়েছে, সংবিধানে ফিফথ সিডিউল-এ খুব পরিষ্কারভাবে বলা হয়েছে যে, ভূমি থেকে যখন উপ-জাতীয়রা উৎখাত হবে বা এইরকম কোন বিপর্যয়ের মুখে পড়বে, তখন গভর্নর ইচ্ছা করলে রেগুলেশান বা আইন করতে পারেন এবং প্রেসিডেন্টের সম্মতি নিয়ে সেটা সঙ্গে সঙ্গে চালু করতে পারেন। খুবই লজ্জার কথা, স্বাধীনতা প্রাপ্তির ১৫ বৎসর পরেও ফিফথ্ সিডিউল অনুযায়ী একটা রেগুলেশান বাংলাদেশে হয় নি। আসামে ফিফথ সিডিউল চালু হয়েছে, তার ফলে আসামের উপজাতীয় গত ১৫ বৎসরের মধ্যে এতটা এগিয়ে গিয়েছে যে বিশ্বাস হয় না। ১৫ বৎসর আগে আমি আসামে গিয়েছিলাম, তখন আমি সেখানকার উপজাতীয়দের যে অবস্থা দেখেছিলাম তার থেকে আজ সেখানকার খাসিয়া, জয়ন্তিয়াদের মধ্যে একটা অদ্ভুত পরিবর্তন সংঘটিত হয়েছে। গত বছর এখানে যে ট্রাইবাল ওয়েলফেয়ার অ্যাডভাইসরী বোর্ড তৈরি হয়েছে সংবিধান অনুযায়ী, আমি তার সদস্য ছিলাম, এবং তার এক সভায় আমরা একটা সিদ্ধান্ত নিয়েছিলাম যে, এই অধিবেশনে আমরা যে রিজলিউশন পাস করলাম তার একটা কপি সমস্ত মাননীয় সদস্যদের কাছে পাঠান হবে। মাননীয় শৈলবাবু এই প্রতিশ্রুতি দিয়েছিলেন এই ব্যবস্থা করা হবে। কিন্তু আজ নয় মাস পরেও আমরা সেই রেজলিউশন এর কপি আমরা পাই নি। সেই অধিবেশনে মাননীয় সদস্য নিমাই মুর্মু একটা কথা বলেছিলেন যে, উপজাতীয়রা ইংরেজী ভাষা বুঝবে না, সুতরাং বাংলাভাষায় প্রস্তাব পাঠান উচিৎ হবে। আমরা আশা করেছিলাম বাংলাভাষায় এই প্রস্তাব আসবে, কিন্তু আজ পর্যন্ত আসেনি। সুতরাং এখানেও একটু নেগলিজেন্স রয়েছে। পার্লামেন্টের বিভিন্ন আলোচনায় আমরা দেখেছি যে, উপজাতীয়দের উন্নতির জন্য, নীচের তলার মানুষদের যাতে করে উপরতলার মানুষের সমপর্যায়ে নিয়ে আসতে পারা যায় তার জন্য বিভিন্ন রাজ্যে একজন করে মন্ত্রী নিয়োগ করা হবে এবং সেই মন্ত্রীর অন্য কোন দপ্তর থাকবে না। আমাদের এখানেও বহু সদস্য তাঁদের বক্তৃতায় বলেছেন বাংলাদেশে ট্রাইবাল ওয়েলফেয়ার দপ্তরকে একটা ভিন্ন দপ্তর করা হবে এবং তার জন্য একজন মন্ত্রী নিয়োগ করা হোক, যার অন্য কোন কাজ থাকবে না। গত বছরও সেই কথা আমরা বলেছিলাম। আমাদের বাংলাদেশে মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী, উপমন্ত্রী মিলে তিন ডজন মন্ত্রী রয়েছেন, তার মধ্যে একজনকে বিশেষভাবে উপজাতি দপ্তরের ভার দেওয়া যেত। এই বিষয়েও কিছুটা নেগলিজেন্স রয়েছে।

আরেকটা বিষয় আমি এখানে উল্লেখ করতে চাই, সেটা হচ্ছে, ভূমির ব্যাপার যেটা আমি আগেই বলেছি এই উপজাতীয়দের উপর শুধু যে মানি লেন্ডারদের অত্যাচার হয়েছে তা নয়, নানা ধরনের অত্যাচার হয়েছে, এই সরকার তাদের উৎখাত করেছেন। মাননীয় স্পীকার মহাশয়, জলসেচের জন্য যত কিছু বড় বড় প্রজেক্ট সরকার করেছেন, কংসাবতী প্রজেক্ট, রূপনারায়ণ প্রজেক্ট, চিত্তরঞ্জন প্রজেক্ট, ময়ূরাক্ষী প্রজেক্ট, অন্যান্য জলসেচের প্রজেক্‌ট, ইত্যাদি অধিকাংশই উপজাতি অধ্যুষিত এলেকায় হয়েছে এবং উপজাতীয়দের ভূমি থেকে উচ্ছেদ করার পর এই প্রজেক্টগুলি রূপায়িত হয়েছে। ডেবর কমিশন কংসাবতী প্রজেক্ট সম্পর্কে একটা খসড়া রিপোর্টে বলেছেন যে, সেখানে ৪৮ হাজার লোক সামগ্রিকভাবে উৎখাত হয়েছে, এবং তার মধ্যে অধিকাংশই উপজাতি। বার বার সেখানে দাবি উঠান হয়েছে জমির পরিবর্তে জমি দেওয়া হোক। নীতিগতভাবে এই পলিসি সরকার গ্রহণ করলেও একটা ক্ষেত্রেও সেটা চালু করা হয় নি, টাকা দেওয়া হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি একজন উপজাতির লোক, আমি আপনাকে বলতে পারি উপজাতিরা টাকা চেনে না। তারা টাকাপয়সা অনায়াসে উড়িয়ে দিতে পারে। আমি দৃঢ়তার সঙ্গে বলতে পারি উপজাতি সম্প্রদায়ের মত, বিশেষ করে সাঁওতাল সম্প্রদায়ের মত পেন স্টেকিং জাতি খুব কম আছে, তারা ২-৪ দিন না খেয়ে কাটিয়ে দিতে পারে। তাদের জীবনের স্ফূরণ এখনো বেঁচে আছে। এই উপজাতীয়দের যদি রিহ্যাবিলিটেশান দেওয়া না হয়, তা হলে তারা শেষ হয়ে যাবে এবং আমি আগে যে কথা বলেছি, তারা অপজাতিতে পরিণত হবে। এর পর আমি উপজাতির শিক্ষা সম্পর্কে কিছু বলব—উপজাতিদের উচ্চশিক্ষা সম্পর্কে আমার একটা নির্দিষ্ট অভিযোগ হচ্ছে এই যে, সরকার থেকে যে স্টাইপেন্ড দেওয়া হয় সেটা সময়মত দেওয়া হয় না। এবছর যারা বি এ পরীক্ষা দেবেন বালুরঘাট কলেজে, তাঁদের মধ্যে যাঁরা

ষ্টাইপেন্ড পাবেন তাঁরা আশা নিয়ে বসে আছেন, কিন্তু আজ পর্যন্ত ডি পি আই-এর অফিস থেকে ষ্টাইপেন্ড পাঠান হয় নি, এবং সেখানকার প্রিন্সিপালও কিছু খবর জানেন না। আমরা খবর নিয়ে জেনেছি যে, পাস করা সত্ত্বেও বহু ছাত্রকে রেজাল্ট জানান হয় নি, এবং ডি পি আই থেকে তাড়াতাড়ি এই বিষয়ে কোন সার্কুলার না গেলে তাঁরা পরীক্ষা দিতে পারবেন না। আমি তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাব, শুধু ভাষার ফুলঝুড়ি না করে কার্যের দ্বারা প্রমাণ করুন যে তিনি প্রকৃতই উপজাতিদের মঙ্গলাকাঙ্ক্ষী।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ট্রাইবাল ওয়েলফেয়ার সম্বন্ধে বলতে গেলে প্রথমে কোশ্চেন আসে যে শুধু তাদের সামাজিক উন্নতি করলে ট্রাইবাল ওয়েলফেয়ার হয় না। ট্রাইবাল পিপিল তারা গ্রামের অর্থনীতির বুনিয়াদ তারা, পশ্চিমবাংলার বলরাম। অথচ এই বলরামের যে বিত্তশালী বজ্জদের কাছে জমি হারিয়েছে। স্যার, কনস্টিটিউশন-এর আর্টিকেল ফর্টি সিক্স এ একটা প্রভিশান আছে

shall protect them from social injustice and all forms of exploitation.

আমাদের মন্ত্রীমহাশয় এই স্যালটা বিভিন্নভাবে বরাবরই আমাদের কাছে বলেছেন, আসলে কিন্তু স্যাল কথাটা শাল হয়ে দাঁড়িয়েছে এবং ঐ শাল দিয়ে এক্সপ্লয়েটাররা হতভাগা ট্রাইবালদের এক্সপ্লয়েট করেছে। এই ট্রাইবালদেরকে নিয়ে কিভাবে ছিনিমিনি খেলা হচ্ছে তাদের জমিগুলি কিভাবে গ্রামের দালালরা ইউজ করছে তার একটা হ্যারোয়িং টেল আছে। কিন্তু সেই টেল আপনি রাইটার্স বিল্ডিংস এ বসে জানতে পারবেন না। জানতে হলে গ্রামে যেতে হবে। আমি এর ১-১টা কথা বলছি। মুর্শিদাবাদে জিয়াগঞ্জ থানায় কুসুমখোলা বলে একটা জায়গা আছে। ২০০ ঘর ট্রাইবাল গিয়ে সেখানে ফসল ফলাতে আরম্ভ করল। সঙ্গে সঙ্গে পুলিসের জুলুম তাদের ওপর হল। অথচ এর আগে জোতদাররা গভর্নমেন্ট ল্যান্ড চাষ করছিল পুলিস কিছু বলে নি। এই হচ্ছে ট্রাইবালদের প্রীতি দরদ এবং এ বিষয় সরকার ওঁ বিষ্ণু, ওঁ বিষ্ণু, ওঁ বিষ্ণু, বলে শান্তি পুজোর পুরোহিতের মত সব শেষ করে দিয়ে বিদায় নিতে চাচ্ছেন। কারণ যে পুজো হবে তা দু-পয়সাতেই হয়ে যাবে এবং তাতে ফলাও দেখান হবে। স্যার, একটা কোয়েশ্চেন দেওয়া হয়েছিল, বীরেন রায় মহাশয় তাতে জিজ্ঞাসা করেছিলেন যে কত নন-অফিসিয়াল এজেন্সি ট্রাইবাল এর জন্য কাজ করছে, ওরা কোথায় কোথায়, কিন্তু তাতে দেখা গেল যে অনেক জায়গায় নেই এবং তার মধ্যে মুর্শিদাবাদ জেলার নবগ্রামে সাগরদিঘীর কোন জায়গায় এই নন অফিসিয়াল এজেন্সি নেই। অথচ এই ট্রাইবাল এর জন্য কোন ডিস্ট্রিক্ট-এ কিছু নেই। স্যার, এবার ট্রাইবালদের লেখাপড়া সম্বন্ধে বলছি। রাশিয়ার ইতিহাসে একটা গল্প পড়েছিলাম, তাতে জারের এক মন্ত্রী হুকুম দিয়েছিলেন যে হতভাগারা লেখাপড়া শিখত না, শিখলে ওরা জেনে ফেলবে, ওরা জেনে ফেললে আমাদের সর্বনাশ হবে। জারের সেই মন্ত্রীর মত এঁরা লেখাপড়া ব্যাপারটা মুখে ভনিতা করছেন, অথচ ট্রাইবাল-দের কোন লেখাপড়ার কোন বন্দোবস্ত করছেন না। এর জন্য টাকার দরকার, সেই টাকা দেন না, যার ফলে ছেলেরা সাফার করছে, কেউ পরীক্ষা দিতে পারছে না। অনেকে আসে আমার কাছে, তাদের কাছে পরীক্ষার জন্য টাকা আসে, ওদিকে স্কুল থেকে নাম কেটে দেওয়া হয়। এই হচ্ছে এদের ট্রাইবালদের প্রীতি দরদ। দ্বিতীয় কথা হচ্ছে, ঘরের ব্যাপার। মুর্শিদাবাদ জেলায় ট্রাইবালদের ঘরের ব্যাপারের কথা আমি ম্যাজিস্ট্রেটের কাছে চিঠি লিখে জানিয়েছিলাম, তাতে তিনি বলেছেন যে এইরকম কোন অ্যালটমেন্ট আমার কাছে নেই। অথচ এঁরা বলছেন ট্রাইবাল-দের জন্য অনেক কিছু করছি। ওঁদের হয়ত উদ্দেশ্য ভাল, ওঁদের বড় কথা বলতে ভাল লাগে, কিন্তু আসলে বড় কথাটা অত্যন্ত ছোট হয়ে আমাদের চোখে লাগে। আর একটা কথা আমি ট্রাইবালদের সম্বন্ধে বলব। ব্যাকওয়ার্ড ক্লাস-এর মধ্যে যাদের ধরা হয়েছে, তার মধ্যে মুসলিম মাইনরিটিদেরও ধরা উচিত। পশ্চিমবাংলার মুসলিম মাইনরিটি গ্রামীণ অর্থনীতির একটা অত্যন্ত পেছনের অংশ। কাজেই তাদের ধরা উচিত। এবার আমি উত্তরপক্ষের কথা বলব।

উত্তরবঙ্গ সীমান্তবর্তী জেলা। আজকে উত্তরবঙ্গে ভারতবর্ষের ইতিহাসের একটা মাধ্যম রচিত হবে। সেখানে যারা বাস করে সেই ওরাং, নেপালী, লেপচারা, আজকে ভূমিহীন। তাঁরা অত্যন্ত দুর্দশায় জর্জরিত। ওরা কাজ করে, কিন্তু ওদের পুঞ্জিভূত হাড় দিয়ে সেখানকার চাষের মালিকরা মুনাফার পাহাড় রচনা করেন। আজকে যদি সত্যি আপনারা ট্রাইবালদের উপকার করতে চান, সত্যি সত্যি দেশকে মহান করতে চান, তা হলে আপনার মাধ্যমে বলব ঐ সমস্ত উত্তরবঙ্গের ওরাং, নেপালী, লেপচা প্রভৃতি ট্রাইবালদের সাহায্য করুন।

[4—4-10 p.m.]

Shrimati Tushar Tudu:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে ব্যয়বরাদ্দ মন্ত্রী মহাশয় এই হাউসের সামনে এনেছেন, তাকে সমর্থন করতে উঠে এ কথা বলছি যে আজকে হাউসের মন্ত্রীমহাশয় থেকে আরম্ভ করে আর যারা বিতর্কে অংশগ্রহণ করেছেন এবং আমরাও অত্যন্ত ক্ষোভের সংগে, দুঃখের সংগে এটা সমর্থন করছি এই জন্য যে, আজকের যে সমস্যা তা আমাদের দেশের ও রাজ্যের সমস্যা, যে সমস্যা হচ্ছে আদিবাসী সমস্যা, তার সংগে ওতপ্রোতভাবে জড়িত, কারণ যদি এ রাজ্যের সামগ্রিক কল্যাণের কথা চিন্তা করে দেখি তা হলে দেখা যাবে এই যে একটি সম্প্রদায়, এই সম্প্রদায়কে প্রকৃতির সংগে যুদ্ধ করে তাদের অস্তিত্ব আজও পর্যন্ত টিকিয়ে রেখেছে। এই সম্প্রদায়ের উন্নতি দিয়ে আজকে বিচার করতে হবে। আমাদের দেশের অগ্রগতি যে কতখানি এগিয়ে গেছে এজন্য আজকে এই যে ব্যয়বরাদ্দ তার এই সংকোচনকে আমরা সমর্থন করতে পাচ্ছি না। যদিও মন্ত্রী মহাশয় বলেছেন আরও বেশী বরাদ্দ করা হবে পরে, তাতে এই নিরাশার মাঝে আমরা যদি বা আশান্বিত হচ্ছি, তবুও এ প্রসংগে দু-একটা কথা জানাতে চাই যে, আজকের দিনে আদিবাসী সমস্যাকে আমাদের এমনভাবে দেখতে হবে, আমাদের অর্থনৈতিক এবং সামাজিক সমস্যা এর সংগে জড়িত আছে। প্রথমত, এটা আমাদের দেখতে হবে যেটায় আমরা সবচেয়ে দুঃখ অনুভব করি, মাননীয় স্পীকার মহাশয়, তাদের দেখি শিক্ষাক্ষেত্রে কোন কোন জায়গাতে বিশেষ করে যে রেসিডেন্সিয়াল ফেসিলিটি ছিল আমাদের এই ট্রাইবাল স্টুডেন্টদের সে ক্ষেত্রেও আজ ব্যয় সংকোচন করা হয়েছে। আমার বিশ্বাস ইতিপূর্বে এই শিক্ষার ক্ষেত্রে এটিকে সরকার প্রথম অধিকার বা প্রাইয়োরিটি দিয়েছেন। এজন্য যারা অজ্ঞতার অন্ধকারে এতদিন থেকেছে তারা যাতে এগিয়ে আসে তা করা দরকার, আমরা যতরকম ডেভেলপমেন্ট স্কীমস নিই না কেন, যত-দিন পর্যন্ত তারা নিজেরা নিজেদের শিক্ষার মাধ্যমে এটা বোঝেন, ততক্ষণ পর্যন্ত আমরা তাদের কোনরকমই এ শিক্ষা না দোব, ততক্ষণ সাহায্যকে ফলপ্রসূ করতে পারবো না। বিশেষ করে বলি যে ভোকেশনাল ট্রেনিং-এর কথা। মাননীয় স্পীকার স্যার, আমি বার বার বলেছি এবং এখনও বলি যে ভোকেশনাল ট্রেনিং এতে যে ব্যয়বরাদ্দ ১৯৬৩-৬৪ সালে যে রেসিডেন্সিয়াল ফেসিলিটি সেটা কেটে দেওয়া হয়েছে এবং এর ফলে যেসমস্ত ছেলেমেয়েদের শিক্ষা দিতে পারব না, আমরা জমি দিতে পারবো না, কারণ, জমি প্রচুর নেই। আজ উচ্চ শিক্ষা দিতে পারবো না, কারিগরী শিক্ষার মাধ্যমে নিজেদের জীবিকা উন্নয়ন করে তারা তাদের অর্থনৈতিক প্রতিষ্ঠা তারা করে, কিন্তু এই যে রেসিডেন্সিয়াল ফেসিলিটি এ যদি তাদের না দেওয়া হয়, তা হলে তাদের নানা-রকমের অসুবিধা হবে। বিশেষ করে এটা বলতে চাই, মাননীয় স্পীকার মহাশয়, এ বৎসর ব্যয় সংকোচন করা হয়েছে—সেটা অনেক বেশী পরিমাণে করা হয়েছে। কিন্তু পূর্ব বছরে আমরা দেখেছি আমাদের দপ্তর থেকে অনেক টাকা ফেরত চলে গেছে। বিশেষ করে অনুরোধ করতে চাই। বিশেষ করে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করতে চাই ও তাঁর দৃষ্টি আকর্ষণ করছি, কোন রকমে টাকা হয়ত খরচ করার মত থাকবে না, কিন্তু তবুও পেতে কোন রকমের দেরী না হয়। এটা ক্ষোভের কথা, দুঃখের কথা, আমরা হাউসেতে সকলে একমত হয়ে যাদের উন্নয়ন কামনা করি তারা কলেজে থেকে পরীক্ষায় কিম্বা টেস্ট-এ অ্যালাউড-এর টাকার অপেক্ষা করতে হয় এটা দুঃখের কথা।

মাননীয় স্পীকার, আমরা জানি যে সবসময় এই দপ্তরকে অন্য দপ্তরের উপর নির্ভর করে চলতে হয়—এটা সবচেয়ে বড় অসুবিধা এই দপ্তরের। কাজেই আমি আপনার মাধ্যমে অনুরোধ

জানাই যে যদি কোন উন্নয়ন করার ইচ্ছা থাকে, তা হলে দপ্তরে যেসমস্ত বিশেষ শিক্ষা বিভাগের কাজ হচ্ছে তাতে যেন এতটুকু ত্রুটি না হয়। আমি জানি এই আদিবাসী সম্প্রদায় অনেক দিন ধরে অবহেলা এবং উপেক্ষা সহ্য করে আসছে, তা যদি এখনও হয় তা হলে আমি মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে এ দিকে দৃষ্টি আকর্ষণ করে বলি যেন এখনও কোনরকম দেরী না হয়। বিশেষ করে একটি জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি—আমাদের যেসমস্ত স্টেট কাউন্সিল মিটিং হয়ে গিয়েছে তারপর আমাদের জেলায় গত ১ বছরে মাত্র একটি অ্যাডভাইসারী কমিটির মিটিং হয়েছে। যতক্ষণ পর্যন্ত অ্যাডভাইসারী কমিটির মিটিং বেশী না হয়, ততক্ষণ পর্যন্ত আমরা বিশ্বাস করি এই জেলাতে কোনরকম পরামর্শ দিতে পারছি না। কাজেই আমরা যখন সেখানে জিজ্ঞাসা করি তাঁরা বলে থাকেন যে তাঁরা স্টেট থেকে সেরকম কোন নির্দেশ পান না। আমি পরিষ্কারভাবে জানাতে চাই যে এইরকম ভাবে কোন নির্দেশ দেওয়া হবে কিনা—কল্যাণ বিভাগ কল্যাণ করতে গিয়ে দেরী সেখানে কেন হবে এই প্রশ্ন আমায় সব সময় পীড়া দেয়। আর একটা কথা বলতে চাই যে, আজকে কল্যাণ রাষ্ট্রে আমাদের অত্যন্ত দুঃখিত হতে হচ্ছে, এই ব্যয় সংকোচনের জন্য। ইতিপূর্বে আমাদের হাউসের সামনে আমাদের মাননীয় সদস্যা মৈত্রেয়ী বসু বলেছিলেন -পার্বত্য উপজাতিদের অজ্ঞতাব সুযোগ নিয়ে দেশে আজকে জরুরী অবস্থার সৃষ্টি হয়েছে। কাজেই আজকে এই ব্যয়বরাদ্দ সংকোচন করায় আমার মনে হয় না জরুরী অবস্থাকে আমরা সাহায্য করতে পারছি। কাজেই আমার মনে হয় এই জরুরী অবস্থায় পার্বত্য উপজাতি যারা রয়েছে তার মধ্যে যাতে করে শিক্ষার প্রসার হয় এটা দেখতে হবে। আমি বলতে পারি যে এই আদিবাসী জাতি খুব স্বাধীনতাপ্রিয় জাতি, এরা প্রকৃতির সংগে যুক্ত এতদিন আছে এরা অত্যন্ত কষ্টসহিষ্ণু জাতি, তারা এই জরুরী অবস্থায় আমাদের যে আহ্বান তাতে তারা সাড়া নিশ্চয়ই দেবে। কাজেই আমার বিশ্বাস আদিবাসী কল্যাণের জন্য সমস্ত ক্ষমতা নিয়োগ করা হবে এবং সহানুভূতির সংগে নিয়োগ করা হবে। কল্যাণ রাষ্ট্রের প্রতিটি বিভাগ এবং তার সমস্ত রকম শক্তি, সমস্ত রকম সহানুভূতি তারা দেবেন। কাজেই আজকের দিনে আংশিক নিরাশার মধ্যে এটুকু আশা যে কল্যাণ রাষ্ট্র আমাদের নিশ্চয়ই বিচ্ছিন্নভাবে রাখবেন না এবং অন্যান্য সমস্ত রকম কল্যাণ থেকে আমরা বঞ্চিত হবো না, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nimai Chand Murmu:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের তফসিলী জাতি ও উপজাতি দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের মঞ্জুরী দাবী করেছেন এটা যথেষ্ট কিনা তাহা স্থির করতে হলে ১৫ বৎসরের অগ্রগতি দেখা দরকার। ১৯৬০-৬১ সালে বাজেটে যা ধরা হয়েছিল তার চেয়ে ১৯৬১-৬২ সালে অনেক কম ধরা হয়েছিল, কিন্তু যা ধরা হয়েছিল তাও সম্পূর্ণ খরচ হয় নি। ১৯৬২-৬৩ সালে যে টাকা বরাদ্দ চেয়েছেন ইহাও প্রয়োজনের তুলনায় অতি সামান্য। অথচ দিনের পর দিন নানাবিধ সমস্যা বেড়েই চলেছে। মন্ত্রী মহাশয়, এই দূরবস্থার কথা যদি বুঝতে পারতেন এবং তফসিলী জাতি উপজাতিদিগকে উন্নত করার ইচ্ছা যদি থাকতো, তা তাহলে আরও বেশী টাকা বরাদ্দ করে সুষ্ঠুভাবে তা খরচ করতে পারতেন। আমার মনে হয় উনি বোধ হয় এই দুরাবস্থা ও সমস্যার কথা বুঝতে পারেন নি -কেন না উনি ভুক্তভোগী নন।

[4-10—4-20 p.m.]

যখন মা ছেলে প্রসব করেন, সেই ছেলে-জন্মের কি বিষম যন্ত্রণা সেটা আমরা পুরুষ মানুষ বুঝতে পারি না। যে মাতা ছেলে জন্মগ্রহণ করিয়েছে, একমাত্র তিনিই বুঝতে পারেন সেই জন্ম-যন্ত্রণা। তদ্রূপ আমাদের এই দপ্তরের মন্ত্রী ও উপমন্ত্রী যদি আদিবাসী উপজাতির লোক কেউ হতেন, তাহলে আদিবাসী উপজাতি ও তফসিল সম্প্রদায়ের অবস্থা পুঙ্খানুপুঙ্খরূপে বুঝতে পারতেন এবং সেই অনুসারে ব্যবস্থা করতেন। কংগ্রেস সদস্যের মধ্যে উপজাতি সদস্য অনেক আছেন, তাঁরা কেউ কি মন্ত্রী হবার উপযুক্ত নন? আমি জানি মাননীয়া শ্রীমতী তুষার টুডু আছেন, যিনি এইমাত্র বক্তৃতা দিয়ে গেলেন, তাঁর যথেষ্ট যোগ্যতা রয়েছে। তারপর কমলকান্ত হেম্ব্রম রয়েছেন, তাঁরও যথেষ্ট যোগ্যতা রয়েছে বলে আমি মনে করি। তাঁদের মধ্যে একজনকে যদি এই পোস্টে মন্ত্রী করে এই দপ্তরে প্রতিষ্ঠিত করা হতো, তা হলে নিশ্চয়ই

আমাদের বাংলাদেশে পশ্চাদপদ অবহেলিত উৎপীড়িত উপজাতি ও তফসিল জাতি যাঁরা রয়েছেন, তাঁদের অবস্থাটা পুঙ্খানুপুঙ্খরূপে অনুধাবন করে তিনি অবস্থানুযায়ী ব্যবস্থা করতে পারতেন।

মাননীয় স্পীকার মহাশয়, আর একটা কথা বলতে চাই আমাদের বাংলাদেশে সরকার কর্তৃক যেসমস্ত আদিবাসী উপজাতির লোকেদের জন্য গৃহনির্মাণ করা হয়েছে, সেই সমস্ত গৃহে শূকরও বসবাস করতে পারে না, মানুষের বসবাসের উপযোগীও নয়। আমি আমার উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রীকে অনুরোধ করবো, আপনি চলুন আমার সঙ্গে মালদহ জেলার হবিবপুর বামনগোলায়, সেখানে যেসমস্ত গৃহ আপনারা নির্মাণ করে দিয়েছেন, আপনি যদি সেখানে এক রাত্রি বাস করতে পারেন, তা হলে বুঝবো সেগুলি সত্যিকারে মানুষ বাস করবার উপযোগী হয়েছে। কিন্তু আমি নিশ্চয় করে বলতে পারি সেখানে গিয়ে আপনি তার মধ্যে বাস করতে পারবেন না, এক রাত্রিও থাকতে পারবেন না সেখানে। এইরকম করে আপনারা গৃহ নির্মাণ করে দিয়েছেন।

মাননীয় স্পীকার মহাশয়, ট্রাইবাল ওয়েলফেয়ার দপ্তর থেকে যেসমস্ত নলকূপ ও ইঁদারা পশ্চিমবঙ্গের সব জেলায় আদিবাসীদের জন্য কিছু কিছু দিয়েছেন, তার প্রয়োজনের তুলনায় অতি কম সংখ্যক এবং তার শতকরা ৭৫ ভাগ অকেজো হয়ে পড়ে আছে। সেটা মেরামতের কোন ব্যবস্থা নাই। আর ব্লক ডেভেলপমেন্ট-এর মাধ্যমে যেসমস্ত নলকূপ হয়েছে, ইঁদারা হয়েছে তার মধ্যে যেগুলি খারাপ হয়ে গেছে তা কিছু কিছু মেরামতের ব্যবস্থা হয়েছে। সেইসমস্ত মেরামতকারীদের যদি আমরা বলি যেসমস্ত নলকূপ আদিবাসী কল্যাণ দপ্তর থেকে করা হয়েছে সেগুলিও মেরামত করা হোক তখন তাঁরা বলেন এটা আমাদের দপ্তরে পড়ে না, এটা অন্য দপ্তর থেকে হয়েছে, কাজেই এগুলি আমরা সারাই করতে পারব না।

তারপর, স্যার, আমাদের দেশের অধিকাংশ আদিবাসী উপজাতি হচ্ছে ভাগচাষী। কিন্তু তাদের জীবনের একমাত্র পথ হচ্ছে বর্গাদারী স্বত্বের জমি চাষ করা। এ ছাড়া অন্য জীবিকার পথ তাদের নাই। সেই সমস্ত ভাগচাষী আজকে ভূমিসংস্কার আইন পাস করবার পরে, ভাগ চাষ বোর্ড আইন পাস হবার পরে জমি পাওয়া তো দূরের কথা, তাদের যেটুকু ভাগভূক্তি ছিল, অর্থাৎ বর্গা চাষ-আবাদ দখল ছিল, সেইসমস্ত জমি থেকেও তারা ব্যাপকভাবে পাইকারী হারে উচ্ছেদ হয়ে গেছে। তাদেরকে আজকে ক্ষেতমজুর এবং পথের ভিখারীতে দাঁড় করান হয়েছে।

তারপর ট্রাইবাল ওয়েলফেয়ার দপ্তরকে যেসমস্ত ঋণ দেওয়া হয়, সেই ঋণও প্রয়োজনের তুলনায় খুব সামান্য এবং খুব অনিয়মিতভাবে তা দেওয়া হয়। আমি মনে করি সেইসমস্ত ঋণ যদি বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে দেওয়া হতো, তা হলে পরে জ্যৈষ্ঠ-আষাঢ় মাস থেকে গরু, মহিষ ক্রয় করে, তারা নিয়মিতভাবে চাষবাস করে উন্নত হতে পারতো। কিন্তু সেই টাকাটাও অতি অসময়ে দেওয়া হয় তাদের, এবং যা-ও দেওয়া হয়, তা-ও অতি সামান্য। আর যেভাবে ঋণ আদায় করা হয়, খুসীমত, পৌষ মাসের শেষে যখন কেবল কৃষকরা ধান কেটে তুলেছে বাড়িতে, তখন দর পায় না, সামান্য দরে ধান বিক্রি করে তাদের ঋণ শোধ করতে হয়। তার ফলে তারা নানাদিক থেকে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

আর একটা কথা বলবো, স্যার, আমাদের বাংলাদেশে শিক্ষার অগ্রগতি কতদূর এগিয়েছে, সে সম্পর্কে আমরা অ্যাডভাইসরি কাউন্সিল-এর মিটিং-এ আমাদের মন্ত্রী মহাশয়কে বলেছিলাম যে আমাদের বাংলাদেশের প্রতি জেলায় এই শিক্ষার অগ্রগতি সম্পর্কে এনকোয়ারি করা হোক, এবং তাঁরা যে রিপোর্ট রাখবেন তা ইংরেজীতে নয়, বাংলাতে; গত ১৫ বছরে আমাদের কেমন সরকার শিক্ষিত করে তুলেছেন। বাংলাদেশে আমরা আর কোন ভাষা বুঝতে পারি না, উনি কথা দিয়েছিলেন বাংলাভাষার মর্যাদা দেবেন। এক বছর হয়ে গেল এখন পর্যন্ত সে সম্বন্ধে কোন সুষ্ঠু রিপোর্ট পেলাম না। আমি বাংলাদেশের বিভিন্ন জেলা ঘুরে দেখেছি, এবং আদিবাসীর শতকরা শিক্ষার হার অনুধাবন করেছি, তাতে সেটা হচ্ছে মাত্র শতকরা চারজন। অর্থাৎ

১৬ জন নিরক্ষর। এই হচ্ছে শিক্ষার অগ্রগতি। আমাদের মধ্যে ম্যাট্রিক পাস শতকরা কয়জন রয়েছে? দেখা যাবে হাজারে মাত্র একজন। আর বি এ পাস রয়েছে এক লক্ষে একজন। এই হচ্ছে আমাদের শিক্ষার অগ্রগতি। আরো কয়েকটি অগ্রগতির কথা পরে বলবো। আমরা পশ্চাদপদ, অবহেলিত উপজাতি সম্প্রদায়ের লোক যুগ যুগ ধরে আমরা লোকচক্ষুর অন্তরালে ভারতমাতার ক্রোড়ে শোষিত এবং নিপীড়িত হয়ে আসছি।

এই উপজাতি সম্প্রদায়ের লোক, তারা হাড়ে হাড়ে উপলব্ধি করছেন, তাঁরা নিজেদের রক্ত জল করে, জীবন মরণ পণ করে, ঝাড়জঙ্গল সাফ করে, বাঘ, ভাল্লুক মেরে সেখানকার অনাবাদি জমি ব্যবহারোপযোগী করে, আবাদ করছিল, সেই সমস্ত জমির মালিকানা আজও তারা হতে পেলো না। সেইসমস্ত জমি তাদের হাতছাড়া হয়ে গিয়েছে। কিন্তু আমি আশ্চর্য হয়ে যাই যে-সমস্ত লোকেরা বাঘ, ভাল্লুক মারাত দূরের কথা, একদিন একটা খেঁকশিয়াল পর্যন্ত মারেন নি, এবং যাঁরা ঝাড়জঙ্গল সাফ করাত দূরের কথা একটা দিনও যারা জমিতে হাত দেয় নি, অথচ তাঁরা হাজার হাজার বিঘা জমির মালিক হয়ে বসে আছেন। কি করে তা সম্ভব হল? এইসমস্ত নিরীহ, নিরক্ষর সাঁওতাল অধিবাসী, উপজাতি সম্প্রদায়ের লোকদের কাছ থেকে ঠকিয়ে, বাটপাড়ি করে ৫ টাকাকে ৫০ টাকায় সুদে বাড়িয়ে নিয়ে, বাটপাড়ি করে হাজার হাজার বিঘা জমির মালিক হয়ে বসে গেলেন তাঁরা। দেশ স্বাধীন হবার পর ভূমি সংস্কার আইন পাশ হবার পরেও তারা সেইসমস্ত জমির মালিক হতে পারে নি।

মাননীয় স্পীকার মহাশয়, এইসমস্ত জোতদার, মহাজন কারা? তাঁরা হচ্ছেন আপনার ডান দিকে যে সমস্ত মাননীয় সদস্যরা বসে আছেন, তাঁরা। এইসমস্ত কংগ্রেসী জোতদার, মহাজনরা এমনিভাবে আদিবাসী, তফসিল জাতি ও উপজাতি সম্প্রদায়ের কাছ থেকে জায়গা, জমি ঠকিয়ে, কেড়ে নিয়ে, তাঁরা আজ হাজার হাজার বিঘা জমির মালিক হয়ে বসে আছেন। মাননীয় স্পীকার মহাশয়, ঘাত-প্রতিঘাতের মাধ্যমে উপজাতি সম্প্রদায়ের লোক বুঝতে পারলো যে তাদের নিরক্ষরতার সুযোগ নিয়ে, তাদের এমনিভাবে ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হতে হচ্ছে, অতএব বিদ্যা অমূল্য ধন, তাদেরকে লেখাপড়া শিখতে হবে। তা না হলে তারা নিরুপায় সহায় সম্বলহীন, তাদের ঘর নেই, খাবার নেই, তাদের পকেটে পয়সা নেই, তাদের পরনে মাত্র দু-খানা কাপড় এবং মাথায় তাদের ফুলের ডালি, আর কাঁধে তাদের ভিক্ষার ঝুলি। আর প্রচারিত হচ্ছে কি? শিক্ষার বাহাদুরী। শিক্ষার কিরকম অগ্রগতি, আমাদের পশ্চিম-বাংলার গ্রামাঞ্চলে আদিবাসী সম্প্রদায়ের মধ্যে আদিবাসী দপ্তরের মন্ত্রী মহাশয় দাঁড়িয়েছেন, তারই একটা নিদর্শন দেখুন। বামনগোলা থানার অন্তর্গত ৫নং ইউনিয়নে, সাঁন্দবপুর ফ্রি প্রাইমারী সাঁওতাল স্কুলে তিনজন হিন্দু শিক্ষক, আর অধিকাংশ ছাত্র হচ্ছেন সাঁওতাল। সেখানে একজন শিক্ষক সাঁওতাল ছেলেকে পড়াচ্ছেন, সেই ছেলের নাম হল মংগল। সেই মংগল নামক ছেলেকে শিক্ষক বলছেন মংগল, বলো 'ক'। সেই ছাত্র আবার বললো, বলো 'ক'। যতবার বলে মাস্টার বলো 'ক' ততবার ছাত্রও বলে বলো 'ক'। এমনিভাবে বারবার বলার পরে, শিক্ষক উত্তেজিত হয়ে গেলেন এবং ছেলেকে কাছে টেনে এনে তার কান ধরে মোচড় দিলেন। ছেলে হাউ হাউ করে কেঁদে উঠলো, ফলে মাস্টারের গায়ে, কাপড়ে-চোপড়ে পেচ্ছাপ করে বারোটা বাজিয়ে দিলো। এই হচ্ছে আমাদের শিক্ষার অগ্রগতি। কেন সেই শিক্ষকের কথা ঐ সাঁওতাল ছেলেটি বুঝতে পারলো না? তার কারণ, ছেলেটি তাঁর ভাষা ভালভাবে বুঝতে পারে না, এবং শিক্ষকও ছেলেদের সাঁওতালী ভাষা বোঝেন না। সাঁওতালী ছেলে মেয়েদের লেখাপড়া শিখাতে ভীষণ অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে এ সম্বন্ধে কয়েকটি প্রস্তাব রাখবো, এবং আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এবং সমস্ত মাননীয় সদস্যগণ এক মত হয়ে সেগুলি গ্রহণ করবেন। মাননীয় স্পীকার মহাশয়, সমগ্র উপজাতির জন্য আমি মাননীয় মন্ত্রী-মহাশয় ও সকল সদস্যদের কাছে মানবতা ও কৃপাদৃষ্টি দেবার জন্য অনুরোধ জানিয়ে এই প্রস্তাব রাখছি। প্রস্তাবটা হচ্ছে এই আমাদের মালদা জেলার বামনগোলা ও হরিপুর থানা সাঁওতাল প্রধান এলাকা। হরিপুর থানায় শতকরা ৭৫ ভাগ সাঁওতাল বসবাস করেন, সেখানে অন্ততঃ একটি বালিকা বিদ্যালয় স্থাপন করা দরকার। এই হল ১নং প্রস্তাব। দ্বিতীয় প্রস্তাব

হল আদিবাসীদের জন্য স্কুল সরকারী খরচে নির্মাণ করা প্রয়োজন এবং আদিবাসী ছাত্রদের তাদের মাতৃভাষায় প্রাথমিক শিক্ষা দেবার সুযোগ দিয়ে, বাধ্যতামূলক ভাবে শিক্ষা প্রবর্তন করা একান্ত প্রয়োজন। তিন নম্বর—যে সমস্ত প্রাথমিক বিদ্যালয়গুলিতে সাঁওতাল ছাত্র, ছাত্রী থাকবে, সেইসমস্ত বিদ্যালয়ে একজন করে আদিবাসী শিক্ষক বা শিক্ষিকা নিয়োগ করতে হবে। ৪নং- আদিবাসী শিক্ষক বা শিক্ষিকাদের মান অন্তত ম্যাট্রিক স্টান্ডার্ড হওয়া উচিত, এবং ম্যাট্রিক পাশ বাধ্যতামূলক ভাবে করা দরকার, এবং তাদের চাকরী দেওয়ার ব্যবস্থা করা দরকার। ৫নং- আদিবাসী ছাত্র-ছাত্রীদিগকে সম্পূর্ণ সরকারী খরচে প্রাথমিক শিক্ষা দেওয়ার ব্যবস্থা করা প্রয়োজন। ৬নং--আদিবাসী ছাত্রছাত্রীদিগকে তাদের শিক্ষা ব্যাপারে সরকারী সাহায্যের সুযোগ সঙ্কোচিত করার ফলে, তাদের শিক্ষাকে সংকোচিত করা হয়েছে, সেটাকে উইথড্র করে নিয়ে, তাদেরকে অবাধ সুযোগ-সুবিধা দেওয়া দরকার। আদিবাসী মাধ্যমিক বিদ্যালয়গুলিকে যে বাৎসরিক ৫০ টাকা করে স্টাইপেন্ড বা সাহায্য দেওয়া হচ্ছে, সেই সাহায্যের পরিমাণ আরও বাড়িয়ে দেওয়া দরকার, এবং সেইসমস্ত বিদ্যালয় যাঁরা পরিচালনা করেন, তাঁদের অন্তত একটা মিনিমাম মাইনে দেওয়া দরকার।

আদিবাসীদের মধ্যে শিক্ষাকে ত্বরান্বিত করার জন্য একটা কমিটি গঠন করা দরকার। আদিবাসীরা কেন শিক্ষাক্ষেত্রে অগ্রসর হতে পারছে না সেটা বিবেচনা করে দেখতে হবে। বহু পৌরসভায় আজ কংগ্রেসী পরিচালনায় হরিজনরা লেখাপড়ার সুযোগ পায় না, এর চেয়ে লজ্জার এবং দুঃখের বিষয় আর কি হতে পারে? আজকে কিভাবে পশ্চাৎপদ জাতিরা তাদের শিক্ষাকে এগিয়ে নিয়ে যাচ্ছে তা আমরা অনেকেই জানি। পশ্চিমবঙ্গে শিক্ষার সম্প্রসারণ, আদিবাসীদের পানীয় জল সরবরাহের যে ব্যবস্থা আছে তাকে আরও ত্বরান্বিত করা প্রয়োজন। আদিবাসীদের জঙ্গলে প্রবেশের অধিকার সংরক্ষণ করা দরকার। আর একটা কথা বলব, আদিবাসীদের এবং উপজাতিদের মধ্যে যেসমস্ত কৃষক পরিবার আছে এবং যাদের জমির পরিমাণ অত্যন্ত কম তাদের মধ্যে অবিলম্বে জমি বিতরণ করা প্রয়োজন।

[4-20—4-30 p.m.]

Shri Daman Kuiry:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে কতকগুলি প্রস্তাব করব আশা করি সে দিকে তিনি নজর দেবেন। আদিবাসীদের মধ্যে থেকে জমি যেন চলে না যায়, তার জন্য তিনি যেন ব্যবস্থা অবলম্বন করেন। ভূমিহীন আদিবাসীদের জমির বিকল্প ব্যবস্থা সরকার যেন করেন। তারপর আদিবাসীদের মধ্যে ব্যাপকভাবে শিক্ষার ব্যবস্থা করতে হবে। পাহাড়ে যে সব আদিবাসীরা চাষ করে তাদের রিজার্ভ জঙ্গলে চাষ করতে দিতে হবে। আদিবাসীদের জঙ্গল থেকে শুকনো কাঠ ও পাতা বিক্রি করবার অনুমতি দিতে হবে। আদিবাসী যে সমস্ত ছাত্র শিক্ষা পেতে চান তাঁদের বিনা বেতনে পড়ার সুযোগ দিতে হবে। আদিবাসীর সমস্যা সম্পর্কে অনুসন্ধান করবার জন্য সরকার পক্ষ থেকে একটা কমিটি করার প্রয়োজন আছে বলে মনে করি। স্পীকার, স্যার, পুরুলিয়া জেলায় যে সমস্ত আদিবাসী আছে তাদের উপর জঘন্যতম অত্যাচার সুরু হয়েছে, এই জেলা বিহার থেকে বাঙ্গলায় এসেছিল, তারা অনেক আশা করে এসেছিল যে তাদের অনেক উন্নতি হবে কিন্তু এই আদিবাসী সম্প্রদায়ের উপর এমন অত্যাচার আরম্ভ হয়েছে যে তারা এখন গ্রাম ছেড়ে পালাতে বাধ্য হচ্ছে। একদিকে গার্ড ফরেস্টারদের অত্যাচার আরেক দিকে বি ডি ও অফিসারদের অত্যাচার, যার জন্য তারা গ্রাম ছেড়ে পালিয়ে যাচ্ছে। স্যার, ইতিহাসে এই আদিবাসীদের ঐতিহ্যপূর্ণ স্থান ছিল, তারা স্বাধীনতার জন্য এমন কি যুদ্ধ ঘোষণাও করেছিল, যাদের আমরা বলি সাঁওতাল বিদ্রোহ, সেই জাতি আজ এই অবস্থায় পড়েছে এবং গ্রাম ছেড়ে পালিয়ে যাচ্ছে, সেদিকে মন্ত্রিমহাশয়ের আমি দৃষ্টি আকর্ষণ করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Mangal Chandra Saren:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আদিবাসী কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী এখানে উপস্থিত করেছেন, আমি তা সর্বান্তকরণে সমর্থন করি। আজ কিছুক্ষণ ধরে আদিবাসী দপ্তরের স্বপক্ষে এবং বিপক্ষে যে সকল বক্তৃতা শুনলাম তাতে আমার মনে হল যে কয়েকজনের মনে ভ্রান্ত ধারণা রয়েছে। কারণ আজকে অনেকেই আদিবাসীদের কি কোরে উন্নতি করা যায় সে বিষয়ে গভীর ভাবে চিন্তা করছেন না। বিরোধী পক্ষ থেকে কোন কোন সদস্য বলেছেন যে আদিবাসীদের জমি দেওয়া হোক, শিক্ষা দেওয়া হচ্ছে না ইত্যাদি, ইত্যাদি। কিন্তু জমি কোথা থেকে এনে দেওয়া যাবে এ প্রশ্নের কেউ উত্তর দিচ্ছেন না। আমাদের সরকারের পলিসির উপর দোষারোপ করা হয়েছে, এবং বলা হচ্ছে সরকারের পলিসি এদের কল্যাণের পরিপন্থী। আদিবাসী জাতি ভারতের অতি প্রাচীন জাতি। কিন্তু কেন এদের এত দুর্গতি হয়েছিল এটার অনুসন্ধান করাই আজকে বড় প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে। এই যে ভারতের প্রাচীন জাতি—এই ভারত ভূমিতে যারা জন্ম গ্রহণ করেছে, এই ভারতবর্ষের মাটিতে তাদের ঐতিহ্য ছিল এবং এখানে তাদের সাম্রাজ্য ছিল, সেই জাত আজ সকলের চেয়ে দরিদ্র এবং নিপীড়িত। কেন এমন হয়েছে এই জিনিষটা কেউ দেখছেন না। আমি বলি এর মূল কারণ হচ্ছে শিক্ষার অভাব। এদের মধ্যে যদি শিক্ষার প্রসার হত তাহলে আদিবাসীদের এই রকম অবস্থা হত না। কাজেই আজকে সরকার যে আদিবাসীদের শিক্ষার ব্যবস্থা করছেন এবং তার জন্য হাইস্কুল কলেজ ইত্যাদি ব্যবস্থা করছেন সেজন্য সরকারকে প্রশংসা করতেই হবে। সেজন্য সরকার গভীরভাবে চিন্তা করেছেন যে, এদের মধ্যে শিক্ষা বিস্তার না করতে পারলে, এদের প্রাণ-শক্তি জাগাতে না পারলে এই জাতিকে রক্ষা করা যাবে না। সেজন্য সরকারের এই বাজেটকে আমি সমর্থন করছি। আমি বলবো সরকার বহু চিন্তা করে যাতে এদের ভবিষ্যতে উন্নতি করা যায় তার জন্য এই পথ বেছে নিয়েছেন। মাননীয় স্পীকার মহাশয়, একটা কথা আমি বলতে চাই, দুই এক বছরে আমাদের সব কিছু উন্নতি হতে পারে না। আজকে এই হাউসে অনেক ভদ্রলোক আছেন তাঁরা জানেন যে ভারতভূমি স্বাধীন করতে কত আন্দোলন করতে হয়েছিল, কতজনকে জেলে যেতে হয়েছিল এই আন্দোলনকে জয়যুক্ত করতে, কত পরিশ্রম করতে হয়েছে, কিন্তু আমাদের নিজেদের নিজেরা বিশ্বাস করতে পারি না। যে জাতি মৃত্যুমুখে পতিত হয়েছে সেই জাতির পাঁচ দশ বছরে উন্নতি করা যাবে এটা আমি বিশ্বাস করি না। আজ আমাদের জাতীয় সরকার কয়েক বছর ধরে চেষ্টা করছেন, সব জিনিষ আমি হয়ত দেখিনি, তবে স্বাধীনতার পূর্বে এই কলকাতার বুকে কতজন আদিবাসী ছাত্র ছিল বা কতজন এখানে কর্মে লিপ্ত ছিল আর এখন দেখুন সেখানে কত ছাত্র এখানে শিক্ষা পাচ্ছে এবং কত জন সরকারের কর্মে লিপ্ত আছেন তা দেখলে বুঝা যাবে। তারপর আমি আরেকটি কথা বলতে চাই যে আজকে যে সমস্ত ত্রুটি আছে শিক্ষার ব্যাপারে সে সম্বন্ধে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আদিবাসীদের স্টাইপেন্ড দিতে অত্যন্ত দেরী হয়। এর ফলে ছেলেদের শিক্ষার অগ্রগতি ব্যাহত হচ্ছে। আদিবাসীদের শিক্ষকদের মাহিনা অত্যন্ত কম। এমন কি গ্রামসেবকদের মাহিনা পর্যন্ত তাদের দেওয়া হয় না। তারপর আমি বলব যে সমস্ত আদিবাসী অধ্যুষিত অঞ্চলে যে সমস্ত প্রাইমারী স্কুল আছে সেখানে আদিবাসী শিক্ষক নিয়োগ করা হয় সেটা যেন মন্ত্রিমহাশয় দৃষ্টি দেন। এই কথাগুলি বলে আমি মন্ত্রিমহাশয় যে বাজেট উপস্থাপিত করেছেন তাকে আমি সমর্থন করি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-30—4-40 p.m.]

Shri Kandru Majhi:

আদিবাসী হরিজন প্রমুখ সম্প্রদায়গুলি বেশ দীর্ঘকাল ধরে বহুভাবে উপেক্ষিত, অবহেলিত, সমাজজীবনে নিত্য বঞ্চিত ও অনাদৃত হয়ে আছে। এদের প্রতি কংগ্রেস সরকার বিশেষ দরদ ও আগ্রহ দেখিয়ে থাকেন। কিন্তু তাদের স্বার্থরক্ষার প্রশ্ন এলে সরকারের কার্যকলাপ তাদের স্বার্থের অনুকূলে দেখা দেয় না—কায়েমী স্বার্থের অনুকূলেই তা দেখা দেয়, এ আমরা দেখেছি। আমরা সবাই জানি বহু দীর্ঘ দিন ধরে উপেক্ষিত এই সম্প্রদায়গুলি ভূমি সম্পদ বা কৃষি সম্পদ

থেকে বঞ্চিত। এদের মধ্যে যাদের কিছু ক'রে চাষযোগ্য বা নামের যোগ্য জমিজমা আছে তাদের সংখ্যা অল্পই। আর যাদের অল্প কিছুও জমিজমা আছে তারা প্রাণ দিয়ে জমিটুকু রাখবার চেষ্টা করে, এবং জমির অধিকার তাদের কাছে অত্যন্ত মূল্যবান অধিকার। সম্প্রতি ভূমি অধিকারের জরিপ চলেছে চারদিকে। কিন্তু এই ব্যাপক এবং গুরুত্বপূর্ণ ব্যাপারটির বিষয়ে সরকারী কর্মধারা ও ব্যবস্থাসমূহ এহেন চিন্তাহীন এবং বিশৃংখলাপূর্ণ যে, বহু মানুষ আজ বিপন্ন ও ক্ষতিগ্রস্ত। এই ধারা আজ আইন এবং বেআইন উভয়ের দ্বারাই মারাত্মক হয়ে উঠেছে। এই অবস্থার যারা ভূমিসম্পদ বিষয়ে পিছিয়ে আছে—যারা নিজেদের ব্যবস্থা ও অধিকার রক্ষা বিষয়ে অপটু এই জরিপে তাদের অবস্থা আজ কি শোচনীয় হয়ে উঠেছে সহজেই উপলব্ধি করা যেতে পারে। এই ব্যাপক ও গুরুত্বপূর্ণ জরিপে এই সব অগণিত দরিদ্র মানুষের অধিকার যাতে ঠিকমত রক্ষা পেতে পারে তার জন্য সমস্ত ভাবনা ও সমস্ত ব্যবস্থা সুষ্ঠুভাবে প্রস্তুত না করে জরিপের কাজ সুরু করা উচিত ছিল না। কিন্তু তা আদৌ করা হয় নি। জরিপের আইনে অবশ্য আদিবাসীদের অধিকার রক্ষায় সরকারী সহায়তা দেবার একটি ব্যবস্থা রাখা হয়েছে। কিন্তু তা লাভ করাও যেমন দুঃসাধ্য হবে তেমনি তা অনেকগুলি ব্যবস্থা পর্যায়ে পড়ে থাকায় পূর্বেই তাদের বহু জনের বহু ক্ষতি, হয়রানি ও লাঞ্ছনা ঘটে যাবে। এ সময়ে আর সরকারী সহায়ক নেই। আদিবাসীদের জন্যে যা হোক এই অকিঞ্চিৎকর ব্যবস্থাটুকুও করা হয়েছে কিন্তু হরিজনদের জন্যে তাও হয় নি। অথচ বিশেষ ব্যবস্থা লাভের দিক থেকে কোনো অংশে তাদের দাবী কম নয়। আদিবাসী হরিজনদের বিশেষ ব্যবস্থার নামে যে বহু টাকাকড়ি খরচ হচ্ছে তার কর্মধারা দেখে মনে হচ্ছে আদিবাসী হরিজনরা সেবার লক্ষ্য নয়, লক্ষ্য তাদের নামে টাকার ছিনিমিনিটা। বহু খরচ করে আদিবাসী হরিজন কলোনীর জন্য বহু ঘর তৈরী হয়ে পড়ে আছে বহুকাল থেকে। কিন্তু হরিজন আদিবাসীরা থাকে না। অর্থাৎ তারাও সে সব ঘর ব্যবস্থা নিতান্তই অযোগ্য মনে করেছে। তার মূল অর্থ হলো বহু অপচয় হয়েছে, কাজ হয় নি। কিন্তু এ সবের বিচার কোথাও নেই। এইগুলি থেকেই বোঝা যাবে হরিজন আদিবাসী সম্প্রদায়ের প্রতি বিচিত্র সেবার ধারা নিয়ে এদের কিভাবে সরকার নিয়ত প্রলুব্ধ, পরনির্ভর অথচ প্রতারিত করছেন।

Shri Jaleswar Hansda:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পিছনে পড়া জাতীর উন্নয়নকল্পে ব্যয়বরাদ্দের বিরোধিতা করে গুটি-কয়েক কথা আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের নিকট রাখতে চাই; বিরোধিতা এজন্য করছি যে ঐ বিভাগের ব্যয়বরাদ্দের টাকা অত্যন্ত কম ধরা হয়েছে বলে, শুধু তাই নয়, ঐ পিছনেপড়া জাতীর উন্নয়নকল্পে যে সমস্ত স্কীম ছিল সেই সমস্ত স্কীমের অধিকাংশ স্কীমই তুলে দেওয়া হয়েছে, যেমন -

Book grants to tribal students reading in Secondary School. Grant for books and other equipments to the tribal students reading in primary schools. Promotion for hostel facilities to scheduled tribes students reading in the post-secondary in Calcutta, grants for construction of Primary Schools Provision for purchase of agricultural lands and house sites, Reclamation and Development of waste land, House and house sites. Establishment of Welfare Centres.

এ ছাড়া আরো কতকগুলি স্কীম আছে। এ সকল স্কীমগুলিতে কেন টাকা খরচ করেন না, এবং ১৯৬০-৬১—১৯৬১-৬২ সালে যে টাকা এই পিছনেপড়া জাতীর উন্নয়নকল্পে ধরা হয়েছিল, সে টাকাই বা সমস্ত খরচ করা হয় নাই কেন? মন্ত্রিমহাশয় অবশ্যই ইহার যথার্থ কারণ ব্যক্ত করিবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলবো পিছনেপড়া জাতীর উন্নয়নকল্পে যে ব্যয় হয়ে আসছে ইহা কেবল মাত্র নামকে বাস্তে, আসলে পেছনেপড়া জাতীর আর্থিক সমস্যা আজ পর্যন্ত বেড়েই চলেছে, কমের দিকে যায় নাই, একথা মন্ত্রিমহাশয় অবশ্যই স্বীকার করবেন। আর স্থানীয় ভারপ্রাপ্ত অফিসারদের যে সমস্ত টাকা ইহাদের খরচ করতে দেওয়া হয়, তিনি এবং স্থানীয় কংগ্রেসী পেটুয়ারাই জানেন ইহাদের উন্নয়নকল্পে কোন কোন স্কীমে কত টাকা কোথায়

খরচ করবেন। আর এ পর্যন্ত কাহাকেও জানান হয় নাই। কেহ জানেন না। আমরা এই বিভাগের প্রাদেশিক অ্যাডভাইসরি কাউন্সিলের সদস্যগণ মাননীয় মন্ত্রিমহাশয়ের নিকট গত বছর জানতে চেয়েছিলাম আমাদের প্রতি জেলাতে কোন স্কীমের জন্য কত টাকা দেওয়া হয়েছে। উনি বললেন স্থানীয় ভারপ্রাপ্ত অফিসারদের নিকট জানতে পারবেন।

[4-40—4-50 p.m.]

স্থানীয় ভারপ্রাপ্ত অফিসার-এর কাছে জানতে চাইলাম. তিনি বললেন এখন জানান সম্ভব নয়। এর দ্বারা কি প্রমাণ হয়? এর দ্বারা কি ইহাই প্রমাণ হয় না যে এই টাকার অংক যদি কমিউনিস্ট পার্টির এম এল এ-কে জানান হয়. তাহলে ঐ স্থানীয় পেটুয়া কংগ্রেসীদের চুরির রাস্তা বন্ধ হবে, এবং ভবিষ্যতে ভোটে জেতবার রাস্তা অপরিষ্কার হবে? কেন আমি একথা বলছি. পেছনে পড়া জাতির উন্নয়নের নামে যে টাকা খরচ হয়ে আসছে. একথা গ্রামের অধিকাংশ পেছনেপড়া জাতির লোকদের কানে পৌঁছে না. তাদের উন্নয়ন তো দূরের কথা. ঐ টাকাতে কাদের উন্নয়ন হয়েছে, স্থানীয় কিছু কংগ্রেসী চাঁইদের। তার একটি জ্বলন্ত প্রমাণ রাণীবাঁধের কাছে এক স্বামীজীর আশ্রম তৈরী করা হয়েছে আদিবাসীদের টাকাতে; শুধু তাই নয়. ঐ আদিবাসীদের উন্নয়নের নামে যে টাকা তাদের হাতে পড়ে এবং তিনি তার মোটা অংশ নেন। এই আদিবাসীদের সুযোগ নিয়ে ছাতনা থানার হীরালাল চ্যাটার্জি পশ্চিমবঙ্গের বেনামী আদিবাসী ট্রান্সপোর্ট পেয়েছেন রাস্তা. বাঁকুড়া টু খাতড়া ভায়া তালডাংরা. এর দুর্নীতির সুযোগ নিয়ে পেটোয়া কংগ্রেসীগণ পুষ্ট. অবশ্য কিছু করে নিয়েছেন. পশ্চিমবঙ্গের সৎ জনগণ তা অবশ্য সহ্য করবে না। এই বলে বক্তব্য শেষ করছি।

Shri Mahananda Haldar:

মাননীয় অধ্যক্ষ, স্যার, সংক্ষিপ্ত সময়ে খুব বড় আলোচনা না করে এই বিভাগ সম্বন্ধে কতগুলি সাজেসনস রেখে বক্তৃতা শেষ করতে চাই। এই যে সমস্ত লোক তপশীল জাতি এবং উপজাতি যা তারা প্রায় পশ্চিমবঙ্গের ⅓ অংশ লোক হবে অর্থাৎ শতকরা ৩১ ভাগ লোক এই তপশীল জাতি এবং উপজাতি দ্বারা গঠিত। এদের উন্নতির ব্যাপারে আমার মনে হয় এদের যদি ইকনমিক ডেভেলপমেন্ট দেওয়া যায় তাহলে আমার মনে হয় এদের উন্নতি খুবই সম্ভব। বাজেটে যা দেখছি তাতে ডেভেলপমেন্ট এবং এডুকেশন ২টাতেই অর্থ বরাদ্দ আছে।

মাননীয় মন্ত্রিমহাশয় দুঃখের সঙ্গে স্বীকার করেছেন যে এবার বরাদ্দের টাকা অনেক কম হয়েছে। অবশ্য তিনি আশা দিয়েছেন যে. এ টাকা কিছু বাড়ানো যেতে পারে। আমি বলবো শিক্ষার জন্য যে ব্যবস্থা এদের জন্য করা হয়েছে এর ভেতর এই সমস্ত জিনিসগুলো করা দরকার। অন্যান্য রাজ্য যেমন বিহার, রাজস্থান প্রভৃতি অন্য রাজ্যে সেকেন্ডারী স্টেজ পর্যন্ত ফ্রি এডুকেশনের ব্যবস্থা আছে। পশ্চিমবাংলায় তা নেই। আমি মনে করি যে সেকেন্ডারী স্টেজ পর্যন্ত এদের ফ্রি হওয়া উচিত। দ্বিতীয়তঃ, এদের ইকনমিক ডেভেলপমেন্ট সম্বন্ধে অন্যান্য মাননীয় সদস্য অনেক কথা বলেছেন, আমার মনে হয় সেগুলো যদি ইমপ্লিমেন্ট করা যায় তাহলে এদের আর্থিক উন্নতি হবে। পরবর্তী কথা হচ্ছে ধেবর কমিশন যে সমস্ত রিপোর্ট দিয়েছেন সেগুলো ইমপ্লিমেন্টেড হয় নি। সেগুলো যাতে পূর্ণভাবে ইমপ্লিমেন্টেড হয় সেদিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি থাকবে বলে মনে করি। তার পর হচ্ছে বিহার থেকে মাননীয় জগজীবন রাম কেন্দ্রীয় মন্ত্রী, তাঁর মন্ত্রীত্বাধীনে তাঁর বিভাগে দেখা গিয়েছে যে এই তপশীলী জাতি বা উপজাতির চাকুরী সংরক্ষণের ব্যবস্থা পূর্ণভাবে যাতে রক্ষা করা হয় তার ব্যবস্থা তিনি করেছেন। কিন্তু দুঃখের বিষয় পশ্চিমবঙ্গ রাজ্যে তার কোন ব্যবস্থা নেই। একটি ক্লজ বা ধারায় এই সংরক্ষণ ব্যবস্থা রয়েছে সেটা হচ্ছে

if suitable candidates are not available,

আমি মনে করি এই লুপ হোল দিয়ে প্রকৃত যারা প্রার্থী তারা চাকুরী পায় না। আমার মনে হয় এই ধারা তুলে দেওয়া উচিত। এবং মিনিমাম কোয়ালিফিকেসন থাকলে যাতে এই সংরক্ষণ ব্যবস্থা রক্ষা হয় তার ব্যবস্থা করা উচিত। সর্বশেষ আমি আর একটি বিষয়ে বলতে চাই যে প্রতি রাজ্যের ন্যায় এই পশ্চিমবাংলায় পাবলিক সার্ভিস কমিশন আছে, আমার মনে হয় এই সমস্ত তপশীলী জাতি বা উপজাতির স্বার্থ রক্ষার্থে এই সমস্ত জাতির ভেতর থেকে কোন সভ্য সেখানে গ্রহণ করা উচিত। কারণ, এ না হলে পাবলিক সার্ভিস কমিশন এদের বিষয়ে বিচার হচ্ছে বলে আমি মনে করতে পারি না। মিঃ স্পীকার স্যার, অস্পৃশ্যতা দূর করবার জন্য আইন অবশ্য প্রচলিত আছে কিন্তু পশ্চিমবাঙলায় কেন ভারতীয় সমাজ আজ যে অবস্থায় তাতে অস্পৃশ্যতার জন্য আর আমাদের খুব বেশী জোর দিতে হবে বলে আমি মনে করি না। আপনা থেকে লোকের মনে সে আবেগ এসেছে। কিন্তু অন্যান্য যে ক্ষেত্র আছে যেমন তপশীলী আদিবাসী যারা তাদের অনেক সময় মামলা মোকদ্দমা করবার শক্তি বা আর্থিক সংগতি থাকে না সেজন্য আমি দেখেছি এদের মামলার জন্য সরকার থেকে সাহায্য করা হোত দুঃখের বিষয় দেখছি সেই সাহায্যের টাকা বন্ধ করা হয়েছে—সেজন্য আমি আবেদন করবো সে সাহায্য দেওয়া হোক। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন ২৯টি সমাজ কল্যাণ কেন্দ্র আছে—আমি আশা করবো যে এই সমাজ কল্যাণ কেন্দ্রে যাতে তপশীলী জাতির সেবিকা বা সেবক থাকেন সেদিকে দৃষ্টি রাখবেন। সর্বশেষে আমি বলতে চাই যে যে এই বিভাগের টাকা গতবার থেকে এবার অনেক কমেছে শুধু তাই নয় আর একটি বলতে চাই যে মন্ত্রিসভাতেও এদের পদ মর্যাদা ক্রমেই কমে গিয়ে পূর্ণ মন্ত্রী থেকে রাষ্ট্রমন্ত্রীতে এসেছে। কিন্তু আগামী বৎসরে মুখ্যমন্ত্রী এই টাকার অঙ্ক বাড়াবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন এবং তিনি এই মন্ত্রিত্বের উন্নতিও করবেন বলে আমি আশা করবো।

[4-50—5 p.m.]

The Hon'ble Promotha Ranjan Thakur:

মিঃ স্পীকার, স্যার, বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা যে সব কথা বললেন এই বিভাগ সম্বন্ধে আমি খুব মনোযোগের সহিত শুনেছি। কিন্তু এঁদের বক্তৃতার মধ্যে কনস্ট্রাক্টিভ সাজেসশন বিশেষ কিছু পাই নি। অন্যান্য বছর যেভাবে কথাবার্তা হয়ে থাকে, এ বছরও সেই রকম শুনেছি। একটি কথা বিশেষভাবে উপলব্ধি করতে পেরেছি

Scheduled Caste and Tribes problem is a national problem and it must be solved in a notional way.

শুধু গভর্নমেন্টের উপর দোষারোপ করলে চলবে না। যাঁরা এর ক্রিটিসিজম করেন, তাঁদেরও এই দুটি জাতির উন্নতি যাতে হয়, তার জন্য চেষ্টা করা দরকার। আমি আজকে এক বছর বাংলাদেশের বিভিন্ন জেলায় ঘুরেছি এবং বিশেষভাবে লক্ষ্য করেছি—বাস্তবিক

Scheduled Castes and Scheduled Tribes problem—

তাদের উপর রেখে দেওয়া হয়- এটা অন্যায়। আমি মনে করি নন-সিডিউল্ড কাস্ট, নন-ট্রাইবাল যারা তাদেরও এগিয়ে আসা দরকার—যাতে প্রবলেমটা দ্রুত সলভড্ হতে পারে। এ না করলে এই প্রবলেম যে কতদিনে সলভড হবে তা বলা যায় না। অতএব আমি এটা ধরে নিতে পারি যে এই ন্যাশনাল প্রবলেমকে ন্যাশনাল ওয়েতে সলভড করা দরকার। শুধু গভর্নমেন্টের উপর দায়িত্ব চাপিয়ে দিয়ে বসে থাকলে চলবে না এবং কোনদিন এটা সুষ্ঠুভাবে সল্ভড্ হওয়ার সম্ভাবনা দেখা যায় না।

প্রথমে আমাদের দেখতে হবে এই সিডিউল্ড কাস্টস এ্যান্ড সিডিউল্ড ট্রাইবস্-এর সংখ্যা কত? সিডিউল্ড কাস্ট-এর সংখ্যা হচ্ছে ১৯ পারসেন্ট এবং সিডিউল্ড ট্রাইবস্-এর সংখ্যা হচ্ছে ৬ পারসেন্ট। তাহলে বলতে গেলে বাংলাদেশের প্রায় ¼ পপুলেশন সিডিউল্ড কাস্ট এ্যান্ড ট্রাইবস্। এই সমগ্র লোকসংখ্যার একটা বৃহৎ অংশের উন্নতি করার জন্য শুধু পশ্চিমবাংলার সরকারই নয়, ভারত-সরকারও চেষ্টা করছেন।

সিডিউল্ড ট্রাইবস্ সম্বন্ধে তাদের ল্যান্ড সম্বন্ধে যে প্রশ্ন করা হয়েছে, সে সম্বন্ধে আমি বিশেষভাবে জানি এবং অনেকদিন থেকে জানি, এদের ভেতর ঘুরেছি, এই ট্রাইবসদের ভেতর ঘুরেছি। তাতে একটা জিনিস আমি বিশেষভাবে দেখেছি এই ট্রাইবসরা প্রথমে বাংলাদেশের অধিবাসী নয়। তারা সাঁওতাল পরগনা এবং ছোটনাগপুর অঞ্চল থেকে আস্তে আস্তে বাংলাদেশে এসে বসবাস করছে এবং সেই কারণে তাদের ল্যান্ডের একটা সমস্যা চিরকাল রয়ে গেছে। কিন্তু সরকার চেষ্টা করছেন কি করে এই ল্যান্ডের প্রবলেম তাদের ভেতর থেকে দূর করা যায়। সরকার নিয়ম করে দিয়েছেন ম্যাজিস্ট্রেটের পরামর্শ ব্যতীত কোন ট্রাইবাল সম্প্রদায়ের লোক তার কোন জমি অন্য কাউকে দিতে পারবে না। এই সবগুলির বন্দোবস্ত রয়েছে। অতএব আপনারা বিচলিত হবেন না। ট্রাইবসদের ল্যান্ড সম্বন্ধে তার কোন প্রবলেম সম্বন্ধে আমাদের গভর্নমেন্ট চেষ্টা করছেন।

তারপর আর একটা কথা হচ্ছে এই ভেস্টেড ল্যান্ড যা জমিদারী উচ্ছেদ আইনের পরে সরকারের হাতে এসেছে, আমাদের সরকার চেষ্টা করছেন, কিছু কিছু জমি যেখানে যেখানে পাওয়া যায়, সেটা তাদের দেওয়া যেতে পারে কি না। আমি মেদিনীপুরের কয়েক জায়গায় গিয়ে দেখেছি, সেখানে অনেক জায়গায় তাদের কলোনী করে দেওয়া হয়েছে। সেখানে তাদের সুষ্ঠু পুনর্বাসন হয়েছে এবং তারা সেখানে সুখেই আছে। কিন্তু এই ল্যান্ড প্রবলেমটা এত বড় ও বিস্তৃত যে একদিনে এটাকে সমাধান করা সম্ভব হচ্ছে না।

অনেক মাননীয় সদস্য বলেছেন যে তাদের অনেক জায়গা থেকে উচ্ছেদ করা হয়ে থাকে, তুলে দেওয়া হয়। বাস্তবিক সেটা উৎখাৎ ঠিক নয়। অনেক জায়গায় ওঠবন্দী প্রথা থাকে অর্থাৎ যেখানে যে সব জমিজমা কেউ নিতে চায় না, সেখানে মালিক এক টাকা কি বার আনা খাজনা ধার্য করে তাদের সেখানে রেখে দেন। যখন সেখানে সরকারী সেটেলমেন্ট আসে, তখন মালিক বাধ্য হয়ে তাদের তুলে দেয় ও নিজের নামে রেকর্ড ইত্যাদি করিয়ে নেয়। কারণ তাদের তো মালিকানা কোনরকম দেওয়া যায় না। এই কারণে অনেকে মনে করবেন যে তারা উচ্ছেদ হয়ে গেছে। কিন্তু বাস্তবিক তারা উচ্ছেদ হয় নাই। এটা আপনাদের ভ্রান্ত ধারণা।

তারপর অনেকে বলেছেন তাদের ইকনমিক এবং সোস্যাল উন্নতি কি করে হয়? এরা লোক সংখ্যার একটা বৃহত্তর অংশ—চার ভাগের এক ভাগ এদের সোসিও ইকনমিক প্রগ্রেস সেটা যদি জেনারেল মাস-এর সংগে না করা যায়, তাহলে সুষ্ঠুভাবে তাদের উন্নতি হতে পারে না। এদের আলাদা করে দেখে ঠিক ইকনমিক প্রগ্রেস এ্যাসেস করা অসম্ভব। কাজেই জেনারেলভাবে সকলকে উন্নত করা যাচ্ছে। এদের ভেতরও যতটা পারা যায় তাদের ঠেলে দেওয়া হচ্ছে এবং সেই রকম ভাবে চেষ্টা করা হচ্ছে। স্কুল এদের জন্য আলাদা করে স্থাপন করার কথা নেই এবং সরকারের নির্দেশও তা নয়। সাধারণ স্কুলে যাতে তারা পড়তে পারে তার সুযোগ দেওয়া হচ্ছে, স্টাইপেন্ড দেওয়া হচ্ছে, বোর্ডিং-এর খরচ দেওয়া হচ্ছে, সব রকম সুবিধা তাদের দেওয়া হচ্ছে।

আদিবাসী এবং সিডিউল্ড কাস্টস-এর ছাত্র, যারা কলকাতায় ও বড় বড় সহরে পড়ছে, তাদের সুযোগ সুবিধা দেবার জন্য গভর্নমেন্ট থেকে আমরা চেষ্টা করছি এবং যাতে ছাত্র সংখ্যা বেশী হয় সেটা নিশ্চয় গভর্নমেন্ট দেখবেন।

তারপর সার্ভিস সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় গভর্নমেন্ট সার্ভিস রিসার্ভ রাখা হয়েছে—

15 per cent. for scheduled castes and 5 per cent. for the scheduled tribes.

এ সম্বন্ধে আমি একটু বলতে চাই। অনেকেই বলেছেন যে এ'রা ঠিক পূর্ণ মাত্রায় চাকরী পাচ্ছেন না। আমি এখানে একটা কথা বলি—আপনি জানেন যে

12½ per cent. service of the India Government are reserved for Scheduled Tribes. India Government

তাদের এই সুবিধা দিচ্ছেন এবং ইন্ডিয়া গভর্নমেন্ট-এর সার্ভিসের মাইনে বেশী তাও আপনারা সবাই জানেন। আমাদের সিডিউল্ড কাস্টস এ্যান্ড সিডিউল্ড ট্রাইবস-এর যারা উপযুক্ত লোক

উইথ মিনিমাম কোয়ালিফিকেশনস্, তারা ইন্ডিয়া গভর্নমেন্ট-এর সার্ভিসে এ্যাবজর্ব হয়ে যাচ্ছেন। কিন্তু দেখা যাচ্ছে যে এই মিনিমাম্ কোয়ালিফিকেশনস-এর লোক ফ্রম দি সিডিউল্ড কাস্টস এ্যান্ড ট্রাইবস পশ্চিমবাংলায় পাওয়া যাচ্ছে না বলে তাদের বেশী চাকরীতে নেওয়া যাচ্ছে না। অবশ্য কিছু কিছু নেওয়া হচ্ছে, এতে কোন সন্দেহ নেই। অতএব এ বিষয় অনেক দিক থেকে অনেক কথা হয়েছে। কিন্তু আমরা বাস্তবিকই এমন কোন প্রমাণ পাই নি। যেমন গত বছরে দেখেছি সিডিউল্ড ট্রাইবস থেকে সাব-ডেপুটি কালেক্টারের জন্য বা ডেপুটি কালেক্টারের জন্য কোন এ্যাপ্লিকেশন আসেনি। সিডিউল্ড কাস্টস থেকেও তথৈবচ। ভাল ভাল সার্ভিস যেগুলি তার জন্য সিডিউল্ড কাস্টস বিভাগের প্রার্থী পাওয়া যায় না। এটা অত্যন্ত দুঃখের বিষয়। এ বিষয় সিডিউল্ড কাস্টস এবং অন্যান্য সকলেরই তৎপর হওয়া দরকার যাতে মিনিমাম কোয়ালিফিকেশনের লোক সিডিউল্ড কাস্টসদের মধ্য থেকে তারা তৈরী করতে পারেন।

তারপর আর একটা কথা, আপনারা বলেছেন যে সিডিউল্ড কাস্টস এবং ট্রাইবসদের জন্য অন্যান্য সুযোগ সুবিধা দেবার কোন রকম ব্যবস্থা করা হয়নি। কিন্তু যদি গত তিনটা ফাইভ-ইয়ার প্ল্যান আপনারা দেখেন, তাহলে দেখবেন ফার্স্ট প্ল্যান পিরিয়াডেতে ১ কোটি ৩৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। সেকেন্ড প্ল্যান পিরিয়াডেতে ২ কোটি ২৬ লক্ষ এবং থার্ড পিরিয়াডেতে ৪ কোটি ৯৮ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে। এই পাঁচ, পাঁচ বছরের, ফাইভ-ইয়ার প্ল্যানে এত টাকা খরচ করা হয়েছে। তাছাড়া ব্যাকওয়ার্ড যারা, অর্থাৎ এডুকেশনালি ব্যাকওয়ার্ড যাঁরা আছেন বা সোস্যালি ব্যাকওয়ার্ড যাঁরা আছেন, যাঁরা সিডিউল্ড কাস্টস বা ট্রাইবের মধ্যে পড়েন না, তাঁদের লেখাপড়া শেখার জন্য ৩৩ লক্ষ টাকা এ্যানুয়ালী দেওয়া হচ্ছে। এর থেকে আপনারা বুঝতে পারবেন যে সরকার উদাসীন নন, সরকার সর্বতোভাবে চেষ্টা করছেন। কিন্তু তা সত্ত্বেও আমি বলি এই যে প্রবলেম, এই যে

they are hanging heavy on the country.

যারা নেসানের উপর হ্যাঙ্গিং হেভি হয়ে রয়েছে, তাদের উন্নতি করতে গেলে, শুধু সরকারের প্রচেষ্টায় হবে না, সকলের সামাজিক ভাবে প্রচেষ্টা করতে হবে। এটা হচ্ছে ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট। এঁদের ওয়েলফেয়ার হলে সকলের ওয়েলফেয়ার হয়। সেই জন্য এটাকে আলাদা ভাবে করা যায় না। কিন্তু ইংরাজ আমলের রাজত্বে তারা সিডিউল্ড কাস্টস এবং ট্রাইবসকে আলাদা করে রেখে দিলেন এবং একটা কামউনালিটিজ বা মনোবৃত্তি এ'দের ভিতর ঢুকিয়ে দিয়ে ছিলেন। ইংরাজরা ভেদ নীতি সৃষ্টি করে এই রকম ভাবে অনেক কাজ করে গিয়েছেন। কিন্তু আমাদের স্বাধীনতা লাভ করবার পর, যাতে সিডিউল্ড কাস্টস ও সিডিউল্ড ট্রাইবস সকল শ্রেণীর লোকের সঙ্গে মিশে শিক্ষালাভ করতে পারে, এবং অন্যান্য সকল বিষয়ে তারা অগ্রসর হতে পারে তার জন্য সরকার চেষ্টা করছেন। এই আমার বক্তব্য। জয় হিন্দ।

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীযুত ঠাকুর, রাষ্ট্রমন্ত্রী, তিনি মাননীয় সদস্যদের প্রত্যুত্তরে সমস্ত বিশিষ্ট বিষয় যা উত্থাপন করেছেন, তার জবাব দিয়েছেন। আমি শুধু মাননীয় সদস্যদের অবগতির জন্য এইটুকু বলতে চাই যে দেবর কমিশন রিপোর্ট সম্পর্কে উল্লেখ করে কেউ কেউ এই কথা বলেছেন যে সিডিউল্ড কাস্টস ও ট্রাইবস সম্বন্ধে দেবর কমিশন যে সকল সুপারিশ করেছেন, সেই সকল বিষয়ের প্রতি আমরা বিশেষ লক্ষ্য দিচ্ছি না। আমি তাঁদের এইটা জানিয়ে দিতে চাই যে আমরা সেদিকে লক্ষ্য না দিয়ে থাকতে পারি না। প্রতি বৎসর সেন্ট্রাল মিনিস্ট্রি অব ট্রাইবাল ওয়েলফেয়ার অর্থাৎ হোম মিনিস্ট্রি অব সেন্ট্রাল গভর্নমেন্ট তারা দিল্লীতে সমস্ত রাষ্ট্রমন্ত্রী যাঁরা উপজাতি কল্যাণ বিভাগে আছেন, তাঁদের নিয়ে দীর্ঘ আলোচনা করেন এই উদ্দেশ্যে যে আমরা কতটা দেবর কমিশনের রিপোর্টের উপর দৃষ্টি রেখে, আমাদের উপজাতি ভাইদের কল্যাণে রাষ্ট্রগুলি তার বিভিন্ন রাজ্যে অগ্রসর হতে পারছে। সুতরাং আমি তাঁদের আশ্বাস দিতে পারি যে এ বিষয় আমরা সম্পূর্ণ সচেতন। আর একটা কথা বলেছেন একজন মাননীয় সদস্য যে আমাদের যাও টাকা বরাদ্দ থাকে, তাও উপজাতিদের জন্য খরচ করতে পারি না। আমি তাঁর অবগতির জন্য জানাচ্ছি এ বৎসর ১৯৬২-৬৩ সালেতে শতকরা ৯০ ভাগ, গত বছরে যা

বরাদ্দ ছিল উপজাতি কল্যাণ বিভাগে খরচ করা হয়েছে। সমস্ত হান্ড্রেড পারসেন্ট খরচ কোন বিষয়ে কখনও করা যায় না, বছরের শেষে কিছু টাকা থেকে যায়, এবং সেটা অপর বরাদ্দে গিয়ে খরচ হয়।

তৃতীয়তঃ ইকনমিক বেনিফিট সম্বন্ধে উল্লেখ করে একজন মাননীয় সদস্য বলেছেন যে আমরা শুধু তাঁদের সামাজিক দিকে দৃষ্টি দিচ্ছি, আমরা তাঁদের ইকনমিক বেনিফিট-এর দিকে দৃষ্টি দিচ্ছি না। আমি তাঁর অবগতির জন্য জানাচ্ছি যে তাদের বিভিন্ন ইকনমিক আপলিফট্-এর জন্য কতকগুলি বিষয়ে খরচ করা হচ্ছে, যেমন--

introduction of bee keeping as a subsidiary means of livelihood, poultry farming and animal husbandry, residential facilities to tribal students receiving training in vocational trades and crafts, financial assistance to scheduled tribe artisans in selected trades, provision for purchase of agricultural lands and house sites, reclamation and development of waste lands in scheduled tribe areas, provision of wooden bridge and masonry culverts in scheduled tribe areas, improvement of Katcha village roads,

এইরূপ

health, housing and other schemes

আছে। সুতরাং মাননীয় সদস্যদের অবগতির জন্য আমি এই কথাই বলবো যে এ বিষয়ের প্রতি আমাদের সম্পূর্ণ দৃষ্টি আছে। ইকনমিক আপলিফট্ না হলে আমাদের অনুন্নত সমাজের প্রকৃত উন্নতি হতে পারে না।

চতুর্থ আর একটি মৌলিক কথা হচ্ছে যে আপনাদের একজন সদস্য বললেন যে ইনফরমেশান সেন্টার-এ আমরা যেসব পত্রিকা দিই, তা উপজাতির পক্ষে কোন উপকারে আসে না, তারা সেখানে এসে এইসব পত্রিকা পড়তেই পারে না। আমি সেই জনৈক সদস্য মাননীয় বিজয় রায় মহাশয়, তাঁকে একটা সনির্বন্ধ অনুরোধ করবো যদি উপজাতিদের কল্যাণ আমাদের কামনা হয়, তাহলে আপনারা ঃ শিক্ষিত সম্প্রদায়, সেগুলি প্রচার করে, প্রচার মারফৎ গ্রামে তাদের জানিয়ে দিতে পারেন। বাস্তবিক এই যে সামনে, ২৬এ জানুয়ারী ভিলেজ ডিফেন্স স্কীম হয়েছে এবং বাংলা দেশে দুই লক্ষ গ্রামসেবক নিয়ে এ বিষয় একটা ইউনিট গঠিত হয়েছে তাদের তিনটি কাজের মধ্যে একটি কাজ হচ্ছে মাস্ এডুকেশান এই মাস্ এডুকেশান-এর ডেফিনেশন করা হয়েছে শুধু নিরক্ষরতা দূরীকরণ নয়, অ, আ, ক, খ শেখান নয় বা অঙ্ক শেখান নয়, কিছু কিছু তথ্য পরিবেশন করে দেশের উন্নতি সম্বন্ধে জ্ঞান বিতরণ করা। আমি মাননীয় সদস্যদের অনুরোধ করবো যদি আমাদের প্রচার বিভাগে এই সব জিনিস পড়ে থাকে, উপজাতিরা না পায় তাহলে তাঁরা অন্ততঃ উপজাতি ভাইদের ডেকে, তাদের মধ্যে এই সব প্রচারে সাহায্য করতে পারেন এবং তাদের বোঝাতে পারেন। পঞ্চম, আর একটি কথা তিনি নাকি বলেছেন যে রবীন্দ্রনাথের গান, নৃত্য, নাটক ইত্যাদি সংস্কৃতি প্রচার করে উপজাতিদের কল্যাণ সাধন করা হচ্ছে না। আমি আমার একটি ব্যক্তিগত অভিজ্ঞতার কথা তাঁকে বলি সুদূর মুর্শিদাবাদ জেলায় একটি উপজাতি অধ্যুষিত গ্রাম এলাকায় ডাঃ বিধানচন্দ্র রায় ছাত্রাবাস বা একটি হস্টেল উদ্বোধন করতে গিয়ে আমি আশ্চর্য হয়ে গেলাম, সেখানকার উপজাতি বালক, বালিকারা রবীন্দ্রনাথের শুধু নৃত্য ও সংগীত নয় রবীন্দ্রনাথের নাটকও অভিনয় করে আমাদের দেখালেন। ঠিক তেমনি বাঁকুড়া জেলায় একটি উপজাতি অধ্যুষিত এলাকার একটি এগ্রিকালচারাল এনিম্যাল হাজব্যান্ড্রি ফার্ম উদ্বোধন করতে গিয়ে দেখলাম যে সেখানকার উপজাতি ভাই, বোনেরা আমাদের সেই সভায় রবীন্দ্র সংগীত পরিবেশন করলেন। সুতরাং রবীন্দ্রনাথকে যদি উপজাতিদের মধ্যে পরিচিত করা উচিত বলে আমাদের বন্ধুরা মনে করেন, তাহলে তাঁদের সকলেরই এ বিষয় একটু সচেষ্ট হওয়া উচিত, এবং তা হলেই রবীন্দ্রনাথ উপজাতি ভাই এবং অন্যান্য অনুন্নত ভাইদের মধ্যে প্রসার লাভ করবে। আমি এ সম্বন্ধে আর বেশী কিছু বলবো না।

[5—5-10 p.m.]

যে কথা আমাদের মনসুর সাহেব বলেছেন সে সম্বন্ধে বলি যে তাঁর জানা উচিত যে বেঙ্গল টেন্যান্সি এ্যাক্ট-এ রেস্ট্রিকশন ছিল যে কালেক্টর-এর পারমিশন ছাড়া কেউ উপজাতির জমি হস্তান্তর করতে পারবে না। এই ধারাটি হুবহু এস্টেটস এ্যাকুইজিশন এ্যাক্ট-এ রাখা হয়েছে। সুতরাং এখনও পর্যন্ত উপজাতি মনে করলে অন্য জাতির মত তাকে জমি থেকে উৎখাৎ করা যায় না। শেষকালে আমি এই কথা বলব যে উপজাতি কল্যাণের কথা আমাদের চিন্তা করতে গিয়ে আমাদের এই কথাও ভাবতে হবে যে সমস্ত জিনিসের আসল উদ্দেশ্য হচ্ছে অনুন্নত সম্প্রদায় সমূহকে উন্নত সম্প্রদায় সমপর্যায়ে আনা। চিরকাল ব্যাকওয়ার্ড কমিউনিটি থাকবে এবং আমরা স্পেশাল স্পুন ফিডিং করে যাব এটা সমর্থনযোগ্য নয় বা কেউ কামনা করবেন না। তাই যেমন একদিকে আজ উপজাতিদের জন্য এই সমস্ত টাকা বরাদ্দ করা হচ্ছে তেমনি কল্যাণ-কামী রাষ্ট্রে স্বাস্থ্য, শিক্ষা, যোগাযোগ সমষ্টি উন্নয়নের যা কিছু ব্যবস্থা হচ্ছে এ থেকে কি আদিবাসীরা এবং অনুন্নত ভাইয়েরা বঞ্চিত হচ্ছেন? দাবার খেলায় যেমন হ্যান্ডিক্যাপ রেস সেখানে যদি ডাবল হ্যান্ডিক্যাপ দেওয়া হয় সেইরকম ১৫০ বছরের বৃটিশ শাসনে তাদের যে অবহেলা দেখান হয়েছে যে অন্ধকারে তাদের রাখা হয়েছে তা থেকে মুক্ত করে তাদের নোতুন জীবনে আনতে আমাদের চেষ্টা করতে হবে। এই জন্য সকলের সমবেত চেষ্টা সরকারী এবং বেসরকারী সকলের চেষ্টা হলে আমাদের উন্নত সম্প্রদায়েরও চেষ্টা করা উচিৎ তাহলে আমরা দ্রুত সাফল্য লাভ করতে পারব। এই বলে আমি এই ব্যয় মঞ্জুরের জন্য প্রার্থনা করছি।

Mr. Speaker: I put together to vote all the cut motions on Grant No. 31, except cut motions Nos. 2, 5, 6 and 14 on which division has been claimed.

(The cut motions were then put and lost)

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 93,25,000 for expenditure under Grant No. 31, Major Head: "39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Radhika Dhibar that the demand of Rs. 93,25,000 for expenditure under Grant No. 31, Major Head: "39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand of Rs. 93,25,000 for expenditure under Grant No. 31, Major Head: "39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Jaleswar Hansda that the demand of Rs. 93,25,000 for expenditure under Grant No. 31, Major Head: "39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand of Rs. 93,25,000 for expenditure under Grant No. 31, Major Head: "39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri A. H. Besterwitch that the demand of Rs. 93,25,000 for expenditure under Grant No. 31, Major Head: "39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes" be reduced by Rs. 100, was then put and lost.

Mr. Speaker: I have received four calling attention notices on the following subjects::—:

(1) and (2) Proposed increase in fares of the State Buses—by Dr. Narayan Chandra Roy and Shri Nikhil Das,

(3) Hunger strike by the prisoners detained under the Defence of India Rules in the Presidency Jail—by Shri Bhabani Mukhopadhyay, and

(4) Re: steps taken by the Government to recover the arrear Sales Tax from Messrs. Serajuddin & Co.—by Shri Kashi Kanta Maitra, Shri Sailendra Nath Adhikary, Shri Abdul Bari Moktar, Shri Syed Nawab Jani Meerza and Shri Balai Lal Das Mahapatra.

I have selected the notice of Shri Nikhil Das and Dr. Narayan Chandra Roy on the subject of proposed increase in fares of the State Buses.

The Hon'ble Minister-in-charge may please give the reply today or give me a date on which the reply will be given.

The Hon'ble Sankardas Banerji: Sir, a number of calling attention notices on this very subject has been given, viz., the proposed increase in fares of the State Buses, of which Dr. Narayan Chandra Roy's is one. I have in hand a ready answer to calling attention notice proposed by Shri Nani Bhattacharjee on the same subject. I am ready with the answer and I will give the answer to the House. It will cover all the aforesaid calling attention notices tabled on the same subject.

[12-20—12-30 p.m.]

Sir, the Calcutta State Transport Corporation has proposed that in view of (i) extra commitment arising out of revision of scales of pay of its employees, (ii) recent increase in Excise Duties on diesel, petrol, spare parts, tyres and tubes, etc. and (iii) increase in the rate of road tax, the bus fares of the Calcutta State Transport Corporation should be increased for meeting the additional cost of operation. It has been estimated by the Calcutta State Transport Corporation that in addition to a charge of 15 lakhs on account of revision of scales of pay, the extra financial burden during 1963-64 will be of the order of Rs. 40 lakhs as indicated below:

		Rs.
Petrol	...	46,400
Diesel Oil	...	22,61,600
Kerosene	...	9,100
Tyres & tubes	...	4,12,600
Spare parts	...	2,00,000
Printing paper	...	30,000

		Rs.
Aluminium	...	75,000
Lubricants	..	70,000
Miscellaneous— (Glass, paints, hardware, paper etc.)	...	2,00,000
State Tax— Addl. road tax	...	7,11,100
Total	...	40,15,800

The proposal of the State Tranport Corporation is now under examination of the State Government. The State Government is also considering the rate of interest which the Corporation should pay in respect of the capital and loans advanced to them by the State Government.

Shri Asoke Krishna Dutta: On a point of privilege, Sir.

আমি কালকে এই হাউসে......

Mr. Speaker: I have received your papers and I am looking into it. In the meantime I have been informed that some publication regarding the mistake has been issued in to-day's paper. I will see to it and then I will give my decision.

Asoke Krishna Dutta:

আপনি কবে এই বিষয়ে জানাবেন, কালকে?

Mr. Speaker: It is difficult for me to say now. I will look into it and give my decision.

Shri Birendra Narayan Ray:

স্যার, আমি একটা প্রিভিলেজ-এর নোটিশ দিয়েছিলাম।

Mr. Speaker: Mr. Ray, there has been no breach of privilege because in answering the question the word "ex-M.L.A." has not been stated. He has been described as "M.L.A." and that is the mistake.

Shri Birendra Narayan Ray:

আর একটা জিনিস, বহরমপুরের মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান হিসাবে যাকে বলা হয়েছে তিনি চেয়ারম্যান নন, ইচ্ছা করে ভুল ব্যাখ্যা দিয়ে আমাদের বিভ্রান্ত করা হচ্ছে, পর পর দুটো উত্তরেই একজনকে চেয়ারম্যান বলা হচ্ছে, আর একজনকে এম এল এ বলা হচ্ছে—

Shri Sambhu Charan Ghosh:

স্পীকার মহাশয়, আপনার কাছে আমি একটা কথা নিবেদন করতে চাই, বিভিন্ন সংবাদপত্রে দেখলাম সিকিমের মহারাজার বিয়েতে কলকাতা থেকে দামী দামী সোনার গহনা গিয়েছে, এই সোনার গহনাগুলি কি ১৪ ক্যারেট, না ২২ ক্যারেটের এটা আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাচ্ছি।

Mr. Speaker: Honourable members, now Voting on Demand for Grants, Grants No. 12, 11 and 37 will be taken together, and the members may give their speeches on their cut motions with regard to all the 3 Grants.

BUDGET OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR 1963-64

VOTING ON DEMAND FOR GRANT

Demand for Grant No. 12, Major Head: 19—General Administration, Demand for Grant No. 11, Major Head: 18—Parliament and State Legislature and Demand for Grant No. 37, Major Heads: 65—Pensions and Other Retirement Benefits, etc.

The Hon'ble Shri Prafulla Chandra Sen: I move all the three Grants.

Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,46,80,000 be granted for expenditure under Grant No. 12, Major Head: "19-General Administration".

Sir, on the recommendation of the Governor I also move that a sum of Rs. 32,15,000 be granted for expenditure under Grant No. 11, Major Head: "18-Parliament and State Legislatures".

Sir, on the recommendation of the Governor I move that a sum of Rs. 1,81,92,000 be granted for expenditure under Grant No. 37, Major Heads. "65-Pensions and other Retirement Benefits and 120-Payments of commuted value of Pensions".

মাননীয় অধ্যক্ষ, আজকে আমাদের জেনারেল অ্যাডমিনিস্ট্রেসন সম্বন্ধে প্রারম্ভে আমি সামান্য কয়েকটা কথা বলব। আমি দেখছিলাম, মাননীয় অধ্যক্ষ, যে পশ্চিম বাংলায় জেনারেল অ্যাডমিনিস্ট্রেসন এর ব্যয় মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ এবং গুজরাটের চেয়ে ঢের কম, আমি অন্যান্য রাজ্যের সংগে তুলনা করি নাই শুধু তাই নয়, আমাদের পশ্চিম বাংলায় মোট যে পরিমাণ আমাদের রেভিনিউ এক্সপেনডিচার হয় গত ৩ বৎসরের হিসাবে দেখছিলাম প্রত্যেক বছর আমাদের পারসেনটেজ কমে যাচ্ছে জেনারেল অ্যাডমিনিস্ট্রেসন-এর ব্যয়ে, যেমন ১৯৬০-৬১ সালে ছিল মোট যা রেভিনিউ ব্যয় তার শতকরা ৪·০১, অর্থাৎ শতকরা ৪ ভাগের কিছু বেশি, মোট রেভিনিউ এক্সপেনডিচার-এর। তার পরের বছর ১৯৬১-৬২ সালে সেটা অবশ্য একটু বাড়ল, তাও সামান্য, কি হল? মোট রেভিনিউ এক্সপেনডিচার-এর শতকরা ৪·১ ভাগ প্রায় সমান। তার পরের বছরে, অর্থাৎ গত বছর রিভাইজড ১৯৬২-৬৩ সালে মোট আমাদের যে রেভিনিউ ব্যয় হয়েছে তার শতকরা খরচ হল জেনারেল অ্যাডমিনিস্ট্রেসন-এর জন্য ৩·৮, অর্থাৎ কমে গেল, আর আগামী বছরে ১৯৬৩-৬৪ সালের জন্য যে বরাদ্দ চাচ্ছি তাতে সেটা আরও কমে গিয়ে মোট রেভিনিউ এক্সপেনডিচার-এর শতকরা মাত্র ৩·৫ ভাগে দাঁড়িয়েছে। কোথাও ৪·১, আর কোথায় ৩·৫। আগের তুলনায় আজকাল আমাদের সরকারের তরফ থেকে অনেক বেশি টাকা ব্যয় করা হচ্ছে, যেমন, ১৫ বৎসর আগে রেভিনিউ খাতে কোটি টাকা ব্যয় করতাম, এ বছর আমরা রেভিনিউ খাতে ব্যয় করব ১০৯ কোটি। প্রতি বছরই আমাদের সরকারী কর্মচারীর সংখ্যা বাড়ছে, গড়ে প্রায় ৮।৯ হাজার করে আমাদের সরকারী সংখ্যা প্রতি বছর বাড়ছে, এবং মাননীয় অধ্যক্ষ, আপনি শুনলে হয়তো আশ্চর্যান্বিত হবেন, আগে যেখানে আমাদের ৭৭ হাজার সরকারী কর্মচারী ছিলেন আজকে সেখানে সরকারী কর্মচারীর সংখ্যা হয়েছে ২ লক্ষ ১৭ হাজার। আমরা যেদিন স্বাধীন হয়েছি সেদিন সরকারী কর্মচারীর সংখ্যা ছিল ৭৭ হাজারের কাছাকাছি আর আজকে সেখানে গিয়ে দাঁড়িয়েছে ২ লক্ষ ১৭ হাজারে। অন্যান্য প্রদেশের সংগে তুলনা করে আমি এটুকুই দেখাতে পাচ্ছি আমাদের পশ্চিম বাংলায় মোট রেভিনিউ ব্যয়ের শতকরা খরচের হার জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন এর জন্য সবচেয়ে কম। আমি প্রথমে মহারাষ্ট্রের সঙ্গে তুলনা করব। মাননীয় অধ্যক্ষ, আপনি জানেন আমাদের পশ্চিম বাংলায় লোকসংখ্যা এখন সাড়ে তিন কোটি আর মহারাষ্ট্রের লোকসংখ্যা ৩ কোটি ৯৫ লক্ষ প্রায় ৪ কোটি। মহারাষ্ট্রে ১৯৬১-৬২ সালে মোট রেভিনিউ ব্যয়ের শতকরা ৬·৬৭ ব্যয় হত জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনএর জন্য আর তার পরের বছর ১৯৬২-৬৩ সালে ব্যয় হয়েছে ৭·৮, আর সবচেয়ে বড় প্রদেশ উত্তরপ্রদেশ যেখানকার লোকসংখ্যা ৭ কোটির বেশি সেখানে ১৯৬০-৬১ সালে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনএর ব্যয়ের শতকরা হার হচ্ছে মোট রেভিনিউ এক্সপেন্ডিচারএর ৫·৫।

[12-30—12-40 p.m.]

১৯৬১-৬২ সালে সেটা গিয়ে দাঁড়াল ৬·৫, আর ১৯৬২-৬৩ সালে সেটা গিয়ে দাঁড়াল ৬·৯ আবার ১৯৬২-৬৩ সালে ৩·৮, আর এবার যেটা চাইছি সেটা হল ৩·৫—৩½ পারসেন্ট সমস্ত টোট্যাল রেভিনিউ এক্সপেন্ডিচার। আমাদের এখানে যে ২ লক্ষ ১৭ হাজার কর্মচারী আছে তার মধ্যে বেশির ভাগ কর্মচারীরা আমাদের বেতন অবশ্য কম পান। কিন্তু যে কর্মচারীরা বেতন বেশি পান তাঁদের সংখ্যা নগণ্য এবং তাঁদের যে বেতনের গড় তাতে ১৯৩৯ সালকে যদি ১০০ ধরি তা হলে দেখব তাঁদের বেতনের হার কমে গেছে। এইভাবে যাঁরা সবচেয়ে কম বেতন পেতেন তাঁদের বেতনের হার বেড়েছে। আমি আপনার অবগতির জন্য একটা যদি পরিসংখ্যান দিই তা হলে জিনিসটা আরও পরিষ্কার হবে। আমাদের পশ্চিম বাংলায় যে ২ লক্ষ ১৭ হাজার কর্মচারী আছেন তাঁদের মধ্যে ৫৫ টাকা থেকে ৭৬ টাকা মাইনে পান ৭৬ হাজার ৬৫৯ জন, আর ৭৬ টাকা থেকে ৩০০ টাকা মাইনে পান ১ লক্ষ ৩০ হাজার ৬৩৯, ৩০১ টাকা থেকে ৫০০ টাকা মাইনে পান ৭ হাজার ৬৬১ জন, ৫০১ থেকে ১ হাজার টাকা মাইনে পান ২ হাজার ২৫৯ জন, ১ হাজার ১ টাকা থেকে ২ হাজার টাকা পর্যন্ত মাইনে পান ৫১১ জন, ২ হাজার ১ টাকা থেকে ৩ হাজার টাকা বেতন পান মাত্র ৬৮ জন এবং ৩ হাজার ১ টাকা থেকে উপরে মাইনে পান আমি তাঁদের কথা মানেই বলেছি যে, নগণ্য মাত্র ৩৩ জন এর মধ্যে হাইকোর্টের জজ পর্যন্ত আছেন। আবার যেকথা বোঝাবার চেষ্টা করি সেটা হচ্ছে এই যে, আমাদের পে কমিটি বসেছিল তারপর আমরা বেতন বৃদ্ধি করেছি এবং যদি ১৯৩৯ সালে ১০০ টাকা যিনি বেতন পেয়েছেন—মিনিয়েলস, যাঁদের আমরা বলি সবচেয়ে নিম্নস্তরের কর্মচারী তাঁরা যদি ১৯৩৯ সালে ১০০ টাকা পেতেন এখন তাহলে তাঁরা সেই জায়গায় পাচ্ছেন ৪৫০ টাকা। অর্থাৎ ৪½ গুণ বেতন বৃদ্ধি হয়েছে। কেরানী যাঁরা ১৯৩৯ সালে সেখানে ১০০ টাকা পেতেন সেখানে এখন ইনকাম ট্যাক্স ইত্যাদি সমস্ত বাদ দিয়ে [illegible] পাচ্ছেন [illegible] টাকা। কিন্তু যদি গেজেটেড অফিসারদের ধরেন, যেমন আমাদের ডেপুটি [illegible] এস [illegible] যদি ১৯৩৯ সালে ১০০ টাকা পেয়ে থাকেন তা হলে এখন পাচ্ছেন [illegible] টাকা কিছু তাঁদের বেড়েছে। আর যদি ডব্লিউ বি সি এস র‍্যাঙ্কের লোক ধরেন তা হলে তাঁরা যদি ১৯৩৯ সালে ১০০ টাকা পেতেন তাহলে এখন পাচ্ছেন মোট ৯৯ টাকা ইনকাম ট্যাক্স ইত্যাদি [illegible] দিয়ে। আমাদের বিভিন্ন বিভাগের যাঁরা সেক্রেটারি আছেন তাঁরা যদি ঐ ১৯৩৯ সালে ১০০ পেতেন তা হলে এখন সেখানে তাঁরা পাচ্ছেন মাত্র ৭৮ তাঁদের কমে গেছে। আমাদের কমিশনার যিনি বেশি মাইনে পান বা আমাদের বোর্ড অফ রেভিনিউ মেম্বার যাঁরা বেশি মাইনে পান তাঁরা যদি ১৯৩৯ সালে ১০০ পেতেন তা হলে এখন ইনকাম ট্যাক্স ইত্যাদি বাদ দিয়ে ৬৫ টাকা পাচ্ছেন অর্থাৎ কমে গেছে। সেজন্য এঁদের আজকাল প্রায় চলে না। আমার কাছে আজকে একজন সেক্রেটারি স্থানীয় কর্মচারী এসে বললেন যে আমাদের আজকাল সংসার চালানো বড় দায়। অথচ আমাদের বলা হয় আমাদের অ্যাডমিনিস্ট্রেশন খুব বেশি মথা ভারি। আমি তাই এতক্ষণ ধরে এটাই বোঝাবার চেষ্টা করলাম যে, আমাদের অ্যাডমিনিস্ট্রেশন মোটেই মাথাভারি নয়, একেবারে মাথা হালকা।

কাজে কাজে দেখছি পশ্চিম বাংলার অ্যাডমিনিস্ট্রেশনএর জন্য আমরা মোট কত টাকা ব্যয় করছি যদি রেভিনিউর সঙ্গে ক্যাপিটাল এক্সপেন্ডিচার ধরি তা হলে দেখব খুব কম টাকা খরচ হচ্ছে, এ বৎসর যা ব্যয় করব ডেভেলপমেণ্টএর সঙ্গে যদি ধরি তা হলে এই অ্যাডমিনিস্ট্রেশন খরচা—মাননীয় স্পীকার মহাশয় আপনি জানেন, তা হলে সাড়ে ৬৪ কোটি টাকা খরচ করব এই পঞ্চবার্ষিক পরিকল্পনার তৃতীয় বছরে—এই সাড়ে ৬৪ কোটি টাকা ব্যয় করব। কাজে কাজেই আমাদের অ্যাডমিনিস্ট্রেশনএর যে স্ট্রাকচার এটা মোটেই মাথাভারি নয়। এই অ্যাড-মিনিস্ট্রেশন চালাবার সময় অনেকে বলেন ,মশাই, অনেক দুর্নীতিপরায়ণ কর্মচারী আছে, তাদের তোমরা সায়েস্তা করছ না কেন? নিশ্চয়ই সায়েস্তা করব। যখন কোন অভিযোগ পাই সে সম্বন্ধে তদন্ত করি তাড়াতাড়ি। যাদের বিরুদ্ধে আমার কাছে কমপ্লেন আসে তাদের সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করবার জন্য আমরা দুজন রিটায়ার্ড জজ নিযুক্ত করেছি। যতটা তাড়াতাড়ি তাদের বিরুদ্ধে যত চার্জ আছে সেগুলি দেখেশুনে আদালতে যেতে পারে না হলে তাদের বিরুদ্ধে ডিপার্টমেন্টাল প্রসিডিংস নেওয়া হবে। আমি গত চার বছরের একটা হিসাব দেখছিলাম ১৯৫৯ সালে ৭৩৯টা কেস আমাদের কাছে এসেছে ও তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করেছি, তার সম্বন্ধে ৪৫টা কেসকে আদালতে পাঠিয়েছি, এবং ৫টা কেসএ শাস্তি

হয়েছে। ১২৭টা কেসএ ডিপার্টমেন্টাল প্রসিডিংসএর জন্য দিয়েছি, তার মধ্যে ২১ জনের শাস্তি হয়েছে। ১৯৬০ সালে ৫৫৪ জনের বিরুদ্ধে আমরা কেস করেছি কোর্টএ গেছে ৩৩টা, শাস্তি পেয়েছেন ৪ জন, ডিপার্টমেন্টাল প্রসিডিংসএ ২১৭, আর শাস্তি পেয়েছেন ৪৮, ১৯৬১ সালে ৩৪৭ জনের বিরুদ্ধে আমরা কেস করেছি, ব্যবস্থা অবলম্বন করেছেন—কোর্ট-এ গেছে ৯টা কেস, তার মধ্যে ৫টা শাস্তি পেয়েছে আর ডিপার্ট-মেন্টাল প্রসিডিংস হয়েছে ২৭৪ জনের বিরুদ্ধে, ইতিমধ্যে ৪৪ জন শাস্তি পেয়েছেন। [illegible] গত বছর অর্থাৎ ১৯৬২ সালে ৭৪৮ জনের বিরুদ্ধে অভিযোগ পেশ করেছি, তার মধ্যে আদালতে গেছে ৯৬টা, ইতিমধ্যে শাস্তি পেয়েছে ৩১টা, এবং ডিপার্ট-মেন্টাল প্রসিডিংস ২৯৮ জনের বিরুদ্ধে, ইতিমধ্যে শাস্তি পেয়েছেন ৩৫ জন। আমাদের অ্যাডমিনিস্ট্রেসন সম্বন্ধে মাননীয় অনেক সদস্যরা ছাঁটাই প্রস্তাব দিয়েছেন, এবং বিতর্কের [illegible] উত্তর দেবার সময় [illegible] উত্তর দেবার চেষ্টা করবো। আর একটা ব্যয় বরাদ্দ আপনাদের কাছে উত্থাপন করছি তা হলো পার্লামেন্ট অ্যান্ড স্টেট লেজিসলেচার-এর জন্য [illegible] লক্ষ ১৫ হাজার টাকা, এটা মোট এই যে স্টেট লেজিসলেটিভ অ্যাসেমব্লি ও লেজিসলেটিভ কাউন্সিল-এর ব্যয় ও মিনিস্টারদের জন্য যে ব্যয় হয় আমি মিনিস্টারদের জন্য যে খরচ হয় [illegible] দেখেছিলাম, যত মিনিস্টার আছেন, অবশ্য এখন সংখ্যায় ২ জন কম আছেন। আমাদের [illegible] ডাঃ রায় যখন এই মিনিস্ট্রী গঠন করেন তখন মোট মিনিস্টার ছিলেন ৩৫ জন। ক্যাবিনেট মিনিস্টার ১৫ জন, স্টেট মিনিস্টার ১১ জন, এবং ডেপুটি মিনিস্টার ৯ জন- মোট [illegible] জন, তার মধ্যে এখন [illegible] জন আছেন মিনিস্টার। এঁরা ক্যাবিনেট মিনিস্টার ১৩ জন, স্টেট মিনিস্টার ১১ জন, ও ডেপুটি মিনিস্টার ৯ জন। এই সমস্ত মিনিস্টার বা এই সমস্ত [illegible] ক্যাবিনেট মিনিস্টার ধরেও এঁদের বেতন হিসাবে ব্যয় বরাদ্দ ধরা হয়েছে ২ লক্ষ ৮৫ হাজার টাকা। [illegible] লক্ষ্য করবার বিষয় হচ্ছে এই যে, আগে শতকরা ১০ ভাগ নিতাম না, এবং এই যুদ্ধ [illegible] হবার পর থেকে ২ মাস আমরা শতকরা ২৫ টাকা করে নিই নাই। ন্যাশানাল ডিফেন্স [illegible] দিয়েছি। এখন [illegible] করেছি আগে যে ১০ পারসেন্ট কাটছিল আরও ১০ পারসেন্ট [illegible]। আমি হিসাব করে দেখছিলাম যদি ৩৫ জন মিনিস্টার [illegible] ২ লক্ষ [illegible] হাজার টাকা [illegible] দিচ্ছি ৫৭ হাজার [illegible] ২ লক্ষ [illegible] হাজারের [illegible] ২ লক্ষ ২৮ হাজার [illegible] যদি আমাদের মন্ত্রীর সংখ্যা বাড়ান না [illegible]

[illegible] [12-50 p.m.]

[illegible] মিনিস্টারদের জন্য অন্য যেসমস্ত ব্যয় আছে তার পরিমাণ, তাদের যাতায়াতের খরচ, [illegible] এলাউন্স এই সমস্ত ধরে মোট হচ্ছে ৭ লক্ষ ৯১ হাজার টাকা বেতন সমেত - তার [illegible] অবশ্য কিছু বেঁচে যাবে। এবং এটা আমাদের মোট রেভিনিউ এক্সপেনডিচার হয় তার [illegible] ভাগেরও কম। আমাদের এখানে যে এম এল এ আছে তাদের হিসাব করে দেখেছিলাম [illegible] সবাই মফঃস্বল থেকে আসেন না- গড়ে মোট ৩৭৭ টাকা পান। কেউ হয়তো ৪০০ [illegible] পান কেউ হয়তো ৫০০ টাকা পান। কলকাতা থেকে যারা আসেন তারা কম পান। তবে [illegible] হচ্ছে ৩৭৭ টাকা। এখানে মাননীয় সদস্যদের কাছে এই হিসাব দিলাম এই জন্য যে [illegible] মনে নানা রকম আশঙ্কা আছে। মিনিস্টাররা যা বেতন পান তার উপর তাদের [illegible] ট্যাক্স দিতে হয়। কাজেই মিনিস্টারদের জন্য ব্যয় খুব বেশি হয় না। আমি আর একটা আপনাদের কাছে বরাদ্দের জন্য উপস্থিত করেছি যার পরিমাণ হোল ১ কোটি ৮১ লক্ষ ৯২ [illegible] টাকা। আমাদের যারা সরকারী কর্মচারী তাদের পেন্সন দিতে হয়—কেউ হয়তো ভারত-[illegible] থাকেন, কেউ হয়তো ইউ কে-তে থাকেন তাদের পেন্সন দেওয়া হয়, গ্রাচুইটি দেওয়া হয় [illegible] প্রভিডেন্ট ফান্ড পেন্সন ইত্যাদি সমস্ত কিছু ধরে ১ কোটি ৮১ লক্ষ ৯২ হাজার টাকা [illegible] হয়েছে। আশা করি এ নিয়ে বেশি কিছু বিতর্ক হবে না—এমন কিছু ছাঁটাই প্রস্তাবও [illegible] পাই নি। আমি আর সময় নিতে চাই না—এই কয়েকটি কথা বলে আমি এই তিনটি দাবী [illegible] হাউসে পেশ করছি।

Mr. Speaker: All cut motions under Grant No. 12 are in order and they are taken as moved.

Shri Abhoy Pada Saha: Sir, I withdraw my cut motion No. 8 un Grant No. 11.

Mr. Speaker: In Grant No. 11 cut motion No. 9 is out of order and motion No. 8 is withdrawn. The rest of the cut motions are in order a they are taken as moved.

In Grant No. 37 all the cut motions are in order and they are taken moved.

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced to Re. 1.

Dr. Radhanath Chattoraj: Sir, I move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced to Re. 1.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced to Re. 1.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced to Re. 1.

Shri Birendra Narayan Ray: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced to Re. 1.

Shri Hemanta Kumar Basu: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19-General Administration" be reduced to Re. 1.

Shri Kandru Majhi: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced to Re. 1.

Shri Apurba Lal Mazumdar: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced to Re. 1.

Shri Deo Prakash Rai: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced to Re. 1.

Shri Somnath Lahiri: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced to Re. 1.

Shri Birendra Narayan Ray: Sir, I beg to move that that the deman of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head "19—General Administration" be reduced by Rs. 4,44,500.

Shri Tarun Kumar Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Shri Aboni Bhattacharyya: Sir, I beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Shri Gour Chandra Kundu: Sir, I beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Shri Somnath Lahiri: Sir, I beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Dr. Narayan Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Shri Haridas Chakravarty: Sir, I beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Shri Sambhu Charan Ghosh: Sir, I, beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Shri Kamal Kanti Guha: Sir, I beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Shri Girija Bhusan Mukherjee: Sir, I beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Shri Birendra Narayan Ray: Sir, I beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100.

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced by Rs. 100.

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced by Rs. 100.

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19-General Administration" be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Basu: Sir I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced by Rs. 100.

Shri Shreemohan Thakur: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19-General Administration" be reduced by Rs. 100.

Shri Gopal Banerjee: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19-General Administration" be reduced by Rs. 100.

Shri Hemanta Kumar Basu: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19 General Administration" be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19-General Administration" be reduced by Rs. 100.

Shri Mahananda Haldar: Sir, I beg to move that the demand Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19-General Administration" be reduced by Rs. 100.

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that the demand Rs. 32,15,000 for expenditure under Grant No. 11, Major Head: "18 Parliament and State Legislatures" be reduced to Re. 1.

Shri Aswini Roy: Sir, I beg to move that the demand Rs. 32,15,000 for expenditure under Grant No. 11, Major Head: "18 Parliament and State Legislatures" be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand Rs. 32,15,000 for expenditure under Grant No. 11, Major Head: "18 Parliament and State Legislatures" be reduced to Rs. 100.

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that the demand Rs. 32,15,000 for expenditure under Grant No. 11, Major Head: "18-Parliament and State Legislatures" be reduced to Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 32,15,000 for expenditure under Grant No. 11, Major Head: "18—Parliament and State Legislatures" be reduced to Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 1,81,92,000 for expenditure under Grant No. 37, Major Head: "65—Pensions and Other Retirement Benefits and 120—Payments of Commuted value of Pensions" be reduced to Re. 1.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 1,81,92,000 for expenditure under Grant No. 37, Major Head: "65—Pensions and Other Retirement Benefits and 120—Payments of Commuted value of Pensions" be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 1,81,92,000 for expenditure under Grant No. 37, Major Head: "65—Pensions and Other Retirement Benefits and 120—Payments of Commuted value of Pensions" be reduced to Rs. 100.

Shri Bhabani Mukhopadhyay:
মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে সাধারণ শাসন বিভাগ সম্বন্ধে বরাদ্দের প্রশ্ন আলোচনা শুনতে হবে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে অনেক তথ্য পেলাম যে টপ হেভি এ্যাডমিনিস্ট্রেসন মাথাভারী শাসন যন্ত্র চালু রাখেন না—তাঁরা গরীব কর্মচারীদের মাইনের পরিমাণ অনেক বাড়িয়েছেন এবং অনবরত বেড়ে চলেছে এবং সরকারী বিভাগে আজকে বেশী মাইনে পাওয়ার লোক সংখ্যা কম আজকে তাদের মাইনের হার কমাবার চেষ্টা হয়েছে এবং শাসন-যন্ত্রের ব্যয়ভার কমানো হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দেশে যখন চরম দুর্দিন, সংকটের মধ্য দিয়ে দেশ চলছে বলা হচ্ছে, সেই সময় আমাদের নেতৃবর্গ, যাঁরা আজকে শাসন ব্যবস্থার কর্তৃত্বে রয়েছেন, তাঁরা জনসাধারণের জন্য ত্যাগস্বীকারের যে উদাহরণ এখানে বিবৃত করেছেন, দেশের লোক কিন্তু আজকে সেই ত্যাগস্বীকারটা কতখানি আসল সেটা উপলব্ধি করতে পারছে না। আমরা যখন দেখি জরুরী অবস্থায় পাঞ্জাবের মন্ত্রী সভাকে সংক্ষিপ্ত করে ফেলা হলো, তখন এই দেশেতে পশ্চিমবঙ্গের মন্ত্রীর সংখ্যা, উপমন্ত্রীর সংখ্যা, রাষ্ট্রমন্ত্রীর সংখ্যা, কমান হবে কি না, এই প্রশ্ন দেশবাসীর তরফ থেকে উত্থাপিত হয়েছিল এবং সমস্ত খবরের কাগজে এ নিয়ে আলোচনাও হয়েছিল। জনমত সেখানে উঠে ছিল যে, মন্ত্রী সংখ্যা এখানেও কম করা হোক। কিন্তু আমি জানি না, এই সমস্ত মন্ত্রী, উপমন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী কি কি দায়িত্ব ও কি দায়িত্ব তাঁরা পালন করে থাকেন। পাঞ্জাবে দেখা গেল কম সংখ্যক মন্ত্রী নিয়েও কাজ চলে। আর আমাদের পশ্চিম-বাংলায় সেই জিনিস চলে না। সেখানে মন্ত্রী, উপমন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী ৩৬।৩৭ জন রেখে দেওয়া হয়েছে। তাঁরা আজ জরুরী পরিস্থিতির জন্য কিছু কিছু মাইনে থেকে, ভাতা থেকে, ত্যাগ-স্বীকার করছেন বলে বলছেন, তাহলে দেশবাসীর কাছে বড় প্রশ্ন একজন মন্ত্রী যাঁরা দেশসেবক যাঁরা দেশের জন্য ত্যাগ স্বীকার করে দেশ সেবা করতে এসেছেন বলে দাবী করে বাইশশো বা আড়াই হাজার টাকা মাইনে পান তাঁদের সংগে সরকারী কর্মচারী যারা নিম্নতম মাইনে পায়, মুখ্যমন্ত্রী স্বীকার করে গেলেন ৫৫ টাকা, এই দুঃখের মধ্যে কি সমাজতান্ত্রিক ধাঁচ আছে, তা আমি বুঝতে পারি না, সমাজতান্ত্রিক প্যাটার্ণের সংগে খাপ খাইয়ে সেটা চলছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই যে দেশবাসী সমাজতান্ত্রিক ধাঁচের তাৎপর্য উপলব্ধি করতে পারছে না। আজ দেশবাসী এর চরম উদাহরণ দেখছে যে লক্ষ লক্ষ স্বর্ণশিল্পী তাদের জীবিকা থেকে চ্যুত হয়েছে, তারা কর্মচ্যুত হয়েছে। তাদের প্রতি আমাদের জনপ্রিয় ও দেশপ্রিয় মন্ত্রীসভার দাক্ষিণ্যটা হচ্ছে প্রতি স্বর্ণশিল্পী পাবে মাথাপিছু চার টাকা। আড়াই হাজারী মন্ত্রীদের মাইনে আর বেকার স্বর্ণশিল্পীদের মাথাপিছু চার টাকা ভাতা এই হচ্ছে সমাজতান্ত্রিক ধাঁচের চেহারা। তাই নিয়ে আমরা গর্ব করে থাকি। আজ সরকারী কর্মচারীদের সংখ্যার কথা মুখ্যমন্ত্রী বলে গেলেন, তাদের অনেক কাজ বেড়েছে। তার জন্য বছরে বছরে তাদের সংখ্যা বাড়ান হচ্ছে এবং তার জন্য খরচও বেড়ে যাচ্ছে। এই যে ব্যাপার সরকারী যন্ত্র বাড়ানো হচ্ছে কি ভাবে? যাঁরা আমরা দেশের শাসন বিভাগের সংস্পর্শে এসেছি, তাঁরা দেখতে পেয়েছি, লক্ষ্য করেছি আজকে এই সরকারী কর্মচারী সৃষ্টি করা হচ্ছে বিভিন্ন ধরনের। তার মানে হচ্ছে কংগ্রেসের দল

পোষণ করা। আমরা যাঁরা গ্রামের সঙ্গে পরিচিত, আমরা জানি আজকে বিভিন্ন অঞ্চলে ব্লক কমিটি গঠিত হয়েছে, নিম্নস্তরে দেখুন ব্লক কমিটির বিভিন্ন এলাকায় কত সংখ্যক সরকারী কর্মচারী এক একটা ব্লকের সঙ্গে জুড়ে দেওয়া হয়েছে। অথচ যে কোন অফিসে গিয়ে খোঁজ নিন, দেখবেন আমি গ্রামসেবক, গ্রামসেবিকার কথা শুধু বলছি না, কত রকম এক্সপার্টস, এগ্রিকালচারেল এক্সপার্টস, ইন্ডাস্ট্রিয়াল এক্সপার্টস, কো-অপারেটিভ এক্সপার্ট এই রকম বিভিন্ন নামে সব এক্সপার্ট রেখে দেওয়া হয়েছে। তাদের যে কি কাজ সারাদিন তা বুঝতে পারি না।

[12-50—1 p.m.]

এই সমস্ত গ্রামের উন্নয়নমূলক কাজগুলি অতি সহজে গ্রামের যে অঞ্চল পঞ্চায়েত বা অন্যান্য বিভিন্ন সংস্থা আছে, তাদের মারফৎ করা যেতে পারে এবং উচ্চ স্তরের যদি কোন টেক্‌নিক্যাল পরামর্শ দেওয়া প্রয়োজন হয়, তাহলে তার জন্য একটা সামান্য কাঠাম রেখে দিলেই চলে, এবং তার মারফৎ এ টেক্‌নিক্যাল পরামর্শ দেওয়া যেতে পারে। তা না করে এই সমস্ত টপ্ হেভি এ্যাড্‌মিনিস্ট্রেসন রেখে দেওয়া হচ্ছে, নিজেদের দল পোষণের জন্য, যাদের কোন কাজ নেই, এবং এই ভাবে জনসাধারণের অর্থ অপব্যয় করা হচ্ছে। আমরা এর আগে শুনেছিলাম যে সরকারী শাসন ব্যবস্থা পরিচালনা যন্ত্রের সঙ্গে বিরোধী দলের সদস্যদের সংযুক্ত করা হবে। অর্থাৎ বিরোধী পক্ষ থেকে যখন অভিযোগ করা হয় যে সরকারী শাসন ব্যবস্থাকে এক দলীয় করে রাখা হয়েছে, এবং এখানকার অন্য কোন বিরোধী দলের সদস্যকে সেই গঠনতান্ত্রিক কাঠামোর মধ্যে সদস্য হিসাবে নেওয়া হয় নি, সেই সময় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে আমরা প্রতিশ্রুতি পেয়েছিলাম যে অন্যান্য বিরোধী দলের সদস্যদেরও এই সরকারী পরিচালন যন্ত্রের সঙ্গে সংযুক্ত করা হবে। আমি জানি না তা করা হয়েছে কিনা। তবে বিভিন্ন জায়গায় থেকে খবর নিয়ে জানতে পেরেছি যে কোন, কোন সরকারী প্রতিষ্ঠানে জনসাধারণের প্রতিনিধি নিয়ে কাজ করা হয়। যেমন বিভিন্ন মেডিকেল কলেজে এ্যাড্‌মিশনের ক্ষেত্রে, বা যেমন আর টি এ ইত্যাদি এই রকম সমস্ত সরকারী প্রতিষ্ঠানে, সেখানে একমাত্র কংগ্রেস দলের এম এল এ-কে নিযুক্ত করা হয়েছে। কমিউনিস্টদের কথা ছেড়ে দিলাম, অন্য কোন বিরোধী পক্ষের সদস্যকে নেওয়া হয়েছে, এর প্রমাণ আমরা পাইনি। এই ভাবে এক দলীয় শাসন ব্যবস্থা আজকে চালিয়ে যাওয়া হচ্ছে। আজকে বলা হয়ে থাকে সরকার পক্ষ থেকে -যেমন সেদিন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের সভার সামনে দাঁড়িয়ে বলে গেলেন যে দুর্নীতির ব্যাপারে সরকার খুবই সচেতন, এবং তা দমন করবার জন্য তাঁরা চেষ্টা করছেন। তিনি বলেছেন তাঁদের কাছে তথ্য দেওয়া হয় নি। তথ্য পেলে, সবটুকু তথ্য নিয়ে, যাতে দুর্নীতি দমন করা যায়, তার ব্যবস্থা তাঁর করবেন। আমি হাউসের সামনে রাখছি সরকারকে শুধু একবার জানান হয়েছে তা নয়, বার বার জানান সত্ত্বেও, সরকারী দপ্তর সে কথা গ্রাহ্য করে নি, তাকে বাতিল করে দিয়েছে। যে সমস্ত দুর্নীতির ঘটনাগুলি, অব্যবস্থার ঘটনাগুলি সরকারের দৃষ্টিতে আনা হয়েছে, তার কোন প্রতিকার পাওয়া যায় নি। প্রতিকার পাওয়া যায় নি এই জন্য যে সরকারী প্রতিষ্ঠানে কংগ্রেস দলের প্রভাবশালী ব্যক্তি আছেন, যাঁরা কংগ্রেস দলের মধ্যে প্রভাব বিস্তার করে থাকেন, তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হয় নি।

আমি আর একটা উদাহরণ দিচ্ছি চন্দননগরের এক ঘটনা সম্পর্কে, এবং যা শাকরি এই সভায় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে জান করার পারে। চন্দননগরে এ[illegible] কংগ্রেসী মাতব্বর ব্যক্তি, উদয় রাজ সিং, তাঁর বাড়ীর নাম হচ্ছে লাখরাজ ভবন তিনি সরকারী একটা ফেরীঘাট দখল করে বসে আছেন বছরের পর বছর ধরে। সেই ফেরীঘাটটা কর্পোরেশনের, এবং তা থেকে বৎসরে অন্ততঃ ৪০ হাজার টাকা আয় হতে পারে। কয়েক বছর ধরে তিনি সেটা দখল করে আছেন। আজ পর্যন্ত সেটাকে সরকারের কর্তৃত্বে বা কর্পোরেশনের কর্তৃত্বে আনবার কোন ব্যবস্থা করা হয়নি। কারণ এই ভদ্রলোক উদয় রাজ সিং একজন কংগ্রেসের মাতব্বর ব্যক্তি এবং এঁর বাড়িতে গত অক্টোবর মাসে বর্তমান অর্থমন্ত্রী মহাশয় গিয়েছিলেন দেশরক্ষার ন্যাশনাল ডিফেন্স ফান্ডের অর্থ কালেকসান-এর জন্য এবং আরও অনেক কংগ্রেসের মাতব্বর ব্যক্তিরা সেখানে গিয়ে মিটিং করেন এবং তাঁর বাড়িতে ভোজ সভা হয়। সেই উদয় রাজ সিং মহাশয় আজ চার, পাঁচ বছর ধরে এই ফেরীঘাটটা দখল করে বসে আছেন, একটাও পয়সা তিনি সরকারকে দেন না। এ সম্বন্ধে বলা হয়েছে যে হাইকোর্টে নাকি মামলা হচ্ছে, সেইজন্য কিছু করতে পারা যাচ্ছে না। কিন্তু আমরা জেনেছি কর্পোরেশনের কাছ থেকে তদন্ত করে যে সরকারের যিনি

লিগেল রিমেমব্রান্সার বা আইন বিশেষজ্ঞ, তিনি বলেছেন কর্পোরেশনের আইনের মধ্যে যে ত্রুটি আছে, সেই ত্রুটিটা সংশোধন করে নেওয়া দরকার। সরকারের আইন বিশেষজ্ঞ পরামর্শ দিচ্ছেন অথচ সরকার সেই আইনকে সংশোধন করছেন না। কেন না, এই যে ৪০ হাজারের মত টাকা, যেটা ঐ ফেরীঘাট থেকে সরকারের আয় হত, সেটা উদয় চাঁদ সিংকে দিয়ে দেওয়া দরকার। মুখ্যমন্ত্রী এ সম্বন্ধে অভিযোগ পাননি, স্বায়ত্বশাসন মন্ত্রী এ বিষয় অভিযোগ পাননি একথা যদি তাঁরা বলেন আমি বলবো যে কথাটা তাঁরা সত্যি বলছেন না কারণ এই সম্বন্ধে কয়েক বৎসর ধরে কয়েক শত পত্র এবং মন্ত্রীদের সঙ্গে দেখা সাক্ষাৎ সব কিছুই করা হয়েছে। শুধু এই ঘটনাই নয়, আর একটি দুর্নীতির ঘটনা আমি গত বৎসর এই হাউসের সামনে রেখেছিলাম সে সম্বন্ধে আজ পর্যন্ত কোন প্রতিকার হয়নি, আর একজন কংগ্রেসের প্রধান, এঁরাই হচ্ছেন কংগ্রেসের পাণ্ডার ব্যক্তি, শ্রীরামেশ্বর লাল আগরওয়ালা এবং বংশীধর আগরওয়ালা, তাঁরা কর্পোরেশনের যে পাওনা টাকা যে ১০ হাজার টাকা, সেই ১০ হাজার টাকা তাঁরা কর্পোরেশনকে লিখে দিয়েছিলেন যে এই টাকা কর্পোরেশনের পাওনা টাকা এবং এই টাকা তখন সরকারী দপ্তরে জমা হিসাবে ছিল। সেই টাকা সম্বন্ধে ৪-৫ বৎসর ধরে হোম ডিপার্টমেন্ট, এল এস জি ডিপার্টমেন্ট, ফিনান্স ডিপার্টমেন্ট, সমস্ত দপ্তরে চিঠি দেওয়া হয়েছে, দেখা সাক্ষাৎ করা হয়েছে মন্ত্রীদের বলা হয়েছে, ব্যাপার জিনিসটা রিপ্রেজেন্ট করা হয়েছে, ৪-৫ বৎসর পরে কর্পোরেশনের পাওনা টাকা--সেই টাকা তুলে দেওয়া হয়েছে পূর্বের যে ইজারাদার তার হাতে। অতএব সরকারী উচ্চ দপ্তরে মন্ত্রীদের নিজেদের চোখের উপর সরকারী কর্মচারীরা পাবলিক ফান্ডকে প্রাইভেট ফান্ডে দিয়ে দেবেন এই হচ্ছে সরকারী নীতি। এরা যদি সোজাসুজি বলেন, হ্যাঁ, রামেশ্বর আগরওয়ালাকে আমাদের পুষতে হবে, উদয়রাজকে আমাদের পুষতে হবে, নইলে কংগ্রেস চলবে না সেজন্য সরকারী সম্পত্তি দিয়ে দিচ্ছি, বাজারকে নিয়ে নেবে, আমরা তাহলে বুঝতে পারি। কিন্তু তা না করে আইন সভার মধ্যে বলে যাবেন যে দুর্নীতি সম্বন্ধে তাঁরা ভীষণ সজাগ আর তারপর এই সব ঘটনাগুলি হতে থাকবে তার কি জবাব আছে এবং তা মুখ্যমন্ত্রী মহাশয় দেবেন কিনা আমি জানি না। আজকে এই জরুরী পরিস্থিতিতে আমি কিছুদিন আগে বলেছি, আমরা সকলেই উপলব্ধি করেছি নিজেদের জীবন দিয়ে হাড়ে হাড়ে যে কি করে দেশের জরুরী পরিস্থিতিকে এবং সেই আইনকে দল পোষণের জন্য এবং যাঁরা বিরোধী মতাবলম্বী সেই সমস্ত লোককে দমন করার জন্য নির্লজ্জভাবে প্রয়োগ করা হচ্ছে। এই সম্বন্ধে কয়েকটি ঘটনা আমি বলেছি, আজকে আর একটি ঘটনার কথা উল্লেখ না করে পারছি না যে আজকে কিভাবে দেশ রক্ষার নামে, জরুরী আইনের নামে কি কান্ডগুলি করা হচ্ছে। আমরা মুখ্যমন্ত্রীর কাছ থেকে নিখিল ভারত কংগ্রেস কমিটির কি আদর্শ তা জানতে পেরেছি, বর্তমানে চীন সরকারের যে নীতি তার আমরা নিন্দা করি, বিরোধীতা করি এবং তার যে আক্রমণমূলক কার্যকলাপ তার বিরোধে দেশ রক্ষা করবার জন্য আমাদের দেশবাসী ঐক্যবদ্ধ কিন্তু সে নীতির মানে এ নয় যে আমাদের মধ্যে একটা যুদ্ধের হিস্টিরিয়া সৃষ্টি করতে হবে, অন্ধভাবে চীন জাতি এবং ভারতীয় জাতির মধ্যে এইরকম জাতিগতভাবে বিদ্বেষ সৃষ্টি করতে হবে। আজকে চীনের সম্বন্ধে বলতে, আমি যখন কিছুদিন আগে জেলে ছিলাম, সেই সময় আমি দেখেছিলাম যে সেখানে হুগলী জেলার একজন শিক্ষককে অভিযুক্ত করা হয়েছে ডি আই রুলে। সেই শিক্ষক কি কোশ্চেন পেপার লিখেছিলেন সেইজন্য তাঁকে ডি আই রুলে আটক করে নিয়ে যাওয়া হয়েছিল। আমি সেই সম্বন্ধে খোঁজ খবর করতে গিয়ে জানলাম যে সেই শিক্ষক প্রশ্ন করেছিলেন যে চীনের সুবর্ণ যুগ কাকে বলে এবং এই প্রশ্নটা হচ্ছে সেকেন্ডারি বোর্ডের পাবলিশ করা যে বই সেই বইতে মধ্য যুগের যে ইতিহাস ক্লাস ৭-এ পড়ান হয় তার মধ্যে একটা অবজেক্টিভ কোশ্চেন ছিল। চীনের সুবর্ণ যুগ কাকে বলে? এই প্রশ্নটা তিনি করেছিলেন বলে সেই শিক্ষককে ডি আই রুলে আটক করা হল। এবং শুধু সেই শিক্ষককেই নয়, সেখানকার স্থানীয় কংগ্রেসীরা বলে দিল যে ও শুধু শিক্ষককেই ধরলেই হবে না, ও শিক্ষককে আবার প্রভাবিত করেছে আর একজন শিক্ষক। প্রভাবিত করে-ছিলেন যে শিক্ষক, যেহেতু তিনি বামপন্থীদের সমর্থন করেছিলেন নির্বাচনে তাঁকেও ডি আই রুলে গ্রেপ্তার করা হল। আমি মুখ্য মন্ত্রীর কাছে জানতে চাই তিনি কি এই কেসটা রিভিউ করবেন? এই ধরনের শিক্ষক, যিনি সেই গত পুজার আগেতে কোশ্চেন করেছিলেন তখন তিনি জানতেন না এবং তখন যুদ্ধের এতবড় ঘনঘটা হয়নি, একটা বই থেকেই তিনি চীনের সুবর্ণ যুগের একটা প্রশ্ন তুলে দিয়েছিলেন, সেই কোশ্চেন করার জন্য যদি তাঁকে আজকে ডি আই রুলে আটক করে তার বিরুদ্ধে মামলা চালান হয় তাহলে এটা ওয়ার হিস্টিরিয়া সৃষ্টি করা ছাড়া আর

কি হতে পারে তা আমি বুঝতে পারি না। আর একটা কথা বলতে চাই, অধ্যক্ষ মহাশয়, এইমাত্র বলেছেন যে আজকে জেলখানায় যাঁরা আটক আছেন সেই বন্দীদের বিষয় সাধারণ আলোচনার সময়েই হবে। প্রেসিডেন্সি জেলে আজকে কাগজে বেরিয়েছে সেখানকার বন্দীরা অনশন করার ব্যবস্থা করেছেন। তাঁদের সম্বন্ধে আমি বলতে চাই, আপনারা ত সরকার পক্ষ থেকে দেশ-দ্রোহী বলবেনই, তাঁদের মধ্যে ত বহু সৎ নাগরিক, সৎ শিক্ষক আছেন, তাঁদের প্রতি অমানুষিক ব্যবহার করা হচ্ছে এ সম্বন্ধে যেন মুখ্যমন্ত্রীর তরফ থেকে তাঁদের সঙ্গে মানুষের মত ব্যবহার করা হয় এই নিবেদন করছি।

[1--1-10 p.m.]

Shri Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, জেনারেল এ্যাডমিনিস্ট্রেসন খাতে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় যে হিসাব দিলেন তাতে দেখছি তিনি যে হিসাব দিয়েছেন সে হিসাব ঠিক নয়। ১৯৫৯ সাল থেকে ১৯৬০ সালে ৩ কোটি ৫৭ লক্ষ ২৫ হাজার আর আজকে তিন কোটি ১৮ লক্ষ ৪৬ হাজার এবং তার সঙ্গে যে পাবলিক সিভিল ওয়ার্কস যদি যোগ করা যায় তাহলে চার কোটি ৩৪ লক্ষ ৬২ হাজার হবে। সোসাল ডেভেলপমেন্ট অর্গানিজেসন বলে আমাদের যে বিভাগ তাতে ৯২ লক্ষ ২৫ হাজার টাকার বাজেট। কাজেই সব হিসাব ধরলে জেনারেল এ্যাডমিনিস্ট্রেসন-এর বাজেট হয় প্রায় ৫½ কোটি টাকা। কাজেই টাকা খরচা কিছু কম হচ্ছে না। তার পর স্যার ইকনমিক কাট-এর যে ফিরিস্তি বেরিয়েছে আমরা দেখছি যে এতে কোন ভাল ফল হবে না। আমাদের গভর্নর-এর খরচা স্টাফ অ্যান্ড হাউসহোল্ড অফ দি গভর্নর তাতে দেখছি ১৯৫৯ সালে হয়েছিল ১ লক্ষ ৯৯ হাজার টাকা আজ তা থেকে বেড়ে ১৯৬০ সালে হল ২ লক্ষ ৮২ হাজার টাকা, সেক্রেটারিয়েট স্টাফ-এর জন্য গভর্নরের ১ লক্ষ ৭০ হাজার, পে ১ লক্ষ কাজেই ৭ লক্ষ ৩০ হাজার টাকা প্রায় গভর্নর-এর জন্য খরচ করা হচ্ছে। একটি গরীব দরিদ্র দেশে সেখানে যদি একজনের জন্য একজন গভর্নরের জন্য এই খরচা হয় সেটা সমর্থনযোগ্য নয়। সেদিক দিয়ে গভর্নর-এর কি ইকনমিক কাট হয়েছে তিনি কি খরচা কমাচ্ছেন তা এখান থেকে বুঝতে পারলাম না। সেক্রেটারিয়েট-এর যে কাজ সে তো জানি আমরা চিঠি পত্র লিখলে জবাব পেতে এক জন্ম কেটে যাবে। একটা পত্রের একনলেজমেন্ট পাওয়া যায় না, সেখানে সাধারণ লোক চিঠিপত্র লিখলে তার উত্তর মেলে না প্রাপ্তিস্বীকার পায় না। কাজেই সেক্রেটারিয়েট-এ কি কাজ হয় কিভাবে লাল ফিতার মধ্যে সব চাপ পড়ে সকলেই আমরা জানি। আমাদের মুখ্যমন্ত্রী অনেক কথা বলেছেন, লক্ষ্যের কথা আজকের দিনে জিনিসপত্রের দাম যেভাবে বেড়ে চলেছে তাতে ৫৫ টাকা থেকে ৭৬ টাকা মাইনের যে দুই লক্ষের উপর কর্মচারী এরা কিভাবে খেয়ে পরে বাঁচবে? চালের দাম ৩০ টাকা ৩২ টাকা এর মধ্যে ওই অগণিত কর্মচারী যারা ৫৫ থেকে ৭৫ টাকা মাইনে পায় তাদের কি গতি হবে? আমরা দেখছি একদিকে এই ৫৫ টাকা, অন্যদিকে চার হাজার টাকার কর্মচারীরা আছেন। এইভাবে আমরা দেশকে কোন দিকে নিয়ে যাচ্ছি? কিন্তু এই থেকে প্রমাণিত হয় যে আমরা কি ভাবে সমাজতন্ত্রের দিকে এগিয়ে চলেছি। ইকনমিক কাট-এর যে ইস্তাহার বিলি করা হয়েছে তাতে আছে

"Offices other than those concerned with large scale civil defence measures should surrender about 5 per cent. of their staff as a measure of economy, the staff so surrendered being reported to this Department immediately for utilisation in the Civil Defence Organisations or absorpting in future vacancies or newly created post 5 per cent. Civil Defence."

স্যার এই যারা গরীব দরিদ্র কর্মচারী তাদের মধ্যে থেকে ৫ পারসেন্ট লোক মারা যাবে। তারা হয়ত বহুদিন ধরে অফিসে কাজ করছে সরকার তাদের ৫ পারসেন্ট-এর মধ্যে ফেলে দেবে। তাহলে লোকের চাকরির নিরাপত্তা থাকবে কি করে, আমি বুঝতে পারি না। এদের সিভিল ডিফেন্স-এ নেওয়া হবে কিম্বা নতুন পোস্ট-এ নেওয়া হবে কাজেই সেদিক থেকে ইকনমিক কাট কি করে হবে তা আমি জানি না। তবে আমি বলি ডিফলকেশন যদি বন্ধ করা যায় এবং অপচয় বন্ধ করা হয় তাহলে বহু লক্ষ লক্ষ টাকা বাঁচবে। ৫ পারসেন্ট লোককে এই রকমভাবে কর্ম থেকে চ্যুত করে এর দ্বারা বিশেষ কোন কাজ হবে বলে আমার মনে হয় না। তারপর স্যার নতুন যে পে-কমিটি নিযুক্ত হয়েছিল, সেই পে-কমিটি যে রিকমেন্ডেশন করেছিলেন সরকার সেই রিকমেন্ডেশনগুলি সম্পূর্ণভাবে এ্যাকসেপ্ট করেন নি। সরকার কোন ডি-এ এর ব্যাপারে কোন ব্যবস্থা করেন নি।

আজকে যেভাবে জিনিসপত্রের দাম বেড়েছে তাতে যারা ৫৫ টাকা মাহিনা পান তাদের জন্যও কোন ডি, এ-এর কোন ব্যবস্থা নাই। যারা উচ্চ বেতন পান তাদের কথা আমি বলছি না। আজকে ইমারজেন্সির অবস্থা চলেছে, কিন্তু সেই ইমারজেন্সির সুযোগ নিয়ে দরিদ্র কর্মচারীরা যাতে আরও বেশী কষ্ট না পায় সে বিষয়ে সরকারের দৃষ্টি দেওয়া উচিত, কেন না আজকে বিভিন্ন কর্মচারী সংঘ তারা এই অবস্থায় কোন আন্দোলন করছে না, বা তাদের করাও উচিত নয়, কারণ তারা আজকে দেশরক্ষার কাজে সরকারকে সম্পূর্ণভাবে সাহায্য করছেন।

[1-10—1-20 p.m.]

আজকের দিনে তারা কি করে বাঁচবে সে বিষয়ে সরকারের চিন্তা করা উচিত। সরকার তার কয়েকজন কর্মচারীকে কোন রকম কারণ না দেখিয়ে তাদের ডিস্‌মিস্‌ করে দিয়েছেন। হয়ত রাজ্যপালিকা তিনি যে খবর পেয়েছেন সেই খবরের উপর ভিত্তি করে তিনি তাদের ডিস্‌মিস্‌ করেছেন। কিন্তু তাদের একটু সুযোগ দেওয়া উচিত, আমাদের গণতান্ত্রিক দেশ এই কথা আপনারা বলে থাকেন, সেই জন্য তাদের বক্তব্যটা একটু শুনা উচিত। তারা রাজী আছে, প্রস্তুত আছে যে কোন কন্ডিশানে তারা চাকরিতে বহাল হতে চান। কাজেই দরিদ্র কর্মচারীদের কথা আমি মুখ্যমন্ত্রীর কাছে বিশেষ করে অনুরোধ করছি যেন তিনি এই বিষয়ে বিশেষভাবে বিবেচনা করেন। আমি পূর্বেই বলেছি পশ্চিমবঙ্গের পে-কমিটির যে রায় সেই রায় সরকার কার্যকরী করেন নি। কেন না কর্মচারীদের ডি, এ-এর কোন ব্যবস্থা সরকার করেন নি। কিন্তু ভারত গভর্নমেন্ট ডি, এ-এর ব্যবস্থা করেছেন। ৮০ থেকে ১৫০ টাকা বেতন অবধি ১০ টাকা করে ডি, এ-এর ব্যবস্থা করেছেন। আর ১৫০ থেকে ৩০০ টাকা বেতন অবধি ২০ টাকা ডি, এ-এর ব্যবস্থা করেছেন। কাজেই সেদিক থেকে আজকে জিনিসপত্রের যে দাম বেড়েছে তার জন্য আমি মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব যাতে তাদের ডি, এ-এর ব্যবস্থা করা যায় তার জন্য তিনি যেন একটু বিশেষভাবে বিবেচনা করে দেখেন। তারপরে স্যার, আমাদের দেশে বেকার সমস্যার কথা আপনি নিশ্চয় জানেন, আজকে আমাদের বেকার সমস্যা কিছুতে কমছে না বরং বেকার সমস্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। তারপরে স্যার, আমাদের অকৃষি লোকের সংখ্যা হচ্ছে ৭ লক্ষ আর ভূমিহীন চাষীর সংখ্যা শতকরা ৩০ জন তারা মাত্র বছরে সাড়ে চার মাস কাজ পায়। আর বিভিন্ন শিল্পে নিয়োজিত আছেন ৭ লক্ষ শ্রমিক। আর কলকাতা সহরে এবং পশ্চিমবঙ্গ মিলে প্রায় ২০ লক্ষ বেকার আছে। জনসংখ্যা বেড়েছে এবং জনসংখ্যার নিরিখে অনুযায়ী যাতে আমাদের কাজ বাড়ান যায় যাতে আমাদের শিল্প বাড়ান যায় এবং আগামী কয়েক বছরে আমাদের জনসংখ্যা অনুপাতে বাড়বে সেই অনুপাতে যদি আমাদের শিল্প বাড়ানো পরিকল্পনা গ্রহণ করা যায় তাহলে অদূর ভবিষ্যতে আমাদের বেকার সমস্যার সমাধান হতে পারে। কিন্তু এই রকম কোন পরিকল্পনা আমরা সরকারের তরফ থেকে দেখছি না। তারপরে স্যার, এখানে যে সমস্ত লোক কাজে নিযুক্ত আছে তার মধ্যে মাত্র শতকরা ৩০ জন বাঙ্গালী। আমার মধ্যে কোন প্রাদেশিকতা নাই কিন্তু বাঙ্গালীরা কাজ পাবে না আর অবাঙ্গালীদের কাজে নিযুক্ত করবে এ হতে পারে না। আগে বাঙ্গালীদের কাজে নিযুক্ত করতে হবে তারপর বাইরের লোককে নিযুক্ত করলে তাতে আমাদের কোন আপত্তি নাই। কারণ এখানে অনেক প্রতিষ্ঠান আছে যা ভারত গভর্নমেন্ট দ্বারা পরিচালিত হয় সেখানে বাঙ্গালীরা স্থান পাবে না বাংলাদেশে বাঙ্গালীরা স্থান পাবে না এ হতে পারে না। তারপরে স্যার কমপালসারি সেভিংসের কথা যারা ১২০ টাকা বা ১৫০ টাকা মাহিনা পায় তারা কম্পালসারি সেভিংস এ কি করে টাকা দেবে? হয়ত এদের মধ্যে অনেক লোক আছেন যারা পোস্ট অফিসে টাকা রাখেন কিম্বা হয়ত তাদের ইন্সিওরেন্স আছে কিম্বা প্রভিডেন্ট ফান্ডে টাকা রাখেন তাদের এই সমস্ত বন্ধ হয়ে যাবে। সুতরাং যারা ১২০ টাকা মাহিনা পান বা ১৫০ টাকা মাহিনা পান তাদের বিরুদ্ধে যেন এটা প্রয়োগ না হয় সেটা যেন সরকার বিবেচনা করেন। তারপর আমাদের সরকার দুর্নীতি সম্বন্ধে অনেক কথা বলেছেন এবং অনেকগুলি কর্মচারীদের গ্রেপ্তার করেছেন এবং অনেক কর্মচারীর বিরুদ্ধে মামলা আনা হয়েছে নানাভাবে কিন্তু আমি বলি যে সেন্ট্রাল গভর্নমেন্ট যেমন কমিটি অব ইনভেস্টিগেশন করেছেন এবং এইভাবে তারা কেন্দ্রীয় সরকারের সমস্ত দপ্তরকে একেবারে ওভারহল করবার চেষ্টা করছেন সেই রকম আমাদের এখানে একটি কমিটি করবার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। এবং এই রকম একটা কমিটি যদি তিনি করেন তাহলে আমি তাঁকে অভিনন্দন জানাবো। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nani Bhattacharjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, প্রশাসন খাতের ব্যয় বরাদ্দের দাবীর বিরোধীতা করতে উঠে আমি দু'একটা কথা বলতে চাই। অবশ্য মাননীয় মন্ত্রিমহাশয় যখন শেষ বক্তৃতা দেবেন তখন বলবেন যে বিরোধী পক্ষ গত বছরের পুরানো কথাগুলি এখানে বারংবার শোনাচ্ছেন। কিন্তু পুরানো কথার পুনরাবৃত্তি করা ছাড়া আর কোন গত্যান্তর নাই। এইজন্য নাই তার কারণ মাননীয় মন্ত্রিমহাশয়, তাঁর পুরানো নীতি, পুরানো রাস্তা ধরে চলেছেন, আজ তাঁর প্রশাসন নীতি এই ১৫ বছর ধরে একই ভাবে চলেছে। সুতরাং আমাদেরও সেই পুরানো কথার পুনরাবৃত্তি করতেই হবে। আমরা বার বার তাঁকে বলেছি যে নীতি নিয়ে তিনি চলছেন সেটা আজকের দিনে অচল এবং আজকে নতুন নীতি নিয়ে চলার প্রয়োজনীয়তা আছে এবং সেই প্রয়োজনীয়তার উপর আমাদের জোর দিতে হবে। স্যার, আজ ১৫ বছর ধরে আমরা জলপাইগুড়ি জেলার কথা বলে আসছি সেখানে উদ্বাস্তু পুনর্বাসনের কি ব্যবস্থা হয়েছে। সেখানে হাজার হাজার বিঘা খাস জমিতে উদ্বাস্তুরা বসে আছে, অথচ সেই জমিতে তাদের পত্তন দেওয়া আজ পর্যন্ত হল না। এই জমিগুলি পত্তন দেবার ব্যবস্থা হলে সরকারের আয় বাড়তে পারে কিন্তু সেগুলি এখনও ঝুলে আছে। আজ তাদের দীর্ঘসূত্রতা উদাসীনতা এবং অবহেলা ভীষণভাবে দেখা দিয়েছে বিশেষ করে পুনর্বাসনের ক্ষেত্রে।

কোলকাতার আসেপাশের রিফিউজি ব্যাপার নিয়ে যখন আলোচনা হয় বা সেই খাতে ব্যয়-বরাদ্দের ব্যাপার নিয়ে যখন আলোচনা হয় তখন অনেক দৃষ্টান্ত দেওয়া হয়েছে। তবে খুব ছোট একটা কথা বলব। উত্তরপাড়ার কাছে যে এক নম্বর কলোনি আছে সেই এক নম্বর কলোনীর জন্য জমিদারের কাছ থেকে ১২ একর জমি তাঁরা রিকুইজিশন করলেন যে এক নম্বর কলোনিতে রিফিউজি বসবেন। দেখা গেল সেই সমস্ত জমির অনেক একর জমি যেগুলো রিকুইজিশন করা হয়েছিল সেগুলো আবার জমিদারদের ফেরৎ দিয়ে দিয়েছেন এবং সেই জমিদার সেই জমি বিক্রি করে তাঁরা হাজার হাজার টাকা সেখানে রোজগার করতে আরম্ভ করেছেন এবং রিফিউজিরা এখানে পুনর্বাসন পান নি। এই রকম অবস্থা চলছে। সুতরাং রিফিউজি পুনর্বাসনের ক্ষেত্রে, ভূমি বন্দোবস্তের ক্ষেত্রে সেই পুরানো নীতিই চলছে। সেখানে জোতদারদের কোর্টের মাধ্যমে একটা দুষ্কৃতকারী চক্র গড়ে উঠেছে। তারা শিল্পে টাকা পয়সা জমাচ্ছে, কিন্তু গ্রামে যারা সাধারণ চাষী তারা দিনের পর দিন মারা যাচ্ছে, শোষিত হচ্ছে; কিন্তু তার প্রতিকারের কোন ব্যবস্থা হচ্ছে না। তেভাগা (tenancy) জমির ব্যাপার নিয়ে কথা বলা যায় সেখানে তেভাগা জমির ফসল নিয়ে সরকারী জমি, খাস জমি তার আগে আধিয়ার কমপেনসেশন দিয়েছে, লাইসেন্স পেয়েছে, তা সত্ত্বেও তারা তাদের ফসল ঘরে তুলতে পাচ্ছে না। জোতদার জোর করে লাঠিয়াল দিয়ে ফসল লুঠ করেছে এবং তারা কোর্ট-এ গিয়ে কায়দা করে যে করেই হোক কেস ওয়ারেন্ট বার করছে। সেই কেস্ ওয়ারেন্ট বার করার সংগে সংগে পুলিস তৎপর হয়ে উঠেছে এবং সেই পুলিসের সহযোগিতায় আধিয়ার বা এক্স-আধিয়ারের ঘরে সেই ধান উঠল। সেই পুরানো নীতি আমরা লক্ষ্য করছি প্রশাসনিক ক্ষেত্রে। কোন পরিবর্তন সাধারণ চাষীদের ক্ষেত্রে হয় নি, বরং দেখছি জোতদারদের প্রতি তোষণ, অসাধু ব্যবসায়ী ও মহাজনদের প্রতি তোষণ এবং যে তোষণ সরকারী প্রশাসনিক নীতিকে কলঙ্কিত করেছে। এর পর দীর্ঘসূত্রতার বহু দৃষ্টান্ত দেওয়া যায়। এই বিষয়ে একটা খুব সামান্য দৃষ্টান্ত দেব রিলিফ কমিটি সম্বন্ধে। কান্দিতে রিলিফ কমিটি তৈরী হবে, ভরতপুরে রিলিফ কমিটি তৈরী হবে। এম, এল, এ-দের তরফ থেকে কোন অঞ্চলে কোন্ রিলিফ কমিটিতে কারা থাকবে সেই লিস্ট চাওয়া হয়েছে। সেই লিস্ট এস, ডি, ও, অফিস থেকে ডিস্ট্রিক্ট অফিসে যেতে কয়েক মাস কেটে গেল, সেখান থেকে রাইটার্স বিল্ডিংসে যেতে আরও কয়েক মাস কেটে গেল, আবার সেখান থেকে যখন ফিরে এল ম্যাজিস্ট্রেট-এর দপ্তরে এস, ডি, ও-র অফিসে তখন দেখা গেল ৭ মাস পেরিয়ে গেছে। আবার ভুল ঠিকানাও থাকে এবং সেই ভুল অনেক ক্ষেত্রে আবার সংশোধনের জন্য পাঠান হচ্ছে। রিলিফ কমিটি একটা ছোট ব্যাপার। সেই রিলিফ কমিটি গঠনের ক্ষেত্রে দেখতে পাই যে ৭ মাসের মধ্যে অঞ্চল রিলিফ কমিটি তৈরী হয় না, অঞ্চল রিলিফ কমিটির নাম মঞ্জুর হয় না। আমি ক্ষুদ্র জিনিষ নিয়ে বললাম, বৃহৎ ব্যাপারে অনেকে বলেছেন—দফাওয়ারী আলোচনার সময় সব বলা হয়েছে। খুব সামান্য ঘটনা যদি দেখা যায় তা হলেই এই সব দেখা যাবে। দুর্নীতির কথা বহু আলোচনা হয়েছে। এখন দেখতে পাচ্ছি বাংলাদেশের বিভিন্ন জায়গায় দুর্নীতির জাল বিস্তৃত

হয়ে আছে এবং সেই জালের নুড়ি ধরে আছে রাইটার্স বিল্ডিংস, লালবাজার। আমাদের দেশ থেকে ঝেঁটিয়ে দুর্নীতি দূর করা যায় না? দেশের মানুষ কি সব অন্য হয়ে গেছে? সরকারী বিভাগে সৎ মানুষ আছে, সরকারী বিভাগের বাহিরে ব্যবসায়ে বলুন, শিল্পে বলুন এই সৎ লোক আছে। কিন্তু সৎ লোকের আজকে সেই সুযোগ নেই।

[1-20—1-30 p.m.]

সৎ লোকের দ্বারা চলে না। আজকে অসৎ লোকের দ্বারা প্রভাব দিনের পর দিন বেড়ে চলেছে, এবং এই প্রভাব বাড়ানোর পেছনে প্রশাসন নীতির যে দান সে দান বড় একটা কম নয়। দুর্নীতিকে প্রশ্রয় দেওয়া হচ্ছে রাইটার্স বিল্ডিংস ও লালবাজারের ঊর্ধতন অফিসাররা তাঁরা এই দুর্নীতিকে প্রশ্রয় দিচ্ছেন। সৎ কর্মচারীদের উন্নতি হচ্ছে না, তাদের যোগ্যতার বিচার করে সে ধরনের উন্নতি হচ্ছে না। তাদের শেখান হচ্ছে উপরওলাকে তেল মাখাও, তাদের তোষামোদ করে চল তবে যদি উন্নতি হয়, এবং সেইভাবে উন্নতির রাস্তা প্রশস্ত হচ্ছে, আবার দেখুন আমাদের দেশের স্পেশালিস্ট ফরেন ট্রেন্ড হ্যান্ডস তারা সরকারী কার্যে কাছে আসছেন না, বেসরকারী প্রতিষ্ঠানে তাদের বেশী বেতন দেন এবং তাঁরা বেশী সুযোগ-সুবিধা দেন, সুতরাং দেখা যাচ্ছে এ সমস্ত মেধাবী টেকনিক্যাল হ্যান্ডরা যা আমাদের দেশের মধ্যে আছে তাদের মন পড়ে থাকে ঐ বেসরকারী প্রতিষ্ঠানগুলোর দিকে তা তিনি লেবার অফিসার হন আর রাইটার্স বিল্ডিংসএর উচ্চ পদাধিকারী অফিসারই হোন বা যে কোন দপ্তরের অফিসারই হোন, তাঁদের মন পড়ে আছে যাতে বেসরকারী প্রতিষ্ঠানে কাজ পাওয়া যায়, আত্মীয় স্বজনদের কাজ দেওয়া যায়, এবং সেভাবেই আমরা দেখতে পাচ্ছি আমলাতন্ত্রের একটা বিরাট অংশ বেসরকারী শিল্পপতিদের দাসত্ব পর্যন্ত করতে কুণ্ঠাবোধ করে না। যেদিকেই চান লেবার অফিসার অনেকে পার্সোনাল অফিসার-এর পোস্ট নিয়ে বড় বড় অফিসারএর পোস্ট নিয়ে গেছেন। রাইটার্স বিল্ডিংসএর অফিসারদের খোঁজ নিলে দেখা যাবে তাঁরা বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানে গেছেন। এভাবে বিভিন্ন দপ্তরে খোঁজ নিলে এই একই জিনিষ দেখা যাবে। সরকারী কর্মচারীদের সম্মান আছে, প্রতিষ্ঠা আছে, সৎভাবে কাজ করলে গভর্নমেন্ট এর কাছে এবং দেশবাসীর কাছে সে একটা মর্যাদা পাবে এ ধারণা তাদের কোন সরকারী কর্মচারীদের মধ্যে নেই। আর নেই বলেই দেখতে পাচ্ছি উল্টোভাবে আমাদের যে আমলাতন্ত্র যা এমনিতেই দুর্নীতি ও স্বার্থগ্রস্থ সেই আমলাতন্ত্রকে আরও দুর্নীতির দিকে নিয়ে যাচ্ছে। প্রশাসন বিভাগ আমাদের দণ্ডমুণ্ডের অধিকর্তা। কিন্তু সেই প্রশাসনিক বিভাগের কেন্দ্রে কেন্দ্রে যদি এইভাবে দুর্নীতি বাসা বেঁধে থাকে, কেন্দ্রে কেন্দ্রে যদি প্রশাসনিক বিভাগে শিল্পপতিদের তোষণ ভার থাকে, কেন্দ্রে কেন্দ্রে যদি সেখানে তাদের শিল্পপতিদের প্রতি আনুগত্য বড় হয়ে ওঠে, তাহলে তারা আর যাই করুন, উপকার করতে পারবেন না। দণ্ডমুণ্ডের অধিকর্তা হিসাবে একটা কাজ করতে পারেন, দেশে যদি কোন জায়গায় দাবী ওঠে সে স্বর্ণশিল্পীদের দাবী নিয়ে আন্দোলন হোক, উচ্ছেদের বিরুদ্ধে আন্দোলন করুন, মজুর বা ছাঁটায়ের বিরুদ্ধে আন্দোলন করুক, তারা সে আন্দোলনকে ভেঙ্গে দেবার জন্য, দমন করবার জন্য, যত বেশী তৎপর হয়ে ওঠা দরকার তা তাঁরা হবেন। সে তৎপরতার পরাকাষ্ঠা দেখাতে এতটুকু ত্রুটি নেই, এতটুকু কার্পণ্য নেই। যেখানে সাধারণ মানুষের ভাল করা দরকার, সেখানে পরিষ্কারভাবে দেখা যাবে দীর্ঘসূত্রতা চলেছে রেড টেপিজম চলেছে উদাসীনতা চলেছে। সাধারণ মানুষের কথা বিশ্বাস করেন না তাঁরা যেন মিথ্যা কথা বলে দেয়। সাধারণ মানুষের দাবী যেন দাবী নয়। তারা যেন বাজে কথা বলছে। দেশের প্রশাসন বিভাগের যারা অধিকর্তা, তাদের নীতি মনোভাব এমনভাবে গঠিত হয়েছে যেন কঠিন পাথর পশ্চিমবাংলার বুকে চেপে বসে আছে—ঠিক সে অবস্থা চলছে। খুব সাধারণ কথা ডি, ভি, সি-র চেয়ারম্যান সম্বন্ধে। বহু কথা উঠেছে চেয়ারম্যান শ্রী লালের সম্বন্ধে—তার আরও এক বৎসর এক্সটেনশন কথা উঠছে। এখানে ইরিগেশন মিনিস্টার আছেন, তিনি কি চেষ্টা করবেন তাঁকে এক্সটেনশন দেওয়া না হয়। দুর্নীতির বহু অভিযোগ তাঁর বিরুদ্ধে আছে। আমি যে দুর্নীতির কথা বললাম তার বিভিন্ন দৃষ্টান্ত দিতে পারা যায়।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমরা এক্সটেনশন-এর ব্যাপারে কিছু করতে পারি না।

Shri Nani Bhattacharjee:

এ ব্যাপারে আপনাদের অনুমোদন দরকার, বিহার সরকারের এবং আপনাদের উভয়েরই অনুমোদন প্রয়োজন। আমি এই ভদ্রলোকের দুর্নীতির খুব সামান্য দু'-একটা কথা বলি। এমন কি কংগ্রেস দলও এই দুর্নীতির সংগে জড়িত, এর কিছু কিছু রিপোর্টও কাগজে বেরিয়েছে। তার একটা দৃষ্টান্ত দিচ্ছি—জেড, এন, সরকার তাঁর সম্বন্ধে নিউজ কিছু কাগজে বেরিয়েছে, তিনি খুব যৌনব্যাধি বিশেষজ্ঞ। ১৪ হাজার টাকা প্রতারণার অভিযোগ তাঁর বিরুদ্ধে করা হয়। তিনি কে তাও আমরা খোঁজ নিয়েছিলাম এবং দেখেছি তিনি হচ্ছেন বড়বাজার কংগ্রেস কমিটির একজিকিউটিভ কমিটির মেম্বার। দেখা যাচ্ছে তিনি ৪১নং ওয়ার্ড মণ্ডল কংগ্রেস কমিটির ভাইস প্রেসিডেন্ট তিনি ভিজিলেন্স পার্টিরও একটি কর্তাব্যক্তি লোক। এটা একটা দৃষ্টান্ত। সেদিন আপনাদের পুলিশ বাজেটের বিতর্কের দিন গণেশ মহান্তির হত্যার ব্যাপার নিয়ে হৈ হৈ পড়ে যায়- কিন্তু একথা কে অস্বীকার করবে যে সেই হত্যার পিছনে সরাসরি যোগাযোগ না থাকুক—যারা হত্যা করলো তারা অন্যায় করেছেন এবং তাদের হয়ে উমেদারী করবার জন্য ঐ কংগ্রেস ছুটে যায়, এই রকম অবস্থা চলছে এবং এরকম ভুঁরি ভুঁরি দৃষ্টান্ত দিতে পারা যায়। তাই আমি বলি এই দুর্নীতিকে দূর করবার জন্য আপনারা একটা কাজ করুন যে ভিভিয়ান বোস কমিটির মত একটা বিচার বিভাগীয় কমিটি তৈরী করে বিভিন্ন দপ্তরের যে অভিযোগ আসছে তার তদন্তের ব্যবস্থা করুন। যদি তাদের সৎসাহস থাকে এবং দুর্নীতিমুক্ত শাসন ব্যবস্থা তাঁরা যদি গড়ে তুলতে চান। একটা কথা, সময় নেই—পরিশেষে বলতে চাই, সেটা হচ্ছে এই যে, আজকে স্ট্যাটিসটিক্স-এর কথা উঠেছে। তাতে তাঁরা নানা রকম ব্যাখ্যা করে বলছেন কিন্তু রোম যখন পুড়ছে তখন নিরো বেহালা বাজাচ্ছিলো। আজকে দেশের অভাব বেড়ে যাচ্ছে সাধারণ মানুষের দুর্ভোগ বেড়ে যাচ্ছে, আর সেখানে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় হয়তো তাঁর যে স্ট্যাটিসটিক্সএর গ্রাফ সেই গ্রাফিক ছন্দে অংগভঙ্গি করতে পারেন। কিন্তু এটা তাঁকে বলছি এবং মন্ত্রিসভাকে বলছি যে তাঁরা তাঁদের কাজের ভিতর দিয়ে এমন কি গণতন্ত্রের প্রতি উপেক্ষা দেখাচ্ছেন, এই আইনসভাকে ... টার্স ... এর লেজুড়ে পরিণত করবার চেষ্টা করছেন। যে পার্লামেন্টারী গণতন্ত্রের কথা বলছেন সেই গণতন্ত্রের বিরোধী কাজ প্রতি পদে পদে ... চলেন না। ... হয় অবস্থা তাহলে ইতিহাস ক্ষমা করবে না দেশের জনসাধারণ এগিয়ে আসবে এবং এই দুর্নীতিগ্রস্ত শাসন ব্যবস্থাকে উপড়ে শেষ করে দেবে।

Shri Sudhir Chandra Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমরা আশা করেছিলাম যে কংগ্রেসের হাতে ক্ষমতা যাবার পর এমন একটা প্রশাসনিক ব্যবস্থা এখানে চালু করা হবে যাতে যাতে একটা সৎ এবং দৃঢ় প্রশাসনিক ব্যবস্থা হবে কেন না জাতীয় চরিত্র গঠন করবার প্রশাসনিক ব্যবস্থা হচ্ছে একমাত্র হাতিয়ার; আজ এমনি কংগ্রেস দলের হাতযশ এবং তাদের হাতে ক্ষমতা যাবার পর থেকে যত অফিস এবং কর্মচারী বাড়িয়েছেন তত ঘুষ এবং হয়রানি তত মানুষের যন্ত্রণা বেড়ে গেছে বেশী। তিনি অফিসারদের কথা বলেছেন, এত অফিসারের সংখ্যা বেড়ে গেছে কিন্তু গ্রামে গ্রামে সেখানে কি হয়রানি এবং এই প্রশাসনিক ব্যবস্থার কাছে মানুষ ঘেঁষতেও ভয় করে। সেখানে কেবল লাইসেন্স পকেটমার রাখা হয়েছে, যারা পকেট মারবে প্রতিটি অফিসে। আজকে কেরালায় এমনি দলীয় বুদ্ধিতে শাসন চালাচ্ছেন এমন দুর্নীতি ঢুকেছে যে তাদের কথা নেপালবাবু তুলেছিলেন - সেখানে রাহু গ্রাস করেছেন -এই দুর্নীতি একেবারে শাসনব্যবস্থাকে কবলিত করে তুলেছে। এবং সমস্ত যন্ত্রকে অচল করে তুলেছে। আজ দলরাজকে প্রতিষ্ঠা করার জন্য আয়োজন চলেছে কেরালায়, দলরাজ প্রতিষ্ঠা করার চেষ্টায় কমিউনিস্ট পার্টিকে কংগ্রেস সরিয়ে দিয়েছে, আজ সেই কংগ্রেসের মধ্যে কেবল দলীয় ক্ষমতা রক্ষা করবার ব্যবস্থা রাখা হয়েছে। জেলাবোর্ড-গুলি ১৫ বছর ইলেকসন হয় নি বহু চিৎকার করা হয়েছে, নানা রকম অজুহাত দেখিয়ে চলেছেন। মুর্শিদাবাদ জেলাবোর্ডে গত বছর একটি চিঠি পাঠিয়েছেন একটি জয়েন্ট সেক্রেটারী লোকাল সেলফ গভর্নমেন্ট থেকে যে আর পদ সৃষ্টি করবেন না—তার পর উত্তর গেছে, সেটাকে চেপে রাখা হয়েছে, পরের মিটিং ডেকে ৮ জন লোকের বদলে ১২ জন লোককে নূতন সেখানে

[illegible] করা হয়েছে—জয়েন্ট সেক্রেটারী চিঠিকে তাঁরা ওয়েস্ট পেপার বাস্কেটে ফেলে দিয়েছে—[illegible]রা নূতন পদ সৃষ্টি করে নিয়েছেন—কে কাকে মানে? অরাজকতা।

[1-30—1-40 p.m.]

কে কাকে মানে? অরাজকতা। একটা অরাজকতা সৃষ্টি করেছে। শিক্ষা বোর্ডকে গণতান্ত্রিক উপায়ে গঠন করে রাখা হয়েছে ও প্রাথমিক শিক্ষকদের মনোনয়ন দেওয়া হচ্ছে সমস্ত দলীয় ভিত্তিতে, কংগ্রেস সদস্যদের করা হয়েছে এবং ডি আই-কে ঠুঁটো জগন্নাথ করে রেখে [illegible]তকগুলি কংগ্রেসী সদস্য নিয়ে কমিটি করে নেওয়া হয়েছে। সমস্ত প্যানেল কেটে যত কংগ্রেস [illegible]লাকদের চাকরী দেওয়া হচ্ছে! দলীয় রাজ!

তারপর পানীয় জল সরবরাহ কমিটির করবার কথা বলেছিলাম, মহকুমা জল সরবরাহ কমিটি [illegible]ালু করবার কথা বলেছিলাম, তিনি তার উত্তর দেন নাই। তাঁরা বলছেন আমরা চালু করবো। আজও তার কোন অর্ডার দিতে পারেন নাই। আর টি. এ. করেছেন, রিজিওন্যাল ট্রান্সপোর্ট অথরিটি যেটা করেছেন, তাতে সরকারী মতকে কুক্ষিগত করে দলের স্বার্থে টাকা আদায় করবার [illegible]না সমস্ত কংগ্রেসদলীয় লোককে মনোনীত সদস্য করে রেখে দিয়েছেন। সমস্ত জেলায় তাই [illegible] বাস-পারমিট দেওয়া হচ্ছে, কংগ্রেস ফান্ড তৈরী করা হচ্ছে, টাকা লুট করা হচ্ছে। কংগ্রেসের [illegible]াকেরা টাকা লুট করছে। অথচ আমরা জানি ঐ টাকা দিয়ে, মেদিনীপুরে যান, যেখানে দেখবেন কংগ্রেসের সৌধ নির্মাণ হচ্ছে। সকলে বলছেন রুট পারমিটের টাকাতে ঐ ঘর তৈরী [illegible]চ্ছে। গণতন্ত্র হচ্ছে সেখানে! যত রিলিফ কমিটি গঠন করেছেন সব জায়গায় কংগ্রেসের দুটি [illegible]ম্বার চাই। তা নইলে হবে না। গণতান্ত্রিক বোর্ড রয়েছে, ইউনিয়ন বোর্ড রয়েছে, পঞ্চায়েত [illegible] সত্ত্বেও কংগ্রেসেব দুটি লোক চাই, তা না হলে হবে না। এমনই গণতন্ত্র! [illegible] পঞ্চায়েত থেকে চিঠি দিলেন সিক্তথ জান মাহির [illegible] পঞ্চায়েতের কাছে [illegible] স্বাধীন [illegible] সিক্তথ জান মাহির পরে [illegible] আব [illegible] না, [illegible] বাতিল হয়ে [illegible] কংগ্রেস বিরোধী দল পঞ্চায়েত [illegible]। সেখানে কংগ্রেস [illegible] চিঠি [illegible] সিক্তথ জান মাহি[illegible] দিয়েছেন এখান থেকে ডাইরেক্টর অফ পঞ্চায়েত, [illegible] মন্ত্রী শৈলবাবু [illegible]।

[illegible] ন্যাশনাল ডিফেন্স [illegible] তাঁরা। সে [illegible] ডিফেন্স-এ পরিণত [illegible]। [illegible] বিষয়। আমি খুব আশ্চর্যান্বিত [illegible] সভা করতে [illegible] ও কুমারী আভা মাইতি এবং প্রতিরক্ষার [illegible] কেউ টাকা দিয়েছেন, [illegible]। কিন্তু একটিও রসিদ কাটেন [illegible]। আমি সমস্ত জায়গায় শুনতে পাচ্ছি কোথাও রসিদ দেওয়া হয় নাই। [illegible] অলংকার নিয়ে ডিফেন্স কমিটির নামে রসিদ দেওয়া হয় নাই, সেখানে যদি বলি এই টাকা তছরূপ করা হয়েছে, তাহলে কি অন্যায় বলা হবে? কতকটা জমা হয়েছে, আর কতক টাকা জমা হয় নাই। যদি বলি টাকা চুরি করবার, টাকা তছরূপ করবার পরিপূর্ণ সুযোগ এই প্রতিরক্ষা তহবিল গঠনের নামে তাঁরা যে কাজ করেছেন, তার উত্তর দিন। আমি যদি দেখি আমার বন্ধুবর্গের কাছ থেকে যে টাকা ও অলংকার নেওয়া হয়েছে, যাঁরা এক শো' দিয়েছেন, হার দিয়েছেন, চুড়ি দিয়েছেন, তাঁরা চিঠি দিয়ে আমায় জানিয়েছেন যে, সুধীরবাবু, আমাদের টাকা যথাস্থানে পৌঁছেছে কি না—জানালে সুখী হব। কারণ, আমরা অদ্যাবধি তার কোন রসিদ পাই নাই। আপনারা যে বলছেন তাই। আপনারা রসিদ দেবেন কি না? [illegible] বা কেন তা দেওয়া হয় নাই? সুতরাং এই অসাধু সরকার, এই অসাধুতা সরকারের মধ্যে আছে বলে আজ দুর্নীতি প্রবেশ করেছে এবং আজ মন্ত্রিমণ্ডলীর মাথায় বসেও চেক দেন না—টাকা নিয়ে এসে, কর্মচারীরাও তাই অসাধু হয়েছে। জীপে করে তাঁরা বেড়ায়, জীপকেও তাই তাঁরা ঘরের জীপ করে ফেলেছেন; নিজস্ব জীপ করে নিয়েছেন, সরকারী জীপ বলে আর কিছু নাই। হাট-বাজার, সিনেমা দেখা, ভ্রমণ—সব জায়গায় চলেছে এই জীপে। এটাকে যেন নিজের জীপ করে রেখেছেন। মন্ত্রীরাও তাই করেন। দলীয় সফর করছেন আমাদের পুনর্বাসন মন্ত্রী; দলের টাকাতে কাঁথি মহকুমার সফর আরম্ভ হলো। পুনর্বাসন মন্ত্রী যাচ্ছেন স্বাস্থ্যকেন্দ্র দেখতে, পুনর্বাসন মন্ত্রী যাচ্ছেন

লবণ কেন্দ্রে জমি বিতরণ করতে, পুনর্বাসন মন্ত্রীর সরকারী টুরে দেখি, ঘাটাল কংগ্রেস অফিসে তিনি কংগ্রেসকর্মী সম্মেলনে যোগ দিচ্ছেন। আমার কাছে টুর প্রোগ্রাম আছে—দেখতে চান তো দেখাবো, আমি চ্যালেঞ্জ দিচ্ছি স্যার। তিনি ঘাটালে কংগ্রেসকর্মী সম্মেলনে যোগ দিচ্ছেন। সরকারী টাকায় কেন ভাই? যান না, নিজের টাকায় যান। তাতে তো আমাদের কিছু বলবার নাই। সেখানে টাকা তাঁরা লুটে নিয়ে যাচ্ছেন। সেই সরকারী টাকায় দল করবার জন্য যাচ্ছেন, কংগ্রেসের যেটা—আমি টুর প্রোগ্রামের কথা বলছি, টুর প্রোগ্রামে আছে, সেই কংগ্রেসকর্মী সম্মেলনের বৈঠকে তিনি যোগ দিতে পারেন কি না—এটাই হচ্ছে আমার বক্তব্য।

আজ চিঠিপত্র সরকারী দপ্তরে লিখলে তার জবাব পাবার উপায় নাই। আমি শেষ কালে দেখতে পাচ্ছি গরীবের যম, বড়লোকের টাকার দরদী এই সরকার তাদের ধরতে পারেন না শুনে আসামী দিনের বেলায় একক হয়ে দাঁড়িয়ে থাকে টাকা ঘুষ দিয়ে। তাকে তিনি বলছেন শতকরা ৮০ ভাগ সব সৎকর্মচারী, তাহলে দেশের অবস্থা সব বদলে গেছে! একেবারে সত্যদ্রষ্ট মহাপুরুষের মত তিনি বলে যাচ্ছেন এখন দেখিয়ে যে সব একেবারে ঝুটা, মিসস্টেটমেন্ট। তিনি সত্যই একটা মহাপুরুষ হয়ে দাঁড়িয়েছেন। এতবড় মিথ্যা স্টেটমেন্টকে প্রতিবাদ করবার ভাষা খুঁজে পাচ্ছি না। সংখ্যালঘু সম্প্রদায়ের ন্যায্য অধিকারকে এই সরকার হরণ করছেন। আমি সেদিন প্রশ্ন তুলেছিলাম আজ যদি রাষ্ট্রনীতি হিসাবে আমাদের সংবিধানকে স্বীকার করেন, তাহলে দেখুন সেই সংবিধানে আছে কারও ধর্মস্থানে হাত দেবেন না, না সেই স্থানে সরকার অধিকার করবেন না। সরকার সুলেনামা করে দিয়েছেন যে কবরস্থানে হাত দেবেন না, অথচ আজ সেই সুলেনাম তাঁরা কেড়ে নিচ্ছেন এবং কারবালা স্থানে হাসপাতাল নির্মাণ করবার জন্য দাবি য়াছে। নম্বর একটা জায়গা কেড়ে নিচ্ছেন। সেদিন এখানে বললেন এটা কালেক্টর সাহেব করছেন, আমরা কি করবো, আমরা কিছু করতে পারি না। কিন্তু কালেক্টারের উপরেও ত মন্ত্রীরা রয়েছেন, তাঁরা কি এটা করতে পারেন না? আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এই যে সংখ্যালঘু সম্প্রদায়ের কারবালা স্থান কেড়ে নেবার বন্দোবস্ত চলেছে, সেটাকে বন্ধ করুন। নদীয়া ও মুর্শিদাবাদ জেলা থেকে খবর পেয়েছি যে সংখ্যালঘু সম্প্রদায়ের উপর অত্যাচার শুরু হয়েছে আমি জানি ওরা স্থায়ী বাসিন্দা, অথচ ওদের পাকিস্তানী চর বলে সেখান থেকে সরিয়ে দেওয়া হচ্ছে। তাদের নিরাপত্তা রক্ষার জন্য এ সম্বন্ধে একটা তদন্ত হওয়া উচিত। আমি মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয়ের কাছে দাবী করছি রাষ্ট্রের নিরাপত্তা রক্ষার জন্য সেই সম্পর্কে একটা তদন্ত কমিশন গঠন করুন।

Shri Bejoy Kumar Banerjee: Mr. Deputy Speaker, Sir, my friend have all spoken on General Administration. I wish I could also speak o the subject, but having regard to the very limited time at my disposal namely, seven minutes only, I do not propose to go into any complaint o discussion of a controversial nature. Sir, I am not speaking today of an other people for whom any amount of argument here will be of no avai I am speaking today of those persons who once belonged to Governmei service but are now spent up, namely, the Government pensioners o Bengal. Sir, this Grant No. 37 has been moved by no less a person tha the Hon'ble the Chief Minister Shri Prafulla Chandra Sen. Withor entering into any controversy I would like to see whether he speak anything about those who spent the best years of their lives in Governmei service. If they are today in distress or are unable to meet the dail necessities of life because of the ever-increasing prices of commodities, wi it be too much for me or for them to expect that their case should be ver sympathetically considered? Sir, I am speaking of those persons who number today is sixty thousand in West Bengal and who all belong middle-class families. Imagine, Sir, the pensions were fixed during tl British regime a century ago according to the Act passed by the Briti rulers that Act still stands today unamended. I would therefore sugge for those who built up this administration, who sustained this administr tion by their toil and sweat, that the Government should consider the case very favourably. We all know, Sir, that they are educated peopl they are respected and they belong to middle-class families. They do n

go to the Writers' Buildings on march with flags or festoons. Is it therefore to be expected that their case should not be considered by the Government of West Bengal? Sir, their case was very sympathetically considered in the Government of Indida by no less a person than Shri Jagannath Das who was the Chairman of the Pay Commission and a retired judge of the Supreme Court.

[1-40—1-50 p.m.]

The time at my disposal is very short. Otherwise, Sir, quoting from the extract, I could have very well spoken on this issue more fully. Even the United Kingdom, Great Britain, during the war time revised the scale of pension rates 9 times. What has this Government done for the 60,000 pensioners living here in West Bengal. Not only that, Sir, in the United Kingdom they have got free medical facilities, educational facilities, pension for the disabled and other dependents. But here, whatever we may say, nothing can be done. Only the other day the Government granted some benefits to some classes of its employees who are working today. There is no distinction between a employee who is working today and a pensioner who retires.

Sir, before I go further, lest for shortness of time I cannot speak about my suggestions, I say that pension should be readjusted according to the highter rates of salary now given, in view of the abnormal rise in the cost of living and the fact of dearness still continuing in far greater degree. Secondaly, my suggestion is that pensioners should get benefit of the dearness allowance drawn by them with effect from the day of merging of that allowance with the salary. Thirdly, my suggestion is for restoration of the commuted portion of pension after the period recommended by the Medical Board. Here the Government is making a good amount of profit out of the pensioners' fund contributed by them. Sir, pensioners should get benefit of the extended period of service now given raising the age of superannuation from 55 to 58. Pensioners of the pre-independence period should also be given the facilities of increments granted by the Centre as also by the State of West Bengal. Sir, the day is not far distant—in fact, almost everyday we find one or the other of them passes away perhaps unnoticed and unknown. Sir, they live in this atmosphere, their colleagues are there in this administration who can testify to their spirit and sincerity of work. It would be a warning to those who are working today, who will have to bear the same burden some time afterwards, unless the Government is forced to do something for these poor pensioners. Perhaps nobody will speak for them perhaps they are a spent up force today. I notice the amount of enthusiasm in the Treasury Benches—nobody cares for whatever anybody wants to say with any amount of argument, convincing, or even with the support of materials. Sir, I have seen many parliaments elsewhere where Opposition members are treated with utmost respect—everywhere in the world—but living in a free country, I have never seen a demoncracy functioning in this way, where Opposition members are treated, as they have been treated today, with the scantiest of courtesy. It will not affect me, Sir; it will not affect the Opposition either; it will affect the future of this country; it will affect the basis of democracy which will be given a good shaking, a shock, against which there will be no revival.

With these words, Sir, I may only appeal to my honourable friend the Finance Minister, I may appeal to his sense of justice and fairness, I may appeal to his conscience if he has that conscience still—I believe he will

consider their case. They are no agitators. They are not politically taught They are our own men. I would put him to this test and see what he does for his own people.

Shri Narendra Nath Sen:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী এখানে উপস্থিত করেছেন আমি তা সমর্থন করছি। আমার বক্তব্য অ্যাডমিনিস্ট্রেসন-এর মধ্যে সীমাবদ্ধ থাকবে। স্যার, আমি মনে করি যে জেনারেল অ্যাডমিনিস্ট্রেসন-এ দুর্বলতা থাকা সত্ত্বেও ক্রমাগত একে ভাল করার চেষ্টা চলছে এবং এর ব্যয়ভার প্রতি বছর কমিয়ে আনা হচ্ছে। স্যার, আজকের পরিস্থিতিতে আমাদের প্রশাসন ব্যবস্থা খুব শক্তিশালী হওয়া উচিত এবং এর যেসমস্ত দুর্বলতা আছে তা দূর হওয়া উচিত। আজকে আমাদের অ্যাডমিনিস্ট্রেসন-এর ভিতর এমন কতকগুলি লোক আছে যাদের সম্বন্ধে আমাদের খুব সাবধান হওয়া উচিত। তাদের সম্বন্ধে দু-একটা কথা বলে মুখ্যমন্ত্রীর সেদিকে দৃষ্টি আকর্ষণ করছি। কমিউনিস্ট এম এল এ, শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্যকে গ্রেপ্তার করে যখন ট্রেনে করে কলকাতায় আনা হচ্ছিল, সেই ট্রেনে শ্রীশান্তিময় গাঙ্গুলী—যিনি নেতাজী সুভাষচন্দ্র বসু যখন সমস্ত পুলিস পাহারার চোখে ধূলি দিয়ে ভারতবর্ষের বাইরে যান তখন তার সহচর হয়ে কাবুল পর্যন্ত গিয়েছিলেন তিনি যা লিখছেন তা এখানে পড়ছি—

Communist M.L.A. Shri Mrigendra Bhattacharyya who was under arrest was being escorted to Calcutta by a party consisting of a police officer in uniform and other in plain dress, a few armed constables and two or three other plain clothed policemen. After the train started moving from Kharagpur station Shri Bhattacharyya started discussing political matters particularly the boundary dispute between our country and China and strongly supported the position that China has taken up. Strangely enough, the police officer in uniform seemed openly to agree with Shri Bhattacharyya and went to the extreme of declaring openly that one of his relations who was a teacher of Geography for about 20 years or so has told him that Ladak and Aksai Chin never belong to India. Apart from the other points of political agreement where the police officer declared that the Communist Party was a great force in this country and in this world. This was a statement which all the passengers in the compartment resented very strongly. Since, however, as the policemen were concerned in escorting the political prisoner every body thought it wise to keep quiet.

স্যার, দেখা যাচ্ছে যে সর্ষে দিয়ে ভূত ছাড়াব সেই সর্ষের মধ্যেই ভূত বাস করছে। কাজেই এ সম্বন্ধে বিশেষ অবহিত হওয়া দরকার। চিঠিখানি মুখ্যমন্ত্রীকে দেব তিনি যেন এ সম্বন্ধে তদন্ত করে এরকম অফিসারের ব্যবস্থা করেন। শ্রীঅরুণকুমার নামে যে চিঠিখানা যুগান্তর কাগজে বেরিয়েছিল ১৬ই মে, সেখানে আমাদের সিকিউরিটি ডিপার্টমেন্ট আছে এবং এদের কাজ হচ্ছে আপত্তিকর প্রবন্ধ বেরুলে তার তদন্ত করা এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করা। এই চিঠি ছাপা হল মে মাসে, এইসব অফিসারদের এদিকে দৃষ্টি আকৃষ্ট হল না এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করা হল না। এ সম্বন্ধে এখানে অনেক আলোচনা হয়েছে। আমি দেখতে পাচ্ছি এই চিঠির প্রতি সরকারের দৃষ্টি আকর্ষিত হয়েছে তখন, যখন চীন দেশ থেকে এর ট্রানস্লেসন বেরিয়েছে। আমরা কি জেগে ঘুমাই? আমি গত সপ্তাহের একখানা জনতা কাগজে সংবাদ দেখলাম যে যারা প্রো চাইনিজ কমিউনিস্ট দলে আছেন তারা আলাদা পার্টি করছে এবং ভূতপূর্ব কমিউনিস্ট সেক্রেটারী সারা পশ্চিমবাংলায় ঘুরে ঘুরে বেড়াচ্ছেন এবং সংগঠন করে চলেছেন, যারা চীনের মতকে সমর্থন করে তাদের। এটা যে দেশদ্রোহিতা তাতে কোন সন্দেহ নেই। এদের সম্বন্ধে হতে দেওয়া দেশের আজকের পরিস্থিতিতে অত্যন্ত সাংঘাতিক ব্যাপার। এ বিষয় অবহিত হওয়া প্রয়োজন। তারপর বলব যে মুখ্যমন্ত্রী জানেন কে আমাদের অনেক ট্যাক্স পাওনা থাকে, কিন্তু আদায় হয় না। কিন্তু এক্সাইজ ডিপার্টমেন্ট-এর একজন এক্সাইজ কমিশনার-এর কাজের ফলে গভর্নমেন্ট আজকে পুরা ১০-১২ লক্ষ টাকা লোকসান দিতে যাচ্ছেন। ফার্মাসিউটিক্যাল ম্যানুফ্যাকচারাস, যারা পশ্চিমবঙ্গে রয়েছে তাদের সঙ্গে সরকারের একটা বিরোধ এসেছে।

সেণ্ট্রাল গভর্নমেণ্টের একটা অ্যাক্ট, এম, এণ্ড টি, পি, অ্যাক্ট অফ ১৯৫৭, যার ফলে এখানকার যাবতীয় ম্যানুফ্যাকচারড ওষুধগুলি সেণ্ট্রাল গভর্নমেণ্ট-এর হাতে চলে যাচ্ছে। আগে স্টেট গভর্নমেণ্ট যে ট্যাক্স নিতেন, আমরা দেখেছি সেই ট্যাক্সগুলি অন্য সব স্টেট-এ বন্ধ হয়ে গিয়েছে।

[1-50—2 p.m.]

এখনকার স্টেট-এ কি হয়েছে, ১৯৬১-তে চিঠি দিয়ে এক্সেমসন করেছেন, কিন্তু তবু এক্সাইজ কমিশনার ১৯৫৭—৬১-এর টাকা আদায় করবার জন্য আজকে তাদের স্পিরিট দেওয়া বন্ধ করে দিয়েছেন, যার ফলে কোন একটা প্রতিষ্ঠান ইউনিভার্সাল ড্রাগ স্টোরস, আমার এলেকায় ওটা তারা ডিফেন্স-এর অর্ডার সাপ্লাই করতে পারে না, ফেরত দিতে বাধ্য হয়েছে, এবং আজকে এই অবস্থায় বেঙ্গল ইমিউনিটি হাই কোর্টে একটা কেস করেছিল এবং হাইকোর্টে এক্সাইজ কমিশনার এর অর্ডার নালিফাই হয়েছে, বেআইনী বলে ঘোষিত হয়েছে। এই অবস্থার যদি মীমাংসা না হয়, তা হলে তারা ওয়েস্ট বেঙ্গল স্টেট থেকে অন্যান্য স্টেটে আসামে, বিহারে, উড়িষ্যায় পালাবার জন্য চেষ্টা করবেন, যার ফলে আমাদের এখানকার ইণ্ডাস্ট্রি নষ্ট হবে, বহু আনএমপ্লয়মেণ্ট দেখা দেবে, এবং প্রিজারভেটিভ, এলকোহল ইত্যাদিতে বহু টাকা লোকসান হবে। বেঙ্গল ইমিউনিটি অলরেডি এই চেষ্টা করছেন, এবং এর ফলে ১০-১২ লক্ষ টাকা গভর্নমেণ্টের লোকসান হবে। এ সম্বন্ধে তাদের সঙ্গে একটা ব্যবস্থা করা উচিত। তাঁরা চাচ্ছেন যদি কোর্টে থেকে ডিসিসন হয়, তাদের যদি দেয় হয়, তা হলে তাঁরা দেবেন—এই ব্যাপারে আমাদের অর্থমন্ত্রী যদি তাঁদের সঙ্গে ব্যবস্থা করেন, তা হলে আমার মনে হয় ভাল হবে। সেদিন মাননীয় সোমনাথ লাহিড়ী মহাশয় পুলিস বাজেটে বলছিলেন গভর্নমেণ্ট আই এন টি ইউ সি-র সাহায্য নিয়ে তাদের ট্রেড ইউনিয়ন কর্মীদের উপর নাকি অত্যাচার করছে। আমি তাঁকে দু-একটা দৃষ্টান্ত দেব যা নাকি একেবারে উল্টো। আমাদের এখানকার বিরোধী দলের নেতা জ্যোতিবসু মহাশয় একটা ইউনিয়ন-এর কথা বলেছিলেন, ইন্ডিয়ান অক্সিজেন কোং—এদের একটা ইউনিয়ন জ্যোতি-বসু মহাশয়ের দলের লোকের এবং সেটা তাঁরই নেতৃত্বে পরিচালিত এবং তারা জ্যোতি বসু মহাশয়ের রাজনৈতিক মত পোষণ করে। জ্যোতি বসু মহাশয়ের গ্রেপ্তারের পরে সেখানে যে কংগ্রেস ইউনিয়ন হয়েছে তার সদস্য লোকের উপর মারপিঠ হয়েছে। পরশুদিন বেলেঘাটায় একটা লোক আক্রান্ত হয়েছে। ইম্পিরিয়াল টোব্যাকো কোম্পানীতে বিশ্বনাথ দুবে মহাশয়ের একটা ইউনিয়ন আছে, কিন্তু ওখানে আই এন টি ইউ সি-ই প্রবল। এই ইউনিয়নে কয়েকটি লোক যখন অফিসারের ঘরে বসে আলোচনা করছিল, তখন বিশ্বনাথবাবু ইউনিয়নের লোক তাদের ঘর থেকে টেনে বার করে মেরেছে এবং তাতে শেখ মুশাক আলী এমন আঘাত পায় যে তাকে এক মাস ধরে হাসপাতালে বাস করতে হয়েছে। আজকের এই পরিস্থিতির সুযোগ আমরা নিচ্ছি না, তাঁরা কিভাবে এই পরিস্থিতির সুযোগ নিচ্ছেন সেটাও দেখুন তাঁরা। স্যার, আমি এই প্রসঙ্গে আমাদের আরো কয়েকটা বিভাগের কথা বলতে চাই, পাবলিসিটি ডিপার্টমেণ্ট এবং আমাদের কাগজগুলি জার্নাল, ওয়েস্ট বেঙ্গল উইকলি, কথাবার্তা, বসুন্ধরা, শ্রমিক বার্তা, লেবার গেজেট এগুলি পেতে অনেক দেরী হয়, ৫-৬ মাস পরে পাওয়া যায়। ওয়েস্ট বেঙ্গল উইকলি একটা উইকলি পেপার, তার লাস্ট ইসু আমরা এক মাস আগে পেয়েছি, ৬ মাসের কাগজ একসঙ্গে পেয়েছি। এইরকম দেরী হওয়ার জন্য এইসব কাগজে যেসমস্ত অ্যাডভারটাইজমেণ্ট এবং টেণ্ডার নোটিশ থাকে তাতে কোন কাজ হয় না। যদি তাঁরা সত্যিই ইকোনমি করতে চান, তা হলে এগুলি রেগুলারাইজ করা উচিত, তা না হলে এই অপব্যয় বন্ধ করা উচিত বলে মনে করি। আরেকটা বিষয়ের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, এবারের বাজেট প্রিন্টিং-এ বি জি প্রেস থেকে ৪০টা ফর্মা ভুল প্রিন্টেড হয়েছে। নিয়ম হল, এই বাজেটের প্রুফ কপি তাঁরা ফাইন্যান্স-এ পাঠান এবং ফাইন্যান্স যখন প্রিন্টিং-এর অর্ডার দেয়, তখন সেটা প্রিন্টেড হয়। এই অবস্থার পরিবর্তন হওয়ার ফলে ৪০টা ফর্মা ভুল প্রিন্টেড হয়েছে, এবং লাস্ট মোমেন্টে ফাইন্যান্স-এর দৃষ্টি আকৃষ্ট হওয়ার ফলে এটা পুনরায় মুদ্রণ করা হয়েছে। যে বইখানা দেওয়া হয়েছে তাতে দেখবেন এক বই এবং ফিগার অন্য বই-এ চলে গিয়েছে, এবং লাস্ট মোমেন্টে সেই ভুলটা নজরে এসেছে—ওখানে বলা হয়েছে,

Pages 95 to 102 of this volume may please be read as corresponding pages of the book relating to Public Works (Roads) Department, similarly.

pages 95 to 102 relate to Public Works (Roads) etc. may please be read as corresponding pages of this book.

একটার জিনিস আরেকটার জায়গায় চলে গিয়েছে। এই ভুল কেন? যাঁদের উপর এই গুরুত্বপূর্ণ জিনিসের দায়িত্ব রয়েছে তাঁদের ঔদাসীন্য ও অবহেলাই এজন্য দায়ী। বি, জি, প্রেস, কম্পোজিং ও মেশিন প্রিন্টিং-এর ব্যাপারে আমি একটা এনকোয়ারী কমিটির কথা বলেছিলাম, আমি মনে করি সেটা হওয়া উচিত।

Point of Privilege

Shri Syed Abul Mansur Habibullah:

অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, মিঃ ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় সদস্য দুজন অনুপস্থিত সদস্যের বক্তব্য বলে বলেছেন। আমি আপনার কাছে এই প্রশ্ন জিজ্ঞাসা করছি তাঁদের আত্মপক্ষ সমর্থনের কোন সুযোগ নাই—বিশেষ করে তাঁরা অ্যারেস্টেড হয়েছেন, তারা এখানে অনুপস্থিত তাঁদের সম্বন্ধে এলিগেশান করা হচ্ছে

Mr. Deputy Speaker: They are not outsiders, they have been members of this House. You may reply to the point. The party is here.

Shri Syed Abdul Mansur Habibullah: I cannot reply because I am not in a position to reply on behalf of Shri Mrigendra Bhattacharjee. You, Sir, or the Government may give them facility so that they will come here and reply.

হয় এই রিমার্কসগুলি অ্যাসেম্বলী প্রোসিডিংস থেকে এক্সপাঙ্গ করার কথা বলুন, তা না হলে সেই সদস্যকে পুলিসের তরফ থেকে সুযোগ দেওয়া হোক, তাঁরা এখানে তাঁদের বক্তব্য উপস্থিত করুন; তা না হলে অ্যাসেম্বলী প্রোসিডিংস থেকে এক্সপাঙ্গ করা হোক।

[2—2-10 p.m.]

Shri Haridas Chakravarty:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, প্রশাসনখাতে মুখ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করেছেন তার বিরুদ্ধতা করতে উঠে প্রথমে যে কথাটা আমার মনে পড়ছে, তা হল কিছুদিন আগে মুখ্যমন্ত্রী বলেছিলেন, এবং এই সভার অনেক সদস্যের প্রচণ্ড করতালিধ্বনির মধ্যে ঘোষণা করেছিলেন বাংলাদেশের একটা মানুষকেও আমরা না খেয়ে মরতে দেব না। সম্ভবত তাঁর এই প্রচণ্ড প্রতিশ্রুতির প্রতিবাদে স্বর্ণশিল্পী সুনীল কর্মকারকে অনাহারের জ্বালায় আত্মহত্যা করে মুখ্যমন্ত্রীর এই আশ্বাসের প্রতিবাদ করতে হয়েছে। মুখ্যমন্ত্রী তাঁর ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করতে গিয়ে কিছু পরিসংখ্যানের সাহায্যে বুঝাতে চেয়েছেন যে আমাদের পশ্চিমবঙ্গে প্রশাসন খাতে ব্যয় সংকোচন করার দিকে একটা প্রবণতা আছে। সম্ভবত সুবিধা হবে না বলেই তিনি একটা কথা বলেন নি, টাকা খরচের পরিসংখ্যান তিনি দিয়েছেন, কর্মদক্ষতার পরিসংখ্যান যদি তিনি দিতেন, তা হলে দেখতে পাওয়া যেত যে, তা ক্রমক্ষীয়মান ও ক্রমহ্রাসমান।

তার কারণ, কাল যে ব্যয়বরাদ্দের দাবী নিয়ে আলোচনা হচ্ছিল, তাতে আমাদের পূর্তমন্ত্রী মাননীয় খগেনবাবু নিজেই স্বীকার করেছেন, যখন একথা বলা হয়েছিল যে ব্যয়বরাদ্দের খাতে যে টাকা থাকে সেই টাকা আপনারা খরচ করতে পারেন না—যদিও আমার খাতে অনেক খরচ করেছি, অন্যান্য খাতে এর চেয়ে কম খরচ হয়েছে। তার ফলে, একথা বলা যায় বিভিন্ন খাতে যে ব্যয়বরাদ্দ টাকা থাকে সেই টাকা খরচ করার মত যে প্রশাসনিক যন্ত্র, দক্ষতা থাকা উচিত ছিল সে দক্ষতা আপনাদের নেই। আপনারা প্রশাসনিক যন্ত্রকেও সেই পর্যায়ে উন্নীত করতে পারেন নি, যা করতে পারলে ব্যয়বরাদ্দের বিভিন্ন খাতে যে খরচ হবে সেই খরচ আপনারা করতে পারতেন। এই কথাটা আমার মনে হয় মুখ্যমন্ত্রীর স্বীকার করা উচিত। একটি কথার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—যদিও জানি এই বিষয়টা কেন্দ্রের এবং মুখ্যমন্ত্রীর পক্ষে এই বিষয়টা বলা সম্ভবপর নয়, তবুও অনুরোধ করছি যে এই জিনিসটার প্রতি যেন দৃষ্টি

দেন এবং আমাদের জানান। আসানসোলে রেলের একটা বিভাগীয় দপ্তর আছে, সেই দপ্তরকে রেইফারকেট করে ধানবাদে সেটাকে সিফট করার একটা পরিকল্পনা চলছে এবং সেটা বোধ হয় কার্যকরী হতে চলেছে। এ নিয়ে বেশ কয়েক বছর আগে থেকেই একটা চক্রান্ত চলছিল এবং আমার কাছে যতদূর খবর আছে আমি জানি কিছু অবাঙালী উচ্চপদস্থ কর্মচারী তাঁরা চাইবে এই বিভাগকে যদি ধানবাদে স্থানান্তরিত করা যায়, তা হলে তারা পরিপুষ্ট হবে, তাদের উন্নতির সম্ভাবনা আছে। কিন্তু তাদের যে চক্রান্ত সেই চক্রান্ত হেয়। তার প্রমাণ হচ্ছে ১৯৫৮ সালে প্রায় ৯ লক্ষ টাকা খরচ করে রেল দপ্তর থেকে আসানসোলে বর্তমানে এই বিভাগের যে দপ্তর আছে তাকে এক্সটেন্ড করা হয়, তার বাড়িটা বাড়ান হয় এবং বিভাগীয় দপ্তরগুলোকে কার্যকরী ব্যবস্থায় আনার জন্য চেষ্টা করা হয়। অথচ আজকে এমারজেন্সীর সুযোগ নিয়ে প্রতিরক্ষার নাম করে এই দপ্তর স্থানান্তরের চেষ্টা করা হচ্ছে এবং আমাদের মুখ্যমন্ত্রী জানতে পারবেন যে সেখানে প্রায় ১২ লক্ষ টাকা খরচ করে ধানবাদে বিভাগীয় দপ্তর তৈরি করার চেষ্টা হচ্ছে। ইতিমধ্যে সেখানে আর্থ ওয়ার্ক-এর জন্য ব্যয়বরাদ্দ করা হয়েছে, জলের মত টাকা খরচ হচ্ছে এবং হিসাব করে দেখা যাবে যে একটা দপ্তরে যেখানে প্রায় ২১ জন পদস্থ ক্লাস ওয়ান অফিসার ছিলেন, সেখানে এই বিভাগ যদি যায়, তা হলে ৩৫ জন অফিসারের পদোন্নতি হবে। মাননীয় মুখ্যমন্ত্রীকে এই বিষয়টা অনুধাবন করতে বলছি। আসানসোলে যেসমস্ত কর্মচারী আছে তাদের মধ্যে কেউ ধানবাদে যেতে চায় না, তাদের মধ্যে শতকরা ২ জন যেতে চায়। তার কারণ, আসানসোলে বেশীর ভাগ বাঙালী চাকরী করে—তারা স্থায়ীভাবে বাস করে, তাদের বাড়ি আছে, ছেলেপিলে লেখাপড়া করছে এর মধ্যে তাদের হয়ত এমন অবস্থা এসেছে যে তাদের সার্কুলার দেওয়া হয়েছে যে প্রায় ৫০ পার্সেন্টকে কম্পালসরি ট্রান্সফার করা হবে ধানবাদে। এর ফলে তাদের আর্থিক অসুবিধা হবে এবং তাদের ছেলেমেয়েদের মাতৃভাষার মাধ্যমে শিক্ষার যে সুযোগ সেই সুযোগ থেকে তারা বঞ্চিত হবে। মাননীয় মুখ্যমন্ত্রী যদি এ সম্পর্কে দৃষ্টি দেন, তা হলে হয়ত এই অবস্থার থেকে হতভাগ্য কর্মচারীরা রেহাই পেতে পারেন। আর একটা কথা হচ্ছে যে এর আগে গতবার বাজেট বক্তৃতায় আমি বলেছি যে, চিত্তরঞ্জনে নিরাপত্তা আইন কেন চালু করে রেখেছেন? সেখানে ৫০ হাজার মানুষ বাস করে। সেখানে যাঁরা রেলের চাকরি করেন তাদের শিক্ষার বা চিকিৎসার ব্যবস্থা রেল কর্তৃপক্ষ করেন, কিন্তু আপনারা জানেন রেলের যে পরিবারের সংজ্ঞা আছে, আমাদের মধ্যবিত্ত পরিবারগুলোতে সেই সংজ্ঞা অনুযায়ী লোক থাকে না তার চেয়ে বেশী লোক থাকে। অথচ এইসমস্ত পরিবারে অন্য লোক যারা আছে তাদের চিকিৎসা ব্যবস্থার দায়িত্ব রেল কর্তৃপক্ষ নেয় না। এ ছাড়া সেখানে যেসমস্ত অন্য বাড়ি বা দোকানদারদের পরিবারের লোকজনের শিক্ষা ব্যবস্থা বা চিকিৎসার ব্যবস্থা নেই। সুতরাং পশ্চিমবঙ্গ সরকারের এটা দেখার দায়িত্ব আছে। সেখানে যারা রেলের চাকুরীয়া নয় সেই যে বিরাট সংখ্যক লোক সেখানে বাস করে তাদের চিকিৎসা ব্যবস্থা কেমন করে হতে পারে, সেখানে রেলের স্কুলে যাতে ছেলে ভর্তি হতে পারে সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি মুখ্যমন্ত্রীকে আবেদন জানাচ্ছি।

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এই বিষয়ের প্রতি আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজকের কাগজে আপনি দেখেছেন প্রেসিডেন্সি জেলে ৩৬ জন বন্দী তাঁরা অনশন করার নোটিশ দিয়েছেন, মাননীয় ডেপুটী স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে এ কথা বলব যে, এই ৩৬ জন বন্দীর অনশন ধর্মঘটের নোটিশটা আসলে প্রায় ১৫০ জন রাজবন্দী পরিবারের অনশন ধর্মঘটের নোটিশ হিসাবে মনে করেন। দীর্ঘ ৪ মাস ধরে তাদের বিনা বিচারে জেলে আটক রেখেছেন, তাঁদের প্রথম শ্রেণীর বন্দীর মর্যাদা দেন নি, আর না দিয়ে তাদের পরিবারকে অনশনের মুখে ঠেলে দিয়েছেন। আপনারা প্রতিশ্রুতি দিয়েছেন আমরা অনুসন্ধান করছি যে, পারিবারিক ভাতা দেওয়া যায় কিনা, এটা চিন্তা করবেন। কিন্তু ইতিমধ্যে ৪ মাস অতিক্রম করে গেল। এই ৪ মাসের মধ্যে তাদের পরিবারের মানুষ না খেতে পেয়ে, অনশনে দিন কাটাচ্ছে, আজ পর্যন্ত আপনারা কোন সিদ্ধান্ত তাদের সম্বন্ধে নিতে পারেন নি, অথচ যেসমস্ত বন্দী জেলে আছে তাদের রাজনৈতিক বন্দীর মর্যাদাও দেন নি। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, অথচ যুগান্তরে, সম্পাদকীয় ১নং খানা

বন্দে যা বেরিয়েছে তা পড়ে একটু শোনাচ্ছি। তাতে রকমারি মিথ্যা কথা লেখা হয়, কারণ তা যা পান তাই দেন, এবং সেটা আপনার কাছে রাখছি, সেখানে লেখা হয়েছিল, প্রথম শ্রেণী কয়েদীদের জন্য বরাদ্দ ২ বেলা ভাত, ডাল তরকারী, মাছের ঝোল, মাংস, দই, নিরামিষাষিদে জন্য মাছ-মাংসের বদলে ফল-মূল, এ ছাড়া জলযোগের জন্য কাটলেট, পুডিং আছে, চা, বিস্কু অথচ যা তাদের দেওয়া হচ্ছে তা হল এই,—সকাল বেলা ১টা আটার রুটি, কোনদিন ছোলা সিদ্ধ দুপুরে কাঁকর ধান্য মিশ্রিত ভাত, যতটা কুৎসিত ভাবতে পারেন তার চেয়েও খারাপ ডাল, এ ঘ্যাট, এই হচ্ছে খাওয়ার অবস্থা। অথচ তার পাশাপাশি কাগজে বেরুচ্ছে প্রচারের জন্য আপনাকে পড়ে শোনালাম, এ থেকেই আপনি বুঝতে পাচ্ছেন কি ভীষণ তারতম্য চলেছে এ মধ্যে ও কিভাবে তাঁরা দিন কাটাচ্ছেন। আর যারা সেখানে আছেন, মর্যাদার দিক দিয়ে দেখ দেখবো মিউনিসিপ্যাল কমিশনার, তাঁরা মাধ্যমিক স্কুলের শিক্ষক, ইঞ্জিনীয়ার, তাঁরা গ্রাজুয়ে অর্থাৎ যদি সামাজিক বিচারের দিক দিয়ে দেখেন দেখবেন তাতে তাদের প্রথম শ্রেণীতে আ উচিত। তাদের খাদ্যদ্রব্যের অবস্থা সম্বর্কে সু-ব্যবস্থা হওয়া উচিত বলে সে সম্পর্কে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Abani Kumar Basu:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে সাধারণ শাসন খাতে ব্যয়বরাদ্দ সমর্থন করতে উঠে আমি আমার বক্তব্য আপনার সামনে রাখবো। আমি প্রথমে উল্লেখ করতে চাই যে জেনারেল অ্যাড মিনিস্ট্রেশান-এ আমাদের ব্যয় প্রতি বছর কমে যাচ্ছে, সে সম্বন্ধে বিরোধী পক্ষের কোন কোন বন্ধুরা বললেন, এটা নাকি জাগলারি, কিন্তু এই জাগলারি প্রমাণ করবার জন্য কোন স্ট্যাটিসটিক আমাদের সামনে রাখলেন না। আমরা দেখেছি অ্যাকচুয়ালস বেসিস ১৯৬১-৬২ সালে ব্য সেখানে হয়েছিল জেনারেল অ্যাডমিনিস্ট্রেশান-এ ৩ কোটি ৭৬ লক্ষ টাকা। সেখানে আমর ১৯৬৩-৬৪ সালে—যদিও দেখতে পাচ্ছি এর মধ্যে পে কমিটি এসেছেন এবং পে রিভিসন হয়েছে কিন্তু তা হলেও দেখতে পাচ্ছি ব্যয় কমে যাচ্ছে, এটা ৩ কোটি ৪৬ লক্ষ ৮০ হাজার টাকা মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের সামনে যে কম্পারেটিভ এস্টিমেট রেখেছেন, আমি এ সম্বন্ধে বিশে কিছু বলতে চাই না এগুলি অত্যন্ত টেলিং ফিগারস বলে মনে করি। স্যার, আমি কয়েকটা বিষয় আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হচ্ছে এই যে, আমাদে বেশী যে প্লেসমেন্ট অফ এমপ্লয়িজ সেটা ঠিকভাবে হচ্ছে কিনা সেটা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে চিন্তা করে দেখতে অনুরোধ করবো। স্যার, আমি একটা

comprehensive statistics of staff employed under the Government of West Bengal.

এখানে স্টেট স্ট্যাটিসটিক্যাল ব্যুরো তৈরি করেছেন, তা থেকে দেখতে পাই ২ লক্ষ ১১ হাজার ১১৮ জন সরকারী কর্মচারি ছিলেন ৩১এ মার্চ পর্যন্ত ১৯৬১ সালের এবং তার মধ্যে ২৮ ভাগ কর্মচারী এই সেক্রেটারীয়েট ডিপার্টমেন্টে এবং কলকাতার অন্যান্য অফিসে কাজ করতেন।

[2-10—2-20 p.m.]

আজকে সমস্ত জিনিস কেন্দ্রীভূত হয়ে যাচ্ছে কলকাতায়, যেখানে আমরা নীতিগতভাবে স্বীকার করে নিয়েছি যে ডেমোক্র্যাটিক ডিসেন্ট্রালাইজেসন ইন অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসেস এবং অন্যান্য স্তরেও যেখানে আমরা জানি যে গ্রাম বাংলার শতকরা ৭০ ভাগ লোক, যারা গ্রামাঞ্চলে বাস করে আজকে মুখ্যমন্ত্রীকে চিন্তা করে দেখতে বলবো যে, আজকে গ্রামবাংলায় সেইসমস্ত অফিসকে ছড়িয়ে দেওয়া যায় কিনা। ব্যয়ের দিক দিয়ে যদি দেখি, তা হলে দেখতে পাবো রেড বুকের ৮৭ পেজে সেক্রেটারিয়েট এবং অ্যাটাস্ট অফিসে ব্যয়বরাদ্দ ধরা হয়েছে ১ কোটি ৭৩ লক্ষ ৫২ হাজার টাকা এবং ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেসনে ধরা হয়েছে মাত্র ১ কোটি ৬৫ লক্ষ ৬৩ হাজার টাকা। আজকে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রাখবো ইকিউলিব্রিয়াম আনবার চেষ্টা যেন করেন। সার্ভিস স্ট্রাকচার সম্বন্ধে আমি কিছু বলতে চাই। আমরা যা দেখি যে এখানে সরকারী কর্মচারী যারা আছেন তাদের মধ্যে স্থায়ী পার্মানেন্ট স্টাফ আছেন ৩৯ পার্সেন্ট এবং টেম্পোরারী এবং আদারস মিলিয়ে তাদের সংখ্যা হচ্ছে ৬১ পার্সেন্ট, আমি জানি আমাদের সরকারী দপ্তরে বিভিন্ন বিভাগ রয়েছে যেগুলিকে পার্মানেন্ট করা যায় না, কিন্তু মানবিকতার

দিক দিয়ে আমি চিন্তা করতে বলবো যে, যেসমস্ত কর্মচারী যারা আজকে ১০-১২ বছর ধরে একাধিক্রমে কাজ করছেন তাঁদের চাকুরীর নিরাপত্তা সম্বন্ধে সরকার থেকে একটা ঘোষণা হওয়া উচিত যে কোন কারণে তাঁদের চাকরী যাবে না। কেন্দ্রীয় সরকারের টেলিফোন অপারেটার যখন উদ্বৃত্ত হয়ে গেলো, তখন তাঁরা আশ্বাস দিলেন যে নিউ রিক্রুটমেন্ট হবে না, আজকে সে দিক দিয়ে যদি মুখ্যমন্ত্রী চিন্তা করেন, তা হলে সমস্ত সরকারী কর্মচারীর চাকুরী জীবনের নিরাপত্তা আসবে এবং তাদের থেকে আমরা আরও বেশী বেশী সিনসিয়ারীটি নিশ্চয়ই আশা করতে পারবো। নিম্ন বেতনভুক কর্মচারীদের কথা আমরা এখানে কেউ কেউ বলেছি—পে কমিটির রিপোর্টে যা দেখতে পাচ্ছি যে ১৯৩৯ সালে লো স্কেল ম্যানুয়েল লেবারের এভারেজ পে ছিল ১৫ টাকা এবং সেই সময়ে হায়েস্ট পেতে যে ওয়ার্কার এবং অফিসার তাদের অ্যাভারেজ পে ছিল ২ হাজার ১৭৫ টাকা—রেসিও ছিল ১—১৯২, বর্তমানে আমরা দেখি সেই লোয়েস্ট পেই ম্যানুয়েল ওয়ার্কারের বেতন স্তরের উন্নতি হয়েছে—সেটা দাঁড়িয়েছে ৬৭·৫ এবং হাইয়েস্ট পে তাদের বেতন কমে গেছে—সেখানে ১,৯০০ এবং ১·২৮ হচ্ছে এর রেসিও। আজকে আনুপাতিকভাবে যে বেতন বৃদ্ধি হয়ে আমরা সকলেই সুখী হতে পারতাম—সেরকম হয় নি, কারণ বেতন বৃদ্ধির সময় চিন্তা করা দরকার এতে মুদ্রাস্ফীতি ঘটাবে কিনা, আমাদের দেশের ইকনমি সহ্য করতে পারবে কিনা। রিজার্ভ ব্যাঙ্ক বুলেটিনে আমরা দেখেছি যে ১৯৫০ সালকে যদি বেস ইয়ার ধরা হয়, তা হলে ১৯৬১-৬২ সালে কস্ট অফ লিভিং হয়ে দাঁড়িয়েছে ১১৫ এবং পে কমিটির বেতন বৃদ্ধির সুপারিশ করেছেন ২১ পার্সেন্ট। আমাদের শ্রদ্ধেয় হেমন্তবাবু বলেছেন যে পে কমিটির রেকমেন্ডেসন সরকার নেন নি—আমি মনে করি এই ধারণা ভ্রান্ত, অনেক ক্ষেত্রেই নিয়েছেন, কোন কোন ক্ষেত্রে সেগুলো একজেমসনের পর্যায় পড়েছে। আমি আর একটি জরুরী অবস্থার প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো। আমি দেখেছি যে অনেক ডিপার্টমেন্টে প্রয়োজনের তুলনায় লোক বেশী রয়েছে, আবার যারা কাজ করে সময় করে উঠতে পারে না এমনও আছে—আবার এমনও আছে কাজের তুলনায় লোকের সংখ্যা কম। স্যার, এ বিষয়ে ডাঃ পাল অ্যাপেলবি এ বিষয়ে বলেছেন –

There must be some consistency in the work load so that one agency does not have many officials to handle a relatively small programme.

স্যার, এ সম্বন্ধে পে কমিটিও বলে দিয়েছেন অপটিমাম ইউটিলাইজেসন অফ এভেইলেবেল রিসোর্সেস। আমি আজকে এ সম্বন্ধে মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করবো যে আজকে সরকারী সমস্ত অফিসের স্টাফ রিকোয়ারমেন্ট সম্বন্ধে একটা পূর্ণাঙ্গ তদন্ত হওয়ার প্রয়োজন আছে। কোথায় বেশী স্টাফ রয়েছে, কোথায় কম স্টাফ রয়েছে এই সমস্ত জিনিসের ভেতর একটা ভারসাম্য আনতে গেলে এইরকম একটা তদন্ত হওয়ার প্রয়োজন হয়েছে। পে কমিটি এ কথাও বলেছেন

for determining the clerical strength of the staff it requires revision in the light of the changed circumstances.

অ্যাডমিনিস্ট্রেসন যখন এক্সপাণ্ড করছে। যেখানে ৭৭ হাজার সরকারী কর্মচারী ছিল ১৯৪৭ সালে, সেখানে বর্তমানে এই সরকারী কর্মচারীর সংখ্যা দাঁড়িয়েছে ২ লক্ষ ১৭ হাজার। এটা নিশ্চয়ই সুখের কথা। কোন্ কোন্ ক্ষেত্রে বেশী কর্মচারী রয়েছে, কোন্ ক্ষেত্রে কম কর্মচারী রয়েছে, আজকে সে বিষয় ভারসাম্য আনবার জন্য আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো। আমি দেখেছি আরো কোন কোন ক্ষেত্রে হয়ত লেক অফ কো-অর্ডিনেসান হতে পারে, হয়ত অন্য কোন অ্যাডমিনিস্ট্রেটিভ ডিফিকাল্টিজও হতে পারে। কেউ কেউ বলছেন দীর্ঘসূত্রতা হয়, আমি দেখেছি। বিভিন্ন উন্নয়নমূলক যেসমস্ত পরিকল্পনা আছে তা সময়মত হয় নাই। অনেক সময় বরাদ্দ অর্থ খরচ করতে পারি না। সেইজন্য প্রস্তাব করি মুখ্যমন্ত্রী এটা একটু চিন্তা করে দেখবেন। এই প্ল্যান বা প্রোগ্রাম এক্সপিডিটর নিয়োগ করতে পারা যায় কিনা! হয়ত এ ক্ষেত্রে আমরা দেখতে পাব কিছু ব্যয় বৃদ্ধি ঘটতে পারে। কিন্তু যে ব্যয়বৃদ্ধি ঘটবে, তা আল্টিমেটলি ইকোনমিক হবে বলে আমি

মনে করি। তার ফলে ওয়েস্টেজ রোধ করা যাবে। এ সম্বন্ধে অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্ম করবার জন্য যে এক্সপার্টস আনা হয়েছিল, ভারত সরকার এনেছিলেন, তাঁরাও এ বিষয় মন্তব্য রেখেছেন। তাঁরা বলেছেন—

The change that requires will be highly economical in terms of improved efficiency and avoidance of greater waste incidental to delay.

স্যার, আর একটা কথা উল্লেখ করতে চাই যে, আমাদের দেশে বর্তমানে স্বাস্থ্যের অবস্থা ভাল হয়েছে। বর্তমানে মানুষের আয়ুষ্কাল বৃদ্ধি হয়েছে। আজকে কেন্দ্রীয় সরকার যে ৫৮ বৎসর বয়ঃসীমা নির্ধারণ করেছেন, আজকে আমাদের পশ্চিমবঙ্গ সরকারও সেই বয়ঃসীমা সরকারী কর্মচারীদের ক্ষেত্রে যেন প্রয়োগ করেন। আমি এ বিষয় তাঁর কাছে আবেদন করবো। আমি সংগে সংগে আরো নিবেদন করতে চাই যে কোন ক্ষেত্রেই সুপার অ্যানুয়েটেড অফিসারদের নিয়োগ করা উচিত নয়। আজকে দেখছি সুপার অ্যানুয়েটেড অফিসারদের নিয়োগ করে যে কোন কারণেই হোক তাঁদের অধীনে যেসমস্ত কর্মচারী রয়েছেন, তাঁদের প্রমোশনের পথ রুদ্ধ করা হয়। এর ফলে সার্ভিসের মোরাল নষ্ট হয়ে যায়। তার জন্য আমি মুখ্যমন্ত্রীকে বলবো— সাধারণভাবে বয়ঃসীমা বৃদ্ধি করবার ব্যবস্থা তিনি যেন করেন।

স্যার, আর কয়েকটি জিনিস আমি বলতে চাই। কয়েকটি ক্ষেত্রে একটু আগে বলেছিলাম আনপ্ল্যানড স্টাফ স্ট্রেন্‌থ হচ্ছে; কোন কোন ক্ষেত্রে সেই স্টাফ রিকোয়ারমেন্টস অনুসারে স্টাফ পাচ্ছেন না।

তারপর স্যার, ডেভলেপমেন্ট ডিপার্টমেন্ট সম্বন্ধে দু-একটি কথা উল্লেখ করতে চাই। সেখানে দেখি—সেখানে বি ডি ও ছাড়া আবার আর একজন অ্যাসিস্ট্যান্ট বি ডি ও নিয়োগ করার প্রস্তাব হচ্ছে। এগ্রিকালচার অ্যান্ড ফুড প্রডাকসন অফিসার ছাড়াও আর একজন অ্যাসিস্ট্যান্ট এ এফ পি ও নিয়োগের প্রস্তাব হচ্ছে। তার সংগে ফিলড অ্যাসিস্ট্যান্ট, ভিলেজ লেভেল কর্মী রয়েছে। যাঁরা গ্রামের মানুষের সংগে মেশেন বা তাঁদের মিশবার সুযোগ সুবিধা রয়েছে; যাঁরা মানুষকে কৃষি বিষয় শিক্ষা দান করবেন—সেইসমস্ত স্টাফ বৃদ্ধি হচ্ছে না, স্ট্রেনদেন হচ্ছে না।এ সম্বন্ধে আমি মুখ্যমন্ত্রীকে একটু অনুধাবন করতে বলছি। তাঁকে অনুরোধ করবো সকল স্তরে তিনি ইকোনমি নিয়ে আসবেন। এই ইকোনমি আনতে গেলে একটা কো-অর্ডিনেটেড ওয়েতে চলতে হবে। এই প্রোগ্রাম অনুসারে যদি চলা যায়, তা হলে আমাদের পশ্চিমবাংলার সাধারণ অ্যাডমিনিস্ট্রেসন অত্যন্ত উন্নত হয়ে উঠবে। এই বলে আমি বাজেটকে সমর্থন করছি।

[2-20—2-30 p.m.]

Shri Bhakti Bhusan Mandal:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার কাছে কয়েকটি করাপসন-এর কথা বলছি। এগুলি সাম আপ করলে দাঁড়ায় এই সরকার হচ্ছে এপিটোম অফ করাপসন, এবং এর প্রধান পরিচালক হলেন এক্স-সিভিল সাপ্লাই মিনিস্টার, যিনি বর্তমানে আমাদের মুখ্যমন্ত্রী, শ্রীপ্রফুল্ল-চন্দ্র সেন মহাশয়। আমি যে কথাগুলি বলব, তা মৌলিকভাবে বলবো না, কাগজপত্র নিয়ে তা প্রমাণ করবো। অবশ্য সময় কম, তবুও এই অল্প সময়ের মধ্যে কয়েকটি বিষয় আপনার সামনে তুলে ধরে প্রমাণ করবো। প্রথমটি হল, কাটোয়া স্ট্যান্ডিং ইয়ার্ডে কতকগুলি পাথর গাদা করা হল, তার বিল পেমেন্ট হয়ে গেল। তারপর দেখা গেল ঐ কাটোয়া স্ট্যান্ডিং ইয়ার্ডে পাথরের নীচে সমস্ত ছাই পড়ে আছে, সেখানে তার নীচে কেবল ছাই, পাথর নেই। এ একটা স্পেসিফিক ইনস্ট্যান্স দিলাম। আর একটা স্পেসিফিক ইন্সট্যান্স দিচ্ছি। আমাদের সিসাল ফার্ম-এ রাজনগর থানায়, সেখানে একটা টেন্ডার ছিল, টেন্ডার নাম্বার ৬৪ ডেটেড ৩-১১-৬২, সেখানে একটা টেন্ডার চাওয়া হল, স্টোন সাপ্লাই করবার জন্য, এবং সেই টেন্ডার অ্যাকসেপ্ট করা হল, ৪৭·১০ পার্সেন্ট লোতে। আপনি বিবেচনা করে দেখুন এই ৪৭·১০ পার্সেন্ট লোতে যা এস্টিমেট হয়, সেটা হয় ইচ্ছা করে ভুল করেছেন, কিম্বা টাকা চুরী করবার জন্য এটা করা হয়েছে। বর্ধমান সার্কেলের যিনি এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার অফ রোড, তিনি কি কি জিনিস পান দেখুন। তার

কন্ট্রাক্টার আছে, সে পায় হাফ পারসেন্ট, ওয়ার্কস অ্যাসিস্ট্যান্টস তারা পায় ২ পার্সেন্ট, ওভারসিয়ার, এস ডি সি পায় ১ পার্সেন্ট, অ্যাকাউন্টস অফিসার পায় ১ পার্সেন্ট, আর ½ পার্সেন্ট অফিস অফ দি এক্সিকিউটিভ অফিসার, আর এক্সিকিউটিভ অফিসার ও অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার, তাঁরা যেটা লাম্প-সাম নেন, সেটা হচ্ছে ২ পার্সেন্ট, আমার কাছে আরও বহু করাপসন-এর কথা আছে,, সেগুলি বলে সময় নষ্ট করবো না। এবার আমি মন্ত্রীদের মধ্যে যারা এ সম্বন্ধে লিপ্ত আছেন তাঁদের কথা বলবো। মাননীয় মন্ত্রী বিজয় সিং নাহারের একখানি লিখিত চিঠি এই হাউসের সামনে প্লেস করবো। সেই চিঠিটা ১লা চৈত্র তারিখে লোকমত কাগজে প্রকাশিত হয়েছে। এটা তার ফেক্সিমিলি. তাঁর নিজের হাতে লেখা এটা হচ্ছে এই অ্যাসেম্বলী প্যাড-এর উপর লেখা। এটা লেখা হচ্ছে ফ্রম শ্রীবিজয়সিং নাহার, লেজিসলেটিভ অ্যাসেম্বলী। যদিও এটা হচ্ছে ফর ইউজিং দি অ্যাসেম্বলী চেম্বার অনলি, তার উপরে লেখা হচ্ছে শ্রীশীতল রায় চৌধুরী,

Cashier, Medical College, Calcutta, in suspension for a long time,—hereby he may be reinstated and posted somewhere else. Full money has been returned long long ago.

এই শীতল রায় চৌধুরী ছিলেন মেডিক্যাল কলেজের ক্যাসিয়ার। তিনি টাকা তসরুফ করে-ছিলেন, এবং একটা কমিটি করে সেই শীতল রায় চৌধুরীকে ডিসমিস করবার জন্য রাইটার্স বিল্ডিংস থেকে রেকমেন্ড করা হয়েছিল। আর এই শীতল রায় চৌধুরী যখন শ্রীবিজয়সিং নাহার ভোটে দাঁড়িয়েছিলেন তখন তাঁকে সক্রিয়ভাবে সমর্থন ও সাহায্য করেছিলেন। এটা তাঁরই হাতের লেখা, ফেকসিমিলি আছে। আমি এটা আপনাকে দিয়ে দিতে চাই।

তারপর আর একটা কেলেঙ্কারীর ব্যাপার, যেটা বাংলাদেশের সবাই জানে। সেটা হচ্ছে ঐ দু-হাজার পাউন্ড গুঁড়া দুধ চুরীর ব্যাপার। সেই ব্যাপারটা একটু ভাল করে বুঝিয়ে বলি। সে সম্বন্ধে তিনটা চিঠি বেরিয়েছে, অথচ হংসধ্বজ ধাড়া মহাশয়কে যে কেন এখনও আটক করা হচ্ছে না, তা আমরা বুঝতে পারছি না। তার একটা চিঠি দর্পণে বেরিয়েছে ১৫ই মার্চ, ১৯৬৩ সালে। সেখানে যিনি সেক্রেটারী ছিলেন বি এন চ্যাটার্জী, তিনি একখানি পার্সোনাল অ্যান্ড কনফিডেনসিয়াল লেটার দিয়ে বলছেন, 'আপনাকে যে দুধ দিয়েছি, তখন আপনার কাছ থেকে আমি প্রতিশ্রুতি পেয়েছিলাম যে আপনি রিটার্ন ফর্ম সাপ্লাই করবেন, কিন্তু আজ পর্যন্ত তা দিলেন না।' পরে তিনি আত্মহত্যা করেন। এই দুখানা চিঠি দেখলেই বোঝা যাবে যে হংসধ্বজ ধাড়া মহাশয় এর সঙ্গে লিপ্ত আছেন। আপনি হয়ত বলবেন এটা সাব-জুডিস কেস, ইনভেস্টিগেসন-এ আছে। কিন্তু, আপনাদের ইনভেস্টিগেশন কি, তা আমরা জানি। মন্ত্রীমহাশয় হয়ত ইন্টারফিয়ার করে বলবেন ওর নামে চার্জ সিট দিও না। এই একটা ঘটনা নয়, এইরকম বহু ঘটনা আছে। বীরভূম জেলা স্কুল বোর্ডের বিরুদ্ধে এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট থেকে একটা তদন্ত করা হয় ১৯৬২ সালে। কিন্তু সেই তদন্তকে ধামাচাপা দেওয়া হয়। এ সম্বন্ধে আমার কাছে সমস্ত নথিপত্র আছে। এনফোর্সমেন্ট অফিসার মিঃ ভৌমিক, তিনি এই স্কুল বোর্ড সম্পর্কে তদন্ত করেছিলেন। কিন্তু যেহেতু ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের উপর মিনিস্টার চাপ দিচ্ছেন সেইজন্য এই বিষয়টার তদন্ত বন্ধ রাখা হয়েছে, এখন পর্যন্ত তার সমস্ত নথিপত্র আছে। এইরকম হাজার হাজার ঘটনা আমি ফ্যাক্টস সমেত দিচ্ছি। তিনি কি কিছু করবেন, না কেবল যখন রিপ্লাই দেবেন তখন বলবেন অসত্য, অসত্য, অসত্য। ওকথা আমাদের জানা আছে, কিন্তু আমি স্পেসিফিক কথা দিচ্ছি এইগুলি তিনি দেখে নেন এবং যদি তাঁর ক্ষমতা থাকে এই চ্যালেঞ্জটার উত্তর দিন এবং বিজয়সিং নাহার মহাশয়ের হাতের লেখা চিঠি কিনা সেটা দেখে নিন।

আমি আর একটা কথা বলতে চাচ্ছি, সেটা হচ্ছে একটা তাজ্জব ব্যাপার। বীরভূম জেলার অ্যাডিসনাল জাজের কোর্টে কিরকমভাবে নিম্নতম কর্মচারীদের উপর অত্যাচার করা হয় তার একটা উদাহরণ দিচ্ছি। কোর্টে যখন তিনি একটা টাইটেল অফ অ্যাপিল শুনছিলেন, তিনি বললেন আর্দালিকে, মার্চ মাসের ফার্স্ট উইকে, আতাউর রহমানকে বললেন যে আমার জুতো-জোড়া তুমি আমার মুচির কাছে নিয়ে গিয়ে পালিশ করিয়ে নিয়ে এসো। আর্দালি ক্ষুব্ধ হল এবং সে অপমান বোধ করলো। সে জুতো জোড়া নিয়ে গিয়ে করলো কি, সেই জুতো জোড়াটা ডিস্ট্রিক্ট জাজের যে সেরেস্তাদার তাঁর টেবিলে নামিয়ে দিয়ে বললো আমার চাকরী কি এই জুতো

পালিশ করবার জন্য দেওয়া হয়েছে? তারপর সে বিনীতভাবে যিনি জজ তাঁকে বললেন আমাকে এখান হতে অন্তত ঐ অ্যাডিসনাল জজের কাছ থেকে রেহাই দিন, আমাকে অন্য কারো কাছে ট্রান্সফার করুন। কিন্তু এই যে একটা অন্যায় করলেন অ্যাডিসনাল জাজ, তার কোনরকম বিচার হল না। বিচার হল এই, ঐ যে গরীব আতাউর রহমান, সেই আতাউরকে ট্রান্সফার করা হল রামপুরহাট সাব-ডিভিশনে। সে গরীব মানুষ তার সিউড়িতে বাড়ি, তাকে সেই বাড়ি ছেড়ে দিয়ে রামপুরহাট চলে যেতে হল। এইসব ত অ্যাডমিনিস্ট্রেশন হচ্ছে। কাজেই এই অ্যাডমিনিস্ট্রেসনের পরে আমাদের মুখ্যমন্ত্রী বাহাদুরী করে বলবেন খুব ভাল চালিয়ে যাচ্ছি। আর আমার কিছু বলার নেই।

[2-30—2-40 p.m.]

Shri Nathaniel Murmu:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি প্রথমেই একটা নির্দিষ্ট ঘটনার প্রতি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কাছে একটা খবর এসেছিল এবং আমি নিজে অনুসন্ধান করেছি। এটা হচ্ছে একটা পুকুর চুরির ব্যাপার। রায়গঞ্জে একটা ভুয়া স্কুলের জন্য ৩৫ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে এবং সেই টাকাটা ব্যয় করাও হয়েছে, কিন্তু যে মোহিনীবালা গার্লস স্কুল, তার জন্য ১৯৬২-৬৩ সালের আর্থিক বছরে ৩৫ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে এবং সেটা খরচাও হয়েছে। এ বছরের আর্থিক বাজেটে দেখা যাচ্ছে, ওই যে স্কুল তার জন্য ৩৫ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে এবং গার্লস কলেজের জন্য ১০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। যে স্কুল নেই তার জন্য ৩৫ হাজার টাকা এবং কি খরচ হল, কি করে খরচ হল সেটা যদি মুখ্যমন্ত্রী দয়া করে জানান, বিশেষ সুখী হব। আমার মনে হয় সেখানে টাকা মারার একটা ষড়যন্ত্র রয়েছে।

স্যার, পশ্চিম দিনাজপুরের সদর বালুরঘাট থেকে রায়গঞ্জে নিয়ে যাওয়ার একটা ব্যবস্থা আজ চলছে। আমার বক্তব্য এই যে, পশ্চিম দিনাজপুরে যখন বাংলাদেশ দ্বিধাবিভক্ত হয় তখন সেখানে ১৯৪৭ সালে বালুরঘাটে যখন সদর স্থাপিত হল, তখন হাজার আটেক লোক ছিল। ১৯৫০ সালে যখন পাকিস্তান থেকে সংখ্যালঘিষ্ট হিন্দুরা এখানে আসতে আরম্ভ করল হাজারে হাজারে, তখন দেখা গেল ১৯৪৯ সালেও যেখানে লোক সংখ্যা ছিল আট হাজার সেখানে তা বেড়ে হল ৫৫ হাজার। সরকারী হিসাব মতে অবশ্য ৪৫ হাজার, বেসরকারী হিসাবে ৫৫ হাজার। কাজেই একটা শহরে রাতারাতি সেখানে ৮ হাজার থেকে ৫৫ হাজার লোক এল এবং অ্যাকোমোডেট হল। এর একমাত্র কারণ ওটা ডিস্ট্রিক্ট হেডকোয়ার্টার্স, জেলা সদর এবং সমস্ত সরকারী দপ্তর ওখানে থাকবার জন্য ওখানে সরকারী কর্মচারীরা থাকবার জন্য তাদের মাইনে বাবত যে টাকা ট্রানজ্যাক্সন হয়, তা প্রায় ৩½ লক্ষ টাকা। সেই ৩½ লক্ষ টাকা ওখানকার জনগণের মধ্যে একটা সুযোগ এনে দেয়, যার ফলে ৭৫ হাজার রিফিউজি বালুরঘাটে এবং তার আসেপাশে নিজেদের চেষ্টায় পুনর্বাসন লাভ করে। কিন্তু ভাষাভিত্তিক আন্দোলনের ফলে যখন বিহারের একটা অংশ পশ্চিমবাংলায় এল তখন এই কথা বলে আন্দোলন হল যে, যেহেতু ইসলামপুর সাবডিভিসন পশ্চিমবঙ্গে এসেছে এ জন্যে ওখানে প্রশাসনিক সুবিধার জন্য জেলা সদর বালুরঘাট থেকে রায়গঞ্জে নিয়ে যেতে হবে। তখন তীব্র প্রতিবাদ হয়েছিল, গণ আন্দোলন হয়েছিল, ডেপুটেশন হয়েছিল। এখন যিনি মুখ্যমন্ত্রী তিনি তখন মুখ্যমন্ত্রী ছিলেন না, তাঁর কাছে ডেপুটেশন এসেছিল এবং তিনি বিবেচনা করে দেখবেন বলেছিলেন, তারপর আজ তিন বছর পার হয়ে গেল। এখন আমরা শুনছি শীঘ্রই বালুরঘাট থেকে রায়গঞ্জে সদর চলে যাবে। রায়গঞ্জে কেন্দ্রীয় সরকারের সাহায্যে দিল্লীনগরী গড়ে উঠেছে এবং রায়গঞ্জের উন্নতি আরও হবে; কিন্তু বালুরঘাট থেকে যদি জেলা সদর চলে যায়, তা হলে এখানকার ইকনমিক স্ট্যাবিলিটি, অর্থনৈতিক ভারসাম্য একেবারে নষ্ট হয়ে যাবে। বালুরঘাটে যে অবস্থা চলছে, চারটি হাই স্কুল হয়েছে এবং একটি কলেজ হয়েছে, দুটি মেয়েদের স্কুল হয়েছে এবং সর্বোপরি এই শহরের অর্থনীতির উপর নির্ভর করে প্রায় ১½ লক্ষ লোক বসবাস করছে। এদের অর্থনৈতিক বুনিয়াদ তো ভেঙে যাবে। তাই মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাই, যাতে এই সদর অপসারিত না হয়, তিনি যেন সেদিকে নজর দেন। আর আগে যে কথা বলেছি যে, পুকুর চুরির কথা বলেছি, ভুয়া স্কুলের নামে যে ৩৫ হাজার টাকা করে মার হচ্ছে সে সম্পর্কেও তাঁকে জবাব দিতে অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sakti Kumar Sarkar:

স্পীকার মহোদয়, আমাদের প্রশাসনিক খাতের ব্যয়বরাদ্দের প্রতি আমি সমর্থন জানাচ্ছি এজন্যে যে, গভর্নমেন্ট মেশিনারী যদি চালু রাখতে হয় এবং পঞ্চবার্ষিকী পরিকল্পনা যদি কার্যকরী করতে হয়, আমাদের এইরকম ব্যয়বরাদ্দ রাখতে হবে। কারণ, এতে কর্মহীন লোকের কর্মসংস্থান হয়। আমরা গণতন্ত্র প্রতিষ্ঠা করতে চলেছি অথচ আমাদের যে সরকারী প্রশাসন যন্ত্র, তাতে আমরা লক্ষ্য করেছি যে গণতন্ত্র ফলপ্রসূ হয় নি, বিশেষকরে আমরা জানি আমলাতান্ত্রিক মনোভাব এখনও পরিপূর্ণ বজায় আছে। সেই ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট থেকে আরম্ভ করে সার্কেল অফিসার-এর অফিস পর্যন্ত দিনের পর দিন কাজ করতে গিয়ে লক্ষ্য করেছি তাঁদের মধ্যে এখনও গণতন্ত্রের বিকাশ হয় নি। এখনও তাঁরা মনে করেন আমরা যারা জনপ্রতিনিধি বা মন্ত্রী, উপমন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী তাঁরা কিছুই নয়—প্রশাসনযন্ত্র মানে কেবলমাত্র তাঁরা। তাঁরা এ কথা ভুলে যান গভর্নমেন্ট ইনক্লুডস লেজিসলেটিভ বডিস, এই মনোভাবের পরিবর্তন হওয়া দরকার। লেজিসলেটিভ বডিস-এর উপরে নির্ভর করে গণতন্ত্র। জনপ্রতিনিধিত্বের যদি যথেষ্ট মূল্য না দেওয়া হয়, তা হলে দেশে গণতন্ত্র ফলপ্রসূ হবে না।

[2-40—2-50 p.m.]

কিন্তু এই পুরানো কথার মূল্য আমরা যদি অনুধাবন না করি, আমাদের সরকারী যন্ত্র যাঁরা পরিচালনা করেন তাঁরা যদি অনুধাবন না করেন, তা হলে আমরা যে ইমারত গড়তে চলেছি সেই ইমারত কখনও স্থায়ী হবে না। আমরা সেদিক থেকে মনে করি আমাদের দৃষ্টিভঙ্গী যতই গণতান্ত্রিক হোক না কেন, আমাদের সরকারী শাসনযন্ত্রের দৃষ্টিভঙ্গী এখনও সে পর্যায় এসে পৌঁছায় নি। সেজন্য আমার মনে হয় তাঁদের দৃষ্টিভঙ্গীর কি করে পরিবর্তন আনতে পারা যায় তার জন্য আমাদের চিন্তা করতে হবে। আজকে বিরাট মেসিনারী দিনের পর দিন বেড়ে চলেছে, সেখানে মেসিনারীগুলি যে দেশের মঙ্গলের জন্য তৈরি হচ্ছে এই ধারণা যদি দেশের লোকের না থাকে এবং মেশিনারীগুলি যদি মনে করে গভর্নমেন্ট মানে কেবলমাত্র তাঁরা এবং এই ধারণা যদি দূর না করা যায়, তা হলে আমাদের সমস্ত প্ল্যান বিফল হয়ে যাবে। তারপর আরেকটি কথা আমি বলতে চাই যে, শাসনযন্ত্রের এই লাল ফিতার বাঁধনে পড়ে আমাদের সমস্ত চেষ্টা দিনের পর দিন নষ্ট হয়ে যাচ্ছে। এই লাল ফিতার বন্ধন থেকে যদি মুক্ত হতে হয় তাহলে আমার মনে হয় অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসের প্রতি আমাদের লক্ষ্য রাখতে হবে। এই অ্যাডমিনিস্ট্রেটিভ কেডারের উপর আমরা অত্যন্ত গুরুত্ব আরোপ করছি। এই আই এ এস, এদের উপর আমরা সমস্ত কিছু ছেড়ে দিয়েছি। যেখানে ইঞ্জিনীয়ারিং অভিজ্ঞতা দরকার, যেখানে টেকনিক্যাল ওপিনিয়ন দরকার, যেখানে বিশেষ সাবজেক্ট-এর বিশেষ গুরুত্ব দেওয়া দরকার সেইসমস্ত ব্যাপারে একটি আই এ এস-এর উপর ছেড়ে দেওয়া হয় কিম্বা বিভাগীয় সেক্রেটারীর উপর ছেড়ে দেওয়া হয়। এতে আমার মনে হয় যে আমাদের যে পরিকল্পনার কাজগুলি রিটার্টেড হচ্ছে বহু ক্ষেত্রে তার জন্য মূলত এই প্রথাই দায়ী। এই সম্বন্ধে সেন্ট্রাল গভর্নমেন্ট-এর মিনিস্টার টি টি কৃষ্ণমাচারী কয়েকদিন আগে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনীয়ারিংদের সভায় এই আশংকা প্রকাশ করেছেন, তিনি বলেছেন যে আমরা মূলত আই এ এসদের উপর নির্ভর করে দেশ গড়ে তুলতে যাচ্ছি, সেই জন্য আমাদের এখুনি সাবধানতা অবলম্বন করা উচিত। আমরা প্রকল্পের যেসমস্ত কাজকর্ম আরম্ভ করেছি সেই কাজকর্মগুলিকে যদি ত্বরান্বিত করতে হয়, তা হলে কেবলমাত্র আই এ এসদের উপর নির্ভর করলে চলবে না। এবং এই কাজগুলি ক্ষিপ্রতার সঙ্গে করতে হলে কিছু কিছু ডাইরেক্টারদের আই এ এস কেডার-এর বিভাগীয় সেক্রেটারীর মতন পাওয়ার দেওয়া দরকার। তা হলে আজকে কাজের মধ্যে যে বটল্‌নেক সৃষ্টি হচ্ছে, তা হলে সরাসরি তারা দূর করতে পারবে এবং প্ল্যানের কাজ তাড়াতাড়ি এগিয়ে যাবে। তারপরে আরেকটি কথা বলতে চাই, আজকে দপ্তরে দপ্তরে চলছে কৌলিন্যের লড়াই, এটা আমরা বাইরে থেকে কাজ করতে এসে প্রতি মুহূর্তে দেখতে পাই। এই ব্যবস্থা যতদিন দূর করতে না পারা যাবে ততদিন দুর্নীতির কথাই হউক বা অন্যান্য অগ্রগতির কথা হউক, কোন কিছুতেই আমরা সফলতা লাভ করতে পারব না। সেজন্য আমাদের এই কাজগুলি আরও ত্বরান্বিত করবার জন্য আমি একটি সাজেশন মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আপনার সামনে রাখতে চাই। সেবারও আমি বাজেট সেশনের সময় বলেছিলাম, প্রায়ই আমাদের শুনতে হয় আমাদের অপোজিশান বন্ধুদের কাছ থেকে যে আমাদের প্ল্যানিংয়ের কাজ সময়মত হচ্ছে না,

বরাদ্দ টাকা ব্যয় হচ্ছে না ইত্যাদি। সেজন্য আমি বলছি যে কাজগুলি যদি আমাদের সময়মত শেষ করতে হয় তা হলে এক প্ল্যানিং রিভিউ কমিশন করা দরকার। যেমন কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অফিসে কেলেন্ডার অফ রিটার্ন প্রথা চালু আছে, তাতে প্রতিটি কাজের পনের দিনের রিটার্ন এবং এক মাসের রিটার্ন এবং থ্রি মান্থস রিপোর্ট নেওয়া হয়, সেইরকম এখানে যদি একটা হাই পাওয়ার কমিশন করা হয় তাহলে দপ্তরের প্রতিটি স্কীমের তদারক করা যায় এবং পনের দিনের রিপোর্ট এবং এক মাসের রিপোর্ট এবং তিন মাসের রিপোর্ট নেওয়া হয়, তাহলে দেখা যাবে কোথায় কাজ আটকে যাচ্ছে ও কেন আটকে যাচ্ছে। তাতে এইগুলির দেখা খুব সুবিধা হবে। তা হলে আমার মনে হয় এই কাজগুলি সম্পূর্ণ করতেও আমাদের খুব বেশী বাধা হবে না। এবং যেটুকু বাধা আসবে তা দূর করা আমাদের অসম্ভব হবে না। আমি এই বিষয়ের উপর খুব গুরুত্ব আরোপ করতে চাই। আমি মনে করি যদি আজকে কেলেন্ডার অফ রিটার্ন প্রথা প্রবর্তন করতে পারা যায়, তা হলে আমাদের সমস্ত শাসনযন্ত্রে যে অসম্পূর্ণতা আছে, যে ত্রুটি আছে, যে গলদ আছে, তা অতি সহজে দূর করতে পারব। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে এই প্রশাসনিক খাতে ব্যয়বরাদ্দ আমাদের সাপোর্ট করতেই হবে, কেন না দেশের সমস্ত অগ্রগতির জন্য প্ল্যানিং-এর কাজ চালু রাখতে হবে এবং এইসমস্ত কাজের জন্য আমাদের বরাদ্দ করতে হবে সেই কাজগুলি সাফল্যমণ্ডিত করবার জন্য, এবং সেজন্য প্রশাসনিক খাতে ব্যয় অটোমেটিক বাড়বেই আর এজন্য গ্র্যাম্বল করার কিছু আছে বলে আমি মনে করি না। এই কথাগুলি বলে মুখ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে উপস্থিত করেছেন তা আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Dr. Narayan Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা কারা মন্ত্রীর কাছে আমার আবেদন রাখবার সময় আমি তাঁকে জানাতে চাই যে এই হাঙ্গারস্ট্রাইক ছাড়াও ভবিষ্যতে হয়ত কোন সময়ে আরও বারেবারে এটা হতে পারে। এই কৃষ্ণনগরের হাঙ্গার-স্ট্রাইকের সময় আপনি বলেছিলেন তাদের মূল তিনটা দাবী ছিল তার মধ্যে এক নম্বর ছিল পেনসান এ্যালাউন্স, দুই নম্বর ছিল ক্ল্যাসিফিকেশন, আর তিন নম্বর হচ্ছে তারা যাতে চাকরী ফিরে পায় তাতে যেন কোন বাধা না থাকে। তার সঙ্গে আমি আরও দুই একটি বক্তব্য আপনার সামনে রাখতে চাই—তা হচ্ছে যে অ্যালাউন্সের কথা আপনি বলে গেলেন যে অ্যালাউন্স দেবার জন্য একটা সুপারিশ রয়েছে দিল্লী থেকে স্যাংশান হয়ে আসার পর সেটা দেওয়া হবে। আমি জানি না অথচ দিল্লী বারে বারে বলছে এটা স্টেট গভর্নমেন্ট-এর কাজ, সুতরাং এর জন্য দিল্লী যাতায়াত করবার কোন প্রয়োজন আছে কিনা জানিনা। আমি মুখ্যমন্ত্রী এবং কারা মন্ত্রি-মহাশয়কে জানাতে চাই—তিনি সেচ মন্ত্রীও বটে—তিনি পরিকল্পনা করুন দরিদ্র কর্মী সংসারে তার আয়ের পথ বন্ধ অথচ আপনি তাকে বারবার শুনিয়ে দেবেন নভেম্বরে কি ডিসেম্বরে কি জানুয়ারি কি ফেব্রুয়ারিতে কি মার্চ মাসের পর থেকে এ্যালাউন্স দেওয়া হবে এর পিছনে প্রবঞ্চনা আছে না হয় হিংসা আছে না হয় ছোট ছেলেকে লজেনচুস দিয়ে ভোলানোর মত ব্যবহার করছেন। এর পরিবর্তে যদি বন্দীদের মনে কোন প্রতিবাদ উঠে তাহলে নিশ্চয়ই তার পিছনে কোন ব্যাকগ্রাউন্ড আছে, নিশ্চয়ই কোন জাস্টিফিকেশন আছে। আপনাকে আমি একটা কথা জিজ্ঞাসা করি যে কোর্টে গিয়ে যদি দেখা যায় তার বিরুদ্ধে কোন কেস নাই, কোর্ট তাকে ছেড়ে দিল, কিন্তু যেহেতু পুলিস তাকে ধরেছিল তার জন্য তাকে কি আপনি সাহায্য করবেন তার পুরানো চাকরিতে ফিরে যেতে? চাকরী হরণ করবার সময় আপনি তাকে ডি আই-তে পুরেছেন তার অন্ন এবং ভবিষ্যতের অন্ন কেড়ে নিয়েছেন, এবং ভবিষ্যতেও তার চাকরী বন্ধ সেখানে আপনি তাদের সুযোগসুবিধা দেবেন কিনা তা আপনি আপনার জবাবে বলেননি। আপনাকে ক্ল্যাসিফিকেশনের কথা বলা হয়েছিল, তার সম্বন্ধে এবং জেলের ব্যবহার সম্বন্ধে আমার কয়েকটি কথা আপনার সামনে রাখতে চাই। ইংরাজ আমলে হিংস্রতম সময়ে আমরা জেলখানায় ছিলাম, সেই সময় তারা এই কথা বলে ছিল যে পথেঘাটে যেখানে পার গুলি করে মার, এই হিংস্রতা, এই নৃশংসতা আজকে আপনার জেলে আমরা দেখছি। ইংরেজ আমলে দেখেছি বলে মনে পড়ে না। আজকে যেসমস্ত মানুষ বিভিন্ন জায়গায় সম্মানিত যেমন মিউনিসিপ্যালিটির কমিশনার শিক্ষক ইঞ্জিনীয়ার প্রেসিডেন্সী জেলে আজ যারা অনশনে আছেন আমি তাঁদের কথাই তুলে ধরছি আপনার কাছে। আপনি একটা একটা নাম করে বলুন আমার কাছে নাম আছে প্রয়োজন হলে আমি নাম দিয়ে দেব তারা

এক একজন কোন পদের মানুষ তাদের ধরলেন তাদের ডিভিশন ওয়ান এই মর্যাদাটুকু আপনি মানছেন না। আমি নাম করেই বলছি দুজনের নাম যারা গত ইলেকশনএ কনটেন্ট করেছিলেন। আমি সৈয়দ সাহেব ও সাহাবুদ্দিন মন্ডলের নাম এখানে বলছি। সৈয়দ সাহেব তিনি একজন সম্মানিত ব্যক্তি—তিনি ক্যান্ডিডেট ছিলেন, তাঁর ফিলিম লাইনে যথেষ্ট পরিচিতি আছে তিনি একজন বড় ফিলিম ডিরেক্টর। সেরূপ সম্মানিত ব্যক্তিকেও আপনারা একটা কম্বল শুধু শোবার জন্য দিয়েছেন। গতকাল তাঁর স্ত্রীর কাছ থেকে জানলাম তার ৯ পাউন্ড ওজন কমে গেছে, শ্রীমতী ইলা মিত্রের ১৪ পাউন্ড ওজন কমে গেছে যদিও তিনি এ ক্লাস প্রিজনার হয়ে আছেন। এরূপ বহু বিষয় আছে যা আপনারা রাজনৈতিক কারণে বন্ধ রেখেছেন। যা হোক, সেটা অন্য আলোচনার বিষয়। আর অন্যদিকে ডিফেন্স অফ ইন্ডিয়া রুলের জাস্টিফিকেসানের বিরুদ্ধে যে লড়াই, তা আমরা অন্য জায়গায় অবশ্য করবো। সেখানে আমাদের বক্তব্য বলবো এবং আপনারা তার যতটুকু করবার করবেন, কিন্তু আমরা যতটা পারি প্রতিবিধান করবার চেষ্টা করবো। কিন্তু জেলে রাখবার পর আপনারা যদি এই নীতিই নেন তাহলে কি হবে। আপনারা বললেন "ধরলেই যে তাদের রাজনৈতিক বন্দী বলে মর্যাদা দোব এ নীতি আমরা মানি না" কিন্তু সাধারণ মানুষকে তার মর্যাদার অনুপযুক্ত স্থানে রাখবেন এ কথাটা কেমনভাবে আপনারা ভাবলেন? আজ এ সম্বন্ধে যদি প্রশ্ন করি কি উত্তর দেবেন? আজ এসব বন্দীদের এমন জায়গায় নিয়ে গেছেন যার ফলে নাকি এই পিতামাতার সন্তান-সন্ততিরা আজ হঠাৎ স্তব্ধ হয়ে গেছে এই দীর্ঘ সময় তারা জেলে থাকার জন্য। আজ এই ৩৬ জনের হাংগারস্ট্রাইকের কথা শুনে সেসব ঘরে ঘরে আজ কান্না শুরু হয়ে গেছে। আপনি কল্পনা করুন, এই মানুষদের আপনারা সকালে একখানা করে রুটি দেন, তার সাথে ভেলি গুড় একটু মাত্র। আমি আপনার মাধ্যমে কারা মন্ত্রীর কাছে জানতে চাই এই যে ৩৬ জন যারা নাকি হাংগারস্ট্রাইক করছে তাদের আপনারা কি কি খাবার দেন? 'যুগান্তর' একটা ছোট্ট খবর দিলেন যে ডিভিশান আইকে এই এই খাবার দেওয়া হয় তার সাথে আবার এও লিখে দিল চপ কাটলেট, পোলাও কালিয়ার কথা। আপনি তো বলেন নি যে এসব বন্দীদের ডিভিশান আই না রেখে ডিভিশান থ্রি আইতে রেখে লপসি খাওয়াচ্ছি। আপনি জানিয়েছেন যে লপসি জেলখানা থেকে উঠে গেছে। কিন্তু তাঁরা ঐ জেলখানা থেকে লিখে পাঠিয়েছে যে অনারেবল পূরবী মুখার্জির লপসি আমরা মহা আনন্দে খাচ্ছি। আজকে এসবের প্রতিবাদই তারা করছে তারা এ হেন লপসির কথা বাংলাদেশের মানুষকে জানাতে চায়। কলকাতা শহরের বাইরে যারা জেলে আছেন তাঁদের কাছ থেকেও আমরা নানারকম ধরনের খাওয়া থাকা ইত্যাদির খবর পাচ্ছি। তাঁরা যে কথা বলছেন সেকথা হয়ত আপনারা বিশ্বাস করবেন না। কিন্তু আজকে আমি কারা মন্ত্রীর কাছে বলছি যে ডিফেন্স অফ ইন্ডিয়া সম্বন্ধে আপনাদের হয়ত অনেক বলবার আছে, সামনে নির্বাচন দেখেও আপনারা বন্দী ধরে নিয়ে যাচ্ছেন—এ সম্বন্ধে আপনাদের কি নীতি তা নিশ্চয়ই অনুমান করা যাচ্ছে। কিন্তু জিজ্ঞাস্য বন্দীরা কেন হাংগারস্ট্রাইক করেছে, এই কেনই বা ভবিষ্যতে এ হাংগারস্ট্রাইক করতে হতে পারে সে সম্বন্ধে আপনি নিশ্চয়ই বলবেন আপনার পরের প্রপদ্ধতি কি হবে এবং সেটা স্পীকার মহাশয়ের মারফত কারা মন্ত্রী ও আমাদের মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রেখে বক্তব্য শেষ করছি। কোন বন্দীদের উপর নৃশংস অত্যাচার করে কোন রাষ্ট্র কোনদিন মর্যাদা পায়নি, এবং আপনাদেরও বাড়বে না। এতে কেবল ভবিষ্যত আরো তিক্ত হবে। মানুষের মন আরো বিষাক্ত হবে এবং সেখানে সংগ্রামী মানুষ ও সরকারের মধ্যে বিভেদ আরো বেড়ে যাবে। যার ফলে স্থায়ী কুফল হবে এবং তার জন্য দায়ী হবে এই বর্তমান সরকার। আমি এই কারা মন্ত্রণালয়ের বিধির ও নীতির বিরুদ্ধে আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-50—3-15 p.m.]

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল বসুমতী পত্রিকায় এবং আজ আনন্দবাজার পত্রিকায় দেখলাম, যে নীলরতন হাসপাতালে শিশুমেধ যজ্ঞ আরম্ভ হয়েছে। শিশুর গলায় কাঁটা ফুটেছে, নিয়ে গেল ঐ হাসপাতালে, বললে টনসিল হয়েছে। হাতে পেরেক ফুটলো, বললো, কুকুর কামড়েছে। এর কি প্রতিকার হবে জানি না। মুখ্যমন্ত্রী মহাশয় আশ্বাস দিয়েছেন যে প্রতিকার করবেন।

কিন্তু আমি বলতে চাই এই পশ্চিম বাংলা সরকারের দয়ায় কিম্বা কৃপায়, কিম্বা অনুগ্রহে তা হবার নয়। আজকে পশ্চিম বাংলার উপরে যে নরমেধ যজ্ঞ, যে নাগরিক মেধ যজ্ঞ আরম্ভ হয়েছে, তাতে অন্তত তাদের কাছে আশা করা যায় না শিশুমেধ যজ্ঞের প্রতিকার হবে। পশ্চিম বাংলা সরকার তথা ভারত সরকারকে বলতে চাই, এই পশ্চিম বাংলা তথা ভারতবর্ষের নাগরিক ভারতবর্ষে তথা যখন পশ্চিম বাংলায় প্রবেশ করে তখন তার স্থান হয় কারাগারে—জেলখানার মধ্যে। গত বৎসর প্রায় ১০০ জন মানুষকে কোচবিহার এবং জলপাইগুড়ির জেলখানায় প্রেরণ করা হয়েছে, কারণ ভারতবর্ষের যেসমস্ত ছিট-এলাকা অর্থাৎ ২৬ বর্গমাইল যে ছিট এলাকা পাকিস্তান এলাকা দিয়ে পরিবেষ্টিত সেই এলাকার মানুষ এই পশ্চিম বাংলায় আসে তখন তার নাগরিক অধিকারকে বাতিল করে দেওয়া হয়। আমি জিজ্ঞাসা করতে চাই কেন এই ২৬ বর্গ-মাইল এলাকায় ভারতবর্ষের তথা পশ্চিম বাংলার কোন শাসন ব্যবস্থা নেই—ভারতবর্ষের এলাকা-বেষ্টিত পাকিস্তানী যে ১৮ বর্গমাইল এলাকা আছে সেখানটায় কিভাবে পাকিস্তানী শাসন ব্যবস্থা চালু আছে? আজকে বিশ্বের ইতিহাসের দিকে যদি তাকাই পরিষ্কারভাবে দেখতে পাই যে, বার্লিন শহরের উপর যদি পশ্চিম জার্মানীর দখল থাকতে পারে তাহলে এই ছিট মহল-এর উপর কেন ভারতবর্ষের শাসন প্রতিষ্ঠিত হবে না, উপরন্তু যেখানে পাকিস্তান এলাকা পাকিস্তানী ছিট মহল এলাকায় পাকিস্তানী শাসন অক্ষুণ্ণ রাখার জন্য এই পশ্চিম বাংলা সরকার তাদের যথোপযুক্তভাবে সাহায্য করছেন।

আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে চিফ সেক্রেটারী বিভিন্ন স্থানে নির্দেশ দিয়েছেন যে খরচ কমাও। অপরদিকে দেখতে পাই ক্যাবিনেট সিদ্ধান্ত নিয়েছেন তাঁরা জলপাইগুড়িতে কমিশনার অফিসে একটি নূতন ডিভিশন খুলবেন। জলপাইগুড়ি ডিভিশন। আমার প্রশ্ন এসব ডিভিশনের আজকে কি কাজ আছে? এগুলো ব্রাঞ্চ পোস্ট অফিস এগুলি ডাইলেটরি অফিস আর ডেসপ্যাচ অফিস ছাড়া আর কিছুই নয়। এদের হাতে যে হেলথ ছিল বহু আগেই তা চলে গেছে, যে পাবলিক ওয়ার্কস ছিল সেও বহু আগে চলে গেছে, এর লোকাল সেলফ-গভর্নমেন্ট ছিল তাও চলে গেছে, আর রেভেনিউ সেও চলে গেছে বোর্ড অফ রেভিনিউ-এর কৃপায়। কিছুই নেই ওদের হাতে তবু এই নূতন করে ডিভিশন করার অর্থ অর্থাৎ বছরে মাত্র দেড় লক্ষ টাকা খরচ। এই বাড়তি খরচ জাতির জরুরী অবস্থার মধ্যে কেন খরচ করা হচ্ছে? এর কারণ কি একমাত্র অফিসার তোষণ করা? শুধুমাত্র ঐ আই সি এস অফিসারকে রিহ্যাবিলিটেশন করা এটাই হচ্ছে আমার জিজ্ঞাস্য।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার তৃতীয় প্রশ্ন হচ্ছে যে জেলাশাসকদের মাসে ২০০ টাকা করে বেশী ভাতা দেওয়া হয়। এই ভাতা কেন চালু আছে? আমরা দেখতে পাই যে জেলা শাসকদের খাতে যে ব্যয়-বরাদ্দ ধরা আছে তার ¾ অংশ খরচ হয় শুধুমাত্র অফিসারদের পিছনে। বিভিন্ন জেলায় অফিসার-এর বিভিন্ন দপ্তরের যদিও সীমানা পাওয়া যায় কিন্তু অফিসারদের কোন সীমানা পাওয়া যায় না। এই যেখানে অবস্থা সেখানে আমরা দেখছি জাতির জরুরী পরিস্থিতিতে সিভিল ডিফেন্স-এর নামে আরও দুইজন অফিসার নিয়োগ করা হচ্ছে। তবু ডেপুটী কন্ট্রোলারকে কেন ২০০ টাকা করে বেশী দেওয়া হয়? সে টাকা কর্তন করা হউক। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, দুর্ভিক্ষের কথা উঠেছে। আমি দুর্ভিক্ষ সম্পর্কে পরিষ্কারভাবে বলতে চাই এই দুর্ভিক্ষ সৃষ্টির সঙ্গে জড়িত শুধু অফিসার তাই নয় মন্ত্রীরা পর্যন্ত জড়িত আছেন। আমি একটা চিঠি এখানে রাখছি। গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল, এগ্রিকালচার ডিপার্টমেন্ট, এগ্রিকালচার বোর্ড-মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের নিজস্ব হস্তাক্ষর। কনফিডেন্সিয়াল মেমো নম্বার ৭২৫৯।এগ্রি।৪পি-৪৫।৬২।১, ক্যালকাটা, দি ২০এ জুলাই ১৯৬২, এই চিঠিখানি লেখা হয়েছে একজন সাধারণ এগ্রিকালচারাল ডিমনেস্ট্রেটরকে। তিস্তা রিহ্যাবিলিটেশন স্কীম-এর যে দুরবস্থা সৃষ্টি হয়েছে, সেই স্কীম যেসমস্ত কেলেঙ্কারী হয়েছে সেসমস্ত অভিযোগ করে তিনি চিঠি লিখেছিলেন। গোলমালের মধ্যে দিয়ে তার চাকুরীতে যে প্রমোশন পাচ্ছে না তারও উল্লেখ করেছিলেন। আমি জানি যে এই অভিযোগ পাওয়ার পর তাকে ঐ চিঠিটা দেওয়া হয় এবং তার পরবর্তীকালে সেই ডিমনস্ট্রেটর অফিসারকে আরও উচ্চ পদে নিয়ে যাওয়া হয়েছে। কিন্তু যে অভিযোগ তিস্তা স্কীম সম্বর্কে এসেছিল, সে অভিযোগ সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে? এই অভিযোগের যিনি নায়ক তিনি হচ্ছেন শ্রীচিত্তসাগর দত্ত। তিনি এখনও ঐ এগ্রি-কালচার ডিপার্টমেন্টএ উচ্চ পদে বহাল রয়েছেন। এই অভিযোগে জড়িত রয়েছেন আর ঘোষ,

আই এ এস, সেক্রেটারী, এগ্রিকালচার ডিপার্টমেন্ট প্রমুখ। আমি বলতে চাই যে এইসব অফিসারদের বিরুদ্ধে পরিষ্কারভাবে তিস্তা রিহ্যাবিলিটেশন স্কীমে যে প্রজেক্ট তৈরি হয়েছিল সেই প্রজেক্ট মিসঅ্যাপ্রোপ্রিয়েশন অফ মানি—ক্যাসবুক টেমপারিং জালিয়াতি সব কিছুই প্রমাণিত হয়েছে তবুও বহাল তবিয়তে তারা আছে। এই যে তিস্তা চর রিহ্যাবিলিটেশন স্কীম তার যদি আমরা ১৯৬০-৬১ সালের হিসাব দেখি তাহলে দেখতে পাবো যে সেখানে আউস এবং আমন ধান নিয়ে মাত্র ৬৪৭ মণ হয়েছিল এবং এর জন্য খরচ হয়েছিল ৩৯ হাজার টাকা, পতিত জমির পুনরুদ্ধার করার খরচ বাদ দিয়ে। এগ্রিকালচার ডিপার্টমেন্টের কৃপায় এক মণ ধানের গড় খরচ পড়েছে ৬২ টাকা। এইসব বিভাগের যে দুর্নীতি এবং তার যে অভিযোগ মাননীয় মন্ত্রী শঙ্করদাস মহাশয় বসে আছেন তাঁরও দৃষ্টিগোচর করা হয়েছিল এবং তিনি চিত্তসাগর দত্তকে বাঁচাবার চেষ্টাই করেছিলেন। এই যদি হয় তাহলে আপনারা যতই খাদ্য উৎপাদনের কথা বলুন না কেন রাইটার্স বিল্ডিংয়ের ফাইল বৃদ্ধি করা হবে কিন্তু এর দ্বারা দেশের লোকের কোন উপকার হবে না। এই অবস্থা চলছে। এই অবস্থা বন্ধ করার জন্য সরকারী কর্মচারীদের দায়িত্ব দিচ্ছেন—কিন্তু আজকে যারা চালক তাদের মধ্যেই যে দুর্নীতি রয়েছে—এ অভিযোগ শুধু বিরোধী পক্ষের নয়—সব দলেরই—এতে আমি মনে করি আপনাদের পদত্যাগ করা উচিত।

[3-15—3-25 p.m.]

Shri Birendra Narayan Ray:

মাননীয় স্পীকার মহাশয়, ২৩নং কাট মোশনের উপর বলতে গিয়ে এটা বলতে চাই যে আজকে এই জরুরী অবস্থায় আমরা শুনছি "রক্ত দাও, অর্থ দাও, শ্রম দাও—কারণ দেশ আক্রান্ত"। কিন্তু আমরা সবাই জানি যে "আপনি আচরি ধর্ম পরেরে শেখাও"—মন্ত্রীরা কি ত্যাগ করছেন? আজকে আমরা দেখছি যে এই প্রবলেম স্টেট-এ একটা আর্মি আছে মন্ত্রীদের। সেই আর্মি অব মিনিস্টারর্সকে যদি রো করে দাঁড় করিয়ে দেওয়া যায় তাহলে এই বিধানসভার এপার ওপার হয়ে যাবে। অথচ পাঞ্জাবের দিকে লক্ষ্য করুন জরুরী অবস্থার পর পাঞ্জাবের লোক কি করলো তারা প্রথমে স্থির করলো যে তারা মাথাপিছু এক টাকা করে চাঁদা দেবে প্রতিরক্ষা তহবিলে।

পাঞ্জাবের লোকসংখ্যা হচ্ছে দু কোটির কিছু বেশী। সেখানে দিন পনেরোর মধ্যে দু কোটি টাকার উপর সংগৃহীত হয়ে গেল। তারপর তাঁরা ঠিক করলেন দু কোটি নয় তাঁরা পাঁচ কোটি টাকা তুলবেন। আমি খবর জানি সেখানে ইতিমধ্যে ৫ কোটি টাকাও উঠে গেছে। শুধু তাই নয় স্বর্ণ ১ লক্ষ ৭০ হাজার গ্রাম, সোয়েটার ইত্যাদি ১ লক্ষ ৪০ হাজারের বেশী উঠেছে। মৃত ও আহত সৈনিকদের জন্য ১,৬১১ একর জমি আর ১০টা বাড়ী। মন্ত্রীর সংখ্যা কমিয়েছেন ৩১ জন থেকে নয় জন। শুধু তাই নয় প্রশাসনিক ক্ষেত্রে ১৫ লক্ষ টাকা তাঁরা কমাবেন বলে সিদ্ধান্ত ইতিমধ্যে নিয়ে ফেলেছেন।

[এ ভয়েসঃ কত টাকা?]

পনের লক্ষ টাকা। পশ্চিমবঙ্গে মন্ত্রীর সংখ্যা কম করার কথায় আমাদের বঙ্গেশ্বর বলে উঠলেন এখানে মন্ত্রিসভা ছাঁটাই করা চলবে না। পাঞ্জাবের মত আমাদের অবস্থা নাকি হয় নাই। আমি এই প্রশ্নই করবো—বাংলাদেশ কি ভারতবর্ষের অংশ নয়? শুধু কি পাঞ্জাবে চীনা আক্রমণ হয়েছে? বাংলাদেশে কি হয় নাই? নিশ্চয়ই হয়েছে কিন্তু বাংলাদেশে কি হয়েছে গভর্নর যে ভাষণ দিয়েছেন, তা থেকে দেখছি আজ পর্যন্ত মাত্র মাথাপিছু ১ টাকা ৭০ নয়া পয়সা সংগৃহীত হয়েছে। তার চেয়ে বেশী আমরা কিছু কি করতে পারি না? সোনা সংগৃহীত হয়েছে ১ লক্ষ গ্রামের কিছু বেশী। বাংলার মত পাঞ্জাবও সমস্যাসঙ্কুল প্রদেশ, বাংলার মত পাঞ্জাবেও রক্ত ঝরেছিল, প্রচুর উদ্বাস্তু সমস্যা, সংখ্যালঘু সমস্যা, সীমান্ত সমস্যা এর প্রত্যেকটা সমস্যা বাংলার মত পাঞ্জাবেও আছে। আমি দেখছি বাংলাদেশে উদ্বাস্তু সমস্যা আজও শেষ হয় নাই। কিন্তু পাঞ্জাব এই উদ্বাস্তু সমস্যা অনেকদিন আগেই সমাধান করে ফেলেছে। খণ্ডিত পশ্চিম বাংলা তবুও পেয়েছে বৃটিশ সাম্রাজ্যের দ্বিতীয় শহর কলকাতা, আর পাট, চা, কয়লা প্রভৃতি শিল্প সম্পদ। পাঞ্জাব তাও পায় নাই, পাঞ্জাব পেয়েছে শুধু জমি আর তার সন্তানদের প্রাণভরা ভালবাসা, বুকভরা দেশপ্রেম। তাই নিয়ে তারা এগিয়ে এসেছে। পাঞ্জাবের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন যদি প্রয়োজন হয় জওয়ানদের জন্য প্রত্যহ ৫০০ সি সি রক্ত দেবেন। আজ এই পাঞ্জাব আমাদের ভারতবর্ষের অংশ, সেই হিসেবে আমি গর্বিত। ঠিক সেইরকম আমি পশ্চিম বাংলার

অধিবাসী হিসেবে লজ্জিত। আজ সরকারের শুধু "ত্যাগ কর, ত্যাগ কর" এই বাণী শোনালে হবে না। আগে নিজেরা ত্যাগ করে পরে আমাদের সে বাণী শোনাতে হবে। তবেই আমরা তাঁদের আন্তরিকতায় বিশ্বাস করবো।

আমি প্রশ্ন করেছিলাম গত দু বছরে মন্ত্রীরা কত টি এ বিল নিয়েছেন। তাতে দেখা যাচ্ছে, মুখ্যমন্ত্রী গত বছর টি এ ২,২৯৩ টাকা নিয়ে নিচ্ছেন এবং ডি এ নিয়েছেন ৩৬২·৫০ নয়া পয়সা। কিন্তু অন্যান্য মন্ত্রীরা? যেমন খগেনবাবু তিনি নিয়েছেন ৩,৮৩৯ টাকা। আর শৈলবাবু নিয়েছেন ৪,০৩৮ টাকা ২২ নয়া পয়সা। আর প্রবোধবাবু নিয়েছেন ৩,৭৪৯ টাকা উপমন্ত্রীদের মধ্যে মুক্তিপদবাবু নিয়েছেন ৩,৮০৫ টাকা টি এ, তার মধ্যে ১,১৫০ টাকা তিন মাসেই। মুখ্যমন্ত্রী মহাশয়কে জরুরী অবস্থায় দিল্লী প্রভৃতি জায়গায় যেতে হয়, অনেক কাজ ও'র—এটা স্বীকার করে নিচ্ছি। কিন্তু অন্যরা? দেশকে বাঁচাবার নাম করে নিজেদের পকেটে টাকা তোলেন। এই হচ্ছে তাঁদের একমাত্র কাজ।

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জানাতে চাই ভারতবর্ষের জনসাধারণ এক সময় তাঁকে আরামবাগের গান্ধী নাম দিয়েছিলেন। এই 'গান্ধী' শব্দটা প্রত্যেক ভারতবাসীর কাছে খুব শ্রদ্ধার বস্তু। ফ্রন্টিয়ার গান্ধী, আবদুল গফর খাঁ, যিনি আজ প্রতিক্রিয়াশীল সাম্রাজ্যবাদী পাকিস্তানের কারাগারে আটক আছেন, আমাদের মুখ্যমন্ত্রী ছাড়া একমাত্র তিনিই এই 'গান্ধী উপাধি' পেয়েছিলেন। আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী মহাশয়কে জনসাধারণ অত্যন্ত শ্রদ্ধা করতেন বলেই এই টাইটেল দিয়েছিলেন। আজকে আমি সেই আরামবাগের গান্ধীকে অনুরোধ করবো এই মন্ত্রিসভার আয়তন কমিয়ে ফেলুন। কারণ, আজকে আমাদের দেশকে বাঁচাতে হলে, বর্তমান মন্ত্রিসভার আয়তন এবং মন্ত্রিমহাশয়দের জন্য খরচ ইত্যাদি না কমালে কিছুই করা হবে না, এবং শুধু ভারতবর্ষের লোকের কাছে নয় সারা বিশ্বের কাছে আমরা লজ্জিত হয়ে পড়বো।

মিঃ স্পীকার, স্যার, আমি এবার মুর্শিদাবাদ জেলার কংগ্রেস কর্মীদের সম্বন্ধে কয়েকটা কথা বলবো। কারণ তাঁরাও রক্ত, অর্থ, শ্রম দেওয়ার কথা বলছেন। আমার যে এলাকায় বাড়ী সেই লালগোলা থানার ৭নং ইউনিয়নে একজন বিখ্যাত কংগ্রেসকর্মী আছেন। তাঁর নাম হচ্ছে ইয়াসীন সরকার। এই ইয়াসিন সরকারের কোন জমিজমা নেই, সৎভাবে আয়েরও কোন ব্যবস্থা নাই তবুও তিনি যেভাবে জীবনযাপন করেন এবং পয়সা কড়ি খরচ করেন, তাতে আমার মনে হয় তাঁকে ব্যাড লাইভলী হুড চার্জে ফেলা উচিত। কিন্তু আজ পর্যন্ত তাঁর সম্বন্ধে সরকারপক্ষ থেকে কোন ব্যবস্থা অবলম্বন করা হয়নি, উপরন্তু তাঁর নির্দেশে ওখানকার দু-একজন সৎ ব্যক্তি গ্রেপ্তার হয়েছেন। কিছুদিন আগে দেখা যায় তাঁর চার্জে যে একটা গভর্নমেন্টের ষাঁড় ছিল, সেটি তিনি পাকিস্তানে পাচার করেছেন। [হাস্য।] এই হচ্ছে তাঁর দেশের প্রতি ভালবাসা। আর এ'রাই হলেন আজ দেশপ্রেমিক।

তারপর ১ নম্বর ইউনিয়নের প্রেসিডেন্ট হাসিম উদ্দীন বিশ্বাস, তিনি সেখানে প্রেসিডেন্ট থাকার সুযোগে সেখান থেকে কিছু টাকাকড়ি আত্মসাৎ করেছিলেন অসৎভাবে, এবং তিনি সেই টাকাগুলি পাকিস্তানে পাচার করে দেন; এবং তারপর কিছুদিন আগে তিনি পাকিস্তানে চলে যাবার ব্যবস্থা করেছিলেন। তিনিও বলেন অর্থ দাও, রক্ত দাও, শ্রম দাও।

২ নম্বর ইউনিয়নের প্রেসিডেন্ট শামসুদ্দিন সরকার। আমাদের গভর্নর মহোদয়া যখন মুর্শিদাবাদে যান, তখন এই শামসুদ্দিন সরকার একটি "দেশপ্রেমের" কবিতা ছাপিয়ে তাঁকে শোনান। তাঁর সেই কবিতার ভিতর একটা লাইন ছিল। হিন্দু চীনী ভাই ভাই, বলে গেল চোয়েন লাই। স্যার, এর মধ্যে কি সাম্প্রদায়িকতার গন্ধ নাই? আরও বলা হচ্ছে নেহেরু হিন্দু, সরকারও হিন্দু। এই হিন্দুরাই এসব করেছে, আমরা অর্থাৎ মুসলমানরা নই। গ্রামের সাধারণ মুসলমান বাসিন্দাদের এইসব কথা বলা হচ্ছে। এই যদি আমাদের অবস্থা হয়, তাহলে আমরা অর্থ, রক্ত, শ্রম কার জন্য কাকে দেবো? এ'রাই যদি দেশপ্রেমিক হন, তাহলে, স্যার, আমি হাউসের সামনে বলে যাচ্ছি, আমিও দেশদ্রোহী।

মিঃ স্পীকার, স্যার, আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করবো তিনি যেন অতুল্যবাবুর চোখ রাঙ্গানীতে ভুলে না যান। তিনি আমাদের সাধারণ মানুষের, জনতার মধ্য থেকে উঠেছেন, তিনি অতুল্যবাবুর এইসব নির্দেশ,

ভ্রুকুটি অগ্রাহ্য করে, আরামবাগের গান্ধীর মতই কাজ করুন, মন্ত্রীর সংখ্যা কমিয়ে, অ্যাডমিনিস্ট্রেশনের ব্যয়ভার কমিয়ে, তিনি আবার জনতার মধ্যে গান্ধীর মতই কাজ করতে নেমে আসুন। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে আমাদের খুব মাথা ভারী অ্যাডমিনিস্ট্রেশন, বা শাসন ব্যবস্থা নয়। কিন্তু আমি বলবো আমাদের অ্যাডমিনিস্ট্রেশন নিশ্চয় খুবই মাথাভারী। মিঃ স্পীকার, স্যার, আপনি যদি একটু লক্ষ্য করে দেখেন তাহলে দেখতে পাবেন যে গভর্নর, মন্ত্রী, ও গেজেটেড অফিসার, এঁরা হচ্ছেন মাত্র এক পারসেন্ট, অথচ এঁদের জন্য খরচ হচ্ছে সমগ্র ব্যয়ের ২০ পারসেন্ট, আর বাদ বাকী লোক যারা ৯৯ পারসেন্ট, তাদের জন্য খরচ হচ্ছে বাকি টাকাটা অর্থাৎ ৮০ পারসেন্ট।

Shri Shamsuddin Ahmed:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সাধারণ প্রশাসনিক খাতে ব্যয়-বরাদ্দের জন্য যে দাবী উপস্থাপিত হয়েছে, তাতে বিরোধীপক্ষের বন্ধুদের সমস্ত সমালোচনা শুনে আমার এই কথাই মনে হয়েছে যে অন্ততঃ আমাদের শাসন ব্যবস্থা সম্পর্কে তাঁদের কোন মৌলিক অভিযোগ নেই।

[নয়েজ অ্যান্ড ইন্টারাপসানস।]

[4-25—4-35 p.m.]

আমার ব্যক্তিগত বন্ধু শ্রীবীরেন রায়ের কথা বলে শুরু করি। চীনের ভারতবর্ষ আক্রমণ করার ঠিক পরে আমাদের মাননীয় বন্ধু বীরেন রায় তাঁর কনস্টিটুয়েন্সী ভ্রমণ করে বাড়িতে ফিরে এলেন। তাঁর আদরের ছেলেমেয়েরা কিন্তু তাঁর কাছে কেউ আসতে চায় না। সবচেয়ে ছোট মেয়েকে ডেকে তিনি বললেন—তোমার দিদিরা কেন আমার কাছে আসে না। মেয়েটি বলল—কেন, জান? দিদিরা বলেছে তুমি চীনের দালাল। আমরা চীনের বিরুদ্ধে জনমত গড়ে তোলার জন্য বাংলাদেশে যে

[নয়েজ অ্যান্ড ইন্টারাপসানস।]

Shri Apurbalal Majumdar:

মিঃ স্পীকার, স্যার, আমরা যখন সমালোচনা করি তখন কোন মাননীয় সদস্যের প্রাইভেট লাইফ নিয়ে করি না তাঁর পাবলিক লাইফ নিয়ে করি, তাঁর ফ্যামিলি বা ছেলেমেয়েদের নিয়ে আলোচনার স্থান এটা নয়।

Shri Shamsuddin Ahmed:

আমি যাঁর কথা বলছি তিনি এই সভার একজন মাননীয় সদস্য। আমি এজন্যে বলতে চেয়েছি যে আজ চীন প্রীতি একজন সভার পারিবারিক জীবনে কি অশান্তি ডেকে আনতে পারে। আমি এর পরে সাধারণ শাসন সম্পর্কে আমার যে বক্তব্য তা বলতে গিয়ে আমি এই বক্তব্য রাখতে চাই যে, আমার দেশ স্বাধীন হবার পর বিভিন্ন পরিকল্পনা মারফত আমরা দেশকে গড়ে তুলতে চলেছি এবং সেই গড়ার প্রাথমিক দায়িত্ব আমরা পল্লী বাংলার গ্রাম পঞ্চায়েতকে দিতে চাই। এখনও পর্যন্ত আমরা বিভিন্ন অংশে উন্নয়নের ব্যাপারে জনসাধারণ যাতে অংশ গ্রহণ করেন তার জন্য আমরা জনসংযোগ রক্ষার সংগঠন গড়ে চলেছি। বিরোধীপক্ষের মাননীয় সদস্যদের অভিযোগ যে তাদের কমিটিগুলিতে নেওয়া হচ্ছে না। সেখানে আমার বক্তব্য, শাসন ব্যবস্থা যেখানে আমরা পরিচালনা করি সেখানে সম্পূর্ণ দায়িত্ব আমাদের। আমরা কাকে আস্থাভাজন মনে করি বা না করি সে বিবেচনা আমাদের। যতদিন আমরা শাসন ক্ষমতায় আছি আমরা যাঁদের উপযুক্ত লোক মনে করব তাঁদের নিয়ে কমিটি গঠন করব। বিরোধীপক্ষের বন্ধুরা রাজনৈতিক ব্যাপারে তৎপর, কিন্তু আমরা যে কমিটিগুলি গঠন করি সেগুলি কার্যকরী সংস্থা হিসাবে গঠন করি এবং সেগুলি মারফত যথার্থ কাজ পেতে চাই।

স্পীকার, স্যার, আমার বক্তব্য পেশ করতে গিয়ে আমি প্ল্যানিং কমিশন-এর একটি কথা উদ্ধৃত করতে চাই। প্ল্যানিং কমিশন বলেছেন—আমাদের তৃতীয় পরিকল্পনা আমলে ১,২০০ মত আই এ এস ছিলেন আগে—এটা ২,৪০০ দাঁড়াবে এবং তাঁরা বলেছেন

much larger increases were to be expected in the State services wi... responsibility has also grown and will increase further with the developme... of Panchayat Raj.

আমরা সংবাদপত্রের ১৯৪৭ সালে যখন বাংলা বিভাগ হয় তখন বাংলাদেশে জুনিয়র সিভি... সার্ভিস মিলে মাত্র ৫০০ জন কর্মচারী ছিলেন। বর্তমানে আমাদের কর্মচারীর সংখ্যা হচ্ছে ... হাজার অর্থাৎ আমরা দ্বিগুণ করেছি। অল ইন্ডিয়া অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস-এর ক্ষে... প্ল্যানিং কমিশন যা বলছেন তার চাইতে আমরা পশ্চিম বাংলায় যে বৃদ্ধি করেছি তার সংখ্যা কম। কাজেই যে সমালোচনা রাখা হয়েছে সেটা মূলতঃ ভ্রান্ত। এর পর আমাদের শাসন ব্যব... সম্পর্কে আমার নিজের মত রাখছি। আমরা দেখছি আমাদের যাঁরা সরকারী কর্মচারী—যাঁ... কাজের দায়িত্ব দেওয়া হয়েছে তাঁরা সর্বক্ষেত্রে সাফল্যের পরিচয় দিতে পারছেন না। এঁদে... মৌলিক গুণ আছে—এঁদের শিক্ষার জন্য অন্যান্য রাজ্যের মত ট্রেনিং দেওয়া উচিত। এঁদে... ব্যাপকভাবে ট্রেনিং দেওয়ার জন্য ব্যবস্থা করতে হবে। কি কাজ তাঁকে দেওয়া হয়েছে সেই কা... কতখানি দক্ষতার সঙ্গে করতে পারছেন তার ইভেলুয়েসন করা উচিত এবং এইসব জিনিসে... উপর এঁদের প্রমোশন-এর ব্যবস্থা করা উচিত- বয়স নয়, সিনিয়রিটি নয়, কাজে দক্ষতার উপ... প্রমোশন দেওয়া স্থির করা দরকার। আমি বলতে চাই আমরা কতকগুলি রুল ব্রিটিশ আম... থেকে অন্ধভাবে অনুসরণ করে আসছি। এগুলি পালটান দরকার।

[3-35—3-45 p.m.]

রামপুরহাটের একজন রেভিনিউ অফিসার-এর কাছে গেলাম, তিনি বললেন মশাই, আমার... কোন ক্ষমতা নাই, আমার সামনে যে বাড়িটি দেখছেন ওটা ইরিগেশনএ নিচ্ছে [illegible] রেভিনি... অফিসার আমাকে সেকশন নাইনএ আপত্তি দেয়নি বলে ঐ বাড়ির [illegible] করতে হবে... মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য হচ্ছে, আমরা যেন আমাদের শাসনব্যবস্থা হৃদয়ব... করতে পারি, সহৃদয় করতে পারি। নিয়মনিষ্ঠার নিশ্চয়ই প্রয়োজন আছে, নিয়মানুগ না থাকলে কোন জাতি গড়ে উঠতে পারে না। কিন্তু নিয়মের [illegible] যেখা... অবিচার প্রশ্রয় পায় সেখানে নিয়মনিষ্ঠার কোন মানে নাই এই নিয়মের নিগড় ভাংবার জ... আজকে যাঁরা আমাদের শাসনব্যবস্থার কর্ণধার তাঁরা অসহযোগ আন্দোলন করেছিলেন, কারাবর... বরণ করেছিলেন। আমি আপনার কাছে [illegible] সদস্যদের কাছে সম... হাউসের কাছে আবেদন রাখছি [illegible] অভিযোগ দ... [illegible] যেন অন্যায়ের থাকে... [illegible] পরাজয় না ঘটে, অবিচার যেন প্রশ্রয় না পায়। এই কথা বলে আমি এই ব্যয়-বরাদ্দ সমর্থন করছি।

On personal reflection against an outsider

Mr. Speaker: Honourable members, my attention was drawn by Shri Birendra Narayan Ray regarding the speech of Shri Shamsuddin Ahmed... I do not exactly know what is the convention. But it is desirable that no statement of a personal nature should be made in course of a debate except in exceptional circumstances.

The Hon'ble Sankardas Banerji: As I had the privilege of being the Speaker of this House for a number of years I may say that it was the universal practice in this House not to allow any member to make personal reflection against anybody, far less against a person who was not present in this House. More than once I had the occasion, when I had the privilege of being the Speaker, of saying, "Do not make any personal reflection against a man who has not the privilege of coming to the House to give reply". I think the honourable members, if they all co-operate will have no reason to make such reflection. The other day Shri Apurba Lal Majumdar made a reflection against me. I was not angry and thought it was not of good taste but I did never say a word.

Shri Nepal Chandra Roy:
অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ। আমাদের এখানে যখন কোন বিষয়ে ডিসকাশন হয়, যখন কোন করাপশনএর কথা বলা হয় তখন আমরা অফিসারদের কথা সব সময় বলতে পারি।

Mr. Speaker: I have already expressed my own feeling on the floor of the House. Shri Banerji has said something but that leads to no further question.

Shri Nepal Chandra Roy: On a point of privilege.
মন্ত্রিমহাশয়দের সম্বন্ধে বলা হচ্ছে না, মন্ত্রিমহাশয় নিজে করছেন না।

Mr. Speaker:
আপনি বসুন।
I have already replied to the point to which my attention was drawn by Shri Birendra Narayan Ray during the course of speech of Shri Shamsuddin Ahammad.

Shri Syed Abdul Mansur Habibullah:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সাধারণ প্রশাসন খাতে ব্যয়বরাদ্দের বিরোধিতা করতে উঠে আমি প্রথমেই মাননীয় সদস্য সামসুদ্দিন আহম্মদকে ধন্যবাদ দিচ্ছি যে তিনি অন্ততঃ এইদিক তুলে ধরেছেন যে এখনো পর্যন্ত [illegible] দেশের প্রশাসনের যে মূল নীতি সেটার কি দুরবস্থা হয়েছে। সত্যি করে বলতে গেলে রাউল্যান্ড কমিশনএর রিপোর্টের পর থেকে আজকে ১৫ বৎসর হয়েছে ভারতবর্ষ স্বাধীন হয়েছে, আমরা স্বাধীন হবার পরে কংগ্রেস গভর্নমেন্ট প্রশাসনিক ব্যবস্থায় কোন নতুন নীতি আনতে পারেননি। মহাত্মা গান্ধীর প্রচুর লেখা আছে দেশ শাসনে প্রশাসন ব্যবস্থা কি হওয়া উচিত, প্রচুর প্রবন্ধ আছে। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যার সম্বন্ধে এক সময় বলা হত রাশিয়ার জার এবং ভারতবর্ষের গভর্নর-জেনারেলের পরই যিনি অন্যতম শক্তিশালী অটোক্র্যাট হচ্ছেন [illegible] রাউল্যান্ড কমিশন [illegible] ক্ষমতায় প্রতিষ্ঠিত করে দিয়েছে। সেই একই প্রশাসনিক ব্যবস্থাই আপনারা চালিয়ে যাচ্ছেন আপনাদের গভর্নর থেকে আরম্ভ করে [illegible] জায়গায় পরিবর্তন আপনারা আনতে পারেননি। [illegible] আমাদের [illegible] করা হয় [illegible] বাইরে কোথাও কিছু করবার উপায় নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, [illegible] একথা বলতে পারি জানিনা এই প্রশাসনিক ব্যবস্থার [illegible] সুযোগ কোন সমিতি [illegible] একজন এস ডি ও রিলিফের [illegible] বি ডি ও দাগ কেটে দিচ্ছেন ততক্ষণ পর্যন্ত মরে গেলেও কোন লোককে রিলিফ দেওয়া হয় না। কাজেই এই যে আপনারা রিলিফ কমিটি করেছেন, পঞ্চায়েত করেছেন এগুলি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং তাঁর অনুচর বা নিম্নস্থানীয় কর্মচারী যাঁরা আছেন তাঁরা পরিচালনা করছেন, তার বাইরে কোন ব্যবস্থা নাই। সুতরাং আজকে একথা বলা অত্যন্ত অসত্য যে স্বাধীনতার পরে আমাদের প্রশাসনিক ব্যবস্থার কোন পরিবর্তন এসেছে—[illegible] একটুও আসেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলার সঙ্গে সঙ্গে একটা কথা আপনার কাছে নিবেদন করতে চাই—মুখ্যমন্ত্রী এখানে বলবার চেষ্টা করেছেন বাংলাদেশে আমাদের প্রশাসনিক ব্যয় সবচেয়ে কম কিন্তু সাতাকার অবস্থাটা কি? এই যে ব্যয়এর ভার বহন করছে কারা? সরকারের নিম্নবর্গীয় কর্মচারী যাদের সংখ্যা মুখ্যমন্ত্রী বললেন ৭৪ হাজার না ৭৫ হাজার, মূলতঃ এই লোকগুলিই বহন করছে তাদের ত্যাগের দ্বারা, পরিশ্রমের দ্বারা, কষ্টের দ্বারা; শুধু তাই নয়, আজকে বুভুক্ষু পরিবারের ত্যাগের দ্বারা এই প্রশাসনিক ব্যবস্থা চলছে। এখানেই আমাদের মূল আপত্তি। এই যে গ্রান্ট-এর ডিম্যান্ড এখানে উপস্থিত করা হয়েছে, হিসাব করে দেখলে দেখা যাবে, এই মিনিস্ট্রির ব্যয় পূর্বে ১২ লক্ষ ৭৫ হাজার টাকা মাত্র ছিল সেটা বেড়ে বেড়ে এই বছরের বাজেটে ১৪ লক্ষ ৭৪ হাজার টাকা হয়েছে—সেইরকম এই ১৪ লক্ষ ৭৯ হাজার টাকা বেড়ে গিয়ে ১৬ লক্ষ বা ১৮ লক্ষ টাকা হবে না রিভাইজড এস্টিমেটএ তার কোন ভরসা নাই। সুতরাং দেখা যাচ্ছে মন্ত্রিসভার জন্য ব্যয়বরাদ্দ ক্রমশই বেড়ে যাচ্ছে। তারপর মন্ত্রীদের এনটারটেনমেন্ট খাতেও বরাদ্দ ক্রমান্বয়ে বেড়ে যাচ্ছে। রিভাইজড এস্টিমেটএ আমরা এখানে যা ব্যয়বরাদ্দ করি তার থেকে বেশি হয়।

কিন্তু সাধারণ সরকারী কর্মচারীদের বেলায় কি দেখতে পাওয়া যায়? সরকারী কর্মচারীদে অবস্থা ক্রমাবনতির দিকে যাচ্ছে, আজকে এমারজেন্সির নাম করে তাঁদের ছাঁটাই করা হচ্ছে, তাঁ যেসমস্ত আন্দোলন করছিলেন এমারজেন্সি হবার পরে তাঁরা নিজেরাই ঘোষণা করেছিলে তাঁরা এইসমস্ত আন্দোলন স্থগিত করছেন।

[3-45—3-55 p.m.]

কিন্তু তাঁরা সঙ্গে সঙ্গে আমাদের কাছে দাবী করেছেন, আমাদের অনুরোধ করেছেন যে, তাঁদে যে সমস্ত কঠিন অবস্থা চলেছে এবং ক্রমান্বয়ে যে ব্যয় বৃদ্ধি হয়ে চলেছে তার সম্বন্ধে কো ব্যবস্থা অন্তত করা হোক। ও'রা ডিয়ারনেস অ্যালাউয়েন্স চেয়েছেন, তাঁরা বলতে চেয়েছেন যে যেমন দাম বেড়ে যাচ্ছে তার সঙ্গে সমতা রক্ষা করে ও'দের বেতন বাড়ানো হোক। তাঁরা চেয়েছে যে অন্তত আজকে যে বিপুল সংখ্যক কর্মচারী অস্থায়ী রয়েছেন, যাঁদের মধ্যে ২০।২৫ বছ চাকরী করে অস্থায়ী অবস্থায় মারা যাচ্ছেন এবং পেনসন থেকেও বঞ্চিত হচ্ছেন, এই অবস্থা চলতে দেওয়া কোন প্রকারেই উচিত নয়। আজকে তারা এই দাবীই করছেন। আজকে তা বিভিন্ন জায়গায় ছাঁটাইয়ের সম্মুখীন হয়েছেন। তারা আজকে যে ছাঁটাই হচ্ছে তারই প্রতিকা করতে চেয়েছেন, কিন্তু তার আর কোন প্রতিকার হচ্ছে না। এই সব নিয়ে কর্মচারীদের মধ্যে বিক্ষোভ রয়েছে। সেই জায়গায় আবার সেই সব কর্মচারীদের ধরে সাজা দেওয়া হচ্ছে, যা আন্দোলন করতেন, যারা দাবীটাকে তুলে ধরবার চেষ্টা করতেন তাদের গ্রেপ্তার করে জেলে পু দেওয়া হয়।

একদিকে মিনিস্টারদের বয়নবাদ্দ বাড়ানো হচ্ছে। একদিকে এনটারটেনমেন্টএর ব্যয় বাড়ানো হচ্ছে। আর একদিকে কর্মচারীরা যারা নিম্নতম বেতন পেয়ে থাকেন সেই সমস্ত কর্মচারী তাদের যে ডিয়ারনেস অ্যালাউন্স বাড়াবার জন্য যেটুকু বলতে চাচ্ছেন তাদের চাকুরীর স্থায়ি দাবী করছেন সেই জায়গায় তাদের গ্রেপ্তার করা হচ্ছে। তাদের রিট্রেঞ্চ করা হচ্ছে। মাননী অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বলতে চাই যে আজ যে অবস্থা তা আমাদের পক্ষে মোটে শুভ নয়। আমরা বলতে চাই যে ব্যয়বরাদ্দ এই সমস্ত কর্মচারী যারা বেতনভোগী, তাদের যা খেতে দেওয়া না হয় তাদের যদি সুযোগ দেওয়া না হয় তাদের বাঁচবার অধিকার যদি না দেওয় হয় তাহলে কখনই আমাদের প্রশাসনিক ব্যবস্থা ঠিকমত চলতে পারে না। আজকে সেখানে সেই নীতিগত প্রশ্ন আছে। আমরা এখনও সেই দৃষ্টিভঙ্গী নিয়ে দেখছি যে উপর তলে কর্মচারীদের কোনরকমে সন্তুষ্ট রেখে তাদের দ্বারা নির্দেশ এবং হুকুমনামা দিয়ে সাধারণ কর্ম চারীদের আমরা বরাবর খাটিয়ে চলে যাবো, এই নীতিতে চলে এই নীতি আজকে একেবারে অচ আর অচল বলেই স্বাধীনতার পরে তাদের মধ্যে একটা প্রতিবাদ উঠেছে। যে প্রতিবাদকে আজ আমাদের স্বীকার করে নেওয়া উচিত ও বোঝা উচিত এবং বোঝা উচিত কোথা থেকে তাদে আঘাত লাগছে। আজকে কর্মচারীদের যদি সন্তুষ্ট করে রাখা যায় কর্মচারীদের যদি তাদে মধ্যে সন্তোষ আসে এবং আমাদের সঙ্গে যদি ব্যবস্থা করে নেওয়া যায় ও তাদের সহযোগি করা যায় তাহলে নিশ্চয়ই তারা আমাদের আরও কাজ দিতে পারবেন এবং দেশের কল্যাণ কাজে অংশ গ্রহণ করতে পারবেন ও মনে করতে পারবেন সত্যিকারের দেশের কাজ করতে পারছি কিন্তু ওদের বিষয়ে আজ সহানুভূতি থাকছে না, কারণ তারা দেখতে পাচ্ছেন যে অন্যান্য ক্ষে সব চলে যাচ্ছে। অন্যান্য সকলে সুযোগ সুবিধা পাচ্ছে তারা কেবল পাচ্ছে না বঞ্চিত হচ্ছে মাননীয় স্পীকার মহাশয়, আর একটি কথা বলছি আজকে উচ্চ পদস্থ কর্মচারীদের মধ্যে প্রায় অভিযোগ শোনা যায় যে গণতন্ত্র নাকি তাদের উপর হস্তক্ষেপ করে। তাদের সঙ্গে আলা আলোচনায় এই উক্তিই জানতে পারা যায় তাঁরা বলেন "আরে মশাই আপনাদের এম এল এ প্রায় তো এরূপ করে দিচ্ছে ইত্যাদি ইত্যাদি"। আমরা সেখানে বলতে চাই, আজকে একথা ঠিক। আজকে সেখানে প্রশাসনিক ব্যবস্থার ধরন ৩০।৫০ বছর আগে যেমন ছিল আজও সেরূপ আছে কিন্তু এটা ঠিক দলীয় রাজনীতি নয়, দলীয় স্বার্থে প্রণোদিত হয়ে অনেক সময় এই অ্যা মিনিস্ট্রেশনকে যে কাজে লাগানো হচ্ছে, সেখানে অনেক জায়গায় অনেক অভিযোগ আছে সেখানে মেম্বারদের প্ররোচনায় বদলী করা হয়। কংগ্রেসী দলের স্বার্থে অনেককে অনে জায়গায় সুযোগ করে দেওয়া হয়। আমাদের মুখ্যমন্ত্রীর কাছে এক সময় বর্ধমান আর সি সম্বন্ধে অভিযোগ এনেছিলাম যে সেখানে ঐ প্রশাসনিক ব্যবস্থা কেমনভাবে চালানো হচ্ছে

সেটার মধ্যে অনেক অন্যায় ছিল। তখন মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন তদন্ত করবো, কিন্তু সে তদন্তের কি ফল হয়েছে জানি না, কিন্তু এরকম সমস্ত জায়গায় জেলায় জেলায় আর সি এ সম্বন্ধে অভিযোগ আছে। শাসনতন্ত্রের এরকম বহু জায়গায় অভিযোগ আছে, সেখানে দলীয় কিছু প্রশাসনিক ব্যক্তিদের আজকে প্রভাবান্বিত করতে পারছে, অর্থাৎ গণতন্ত্রের একটা বিকৃত সাহায্য তারা নিচ্ছে। এ সম্বন্ধে একটা অভিযোগ আছে সেই কর্মচারীদের পক্ষ থেকে তারা তাদের বুদ্ধিতে যা মনে করেন তা তারা ব্যবহার করতে পারেন না। তাদের উপর এই সমস্ত প্রভাব বিস্তার করা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মারফত আমি মন্ত্রীমণ্ডলীকে একথা বলতে চাই, আজকে আপনারা এ বিষয়ে সচেতন হউন, কারণ এরকমভাবে চলতে থাকলে দেশের অ্যাডমিনিস্ট্রেশন দেশের প্রশাসন এইভাবে দলীয় স্বার্থে ব্যবহার করলে বা ব্যক্তিগত স্বার্থে ব্যবহার করলে তো মাননীয় কোন কোন এলাকার লোকের একটা বিশিষ্ট প্রভাবশালী ব্যক্তিকে কাজে লাগাতে থাকলে, দেশের প্রশাসন ব্যবস্থার কখনও উন্নতি হতে পারে না। তার জন্যই যত দুর্নীতির অভিযোগ আসে, তা প্রমাণ না হলেও তার মধ্যে অনেক সত্য থাকে সেগুলো আজকে ধামাচাপা পড়ে যায়, সেই সম্বন্ধে আজকে অবহিত হওয়ার কথা বলে আমি আমার বক্তব্য এইখানেই শেষ করছি।

Shri Apurbalal Majumdar:

মাননীয় স্পীকার মহোদয়, সরকারী প্রশাসন যন্ত্রের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি এবং এই দুর্নীতি আজ আমাদের বাংলাদেশের জনসাধারণের কাছে সবচেয়ে বড় অভিশাপরূপে দেখা দিয়েছে। যখন এই বিধানসভার মধ্যে দুর্নীতির বিরুদ্ধে ক্লিয়ার ডেফিনাইট এবং স্পেসিফিক ইনস্টান্স দিয়ে তুলে ধরি তখন মুখ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে বলেন সমস্ত মিথ্যা, এগুলি সব অসত্য। আমি তাঁকে অনুরোধ করবো যে একথা বলার আগে যখন আমরা স্পেসিফিক, এবং ডেফিনাইট ইনস্টান্স তুলে ধরি এই করাপশনএর বিরুদ্ধে তখন যদি তিনি কোন অনুসন্ধান না করেন এবং অনুসন্ধান না করে কেবল দাঁড়িয়ে বলে দেন, এগুলি ঠিক নয়। তার অর্থ এই দুর্নীতিপরায়ণ মানুষকে আরো সমর্থন করা আরো সমর্থন জানানো। এর আরো অর্থ যে তাঁরাই পক্ষপুটে বসে যাঁরা দুর্নীতির ব্যবসা প্রশাসন যন্ত্রের মধ্যে চালিয়ে রেখেছেন এবং এই পাপচক্র তৈরি করে রেখেছেন তাদের প্রশ্রয় দেওয়া আর দেশকে আরো অন্ধকারে নিয়ে যাওয়া দুই একই। দুর্নীতি আজ এমন অবস্থায় এসেছে যে আজকে এই মন্ত্রীমণ্ডলী কংগ্রেস সদস্যারা সেই অসৎ এবং দুর্নীতি পরায়ণ কর্মচারী তাঁদের সমর্থন না করে উপায় নেই। তাঁরা নিজেরা যে দোষে দুষ্ট সেই দোষ যদি কোন কর্মচারী করে তাহলে সেই কর্মচারীর বিরুদ্ধে শাস্তি দেবার কোন সৎসাহস তাঁদের থাকতে পারে না। সেজন্য আজকে বিভিন্ন প্রশাসনিক ব্যবস্থার মধ্যে অসৎ কর্মচারী যাঁরা তাঁরা সেভাবে ব্যবসা করে চলেছেন, যেভাবে চোরাকারবার চালিয়ে যাচ্ছেন- তাদের সমর্থন করে চলেছেন সেগুলির বিরুদ্ধে দাঁড়িয়ে প্রতিবাদ করবার মত সৎসাহস আজকে যারা ট্রেজারি বেঞ্চ দখল করে আছেন তাদের অনেকেরই নেই। একটু আগে আমাদের এখানকার সদস্য বন্ধুবর ভক্তিবাবু একটা কাগজ আপনার সামনে উপস্থিত করেছেন সে কাগজটা হচ্ছে "লোকমত"-এতে স্পেসিফিক অ্যান্ড ডেফিনিট এলিগেশন হল যে, বিজয় সিং নাহার তিনি একটা চিঠি দিয়েছেন শীতল রায় চৌধুরীকে রিইনস্টেইট করা হোক, তার কারণ তিনি ব্র্যাকেটএ লিখে দিয়েছেন যে তিনি তাঁর ব্রিচ অফ ট্রাস্টএর যত টাকা সমস্ত টাকা ফেরত দিয়েছেন। আমি জিজ্ঞাসা করি এখানে শঙ্করদাসবাবু আছেন এবং অন্যান্য আইনজীবিরা আছেন। এই তহবিল তছরূপের যে টাকা সে টাকা যখন ফেরত দেওয়া হয়, তার মানে হল এই যে সেটা প্রমাণিত হয়ে গেল যে, ব্রিচ অফ ট্রাস্টএর অপরাধে তাকে দায়রায় সোপর্দ করা হয়নি ৪০৬, ৪০৯ যে ধারাগুলি রয়েছে ফৌজদারী ধারা না দিয়ে তাকে তিনি প্রশ্রয় দিচ্ছেন কিভাবে। ক্রিমিনাল কেস করা হয়নি আমাদের বিজয় সিং নাহারএর চেষ্টায় -ক্রিমিনাল কেস তাঁর বিরুদ্ধে চালু হয়নি ঐ ক্রিমিনাল কেস চালু না করে তার উপরে তিনি করছেন কি--না তাঁকে পুনর্বহাল করবার জন্য তিনি সুপারিশ করে দিয়েছেন- এ্যাসেম্বলীর পার্লারের মধ্যে যেটা নাকি বাইরে ব্যবহার করা চলে না। আমি জিজ্ঞাসা করি--হতে পারে তিনি তাঁর নির্বাচনে সাহায্য করেছেন [illegible] উপায়ে ভোট সংগ্রহ করে দিয়েছেন সেই লোক, এমন হতে পারে। কিন্তু তাই বলে যে পদমর্যাদায় এখানে ট্রেজারী বেঞ্চ দখল করে বসে আছেন, সেখানে বসে এই অসৎ কর্মচারীর বিরুদ্ধে ফৌজদারী

সোপর্দ করা উচিত ছিল, সেখানে তিনি তাঁর পক্ষপুটে রেখে তাঁকে যেভাবে লালনপালন করছেন তাতে সমস্ত কলঙ্ক রেখাপাত তিনি করেছেন। যে কোন সৎ মানুষ তাঁর প্রতিবাদ করবে আমি ভাবতে পারিনি এ ধরনের কাজ আমাদের মন্ত্রিমহাশয়রা করতে পারেন। আমি এই স্পেসিফিক ইনস্ট্যান্স তুলে আজকে বিজয় সিং নাহারকে এই কথা বলতে চাই যে তিনি যে কাজ করেছেন ট্রেজারী বেঞ্চএ বসে তিনি যেন দেশকে এভাবে কলঙ্কিত না করেন—হাউসএর যে মর্যাদা তাঁকে তিনি যেন কলঙ্কিত না করেন। আমি তাঁর পরে একটা কথা বলছি, এই যে হাসপাতাল-আমরা জানি হাসপাতালে হাসপাতালে রোগীর পথ্য নিয়ে চোরাকারবার চলে, আমরা জানি হাসপাতালে হাসপাতালে ওষুধ নিয়ে চোরাকারবার চলে। কেন চলে? শ্রীবিজয় সিং নাহার-এর মত মন্ত্রী থেকে তাঁদের প্রশ্রয় দেয়। সেই প্রশ্রয়ের সাহস পেয়ে অসাধু ব্যক্তিরা রোগীর পথ্য নিয়ে চোরাকারবার করতে সাহস পায় ঐ ওষুধগুলি চোরাকারবারে পাঠিয়ে দিতে হাসপাতাল থেকে। তার কারণ আমরা জানি বিজয় সিং নাহার-এর মত মানুষ আছে অসুবিধা হবে সার্টিফিকেট দিয়ে দেবে, চাকরীর অসুবিধা হবে না। আজ তারই জন্য হাসপাতালে হাসপাতালে বাংলাদেশের বিভিন্ন জায়গায় রুগী পথ্য পায় না, ঠিকমত সময়ে ঔষধ পথ্য পায় না। এ ধরনের জঘন্য কাজ মন্ত্রিমহাশয়ের আসনে বসে করতে পারেন তাঁরা প্রশাসন ব্যবস্থার চরম ও জঘন্যতম অবনতি হতে বাধ্য। শ্রীবিজয় সিং নাহার এর মনে আছে যে কিছুদিন পরেশনাথের শোভাযাত্রার সময় তিনি কি ভূমিকা গ্রহণ করেছিলেন।

[3-55—4-5 p.m.]

আর একটা কথা বলছি কিছুদিন পূর্বে যখন পরেশনাথের শোভাযাত্রা বেরোয় সেই সময় তিনি সেই ভূমিকা অভিনয় করেছিলেন। পরেশনাথের শোভাযাত্রার সময় ভোগের জন্য প্রচুর চাল বের করা হয়—দামী দামী চাল আমাদের ফুড ডিপার্টমেন্ট থেকে বেরিয়েছিল এবং তার নামে বেরিয়েছিল সেই চাল বেরিয়েছিল আমাদের বিজয় সিং নাহারের জামাতার নামে সেই পারমিট ছিল এবং সমস্ত চাল ব্ল্যাক মার্কেটে চলে গেছে। এবং তা যখন ব্ল্যাক মার্কেটে বিক্রি হয়েছিল তখন এই বিজয় সিং নাহারের সহায়তায় সেই চাল বেরিয়েছিল। এবং চোরাকারবারে যখন সেই চাল চলে যায় তখন তার এনকোয়ারী করেছিলেন যিনি তাকে তিনি ভরসা দিয়েছিলেন যে আপনার এক্সটেনসন করে দেবো—সেই ডি সি-কে বলেছিলেন এক্সটেনসন করে দেবেন। এটা চাপা ছিল কিন্তু দুর্ভাগ্যবশতঃ সেই ডি. সি-কে এক্সটেনসন করাতে পারেন নি বলে সেই ডি সি নিজে বলে বেড়াচ্ছেন ঐ ব্যাপার। আমি কেসে বাঁচিয়েছিলাম কিন্তু তিনি আমার কোন ব্যবস্থা করলেন না। এই তো চোরে চোরে মাসতুতো ভাই ভাই। যে সরকারী পদমর্যাদায় বসে সেই সদস্য যেভাবে দুর্নীতিকে প্রশ্রয় দেন এবং পুলিস কর্মচারীকে বলেন যে তোমার এক্সটেনসনের ব্যবস্থা করে দেবো সুপার এ্যানুয়েটেড হয়ে গেলেও ব্যবস্থা করে দেবো তা সত্ত্বেও আমরা দেখছি তিনি সেই সম্মান নিয়ে তিনি সেই গদিতে বসে আছেন। আর একটি স্পেসিফিক ইনস্টেন্স তুলে ধরতে চাই সেটা হোল এই যে অ্যান্টিকরাপসনের স্পেশাল অফিসার অমিতাভ নিয়োগী তিনি ২৪-পরগনায় যখন দুধের চোরাকারবারী পুরা দমে চলছে তখন সেই স্পেশাল অফিসার শ্রীঅমিতাভ নিয়োগী রেড করে দুধের বিষয়টা এনকোয়ারী করলেন এবং একটি রিপোর্ট পেশ করলেন মুখ্যমন্ত্রীর কাছে সেই প্রাথমিক রিপোর্টে বলা হয়েছে যে কংগ্রেসের ট্রেজারী বেঞ্চে যাঁরা বসে আছেন এবং অবশ্য অনেক সদস্যের স্নেহভাজন অসাধু ব্যক্তিদের ভুয়া সংগঠন এর নামে তারা তাদের ফিটনেস সার্টিফিকেট দিয়ে দেয় এবং শ্রীবিজয় সিং নাহার মহাশয় এই কাজ করেছে। ঐ সার্টিফিকেটের বলে তারা দুধ নিয়ে এসেছে এবং চোরাকারবারে সমস্ত বিক্রি করে দিয়েছে বিক্রি করার পর যখন তারা আবার শ্রীবিজয় সিং নাহারের কাছে এসেছে যে আপনি আর একটা ফলস সার্টিফিকেট দিন যে সেই দুধ ঠিকমত বিলি হয়ে গেছে। তিনি আবার ফলস সার্টিফিকেট দিলেন যে হ্যাঁ তাদের সময়ে দুধ প্রপারলি ডিস্ট্রিবিউট হয়ে গেছে। এই যদি হয় তাহলে আমরা এটাকে ক্রিমিনাল কন্সপিরেসি কেন বলবো না। কে তোমার [illegible] ... দাঁড়িয়ে ঐ ট্রেজারী বেঞ্চে দেখা হবে। যে অসৎ দৃষ্টিভঙ্গী তা পরিবর্তন যদি না হয় তাহলে নিচের কর্মচারীদের পরিবর্তন কখনও সম্ভব নয়। আমি জানি মুখ্যমন্ত্রীর কাছে লেখা অমিতাভ নিয়োগীর যে প্রাথমিক রিপোর্ট তা তার কাছেই আছে সেটা আজকে হাউসের সামনে উপস্থিত করুন—তাতে দেখা যাবে শুধু বিজয় সিং নাহার নন তার সম্প্রদায়ের আরও অনেক [illegible] যে কোন কসুর না [illegible] ছিনিমিনি খেলছে তার মধ্যে

রয়েছে ওদিকের বেঞ্চ যারা দখল করে রয়েছেন তাঁদের অনেকেরই সেই লিষ্টে আছে। অত্যন্ত বেদনা নিয়ে আজকে বলতে হয় যে যদি এই প্রশাসনিক ব্যবস্থাকে দুর্নীতিমুক্ত করতে আমরা না পারি তাহলে কোনদিন বাংলাদেশের ভবিষ্যত উজ্জ্বল করতে পারবো না। আজকে এনফোর্স-মেন্ট ব্রাঞ্চের ডি সি যিনি, তিনি যাতে এনকোয়ারী ভালভাবে না করতে পারেন—তার জন্য একজন জুনিয়ার মোস্ট অফিসারকে সেখানে বসানো হয়েছে। এবং শুধু তাই নয়, সেই সংগে সংগে এটাও করা হয়েছে যে তাকে এখনও পর্যন্ত কনফার্ম করা হয় নি। সিনিয়র পোস্ট, যাঁরা তাঁদের এসিস্ট্যান্ট, তাদের বসান হয় ডি সি কনফার্মড নয়, এমন ব্যক্তিকে বসান হয়। শুধু তাই নয় আজকে যেগুলি বড় বড় পদ, সি এম পি ও দেখুন, সেখানে যাকে বসান হয়েছে, সল্ট লেক [illegible]সন স্কীম—সেখানে যাদের বসান হয়েছে সমস্ত জায়গায় আমরা দেখেছি, তাদের বিরুদ্ধে [illegible] অভিযোগ আছে, সেই অভিযোগ বর্তমান থাকা সত্ত্বেও সেই সমস্ত জায়গায় সুপারয়্যানুয়েটেড অফিসারদের বসান হয় যাতে তাঁরা আরো দুর্নীতি করেন, সেখানে আরো দুর্নীতি ও চোরাকারবার [illegible] ঐ ট্রেজারী বেঞ্চের লোক একদিকে, আর একদিকে সুপারয়্যানুয়েটেড ইনএফিসিয়েন্ট অ্যান্ড করাপটেড অফিসারস তাঁদের সহযোগিতায় বাংলাদেশকে শোষণ করে তাঁরা আজকে অন্ধকার [illegible] করে দিচ্ছেন।

Mr. Speaker: Now, Dr. Radha Krishna Pal

Shrimati Santi Das:

মাননীয় স্পীকার স্যার, আমাদের সহ[illegible] [illegible] মজুমদার মহাশয় যে কথা বললেন গুঁড়া [illegible] সংক্রান্ত বিষয় নিয়ে। [illegible] ইনফরমেশনের জন্য আমি বলতে পারি যদি আপনি পারমিশন [illegible]

[নয়েজ অ্যান্ড ইন্টারাপসনস।]

Mr. Speaker:

আপনি চুপ করুন ইয়েস ডাঃ পাল।

Dr. Radha Krishna Pal:

মিঃ স্পীকার স্যার আজকে এই প্রশাসনিক [illegible] চক্রের এই অবস্থা দিপাকে পড়ে। আমি [illegible] কি না করতে পারে।

[এ ভয়েস: কবিতায় বলুন।]

মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে একটা জিনিস রাখছি। যখন আমরা ইংল্যান্ডের পার্লিয়ামেন্টারী [illegible] করতে চাই এবং সেইভাবে আমাদের [illegible]। আমাদের এখানে ইংল্যান্ডের যিনি পার্লিয়ামেন্টারী অপোজিসন লিডার [illegible] মাননীয় গেইটস্কেল এসেছিলেন। তিনি এসে আমাদের পার্লিয়ামেন্টে যে বক্তৃতা দিয়েছিলেন, তাতে বলেছিলেন যে যেগুলির অপোজিসন দেওয়া সত্যিই দরকার, সেখানে আমরা অপোজিসন দিই। আর বাকী ভাল জিনিসগুলিকে আমরা সমর্থন করি। কিন্তু অপোজিসন যদি অপোজিসন সেক হয়, তাহলে তো বলবার কিছু নাই। এখানে সোরেন সেনও এসেছিলেন অপোজিসন লিডার, এখানে মিঃ ফ্রেনার ব্রকওয়ে এসেছিলেন। এই একই বক্তৃতা তাঁরাও দিয়ে গেছেন যে অপোজিসন আমরা শুধু অপোজিসন দেবার জন্য নয়, আমরা যেখানে প্রশাসনিক ব্যবস্থার ভাল দিক আছে, সেখানে তাকে সমর্থন করি। কিন্তু আমাদের অপূর্ব ভায়া যেভাবে বক্তৃতা দিলেন তাতে মনে হল তিনি এখানে প্রাকটিস জমিয়ে নিলেন। যত রকম সেকসন আছে—১২০, ১২০(বি), ১০১, ৩২০, ৩২৬, ১৪৭, সমস্ত আইন-কানুন ফ্যাক্টফর্দি সব ছেড়ে দিলেন, বিজয় সিং নাহার মহাশয়ের ফাঁসির জন্য আমি বলতে চাই যদি কোন ডেফিনিট কেস তিনি দেখিয়ে দিতে পারতেন অযথা চীৎকার করে, যে না, সত্যি এটা অন্যায়, তাহলে বিজয় সিং নাহার মহাশয় ওঁর মত ছেলেমানুষী করতেন না। হ্যাঁ, সেটা অন্যায় হয়েছে, সেটা আমি মেনে নিচ্ছি সুতরাং........

[এ ভয়েস: কবিতায় বলুন, কবিতায় বলুন।]

মিঃ স্পীকার, এ'রা আমাকে বলতে দেবে না। কবিতা শোনাচ্ছি রে বাবা! আমি এই শর ন্দ্রানন্দের দাবী সমর্থন করতে গিয়ে এটুকু বলতে পারি যে আজকে হেমন্তবাবু আমাদের মহান নেতা, যে লোকের উপর আপনারা আজকে মুখ্য মন্ত্রিত্বের ভার দিয়েছেন, সেখানে অপূর্ব ভাই যে বললেন সেখানে বিচার পাবে না. আমি এই কথা বলতে পারি নিশ্চয়ই তিনি বিচার পাবেন। সেদিনের কথা আমার মনে পড়ে, শ্রদ্ধেয় হেমন্তবাবু, অমরবাবু, তাঁরই সহকর্মী। উনি যদি আজকে মনে করেন হেমন্তবাবু যে ঘরে উঠেছেন, সেই ভাইপো, কি যারই হোক, আর উনি ভাগ্নের ঘরে উঠেছেন। এক নাঙ্গা ফকিরকে আপনারা বসিয়েছেন। তিনি আবার কে? যার কোথাও কিছু নাই? ট্যাঁক যার সর্বদাই গড়ের মাঠ। আমি নিজে অপূর্ববাবুকে প্রশ্ন করতে পারি, কানাইবাবু আমার এখানে বন্ধু আছেন আমাদের শম্ভু ভাই আছেন, আপনারা দেখুন কি রকম ভাবে অপজিসনকে সম্মান দিতে হয়। সেদিন বন্ধুবর আমার সহকর্মী যিনি বরাবর আমাদের সঙ্গে কাজ করেছেন, পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয়। তাঁর সমস্ত অভিযোগ খণ্ডন করবার সময় তিনি যে সম্মান তাঁকে দিলেন, সেটা কমিউনিস্ট বলে নয়, অপজিসন বলে নয়, তিনি কর্মীকে এমনভাবে সম্মান দেন এবং তিনি তাঁর প্রত্যেকটি অভিযোগ সুযুক্তি দিয়ে খণ্ডন করেছেন।

[এ ভয়েসঃ কবিতাটা বলুন।]

দাঁড়ান আমি শোনাচ্ছি।

[4-5—4-15 p.m.]

স্কটিশ চার্চ কলেজের একটি বিজ্ঞানের ছাত্র, তিনি অনার্স পেয়েছেন, ফার্স্ট ক্লাস হয়েছেন, বিলাত চলে যাচ্ছেন, এমন সময় গুর্জরের পাঞ্চজন্য বেজে উঠল। (প্রশ্ন—কি হল) আমরা যে সেই মহামতীর পাঞ্চজন্যাস ঋষি কেশম্। [নয়েজ অ্যান্ড ইন্টারাপসনস] এতো কবিতা শুনতে চাচ্ছ, শোন। আমাকে বলতে দাও। তারপরে মঃ স্পীকার, স্যার, সেই যুবক, তিনি দেখলেন যে হ্যাঁ, সেই রবীন্দ্রনাথের কবিতাকে সার্থক করতে হলে... [ইন্টারাপসনস] চুপ।

মিঃ স্পীকার, স্যার, সেই কবিতাকে সার্থক করতে যেয়ে ও'র সামনে ধরা হল—উনি যখন দেখলেন যে, সেই পাঞ্চজন্য সেই ১৯২১ সালে বেজেছে তখন তিনি কি বললেন। জানিনা সে কে, তারই লাগি পরিয়াছে জীর্ণ পন্থার, বিষয়ে বৈরাগী সাজিয়াছে পথের ভিক্ষুক, মহাপ্রাণ সহিয়াছে পলে পলে সংসারের শত নির্যাতন। (হাস্য) মিঃ স্পীকার, স্যার, এই সেই যুবক আজ তিনি প্রৌঢ়ত্বে এলেন এই সেই আমাদের মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়। (হাস্য) মিঃ স্পীকার, স্যার, তিনি সেদিন আরামবাগে গেলেন, এই হেমন্তবাবুর সহায়তায় এবং ঐ অমরবাবুর সহকর্মী হিসাবে আরামবাগের বন্যায় সেখানে সমস্ত উপচে যাচ্ছে। তিনি তাঁর সেই পূর্ণ যৌবনকে ভরা বন্যার মাঝে ভাসিয়ে দেবার জন্য আরামবাগের লোককে আহ্বান করে বলেন যে, যে শুনেছে তাহার আহ্বানগীতি, ছুটেছে সে নির্ভীক পরাণে সঙ্কট আবর্ত মাঝে, দিয়েছে সে বিশ্বে বিসর্জন। নির্যাতন লয়েছে সে বক্ষ পাতি, মৃত্যুর গর্জন শুনেছে সে সঙ্গীতের মাঝে। মিঃ স্পীকার, স্যার, এই দেশপ্রেমিক, আজকে বাংলার মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে যদি ও'দের কোন কিছু প্রতিবাদ করবার থাকে এবং যদি তার প্রতিকার চান তা হলে ও'রা প্রত্যেকে সেটা ব্যক্তিগতভাবে দিন, তিনি বিজয় সিং নাহার হন, বা তিনি ডাঃ রাধাকৃষ্ণ পাল হন বা তিনি যেই হন, উনি নিশ্চয় সেটার প্রতিবিধান করবেন। কিন্তু একথা সত্য নয় যে, অপোজিশন অপোজিশনই থাকবে। তাতো আমি একটা কথায় আপনাকে জানালাম। (নয়েজ অ্যান্ড ইন্টারাপসনস।) মিঃ স্পীকার, স্যার, এনেই অবস্থা, এ'রা কখনও ভাল কথা শোনেন না। (হট্টগোল।) মিঃ স্পীকার, স্যার, এ'দের আমি এই কথা বলতে পারি, তোমরা যদি ভাল কথা শোন এবং ভালভাবে তোমাদের চরিত্র গঠন করতে চাও, তা হলে তোমরা হেল্দি ক্রিটিসিজম কর এবং সেটা আমরা সকলেই মেনে নেব। সেদিন আপনি দেখুন স্যার, ও'রা এমনভাবে করেকটা জিনিস এনে দিলেন, আর সঙ্গে সঙ্গে আমাদের মাননীয় মন্ত্রিমহাশয়রা সেটা মেনে নিয়েছেন, সে সম্বন্ধে ভোটের আর প্রয়োজন হল না। এইরকমভাবে এইটা আজকে চাই—অন্তত এইটুকু আজকে ও'দের কাছ থেকে আশা করতে পারি। তা না হলে অপূর্ববাবু যেমন ভাবে বললেন, আমার অত্যন্ত ভয় হয়েছিল, স্যার, আমার ছোট ভায়ের মতন এখানে আবার তাঁর স্ট্রোক হবে নাকি? [হাস্য।] তিনি যেরকমভাবে বললেন, তাতে তাই আমার মনে

হয়। বিজয় সিং নাহার মহাশয়এর আজকে কি অবস্থা জানি না। তিনি আবার কি অবস্থা করছেন। কিন্তু অপূর্ববাবুকে আমাদের বাঁচাতে হবে স্যার।

মিঃ স্পীকার স্যার, আমি এই কথাই বলছি আমাদের এখানে যদি হেলদি ক্রিটিসিজিম হয়, তাহলে নিশ্চয় আমরা সব কিছু মাথা পেতে নেবো। কিন্তু কোথায় কার একটু গুঁড়া দুধের কারবার, কোথায় কার ভাই এক ছিলিম ফার্টিলাইসার বা সার ইয়ে করেছে, এই সমস্ত বিষয় নিয়ে অপজিসনএর পক্ষ থেকে আলোচনা চলেছে। আমরা কি কখনও এটা আশা করতে পারিনা অপজিসনের পক্ষ থেকে, যে বাংলাদেশে যখন এমারজেন্সী রয়েছে, যেখানে দারুণ দুর্দিন বাংলাদেশে, সেই অবস্থায় এঁরা সরকারের প্রশাসনিক ব্যবস্থাকে সম্পূর্ণভাবে সমর্থন করবেন? মাননীয় স্পীকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ঠিকই বলেছেন যে অন্যান্য দেশের তুলনায় আমাদের বর্ডার লাইন অনেক বেশী, সুতরাং আমাদের খরচ আরও বেশী হওয়া উচিত ছিল। দ্বিতীয়ত যাঁরা এখনও টপ-হেভী অ্যাডমিনিস্ট্রেশন বলে সরকারকে দোষারোপ করছেন, তাঁদের এ সম্বন্ধে একটু চিন্তা করে দেখতে বলি। দেখুন আজকে ওখানে যাঁরা বসে আছেন চিফ সেক্রেটারী থেকে আরম্ভ করে হোম সেক্রেটারী—এইসব মহা মহা পন্ডিত লোক, তাঁরা যেসব জিনিস, তথ্য পরিবেশন করেন, তার দ্বারা আমাদের দেশের পক্ষে মঙ্গলই হবে।

[4-15—4-25 p.m.]

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ঠিকই ত বলেছেন অন্যান্য প্রদেশের তুলনায় আমাদের এটা বর্ডার লাইন, আমাদের বেশী হওয়া উচিত ছিল। আর দ্বিতীয়ত ওঁরা এখনও টপ হেভি বলছেন। দেখুন আজকে যাঁরা বসে আছেন এখানে চীফ সেক্রেটারী থেকে আরম্ভ করে হোম সেক্রেটারী, এইসব মহা মহা পন্ডিত লোক তাঁরা যেসব জিনিসের তথ্য এখানে পরিবেশন করেন আমাদের দেশে তাতে মঙ্গলই হয়। মিঃ স্পীকার, স্যার, তাহলে আমি এই কথাই বলবো, আমি এই কথাই ওঁদের শোনাবো, তোমরা মানুষ হও, তোমরা মহত্তর হও, তোমাদের জীবন উন্নত হয়ে উন্নততর হোক, মহৎ হয়ে মহত্তর হোক। কিন্তু আমি একথাও জানাবো, নীচ দিকে গতি যার নীচ যে দুর্মতি। মিঃ স্পীকার, স্যার, আমি ওঁদের বলছি যে কোন নীচতা এখানে আনবেন না। আজকে হয়ত অনেকেই এখানে আসেন, এবং এঁদের কাছ থেকে সৎ আলোচনা সৎ উপদেশ এবং সব কিছু সৎ শিক্ষা নিয়ে তাঁরা বাড়ী ফিরে গিয়ে বলবেন বাংলাদেশের এসেমব্লী দেখে এলাম সেখানে উচ্চ ক্ষমতাসম্পন্ন মানুষগুলি আছে বা আমাদের বাংলাদেশের তিনশত বাছা বাছা লোক আছে যাঁরা সত্যিকারের আমাদের মনুষ্যত্ব দিতে পারে। আমি আজকে এই কথাই বলবো, তোমরা স্বামীজীর সেন্টিনারীতে সেই কথাই বল যে, হে বীর সন্ন্যাসী, সেই বিবেকানন্দের সেই কথা, তাঁর সেই উচ্চ আদর্শে আমাদের মুখ্যমন্ত্রী আজো সেই আপনভোলা মহান কর্মী, সেই কথাই আমি আজ বলবো যে তোমরা মানুষ হও, বি গুড অ্যান্ড গ্রেট। তোমরা তাহলেই জানবো যে এই দেশে নূতন পরিচালনার ভার ওঁরা একদিন এখানে আসবে, স্যার আমরা তখন আশা করবো না ওঁরা সৎ হবে ওঁরা মানুষ হবে। আমার অপূর্বর জন্য আরো ভাবনা হয়, স্যার, এর একটা ব্যবস্থা করুন।

Shri Somnath Lahiri:

শ্রীযুক্ত অধ্যক্ষ মহাশয়, আজকে যে দুটি বিষয় সেই দুটি বিষয়ের মধ্যে আমি শুধু দুটি আইটেমের উপর আমার সমালোচনা রাখবো। প্রথমত ইলেকশন সংক্রান্ত ব্যয়বরাদ্দের উপরে আর দ্বিতীয়ত মন্ত্রীদের মাইনে সংক্রান্ত ব্যাপারে। ইলেকশন সম্পর্কে আমাদের যেসমস্ত নির্বাচন হয়েছে এবং হবে সেই আসন্ন উপনির্বাচনের পরিপ্রেক্ষিতে দেখা দরকার। নির্বাচনের জন্য আমরা টাকা বরাদ্দ এবং মঞ্জুর করি এই আশায়, এই ভরসায় যে নির্বাচন প্রাপ্তবয়স্ক ভোটাধিকার ইত্যাদির পিছনে ভারতীয় সংবিধানে যে মৌলিক দৃষ্টিভঙ্গী আছে যে নির্বাচনের ব্যাপারে সমস্ত মানুষ, সমস্ত দল, সমস্ত প্রতিষ্ঠান সমান সেই মূল নীতি কার্য্যে পরিণত করার জন্য, দেশে গণতন্ত্রকে সুপ্রতিষ্ঠিত করার জন্য নির্বাচন হয় এবং তার খরচা বরাদ্দ হয়। কিন্তু আজকের পরিস্থিতিতে যে উপনির্বাচনের হুকুম দেওয়া হয়েছে এবং যার জন্য এই টাকা বরাদ্দ হচ্ছে সেখানে একথা অত্যন্ত পরিষ্কার যে এখনকার এই বর্তমান উপনির্বাচন হচ্ছে গণতন্ত্রকে লঙ্ঘন করার জন্য, গণতন্ত্রকে বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করাবার জন্য। উপনির্বাচনের আগে

বিরোধীপক্ষের প্রায় ৭০০ কর্মীকে এবং নেতাকে—যার মধ্যে প্রায় ১৬।১৭ জন এই হাউসের মেম্বার—তাঁদেরকে বিনা বিচারে অথবা বিচারের নামে ঝুলিয়ে রেখে বন্দী করে তারপরে উপ-নির্বাচন করা একে যদি গণতন্ত্র বলে ত কাকে গণতন্ত্র বলে না তা আমি জানি না। সেদিন শ্রীযুক্ত সঞ্জীবার সভায়, কলকাতায়, আমাদের সরকার পক্ষীয় প্রতিষ্ঠানের কংগ্রেসের সভাপতি বঙ্গপাল শ্রীযুক্ত অতুল্য ঘোষ খুব গলাবাজী করেছিলেন, সেখানে মুখ্যমন্ত্রীও উপস্থিত ছিলেন. যে ঐ কমিউনিস্ট বন্দীদের যাতে ছেড়ে দেওয়া হয় তার ব্যবস্থা করুন, ও ভয়ে কম্পিত নয় মোদের হৃদয়, ও'রা ছাড়া পেলেও ও'দের যে গণ সমর্থন ভারতবর্ষে, বিশেষ করে বাংলাদেশে, নেই, কংগ্রেসই যে সর্বেসর্বা দেখিয়ে দেবো। খুব গলাবাজী করেছিলেন এবং ধপ ধপ করে ঘাড় নেড়েছিলেন আমাদের মুখ্যমন্ত্রী। কিন্তু কার্যকালে দেখা গেল সে সাহস নেই, ডিসক্রিসন ইজ দি বেটার পার্ট অফ ভেলার। অতুল্য ঘোষের বক্তৃতার আওয়াজ বোধ হয় এখনও মিলায়নি কিন্তু সরকার ঘোষণা করে দিয়েছেন যে এই বন্দীদের আমরা ছাড়বো না। যদিও তাদের অপরাধ আমরা প্রমাণ করতে পারবো না তা সত্ত্বেও প্রধান প্রধান কর্মীকে ধরে বন্ধ করে রেখে দিয়ে তারপরে নির্বাচনে নামবো, নেমে জিতবো এবং জিতে বলবো, দেখ আমাদের কি প্রচন্ড গণসমর্থন আর কমিউনিস্টদের উপরে কি প্রচন্ড গণচাপ যা বলেছেন মুখ্যমন্ত্রী সেদিন। গণচাপ যদি পুলিসের হাজত আর বেআইনী আইনের শৃঙ্খল, এই যদি গণচাপের নমুনা হয় এবং কংগ্রেসের যদি আজকে এই পরিস্থিতিতেও সাহস না হয় বিরোধীপক্ষকে সম্পূর্ণ সুযোগ দিয়ে সমানে সমানে লড়বার তাহলে গণতন্ত্র কাদের পক্ষে আতংক, গণতন্ত্রের ভীতি কাদের পক্ষে তা বোঝা মোটেই কঠিন নয়। শুধু কি তাঁরা বন্দী করে রেখেছেন? নির্বাচনের ঘোষণা হবার পরে নূতন নূতন গ্রেপ্তার করে চলেছেন ঐ ২৪-পরগনা জেলায় উপনির্বাচন হবে। সেই জেলার একাংশের আমাদের নির্বাচিত এম এল এ শ্রী[illegible] রায় চৌধুরীকে অ্যাসেমব্লীর দরজায় সেদিন গ্রেপ্তার করে নিয়েছেন। তারপরে [illegible] পৌর সভার সদস্য গোপী সাহা, সেও ঐ ২৪-পরগনা জেলার একজন প্রধান কর্মী তাঁকে গ্রেপ্তার করে বন্ধ করলেন। তারপরে বর্ধমান জেলায় আমরা বর্ধমান জেলার সেক্রেটারীকে ডেকেছিলাম যে বীরভূমে তার পাশের যে নির্বাচন সেখানে তাঁরা কর্মী দিতে পারেন কিনা দেখলাম আমরা গিয়ে পৌঁছাবার আগে পুলিস গিয়ে বর্ধমান সেক্রেটারী এবং প্রধান প্রধান কর্মীদের গ্রেপ্তার করে নিয়ে এলেন। কাজেই নির্বাচন কিভাবে হচ্ছে কি জালিয়াতী, কি [illegible], কি অত্যাচার এবং কি ধাপ্পাবাজীর মধ্যে হচ্ছে তা আমাদের ভাল করে বোঝা দরকার নির্বাচনে [illegible] সম্ভব করবার আগে। এখন আমাদের ভয় হচ্ছে যে যাঁরা আমাদের নির্বাচনে দাঁড়িয়েছেন সেই প্রার্থীরা যদি নির্বাচিত হন আমি আশা করি হবেন এই আস্থা হওয়া সত্ত্বেও এখন যেমন সদস্য নির্বাচিত হয়েছেন এই অপরাধে তাঁরা তাঁদেরকে বিনা বিচারে গ্রেপ্তার করে রেখে দেবেন। এমনই নির্বাচনের ব্যবস্থা, এমনই গ্রেপ্তারের ব্যবস্থা। এম এল এ নির্বাচিত হওয়াও ও'দের কাছে অপরাধ বলে বিবেচিত হবে এবং সেই অপরাধে তাঁদের গ্রেপ্তার [illegible] প্রমাণ করবার কোন প্রয়োজন নেই। তারপর দেখুন, নির্বাচনের দ্বিতীয় প্রয়োজন মিটিং [illegible] স্বাচ্ছন্দ্যে করা। মাননীয় মুখ্যমন্ত্রী—সেদিন আমি ছিলাম না খুব গলাবাজী করেছেন যে মিটিংএর পারমিসন আমি দিলাম। কি দয়া করলেন! মিটিং করবো আমরা উনি [illegible] পারমিসন দিয়েছেন তারই জন্য গলাবাজী যেন মিটিং করার আমাদের মৌলিক অধিকার নেই। কিন্তু তাও যদি তিনি বলতে পারতেন নির্বাচন হচ্ছে উপনির্বাচন হচ্ছে এখন [illegible] অবস্থা খানিকটা শিথিল হয়েছে সুতরাং আমরা সব জায়গায় স্বাচ্ছন্দ্যে মিটিং করতে দেবো কিন্তু তাও দেন না। এই নির্বাচন হবে ঘোষণা হবার পরে ঐ ২৪ পরগনায় সোনারপুরে আমরা মিটিং করতে চেয়েছিলাম, সেই মিটিং ৩রা মার্চ পুলিস ১৪৪ ধারা জারী করে বন্ধ করে দিলেন। মুদিয়ালী, ওয়েস্ট আলিপুর, গার্ডেনরীচ, ১লা মার্চ আমরা মিটিং ডেকেছিলাম, পুলিস গিয়ে ১৪৪ ধারা করে বন্ধ করে দিল। কাজেই এই যে সোনারপুরে মিটিং হচ্ছিল, তখন কোন কারণ ছিল না, সেই মিটিংএ হাজার হাজার লোক আসছিল, অবশ্য সেই মিটিংএর লোকসংখ্যা সম্বন্ধে আমাদের মুখ্যমন্ত্রীর অন্যরকম ধারণা কারণ তিনি চোখের সামনে শুধু শ্রীসঞ্জীবায়ার মিটিংই দেখেছেন, কাজেই মিটিংএ ৩০০।৬০০।৯০০র বেশী লোক হয় সম্প্রতিকালে তা তাঁরা ধারণা করতে পারেন না, তা আমরা ময়দানে যে মিটিং করেছিলাম তাতে কংগ্রেস যে মিটিং করেছিল কয়েকদিন আগে তার তুলনায় অন্ততঃ ৩।৪ গুণ বেশী লোক হয়েছিল এই ব্যবস্থা সত্ত্বেও,

[হট্টগোল]

সেইখানে সোনারপুরে লোক জমা হয়েছিল. লোক জমা হচ্ছিল. দলে দলে আসছি.., সেই অবস্থায় শেষ মুহূর্তে গিয়ে তাঁরা মিটিং বন্ধ করে দেলেন। এইভাবে নির্বাচন চালিয়ে যদি তাঁরা জেতেনও. খুব সম্ভব তাঁরা জিতবেন না কিন্তু যদি তাঁরা জেতেনও--সেই জেতার কৃতিত্ব নিয়ে তাঁরা নিজেরাই বড়াই করতে পারবেন। মানুষে তার কোন দাম দেবে না। কিন্তু আমার কাছে যেটা খুব আশ্চর্য লাগলো প্রফুল্ল সেন মহাশয় যা বলেছেন পাঁচুবাবুর বক্তৃতা উল্লেখ করে. তিনি বলেছিলেন যে. কমিউনিস্ট অফিসের উপর হামলা গণচাপের ফলেই ঘটিয়াছে কংগ্রেস বা সরকার তার জন্য দায়ী নয়। খবরের কাগজে দেখলাম আমি। আচ্ছা. যদি তাঁর কথাটাই সত্য বলে ধরে নিই আমি অর্থাৎ সেই অফিস আক্রমণের ব্যাপারে কংগ্রেসী গুণ্ডারা ছিল না. অন্য গুণ্ডারা ছিল ধরলাম।

[4-25—4-35 p.m.]

কিন্তু যদি কোথাও কংগ্রেসী গুণ্ডা ছাড়া অন্য গুণ্ডা শান্তিপূর্ণ নাগরিক এবং তাদের অফিসকে আক্রমণ করে তাহলে কি মুখ্যমন্ত্রীর এই বক্তব্য হবে? আক্রমণ ছাড়া আমরা কিছু করব না। মুখ্যমন্ত্রী হিসেবে নয়. একজন কংগ্রেসী নেতা হিসাবে যদি বলতেন তাহলে আমি কিছু বলতাম না। কিন্তু মুখ্যমন্ত্রী হিসাবে তাঁর দায়িত্বটা কি? তাঁর দায়িত্ব. আমি [illegible] অবস্থান [illegible] আমার শান্তিপূর্ণভাবে অবস্থান করবার অধিকারকে তাঁকে রক্ষা করতে হবে. সেটা দান নয় দয়া নয় দাক্ষিণ্য নয় সেটা তাঁর কর্তব্য এবং দায়িত্ব। তিনি [illegible] এই বক্তৃতা দিলেন এই [illegible] নিন্দা না করে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে মুখ্যমন্ত্রীর উচ্চাসন থেকে তাকে সমর্থন করলেন. হাসলেন. ঠাট্টা করলেন. গালাগালি করলেন এবং তারপরেও মুখ্যমন্ত্রী থাকলেন এটা ভাবতে আমার খুব অসুবিধা হচ্ছে। গণচাপের নমুনা আমরা দেখেছি-- [illegible] কথা বলার সময় নাই [illegible] মিউনিসিপ্যালিটির কমিশনার গোবিন্দ [illegible] তাঁর বাড়ীতে [illegible] কংগ্রেসী গুণ্ডা এবং পরাজিত কমিশনার গিয়ে [illegible] করলেন [illegible] মানে কি? তাঁর বাধ্য মারে অশ্লীল উক্তি করলেন। তিনি পুলিসকে জানালেন, এইরকম অন্যায় হচ্ছে, তার ফল কি কি? গণচাপ। পুলিস গিয়ে কমিশনার গোবিন্দ [illegible] গ্রেপ্তার করে নিয়ে এল, এবং তারপরেই [illegible] গেলেন কমিশনার গোবিন্দ [illegible] সুতরাং মিউনিসিপ্যালিটি আমি [illegible] সুন্দর গণচাপের [illegible] আমি [illegible] তিনি [illegible] মুখ্যমন্ত্রী হয়ে আইন ও শৃঙ্খলা রক্ষা করা [illegible] কোন অপরাধ [illegible] তাঁদের প্রমাণ না করে. বেআইনীভাবে এইসমস্ত মানুষকে বন্ধ করে [illegible] উপর অত্যাচার করবেন। এই নীতি. তাঁরা বলবেন. চীনা [illegible] এসেছে! [illegible] তাঁরা পার্লামেন্টে প্রশ্নোত্তরে জানা গিয়েছে চীনে তাঁরা [illegible] [illegible] সুযোগ নিয়ে একটা [illegible] আইন [illegible] ক্ষমতা পায় [illegible] করছেন। এখন সে তার প্রতিহিংসাবৃত্তি চরিতার্থ করার জন্য যা করে এই [illegible] করছেন। কি করেন তাঁরা? ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস-এ ১২ অনেক [illegible] লোককে [illegible] বিনা বিচারে আটক করেছেন. ডাঃ নারায়ণ রায় কিছু কিছু উদাহরণ দিয়েছেন আমি শুধু কয়েকটা নাম বলতে চাই যাদের সি ক্লাসএ রাখা হয়েছে. নিরঞ্জন মুখার্জি. কমিশনার, বেহালা মিউনিসিপ্যালিটি, [illegible] একটা সিনেমার মালিক. মহম্মদ সাহাবুদ্দিন মণ্ডল. ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট এবং [illegible] প্রতিদ্বন্দ্বী, ননী কর. হায়ার সেকেন্ডারী টিচার নিতাই মণ্ডল. কমিশনার [illegible] মিউনিসিপ্যালিটি, শিবদাস ভট্টাচার্য. প্রেসিডেন্ট [illegible] ইউনিয়ন বোর্ড [illegible] কমিশনার কাঁচড়াপাড়া মিউনিসিপ্যালিটি. [illegible] চক্রবর্তী [illegible] চক্রবর্তী [illegible] প্রভৃতি বহু প্রাচীন [illegible] অপমান [illegible] রেখেছেন। তাঁদের কি খেতে দেওয়া হয়? খেতে দেওয়া হয় সকালবেলা একটা রুটি. কিছু ভেলি গুড়. দুপুরে ভাত. খেসারী ডাল ঘাঁট চচ্চড়ি [illegible] ভাত বা ৩ খানা রুটি আর রিপিট দি [illegible] ঘাঁট. চচ্চড়ি ডাল অথচ খবরের কাগজে

বিজ্ঞাপিত দেওয়া হয় ফলাও করে যে মাছ, মাংস দেওয়া হয়। এমারজেন্সি পাওয়ার হাতে নিয়ে এইসমস্ত প্রতিষ্ঠাবান লোককে যাদের কোন অপরাধ প্রমাণ করতে পারেননি আটকে রেখেছেন। তাঁদের কোন কাপড় চোপড় দেওয়া হয় না, আগে একখানা গামছা দেওয়া হত, আর দু ফোঁটা নারকেল তেল। কারা মন্ত্রী পুরবী মুখার্জি দেখতে গেলেন একদিন, তারপরেই ওগুলো বন্ধ করে দেওয়া হল। ইন্টারভিউ মাসে দুবার ছিল, কারামন্ত্রী বললেন, এত বেশি ইন্টারভিউর কি দরকার, একটা করে দাও। তারপর চিকিৎসা, আমাদের এখানকার এম এল এ নারায়ণ চৌবে, তার হাতের আঙ্গুল অসাড় হয়ে আসছে, নিউরোলজিস্ট দেখাবার কোন ব্যবস্থা করা হয়নি। শ্রীমতী ইলা মিত্র, অপোজিশনএর একমাত্র মহিলা সদস্য, তাঁর ওজন ১৪ পাউন্ড কমে গিয়েছে, তিনি দাঁতের যন্ত্রণায় ভুগছিলেন, বাইরে এলে তাঁকে চিকিৎসার কোন সুযোগ দেওয়া হল না, ফলে জেলের মধ্যে দাঁত ফুলে গিয়ে সেপটিক হয়ে গেল এখন তাঁর অবস্থা সঙ্গীণ। তবু আপনারা তাঁকে মুক্তি দেবার কথা চিন্তা করতে পারেন না। কারামন্ত্রীর কীর্তিকাহিনী ইতিহাসে লেখা থাকবে না, মানুষ ভুলে যাবে তাঁকে। কিন্তু ইলা মিত্র একদিন পূর্ববঙ্গের মানুষের সঙ্গে দাঁড়িয়েছিলেন, পূর্ববঙ্গের হিংস্র শাসকবর্গও যাঁর নারীত্বকে পর্যন্ত আক্রমণ করে দমাতে পারেনি, তিনি সেদিন সমস্ত আঘাত বুক পেতে নিয়েছেন নারীত্বের সম্মান রক্ষা করবার জন্য। এই ইলা মিত্রের কথা ভবিষ্যতে লেখা হবে, কিন্তু শ্রীমতী পুরবী মুখার্জিকে মানুষ মনে রাখবে না। তারপর, দরবারী মণ্ডল, তাকে বিনা বিচারে আটক করে রেখেছেন, আমরা এখানে মোশন এনেছিলাম তাঁর বিষয় বিবেচনা করবার জন্য। কিন্তু কারামন্ত্রী এখানে রিপোর্ট দিলেন তাঁর ওজন ২ পাউন্ড বেড়েছে—এই কথা বলে তিনি পরিহাসের হাসি হাসলেন, তারপর "অশ্বত্থামা হতঃ ইতিগজঃ" করে বললেন তাঁর মাথা খারাপ হয়ে গিয়েছে। ভাবুন, একটা মানুষকে অন্যায়ভাবে বন্দী করে রেখেছেন, প্রমাণ করতে পারেননি তাঁর অপরাধ তিলে তিলে তাকে পাগল করে দিয়েছেন, তারপর তাঁর এই অবস্থা নিয়ে পরিহাস করছেন। আমার ধারণা ছিল আমাদের কারামন্ত্রী একজন নারী। নারীজাতির মনে মায়া মমতা থাকে আমার ধারণা ছিল, কিন্তু কারামন্ত্রী শ্রীমতী পুরবী মুখার্জিকে দেখার পর আমার মনে হল নারীজাতির মধ্যে মায়া মমতা থাকে সত্য, কিন্তু এই নারীজাতির মধ্যেই পুতনা রাক্ষসী ছিল। আমি শুধু বলব কংগ্রেস বেঞ্চকে মুখ্যমন্ত্রীকে, এই সভায় সকলকে আপনার আইনের সুযোগ নিয়ে আপনাদের প্রতিহিংসা চরিতার্থ করার জন্য মানুষকে বন্দী করে রাখছেন, কিন্তু যে সবল, যার শক্তি আছে সে যে শত্রু পড়ে গিয়েছে তাকে কখনো আঘাত করে না, যে দুর্বল, যে হীনচিত্ত, মনুষ্যত্বের শেষ চিহ্ন যার মনের ভিতর থেকে মুছে গিয়েছে সেই পড়ে-যাওয়া শত্রুকে আঘাত করে। এই যে কারানীতি, যে নীতি শুধু দুর্নীতিই না, যে নীতি হচ্ছে মনুষ্যত্ববোধবিবর্জিত, যা জঙ্গলে-নীতি সেই নীতির প্রতিবাদে, সভাপাল মহাশয়, আমাদের দল সভাকক্ষ পরিত্যাগ করছে।

[At this stage honourable members on the Communist Benches walked out of the Chamber]

On a point of personal explanation

Shri Bijoy Singh Nahar:

মাননীয় সদস্য শ্রীভক্তিভূষণ মণ্ডল এবং অপূর্বলাল মজুমদার আমার সম্বন্ধে অনেক কথা বলেছেন। তিনি বলেছেন যে পরেশনাথের প্রোসেসানের নাম করে চাল নেওয়া হয়েছে এবং অন্যান্য জামাতার নাম করেছেন। আমি তাঁকে আপনার মাধ্যমে জানাতে চাই যে পরেশনাথের প্রোসেসানের সময় কোনদিনই কোন চাল নেওয়া হয় না, কেন না চাল খাওয়ানোর কোন ব্যাপার পরেশনাথের প্রোসেসানের সময় হয় না। এর সঙ্গে সঙ্গে এটা বলতে পারি যে আমার দুজন জামাতা আছেন তাঁদের সঙ্গে এই প্রোসেসানের কোন সম্বন্ধ নেই। এ বিষয়ে যদি কাহারও সম্বন্ধ থাকে, তা হলে আমার রয়েছে। আমি জৈন মন্দিরের ট্রাস্টি এবং পরেশনাথের রথের প্রোসেসানের ম্যানেজমেন্ট-এ কিছুদিন ধরে আছি। আমি অন্যের সঙ্গে যুক্ত হয়ে এসব করে থাকি। চাল কোনদিনই প্রোসেশানের সময় নেওয়া হয় না। তিনি যদি আমাকে দেখাতে পারেন চালের চোরাকারবার হয়েছে, তা হলে আমি শাস্তি নিতে রাজী আছি, তিনি যদি রাজী থাকেন সেটা প্রমাণ করবার। আর একটা কথা বলেছেন, আমি নাকি অনেকগুলো ফলস সার্টিফিকেট দিয়েছি দুধের চোরাকারবারের ব্যাপারে। আমি বলতে পারি এটা সম্পূর্ণ অসত্য। তিনি একথা

কার কাছ থেকে শুনেছেন জানি না। তিনি যে একজন ক্রিমিন্যাল লইয়ার এবং এইরকম কেস তাঁর সাজান হয়তো অভ্যেস আছে সেটা তাঁর বক্তব্যের দ্বারা প্রমাণিত হয়। (শ্রীঅপূর্বলাল মজুমদার আপনি রিপোর্টটা প্লেস করুন।) রিপোর্ট প্লেস হোক না হোক আমি বলছি যে এসব সম্পূর্ণ অসত্য কথা। আমার সৎসাহস আছে এবং আমি কোন ফলস সার্টিফিকেট দিইনি। (শ্রীঅপূর্বলাল মজুমদার--রিপোর্টটা প্লেস করুন, তা হলে সব বোঝা যাবে) রিপোর্ট প্লেস করা চিফ মিনিস্টার-এর ব্যাপার, আমার নয়।

Mr. Speaker:
আপনি যখন বলেছেন তখন তার জবাব পাবেন। পান যা বলেছেন উনি তার এক্সপ্লানেসন দিচ্ছেন।

Shri Apurba Lal Majumdar:
রিপোর্টটা প্লেস করুন না কেন? আমি চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করছি। অভিযুক্ত নিয়োগীকে সাক্ষী মানা হোক এবং এটা প্রিভিলেজ কমিটিতে দেওয়া হোক।

Mr. Speaker:
উনি রিপোর্ট প্লেস করবেন কিনা জানি না, তবে জবাব দেবার ওর অধিকার আছে।

The Hon'ble Bijoy Singh Nahar:
উনি নিশ্চয় রিপোর্ট দেখেন নি। তাঁর সব শোনা কথা। তিনি অন্যের কাছ থেকে শুনে যদি এখানে বলেন, তা হলে আমারও বলবার অধিকার আছে যে আপনি জিনিসটা বের করে আমাকে চ্যালেঞ্জ করবেন। আর একটা কথা, তিনি বলেছেন যে লোকমত কাগজে নাকি বেরিয়েছে আমার একটা চিঠি। সেটা আমারই লেখা এবং এটা লিখতে কোন আপত্তি নেই এবং আমি কোন অন্যায় করি নি। আমি এটা বলতে পারি যে শ্রমমন্ত্রী হিসাবে আমার কাছে যদি দরখাস্ত আসে এবং সেই দরখাস্তে যদি কাউকে এক বছরের বেশী সাসপেন্ড করা হয়, তা হলে আমার দৃষ্টি আকর্ষণ করবার নিশ্চয় অধিকার আছে। [নয়েজ] বহু মাননীয় সদস্য আমার কাছে গিয়ে অন্যায়ের দৃষ্টি আকর্ষণ করেন তখন আমি মালিকদের ডেকে সব পড়ে একটা কিছু ঠিক করি। এখন এটা হেলথ ডিপার্টমেন্ট-এর ব্যাপার। সেসময় যিনি মন্ত্রী ছিলেন ডঃ ধর তাঁর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। এটা তাঁর হাতের লেখা, এখানে আমার সই লেখা রয়েছে। এটা আমি জানতাম যে তাঁকে অনেকদিন যদিও সাসপেনসন রাখা হয়েছিল তবুও তাঁর সম্বন্ধে রেকমেন্ড করা হয়েছিল যে একে অল্প পানিসমেন্ট দিয়ে ছেড়ে দেওয়া হোক এবং তাঁকে রি ইনস্টেট করা হোক। এটা আমার হাতে লিখা এবং আমি এইরকম চিঠি বরাবরই লিখি, আবার লিখব। সুতরাং আমি কোন অন্যায় করি নি। [নয়েজ]

Shri Apurba Lal Majumdar:
উনি বললেন যে আমি কোন অন্যায় করি নি। আমি বলছি যে এই কেসটা কি পুলিসে রেফার করা হয়েছিল?

[4-35—4-45 p.m.]

The Hon'ble Purabi Mukhopadhyay:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে উত্তর দেবার প্রসঙ্গে বাংলাদেশের যেসমস্ত কমিউনিস্টদের জেলে রাখা হয়েছে, বন্দী করা হয়েছে সে সম্পর্কে......... [বিরোধী পক্ষ হইতে, তারা তো কেউ এখানে নেই, [নয়েজ অ্যান্ড ইন্টারাপসান] মিনিস্টার্সদের রাইট অফ রিপ্লাই কি অস্বীকার করবেন? [নয়েজ]

Mr. Speaker:
মিঃ ভট্টাচার্জি, আপনার এই হাউসের এক্সপিরিয়েন্স-এ এটা কি বলে যে উনি যে স্টেটমেন্ট করে গেছেন, দ্যাট ইজ অনলি মেন্ট ফর হার এবং তা হলে দি রিপ্লাই ইজ অনলি মেন্ট ফর হার, তা যদি হতো, তা হলে আপনারা সকলে যে স্টেটমেন্ট করেন তা হাউসে না বলে বাইরে বলতে পারতেন। সুতরাং

Once a statement is made on the floor of the House the reply should be given on the floor of the House.

[Noise and interruption]

Dr. Kanai Lal Bhattacharyya:
উনি যদি সত্যই শোনাতে চান, তা হলে কালকে যখন ও'রা আসবেন তখন বললেই ভাল হবে।

Mr. Speaker:
উনি ও'দের শোনাতে চান না, উনি আমাদের সকলকেই শোনাতে চান। আপনারা না শুনতে পারেন, উনি আর সকলকে শোনাতে চান।

The Hon'ble Purabi Mukhopadhyay:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন এই সংক্রান্ত ব্যয়বরাদ্দ আলোচনা-কালে জেল দপ্তর এবং বন্দীদের সম্বন্ধে বলা হয়েছে, তার উত্তর আমি দেবো। আমি জানি যাঁরা এ প্রশ্ন তুলেছিলেন তাঁরা হাউসে নেই। হাউসে যখন যা বলা হয় সে সব ব্যক্তিগত কথা নয়, সর্বসমক্ষে বলা হয়েছে, এবং কারা দপ্তরের মন্ত্রী হিসাবে এর উত্তর দেওয়া আমি প্রয়োজন বলে মনে করি। এখানে যে নীতিতে আজকে কারা দপ্তর এসব বন্দীদের প্রতি যেসব ব্যবস্থা করেছেন, শুধু সেসব নীতিগত প্রশ্ন আমি বলবো, পলিসী স্টেইটমেন্ট-এর যেসব ব্যক্তিগত ইঙ্গিত আছে তার উত্তর দেওয়া লজ্জাজনক বলে আমি মনে করি। অতএব উত্তরও দোব না। পলিটিক্যাল প্রিজনার্স বলা হয়েছে কমিউনিস্ট পার্টি থেকে যেসমস্ত কমিউনিস্টরা জেলখানায় রয়েছে তাঁদের রাজবন্দী হিসাবে স্বীকার করা আমাদের কোন প্রকার ইচ্ছা নেই, ভবিষ্যতে করবও না, যে অভিযোগে তাদের জেলে আনা হয়েছে সে অভিযোগ হচ্ছে একমাত্র দেশদ্রোহীতার অভিযোগ। এর সঙ্গে রাজনৈতিক অপরাধের কোন সম্পর্ক নেই। আমি শ্রীসোমনাথ লাহিড়ী এবং ডাঃ নারায়ণ রায় যে কথা বলেছেন এবং তার পূর্বে শ্রীহরিদাস চক্রবর্তী, তাঁরা একটি চুক্তির কথা বলেছিলেন। আপনাদের স্মরণ আছে ১৯৪৮ সালে মাননীয় মুখ্যমন্ত্রী ছিলেন ডাঃ বিধানচন্দ্র রায়, তখন এই সমস্ত কমিউনিস্টদের আন্দোলনের সময় তিনি একটি প্রতিশ্রুতি দিয়েছিলেন, যদি কোন লোক তিনি যে পার্টিতেই আসুন না কেন, যদি কোন রাজনৈতিক, গণতান্ত্রিক, কিম্বা গণ আন্দোলনের ফলে, সে কৃষক আন্দোলন হোক, কিম্বা যে-কোন গণ আন্দোলন হোক, তার ফলে যদি কাউকে ধরা হয়, তাঁকে প্রথম শ্রেণী দেওয়া হবে। কিন্তু আজ যাঁরা ধরা পড়েছেন তাদের সঙ্গে এই চুক্তি যা আমরা জেল কোডে, যাকে অনুপ্রবিষ্ট করিয়েছিলাম সে চুক্তির কোন প্রশ্ন উঠতে পারে না, আজকে যখন দেশ যুদ্ধের সম্মুখীন, শত্রুপক্ষের সঙ্গে আনুগত্য যাঁরা দেখাচ্ছেন, তাঁদের সঙ্গে কোনমাত্র সহানুভূতি সক্রিয়ভাবে দেখানোর চেষ্টা করেছেন যা এই হাউসেও স্বীকৃত, যা আজকে বিরোধী দলের সদস্য যাঁরা রয়েছেন তাঁরাও তাঁদের বক্তৃতায় বিভিন্নবার বলেছেন। দেশ-দ্রোহীতার অপরাধে যাদের ধরা হয়েছে, তাঁদের প্রথম শ্রেণীর বন্দী বলে আমরা কখনই গ্রহণ করবো না। এই নীতিতে কারা দপ্তর চলেছে এবং ভবিষ্যতে এই হাই ট্রেসন, এই অপরাধে যাদের ধরা হবে তাদের পক্ষে সকলকেই আমাদের প্রথম শ্রেণী দেওয়া সম্ভব হবে না, এই কথা আমি জোরের সঙ্গে স্পষ্টভাবে বলে দিতে চাই। অন্যান্য বারের সঙ্গে এবারের কোন তুলনা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার জেলখানায় যাবার পর কিছু কিছু জিনিস দেওয়া কমেছে বলে ও'রা বলেছেন। কিন্তু যেসমস্ত স্কেল আমরা বেঁধে দিয়েছি তার সঙ্গে কারামন্ত্রী গিয়ে স্কেল বাড়াবেন কি কমাবেন এ প্রশ্ন উঠে না। সেই স্কেল অনুযায়ীই তাদের দেওয়া হচ্ছে এবং যতদিন তারা জেলখানায় থাকবে তা তারা দেবেন। খাবার সম্বন্ধে বলা হয়েছে যে ঐ খাবার খেয়ে নাকি ওয়েট কমেছে। আমার কাছে ফাইল আছে--আমি আর পড়ে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার ধৈর্যচ্যুতি ঘটাতে চাই না। তবে এ কথা বলতে পারি যে শতকরা ৭০ ভাগ লোকের আমরা দেখতে পাই যে এই জেলে আসার পর তাদের ওয়েট বেড়েছে - কমে নি। আমি একটি প্রশ্ন এই হাউসের সামনে রাখতে চাই যে জেলখানায় এসেছে এই সুবাদে আমরা এই ডিভিসন টু প্রিজনারকে এমন কোন খাবারের স্কেল দিতে পারবো না যা সাধারণ মধ্যবিত্ত খেতে না পায় এবং সেই খাবারই তাদের জেলের ভেতর দেওয়া হচ্ছে, যা মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত পরিবার জেলের বাইরে খান। সেই খাবার খেয়ে যদি জেলখানার বাইরে তাদের ওয়েট না কমে, জেলখানায় এসে ওয়েট কমেছে অতএব খাবারের স্কেল বাড়াও—তা হলে ডাক্তারের পরীক্ষা অনুযায়ী যদি দেখা যায় তাদের রোগের জন্য স্বাস্থ্য সংক্রান্ত ব্যাপারে খাবার বাড়াবার প্রয়োজন আছে, তবেই শুধু বাড়ানো হবে, তার আগে নয় এবং এ প্রসঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যুগান্তরের এডিটোরিয়ালের কথা বলা হয়েছে--এমন একটি ইঙ্গিত করা হয়েছে যেন কোন পত্রিকাকে ডেকে ডিভিসন ওয়ান কি খাবার খায় সেটা ফলাও করে জেলমন্ত্রী কিংবা তার দপ্তর বিজ্ঞাপন দেবার জন্য বলেছে। এটা

সম্পূর্ণ অসত্য। তবে একথা ঠিক যে ডিভিসন ওয়ান যে খাবার পান, তাদের সম্বন্ধে চপ-কাটলেট বলে যে কথা আছে তার উত্তরে বলি যে আমাদের এখানে মাথাপিছু যে মাংস দেওয়া হয় ডিভিসন ওয়ান নিজের কিচেন চালিয়ে কেউ কেউ চপ-কাটলেট করে নিজের রসনা পরিতৃপ্ত করতে চাইলে সে সুযোগ সম্পূর্ণ আছে ডিভিসন ওয়ানের জন্য। অতএব যুগান্তরের এডিটোরিয়ালের একটা কলম তুলে তার সংগে আমাদের ডিভিসন টুয়ের সাথে কম্পেয়ার করে যে কথা বলা হয়েছে এটা বিকৃতভাবে বলা হয়েছে। এটা আমি বলতে চাই—আমার শেষ কথা যে যারা দেশদ্রোহীতার অপরাধে ধরা পড়েছে তাদের জন্য [illegible] হয়ে ক্লাসিফিকেশন দিতে পারবো না।

The Hon'ble Abha Maiti:

মাননীয় স্পীকার মহাশয়, আমি যখন এই হাউসে ছিলাম না তখন প্রজাসমাজতন্ত্রী দলের সদস্য শ্রীসুধীরচন্দ্র দাস কয়েকটি কথা বলেছেন, তার মধ্যে একটি কথা বলেছিলেন যে আমাদের প্রতিরক্ষার খাতে চাঁদা তোলার ব্যাপারে রসিদ ইত্যাদির কথা এবং আমি সবটা শুনি নি - অন্যদের মুখে আমি শুনেছি যে আমি এবং আমার সহকর্মী শ্রী[illegible]কান্তি ঘোষ যখন কাঁথিতে আমরা মিটিং করেছিলাম এবং সেখানে জনসাধারণ যখন দলে দলে অর্থ এবং স্বর্ণ দিয়েছিলেন, তার রসিদ তাঁরা পান নি একথা তাঁরা বলেছিলেন আমি তাঁর কাছে জানাচ্ছি [illegible] নিশ্চয়ই [illegible] জানেন না যে যখন [illegible] বহু লোক একসংগে এসে অর্থ [illegible] অনেকের [illegible] লেখা যায় না অনেকের হয়তো ঠিকানা লেখা যায় না সেই জন্য [illegible] সেটা হচ্ছে এই যে [illegible] নাম ঠিকানা সকলের লিখে নেওয়া সম্ভব হয়, তা হলে আমরা [illegible] ব্যক্তিগত রসিদ পাঠিয়ে দিই আর যদি দেখা যায় তা সম্ভব হয় নি, অথচ টাকা এবং স্বর্ণ দিয়ে গেছেন, তা হলে [illegible] মিউনিসিপ্যালিটির যিনি চেয়ারম্যান [illegible] স্বর্ণ [illegible] তার কাছে আমরা সমস্ত [illegible] কাঁথির কথা [illegible] বলে থাকেন, তা হলে আমি বলতে [illegible] কাঁথি মিউনিসিপ্যালিটির [illegible] চেয়ারম্যান [illegible] মহাশয়ের সংগে তিনি [illegible] শহরে [illegible] অর্থ এবং স্বর্ণ পাওয়া গিয়েছিল সমস্ত রসিদ [illegible] কাছে দিয়ে [illegible] ঠিক এই রকমই যখন কোন ইউনিয়ন [illegible] এলাকায় যাওয়া [illegible] লেখা সম্ভব না হয়, তা হলে সেখানে ইউনিয়ন প্রেসিডেন্ট কিংবা [illegible] এম এল এ [illegible] এদের রসিদ পাঠিয়ে দিই। এটা আমি তাঁকে পরিষ্কার করার [illegible] বলে দিলাম।

[1-45—4-55 p.m.]

ঠিক তেমনি যখন কোন ইউনিয়ন বোর্ডে বা গ্রামে যাওয়া হয়, তখন [illegible] লেখা তাড়াতাড়ি যদি সম্ভব না-ও হয়, তবুও মোট অর্থ ও সোনা যা পাওয়া যায়, তা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট, এম এল এ - আমি এগ্রার কথা বলতে পারি, সেখানকার এম এল এ-র কাছে রসিদ আমি পাঠিয়ে দিয়েছিলাম। আর যেসব জায়গায় রসিদ দেরীতে পাওয়া যায় সেইসব জায়গায় পরে পাঠিয়ে দেওয়া হয়। আমি সব পরিষ্কার করবার জন্য তাঁকে বলেছিলাম। আমি যখন পুনর্বাসন মন্ত্রী, তখন কাঁথির লবণ হ্রদ এলাকা যেসব রয়েছে, সেইসব জায়গায় যাব, কেন [illegible] বলেছেন। আমি তাঁকে বলতে চাচ্ছি- আমি সেখানে নিশ্চয়ই যাব। শুধু কাঁথি মহকুমায় নয়, মেদিনীপুরে যখন বাংলাদেশের মধ্যে, তখন সেখানে উন্নয়নকার্যের জন্য জনসাধারণের কাছে নিশ্চয়ই যাব। কাঁথিতে লবণ হ্রদ এলাকায় একবার নয় অনেকবার যাব। আমি জানি কাঁথি লবণ হ্রদ এলাকা যে রয়েছে, তা পুনরুদ্ধার করতে পারলে উৎপাদন বাড়বে, কাঁথিবাসীরও উপকার হবে, মেদিনীপুরেরও উপকার হবে, সমগ্র বাংলাদেশেরও উপকার হবে। আমি আর বেশী কিছু বলতে চাই না। জয়েন্ট রেসপন্সিবিলিটি হিসেবে যেখানে যাওয়ার প্রয়োজন হবে, সেখানে আমি নিশ্চয়ই যাব।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বড়ই দুঃখের বিষয় আমাদের কমিউনিস্ট বন্ধুরা রাগ করে এখান থেকে চলে গেছে এবং ডাঃ কানাই ভট্টাচার্য মহাশয় বলছিলেন তাঁরা যখন নেই, তখন তাঁরা যেসমস্ত কথা বলে গেছেন, তার উত্তর দেওয়ারও প্রয়োজন নাই। কিন্তু আমি তা মনে করি না। কেন না এখানে যা আলোচনা হবে, তা কোন-একটা বিশেষ দলের জন্য নয়, গ্রুপের জন্য নয়, সমস্ত হাউসের জন্যই তা আলোচনা হবে। ওপক্ষের যদি দশজন কি কুড়িজন শুনতে না চান, অন্য সকল

পক্ষের যাঁরা আছেন, তাঁরা শুনতে চান, কাজে কাজেই জবাব যতটা দেওয়া সম্ভব, তা দেওয়া উচিত।

শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় বললেন যে, এই উপ-নির্বাচনের সময় আমরা সাতশো লোককে ধরে রেখেছি বিনা বিচারে। সত্যি কথা হচ্ছে এই—আমরা বিনা বিচারে ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস অনুসারে ১২৯ জনকে ধরেছি, আর বাকি ৫৮০ জনকে স্পেসিফিক কেসে ধরা হয়েছে এবং তাদের বিচার হচ্ছে, এই ৫৮০ জনের মধ্যে কিছু কিছু লোক ম্যাজিস্ট্রেটের আদেশে জামীনে মুক্তি পেয়েছেন। যেমন আমাদের এখানকার মাননীয় সদস্য মনোরঞ্জন হাজরা মহাশয়। আপনি দেখেছেন সেদিন একটা স্পেসিফিক চার্জে তাঁকে গ্রেপ্তার করা হয়েছিল, তারপর ম্যাজিস্ট্রেট তাঁকে জামীন দিয়েছেন। তিনি আমাদের এখানে যোগ দিয়েছিলেন। কিন্তু আমরা মাত্র বিনা বিচারে ধরেছি ১২৯ জন লোককে। এই ১২৯ জন লোকের মধ্যে ৪২ জনকে আমরা ডিভিসন ওয়ান আন্ডার ট্রায়াল প্রিজনার্স রূপে গণ্য করেছি। আর ৮৭ জন লোককে ডিভিসন টু আন্ডার ট্রায়াল প্রিজনার্স রূপে গণ্য করেছি। আন্ডার ট্রায়াল প্রিজনার্স দু-রকম হয়—ডিভিসন ওয়ান, ডিভিসন টু; আর কনভিক্টস হলে তিনরকম হয়, ডিভিসন ওয়ান, ডিভিসন টু, ডিভিসন থ্রি, আর যাঁরা কেসে ধরা পড়েছেন তার অধিকাংস হয়ত কমিউনিস্ট, সে বিষয় সন্দেহ নাই। তাঁদের ক্লাসিফিকেসন ম্যাজিস্ট্রেট করেন, গভর্নমেন্ট করেন না।

আর একটা কথা সোমনাথ লাহিড়ী মহাশয় বলে গেলেন যে, আমাদের নাকি নির্বাচনে হার হবে যদি এইসমস্ত লোকদের ছেড়ে দিই, এবং আমাদের পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি মাননীয় শ্রীঅতুল্য ঘোষ মহাশয়ের প্রতি তাঁর ভক্তির পরিচয় পাওয়া গেল। অতুল্যবাবু সেদিন ময়দানের এক জনসভায়, কেউ বলছেন ৭ হাজার, কেউ বলছেন ৮ হাজার লোক সেখানে উপস্থিত ছিলেন, সেই জনসভায় বলেছেন কমিউনিস্টদের ছেড়ে দিয়ে দেখ ভাল। কেন না এই ১২৩ জন কমিউনিস্টদের যদি না ছেড়ে দেওয়া হয়, তা হলে পরে হয়ত তারা বলবে এদের ধরে রাখার দরুন নির্বাচনে তাঁদের পরাজয় হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গত পাঁচটি নির্বাচনে, চারটির আসনই কংগ্রেস পেয়েছে এবং সেই সময় একজন কমিউনিস্টও কারাগারে ছিলেন না। এবং যতরকম আমাদের বিরুদ্ধে বলতে হয়, কংগ্রেস সরকারের নীতির বিরুদ্ধে, এবং ব্যক্তিগতভাবে সেইসমস্ত কংগ্রেস প্রার্থীর বিরুদ্ধে, সব তাঁরা বলেছিলেন, এবং যতগুলি সমস্যা বাংলাদেশে আছে, সমস্ত সমস্যাগুলি জনসাধারণের কাছে তুলে ধরা হয়েছিল। তৎসত্ত্বেও চৌরঙ্গী কেন্দ্রেতে আমরা বিপুল ভোটে জয়লাভ করেছি। বনগাঁ, জামালপুর এবং হুড়াতেও আমরা জয়লাভ করেছিলাম, যদিও সেখানে কমিউনিস্ট প্রার্থীর সঙ্গে আমাদের প্রতিদ্বন্দ্বিতা হয় নি। একমাত্র বাঁকুড়া জেলায় বড়জোড়ায়, সেখানে কমিউনিস্ট প্রার্থী জয়লাভ করেছিল। আমি ভেবেছিলাম বড়জোড়ায় কনস্টিটুয়েন্সীর কোন লোককে যদি গ্রেপ্তার করে থাকি তা হলে এই নির্বাচনের সময় তাকে ছেড়ে দেবো। বড়জোড়া কনস্টিটুয়েন্সীর নির্বাচনক্ষেত্রে একজন মাত্র কমিউনিস্টকে গ্রেপ্তার করা হয়েছে। আমাদের এখানে ৪৯ জন কমিউনিস্ট সদস্যদের মধ্যে যদি আমরা বাদ দিই ঐ ১৪ জন এম এল এ, যাদের আমরা ধরে আটক রেখেছি, তা হলে বাকী থাকে ৩৫ জন। তাঁরা নেতৃস্থানীয়। তাঁরা যান না বড়জোড়ায়, অথচ তাঁরা বলেছেন বাঁকুড়া জেলায় বড়জোড়া অঞ্চল থেকে তাঁদের একজনকে ধরেছি। বাঁকুড়া জেলায় বড়জোড়া কেন্দ্রে এক-জনকেও ধরা হয় নি। কাজে-কাজেই তাঁদের দুশ্চিন্তার কারণ নেই। যে কথা তিনি বলেছিলেন যে আমাদের কাছ থেকে অনুমতি চেয়েছিলেন, সেটা ভিক্ষার জন্য নয়, নিশ্চয় গণতান্ত্রিক রাষ্ট্রে সভা-সমিতি করবার প্রত্যেকের অধিকার আছে, এবং তার জন্য মাইকের পার্মিশন নিতে হয়। সোমনাথবাবু তার জন্য আমার কাছে গিয়েছিলেন এবং তিনি বলা মাত্র, আমি বললাম নিশ্চয় আপনি ময়দানে সভা করতে পারেন এবং এই জন্য মাইকের অনুমতি দেওয়া হল যে উপ-নির্বাচনের সময় সম্পূর্ণ অধিকার প্রত্যেক দলের লোককে দেওয়া উচিত, তাদের অভিমত ব্যক্ত করবার জন্য, এবং তাঁদের যা কার্যসূচি, তাঁদের যে মনের কথা, সেগুলি খুলে যাতে বলতে পারেন। সোমনাথবাবু বলে গেলেন সেখানে মাত্র তিনশো, ছয়শো, এক হাজার জন লোক হয়েছিল। সেটা ঠিক নয়। তবে কংগ্রেসের মিটিং-এ যত লোক হয়েছিল, তার তিন-চার গুণ লোক হয়েছিল। অর্থাৎ দেড় লক্ষ, তিন লক্ষ লোক হয়েছিল। হিসাবটা কি রকম, তা আপনাকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, বোঝাতে চাই না, মাননীয় সদস্য বন্ধুদেরও বোঝাতে চাই না। আপনি সব জানেন, কত লোক হয়েছিল। আমি আজকে এই কথা জানাতে চাই, ঘোষণা করতে চাই যে, উপ-নির্বাচন কেন্দ্রগুলিতে আমাদের

কমিউনিস্ট বন্ধুরা আমাদের সরকারের বিরুদ্ধে, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের যে-কোন নীতির বিরুদ্ধে, কাজের বিরুদ্ধে তাঁরা সম্পূর্ণভাবে নির্ভয়ে সমালোচনা করতে পারবেন, তাতে আমরা কাউকে গ্রেপ্তার করবো না। তবে এই কথা বলবো যে চীনের সঙ্গে বন্ধুত্ব দেখান চলবে না।

মাননীয় মন্ত্রী পূরবী মুখোপাধ্যায় মহাশয় একটু আগে বললেন যে আমাদের পশ্চিমবঙ্গে আগে যেসমস্ত আন্দোলন হয়েছে, সে আন্দোলন আমাদের কমিউনিস্ট বন্ধুরা করুন, বা বাম-পন্থীরা করুন, বা অন্য পন্থীর বন্ধুরাই করুন—সকল আন্দোলনের রূপ ছিল গণ আন্দোলন।

[4-55—5-5 p.m.]

সোমনাথবাবু বলে গেলেন যে তাদের বিরাট সভা হল এবং আমরা ভয়ে আতঙ্কিত হয়ে ১৪৪ ধারার আশ্রয় নিলাম সেটা মোটেই সত্য নয়। সত্য কথা এই যে জনসাধারণ তারা কংগ্রেসী হন, ফরওয়ার্ড ব্লকিস্ট হন অথবা আর এস পি বা আর সি পি আই-এর সমর্থক হন, যারা দেশকে ভালবাসেন তারা বলেছিলেন যে আমরা কমিউনিস্ট পার্টিকে সভা করতে দেব না। আমাদের মহকুমা শাসক যখন দেখলেন শেষ পর্যন্ত শান্তি বিঘ্নিত হতে পারে, আমাদের সঙ্গে পরামর্শ করে নয়, তিনি নিজের ক্ষমতা বলে নির্দেশ দিলেন যে সভা করতে দেওয়া হবে না। অধ্যক্ষ মহাশয়, একথা আজ কাউকে বুঝিয়ে দিতে হবে না কমিউনিস্ট পার্টির আজ জনসাধারণের কাছে বক্তৃতা করার কোন ক্ষমতা নেই। জনসাধারণ কমিউনিস্ট ব্যতীত যে কোন দলকে সভা করতে দিতে পারেন, কিন্তু কমিউনিস্টদের দিতে চান না, বিশেষ করে পশ্চিমবাংলার কমিউনিস্টদের, যাদের মধ্যে শতকরা ৮৫ জন পিকিং পন্থী। মাননীয় সোমনাথবাবু জানেন তিনি কিরকম বাধা পাচ্ছেন এই পিকিং পন্থীদের কাছ থেকে। আমাদের একজন মাননীয় বন্ধু, বোধ হয় তিনি উপস্থিত আছেন শ্রীবীরেন্দ্র রায় মহাশয়, তিনি বললেন যে মাননীয় উপমন্ত্রী শ্রীমুক্তিপদ চ্যাটার্জী ২০০৬·৭১ নয়া পয়সা ভ্রমণের জন্য বিল করেছেন এবং তিনি মনে করেন যে তিনি খুব অন্যায় করেছেন। শ্রীবীরেন রায় মহাশয় জানেন আমাদের শিক্ষাবিভাগ, যে বিভাগে বছরে ২১ কোটি টাকা ব্যয় করা হয়, যে বিভাগের কর্তৃত্বাধীনে অনেক কলেজ আছে, অনেক মাধ্যমিক বিদ্যালয় আছে, অনেক হাই স্কুল এবং প্রাথমিক বিদ্যালয় আছে, নানা ধরণের শিক্ষায়তন আছে, সেই বিভাগে চারজন মন্ত্রী আছেন। এ'রা হলেন—মাননীয় রায় হরেন্দ্রনাথ চৌধুরী, মাননীয় সৌরীন্দ্রমোহন মিশ্র, মাননীয় মুক্তিপদ চ্যাটার্জী এবং মাননীয়া শ্রীমতী মায়া ব্যানার্জী। এর মধ্যে মাননীয় রায় হরেন্দ্রনাথ চৌধুরী তিনি এই বিদ্যালয়গুলি পরিদর্শনের জন্য তত বেশী খরচ করেন না, তার ভাতা হয়েছে ৩২৭ টাকা, শ্রী মিশ্রের—১,৩১৮ টাকা, শ্রী চ্যাটার্জী—২,০০৬ টাকা এবং শ্রীমতী ব্যানার্জীর এক পয়সাও নয়। মাননীয় শিক্ষামন্ত্রী মুক্তিবাবুকে পাঠিয়েছিলেন বিদ্যালয়গুলি দেখবার জন্য। মন্ত্রী সংখ্যা হ্রাসের জন্য শ্রীবীরেন রায় মহাশয়ের ইচ্ছা থাকলেও এতে আমাদের কোন ইচ্ছাই নেই। এ'দের জন্য খুব বেশী ব্যয় হচ্ছে না, এ'রা মাইনে পান সকলে মিলিয়ে দুই লক্ষ ৫৭ হাজার টাকা, এ'রা তার মধ্যে ফেরত দেন ৫৭ হাজার টাকা। তা ছাড়া এ'রা টি এ যেটা পান তার অন্তত বার আনা এরা অনেকক্ষেত্রে ষোল আনাই খরচ হয়ে যায়। বীরেনবাবু যে বললেন যে এই টাকা তাঁদের পকেটস্থ হয়, সেটা ঠিক নয়, পকেটস্থ মোটেই হয় না। আমার বন্ধু মাননীয় হেমন্ত বসু মহাশয়, যাঁর কথা আমি মন দিয়ে শুনি। তিনি বললেন আমার সংখ্যা ভুল। আমাকে তিনি বহুদিন ধরে চেনেন এবং আমিও তাকে বহুদিন ধরে চিনি। তিনি এটা জানেন অন্তত তার চেয়ে অঙ্কটা আমি একটু বেশী জানি। আমি যে হিসাব দিয়েছি তার মধ্যে এতটুকুও ভুল নেই। আমাদের জেনারেল অ্যাডমিনিস্ট্রেসন-এ যে টাকা ব্যয় হয়, তার মধ্যে ডাক্তারের মাইনে নয়, মফঃস্বলের অন্য লোকের মাইনে নয়, ম্যাজিস্ট্রেট-এর মাইনে আছে, সেই জেনারেল অ্যাডমিনিস্ট্রেসন আজকে এসেছে। ডাক্তারদের জন্য হেলথ বাজেট, মেডিক্যাল বাজেট-এর দাবী হয়ে গিয়েছে। আজকে আমি যেসমস্ত পরিসংখ্যান এখানে পরিবেশন করেছি তার মধ্যে কিছু ভুল নেই। তবে আমার বন্ধু শ্রীহেমন্ত বসু মহাশয়ের সঙ্গে আমি একমত যে কর্মচারীদের বেতন আরও বৃদ্ধি করা উচিত, নিশ্চয়ই উচিত, কিন্তু কি করে করব? আমার প্রারম্ভিক বক্তৃতায় বলেছিলাম যে ৩০ জন ব্যক্তি বেশী মাইনে পান, তার মধ্যে হাইকোর্ট জাজ, তারা ৩,১০০ পান, তাদের কাছ থেকেও অনেক টাকা ট্যাক্স হিসাবে কেটে নেওয়া হয়। আমাদের চীফ সেক্রেটারীর কথা ধরুন। ১৯৩৯ টাকা। অনেক টাকা ট্যাক্স কেটে নেওওয়া হয়। আমাদের চীফ সেক্রেটারীর কথা ধরুন। ১৯৩৯ সালে যেখানে তিনি ১০০ টাকা পেতেন, এখন সেখানে ইনকাম ট্যাক্স বাদ দিয়ে তিনি পান ৬৭

টাকা। মিনিস্টাররা যারা, তারা ১৯৩৭ সালে যেখানে ১০০ টাকা পেতেন এখন পাচ্ছেন সেখানে ৪৫০ টাকা। কিন্তু তবুও আজকে যদি ২ লক্ষ ১৭ হাজার লোকের জন্য আমরা ২ লক্ষ বেতন বৃদ্ধি করি, তা হলে পর সেই পরিমাণ টাকা খরচ করবার উপায় নেই। তবুও একথা মাননীয় হেমন্তবাবু জানেন যে আমাদের পে কমিটি বসেছিল তাতে আমরা উচ্চস্থানের কর্মচারীদের বেতন মোটেই বৃদ্ধি করি নি, আমরা মাঝারি এবং নিম্নস্থ কর্মচারীদের বেতন বৃদ্ধি করেছি এবং কত টাকা বৃদ্ধি করেছি তাও বোধ হয় তিনি জানেন না। আমাদের পে-কমিটির রিপোর্ট অনুসারে বেতন বৃদ্ধি করা উচিত ছিল পাঁচ কোটি টাকা, কিন্তু আমরা করেছি ছয় কোটি। বেতন বৃদ্ধি জেনারেল অ্যাডমিনিস্ট্রেসন-এ যারা শুধু আছেন তাদের জন্য করা হয় নি, ওই ডাক্তারদের জন্য খরচ, ইঞ্জিনীয়ারদের জন্য খরচ, ইরিগেশন ডিপার্টমেন্ট-এর জন্য, পি ডাব্লউ ডি-এর জন্য খরচ সব বৃদ্ধি করা হয়েছে এবং তাতে বছরে ছ' কোটি টাকা বেশী বরাদ্দ বেড়েছে। উচ্চতর কর্মচারীদের, এমন কি মাঝারি কর্মচারীদের জন্যও নয়, নিম্নস্থানীয় কর্মচারী যারা, তাদের জন্যই এটা করা হয়েছে। একথা আমাদের মনে রাখতে হবে যে আমাদের ব্যয় করার একটা সীমা আছে। আমাদের জাতীয় জীবনের সব দিক দিয়ে উন্নতি আজ দেখা যাচ্ছে। ১৫ বছর আগে যেখানে আমাদের রেভিনিউ এক্সপেনডিচার ছিল অনেক কম, আজ সেখানে এ বছর খরচ করছি ১০৯ কোটি টাকা। দেশের উন্নতি হয়েছে, কৃষির উন্নতি হয়েছে, শিল্পের উন্নতি হয়েছে, নতুবা এই টাকা আসছে কোথা থেকে? যেমন আমাদের দেশের উন্নতি হবে, জীবনযাত্রার মান উন্নত হবে, ততই গভর্নমেন্ট ট্যাক্স বেশী পাবেন। একথাও আমি বলব যে আমাদের এই পশ্চিমবাংলার বেতনের হার অন্যান্য প্রদেশের অপেক্ষা বেশী। একজন মাননীয় সদস্য দুঃখ করে বললেন যে মশাই, কাজ সব বাকী পড়ে থাকে; টাকা খরচ হয় না। কিন্তু অধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেখানে আমাদের খরচ করার কথা ছিল ৬৯ কোটি টাকা, আজ সেখানে খরচ করেছি ৬৭ কোটি টাকা।

[5-5—5-15 p.m.]

আপনারা সমালোচনা করতে পারেন তবে এটা ঠিক যে আমরা ২ কোটি টাকা ব্যয় করতে পারি নাই। কিন্তু ৬৯ কোটি টাকার মধ্যে ৬৭ কোটি টাকা খরচ করেছি। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের খরচ করবার কথা ছিল ১৫৭ কোটি টাকা প্ল্যানে, আমরা খরচ করেছি ১৪৮ কোটি টাকা। ৯ কোটি টাকা আমরা খরচ করতে পারিনি, তার নানান কারণ আছে, হয়ত কোথাও একটা ব্রীজ হবে, ব্রীজের জন্য, পোলের জন্য আমাদের বিদেশ থেকে আনতে হবে, তার জন্য বৈদেশিক মুদ্রার প্রয়োজনীয়তা আছে, সেজন্য আমদানী করতে পারি নি, সেজন্য খরচ হয় নি। তবুও আমি এই কথা বলব যে, আমাদের যে কোন ত্রুটি নাই, দোষ নাই তা নয়। আমরা নতুন স্বাধীনতা পেয়েছি, এইরকম দায়িত্ব কোনদিন পাই নি, এই ১৫ বছর ধরে যে দায়িত্ব আমাদের বহন করতে হচ্ছে, যে গুরুদায়িত্ব, এই গুরুদায়িত্ব ভারতবর্ষ এবং আমাদের বাংলাদেশ ২০০ বছর ধরে বহন করে নি। কাজে কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি বিবেচনা করে দেখেন, তা হলে দেখতে পাবেন যে, আমাদের কৃতিত্ব খুব কম নয়, এবং আমরা গর্ব করে বলতে পারি যে আমাদের কাজ বেশ ভালই চলছে। অনেকে অনুযোগ করে বলেছেন যে অনেক গলদ রয়েছে সরকারী কর্মচারীদের, আবার একজন বললেন যে মহাশয় খুব সাবধান আই এ এস-রা ভাল কাজ করতে পারে না, তবে কি তাদের কাজ না দিয়ে এ এস এস দের কাজ দেওয়া হবে। যারা আমাদের দেশের সবচেয়ে ভাল ছেলে, যারা পরীক্ষায় প্রথম স্থান অধিকার করে এবং সবচেয়ে কঠিন পরীক্ষায় উত্তীর্ণ হয়, তাদেরকে আমরা কাজের ভার দিয়েছি। আমি বলি তবে কাকে ভার দেব, যদি আই এ এস-দের ভার না দিয়ে অন্য কাকেও ভার দিতাম, তা হলে এখানে মাননীয় সদস্যরা সকলেই এদিকের এবং ওদিকের সকলেই আরও বেশী নিন্দা করতেন। আমাদের যত ত্রুটিই থাকুক না কেন, আমাদের এই কর্মচারী নিয়োগের ব্যাপারে কোন মন্ত্রীর কোন হাত নাই। অনেকে আমাদের অনুরোধ করেন দরখাস্ত নিয়ে আসেন, বলেন আমাকে অমুক চাকরীটা করে দেবেন কি? সেখানে কোন মন্ত্রীর এমন কি মুখ্যমন্ত্রীর কোন ক্ষমতা নেই। কেন না পি এস সি এমন জায়গা সেখানে মুখ্যমন্ত্রীও কোন সুপারিশ করতে পারে না। কাজে কাজেই আমাদের পি এস সি-র পরীক্ষার মাধ্যমে, কঠিন পরীক্ষার মাধ্যমে এবং সিলেকশান কমিটির মাধ্যমে যেসমস্ত কর্মচারী নিয়োগ হয়, তাদের ১০০ জনের মধ্যে হয়ত ৫ জন খারাপ হতে পারে, তাদের আপনারা নিন্দা করতে পারেন, কিন্তু এর চেয়ে ভাল কর্মচারী আমাদের দেশে পাওয়ার আর কোন উপায় আছে বলে এবং সম্ভবপর বলে আমি মনে করি না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনেক সময় নিলাম, আর বেশী সময় আমি নেব না, শুধু একটা কথা বলে আমি শেষ করতে চাই, সেটা হচ্ছে যে, কালকে একটা কলিং অ্যাটেনশান নোটিশের উত্তরে আমি আমার বিবৃতিতে বলেছিলাম, যে স্বর্ণকার শিল্পীর মৃত্যু ঘটেছে অনাহারে তার মৃত্যু হয় নি--এ মাসেও সে তাব বাড়িতে তার মাকে—সে বিবাহিত নয়, তার পুত্র-কন্যা নাই, তার স্ত্রী নাই—তার মাকে এ মাসেও সে ৩০ টাকা পাঠিয়েছে এবং তার পকেটে টাকা ছিল। এবং আমরা কোন প্রমাণ পাই নি যে তার অনাহারে মৃত্যু ঘটেছে। কিন্তু মাননীয় সদস্য খুব জোর দিয়ে বললেন যে তার অনাহারে মৃত্যু হয়েছে, কিন্তু আমি বলছি অনাহারে তার মৃত্যু হয় নি। আজকে আপনার আর সময় নিতে চাই না, যে ছাটাই প্রস্তাবগুলি এখানে উপস্থিত করা হয়েছে আমি সেইসমস্ত ছাটাই প্রস্তাবের বিরোধীতা করছি এবং আমার মূল প্রস্তাব সমর্থন করছি।

আমাদের এখানে রেডক্রস এবং অন্যান্য যেসমস্ত সংস্থা থেকে আমেরিকা থেকে যে দুধ আসত সেই দুধ বিতরণ সম্বন্ধে আমার কাছে অভিযোগ আছে। কাল কি পরশু, বোধ হয় এখানে আলোচনা হয় ডাঃ এস বোস সম্বন্ধে, আমার মনে আছে যে ৭-৮ বছর আগে ঐ সম্বন্ধে একবার তদন্ত হয়েছিল। কিন্তু তদন্তের আমরা যে রিপোর্ট পেয়েছিলাম, তাতে বিশেষ কোন প্রমাণ পাওয়া যায় নি। এবার আরও বেশী সন্দেহ ঘনীভূত হওয়ায় তাঁকে গ্রেপ্তার করা হয়েছে এবং দুধের ব্যাপারে ৬৫ জন লোককে গ্রেপ্তার করা হয়েছে, চব্বিশপরগনা, নদীয়া এবং কোলকাতা থেকে। মাননীয় সদস্য শ্রীঅপূর্বলাল মজুমদার, শ্রীঅমিতাভ নিয়োগী, যিনি আমাদের এনফোর্স-মেন্ট অ্যান্ড এন্টি-করাপসান-এর সেক্রেটারী, মাননীয় মন্ত্রী বিজয়সিং নাহার সম্বন্ধে কি মন্তব্য করেছেন তার কথা বলেছেন। কিন্তু এটা আদৌও সত্য নয়, বিজয়বাবু সম্বন্ধে আমি কোন মন্তব্য পাই নি। তাঁর বক্তৃতা আমি যখন বসে শুনলাম তারপর আমি উঠে গিয়ে আবার পুনরায় খোঁজ করলাম যে এ সম্বন্ধে কোন মন্তব্য আছে কিনা? আমি খবর পেলাম কোনরকম মন্তব্য করা হয় নি। আমি মাননীয় সদস্যকে একথা বলতে চাই যে দুধ ইত্যাদি গরীবদের মুখের গ্রাস কেড়ে নিয়ে যারা বিক্রি করছে তাদের আমরা সমুচিত শাস্তি দেব এবং তিনি যে কোন দলের হোন না কেন, আমরা নিশ্চয় শাস্তি দেব। (শ্রীঅপূর্বলাল মজুমদার—ইট ইজ এ গুড জেসচার সন্দেহ নেই, কিন্তু শ্রীঅমিতাভ নিয়োগীর রিপোর্টটা হাউসে প্লেস করুন।) এটা একটা সাব-জুডিস কেস বলে আমি এর বেশী কিছু বলতে পারি না। তবে মাননীয় সদস্য যদি আমার কাছে যান, আমি তাঁকে সমঝে দিতে পারব। (শ্রীভক্তিভূষণ মণ্ডল—আমরা যে কেসটি সম্বন্ধে প্রাইমা ফেসি বললাম যে এই ৩টা কাগজ কান্সিডার করলে দেখা যাচ্ছে তার এগেইনস্ট-এ প্রাইমা ফেসি কেস আছে। কাজেই তার চার্জ সীট থেকে বাদ দিয়ে দিলে তাকে ধরা যাবে না। দর্পণ, লোকমত ইত্যাদিতে দিয়েছে।) আমাকে তিনি একটা দর্পণ উপহার দিয়েছেন। এতে একটা চিঠি বেরিয়েছে এই চিঠি নিয়ে অনুসন্ধান হচ্ছে। এই চিঠিতে এমন কিছু নেই। আমার পাশে একজন প্রখ্যাত আইনজীবি বসে আছে, তাঁকে জিজ্ঞাসা করলাম যে এতে কি কোন কেস প্রাইমা ফেসি প্রমাণিত হয়? তিনি বললেন যে হয় না। আমি একথা বলতে চাই যে দুধ সম্বন্ধে যারা অপরাধী তাদের সমুচিত শাস্তি দেবার আমরা ব্যবস্থা করব। যত ছাটাই প্রস্তাব এসেছে আমি তার বিরোধীতা করছি এবং আমার যে ৩টা মূল প্রস্তাব আছে তাকে সমর্থন করবার জন্য আবেদন জানাচ্ছি।

Shri Apurba Lal Majumdar:
On a point of information, Mr. Speaker, Sir, Chief Minister বলবেন কি যে লোকমতে যে খবর বেরিয়েছে তার সম্বন্ধে তাঁর কি জবাব আছে?

[নয়েজ]

The Hon'ble Prafulla Chandra Sen:
আমি অপূর্ববাবুকে বলেছি আমার সঙ্গে দেখা তিনি করবেন।

[নয়েজ]

Shri Nikhil Das:
এটা কি ডেমোক্রেসী হচ্ছে?

[নয়েজ]

[Noise and interruption]

[5-15—5-24 p.m.]

Mr. Speaker: Will you please allow me to go on with the proceedings? The Chief Minister has given his reply, and I am now asking my honourable members whether they will allow me to go on with the proceedings.

Shri Nikhil Das:
এটা কি হচ্ছে?

[Noise and interruption]

Mr. Speaker: If all my requests fail, I have to go on with the proceedings after taking action in accordance with the Rules of Procedure and Conduct of Business in the House.

[Several Members rose to speak]

I put to vote all cut motions under Grants Nos. 12, 11 and 37.

(At this stage the honourable members of the Opposition, except Shri Birendra Narayan Ray, walked out of the House)

The motion of Shri Sambhu Charan Ghosh that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Birendra Narayan Ray that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Hemanta Kumar Basu that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Kandru Majhi that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Deo Prakash Rai that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Somnath Lahiri that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Birendra Narayan Ray that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 4,44,500, was then put and lost.

The motion of Shri Tarun Kumar Sen Gupta that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Aboni Bhattacharyya that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharyya that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Gour Chandra Kundu that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Somnath Lahiri that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Narayan Chandrda Roy that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Haridas Chakravarty that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Monoranjan Hazra that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Kamal Kanti Guha that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Girija Bhusan Mukherjee that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Birendra Narayan Ray that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Deb Saran Ghosh that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nani Bhattacharjee that the dedmand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sudhir Chandra Das that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nimai Chand Murmu that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Amarendra Nath Basu that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sreemohan Thakur that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Gopal Banerjee that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Hemanta Kumar Basu that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Panchu Gopal Bhaduri that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Mahananda Haldar that the demand of Rs. 3,46,80,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 3,46,80,000 be granted for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" was then put and agreed to.

Mr. Speaker: I now put all the cut motions under Grant No. 11 except cut motion No. 9 to vote.

(The cut motions were then put and lost).

The motion of Shri Sambhu Charan Ghosh that the demand of Rs. 32,15,000 for expenditure under Grant No. 11, Major Head: "18—Parliament and State Legislatures" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Aswini Roy that the demand of Rs. 32,15,000 for expenditure under Grant No. 11, Major Head: "18—Parliament and State Legislatures" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand of Rs. 32,15,000 for expenditure under Grant No. 11, Major Head: "18—Parliament and State Legislatures" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that the demand of Rs. 32,15,000 for expenditure under Grant No. 11, Major Head: "18—Parliament and State Legislatures" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand of Rs. 32,15,000 for expenditure under Grant No. 11, Major Head: "18—Parliament and State Legislatures" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 32,15,000 be granted for expenditure under Grant No. 11, Major Head: "18—Parliament and State Legislatures" was then put and agreed to.

Mr. Speaker: I now put all the cut motions under Grant No. 37 to vote.

(The cut motions were then put and lost.)

The motion of Shri Sanat Kumar Raha that the demand of Rs. 1,81,92,000 for expenditure under Grant No. 37, Major Heads "65—Pensions and Other Retirement Benefits and 120—Payments of commuted value of Pensions" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 1,81,92,000 for expenditure under Grant No. 37, Major Heads: "65—Pensions and Other Retirement Benefits and 120—Payments of commuted value of Pensions" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand of Rs. 1,81,92,000 for expenditure under Grant No. 37, Major Heads: "65—Pensions and Other Retirement Benefits and 120—Payments of commuted value of Pensions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 1,81,92,000 be granted for expenditure under Grant No. 37, Major Heads: "65—Pensions and Other Retirement Benefits and 120—Payments of commuted value of Pensions" was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned till 12 noon tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 5-24 p.m. till 12 noon on Friday, the 22nd March, 1963, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Friday, the 22nd March, 1963, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 12 Hon'ble Ministers, 9 Hon'ble Ministers of State, 9 Deputy Ministers and 158 Members.

Members' right to get replies to Supplementary Questions

Shri Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, কোশ্চেন আরম্ভ হবার আগে আপনাকে অনুরোধ জানাচ্ছি, মন্ত্রিমহাশয়কেও অনুরোধ জানাছি যেগুলি সাপ্লিমেন্টারী কোশ্চেন-এর উত্তর দিতে পারেন, আমি মনে করি সেটা দেওয়া উচিত। অপজিশন সাপ্লিমেন্টারি কোশ্চেন যে সব করেন, মন্ত্রিমহাশয়ের যতখানি সম্ভব তাঁদের সদুত্তর দেওয়া উচিত। যে সমস্ত প্রশ্নে মন্ত্রিমহাশয় স্টাডি করে আসতে পারবেন না, তা হেলড্ ওভার হোক, আর যেগুলির উত্তর দিতে পারেন সেগুলির উত্তর তিনি দিন—যাতে অপজিশন যে বিষয় জানতে চান, তা জেনে সন্তুষ্ট হন।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা সব সময় যথাযথ উত্তর দেবার চেষ্টা করে থাকি এবং ভবিষ্যতেও করবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্ন যেভাবে করা হয়, তার সঙ্গে সমস্ত অতিরিক্ত প্রশ্নেরও নিশ্চয়ই আমরা সাধ্যমত জবাব দেব। মাননীয় মন্ত্রিমহাশয়ও তার জন্য প্রস্তুত হয়ে এসেছেন। অনেক সময় আপনি লক্ষ্য করে থাকবেন এমন সকল অতিরিক্ত প্রশ্ন করা হয় যে তা মূল প্রশ্ন থেকে পৃথক। কাজে কাজেই তার জবাব দেওয়া মন্ত্রিমহাশয়ের পক্ষে সম্ভবপর নয়। সেখানে মন্ত্রিমহাশয় বলতে পারেন আরো সময় চাই, দে মে অস্ক ফর নোটিস। তাতে মাননীয় সদস্যদের দুঃখিত হলে চলবে না।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যা বললেন তা স্বীকার করি। মন্ত্রিমহাশয় যদি বলেন বলবো না, তা হলে কেমন লাগে?

Mr. Speaker:

মিঃ বোস একটা ভাল কথা বলেছেন, পার্টিকুলার ইন্সট্যান্স নিয়ে বলেছেন।
Generally it is the right of the members, privilege of the members, and what the members should expect of the Ministers, all this has been nicely explained by the Chief Minister.

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি যেটা বলতে পারবো না, সেটা সম্পর্কে আমি বলবো—আমি নোটিস চাই, এতে তো ল্যাঠা চুকেই গেল।

Starred questions to which oral answers were given

[12—12-10 p.m.]

Cooper's Camp, Nadia

***111.** (Admitted question No. *737.) **Shri Gaur Chandra Kundu:**

উদ্বাস্তু বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার কুপার্স ক্যাম্পে বর্তমানে কত ক্যাম্প ইনমেটস্ আছে;

(খ) উক্ত ক্যাম্পের অ্যাডমিনিস্ট্রেটর-এর মাসিক মাহিনা কত?

Shrimati Shakila Khatun:

(ক) ২,৩৪৫।

(খ) ভাতা বাদে মাসিক ৭০০ টাকা।

Shri Gour Chandra Kundu:

পশ্চিমবঙ্গের আর কোন উদ্বাস্তু ক্যাম্পে এত বেশী টাকা মাইনে দিয়ে অ্যাডমিনিস্ট্রেটর রাখা হয়েছি কি?

Shrimati Shakila Khatun:

না।

Shri Gour Chandra Kundu:

আর যাঁরা অন্য ক্যাম্পে আছেন, তাঁদের ডেজিগনেশন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য যদি উপবেশন করেন, তাহলে ভাল হয়।

Mr. Speaker: That is an omission.

Shri Gour Chandra Kundu:

পশ্চিমবঙ্গের অন্যান্য যে সমস্ত ক্যাম্পে সুপারিন্টেন্ডেন্ট আছে, তাঁদের মাইনে কত?

Shrimati Shakila Khatun:

এখন ডিটেলস আমার জানা নাই।

Shri Gour Chandra Kundu:

অ্যাডমিনিস্ট্রেটরকে এত কম স্ট্রেংথ-এর ক্যাম্পে এত বেশী টাকা মাইনে দিয়ে বসিয়ে রাখার দরকার কি?

The Hon'ble Abha Maiti:

আপনি জানেন কুপার্স ক্যাম্পে এর আগে বহু রিফিউজি ছিল, এখনো কিছু আছে। এখনো আমাদের কতকগুলি রেসিডুয়ারী কাজ বাকী আছে, তার জন্য আমি মনে করি তাঁকে আরো কিছুদিন ঐ পোস্টে রাখার ওখানে দরকার আছে।

Shri Gour Chandra Kundu:

কুপার্স ক্যাম্পের পাশে রূপশ্রী ক্যাম্পে এখনো সাতশো-আটশো ফ্যামিলি আছে। অথচ সেখানে একজন সুপারিন্টেন্ডেন্ট-কে দুশো টাকা মাইনে দিয়ে রাখা হয়েছে। আর কুপার্স ক্যাম্পে একজন অ্যাডমিনিস্ট্রেটরকে ভাতাসহ দেড়হাজার-দু-হাজার টাকা মাইনে দিয়ে কেন রাখা হয়েছে?

The Hon'ble Abha Maiti:

আমি আগেই বলেছি সেখানে কতকগুলি রেসিডুয়ারী কাজ করবার আছে, অ্যাকাউন্টস-এর কাজ বাকী আছে। তার জন্য তাঁকে সেখানে রাখা হয়েছে। সেগুলি শেষ হয়ে গেলে পর তাঁকে সেখান থেকে সরিয়ে নেওয়া হবে।

Shri Gour Chandra Kundu:

এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। এত বেশী টাকা মাইনে দিয়ে একজন অ্যাডমিনিস্ট্রেটরকে একটা ক্যাম্পে রাখা হয়েছে, আর অন্য ক্যাম্পে এত কম টাকা মাইনে দিয়ে একজন সুপারিন্টেন্ডেন্টকে রাখা হয়েছে এই তারতম্যের বিশেষ কারণটা কি?

Mr. Speaker: Mr. Kundu, I think the question has been sufficiently answered.

Shri Gour Chandra Kundu:

উনি একদিকে বলেছেন ক্যাম্প রিফিউজিরা নেই আপনার অ্যাকাউন্টে, কিন্তু যারা সেখানে বসে আছে তাদের ডোল বন্ধ হয়ে গিয়েছে, অথচ অ্যাসিস্টান্ট অ্যাডমিনিস্ট্রেটর, এতগুলি স্টাফকে এত মাইনে দিয়ে সেখানে রাখা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে এত পয়সা খরচ করে অতগুলি স্টাফকে সেখানে না রেখে, একজন সুপারিন্টেন্ডেণ্টকে সেখানে রাখলে কি চলে না?

The Hon'ble Abha Maiti:

মাননীয় সদস্য মহাশয় শুনেছেন, এ বিষয়ে আমার যা বক্তব্য আছে, তা আমি আগে পরিষ্কারভাবে বলেছি।

Setting up of an Industrial Estate at Taherpur and Cooper's, Nadia

***112.** (Admitted question No. *740.) **Shri Gaur Chandra Kundu:**

উদ্বাস্তু বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার তাহেরপুর ও কুপার্সে আর আই সি-এর পরিচালনায় ইন্ডাস্ট্রিয়াল এস্টেট গঠনের পরিকল্পনা কবে চালু হইবে; এবং

(খ) তাহেরপুর ও কুপার্সের বেকার উদ্বাস্তুদের আশু কর্মসংস্থানের জন্য কোন সরকারী পরিকল্পনা করা হইয়াছে কি?

Shrimati Shakila Khatun:

(ক) রিহ্যাবিলিটেশন ইন্ডাস্ট্রিজ করপোরেশন রানাঘাট কুপার্সের সন্নিকটে অবিলম্বে একটি ইন্ডাস্ট্রিয়াল এস্টেটস স্থাপন করিবার কার্যক্রম গ্রহণ করিয়াছেন বলিয়া জানা গিয়াছে।

(খ) তাহেরপুর যে প্রডাকশন সেণ্টারটির ভার রিহ্যাবিলিটেশন ইণ্ডাস্ট্রিজ করপোরেশন গ্রহণ করিয়াছেন সেটির সম্প্রসারণ এবং রানাঘাট কুপার্সের সন্নিকটে একটি ইন্ডাস্ট্রিয়াল এস্টেট স্থাপন ব্যতীত বর্তমানে তাহেরপুরের অধিবাসীর জন্য কর্মসংস্থানের অতিরিক্ত কোন পরিকল্পনা নাই।

Shri Gour Chandra Kundu:

তাহেরপুর ইন্ডাস্ট্রিয়াল করপোরেশনের পক্ষ থেকে একটা সিরামিক কারখানা করবার জন্য স্যাংসন হয়েছিল কি?

Shrimati Shakila Khatun:

আমার জানা নেই।

Shri Gour Chandra Kundu:

কাগজে এই সম্পর্কে খবর বেরিয়েছিল, সেটা আপনি জানেন কি?

The Hon'ble Abha Maiti:

আমি জানি না খবরের কাগজে কি বেরিয়েছে।

Shri Anadi Das:

হিসাব করা হয়েছে কি এই ক্যাম্প বেকারের সংখ্যা কত?

The Hon'ble Abha Maiti:

এখন আমার কাছে সে রকম কোন সংখ্যা নেই। পরে প্রশ্ন করলে জবাব দেবো।

Shri Nikhil Das:

তাহেরপুরে বেকারের সংখ্যা কত বলতে পারেন কি?

The Hon'ble Abha Maiti:

আমি ত আগেই বলেছি, আপনি যদি পরে আর একদিন প্রশ্ন করেন, তাহলে জানাবো। এই মুহূর্তে এই রকম কোন সংবাদ আমার কাছে নেই।

Shri Nikhil Das:

কল্যাণীতে যে স্পিনিং মিল হয়েছে তাহেরপুরে যারা বেকার আছে, তাদের অগ্রাধিকার দেবার জন্য প্ল্যান কি সরকারের আছে?

The Hon'ble Abha Maiti:

সর্বদাই তাদের অগ্রাধিকার দেওয়া হয়।

Shri Anadi Das:

এতে কি লোক নিয়োগ করবার ব্যবস্থা আছে।

The Hon'ble Abha Maiti:

মাননীয় সদস্যরা হয়ত ভুলে গিয়েছেন যে এটা ঠিক আমাদের বিভাগ দ্বারা পরিচালিত হয় না। এটা আর আই সি-র দ্বারা পরিচালিত হয়। যদি খুঁটিনাটি খবর জানতে চান তাহলে ঐ আর আই সি-র কাছ থেকে জেনে বলবো।

Shri Gour Chandra Kundu:

উনি কি জানেন যে সেখানকার অধিবাসীদের মাথাপিছু ১৭·১০ টাকা প্রতি মাসে খরচ হয়?

The Hon'ble Abha Maiti:

আমার জানা নেই।

Shri Gour Chandra Kundu:

মাননীয়া মন্ত্রিমহাশয়া কি জানেন সেখানে যে ২০০।৩০০ জন মহিলা আছেন, তারা ভিক্ষা করতে যান?

The Hon'ble Abha Maiti:

আমার জানা নেই।

Shri Gour Chandra Kundu:

তাহেরপুরে যে কলকারখানা হবে বলে প্রতিশ্রুতি দিয়ে আসছেন, তার কি হল বলবেন কি?

The Hon'ble Abha Maiti:

আপনি আর একবার বলুন। মাইক থেকে একটু দূরে সরে গিয়ে বলুন, আমরা বুঝতে পারছি না।

Inaudibility due to talking fast close to the mike

The Hon'ble Sankardas Banerji: On a point of order, Sir. Honourable members some time talk so rapidly and so fast and their mouths remain so close to the mike that we can not follow what they are saying. Perhaps, they would get offended but, personally speaking, I feel great difficulty in following their questions which are put by them.

Shri Gour Chandra Kundu:

সময় এত অল্প যে তাড়াতাড়ি না বললে চলে না।

[এ ভয়েস—বোঝাই যদি না যায়, তাহলে বলার দরকার কি?]

তাহলে বোঝা যাচ্ছে আমাদের কথা ও'রা বুঝতে পারেন না।

Shri Sailendra Nath Adhikary:

কুপার্স ক্যাম্পে শিল্প স্থাপন করবার কাজ কবে থেকে সুরু হবে বলতে পারেন কি?

The Hon'ble Abha Maiti:

এখন কোন দিন সুরু হবে তা বলতে পারবো না।

[12-10—12-20 p.m.]

Shri Gour Chandra Kundu:

কোন দিন বলতে পারেন না, কিন্তু কোন মাসে হবে বলতে পারেন কি:

The Hon'ble Abha Maiti:

খুব তাড়াতাড়ি করবার চেষ্টা করা হচ্ছে।

Shri Sailendra Nath Adhikary:

এই রকম ধরনের ইন্ডাস্ট্রিয়াল এস্টেট গঠন করার পরিকল্পনা আর কোন জায়গায় আছে কিনা?

The Hon'ble Abha Maiti:

কয়েক দিন আগে ব্যাজটের সময় আমার ডিমান্ড আলোচনার সময় বলেছিলাম এই ধরনের পরিকল্পনা আরো অনেক জায়গায় রয়েছে।

Second set of S.T. Loan for the refugee families at Nasra

***113.** (Admitted question No. *741.) **Shri Gaur Chandra Kundu:** উদ্বাস্তু বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার নাশড়া সরকারী কলোনির উদ্বাস্তুদের জন্য পরিবার-পিছু কত টাকা কোন্ সালে সেকেন্ড সেট অফ এস টি লোন মঞ্জুর করা হইয়াছেল;

(খ) ইহা কি সত্য যে, নাশরা গভর্নমেন্ট কলোনি ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটিকে এই লোন-এর টাকা বিলি করার দায়িত্ব দেওয়া হইয়াছিল; এবং

(গ) সত্য হইলে, উক্ত সমিতি সমস্ত লোনের টাকা বিলি করিয়াছেন কি?

The Hon'ble Abha Maiti:

(ক) ১৯৫৯ সালে কিছু কিছু সর্ত সাপেক্ষে পরিবার প্রতি ৩৭৫ টাকা ক্ষুদ্র ব্যবসা-ঋণের দ্বিতীয় কিস্তি হিসাবে মঞ্জুরীকৃত হয়।

(খ) না। সরকার নির্দিষ্ট সর্ত অনুসারে কোন পরিবারই ঋণ পাইবার উপযুক্ত বলিয়া বিবেচিত না হওয়ায় স্থানীয় কর্তৃপক্ষ যখন সমস্ত ঋণের টাকাই ফেরত দেবার ব্যবস্থা করিতেছিলেন তখন সরকার ঋণপ্রার্থীগণকে এখানে সমবায় সমিতি গঠন করিতে পরামর্শ দেন। ঋণপ্রার্থীরা সমবায় সমিতি গঠন করেন এবং উপরিউক্ত সর্তে তাহারা উক্ত পরিবার পিছু ৩৭৫ টাকা গ্রহণ করেন ও নিজেরাই ঐ টাকা ঐ সমবায় সমিতিতে জমা দেন।

(গ) শেয়ারের টাকা ও প্রবেশমূল্যের ব্যবস্থাদির পর সমবায় সমিতিতে বর্তমানে পরিবার পিছু ৩৯ টাকা জমা আছে বলিয়া সংবাদ।

Shri Gour Chandra Kundu:

মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি এই যে ৩৩৯ টাকা যেটা বলেছেন সেটা সত্য নয়। মাত্র ৩০০ টাকা করে পেয়েছে এবং গভর্নমেন্ট-এর যে লোন দেবার নিয়ম আছে ৫ টাকা এবং ১ টাকা কেটে নিয়ে, অর্থাৎ ৬ টাকা কেটে নিয়ে তাদের দিতে হবে অথচ তারা ৩০০ টাকা করে পেয়েছে এটা অনুসন্ধান করবেন কি?

The Hon'ble Abha Maiti:
আমি যে সংবাদ পেয়েছি তাই আপনাদের পরিবেশন করেছি।

Shri Gour Chandra Kundu:
এই যে ৩৩৯ টাকা তারা পেয়েছে ৩৬৯ টাকার বদলে তাহলে সেটা আইনী, না বে-আইনী?

Mr. Speaker:
এই কোশ্চেনটা সাপ্লিমেন্টারি হয় না।

The rule says that "It shall not ask for an expression of opinion or the solution of an abstract legal question or of a hypothetical proposition.

Shri Gour Chandra Kundu:
আমার সাপ্লিমেন্টারি হচ্ছে রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট থেকে রিফিউজিদের ৩৭৫ টাকা মাথাপিছু মঞ্জুর করা হয়েছে। সেটা না দিয়ে ৩০০ টাকা করে দেওয়া হল। এটা আইনী, না বে-আইনী?

Mr. Speaker: You can not ask for an expression of opinion.

Shri Gour Chandra Kundu:
আমার সাপ্লিমেন্টারি হচ্ছে এটা মন্ত্রিমহাশয় কি মনে করেন?

Mr. Speaker:
মনে করেন, সেটা ত ম্যাটার অফ ওপিনিয়ন হচ্ছে।

Shri Somnath Lahiri:
প্রশ্নটা আমি জিজ্ঞাসা করছি। প্রশ্নটা হচ্ছে, এই যে ৩৭৫ টাকা মঞ্জুর করা হয়েছিল অথচ উনি বলছেন ৩৩৯ টাকা মাথাপিছু দেওয়া হল এর কারণ কি?

The Hon'ble Abha Maiti:
আমার মনে হয় আপনাদের শুনতে ভুল হয়েছে। ৩৭৫ টাকা করে আমরা প্রতি লোককে দিয়েছিলাম, তারা সেই টাকা সমবায় সমিতিতে জমা দেয়। তার পরের প্রশ্নের উত্তরে বলেছি যে সমিতি সেই টাকা ফেরৎ দিয়েছে কিন্তু ৩৯ টাকা তাদের প্রত্যেকের নামে জমা আছে।

Shri Gour Chandra Kundu:
কেন জমা আছে?

The Hon'ble Abha Maiti:
সেটা সমিতি বলতে পারেন কেন সদস্যরা রেখেছেন, তা আমি বলতে পারি না।

Shri Gour Chandra Kundu:
এই সমিতির সেক্রেটারি কে?

The Hon'ble Abha Maiti:
আমি নোটিস চাই।

Shri Gour Chandra Kundu:
এই সমিতির যে সেক্রেটারি তিনি কি রিফিউজি?

Mr. Speaker:
উনি ত বলেছেন যে জানেন না।

Assessment list of Arangabad Union Board

***114.** (Admitted question No. *743.) **Shri Lutfal Haque:**

স্বায়ত্তশাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সুতি থানার ৫নং অরঙ্গাবাদ ইউনিয়ন বোর্ডের ১৩৬৯ সালের অ্যাসেসমেন্ট লিস্ট মঞ্জুরির জন্য কর্তৃপক্ষের নিকট কখন দাখিল হইয়াছে; এবং

(খ) তাহা অদ্যাবধি মঞ্জুরিপ্রাপ্ত হইয়াছে কি না?

The Hon'ble Saila Kumar Mukherjee:

(ক) ইং ১৯৬৩ সালের জানুয়ারী মাসে।

(খ) না, তবে মঞ্জুরী দানের ব্যবস্থা করা হইতেছে।

Shri Lutfal Haque:

এতদিন মঞ্জুর হয়নি কেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

মঞ্জুর হয় নি এই কারণে যে, উক্ত ইউনিয়ন বোর্ড নির্দিষ্ট দিনের এক বছর পরে লিস্ট পাঠিয়েছেন। এই বিলম্বের জন্য বোর্ডকে আইন অনুসারে জেলা শাসককে কারণ দর্শাতে হয়। এখন তারা সেটা পাঠিয়েছেন। সেজন্য মঞ্জুরের ব্যবস্থা হয়েছে।

Shri Lutfal Haque:

যে অ্যাসেসমেন্ট লিস্ট সাবমিট করা হয়েছে ফর অ্যাপ্রুভাল অ্যান্ড স্যাংশন এটা এর আগে সাবমিট করা হয়েছিল কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এটা মার্চ মাসের দুই তারিখে সাবমিট করা হয়েছে।

Shri Lutfal Haque:

তার আগে সাবমিট হয়েছিল কি এটা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

তার আগে আপনাকে বলেছি এক বছর আগে দেরী করে সাবমিট করা হয়েছিল বলে জেলা শাসক তাদের পত্র লেখেন।

Shri Lutfal Haque:

এটা সাবমিট করা হয়েছিল সার্কেল অফিসার-এর কাছে আপনি কি জানেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

না, আমি তা জানি না।

Shri Lutfal Haque:

তিনি এটা ফেরৎ দিয়েছিলেন এই গ্রাউন্ড দেখিয়ে যে স্কুলবোর্ড-এর বাজেটে যে টাকা ধার্য হয়েছে ডিস্ট্রিক্ট বোর্ড কি বলেছেন তার চেয়ে অনেক বেশী অ্যাপ্রুভ করতে হবে?

Stipends for the Pre-University and XI-Class Students

***115.** (Admitted question No. *849.) **Shri Monindra Bhusan Biswas:**

আদিবাসীকল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রি-ইউনিভার্সিটি মানে ছাত্রদের আদিবাসীকল্যাণ বিভাগ হইতে যে স্টাইপেন্ড দেওয়া হয় তাহা কি ইলেভেন ক্লাস মানের সমান;

(খ) যদি সমান না হয়, তবে বৈষম্যের কারণ কি;

(গ) প্রি-ইউনিভার্সিটি ও ইলেভেন ক্লাস মানে একই প্রকার স্টাইপেন্ড দেবার পরিকল্পনা সরকারের আছে কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

(ক) না।

(খ) প্রি-ইউনিভার্সিটি কলেজীয় শিক্ষা এবং ভারত সরকারের নির্দেশ ও নিয়মানুযায়ী ইহার জন্য বৃত্তি দেওয়া হয়। কিন্তু একাদশ শ্রেণী স্কুল পর্যায়ের শিক্ষা হওয়ায় ভারত সরকার ইহার জন্য কোন বৃত্তি দেন না, আদিবাসী-মঙ্গল বিভাগ কর্তৃক স্কুল পর্যায়ে প্রদত্ত সুযোগ-সুবিধাগুলিই এই শ্রেণীতে দেওয়া হয়। ভারত সরকারের বৃত্তি ও রাজ্য সরকার কর্তৃক প্রদত্ত বৃত্তি সমমূল্যের নহে।

(গ) ইলেভেন ক্লাসকে ভারত সরকারের বৃত্তির অন্তর্ভুক্ত করা ভারত সরকারের এক্তিয়ার ভুক্ত। ভারত সরকার ইহা বিবেচনা করিতেছেন কি না তাহা এই সরকারের জানা নাই। তবে উক্ত শ্রেণীর জন্য ভারত সরকারের অনুরূপ বৃত্তি দেওয়া বর্তমান আর্থিক অবস্থায় রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয়।

[12-20—12-30 p.m.]

Shrimati Santi Das:

ভারত সরকারের কাছে কি কোন আবেদন করা হয়েছে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

না।

Shri Sambhu Charan Ghosh:

আদিবাসী ছাত্রদের বৃত্তির পরিমাণ কত?

The Hon'ble Saila Kumar Mukherjee:

প্রি-ইউনিভার্সিটি ছাত্রদের ভারত সরকার প্রদত্ত সকল রকম কলেজ ফি যথা, মাইনে, ভর্তির ফি, বাৎসরিক সেসন চার্জ, পরীক্ষার ফি—ছাত্রাবাসে থাকিলে মাসিক ৪০ টাকা হিসাবে মেন্টেন্যান্স চার্জ আর বাড়ীতে থাকিলে ডে-স্কলারদের মাসিক ২৭ টাকা হিসাবে মেন্টেন্যান্স চার্জ—এ সম্পর্কে সমস্ত নিয়মাবলী আপনি প্রশ্ন করলে শিক্ষা বিভাগ থেকে দেওয়া হবে।

Shrimati Santi Das:

ইলেভেন ক্লাস-এর আদিবাসী ছাত্ররা স্টাইপেন্ড যাতে পেতে পারে তার জন্য আমাদের রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করবেন কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এই বৎসর আদিবাসী বিভাগে ইমার্জেন্সীর দরুন বাজেটে ব্যয়সঙ্কোচ হয়েছে, তাই রাজ্যসরকার মনে করেন এখন এই সমস্ত শ্রেণীর টাকা দেবার দায়িত্ব নিতে গেলে ভারত সরকার দেবেন না, কিন্তু যেমনি অবস্থা ফিরে আসবে তখন একাদশ শ্রেণীর ছাত্ররা যাতে পায় তার ব্যবস্থা করবার সংকল্প আমাদের আছে—অবশ্য এখনো আমরা কিছু করি নি।

Shrimati Santi Das:

মন্ত্রিমহাশয় জানাবেন কি ইন্ডিয়ান কনস্টিটিউশনএ যখন আদিবাসীদের প্রোটেকশন দেবার ব্যবস্থা আছে তখন এটা জানাতে কি আপত্তি থাকতে পারে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

কোন আপত্তি নাই, কিন্তু ইমার্জেন্সী সময়ে কেন্দ্রীয় সরকার সেটা নামঞ্জুর করতে পারেন—

Shri Manindra Mohan Biswas:

প্রি-ইউনিভার্সিটির মান আর একাদশ শ্রেণীর মান কি সমান মনে করেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

পুরিষ্কার আলাদা করা আছে।

Shri Sambhu Charan Ghosh:

একাদশ শ্রেণী এবং প্রি-ইউনিভার্সিটির খরচ এই দুটোই এক রকম এটা কি জানেন? .

The Hon'ble Saila Kumar Mukherjee:

এক রকম নয়, আলাদা।

Shri Sambhu Charan Ghosh:

আদিবাসী ছাত্রদের জন্য যে বৃত্তি দেওয়া হয় তার জন্য রাজ্যসরকার কত টাকা বরাদ্দ করে রেখেছেন? বরাদ্দ করা সমস্ত টাকা কি ছাত্রদের দিতে পেরেছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

পরশুদিন তো বলে দিয়েছি কত টাকা দেওয়া হয়, উপস্থিত এই প্রশ্নটার জবাব দিতে পারছি না। বরাদ্দকৃত সমস্ত টাকা দিতে পারি নি।

Shri Bhakti Bhusan Mandal: Supplementary, Sir.

Mr. Speaker: No more supplementary on this. We now pass on to the next question.

Shri Bhakti Bhusan Mandal: This is a very important question. With your permission, Sir, I may put a supplementary.

Mr. Speaker: I have already called the next question. No more supplementary now.

Distribution of relief in Mayna police-station

***116.** (Admitted question No. 870.) **Shri Ananga Mohan Das:**

ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ময়না থানার ২নং, ৩নং এবং ৫নং অঞ্চলে গত ১৯৬২ সালের সেপ্টেম্বর ও অক্টোবর এবং নভেম্বর মাসে রিলিফ বণ্টন করা হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে, (১) কি কি বিষয় বিবেচনা করিয়া ঐ রিলিফ বণ্টন হইয়াছে; (২) উক্ত অঞ্চলগুলিতে এই রিলিফ বণ্টনের ব্যাপারে অঞ্চল রিলিফ কমিটির কোন সভা হইয়াছিল কি না, এবং (৩) ময়না থানার বি ডি ও-এর নিকট এই রিলিফ বণ্টন ব্যাপারে রিলিফ কমিটির সদস্যগণ কোন অভিযোগ করিয়াছেন কি না?

Shrimati Shakila Khatun:

(ক) হ্যাঁ।

(খ) (১) রিলিফ ডিস্ট্রিক্ট এবং বিধান অনুসারে কোন ব্যক্তি সরকারী রিলিফ পাইবার যোগ্য কি না তাহা বিবেচনা করিয়া বণ্টন করা হয়েছে।

(২) হ্যাঁ।

(৩) হ্যাঁ।

Shri Ananga Mohan Das:

সেপ্টেম্বর মাসে যে রিলিফ বণ্টন করা হয়েছিল ময়না থানার ২।৩টি অঞ্চলে তার মধ্যে মরা লোকের নাম ছিল কি?

Shrimati Shakila Khatun:

না।

Shri Ananga Mohan Das:

মরা লোক ছিল বলে যদি কোন অভিযোগ আসে তাহলে তদন্ত করবেন কি?

Shrimati Shakila Khatun:

নিশ্চয়ই করব।

Shri Ananga Mohan Das:

রিলিফ কমিটি রিলিফ বণ্টন ছাড়া টেস্ট রিলিফ-এর কাজে এবং লোন বণ্টন বিষয়ে উপদেশ দেবেন কি না, টেস্ট রিলিফ স্কীম মঞ্জুর করার বিষয়ে তাদের মতামত দেওয়া হবে কি না?

The Hon'ble Abha Maiti:

মাননীয় সদস্যদের অবগতির জন্য আমি জানাচ্ছি কি কি কাজ রিলিফ কমিটির করতে হয় একটা প্রাইওরিটি লিস্ট করা কারা জি আর পাবে, একটা প্রাইওরিটি লিস্ট তৈরী করা এগ্রিকালচারাল এবং অন্যান্য লোনের ব্যাপার, কারা পাবার উপযুক্ত তার প্রাইওরিটি লিস্ট তৈরী করা, এ ছাড়া বিভিন্ন টেস্ট রিলিফ স্কীম সম্পর্কে তাদের পরামর্শ দেওয়া কিম্বা সে রকম স্কীম নেওয়া হলে সেগুলি পরীক্ষা করা, এ ছাড়া টেস্ট রিলিফএর কাজ যারা করবে তারা উপযুক্ত কি না সেটাও এঁরা দেখবেন, এ ছাড়া ফ্যামিলি আইডেন্টিটি কার্ড-এর প্রাইওরিটি লিস্ট—মোটামুটিভাবে এই সমস্ত কাজ তাঁদের করতে হয়।

Shri Ananga Mohan Das:

ময়না থানার ২৬৩নং ইউনিয়নে গত ২ মাস ধরে রিলিফ কমিটির মিটিং হচ্ছে না এরকম অভিযোগ পেয়েছেন?

Shrimati Shakila Khatun:

না।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রীমহোদয়া বলবেন কি রিলিফ কমিটির রেকমেন্ডেশন রিগার্ডিং জি আর লিস্ট অ্যান্ড আদার লিস্টস—এটা কি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ স্বভাবতই গ্রহণ করে থাকেন, না সেজন্য তাদের নিজস্ব বিচার-বিবেচনা আছে?

The Hon'ble Abha Maiti:

আমি আগেই জানিয়েছি এই কমিটিগুলি অ্যাডভাইসরি ধরনের, সুতরাং বেশির ভাগ ক্ষেত্রেই তাদের পরামর্শ নিতে হয়, সেই লিস্ট কর্তৃপক্ষ চেক্ আপ করেন, মোটামুটি তাঁরা যা করে দেন সেটাই গ্রহণ করা হয়।

Shri Deb Saran Ghosh:

রিলিফ কমিটিতে যাঁরা মনোনীত হন তাঁরা কমপক্ষে কত জন এবং বেশি সংখ্যা কত?

The Hon'ble Abha Maiti:

রিলিফ কমিটিতে ২ জন গভর্নমেন্ট নমিনি থাকবেন, লোকাল এম এল এ থাকবেন, অঞ্চল প্রধান থাকবেন, ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট থাকবেন।

Shri Balai Lal Das Mahapatra:

রিলিফ কমিটি যে প্রাইওরিটি তৈরি করেন সেই অনুসারে রিলিফ দেওয়া হয়? আমি জানতে চাচ্ছি সরকার থেকে নির্দিষ্ট করা ওয়ান পারসেন্ট, হাফ পারসেন্ট এইভাবে দেওয়া হয়, না, প্রকৃত দুঃস্থদের দেওয়া হয়।

The Hon'ble Abha Maiti:

মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন ঐরকম ক্যাটেগরির লোক প্রায় ইউনিয়নে থাকে, কিন্তু এই রকম কিছু ওয়ান পারসেন্ট, টু পারসেন্ট সরকার থেকে নির্ধারণ করে দেওয়া হয় না, স্থানীয় অবস্থা অনুসারে করা হয়।

Shri Abdul Bari Moktar:

এই কথা কি জানেন যে, স্থানীয় বি ডি ও-রা রিলিফ কমিটির চেয়ারম্যানকে নির্দেশ দেন টু পারসেন্ট, ফোর পারসেন্ট করে দেবার জন্য?

The Hon'ble Abha Maiti:

স্থানীয় অবস্থা বিবেচনা করে স্থানীয় অফিসার দিতে পারেন।

Shri Jamini Bhusan Saha:

মন্ত্রিমহাশয় বলবেন কি রিলিফ কমিটি যে সমস্ত রিলিফ রেকমেন্ড করেন সেটাই চূড়ান্ত, না বি মহকুমাশাসক সেটা বদল করতে পারেন?

The Hon'ble Abha Maiti:

রিলিফ কমিটি হচ্ছে অ্যাডভাইসরি কমিটি, সবটা গ্রহণ করাও যেতে পারে আবার নাও গ্রহণ করা যেতে পারে, তবে সাধারণত রিলিফ কমিটি যা রেকমেন্ড করেন সেটাই গ্রহণ করা হয়।

[12-30—12-40 p.m.]

ডাঃ গোলাম ইয়াজদানি: আপনি বললেন যে কোন পারসেন্টেজ বেঁধে দেওয়া হয় না—কোন ক্যাটিগরিতেই কি এটা বেঁধে দেওয়া হয় না?

দি অনারেবল আভা মাইতি: মোটামুটি যে ক্যাটিগরীতে জি আর দেওয়া প্রয়োজন বলে মনে হয় সেখানেই দেওয়া হয়, এর জন্য কোন ক্যাটিগরি বেঁধে দেওয়া হয় না।

ডাঃ গোলাম ইয়াজদানি: ৭টা ক্যাটিগরীতে সাধারণত লোকেরা যে সমস্ত জি আর পায়-কিন্তু এখন শুনছি যে মাত্র ৪টে ক্যাটিগরির লোক পাবে এটা কোন নীতিতে করছেন?

দি অনারেবল আভা মাইতি: স্থানীয় অফিসাররা বিবেচনা করে এটা করেন।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: রিলিফ কমিটি যেটা রেকমেন্ড করে সেই রেকমেন্ডেশন অনুযায়ী দেওয়া হয় এটাই হচ্ছে নিয়ম—কিন্তু সেই রেকমেন্ডেশন অনুসারে যে দেওয়া হয় না সেটা কি জন্য আছে?

দি অনারেবল আভা মাইতি: অ্যাডভাইসরী নেচারে সাধারণত দেওয়া হয়, যদি কোন জায়গায় বা অনেক জায়গায় অনুপযুক্ত নামের লিস্ট আছে স্থানীয় অফিসার যদি মনে করেন তাহলে নিশ্চয় তাদের নাম তা থেকে বাদ দেওয়া হবে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: স্থানীয় অফিসাররা কি নীতিতে এই সব কাজ করেন?

The Hon'ble Abha Maiti: It is a matter of opinion.

(Shri Sailendra Nath Adhikary rose to speak.)

Mr. Speaker: That question has been sufficiently answered. Next question.

President of the Rangamati-Chandpara Union

***117.** (Admitted question No. *888.) **Shri Sanat Kumar Raha:** ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় রাঙামাটি-চাঁদপাড়া (বহরমপুর থানা) ইউনিয়নের কোন নির্বাচিত প্রেসিডেন্ট আছেন কি; এবং

(খ) উক্ত ইউনিয়ন রিলিফ কমিটির সভাপতির কাজ কে করিতেছেন?

The Hon'ble Abha Maiti:

(ক) না।

(খ) বর্তমানে ইউনিয়ন বোর্ডের কোন নির্বাচিত সভাপতি না থাকায় ইউনিয়ন রিলিফ কমিটির জন্য প্রতি অধিবেশনে কমিটির জন্য চারজন সদস্য তাহাদের নিজেদের মধ্য হইতে একজনকে সেই অধিবেশনের সভাপতি হিসাবে নির্বাচিত করিয়া রিলিফ কমিটির কার্য পরিচালনা করেন।

শ্রীসনৎ রাহা: রাঙামাটি চাঁদপাড়া ইউনিয়নে সভাপতির অবর্তমানে যে কাজ করছে সেটা গত বছর থেকে চলে আসছে- কিন্তু কেন?

দি অনারেবল আভা মাইতি: ১৯৫৮ সালে ইউনিয়ন বোর্ডের নির্বাচন হয়েছিল এবং সেই নির্বাচনে যিনি প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছিলেন পরে তার ইলেকশান ক্যানসেল হয়ে যায় এবং তার পর নানা রকম মামলা মকর্দমার ভেতর দিয়ে যায় এটাই আমাদের কাছে সংবাদ আছে।

শ্রীসনৎকুমার রাহা: গত ৫ বছর ধরে সভাপতির অবর্তমানে রিলিফ কমিটির কাজে যে অনেক বিশৃঙ্খলা ঘটছে সে সম্পর্কে কোন রিপোর্ট আছে কি?

দি অনারেবল আভা মাইতি: এ রকম কোন রিপোর্ট জানা নেই।

শ্রীসনৎকুমার রাহা: রিলিফ কমিটিতে স্থানীয় এম এল এ-দের প্রতিনিধি হিসাবে যাদের মনোনয়ন করে নাম পাঠানো হয়েছিল তাদের নাম এ্যাপ্রুভ করা হয়েছে কি?

দি অনারেবল আভা মাইতি: এখন বলতে পারবো না।

শ্রীঅভয়পদ সাহা: মাননীয় মন্ত্রী মহাশয় এখানে বললেন যে স্থানীয় এম এল এ-রা ঐ রিলিফ কমিটির মেম্বার থাকেন কিন্তু তাঁর কি জানা আছে যে এমন অনেক থানা আছে যে থানার অধীনে রিলিফ কমিটি আছে অথচ সেখানে লোকাল এম এল এ মেম্বার নন?

দি অনারেবল আভা মাইতি: আমার জানা নেই।

Rangamati-Chandpara Union Board

***118.** (Admitted question No. *913.) **Shri Sanat Kumar Raha:** স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুর থানার রাঙামাটি-চাঁদপাড়া ইউনিয়নের জন্য ইউনিয়ন বোর্ডের নির্বাচন কবে হইবে; এবং

(খ) বর্তমানে উক্ত ইউনিয়ন বোর্ডের পরিচালনাভার কাহার উপর সরকারীভাবে ন্যস্ত হইয়াছে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: (ক) রাজ্যের বর্তমান সমস্ত ইউনিয়ন বোর্ডেরই অঞ্চল পঞ্চায়েতে রূপান্তরের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। তবে বর্তমান আপৎকালীন পরিস্থিতির জন্য ইউনিয়ন বোর্ডের বা পঞ্চায়েতের নির্বাচন আপাততঃ স্থগিত রহিয়াছে।

(খ) ইউনিয়ন বোর্ডের কর্মচারী ও দফাদার চৌকিদারগণের মাহিনা প্রদানের এবং ট্যাক্স আদায়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা হিসাবে বঙ্গীয় গ্রাম্য স্বায়ত্তশাসন আইনের ৫৪(১) ধারা মতে একজন অফিসারকে নিযুক্ত করা হইয়াছে।

শ্রীসনৎকুমার রাহা: রাঙ্গামাটি ইউনিয়নে পাঁচ বছর ধরে সভাপতি বিহীন হয়ে আছে - এখন চার পাঁচ মাস না হয় জরুরী অবস্থা চলছে কিন্তু এর আগে কোন নির্বাচনের ব্যবস্থা কেন করা হয় নি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: আমি আপনাদের অবগতির জন্য জানাচ্ছি মুর্শিদাবাদ জেলার রাঙ্গামাটি চাঁদপাড়া ইউনিয়ন বোর্ডের সাধারণ নির্বাচন ১৯৫৮ সালের ডিসেম্বর মাসে অনুষ্ঠিত হয় এবং ১৯৫৯ সালের ফেব্রুয়ারী মাসে নির্বাচিত সভ্যগণ নূতন প্রেসিডেন্ট নির্বাচন করেন। কিন্তু ১৯৫৯ সালের জুন মাসে অতিরিক্ত জেলা শাসকের আদেশের বলে উক্ত বোর্ডের এবং ওয়ার্ড হইতে নির্বাচিত প্রেসিডেন্টের সভ্যপদ ও প্রেসিডেন্টের সভ্যপদ যুগপৎ বিলুপ্ত হয়। অতঃপর বোর্ডের অবশিষ্ট সভ্যগণের মধ্য হইতে অপর একজন প্রেসিডেন্ট নির্বাচনের জন্য অতিরিক্ত জেলাশাসক যে হুকুম দেন তাহার বিরুদ্ধে আদালতের আদেশ বলে পুরাতন ও নূতন উভয় প্রেসিডেন্টের বোর্ডের কার্যাদির পরিচালনা করিবার ক্ষমতা লোপ পায়। উক্ত বোর্ডের কার্য পরিচালনায় এই প্রকার অচলাবস্থার সৃষ্টি হইলে বোর্ডের কর্মচারী, চৌকিদার ও দফাদারদের মাহিনা দেওয়া ও ট্যাক্স আদায়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা হিসাবে ১।১০।৫৯ তারিখ হইতে বঙ্গীয় গ্রাম্য স্বায়ত্তশাসন আইনের ৫৪(১) ধারা মতে একজন স্থানীয় অফিসারকে নিযুক্ত করা হইয়াছে।

শ্রীসনৎকুমার রাহা: এই ইউনিয়নে ১৯৬০ সালের পর থেকে ১৯৬৬ সাল পর্যন্ত যেসব মামলা দিয়েছিল সে সব নিষ্পত্তি হয়েছে কি না?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: কি কারণে কবে জেলাশাসকের হুকুম আদালতের হুকুম ও আইন অনুসারে সেটা বাতিল হয়ে গেছে।

শ্রীসনৎকুমার রাহা: সেখানে একজনের উপর দায়িত্ব দেওয়া থাকছে আমি জানি ঐ এলাকায় ১৯ লক্ষ লোকের বাস - সেই ইউনিয়ন পরিচালনা কার্য অফিসার যথোচিতভাবে করতে পারছেন না এই বিষয়ে কোন জনপ্রতিনিধি সরকারের কাছে এসেছেন কি না?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: আমার জানা নেই আদালতের হুকুম অনুসারে এটা হয়েছে।

শ্রীসনৎকুমার রাহা: যে একজন কর্মচারীর হাতে ইউনিয়নের পরিচালনার দায়িত্ব দেওয়া আছে সেই একজনের পক্ষে সেই কাজ সুষ্ঠু ভাবে চলে না - এটা কি বোঝেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: আপনি সমস্ত বিষয়টা ভাল করে বুঝুন একজন কর্মচারীকে ভার দেওয়া হয়েছে আইন অনুসারে তা না হলে গরীব দফাদার, চৌকিদার মাইনে পাবে না শুধু সে নির্দিষ্ট কাজের জন্য আইনের ধারা অনুসারে সমস্ত ইউনিয়ন বোর্ড পরিচালনার দায়িত্ব সেই অফিসারের নেই।

Unstarred questions to which Written Answers were laid on the table

Memorial on the birth place of Pandit Madan Mohan Tarkalankar

374. (Admitted question No. 122.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

বাংলা সাহিত্যের অন্যতম স্রষ্টা পণ্ডিত মদনমোহন তর্কালঙ্কার মহোদয়ের জন্মভিটায় নদিয়া জেলার বেথুয়াডহরির নিকটস্থ কাঁঠালবেড়িয়া গ্রামে স্মৃতিরক্ষার কোন ব্যবস্থা অবলম্বিত হইয়াছে কিনা?

The Minister for Public Works:

না।

Pilot Scheme in the native village of Pandit Madan Mohan Tarkalankar

375. (Admitted question No. 122A.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Community Development and Extension Service Department be pleased to state—

বাংলা সাহিত্যের অন্যতম স্রষ্টা পণ্ডিত মদনমোহন তর্কালঙ্কার মহোদয়ের জন্মভিটা নদিয়া জেলার বেথুয়াডহরির নিকটস্থ কাঁঠালবেড়িয়া গ্রামটিতে কোন পাইলট স্কীমের অংশরূপে গণ্য করতঃ একটি আদর্শ গ্রামরূপে গড়িয়া তোলার পরিকল্পনা সরকারের আছে কিনা;

The Minister for Community Development and Extension Service:

না।

Roads in Mogra police-station of Hooghly district

376. (Admitted question No. 248.) **Shri Shambhu Charan Ghosh:** উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হুগলী জেলায় মগরা থানার অন্তর্গত নিম্নলিখিত রাস্তাগুলির অবস্থা খুব খারাপ;

(১) মগরা হইতে বিশপাড়া যাওয়ার পথ;

(২) মগরা হইতে পুনসুর যাওয়ার পথ;

(৩) আসাম লিংক হইতে গজঘণ্টা গ্রামে যাওয়ার পথ;

(৪) ত্রিবেণী হইতে বাসুদেবপুর কলোনীর পথ;

(৫) জি টি রোড হইতে নাকশার চলাচল পথ;

(৬) জি টি রোড হইতে শিয়ালডাংগা গ্রামে এবং দিগসুই গ্রাম হইতে বাগড়ী গ্রামে চলাচলের কোন পথ নাই?

(খ) অবগত থাকিলে, ইহার প্রতিবিধানের জন্য সরকার কি অবিলম্বে কোন ব্যবস্থা অবলম্বন করিবেন?

The Minister for Development (Roads):

(ক) ও (খ) মগরা-বিশপাড়া রাস্তাটি তৃতীয় পরিকল্পনায় গ্রহণ করা হইয়াছে। দিগসুই হইতে বাগড়ী পর্যন্ত রাস্তাটি স্থানীয় অধিবাসীদের সহযোগিতায় সরকার কর্তৃক নির্মাণ করা হইতেছে।

বাকী রাস্তাগুলি স্থানীয় স্বায়ত্তশাসন সংস্থার অধীন গ্রাম্য রাস্তা। এই রাস্তাগুলি বর্তমান আর্থিক অবস্থায় সরকার কর্তৃক নির্মাণ বা উন্নয়ন করা সম্ভব নয়।

Expenditure on C.V.R. Scheme in Jhargram subdivision, Midnapore

377. (Admitted question No. 306.) **Shri Surendra Nath Mahato:** পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৫৭-৫৮, ১৯৫৮-৫৯, ১৯৫৯-৬০, ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ সালে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় কোন্ থানায় সি ভি আর স্কীম-এ কত টাকা ব্যয় হইয়াছে; এবং

(খ) ঐ স্কীমে কোন থানায় কি কি কাজ হইয়াছে?

(গ) ১৯৬২-৬৩ সালে সরকার উক্ত মহকুমায় উক্ত স্কীমের জন্য কত টাকা বরাদ্দ করিয়াছেন?

(ঘ) ১৯৬২-৬৩ সালে কোন্ থানায় কয়টি স্কীম সুপারিশ করা হইয়াছে?

(ঙ) উহার মধ্যে সরকার কতগুলি মঞ্জুর করিয়াছেন?

The Minister for Public Works:

(ক) ১৯৫৭-৫৮, ১৯৫৯-৬০, ১৯৬১-৬২—কিছুই না।

১৯৫৮ ৫৯

ঝাড়গ্রাম থানা--৬,২০৮ টাকা

জামবনি থানা--৫,৬৬৭ টাকা

নয়াগ্রাম থানা ৯,৯৫২ টাকা

সাঁকরাইল থানা ১১,৮৪০ টাকা

১৯৬০-৬১

সাঁকরাইল থানা—১৯,৯০৬ টাকা

নয়াগ্রাম থানা- ৯,৪৩৪ টাকা

১৯৬২-৬৩

সাঁকরাইল থানা—২৬,৭৮১ টাকা

(খ)

ঝাড়গ্রাম থানা

(১) ঝাড়গ্রাম বাজার হইতে শিল্পমন্দির পর্যন্ত রাস্তা;

(২) ঝাড়গ্রাম-কোনাডোবা রাস্তার উপর 'কজওয়ে'।

জামবনি থানা

(৩) চিল্কিগড়-বাঘাখন্দর রাস্তার উপর 'কজওয়ে'।

নয়াগ্রাম থানা

(৪) খরিকা-পলাশমুণ্ডি রাস্তা।

(৫) চুংখুলিয়া-আঝাঝিয়া রাস্তা।

সাঁকরাইল থানা

(৬) কুকুরমানি-কাটপাড়ি রাস্তা।

(৭) ফুলটিকরি-হেটাসোল রাস্তা।

(৮) বাক্‌রা-গোলাই রাস্তা।

(৯) দুধকুণ্ডী-রোহিণী রাস্তা।

(গ) মহকুমাপিছু কোন বায়বরাদ্দ করা হয় না।

(ঘ)

সাঁকরাইল থানা

৫৫,২২৪ টাকায় একটি স্কীম।

ঝাড়গ্রাম থানা

৮২,৬৯৫ টাকায় দুইটি স্কীম।

গোপিবল্লভপুর থানা

৪২,১০৮ টাকায় একটি স্কীম।

জামবনি থানা

৩৯,৯৪০ টাকায় একটি স্কীম।

(ঙ) এখন পর্যন্ত একটিও না।

Subdivisional and Rural Libraries in West Bengal

378. (Admitted question No. 406.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of Education Department be pleased to state—

(a) how many Subdivisional and Rural Libraries are there in West Bengal;

(b) how many villages are covered by Rural Libraries; and

(c) how many employees are appointed by Government for Library movements in West Bengal?

The Minister for Education: (a) Ten Subdivisional Libraries have been sanctioned in 1962-63. Five hundred and four Rural Libraries of which 464 are functioning.

(b) About 2,320 villages.

(c) The District Social Education Officer is responsible for the promotion of library movement in the district: but the libraries, being sponsored institutions, Government do not employ their staff They are appointed by the library authortiies.

Gopiganj-Kalmijor Road, Midnapore

379. (Admitted question No. 514.) **Shri Mrigendra Bhattacharyya:**

উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত গোপীগঞ্জ হইতে কল্মীজোল রাস্তা (মেদিনীপুর জেলার দাসপুর থানার অন্তর্গত) নির্মাণের জন্য সার্ভে কাজ শেষ হইয়াছে কিনা;

(খ) এ রাস্তা কোন্ কোন্ মৌজার উপর দিয়া নির্মিত হইবে;

(গ) রাস্তা নির্মাণের কাজ কবে আরম্ভ হইবে; এবং

(ঘ) মেদিনীপুরের সহিত সোজা যোগাযোগের জন্য মেদিনীপুর হইতে লঙ্কাগড় পর্যন্ত নির্মিত রাস্তার সহিত উক্ত রাস্তাটি সংযুক্ত করার কোন প্রস্তাব আছে কি?

The Minister for Development (Roads):

(ক) না।

(খ) ইহা সার্ভে করার পর স্থির করা হইবে।

(গ) তৃতীয় পরিকল্পনার জন্য নির্ধারিত সময়ের মধ্যে।

(ঘ) না।

Alleged theft of cement

380. (Admitted question No. 534.) **Shri Sanat Kumar Raha:** শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি - বহরমপুর শহরে গোরাবাজার আই সি ইনস্টিটিউট-এর গৃহনির্মাণের ব্যাপারে সিমেন্ট চুরি প্রভৃতি বিষয়ে যে দুর্নীতির তদন্ত হইয়াছে তাহার ফলাফল কি?

The Minister for Education:

সিমেন্ট চুরির বিষয়ে কোন অভিযোগ পাওয়া যায় নাই এবং তদন্তও হয় নাই।

হিউম্যানিটিজ ব্লক নির্মাণের ব্যাপারে একটি অভিযোগ পাওয়া গিয়াছে। ঐ বিষয়ে অনুসন্ধান করা হইতেছে।

Khukurdaha Bridge on Chatal-Panskura Road, Midnapore

381. (Admitted question No 650.) **Shri Nagen Dolui:** উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মেদিনীপুর জেলার ঘাটাল-পাঁশকুড়া রোডে খুকুরদহ সেতুটির নির্মাণকার্য কবে আরম্ভ হইয়াছে এবং কবে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Development (Roads):

সেতুটির নির্মাণকার্য ১৯৫৮ সালের নভেম্বর মাসে আরম্ভ হইয়াছে এবং উহা আগামী জুলাই মাসে শেষ হইবে বলিয়া আশা করা যাইতেছে।

Chatal Rabindra Satavarshiki Mahavidyalaya, Midnapore

382. (Admitted question No. 651.) **Shri Nagen Dolui:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমার ঘাটাল রবীন্দ্র শতবার্ষিকী মহাবিদ্যালয়ের উন্নতির জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে; এবং

(১) ঐ টাকা কত তারিখের মধ্যে পাওয়া যাইতেছে,

(খ) উক্ত কলেজের ছাত্রদের হোস্টেলের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে,

(গ) উক্ত কলেজটিতে বিজ্ঞান বিভাগ খুলিবার কোন আশু প্রস্তাব আছে কি?

The Minister for Education:

(ক) ও (১) কলেজটি নতুন স্থাপিত হইয়াছে। এখন পর্যন্ত সরকার ঐ কলেজের জন্য কোন টাকা মঞ্জুর করেন নাই। উপস্থিত এই কলেজের বাড়ি নির্মাণ ইত্যাদি বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

(খ) এই কলেজের ছাত্রাবাস নির্মাণের জন্য প্ল্যান, এস্টিমেট ইত্যাদি সহ কোন দরখাস্ত প্রাপ্ত হওয়া যায় নাই।

(গ) সরকার অবগত নহেন।

Road from Hareknagar Chowrasta to the interior of Beldanga police-station, Murshidabad

383. (Admitted question No. 657.) **Shri Deb Sharan Ghosh:** উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার হরেকনগর চৌরাস্তা হইতে বেলডাঙ্গা অভ্যন্তরের রাস্তাটি পাকা করার পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে উহার কাজ কবে হইতে শুরু হইবে?

The Minister for Development (Roads):

(ক) বেলডাঙ্গা থানায় বেলডাঙ্গা হইতে হরেকনগর চৌরাস্তা হইয়া আমতলা ও পাটকাবাড়ি পর্যন্ত রাস্তাটি ইতিমধ্যে পাকা করা হইয়াছে। ইহা ছাড়া হরেকনগর চৌরাস্তা হইতে অন্য কোন রাস্তা পাকা করিবার পরিকল্পনা বর্তমানে সরকারের নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

Sarbangpur Road in Reginagar police-station, Murshidabad

384. (Admitted question No. 658.) **Shri Deb Sharan Ghosh:**

উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার অন্তর্গত রেজিনগর রেলওয়ে স্টেশন হইতে নওদা থানার সরবাঙ্গপুর পর্যন্ত রাস্তাটি পাকা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, কোন্ বছর উহার কার্য শুরু হইবে?

The Minister for Development (Roads):

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

Rangamati-Chandpara Union, Murshidabad

385. (Admitted question No. 677.) **Shri Sanat Kumar Raha:** কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ রাঙ্গামাটি চাঁদপাড়া ইউনিয়নে বীজ ও সার সরবরাহ করিবার কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) ব্যবস্থা না থাকিলে, এ বিষয়ে সরকার কি করিতেছেন?

The Minister of State for Agriculture:

(ক) মুর্শিদাবাদের রাঙ্গামাটি চাঁদপাড়া ইউনিয়নের বীজ সরবরাহের ব্যবস্থা আছে। উক্ত ইউনিয়নে সার বিতরণের কোন কেন্দ্র নাই, বহরমপুরের এবং নিকটবর্তী কেন্দ্র হইতে ঐ ইউনিয়নে সার সরবরাহ করা হইয়া থাকে।

(খ) প্রশ্ন উঠে না।

Persons arrested under D. I. Rules in the district of Midnapore

386. (Admitted question No. 694.) **Shri Nagen Dalui:**
স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ডি আই রুলস অনুযায়ী ধৃত ব্যক্তিদের কোন গ্রেপ্তারী পরোয়ানা আছে কি; এবং

(খ) যদি থাকে তা হলে তাহাদের মধ্যে কতজনের বিচার শুরু হয়েছে?

The Minister for Home (Special):

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না। তবে বিনা পরোয়ানায় ধৃত ২৭ জন বন্দীর ভিতর ১৮ জনের বিচার চলিতেছে, ১ জনের সাজা হইয়াছে এবং বাকি ৮টি কেস-এ তদন্ত চলিতেছে।

Grant to Mohanbati High School for Girls

387. (Admitted question No. 705.) **Shri Birendra Kumar Maitra:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state if it is a fact that in 1961-62 a sum of Rs. 35,000 (rupees thirty-five thousand) was sanctioned by Refugee Relief and Rehabilitation Department (Government of India) through Education Department (Government of West Bengal) to Mohanbati High School for Girls?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the location of the school; and

(ii) the name and address of the person who drew the said amount?

The Minister for Education: (a) Government of India, Ministry of Rehabilitation, sanctioned a capital grant of Rs. 35,000 (rupees thirty-five thousand) to Mohanbati High School, West Dinajpur. The word "Girls" was, however, inserted within bracket, through inadvertence. This was subsequently corrected by issue of a corrigendum.

(i) Does not arise.

(ii) Shri Hirendra Chandra Das, Secretary, Mohanbati High School for Boys, P.O. Raiganj, West Bengal, drew the said amount on execution of a Deed of Acceptance signed by all the Members of the Managing Committee.

Pucca bridge over Bhairab river at Kaladanga, Murshidabad

388. (Admitted question No. 707.) **Shri Abdul Bari Moktar:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Development (Roads) Department be pleased to state whether there is any proposal for constructing a pucca bridge over the Bhairab river at Kaladanga in the district of Murshidabad?

(b) if the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the probable date of starting such works; and

(ii) the estimate for the work?

The Minister for Development (Roads): (a) No.

(b) Does not arise.

Gorabazar I. C. Institute

389. (Admitted question No. 731.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether it is a fact that a few residents of Gorabazar, Berhampore Town, made some serious complaints regarding the management of school property of the Gorabazar I. C. Institute against its Secretary on 27th October 1962 to the Director of Public Instruction; and

(b) if so, what steps, if any, have been taken so far by the Director of Public Instruction on the said complaint?

The Minister for Education: (a) Yes.

(b) Executive Engineer, Construction Board (Education Unit), has been requested to enquire into the matter and submit a report.

Secretariat Departments to supply replies to Starred Questions on the previous day

Mr. Speaker: I wish to draw the attention of the Hon'ble Ministers that answers to starred questions are not received in my Secretariat on the previous day as was the former practice. Even so answers to 7 out of 13 starred questions fixed for 21st March i.e., yesterday had not been received at all. This means that the members cannot examine them in the Library half an hour before the sitting for the purpose of preparing their supplementaries nor can I regulate them in the absence of the answers.

I would, therefore, request the Hon'ble Ministers to see that answers to starred questions are sent to my Secretariat on the previous day according to the former practice.

The Hon'ble Prafulla Chandra Sen: This will be done in future.

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received two calling attention notices on the following subjects:

(1) Propaganda by one Shri Puspa Chatterjee of Midnapore about the unsatisfactory food situation—by Shri Ananga Mohan Das, and

(2) Seizure of old weights from the poor traders in Contai, district—Midnapore—by Shri Sudhir Chandra Das.

I have selected the notice of Shri Sudhir Chandra Das on the subject of seizure of old weights from the poor traders in Contai in Midnapur.

The Hon'ble Minister-in-charge will please make a statement today or give me a date on which the statement will be given.

The Hon'ble Jagannath Kolay: The statement will be made on Tuesday.

GOVERNMENT BUSINESS

FINANCIAL

Supplementary Estimates for the year 1962-63

[12-40—12-50 p.m.]

The Hon'ble Sankardas Banerji: Mr. Speaker, Sir, I beg to present under the provisions of Article 205 of the Constitution a statement showing the estimated supplementary expenditure for the year 1962-63.

The total amount covered by the present supplementary estimate is Rs. 6,72,81,567 of which the voted items account for Rs. 6,37,98,250 and the charged items Rs. 34,83,317.

Of the voted items the largest demand is under the head "64- Famine Relief". The additional demand under this head is for Rs. 2,64,09,000 which is necessary mainly for meeting the cost of relief operations necessitated by floods and droughts in some districts and also for adjustment of some arrear food debits on account of supplies previously obtained for gratuitous relief. The next highest demand is for Rs. 1,70,60,000 under the head "71—Miscellaneous —Contributions" which is mainly due to a contribution of 1.5 crores to the National Defence Fund. The demand of Rs. 50,06,000 under "23 Police" is mainly due to larger provision for payment of arrears under the revised scales of pay, creation of new posts and replacement of large number of police vehicles. The demand of Rs. 33,03,000 under the new major head "78A —Expenditure connected with the National Emergency, 1962" is for meeting the requirements for the various Civil Defence measures already adopted and likely to be adopted by the State Government on account of the National Emergency. The additional demand of Rs. 29,10,000 under "28—Education" is for meeting the charges for increased salaries to teachers of Primary (including Basic) Schools owing to improvement in their scales of pay. The reasons for excess demand in respect of each head have been indicated in the booklet "Supplementary Estimates" presented to the House. The Minister-in-charge of different departments will go into these in further detail, if necessary.

The charged provisions amount to Rs. 34,83,317 under different heads of which the additional provision of Rs. 16,64,000 under "16--Interest on Debt and other obligations" is mainly due to payment of interest on various types of loans taken from the Central Government, Life Insurance Corporation and other sources. Reasons in further detail have been given under each head in the "Supplementary Estimate".

With these words, Sir, I present the Supplementary Estimates for the year 1962-63.

BUDGET OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR 1963-64

VOTING ON DEMAND FOR GRANT

Demand for Grant No. 46

Major Head: 78A—Expenditure connected with the National Emergency, 1962

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,66,02,000 be granted for expenditure under Grant No. 46, Major Head: "78A—Expenditure connected with the National Emergency, 1962".

এই হেড্‌ আগে একেবারে ছিল না। এই চলতি বছরে ১৯৬২-৬৩ সালে আমরা এই খাতে রেখেছিলাম ৩৩ লক্ষ ৩ হাজার টাকা, এবং ইতিমধ্যে প্রায় ২৫ লক্ষ টাকা ব্যয় হয়ে গিয়েছে। তাতে আমাদের জাতীয় রক্ষী বাহিনীতে ৭ হাজার কর্মীকে ডেকেছি, তার জন্য ব্যয় হয়েছে ১৪ লক্ষ ৫৯ হাজার টাকা। এই ৭ হাজার রক্ষী বাহিনী বিভিন্ন জায়গায় নিযুক্ত আছে এবং কাজ করছেন। আমরা ইতিমধ্যে সিভিল ডিফেন্স-এর জন্য যে সমস্ত ব্যবস্থা অবলম্বন করেছি তাতে পুরাতন ধাঁচে করতে হয়েছে। কিন্তু এখন আমাদের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নূতন ভাবে কি কি সিভিল ডিফেন্স-এর কাজ আরম্ভ করা হবে তার জন্য নির্দেশের অপেক্ষায় আছি। তবে ইতিমধ্যে ট্রেনিং-এর কাজ অনেক দূর এগিয়ে গিয়েছে। কেননা, অধ্যক্ষ মহাশয়, ট্রেনিং যদি আমরা দিতে না পারি তাহলে কাজ সুষ্ঠুভাবে করা সম্ভবপর হবে না। ট্রেনিং-এর জন্য কিছু কিছু ইকুইপমেন্ট, সাজসরঞ্জাম আমাদের প্রয়োজন। আমরা দুটো ট্রেনিং কেন্দ্র উদ্বোধন করেছি, একটা কলকাতায়, আর একটা বেহালাতে; এবং এই কয়েক মাসের মধ্যে আমরা ৩৬১ জন ট্রেনার তৈরী করেছি। অর্থাৎ আমরা ট্রেনারদের শিখিয়ে নিয়েছি। এই ৩৬১ জন ট্রেনার বিভিন্ন জায়গায় গিয়ে সিভিল ডিফেন্স-এর কাজ সম্বন্ধে লোককে ট্রেনিং দেবেন। এ ছাড়া সিভিল ডিফেন্সের কাজ করবার জন্য স্বেচ্ছাসেবক সংগ্রহ করছি। ইতিমধ্যে আমরা ১৭,৫৪৮ জন স্বেচ্ছাসেবক সংগ্রহ করতে পেরেছি, যদিও আমাদের টার্গেট হচ্ছে আপাতত ১,৭৩,৫০০ জন। এই সকল স্বেচ্ছাসেবকদের আমরা কোন বেতন দেবো না। আমরা যে সমস্ত কাজ করবো তার জন্য যদিও এখানে রাখা হয়েছে ১ কোটি, ৬৬ লক্ষ ২ হাজার টাকা, এর থেকে স্বেচ্ছাসেবকদের বেতন দেবার জন্য নয়। আমাদের অবশ্য, অনেক ইকুইপমেন্ট কিনতে হবে এবং অন্যান্য কাজ করতে হবে, আমাদের কিছু কিছু নলকূপ বসাতে হবে। এর পূর্বে একবার বিতর্কের সময় আমি বলেছিলাম, যে নলকূপের জন্য আমরা কিছু টাকা রেখেছিলাম। এই চলতি বছরে আমরা কিছু কিছু নলকূপ খনন করেছি। আমার যতদূর মনে আছে এই নলকূপ খনন করবার জন্য আমরা প্রায় ৫০ হাজার টাকা ব্যয় করেছি। এই সমস্ত নলকূপ শিলিগুড়ি, কুচবিহার, জলপাইগুড়ি ইত্যাদি জায়গায় খনন করা হয়েছিল। তখন আমরা ভেবেছিলাম ইভাকুইসদের জন্য নলকূপের প্রয়োজন হতে পারে, এবং তার জন্য টাকা ধার্য করা হয়। আমাদের বিশেষ বিশেষ স্থানে পাহারা দিতে হবে, তার জন্য বহু লোককে নিযুক্ত রেখেছি, কিন্তু সেটা আরও বাড়ান দরকার হতে পারে, এবং তার জন্য টাকা দরকার। আমরা মনে করছি এই যে ১ কোটি ৬৬ লক্ষ টাকা আছে, এর মধ্যে একটা মোটা অংশ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাবো। কিন্তু সমস্ত জিনিসটা নির্ভর করছে কত টাকা ব্যয় হবে। শেষ পর্যন্ত তা নির্ভর করছে কেন্দ্রীয় সরকারের নির্দেশের উপর। আমরা এ সম্বন্ধে বর্তমানে কেন্দ্রীয় সরকারের কোন সুনির্দিষ্ট নির্দেশ পাইনি। যখন আমরা নির্দেশ পাবো তখন হয়ত আমাদের বেশী টাকার প্রয়োজন হতে পারে কিম্বা কম টাকার প্রয়োজন হতে পারে। তবে এইটুকু বলতে পারি ইতিমধ্যে আমরা ট্রেনারদের তৈরী করে নিচ্ছি, এবং ট্রেনিং দেবার ব্যবস্থা করেছি। যে ১৭ হাজার লোক সংগ্রহ করেছি স্বেচ্ছাসেবকরূপে, তাদের ট্রেনিং দেবো এবং আস্তে আস্তে স্বেচ্ছাসেবকের সংখ্যা আরও বৃদ্ধি করবো, এবং তাদেরও ট্রেনিং দেবো। সিভিল ডিফেন্সের কাজ সম্পর্কে যদিও কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পুরোপুরি নির্দেশ এখনও পাইনি, যে কি কি কাজ করতে হবে, কি পদ্ধতিতে করতে হবে, তবুও আমরা এ সম্বন্ধে কিছু কাজ করে ফেলেছি। কেন না, গত বিশ্ব মহাযুদ্ধের যে অবস্থা ছিল, তার অনেক পরিবর্তন হয়েছে, কোন কোন ক্ষেত্রে আমূল পরিবর্তন হয়েছে। সেই জন্য বর্তমানে সিভিল ডিফেন্স-এর যে মেসার, তারও পরিবর্তন হবে। সেই পরিবর্তন করবার জন্য কি করতে হবে, কি নূতন পদ্ধতি হবে, তার জন্য আমরা বিবেচনা করছি। এই বরাদ্দ সম্বন্ধে আমার প্রারম্ভিক বক্তৃতায় আর কিছু বলবার নেই। আমি আশা করি আমার এই যে দাবী তা মঞ্জুর করা হবে।

[12-50—1 p.m.]

Mr. Speaker: All the cut motions are in order, and they are taken as moved.

Shri Deo Prakash Rai: Sir, I move that the demand of Rs. 1,66,02,000 for expenditure under Grant No. 46, Major Head "78A—Expenditure connected with the National Emergency, 1962" be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I move that the demand of Rs. 1,66,02,000 for expenditure under Grant No. 46, Major Head "78A—Expenditure connected with the National Emergency, 1962" be reduced to Re. 1.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I move that the demand of Rs. 1,66,02,000 for expenditure under Grant No. 46, Major Head "78A—Expenditure connected with the National Emergency, 1962" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I move that the demand of Rs. 1,66,02,000 for expenditure under Grant No. 46, Major Head "78A—Expenditure connected with the National Emergency, 1962" be reduced by Rs. 100.

Shri Sailen Adhikary: Sir, I move that the demand of Rs. 1,66,02,000 for expenditure under Grant No. 46, Major Head "78A—Expenditure connected with the National Emergency, 1962" be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri:

মিঃ স্পীকার, স্যার, ১৯৬২ সালের আপৎকালীন খাতের যে ব্যয়বরাদ্দ তার উপর বলতে গিয়ে প্রথমে আমি ব্যাক্-গ্রাউন্ডটা একটু স্পষ্ট করে নিতে চাইছি।

সেদিন মিঃ স্পীকার, স্যার, খুবই অবাক লাগছিল যখন মাননীয় সদস্য আনন্দগোপাল মুখার্জি'র বক্তৃতা শুনছিলাম। তিনি কমিউনিস্ট বিরোধী একটা তৈরী ব্রীফ থেকে বক্তৃতা করে সেদিন পুলিস খাতের বিতর্কে প্রমাণ করতে চাইছিলেন যে সমগ্রভাবে কমিউনিস্টরা এমন চীজ যাদের উপর ইমারজেন্সী পুলিশী ব্যবস্থা প্রয়োগ করতে হবে; নইলে সর্বনাশ। অবাক লাগে একথা ভাবতে যে এই মাননীয় সদস্যটি কি সেই একই কংগ্রেসের সদস্য যার প্রেসিডেন্ট হচ্ছেন শ্রীসঞ্জীবায়া। কারণ কংগ্রেস প্রেসিডেন্টের বক্তৃতার একটা রিপোর্টে পড়েছিলাম যে চীনের পশ্চাদপসরণের অন্যতম মূল কারণ হচ্ছে চীনের আক্রমণ সম্পর্কে ভারতের কমিউনিস্ট পার্টীর প্রস্তাব এবং মনোভাব। আবার যেখানে মুখ্যমন্ত্রীও যখন আনন্দবাবুর কমিউনিস্ট বিরোধী শিশুসুলভ গদ্য রচনার সমর্থন করেছিলেন, তাহলে কি বুঝবো যে পশ্চিমবঙ্গ কংগ্রেসের থেকে নিখিল ভারত কংগ্রেসের আলাদা নীতি? তাঁরা কি জনসংঘ ও স্বতন্ত্র পার্টী ঘেঁষা একটা পৃথক নীতি নিয়ে চলছেন?

তৃতীয় আশ্চর্য হচ্ছে মিঃ স্পীকার, স্যার, আমাদের কারামন্ত্রী মাননীয়া পূরবী দেবী—তিনি কেমন অনায়াসে বললেন তাদের সঙ্গে রাজনৈতিক কয়েদীদের মত আচরণ করা হবে না। এবং কেমন অনায়াসে তিনি বললেন যে এটাই নাকি বিধানসভায় ঠিক হয়েছে। কি সাংঘাতিক দায়িত্ববোধ? এবং তাও আবার একজন মন্ত্রী। ১৩০ জনের মত লোককে বিনাবিচারে আটক রাখা হয়েছে। কোন স্পেসিফিক চার্জ তাঁদের বিরুদ্ধে নেই। আর চার পাঁচশো লোককে স্পেসিফিক চার্জ-এ ধরা হয়েছে। সেই সবেতেও তাঁদের কোন কেসও হয় নাই, সাজাও হয় নাই। পিছনের প্ররোচনার জন্য পুলিস জামিনের বিরোধিতা করছেন। কিন্তু জজকোর্ট বা হাইকোর্ট প্রায় প্রত্যেক ক্ষেত্রেই যেখানে জামীনের জন্য আপীল করা হয়েছে সেখানে জামীন দিয়েছেন এবং কয়েকটি ক্ষেত্রে বেশ মন্তব্যও করেছেন—যে গ্রেপ্তারগুলি হয়েছে সেসব স্থানীয় দলাদলি থেকে উদ্ভূত। তার মানে করলে হয় এই যে গ্রেপ্তারগুলি স্থানীয় কংগ্রেসের উস্কানী থেকে হয়েছে। এই যে অবস্থা এই অবস্থায় আমাদের যারা এইসব ব্যক্তি যাদের নামে কোন অভিযোগ নাই এবং যাদের মাত্র ডিউবিয়াস লোকাল ইনফরমেসন-এ য়্যারেস্ট করা হয়েছে;

যাদের কেস এখনো বিচারাধীন, তাদের সম্বন্ধে ঢালাওভাবে দেশদ্রোহী বলা যে কোন লোকের পক্ষে অন্যায়। এবং বিশেষ করে কারামন্ত্রীর পক্ষে চূড়ান্ত দায়িত্বজ্ঞানহীনতার পরিচায়ক আমি কারামন্ত্রী মাননীয়া শ্রীমতী মুখার্জিকে অনুরোধ করছি যে তিনি সৎসাহস দেখিয়ে ঐ উক্তি প্রত্যাহার করুন। আর যদি প্রত্যাহার করবার সৎসাহস না থাকে তাহলে এই য়্যাসেম্বলী শেল্টার নিয়ে এই রকম উক্তি করা তাঁর পক্ষে নিছক ভীরুতা। যদি সাহস থাকে, তাহলে বাইরে ময়দানে দাঁড়িয়ে নাম করে করে তিনি ঐ দেশদ্রোহী কথাটা আবার উচ্চারণ করুন। দেশে প্রচলিত আইনানুযায়ী তাহলে চিহ্নিত ব্যক্তিরা অন্ততঃ মানহানির মামলা করবার সুযোগ পাবে কাজে কাজেই আমি আশা করি মাননীয় মিসেস পূরবী মুখার্জী এই কাজটা অন্ততঃ করবেন

এখন স্যার, তারপরের বিস্ময়, বিস্ময়ের পর বিস্ময়, তৃতীয় আর একটি বিস্ময় হচ্ছে আমাদের এই দেশের হতভাগ্য দেশের মাথার মণি, বংশাবশেষ, মুখ্যমন্ত্রী মহাশয়, তিনি অর্ধসত্য কথা বাঁকিয়ে চুরিয়ে টুইস্ট করে বলবার একটি অদ্ভুত ক্ষমতা আয়ত্ব করেছেন। আগে তাঁকে এরকম কখনও দেখিনি। এখানে আমি কয়েকটি উদাহরণ দিচ্ছি যেমন এই এমারজেন্সি এবং বাই ইলেকসন। এই সম্পর্কে ময়দানের সভাতে প্রদেশ কংগ্রেস কমিটির মাননীয় সভাপতি শ্রীঅতুল ঘোষ বলেছিলেন যে কমিউনিস্ট বন্দীদের ছেড়ে দেওয়া উচিত, ইলেকসন হচ্ছে, নাহলে অবিচার হয়েছে বলে তাঁরা হয়ত বলতে পারেন। এখন আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বললেন এক বরজোড়া ছাড়া আর কোথায়ও কমিউনিস্টরা জেতেনি এবং গত সাধারণ নির্বাচনের সময়েতে সকলেই বাইরে ছিলেন কাজে কাজেই তখন ন্যায্য ইলেকসন হয়েছিল। আমি আর সব জায়গা ছাড়া একটি জায়গা থেকে কমিউনিস্ট জিতলেও পরের ইলেকসন-এ যে জেতেন না সেটাও মনে করিয়ে দিতে চাই। ঐ যে বনগ্রাম কনস্টিটিউয়েন্সি সেখানে ১৯৫২ সালে যিনি জিতেছিলেন ১৯৫৭ সালে তিনি হেরে গিয়েছিলেন, ১৯৫৭ সালে কমিউনিস্ট পার্টির প্রার্থী জিতেছিল ১৯৬২ সালে হেরে গিয়েছিলেন। তাই বাই ইলেকসন-এ যে কংগ্রেস প্রার্থী জিতবেনই এমন কোন কথা বলা যায় না। কাজে কাজেই শুধু বরজোড়া নয় অন্যান্য কনস্টিটিউএন্সিতে ধরা উচিত। আর বরজোড়ার ক্ষেত্রে আমি বলছি, তিনি বলেছেন বরজোড়ার কোন কমিউনিস্ট ধরা হয়নি, বরজোড়াতে ধরা হয়নি কিন্তু বরজোড়াতে অতুলবাবু গিয়েছেন, বরজোড়াতে পূরবী মুখার্জী গিয়েছেন। কাজে কাজেই বরজোড়াতে যদি কংগ্রেসের অতুলবাবু, পূরবী মুখার্জী বক্তৃতা দিয়ে আসতে পারেন তাহলে কমিউনিস্ট পার্টিরও অতুলবাবু স্থানীয় যে ব্যক্তি তাঁকে কেন জেলে আটক রাখা হয়েছে। কমিউনিস্ট পার্টির পূরবী মুখার্জি স্থানীয় যিনি তাঁকে কেন ধরে রাখা হয়েছে? কাজে কাজেই যদি এই রকম হোত, আমি প্রফুল্লবাবুর সততা বুঝতাম, যদি অতুল্যবাবুরা না যেতেন, পূরবী মুখার্জীরা না যেতেন। বরজোড়ায় কমিউনিস্ট কর্মীরাই ইলেকসন করতো, তাঁরা যদি বলতেন আমরা কোয়ারান্টাইন করে দিচ্ছি, কেন কংগ্রেস কর্মীরা বাইরে থেকে যাবে না, আপনারা ঐ বাঁকুড়া থেকেই কমিউনিস্ট কর্মীদের দিয়ে যা পারেন করেন, কিন্তু তা না করে তাদের পক্ষের অতুল্যবাবুরা যাচ্ছেন কিন্তু আমাদের পক্ষের অতুল্যবাবুর স্থানীয় যাঁরা তাঁদের যাবার উপায় নেই, তাঁরা কারাগারে বন্দী। এই অবস্থায় এই যুক্তির ভিতরেতে কোন সততার পরিচয় পাওয়া যায় না। দ্বিতীয়তঃ, ইতিপূর্বে ময়দানে কমিউনিস্টদের যে সভা হল তার সংখ্যা সম্পর্কে একটু ক্ষীণ উল্লেখ করেছিলেন। কিন্তু তিনি কি একথা বলতে পারেন মিঃ স্পীকার, স্যার, ময়দানে শ্রীসঞ্জীবায়ার সভায়, যাতে তিনি গিয়েছিলেন এবং অতুল্যবাবুও ছিলেন, তাতে কত জনসংখ্যা হয়েছিল, তার থেকে কি এই সভায় জনসংখ্যা বেশী ছিল না? এবং তা কেন হয়েছিল? জনসংখ্যা একটা সভাতে কেন হয় তার বহু কারণ আছে। অবশ্য একথা সত্যি যে কংগ্রেসের জনসভায় যদি পণ্ডিত নেহেরু আসতেন, বহু লোক হোত, বহু লোক তাঁর কথা শুনতে চায়, কিন্তু আজকের দিনেতে যেসময় পশ্চিমবঙ্গ কংগ্রেস এবং পশ্চিমবঙ্গ সরকারের জনবিরোধী নীতি পরিস্ফুট হয়ে উঠেছে তখন ঐ বজবজ থেকে বাঁশবেড়িয়া পর্যন্ত লরী করে লোক না আনলে, সেই কাজটি না করলে, জনসমাবেশ হয় না জন সমাবেশ কম হয়, এবং দুর্ভাগ্যক্রমে শ্রীসঞ্জীবায়ার সভায় কমিউনিস্ট পার্টির সভা থেকে কিছু কম জনসমাবেশ হয়েছিল।

[A voice: question.]

[1—1-10 p.m.]

তারপর হচ্ছে সোণারপুরের সভা সম্পর্কে ১৪৪ ধারা সেখানে জারী করা হয়েছিল। তাতে প্রায় ২ হাজার লোক এসেছিল এবং ২।৪ জন কংগ্রেসের লোক গোলমাল করবে সেই অজুহাতে ১৪৪ ধারা দেওয়া হল। তাহলে সব সভাতেই ১৪৪ ধারা দেওয়া যাবে। নির্বাচন সম্পর্কিত যে কোন সভা হলেই তাতে ১৪৪ ধারা দেওয়া যাবে এই ব্যাপারেতে এখানে কোন একটা ফেয়ার বাই-ইলেকসান হচ্ছে তা প্রমাণ হয় না। এই সমস্ত অর্ধসত্য এবং বানান কথার সাহায্যে ইমারজেন্সি-কে এই রাজ্যে কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে প্রয়োগের চেষ্টা হচ্ছে। কিন্তু তার থেকে বিপদজনক হচ্ছে যেটা, আজকে ক্রমশঃ ক্রমশঃ পরিস্ফুট হয়ে উঠেছে, সেটা হচ্ছে এই ইমারজেন্সিটা শুধু কমিউনিস্ট পার্টির বিরুদ্ধেই নয় আর একটা বড় ব্যাপারে প্রয়োগ করা হচ্ছে সেটা হচ্ছে প্রতিক্রিয়ার বিরুদ্ধে জনগণ শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত, তাদের যে পবিত্র সংগ্রাম সেই সংগ্রামের বিরুদ্ধে প্রয়োগ করা হচ্ছে। সেই ভূমিকা ক্রমশঃ ক্রমশঃ পরিস্কার হচ্ছে এবং এই বাজেটের ভিতর দিয়ে খানকটা তার ইঙ্গিত আমরা পেয়েছি। কেন্দ্রীয় বাজেটে, মিঃ স্পীকার, স্যার, আপনি দেখেছেন ২৭৫ কোটি টাকা সেখানে নূতন ট্যাক্সের বোঝা তার ভিতরে ১৯৫ কোটি টাকা হচ্ছে পরোক্ষ কর যা গরীব লোকের উপর গিয়ে পড়বে এবং বাধ্যতামূলক সঞ্চয় ও প্রত্যক্ষ কর মাত্র ৭০ কোটি টাকার মত। বড় লোকদের জন্য কত দাক্ষিণ্য। গরীবদের কেরাসিন তেল, চা, তামাক, সাবান, কাপড়ের সূতা প্রভৃতির উপর যেখানে কর বসান হচ্ছে সেখানে বড়লোকদের, পাবলিক একাউন্টস কমিটির রিপোর্টএ দেখুন, ২৫৩ কোটি টাকা আয়কর অনাদায়ী পড়ে আছে। এবং তাদের কাউকে আপনি ইমারজেন্সি পাওয়ার খাটিয়ে ডিফেন্স অব ইন্ডিয়া রুলস-এ আটক বা গ্রেপ্তার করেন নি। এবং এনফোর্সমেন্ট ডাইরেক্টোরেট, সেন্ট্রাল ফাইন্যান্স ডিপার্টমেন্টের রিপোর্ট দেখুন, তাদের রিপোর্টে বলেছে বম্বেতে কয়েকটি বড় বড় শিল্পপতি, তারা বিদেশী মুদ্রা সম্পর্কে ফাঁকি দিয়ে সমস্ত বিদেশী মুদ্রা ব্ল্যাক মানি সঞ্চয় করেছে তাদের সম্পর্কে ডিফেন্স অব ইন্ডিয়া রুলস প্রয়োগ করা হয়নি, এমারজেন্সি প্রয়োগ করা হয়নি। শ্রীব্রজেন্দ্রলাল মজুমদার, তাঁর কোম্পানী ল এ্যাডমিনিস্ট্রেসনের রিপোর্ট দেখুন সেখানেও দেখবেন যে, সমাজ-বিরোধী যে সমস্ত কাজ হচ্ছে তার জন্য ডিফেন্স অব ইন্ডিয়া রুলস আপনারা প্রয়োগ করেন নি। এবং ভিভিয়ান বোসের রিপোর্ট, যেটাকে চেপে রাখা হয়েছে, বিড়লা পরিবারের দুটি ইন্সিওরেন্স কোম্পানীর যে রিপোর্ট সে রিপোর্ট ডিসকাসনের মধ্যেও আনা হয়নি যেহেতু দেখা যাচ্ছে বড়-লোক সম্পর্কে, তাদের শোষণ সম্পর্কে, তাদের আচরণ সম্পর্কে যেখানে ডিফেন্স অব ইন্ডিয়া রুলসের আওতায় আসা দরকার সেখানে তাঁদের কি অপরিসীম দাক্ষিণ্য। আর গরীব জনসাধারণ তাদের আন্দোলনকে চেপে মারবার জন্য তাদের অগ্রণী যে সংগ্রামী অংশ, কমিউনিস্ট পার্টির উপরেতে কিভাবে আপনারা আক্রমণ শুরু করেছেন। আমার এই এমারজেন্সি বাজেট দেখে সেটা মনে হচ্ছে যেন যুদ্ধ একটা হবে, যেটা আমি যুগান্তর কাগজে বড় বড় হেড লাইন-এ পড়লাম কিছুদিন আগে, যে সম্ভবতঃ আবার যুদ্ধ বেধে যাচ্ছে। যুদ্ধের যে একটি চেতনা, তার জন্য যে প্রস্তুতি, তার কিছু দেখতে পাচ্ছি না, কিন্তু অপর একটা যুদ্ধ দেখতে পাচ্ছি। চীন ভারত আক্রমণের জন্য যে যুদ্ধের প্রস্তুতি তার থেকে বেশী দেখতে পাচ্ছি জনগণের জীবন-যাত্রার বিরুদ্ধে দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল শোষকদের তরফ থেকে যে আক্রমণ হচ্ছে তার জন্য প্রস্তুতি দেখতে পাচ্ছি। এবং সেই জিনিসটা দেখে আমি আশঙ্কান্বিত হচ্ছি। দেখুন, আমি জানি প্রদেশের যে এমারজেন্সি বাজেট তাতে দেশ রক্ষার অন্যান্য খরচ ধরা হয় না সেটা কেন্দ্রীয় বাজেটে আছে, কিন্তু সিভিল ডিফেন্স খাতে যে খরচের সমস্ত ব্যয় বরাদ্দ এখানে দেখান হয়েছে তাতে দেখুন, ঐ স্লিট ট্রেঞ্চের ব্যাপার নিয়ে ১৯৬২ সালের শেষ দিকে অনেক সর্বভারতীয় নেতারা খুব হাসাহাসি করেছিলেন, বিদ্রূপ করেছিলেন, এবারেও স্লিট ট্রেঞ্চের জন্য ১ লক্ষ টাকা আছে। মাননীয় প্রফুল্লবাবু এই মাত্র বললেন দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে যুদ্ধ সম্পর্কে ধারণা অনেক বদলে গিয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গে বদলায়নি, পশ্চিমবঙ্গ ঠিক একই রকম আছে। স্লিট ট্রেঞ্চ দিয়ে তাঁরা এয়ার রেড প্রিকশান-এর কথা এখনও ভাবছেন এবং এতে ১ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। আমি জানি না ওটা কোন কনট্রাক্টরের প্রতি দাক্ষিণ্য পরবশ হয়ে ঐ এক লক্ষ টাকা ধার্য করা হয়েছে কিনা। তেমনি দেখুন, ব্রিটিশ সাম্রাজ্যবাদীকে, দ্বিতীয় বিশ্বযুদ্ধের

সময় যারা এখানে ছিলেন, তাঁরা অত্যন্ত ঘৃণ্য এবং সর্বজন ধিক্কৃত কিন্তু তাঁরাও সেই সময় একটা অলটারনেটিভ ওয়াটার সাপ্লাই স্কীম করেছিল এবং সহরাঞ্চলেতে নলকূপ ব্যাপকভাবে বসাবার ব্যবস্থা করেছিলেন। কিন্তু আমাদের এখানে সব থেকে দরকার সিভিল ডিফেন্সের দিক থেকে এবং এয়ার রেড প্রিকসানের দিক থেকে হচ্ছে ওয়াটার সাপ্লাই সীসটেম, সে দিক থেকে কোন অলটারনেটিভ ওয়াটার সাপ্লাই স্কীম হয়নি। আমি, ঐ ৫ লক্ষ টাকা একটা ধার্য আছে বটে এবং প্রফুল্ল সেন মহাশয় যেসব কথা বললেন সেটা হচ্ছে শিলিগুড়ি, জলপাইগুড়ি অঞ্চলে কিছু কিছু নলকূপ করার জন্য, সেই জিনিসটা দেখলাম, কিন্তু এখানেতে তেমন কোন ব্যবস্থা বা নমুনা বা কার্যক্রম সহরাঞ্চলে দেখতে পাচ্ছি না। অলটারনেটিভ ওয়াটার সাপ্লাই স্কীম সম্পর্কে এই অবহেলা এটা যুদ্ধ অবস্থা সম্পর্কে চেতনা এবং উপলব্ধির অভাব থেকে এসেছে বলেই আমি মনে করি। তেমনি বাজেটেতে যেসব জিনিসগুলি ধার্য আছে, তার মধ্যে সিভিল ডিফেন্স বাজেটেতে সব থেকে বেশী খরচ দেখতে পাচ্ছি—

Auxiliary National Volunteer Force as aid to Police,

এবং একস্ট্রা পুলিস ইত্যাদি সমস্ত বড় বড় খরচ এর থেকে বেশীর ভাগ খরচ প্রায় ১ কোটি ৬৬ লক্ষ টাকার মত খরচ এর অর্ধেকের বেশী কেন্দ্রীয় সরকার দেবেন বলে আশা করা হচ্ছে। এর ভিতর থেকে আমার বিশেষ বক্তব্য হচ্ছে হোমগার্ড সম্পর্কে। গতবারের আলোচনার সময় এই হাউসে হোমগার্ড সম্পর্কে অনেকেই বলেছিলেন যে অনেক অবাঞ্ছিত লোক হোমগার্ডে যাচ্ছেন। আমি আমার এলাকায় খবর নিয়ে দেখেছি যারা চোলাই মদ বিক্রি করে, ছিনতাই করে ওয়াগন ব্রেক করে এই রকম বহু লোক যেহেতু তারা কংগ্রেসের সাপোর্টার বা কংগ্রেসের হয়ে আমাদের মিটিং ভাঙতে সাহায্য করে তারাও এই হোমগার্ডের মধ্যে স্থান পেয়েছে। আমি বলি যে দেশ রক্ষার ব্যবস্থার মধ্যে এই রকম ক্রিমিন্যাল টাইপকে দলীয় স্বার্থে একোমডেট করা উচিত নয়। এদের বাদ দেওয়া উচিত, কেননা হোমগার্ডকে আরও একটুখানি পিউরিফাই করা দরকার। হোমগার্ডকে পিউরিফাই না করলে লোকে মনে করবে হোমগার্ডকে কংগ্রেসের সেমি-ফ্যাসিস্ট গ্যাংস্টার অরগানাইজেশন করার চেষ্টা করা হচ্ছে। এই দিক থেকে আমি অনুরোধ করব যে হোমগার্ডএ ঐ রকম যাদের ক্রিমিন্যাল রেকর্ড আছে অন্তত কন্‌ভিকশান হয়েছে আগে ঐ সমস্ত ধরনের কেসএ তাদের অন্তত যেন বাদ দেওয়া হয়। এই প্রসঙ্গে উপসংহারে যে কথা আবার আমি রিপিট করতে চাইছি পুনরুক্তি করতে চাইছি সেটা হচ্ছে এই যে আমার মনে হচ্ছে দেশের ভিতরে দুটো যুদ্ধের প্রস্তুতি হচ্ছে তার মধ্যে একটা যেন গৌন হয়ে গেছে। গত বছর নভেম্বর ডিসেম্বর মাসে যে যুদ্ধের চেতনা যথেষ্ট বড় হয়েছিল সেই যুদ্ধের চেতনাটা গৌন হয়ে গেছে আরেকটা যুদ্ধের চেতনা পশ্চিমবঙ্গ প্রদেশের ভিতরে যেন প্রবল হয়ে উঠেছে, সে হচ্ছে জনগণের বিরুদ্ধে যুদ্ধ। এই সম্পর্কে আমি স্পষ্ট করে বলতে চাই, মাননীয় স্পীকার মহাশয়, যে দেশরক্ষার জন্য যে যুদ্ধ তাতে কমিউনিস্ট পার্টি অকুণ্ঠ সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছে, কিন্তু জনগণের বিরুদ্ধে যে যুদ্ধ সে যুদ্ধে প্রমাণ হচ্ছে আপনারা বহু ক্ষেত্রে কমিউনিস্টদের—এই জনগণের যুদ্ধকে দুর্বল করবার জন্য কমিউনিস্ট কর্মিদের গ্রেপ্তার করে রেখেছেন। এবং এই জনগণের যে পেটের ভাত এবং পরনের কাপড় তাদের ওয়েল বিইং এর উপরে ট্যাক্স করেছেন সেখানে বড় লোকের বিলাস শুধু নয় তাদের জোচ্চুরী করতে চোরাকারবারী করতে অন্যায় করতে অনাচার করতে তার জন্য তাদের পেনালাইজড করেন নি তাদের ডি আই রুলস-এ ধরেন নি, আর সেখানে গরীবের পেটের অন্ন এবং সেখানে পরনের কাপড়ের উপরেতে হাত দেন বড় লোকের বিলাসের উপকরণকে পাশে রেখে তার উপর হাত না দিয়ে তাহলে আমাদের তার বিরুদ্ধে আপত্তি আছে। এই আপত্তি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-10—1-20 p.m.]

Shri Kamal Kanti Guha:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আজকে ন্যাশানাল ইমারজেন্সির ব্যায় বরাদ্দের আলোচনা করতে গিয়ে আমি এই আলোচনাকে তিনটা ভাগে ভাগ করে আমার আলোচনা সুরু করতে চাই—একটি হচ্ছে সরকরের ইমারজেন্সির উপর নীতি। আরেকটি হচ্ছে জনসাধারণের মনোভাব এবং আরেকটি অর্থাৎ তৃতীয়টি হচ্ছে আমাদের দেশের অভ্যন্তরে দেশদ্রোহীদের কার্যকলাপ। এই

তিনটা ভাগে বিভক্ত করে আমার আলোচনা সুরু করতে চাই। জাতীয় প্রতিরক্ষা নিয়ে অনেক কথা বলা হয়েছে এবং অনেক কিছু করবার জন্য আমাদের উপদেশ দেওয়া হয়েছে। গত অক্টোবর মাসে চীন যখন ভারত আক্রমণ করল তখন যে চেতনা যে তৎপরতা আমরা লক্ষ্য করেছিলাম সরকারের কার্যের মধ্যে, আজকে ৬ মাস পরে অত্যন্ত দুঃখের সাথে এবং উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে সেই তৎপরতা সেই চেতনা সরকারের মধ্যে নেই। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, সব চেয়ে আশ্চর্যের কথা যে আমরা যদি ঘর সামাল দিতে না পারি, নিজেদের ঘরকে যদি সুদৃঢ় করতে না পারি তাহলে বৈদেশিক হামলার বিরুদ্ধে বৈদেশিক আক্রমণের বিরুদ্ধে নিজেদের আমরা দাঁড় করাতে পারব না। সেটা অত্যন্ত সুনিশ্চিত কথা। কিন্তু আমরা লক্ষ্য করছি যে যখন দেশের মধ্যে কমিউনিস্ট পার্টির দেশদ্রোহী কার্য কলাপ দিনের পর দিন বৃদ্ধি পেল, যখন সারা দেশের লোক অনুভব করল যে এদের সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করা দরকার এবং কার্য কলাপ স্তব্ধ করে দেওয়া দরকার, মানুষকে বিভ্রান্তির হাত থেকে বাঁচানো প্রয়োজন তখন আমরা দেখেছি যে দিল্লীর নির্দেশে আমাদের রাজ্য সরকার একটা জিনিস তৈরী করছিলেন, যারা আজকে দেশদ্রোহীদের কার্য কলাপ এগিয়ে নিয়ে যাচ্ছেন তাদেরই নেতৃত্ব দিচ্ছেন। কিন্তু আমরা দুঃখের সাথে লক্ষ্য করছি এবং আমরা শুনেছি যে সেই লিস্ট যেটা রাইটার্স বিল্ডিং-এ তৈরী হয়েছিল সেই লিস্ট কমিউনিস্ট পার্টীর হাতে চলে গিয়েছিল সেইদিনই, যার ফলে কয়েকজন নেতা ছাড়া আর যারা কাজ করবেন জনসাধারণের মধ্যে এই ধরনের সেকেন্ড র‍্যাঙ্কের কমিউনিস্ট নেতারা অ্যারেস্ট-এর হাত থেকে বেঁচে গেলেন। সমর মুখার্জী প্রাক্তন এম এল এ এবং এই ধরনের সেকেন্ড র‍্যাঙ্কের নেতারা বাংলাদেশে চীনের পক্ষে প্রচার সুরু করে দিয়েছেন এবং আরেকটি কমিউনিস্ট পার্টী তৈরী করে চলেছেন। কিন্তু আমি তার আগে এই কথা বলতে চাই, সমর মুখার্জী কি করছেন জনসাধারণ তার বিচার করবেন, আমরা তার প্রতিরোধ করব। কিন্তু রাইটার্স বিল্ডিংস-এর যে অফিসারের জন্য লিস্ট চলে গেল কমিউনিস্ট পার্টীর হাতে সে সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হবে আমরা মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই। আমরা জানি মুখ্যমন্ত্রী হয়ত তার কোন উত্তর দেবেন না, পাশ কেটে যাবেন, তখন হয়ত আমাদের বিক্ষোভ করে এই হাউস থেকে বেরিয়ে যেতে হবে কিন্তু তাতেই সমস্যার সমাধান হবে না। মুখ্যমন্ত্রী যদি তিনি মনে করেন যে আমাদের কোন কথার উত্তর না দিয়ে তিনি তাঁর ঐ গদীতে নিশ্চিন্তে বসে থাকবেন তাহলে তাঁর সে আশা নিশ্চয় দুরাশায় পরিণত হবে। কারণ আজকে ঘরের ভিতরে কাল সাপ ঢুকেছে। তিনি যে রাইটার্স বিল্ডিংস-এ থাকেন সেখানে এমন অনেক অফিসার আছেন যাঁরা আজকে দেশদ্রোহীদের সমর্থন করছেন। আরও একটা কথা আমি বলতে চাই স্বাধীনতার চীফ রিপোর্টারের বাড়ীতে সার্চ হয়েছিল এবং অনেক কাগজপত্র পাওয়া গিয়েছিল যেগুলি আমাদের দেশের পক্ষে মারাত্মক কিন্তু একজন তরুণ মন্ত্রীর হস্তক্ষেপের ফলে তাকে গ্রেপ্তার করা হয়নি। এই ধরনের ঘটনা দিনের পর দিন চলেছে। আমরা সুস্পষ্টভাবে জানতে চাই যে সরকার এই দেশদ্রোহীদের সম্বন্ধে কি সুনির্দিষ্ট নীতি গ্রহণ করেছেন শুধু বড় বড় কথা বলব আর জ্বালাময়ী ভাষণ দেব আর কাজের বেলায় কমিউনিস্টরা যাতে আমাদের কিছু না বলে কমিউনিস্টরা যাতে আমাদের দুস্কৃতির উপর হস্তক্ষেপ না করে সেজন্য তাদের বাঁচিয়ে রাখব—এই ধরনের নীতি চলতে পারে না। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমি আমার আলোচনা করতে গিয়ে আপনার সম্মুখে আরেকটি কথা রাখতে চাই। ১৯৪২ সালের কীর্ত্তি, ১৯৪৫ সালের পাকিস্তান দাবী—যাঁরা দাবী করেছিলেন এবং '৪২ সনের এবং '৪৫ সনের সেই বেদনাময় কলঙ্কময় স্মৃতির ফসিল আজকে এই আইনসভার ভিতরে আছে, জ্যোতি বাবু যতদিন রাজা হয়েছিলেন সেই ফসিল কথা বলতে পারেন নি। কিন্ত জ্যোতিবাবুর রাজা আজ যখন জেলে গিয়েছে সেই ফসিল আজকে কথা বলছে। সেই ফসিল গত শুক্রবার ময়দানে বলেছেন যে ফরোয়ার্ড ব্লক প্রতিক্রিয়াশীল দল। আমি আজকে এখানে বলতে চাই যে আমরা প্রতিক্রিয়াশীল দল—কেন আমরা প্রতিক্রিয়াশীল হয়েছি কমিউনিস্ট পার্টীর কাছে এবং কমিউনিস্ট পার্টী আমাদের কাছে দেশদ্রোহী হয়েছে আজকে আমরা সে কথা আপনাদের কাছে রাখতে চাই। আপনি জানেন '৬২ সালের নির্বাচন আমরা এক সাথে করেছিলাম। সেদিনের হামলা নিয়ে অনেক ঝামেলা হয়েছিল আমাদের পাঁচ সরিকের মধ্যে। কমিউনিস্ট পার্টি সেদিন এই কথা বলেছিল যে বৈদেশিক হামলা হলে তারা তার বিরুদ্ধে দাঁড়াবে। এই প্রতিশ্রুতির উপর আমরা যুক্ত ফ্রন্ট করেছিলাম কিন্তু

তারপরে '৬২ সনে অক্টোবরে যখন চীনের হামলা হলো সেদিন আমরা দেখলাম আশ্চর্য হয়ে যে, কমিউনিস্ট পার্টী তার সেই পুরানো নীতি গ্রহণ করে চীনকে তারা আমন্ত্রণ জানায়, সেই দুস্কৃতির পক্ষে, তাঁরা সাধারণ মানুষকে বিভ্রান্ত করবার চেষ্টা করছেন, তাঁরা দেশকে চীনের হাতে তুলে দেবার চেষ্টা করছেন, সেদিনই আমরা তাদের দেশদ্রোহী বলেছি। আজ পক্ষান্তরে কমিউনিস্ট পার্টী আমাদের প্রতিক্রিয়াশীল কেন বলছে, যেহেতু আমরা মনে করি আমাদের শেষ রক্ত বিন্দু দিয়ে আমরা আমাদের ঐ বৈদেশিক শত্রুকে প্রতিরোধ করবো। ফরোয়ার্ড ব্লক মনে করে হিমালয়ে একটি পাথরে যতক্ষণ পর্যন্ত চীনের পদক্ষেপ থাকবে ততক্ষণ পর্যন্ত ফরোয়ার্ড ব্লক তার অবিরাম নিরবিচ্ছিন্ন আন্দোলন চালিয়ে যাবে এবং প্রতিরক্ষা গড়ে তুলবে।

ফরোয়ার্ড ব্লক মনে করেন যে আজকে কলম্বো প্রস্তাবের মধ্যে দিয়ে ভারতবর্ষের সার্বভৌমত্ব নষ্ট হচ্ছে। ফরোয়ার্ড ব্লক মনে করেন যে আজকে নেহেরু নয়, বিনোবাভাবে নয়, আজকে হচ্ছে একটি কথা—দেশ এবং জাতি। সেখানে ভারত সরকার যে নীতি গ্রহণ করবেন, ভারত সরকার যখন বলবেন যে আমরা চীনের-বিরুদ্ধে আছি তখন আমরা সমর্থন করব। ভারত সরকার যতক্ষণ জোট নিরপেক্ষ নীতি গ্রহণ করবেন ততক্ষণ আমরা তাঁদের পেছনে আছি। কিন্তু ব্যক্তি বিশেষের প্রতি আনুগত্য দেখিয়ে ভণ্ডামীর ভাঁওতাবাজী ফরোয়ার্ড ব্লক করতে জানে না। আজ তাই কমিউনিস্ট পার্টীর সোমনাথবাবু ফসিলের কাছে ফরোয়ার্ড ব্লক প্রতিক্রিয়াশীল হয়েছে। সারা ভারতবর্ষের ফরোয়ার্ড ব্লক এক কথা বলতে পারে যে চীনকে প্রতিরোধ করা এবং কলম্বো প্রস্তাবের ভাঁওতাবাজী থেকে দেশকে রক্ষা যদি প্রতিক্রিয়াশীলের কাজ হয় তাহলে ফরোয়ার্ড ব্লক শেষ দিন পর্যন্ত সেই প্রতিক্রিয়াশীল নীতি গ্রহণ করে চলবে। সেজন্য এটা আমাদের কাছে গৌরবের কথা। আমি আপনার কাছে আজ একটা কথা বলতে চাই। আজ আমরা লক্ষ্য করছি কংগ্রেসের মধ্যে এবং গতকাল আমাদের এই হাউসে মুখ্যমন্ত্রী রুশপন্থী ও চীনপন্থী কমিউনিস্টদের কথা বলেছেন, কিন্তু ফরোয়ার্ড ব্লক একথা মনে করেন কমিউনিস্টদের মধ্যে কোন ভেদাভেদ নেই। ঐ রুশপন্থী ও চীনপন্থী বলে মানুষকে একটা বিভ্রান্ত করবার চেষ্টা মাত্র। তা না হলে আপনি জানেন গতকাল প্রতিটা কাগজে আনন্দবাজার, যুগান্তর, অমৃতবাজার—পড়ে লোক স্তম্ভিত হয়ে গেল যে কাগজের প্রথম পৃষ্ঠায় আছে সমগ্র সীমান্ত বরাবর ব্যাপক চীনা সৈন্য সমাবেশ। সিকিম, ভুটান ও উত্তরবাংলার শিয়রে যবন। কিন্তু আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করলাম যে সোমনাথবাবু বলছেন যে চীনের বিরুদ্ধে তিনি আছেন, নেহেরুর পেছনে আমি আছি, কিন্তু সেই সোমনাথবাবুর ৪ পৃষ্ঠার "স্বাধীনতার" কোনখানে লেখা নেই ভারত-চীন সীমান্তে সৈন্য সমাবেশ হয়েছে। এই স্বাধীনতার দ্বারা জনসাধারণকে সচেতন করা হল না, অথচ বলা হয়েছে যে দেশরক্ষা করবার জন্য আমরা আনুগত্য জানিয়েছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে বলতে পারি যে আমরা লক্ষ্য করেছি পৃথিবীর ইতিহাসে প্রতিক্রিয়াশীল শক্তিরা, পুঁজিবাদী শক্তিরা, নিজেদের গদি রাখবার জন্য তারা যখন যার তার সঙ্গে নিজেদের স্বার্থের জন্য চুক্তি করতে পারেন। আমরা লক্ষ্য করছি আমাদের কংগ্রেস সরকার আজ নিজেদের সুখ-সুবিধার দিকে লক্ষ্য রেখে স্বার্থের দিকে লক্ষ্য রেখে এ'রা কমিউনিস্ট পার্টীর সঙ্গে হাত রেখেছেন—নেহেরুজী ডাংগেকে নিজের স্নেহছায়ায় আজকে আশ্রয় দিয়েছেন। আমরা তাই লক্ষ্য করছি দিল্লী থেকে বলা হয় যে বাংলা দেশের কমিউনিস্ট পার্টির সম্বন্ধে নুতন করে বিবেচনা করতে। কিন্তু আমরা একটা কথা বলতে চাই বিপদ যদি আসে তাহলে প্রফুল্লবাবু, নেহেরুজীর একা আসবে না, বিপদ এলে ভারতবর্ষের কোটি কোটি মানুষের বিপদ আসবে। তাই সোমনাথবাবুকে একটা কথা বলব সরকারী নীতি কি হবে জানি না, সরকার কি ব্যবস্থা অবলম্বন করবেন জানি না, কিন্তু চীন যদি আক্রমণ করে, ভারতের বিপদ যদি ঘনিয়ে আসে তাহলে সেদিন আমরা তাঁদের ক্ষমা করব না। নেপালবাবু একদিন যা বলেছিলেন আমরা তা শুনেছিলাম—নেপালবাবুর সেটা আস্ফালন, কিন্তু আমরা এটা আমাদের অন্তঃস্থল থেকে বলছি যে আমরা কোনদিন আপনাদের ছেড়ে দেব না। ঐ চীনকে আপনারা পথ দেখিয়ে এনে তাদের দেখাবেন কোথায় আমাদের খামার আছে, ঐশ্বর্য আছে। আপনারা বলবেন আমরা প্রতিক্রিয়াশীল, আপনারা বলবেন আমরা ফ্যাসিস্ট নীতি গ্রহণ করেছি। কিন্তু আপনারা আমাদের যে নামই দিন না কেন, ভারতবর্ষের স্বাধীনতা, সার্বভৌমত্ব রক্ষা করবার জন্য যে কোন প্রচেষ্টা আমাদের কার্যকরী হবে বলে মনে হবে আমরা সে প্রচেষ্টা গ্রহণ করব। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এই সঙ্গে আমি একটা

কথা বলতে চাই যে, আমাদের দেশের কিছু কিছু লোক আজকে নানা রকম শ্রেণী থেকে প্রচারে ঢাক ঢোল বাজিয়ে বলা হচ্ছে যে তাঁরাই হচ্ছেন একমাত্র পৃথিবীর মহামানব। এই সমস্ত মহামানবের কার্যকলাপ আজকে আমাদের দেশের প্রতিরক্ষা ব্যবস্থাকে কোন পথে নিয়ে যাচ্ছে সেটা বিচার করতে হবে এবং সেসব ব্যাপার নিয়ে অনেক জল ঘোলা হয়ে গেছে। কিন্তু ঘোলা জল থেকে আমরা পরিষ্কার একটা সিদ্ধান্তে আসতে চাই। কমিউনিস্ট পার্টি যখন বলে যে চীন অন্যায় করেনি আমরা তা বুঝতে পারি। আমরা বুঝতে পারি যখন এই সমস্ত পঞ্চম বাহিনী চীনাকে স্বাগত জানিয়ে চীনকে প্রগতিশীল বলে। কিন্তু আশ্চর্য হয়ে যাই বিনোবাজী যখন বলেন যে চীন শান্তিকামী, তিনি যখন বলেন

China has realised this. And all of us must realise it also. We must not say that we are not willing to talk with her; if our opponents give us the smallest opening for talks we shall sieze the opportunity and meet them half way. তিনি যখন বলেন otherwise China could have occupied Tezpur and possibly the whole of Assam.

সেই বিনোবাজী আজকে বাংলাদেশে এসেছেন। আমাদের মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে মন্ত্রী, উপমন্ত্রী তাঁকে স্বাগত জানাচ্ছেন। কিন্তু একটা আমি কংগ্রেসের কাছ থেকে জানতে চাই দেশ বড়, না ব্যক্তি বড়, না উনি বড়? তিনি যত বড় মানুষ হোন না কেন, তিনি যখন আমাদের দেশকে বিভ্রান্ত করবেন, তিনি যখন আমাদের শত্রুকে আমাদের কাছে মহান করে তুলবার চেষ্টা করবেন, তিনি যখন চীনের শক্তি সম্বন্ধে বিরাট কাজ তুলে আমাদের মধ্যে আতঙ্ক সৃষ্টি করবার চেষ্টা করলেন তখন আমরা কোন মতে তাঁকে ক্ষমা করতে পারি না। আমি জিজ্ঞাসা করছি যে বিনোবাজীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবার জন্য আমাদের সরকার কি করেছেন? আমরা দেখি যে ভারত রক্ষা আইনে কমিউনিস্টরা গ্রেপ্তার হচ্ছে, অনেক লোক নিরীহ লোক গ্রেপ্তার হচ্ছে, কিন্তু বিনোবাজী যখন দিনের পর দিন এই কথা বলছেন তখন কেন তাঁকে গ্রেপ্তার করা হয় নি এ সম্পর্কে সুস্পষ্ট ইঙ্গিত আমরা জানতে চাই। আমি আগে বলেছি অনেক সময় আমরা দেখি শ্রেণী স্বার্থে, দলীয় স্বার্থে এঁরা যে কেন প্রতিক্রিয়াশীল মানুষের সঙ্গে যে কোন অন্যায়ের সঙ্গে এই সরকার আপোষ করতে পারে।

[1-20—1-30 p.m.]

তাই দেখি যখন শ্রেণী স্বার্থে, পুঁজিপতির স্বার্থে বিনোবাজী ভূদান যজ্ঞ করে কৃষকদের বিভ্রান্ত করতে চাইছেন শ্রেণী স্বার্থ ব্যবহার করবার জন্য এঁরা বিনোবাজীকে সবরকম মর্যাদা দিচ্ছেন এবং বিনোবাভাবে যখন দেশকে আজকে রসাতলে দিচ্ছেন আর চীনকে যখন মহান মর্যাদা দিচ্ছেন, আর তার ব্যবস্থা হচ্ছে না। আমরা চাই সরকার এ বিষয়ে ব্যবস্থা করুন। আর একটি কথা কংগ্রেস দলবাজি করছে এমারজেন্সিকে নিয়ে, দলবাজি করছেন এই এমারজেন্সিকে নিয়ে যারা তাঁরা মনে করছেন চীন আক্রমণ করবে, আর দলবাজি করে এমারজেন্সির মাধ্যমে আমরা নিজেদের দলকে পুষ্ট করে তুলি, স্বার্থকে বড় করে তুলি। আর একটি কথা বলতে চাই সুষ্ঠুভাবে জানতে দেওয়া হোক এমারজেন্সির জন্য টাকা দোব। এমারজেন্সির জন্য তো টাকা দোবই, কিন্তু বলা হচ্ছে, চীন আক্রমণ করবে, চীন যদি আক্রমণ না করে, হিমালয়ে যে হাজার হাজার মাইল চীনের অধিকারে আছে সেটার সম্বন্ধে কি করবো? আমরা কি হেগ-এর আদালতে যাবো না "ইউ এন ও"তে যাব, না কলম্বোয় যাব, না নূতন কিছু করব, না আক্রমণ করে জায়গা অধিকার করে নেবো। সুষ্ঠুভাবে একথা বলতে হবে? তা না হলে কিসের জন্য ট্যাক্স দোব, কিসের জন্য টাকা দোব, স্পষ্ট কথা জানাতে হবে আমাদের কি নীতি হবে। যে জমি চীনের অধিকারে গেছে তা উদ্ধারের জন্য কি হবে জানতে না পারলে এমারজেন্সি বড় হলেও কিছু করতে পারবো না। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Nikhil Das:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এমারজেন্সি খাতে ব্যয়বরাদ্দ আমাদের কাছে উত্থাপিত করা হয়েছে, সে সম্পর্কে আলোচনা করতে দাঁড়িয়েছি, এবং যে কথাটা আপনার মাধ্যমে রাখতে চাই সেটা

হচ্ছে ন্যাশনাল এমারজেন্সি বিষয়। পশ্চিম বাংলার ক্ষেত্রে—পশ্চিমবঙ্গ সরকারী কর্তৃপক্ষের ন্যাশনাল এমারজেন্সিতে জনসাধারণের মনবল, জনসাধারণের মধ্যে পরিবেশ যে সৃষ্টি হওয়া উচিত ছিল সে জায়গায় তাঁরা ব্যর্থ হয়েছেন। আমরা দেখেছি ন্যাশনাল এমারজেন্সির খাতে গত বছর যা খরচ হয়েছে এয়ার রেড প্রিকশনএর জন্য ৬½ লক্ষ টাকা খরচ করেছেন। এয়ার রেড সম্পর্কে কলকাতায় ২টি জিনিস দেখেছি, একটা সাইরেন বসান দেখেছি আর কয়েকটা ট্রেঞ্চ কাটা হয়েছে দেখেছি। সাইরেনের ব্যাপারে আপনার মাধ্যমে যে কথাটা রাখতে চাই সেটা হচ্ছে এই সাইরেন-এর কন্ট্রাক্ট যাঁরা নিয়েছেন, যে কোম্পানীকে কন্ট্রাক্ট দেওয়া হয়েছিল, আমরা শুনেছি বা বাজারে এ ধরনের গুজব আছে যে বিধানসভার কংগ্রেস দলের কোন সদস্যদের সঙ্গে এদের সম্পর্ক রয়েছে, তাই একটাও সাইরেন বাজেনি, অথচ আমাদের টাকা খরচ হয়ে গেছে। যে ট্রেঞ্চগুলি কাটা হয়েছে, আমার ১৩-১৪ নং ... অ ই টি পার্ক এলাকায় ট্রেঞ্চ কাটা হয়েছে কয়েকটা সেখানে কি হবে কি হবে না, সে এলাকার মানুষ কি করবে বা করবে না, এই সম্পর্কে কোন পরিকল্পনা সরকারের নাই, তাই এয়ার রেড প্রিকশন-এ যে টাকা খরচ হয়েছে তা দুর্নীতির পথে কিছুটা কন্ট্রাক্টরদের পকেটে গেছে আর বাকি যেটা খরচ হয়েছে তা অপচয় ও অপব্যয়ের পর্যায়ভুক্ত কথা যেটা বলতে চাই এমারজেন্সির পরিবেশ যদি সৃষ্টি করতে হয়, জনসাধারণের মধ্যে যদি যুদ্ধোদ্দম এগিয়ে আনতে হয় তাহলে সরকারের মাথায় যারা বসে আছে তাদের সে পরিবেশ সৃষ্টি করার দায়িত্ব। আজকে কি হচ্ছে আজকে জনসাধারণের মনে এমারজেন্সির অবস্থায় যে মনোভাব থাকা দরকার, যে ধরনের চেতনা থাকা দরকার, সে মনোভাব সে চেতনা নেই। আমি মন্ত্রীমণ্ডলীর অপব্যয় অপচয়ের ব্যাপারে দু-একটা উদাহরণ দেবো। আমাদের মাননীয় একজন মন্ত্রী—তিনি মৎস্য, বন এবং পশু বিভাগের মন্ত্রী, আপনি নিশ্চয়ই এটা জানেন তাঁর যে তিনটা বিভাগ আছে, তার সঙ্গে এমারজেন্সির কোন সম্পর্ক নেই। মাছের সাথে এমারজেন্সির কোন সম্পর্ক নেই, অ্যানিমাল হাসবান্ড্রির সঙ্গে এমারজেন্সির কোন সম্পর্ক নেই বন বিভাগের সঙ্গে এমারজেন্সির কোন সম্পর্ক নেই, কিন্তু হিসাব যদি দেখেন তাহলে দেখবেন যে এই নূতন মন্ত্রী মহাশয় যিনি এসেছেন তিনি সবচেয়ে বেশি টি এ-তে খরচ করছেন। জানুয়ারি মাস পর্যন্ত হিসাব আমাদের কাছে দেওয়া হয়েছিল সে হিসাব দেখি তাতে খরচ হয়েছে ৬,১৮৬ টাকা, এর পরে যাদের আছে তাদের টাকা এর অর্ধেক। আর যদি বলেন এটা শুরু হয়েছে এপ্রিল থেকে, এপ্রিল থেকে এমারজেন্সি ছিল না, আমরা যদি এমারজেন্সি পিরিয়ড থেকে টুয়েন্টিয়েথ ফেব্রুয়ারি হিসাব করে দেখি দেখবো ফজলুর রহমান সাহেব ফার্স্ট হয়েছেন, সেখানে এমারজেন্সি হওয়ার পর থেকে টুয়েন্টিয়েথ ফেব্রুয়ারি পর্যন্ত তিনি টি এ বাবদ খরচ করেছেন ২,৯০৩ টাকা অর্থাৎ যার সাথে এমারজেন্সির কোন সম্পর্ক নেই, তিনি নূতন মন্ত্রী হয়ে সবচেয়ে বেশি খরচ করেছেন। আপনার মাধ্যমে আমার অভিযোগ হচ্ছে এই যে অপচয় অপব্যয়ের জন্য এনকোয়ারী কমিটি করে দেখা হোক, এটা ঠিকভাবে খরচ করেছেন কিনা, উনি নূতন মন্ত্রী হয়ে এসেছেন নদীয়ার কৃষক এলাকা থেকে, গরম উনি সহ্য করতে পারেন না তাই নূতন মন্ত্রী হলে ওনার যে কোয়ার্টার সে কোয়ার্টারে এয়ার কন্ডিশনড হয়েছে। আরো ২।৪ জনের হয়েছে, কিন্তু উনি নূতন মন্ত্রী কৃষক দরদী মন্ত্রী—গরম কি করে সহ্য করবেন, তাই তাঁর কোয়ার্টারস এয়ার কন্ডিশনড করেছেন এবং আরো ৪টা হয়েছে এতে মোট ২২ হাজার টাকা খরচ হয়েছে। এই যে অপচয় বা অপব্যয় এটা যদি জনসাধারণ জানে তাহলে জনসাধারণকে যতই স্বার্থ ত্যাগের বক্তৃতা দেন না কেন ওদিকে কিছু হবে না, হবে না, হবে না। যে কথা আমাদের দেশ চীন যখন আক্রমণ করে তখন মুখ্যমন্ত্রীর সঙ্গে আমরা দেখা করতে গিয়েছিলাম, আমাদের সাথে হেমন্তদাও ছিলেন আরো অনেকে ছিলেন। মুখ্যমন্ত্রী বললেন অস্টারিটি মেজার নিয়েছি, আমরা চা খাওয়া পর্যন্ত বন্ধ করে দিয়েছি, চা খাওয়া হয় না সরকারী পয়সায়। ভাবলাম বোধহয় সরকার সচেতন হয়ে উঠেছে—দেশকে বোধহয় রক্ষা করতে চান, এমারজেন্সি সিচুয়েশন সম্পর্কে বোধহয় ওয়াকিবহাল হয়ে উঠেছে এবং জনসাধারণের সব উৎসাহ উদ্দীপনা তারা কাজে লাগাচ্ছে। তার পরে চা কেন কত কি চলেছে দেখুন তার একটা উদাহরণ রাখতে চাই। লোককে বলা হয় স্বার্থ ত্যাগ কর, স্বার্থ ত্যাগ কর, কিন্তু কয়েকদিন আগে কয়েকজন মন্ত্রী মেয়েদের বা বোনেদের বিয়ে হয়েছে তাতে কত টাকা খরচ হয়েছে, কত আলোর অপচয়, অপব্যয় হয়েছে সে সম্পর্কে এনকোয়ারী করবার সাহস আছে? এই অপচয় অপব্যয়

যাতে মানুষের মনে সাহস আনবে ভরসা আনবে সে ধরনের অবস্থার সৃষ্টি হবে কি করে। কলকাতা শহরে নিয়োন লাইট বন্ধ হয়ে গিয়েছিলো এমারজেন্সির ব্যাপারে আমাদের পাওয়ার দরকার এবারে এসব আবার চলেছে—সিনেমা আমি অবশ্য যাই না, আমার ২।৪ জন বন্ধুরা যায়, তাঁরা বলেছেন সেখানে ৭টা থেকে ৮টা এয়ার কন্ডিশনড বন্ধ হয়ে গিয়েছিলো। আজকে আবার তাও চলেছে সব জায়গায়। সব জায়গায় এমারজেন্সির যে আবহাওয়া প্রয়োজন ছিলো তা আজকে নেই যা ছিল নষ্ট হতে চলেছে। এমারজেন্সি একদিকে থাকবে এবং চীনারা আমাদের দেশ আক্রমণ করতে পারে সে সম্ভাবনাও রয়েছে। তারা সৈন্য সমাবেশ করেছে তার নানা খবর বেরচ্ছে। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের কার্যে প্রতিভাত হচ্ছে যে এমারজেন্সির ব্যাপারে যতটা সিরিয়াস হওয়া উচিত ছিল সে সিরিয়াসনেস তাঁদের নেই—আজ অপচয় অপব্যয় বন্ধ হয়নি।

[1-30—1-40 p.m.]

আমাদের দেশে প্রোমালগেশান অব ইমারজেন্সি হবার পর থেকে দুর্নীতি সরকারের দপ্তরে দপ্তরে বেড়েছে—চেক করবার কেউ নেই—বলবার কেউ নেই—ডি আই রুলস আছে, যে বলবে সরকারের দপ্তরের বিরুদ্ধে তার বিরুদ্ধে ডি আই রুলস রয়েছে। দু-একটা উদাহরণ আমি দেবো, স্যার, রেড টেপিজমের কথা অনেকে বলেছেন, ইমারজেন্সি পিরিয়ডে লোকে আশা করে যে ফাইলগুলি একটু জলদি জলদি চলবে—কাজগুলো একটু তাড়াতাড়ি হবে। আগে যে কাজ এক মাসে হোত এখন সেখানে দু মাস হচ্ছে। দপ্তরের মাথায় যাঁরা বসে আছেন তাঁদের কাছে কাজের কথা বলতে তাঁরা বলে আর বলেন না ইমারজেন্সির ব্যাপার আমরা খুব ব্যস্ত, এখন এসব কাজ করা যাবে না। জনসাধারণের প্রয়োজন যে কাজ সেগুলি ব্যাপারে একেবারে নীরব এই ইমারজেন্সির নামে। এটা অত্যন্ত সাংঘাতিক অবস্থা। আমাদের শিয়রে যখন শত্রু দাঁড়িয়ে রয়েছে তারা যে কোন মুহূর্তে আমাদের স্বাধীনতাকে আক্রমণ করতে পারে—যেটা তারা করেছিল এবং সাময়িকভাবে থেমে আছে যেটা উপরতলা থেকে আরম্ভ করে সবাই স্বীকার করছে সেই জায়গায় তারা যদি এমন কোন কাজ করেন যার ফলে জনসাধারণের মনে যে উৎসাহের সৃষ্টি হয়েছিল সেটা প্রশমিত হয়ে যায় তাদের মনে প্রতিক্রিয়া দেখা দেয় তাহলে এইসব কাজ কি করে হবে এটা মাথায় ঢুকছে না। ইমারজেন্সি ব্যাপারে আমরা বক্তৃতা অনেক শুনেছি—এসেম্বলীতে শুনেছি, রেডিওতে শুনেছি, খবরের কাগজে শুনেছি। একমাত্র মন্ত্রীমণ্ডলীরা যদি কোন কাজ করে থাকেন তা হচ্ছে একমাত্র বক্তৃতা। আর কোন কাজ তারা করেননি এই ব্যাপারে। সিভিল ডিফেন্সের কথা। এটা একটা রাজনৈতিক আখড়া হয়েছে। সেখানে কংগ্রেসের দলের লোকরা থাকবে-এর মাধ্যমে যে কন্ট্রাক্টগুলো আসবে সেগুলো তাদের পেটোয়া লোকদের দেওয়া হবে। অর্থাৎ এগুলো কংগ্রেস দলের সংকীর্ণ রাজনৈতিক আখড়া হিসাবে ব্যবহার করা হচ্ছে। ঐ যে সাধারণ নির্বাচন আসছে ১৯৬৭ সালের সেই নির্বাচনের দিকে লক্ষ্য রেখে ইমারজেন্সিকে কাজে লাগাচ্ছে। চীনা আক্রমণের কথা মোটেই তাদের মাথায় নেই। চীন আমাদের স্বাধীনতাকে আক্রমণ করেছিল—সেটা তাদের মাথা থেকে সরে গেছে। এই কাজে ধনী মুনাফাবাজ সম্প্রদায় তাদের সঙ্গে তারা হাত মিলিয়েছে। জনসাধারণের দুঃখকে তারা আরও বাড়িয়েছে। জনসাধারণের কাছে ইমারজেন্সিটা একটা ফার্সে পরিণত হয়েছে। আপনার মাধ্যমে আমি তাদের সাবধান করে দিতে চাই—জনগণকে নিয়ে যেন তাঁরা খেলেন না, দেশের স্বাধীনতাকে নিয়ে তাঁরা যেন খেলেন না। দল বড নয়, দেশ বড-স্বাধীনতা যদি চলে যায় তাহলে কংগ্রেস থাকবে না আমরাও থাকবো না। দেশের বিপদ যেখানে সেখানে সবাইকে নিয়ে মিলে মিশে স্বাধীনতা রক্ষার কাজে এগিয়ে চলতে হবে। তা না হলে যে পথে তাঁরা চলছেন সে পথে যদি চলেন তাহলে জনগণ কোনদিন ক্ষমা করবে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Anil Maitra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বায়বরাদ্দের এই যে অস্বাভাবিক খাতে জাতীয় জরুরী প্রয়োজনে যে ব্যয় ধার্য করা হয়েছে সেটা সমর্থন করতে উঠে আজকে আমি প্রথমেই বলতে চাই যে গত অক্টোবরের শেষে যখন চৈনিক আক্রমণ হোল দেশে তখন চীনেরা যাই ভাবুক দেশের

সম্বন্ধে--দেশে বিভেদ আছে—দেশে দলাদলি আছে—দেশের মধ্যে যে সরকার প্রতিষ্ঠিত তার পেছনে সর্বজনসমর্থন নেই এইরকম যে ধারণাই তারা করে থাকুক কিন্তু ভারতবাসী দেখিয়ে দিয়েছে যে এই সমর সংগ্রামের জন্য আসমুদ্র হিমাচল পর্যন্ত দেশপ্রেমের বন্যা বয়ে গেছে। তাতে চীনেরা অস্ত্র সম্বরণ করেছে। মাননীয় সদস্য পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় কংগ্রেস সভাপতি সঞ্জীবায়ার বক্তৃতার কথা বলেছেন। নিশ্চয়ই এই সময় যখন ঐ ধরনের কমিউনিস্ট সেন্ট্রাল কাউন্সিল থেকে একটি প্রস্তাব পাশ হয়েছিল যে তারা ভারতের প্রধানমন্ত্রীর বৈদেশিক ও প্রতিরক্ষা ব্যবস্থাকে সমর্থন করেন, এবং চীন আক্রমণকে আমরা প্রতিহত করবো নিশ্চয়ই, সেই সময় এই প্রস্তাবে সাধারণত স্বস্তির নিঃশ্বাস খানিকটা হয়েছে। কিন্তু দুর্ভাগ্যবশত তার পরেও যখন পশ্চিম বাংলার কমিউনিস্ট পার্টি ও তার দলের কিছুসংখ্যক পশ্চিম বাংলার সদস্য, তাদের কার্যকলাপ যখন সাধারণ লোকের সমালোচনার মধ্যে এলো এবং সেই সময় সরকারকে বাধ্য হয়ে তাদের ডিফেন্স অফ ইন্ডিয়া রুলসএ ধরবার ব্যবস্থা করতে হলো। আজকে আমরা দেখতে পাচ্ছি আজকে যে যুদ্ধ, সেই যুদ্ধকে শুধু প্রতিরোধ করলে হবে না, বর্তমান যুগের যে যুদ্ধ, সেই যুদ্ধে সমস্ত জাতিকে তার পেছনে থাকতে হবে। সমস্ত কিছু—কি সামরিক, কি অসামরিক—সকল লোক তার মধ্যে থাকবে। যে যে কাজ করছে, সেই কাজ করে যাবার কালে কলকারখানায়, ক্ষেতখামারে- যুদ্ধের জন্য অতিরিক্ত উৎপাদন করতে হবে, অতিরিক্ত পরিশ্রম করতে হবে। অসামরিক যে প্রতিরক্ষা ব্যবস্থা যেটা হচ্ছে আর একটা নাম বলা যেতে পারে আত্মরক্ষা। আমরা জানি যুদ্ধ যদি হয় তাহলে সে যুদ্ধ কেবল সীমান্তে হবে না, সেই যুদ্ধের ফলে অসামরিক যে ব্যবস্থা এবং যুদ্ধের প্রয়োজনে সমস্ত কিছু উৎপাদনের যে ব্যবস্থা সব কিছু বিধ্বস্ত হয়ে যাবে। সেই কারণে আজ আত্মরক্ষার জন্য আমাদের প্রয়োজন হয়েছে আমাদের মনোবল। আজকে আমরা সেই মনোবল দেখছি। প্রথম যখন প্রতিরক্ষা ব্যাপারে সাময়িকভাবে চীনারা সুযোগ সুবিধা পেল, সাফল্য অর্জন করলো, তখন আমাদের মুষ্টি আরো দৃঢ়তর হয়েছিল। আমরা বলেছিলাম এই যুদ্ধের জন্য যা কিছু প্রয়োজন আমরা রক্তদান করবো, অর্থ দেব, শ্রম দেব আমাদের সব কিছু দেব। এই প্রতিজ্ঞা আমরা করেছিলাম। কিন্তু দুর্ভাগ্যবশত কয়েক মাস পরে চীনারা অস্ত্র সম্বরণ করলো। তারপর আমরা দেখতে পেলাম যে প্রতিজ্ঞা আমরা করেছিলাম, যে কৃচ্ছ্রসাধন আমরা করবো, আমাদের যা কিছু ক্ষয়ক্ষতি, কষ্ট সব আমরা সহ্য করবো। আজকে আমাদের কেন্দ্রীয় সরকারকে প্রথম যুদ্ধকালীন বাজেটে আমাদের প্রতিরক্ষা খাতে বহু টাকা বরাদ্দ করতে হলো। অসামরিক প্রতিরক্ষা খাতেও টাকা চাই, তার জন্যও বিশেষ বিশেষ ব্যবস্থা করতে হবে। এই বিশেষ বিশেষ ব্যবস্থার মধ্যে একটা হচ্ছে যেমন ধরুন স্বর্ণ নিয়ন্ত্রণ নীতি। তারপর বিভিন্ন করভার চাপাবেন। এই বিভিন্ন ধরনের করভার আমাদের বহন করতে হবে। আমাদের সরকার যে পরপর ২।৩টি পরিকল্পনা করেছেন, তার জনাই বাধ্য হয়ে এসব করতে হচ্ছে। এটা সাধারণ লোকের মধ্যে প্রচার করা উচিত ছিল যে কেন আমাদের এই অস্বাভাবিক করভার বইতে হবে। আজ চীনা আক্রমণের জন্য আমরা এই সমস্ত সহ্য করতে বাধ্য হব। আমরা জানি কৃষক, মধ্যবিত্ত যাঁরা আছেন এই করভার তাদের উপর কষ্ট আনয়ন করবে। কেন এই কষ্ট আসছে? কারণ দস্যু চীনের আক্রমণের জন্য আমাদের সকলকে এই করভার সহ্য করতে হবে।

[1-40—1-50 p.m.]

আজকে সেইজনাই আমি বলবো নিশ্চযই আজকে রাজনৈতিক যে বিরোধী দল এখানে আছে তাদের ভূমিকা আজ সব থেকে কঠিন। কারণ আজকে যে সরকার, যে জাতীয় সরকার এই প্রতিরক্ষার ব্যবস্থা করেছেন, তাঁরা যেভাবে ব্যয়বরাদ্দ করেছেন তার পিছনে, তার জন্য আজকে বিরোধী দলের নিশ্চয়ই সরকারকে সমালোচনা করতে হবে। কিন্তু তাদের জাতীয়তাবাদী বিরোধী দল মনে করতে হবে এবং সেই হিসাবে সমালোচনায় গুরুত্ব আনতে হবে। আজকে সে মনোবল, আজকে সাধারণ মানুষের সহ্য করবার ক্ষমতা, সমস্ত দুঃখ দারিদ্র্য বরণ করবার জন্য আজকে এই জাতীয় সংকটের দিনে যে সংকল্প তারা গ্রহণ করেছিল আজকে আমরা এমন সমালোচনা করবো না যাতে সেই মনোবল ভেঙ্গে পড়ে। আজকে আমরা এমন সমালোচনা করবো না যে সমালোচনায় আজকে যখন সমস্তরকম স্বার্থ ত্যাগ করবার জন্য আমরা প্রস্তুত হয়েছি তা

বিঘ্নিত হয়। আজকে নিশ্চয়ই অনেক গলদ ত্রুটি থাকতে পারে কিন্তু সেই গলদ ত্রুটি আজকে আমাদের বিবেচনা করতে হবে আজকে যে সময় জাতির জরুরী আপৎকালীন সময় সেই সময় তাঁদের সমালোচনার ধারা এখন যাতে সাধারণ নাগরিকদের মনোবল কোনভাবে নষ্ট না হয়। আজকে আমি দুঃখের সঙ্গে লক্ষ্য করছি এই বাজেটের সময় যেরকম সংবাদপত্রের যে ভূমিকা হয়েছে, তাঁরা তুলে ধরেন, দেশের সাধারণ জনমতের প্রতিচ্ছবি হিসাবে, সরকারের বিভিন্ন গাফিলতি। তাঁরা বলেন আজকে এই বিভিন্ন করভারে কি অবস্থা হবে। আজকে তাঁরা সরকারের বিভিন্ন নীতি সমালোচনা করেন কিন্তু আজকে এই জাতির সংকট মুহূর্তে যখন দেশে এই আদেশ এলো, স্বর্ণ-নিয়ন্ত্রণ নীতি এলো, তখন আজকে আমরা কি দেখতে পাচ্ছি? আজকে আমরা দেখতে পাচ্ছি স্বর্ণ নিয়ন্ত্রণের নীতিতে অনেকে বেকার হয়েছে, অনেকের চাকরী গিয়েছে, এ বিষয় সন্দেহ করার কিছু নেই নিশ্চয়ই গিয়েছে, কিন্তু যখন আমরা দেখলাম সুনীলকৃষ্ণ কর্মকার, সেই যুবক আজকে মৃত্যুমুখে পতিত হয়েছে, সে আত্মহত্যা করেছে, এই যুবকের মনে যদি আমরা দেশপ্রেম জাগ্রত করতে পারতাম, এই যুবক যদি তার গ্রাসাচ্ছাদনের জন্য সৈনিকবৃত্তি গ্রহণ করতে পারতো, দেশের স্বাধীনতার জন্য আজকে লাডাকে ঐ সীমান্তে কতদিন অনাহারে থেকেও সক্রিয়ভাবে আবার আমাদের জোয়ানরা ক্যাম্প-এ ফিরে এসেছে কত কৃচ্ছ্রসাধন করে, সেই দৃষ্টান্ত যদি তার সামনে তুলে ধরতে পারতাম তাহলে তার মনোবল অটুট থাকতো। কিন্তু এখানে আমরা কি দেখলাম, জাতীয় সংবাদপত্রের ভূমিকায় তাঁরা যেভাবে সংবাদ পরিবেশন করেছেন তাতে দুঃখের সঙ্গে ওটাই লক্ষ্য করলাম যে তারা এই জাতীয় সংকটময় মুহূর্তে সে সমালোচনা যেভাবে করেছেন তাতে এইসব দুর্বলমতি যুবকদের বিপথে নিয়ে গিয়েছেন। আজকে তাতে প্রচ্ছন্নভাবে উস্কানীর ইঙ্গিত আছে। আজকে বিভিন্নভাবে যেসব সরকারের সমালোচনা করা হয় তাতে আমাদের লক্ষ্য করতে হবে, আমি এইজন্য বলছি, জাতীয়তাবাদী বিরোধীদল যাঁদের উদ্দেশ্যে বলছি, আমরা জানি জাতীয় সংগ্রামের দিনে দেশ যখন পরাধীন ছিল তখনও তাঁরা হাই কমান্ড-এর সব নীতি মানেন নি, তাঁরা বিভিন্নভাবে দেশকে পরাধীনতা থেকে মুক্ত করবার চেষ্টা করেছেন। আজও সেইরকম তাঁরা হাই কম্যান্ডএ বিশ্বাস করেন না কিন্তু তাঁরা এমন কোন কাজ করবেন না যাতে আমাদের প্রতিরক্ষা বিঘ্নিত হয়, প্রতিরক্ষা ব্যাহত হয়। এর ত্রুটি-বিচ্যুতি আছে কিন্তু আজকে সমালোচনাকে এমন পর্যায়ে নিয়ে যাবেন না যাতে সাধারণ লোকের মধ্যে ফ্রাসট্রেসান আসে, তাদের মধ্যে হতাশার ভাব আসে। তাঁরা জাতীয় প্রতিরক্ষার জন্য যে মনোবলের পরিচয় দিয়েছেন সেটা যেন বিঘ্নিত না হয়।

Shri Anadi Das:

ডেপুটি স্পীকার মহোদয়, দেশরক্ষার জন্য যে মনোভাব সরকারের গ্রহণ করা উচিত আমি দুঃখের সাথে বলব সরকার পক্ষে সে মনোভাবের অভাব আছে। দেশরক্ষার জন্য প্রধান চারটি জিনিস
১ দরকার। প্রথমতঃ, পাবলিক মরাল রাখতে হবে, তারপর, শিক্ষিত, শক্ত সৈন্যবল, তৃতীয়ত, উৎপাদন বৃদ্ধি এবং তার জন্য সমস্ত সম্পদ নিয়োগ করা এবং চতুর্থত, আমাদের কতকগুলি প্রিকশানারী মেজারস নিতে হবে। এই চারটি কাজ যদি তলিয়ে দেখা যায়, তা হলে দেখা যায় যে আমাদের পশ্চিমবাংলায় সরকার প্রত্যেকটি কাজে ব্যর্থ হয়েছেন। কেন এমারজেন্সী, কেন আমরা স্বার্থত্যাগ করব সে সম্পর্কে সরকারের পক্ষ থেকে দেশবাসীকে ওয়াকিবহাল করবার যথাযথ চেষ্টার অভাব দেখা যাচ্ছে। এ ব্যাপারে সমস্ত দায়িত্ব রাখা হয়েছে কতকগুলি বৃহৎ সংবাদপত্রের উপর, যারা খবরের কাগজ পড়ে না তাদের কাছে সুষ্ঠু প্রচারের কোন ব্যবস্থা সরকার করেন নি। পাবলিক মরাল বজায় রাখার জন্য জিনিসের দামের ঊর্ধ্বগতি রোধ করা, অসাধু ব্যবসায়ীরা যাতে যুদ্ধের নামে মুনাফা শিকার করতে না পারে, তার জন্য যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হয় নি। চাউলের দাম দিন দিন বেড়ে যাচ্ছে, সরকার বলছেন চাউলের উৎপাদন কম হয়েছে। কিন্তু তাতে স্কারসিটি বাড়বে, দর বাড়বে কেন? স্কারসিটি হলে আমরা কম খেতে পারি, সরকার চাল এনে ব্যবসায়ীদের হাতে তুলে দিচ্ছেন যাতে তারা দর বাড়িয়ে দিতে পারে, লাভ করতে পারে। এরকম করে পাবলিক মরাল বজায় রাখা যায় না। চোরাকারবারী, অতি মুনাফা শিকারী যারা তারাই আজ সত্যিকারের দেশরক্ষা প্রচেষ্টাকে স্যাবোটেজ করছেন। তাদের কার্যকলাপকে সাবভারসিভ অ্যাক্টিভিটিজ পর্যায়ে ফেলা উচিত। দেশরক্ষার জন্য উৎপাদন

রাখান প্রয়োজন, চারদিক থেকে সাজ সাজ রব উঠা দরকার; কিন্তু কার্যক্ষেত্রে তা দেখা যাচ্ছে না। এটা হিসাব করা প্রয়োজন যে আমাদের দেশে যে যন্ত্রপাতি আছে তার ফুল ক্যাপাসিটি হচ্ছে। এ সম্বন্ধে হিসাব নেওয়া হোক। প্রত্যেক জায়গায় দেখা যায় কোন মেশিন ফুল ক্যাপাসিটিতে ব্যবহৃত হচ্ছে না। একদিকে যন্ত্র অচল পড়ে আছে, অন্যদিকে লোক বেকার হচ্ছে। ওদিকে প্রোডাক্‌সন চলবে, এদিকে বেকার বাড়ছে। এগুলি দেশরক্ষার সুষ্ঠু ব্যবস্থা নয়। এদিকে গরীবের উপর ট্যাক্স বাড়ছে, ধনিককে রেহাই দেওয়া হচ্ছে। এগুলি সত্য কথা নয়, যুদ্ধ বাঁধলে ট্যাক্স দিতে হবে দেশরক্ষার প্রয়োজনে।

[1-50—2 p.m.]

এমারজেন্সীর জন্য, আমাদের দেশরক্ষার জন্য ত্যাগের দরকার, টাকার দরকার। কিন্তু বড়লোকদের উপর চাপ দেবার জন্য কোন ব্যবস্থা হয় নি, তাঁদের কাছ থেকে টাকা নেবার ব্যবস্থা হয় নি। তা না করে এমন ব্যবস্থা করা হচ্ছে এই এমারজেন্সীর সুযোগে—আমার বেশি সময় নাই, আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে, জমিদারীর আমল থেকে যাদের ব্যাকওয়ার্ড ক্লাশ বলা হত, বাগদী, জোলা, তারাই চিরকাল লড়াই করে এসেছে। কিন্তু আজকে সৈন্য বিভাগে তাদের নেওয়ার দরকার হলেও তার কোন লক্ষণ আমরা দেখতে পাচ্ছি না, তার জন্য কোন সেন্টার বসিয়ে তাদের সৈন্যবিভাগে নেওয়ার কোন চেষ্টা করা হয় নি। দেশরক্ষার জন্য কোন সুষ্ঠু পরিচালনা না করে তাঁরা নিজেদের দলের কিছু লোককে হোমগার্ডে ভর্তি করার ব্যবস্থা করেছেন। প্রকসনারি মেজার্স হিসাবে হাসপাতালের বেড, অ্যাম্বুলেন্স প্রভৃতি বাড়ান দরকার। শুধু এমারজেন্সী সময়ের জন্য নয়, এমারজেন্সী কেটে গেলেও এগুলি দরকার হবে, কিন্তু সেদিক থেকে কোন ব্যবস্থা নাই। অন্য দিকে আমরা দেখতে পাচ্ছি দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে যারা যুদ্ধ প্রচেষ্টায় সহযোগিতায় সাহায্য করতে চায়, তাদের সাহায্য নেওয়া হচ্ছে না। যারা দেশের স্বার্থবিরোধী কাজ করে তাদের বন্দী করে রাখা যেতে পারে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি এবং আমরা বহু জায়গা থেকে শুনতে পাচ্ছি যে, কিছুসংখ্যক কায়েমী স্বার্থবাদী লোকের সুবিধার জন্য এবং নিজেদের স্বার্থ পূরণের জন্য বহু লোককে বন্দী করা হচ্ছে। এই সভার সদস্য কানাইবাবু আর সি পি আই-এর মেম্বার, তাঁরা পরিষ্কার ভাষায় বলেছেন আমরা দেশরক্ষার কাজে সহযোগিতা করতে চাই। কিন্তু তাঁদের বন্দী করে রাখা হয়েছে এবং শুধু তাই নয়, তাঁদের প্রথম বা দ্বিতীয় শ্রেণীর মর্যাদাও দেওয়া হয় নি। তারপর, এমারজেন্সীর সময় নির্বাচন করা হচ্ছে। আমরা মনে করি এই এমারজেন্সীর সময় এভাবে নির্বাচন করে এমারজেন্সীকে খেলো করা হচ্ছে। সরকারপক্ষ তাঁদের নিজেদের দলবৃদ্ধির ও দলীয় স্বার্থপূরণের জনাই এসময়ে নির্বাচন করছেন বলে আমরা মনে করি।

Dr. Pratap Chandra Chunder:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আফিমের নেশার জন্য চীন একদিন খুব বিখ্যাত ছিল, কিন্তু হিমালয়ের পারে যদি চোরাচালান করে আফিমের নেশায় আমাদের দেশকে বিভ্রান্ত করে তোলা হয়, তা হলে আমি মনে করব দেশের ভবিষ্যৎ ধোঁয়াটে। আজকের দিনে এই আপৎকালীন অবস্থায় যে বায়-বরাদ্দ উপস্থিত করা হয়েছে তা সমর্থন করতে উঠে আমার এই কথাই মনে হচ্ছে বাস্তবিক আমরা কি চীনের মতোই আফিমের নেশার ঘোরে ঝিমিয়ে থাকবার মত অবস্থায় গিয়ে পড়েছি। এই কথা সত্য গোড়ার দিকে আমাদের কিছুটা উৎসাহ-উদ্দীপনা দেখা দিয়েছিল, আজকে অনেক কারণে সেই উৎসাহ উদ্দীপনার মধ্যে ঢিলা পড়েছে। আমরা দেখতে পাচ্ছি জনসাধারণের মধ্যেই হোক বা জনসাধারণের নেতৃত্ব যাঁরা নিয়েছেন তাঁদের মধ্যেই হোক, লোকে আগের মতো তেমন উৎসাহ উদ্দীপনার সংগে অগ্রসর হচ্ছেন না। আমরা দেখতে পাচ্ছি যে, অনেকে মনে করছেন যুদ্ধ থেমে গিয়েছে, এই কথা হাটে-বাজারে, বহু জায়গায় শোনা যাচ্ছে এবং অনেকে এইসমস্ত কথা বলে চায়ের দোকানে রাজা-উজীর মারছেন। আজো আমরা দেখতে পাচ্ছি উৎসব উপলক্ষে, বিবাহে, অন্নপ্রাশনে বহু খাদ্যের অপচয় হচ্ছে। বিধানসভার যেখানে আমরা দেশের নেতৃত্ব আশা করি সেখানে দেখতে পাচ্ছি যখন চীনা ডাকাত আমাদের ঘরে এসে পড়েছে তখন আমরা বিধান-সভায় চোর চোর খেলা শুরু করেছি। আমরা দেখতে পাচ্ছি কমিউনিস্ট বন্ধুরা এখন আমাদের

কাছে বলছেন তাঁরা জনসাধারণের হয়ে লড়াই করবেন এবং দেশরক্ষা করবেন। কিন্তু আমরা জানি জনসাধারণের হয়ে তাঁরা কিরকম লড়াই করবেন, আমরা অতীতে দেখেছি, ১৯৪২-৪৩ খৃস্টাব্দে সাম্রাজ্যবাদী যুদ্ধের সময় যখন কলকাতার রাস্তায় রাস্তায় লক্ষ লক্ষ লোক না খেতে পেয়ে মারা পড়েছিল তখন তাঁরা সাম্রাজ্যবাদী শক্তির হয়ে লড়াই করেছিলেন, জনসাধারণের হয়ে নয়। আজকের দিনে যখন চীনা জঙ্গীবাদের আক্রমণে চীনদেশের লক্ষ লক্ষ লোক দু-মুঠো অন্নের জন্য ইংরাজশাসিত হংকং-এ চলে যাচ্ছে, পর্তুগীজ শাসিত ম্যাকাওয়ে চলে যাচ্ছে, তখন ভারতীয় কমিউনিস্ট পার্টি একটা প্রস্তাবও পাস করছেন না, তার প্রতিবাদ কিংবা চীনা শাসকদের বিরুদ্ধে কথা বলে, অথচ কলম্বো প্রস্তাব সম্পর্কে, কোরিয়া সম্পর্কে, আলজেরীয়া সম্পর্কে প্রস্তাব পাস করছেন। চীনা জনসাধারণের প্রতি তাঁদের কোন দরদ আমরা দেখতে পাচ্ছি না। এটা কিছু আশ্চর্যের নয়, কেন না ভারতীয় কমিউনিস্ট পার্টি হচ্ছে ঝালপাতার সেপাই, বাইরে থেকে তাঁদের যে প্রভু রয়েছে তাঁরা যেভাবে সুতো নাড়বেন তাঁরাও সেইভাবে নৃত্য করবেন। আমি মাননীয় সদস্য শ্রীকমল গুহ মহাশয়কে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি, তিনি স্পষ্টভাবে ভারতীয় কমিউনিস্টদের স্বরূপ উদ্ঘাটিত করে দিয়েছেন। কিন্তু আমি তাঁর সংগে একমত নই যেখানে তিনি বলছেন আজকে জোটনিরপেক্ষ নীতির প্রয়োজন নাই বা কলম্বো প্রস্তাব আমাদের দেশের জনসাধারণের উপকারে লাগবে না। আমরা এটা পূর্ণভাবে সমর্থন করি এবং সঙ্গে সংগে তাঁকে একথা স্মরণ করিয়ে দিতে চাই যে, পূজনীয় বিনোবাজীর যেসমস্ত উক্তি সংবাদপত্রে বেরিয়েছিল এবং তিনি যেগুলির উল্লেখ করলেন তার প্রতিবাদ সর্বোদয় সমাজ থেকে করা হয়েছিল এবং ভূদান পত্রিকায় এসম্পর্কে অস্বীকার করাও হয়েছিল। কিন্তু আজকের দিনে সেটাই বড় কথা নয়, আজকের দিনে বড় কথা হচ্ছে এই যুদ্ধকালীন অবস্থায় কি ধরণের প্রস্তুতি দরকার। মাননীয় সদস্য নিখিল দাস মহাশয় তো পুরোপুরি সরকারকে দায়ী করে দিলেন, দেশের মধ্যে উৎসাহের অভাব দেখা দিয়েছে তার জন্য তিনি সরকারকে দায়ী করেছেন। আমার কাছে একটা বই আছে, তাতে বলছে যখন দ্বিতীয় মহাযুদ্ধ শুরু হল তখন ইংলন্ডেও এই সমস্যা দেখা দিয়েছিল, এই আশঙ্কা দেখা দিয়েছিল যে, জনসাধারণের প্রাথমিক উচ্ছ্বাস যা রয়েছিল কিছুদিন পরে সেই উচ্ছ্বাস কিছুটা শিথিল হয়ে যেতে পারে। "দি স্পোকেন ওয়ার্ড" নামে বইটিতে সে সময় স্যার রিচার্ড লিভিংস্টোন যে ভাষণ দিয়েছিলেন তার থেকে কিছুটা অংশ উদ্ধৃতি করে আমি আপনাদের শুনিয়ে দিচ্ছি

"Don't we all know the mood in our private enterprises as well as in those of the nation when the first fervour and resolution wear off and doubts come knocking at the doors of the mind. So far in this war we have had little occasion for such a mood but the moment of it is certain to come".

[2—2-10 p.m.]

এইরকম একটা অবস্থা প্রত্যেক জাতির মধ্যে হয়, মানুষের মধ্যে হয় যে প্রথমে উৎসাহ খুব বেশী থাকে কিন্তু পরে কাজের মধ্যে অনেকটা ত্রুটি দেখা যায়। এর বিরুদ্ধে সংগ্রাম করতে হবে। কি উপায়ে সংগ্রাম করতে হবে তার ৩টা হদিশ স্যার রিচার্ড দিয়েছেন। প্রথম কথা, তিনি বলেছেন ন্যাচারাল ব্রুট টেনাসিটি-অর্থাৎ একটা জিদ দরকার। আমাদের মনের মধ্যে এমন একটা জিদ আনা দরকার যাতে যে কষ্ট আমাদের সামনে রয়েছে সেই কষ্ট কিছুতেই আমাদের বিচলিত করবে না। দ্বিতীয় কথা তিনি বলেছেন প্রাইড। এমন একটা গর্ব আমাদের মনের মধ্যে থাকা দরকার যে আমরা শেষ পর্যন্ত বিজয়ী হব ঐ আক্রমণকারীর কাছে আমরা মাথা নত করব না। তৃতীয় কথা তিনি বলেছেন যে আদর্শ নিষ্ঠা দরকার। আমরা সামনে যে আদর্শ ধরে রেখেছি সেই আদর্শ থেকে ভ্রষ্ট করবার জন্য যত কিছু বিপদ আসুক না কেন, নিজেদের যত কিছু দুঃখ-দুর্দশা আসুক না কেন আমরা তা হাসিমুখে বহন করে নেবার যোগ্যতা অর্জন করব। এই ৩টা লক্ষ্য যদি আমরা সামনে রাখতে পারি, তা হলে সাধারণভাবে আমাদের যে উৎসাহের খানিকটা অভাব দেখা যাচ্ছে নিশ্চয় আমরা তা কাটিয়ে উঠব। সরকারের যে নেতৃত্ব দেবার প্রয়োজন আছে সেই নেতৃত্বের অভাব ঘটুক বা যেখানে পুরাপুরি নেতৃত্ব দরকার সেখানে তা পুরাপুরি দেওয়া হবে না, একথা বলার উদ্দেশ্য নয়। সরকারের তরফ থেকে নিশ্চয় যে নেতৃত্ব দেবার প্রয়োজন আছে সেটার পুরাপুরি কার্যকরী করা দরকার। সেই সঙ্গে

আমাদের শত্রুপক্ষের প্রস্তুতি কিভাবে ঘটছে সেকথা স্মরণ করিয়ে দিতে চাই। ১৯৫৫ সালে আমার চীনে যাবার সুযোগ হয়েছিল এবং সেখানে ব্যাপকভাবে ভ্রমণ করবার সুযোগ হয়েছিল আমরা তখন থেকেই লক্ষ্য করেছি সেখানে বিভিন্ন স্থান রক্ষা করার জন্য বরাবরই তাঁরা ব্যবস্থা করে চলেছেন। এমন কোন রেল সেতু বা এমন কোন সামরিক গুরুত্বপূর্ণ জায়গা আমরা দেখি নি যেখানে তারা বরাবরের মত পাহারার কাজে লোক না রেখেছে। এমন কি নিজেদের দেশকে রক্ষা করবার জন্য ব্যাপকভাবে সৈন্য সমাবেশ করেছে এবং নূতন করে সৈন্যদল বাড়াবার চেষ্টা করেছে। শুধু দেশ রক্ষা করবার জন্য নয়, এখন আমরা বুঝতে পারছি যে পররাজ্য আক্রমণ করবার জন্য তারা এসব করেছে। আমার কাছে একটা বই রয়েছে, চায়না রি-কনস্ট্রাক্টস। এটা সরকারী মুখপত্র। ১৯৫৫ সালের অক্টোবরে এটা প্রকাশিত হয়েছে। ওটা এখনও প্রকাশিত হয়। এতে মিলিটারী সার্ভিস ইন চায়না বলে যে উল্লেখ রয়েছে তাতে লেখক বলেছেন "Now in accordance with the new needs of national defence obligatory military service for a fixed term has been introduced. With this system China will maintain a much smaller standing army but will acquire a growing trained reserve, financial resources will be saved and trainees will be returned to civilian life to take part in socialist reconstruction, live a normal life with their families."

১৯৫৫ সাল থেকে সেখানে বাধ্যতামূলক সামরিক শিক্ষা তাঁরা ব্যবস্থা করেছেন এবং যখন এ সম্পর্কে কথাবার্তা চলছিল তখন অল্প কয়েকদিনের মধ্যে এঁরা বলছেন যে অনেক তরুণ সৈন্যদলে যোগ দিতে চেয়েছেন তার মধ্যে থেকে এঁর ৩০ হাজার তরুণ তাঁরা বেছে নিয়েছো এবং পুরানো যেসব সৈন্য ছিল, ১৫ লক্ষ ৭০ হাজার সৈন্য, তাদেরকে তাঁরা সাময়িকভাবে ছাঁটাই করে দিয়েছেন। এই ১৫ লক্ষ ৭০ হাজার সৈন্যের মধ্যে এমন সেনা রয়েছে যারা কোরিয়ার যুদ্ধে আমেরিকার বিরুদ্ধে প্রথম দিকে অত্যন্ত সাফল্যের সঙ্গে লড়াই করেছিল। ঐ গ্রন্থে আমরা দেখতে পাচ্ছি নূতন একটা রঙরুট কি ভাবে জীবনধারা পরিচালনা করছে তার বিবরণও দেওয়া যাচ্ছে। যখন গ্রাম থেকে সেই রঙরুট বাহিনীতে যোগ দিতে যাচ্ছিল তখন সমস্ত গ্রামে সাধারণ লোক তাদের সেই লাল পতাকা তুলে নানা রকম বাদ্য বাজিয়ে একটা নূতন উদ্দীপনার আবহাওয়া সৃষ্টি করে তাকে বিদায় দিয়েছিল। মাত্র ৬ বৎসর শিক্ষা পেয়েছে এই রঙরুটে। এর নাম হচ্ছে সুংসতি। সে ৬ বছর শিক্ষ পেয়ে ঐ প্রাইমারী শিক্ষা ধরনের ১৯ বছর বয়সে সৈন্যদলে যোগ দিয়েছিল। কত লক্ষ সৈনাকে চীনারা তৈরী করেছে তার ঠিক নেই। সেই সৈন্য দলে তাদেরকে শুধু সামরিক কাজের জন্য নিযুক্ত করা হয়েছে তা না, অসামরিক কাজের জন্য তারা তৈরী হয়েছে। এসব আপনাদের আজকে চিন্তা করতে বলব। আজকে এই শত্রুর সঙ্গে প্রতিরোধের সঙ্গে আমাদের সংগ্রাম করতে গেলে আমাদের দেশে আমরা কি প্রস্তুতি করেছি সে সম্পর্কে সকলকে সচেতন হতে হবে। আমাদের সামরিক প্রতিরক্ষার ব্যাপারে যা কিছু ঘটছে সেটা এই বিধানসভার বিচার্য বিষয় নয়। আমরা অসামরিক প্রতিরক্ষার ব্যাপারে নিশ্চয় আলোচনা করছি। সামরিক প্রতিরক্ষা ব্যাপারে নিশ্চয় ব্যাপকভাবে লোকসভায় আলোচনা হবে। সাধারণ নাগরিক হিসাবে আমরা অন্যত্র এটা আলোচনা করতে পারি। কিন্তু অসামরিক প্রতিরক্ষা বলতে শুধু স্লিট ট্রেঞ্চ কাটা কিম্বা আলোর মাথায় ঠেঙা পরিয়ে দেওয়ার ব্যাপার নয়, অসামরিক প্রতিরক্ষা বলতে আমর এই বুঝি, সিভিল ডিফেন্স বলতে আমরা এই বুঝি, ডিফেন্স অফ সিটিজন, বাই সিটিজন, নাগরিকদের দ্বারা, নাগরিকদের প্রতিরক্ষা ব্যবস্থা। যদি ঐ প্রতিরক্ষা মাটিতে কবর চাপা পড়ে যায়, তা হলে দেশের বাস্তবিক দুর্দিন হবে। সেজন্য আমি মনে করি যে উৎসাহের সঙ্গে যে অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা শুরু হয়েছিল তাতে সামান্য কটি স্লিট ট্রেঞ্চ কাটা হবে কি হবে না, ঠোঙা পরান হবে কি হবে না সেটা বিচার্য নয়। প্রতিরক্ষা ব্যবস্থার সম্পূর্ণরূপে আয়োজন রেখে আমরা বাস্তবিক দেশের এই তরুণ সাধারণদের যদি প্রতিরক্ষার ব্যাপারে উৎসাহিত করতে পারি তা হলে নিশ্চয় সেটা দেশের পক্ষে কল্যাণকর হবে। কথা নয়, যেসমস্ত সরকারী কর্মচারী এই কার্যে ব্রতী হয়েছেন আমি তাঁদের সমালোচনা করছি। আমি জানি শ্রীপ্রণব সেন মহাশয় কি উৎসাহের সঙ্গে ওই কাজ শুরু করেছিলেন। দিনের পর দিন তিনি বিভিন্ন জায়গায় ঘোরাঘুরি করে সহস্র সহস্র মানুষের সঙ্গে নিজে দেখাশুনা করার চেষ্টা করেছিলেন, যাতে এমন একটা প্রতিরক্ষা সংস্থা গড়ে তোলা যায় যার মধ্যে দিয়ে

সমস্ত দেশের তারুণ্যকে সঙ্ঘবদ্ধ করতে পারা যায়। কিন্তু প্রতিরক্ষার লক্ষ্য কি হবে সে সম্বন্ধে কিছুটা মতান্তর হবার জন্য সেই ব্যবস্থা বেশী দূর অগ্রসর হতে পারে নি। সেজন্য মাঝে মাঝে যখন আমি ঐ সমস্ত কেন্দ্রে যাই, তখন অনেক জায়গায় দেখি যে ঘরে কোন বাতি পর্যন্ত জ্বলে না; যেসমস্ত কর্মচারী উৎসাহের সঙ্গে এগিয়ে এসেছিলেন এই কাজের লক্ষ্য হারিয়ে ফেলে তারা চোখের সামনে কোন ভবিষ্যৎ দেখতে পাচ্ছেন না, আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে আপনার মারফত অত্যন্ত বিনীতভাবে নিবেদন করছি যে আজকে এই তারুণ্যকে প্রকৃত উৎসাহ দেবার জন্য অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থাকে আরও জোরদার করার বিশেষ প্রয়োজন হতে পারে। আমরা যদি মনে করি যে সামান্য কিছু পরিবর্তন এদিক-ওদিক দরকার, তা হলে তা নিশ্চয় করব। আমি জানি অসামরিক প্রতিরক্ষার ব্যাপারে যে কটা ব্যাপক পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল তার মধ্যে সংঘ শক্তি গঠন করার দিকে বিশেষ জোর দেওয়া হয়েছে। কিন্তু শ্লিট ট্রেঞ্চ কাটা হবে কি না সেকথা নিয়ে যদি আমরা গঠন কার্যকে সম্পূর্ণরূপে ব্যাহত করে দিই, কিম্বা তার বাধা সৃষ্টি করি, তা হলে নিশ্চয় মনে করব সেটা দেশের পক্ষে মঙ্গলজনক হবে না। মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে অসামরিক প্রতিরক্ষার ব্যাপারে প্রকৃত নীতি কি হবে সেটা কেন্দ্র এখনও স্থির করে নি। আমি তাঁকে আপনার মাধ্যমে অনুরোধ জানাব যে আজকে তিনি কেন্দ্রকে এই অনুরোধ করুন, আজকে পশ্চিমবাংলা একটা সীমান্ত প্রদেশ। এই সীমান্ত প্রদেশ শুধু যে উত্তরে চীন থেকে বিপদগ্রস্ত হচ্ছে তা নয়, আমাদের প্রতিবেশী যে অন্য একটা রাষ্ট্র রয়েছে তারা সম্পূর্ণ বন্ধু ভাবাপন্ন নয়। এখানে সামরিক প্রতিরক্ষার জন্য কেন্দ্র যা করছেন করুন, কিন্তু এই প্রদেশের নাগরিকদের নিজেদের রক্ষা করবার জন্য ব্যবস্থা যা প্রয়োজন, যে সঙ্ঘবদ্ধ হওয়া প্রয়োজন, সেটা আমাদের অবশ্যই করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি যে আত্মরক্ষার চেষ্টা না করা আত্মহত্যার সমান অপরাধ। সেজন্য আমাদের আত্মরক্ষার চেষ্টা সম্পূর্ণরূপে করতে হবে। একদিন বাঙালী কবি স্বজাতি সম্পর্কে অত্যন্ত আক্ষেপ করে বলেছেন—"প্রতিজ্ঞায় কল্পতরু, সাহসে দুর্জয়, কার্যকালে দেখে সবে নিজ নিজ পথ।" এই আক্ষেপ আমাদের দূর করতে হবে এবং তার প্রথম পদক্ষেপ হবে অসামরিক প্রতিরক্ষার সঙ্ঘবদ্ধ শক্তির মধ্যে দিয়ে তার শিক্ষার মধ্যে দিয়ে সমস্ত জাতিকে আমরা সংঘবদ্ধ করতে পারি। তার প্রথম পদক্ষেপ এই রাজ্যসরকারের অধিকারে সেটা রয়েছে, তার মধ্য দিয়ে করতে হবে। আমি তাই এই অসামরিক প্রতিরক্ষার যেরূপ বরাদ্দ দাবী করা হয়েছে, তাকে পূর্ণ সমর্থন করে এই প্রার্থনা জানাচ্ছি যে এটা আরও দৃঢ় হোক, আরও জোরদার হোক, আরও ব্যাপক হোক, এবং সবল ও সুস্থ হয়ে উঠুক।

[2-10—2-20 p.m.]

Shri Deo Prakash Rai: Mr. Speaker, Sir, we have suffered national humiliation and lost our international prestige particularly before the Afro-Asian countries after the Chinese aggression on our country. Sir, Chinese aggression has exposed the failings and shortcomings of the Government in many fields. It showed militarily how weak we are; it showed how incapable our Diplomats are in the foreign countries that they failed to convince them about our case in the matter of our country's conflict with the Chinese. Sir, it also showed and proved that how incompetent and inefficient our S.I.B. and Military Intelligence have been. Sir, at the beginning of the Second World War, after Mr. Chamberlain quit, Mr. Churchil said, "If we allow the present to preside over the past, there will be no future." Sir, I have been given only 6 or 7 minutes' time and so I shall not take much time in dwelling on the past. Sir, the Chinese invasion has opened a new chapter in our post-independent history, a new chapter that tells us that might must be met with might, a new chapter that tells us that leaders of our country may profess and preach non-violence but the country needs a strong Army to defend the same. I only hope that when the present sense of emergency diminishes our leaders may not tear off this new chapter and demartialise our fighting forces and make the nation impotent. Sir, to-day after the national emergency has been declared by the Government, so many

organisations under the emergency have been formed by the Government. While going through the list of the members of such organisations one find that the patriotism is the monopoly only of the Congress. I may ask, who is responsible for bringing this national humiliation to-day? Who is responsible when I hang my head down in shame before the nations of the world because of the fact that we are beaten and chased to the foot-hills of NEFA. Who are responsible for this? The Government. Who runs the Government? The Congress. Sir, now there is not much time at my disposal so I will confine myself to the so-called Committees and different Councils of the district I belong to. Sir, of the 50 members of the Darjeeling Citizens Committee who are supposed to mobilise public opinion and the resources available you will find that about 40 belong to the Congress and of the rest some of whom displayed shady character before the National Emergency few really represent the people. Sir, who is the Chairman of the Citizens Council of the district? Mr. Nar Bahadur Gurung who was the Deputy Minister here during the last term and who as the sitting Deputy Minister was defeated by a candidate of the Party to which I belong in the border constituency of Kalimpong, and he suffered a land-slide defeat. Yet he has been made the Chairman of the Citizens' Committee of the Darjeeling district. Sir, I am the only man who has been taken in the Citizens' Committee from the district of Darjeeling or for that matter from North Bengal. It is a fact that I have been made a Joint Secretary in the Darjeeling District Council but what about other people who equally command respects from the mass. They have not been taken in the Committee because they have to accommodate Congressmen everywhere. By this, do the Government of West Bengal challenge and question the loyalty of people other than belonging to the Congress? By this act do they want to say that patriotism is only their monopoly? Who is the General Secretary of the District Citizens' Council, Darjeeling? A man whose integrity I can not question and challenge. He is a man of integrity who served the Indian Army. But I am speaking of his circumstances. He is a Contractor in Bhutan and as such he is in Bhutan most of the time. There are so many other Committees also of which in the Central Council Sm. Indira Gandhi is the Chairman. What is the fate of the Darjeeling District council? The General Secretary is somewhere in Bhutan and I do not know the whereabouts of Shri Nar Bahadur Gurung after his defeat in the last general election. What is the fate of the correspondence that must have been addressed to the district council, letters that are being addressed to the Secretary or Chairman of the Darjeeling District Committee? Sir, I know in the name of emergency there are certain motives of the Congress, the ruling party. The very fact of the thinness in the Treasury Bench proves how earnest they are in dealing with the national emergency. I find that there are only a few Ministers sitting in the Treasury Bench, and of more than 150 congress members there is hardly half present in the Treasury Bench. This proves how earnest they are, how seriously they have taken this national emergency. People are confused today because of our defeat in the frontier, and the declaration of national emergency. The majority of the people of our country are confused. And in this confusion the congress wants to thrive. Please do not try to fish in troubled waters. Sir, in the name of our motherland I appeal, "Don't try to make it a Congress show—in the name of national emergency don't think of 1967 general election today." In England during the Second World War they had National Government. When today we have declared national emergency, why don't you have a National Government here? You are carrying on activities for the furtherance of the Party ends.

In the name of emergency why should the women of our country be called upon to undergo rifle shooting in such a rediculous manner and half-hazard way? I was present in one of the rifle ranges where the ladies were undergoing training in rifle shooting. Sir, why this fun? Why should we spend our energy, time and ammunitions? If you want to organize our womenfolk on military footing, do it properly, do it as they have done it in Israel and Cuba but not in a halfhazard way. The way we are training our young boys and girls in the name of civil defence makes one think that we are preparing them for a circus.

Shri Jagadish Chandra Bhattacharjee:

[2-20—2-30 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সিভিল ডিফেন্সের বরাদ্দ সমর্থন করতে উঠে আমি উত্তরবাংলা সম্বন্ধে কয়েকটি কথা বলবো।

সিভিল ডিফেন্সের জন্য উত্তর বাংলার বিভিন্ন গ্রামে ভলেন্টীয়ার ফোর্স তৈরী হয়েছে। বিভিন্ন চা বাগান এলাকায়ও ভলেন্টীয়ার ফোর্স তৈরী হয়েছে। আমি যতদূর জানি সারা বাংলাদেশে ১ লক্ষ ৫০ হাজারের মত গ্রাম্য ভলেন্টীয়ার ফোর্স তৈরী করা হয়েছে এবং তার দায়িত্ব হচ্ছে ডিরেক্টর অফ পঞ্চায়েত, এবং এ ছাড়া সরকারের হোম গার্ড ভলেন্টীয়ার ফোর্সও তৈরী করা হয়েছে। কিন্তু এখানে একটা জিনিস আমি বুঝতে পারছি না, এই যেসমস্ত ভলেন্টীয়ার তৈরী করা হয়েছে তাদের উপযুক্ত শিক্ষার ব্যবস্থা এখনও পর্যন্ত করা হয় নি কেন? সরকারী ভাবে বা বেসরকারী ভাবে ভলেন্টীয়ারদের কোন শিক্ষাব্যবস্থা না হওয়ার দরুন স্বেচ্ছাসেবকদের মনে একটা নিরাশা দেখা দিয়েছে। এই সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন তিনি একটু অনুসন্ধান করে দেখুন। বাংলাদেশের দেড় লক্ষ লোক স্বেচ্ছাসেবক বাহিনীতে নাম লিখিয়েছেন, তাদের যাতে ভাল করে শিক্ষিত করে তোলা যায় এবং তাদের জন্য সুন্দর ভাবে যাতে ট্রেনিং-এর ব্যবস্থা হয়, সেগুলি তিনি দেখুন।

এই উপলক্ষে আমি বলবো সিভিল ডিফেন্সের আর একটা দিক হচ্ছে জনমত সংগ্রহ করা এবং দেশদ্রোহীদের সম্বন্ধে জনসাধারণকে সচেতন করে দেওয়া। আমরা দেখছি এখানে কমিউনিস্ট বন্ধুরা গত কয়েক দিন যাবত বরাবর কংগ্রেস সরকার বা কংগ্রেসী সদস্যদের উপর আক্রমণ চালিয়েছেন। তাঁরা বলেছেন কমিউনিস্টদের দেশপ্রেম সম্বন্ধে কোনরকম সন্দেহ করার কারণ নেই, কারণ তাঁরা দিল্লীতে এবং কলিকাতায় রেজলিউসন পাশ করেছেন যে তাঁরা দেশপ্রেমিক এবং খবরের কাগজেও লিখেছেন যে তাঁরা দেশপ্রেমিক। আমি খুব অল্প দিন আগের কমিউনিস্ট পার্টির যে মুখপাত্র কাগজ, সেই কাগজের রিপোর্টের সামান্য অংশ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার সামনে নিবেদন করবো।

[এ ভয়েস—ঐ কাগজের নাম কি?]

তার নামটা হচ্ছে 'নিউ এজ'। তার রিপোর্টার হচ্ছে অজিত দাসগুপ্ত। গত ৫ই মার্চ কলকাতার খবর। কমিউনিস্ট পার্টির ২৬এ থেকে ২৮এ তারিখ পর্যন্ত স্টেট অর্গানাইজিং কমিটির যে মিটিং করা হয়েছিল, সেই মিটিং-এর প্রস্তাবগুলি তাঁরা ঐ কাগজে ছাপিয়ে বের করেন। ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ করে তাঁরা প্রস্তাবগুলি ছাপিয়েছেন। এতগুলি প্রস্তাবের কোন জায়গায় তাঁরা বলেন নি যে কমিউনিস্টদের মধ্যে যাঁরা, তাঁদের কেন্দ্রীয় কমিটির প্রস্তাবের বিরুদ্ধাচরণ করেছেন, তাঁরা দেশদ্রোহী। কোন জায়গায় তাঁরা বলেন নি যে কমিউনিস্ট পার্টির মূল নীতির বিরুদ্ধাচরণ যারা করেছেন, তাঁরা ভারতবর্ষের পক্ষে ক্ষতিকর, এবং ভারতবর্ষের সার্বভৌমত্বের উপর আঘাত হেনেছেন। এই কথা তাঁদের ঐ প্রস্তাবের মধ্যে কোথাও নেই। বরং তাঁরা আমাদের প্রধানমন্ত্রীর বক্তৃতা সমালোচনা করেছেন। তাঁরা এক জায়গায় বলছেন—

"On the other hand the Government has encouraged and assisted vested interests by its wholesale arrests of Trade Unionists, Kishan Sabha Workers and Communists under the pretext of suppressing anti-Indian activities although the arrested persons have done far more than the vested interests

to rouse popular initiative for patriotic activities in the cause of national defence including mass contributions to the National Defence Fund. The emergency powers have thus been used in a manner contrary to the obvious purpose for which they were assumed."

এইভাবে বিভিন্ন জায়গায় তারা তাঁদের প্রস্তাবটি দেখিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনাকে বলতে পারি, এই প্রস্তাবে দেখবেন কোন জায়গায় দেশপ্রেম সম্বন্ধে একটি কথাও নেই। কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটির প্রস্তাবের বিরোধিতা যারা করেছেন, তারা দেশদ্রোহী, এবং তাদের বিচারের ভার কমিউনিস্টদের উপর নিশ্চয়। কিন্তু আমরা দেখছি কমিউনিস্ট পার্টির পিকিং পন্থী জ্যোতিবাবুর দল, সোমনাথবাবুকে ঘায়েল করতে ছাড়েন নি। কিন্তু সোমনাথবাবু বা তাঁর দল আজ পর্যন্ত একদিনও বলেন নি যে আমরা ওদের দল থেকে তাড়িয়ে দিয়েছি, ওরা দেশদ্রোহী, ওদের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। বরং পশ্চিমবাংলার কমিউনিস্ট এম পি ভূপেশ গুপ্ত কয়েকদিন আগে পার্লামেন্টে বলেছেন—

Our party is one; Groups are your affair.

অর্থাৎ ভারতবর্ষের কমিউনিস্ট পার্টির একটা মত, একটা মাত্র কথা, গ্রুপ আমাদের সৃষ্টি নয়। চমৎকার কথা। অথচ পরিষ্কার দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার কমিউনিস্ট পার্টি দ্বিধাবিভক্ত হয়েছে। কমিউনিস্ট পার্টির একটা অংশ জ্যোতিবাবুর খপ্পরে রয়েছে, তার হেড অফিস দমদম, আলিপুর জেলে। আর একটা হেড অফিস হচ্ছে সোমনাথবাবু ও পাঁচুগোপালবাবুর নেতৃত্বে। তাঁদের নিজেদের মধ্যে যেসমস্ত দেশদ্রোহী রয়েছে, তাদের সম্বন্ধেও একটি কথাও বলেন না, বরং তাঁরা উলটে বলেছেন কংগ্রেসের মধ্যে দেশদ্রোহী রয়েছেন, কংগ্রেসের অতুল্যবাবু ও প্রফুল্লচন্দ্র সেন মহাশয়, এঁরা নেহরুজীর বিরুদ্ধাচরণ করেছেন, কলম্বো প্রস্তাবের বিরুদ্ধাচরণ করেছেন। এই কথা তাঁরা প্রকাশ্যে বলেছেন। ওঁরা বলেছেন কংগ্রেসী সদস্য নেপালবাবুও নাকি কংগ্রেস বিরোধী কথা বলেছেন, অর্থাৎ কলম্বো প্রস্তাবের বিরুদ্ধে কথা বলেছেন। কংগ্রেস একটা বৃহৎ প্রতিষ্ঠান, কোন্ কর্মী কোন্ জায়গায় কি বললো, আমি জানি না, কিন্তু কংগ্রেসের সর্বভারতীয় নেতৃবৃন্দ কোনদিন কোন জায়গায় নেহরুজীর বিরুদ্ধাচারণ করে নি এবং করতে পারেন না। সমস্ত জায়গায় তাঁরাই প্রচার করেছেন যে আমরা কংগ্রেসীরাই নেহরুজীর বিরুদ্ধাচারণ করছি, ওঁরা কমিউনিস্টরা নেহরুজীর দরদে একেবারে উৎফুল্ল হয়েছে, নেহরুকে বাঁচানর জন্য তাঁরা বারবার চেষ্টা করছেন। অদ্ভুত কথা, মায়ের চেয়ে মাসীর দরদ। আর একটি চমৎকার জিনিস গত দুইদিন ধরে দেখছি, কলকাতার একটি সাপ্তাহিক পত্রিকা 'দর্পণ' এই কাগজে অনেক দুধ চুরির কথা এবং অন্যান্য কাগজের মাধ্যমেও সেটা প্রকাশিত হয়েছে, তার একটি খবর আপনাকে উপহার দিচ্ছি। স্যার, আমি একটি কথা বলি, গত ১৫ই মার্চ, দর্পণ কাগজে স্বাধীন স্বায়ত্ত্ব সমাজ প্রসঙ্গে সম্ভবত নৈহাটি কলেজের কমিউনিস্ট প্রফেসার একটি চমৎকার আর্টিকেল লিখেছিলেন। সেই ভদ্রলোকের নাম কমরেড শান্তি বসু, তিনি স্বাধীন সাহিত্য সমাজ, তারাশঙ্করবাবুদের বিরুদ্ধাচারণ করতে গিয়ে অত্যন্ত সূক্ষ্মভাবে, চতুরতার সঙ্গে, কৌশলে কমিউনিস্টদের পিকিং পন্থীদের মতবাদকে চমৎকারভাবে সমর্থন করেছেন, এবং তার প্রতিবাদে আর একজন ভদ্রলোক, বিকাশ মিত্র, শান্তি বোসের প্রস্তাব ৮ই ফেব্রুয়ারি শুক্রবার বেরিয়েছিল—আর তার প্রতিবাদ বিকাশ মিত্র করেছেন ১৫ই মার্চ শুক্রবার, সেই কাগজে দেখিয়েছেন বিভিন্ন কাগজের মাধ্যমে কিভাবে অত্যন্ত কৌশলে কমিউনিস্ট পার্টি ভারতের জাতীয়তাবাদীর বিরুদ্ধে প্রচার করছে। স্যার, ১৯৬০ সালের ২২এ অক্টোবর পার্লামেন্টের সদস্য শ্রীহীরেন মুখার্জি দার্জিলিঙ জেলায় শিলিগুড়ি মহকুমায় একটা মিটিং-এ বলেছিলেন পার্বত্য অঞ্চলকে স্বাধীন করে দিতে হবে। তাই কমিউনিস্ট পার্টির দেশদ্রোহিতার ইতিহাস যদি বলতে হয়, তা হলে আরো অনেক কিছু বলতে হয়। কাজেই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই কথা মাত্র বলতে চাই, কমিউনিস্ট পার্টির বন্ধুরা যতদিন পর্যন্ত পিকিং পন্থী কমিউনিস্টদের বিরুদ্ধাচারণ না করছেন প্রকাশ্যে ততদিন পর্যন্ত তাদের সঙ্গে সহযোগিতা করা কংগ্রেসের পক্ষে কোন অবস্থায় সম্ভব নয়।

[2-30—2-40 p.m.]

Shri Amarendra Nath Basu: শ্রদ্ধেয় উপাধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ মঞ্জুরীর জন্য আমাদের কাছে রেখেছেন আমি তা সম্পূর্ণ সমর্থন করি। আমি জানি এই সরকার অর্থের অনেক অপচয় করেন অনেক অন্যায় খরচ করেন তবুও এই সরকার যে দাবী করেছে সেই দাবী মঞ্জুর করে তাকে খরচা করবার অধিকার দিচ্ছি, কেন দিচ্ছি এইজন্য দিচ্ছি যে আমি মনে করি এখনও তারা বিপদমুক্ত হননি। এখনও শুধু উত্তরদিক থেকে নয় পূর্ব এবং পশ্চিম থেকেও আক্রমণ আসতে পারে। কিন্তু সঙ্গে সঙ্গে আর একটি কথা বলি। আমাদের শ্রদ্ধেয় বন্ধু প্রতাপচন্দ্র চন্দ্র বলেছেন বাইরের সাধারণ মানুষের বর্তমান মনোভাব কি। কিন্তু কেন এই মনোভাব এল, কেন সাধারণ মানুষ আজ ভাবছে যে যুদ্ধের পরিস্থিতি যুদ্ধের অবস্থা আজ নেই, দেশে এই জরুরী অবস্থার কথা ঠিক নয় কেন তারা এই চিন্তা করছে? এটা আমি বলে দোষারোপ করছি না, কিন্তু সরকারের কাজের মধ্যে কোথাও না কোথাও নিশ্চয়ই ত্রুটি আছে। সাধারণ মানুষ কেন বিশ্বাস করতে পারে না যে বাংলা সরকার জরুরী অবস্থার জন্য যা খরচ করছেন তার মূলে খুব একটা বাস্তবতা নেই। আমি মুখ্যমন্ত্রীকে তাই অনুরোধ করব তিনি যেন ভালভাবে এই প্রতিরক্ষার কাজের জন্য চিন্তা করেন। আমি নিজের কথা বলছি আমি ভয় পাচ্ছি না। আমরা আক্রান্ত হয়েছিলাম কিন্তু আমরাই জিতেছি এবং আবার যদি আমরা আক্রান্ত হই আমরাই জিতব এবিষয়ে আমার মনে কোন সন্দেহ নেই। যে তিনটি জায়গায় আমাদের আঘাত করা হয়েছে প্রত্যেক জায়গায় আমরা জিতেছি। চীন আমাদের দেশে এসেছিল - ফিরে গেছে। অনেক বন্ধু অনেক কথা বলেন; কিন্তু আমি দেখছি তারা যে ফিরে গেছে এ থেকে বুঝি যে তারাও বুঝেছে যে আমরা অপরের জায়গায় এসেছিলাম আমরা ভারতের মাটিতে এসেছিলাম। ভারতের জোটনিরপেক্ষ নীতির কথা তারা হয়ত ঠিক বিশ্বাস করত না; কিন্তু ভারতের প্রধান-মন্ত্রী জানিয়ে দিয়েছেন যে ভারতের এই নীতি এবং এই নীতি কোন জায়গা থেকে হামলা এলেও ত্যাগ করা হবে না এবং আমি বলব আমরা যে জিতেছি তার সবচেয়ে বড় কারণ হল এই নীতি। এই নীতির জন্য পৃথিবীর বহৎ সংখ্যক রাষ্ট্র ৭০।৮০টি দেশ ভারতকে সমর্থন করেছে- চীনকে নিন্দা করেছে। তৃতীয় হল কলম্বো প্রস্তাব। এই প্রস্তাব ভারত সরকার গ্রহণ করেছেন। আমি যখন পণ্ডিত নেহেরুর কথা বলি আমি কোন ব্যক্তিবিশেষের কথা বলি না। আমি বলি ভারত সরকারের প্রতীক হিসাবে। আমি সেই হিসাবে বলি ভারত সরকারের নীতি এবং পণ্ডিত নেহেরুর নীতি এক হবে। সেজন্যে তিনি কলম্বো প্রস্তাব গ্রহণ করেছেন এবং তা প্রমাণ করে দিয়েছে যে ভারত সরকার শান্তিকামী এবং চীন শান্তি চায় না। এই যুদ্ধ যে হয়েছে এতে ভারতের কোন হাত নেই, কোন দেশকে আক্রমণ করার জন্য ভারত এই যুদ্ধে লিপ্ত হয়ে পড়েনি। সেজন্যে আমি মনে করি এই যুদ্ধ শান্তির যুদ্ধ—অহিংসার জন্য যুদ্ধ। যদি ভারত পররাজ্য লিপ্সু হয়ে কোন দেশ আক্রমণ করত নিশ্চয়ই বলতাম আমি ঐ যুদ্ধে ভারত সরকারের পিছনে নেই। কিন্তু আজকের দিনে কল্পনা করতে পারি না ভারতবর্ষের কোন মানুষ ভারতের এই স্বাধীনতা রক্ষার দিনে অনড় হয়ে থাকতে পারে। এবং কোথা থেকে আরও কর আদায় করা যায়—আমি বলব যাতে গরীব মানুষের উপর যাতে চাপ না পড়ে তার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব। তারপর অনেকে এখানে বলেছেন যে আমাদের নেওয়া হলো না, কংগ্রেস পক্ষ আমাদের নিলেন না। কংগ্রেস এখানে দলীয় স্বার্থে কাজ করছেন—এইসব কথা কানে বড় লাগে। আজকের দিনে আমরা যখন শপথ গ্রহণ করেছি যে ভারতবর্ষের এই বিপদের দিনে আমরা এক সাথে দাঁড়াব—যখন আমাদের স্বাধীনতা বিপন্ন তখন কোন দলের কথা চিন্তা না করে—আমি মনে করি কংগ্রেসও করবে না এবং অন্য কোন দলেরও করা উচিত নয়। আজকে সকলকে ভুলে যেতে হবে দলের কথা এবং ভুলে যেতে হবে যে কথা আমাদের বন্ধু নিখিল দাশ মহাশয় বলেছেন যে যদি পরাধীন হই দল কোথায় থাকবে। সেই কথা বিবেচনা করে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো এমন আবহাওয়া সৃষ্টি করুন যাতে অন্ততঃ বাংলাদেশে সকলে এক সাথে কাজ করতে পারি কিনা। কোন ছুতো মার্গের কথা না রেখে পরীক্ষা করে একবার দেখুন যে আমরা এক যোগে কাজ করতে পারি কিনা আমি জানি মাননীয় মুখ্যমন্ত্রী সেদিকে নজর দেবেন। একজন এখানে বলেছেন যে ভারতবর্ষে

প্রধানমন্ত্রী মহাশয় ডাঙ্গের সঙ্গে আলোচনা করেছেন, আমি বলব খুব ভাল কাজ করেছেন। তিনি হেমন্তবাবুর সঙ্গে করুন ত্রিদিববাবুর সঙ্গে করুন ডাঙ্গের সঙ্গে করুন এই বিপদের দিনে সকলের সঙ্গে আলোচনা করা দরকার। আজকে যে বায়বরাদ্দ এখানে রাখা হয়েছে সেটা আমি পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nani Bhattacharjee:

[2-40—2-50 p.m.]

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, প্রথমে আমি মাননীয় সদস্য প্রতাপচন্দ্র চন্দ্র মহাশয় যে কথা বললেন সেই কথার সূত্র ধরে আমি আমার বক্তব্য রাখতে চাই। তিনি ইংলন্ডের দ্বিতীয় যুদ্ধের সময় ইংল্যান্ডের অবস্থার কথা উল্লেখ করে বলেছেন যে আমাদের দেশে যখন চীন আক্রমণ করলো তখন যে উচ্ছাস যে দৃঢ়তা দেখা গিয়েছিল যেন খুব স্বাভাবিক কারণে সেটা আজকে নিস্তেজ হয়ে গিয়েছে। ইংল্যান্ডে হয়ত স্বাভাবিক কারণে নিস্তেজ হয়েছিল কিন্তু বিভিন্ন আলোচনাতে এমন কি কংগ্রেসের মাননীয় সদস্যদের মধ্যে কিছু কিছু আলোচনার পরে এটা পরিষ্কার হয়ে গিয়েছে যে স্বাভাবিকভাবে যে উচ্ছাস এক সময় দেখা দিয়েছিল সেটা আজ নিয়ের নিয়ম অনুসারে নিস্তেজ হয়ে গিয়েছে সেই কথা যদি বলি তাহলে জেগে ঘুমান হবে এবং জেগে ঘুমানোর পালা আপনার ডানদিকে যার বসে আছে তাদের মধ্যে চলেছে। এই কথা পরিষ্কার কথা, তিনি মূল্যবান একটা কথা উল্লেখ করেছেন। মাননীয় প্রতাপ চন্দ্র মহাশয় বলেছেন যে দেশে নিস্তেজ অবস্থা যাতে না দেখা যায়, দেশের যে জাগরণ তাকে যদি আজ বাঁচিয়ে রাখতে হয় উত্তর উত্তর তাকে আরও বাড়িয়ে তুলতে হয় তাহলে সেখানে কতকগুলি নীতি গ্রহণ করতে হয় তা হচ্ছে প্রথমে টেনাসিটি এবং আদর্শ নিষ্ঠা এবং ত্যাগ। কিন্তু এই তিনটি জিনিস কারা সৃষ্টি করবে। দেশরক্ষার দায়িত্ব হচ্ছে প্রধানতঃ সরকারের এবং নেতৃত্ব হচ্ছে সরকারের এবং কংগ্রেস দল সরকার চালাচ্ছেন তাহলে নেতৃত্ব হচ্ছে কংগ্রেস দলের কিন্তু সেখানে আমরা কি দেখি? সেখানে আমরা দেখি টেনাসিটির অভাব, প্রতি কাজে কর্মে বড় হয়ে উঠেছে। সেখানে আমরা দেখব যে আদর্শনিষ্ঠা দেশপ্রেম যে আদর্শনিষ্ঠা থাকলে দেশের এই জাগ্রত দেশপ্রেমকে কাজে লাগান যায়, দেশরক্ষার কাজে নিয়োজিত করা যায়। কিন্তু সেই আদর্শনিষ্ঠা প্রায় তলানীতে এসে পৌঁছিয়েছে বিভিন্ন কাজে কর্মে এগুলি বলা যায়, ত্যাগ এটা ঠিক যদি ত্যাগের আদর্শ সৃষ্টি করতে হয় তাহলে উপর থেকে ত্যাগের আদর্শ সৃষ্টি করতে হবে। তবেই সাধারণ মানুষ ত্যাগে উদ্বুদ্ধ হতে পারে। সেই ত্যাগের আদর্শের দিকে আমরা যখন নজর করি তখন দেখি কংগ্রেস দলের যাদের হাতে দেশরক্ষার দায়িত্বের সবচেয়ে বড় ভাগ আছে সেখানে কাউকে তো সেরকম ত্যাগ করতে দেখি না। কিছু কিছু দৃষ্টান্তের কথা এখানে উঠেছে। আগে তারা যেভাবে চলতেন যে সমারোহে চলতেন এখন তারা ঠিক সেভাবেই চলছেন, আগে তাদের নিজেদের ব্যবহারিক প্রয়োজনে যে ধরনের খরচা দরকার ছিল তাই চলেছে। ঠিক সেই অবস্থাই চলেছে, কি ত্যাগের পরাকাষ্ঠা তারা দেশের কাছে রাখছেন। সেই কথাগুলি আজ ভাবার দরকার আছে। সুতরাং মাননীয় সদস্য প্রতাপচন্দ্র চন্দ্র মহাশয়ের কথাটা উল্লেখ করেই এই কথা বলতে চাই যে তিনি তিনটি কষ্টি পাথরের কথা উল্লেখ করেছেন সেই কষ্টি পাথরের বিচারে কংগ্রেস দলের নেতৃবৃন্দ এবং কংগ্রেস সরকার সম্পূর্ণভাবে ব্যর্থ প্রতিপন্ন হয়েছে—যে কারণের ফলে আজকে দেশব্যাপী যে গণজাগরণ দেখা দিয়েছিল তা স্তিমিত হয়ে আসছে। হোল্ডিং অব প্রাইস লাইন এটা ঠিকই যে অসামরিক প্রতিরক্ষার ব্যাপারে যেখানে সব থেকে বড় কথা হচ্ছে দেশের সাধারণ মানুষ নিজেরা নিজেদের ব্যবস্থা করবে। তার জন্য উদ্যোগী হতে গিয়ে মুখ্যমন্ত্রী মহাশয় কি বলেছেন যে কয়েক লক্ষ স্বেচ্ছাসেবক সংগ্রহ করা হয়েছে। কয়েক লক্ষ স্বেচ্ছাসেবকের একটা তালিকা তৈরি করা হয়েছে অর্থাৎ নাম লিখিয়েছেন। যেখানে ভলেন্টিয়ারদের ট্রেনিং দেবার কথা হয়েছে সেখানে তিনি বলেছেন যে এ পর্যন্ত ৩৬৮ জনকে যারা ট্রেনার তাদেরকে ট্রেনিং দেওয়া হয়েছে। আর হোমগার্ড সম্বন্ধে আমরা কোন রিপোর্ট পেলাম না। এইদিকের অবস্থা আমরা এইরকম দেখছি, আর অন্যদিকে দেশের শিল্পের জন্য ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রিজোলুশান হয়েছে। তার ইমপ্লিমেনটেশানের ক্ষেত্রে আমরা দেখছি যে সেখানে উৎপাদন বৃদ্ধির পথে যে সমস্ত অন্তরায় আছে মালিকদের তরফ থেকে এবং মালিকদের তরফ থেকে যে সমস্ত অন্তরায় সৃষ্টি করা হচ্ছে

সগুলি দূর করার কোন প্রচেষ্টা সরকারী কর্তৃপক্ষের মধ্যে দেখতে পাচ্ছি না। ঠিক সেই আগের ই অবস্থা চলেছে। উত্তরবঙ্গের কথা ধরা যাক সেখানে দেখা যাবে উত্তরবঙ্গের অবস্থা সবাই নেন যে উত্তরবঙ্গ সীমান্ত এলাকায় অবস্থিত এবং সবাই জানে উত্তরবঙ্গ উপজাতি অধ্যুষিত লাকা এবং এই এলাকার উপরে প্রতিরক্ষার উপর জোর দেওয়া উচিত ছিল এবং অসামরিক তিরক্ষার উপরে বিশেষ জোর দেওয়া উচিত ছিল কিন্তু সেখানে আমরা বিভিন্ন বাজেট বরাদ্দের ভতর দিয়ে দেখতে পাচ্ছি যে সেখানে বিশেষ কিছু করা হচ্ছে না। শুনেছিলাম অসামরিক তিরক্ষার ব্যাপার নিয়ে এক সময় যে সেখানে ৭৫০ জন মাত্র হোমগার্ড তৈরি হবে শুধু লপাইগুড়ি জেলায়। জানিনা এখন সেখানে সেই ৭৫০ জন হোমগার্ড শিক্ষিত হয়ে উঠেছে কনা। সে সম্বন্ধে আমরা কোন রিপোর্ট পাইনি। অন্যদিকে আমরা দেখছি যে মারজেন্সির সুযোগ সেখানকার চা বাগানের মালিক পক্ষ নিচ্ছেন। মাননীয় শ্রমমন্ত্রীকে আমি লেছি যে তাদের কাজের চাপ বাড়িয়ে দেওয়া হয়েছে, তারপর চলতি যে সমস্ত সুযোগ সুবিধা াছে সেগুলি কেটে নেওয়া হচ্ছে। তারপর ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়কে জানিয়েছি যে সেই ঞ্চলে আদিবাসী কৃষকদের উপর কি ধরনের চাপ এই ইমারজেন্সির সুযোগ নিয়ে জোতদাররা পাচ্ছেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জানাতে ই যে ঐ অঞ্চলে একটি জায়গা জুড়ে আমাদের কিছু শক্তি আছে—আমরা বলেছিলাম যে সেই ক্তিকে আমরা দেশরক্ষার কাজে নিয়োজিত করতে চাই।

স্যার, আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই, মুখ্যমন্ত্রীকে যে তিনি জানেন ঐ অঞ্চলের মাদের কিছু শক্তি আছে। আমরা একথা বলেছিলাম যে সেই শক্তি আমরা দেশের কাজে নয়োজিত করতে চাই। আমাদের সংগঠন আছে সেই সংগঠনকে আমরা দেশের কাজে নিয়োজিত রতে চাই এবং এখানে যারা সাধারণ মানুষ আছে তাদের সামরিক শিক্ষায় শিক্ষিত করে তোলার বস্থা করা হোক। কিন্তু সেসব কিছুই হয়নি। অন্যদিকে আমরা দেখছি শিল্পের শান্তি ক্তির ব্যাহত করার জন্য মালিকরা নানাভাবে চেষ্টা করছেন। অথচ সেখানে তার কোন প্রতিকারের বস্থা আজ পর্যন্ত হয়নি। আমরা দেখতে পাচ্ছি যে এই ইমারজেন্সির মধ্য দিয়ে কি হয়েছে—া কিছু বড় বড় পুলিস কর্তৃপক্ষের প্রমোশন হয়েছে। আমরা দেখতে পাচ্ছি অন্যদিকে যে প্রতিরক্ষার খুব হয়েছে—তাও হয়নি। অসামরিক প্রতিরক্ষা স্কেলিটন করে রাখা হয়েছে। াননীয় মন্ত্রিমহাশয় বললেন যে তিনি কেন্দ্রের নির্দেশের জন্য অপেক্ষা করছেন। কেন্দ্রের নির্দেশ এক সময় ছিল যে অসামরিক প্রতিরক্ষা কিভাবে গড়ে তোলা হবে তাতে পল্লী স্বেচ্ছা-সবক বাহিনীর গড়ার কথা ছিল-হোল্ডিং অপ প্রাইস লাইনের কথা ছিল এবং অনেক রকম বধি ব্যবস্থার উল্লেখ ছিল। আমি নিজে জলপাইগুড়ি ডিস্ট্রিক্ট সিটিজেন্স কমিটির মেম্বার—সই কমিটির মিটিং দুবার মাত্র ডাকা হয়েছে। সেখানে দেখছি সেই ডিস্ট্রিক্ট সিটিজেন্স কমিটির টিং যে দুইবার ডাকা হয়েছে তাতে কিছু আলোচনা হয়েছে কিন্তু কাজ কিছুই হয়নি। আমরা বলেছিলাম যে দুটো কাজে অন্তত আমরা হাত দিতে পারি। প্রাইস লাইন হোল্ড অনএ র ব্যবস্থা সেই ব্যবস্থা আমরা গ্রহণ করতে পারি। অন্যদিকে আমরা কিছু স্বেচ্ছাসেবক রিক্রুট করতে পারি এবং সবাই মিলে উদ্যোগী হয়ে এইসব কাজ করতে পারি। কিন্তু তাঁরা বললেন য রাজ্যের সিটিজেন্স কমিটি আছে তার নির্দেশ না আসা পর্যন্ত আমাদের অপেক্ষা করতে হবে। াদের কাছে আমাদের চিঠি লেখালেখি চলছে। এই অবস্থা সেখানে চলছে। এদিকে আমরা ক্ষা করছি ইমারজেন্সিতে যে যে কাজ করা দরকার সেসব কাজ হচ্ছে না। অন্যদিকে দেখতে াচ্ছি ইমারজেন্সির নামে সুবিধাবাদীরা প্রতিক্রিয়াশীল শক্তি, মুনাফাখোররা তারা সুযোগ নেবার চেষ্টা করছে এবং ইমারজেন্সির নামে নানারকম অনাচার চালাবার চেষ্টা করছে। সেজন্য আপনার মাধ্যমে কংগ্রেস মেম্বার যেমন তেমনি গোটা হাউসের কাছে এবং সঙ্গে সঙ্গে জন-সাধারণের উদ্দেশ্যে বলতে চাই আজকের দিনে দেশরক্ষার জন্য সংগ্রাম করতে হবে এবং কায়েমী স্বার্থের বিরুদ্ধেও আমাদের সংগ্রাম করতে হবে। এবং সেই কায়েমী স্বার্থের চক্রান্তকে ব্যর্থ রার জন্য যদি আপনারা এগোন তাহলে দেশ বাঁচবে—দেশের গণতন্ত্র বাঁচবে এবং দেশের মর্যাদাও বাঁচবে। এদিকে নেতৃত্ব দেবার জন্য আপনার মাধ্যমে প্রফুল্লবাবুকে অনুরোধ জানাচ্ছি।

Dr. Gopika Ranjan Mitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ন্যাশনাল ইমারজেন্সি খাতে মুখ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ রেখেছেন তাকে সমর্থন করতে উঠে আমার কিছু বক্তব্য এখানে রাখবো। মুখ্যমন্ত্রী নিজেই বলেছেন যে আমরা স্বাধীন হবার পর যেসব বাজেট রচনা করেছি ঠিক এইরকম ধরনের ব্যয়-বরাদ্দ আমাদের জীবনে প্রথম এসেছে। এটা একটা আমাদের অদৃষ্টের পরিহাস। ভারতবর্ষ একটা শান্তিকামী দেশ যে দেশের রাষ্ট্রপতি ডাঃ রাধাকৃষ্ণন—যে দেশের প্রধানমন্ত্রী পণ্ডিত নেহেরু। সেই দেশের বাজেটের মধ্যে এইরকম ধরনের ব্যয়-বরাদ্দের ব্যবস্থা করতে হচ্ছে। ভারত স্বাধীন হবার পর ভারতের লক্ষ্য ছিল যে সে তার দেশকে আর্থিক অগ্রগতির দিকে এগিয়ে নিয়ে যাবে। তার উপর এই বোঝা যখন এসে পড়েছে তখন ভারতের লোককে এই বোঝা বহন করতে হবে এবং ভারতের লোক এই বোঝা বহন করবার জন্য সর্বদা প্রস্তুত। এ সম্বন্ধে যথেষ্ট প্রমাণও তারা রেখেছেন। এই হাউসে এই বিষয় নিয়ে অনেক আলোচনা আমরা শুনলাম। কিন্তু বাইরের জনসাধারণের দিকে যদি আমরা দেখি তাহলে আমরা দেখবো সে সম্বন্ধে বহু প্রমাণ তারা রেখেছে যে এই বোঝাটা বইবে।

[2-50—3-15 p.m.]

অত্যন্ত সত্য কথা, ১৯৬২ সালে ২০এ অক্টোবর যখন চীন একটা বড় রকমের আক্রমণ আমাদের দেশের বিপক্ষে চালালো ২টা ফ্রন্ট নেফা এবং লাডাকে—প্রথম যখন আঘাত এসেছিলো তখন কিছুটা পরিমাণে মনস্তাত্বিক শক-এর মধ্য দিয়ে কেটেছিলো। কিন্তু সঙ্গে সঙ্গে বলবো যারা বলেছেন অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা আমাদের পশ্চিম বাংলায় কিছু হয়নি তাদের কথায় জানাতে পারি পশ্চিম বাংলায় সিভিল ডিফেন্স সম্পর্কে কিছু কিছু কাজকর্ম হয়েছে, যে কাজ-কর্ম হয়েছে তার মধ্যে পশ্চিম বাংলায় একজন ডাইরেকটর এবং একজন অ্যাডিশনাল ডাইরেকটর হয়েছে এবং সিভিল ডিফেন্স এরিয়া হিসাবে কিছু কিছু জায়গা ঠিক করে নেওয়া হয়েছে যেমন, কলকাতা অঞ্চল, ২৪-পরগনা অঞ্চল, হাওড়া অঞ্চল, নর্থ বেঙ্গলে শিলিগুড়ি এবং ইণ্ডাস্ট্রিয়াল বেল্ট অব বার্ডওয়ান ডিস্ট্রিক্ট, তেমনি আসানসোল এলাকায়, প্রত্যেক এলাকাতে একজন করে এরিয়া কন্ট্রোলার বসে থাকবেন, তিনি কাজ আরম্ভ করে দিয়েছেন এবং অফিস-এ কাজ করছেন সিভিল ডিফেন্স-এর নামে সাধারণতঃ নিম্নলিখিত সার্ভিসগুলি করেছেন, ক্যাজুয়ালটি সার্ভিস, ওয়ার্ডেন সার্ভিস, রেসকিউ সার্ভিস, ডিপো সার্ভিস ও ট্রেনিং সার্ভিস এবং এর জন্য পারসোন্যাল কেস তৈরি করা দরকার কিছু ড্রাফ্‌টসম্যান করা দরকার সেজন্য ওয়ার্ডেন পোস্ট, পোস্ট ওয়ার্ডেন পোস্ট এসব চলেছে, এ সমস্ত বিষয় ট্রেনিং চলেছে। ট্রেনিং আরম্ভ হয়ে গেছে, তবে মুখ্যমন্ত্রী বলেছেন যে, ঠিক সেন্ট্রাল গভর্নমেন্ট, কি ধরনের সিভিল ডিফেন্স চান সে সম্পর্কে কোনরকম নির্দেশ দেননি। এখানে জানি সেখানে ৪০টি ফার্স্ট-এড পোস্ট-এর জন্য ৩৪ জন লোক সদিচ্ছায় এগিয়ে এসেছে তারা জায়গা ঠিক করে দিয়েছে যে, এখানে ফার্স্ট-এড পোস্ট করুন। কিন্তু আজ পর্যন্ত সেন্ট্রাল গভর্নমেন্ট-এর কাছ থেকে কোন নির্দেশ না আসায় এগোচ্ছে না। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যাতে সেন্ট্রাল গভর্নমেন্ট খুব তাড়াতাড়ি তাঁদের নির্দেশ পাঠান সেজন্য চেষ্টা করুন। এ বিষয়ে আসানসোলের ২।১টা কথা বলতে চাই। ক্যাজুয়ালটি সার্ভিস-এর জন্য সেন্ট্রাল থ্রি হানড্রেড বেড-এর ব্যবস্থা করেছিলেন। কিন্তু দুঃখের বিষয় সেন্ট্রাল কাল্লা হসপিটাল-এর আন্ডার থাকার জন্য কিন্তু তারা অস্বীকার করেছেন যে এখানে ইমারজেন্সি বেড করতে পারবে না, আমাদের গভর্নমেন্ট যে এল এম হাসপাতাল আছে, সেখানে হানড্রেডফিফটি বেড-এর ব্যবস্থা হবে এবং সঙ্গে সঙ্গে যে ঠিক টারগেট-এর মধ্যে হাসপাতালে রাখতে চাইছিলাম না বলে আসানসোল থেকে কিছু দূরে সেন্ট্রাল কাল্লা হসপিটাল ব্যবস্থা করতে গিয়েছিলাম এবং তা হয়নি। এখানে যতগুলি সার্ভিস-এর কথা বলেছিলাম তাতে পারসোন্যাল প্রথম কোয়ালিফিকেশন হওয়া উচিত ফার্স্ট-এড ট্রেনিং এবং এই ফার্স্ট-এড ট্রেনিং সম্বন্ধে বলতে পারি এই সভাতে আগে ইন্ডিয়া ডিফেন্স এড কমিটিকে বহুভাবে দেখাবার চেষ্টা করেছে। এটা কংগ্রেস অরগানাইজেশন সঙ্গে মিল নেই। আমি নিজে কংগ্রেস এম এল এ তার সঙ্গে সঙ্গে ইন্ডিয়ান মেডিকাল অ্যাসোসিয়েশন-এর এম এল এ. বাংলাদেশের যে ডাক্তারদের অ্যাসোসিয়েশন আছে তার এম এল এ। ইন্ডিয়ান মেডিকাল

অ্যাসোসিয়েশন শাখায় বহু কংগ্রেসী আছেন বহু অকংগ্রেসী আছেন তাঁরা ভার নিয়েছেন ফার্স্ট-এড সেন্টার-এর এবং লক্ষ্য করে দেখেছি ৮০টা ফার্স্ট-এড সেন্টার চালিয়েছেন এখন বোধ হয় ১০০টার কাজ চলেছে। ২টা মোবাইল ব্লাড গ্রুপিং সেন্টার চালাচ্ছেন তার মধ্যে ব্লাড গ্রুপিং কেস হচ্ছে ৬টা ষ্টেটিক ব্লাড গ্রুপিং সেন্টার চালিয়েছে এই ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন ইতিমধ্যে ১৫ হাজার লোক কলকাতায় ফার্স্ট-এড এবং হোম নার্সিং ট্রেনিং দিয়েছেন। আমি আগে বলেছি যে সার্ভিস-এর লোকের দরকার হবে--প্রত্যেকেরই. ফার্স্ট-এড ট্রেইনড হবার দরকার হবে।

ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন ইতিমধ্যে কলকাতায় ১৫ হাজার লোককে ফার্স্ট-এড ট্রেনিং এবং হোম নার্সিংএর ট্রেনিং দিয়েছেন আমি আগেই বলেছি যে আমাদের যে-কোন সার্ভিস হোক না কেন যদি দরকার হয় তাহলে যে সার্ভিসে এইসব লোকের দরকার হবে তাদের পাওয়া যাবে। সর্ব শেষে আমি যে কথা বলতে চাই সেকথা আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে তৃতীয় মহাযুদ্ধের সময় যে ধরনের এয়ার রেড প্রিকোয়েসনকে আমরা সিভিল ডিফেন্স মনে করতাম আজ সে যুগ পেরিয়ে গেছে। আজকে বিমান আরও শক্তিশালী হয়েছে বোমা আরও শক্তিশালী --বোমার জায়গা ঠিক করবার জন্য র‍্যাডার যন্ত্রের প্রয়োজন আছে। তাই আগে যেভাবে চিন্তা করতাম এখন সেভাবে চিন্তা করলে চলবে না। আমাদের প্রধানমন্ত্রী একটি বড় কথা বলেছেন যে আজকে সিভিল ডিফেন্সের সবচেয়ে বড় কথা হচ্ছে যে মানুষ অভয় হোক মানুষের মধ্যে ভয় থাকবে না। ভয় না থাকলে যে কোন বিপদ আসুক না আমাদের স্বাধীনতার জন্য যদি আমাদের মৃত্যু ভয় না থাকে তার চেয়ে বড় ডিফেন্স আর অন্য কিছু হতে পারে না। কারণ এই সিভিল ডিফেন্সের মূল কথা হচ্ছে অভয়। এই সঙ্গে আমি আরও দু-একটি কথা বলতে চাই সে কথা হচ্ছে যে প্রোডাকসন এটা বাড়াবার জন আমি যে অঞ্চল থেকে আসছি-- আমি দেখেছি যে সেখানকার শ্রমিকরা কিভাবে প্রোডাকসন বাড়িয়েছেন এবং দেশের জন্য তারা কি ধরনের আত্মত্যাগ করছেন। এই জন্য আমরা এখান থেকে তাদেরকে অভিনন্দন জানাই। এখানে পাঁচুগোপালবাবু আজ একটি কথা তুলেছেন তিনি বলেছেন যে কংগ্রেস নাকি এই সিভিল ডিফেন্স নিয়ে দলবাজী করছে। কংগ্রেস আজ একটা বৃহত্তম রাজনৈতিক দল একথা তারা অস্বীকার করতে পারেন না। কংগ্রেস কেন্দ্রে এবং সব কয়টি প্রদেশে সরকার চালাচ্ছে একথাও তিনি অস্বীকার করবেন না। কংগ্রেস বৃহত্তম রাজনৈতিক দল বলে আজ কংগ্রেস সবচেয়ে বেশি সমাজকর্মী সিভিল ডিফেন্সে এগিয়ে আসছে এ সম্বন্ধে কোন সন্দেহ নেই। কিন্তু তারই সঙ্গে সঙ্গে যেসব কথা উঠেছে যারা দলের কথা চিন্তা করেন না তারা প্রত্যেকেই অন্ততঃ ৭০ থেকে ৮০ হাজার লোকের নেতৃত্ব নিয়ে এসেছেন তারা যদি প্রতিজ্ঞা করেন আমরা সিভিল ডিফেন্সের কাজে ৭০।৮০ হাজার লোককে নিয়ে সিভিল ডিফেন্সে কাজ করবো এ ব্যাপারে কোন বাধা সরকার থেকে আমার মনে হয় দেওয়া হবে না। তারা যদি চিন্তা করে দেখেন যে সিটিজেন কমিটির মধ্যে কতজন ফরোয়ার্ড ব্লকের লোক আছে কয়জন কমিউনিস্ট পার্টির লোক আছে কয়জন কংগ্রেসের লোক আছে। এর চেয়ে আজকে সবচেয়ে বড় কথা হচ্ছে আমি কি ধরনের কাজ করলাম এই দেশের স্বাধীনতার জন্য আমি কতটুকু আত্মদান করলাম আমি কতটুকু চেষ্টা করলাম তাহলে দেশের অনেক উপকার হোত এবং তারই চেষ্টার উপর নির্ভর করবে দেশের স্বাধীনতা রক্ষা।

[*At this stage the House was adjourned till 3-15 p.m.*]

[*After adjournment.*]

Ruling on the point of privilege regarding mis-reporting of speeches in newspapers

[3-15—3-25 p.m.]

Mr. Speaker: Honourable members, on the 20th March last Shri Asoke Krishna Dutta raised a point of privilege indicating that his speech delivered the previous day was in one particular misreported and garbled in the

daily newspaper 'Swadhinata' dated 20th March, 1963. He enclosed a copy of that newspaper along with the notice on the point of privilege.

The newspaper had since published a correction of the same report in a prominent place in its issue of the 21st March regretting for the inadvertent mistake, and the editor of the newspaper in a separate communication addressed to me expressed regret for the same.

In the circumstances, the notice may be treated as disposed of.

Budget of the Government of West Bengal for 1963-64

VOTING ON DEMAND FOR GRANT

Demand for Grant No. 46

Major Head: 78A—Expenditure connected with the National Emergency, 1962.

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের দেশ যখন বিদেশী শত্রু কমিউনিস্ট চীন দ্বারা আক্রান্ত হয়েছে, তখন একথা নিশ্চয়ই সরকার স্বীকার করবেন যে দেশের মানুষ দেশের স্বাধীনতা, দেশের অখণ্ডতা ও সার্বভৌমত্ব রক্ষা করবার জন্য তাঁদের সমস্ত কিছু ত্যাগ করে সরকারের পেছনে দাঁড়াবার জন্য এগিয়ে এসেছেন। তাঁরা অর্থ দিয়েছেন, রক্ত দিয়েছেন, তার চেয়ে বেশী যে দেশ-প্রেম, তা দিয়েছেন আজ দেশের স্বাধীনতা রক্ষার জন্য। দেশের প্রতিরক্ষা ব্যবস্থা আরো বলিষ্ঠতর করা যেত। তার উদ্দেশ্যে তাঁদের দেশপ্রেমকে তাঁরা সরকারকে দিয়েছেন। সাধারণ মানুষ আশা করেছিল যে সরকার সমস্ত মানুষের এই সমবেত দেশপ্রেমের যে বোধ সেই বোধকে নিয়ে শত্রুর সংগে মোকাবেলা করবেন। কিন্তু একথা অস্বীকার করতে পারা যায় না যে দেশের মানুষের সেই দেশপ্রেমকে সরকার কাজে লাগাতে পারেন নি। দেশের অধিকাংশ মানুষ চেয়েছিলেন কি? যে ভারতবর্ষের জোট নিরপেক্ষ নীতি সামনে রেখে তাঁরা শত্রুর সংগে মোকাবেলা করবেন। কিন্তু আমরা দেখছি কি যুগোস্লাভিয়ার ক্ষেত্রে? যখন যুগোস্লাভিয়াকে কমিউনিস্ট রাষ্ট্র সোভিয়েট রাষ্ট্র ইকনামিক ব্লকেড করেছিল, তখন যুগোস্লাভিয়া সাম্রাজ্যবাদী শক্তির কাছ থেকে সাহায্য নিয়েছিল এবং তাদের নিজেদের দেশকে পুনর্গঠিত করেছে। এই জোট নিরপেক্ষ নীতি বলতে আমরা সেটাই বুঝি। যে আমাদের দেশ যখন আজকে চীন কর্তৃক আক্রান্ত হয়েছে, তখন আমরা সাম্রাজ্যবাদী শক্তির সাহায্য নিতে পারবো। কিন্তু তার সাথে সাথে সমগ্র সাম্রাজ্যবাদের শোষণের বিরুদ্ধেও রুখে দাঁড়াবো। জোট নিরপেক্ষ নীতি বলতে এটাই বুঝি যে কমিউনিস্ট চীনের সংগে মোকাবেলা করবার জন্য সোভিয়েট রাশিয়ার সাহায্য গ্রহণ করতেও আমরা কার্পণ্য করবো না। সংগে সংগে চীনের যে সম্প্রসারণ নীতি তার বিরুদ্ধেও রুখে আমরা দাঁড়াবো। কিন্তু জোট নিরপেক্ষ নীতির নামাবলী গায়ে দিয়ে সরকার তাঁদের নীতি থেকে বহু দূর সরে গিয়েছেন।

আমরা চেয়েছি জোট নিরপেক্ষ নীতি সরকার আজ দেশের সামনে অন্ততঃ বলিষ্ঠভাবে তুলে ধরবেন, দেশের সার্বভৌমত্ব রক্ষা করবার জন্য বলিষ্ঠ পদক্ষেপে এগিয়ে আসবেন। কিন্তু আমরা দেখছি জোট নিরপেক্ষতার নাম করে উভয় শক্তি শিবিরে ধর্ণা দিয়েছেন, উভয় শক্তি শিবিরকে তোষণ করবার একটা নিশ্চিত প্রবণতা দেখা দিয়েছে। আজকে জোট নিরপেক্ষতার নামাবলী গায় দিয়ে কমিউনিস্ট ব্লককে সন্তুষ্ট করবার জন্য কলম্বো প্রস্তাব গ্রহণ করেছেন এবং গ্রহণ করে সাধারণ মানুষের দেশ-প্রেমের প্রতি বিশ্বাসঘাতকতা করেছেন। এই জোট নিরপেক্ষ নীতির নামাবলী গায়ে দিয়ে পাকিস্তানী চক্রান্তের কাছে নতি স্বীকার করে কাশ্মীর প্রসঙ্গ নিয়ে আবার নূতনভাবে আলাপ আলোচনা সুরু করবার মধ্য দিয়ে মানুষের দেশপ্রেমের প্রতি তাঁরা বিশ্বাসঘাতকতা করেছেন। সাধারণ মানুষ যখন দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে সংকল্প গ্রহণ করেছেন চীনাদের সাথে মোকাবেলা করার জন্য, সেই সময় সরকার কলম্বো প্রস্তাব গ্রহণ করে আমাদের ভারতবর্ষের যে অখণ্ডতা সেই অখণ্ডতার প্রতি তাঁদের ভিন্ন মত প্রকাশ করবার জন্য অগ্রসর হয়েছেন।

পরিষ্কারভাবে আমাদের বক্তব্য বলেছি যে যতদিন পর্যন্ত চীনা সৈন্য ভারতবর্ষের অভ্যন্তরে থাকবে ততদিন পর্যন্ত তাদের সাথে কোন রকম আলাপ আলোচনা চলতে পারে না। পরবর্তীকালে দেখছি তারা এই কলম্বো প্রস্তাব গ্রহণের দ্বারা ভারতবর্ষের একটা অংশ চীনার হাতে তুলে দিতে স্বীকৃত হয়েছেন। সেইজন্য আমাদের ফরোয়ার্ড ব্লকের পক্ষ থেকে আমি কলম্বো প্রস্তাবের বিরোধিতা করছি। অনুরূপ ভাবে যখন আমরা দেখছি চীনের সাথে পাকিস্তান আজকে একটা নূতন চুক্তিতে আবদ্ধ হচ্ছে, ভারতবর্ষের একটা অংশ অন্যায়ভাবে পাকিস্তান চীনার হাতে তুলে দেওয়ার মধ্য দিয়ে নূতন চুক্তিতে সে আবদ্ধ হয়েছে, সেখানে পাকিস্তানের সাথে আমাদের কাশ্মীরের প্রশ্ন নিয়ে আলাপ আলোচনা করবার প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করি না। আমি মনে করি যত দিন কাশ্মীরের বুক থেকে পাকিস্তান তার শেষ সৈন্য সরিয়ে নিয়ে না যাবে, ততদিন পর্যন্ত এই কাশ্মীরের প্রশ্ন নিয়ে আমরা পাকিস্তানের সঙ্গে আলাপ আলোচনা করতে পারি না। আজকে সবচেয়ে বড় প্রশ্ন হচ্ছে দেশের মানুষের মধ্যে যে স্বতঃস্ফূর্ত চেতনা এসেছে স্বাধীনতা রক্ষা করবার জন্য, সেই চেতনার যে স্ফুরণ, তাকে আমাদের দেশ রক্ষার কাজে লাগান হয়নি। কলম্বো প্রস্তাব সমর্থনের মধ্য দিয়ে এবং যে পাকিস্তান চীনার সঙ্গে নূতন চুক্তিতে আবদ্ধ হয়েছে, তারই সাথে আবার কাশ্মীরের প্রশ্ন নিয়ে আলাপ আলোচনার মধ্য ভারতবর্ষ আজ তার বিঘোষিত নীতি থেকে বহু দূরে সরে গিয়েছে। আজ তাই ন্যাশানাল এমার্জেন্সী সম্পর্কে সাধারণ মানুষের মনে প্রশ্ন উঠেছে যে সত্যিই কি সরকার সাধারণ মানুষের সহযোগিতা কাজে লাগাতে চান? লোকসভায় পণ্ডিত নেহেরু তাঁদের যে সুদৃঢ় নীতি ঘোষণা করেছেন, আজকে সেই নীতি তাঁরা অনুসরণ করছেন কিনা? আমি ফরোয়ার্ড ব্লকের তরফ থেকে পরিষ্কারভাবে বলতে চাই যে যদি আজকে এই ন্যাশানাল এমার্জেন্সীকে কনস্টিটিউশনাল ঠিকভাবে কাজে লাগাতে চান, যদি আজকে দেশের এত কষ্টার্জিত স্বাধীনতাকে রক্ষা করতে চান, তাহলে অন্ততঃ সরকার তার এই নীতি থেকে একচুল যেন না সরে না যায়, সেটা আমাদের দেখতে হবে। অপর দিকে আমরা দেখছি এমার্জেন্সীর সুযোগ নিয়ে তাঁরা নীতির দিক থেকে সরে গিয়েছেন এবং অপর দিকে এমার্জেন্সীর সুযোগ নিয়ে সাধারণ মানুষের উপর ক্রমান্বয়ে একটার পর একটা বড় বড় অত্যাচার হানবার ও অত্যাচার করবার চেষ্টা করছেন। এমার্জেন্সির সময় অর্থের স্বর্ণের প্রয়োজন আছে, আমরা স্বীকার করি। কিন্তু আমরা দেখছি যে অর্থ সংগ্রহের নাম করে কেন্দ্রীয় সরকার থেকে সুরু করে রাজ্য সরকার পর্যন্ত, তাদের বাজেট বরাদ্দের মধ্য দিয়ে বিভিন্ন ভাবে করভারে সাধারণ মানুষকে জর্জরিত করবার চেষ্টা করছেন। তাদের উপর নূতন নূতন করভার চাপিয়ে, সাধারণ মানুষের জীবনকে দুর্বিসহ করে তুলছেন। অথচ অপর দিকে দেখছি কেন্দ্রীয় সরকারের যে সমস্ত মন্ত্রী, উপমন্ত্রীরা রয়েছেন, তাঁদের ইলেকট্রিসিটি পানীয় জল ইত্যাদির জন্য কোটি কোটি টাকা তারা অপচয় করছেন তার বিরুদ্ধে সরকারের কোন কর্তব্য নেই, সেই সম্পর্কে সরকারের কোন রকম ভ্রূক্ষেপ নেই। আমরা জানি ন্যাশানাল এমার্জেন্সীর নাম করে আমাদের এই রাজ্যে অন্যভাবে কর চাপানর কথা বলা হয়েছে। অপর দিকে দেখছি অগাস্ট মাস থেকে জানুয়ারী মাস পর্যন্ত, এই ছয় মাসে মন্ত্রী, উপমন্ত্রী এবং রাষ্ট্রমন্ত্রী, তাঁদের ডি এ ও টি, এ বাবদ এক বিরাট টাকা খরচ করা হয়েছে। ঐ ছয় মাসে তাঁরা

৫৮ হাজার টাকা খরচ করেছেন, তার মধ্যে তাঁদের ডি এ বাবদ ১৮ হাজার ৬ শো টাকা খরচ করা হয়েছে।

আজকে দেশের সাধারণ মানুষ ন্যাসন্যাল এমার্জেন্সীতে সর্ব প্রকার ত্যাগ স্বীকার করতে প্রস্তুত আছে, সমস্ত দিক দিয়ে সরকারকে সহযোগিতা করতে প্রস্তুত আছে, কিন্তু, সরকারের সে দিকে কোন রকম ভ্রূক্ষেপ নেই, তার চেষ্টাও তাঁরা দেখান না। সরকারের কোন রকম ব্যয় সংকোচের নীতিও আমরা দেখতে পাই না।

[3-25—3-35 p.m.]

যেখানে আজকে ব্যয় সংকোচের কথা বলা হচ্ছে, যেখানে আজকে সাধারণ মানুষের কাছে উপদেশ দেওয়া হচ্ছে সেখানে আজকে এই বাজেটে আমরা দেখছি, এই বাজেটের মধ্যে লেখা আছে, রাজ্যপালের ড্রেসিংরুম এয়ারকন্ডিশন করার জন্য ১০,৫০০ টাকা খরচ করা হয়েছে, আর একজন ডেপুটি মন্ত্রীর রাইটার্স বিল্ডিংসএর ঘর ইলেকট্রিফিকেশন করবার জন্য ১০,৭০০ টাকা খরচ করা হয়েছে। আজকে সাধারণ মানুষ জানতে চায় যেখানে এই ব্যয় সংকোচের কথা বলা হচ্ছে, যেখানে মিতব্যয়ী হওয়ার জন্য তাদের কাছে আবেদন জানান হয়েছে সেখানে সরকার তাদের এই বিলাসিতার মহামারীর মধ্যে দিয়ে দেশের সামনে কি আদর্শ, কি দৃষ্টান্ত তাঁরা স্থাপন করেছেন। আর একটা কথা, মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে রাখতে চাই যেখানে আজকে ন্যাশনাল ইমার্জেন্সির দোহাই দিয়ে যেখানে আজকে সমস্ত রকম ডেভালপমেন্টের কাজ বন্ধ করা হয়েছে, এমন কি শিক্ষা প্রতিষ্ঠানের উন্নতির সমস্ত রকম খরচ বন্ধ করা হয়েছে, সেখানে আজকে দেখা যাচ্ছে যে আমাদের এই সরকারের কোন মন্ত্রী বা উপমন্ত্রী তাঁদের নিজেদের এলাকার একটা প্রতিষ্ঠানের জন্য টাকা অত্যন্ত অন্যায়ভাবে সেখানে নিয়ে গিয়ে খরচ করার চেষ্টা করছেন। অনেক স্কুল ও কলেজ আজকে টাকার অভাবে অত্যন্ত অচল অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে, আজকে বিভিন্ন স্কুল হাইয়ার সেকেন্ডারি হতে পারছে না, বিভিন্ন কলেজে আজকে বিভিন্ন সেকশন খোলা যাচ্ছে না, কিন্তু আজকে আমি প্রশ্ন করতে চাই—এখানে তিনি আছেন কিনা জানি না—আরামবাগের একটি কলেজেতে, কামারপুকুরে সারদা বিদ্যাপীঠ কলেজের জন্য ১ লক্ষ ৯০ হাজার টাকা ২৯এ ডিসেম্বর সরকার সেখানে নিয়ে গিয়েছেন, একটা গ্রান্ট হিসাবে দিয়েছেন। যদি দিতে হয় সমস্ত বিদ্যা প্রতিষ্ঠানকে দাও কিন্তু যেহেতু সেই কলেজের সভাপতি হচ্ছেন আমাদের এই রাজ্যের মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন সেই জন্য এই ইমার্জেন্সির সময়েও সেখানে ১ লক্ষ ৯০ হাজার টাকা খরচ করা হচ্ছে।

Shri Jamini Bhusan Saha:

স্পীকার মহোদয়, আমি গতকাল যখন মার্কাস স্ট্রীট দিয়ে যাচ্ছিলাম তখন দেখলাম ক্যালকাটা সিভিল ডিফেন্স ওয়ার্ড নং ২ বলে একটা সাইন বোর্ড রয়েছে। সরকারী সাইন বোর্ড এবং তারই উপরে কংগ্রেসের ফ্লাগ এবং তার পাশে বড় করে লেখা শ্রীনরেশনাথ মুখার্জীর নির্বাচন। এই একটা উদাহরণ যে ন্যাশনাল সিভিল ডিফেন্স খাতে যে টাকা ব্যয় করা হচ্ছে তা নির্বাচনে দলীয় স্বার্থে ব্যয় করা হচ্ছে। আপনি যদি এখুনি লোক পাঠান তাহলে দেখবেন এখনও পর্যন্ত সেটা আছে। সিভিল ডিফেন্স-এর অর্থ যে ফ্রন্ট-এর পশ্চাৎভাগ সেকেন্ড লাইন অব ডিফেন্স সেই অসংখ্য সৈনিক বাহিনী আমাদের অসংখ্য কৃষক, মজুর, মধ্যবিত্ত এই সমস্ত মানুষ যারা আজও সিভিল ডিফেন্স-এর ব্যবস্থা করবে। কিন্তু তাদের অবস্থা কি? এই ইমারজেন্সির নাম করে আজকে সাধারণ মানুষ এমার্জেন্সির বলি হচ্ছে। কমিউনিস্ট পার্টি দিয়ে শুরু হয়েছে যা চিরকাল দেশে দেশে হয়ে থাকে যে কমিউনিস্ট দলের বিরুদ্ধে দমননীতি আরম্ভ কার্শিস্ম তখনও এমারজেন্সি এসেছিল। কিন্তু ঘুঁটে পোড়ে গোবর হাসে। সুতরাং এমার্জেন্সির নাম করে আজকে জনসাধারণের উপর যেভাবে রোলার চালান হচ্ছে সমস্ত বক্তা তা এক এক করে বলে গিয়েছেন। ইন্ডাস্ট্রিয়াল ট্রুস ভংগ করা হচ্ছে মালিককে কিছুই বলা হচ্ছে না, কৃষককে জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে তার জন্য কোন প্রটেকশান নেই। ধূপগুড়ী, জলপাইগুড়ি ডিস্ট্রিক্টএ এমার্জেন্সির সময় জোতদাররা স্লোগান দেন আবার কৃষক কমিয়ে চলবে না আমাদের থেকে উদ্বৃত্ত জমি নেওয়া চলবে না। চা-বাগানের অবস্থা দেখুন। সোংগাছি চা

বাগানে বৃটিশ মালিক—সেখানে কারিয়াপ্পা সাহেব এবং তার সংগে বাংলাদেশে যৌন আবেদনমূলক বই লেখেন একজন তিনি সেখানে কমিউনিস্টদের নাম করে রাত্রে মিটিং করে নেহেরুর নীতির বিরুদ্ধে দারুণ আক্রমণ করেছে। এইভাবে যদি আমাদের সিভিল ডিফেন্সকে শক্তিশালী করতে হয় প্রতাপবাবুর সংগে আমি একমত যে জনসাধারণের সমস্যা আরও বাড়ান হচ্ছে তাদের মনে হতাশার সৃষ্টি করা হচ্ছে। করের বোঝা তাদের উপর চাপিয়ে তাদের পিষে মারলে সিভিল ডিফেন্স-এর কাজ হয় না—যতই এ আর পি আর স্লিট ট্রেঞ্চ করুন না কেন। আজকে যে অবস্থা হয়েছে এমারজেন্সির নাম করে সরকারের সমস্ত কিছু অপদার্থতা, দুর্নীতি এবং অর্থনৈতিক সংকট ঢেকে রাখার জন্য আমাদের আজ দেশদ্রোহী আখ্যা দিয়ে সব কিছু চেপে দেবার চেষ্টা করছেন। আমি স্যার একটি কবিতা আপনার মাধ্যমে এই সভাকে উপহার দিতে চাই। কবিতাটি হ'ল "যেখানে যা কিছু ঘটে নিশ্চিত সেখানে মূলে কমিউনিস্ট।"

Shri Kashi Kanta Maitra:

স্পীকার মহোদয়, আজকে এই গুরুত্বপূর্ণ খাতে আলোচনার সময় উত্তেজনার প্রচুর কারণ রয়েছে এবং জনগণের মনে যে বিক্ষোভ যে হতাশা এবং যে ক্রোধ পুঞ্জীভূত হয়েছে দেশের জনগণের একজন বিশ্বস্ত বন্ধুরূপে তাকে ভাষা দিতে গিয়ে যদি স্থানে স্থানে সংযমের বাঁধটা একটু আলগা হয়ে যায় আমাকে মাপ করবেন। এই হাউস-এর বহু সদস্য এই গুরুত্বপূর্ণ খাতে বহু দিক থেকে আলোচনা করেছেন। আমার আলোচনা সীমবদ্ধ থাকবে একটা বিশেষ কথার উপর। আমি শাসনক্ষেত্রের যে বিষয়ের আলোচনা করতে যাচ্ছি সেই আলোচনায় বাংলাদেশের অন্ততঃ তিনটি বহুল প্রচারিত কাগজে আমার এবং আমার দলের নাম হয়ত মুছে যাবে, কিন্তু কর্তব্যবোধ, দেশপ্রেম এবং দেশের জনগণের স্বার্থে আমাকে তা বলতে হবে।

[3-35—3-45 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর ভূমিকা না করে আমি সরাসরি জানতে চাচ্ছি যে যুগান্তরের তুষারকান্তি ঘোষ মহাশয়ের যে ভূমিকা বিবেকানন্দ মুখোপাধ্যায় মহাশয়ের যে ভূমিকা এবং আমাদের দেশের মুখ্যমন্ত্রী মহাশয় যিনি কংগ্রেসের দলের দলপতি এবং এই হাউসের যিনি দলপতি লীডার অব দি হাউস, দুঃখের কথা যে এতবড় ঘটনা ঘটে গেল ১৯৬২ সালের ১৬ই মে তারিখে যুগান্তর পত্রিকায় একটা দেশদ্রোহী রচনা প্রকাশিত হল, আমি আইনজীবি হিসাবে বলছি যে এই রকম একটি দেশদ্রোহী জাতির স্বার্থের হানিকারক একটি রচনা বেরুনো সত্ত্বেও বাংলাদেশের সরকার বাংলাদেশের পুলিশ বিভাগ বাংলাদেশের হোম ডিপার্টমেন্ট কোন এ্যাকশন নিয়েছেন কি? ঐ কাগজের বিরুদ্ধে কোন এ্যাকশন নিয়েছেন, সম্পাদকের বিরুদ্ধে কোন এ্যাকশান নিয়েছেন, প্রিন্টারের বিরুদ্ধে কিম্বা পাবলিশারের বিরুদ্ধে কোন এ্যাকশন নিয়েছেন কি? না তা নেওয়া হয় নি। আমি জিজ্ঞাসা করি আপনাদের একটি হোম প্রেস ডিপার্টমেন্ট বলে একটা ডিপার্টমেন্ট আছে এবং এই হোম প্রেস ডিপার্টমেন্ট-এর একটি গুরুত্বপূর্ণ ভূমিকা আছে আমি জিজ্ঞাসা করি এই হোম প্রেস ডিপার্টমেন্ট কি কোন ফাইল তৈরী করেছিলেন এই দেশদ্রোহীদের ভূমিকা সম্বন্ধে? স্যার, আপনার মাধ্যমে জানতে চাই যে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় কুম্ভকর্ণের মত নিদ্রা গেলেন। ১৬ই মে এই লেখা বেরুলো আর ২২এ জুন ১৯৬২ সালে আর ১৯৬৩ সালে ৩রা মার্চ আনন্দবাজার পত্রিকায় এ্যাডভার্টাইজমেন্ট হিসেবে এই রচনা প্রকাশিত হলো। যুগান্তরের যে ভূমিকা বিবেকানন্দের যে ভূমিকা সে সম্বন্ধে তুষার বাবুর রচনা বেরুলো এবং তার চিঠি বেরুলো এবং তার খোলা চিঠি রয়েছে আমার কাছে, এবং বিবেকানন্দের যে জবাব সেটাও আমার কাছে রয়েছে; মুখ্যমন্ত্রী বলেছেন যে আমি মর্মাহত হয়েছি যে আপনার কাগজে এই ধরনের লেখা দিনের পর দিন বেরুচ্ছে। এটা আপত্তিকর রচনা হয়েছে, এবং আমি এ সম্বন্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করা প্রয়োজন মনে করি কিন্তু আমি জানাতে চাই মালিক পক্ষ কি করতে চায়—এর থেকে লজ্জার আর কি থাকতে পারে? আমি জিজ্ঞাসা করছি যে মুখ্যমন্ত্রী বলছেন যে আজ বেলা ৭টা হয়ে গেল টেলিফোনে আপনাকে পাওয়া গেল না তাই আপনাকে এই চিঠি লিখছি। এই সব ভাওতা বাজী আর কতদিন চলবে আমি জিজ্ঞাসা করি তিনি বুকে হাত দিয়ে বলুন। বিবেকানন্দ বাবু তাঁর জবাবে বললেন কিন্তু শুধু তুষারবাবু তার মালিক নন মালিক তরুণকান্তি ঘোষও তিনি বলতে পারতেন, তিনি তো

কেবিনেট মিনিস্টার, তুষার বাবুর চেয়ে তার দায়িত্ব বেশী রয়েছে। তিনি তাকে বলতে পারলেন না যে এতবড় অন্যায় হয়ে যাচ্ছে তার বিরুদ্ধে তোমরা কোন এ্যাকশান নিচ্ছ না। আমি জিজ্ঞাসা করতে চাই এই যে অরিজিন্যাল লেটার সেগুলি কি সিজ্‌ড করা হয়েছে যুগান্তর পত্রিকা থেকে? আমি জিজ্ঞাসা করতে চাই অরিজিন্যাল রাইটিং, হ্যান্ড রাইটিং এক্সপার্টকে দিয়ে কি এক্‌জামিন করান হয়েছে? করলে বোঝা যেত ঐ লেখা কার? আমি জিজ্ঞাসা করতে চাই যে যুগান্তর পত্রিকার সম্পাদক এতবড় একটা জঘন্য প্রবন্ধ কাগজে ছাপালেন এবং আমাকে বিশ্বাস করতে হবে এই কথা যে তিনি এই কাগজে এই জিনিষ ছাপবার আগে একবারও তিনি নিজেকে সাটিস্‌ফাই করলেন না

as regards particulars of this gentleman
এবং
as regards, identity of this gentleman

এ লোক কোথায় থাকে এবং এর কর্মস্থল কোথায়, এর পিতার নাম কি এর কোন পরিচয় আছে কি না? শুধু জারনালিজিমের নামে ফেয়ার জারনালিজিমের নামে এতবড় একটা জিনিস তিনি ছেপে দিলেন। আমি জিজ্ঞাসা করতে চাই আর আনন্দ বাজার পত্রিকায় এটা বেরুলো বাই ওয়ে অব এ্যাডভারটাইজমেন্ট। যেটা ক্রিমিনেল চার্জে পড়ে এই অফেনডিং অরটিকল নতুন করে ছাপা হল—ভারতবর্ষে এখনও পিন্যাল কোড বলে একটা আইন আছে, ডি আই রুলের কথা ছেড়ে দিলাম প্রিন্টার এবং পাবলিশারকে এবং কিপার অব দি প্রেসকে কেন হল আপ করা হল না। লজ্জার কথা বিচারের বাণী নিরবে নিভৃতে কাঁদে। আজকে আমি জানতে চাই কোন সভ্য দেশে কোন গণতান্ত্রিক দেশে যে আইনে বলে যে মিনিস্টারের সি এ অমৃতবাজার পত্রিকার হেড প্রিন্টার এবং পাবলিশার হতে পারে। কোন জায়গায় আছে যে একটা প্রাইভেট কোম্পানীর একজন প্রিন্টার এবং পাবলিশার তিনি মিনিস্টারের সি এ। আজকে কে না জানে যে সাধারণ মানুষের মধ্যে বিক্ষোভ উঠেছে যে কেন্দ্রের একজন ভি আই পি কেন্দ্রের আইন মন্ত্রী- আমি স্পষ্ট ভাষায় বলতে চাচ্ছি যে শ্রীঅশোক সেন এবং বাংলাদেশের একজন কেবিনেট মিনিস্টারের হস্তক্ষেপের ফলে সমস্ত জিনিসটাকে ধামাচাপা দেওয়া হয়েছে। আমি তো দেখছি দেশদ্রোহীতাকে প্রশ্রয় দিচ্ছেন আপনারা। আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়ে এসেছি সেখানে দেখেছি মুসলমান কৃষক যাদের রাজনীতির সঙ্গে কোন সম্পর্ক নাই তাদের পুলিশ চৌকিদারের রিপোর্টের ভিত্তিতে জেলখানায় ধরে নিয়ে গিয়েছে। সেখানে সাম্প্রদায়িক পুলিশ অফিসার রেবতী নাথকে পাঠিয়ে দেওয়া সীমান্ত জেলা থেকে খুঁজে বের করবার জন্য। তার বেলপুকুরের স্কুলের হেড মাস্টার মহাশয়, স্কুলের প্রবীন শিক্ষক তাকে ডি আই রুলে আটকানো হল—তার বিরুদ্ধে কিসের অভিযোগ ছিল না তার বাড়ীতে লুচি মাংস খাওয়ান হয়েছিল যেদিন বোমডিলা ফল করে। অথচ সেদিন তার ছেলের অন্নপ্রাসন ছিল তার জন্য কি লোকে লুচি মাংস খেতে পারবে না। লুচি মাংস খাওয়ানোর জন্য তাকে ডি আই রুলে ফেলা হল। আর যারা দিনের পর দিন দেশদ্রোহিতা করে যাচ্ছেন আমি কেবিনেটের মন্ত্রীর কথা বলছি সেখানে আমি বুঝতে পারি তুষারকান্তি ঘোষের কথা কিন্তু প্রফুল্ল-কান্তি ঘোষের কথা তার রেজিগনেশন দেওয়া উচিত ছিল। আমি দুঃখের সঙ্গে বলছি যে আমাদের দেশ এক বিচিত্র দেশ এখানে এই মোসাহেবীর উপরই সমস্ত দেশ চলেছে তা না হলে এই দেশে জয়চাঁদ, উমিচাঁদ, মীরজাফর, জগৎশেঠের দল কি করে মাথা চাড়া দিয়ে দাঁড়ালো। তা নাহলে কখনও দাঁড়াতে পারতো না। এরাই যুগে যুগে দাঁড়িয়েছে এবং এদেরই আমরা প্রশ্রয় দিয়েছি। আজ যদি আমি মুখ্যমন্ত্রীকে বলি যে যুগান্তরের কাগজ থেকে যখন বিবেকানন্দ বাবু বেরিয়ে গেল এবং বসুমতীর সঙ্গে এগ্রিমেন্ট হয়ে গেল তখন তার বাণিজ্যিক স্বার্থে ঘা লাগলো বসুমতীর স্টক ইন ট্রেডকে খাট করবার জন্য যুগান্তরের যারা খরিদ্দার তাদের সংখ্যা যাতে ঘাটতি না পড়ে, এই জন্য বসুমতীর আজকে যিনি সম্পাদক তার ঐ ফেঁপে উঠা স্ফীত কায় গ্লামার এর বেলুনটাকে একেবারে চুপসে দিয়ে আজকে পাবলিকের কাছে ডিসগ্রেস করবার জন্য তার বাণিজ্যিক দৃষ্টিভংগী নিয়ে তুষারবাবু এই জিনিসটা ঘটিয়েছেন। যদি আপনারা তুষার-বাবুর এবং বিবেকানন্দের রিপ্লাই পড়েন, ইন বিটুইন লাইন যদি পড়েন তাহলে দেখবেন যে তথ্য এখানে পরিবেশন করা হয়েছে তা সম্পূর্ণ অসত্য, সম্পূর্ণ মিথ্যা। আমি বলছি আপনাদের

যে আপনারা তদন্ত করুন, এ সম্বন্ধে তদন্ত করার প্রয়োজন আছে। আজকে আমরা দেখছি যে মন্ত্রীদের চাপে পড়ে কেমনভাবে এই জিনিস হয়েছে। আমরা জানি অমৃতবাজার পত্রিকায় প্রভিডেন্ড ফান্ড নিয়ে কত স্কান্ডাল হয়ে গিয়েছে। ওয়ার্কিং জার্নালিস্টদের উপরে কতখানি আঘাত হানা হয়েছে। আমি জানি লেবার এ্যাডভাইজরি বোর্ডের কাছে রিপ্রেজেনটেশন এসেছে তা সত্ত্বেও তারা হস্তক্ষেপ করেন নি। আমি বলছি যুগান্তরের ভূমিকা সেখানেই শেষ হয়নি, আমার কাছে কাগজ আছে—হীরেন মুখার্জী যে প্রবন্ধে বলেছেন যে দার্জিলিং এবং শিলিগুড়িকে আলাদা করে দিতে হবে এবং সত্যেন মজুমদার মহাশয়ও সে সম্বন্ধে প্রবন্ধ লিখেছেন, যুগান্তর পত্রিকা এই প্রবন্ধের উপর এডিটোরিয়াল লিখেছেন। তারপরে হীরেন মুখোপাধ্যায় মহাশয় লিখেছেন যে যুগান্তরের সম্পাদক মহাশয়ের এই ভুয়োদর্শী দৃষ্টিভংগী এবং ব্যপক মনোভাব ওয়াইডার আউট লুক তার জন্য তিনি প্রশংসনীয়। এই হচ্ছে স্যার এদের ভূমিকা,, এদের সংগে একটা অচ্ছেদ্য ভূমিকা রয়েছে। যামিনীবাবু আজ শ্রীপ্রতাপ চন্দ্র মহাশয়ের মন্তব্য সমর্থন করলেন, এটা করাই তাঁর পক্ষে স্বভাবিক, কারণ আমরা দেখতে পাচ্ছি কংগ্রেস এবং কমিউনিস্টদের মধ্যে একটা অদ্ভুত ধরনের মিল গড়ে উঠেছে। আজকে দেশের সংকটের মুহূর্তেও আমরা দেখছি তাঁরা জাতীয় সংকটকে দলবাজীর কাজে লাগাচ্ছেন, যে কথা আমার বন্ধু দেও প্রকাশ এখানে বললেন যে ১৯৬৭ সনের নির্বাচনের জন্য তাঁরা এটাকে কাজে লাগাচ্ছেন। আমি জিজ্ঞাসা করতে চাই আমি এই হাউসে চৌরঙ্গী সেলস ব্যুরোর কথা বলেছি সেদিন মুখ্য মন্ত্রী মহাশয় আমাকে নদীয়ার সম্বন্ধে বলেছিলেন যে আপনি বুকে হাত দিয়ে বলুন যে নদীয়া জেলায় কোন উন্নতি হয়েছে কি না। আমিও তাঁকে এখানে বলছি যে তিনিও বুকে হাত দিয়ে বলুন, ভগবানের শপথ নিয়ে বলুন চৌরংগী সেলস ব্যুরো সম্বন্ধে যে কথা আমি বলেছিলাম তা খন্ডন করবার জন্য তিনি যে কথা বলেছিলেন তা ভুল স্টেটমেন্ট না কারেক্ট স্টেটমেন্ট। আমি বলছি দ্যাট ইজ নট ট্রু। আমি তাঁকে চ্যালেঞ্জ করছি এই হাউসে যে চলুন দেখবেন চৌরংগী সেলস ব্যুরের ইমপোর্টেড গুডস্ আজও সেখানে পড়ে আছে, বিক্রী হচ্ছে না কারণ কাস্টম থেকে পারমিশান দেয় নি। অথচ সেদিন তিনি এই হাউসে ব্যংগ করে বলে গেলেন যে এই সমস্ত বাজে কথা।

আমি আজকে সমালোচনা করছি তরুণ বাবুকে এই জন্য, এই কাগজের ভূমিকা সম্বন্ধে সমালোচনা করছি এই জন্য যে আমি যে রাজনৈতিক দর্শনে বিশ্বাস করি তার একটা মূল নীতি হল যে

harmful truth is better than a useful lie.

আমি আজকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এই জন্য চৌরঙ্গী সেলস ব্যুরোর পরে আরেকটা জিনিস ঘটে গিয়েছে সেটা হচ্ছে সেদিন আমার বন্ধু অপূর্বলালের প্রশ্নের জবাবে আমাদের মুখ্য-মন্ত্রী মহাশয় বলেছেন যে বিখ্যাত আইনজীবি শ্রীশঙ্করদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় বলেছেন যে সীরাজুদ্দিনএর কেসের প্রাইমাফেসি কেস এখনও তৈরী হয়নি। আমি বলছি এই হাউসে দাঁড়িয়ে যে ভিভিয়ান বোস এনকোয়ারী রিপোর্টকেও এটা ছাড়িয়ে যাবে, আমি বলছি মুন্দ্রা এনকোয়ারী রিপোর্টকে ছাড়িয়ে যাবে। ৭০।৮০ লক্ষ টাকা ইনকাম ট্যাক্স ফাঁকি দিয়েছে এই সিরাজুদ্দিন—মন্ত্রীরাও জড়িয়ে আছেন। আমাদের দলের নেতা ত্রিবেদী সাহেব বলেছেন পার্লামেন্টে যে বাংলার একজন মন্ত্রী এবং কেন্দ্রের মন্ত্রী জড়িত আছেন। আমি জিজ্ঞাসা করতে চাই মুখ্যমন্ত্রী কি জানেন না যে আমাদের অর্থমন্ত্রী শ্রীশঙ্কর দাস বন্দ্যোপাধ্যায় মহাশয় এদের লিগ্যাল এ্যাডভাইসর ছিলেন,, তার ওপিনিওন সেখানে রয়েছে যে ইনকাম ট্যাক্স দিও না, সেলস ট্যাক্স দিও না। তিনি কি জানেন যে বাংলাদেশে সেলস ট্যাক্স বাবদ বহু লক্ষ টাকা খোয়া গিয়েছে। তিনি কি জানেন যে অর্থমন্ত্রী তিনি এই সমস্ত কাজ করে যাচ্ছেন তিনি কি সেলস ট্যাক্স ডিপার্টমেন্টকে চাপ দিয়েছেন যে সিরাজুদ্দিনএর কাছে যে টাকা পাওয়া যাবে তার উদ্ধারের কোন ব্যবস্থা করেছেন, তা তিনি কখনই করতে পারেন না।

[3-45—3-55 p.m.]

এই টাকাগুলো উদ্ধারের ব্যবস্থা তিনি করতে পেরেছেন, করতে পারেন নি। আজকে তাই মুখ্যমন্ত্রীকে বলছি দেশের এই সঙ্কটের মুখে দাঁড়িয়ে তিনি এঁদের বলুন আপনারা সরে দাঁড়ান। অর্থমন্ত্রীর দায়িত্ব তিনি নিজে নিন। বাংলার লোক অর্থমন্ত্রীর উপর কোন আস্থা রাখবে

না, আমি তাঁকে বলতে চাই যে আমরা এক দারুণ ঝঞ্চার মধ্যে দিয়ে যাচ্ছি। শুনেছি যে সত্যের জয় হবে। কিন্তু কি করে সত্যের জয় হবে? আমি দেখেছি আজীবন স্বার্থের পায়ে পড়ে সত্য ক্ষমা ভিক্ষা চেয়েছে। কিন্তু স্বার্থ একবারও ফিরে চায়নি, ক্ষমা করেনি। আমি দেখেছি ন্যায়ের বেদীমূলে অন্যায়ের বিজয় নিকেতন উত্তীর্ণ। আমি শুনেছি ভাঙ্গা ধর্ম মন্দিরে অধর্মের জয় ভেরী। আমি দেখেছি এই শক্তিশালী যে প্রবল প্রতাপান্বিত, যাঁরা বিপুল শক্তিশালী বিত্তবান তাঁরা অন্যায়ের উপর জুলুম চালিয়ে যাচ্ছেন। আমি দেখেছি তাদের শির দাঁড়া ভেঙ্গে তারা দুর্বল অসহায়, তাদের অর্থ নেই গরীব তাদের উপর আজকে জুলুমের রথ চলছে। আজকে যদি বাংলার মুখ্যমন্ত্রী অস্বীকার করেন তাহলে তিনি ভুল করবেন। আমি বলছি যে স্বর্ণশিল্পী মারা গেল তার সম্বন্ধে তিনি যেটুকুন কথা বললেন তাতে কোন মমতা নেই, দয়া নেই, মনুষ্যের প্রতি অনুকম্পা নেই। এই বিধানসভায় আমরা আসি জনগণের কথা বলতে। আমাকে বহু জনসাধারণ এসে বলেছেন আপনি বিধান সভায় বলুন যে রেসের মাঠে এই ব্যাপার হচ্ছে।

আমি আজকে শপথ করে বলছি আমি নই, আমাদের বংশের, আমার পরিবারের, এমন কোন লোক নেই যে কোনদিন রেসের মাঠে গেছে। আমি স্বপ্ন দেখি বাংলার বিপ্লবী জনগণ যেদিন রেসের মাঠ কেড়ে নিয়ে ওখানে ন্যাশন্যাল স্টেডিয়াম করবে। আমি কোনদিন জীবনে গ্যাম্বেল করিনি। আমি শুধু দুঃখের কথা বলতে গিয়েছিলাম এমন সময় এক ব্যক্তি দাঁড়িয়ে উঠে আমাকে বললেন রেসের মাঠে যান না কি? তাই একটা কথা বলছি আজি লজ্জিত তাঁর মত লোকের সঙ্গে বাদানুবাদে জড়িত হয়ে পড়ছি। আমি বলছি আপনাদের কোন দয়া নেই, মমতা নেই, মানুষের দুঃখের কথা আপনারা স্বীকার করবেন না। স্যার, আজকে তাই বলছি আপনি কি কোনদিন সমুদ্রের বালুবেলায় গিয়ে দেখেছেন সমুদ্রের তটে দাঁড়িয়ে যখন ঢেউগুলো আছড়ে গিয়ে পড়ে সেই ঢেউয়ের সামনে দাঁড়িয়ে আপনি কি একবার চিন্তা করেছেন যে একটা জাহাজ ডুবে যাচ্ছে সেই জাহাজের অসহায় যাত্রীর দল তারা তাদের ডোবানোর মধ্যে একটা স্ক্রিবিলড এস ও এস পাঠিয়ে বোতলের ছিপি বন্ধ করে দিয়ে সমুদ্রের মধ্যে ফেলে দিয়েছিল এই আশা নিয়ে যে একদিন, সমুদ্র সৈকতে এসে দাঁড়ালে তাদের ঐ স্ক্রিবিল্ড এস ও এস ঐ বোতল থেকে খুঁজে বার করে নিয়ে এসে তারা আমাদের বাঁচাবেন। তাই বলছি ঐ এস ও এস এসে পড়েছে। ঐ সুনীল কর্মকার, স্বর্ণশিল্পী পরেশ সাহা মারা গেছে। তাদের ঐ এস ও এস আমাদের বালু নিয়ে এসে পৌঁচেছে। একবার তাঁরা ঐ বোতলের ছিপি খুলে ঐ এস ও এস উদ্ধার করবার চেষ্টা করছেন কি? একবার সেই মেসেজ ডিসাইফার করবার চেষ্টা কেউ করেনি। তাঁরা যদি না করেন তাহলে আমি বলছি কংগ্রেস শাসন কংগ্রেস রাজত্ব দুঃখের আগ্নেয়গিরির উপর প্রতিষ্ঠিত। সেই আগ্নেয়গিরির গলিত লাভা একদিন ফুটে বেরুবে এবং সেখান থেকে মুছে তাঁরা যাবেন। তাঁরা যদি মনে করেন তাঁরা তাঁদের ঔদ্ধত্য নিয়ে চলবেন তাঁরা ভুল করবেন। আমি জানি আমার পাশে যে বন্ধুরা রয়েছেন তাঁরা অনেক কথা বলবেন। কিন্তু তাঁদের আমি বলছি ইতিহাসে তাঁরা কদর্য কাজ করে যাচ্ছেন। তাঁরা রেসটাগ-এর কথা বলেছেন। আমরা জানি সোসাল ডেমোক্র্যাটদের কারা পিটিয়েছিল? তাঁরা কি ভুলে গিয়েছেন যখন জার্মানীর সঙ্গে হিটলারের প্যাক্ট হল তখন কি অবস্থা হয়েছিল? হিটলারের সঙ্গে স্তালিনের প্যাক্ট হয়েছিল তখন স্তালিন বলেছিলেন
great ramparts of liberty
এবং সোস্যাল ডেমোক্র্যাটদের তিনি ছিলেন সোসাল ফ্যাসিস্ট। আমরা জানি, কিভাবে সোস্যাল ডেমোক্র্যাটরা মার খেয়েছেন। বিনোবা ভাবের কথা শুনতে চাই না। তাঁদের চিনি। তিনি বড়বাজারে ঘুরে মহাত্মা গান্ধীর নামাঙ্কিত রাস্তার দুধারে যে সমস্ত ব্যবসায়ীর দল আছে তাদের হৃদয় পরিবর্তন করতে বলুন। তাদের বলুন ঐ চিনির মধ্যে ভেজাল মিশিও না, চিনির মধ্যে কাঁচের গুঁড়ো মিশিও না, সরষের তেলের মধ্যে ভেজাল দিও না ইত্যাদি। তা যদি তিনি করতে পারেন তাহলে বলব তিনি কিছু একটা করছেন। কিন্তু তা তিনি করেন নি। আমি জানি নদীয়া জেলাতে পুলিশের সাহায্য নিয়ে সেখানে ভূদান আজও হচ্ছে। অর্থাৎ ভূয়া দান যজ্ঞ হচ্ছে সেখানে আমরা সব জানি। মন্ত্রী মহাশয় অস্বীকার করতে পারেন পলাসীতে কি ঘটেছে। আজকে আমি বলছি বিনোবাজী যত বড়ই তিনি হোন দেশের উর্দ্ধে তিনি নিশ্চয় নন। গতকালকার কাগজে আমরা দেখলাম যে চুংগীভ্যালিতে মাসিং অফ চাইনীজ ট্রুপস হয়েছে। আমরা দেখছি যে বিনোবাজী বলছেন অহিংসার পথ ধরে চল। আমি বলছি যে

চাংগীনিয়ারা বিনোবাজীর সমালোচনা সহ্য করতে পারছেন না। এতদিন জানতাম যে তাঁরা বিবেকানন্দ বাবুর সমালোচনা সহ্য করতে পারেন নি। বিবেকানন্দ বাবু কি কমিউনিস্ট এই প্রশ্ন করেছিলেন বন্ধু সুনীলবাবু। আজকে জিজ্ঞাসা করব বিনোবাজীর সমালোচনা সহ্য করতে পারেন নি তা বলে কি বিনোবাজী তাদের দলভুক্ত হোয়ে গেছেন।

রাশিয়াতে ৫০ লক্ষ লোককে খুন করা হ'ল, সামান্য একটা চড়ুই পাখির কিচিরমিচিরও সে দেশে হয় নি। আমি কি জানি না ব্রথেল বারগেলসানের মত সাহিত্যিককে—ফেবারের মত সাহিত্যিককে কচুকাটা করা হয়েছিলো? আমি কি জানি না, এলিয়া এরেনবুর্গের মত সাহিত্যিক যিনি স্ট্যালিনএর হন্তারক- মানব হন্তারক দোস্ত ছিলেন, সেই এরেনবুর্গের পায়ের কাছে গিয়ে যখন বারগেলসান এবং ফেবার ক্ষমা চেয়েছিলেন, "প্রাণ বাঁচাও" বলে, তখন এরেনবুর্গ তার দিকে তাকায় নি। কারা ব্রুটালাইজড করেছে? এই ব্রুটালাইজডএর জন্য তাঁরা দায়ী। আজকে কংগ্রেসকে দেখিয়ে দিচ্ছেন যে রাশিয়াতে, চায়নাতে ও অন্যান্য সোসালিস্ট কান্ট্রিতে ইন দি নেম অফ সোস্যালিস্ট ইকনমি যে লক্ষ লক্ষ মানুষকে খুন করা হয়েছে, এ দেশেও in the name of Socialistic pattern of Society these things are permissible. আমি বলতে চাই এ অবস্থার পরিবর্তন দরকার, আজকে সে অবস্থা এসেছে, এখানে আমার মনে হয়

On conditions insupportable there are people normally in a given society who react according to three sources: (a) by rebellion (b) by attacking, and (c) by self-deception.

রিবেলিয়ন করবার ক্ষমতা কোথায় ট্রান্সাক্সেনিক পাওয়ার আজ গভর্নমেন্টএর হাতে বিদ্রোহ করবার ক্ষমতা আজ নেই। আজকে আমরা দেখেছি তাই সেলফ ডিসেপশন, সরকারের মধ্যে দেখছি আত্মপ্রবঞ্চনা, আর জনগণের মধ্যে দেখছি একটা নৈরাশ্য অদ্ভুত অসহায় ভাব, তাই এই অবস্থার মধ্যে পড়ে আমি বলতে চাই, দেশ বিপন্ন, কিন্তু দেশ বিপন্ন হলেও কংগ্রেস নেতাদের চরিত্রের ভেতর দিয়ে সে বিপদের সংকেত দেখতে পাচ্ছি না, আমরা দেখতে পাচ্ছি প্রধান মন্ত্রীর ৪ হাজার টাকা জলের এবং ইলেকট্রিকএর বিল, আমরা দেখতে পাচ্ছি মন্ত্রীদের এত টাকা খরচ হচ্ছে, ৫০০ টাকা করে ইলেকট্রিক বিল ৫০০ টাকা করে জলের বিল। আমরা দেখতে পাচ্ছি ন্যাশনাল ইমার্জেন্সীর পর কেন্দ্রের একটা মন্ত্রীর জন্য খরচ হচ্ছে ৩২ হাজার টাকা ফার্নিচারএর জন্য এবং ডেপুটি মিনিস্টারএর জন্য খরচ হচ্ছে ১৬ হাজার টাকা, আর ৬ কোটি লোকের আয় ২ আনার বেশী নয়, এবং ৬৫ ভাগ লোক যাদের আয় ২০ টাকার বেশী নয়, তাদের আজকে রাজ্যপালিকা বলছেন এবং তাঁর দল বলছেন আরো আপনারা কষ্ট করুন, আপনারা খাওয়া কমান, এই যদি অবস্থা হয় তাহলে বলবো এ দেশের কোন ভবিষ্যৎ নেই। তাই আমি তাঁদের এবং কমিউনিস্ট বন্ধুদের বলতে চাইছি যে ইতিহাস যদি আমাদের একটা শিক্ষা দিয়ে থাকে ওয়ান সাচ লেসন যদি ইতিহাসে থাকে যে ধর্মের নামে হোক, ভগবানের নামে হোক আর যার নামেই হোক, মন্দিরের নামে হোক, মসজিদের নামে হোক, দলের—দলের নামে হোক দলের মতবাদের নামে হোক বা রাষ্ট্রের, দেশের নামে হোক, যদি মানুষকে অপমানিত করা হয়, যদি মানুষের মর্যাদা লুণ্ঠন করা হয়, যদি সমাজের অন্তর নিহিত শক্তি তাকে যদি কেড়ে নেওয়া হয় ইতিহাস কখনও তাকে ক্ষমা করবে না। আজকে আমরা সেই কিংস অ্যান্ড ব্যাটেলসএর হিস্ট্রীতে যা আগে দেখে এসেছি তারই অবস্থার মধ্যে পড়ে রয়েছি, মার্ক্স বলেছিলেন--

History of the world is the history of class struggle.

সেখানে আজকে আমরা দেখছি চেঙ্গীস খাঁকে অনুসরণ করা হচ্ছে, যে চেঙ্গীস খাঁর নাম শুনলে কবর থেকে মানুষ কেঁপে উঠছে, যে চেঙ্গীস খাঁ তৈরী করেছে সারনেল হাউস অফ হিস্ট্রী, সেই চেঙ্গীস খাঁর স্তম্ভকে ভেঙ্গে নূতন মৌর্থালিয়ান চীনা তৈরী হচ্ছে কেন, এবং সেখানে ম্যানডেট দেওয়া হচ্ছে তোমরা যাও সেখানে শপথ নিয়ে এস আগামী দিনের জন্য। এই চেঙ্গীস খাঁর নূতন দল, এই বেনহুর অফ এসিয়া তারা আনছে তার মোকাবিলা করবে এই দুর্নীতি-পরায়ণ কংগ্রেস? আজকে জিজ্ঞাসা করতে চাই যে কেন বসুমতী পত্রিকার যে নূতন প্রেস নেরন সংস্থা, এই কাগজ কোথা থেকে টাকা পাচ্ছে? ২২ লক্ষ টাকা কোথা থেকে আসছে। শুনেছি লিবার্টি বলে একটা ইংরেজী কাগজ ছাপা হবে। কোথা থেকে টাকা আসছে? একথা কি মুখ্যমন্ত্রী জানেন না যে, কেন্দ্রীয় আইনমন্ত্রী যখন কলকাতায় আসেন তাঁর গাড়ীটা বসুমতীর

সামনে থাকে। আজকে যার বিরুদ্ধে দেশদ্রোহিতার অভিযোগ আনা হয়েছে, ৫ই মার্চ এই হাউসে তিনি বলেছেন কি স্টেপ নিয়েছেন জানতে চাই। যেখানে চুম্বী ভেলিতে শত্রু এসেছে সেখানে মুখ্যমন্ত্রী বললেন—

I am satisfied that the caption is derogatory to the interest of the country and what action has been taken? How has he made the statement in this House?

আমি বলতে চাই তাঁরা যে পথে চলেছেন তা বিপর্যয়ের পথ, আমি তাঁদের বলব তাঁরা এ দলের ঊর্ধ্বে থাকুন। আমি বলছি কোটি কোটি মানুষ কাঁদছে মায়ের পূজার জন্য, ডাক দিয়েছেন সমস্ত দেশকে

"হে মুগ্ধ পূজারী!
দেবতারে পেতে চাও;
মিথ্যাচারে উদ্ধত উৎসবে,
জান না কি বদ্ধ তিনি,
বিদুরের ভক্তির বন্ধনে?"

আজ মায়ের পূজার জন্য ডাক এসেছে, সমস্ত মানুষ ডালি নিয়ে উপহার নিয়ে এসেছে, কিন্তু আজ যেখানে কোটি কোটি মানুষ অনাহারের মধ্যে রয়েছে, আমি তাই বলতে চাই "দেবতারে দেব না ধরা -দেবতারে দেব না ধরা, আরতির অর্থহীন কাঁদে; পূজা আজি ব্যর্থ যদি বুভুক্ষিত কোটি কণ্ঠ কাঁদে।" এই বলে আমার বক্তব্য রাখছি। মুখ্যমন্ত্রীর কাছে আমি বলবো তিনি নূতন নেতৃত্ব নেবার চেষ্টা করুন। বাংলার জনগণকে তিনি বুঝিয়ে দিন যে কংগ্রেস পার্টি আজকে নির্বাচনের জন্য এই জাতীয় ইমার্জেন্সীকে কাজে লাগাচ্ছে না এবং শেষে একথা বলবো যে কথা রবার্ট ফ্রস্ট সেদিন সেই আমেরিকান নোবেল প্রাইজ উইনার মারা যাবার আগে যে কথা বলেছিলেন,

Some say the world will end in fire, some say in ice from what I have tested to desire, I hold with those who like fire.

জয়হিন্দ!

[3-55—4-5 p.m.]

Shrimati Biva Mitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী যে জরুরী অবস্থার ব্যয়বরাদ্দের জন্য দাবী এনেছেন সেই বরাদ্দ আমি সমর্থন করার জন্য দাঁড়িয়েছি। আমাদের দেশে যেভাবে আজকে জরুরী অবস্থা দেখা দিয়েছে আমাদের দেশের লোকের এই জরুরী অবস্থার সঙ্গে আমাদের দেশের মানুষের কোন দিনই পরিচয় ছিল না। ভারতবর্ষ স্বাধীনতা পাবার পর এই রকম পরিস্থিতির সম্মুখীন আমরা কোন দিনই হইনি। এখন আমরা জরুরী অবস্থার সামনে এসে পড়েছি। সেই জরুরী অবস্থা থেকে ত্রাণ পাবার জন্য আমাদের নাগরিকদের আমাদের জনগণের সর্বশক্তি প্রয়োগ করা যাতে যেতে পারে তার জন্য সর্ব ব্যবস্থা করাই সরকারের নীতি। আমি এই কথাই মনে করি। যে উদ্দীপনা আমরা দেখেছি কিছুদিন ধরে আজকে দুমাস ধরে তা অনেক কমে গেছে। সেই উদ্দীপনা যাতে বাড়ে তার সর্বব্যবস্থাই আমাদের করা দরকার। যারা উৎসাহ নিয়ে এসেছেন তাদের মধ্যে আমি কিছু বলতে চাই না। কিন্তু কয়েকটি প্রতিষ্ঠান--যারা বেসরকারী এবং সরকারী প্রতিষ্ঠান—তারা কিছু কিছু কাজ সুরু করেছেন। তবে আমাদের সরকারের তরফ থেকে একটু আগে সিভিল ডিফেন্সের কথা মাননীয় বন্ধু ডাঃ মিত্র বলে গেছেন—আমি আজকে আপনাদের কাছে হোমগার্ডের কথা বলবো। সরকার হোমগার্ড বাহিনী গঠন করেছেন। এই যুদ্ধকালীন পরিস্থিতিতে এই হোমগার্ডের বিশেষ প্রয়োজন। কারণ যুদ্ধকালীন পরিস্থিতির সময় শুধু বাইরে যে জোয়ানরা যুদ্ধ করবে সেই সময় গৃহ রক্ষা যদি আমরা না করতে পারি তাহলে তাদের সর্বশক্তি নষ্ট হবে। তাই আজকে গৃহরক্ষী বাহিনী প্রয়োজন হয়েছে। তাই সরকার হোমগার্ড গড়ার জন্য এগিয়ে এসেছেন। তার ট্রেনিংও সুরু হয়ে গেছে। এই বাহিনী যখন দিকে দিকে ট্রেনিং নিয়ে ছড়িয়ে পড়বে তখন দেখা যাবে আমাদের দেশের এই জরুরী অবস্থার জন্য অনেক রকম লোকের সন্ধান দেখা যায়—যেমন আমাদের পঞ্চম বাহিনী যারা

অনেক সময় তারা এই যুদ্ধ প্রচেষ্টাকে ব্যাহত করবার জন্য অনেক চেষ্টা করেন। আমাদের যেখানে প্রডাকশন হচ্ছে তাকে ব্যাহত করার জন্য তাঁরা এগিয়ে যান—যেখানে মুনাফাবাজরা আছে সেখানে তাদের উৎসাহ দেবার জন্য এগিয়ে যান। আবার যেখানে ভারতীয় সৈনিক রিক্রুট করা হয় সেখানেও তাঁরা এগিয়ে যান। এই যে পঞ্চমবাহিনী আছে তাকে আজকে দৃষ্টি রাখবার জন্য এই হোমগার্ডের বিশেষ প্রয়োজন। এই বাহিনী যাতে ভালভাবে গড়ে উঠে তার চেষ্টা করা উচিত। কিছু দিন আগে আমাকে একটা পল্লীগ্রামের মেয়ে, হয়তো শুনেছে যে আমি হোমগার্ডে আছি, আমাকে একটি চিঠি দিয়েছেন। ভারতের মহিলারা এতো কেন কম হোমগার্ডে গেছে। ভারতের নারীরা বীরাঙ্গণা, তারা তাদের স্বামীপুত্রকে রণে সাজিয়ে দেয়। কিন্তু আজকে হোমগার্ডে তাদের সংখ্যা এতো কম কেন? আমি তাঁকে এই কথাই বললাম যে ভারতের নারীদের ইতিহাস আছে। তারা কখনও পিছিয়ে থাকবে না—তারা নিশ্চয়ই ধীরে ধীরে এগিয়ে আসবে এবং যেখানে জাতীয়তাবোধ যাদের নেই, যারা পঞ্চম বাহিনী, তারা আমাদের আশেপাশে ঘুরে বেড়াচ্ছে, এই নারী বাহিনীই তাদের আমাদের থেকে পৃথক করে দেবে এবং আমাদের এই জাতীয় সরকারকে রক্ষা করবে। যখন বাইরে পুলিশ বাহিনী তাদের কাজে রত থাকবে তখন দেশের শান্তি শৃঙ্খলা রক্ষা করার জন্য এবং জরুরী পরিস্থিতির নানা রকম যে অবস্থার সৃষ্টি হবে তারা সেই সময় সেই ব্যাপারে পুলিশের পাশে থেকে সাহায্য করবে। এই কয়েকটা কথা বলছি আমাদের হোমগার্ডের তরফ থেকে। আজকে দেখা যাচ্ছে হোমগার্ডের কাজ আরম্ভ হয়ে গেছে।

এখন পর্যন্ত আমাদের ১,৮১৫ জন হোমগার্ড রিক্রুটমেন্ট হয়েছে এবং তাদের ট্রেনিং চলছে। ১৮২ জন অফিসার তৈরী হয়েছে। এ ছাড়া সিভিল ডিফেন্স বাহিনীও একটি আছে, যার কথা একটু আপনারা শুনেছেন বেসরকারী প্রতিষ্ঠানের তরফ থেকে ইন্ডিয়ান ডিফেন্স এইড কমিটি আছে; কিছুদিন আগে আমাদের বিরোধী দলের বিশেষতঃ কমিউনিস্ট পার্টির তরফ থেকে অনেক আক্রমণ চালান হয়েছে এই ইন্ডিয়ান ডিফেন্স এইড কমিটির চেয়ারম্যানের উপর। আমি আজকে জোর গলায় একথা বলবো এই আই ডি এ সি-র একটি সোস্যাল সার্ভিস কমিটি আছে। তারা যে কত বড় কাজের দায়িত্ব নিচ্ছেন—সরকারী প্রতিষ্ঠান যা করতে পারে না। এই বেসরকারী প্রতিষ্ঠান আই ডি এ সি র ১৫ হাজার ছেলেমেয়ের হোম নার্সিং এবং ফার্স্ট এইড ট্রেনিং শেষ হয়েছে। তাদের পরীক্ষা ৩০ তারিখ থেকে সুরু হবে। ছয়শো লোক ব্লাড কালেকশন করছে গভর্নমেন্টের সাহায্য নিয়ে। এ সম্বন্ধে ডাঃ মিত্র বলেছেন, ছয়টি ব্লাড ট্রান্সফিউশন সেন্টার করা হয়েছে। অবশ্য একথা বড় কথা নয়। পনের হাজার ছেলেমেয়ে যে ট্রেনিং নিচ্ছেন, আরো ট্রেনিং সেন্টার হচ্ছে। কলকাতা সহরে একশো ট্রেনিং সেন্টার চলেছে। আর বাইরে ২৪ পরগনায় ও অন্যান্য জায়গায় আরো সেন্টার খোলা হয়েছে ও ট্রেনিং চলেছে।

আমরা উত্তরবঙ্গে এই ডিফেন্স এইড কমিটির অধীনে সোস্যাল সার্ভিস কমিটির কাজ আরম্ভ করেছি। দিকে দিকে ট্রেনিং সুরু হচ্ছে। এই ট্রেনিং পেয়ে আমাদের ছেলেমেয়েরা যখন বেরিয়ে আসবে, তখন দেখা যাবে আমাদের প্রচুর সমাজসেবী আমরা পাব। এই আপৎকালীন জরুরী অবস্থার সময় তাঁরা আমাদের দেশকে সাহায্য করবে।

এই যে ট্রেনিং দেওয়া হচ্ছে, সরকারের পক্ষ থেকে আমি আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়কে জানাতে চাচ্ছি যারা এই ১৫ হাজার ছেলেমেয়ে ট্রেনিং নিল, তার মধ্যে যাদের ক্লাস এইট অবধি পড়াশুনা আছে তাদের যেন আপনাদের ঐ অক্জিলিয়ারী নার্সিং কোর্স যেটা খুলেছেন, তার মধ্যে অ্যাবসর্ব করা হয়। এই ট্রেনিং দেবার জন্য আমাদের অনেক কষ্ট করতে হবে। এই বলে আমি এই বাজেট সমর্থন করছি।

Shri Padak Mahata:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতবারের নির্বাচনে কংগ্রেসী প্রচারেরর অন্যতম অবলম্বন ছিল গোয়া, এবারে রয়েছে চীন হামলা, আগামী নির্বাচন পর্যন্ত এই চীন হামলার দোহাইকে টেনে নিয়ে যাবার কৃতিত্ব নির্ভর করছে কংগ্রেসী মস্তিষ্কের উপর। আপাততঃ উপনির্বাচনগুলিতে এটা কাজে লাগছে এবং পুরাপুরি কাজে লাগান হবে তা বলাই বাহুল্য। জরুরী অবস্থা ও চীন আক্রমণের কথা তুলে জনগণের ঘাড়ে ট্যাক্সের উপর ট্যাক্স চাপান হচ্ছে। তার জন্য বলা হচ্ছে যে কোন সময়ে চীন আক্রমণ করতে পারে। ত্যাগ কর, টাকা দেও, অত্যন্ত জরুরী অবস্থা।

এমন কি পঞ্চায়েত নির্বাচনগুলিও স্থগিত রাখা হচ্ছে এই কারণে যে সুদূর পল্লীর সামান্যতম পঞ্চায়েতটুকুর নির্বাচন কালেও চীন হামলা ঘটে একটা মারাত্মক অবস্থা সৃষ্টি না হয়। কিন্তু হুড়া, চৌরঙ্গী প্রভৃতি উপনির্বাচনগুলির জন্য জরুরী অবস্থানটার সম্ভাবনা নেই। কারণ নানা কারণে কংগ্রেসী কর্তাদের নির্বাচনী সুবিধার এইটেই ভাল সময় বিবেচিত হয়েছে। এই হেতু জরুরী অবস্থায় কোন নির্বাচনই হতে পারে না -বিরোধী দলগুলিকে এই ধারণা দিয়ে নিজের ভেতরে ভেতরে নির্বাচন সংক্রান্ত সব বিষয়ে তৈরী হয়ে ঘোষণা করা হলো—দেড় মাসের মধ্যেই নির্বাচন। এই হচ্ছে ফ্রি এবং ফেয়ার নির্বাচন বিষয়ে কংগ্রেসী দৃষ্টিভঙ্গী ও শাসনতান্ত্রিক সততার স্বরূপ। হুড়া নির্বাচন ক্ষেত্রে আজ ভয়াবহ দুর্ভিক্ষ চলেছে। সরকারী অযোগ্যতার ফলে জেলায় কাজ না পেয়ে আজ বহু লোক কাজের সন্ধানে জেলার বাইরে। এই অবস্থায় নির্বাচনের ফলে বহু লোক তাদের গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত হবে। কিন্তু সাধারণ দুঃখী মানুষের মধ্যে ভোটার যত কম হয় কংগ্রেস প্রতিষ্ঠানের তাতে সুবিধা। সেই জন্য এই সময় নির্বাচন হলো. আমরা জানি আপত্তি করেও কোন ফল হবে না। কারণ কংগ্রেসের মনে হয়েছে নির্বাচনের এই সুত্যবসর। নির্বাচনী সংগ্রামে এই অসাধুতার জবাব দেবার জন্য জনগণকে আমরা আহ্বান জানাচ্ছি। এটা শাসনতান্ত্রিক তথা রাজনৈতিক অসাধুতার এক প্রকৃষ্ট পরিচয়। জরুরী অবস্থা ও তার স্থায়ী প্রতিবিধানের নামে যে দূষিত রাজনীতি, যে বৈষম্যমূলক ব্যবহার, যে দরিদ্র-পীড়ন চলেছে তার বিষয়ে পূর্বেই বহু কথা বলেছি। আজও আমরা আবার দৃঢ়তার সঙ্গে বলছি যে, এই সব দূষিত রাজনীতি ও অনুগ্রহভাজন ধনীদের কাছ থেকে যা আদায় করা দরকার ছিল, তা না করে দরিদ্র জনগণের প্রতি, তাদের ক্ষমতার সীমার বাইরে করভার চাপানোর কি অবিচারমূলক মনোভাবই দেশরক্ষার কাজকে বিশেষভাবে ব্যহত করছে।

এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Ruling on point of privilege regarding right of members to get correct information from Ministers.

[4-5—4-15 p.m.]

Mr. Speaker: Honourable Members before I call the next speaker, I would take a few minutes of your time.

On the 18th March, 1963, Shri Som Nath Lahiri wanted to know whether it is the right of the members to get accurate information from the Hon'ble Minister and whether the Hon'ble Minister can make a contradictory statement departing from his previous statement and whether such contradictory statement will amount to a correction of his previous statement or refutation thereof. Shri Lahiri's point arose out of a statement made by the Hon'ble Chief Minister in response to the Calling Attention Notices of Shri Kashi Kanta Maitra and Shri Balai Lal Das Mahapatra on the subject of some allegations of Shri Nepal Chandra Roy made on the 8th March, 1963, during budget discussion on the Durgapur Industries Board. Such Calling Attention Notices have been answered by the Hon'ble Chief Minister and he re-affirmed the statement made by him on the 8th and has cleared up the matter. However, regarding the three points raised by Shri Lahiri, I would state as follows:

(a) Strictly speaking, it is not a question of privilege, but it can be called a right of a member to receive correct and accurate information; and

(b) As it is the right of every member to obtain correct and accurate information from a Minister, it is expected that such Minister should always give correct and accurate information, of course as far as possible, before the House;

(c) There is also a right conferred on a Minister to correct any inaccuracy in a statement made by him and he can do so if the attention of the Speaker is drawn or *suo motu* with the permission of the Speaker.

In the present case there is no question of correction or refutation of an earlier statement. The Hon'ble Chief Minister in answer to the Calling Attention Notices has repeated what he had said in the beginning of his speech.

"এবং অনুসন্ধানের ফলে বলতে পারি যে সবগুলি অসত্য"

Contradictory statements are akin to refutation. Only correction of any inaccuracy is permissible.

VOTING ON DEMAND FOR GRANT

Demand for Grant No. 46

Major Head: 78A—Expenditure connected with the National Emergency, 1962

Shri Sanat Kumar Raha:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে জরুরী বরাদ্দ হিসাবে যে বিষয় আমাদের সামনে এসেছে, সে বিষয়ে আলোচনা করার প্রসঙ্গে আমি প্রথমে জানাতে চাই বিভিন্ন দৃষ্টিভঙ্গী থেকে জরুরী পরিস্থিতি বিবেচনা করে প্রতিরক্ষা সম্পর্কে বিভিন্ন মন্তব্য এখানে পেশ করা হয়েছে। আমার মনে হয় যে বিরোধী সদস্যদের মধ্যে বিশেষ করে কমলবাবু ও কাশীকান্তবাবু একেবারে অসন্তুষ্ট হয়ে পড়েছেন, এই জন্য যে প্রতিরক্ষা ব্যবস্থায় জরুরী পরিস্থিতিতে কেন কমিউনিস্ট বা কমিউনিজম ভাবাপন্ন 'দেশদ্রোহীদের' আরও বেশী করে সায়েস্তা করা হচ্ছে না। পরন্তু আমি এই কথা জানাই জরুরী পরিস্থিতির সুযোগ নিয়ে অন্যান্য পার্টি এই কথা বলেছেন যে কংগ্রেস শাসক পার্টি গ্রামে থেকে আরম্ভ করে সহর পর্যন্ত সেই উন্মাদনা ও চেতনা সৃষ্টি করতে পারেন নি, যাকে বলে দেশপ্রেমিক প্রতিরোধ। বরং উল্টো হয়েছে। জরুরী পরিস্থিতির সুযোগ নিয়ে কমিউনিস্ট বা কমিউনিজমকে আঘাত করবার জন্য কংগ্রেসের তলাকার চাঁই থেকে আরম্ভ করে উপরতলার চাঁই পর্যন্ত সকলেই ব্যস্ত হয়ে উঠেছেন এবং কিভাবে একটানা আঘাত করা যায় তার জন্য একটা ব্যাপক ষড়যন্ত্র চলেছে।

কমলবাবু স্বীকার করেছেন যে কংগ্রেস থেকে কমিউনিস্ট পার্টিতে আসার আগে এবং কাশীকান্তবাবুরও সেই রকমই মত যে তারা মনে করছেন এই অপদার্থ কংগ্রেস সরকারের দ্বারা কমিউনিস্ট পার্টির মত পঞ্চম বাহিনীকে ব্যাহত করা যাবে না, ধ্বংস করা যাবে না। ইতিহাসেও লিখন আছে কি না জানি না, মাথা খুঁটলেও তা পাওয়া যাবে কি না জানি না, পি এস পি-রা ফরোয়ার্ড ব্লক, তারা ইতিহাসের ভাগ্য-নিয়ন্তা হয়ে কোন দেশে কোন দিন আসবে কি না জানি না। যাই হোক, প্রতিরক্ষা সম্পর্কে আলোচনা ক্ষেত্রে আমার মনে হয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুটি সাইকোলজি চেতনা থেকে, এই দৃষ্টিভঙ্গী থেকে এই প্রতিরক্ষার ব্যবস্থা আলোচনা করা যেতে পারে। একটা হচ্ছে নিছক প্রতিরক্ষার জন্যে, দেশকে রক্ষা করবার জন্যে, বৈদেশিক শত্রু বা দেশকে আক্রমণ করার জন্যে কিভাবে দাঁড়াবো সে সম্পর্কে একটা চিন্তা, আর একটা হচ্ছে এই ফ্রন্টটিকে কিভাবে কম্বাইন করবো রেয়ার-এর সঙ্গে, যার জন্য দরকার জনসাধারণের সঙ্গে আর একটা ইন্টিগ্রেটেড প্ল্যান চেতনার দিক দিয়ে আমি বলবো, প্রতিরক্ষা চেতনাকে যেভাবে বিকল্প, যে কৃত্রিমভাবে আপনারা খাড়া করেছিলেন, এই কংগ্রেস শাসক পার্টি যেভাবে প্রতিরক্ষার নামে লোককে এডুকেট করার চেষ্টা করেছেন সেটা হচ্ছে কৃত্রিম, অ্যাবস্ট্রাক্ট, আনরিয়েল। আমি এই জন্য বলবো দেশকে রক্ষা করবার জন্য, দেশের কোটি কোটি মানুষের দৃষ্টিভঙ্গীকে যাঁরা সম্মান দেন না তাঁরা দেশকে রক্ষা করতে পারবেন না। ইমার্জেন্সী পিরিয়ড-এ এই উপহার আমরা পেয়েছি। আজকে খবরের কাগজ খুলে দেখলাম একটা গোটা সংসার উপহার দিয়েছে কংগ্রেসের হাতে বাংগালোরে। স্বর্ণবিধির ফলে একটি সংসার পৃথিবী থেকে উৎখাত হয়ে গেল, ভারতবর্ষের জরুরী পরিস্থিতিতে গোল্ড, নূতন স্বর্ণবিধির আঘাতে। ঠিক এই রকম উপহার প্রত্যেক দিনই পাচ্ছি। গ্রামে গেলে দেখবো, সার্কেল অফিসার, রেভিনিউ অফিসার থেকে আরম্ভ করে পুলিস নিয়ে গিয়ে ঘরে ঘরে হামলা ছয়-সাত বৎসরের খাজনা এক সঙ্গে দাও, দিতে না পারলে তাকে বলা হবে তুমি চীনপন্থী এইভাবে সায়েস্তা করার জন্য একটা

গুরুদণ্ড হাতে করে নিয়ে মাস্টার মশায়ের মত সমস্ত দুনিয়ার লোককে শিখিয়ে শিখিয়ে পড়াবো যে আমরা দেশপ্রেমিক, একচেটিয়া পার্টি, আর বাকী পার্টি দেশদ্রোহী পঞ্চম বাহিনীর দল, বিশেষ করে কমিউনিস্ট পার্টি। কাজেই এই যে প্রতিরক্ষা ব্যবস্থা নিয়ে আমাদের সামনে হাজির হয়েছেন তা তো সকলেই স্বীকার করে নিয়েছে—কিন্তু এই বিধানসভার ভিতরে ও বিধান-সভার বাইরে একটি কথা সর্বজনগ্রাহ্য হয়ে গিয়েছে—যে আমাদের দেশে প্রতিরক্ষার নামে, ইমার্জেন্সীর নামে, সেই সেই দেশপ্রেমের আহ্বান, সেই ইন্সেন্টিভ, যাকে বলে ইনস্পিরেশন, তা জাগ্রত করতে সরকার ব্যর্থ হয়েছেন। যার ফলে সরকারের পৃষ্ঠপোষিত হয়ে সেই সব বড় বড় লোক সোনার তাল জমিয়ে রেখেছে। আর সোনার বিবিধ আঘাতে মরলো আমাদের দেশের পরেশ এবং সুনীল। এই যে আহ্বান যা আপনারা দিতে পারেন নি, যা দিয়ে জনসাধারণের যৌবনকে কাজে লাগাতে পারেন নি, যার ফলে মানুষকে যথং বন্ধ্যাগ্রস্থ করে দেওয়া হয়েছে। সঠিক সংবাদ সঠিকভাবে দেশের লোককে পরিচালনা করবার জন্যে, গ্রাম থেকে সহরে লোকের চরিত্র গঠন করে যেভাবে ঐক্যকে আরো সংহত করা যায় তার জন্য, উৎপাদন ব্যবস্থাকে আরো দৃঢ় করবার জন্য এবং আমাদের ভারতবর্ষের যে সর্বশ্রেষ্ঠ রাজনীতি, যে নীতির ফলে আমরা সারা বিশ্বে এখনও বিগ্রুত হয়ে আছি, সেই নিরপেক্ষ নীতিকে আরো প্রচণ্ডভাবে জাগিয়ে তুলবার জন্যে সেই ব্যবস্থা কই? এই রাজনৈতিক, অর্থনৈতিক এবং সামাজিক, এই তিনটিকে ইন্টিগ্রাল ওয়ে-তে পরিকল্পনার মধ্যে আনা হয় নি। যার ফলে আমরা দেখি একদিকে জোয়ানদের জন্য যা দান করা হয়, যে দান করেছে লক্ষ লক্ষ, কোটি কোটি লোক, সেই দান করার মধ্যেই অপর দিকে সুযোগ খুঁজে বেড়াবে কি করে পরের মাথায় কাঁঠাল ভেঙ্গে আমি আমার সম্পত্তি আরো বাড়াতে পারি। ইন্ডাস্ট্রিয়াল ট্রুস শিল্পে শান্তি চুক্তি লঙ্ঘন করায় দৃষ্টান্ত এই বিশ্বাসঘাতকতার দৃষ্টান্ত। সোনাকে চুরি করে ফাঁকি দিয়ে রাখার দৃষ্টান্ত এই বিশ্বাসঘাতকতার দৃষ্টান্ত। ডি আই রুলস তৈরী হয়েছে আর একটি উপহার। ডি আই রুলস-এ আমরা পেয়েছি কি? সরকার যখন ইমার্জেন্সী পিরিয়ড-এ ক্ষমতা পান হাতে তখন তাঁর ডাবল ডিউটি থাকে, দুই রকমের কাজ থাকে। একটা, তার প্রথম পজিটিভ কর্তব্য হচ্ছে প্রতিরক্ষার জন্য দেশকে তৈরী করে দেওয়া, প্রিপারেশন করা এবং তা আপ টু দি মার্ক তৈরি করে রাখা। দ্বিতীয় হচ্ছে একটা সোসিও-ইকনমিক পলিসি থাকে যার ফলে গভর্নমেন্ট পাওয়ার পেলে পরে সেটিকে আরো দ্রুততর করতে পারেন। আমার মনে হয় সরকারের অপদার্থতা, সরকারের ব্যর্থতা সমস্ত দেশের লোক, সমস্ত পার্টি এবং কংগ্রেস পার্টি সহ স্বীকার করে নিয়েছেন যে আমরা সেই প্রেরণা সৃষ্টি করতে পারি নি। গভীরভাবে চিন্তা করা দরকার, কেন এই প্রেরণা সৃষ্টি করতে পারলাম না। পাঁচ মাস সময় গেল, এত টাকা খরচ হল, এত নেতা সারা পৃথিবীতে ঘুরছেন, দেশে দেশে ঘুরছেন, কংগ্রেস শাসক তাদের হাতে এত শক্তি ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস দেওয়া হয়েছে, আরো নূতন পুরাতন বহু রকমের আইনের শক্তি নিয়ে তাঁরা বেড়িয়ে এসেছেন কিন্তু তবু দেশের লোককে সঙ্ঘবদ্ধ করে, অনুপ্রাণিত করে এই রাস্তায় এগিয়ে যাবার জন্য তাঁরা ব্যর্থ হলেন কেন? এটা চিন্তা করতে হবে। কমিউনিস্ট পার্টি বলে, দেশদ্রোহী বলে তাকে ধামাচাপা দেবেন না।

[4-15—4-25 p.m.]

আমরা চিন্তা করি, যত যাই বলুন কমিউনিস্ট পার্টি পৃথিবীতে বিভিন্ন পার্টির দ্বারা সেই দেশে নিন্দিত হয়েছে কিন্তু ইতিহাসের লিখন হচ্ছে, এ এক অদ্ভুত লিখন, সেই পার্টি নিন্দিত হওয়া সত্ত্বেও আবার সরকারের গদীতে আসীন হয়েছে। আজকে বলবেন ভারতবর্ষের পার্টি বাদে। সব দেশের লোকই একথা বলে যে আমাদের দেশের পার্টি খারাপ কিন্তু পৃথিবীর অন্য দেশের পার্টি ভাল। দুদিন আগে শুনতাম চীনের পার্টি ভাল, ভারতবর্ষের পার্টি খারাপ। আজকে চীনের পার্টি খারাপ ভারতবর্ষের পার্টিও খারাপ। এখন রাশিয়ার পার্টি হয়ত ভাল হতে পারে কিছুটা। আবার কারো কারো কাছে চীন রাশিয়া সব সমান, উভয়েরই একই চরিত্র। কাজে কাজেই এমন কথাও শুনি পার্লামেন্টের মধ্যে গোটা চীন জাতকে বলতে হবে শত্রু। এই যে প্রশ্ন, এই যে একটা চিন্তাধারা, অন্ধতা, ব্লাইন্ডনেস এটা, যাঁর রাজনীতিতে অ, আ, ক, খ-র জ্ঞান আছে তাঁরা বলবেন না একটা জাতিকে শত্রু—সমস্ত চীনা আমাদের শত্রু হয়ে গিয়েছে এই কথা নিয়ে বিতণ্ডা হওয়ার কোন সুযোগ থাকে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি এই প্রতিরক্ষা এবং জরুরী পরিস্থিতিতে কয়েকটি কথা যা আমার মনের মধ্যে এসেছিল এবং

যেটা মনে করি সেটা হচ্ছে এই, আমাদের ১নং চিন্তা করতে হবে যে কেন আমাদের এই ব্যর্থতা হয়েছে। কেন দেশকে আমরা অনুপ্রাণিত করতে পারছি না। ব্যর্থতা হয়েছে এইজন্যই যে শ্রেণী, যে শাসকগোষ্ঠী এই সরকার পরিচালনা করছেন তাঁরা একচেটিয়া কারবারী এবং সমাজের যারা সব থেকে নিকৃষ্ট শ্রেণীর, যারা টাকার লালসা এবং মুনাফা নিয়ে আছে, তাদেরই স্বার্থ পুষ্ট করার জন্য এই সরকার গদীয়ান হয়ে আছেন। আপনারা তাদের মধ্যে কেউ কেউ সৎলোক থাকতে পারেন এবং কেউ কেউ চিন্তা করতে পারেন যে আপনারা তার থেকে মুক্ত, তাঁদেরকে আহ্বান করবো আমরা, আপনারা চিন্তা করে দেখুন কোথায় জট আছে, কোথায় গলদ আছে, যার ফলে পশ্চিমবাংলাদেশ কেন, সারা ভারতবর্ষের ৪৪ কোটি লোককে আজকে এই স্তব্ধতার মধ্যে এনে ফেলেছে। কোথায় সেই দেশ প্রেমিকতার আহ্বান, কোথায় সেই চাষী-মজুর-মধ্যবিত্তকে একযোগ করে জাতীয় প্রতিরক্ষা করার জন্য উৎপাদনকে আরো দৃঢ় করার জন্য, আরো সংহত করার জন্য শ্রমিক মজুরকে বাঁচানর জন্য আজকে আপনাদের সেই আইন কানুন কই? আজকে সেই প্রতিরক্ষার ব্যবস্থা কই যা কম্বাইন করবে রিয়ার-এর সঙ্গে ফ্রন্টকে। যে [illegible]-এর ফলে ভারতবর্ষে আজ নূতন জীবনের সূচনা করবে এবং সেই নূতন জীবন, নূতন প্রভাব নিয়ে আসবে। আমি মনে করি আজকে এই জরুরী পরিস্থিতিতে দুটি কাজ আছে, একটা হচ্ছে প্রতিরক্ষার কাজ যেমন থাকবে তেমনি সোসিও-ইকনমিক অর্থাৎ সামাজিক এবং অর্থনৈতিক পুনর্গঠনের কাজটা যদি আপনারা ঢিলে দেন, কোন দিনই আপনার সে অনুপ্রেরণা আনতে পারবেন না।

Shri Apurba Lal Mazumdar:

মাননীয় স্পীকার মহাশয়, জনসাধারণের মধ্যে যে দেশপ্রেমের উৎসাহ ও উদ্দীপনা এসেছিল, আস্তে আস্তে সেই উৎসাহ ও উদ্দীপনায় কেন ভাটা পড়ে গেল। ওপক্ষের বক্তারা একথা বলেছেন যে কয়েক মাস পূর্বে যে অভূতপূর্ব জাগরণ আমরা লক্ষ্য করেছিলাম জাতির প্রতিটি ক্ষেত্রে, আজকে অল্প দিনের মধ্যে মনে হয় সমস্ত স্তিমিত হয়ে গেল। এর কারণ কি? একটু অনুসন্ধান করলে দেখা যাবে যে এই ইমার্জেন্সীর নামে আমরা কিভাবে জনসাধারণের উপর গরীব মানুষের উপর চাপ সৃষ্টি করেছি, কিভাবে নিজেদের দলগত স্বার্থ পুষ্ট করার জন্য আমরা এই সুযোগটিকে ব্যবহার করেছি। আমি একটি দৃষ্টান্ত আপনার কাছে দিচ্ছি। আমারই এলাকায় বাউড়িয়া থানায়, প্রণব ব্যানার্জি একজন অত্যন্ত গরীব লোক, হকার, তিনি হকারী করে জীবন যাপন করেন। গত নির্বাচনের সময় তিনি কংগ্রেসের বিরুদ্ধে কাজ করেছিলেন, সেইজন্য সেই অঞ্চলের কংগ্রেসের লোকরা তাঁর উপর অত্যন্ত বিরক্ত এবং তাঁকে তখন থেকেই কি করে জব্দ করা যায় তার চেষ্টা করছিলেন। এবং এই সুযোগ জুটে গেল। এই আইন পাশ হবার সঙ্গে সঙ্গে ওখানকার বিশিষ্ট কংগ্রেসকর্মী, কানাই দে, তিনি থানায় দরখাস্ত করে দিলেন যে, অমুক প্রণব ব্যানার্জি তিনি চায়ের দোকানে বসে চীনের সমর্থন করে কথা বলেছেন। দরখাস্ত পাবার সঙ্গে সঙ্গে ও সি সেই গরীব হকারটিকে অ্যারেস্ট করে নিয়ে গেলেন। কোন রাজনীতির তিনি ধার ধারেন না, কোন পলিটিক্যাল পার্টি-র তিনি মেম্বারও নন। সেই ও সি চেষ্টা করলেন এবার যখন তাঁকে ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করা হয়েছে তখন নিশ্চয়ই সাক্ষীও তৈরী করতে হবে। তিনি সাক্ষীও তৈরী করলেন এবং দুর্ভাগ্য সেই হকার আজো জেলখানার মধ্যে পচছে। সেখানকার দু'-তিনজন কংগ্রেসকর্মী তাঁর বিরুদ্ধে সাক্ষী দাঁড়ালেন এবং ও সি তাঁকে ধরে নিয়ে গেল। এখন পর্যন্ত সে হাজতে আটকা পড়ে আছে।

[4-25—4-35 p.m.]

শুধু একটা নয়, আমি আপনার কাছে আরও দুই-একটি দৃষ্টান্ত দিচ্ছি, যে কিভাবে হীন স্বার্থকে চরিতার্থ করবার জন্য বিভিন্ন জায়গায় কংগ্রেস কর্মীরা এই সুযোগ গ্রহণ করে বিরুদ্ধ পক্ষের মানুষের বিরুদ্ধে কিভাবে তারা নির্যাতন এবং নিষ্পেষণ চালিয়ে যাচ্ছেন। চন্দননগরের বিজয় মজুমদারকে ব্যোমকেশ মজুমদারের দলের দুইজন লোক শরৎ মুখার্জি এবং সনৎ মুখার্জি তারা মুখ্যমন্ত্রীর কাছে একটা টেলিগ্রাফ পাঠিয়েছিলেন যে তিনি ওখানে সমাজবিরোধী কাজ করছে। তেসরা জানুয়ারি মুখ্যমন্ত্রীর কাছে তাঁরা টেলিগ্রাফ পাঠিয়েছিলেন। তার ফলে হল ২০শে ফেব্রুয়ারি তাঁরা একজন লোককে দাঁড় করিয়ে একটা পিটিশন দিলেন যে প্রতিরক্ষা আইনে

তাঁকে গ্রেপ্তার করা হউক কারণ তিনি নাকি একজন লোকের কাছ থেকে দিবাকর বিশ্বাস তার নাম ইন্ডিয়া ডিফেন্স ফান্ডের টাকা তোলার নাম করে নাকি ১০ টাকা মেরে দিয়েছেন, টাকা আত্মসাৎ করেছে। এই ভদ্রলোক জানতো না যে দিবাকর বিশ্বাস কে, তাকে খ‍ুজে বার করা হলো, সে তখন বলল কৈ আমি তো তার বিরুদ্ধে কোন অভিযাগ করি নি। তারা তার কাছ থেকে সাদা কাগজে সই করিয়ে নিয়ে গিয়েছিলেন যে গম পাওয়া যাবে বলে, ব্যোমকেশবাবু যিনি সমাজ-কল্যাণ পরিষদের সভাপতি তারই দলের সমর্থক সমর মুখার্জি এবং সনৎ মুখার্জি তারাই দিবাকর বিশ্বাসের কাছ থেকে সাদা কাগজে সই করিয়ে নিয়েছেন গম দেবে বলে এবং সেটাই এফ আই আর হিসাবে দাখিল করা হলো যে ভারতরক্ষা আইনে তাকে গ্রেপ্তার করা হউক। আর সেই দিবাকর বিশ্বাস কোর্টে গিয়ে এফিডেভিট ফাইল করল- সেই এফিডেভিটের আটেসটেড কপি আমার কাছে আছে। তিনি কোর্টে গিয়ে বললেন যে আমি বিজয় মজুমদারের হাতে প্রতিরক্ষা তহবিলে কোন চাঁদা দিই নি এবং চিত্ত বিশ্বাসের কাছ হইতে কোন টাকা হস্তগত করিয়া বিজয় মজুমদারের কাছে টাকা দিই নি। তিনি আরও বলেছেন শ্রীশরৎ মুখার্জি, সনৎ মুখার্জি এবং নিরোদ মুখার্জি তারা সমাজ-কল্যাণ পরিষদ মারফৎ গম জোগাড় করিয়া দেবেন বলিয়া বহু লোকের নিকট হইতে সাদা কাগজে সই করিয়ে নেয়—তাদের কথা বিশ্বাস করিয়া গত ২রা নবেম্বর তারিখে আমিও সাদা কাগজে সই করে দিই, সেই কাগজই বিজয় মজুমদারের বিরুদ্ধে ইস্তেহারে পরিণত হইয়াছে। ইহা আমার মতে সত্য। তাহলে কতখানি কর‍াপশান যে যাকে দিয়ে এফ আই আর করলেন কোর্টে গিয়ে এফিডেভিট করে তিনি প্রতিজ্ঞাপূর্বক বললেন যে আমি এই ধরনের কোন এফ আই আর করি নি। এই হচ্ছে অবস্থা। কারণ সেখানকার কংগ্রেসকর্মীরা যারা ব্যোমকেশ মজুমদারের সমর্থক বিজয় মজুমদার যেহেতু এদের সমর্থন করে না, সেজন্য তার বিরুদ্ধে এই রকম হীন ষড়যন্ত্র করা হলো। এই যদি অবস্থা হয় তাহলে জনসাধারণের মধ্যে কি করে উৎসাহ থাকবে। যদি দেখা যায় এই আপৎকালীন অবস্থার সুযোগ নিয়ে আপনাদের বিরুদ্ধে যারা দাঁড়ায় অন্যায়ের বিরুদ্ধে যারা দাঁড়ায় আর আপনাদের কংগ্রেস কর্মীরা বিভিন্ন জায়গায় থানার ও-সিকে ইনফ্লুয়েন্স করে বাধ্য করে এই ভাবে অপমান এবং নির্যাতন করবার চেষ্টা করেন তাহলে কেন আপনাদের সমর্থনে জনসাধারণ আসবে? শুধু তাই নয়, বিভিন্ন জায়গায় কলকারখানায় যদি দেখেন আমাদের ইমার্জেন্সীর রুল হবার পর এই নবেম্বর ডিসেম্বর মাসের মধ্যে অর্থাৎ এই দুই মাসের মধ্যে পশ্চিমবঙ্গে প্রায় এক হাজার ৫৫০ জন শ্রমিককে লে-অফ করা হয়েছে, রিট্রেঞ্চ করা হয়েছে। আমি মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই যে যারা ইন্ডাস্ট্রিয়ালিস্ট তারা এই সুযোগ নিয়ে কত ওয়ার্কারকে কত শ্রমিককে বিশেষত যারা কংগ্রেসের বিরুদ্ধে কাজ করেছে তাদের লে-অফ করা হয়েছে, তাদের ডিসমিস করা হয়েছে। তারপরে আমি আরেকটি কথা বলতে চাই যে জিনিষপত্রের দাম কিভাবে বেড়েছে—একথা অন্যান্য মাননীয় সদস্য বলে গেছেন, আমি শুধু এখানে একটা হিসাব দেব। এই হাউসে মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন যে চালের দাম পাঁচ থেকে ছয় টাকা বেড়ে গিয়েছে গত বছরের তুলনায়। যদি তাই বেড়ে থাকে তাহলে প্রতি মাসে পশ্চিমবঙ্গে কতখানি চালের দরকার হয়, যে চালের দরকার হয় প্রতি মাসে পশ্চিমবঙ্গে যদি হিসেব করে দেখা যায়, গড়ে সেই চালে এক্সট্রা প্রফিট করেছে চালের কারবারীরা প্রায় ৬॥ কোটি টাকা। এক বছরের হিসাব করে দেখা যায় তাহলে দেখব চালের কারবারীরা এখানেও তাদের কয়েকজন বসে আছেন ঐ ধারে বসে আছেন, তারা এই সুযোগে প্রায় ৮০ কোটি টাকা এক্সট্রা প্রফিট করবেন। কনজুমার যারা তাদের কাছ থেকে মুনাফা করবে এই চালের ব্যবসায়ীরা। যখন লড়াই করবার বা আন্দোলন করবার কোন স্কোপ নেই। এই সুযোগে শুধু চালের কেন প্রতিটি অত্যাবশ্যকীয় জিনিষের উপর লাভ করবে ব্যবসায়ীরা। যার উপর ট্যাক্স বসেনি তার উপরও যদি ব্যবসায়ীরা যদি অতিরিক্ত মুনাফা লোটেন তাহলে তার বিরুদ্ধে আমি এই বিধানসভার মধ্যে দাঁড়িয়ে নিশ্চয়ই বলব এবং তার জবাবও নিশ্চয়ই মুখ্যমন্ত্রীকে দিতে হবে। আমি শুধু চালের হিসাব দিলাম যদি প্রত্যেকটি জিনিষের হিসাব আমরা নিই তাহলে দেখব যে কোটি কোটি টাকা ব্যবসায়ীরা এই ইমার্জেন্সীর সুযোগে তারা লুটে নিচ্ছে। তাহলে মানুষের ভিতরে উৎসাহ কি করে থাকবে। যদি হীন স্বার্থকে আপনারা চরিতার্থ করবার জন্য এবং ব্যবসায়ীদের এক্সট্রা মুনাফা করে দেবার জন্য ইমার্জেন্সীর স্বরূপ হয় তাহলে নিশ্চয়ই মানুষের উৎসাহ কমে যাবে। আমি আরেকটি কথা এখানে স্পষ্ট করে সেটা হচ্ছে সিভিল ডিফেন্সএর কথা। আমরা দেখছি এখানে পি কে সেন

তিনি এর কন্ট্রোলার হয়েছেন। তিনি তার পেটোয়া লোকগুলিকে এর মধ্যে টেনে এনেছেন। অরুণ চৌধুরী তিনি এক্স ডি সি ছিলেন, তিনি সুরজমল নাগরমলে কাজ করছিলেন তাঁকে ওখান থেকে টেনে আনলেন। আমি বলি এটা পুলিশ ডিফেন্স হয়েছে। এই ইমার্জেন্সীর সুযোগে বাংলাদেশের পুলিস অফিসাররা কিভাবে প্রোমোশন পেয়েছেন দেখুন। দুই জনকে ডি সি-তে প্রোমোশন দেওয়া হল, পাঁচ জনকে এ সি-তে প্রোমোশন দেওয়া হল, ৩০ জনকে ইনস্পেক্টর করা হলো, ১০০ জনকে সাব-ইনস্পেক্টর-এ প্রোমোশন দেওয়া হল এবং ২০০ জনকে এ এস আই-তে প্রোমোশন দেওয়া হল। পুলিস বলছে চীন কব আয়েগা। প্রোমোশনের লুট চলেছে। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি যে সাধারণের টাকায় এইভাবে ইমার্জেন্সীর নাম নিয়ে খরচ করছেন যখন ইমার্জেন্সী থাকবে না তখন আপনারা কি এই সমস্ত পুলিশ অফিসার-দের রিভার্ট করে দেবেন? না জনসাধারণের টাকা নিয়ে আপনারা এইভাবে ছিনিমিনি খেলবেন? তারপর হোমগার্ড আপনারা যা করেছেন, আপনাদের দলের লোক নিয়ে তৈরী করেছেন। হাওড়াতে আমি জানি আপনারা ৪০০ লোকের নাম তালিকাভুক্ত করেছিলেন কিন্তু যে দিন প্যারেড হবার দিন দেখা গেল যে মাত্র ১২৩ জন হাজির হয়েছে। আর প্রায় ৩০০ জন হাজির হয় নি। তাদের কি ধরনের দেশপ্রেম আছে জানি না, তারা বলেছেন ঐ ধরনের নোংরা পোষাকে তারা প্যারেড করতে রাজী নয়। এই তো হোমগার্ডের অবস্থা। এই হোমগার্ডের যিনি ইন-চার্জ মিস্টার বি কে বর্ধন তাকে কোথা থেকে ধরে আনলেন, বোধ হয় তিনি খৈতানের চাকরী করছিলেন তাঁকে সেখান থেকে নিয়ে আসলেন এই করে কি সাধারণ মানুষের উৎসাহ পাবেন। এই করে কি জিনিষপত্রের দাম কমান যাবে না দেশের লোকের মধ্যে উৎসাহ আনা যাবে। শুধু নিজেদের হীন চক্রান্ত চরিতার্থ করতে পারেন, তা ছাড়া আর কিছু করতে পারবেন না।

Shri Krishna Kumar Shukla:

মাননীয় স্পীকার মহাশয়, জাতীয় আপৎকালীন অবস্থায় দেশ রক্ষার জন্য যে বাজেট এসেছে আমি তাকে সমর্থন করবার জন্য উঠেছি। কয়েক ঘন্টা ধরে খুব স্থিরভাবে আলোচনা শুনেছি এবং বোঝার চেষ্টা করেছি। আমরা এই ইমারজেন্সি সম্বন্ধে কোন জ্ঞান-গমি৷ রাখি কি না আমরা সেটা চিন্তা করার চেষ্টা করেছি। কিভাবে ইমারজেন্সিকে আমরা গ্রহণ করবো এবং ইমারজেন্সি কাকে বলে সেটা আমরা চিন্তা করার চেষ্টা করেছি কিনা সেটা দেখতে হবে। বরাবরই এক কথা এখানে বলা হচ্ছে এবং তোলা হচ্ছে যে আমরা ন্যাশনাল ইমারজেন্সি অবস্থায় ব্যর্থ হয়েছি। আমরা যদি ব্যর্থ হই তাহলে কারা সমর্থ হতে পারেন? আমরা কিসে ব্যর্থ হয়েছি? দেশের এই বিপদের সময় আপনাদের আহ্বানে, মায়ের আশির্বাদ মাখানো বালা নেমে আসে নি, ভগ্নীর গলা থেকে ভালবাসা মাখানো তার হার নেমে আসে নি, কন্যার কানের দুল নেমে আসে নি, নেমে আসে নি সাধারণ মানুষের কাছ থেকে তাদের যা কিছু সঞ্চিত পুঁজি। দেশের বিপদের মুহূর্তে আমাদের আহ্বানে আমাদের নেতৃত্বে যারা আজকে এখানে বাজার গরম করবার চেষ্টা করছেন যে আমরা ব্যর্থ হয়েছি তাঁদের দৃঢ়তার সঙ্গে বলতে চাই যে আমরা মোটেই ব্যর্থ হয় নি। এবং দেশের বিপদের সময় আমাদের দ্বারা যা কিছু করণীয় ছিল আমরা তা করেছি, করছি এবং করে যাবো। আমরা নাকি দেশ সেবায় ঠিকই এগিয়েছি। দেশ সেবার কন্ট্রাক্ট নিয়েছেন কমিউনিস্ট বন্ধুরা, ফরওয়ার্ড ব্লকের নেতারা, আর এস পি এবং অন্যারা নিয়েছেন। যারা দেশের এই বিপদের সময় দায়িত্ব পালন করলেন না—শুধু আলোচনা করে গেলেন তাঁরাই দেশ সেবার কন্ট্রাক্ট নিয়েছেন। আমরা যারা ৬২ বছর ধরে নিরবচ্ছিন্ন সংগ্রাম করে দেশের স্বাধীনতা আনলাম..........

[illegible]

আমাদের আহ্বানে দেশের আপমর জনসাধারণ বৃটিশ সাম্রাজ্যবাদীর হাত থেকে দেশকে মুক্তির পথে নিয়ে গিয়েছিল। অতএব আমরা ব্যর্থ হয়েছি আর সমর্থ হলেন এ'রা, ও'রা এবং তাঁরা (বিরোধী পক্ষকে নির্দেশ)। আজকে আমাদের বোঝবার চেষ্টা হচ্ছে যে ন্যাশনাল ইমারজেন্সি তাঁদের কাছে শিখতে হবে যে এই ইমারজেন্সির সময় কি করা উচিত। কমিউনিস্ট বন্ধুরা বোঝানোর চেষ্টা করেছেন যে আমরা ব্যর্থ হয়েছি। ও'দের দেশেও একবার বিপদ এসেছিল দ্বিতীয় মহাযুদ্ধের সময় রাশিয়ার ডায়েরী নিশ্চয়ই কোনদিন পড়েন নি বা কোনদিন বোঝার চেষ্টা করেন নি। স্ট্যালিনগ্রাডকে হিটলার যখন অবরুদ্ধ করেছিলেন সেই স্ট্যালিনগ্রাডের

জনগণ কিভাবে যুদ্ধ করেছিলেন। স্ট্যালিনগ্রাডকে কিভাবে তাঁরা বাঁচিয়েছিলেন নিজের ঘরের ছেলেকে হত্যা করে তার মাংস খেয়ে সেদিন রাশিয়ানরা স্ট্যালিনগ্রাডকে বাঁচাবার চেষ্টা করেছিল যুদ্ধ করে। যদি এটা তাঁদের পক্ষে সম্ভব হয় তাহলে আমাদের দেশ যখন বিপন্ন আমরা যখন আমাদের দেশের ইমারজেন্সিতে সমস্ত জাতিকে উদ্বুদ্ধ করবার চেষ্টা করছি তখন আমাদের আহ্বানে সমস্ত জাতি আজ উঠে দাঁড়িয়েছে। ঠিক সেই সময় এ'রা বোঝানোর চেষ্টা করছেন আমরা ইমারজেন্সিতে ব্যর্থ হয়েছি। অবশ্য আমরা একটা কাজে ব্যর্থ হয়েছি সেটা হচ্ছে আমাদের কমিউনিস্টরা যা চেয়েছিলেন আমরা তা এদেশে হতে দিই নি। কারা ও'দের ডেকে আনতে চেয়েছিলেন এবং বুঝিয়েছিলেন জনগণ বিক্ষুব্ধ, কংগ্রেস গভর্নমেন্ট কেউ মানে না, নেহেরুর নেতৃত্ব ভারতে চলে না এবং আমরাই এদেশের মালিক। এই চার সরিক তাদের সঙ্গে হাত মিলিয়ে ও'দের মাথা খারাপ করেছিল। আজকে এসে কমিউনিস্ট পার্টিকে গালাগালি দিয়ে তাঁরা তাঁদের দায়িত্ব এড়াবার চেষ্টা করছেন। কিন্তু একথা জনসাধারণের কাছে আজকে দ্বিধাহীন কণ্ঠে ঐ চার সরিককে বলে যেতে হবে.........

[নয়েজ]

তাঁরা যে ৬ পার্টি যুক্ত ছিলেন সেটা আজকে তাঁরা ডিজোন করেন নি। আজকে ডিজোন করেন কিনা তার হিসাব বাইরে দেবো............

[নয়েজ]

এই চারটি তথাকথিত বিরোধী পার্টি কমিউনিস্ট পার্টির সঙ্গে নির্বাচনে এক হয়ে বুঝিয়ে দিয়েছিল যে আমরা সংগঠিত বিরোধী দল—আমরা ইচ্ছা করলে কংগ্রেস গভর্নমেন্টকে ব্যর্থ করে দিতে পারি। ও'দের এই ভুল বোঝাবার জন্য কমিউনিস্ট পার্টি আজকে দেশের সঙ্গে বিশ্বাসঘাতকতা করার চেষ্টা করেছিল। এখানে একটা ভুয়া কথা বলে একটা বিরাট কিছু জনগণের চোখের সামনে থেকে সরিয়ে দেবার চেষ্টা ও'রা করেছেন। আজকে আবার সেই দুর্ভিক্ষের কথা, অপচয়ের কথা, দুর্নীতি ইত্যাদি নানা কথা বলে ইমারজেন্সির আসল কথাটা তাঁরা চেপে দিতে চাইছেন এবং জনগণকে বিক্ষুব্ধ করার চেষ্টা করছেন। আমাদের দেশের মানুষ ও'দের কথা শুনেন নি—আজকেও শুনেন না। আমাদের অপূর্ববাবু একটা ফিরিস্তি শুনালেন যে কাকে কবে কোথায় ডি আইতে এ্যারেস্ট করা হয়েছে এবং কাকে রেখে দেওয়া হয়েছে। আমি একটি মাত্র নাম আপনার মাধ্যমে হাউসের অবগতির জন্য উপস্থিত করতে পারি। তিনি ডি আইতে এ্যারেস্ট হয়ে ছাড়া পেয়েছেন—তাঁর নাম শ্রীযামিনী সাহা।

[4-35—4-45 p.m.]

ডিফেন্স অফ ইন্ডিয়া রুলে শ্রীযামিনী সাহা এ্যারেস্ট হয়েছিলেন, তিনি কমিউনিস্ট পার্টির লোক, অতএব এ দোষে আমরা দুষ্ট নই। এ দোষে দুষ্ট নই যে ইমারজেন্সীকে জনসাধারণের বিরুদ্ধে ব্যবহার করছি, এই ইমারজেন্সী কোন রাজনৈতিক দলের বিরুদ্ধে যদি ব্যবহার করতাম যদি দলীয় চক্রান্তের বিরুদ্ধে ব্যবহার করতাম, তাহলে এ'রা বাহিরে বেরিয়ে বেড়াতে পারতেন না সভায় এসে সমালোচনা করবার সুবিধা পেতেন না। সিভিল ডিফেন্স বলতে কি বোঝায় দেশের উৎসাহ উদ্দীপনা কমে গেলো, একথা আমাদের মাননীয় সদস্য নিখিল দাস তুলে ধরেছেন

[গোলমাল ও চ্যাঁচামেচি]

তাঁর মাথায় ঢোকে না,—মাথাটা নিরেট ঢুকবে কি করে, দেশে যখন প্রাথমিক উত্তেজনা প্রশমিত হয়েছে, দেশের মধ্যে স্থিতাবস্থা ফিরে এসেছে সংগ্রামের সঙ্কল্প নিয়ে যে, দুর্জয় জাতি হিসাবে উঠে দাঁড়িয়েছি, তাতে আমরা উত্তেজনা প্রকাশ করে যাব না সংগঠিত হয়ে শত্রুর বিরুদ্ধে দাঁড়াবো? একথা যদি মাননীয় সদস্য বলেন তবে তাঁর সঙ্গে আমি একমত নয়। এই বলিষ্ঠ জাতি আজ শত্রুর বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে, প্রাথমিক উত্তেজনা প্রশমিত হয়েছে, স্থিতাবস্থা এসেছে। নিখিলবাবুর মাথায় যদি একথা না ঢোকে তাহলে নিশ্চয়ই আমরা কিছু মনে করতে পারি না। দেশের ইতিহাস—যারা যুদ্ধে নেমেছেন, যুদ্ধ যারা করেছেন—তাঁরা যদি এ দেশের ইতিহাস আলোচনা করেন, জানার চেষ্টা করেন তাহলে নিশ্চয়ই তার উত্তর পাবেন কমলবাবু আজকে পুরানো একটা কমিউনিস্ট পার্টির ফসিল সোমনাথবাবুকে তুলে ধরেছেন সোমনাথবাবু সেদিন ময়দানে নির্মমভাবে ফরওয়ার্ড ব্লককে আঘাত না করলে আজকে বিধান সভায় দাঁড়িয়ে ফরওয়ার্ড ব্লক সমস্ত সুতা কেটে দিয়ে তাদের সঙ্গে আলাদা হ'ত না। এই [illegible]

ফাসিল সোমনাথ লাহিড়ী দেখিয়ে দিয়ে গেছেন এবারে তা বলছি। আমি মনে করি ভবিষ্যতে অপরচুনিস্টএর মত, সুবিধাবাদির মত এ'রা নির্বাচনী আশ্রাত না করেন তাহলে দেশ সেবার সুযোগ পাবেন।

[হৈ চৈ গণ্ডোগোল]

বিনোবাজীকে শাস্তি দেওয়ার কথা বলেছেন। একজন মাননীয় সদস্য দেওপ্রকাশ রায় সিটিজেন্স কমিটি ও ডিফেন্স কমিটির কথা বলেছেন। তিনি বোঝাবার চেষ্টা করলেন ডিফেন্সএর জন্য হাজার হাজার কমিটি করেছি ও তাতে কংগ্রেসী রাজনীতি পুরে দিয়েছি। দেওপ্রকাশ রায় সত্য গোপন করেছেন উনি ঐ এলাকার কমিটির জয়েন্ট সেক্রেটারীর দায়িত্ব পালন করেন নি। তিনি নিজে জাতির জরুরী অবস্থার দায়িত্ব পালন না করে আসর জমাবার চেষ্টা করেছেন। তিনি যদি ন্যাশনাল ইমারজেন্সীকে জাতীয় আপৎকালীন অবস্থা, জাতির জরুরী অবস্থা সম্যক উপলব্ধি করতেন তাহলে তিনি জয়েন্ট সেক্রেটারী যা তাঁকে করা হয়েছিলো গুরুত্বপূর্ণ জেলার সেখানে তিনি অনেক কিছু করতে পারতেন কিন্তু তা তিনি করেন নি, আর তা না করে এখানে কংগ্রেসকে গালাগালি দিয়ে আসর জমাবার চেষ্টা করছেন।

কংগ্রেস রাজনীতি করছে . . . ..

Members to speak rising in their seats

মিঃ স্পীকার: মিঃ দাশগুপ্ত, আপনি উঠে দাঁড়িয়ে বলুন -আপনি ওভাবে বলতে পারেন না। আপনি বসে পড়ুন।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: আমাদের কলকাতায় যে কমিটি গঠিত হয়েছে নিশ্চয়ই মাননীয় সদস্যদের অবগতির জন্য আমার বলার দরকার নেই কারণ ও'রা জানেন তবুও আমি বলে দিই। হেমন্তবাবু, সুনীল দাস, সিদ্ধার্থ রায় এই তিনজন বিরোধী দলের নেতা এবং যারা অকংগ্রেসী কোন রাজনৈতিক দলের সঙ্গে সংযুক্ত নন তাদের নিয়ে আমরা এখানে ডিফেন্স কমিটি করেছি। আমরা প্রত্যেকের সহযোগিতা কামনা করেছি দেশের এই বিপদের সময় যারা আমাদের পাশে এসে দাঁড়াতে চান। জনগণকে নিষ্পেসিত করে ন্যাশনাল ইমারজেন্সি কাজ করছি একথা যারা বলছেন তারা অসত্য কথা বলছেন। আমার মনে হয় তারা এ বিষয়ে গুরুত্ব দিচ্ছেন না। একটা কথা না বলে পারছি না- মাননীয় সদস্য পাঁচুগোপাল ভাদুড়ি মহাশয় তাঁর উদ্বোধনী ভাষণে একটা কথা বলার চেষ্টা করেছেন—তিনি বলেছেন কমিউনিস্টদের অপরাধী করে দেওয়া হয়েছে এই ইমারজেন্সির আড়ালে—তাদের উপর ভয়ানক নিষ্পেসন করা হচ্ছে এবং অত্যাচার করা হচ্ছে—তিনি বলেছেন যে এই শিতাতপ নিয়ন্ত্রিত কক্ষে তাদের দেশদ্রোহী না বলে ময়দানে খোলাখুলিভাবে বললে অন্তত মানহানি করার সুযোগ তাদের থাকতো। দেশের প্রত্যেকটি জাতীয়তাবাদী সংবাদপত্র তাদের ধিক্কার দিয়েছে। তাদের দেশদ্রোহী শুধু বলে নি তাদের দেশদ্রোহী নামে বিখ্যাত করে দিয়েছে। কমিউনিস্টদের কি মান আছে যে তারা মানহানির মামলা করবে?

[নয়েজ]

অজুকে মানহানির কথা বা অন্যান্য কিছু বলে তাঁরা বাঁচার চেষ্টা করছেন। পণ্ডিত নেহেরুকে ধরে তরে যাবার চেষ্টা তাঁরা করছেন, বিনোবাজীকে ধরে তরে যাবার চেষ্টা নানা ভুল কথা বলে, এখানে তরে যাবার চেষ্টা করছেন। এখন বলছেন যে ও'রা নাকি দেশরক্ষার জন্য অকুণ্ঠ চেষ্টা করছেন। কিন্তু সেদিন পুলিস বাজেটের সময় সোমনাথবাবু জেনারেল বাজেটের সময় নানা কথা বলেছেন বাজার গরম করেছেন দর্পন কাগজ তুলে ধরে। দেশরক্ষার ব্যাপারে ২৪-পরগনা জেলা কংগ্রেস কমিটি যে মুহূর্তে যুব সম্মেলন ডেকেছে ঠিক সেই দর্পন কাগজ জালিয়াতির দলিল মুখ্যমন্ত্রীকে উপহার দিয়ে বাজার জমানোর চেষ্টা হয়েছিল। দর্পনের সাংবাদিকতার এতো অধঃপতন হয়েছে এ ধারণা আমার ছিল না। তারা একটা জাল কাগজ ছাপতে পারলেন আর জেলা কংগ্রেস কমিটির কাছে গিয়ে রেডক্রসের খবর নিতে পারলেন না--যুবের কি হয়েছে তা জানতে পারলেন না? অসত্য কথা বলে ইমারজেন্সির থেকে বাঁচা যাবে না। এই কথা বলে আমি শেষ করছি।

[4-45—4-55 p.m.]

Shri Debi Prosad Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই আলোচনায় অংশ গ্রহণ করবার আগে কলকাতার দুটি খ্যাতনামা পত্রিকা স্টেটসম্যান ও হিন্দুস্থান স্ট্যান্ডার্ড থেকে দুটি লেখা, দুটি বক্তব্য পাশাপাশি তুলে ধরতে চাই।

স্টেটসম্যান লিখেছেন—

"Peace with dignity". "The Prime Minister of India informed the leaders of the visiting delegation that India on her part was prepared to take such measures as may be necessary to ensure peace consistent with the honour and self-respect of India".

আবার হিন্দুস্থান স্ট্যান্ডার্ড থেকে একটু শোনাই—

"In today's situation we believe that there is no question of any unilateral cease-fire by India. There is no question of surrender before armed might and all measures must be taken to remove all weaknesses consistent with India's honour. We have not, however, abandoned all hopes of a peaceful settlement. We agree with the Government of India that differences should be resolved on the basis of decency, dignity and self-respect".

আবার স্টেটসম্যানএ চলে আসছি

"Consistent with their dedication to peace and peaceful methods and their firm policy to explore all possible avenues of peaceful settlement of differences the Government of India welcome these distinguished visitors and express their gratitude. The Prime Minister informed the leaders of the visiting delegation that the Government of India welcome the initiative of the Colombo Conference countries".

আবার হিন্দুস্থান স্ট্যান্ডার্ডএ চলে যাচ্ছি।

"Taking this into consideration I lay the utmost emphasis on the appeal and the anxiety and attempt of some Afro-Asian countries and of the Soviet Union which have been so friendly to our country to bring about a cease-fire and a peaceful settlement."...

এই দুটো পড়ে শুধু ভাবে নয়, শুধু অর্থে নয়, এর শব্দ চয়নে পর্যন্ত একটা অভূতপূর্ব সৌসাদৃশ্য আপনি লক্ষ্য করবেন। এই দুটোর ভেতর তফাৎটা কি আছে? না, হিন্দুস্থান স্ট্যান্ডার্ডের এই যে স্টেটমেন্টটা বেরিয়েছে এটার তারিখ হচ্ছে ৩১এ অক্টোবর, ১৯৬২। এই স্টেটমেন্টটা দিয়েছিলেন বাংলাদেশের বিধানসভার বিরোধীদলের নেতা শ্রীজ্যোতি বসু।

[এ ভয়েস: দেশদ্রোহী!]

আর স্টেটসম্যানে যে বিবৃতিটা বেরিয়েছে, এটা গভর্নমেন্ট অব ইন্ডিয়া কমুনিকে এটা শ্রীজওহরলালের বক্তব্য। স্টেটসম্যান ১৪ই জানুয়ারি, ১৯৬৩। ভাষায় তফাৎ নেই, ভাবে তফাৎ নেই, অর্থে তফাৎ নেই। তফাৎ কোথায়? তফাৎ হচ্ছে এই যে একজন বলে গেছেন অক্টোবর, ১৯৬২; আর একজন বলে গেলেন জানুয়ারি, ১৯৬৩। তফাৎ এই একজন বলেছেন তিনি বাংলাদেশের বিরোধীদলের নেতা আগে বলেছেন, আর পরে বলে গেছেন সারা ভারতবর্ষের প্রধানমন্ত্রী। তফাৎ এই-

What Bengal thinks today, India thinks tomorrow

এই হচ্ছে তফাৎ। এবং সেইজন্য।

[নয়েজ]

উত্তর দেবেন, এবং সেইজন্য আজকে এই বিবৃতি দেওয়া হয়েছে। কিন্তু এই বিবৃতি দেওয়ার ফলে আজ জ্যোতি বসু এই বিবৃতি দিয়েছেন বলে কমিউনিস্ট পার্টিকে দেশদ্রোহী বলবার সাহস তাঁরা পাচ্ছেন এবং দেশদ্রোহী বলে কুৎসা রটিয়ে বেড়িয়ে চলেছেন। শুধু তাই নয়,

[নয়েজ, চীৎকার]

আপনারা পরে তথ্য দিয়ে উত্তর দেবেন। আমি আপনাদের সঙ্গে তর্ক করতে চাই না। কাজেই আজকে এটা বলতে চাই এই বিবৃতি দেওয়ার জন্য তাঁদের দেশদ্রোহী বলা হয়েছে এবং আজকে মাননীয়া মুখুজ্জে গিন্নী মহাশয়া কালকে কি বলে গেছেন জানেন?

[এ ভয়েসঃ তিনি কে?]

মিসেস মুখার্জীর বাংলা প্রতি শব্দ হবে মুখুজ্জে গিন্নী, এ ছাড়া আর কিছু হবে না। সেই মুখুজ্জে গিন্নী বলে গেছেন যে যেহেতু দেশদ্রোহিদের

[Noise and interruptions.]

স্যার, ও'রা চ্যাঁচামেচী করে আমার সময় নষ্ট করে দিচ্ছেন।

মুখুজ্জে গিন্নী বলে গেছেন যে দেশদ্রোহিদের রাজবন্দীদের মর্যাদা দেওয়া হবে না। তাহলে কি এই বিবৃতি দেওয়ার জন্য দেশদ্রোহী আপনারা আর একটু বড় করে দেখুন না দিল্লী পর্যন্ত। তাঁকে নিয়ে এসে দমদমে জ্যোতি বসুর পাশের সেলে নেহরুকে একটা সেল করে দিন না? এই বিবৃতি দিলে যদি দেশদ্রোহী হয়, তাহলে নেহরুকেও নিয়ে এসে দমদমে পাশের সেলটাতে রেখে দিয়ে একবার দেশদ্রোহী বলুন মুখুজ্জে গিন্নী! আর আমরা তাকিয়ে দেখি।

মাননীয় অধ্যক্ষ মহাশয় এই ডিফেন্স সম্বন্ধে যেটা আমরা দেখছি বাংলাদেশের ক্ষেত্রে, ভারতবর্ষের আর যেখানে যা হচ্ছে আমরা দেখতে পাচ্ছি না, শুনছি, কাগজে পড়ছি। বাংলাদেশে যেটা দেখতে পাচ্ছি, সেটা হচ্ছে এই এখানে ডিফেন্স বলতে এইটুকু কর্তব্য সম্পন্ন হয়েছে যে কমিউনিস্টদের গ্রেপ্তার করে জেলে পাঠান। এই একমাত্র ডিফেন্সের কাজ এখানে হয়েছে। আর কি হয়েছে এখানে আমরা দেখছি? আর একটা কাজ কমিউনিস্টদের দেখছি। কোন কমিউনিস্টদের? যারা দীর্ঘকাল ধরে বলে আসছে, শুধু বলেছে নয়, তারা কথায় এবং কাজে প্রমাণ করে দিয়েছে যে সংসদীয় গণতন্ত্রের মাধ্যমে তারা অন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম করে যাবে; এবং তারপর বিরোধীদল হিসাবে কাজ করে যাবে যতক্ষণ তারা এই সংসদীয় গণতন্ত্রের মাধ্যমে এই সরকারী পরিচালনার দায়িত্বে তারা না আসতে পারছে। সেইজন্য আজকে মনে হচ্ছে এই ঘটনা দেখে, যা চোখের সামনে আছে যে ডিফেন্স বলতে যেখানে ধরপাকড়, এইসব কমিউনিস্টদের ধরপাকড় এবং এই কমিউনিস্টদের বিরুদ্ধে যারা সংসদীয় গণতন্ত্রের মাধ্যমে সংগ্রাম করে চলেছেন, যেখানে আমাদের কাজী নজরুল সাহেবের একটা কবিতার কথা মনে পড়ে। "আমাদের ডান হাতে হাতকড়া, বাম হাতে মারি মাছি। মশা মেরে ঐ গরজে কামান, বিপ্লব মারিয়াছি।" আজ বিপ্লব এসেছে। সেই বিপ্লবের সেই হুর্মাক বিপ্লব মারিয়াছি, সেই হুর্মাক, এখানে বসে বসে আমরা শুনতে পাচ্ছি, দেখতে পাচ্ছি। তাই দেখে আমার সেই কথা বারবার মনে হচ্ছে। তারপর আজকের এই বিতর্কের ভিতরে কতকগুলি জিনিস দেখে আমি একটু বিস্মিত হয়েছি। যেমন দেখুন আমার বন্ধু কমলবাবু প্রথমে বলে গেলেন -

[এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ উনি আপনাদের লোক।]

হ্যাঁ, হ্যাঁ, আপনাকেও বলবো, ঠাণ্ডা থাকুন।

[Noise and interruptions.]

কমলবাবু অনেক কথা বলে গেলেন। কিন্তু, এমন একটু ছেলেমানষী হয়ে গেল, যা তিনি লক্ষ্য করলেন না। তার মানে হচ্ছে—

Shri Nepal Roy: On a point of privilege.

স্যার, একজন মেম্বার তাঁর দলের আর একজন মেম্বারের সম্বন্ধে বলতে পারেন?

Mr. Speaker: Mr. Roy, will you kindly take your seat?

Shri Debi Prosad Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুচতুর পার্লামেন্টেরীয়ানএর চেয়েও বড় একজন পার্লামেন্টেরীয়ান বলে নাম কিনেছেন ডাঃ প্রতাপ চন্দ্র, তিনি একটু কৌশলে হাত, পা নেড়ে, অতি সুন্দর ঝরঝরে বক্তৃতা

করে কংগ্রেসের নীতির পক্ষে মোটামুটি বলে গেলেন। এটা তাঁর পক্ষে সম্ভব হল কেন? তার কারণ, কমলবাবুকে দিয়ে তাঁর আগেই নোংরাটা ঘাঁটিয়ে নিয়েছেন। ঘাঁটিয়ে টাটিয়ে নিয়ে উনি বললেন যে আমি কমলবাবুকে ধন্যবাদ জানাচ্ছি। তাঁর কাজটা পরিষ্কার করে নিয়ে ছেড়ে দিলেন। কাজেই এদিকে আমাদের সতর্ক থাকতে হবে যাতে এটা আর না হয়। এদিকে যদি সতর্ক না থাকা যায় তাহলে আমাদের বিরোধীদলের ভূমিকাটা সেই ফাঁকে ও'রা দুর্বল করে দেবার চেষ্টা করবেন। সুতরাং বিরোধীদলের ভূমিকাকে দুর্বল করে দেওয়া হচ্ছে কিনা, সেদিকে সর্বদা হুঁশিয়ার থাকা দরকার। আর, তাছাড়া কমলবাবু যা মনে করে থাকেন, সেটা তাঁর দলের সকলের অভিমত কিনা, আমি জানি না। আমি জানি কমলবাবুর সব কথা, ফরওয়ার্ড ব্লকের কথা নয়।

[হাস্য।]

Dr. Kanailal Bhattacharyya:

ঐসব কথা আমাদের বলে শোনাতে হবে না।

[Noise and interruptions.]

এখন কমলবাবু, কানাইবাবুদের যে কথা, সেই কথাটা যদি এই হয়, যে তাঁরা ভেবেছেন,—আজকে এই যে অবস্থাটা হ'ল, যে কংগ্রেসকে গাল দেবো, কমিউনিস্টকেও গাল দেবো, এবং দুজনকে বলবো জাতির পক্ষে, দেশপ্রেমের পক্ষে এটা ক্ষতিকর, ইত্যাদি বলে—এই যে প্রচেষ্টা এতে লাভ কি? এতে লাভ নেই। সেইজন্য এ'রা আবার করছেন কি? ও'রা বলছেন যে পাখীও খারাপ, প্রাণীও খারাপ, আর তাই আমরা বাদুড় হই। এই বাদুড় হয়ে, কোনদিন ইতিহাসের পৃষ্ঠায় বাদুড় নিজেদের স্বাক্ষর রেখে যেতে পারেনি, তা সম্ভবপর নয়, তা কখনও হয়নি।

[হাস্য]

[Noise and interruptions.]

কাজেই দুটো অর্থনীতি আছে--

[4-55—5 p.m.]

দুটো অর্থনীতি আছে সমাজতান্ত্রিক এবং ধনতান্ত্রিক—দুটি অর্থনীতির মধ্যে চিন্তাগত, দর্শনগত যে সংঘাত তা অনিবার্য -তার একটি পৃথিবীর মানুষ গ্রহণ করবে—একটি ছেড়ে দেবে। এর মাঝখানে একটা বাদুড় নীতি কোনদিনই আসেনি এবং শাশ্বতকাল ধরে সেটা দেখতে পাচ্ছেন। কমলবাবু বলে গেলেন যে স্বাধীনতায় খবর পড়ে বললেন এখনও এরকম কাগজ বের হয়। কমলবাবু ভুলে গেছেন যে এর আগে একদিন এই অ্যাসেম্বলীতে চীনা দূতাবাসের কর্মচারীদের নিয়ে সংবাদপত্রের সংবাদের ভিত্তিতে কথা উঠেছিল তারা নাকি যাবার আগে মদ, বন্দুক ইত্যাদি সরিয়ে গেছেন। ভাগ্যে মুখ্যমন্ত্রী বেলুন খুঁচিয়ে দিয়ে সেটা চুপসে দিলেন। তবুও সেটা ফুলিয়ে ফালিয়ে আনা সঙ্গত বলে মনে করি না। কাজেই আমরা বলব আমাদের ডিফেন্স দৃঢ়ভাবে গড়ে তোলা উচিত তার মানে এই নয় যে কমিউনিস্টদের বিরোধিতা করাই একমাত্র কাজ হয়ে দাঁড়াবে। তা করলে কি জনসাধারণের প্রীতি কোনদিন আসবে? শেষকালে নেপালবাবুর নাম না করলে আমার বক্তৃতা সম্পূর্ণ হবে না। ও'র চরিত্র কাকের মত। ভাল কথা বলুন আর খারাপ কথা বলুন উনি শুধু কাকের মত কর্কশ স্বরে বলে উঠবেন—কা, কা।

Arrest of Member

Mr. Speaker: Honourable members, before I call upon the Chief Minister to reply, I have got an information to place before the Honourable members here.

Shri Subodh Chowdhury, a member of the West Bengal Legislative Assembly, has been detained under Rule 30 of the Defence of India Rules, 1962, and is being lodged in the Dum Dum Central Jail.

Demand for Grant No. 46

Major Head: 78A—Expenditure connected with the National Emergency, 1962.

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে ইতিমধ্যে সাড়ে চার ঘণ্টা বিতর্ক হয়ে গিয়েছে এবং এই বিতর্কে যাঁরা যোগ দিয়েছেন বিশেষ করে বিরোধীপক্ষের বন্ধুরা তাঁরা এই কথা প্রতিপন্ন করবার চেষ্টা করেছেন যে আজকে প্রতিরক্ষার নামে কংগ্রেস দল তাঁদের দলীয় স্বার্থ চরিতার্থ করছেন। আমাদের কমিউনিস্ট বন্ধুরা তাঁরা বলছেন যে এই সুযোগে বহু কমিউনিস্ট নেতাকে এবং কর্মীকে গ্রেপ্তার করা হচ্ছে—কেন না যাতে এই যে উপনির্বাচন আসছে তাতে কংগ্রেস বিনা বাধায় জয়লাভ করতে চায়। তবে উপনির্বাচন যে হবে এক মাস আগে আমরা কেউ তা জানতাম না এবং যখন পিকিংপন্থী কমিউনিস্টদের ধরা হয় তখন আমরা ভাবিনি যে এত তাড়াতাড়ি উপনির্বাচনের সম্মুখীন হতে হবে। আমার বন্ধু মাননীয় পাঁচুগোপাল ভাদুড়ীর দলের ময়দানে সেদিন যে সভা হয়ে গেল সেটায় কংগ্রেস সভাপতি যে সভাতে বক্তৃতা দিয়েছিলেন তার চেয়ে ঢের বেশী লোক হয়েছিল বলে দম্ভ করেছেন। আমি জানি মাননীয় বন্ধু শ্রী ভাদুড়ী সেই সভায় জান নি—আমিও সভার ভিতরে যাই নি পাশ দিয়ে গিয়েছি। আমি তাঁকে আপনার মাধ্যমে জানাচ্ছি যে কংগ্রেসী সভায় যে লোক সমাবেশ হয়েছিল, কমিউনিস্টদের সভায় তার ৫০ ভাগের এক ভাগও লোক সমাবেশ হয়নি। একজন মাননীয় সদস্য বলেছেন যে চৌরঙ্গীতে যে উপ-নির্বাচন হচ্ছে তাতে শ্রীনরেশ মুখার্জি মহাশয় যিনি কংগ্রেস মনোনীত প্রার্থী তাঁর বাড়ীতে সিভিল ডিফেন্সএর জন্য যে কার্যালয় হয়েছে তাতে কংগ্রেস পতাকা তুলে ধরা হয়েছে। শ্রী মুখার্জি—তিনি একজন চিফ ওয়ার্ডেন. তিনি বিনা পয়সায় তাঁর বাড়ীতে অফিস করবার জন্য ঘর দিয়েছেন—কোন ভাড়া সেজন্য নেন না অথচ একটা ঘর ছেড়ে দিয়েছেন। শুনলাম সেই অফিসে তিনি কংগ্রেস পতাকা তোলেন নি। আমি এখান থেকে বেরিয়ে গিয়ে তাঁকে বলব তাঁকে সেখানে কংগ্রেস পতাকা তুলতে এবং সে বিষয়ে তাঁর সম্পূর্ণ অধিকার আছে। অধ্যক্ষ মহাশয়, এর পরে আমি বলব হাওড়াতে শ্রীপ্রণবকুমার ব্যানার্জীকে গ্রেপ্তার করা সম্পর্কে যার সম্পর্কে বলা হয়েছে যে কোন একজন কংগ্রেসী ব্যক্তির প্ররোচনায় তাঁকে চায়ের দোকানে গ্রেপ্তার করা হয়েছে। আমি খবর নিয়ে দেখলাম তাঁর বিরুদ্ধে একটি স্পেসিফিক কেস আছে তিনি এমন কি ডিফেন্স অফ ইন্ডিয়া রুলসএ ধরা পড়েন নি। তাঁকে ধরা হয়েছে ঠিক এবং তাঁর বিচারও হবে এবং বিচারের যে ফল আমি তা জানতে পারব।

আর একজন সদস্য বলেছেন যে দেশপ্রেমের পরিচয় দিতে হবে, সংসদের পরিচয় দিতে হবে এবং কংগ্রেস মন্ত্রীরা তাঁরা এই সংকটের সময় অনেক টাকা খরচ করছেন দেশভ্রমণে ঘুরে বেড়াচ্ছেন—অনেক ভাড়ার টাকা নিচ্ছেন এবং আমাদের মাননীয় ফজলুর রহমানের অনেকে এ বিষয়ে নাম করেছেন। আমি তাঁর বক্তৃতার পর খোঁজ নিয়ে জানলাম সত্যি কি করে তাঁর এত টাকা ব্যয় হয়েছে। আমি দেখলাম তাঁকে বহু সভায় যেতে হয়েছে তাঁর বাড়ীর কাজের জন্য নয় সামাজিক কাজের জন্য নয়—রাষ্ট্রের কাজের জন্য সেগুলি আমরা না হয় কেন্দ্রীয় সরকার তাঁকে করতে বলেছে। মাননীয় ফজলুর রহমানের সঙ্গে কোন উপমন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী নেই। তিনি অনেক কমিটির সদস্য সেন্ট্রাল ফিসারি, সেন্ট্রাল কাউন্সিল এবং আমি দেখেছিলাম তাঁকে ক' মাসের মধ্যে দিল্লীতে যেতে হয়েছে পাঁচবার, পাটনায় একবার, বোম্বে যেতে হয়েছে দিল্লী হয়ে একবার এবং মহারাষ্ট্রেও যেতে হয়েছে এবং অন্যান্য জায়গাতেও রাষ্ট্রীয় কাজে যেতে হয়েছে। একজন মাননীয় সদস্য বললেন মৎস্য বিভাগের একজন মন্ত্রী রেখে এত টাকা খরচ করার দরকার নেই। কিন্তু আমরা তা মনে করি না। আমরা মনে করি দেশের সর্বাঙ্গীণ উন্নতির জন্য যদি খাদ্যের উৎপাদন বাড়াতে হয়, শিল্পের উৎপাদন বাড়াতে হয় সেখানে আমাদের মাছের উৎপাদনের কথাও চিন্তা করতে হবে। তিনি যে গিয়েছিলেন বিভিন্ন জায়গায়

[Interruptions from benches.]

[5-5—5-15 p.m.]

কাজে কাজেই তিনি যে গিয়েছিলেন বিভিন্ন জায়গায় রাষ্ট্রীয় কাজে গিয়েছিলেন। তিনি সরকারী কাজে গিয়েছিলেন, কোন সামাজিক কাজে বা ব্যক্তিগত কাজে যাননি। আমি মনে করি আমাদের

রাষ্ট্রীয় কাজে কাজ করবার জন্য যা খরচ হয় সেই পয়সা খরচ করতে হবে। প্রতিরক্ষার কার্যকে সুসম্পন্ন করবার জন্য যা ব্যয় করতে হবে নিশ্চয়ই আমরা তা ব্যয় করব। আমাদের সামরিক শক্তিকে বাড়াবার জন্য ব্যয় করতে হয় নিশ্চয়ই আমরা ব্যয় করব। জাতীয় সঙ্কট মানে এই নয় যে কোনরকমভাবে কেউ ব্যয় করবে না, নিশ্চয়ই অপব্যয় করা হবে না। আমি কালকে বলেছি যে আমাদের মাননীয় মন্ত্রীরা তাঁরা আগে শতকরা ১০ টাকা পে থেকে কাট করাতেন. তারপর জাতীয় সমস্যা উপস্থিত হবার পর তারপর তাঁরা শতকরা ২৫ টাকা ছেড়ে দিচ্ছেন বেতন থেকে, তারপর এখন তাঁরা শতকরা ১০ টাকা করে ছেড়ে দিচ্ছেন। আমি বলি নিশ্চয়ই তাঁরা ত্যাগ করছেন। তাঁরা কি ত্যাগ করছেন যাঁরা তাঁদের বাড়ীর খবর রাখেন তাঁরা ভাল করে বুঝতে পারবেন। আমাদের হয়েছে কি—না সস্তায় লোককে আঘাত করে এবং বড় বড় কথা বলে আমরা দেখাতে চেষ্টা করি যে আমরাই কতবড় দেশপ্রেমিক। কিন্তু আমি বলি লোকে অত নির্বোধ নয়. তারা বোঝে যে কার দেশপ্রেম কত গভীর এবং বোঝে বলেই আজকে কংগ্রেস পক্ষীয়রা এখানে সংখ্যাগরিষ্ঠ। তাঁরা যে সমস্ত কথা পুলিস বাজেটের সময় বলেছেন. তাঁরা যে সমস্ত কথা সাধারণ শাসন বাজেটের বিতর্কের সময় বলেছেন. এবং আজকে তাঁরা যে সমস্ত এখানে বলেছেন তাঁরা কোন কথাটি সাধারণ নির্বাচনের সময় বলেন নি. সবই তাঁরা বলেছেন, তাঁরা কি বলেন নি যে কংগ্রেসপক্ষীয় লোকরা দুর্নীতি পরায়ণ. তাঁরা কি বলেন নি যে কংগ্রেস দেশের কোন ভাল কাজই করেন নি। কিন্তু এ সত্ত্বেও কংগ্রেস আজ সংখ্যাগরিষ্ঠতা লাভ করেছে। এই যে দেশের লোকেদের মধ্যে দেশপ্রেমের বন্যা জেগেছে তা কংগ্রেস নেতাদের এবং কংগ্রেস কর্মীদের কাজের ফলে হয়েছে। তাঁরা জানেন যে এটা সত্য এবং দেশের লোকেরা এটা সত্য কথা জানে বলেই প্রতিরক্ষার তহবিলে তারা টাকা দিচ্ছে। তারা জানে আজকে যদি আমাদের সামরিক শক্তিকে বৃদ্ধি করতে হয় তাহলে আমাদের টাকার দরকার। আজকে যত ট্যাক্সেশান হয়েছে বিশেষ করে সেন্ট্রাল ট্যাক্সেশান তার বেশী করে আঘাত লেগেছে ধনী লোকদের এবং বেশী করে আঘাত লাগবে শিল্পপতিদের। যাঁদের সামান্য অঙ্ক জ্ঞান আছে. সামান্য পরিসংখ্যান জ্ঞান আছে তাঁরা জানেন যে আজকে যে সমস্ত সেন্ট্রাল ট্যাক্সেশান হয়েছে একমাত্র কেরোসিন তেল ব্যতীত বেশী করে ফলভোগী হবেন ধনী লোকেরা. এই বিষয়ে কোন সন্দেহ নাই। কেরোসিনের উপরে যে ট্যাক্স বৃদ্ধি হয়েছে. কেরোসিনের যে মূল্য বৃদ্ধি গরীবের উপরে এটা খুবই কষ্টকর কিন্তু মাননীয় সদস্যরা যাঁরা বলছেন -যাঁরা দেশকে ভালবাসেন তাঁরা জানেন যে দেশের প্রতিরক্ষার ব্যবস্থাকে মজবুত করতে হবে, তাঁরা কি জানেন না যে বৈদেশিক মুদ্রা ব্যয় করে বিদেশ থেকে কেরোসিন তেল নিয়ে আসতে হয়. কাজে কাজেই কেরোসিন তেলের ব্যয় আমাদের সঙ্কোচ করতেই হবে জাতীয় স্বার্থরক্ষার জন্য. এবং সেইদিক থেকে বিচার করলে পর কেরোসিন তেলের উপর যে ট্যাক্স বৃদ্ধি হয়েছে সেটা আমার মতে ন্যায়সঙ্গতই হয়েছে। আমরা বড় বড় কথা বলি আর কাজের বেলায় এমন সমস্ত কথা উচ্চারণ করি যাতে করে নিজের দলের পরিপুষ্টি হতে পারে কিন্তু দেশের সর্বাঙ্গীণ স্বার্থে তা লাগে না। আমি এখানে যে সামান্য টাকার ব্যয়-বরাদ্দের জন্য চেয়েছি--যেটা ছিল আজকে সবচেয়ে জরুরী কথা. সে সম্বন্ধে এখানে যে আলোচনা হয়েছে তার সম্বন্ধে আমি কিছু বলব। সাইরেন কেনা হয়েছে যে কোম্পানীর কাছ থেকে তার সঙ্গে এই হাউসের কোন সদস্য সংশ্লিষ্ট আছেন তা আমার জানা নাই। আমি এ সম্বন্ধে অনুসন্ধান করে দেখব. তবে এইটুকু আমি বলতে পারি যে সাইরেন কেনার জন্য কাউকে কোন কন্ট্রাক্ট দেওয়া হয়নি। আমাদের কর্মচারীরা তিনটা কোম্পানীর কাছ থেকে সাইরেন কিনেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মাত্র ২৭টা সাইরেন কিনেছি। যেখানে আমাদের হাজার হাজার সাইরেন দরকার সেখানে আমরা মাত্র ২৭টি সাইরেন কিনেছি। আমরা
Suburban Electrical Engineering Corporation

এর কাছ থেকে ২৫টি কিনেছি এর মধ্যে কোন বিধানসভার মেম্বার আছে কি না আপনারা খোঁজ করে দেখবেন, আর

Greaves Cotton and Crompton Parkinson

এদের কাছ থেকে একটা আমরা কিনেছি, আর ক্যালকাটা ফ্যান কোম্পানীর কাছ থেকে কিনেছি একটা। এগুলি কিনে এবং এর ইনস্টলেশান খরচা সমেত—এবং এই ইনস্টলেশান কোন কন্ট্রাক্টার দিয়ে হয় নি, আমরা নিজের লোকদের দিয়ে করেছি তার মোট ব্যয় কেনার এবং লাগাবার মাত্র

২২ হাজার টাকা। তারপর আমাদের শিলট ট্রেঞ্চ সম্বন্ধে অনেকে এখানে সমালোচনা করেছেন, শিলট ট্রেঞ্চ করা হবে কি করা হবে না এই নিয়ে দুটো মত আছে। আমাদের এখানে নতুন খবর এসেছে—ইউ কে থেকে যে বিশেষজ্ঞ এসেছেন জেনারেল আরউইন তিনি বলেছেন কোন কোন ক্ষেত্রে শিলট কাটতে হবে। শিলট ট্রেঞ্চ হয়ত কিছু আমরা কাটবো, কতটা কাটব কোথায় কাটব কখন কাটব তারজন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে সাজেশান চেয়েছি, আশা করি আমরা সেই নির্দেশ তাড়াতাড়ি পেয়ে যাব। এখানে অনেকে মনে করেছেন যে শিলট কাটাবার জন্য বুঝি আমরা অনেক টাকা ব্যয় করেছি, তাদের অবগতির জন্য জানাচ্ছি যে আমরা এক পয়সা ব্যয় করিনি। যেখানে যতটুকু হয়েছে—যদিও খুব বেশী আমরা কাটিনি, যেখানে কাটা হয়েছে স্থানীয় লোকেরা কেটে দিয়েছে আমাদের কোন ব্যয় করতে হয়নি। তারপর নাশনাল ভলেন্টিয়ার ফোর্স বা বিশেষ পুলিসের জন্য অনেক টাকা ব্যয়বরাদ্দ ধরা আছে সেটার কারণ আমাদের এখানে এমন অনেক কেন্দ্র আছে যেগুলি খুব ভাইটাল সেগুলি পাহারা দিতে হয়, তার জন্য বিশেষ পুলিস দবকার, তার জন্য জাতীয় রক্ষীবাহিনী দরকার সেই হিসাবে কিছু টাকা আমাদের খরচ করতে হবে। এই এক কোটি ৬৬ লক্ষ টাকা হয়ত আমাদের খরচ করতে হতে পারে, কত খরচ করব না করব সেটা নির্ভর করবে কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুসারে। আমি বিশ্বাস করি কেন্দ্রীয় সরকার আমাদের খুব তাড়াতাড়ি সুনির্দিষ্ট নির্দেশ দেবেন এবং সেই নির্দেশ পেয়ে আমরা টাকা ব্যয় করব। তারপর আমাদের এই কমিটি নিয়োগের ব্যাপারে কোন রাজনীতি নাই। সব দলের লোককে আমরা এই কমিটিতে নিয়েছি। কিন্তু কোন কোন মাননীয় সদস্য এই দাবী তো করতে পারেন যে আমাদের এই কমিটির মধ্যে মন্ত্রিসভার লোকই বা থাকবে না কেন? আমি বলব থাকতে পারে হয়ত কোন মন্ত্রীও থাকতে পারেন। কংগ্রেস যখন সংখ্যাগরিষ্ঠ দল তখন সমস্ত কমিটিতে কংগ্রেস সদস্য বেশী থাকবে কেননা কংগ্রেসের উপরে দেশের লোকের আস্থা এবং বিশ্বাস স্থাপন করেছে। এই কথা বলে আমি যত ছাঁটাই প্রস্তাব এখানে এসেছে তার বিরোধিতা করে আমি আমার মূল প্রস্তাব সমর্থনের জন্য উপস্থিত করছি।

[5-15—5-20 p.m.]

Mr. Speaker: With the permission of the House I now put together all the cut motions on Grant No. 46 to vote except cut motions No. 3, 4, 5 and 6 on which division has been claimed. I am putting cut motions Nos. 3, 4, 5 and 6 together and the division result is to be recorded separately in the proceedings.

The motion of Shri Deo Prakash Rai thaht the demand of Rs. 1,66,02,000 for expenditure under Grant No. 46, Major Head: "78A—Expenditure connected with the National Emergency, 1962" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand of Rs. 1,66,02,000 for expenditure under Grant No. 46, Major Head: "78A—Expenditure connected with the National Emergency, 1962" be reduced to Re. 1, was then put and a division taken with the following result:—

NOES 115

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abul Hashem, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Basu, Shri Abani Kumar
Bauri, Shri Nepal
Beri, Shri Daya Ram

Bhattacharjee, Shri Jagadish Chandra
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, The Hon'ble Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Shri Dinabandhu
Das, Dr. Kanai Lal
Das, Shri Mahatab Chand
Das, Shrimati Santi
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hazra, Shri Parbati Charan
Ishaque, Shri A. K. M.
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Khan, Shri Satyanarayan
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Haque, Shri
থাকেন। গ্রামে হয়ত মাসে একদিন আসেন—অঞ্চল প্রধানের সঙ্গে দেখা করতে এবং এই পর্যন্তই তাঁর চাকুরী শেষ। তিনি বি ডি ও অফিসারের সঙ্গে মাঝে মাঝে দেখা করে তাঁকে খোসামোদ করে চলে যান। কিন্তু কোন দিনই তিনি গ্রামে যান না—এটা গ্রামের লোকের একটা জরুরী গ্রিভান্স। মন্ত্রিমহাশয় বক্তৃতা দিয়ে বলবেন যে এসব সত্য নয়—আমি জানি ও'দের ভোটের জোর আছে—কিন্তু আমরা যেকথা বলি সেইসব বাজে কথা বলে উড়িয়ে দেবেন না। কারণ বাজে কথা বলার অন্য জায়গা আছে, মাঠ-ঘাট আছে। কিন্তু আমরা এখানে আসি সত্যি কথা বলি যাতে লোকের ভাল হয়। এই গ্রামসেবকরা গ্রামের কিছুই কাজ করেন না এবং গ্রামের সেবা করার প্রয়োজনীয়তার কথা উপলব্ধি করেন না। তিনি কি করেন?—লোন যখন রাইটার্স বিল্ডিংস থেকে যায় তখন কেউ জানতে পারলো না এমন কি বি ডি সি-র মেম্বাররাও জানতে পারেন না—সে সব গ্রামসেবকই জানেন এবং গ্রামের মধ্যে কংগ্রেসের দু-একজন বিশিষ্ট লোক যাঁরা লোনের ব্যবসা করে পেট চালান তাঁরাই এইসব জানেন। এমন কি কোন লোককে যদি ২ শত টাকা দেন তাহলে তা থেকে গ্রামসেবক ৬০ টাকা এবং কংগ্রেসের সেই লোক নেবেন ৬০ টাকা। অর্থাৎ সেই দুই লোকের হাতে গেল ১২০ টাকা। যে ভদ্রলোক পেলেন তাঁর হয়ত প্রয়োজন নেই। এইভাবে যার প্রয়োজন আছে সে জানতে পারলো না যে কবে লোন এলো এবং কবে ডিস্ট্রীবিউট হোল। এই রকম ভাবে গ্রামের কোন লোক এসব জানলো না—এমন কি গ্রাম পঞ্চায়েতের লোক জানলো না -অঞ্চল প্রধানও জানলেন না। এই রকম ঘটনা ঘটছে। গ্রাম-সেবকের একটি মস্ত কাজ আছে বিশেষ বিশেষ লোককে লোন দেওয়ানো এবং তাদের কাছ থেকে কমিশন আদায় করা এবং নির্বাচনের সময় কংগ্রেসের জন্য প্রচার করা। এবং ভোট যাতে কংগ্রেস ক্যান্ডিডেট পায় সেজন্য চেষ্টা করা। আশা করি মন্ত্রিমহাশয় এই বিষয়ে একটু নজর দেবেন। কংগ্রেসের হয়ে সরকারী কর্মচারীরা কেন কাজ করবেন সেটা বুঝতে পারি না। এই কথাগুলি মন্ত্রিমহাশয় বিবেচনা করুন। টাকাপয়সার কথা এখানে বলা দরকার, সমস্ত চার বছর যাতে তাঁরা গ্রামের সেবা করেন সেদিকে লক্ষ্য রাখুন। এরপর আমি বি ডি সি সম্বন্ধে বলবো। বি ডি সি একটা করে কথা দিয়ে আপনারা বলেন যে আমরা খুব গণতন্ত্র করছি। নিশ্চয় বি ডি সি-র প্রয়োজনীয়তা আছে। কিন্তু আমি দেখেছি অনেক ক্ষেত্রে বি ডি সি-র মধ্যে নমিনেটেড মেম্বার যে সমস্ত আছেন তাঁদের সংখ্যা বি ডি সি-র যারা এমনি অফিসিয়াল মেম্বার তাঁদের থেকেও বেশী। এবং সেই নমিনেটেড মেম্বররা সেখানে যখন যান তাঁরা সবাই কংগ্রেসের বিশেষ বিশেষ লোক। এই যে নমিনেশন হচ্ছে তা কোন ক্ষেত্রে ৪ বছর কোন ক্ষেত্রে পাঁচ বছর এবং কোন ক্ষেত্রে আট বছর ধরে। এইভাবে উত্তরাধিকার সূত্রে নমিনেশন পেয়ে আসছেন এবং বি ডি সি-র মেম্বারগিরি করে আসছেন। সেখানে বিরোধী পক্ষের দু'একজন এম এল এ যদি বাই চান্স হয়ে যান তাহলে সেখানে গিয়ে তাঁরা যে কথা বলেন তার কোন মূল্য হয় না। কারণ তাঁদের ভোটের জোর নেই। সেজন্য বলছি বি ডি সি-কে রিকনস্টিটিউট করুন। বি ডি সি-তে গ্রাম পঞ্চায়েতের সভাপতি থাকুন, অঞ্চল পঞ্চায়েতের মেম্বার থাকুন, তাঁরা যদি তাতে কংগ্রেসের লোক হন আপত্তি নেই কিন্তু কংগ্রেসের বিশেষ বিশেষ লোককে নমিনেশন দিয়ে নিয়ে আসার এই যে পদ্ধতি এটা বন্ধ করুন। দেশের সেবা কংগ্রেসের একচেটিয়া নয়। বিরোধী পক্ষের লোকেরাও এটা করতে পারেন, এমন কোন বি ডি সি নেই যেখানে বিরোধী পক্ষের কোন লোককে নমিনেশন দেওয়া হয়েছে। পশ্চিমবাংলাকে সেবা করবার অধিকার কি কংগ্রেসের শুধু আছে? বিশেষ বিশেষ ব্যক্তি যাদের প্রচুর দুর্নাম ঐ এলাকায় আছে সেই বিশেষ বিশেষ ব্যক্তি ছাড়া বিরোধী পক্ষের কি কোন লোক সেখানে যেতে পারে না? বিরোধী পক্ষকে কি নমিনেশন মন্ত্রিসভা দিতে পারেন না একটা ব্লকে? এ বিষয়ে আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা বলতে চাই চৌকিদার এবং দফাদারদের সম্পর্কে। এরা ব্লক ডেভেলপমেন্টের আন্ডারে, অঞ্চল পঞ্চায়েতের আন্ডারে এবং গ্রাম পঞ্চায়েতের আন্ডারে কাজ করে—এদের মাইনে সম্বন্ধে একটু বিবেচনা করতে বলবো—বর্তমান যুগে ১৫ এবং ২১ টাকা মাইনেতে কারুরই চলতে পারে না। এটা বোধ হয় মন্ত্রীদের দু-এক ঘণ্টার খরচ। সুতরাং এই দফাদার এবং চৌকীদারদের মাইনের ব্যাপারে একটা বিবেচনা করবেন যাতে তাদের মাইনে বাড়ে। তারপর গ্রামপঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েতের ব্যাপার নিয়ে আমি একটা কথা বলতে চাই। গ্রামপঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েতের মধ্যে অনেক ক্ষেত্রে ট্যাক্স আদায়, কালেকসন, এবং ট্যাক্স বসানো নিয়ে এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজ নিয়ে বৈষম্য দেখা

যায়। জি আর রিলিফের কাজ নিয়েও অনেক সময় গরমিল দেখা দেয়। সেজন্য বলছি গ্রামপঞ্চায়েতের হাতে ট্যাক্স কালেকশন, ট্যাক্স ইম্পোজিশনের ভার দেওয়া হোক। জি আর-এর লিস্ট যাতে গ্রামপঞ্চায়েতের হাতে থাকে সেটার ব্যবস্থা করে দেওয়া হোক। এই সংগে বলতে চাই ফেরীঘাট বিভিন্ন এলাকায় রয়েছে, সেই ফেরীঘাটের টাকা ডিস্ট্রিক্ট বোর্ড নিয়ে নেয়- যাতে অঞ্চল পঞ্চায়েত এবং গ্রামপঞ্চায়েত এর ভাগ পান সেজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। আমি শেষ কথা বলছি যে প্রতিরক্ষা ব্যবস্থাকে দৃঢ়তর করতে গেলে ব্লকের প্রয়োজন আছে, এটা মানি কিন্তু মাইনে দিয়ে শুধু অফিসার পুষলেই প্রতিরক্ষা ব্যবস্থা দৃঢ়তর হবে না। উৎপাদন বৃদ্ধি করতে গেলে সেচ ব্যবস্থার উন্নতির দরকার, তেমনি কৃষকদের উদ্দীপনায়ও দৃষ্টি করা দরকার, সেদিকে যেন মন্ত্রিমহাশয় দৃষ্টি দেন।

তারপর হচ্ছে গ্রামপঞ্চায়েত ও অঞ্চল প্রধানের বিষয় নিয়ে একটু বলতে চাই। গ্রামপঞ্চায়েত ও অঞ্চল পঞ্চায়েতের মধ্যে অনেক ক্ষেত্রে দেখা যায় মতবৈষম্য দেখা দিয়েছে। ট্যাক্স বসান, ট্যাক্স কালেকশন ও বিভিন্ন উন্নয়নমূলক কাজ কর্ম নিয়ে- জি আর পি নিয়ে, লিস্ট নিয়ে—অনেক সময় গরমিল দেখা দেয়। এই জন্য আমি বলছি গ্রামপঞ্চায়েতের হাতে ট্যাক্স কলেকশনের ভার দেওয়া হোক, ট্যাক্স ইম্পোজিশনের ভার দেওয়া হোক, এবং সংগে সংগে যে লিস্ট হবে সে লিস্ট যাতে গ্রামপঞ্চায়েত থেকে হয় তার ভার দেওয়া হোক। এর সংগে আমি আর একটা কথা বলতে চাই, ফেরীঘাটসমূহ বিভিন্ন এলাকায় রয়েছে, এই সব ফেরিঘাটের টাকা ডিস্ট্রিক্ট বোর্ড নিয়ে যান, গভর্নমেন্ট নিয়ে যান, সেটা অঞ্চলপঞ্চায়েত যাতে ভার পান তার জন্য আমি অনুরোধ করছি। আমার শেষ কথা হচ্ছে প্রতিরক্ষা ব্যবস্থাকে দৃঢ়তর করতে হলে ব্লকের প্রয়োজন আছে। শুধু মাত্র ব্লকে মাহিনা দিয়ে অফিসার পুষলেই সে কর্তব্য করা হবে না। উৎপাদন বৃদ্ধির সংগে সেচ ব্যবস্থার উন্নতি দরকার কৃষকদের মধ্যে উৎসাহ উদ্দিপনা বৃদ্ধি করা দরকার। এ বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি দিতে অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Bijoy Bhusan Mandal:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সমষ্টি উন্নয়নের খাতে ব্যয়বরাদ্দের যে দাবী মাননীয় মন্ত্রিমহাশয় উত্থাপন করেছেন, তার বিরোধিতা করি। কারণ, যে মহৎ উদ্দেশ্য সম্মুখে রেখে সমষ্টি উন্নয়ন পরিকল্পনা রচনা করা হয়েছিল তা সম্পূর্ণ কার্যকরী করতে সরকার ব্যর্থ হয়েছেন। জনসাধারণের স্বতঃস্ফূর্ত সহযোগিতার মাধ্যমে দেশের গ্রামগুলিকে নূতন করে গড়ার উদ্দেশ্য ঘোষণা করা হয়েছিল। কিন্তু বাস্তবে আমরা দেখেছি যে বি ডি ও অফিসের সংগে গ্রামের সাধারণ মানুষের দৈনন্দিন যোগাযোগ নেই। গ্রামের মানুষের কাছে বি ডি ও অফিসগুলি ছোট ছোট রাইটার্স বিল্ডিংস রূপেই দেখা দিয়েছে। কারণ সেখানে বড় বড় অফিসারদের আনাগোনা, ফাইলের পাহাড়, আর আর্দালী, বেয়ারা, জীপ গাড়ী। গ্রামের মানুষ এই সব আড়ম্বরকে কোন দিনই ভাল চোখে দেখে নাই, আজও দেখেন না। তাঁরা দেখতে পান এসব সাজানো বাড়ী, বাগান, ইলেকট্রিক আলোর সজ্জা ও নানা প্রকার আড়ম্বর দেখে তারা হতাশ হয়ে যান। তারা আন্তরিকতার সংগে একে গ্রহণ করতে পারেন না। যদি প্রকৃত জনসহযোগিতা পেতে হয়, তবে এইরূপ আমলাতান্ত্রিক আচার ও আচরণ পরিবর্তন করতে হবে। রিলিফের টাকা বিশেষ বিশেষ ব্যক্তির স্বার্থে ব্যবহার করা হয়।

গ্রামাঞ্চলে দেখা যায় কংগ্রেস নেতারা বি ডি ও-দের উপর প্রভাব বিস্তার করে, এবং তাদের দিয়ে নিজেদের দলীয় স্বার্থে কাজ করিয়ে নেয়। যদি কোন ভাল অফিসার স্বাধীনভাবে কাজ করবার চেষ্টা করেন, তবে তাঁকে তদ্বির করে ট্রান্সফার করা হয়। এই সব বি ডি ও এমনভাবে স্থানীয় কংগ্রেসী রাজনীতির সংগে জড়িয়ে পড়েন যে স্থানীয় সব কাজেই এরা কংগ্রেসের স্বার্থেই কাজ করেন। যখন এই সব লোকের হাতে স্কুলের দায়িত্ব দেওয়া হয়, স্কুলের অবস্থা তখন শোচনীয় হয়ে পড়ে। আজ বহু বৎসর হইল উলুবেড়িয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে স্থানীয় বি ডি ও-কে অ্যাডমিনিস্ট্রেটর করা হয়েছে। স্কুলের ব্যাপারে বি ডি ও চরম অপদার্থতার পরিচয় দিয়েছেন। বি ডি ও-র অত্যাচারে স্কুলের অব্যবস্থা ক্রমেই বেড়ে চলেছে।

গ্রামসেবক ও গ্রামসেবিকা যারা কমিউনিটি ডেভেলপমেন্ট-এর কাজের আসল স্তম্ভ, তারা পুরোপুরিভাবে কংগ্রেস নেতাদের প্রভাবাধীন। যারা কংগ্রেসের লোক, একমাত্র তাদেরই এই চাকুরী দেওয়া হয়। এবং গ্রামসেবা মোটেই এদের উদ্দেশ্য নয়—এদের একমাত্র কাজ গ্রামে কংগ্রেস সংগঠন করা এবং কংগ্রেসের নির্বাচনী কাজে সাহায্য করা। আমি প্রস্তাব করি, গ্রাম-

সেবক ও গ্রামসেবিকার নাম পরিবর্তন করে "কংগ্রেস সেবক" ও "কংগ্রেস সেবিকা" রাখা হোক। কমিউনিটি ডেভেলপমেন্টএর কাজে বামপন্থীদের পরামর্শ নেওয়া হয় না। সরকারী অর্থের অপব্যয় হচ্ছে, কোন কাজ হচ্ছে না। গ্রামের উন্নয়নের নামে কংগ্রেসের রাজনৈতিক স্বার্থ সিদ্ধ করা হচ্ছে। সরকার যদি সত্যই গ্রাম উন্নয়ন চান, কমিউনিটি ডেভেলপমেন্টএ সৎ অফিসার নিয়োগ করুন। কংগ্রেস দলের প্রভাব থেকে একে মুক্ত করুন—অন্যান্য দলের সহযোগিতা গ্রহণ করুন। গ্রামসেবক, গ্রামসেবিকাদের দলনিরপেক্ষ করুন। অনুন্নত ও দরিদ্র গ্রামবাসীদের স্বার্থের দিকে দৃষ্টি দিন।

[1-20—1-30 p.m.]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি যে অঞ্চল থেকে এসেছি সেখানের অধিবাসীদের কথা কিছু বলা দরকার। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, কয়েকদিন আগে পানীয় জলের অভাবে তুলসীবেড়া বাজারের কাছে মহামারী দেখা দিয়েছে—বসন্ত এবং কলেরা রোগে বহু লোক মারা গেছে এবং গ্রামে যে সমস্ত অকেজো টিউবওয়েল পড়ে আছে সেগুলি সরকারী অর্থে রিসিংকিং করার ব্যবস্থা করার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করি। রাস্তা সম্বন্ধেও কিছু বলা দরকার। হাইওয়ে থেকে ছোট ছোট যে রাস্তা গিয়েছে সেগুলি সংস্কার করা দরকার এবং তার সাথে সাথে হেলথ সেন্টার যেসব আছে সেখানে যাতে এম্বুলেন্স যায় এই রকম ধরনের রাস্তা তৈরী করা দরকার। এই সমস্ত জায়গায় ইলেকট্রিফিকেশন করার দরকার আছে এবং তার সঙ্গে সঙ্গে যে হেলথ সেন্টারগুলি আছে সেখানেও ইলেকট্রিক যাতে যায় তার ব্যবস্থা করা দরকার। গ্রামে যদি কৃষকের উন্নতি করতে চান তাহলে ভূমি সংস্কার, খাল সংস্কার এবং তার যে সমস্যা আছে সেগুলি সমাধান করা দরকার। গ্রামে ক্ষুদ্র ক্ষুদ্র কুটির-শিল্প স্থাপন করে গ্রামের বেকারী দূর করা দরকার। কিন্তু সরকার এ ব্যাপারে ব্যর্থতার পরিচয় দিয়েছেন। খালগুলি সম্বন্ধে বলি যে আমাদের এলাকায় বাচস্পতি খাল, রূপনারায়ণ খাল এবং চেঙ্গাইল খাল এই যে খালগুলি আছে এগুলির সংস্কার করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Brindaban Gayen:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় সমষ্টি উন্নয়ন খাতে যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন আমি তা সম্পূর্ণভাবে সমর্থন করি। সমষ্টি উন্নয়ন পরিকল্পনা খাতে মন্ত্রিমহাশয় যে টাকা উত্থাপন করেছেন বিরোধী পক্ষের সদস্যরা তা সমর্থন করতে পারছেন না। তাঁরা এর মধ্যে দলীয় রাজনীতি দেখছেন, এর মধ্যে দুর্নীতি দেখেছেন- তাঁরা কোন ভাল কাজের কিছু দেখতে পাচ্ছেন না। সেই জন্য তাঁরা এই পরিকল্পনাকে সমর্থন জানাতে পারছেন না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আমি আপনার মাধ্যমে বলতে চাই যে গ্রামের উন্নতি যদি করতে হয় তাহলে এই সমষ্টি উন্নয়ন পরিকল্পনাকে সমর্থন না করলে আমাদের চলবে না। কারণ সরকার দেখেছেন যে সহরের উন্নতি যে হারে হচ্ছে গ্রামের উন্নতি সেই হারে হয় নি। সেই জন্য সরকার পরিকল্পনা নিয়েছেন যে যাতে গ্রামের লোক আত্মনির্ভরশীল হতে পারে সেজন্য সেখানে ট্রেন্ড অফিসার দিয়ে তাদের সাহায্য করতে হবে। বর্তমান সময়ে যাতে বৈজ্ঞানিক পদ্ধতিতে গ্রামের লোকরা নিজেদের কাজ নিজেরা করে নিতে পারে তারা যাতে কৃষি কার্যে উন্নতি করতে পারে গ্রামের যে শিল্প অবহেলিত হয়ে রয়েছে সেগুলি যাতে ভালভাবে পুনরুজ্জিবীত করে তাদের আর্থিক অনটন দূর করতে পারেন সেই লক্ষ্য নিয়ে সমষ্টি উন্নয়নের কাজ এগিয়ে চলেছে। সেই পরিকল্পনাকে আমরা যদি কার্যকরী করতে না পারি তাহলে গ্রামের উন্নতি কিছুতেই সম্ভব নয়। সেজন্য আজ আমাদের সকলকে চেষ্টা করতে হবে যাতে সমষ্টি উন্নয়ন পরিকল্পনা সার্থকভাবে রূপায়িত হয়। দলীয় রাজনীতি এর মধ্যে নেই, কংগ্রেসের সম্পর্ক এর মধ্যে নেই। অনেকে বলেছেন যে কংগ্রেসের লোক যারা তারাই এখানে এসেছেন- কিন্তু সে কথা ঠিক নয়। যারা বি ডি ও এসেছেন তাঁরা বিশেষ সার্ভিস ক্যাডার থেকে এসেছেন। এর মধ্যে কংগ্রেসের প্রভাব কিভাবে আসতে পারে তা আমরা বুঝতে পারি না। সেজন্য আমি মাননীয় স্পীকার, স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে নিবেদন করবো যাতে সমষ্টি উন্নয়নের কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হয়—যে সমস্ত অফিসার গ্রামে রয়েছেন তাঁদের যেন তিনি ভালভাবে নির্দেশ দেন। কারণ গ্রামের লোককে সাহায্য করতে তাঁরা সেখানে গিয়েছেন। তাঁরা গ্রামের লোককে সাহায্য

করবেন—সে এগ্রিকালচারের দিক থেকেই হোক বা শিল্পের দিক থেকেই হোক, বা রাস্তাঘাট, নলকূপ ইত্যাদি যে কোন ব্যাপারেই হোক, তাঁরা এগিয়ে তাঁদের সাহায্য করবেন। কাজেই তাঁরা যখন গ্রামের লোকের সংগে ভালভাবে মেশেন।

যে সমস্ত ব্লক হয়েছে এবং সেখানে যে সমস্ত অফিসার গিয়েছেন, তাঁরা সেখানে গিয়ে রাইটার্স বিল্ডিংসএর একটা নূতন সংস্করণ করতে চান। গ্রামের লোকের সংগে ভালভাবে মিশতে চান না। তাঁরা অফিসার হয়েছেন বলে যদি সেই মেজাজে কাজ করতে চান, তাহলে ঠিকভাবে কাজ পরিচালিত হবে না। গ্রামের লোককে সাহায্য করতে তাঁরা সেখানে গিয়েছেন, যাতে গ্রামের লোক মডার্ন নলেজ পান তার জন্য সেখানে তাঁরা গিয়েছেন। মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে গ্রামের লোকের সংগে তাঁরা ভালভাবে মিশে সেখানে কাজকর্ম ভালভাবে চালান, সেদিকে তাঁরা নজর দেন।

একজন বলেছেন রিলিফ যাতে কংগ্রেসের লোক পায়, তার জন্য তাদেরকে ইউটিলাইজ করা হয়। সেখানে যে রিলিফ বণ্টন হয়, সেখানে যে রিলিফ কমিটি করা হয়েছে, তাতে সকল পক্ষের লোক আছেন। সেখানে যে সদস্য আছেন, তাঁরাই তালিকা তৈরী করে দেন এবং সেই অনুসারে রিলিফ বণ্টন করা হয়। কংগ্রেসের লোককে বেশী করে রিলিফ দেওয়া হয়, তা নয়। প্রায়ই দেখছি ইউনিয়ন বোর্ডের যারা সদস্য তার মধ্যে অনেক সময় অনেক সদস্য কংগ্রেস বিরোধী, রিলিফ কমিটিতে ইউনিয়ন বোর্ডের সেক্রেটারী আছে। কাজেই রিলিফ কমিটিতে কেবল এক পক্ষকে যে রিলিফ দেওয়া হয়, তা সত্য নয়। বিরোধী পক্ষের সদস্যরা সব জায়গায় দুর্নীতির গন্ধ পেয়ে থাকেন। সেই জন্য একথা উল্লেখ করছি।

আর একটি কথা উল্লেখ করতে চাই আজকে, সমষ্টি উন্নয়ন খাতের যে ব্যয় বরাদ্দ তাতে অনেক কাটছাঁট করা হয়েছে। কৃষি ও নলকূপের জন্য টাকা বরং বাড়ান হয়েছে, কমান হয় নাই। এটা অত্যন্ত আনন্দের কথা। বর্তমান অবস্থায় দেশের উৎপাদন বাড়ানো দরকার। তা যদি না করতে পারি তাহলে দেশের জনসাধারণের জীবনের মান উন্নত করতে পারবো না। মন্ত্রিমহাশয় অন্য খাতে যদিও টাকা কাটছাঁট করেছেন, কিন্তু কৃষি খাতের জন্য টাকা বাড়িয়েছেন—এটা অত্যন্ত আনন্দের কথা।

আর একটা কথা নিবেদন করতে চাই আজ বর্তমান অবস্থায় অনেক কিছু কাটছাঁট করা হয়েছে, ব্লকের যে সমস্ত বাড়ী তৈরী করার দরকার তার কাজও বন্ধ করা হয়েছে। তা করা হোক শুধু একটি ব্যাপার আমি জানাতে চাই। কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্ট, ট্রেনিং-কাম-প্রডাকশন সেণ্টারও বন্ধ করে দেওয়া হয়েছে। গ্রামে যে শিল্প থেকে জিনিষপত্র উৎপাদন হচ্ছিল, তা বন্ধ হয়ে যাওয়াতে প্রায় এক হাজার কর্মী বেকার হয়ে বসে আছে। তারা যাতে কাজ পায় তার জন্য এই ট্রেনিং-কাম-প্রডাকশন সেণ্টারগুলি আবার খোলা হোক সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর এদিকে বরাদ্দ যেন ঠিক থাকে—একথাও নিবেদন জানাবো।

আর একটি কথা মন্ত্রিমহাশয়কে বলবো—কমিউনিটি ডেভেলপমেণ্টএর টাকাটা প্রায়ই বছরের শেষ দিকে আসে, কাজেই অনেক কাজ মার্চ মাসের ভেতর করতে পারা যায় না বলে টাকাটা শেষ পর্যন্ত ফিরে যায়, এই টাকা যাতে ঠিকমত সময়ে আসে সেদিকে তিনি যেন নজর দেন। কমিউনিটি ডেভেলপমেন্টের টাকা বিভিন্ন খাতে আসে, সেই জন্য দেরী হয় শুনি। তবে এই দেরী যাতে না হয়, এমন ব্যবস্থা করা প্রয়োজন। যদি বছরের প্রথম দিকে টাকা দেওয়া হয়, তাহলে গ্রামের উন্নয়নমূলক কাজগুলি মার্চ মাসের মধ্যে করা সম্ভব হতে পারে। সেদিকেও তাঁকে নজর দিতে অনুরোধ করছি। মন্ত্রিমহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন তা আমি সম্পূর্ণ সমর্থন করছি।

[1-30—1-40 p.m.]

Shri Deb Saran Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্টএ যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন, সে সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমি প্রথমে গত বছরের গুটিকতক হিসাব তুলনামূলক ভাবে আপনার মাধ্যমে হাউসের সামনে রাখতে চাচ্ছি। মাননীয় মন্ত্রিমহাশয় গ্রামে পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠার দ্বারা গ্রাম উন্নয়ন পরিকল্পনার যে স্বপ্ন দেখছেন, সেটা যে সম্পূর্ণ অলিক তা প্রমাণ হয়ে যাবে এই হিসাবগুলির দ্বারা।

গ্রাম্যজীবনের সামাজিক ও অর্থনৈতিক অবস্থার উন্নতি করতে হলে যে সমস্ত বিষয়গুলির প্রতি বিশেষ গুরুত্ব দেওয়া উচিত ছিল, এবারকার বাজেটে আমরা দেখছি সেই সমস্ত বিষয়ের উপর জোরতো দেওয়া হয় নি, বরং উপেক্ষা করা হয়েছে। প্রথমে ধরা যাক যোগাযোগ ব্যবস্থা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গ্রাম্যজীবন যোগাযোগের অভাবে সেখানকার মানুষকে কি চরম দুরবস্থার মধ্যে পড়তে হয়। সাধারণ গ্রামবাসীর জীবন যে দুঃখদারিদ্রে জর্জরিত তার মূল কারণ হচ্ছে এই যোগাযোগের অভাব। গ্রাম এবং সহরের সঙ্গে যোগাযোগের ব্যবস্থা না থাকার দরুন গ্রাম্যজীবনের এত অবনতি পরিলক্ষিত হয়। আমরা দেখতে পাচ্ছি যেখানে মেটাল্ড রোড হয়েছে, তার জন্য গত বছর বরাদ্দ করা হয়েছিল ৬ লক্ষ টাকা। কিন্তু এবারে সেই জায়গায় মাত্র ৫০ হাজার টাকা ধরা হয়েছে। কাঁচা রাস্তার জন্য গত বছর ১৩ লক্ষ টাকা ধরা হয়েছিল। এবারের বাজেটে দেখা যাচ্ছে সেখানে মাত্র ৩১ হাজার টাকা ধরা হয়েছে। তারপর এডুকেশনের ব্যাপারে দেখছি গত বৎসর ৯ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল। এবারের বাজেটে মাত্র ৫০ হাজার টাকা বরাদ্দ ধরা হয়েছে। ট্রেনিং-কাম-প্রোডাকশন সেন্টারে গত বছর ২২ লক্ষ ৪৬ হাজার টাকা ধরা হয়েছিল। এবারে সেখানে মাত্র ২ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। কাজেই মাননীয় মন্ত্রিমহাশয় এই যে বিভিন্ন খাতে ব্যয় বরাদ্দের অর্থ কমিয়ে দিয়ে, গ্রাম উন্নয়নের স্বপ্ন দেখছেন, সেটা কখনও বাস্তবে সম্ভব হবে না। এবং এই হিসাব থেকেই সেটা প্রমাণ করে দিচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের ভারতবর্ষের উপর কমিউনিস্ট চীনের আক্রমণে যে দেশের সর্বত্র একটা বিপর্যয় এনে দিয়েছে, এটা দেশবাসী সকলেই স্বীকার করে নিয়েছেন, এবং বাস্তব অবস্থায় তা প্রমাণিত হচ্ছে। কিন্তু এখানে আমরা আর একটা চেহারা দেখছি। কমিউনিস্ট চীনের আক্রমণের ফলে ভারতবর্ষের কংগ্রেস সরকারের পক্ষে সেটা একটা আশীর্বাদের মত দেখা দিয়েছে। যখন কোন খাতে বরাদ্দ কমান হচ্ছে, তখন অজুহাত দেখান হচ্ছে চীনের আক্রমণ। আবার যখন কোন খাতে বরাদ্দ বাড়ান হচ্ছে, তখনও অজুহাত দেখান হচ্ছে সেই চীনের আক্রমণ। কাজেই এ থেকে মনে হচ্ছে চীনের এই যে আক্রমণ ভারতবর্ষের উপর, সেটা কংগ্রেস সরকারের উপর যেন আশীর্বাদ স্বরূপ দেখা দিয়েছে এবং সারা দেশবাসীর উপর একটা অভিশাপের মত দেখা দিয়েছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কমিউনিটি ডেভেলপমেন্টের বাস্তব অবস্থাটা কি, সেটা দেখতে চাচ্ছি। আপনি জানেন কমিউনিটি ডেভেলপমেন্টএর ব্লক অফিসে যে কয়েক জন অফিসার আছেন যেমন বি ডি ও, এ ই ও, এস ই ও এবং গ্রামসেবক ইত্যাদি। কিন্তু এই কর্মকগুলি শক্ত সমষ্টিতে সেখানকার সাধারণ মানুষের জীবনে কোন পরিবর্তন আনতে পারে নি। তাঁরা সেখানে কিভাবে কাজ করে চলেছেন সে সম্বন্ধে বলতে গেলে বলা যায় যে, তাঁরা গ্রামের স্বার্থ বিরোধী কাজ করছেন। এই যে বি ডি ও সাহেব, যিনি ব্লক অফিসের বড় সাহেব বা অফিসার, তাঁর কাজ হচ্ছে দেখা যায় যে, তিনি বিভিন্ন গ্রাম ঘুরে অঞ্চল পঞ্চায়েতের মধ্যে দলাদলি, বিভেদ সৃষ্টি করছেন। আপনি জানেন অঞ্চল পঞ্চায়েতের মধ্যে সেখানে পঞ্চায়েতের অধ্যক্ষ নির্বাচনের ব্যাপার নিয়ে গ্রামের মধ্যে একটা দলাদলি দেখা দিয়েছে। তাঁর কাজ হচ্ছে অঞ্চল পঞ্চায়েতের ভিতর একটা অন্তর দ্বন্দ্ব জিইয়ে রাখা এবং বিভিন্ন সমিতিগুলির মধ্যে এই রকম একটা গন্ডগোল সৃষ্টি করবার চেষ্টা তিনি করে থাকেন। আমরা জানি এই বি ডি ও সাহেব কোন একটি অঞ্চলের মধ্যে একটা স্কুলের পাঁচ হাজার টাকা স্যাংকশন করবার ব্যবস্থা করলেন এবং সঙ্গে সঙ্গে তার পাশের আর একটা অঞ্চল পঞ্চায়েতে গিয়ে বললেন ঐ অঞ্চলে একটা স্কুলের জন্য তারা পাঁচ হাজার টাকা নিয়ে গিয়েছেন। সুতরাং তোমরাও টাকার জন্য দরখাস্ত করো। তখন সঙ্গে সঙ্গে তারা দরখাস্ত করলো, এবং কে কত টাকা পাবে এই নিয়ে সেখানে একটা ঝগড়া, দলাদলি সৃষ্টি হল। এই ভাবে অঞ্চল পঞ্চায়েতের মধ্যে একটা দলাদলি বিভেদ সৃষ্টি করে দেওয়া হচ্ছে। এই সকল বি ডি ও সাহেব, এ ই ও, এস আর ও-দের কথা আর বলতে চাই না। তবে আর একটি কথা এই গ্রামসেবীকাদের সম্বন্ধে বলবো। আমার সৌভাগ্য হয়েছিল একজন গ্রামসেবীকার কাজ দেখবার। একজন গ্রামসেবীকা কোন এক গ্রামে মহিলা সমিতি গড়ে তোলবার জন্য সেখানে গিয়ে উপস্থিত হলেন। আমারও সৌভাগ্য হয়েছিল সেখানে যাবার এবং দেখবার। প্রথমে সেই গ্রামসেবীকাকে একজন মহিলা এসে অভ্যর্থনা করলেন, আসুন দিদি আসুন বলে। তারপর আর একজন মহিলা তাঁকে জিজ্ঞাসা করলেন আপনি যে খোঁপাটা বেঁধেছেন ঐটার নাম কি?

গ্রামসেবিকা বললেন হর্সেস টেল। এইভাবে মহিলা সমিতির কাজ আরম্ভ হল। তারপর অধ্যক্ষ মহাশয়, তারপর কি আলোচনা হল সেখানে মহিলা সমিতির তা আপনারা বুঝতেই পারছেন। এবং আমি জোর করে বলতে পারি এই মহিলা সমিতির মাধ্যমে, গ্রামসেবীকার মাধ্যমে কোন গ্রামে আজ পর্যন্ত কোন মহিলা সমিতি সম্ভবপর হয় নি। পরিশেষে আমি একটা কথা বলতে চাই যে কমিউনিটি ডেভেলপমেন্টএর যে উন্নতি গ্রামে হয়েছে তা একটা শিক্ষকের প্রশ্ন এবং ছাত্রের উত্তরেই পরিষ্কার বোঝা যাবে। একজন শিক্ষক একজন ছাত্রকে প্রশ্ন করছেন যে, হোয়াট ইজ কমিউনিটি ডেভেলপমেন্ট? সেই ছাত্র উত্তর দিচ্ছে—ইট ইজ এ জীপ স্যার, ইট রান্স ভেরি ফাস্ট। আপনারা জানেন উপাধ্যক্ষ মহাশয়, যে গ্রামের মধ্যে দিয়ে একটা জিপ্ ঘুরে বেড়ায় সেই জিপে গায়ে লেখা থাকে কমিউনিটি ডেভেলপমেন্ট, স্কুলের ছাত্র দেখেছে যে জীপের গায়ে লেখা থাকে কমিউনিটি ডেভেলপমেন্ট এবং সেটা গ্রামে গ্রামে ঘুরে বেড়ায় সুতরাং সেটাই হবে কমিউনিটি ডেভেলপমেন্ট। এর থেকে বুঝতে পারবেন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কমিউনিটি ডেভেলপমেন্টএর মাধ্যমে গ্রাম্য জীবনের কি উন্নতি সম্ভব হয়েছে তা এর মধ্যে দিয়েই বুঝতে পারা যাবে। আমার সময় অল্প, আমি এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

[1-40—1-50 p.m.]

Shri Sudhir Chandra Das:

স্পীকার মহোদয়, যখনই এক্সটেনশন ব্লক, কমিউনিটি ডেভেলপমেন্ট ইত্যাদি গালভরা নাম প্রথমে শুনেছিলাম তখনই বুঝেছিলাম এর জন্য কতকগুলি অফিস খাড়া করে দেওয়া হবে, ছোট বড় অনেক কর্মচারী আসবেন, নীচের তলার গ্রামের মানুষের কোন উপকারই হবে না। সেই আসল উদ্দেশ্য সম্পূর্ণ ব্যর্থতায় পর্যবসিত হবে। সেটা তখন মনে করেছিলাম, আজ কার্যতঃ তাই হয়েছে এবং দেখতে পেলাম কমিউনিটি ডেভেলপমেন্টএর নামে যে সমস্ত বাড়ী হয়েছিল সেগুলি অফিসারদের থাকার বাড়ী হয়েছে—কোন ডেভেলপমেন্ট গ্রামে চোখে দেখতে পেলাম না। যে সমস্ত ঘরবাড়ী ওই কমিউনিটি ডেভেলপমেন্টএর নামে হয়েছিল তার উদ্দেশ্য এখানে বহুবার বলা হয়েছে এবং সেগুলি এখন ব্যর্থতার ইতিহাস বহন করে নিয়ে চলেছে। আমি আপনাদের কাছে একটা উদাহরণ দিই—মোট টাকা যা ধরেছেন, দুই কোটি অষ্টান্ন লক্ষ টাকা খরচ করা হবে মোট; তার মধ্যে ১ কোটি ১০ লক্ষ এবং ১ কোটি ১৫ লক্ষ—এই দুই কোটি ২৫ লক্ষ টাকা মোটামুটি অফিসারদের মাইনে এবং ঘরবাড়ী ইত্যাদির জন্য খরচ করা হবে। এটা ঠিক, যেমন আমার এক বন্ধু বললেন যে ডেভেলপমেন্ট কমিউনিটি এর ব্লক এরিয়াতে যে সমস্ত ঘরবাড়ী হয়েছে তা চমৎকার, তার পর সেখানে জীপ গিয়েছে, অফিসার আছেন, পিওন আছে—লটবহর সবই ঠিক আছে, কিন্তু আসল যে উদ্দেশ্য গ্রামোন্নয়ন, পথঘাট রাস্তা, কৃষি, শিল্প এবং অন্যান্য বিষয়ের উন্নতি তার কিছু হচ্ছে না। সেখানে বলা হচ্ছে গরুর গাড়ীর উপর ট্যাক্স বসাও, পঞ্চায়েতকে বলা হচ্ছে তোমরা ফেল কড়ি মাখ তেল। এই অবস্থায় গ্রাম পঞ্চায়েত সফল হবে বলে যাঁরা মনে করেন হয় তাঁরা বাতুল না হয় উন্মাদ। আসল উদ্দেশ্য সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। যতদিন না ওই মাথাভারী শাসন ব্যবস্থার অফিসারদের পোষণের ব্যয়বরাদ্দ কমিয়ে গ্রাম পঞ্চায়েতের হাতে টাকা না দিচ্ছেন ততদিন গ্রামে পঞ্চায়েতরাজ হতে পারে না—ততদিন ওই এক্সটেনশন ব্লক্, ডেভেলপমেন্ট ব্লক নামেই থাকে, সেখানে অফিসারদের জীপ ছুটবে আর ব্যয়বরাদ্দের মঞ্জুরী বেড়েই চলবে। তারপর শুনছি অন্ততঃ এক লক্ষ লোকের নীচের অথবা ৫০ হাজার লোকের নীচের গ্রাম্য মিউনিসিপ্যাল এলাকা যেগুলি আছে তাকে আপনারা ডেভেলপমেন্টএর আওতায় আনবার চেষ্টা করছেন। ছোট ছোট মিউনিসিপ্যালিটি সাংঘাতিকভাবে অবহেলিত হচ্ছে—তার আর্থিক সামর্থ্য একেবারেই নেই—মেথর, ঝাড়ুদারদের বেতন পর্যন্ত দিতে পারে না। শুনলাম আপনারা চন্দ্রকোণা, রামজীবনপুর এবং আরও কয়েকটি মিউনিসিপ্যাল এলাকা ব্লক এরিয়াতে নিচ্ছেন। আমি আশা করি পশ্চিমবঙ্গের যে সমস্ত মিউনিসিপ্যাল এলাকা আছে সবগুলিকে ব্লক এরিয়ার মধ্যে নিয়ে যাতে কিছু টাকা সেখানে দিতে পারেন তার ব্যবস্থা করবেন। এই আবেদন আমি এখানে রাখছি। সত্য কথা বলতে কি ডেভেলপমেন্ট কাজের কোন উন্নতি ঐ সব জায়গায় হয় নি। ডেভেলপমেন্ট স্কিম-এর শতকরা ৫০ ভাগ টাকা গ্রামের লোকদের দিতে হবে, কিন্তু গ্রামের লোক যে তা দিতে পারবে সে সঙ্গতি তাদের কোথায়? যেটুকু কাজ সেখানে

হয়েছিল তারপর আমরা জানি এক ওয়াটার সাপ্লাইএর কাজ ছাড়া আর কোন কাজ হবে না এস ডি ও বলেছেন। ওয়াটার সাপ্লাই ছাড়া স্কুল গৃহ নির্মাণ, পথঘাট নির্মাণের কাজ যেটা এখন করা হচ্ছে না, ইন্ডিয়া গভর্নমেন্ট নাকি টাকা দেবেন না—এই কথা এস ডি ও আমাদের কাছে বলেছেন। মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে যেন আমাদের জানান শুধু ওয়াটার সাপ্লাই ছাড়া গ্রাম উন্নয়নের আর কোন কাজ হবে কি না। গ্রাম পঞ্চায়েতকে টাকা দিতে বলেছি যেন তার ফাইল দেখে বলেন গ্রাম পঞ্চায়েতের হাতে কত টাকা কিভাবে দেওয়ার ব্যবস্থা তিনি করেছেন। উড়িষ্যা ইউ পি-তে যে পঞ্চায়েতরাজ হয়েছে সেখানে উন্নয়ন কাজে ৩৫ পারসেন্ট, ২০ পারসেন্ট দেবার ব্যবস্থা আছে। আমাদের এখানে গ্রাম পঞ্চায়েত কি দেবেন এটা পরিষ্কার করে জানাবেন। রিলিফএর কাজে কি গোলমাল হচ্ছে দেখুন। লোকাল সেলফ গভর্নমেন্ট পঞ্চায়েতকে ডাইরেক্টরেট থেকে চিঠি দিয়েছে, তোমরা রিলিফ কমিটি গঠন কর, পরে জানালেন—না, কমিটি গঠন করতে হবে না, তোমাদের ব্লকে রিলিফ কমিটি হবে না। এটা কোন ধরনের ব্যাপার আমি জানি না। সেদিন আমরা স্বায়ত্তশাসন মন্ত্রীর গণতন্ত্রের ব্যাখ্যা শুনেছি—জনপ্রতিনিধিত্ব গণতন্ত্রের একটা মূল অঙ্গ বলে বলতে শুনলাম। আমি তাই তাঁর কাছে জানতে চাই আজ তিনি এই রিলিফ কমিটিতে মনোনয়ন ব্যবস্থা রদ করে যেটা নির্ধারিত পঞ্চায়েত তার হাতে ক্ষমতা দেবেন কি না। রিলিফ কমিটি পঞ্চায়েতই গঠন করতে পারবে কি না, সেটা জানতে চাই। স্কুল বোর্ড-এর ক্ষেত্রে দেখুন কি অবস্থা চলছে। প্রাথমিক শিক্ষাকে আপনারা নিজেদের আওতায় আনবার চেষ্টা করছেন ভাল কথা। এই স্কুল বোর্ডএ নানা গোলমাল চলছে। বহু জায়গায় শুনেছি স্কুলের মাস্টার মহাশয় ছেলেদের পড়াতেই যান না, কেবল কংগ্রেসের প্রচার কাজ ভালভাবে করতে পারলে এবং স্কুলের সেক্রেটারীকে ভাল করে সেলাম দিতে পারলেই তাদের কর্তব্য শেষ হয়ে যায়। আমি জানতে চাই প্রাথমিক শিক্ষাকে আপনারা কিভাবে নিজেদের আওতায় আনতে চান। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী শান্তি দাশ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রি-মহাশয় আজকে যে ব্যয় বরাদ্দের দাবী আমাদের সকলের সামনে উপস্থাপিত করেছেন তা আমি সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি। বিগত সপ্তাহের অধিবেশন কালে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা যে সমস্ত সমালোচনা করেছেন তার সম্বন্ধে আমি দুই একটা কথা বলতে চাই। তারপরে আমি এই বিভাগ ব্যাপারে দুই একটা কথা বলব। আমাদের বিরোধী পক্ষের কমিউনিস্ট বন্ধু শ্রদ্ধাভাজন সোমনাথ লাহিড়ীর অবস্থা হচ্ছে মেঘনাথ বধ কাব্যে মধুসূদন যেন বলেছিলেন 'সম্মুখ সমরে পড়ি বীর চূড়ামণি বীরবাহু চলি যবে গেলা জমপুরে অকালে' আজকে কমিউনিস্ট-দের যিনি নাকি বীরবাহু তিনি কারাগারঅন্তে অখ্যাত যমপুরে গেছেন, আমাদের সেনাধ্যক্ষের পদে সোমনাথবাবু বসেছেন কি না বা সে অধিকার লাভ করেছেন কি না তা জানি না তবে তিনি চালিয়ে যাচ্ছেন। হয়ত পথ তিনি পেয়েছেন কিন্তু রথ তিনি পান নি। তাই বোধ হয় তিনি বিভ্রান্ত হয়ে আমাদের বিগত অধিবেশনে মন্ত্রিমহাশয়কে প্রশ্নবাণে অত্যন্ত জর্জরিত করে তোলবার চেষ্টা করেছিলেন যদিও তিনি তা পারেন নি। স্বর্ণলঙ্কার অধিপতি ছিলেন রাবণ, তিনি ত্রিভুবন বিজয়ী, কিন্তু তার দশদিকে ছিল সজাগ দৃষ্টি—তাই তাকে বলা হয় দশমুন্ডু। তা আমাদের বিরোধী পক্ষের বন্ধুদের নিশ্চয়ই দশটি করে মাথা অর্থাৎ কুড়িটি চক্ষু দিয়ে তাঁরা সরকারের সমস্ত কাজকে দেখেন। কিন্তু দুঃখের বিষয় যে কাজ তাঁরা দেখেন তার বেশীর ভাগই আমাদের রাবণ রাজা যে রকম আসুরিক শক্তিতে বলীয়ান ছিলেন তেমনি আমাদের বিরোধী পক্ষের বন্ধুরাও ঠিক সেই রকম যত কিছু আবর্জনা তারা ঘাঁটিতে ভালবাসেন। আর আমরা এই দিকে সরকারী বেঞ্চে যারা বসি অর্থাৎ আমরা হচ্ছি সেই অর্জুনের লক্ষভেদ, পাখী ছাড়া আমরা আর কিছু দেখি না। আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে রূপান্তরিত করবই, আমরা প্রতিটি ভারতবাসীকে এই অগণিত জনগণকে সমাজ জীবনে সুপ্রতিষ্ঠিত করবই, এর জন্যই আমরা পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে সব সময় সাপোর্ট করে যাই। আমি আজকে এই ব্যয় বরাদ্দের সমর্থন জানাতে গিয়ে আমি ফিরে দাঁড়াতে চাই দুই হাজার বৎসর পূর্বেকার সম্রাট অশোকের কথাই আমার মনে হচ্ছে—কেন না দেশের স্বাধীনতা প্রাপ্তির পর আমরা জাতীয় প্রতিক হিসাবে গ্রহণ করেছিলাম অশোক স্তম্ভ। মনে প্রশ্ন জাগে কেন আমরা অশো স্তম্ভকে জাতীয় প্রতিক হিসাবে গ্রহণ করেছি, তার কারণ আমরা মনে করি অশোক সম্রাট তার রাজত্ব কালে দেশে শান্তি ও শৃঙ্খলা এবং কারুকলা সমস্ত কিছু বিষয়েতে আমাদের তিনি ছিলেন অগ্রণী এবং প্রত্যেকটি

জনগণকে তিনি রাজধর্মকে কল্যাণ ধর্মে পরিণত করবার জন্য আপ্রাণ চেষ্টা করেছিলেন। তিনি তার রাজত্ব কালে পাটলিপুত্রে যে মহাসম্মেলন ডেকেছিলেন সেখানে তিনি প্রস্তাব করেছিলেন যে রাজধর্মকে কি করে কল্যাণ ধর্মে রূপান্তরিত করা যায়। তাই আজকে আমাদের কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার সেই আদর্শে ব্রতী হয়েছেন যাতে দেশের আপামর জনসাধারণ অহিংসা মন্ত্রে দীক্ষিত হতে পারে যাতে নাকি তারা প্রেমের মন্ত্রে পুনরুজ্জীবিত হতে পারে যাতে নাকি তারা ত্যাগের মন্ত্রে সিদ্ধি লাভ করতে পারে এবং যাতে নাকি তারা শান্তিময় সহজ স্থিতি অবস্থানে নিজেদের জীবনকে পুনরুজ্জীবিত করতে সক্ষম হয় এই কারণে আজকে আমাদের পঞ্চ বার্ষিকী পরিকল্পনাকে আমাদের কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার তাদের প্রশাসন ব্যবস্থাকে বিকেন্দ্রীকরণ করবার জন্য অগ্রণী হয়েছেন। আজকে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা পালাবধ গাইছেন—গত সপ্তাহের অধিবেশনে তারা যেমন মন্ত্রী বধ করবার চেষ্টা করেছিলেন আজকে তাদের টারগেট হচ্ছে বি ডি ও। আজকে তাদের বধ করবার পালা। আজকে অধ্যক্ষ মহাশয় আপনার মারফৎ সদস্যদের জানাতে চাই যে আজকের দিনে বি ডি ও-রা কিভাবে নাজেহাল হচ্ছে তার কারণ বি ডি ও-রা ব্লকে কাজ করবার এতটুকু সুযোগ সুবিধা পায় না, যাতে তারা ভাল ভাবে কাজ করতে পারে তার জন্য এতটুকু প্রোটেকশান তাদের দেওয়া হয় না। আমার বন্ধু গৌর কুণ্ডু মহাশয় তাদের সম্বন্ধে অনেক কথাই বললেন এবং তিনি বললেন যে তারা কংগ্রেসীর হয়ে কাজ করেন। এটা যে একেবারে মিথ্যা সেটা আমার থেকে বেশী এখানে কেউ জানে বলে আমার মনে হয় না। কারণ সমাজ কল্যাণ পর্ষদের মাধ্যমে অনেকগুলি ব্লকের সঙ্গে যুক্ত আছি, সেই জন্য বি ডি ও-র সঙ্গে স্বাভাবিক ভাবে আমার কাজকর্ম করবার সুযোগ-সুবিধা হয়েছে—সেজন্য আমার ধারণা কোন সদস্যদের বোধ হয় এই রকম সুযোগ সুবিধা হয় নি। স্যার, আপনাকে আমি একটা ঘটনা বলতে চাচ্ছি যে বি ডি ও দের ব্লকে সার্কেল অফিসারদের মত ক্ষমতা দেওয়া হয়েছে। সেজন্য ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টের তিনি ক্যাশ ভেরিফিকেশন করেন। একবার তিনি ইউনেয়ন বোর্ডের এক প্রেসিডেন্টএর ক্যাশ ভেরিফিকেশন করতে এসেছিলেন কিন্তু প্রেসিডেন্ট তাকে দেখতে দেন নি উপরন্তু কি কোরে বি ডি ও-কে ট্রান্সফার করা যায় তার জন্য চেষ্টা করেছিলেন। তা না হলে সমস্ত ফাঁক হয়ে যাবে। এই রকম অবস্থা চলেছে। উপাধ্যক্ষ মহাশয়, আমি আরেকটি বি ডি ও দের করুণ ঘটনা আপনাকে জানাতে চাই।

[1-50—2 p.m.]

আমাদের বর্ডার এলাকায় যে ব্লকগুলি আছে তার একটায় আমি একবার কাজে গিয়েছিলাম এবং ফেরার পথে আমি লাস্ট বাস মিস করি তখন আমি একটা রিক্সাওয়ালাকে বললাম তুমি আমাকে তাড়াতাড়ি পৌঁছে দাও সে ভাড়া চাইল তিন টাকা, আমি বললাম যেখানে বাসের ভাড়া আট আনা সেখানে তুমি এত ভাড়া চাচ্ছ কেন, সে বলল যে আপনি যদি না যান তাহলে আমার কোন ক্ষতি নাই কেন না সন্ধ্যা যেই হয়ে যাবে আমি ১০।১৫ টাকা রোজগার করব। আমি জিজ্ঞাসা করলাম কি রকম ব্যাপার, তখন সে বললে ঐ যে সমস্ত চোরাই মাল আসে সেগুলি নিয়ে যাই, সেজন্য আমরা সারাদিন রোজগার না করলেও আমরা রাত্রি বেলায় যে রোজগার করি তাতে আমাদের সারা মাসের রোজগার হয়ে যায়। আমি বি ডি ও-কে যখন জানালাম তখন তিনি বললেন কি করবো বলুন আজকে আমি যদি এদের বিরুদ্ধে অ্যাকশন নিতে যাই তাহলে আমার জীবন বিপন্ন হবে। আমি বিরোধী পক্ষকে বলতে চাই যে তাদের লজ্জা করে না যে এই সমস্ত জায়গায় যে বি ডি ও-রা আছেন তাঁদের কোন রকম আপনারা প্রোটেকশন দেন না। তাদের সঙ্গে কোন সহযোগিতা আপনারা করেন না, আর এখানে এসে এদের বিরুদ্ধে যা খুসী বলেন। তারপর আমি আরেকটি চিঠি আপনাদের দেখাতে পারি যে আমরা নিজেরা কংগ্রেসী সদস্য বিশেষতঃ আমি নিজে উন্নয়ন বিভাগের কাজের সঙ্গে সংশ্লিষ্ট, যদিও আমি হয়ত সব ব্লকে যেতে পারি না তবুও আমার কাছে অনেক চিঠি আসে—তাতে আমি এই কথাই বলতে পারি যে বি ডি ও-র সঙ্গে ঝগড়া করে কোন কাজ হয় না এবং সে কাজেও অগ্রসর হওয়া যায় না। যখন বিদেশী শাসকরা এখানে ছিল যখন তারা এই বিরাট ভারতবর্ষ শোষণ করছিল তখন হয়ত শাসনদণ্ড দেখিয়ে ভয় দেখিয়ে কর্মচারীদের কাছ থেকে কাজ আদায় করা হত, কিন্তু এখন আমাদের সরকার প্রতিষ্ঠিত হয়েছে এখন যাঁরা সরকারের প্রতিনিধি হয়ে কাজ করছেন তাদের সম্পর্কে যদি ভালবাসার সম্পর্ক গড়ে তুলতে না পারি তাহলে দেশের কাজ করে আমাদের লাভ কি? এবং ভালবাসার সম্পর্ক গড়ে না তোলা যায় তাহলে দেশের কাজের অগ্রগতি হবে কোথা থেকে? এই

তো কিছুক্ষণ আগে আমাদের বন্ধু সুধীর দাশ মহাশয় বললেন যে ব্লকে কোন কাজ হয় না। আমি ধরে নিলেম ব্লকে কোন কাজ হয় না, কিন্তু তার পর মুহূর্তে তিনি বললেন মিউনিসিপ্যাল এলাকাগুলি যাতে নাকি এই ব্লকের মধ্যে অন্তর্ভুক্ত করা যায় তার জন্য তিনি সুপারিশ করেছেন। এই দুটো কন্ট্রাডিকটরি কথা তিনি বললেন। তার মানে তিনি ঠিকই জানেন যে এই উন্নয়ন বিভাগের মাধ্যমে রাস্তা হয় জলের কল হয় কালভার্ট হয় সুতরাং তিনি আরো যাতে এলাকাগুলি বাড়ানো যায় তার জন্য তিনি বলছেন কিন্তু এখানে তারা হেসে উড়িয়ে দিতে চান। আমাদের বীরেন রায় মহাশয় এখানে খুব হাসছেন কিন্তু আমি তাঁর এলাকায় জঙ্গীপুরে দেখে এসেছি সেখানে কত কাজ হয়েছে তা আমি নিজে দেখে এসেছি। আমি তাঁকে এই কথা জানাতে চাই যে এই ভাবে হেসে বা বাধা দিয়ে আপনারা উন্নয়নমূলক কাজে বাধা দিতে পারবেন না এইটুকু জোর করে বলতে পারি।

আমি এখানে শুধু একটা বক্তব্য পেশ করছি যে ব্লকের কাজ করার যে অসুবিধা সেটা হচ্ছে কো-অর্ডিনেশনের অভাব অলওয়েজ দেখা যায়। বি ডি ও-র বিরুদ্ধে হয় এগ্রিকালচারাল ডিপার্টমেন্টের কেউ না হয় এডুকেশন ডিপার্টমেন্টের না হয় ডাইরেক্টার অব ইন্ডাস্ট্রিজ-এর প্রতিনিধি হিসাবে কেউ থাকেন তাঁরা সব সময় চান যে বি ডি ও যদি ভাল কাজ করতে যায় তাহলে তিনি যেন তা করতে না পারেন। অর্থাৎ তাঁকে নাজেহাল করবার চেষ্টা তাঁরা করেন। এই কারণে আমি বলবো যে ছোট একটা কমিটি—আইদার রাজ্য সরকারের অথবা ডিস্ট্রিক্ট অথবা সাবডিভিশন্যাল লেভেলে আপনারা করুন। তাহলে কেউ কিছুই করতে পারবে না। এটাকে একটা কো-অর্ডিনেশন কমিটি বলা যেতে পারে। বি ডি ও যদি সরকারের কাছ থেকে কোন প্রোটেকশন পায় তাহলে তাঁরা গ্রামে সোনা ফলাতে পারবেন এটা আমরা বিশ্বাস করি। আর একটা কথা হচ্ছে কুন্ডুবাবু বললেন যে বি ডি ও-রা সমস্ত সরকারী কর্মচারী বনাম কংগ্রেসকর্মী। তিনি নিশ্চয়ই জানেন যে বি ডি ও-দের এখন সিলেকশন হয় পি এস সি-র মাধ্যমে এবং তাঁদের ট্রেনিং নিয়ে বি ডি ও পোস্টে পাঠানো হয়। এই ট্রেনীদের মধ্যে উপযুক্ত বি ডি ও ছিল না বলে আমাদের সরকার এক বছরের জন্য কোন ব্লকে লোক দিতে পারেন নি। এবং যার জন্য ১৯৬০-৬১ সালে কোন নূতন এক্সটেনশন প্রোজেক্ট খোলা হয় নি। এ'রা যদি সবাই আমাদের কংগ্রেসের লোক হোল তাহলে বিরোধী পক্ষের একটা লোকও এখানে আসতেন না। আপনার মাধ্যমে একথা বলবো যে আজকে উন্নয়ন বিভাগে ব্যয় বরাদ্দের জন্য যে দাবী আমাদের সামনে উত্থাপন করেছেন আমি মনে করি যে একযোগে এই বিভাগের টাকা যাতে নাকি সবাই অনুমোদন করেন তার জন্য অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপদক মাহাতো: স্যার, কংগ্রেসী প্রচারের সবচেয়ে বড় আশ্রয় পঞ্চবার্ষিকী, প্রোজেক্ট আর উন্নয়ন ব্লক। সেই বহু বিঘোষিত উন্নয়ন ব্লক প্রভৃতির চণ্ডমুণ্ডগণের সর্বাঙ্গীন তাণ্ডবের কথা বলে আমরা পরিশ্রান্ত হয়েছি। এবারে আজ প্রথমেই সারা ভারতের উন্নয়ন বিভাগের খোদ বড় কর্তার অভিজ্ঞতার এক কাহিনী আপনাদের কাছে বলছি। তার ভেতর দিয়ে ব্লক জীবন সম্বন্ধে খানিকটা আলোকপাত হবে। দিন কয়েক আগে—ধানবাদ থেকে রাঁচির পথে যাচ্ছিলেন ভারতের কমিউনিটি ডেভেলপমেন্ট এবং কো-অপারেটিভের মিনিষ্টার মিঃ এস কে দে। তখন বেলা গোটা বারো। ঝালদা সহর পার হয়ে যাবার সময় দেখলেন বিরাট সাইনবোর্ড—ব্লক ডেভলাপমেন্ট অফিস। সেদিন রবিবার ছিল না তাঁর নিজের বিভাগের মহান জাতীয় উন্নয়নের কাজ কিরকম চলছে দেখবার জন্য বিশেষ আগ্রহে তিনি গাড়ী থামিয়ে অফিসে গেলেন। গিয়ে দেখলেন—অফিস একেবারে খাঁ খাঁ করছে কেউ নেই একধারে একজন পিওন তন্দ্রামগ্ন। জিজ্ঞেস করায় পিওন উত্তর করল বি ডি ও সাহেবের শরীর খারাপ আসেন নি। তিনি ডাকতে পাঠালেন। পিওন গেল সাহবকে ডাকতে। ইত্যবসরে মন্ত্রী সাহেবের নজরে পড়ল একটা মস্ত বড় প্যাকেট পড়ে রয়েছে। দেখেই তিনি ব্যাপারটা বুঝলেন। একটি বিশেষ জরুরী কর্মধারা একটি বিশেষ সময় কালমধ্যে পালন করার জন্যে কোনো বিশেষ সিল বা টিকিট পাঠানো হয়েছিল। তা খুলে দেখবার ও অবসর হয়নি—ব্লকের জনকল্যাণের কাজের চাপে। সেই প্যাকেট অক্ষত অবস্থায় অনাদৃত অবজ্ঞাত হয়ে এক কোণে পড়ে আছে। মন্ত্রী সাহেব সেটিকে তুলে নিজের গাড়ীর মধ্যে রেখে দিলেন। পিওন এসে খবর দিল সাহেব এখন আসতে পারবেন না। মন্ত্রী সাহেব বললেন—যাও এখুনি ডেকে আনো—আসতেই হবে। পিওন আবার গিয়ে ফিরে এসে বলল হাকিমের

শরীর ভাল নয়। তখন মন্ত্রীমশাই ধমক দিয়ে বললেন—অসুখ হলেও তাকে আসতেই হবে এখুনি আসতে হবে। পিওন আবার গেল পিওনের কাছ থেকে সব জেনে ব্যাপারটা সুবিধের নয় উপলব্ধি করে সাহেব এসে দেখা দিলেন। তার পর দুজনের মধ্যে কি কথা হোল তা বিভাগীয় ব্যাপার আপনাদের শোনবার নয়। তবে এইভাবে জনকল্যাণের ব্যবস্থা দ্রুত কি করে এগোবে সেই গুরুত্বপূর্ণ আলোচনা নিশ্চয়ই উভয়ের মধ্যে হয়নি। এক একটি ব্লকের পিছনে দরিদ্র জনগণের রক্তের মূল্যে পাওয়া অর্থের স্তুপ ঢালা হচ্ছে ঢালা হচ্ছে জনকতক বিলাসী নতুন ক্ষুদে জমিদার ও তাদের দলবলের আনন্দ যাপনের জন্য। এবং তারই অবসরে যেখানে যত সমাজবিরোধী তাদের নিয়ে কংগ্রেসের রাজনৈতিক নোংরা ষড়যন্ত্র, এবং সরকারী তহবিলের অবাধ অপচয় ও ও লক্ষ লক্ষ টাকা চুরির পরিচালনা প্রদানের জন্য। এই সমস্ত অভিযোগ বহু করেছি তদন্ত করতে সরকারের সাহস হয়নি। ভয়াবহ দুর্ভিক্ষ হয়েছে, অনাহারে মানুষের মৃত্যু হয়েছে তাতে এ'রা সত্যকে চাপা দেবার যন্ত্ররূপেই কাজ করেছেন মানুষের দুঃখ উপলব্ধি ও দুর্গতি মোচনের জন্য কোনো চেষ্টা বা আগ্রহ এদের নেই। জনসাধারণ আজ প্রার্থনা করছে এহেন জনকল্যাণ বিভাগসমূহের হাত থেকে অচিরে তাদের মুক্তি হোক।

[2—2-10 p.m.]

শ্রীসৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের ব্লক ডেভেলপ্‌মেন্ট এবং কমিউনিটি ডেভলপমেণ্ট প্রজেক্ট বিষয়ের ব্যয়-বরাদ্দের বিরোধীতা করতে উঠে এই কথা বলবার চেষ্টা করবো যে আমাদের সামান্য যে অভিজ্ঞতা হয়েছে তার মধ্য দিয়ে এটা বুঝতে পারি নি যে সত্যকারের এই ব্লক ডেভেলপমেন্ট অফিস ও তার এই স্টাফকে, মেইনটেনান্স করার কি প্রয়োজন আছে? প্রশাসন ব্যবস্থার জন্য সার্কেল অফিসারের কাজ বেড়ে গেছে, আজকের দিনে তাদের অনেকগুলো কাজ করতে হয়, তার জন্য একাধিক সার্কেল অফিসারের প্রয়োজন থাকতে পারে, কিন্তু যে গালভরা নাম দেওয়া হয়েছে তার কি প্রয়োজন ব্লক ডেভলপমেণ্ট অফিস-এর দ্বারা সাধিত হয়েছে ও হচ্ছে তা বোঝা যাচ্ছে না। আমি একটা কথা এখানে বলছি, ধরুন একটা লোকের একটা টিউবওয়েলের দরকার হ'ল, তখন ব্লক ডেভালাপমেণ্ট অফিসার বলবেন—তুমি ১৬৬ বা ২০০ টাকা যা খরচ তার ১/৪ অংশ নিয়ে এস 'ফেল কড়ি মাখ তেল', তারপর তিনি রেকমেনডেসান করবেন তার আগে তিনি পারবেন না; এ করলে তবে তারপরের দিন তিনি রেকমেনডেসন করবেন। এই রেকমেনডেসন করার ক্ষমতাটুকুর জন্য এই লোকগুলোকেও জীপ গাড়ীকে কেন পুষবেন তা বুঝতে পারি না। সার্কেল অফিসার আগে এ করতে পারতেন এবং এখনও করতে পারেন। এরূপ ধরনের একটা রিলিফের প্রয়োজন হোক—আপনি ব্লক ডেভালপমেণ্ট অফিসারের কাছে গেলেন,—কিন্তু তিনি রিলিফের কোন ব্যবস্থাই করতে পারবেন না, আগেই এরূপ ক্ষেত্রে বলা হবে 'রিলিফ কমিটিতে নাম তোলা হোক—ঐ রিলিফ কমিটি রেকমেণ্ড করলে তারপর তা এস. ডি. ও-র কাছে যাবার পথে তা ব্লক ডেভেলপমেন্ট অফিসারের কাছে যাবে, কেননা ঐ বি ডি ও-র একটা ছোঁয়া দেওয়া হবে যে হ্যাঁ, এটা ঠিক আছে কি বেঠিক আছে। তিনি সেংসান করতে পারেন না, দরকার হলে কমাতে পরেন এই পর্যন্ত—তিনি পারসেনটেজ কমিয়ে দিতে পারেন; তিনি বাড়াতে বা রিলিফ দিতে পারেন না দেবার কোন ক্ষমতা নেই। এরকম ধরনের কাজ প্রতিটা ক্ষেত্রে চলেছে। যদি শিক্ষাক্ষেত্রে যাওয়া যায় দেখা যাবে। শিক্ষাক্ষেত্রে কিছু টাকা সেংসান করবার ক্ষমতা কিছু আছে বটে কিন্তু তিনি বলবেন এরূপ করবার ক্ষমতা নেই, এই হচ্ছে ঘটনা, তিনি বলবেন এডুকেসান ডিপার্টমেন্টের কাছে যান তাঁরা ব্যবস্থা করবেন। এরকম ধরনের একটা টিউবওয়েল-এর মেরামতের কথা বলুন, তিনি বলবেন এটা আমার ব্যাপার নয় এ্যাসিসস্টেন্ট রিজিওনাল হেলথ ডিপার্টমেণ্ট যাঁরা আছেন তাঁরা করে দিতে পারবেন। ব্লক ডেভেলপমেন্ট, থেকে হাঁস, মুর্গীও দেওয়া হয়, যদি এ বিষয়ে বলা যায় তাহলে বি. ডি. ও বলবেন, মাননীয় ফজলুর রহমানের ডিপার্টমেন্ট থেকে পাখী, হাঁস, মুর্গী আসে নি কাজেই দেওয়া সম্ভব নয়। প্রতিটা জায়গায় তাঁর কাছ থেকে আঘাত পাওয়া যাবে। সত্যকারের তাঁর কিছু ক্ষমতা নেই। তাঁকে বোধহয় মাঝখানে ব্লকিং করবার জন্যই রাখা হয়েছে, অন্য কোন ব্যাপারে তাঁকে দেখা যাচ্ছে না। আমার বক্তব্য হচ্ছে, এই প্রশাসনিক ব্যবস্থার জন্য সারকেল অফিসার যেরূপ ছিল—প্রশাসনিক ব্যবস্থা আরো বড় করবার জন্য, শাসন ব্যবস্থায় আগের জমিদার শ্রেণী চলে যাওয়ার ফলে ইংরাজ গভর্নমেন্ট দ্বারা গ্রামের শাসন

চালান হত সেই যে পুরান ব্যবস্থা তা আর নেই, কিন্তু আজ তার বদলে আর একটা ব্যবস্থা চালু হয়েছে, যার জন্য এই গালভরা নাম দেওয়া হয়েছে ও তার মত ব্যবস্থাও করা হয়েছে এবং প্রচুর টাকাও খরচ করা হচ্ছে।

আপনাদের বাজেট তৈরী করা আছে এই খাতে এই রকম ব্যয় হবে—১২ লক্ষ টাকা ব্যয় হবে। তার মধ্যে মধ্যে কেউ একটু ১৯।২০ করতে পারেন তার বাইরে যাবার উপায় নেই। আপনি বল্লেন যে এই রাস্তাটা অত্যন্ত বেশী প্রয়োজন ব্লক ডেভেলপমেণ্ট থেকে ১২ লক্ষ টাকা দেওয়া হোক। তাঁরা বল্লেন যে ঐ খাতে এত দেওয়া যায় না ৮ শত টাকা মাত্র এই রাস্তা খাতে দেওয়া যায়। তাতে কি হয় না—হিউম পাইপ দেওয়া যায়। তাতে হিউম পাইপ দেওয়ার মানে, কনট্রাক্টার যদি পান যারা হিউম পাইপ সাপ্লাই করছে তাদের কিছু সুবিধা দেওয়া হচ্ছে। যেসব বি, ডি, ও অফিসে হিউম পাইপ দেওয়া হয়েছে আপনারা গিয়ে দেখে আসুন অধিকাংশ হিউম পাইপগুলি ইতিমধ্যে নষ্ট হয়ে গেছে। কারণ তার থিকনেস হচ্ছে এক ইঞ্চি করে—তার উপর দিয়ে গরুর গাড়ী গেলে ভেঙ্গে যায়। কাজেই তাদের রাস্তা করার ক্ষমতা নেই। ৮ শত টাকা দিয়ে ১ মাইল রাস্তা করলে তাতে কিছু কাজ হয় না। সুতরাং এগুলি দিয়ে কিছু হচ্ছে না। —কি হচ্ছে তাহলে? বি, ডি, ও আপনাদের সরকারী নীতি পরিচালনা করছে এবং তা কিরকমভাবে চালনা করছে তার একটা উদাহরণ আমি এখানে আপনাদের দেবো। আমনান অঞ্চল পঞ্চায়েতের একটি উদাহরণ—তার দুর্ভাগ্য হচ্ছে এই যে সেখানে এমন কতকগুলি লোক নির্বাচিত হয়েছেন যারা ঠিক সরকারী নীতির সঙ্গে অর্থাৎ কংগ্রেসী লোক নন। সুতরাং তাদের নানারকম আক্রমণ করা হয়। বি, ডি, ও আমদান অঞ্চল পঞ্চায়েতকে জানিয়েছে—

"The B.D.O. came to my place on 22nd December, 1962 and 23rd December, 1962 at night, summoned me to his office on 24th December, 1962 and 26th December, 1962, and paid inspection visits to the Anchal Panchayat office again on 27th December, 1962 and 28th December, 1962 by jeep During all these meetings and inspections the B.D.O. strove to persuade me to tender my resignation to the office of the Pradhan of the Anchal Panchayat and make other members of the Anchal Panchayat tender their resignations."

এই হচ্ছে ক্রিয়া-কলাপ। শেষ পর্যন্ত কি হয়েছে? রিফিউজ করেছে বলে তার খাতাপত্র কেড়ে নেওয়া হয়েছে—জানি না কোন আইনে কেড়ে নেওয়া হয়েছে। আমনান থানা অঞ্চল পঞ্চায়েত থেকে পোলবা থানায় যে বি ডি ও অফিসার আছেন তিনি এইভাবে কেড়ে নিয়েছেন। শুধু সেখানকার ব্যাপার নয়—বহু জায়গায় এই রকম ইতিহাস রয়েছে। কুড়মু অঞ্চল পঞ্চায়েত গরুর গাড়ীর উপর ট্যাক্স বসাতে আপত্তি করলে সেই অঞ্চল পঞ্চায়েতের বাজেট বি, ডি, ও সাহেব কিছুতেই টাকা স্যাংসান করলেন না। শেষ পর্যন্ত মিনিস্ট্রিয়াল লেবেলে আসা হোল—জালান সাহেব শেষ পর্যন্ত বল্লেন যে গরুর গাড়ীর উপর ট্যাক্স চাপানোর পদ্ধতি নাই অঞ্চল পঞ্চায়েত রিফিউজ করতে পারে। সেই বি ডি ও-র কাছে যখন জালান সাহেবের ডাইরেকসন গেল তখন বি, ডি, ও সাহেব স্যাংসান করলেন। এই যে সমস্ত ব্লক ডেভেলপমেণ্ট এবং কমিউনিটি ডেভেলপমেণ্ট রয়েছে তাদের কর্তব্য হচ্ছে যে গ্রামের গণতন্ত্রকে বিকাশ লাভ করানো। কিন্তু দেখা যাচ্ছে যেখানে সরকারী নীতির সঙ্গে তাদের বিরোধীতা থাকে তারা যদি মনে করে যে না অন্যভাবে করবেন - গরুর গাড়ীর উপর ট্যাক্স বসাবেন না—অন্যভাবে অঞ্চলকে গড়ে তুলবেন তাহলে সেখানে বি, ডি, ও-র ক্ষমতা থাক আর না থাক তাদের কর্তব্য হচ্ছে তাদের বিরুদ্ধে লাগার। এবং এইটাই বি ডি ও-র কর্তব্য হয়ে দাঁড়িয়েছে। তার পর বি ডি ও কাউন্সিল সেখানে কি রকম লোক নেওয়া হয় তা আমার পূর্ববর্তী বক্তা কুণ্ডুমহাশয় বলে গেছেন। আমার মনে আছে এই এসেম্বলীতে ফজলুল হক একটা কথা বলেছিলেন যে তাতে অনেকে আপত্তি করেছিলেন যে তার ভাগনেদিগকে আগে নেওয়া হয় কেন? তার জবাবে তিনি বলেছিলেন যে,

Because they are my nephews, therefore they are able.

আমার মনে হয় যে

people interested in Medical and Public Health.

তিনি একজন কংগ্রেস ম্যান—অর্থাৎ কংগ্রেস ম্যান ছাড়া দুনিয়াতে কোন লোক কোন জায়গায় পাওয়া যেতে পারে না। এই হচ্ছে ব্যাপার। শেষে আমার বক্তব্য হচ্ছে কমিউনিটি ডেভেলপমেন্ট নাম দিয়ে যে কাজ করা হচ্ছে এই কাজে অনেক টাকা অযথা অপব্যয় হচ্ছে। আগে সার্কেল অফিসার যা করতেন তারা সেই কাজ করছেন—অতএব যদি কাজ বেড়ে থাকে তাহলে সেখানে ২।১ জন কর্মচারী বাড়াতে পারেন প্রশাসনিক বিভাগে। এই গাল ভরা নাম দিয়ে কোন লাভ নেই আমাদের সত্যিকারের রাস্তাঘাট প্রভৃতির কোন জায়গায় কোন রকম সুরাহা পাওয়া যাবে না। সত্যিকারের সেখানে কনষ্টিটিউট রয়েছে এবং যদি দরকার হয় তাহলে বি, ডি, ও কাউন্সিলগুলিকে ক্ষমতা দেওয়া উচিত এবং তাদের সেখানে টাকা দেওয়া উচিত। এমন টাকা দেওয়া উচিত যাতে দেশের উন্নতি করা যায়—এইভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে যাতে সেখানে নির্বাচন করা যায় তার ব্যবস্থা করা উচিত। তাহলে হয়তো কিছুটা কাজ হতে পারে। তা না হলে টাকাই ব্যয় হবে কিছু ফল পাওয়া যাবে না এবং সত্যিকারের জনসাধারণের মধ্যে যে গণচেতনা তাকে কাজে লাগানো হচ্ছে একথা মনে করার কোন কারণ নেই।

প্রচুর টাকা অপচয় হচ্ছে এবং সত্যিকার এদেশে একটি গণতান্ত্রিক পদ্ধতিতে জনগণের বিপুল গণচেতনা, তাকে তাঁরা কাজে লাগাতে চাচ্ছেন না। তার উদাহরণ আমরা অনেক দেখছি। আমরা ব্লক অফিসারদের কার্যকলাপ যা দেখছি, তাতে আমি এই ব্যয়-বরাদ্দের বিরুদ্ধতা করতে বাধ্য হচ্ছি।

[2-10—2-20 p.m.]

Shri Syed Shamsul Bari:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী উত্থাপন করেছেন, আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করি। এই সমষ্টি উন্নয়ন বিভাগের কাজের উপর দেশের সমস্ত উন্নতি নির্ভর করে। আজ আমাদের দেশের যদি উন্নতি করতে হয়, তাহলে গ্রামের উন্নতি সর্বাগ্রে প্রয়োজন। এখানে আজ সংকটময় অবস্থা সৃষ্টি হয়েছে। তার চাপে এই বিভাগের জন্য যথেষ্ট ব্যয় করা সম্ভব হয় নি। প্রতিরক্ষা ব্যবস্থা আজকে শক্তিশালী করা প্রয়োজন। এর জন্য আমাদের যে কোন ক্ষতি স্বীকার করে ও এই প্রতিরক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করতে হবে। আজকে এই অবস্থার জন্য যথেষ্ট ব্যয়-বরাদ্দ সম্ভব হয় নাই। আমি আশাকার মন্ত্রি-মহাশয় দেখবেন, বর্তমান আপৎকালীন অবস্থায়ও যাতে এই খাতে ব্যয়-বরাদ্দ বৃদ্ধি করা যায়, সে সম্পর্কে তিনি নিশ্চয়ই চেষ্টা করবেন।

আজ গ্রামের উন্নতির দিকে লক্ষ্য করতে হবে। তা নাহলে দেশের উন্নতি অসম্ভব। সমষ্টি উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে দেশের উন্নতি যথেষ্ট সম্ভব হয়েছে। খাদ্যোৎপাদন বৃদ্ধি, পানীয় জল সরবরাহের সুব্যবস্থা হয়, জনগণের মনোবল অক্ষুণ্ণ থাকে এবং প্রতিরক্ষা ব্যাপারে যাতে বিঘ্ন সৃষ্টি না হয় সেদিকে দৃষ্টি রাখা দরকার। আমাদের সমষ্টি উন্নয়নের মাধ্যমে আমাদের গ্রামের লোক যথেষ্ট ক্ষমতার অধিকারী হচ্ছে। তার সঙ্গে সঙ্গে তাদের দায়িত্ব বোধও অনেক বেড়ে গেছে। তাঁরা যদি দায়িত্ব ঠিকভাবে পালন করেন, তাহলে দেশের উন্নতি হতে বাধ্য, কিন্তু একথা মনে রাখতে হবে আমাদের যে পরম দেশহিতৈষী বন্ধুগণ, আমি বিশেষ করে বিরোধীদলের কথা বলবো, তাঁরা গ্রামের বা দেশের উন্নতি চান না, নানারকম অপচেষ্টা করছেন যাতে দেশের শান্তি ও শৃঙ্খলা বজায় না থাকে। গ্রামগুলি যদি সমৃদ্ধিশালী হয়, তাহলে ঐ রাজনৈতিকদলের কোন কাজ থাকবে না, তাঁরা বেকার হয়ে পড়বেন। তাই তাঁদের বেকারত্ব দূর করবার জন্য দেশে তাঁরা অশান্তি ও বিশৃঙ্খলা জিইয়ে রাখতে চান। তাঁরা চান দলাদলি হোক, একশ্রেণীর সঙ্গে আর একশ্রেণীর সংঘর্ষ হোক। এই সংঘর্ষ থাকলে, তাঁরা থাকবেন, তাঁদের অস্তিত্ব থাকবে। তা না হ'লে তাঁরা বেকার হয়ে উৎখাৎ হয়ে যাবেন। সেদিকে যেন সরকার লক্ষ্য করেন।

এই আপৎকালীন অবস্থা অবসানের পরে যে নির্বাচন হবে তাতে প্রাপ্তবয়স্কের ভোটাধিকার বা য়্যাডাল্ট ফ্রান্‌চাইজ-এ নির্বাচিত হবেন। সমস্ত স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানে য়্যাডাল্ট ফ্রান্‌চাইজ-এর মাধ্যমে পরবর্তী নির্বাচনগুলো দেশের প্রতিনিধি নির্বাচিত করতে পারবেন। একজন বিরোধী দলের বন্ধু বললেন, যদি য়্যাডাল্ট ফ্রান্‌চাইজ-এর ভিত্তিতে পৌরসভার নির্বাচন হয়, তাহলে

দেখা যাবে তাঁদের দলের যথেষ্ট লোক নির্বাচিত হয়ে আসবেন এবং বর্তমানের অধিকাংশ লোককে তাঁরা দেখতে পাবেন না। তাঁরা ভুলে যান পাবলিক মেমরি ইজ নট সো সর্ট। এই জনসাধারণ য়্যাডাল্ট ফ্রান্‌চাইজ-এর মাধ্যমে নির্বাচনে দেখিয়ে দেবেন মীরজাফর উমিচাঁদদের স্থান কোথাও নাই, নাইদার হিয়ার নর দেয়ার।

আমাদের সরকার যেভাবে চেষ্টা করছেন তাতে গ্রামের উন্নতি নিশ্চয়ই হবে এবং ভারতবর্ষের যে কোন রাজ্যের গ্রামগুলি থেকে আমাদের গ্রামগুলি ভাল হবে, অধিকতর সমৃদ্ধিশালী হবে। মন্ত্রিমহাশয় যেরকমভাবে যোগ্যতার সহিত এর কাজগুলি চালিয়ে যাচ্ছেন, তাতে তাঁর সুযোগ্য পরিচালনায় এই বিভাগের দিন দিন যথেষ্ট উন্নতি হবে। আর আমার বিশেষ কিছু বলবার নাই। মন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দ উপস্থাপিত করেছেন, তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য আজকের মত এখানেই শেষ করছি।

Shri Bhakti Bhusan Mandal:

মাননীয় স্পীকার স্যার, এই ব্লক ডেভেলপমেন্ট বা সি, ডি, এন, ই, এস, প্রভৃতি নিয়ে এই খাতে যে বরাদ্দ হয়েছে, সে সম্বন্ধে বিরোধিতা করতে গিয়ে এই কথা বলছি যে সবচেয়ে ভাল হত যদি এই ডিপার্টমেণ্টকে একেবারে তুলে দেওয়া হত। কারণ এই ডিপার্টমেণ্ট যে উদ্দেশ্যে করা হয়েছে, অর্থাৎ সাধারণ মানুষের কমিউনিটি হিসাবে যাতে উন্নতি হয়, যাতে ডেভলপ হয়। কিন্তু, দেখা যাচ্ছে ঠিক তার বিপরিত কাজ হচ্ছে। দেশের লোক যেখানে খেতে পায় না, সেখানে যদি কৃষির আরও ভালভাবে ব্যবস্থা করা হত, তাহলে সত্যিকার দেশের মানুষের কাজ হত। সেই সব কাজ না করে ফালতু এই ডিপার্টমেণ্টকে রেখে, অযথা টাকা খরচ করে কোন লাভ নেই। এই ডিপার্টমেণ্টকে সম্পূর্ণভাবে উঠিয়ে দেওয়া উচিত। আমি কেন এই কথা বলছি, তার কারণ হচ্ছে এই ডিপার্টমেণ্টকে একটু ভালভাবে দেখলে, দেখা যাবে,

corruption, bribery, nepotism favouritism, partisan spirit, inefficiency

প্রভৃতি এই সমস্তগুলি এই ব্লক ডেভেলপমেণ্ট ডিপার্টমেণ্টের মধ্যে রয়েছে। আর তার যিনি হেড্ অর্থাৎ বি, ডি, ও, তিনি হচ্ছেন

watch dog of the interest of the Congress Party.

এটা আমি সম্পূর্ণভাবে প্রমাণ করে দিতে পারি বা দেখিয়ে দিতে পারি, তবে এমন বিশেষ সময় নেই। এখানে আর একটা কথা, এই বি, ডি, ও-দের য়্যাপয়েন্টমেনট্ দেওয়া হয়েছে যাতে তাদের থ্রুতে গ্রামের প্রয়োজনীয় সমস্ত বিষয় ডেভেলপ করা সম্ভব হয়। কিন্তু তাদের প্রাক্‌টিকাল নলেজ, রুরাল ইকনমি সম্বন্ধে নেই। এটা বোধহয় সকলে জানেন ও বিশ্বাস করেন। এ সম্বন্ধে আমি কয়েকটা উদাহরণ দিচ্ছি। আমার জেলায় ১৯৫২ সালে প্রথম কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্ট হয়—মামুদবাজার থানায়। সেখানে যখন কমিউনিটি ডেভলপ্‌মেণ্ট প্রজেক্ট হল, আমরা বীরভূম জেলার সমস্ত লোক মনে করেছিলাম সেখানে বুঝি স্বর্গরাজ্য হয়ে যাবে। কিন্তু আমরা দেখলাম কি? ১৯৫২ সালে সেখানে ডেভেলপ করে এমন ডেভেলপ করে দিলো যে গোটা মামুদবাজার থানায় দশ, পনের, কুড়িটি কন্ট্রাক্টর ছাড়া আর কার যে ডেভেলপ হল তা বোঝা গেল না। কাজেই সেখানে টাকা কিভাবে নষ্ট করা হয় এবং কি কাজ হয়, তা সকলের জানা আছে। ঐ মামুদবাজার থানায় প্যাটেল নগরে কতকগুলি ঘর তৈরী করা হল রেনটেড সিসটেমএ বিলি করা হবে বলে। সেখানে গ্রামের কিছু লোক বাস করবে, আবার কেউ কেউ সেখানে থেকে সিউড়ীতে গিয়ে চাকরী করবে। এর জন্য বহু টাকা, কয়েক লক্ষ টাকা গভর্নমেণ্টের তরফ থেকে সেখানে খরচ করা হল। কিন্তু ঐ গ্রামের কোন লোক সেখানে ৩০ টাকা ভাড়া দিয়ে ঐ ঘরে যেতে পারলো না। শেষে পরিণতি এই দাঁড়াল ঘরগুলি সমস্ত পড়ে রইল, গভর্নমেন্টের টাকা গেল, এবং তার পরিবর্তে আমাদের ট্যাক্স দিতে হল। তারপর গভর্নমেন্ট করলেন কি? তাদের ডিপার্টমেন্টের কিছু লোককে সেখানে পাঠাবার ব্যবস্থা করলেন। কিন্তু তারা দেখছে সিউড়ি থেকে প্যাটেল নগরে যদি যেতে হয় তাহলে তাদের দৈনিক ১২ আনা করে খরচ করতে হবে।

[2-20—2-30 p.m.]

লো ইনকাম গ্রুপের লোকরা কত বেতন পান যে ১২ আনা খরচ করে তাঁরা অফিস বা ঐ যে কোয়ার্টারগুলি করা হয়েছে সেখানে যাবেন। কাজেই অধিকাংশ কোয়ার্টার্সই সেখানে পড়ে আছে। আর একটি ব্লক ডেভেলপমেন্ট বা ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টএর নমুনা দিচ্ছি। এই মামুদবাজারেই হয়েছিল এবং যার জন্য আমেরিকা থেকে কয়েকজন বিশেষজ্ঞ এসেছিলেন, সেখানে একটা বিষয় চালু করা হয় সেটা হল বার্টার সিস্টেম,

that is, go back again to the primitive stage.

বললেন যে এই রকম আর পৃথিবীর কোথায়ও পরিকল্পনা হয় নি। বার্টার সিস্টেম কি রকম? একজন কামারকে ডেকে আনা হল, আর কয়েকজন সাঁওতালকে ডেকে আনা হল, আর কয়েকজন কামার আর মিস্ত্রিকে ডেকে আনা হল। একজন মিস্ত্রি তার একটা কাঠের জিনিষ দিল আর কামার তাকে একটা হাতা দিল এই রকমভাবে দেখিয়ে দিল যে, এই যে বার্টার সিস্টেম এই বার্টার সিস্টেমে এই রকম একটা নূতন পথ দেখিয়ে দেওয়া গেল। হাজার হাজার টাকা—এই কুড়কুড়ি, বিষ্ণুপুর যে গ্রামটা মামুদবাজার থানাতে, খরচ হল কিন্তু তার ১০ দিন পরেই দেখা গেল সেই বার্টার সিস্টেমের 'টার' ত ছেড়েই দেন 'বি' পর্যন্ত নেই, যে যার ঘরে চলে গেল। এই রকমভাবে নব নব পরিকল্পনা এই ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট থেকে করা হয় কিন্তু সেটা রূপায়ণ করার পরিবর্তে সেটা নষ্ট হয়ে যায়। মাঝে মাঝে স্কীমটা যায়, শুধু টাকার শ্রাদ্ধ হয় তারপর আমরা গরীব জনসাধারণ কেবল ট্যাক্স দিয়ে মরি। তাই আমি বলছি যে এই ডিপার্টমেন্টটার যখন প্র্যাকটিক্যাল নলেজ নেই, যিনি মন্ত্রী তাঁরও নেই, যাঁরা চালাচ্ছেন তাঁদেরও নেই গ্রাম সম্পর্কে, এই ডিপার্টমেন্টের পরিকল্পনাকে রূপায়ণ করার যখন ক্ষমতা নেই তখন এই ডিপার্টমেন্টটা তুলে দেওয়া উচিত। যদি বি ডি ও-র দরকার হয় প্রশাসনিক ব্যবস্থার জন্য তাহলে আগে যেমন সার্কেল অফিসার ছিল সেই রকম রাখাই ভাল। আর কতকগুলি ব্যাপার আমি কোরাপশন এবং ব্রাইবারি সম্পর্কে যদি বলি তাহলে আশ্চর্যান্বিত হবেন। কিন্তু এটা বলতে আরম্ভ করলে রামায়ণের মত শেষ করা যায় না। যেমন একটা কথা বলি, লোন ডিস্ট্রিবিউশনের ব্যাপারে। এখন আমাদের দেশের লোক খুবই গরীব, লোন দেবে জানলে, বিশেষ করে আমি যে অঞ্চল থেকে এসেছি, সেখানে চিরকালই দুর্ভিক্ষ লেগে আছে কয়েকটি থানায়, সেখানে লোন দেবে বলাতেই ৫০০।১০০০ দরখাস্ত পড়তে লাগলো। কিন্তু গভর্নমেন্টএর স্যাংশন থাকলো ঐ ব্লকে ২০ হাজার টাকা। ২০ হাজার টাকা স্যাংশন আছে কিন্তু দরখাস্ত করলো যা তাতে প্রায় ২ লক্ষ টাকার দরকার। তখন সেই ডিপার্টমেন্টএর দালালরা বললো যে দেখ তোমাকে লোন আমি পাইয়ে দেবো কিন্তু লোন পাইয়ে দেবার একটা সর্ত যে তুমি যদি ২০ টাকা পাও তাহলে আমাকে ২ টাকা দিতে হবে। এবং দেখা যায় এই রকম ভাবে প্রায় সমস্ত জায়গাতেই ঐ লোন পেতে হলে টাকা দিতে হচ্ছে। এটা দেখেও তাঁরা দেখেন না। শুধু তাই নয়, এই ডিপার্টমেন্টএ যে তছরূপ হয় সেই তছরূপও আমাদের যিনি এই ডিপার্টমেন্টএর মিনিস্টার আছেন তিনি জানেন বীরভূম জেলাতে একটা তছরূপের ব্যাপার নানুর থানায় হয়েছিল। নানুরের বি ডি ও রাধারমণ যে কিভাবে টাকা তছরূপ করেছিল সেটাও তিনি জানেন। কাজেই আমি বলতে চাই এই যে ডিপার্টমেন্ট এই ডিপার্টমেন্টটাকে পুরোপুরি উঠিয়ে দেওয়া ভাল। এবং এই ডিপার্টমেন্টএর যে টাকা তা মানুষের প্রকৃত কাজের জন্য, বিশেষ করে চাষীদের যদি দেওয়া হয় তাহলে উপকার হবে।

Shri Monoranjan Baksi:

মাননীয় স্পীকার, স্যার, উন্নয়ন খাতে আলোচনা করতে গিয়ে সর্বপ্রথম একটি কথা মনে পড়ছে যে আজকে সোনার বাংলা তৈরী করার জন্য সরকার আজ চেষ্টা করছেন। তাঁরা গ্রামাঞ্চলে সোনার ক্ষেত, সোনার ফসল তৈরী করার জন্য উদ্যোগী হয়েছেন; কিন্তু এই কমিউনিটি ডেভেলপমেন্টএর মাধ্যমে কতখানি তাঁরা সোনার বাংলা, সোনার মানুষ, সোনার ক্ষেত, সোনার ফসল তৈরী করতে পারবেন .আজকে আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ করছি সেটা বন্ধ করতে। আজকে এই ডেভেলপমেন্ট করতে হলে কৃষির উন্নতি করতে হলে আসল দরকার জল। বর্ধমান জেলার কথা বলি, সেখানে প্যাকেজ স্কীম হয়েছে। সেখানে দেখা যাচ্ছে বহু জায়গায় জলের অভাব রয়েছে।

জলের ব্যবস্থা না করলে এই প্যাকেজ স্কীম সফল হবে না। তা ছাড়া কৃষককে শিক্ষাদানের জন্য কৃষি কলেজের প্রয়োজন আছে সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। তার পরে এক একটা ব্লক ডেভেলপমেন্ট কমিটি এবং যারা সদস্য হয়েছেন তাঁদের কি অধিকার, কি কর্তব্য সে সম্পর্কে কোন নির্দেশ নেই। বিভিন্ন সভা সমিতির ব্যাপারে আমরা দেখেছি বি ডি ও সমস্ত লিখে দেন মেম্বাররা শুধু সই করেন। মেম্বারএর কি রাইট, বা ডিউটি তার একটা কোড করে দেওয়া উচিত। তারপর ব্লক কমিটিতে যে সমস্ত প্রস্তাব গৃহীত হয় তা ইংরাজীতে লিপিবদ্ধ হয়। অনেক সদস্য ইংরাজী জানেন না—তাঁরা তা বুঝতে পারেন না। সমস্ত পশ্চিমবাংলার বিভিন্ন ব্লক কমিটিতে যে সমস্ত মিটিং হয় তার যে প্রস্তাব রেজলিউশন সেগুলি যাতে বাংলাভাষায় লিপিবদ্ধ হয় সে রকম নির্দেশ দিলে ভাল হয়। আজকে বিভিন্ন ব্লক কমিটির অন্তর্ভুক্ত যে জমি সেটা যদি গ্রহণ করে চাষীদের কো-অপারেটিভ বেসিসএ চাষ করতে দেওয়া হয় তাহলে সত্যিকারের চাষীদের উপকার হবে। তা যদি না হয়, তা হলে কাজ আসলে কিছু হবে না। আমরা দেখছি সরকারের বিভিন্ন বিভাগ রয়েছে—যেমন,

Cottage Industry, Education Department or other departments

আছে সেই ডিপার্টমেন্টএর কর্মচারীরা যদি গ্রামে গিয়ে গ্রামের সাধারণ মানুষের সঙ্গে মিশতে না শেখেন, তাদের সঙ্গে যদি কথাবার্তা বলতে না পারেন, শুধু প্রভাবশালী ব্যক্তিদের সঙ্গে মেলামেশা করেন তাহলে কি করে কাজ হবে? এমন দেখা গিয়েছে যে যাঁরা প্রভাবশালী ব্যক্তি তাঁরাই কমিউনিটি ডেভেলপমেন্ট মারফৎ সহজে কৃষিঋণ পান, ষাঁড় কিনতে টাকা পান— সত্যিকারের যাঁরা গ্রামের দরিদ্র মানুষ, যারা গরীব কৃষক তারা বঞ্চিত থাকে—যার ফলে কমিউনিটি ডেভেলপমেন্ট করার আসল উদ্দেশ্য ব্যর্থ হচ্ছে। এটা আমরা জানি যে সরকার কিভাবে কাজ করছেন, কিভাবে চলছেন, তার পরিচয় মিলবে এই তার

lowest unit, Community Development Block
এর কার্যের মারফৎ। আপনার মাধ্যমে আমি সরকারকে এই কথাটি স্মরণ করিয়ে দিচ্ছি যে— that Government is the best that governs the least.

[2-30—2-40 p.m.]

শ্রীঅভয়পদ সাহা: মাননীয় স্পীকার মহাশয়, সমষ্টি উন্নয়ন পরিকল্পনা রূপায়ন করবার জন্য প্রতি থানায় থানায় যে ব্লক অফিস তৈরি হয়েছে বা হবে সেই ব্লক অফিসগুলিকে গ্রামীণ রাইটার্স বিল্ডিং বলা চলে। কারণ এই ব্লক অফিসগুলিতে সব রকম বিভাগই আছে। শিক্ষা বিভাগ, স্বাস্থ্য বিভাগ, রাস্তাঘাট বিভাগ, কৃষি বিভাগ, ত্রাণ বিভাগ, পশুপালন বিভাগ, স্বায়ত্ত-শাসন বিভাগ অর্থাৎ সব বিভাগই আছে। এবং সব বিভাগেই কর্মচারীও আছে এবং তাদের জন্য ভাল ভাল বাড়ীও তৈরি হয়েছে এবং সব বিভাগের খাতাপত্র ফাইলপত্র কেতা দুরস্ত। কিন্তু জনসাধারণের সঙ্গে সংযোগ কতটুকু আছে সেটা সবাই জানেন। পল্লীগ্রামে শতকরা ৮০ জন লোক যারা চাষ করে মুনীশ খেটে খায় তাদের সঙ্গে এই গ্রামীণ রাইটার্স বিল্ডিং এর কতটুকু যোগ আছে এবং এই ৮ বছর ধরে তারা কতটুকু এইসব লোকদের কল্যাণ করতে পেরেছে সেটা আজকে বিবেচনা করে দেখা উচিত। তা না হলে এই পরিকল্পনার স্বার্থকতা কোথায়? যে পরিকল্পনা বহু উচ্চস্বরে বহু কাগজপত্রে বহু খবরের কাগজে গ্রামের কল্যাণের জন্য তৈরি করা হয়েছিল এবং এই ৮ বছরে অনেকগুলি ব্লকও তৈরি হয়েছে তাতে গ্রামের কতটুকু উন্নতি হয়েছে এই ব্লকের ভিতর দিয়ে সেটাই দেখতে হবে। বিভাগ তো নানান রকম আছে, লোকও নানান রকম আছে কিন্তু জনসাধারণের কতটুকু উন্নতি হয়েছে এই ডেভেলপমেন্ট প্রজেক্ট দ্বারা—আমি বলব কিছুই তারা উপকৃত হয়নি। আমরা দেখছি কিছু দালাল শ্রেণীর লোকের আবির্ভাব হয়েছে, এই দালালরা অফিসে যায় অফিসে এদের যোগসাজস আছে, সরকারের যে টাকা বরাদ্দ থাকে তারাই সেই টাকা উপভোগ করে—এইভাবেই ব্লকগুলির কাজকারবার চলছে। ব্লক বলতে জনসাধারণের মনে একটা আতঙ্ক হয়ে দাঁড়িয়েছে, কারণ ব্লকের দৌলতে নানান রকম অন্যায় অবিচার অত্যাচার চলছে গ্রামে, গ্রামে, এই ব্লকের দ্বারা নানান রকম বিভ্রান্তির সৃষ্টি এবং নানান রকম বিভেদের সৃষ্টি হয়েছে গ্রামে গ্রামে। কাকে ঠকিয়ে কাকে ফাঁকি দিয়ে কে কি কাজ করবে— এইসব ব্যাপারই চলেছে ব্লকের ভিতরে। আমি একটা উদাহরণ দিচ্ছি যে এমন ব্লকও আছে

যেখানে অনেক প্রেসিডেন্ট খুন হয়েছে এবং অনেক মেম্বারও খুন হয়েছে। এইভাবে ব্লকের অবস্থা এবং এইভাবে জনসাধারণের উন্নতি হচ্ছে। ব্লক দ্বারা যদি সত্য সত্যই জনসাধারণের উপকার করার ইচ্ছা সরকারের প্রকৃতই উদ্দেশ্য থাকে তাহলে সরকারী কর্মচারী যারা যাবেন ব্লকের অফিসগুলিতে তাদের উচিত গ্রামের লোকেদের মধ্যে মিশে যাওয়া। গ্রামের শতকরা ৮০ ভাগ লোকের কোথায় দুঃখ কোথায় দৈন্য সেদিকে লক্ষ্য রেখে এই সমস্ত কর্মচারীদের কাজ করতে হবে। তা না হলে চকচকে জামাকাপড় পরে ভাল ঘরে থেকে টেবিল চেয়ারে বসে ফাইল-পত্র তৈরি করে নানান রকম স্ট্যাটিসটিক্স তৈরি করে দেশের উন্নতি হবে না, গরীব চাষীর উন্নতি হবে না। যদি আপনারা সেইভাবে সরকারী কর্মচারীদের শিক্ষা দিতে পারেন যে তারা জন-সাধারণের জীবনে সঙ্গে মিশতে পারে নিজের সুখ দুঃখ ভুলে গিয়ে তাদের আপন জন হতে পারে তাহলে তাদের কিছু উন্নতি হতে পারে তা না হলে কিছুতেই জনসাধারণের উপকার হবে না। কারণ তাদের মনুষ্যত্ব বোধ থাকা চাই। কিন্তু আমরা দেখছি উলটো ফল ফলছে। আগে গ্রামে যে সততা ছিল, যে মনুষ্যবোধ ছিল, যে দুঃখ বোধ ছিল, আজ সবই নষ্ট হয়ে গিয়েছে এই ব্লকের দৌলতে। ভবিষ্যতে আপনারা যেসব কর্মচারী পাঠাবেন তাদের এমনভাবে শিক্ষা দেবেন, এমন নির্দেশ দেবেন যাতে তারা গ্রামের জনসাধারণের সঙ্গে একেবারে মিশে যেতে পারে, যাতে তারা তাদের দুঃখ দুর্দশা ঘুচাতে পারে। এবং তারা এমনভাবে কর্মকৌশল চালাবেন যাতে জনসাধারণের কিছু উপকার হয়। কিন্তু আমরা জানি যে টাকা আপনারা বরাদ্দ চেয়েছেন তার অর্ধের বেশি টাকা এই গ্রামীণ রাইটার্স বিল্ডিং চালাতে এবং কর্মচারীদের মাহিনা মিটাতে এবং খাতাপত্র তৈরি করতে চলে যাবে। এবং যে টাকা থাকবে তাতে এতগুলি বিভাগএর কাজকর্ম কিছুই হবে না। আমি বলি যে টাকা আপনারা খরচ করছেন তা যদি আপনারা দালালদের হাতে না দিয়ে প্রকৃত চাষী, মজুর ও মধ্যবিত্তদের যাতে প্রকৃত উপকার হয় সেইভাবে খরচ করেন তাহলে দেশের কিছু উন্নতি হতে পারে।

শ্রীবিজয়কৃষ্ণ মাইতি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে অর্থের মঞ্জুরীর জন্য সমষ্টি উন্নয়ন খাতে এই সভায় পেশ করেছেন তা আমি পূর্ণ সমর্থন করছি। সরকারের প্রশাসন বিভাগ এতদিন যেভাবে চলছিল তাতে আমরা দেখতে পাই যে মহকুমা শাসকের নীচে প্রত্যেক থানায় একটি করে সার্কেল অফিসার ছিল। সেই সার্কেল অফিসারের অধীনে প্রত্যেক ইউনিয়নএ ইউনিয়ন বোর্ড গঠিত হয়েছিল, সেই ইউনিয়ন বোর্ড চৌকিদারদের এবং দফাদারদের মাহিনা জোগাতো, তাদের অন্যান্য কাজের তদারক করবার জন্য ঐ সার্কেল অফিসারের উপরে ভার ছিল, কিন্তু তারা গ্রামের যেসমস্ত উন্নয়নমূলক কাজ সেসব খুব বেশী করতে পারতেন না। তারা ইউনিয়ন বোর্ডের ভিতর দিয়ে দুই একটা টিউবওয়েল ছাড়া গ্রামের আর কোন উন্নয়নমূলক কাজ করতে পারতেন না। সেজন্য সরকার ১৯৫৬ সালে পঞ্চায়েত আইন এবং ১৯৫৮ সালে পঞ্চায়েত নিয়মাবলী প্রণয়ন করেন। তা ছাড়া এই আইনের বলে গণতান্ত্রিক উপায়ে প্রত্যেকটি গ্রামে গ্রাম সভা গ্রাম পঞ্চায়েত আবার গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষ উপাধ্যক্ষ নির্বাচন করে নিয়েছেন। প্রত্যেক অঞ্চলে যেটা ইউনিয়ন বোর্ড এলাকা বললেই চলে সেই অঞ্চলে অঞ্চল পঞ্চায়েত নির্বাচিত হয়েছে। আবার সেই অঞ্চল পঞ্চায়েত তাদের সভাপতি সহসভাপতি প্রধান উপপ্রধান তাও নির্বাচন করে নিয়েছেন। এবং কোন কোন অঞ্চলে আমরা দেখতে পাই সরকার ন্যায় পঞ্চায়েত গঠন করবার অধিকার দিয়েছেন। কাজে কাজেই এক কথায় বলতে গেলে সরকারী কাঠামো এখন গ্রাম পর্যন্ত প্রসারিত হয়েছে। সরকারের উদ্দেশ্য হচ্ছে গ্রামের সর্বাঙ্গীণ উন্নতিবিধান করা এবং তা করতে গেলে কাঠামো যদি গ্রাম পর্যন্ত না যায় তাহলে গ্রামের কোন-রকম উন্নতি হতে পারে না। এখন ২।৩ বছর এই উন্নয়ন পরিকল্পনা এবং সমষ্টি পরিকল্পনা কার্যকরী হতে না হতেই এখন থেকে চীৎকার করলে কি করে বোঝা যাবে যে এটা ভাল হবে কি মন্দ হবে। এক দুই বছর দেখে সমস্ত কিছু বোঝা যাবে না। কাজে কাজেই এখন আমাদের একটু ধৈর্য ধরতে হবে। আমাদের অপেক্ষা করতে হবে এবং খুব ভালভাবে বিচার করতে হবে যে এর দ্বারা কিছু কাজ হয় কিনা। আগে একটা থানায় বহু গ্রাম ছিল এবং তাদের সঙ্গে যোগাযোগ করার সুবিধা হত না। কাজে কাজেই এখন করা হলো কি একটা থানাকে ২।৩টা ব্লকে ভাগ করা হলো এবং সেই ব্লকে একজন করে বি ডি ও-কে নিযুক্ত করা হলো। বি ডি ও-কে ব্লকের প্রাণ কেন্দ্র করে দেওয়া হল। সেই বি ডি ও-র অধীনে বড়জোর ৫০।৬০ খানা গ্রাম থাকলো।

[2-40—2-50 p.m.]

কাজেই তিনি যদি ইচ্ছা করেন তাহলে ৫০।৬০ খানা আয়ত্তাধীনে রাখতে পারেন। প্রত্যেক দিন আমাদের বি ডি ও-রা যদি দু-একটা গ্রামে যান তাহলে ভালই হবে। সরকার তাদের যাতায়াতের সুবিধার জন্য একটা করে জিপ দিয়েছেন। গ্রামের ভিতর জিপ চালাবার রাস্তা খুব ভাল নেই। কিন্তু গরমের সময় জিপ মাঠের মাঝখান দিয়েও যেতে পারে এবং গ্রামের মধ্যেও যেতে পারে। তাই বলছি যে গ্রামের লোকের সঙ্গে যোগাযোগ রাখতে হবে—তাহলে তাতে কাজ ভাল হবে। একথা সত্য যে গ্রামের সঙ্গে যদি যোগাযোগ না থাকে তাহলে সতিকারের কাজ হবে না। সরকারও সত্যিই সত্যিই গ্রামের সঙ্গে যোগাযোগ চায়—গ্রামের সঙ্গে যদি যোগাযোগ না থাকে তাহলে গ্রামে কতরকম অভাব অভিযোগ আছে তার সত্যিকারের প্রতিকার তারা করতে পারবেন না। আমি অবশ্য দুঃখের সঙ্গে বলছি যে কোন কোন বি ডি ও-র বিরুদ্ধে এইরকম রিপোর্টও আছে যে তারা ব্লক অফিসে বসে থাকেন সকলের সঙ্গে দেখা করতেও চান না। অবশ্য এইরকম বি ডি ও বোধ হয় বেশী নেই। মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো যে তিনি যখন বি ডি ও নিয়োগ করেন তখন প্রত্যেক বি ডি ও-কে এই ইনেসট্রাকসন দেওয়া দরকার যে বি ডি ও হবার পর তিন মাসের ভিতরে প্রত্যেক গ্রামের ভৌগোলিক রিপোর্ট তিনি দাখিল করবেন। কাজেই তাদের গ্রামে যেতে হবে এবং গ্রামে গেলেই গ্রামের লোকের কি সমস্যা আছে সেটা জানা যাবে। আমাদের পল্লীবাসীরা অত্যন্ত দুঃখকাতর—তারা তাদের গ্রাসাচ্ছদনের জন্য ব্যস্ত। তারা গ্রামের কথা কি করে ভাববে। কাজেই তাদের প্রাণের উৎসাহের সঙ্গে যোগাযোগ রাখতে হবে এবং সেজন্য সেখানে যেতে হবে এবং সেখানে গিয়ে সভা সমিতি এবং আলাপ-আলোচনা করে তাদের গ্রামের জন্য ব্যবস্থা করতে হবে। এইরকম ধরনের কাজ যদি না করেন তাহলে ভাল ফল হবে না। এইরকম যদি করতে পারেন তাহলে গ্রামের সত্যিকারের অনেক উন্নতি হবে। গ্রামের অঞ্চলের ভিতর প্রধান উপপ্রধান, উপাধ্যক্ষ অধ্যক্ষ এবং এছাড়া গ্রামে যেসমস্ত পি এস পি বা অন্যান্য রাজনৈতিক দল যারা দেশপ্রেমিক তাদের সঙ্গে একসঙ্গে বসে প্রত্যেক গ্রামের উন্নতির জন্য পরিকল্পনা করতে পারেন এবং সেই অনুযায়ী কাজ করতে পারেন। আর একটি কথা বলবো—আমি শুনেছি যে মাত্র ১ হাজার টাকা অঞ্চল প্রধানকে দিয়ে কাজ শেষ করে নেবার চেষ্টা হচ্ছে। কিন্তু এক হাজার টাকায় ১৫।২০ খানা গ্রামের অঞ্চলের ভিতর কি কাজ হবে জানি না। সেখানে যে বর্তমান অবস্থা আছে তাতে প্রত্যেক গ্রামের পল্লী স্বেচ্ছাসেবক বাহিনী শ্রম দান করে বিনা পারিশ্রমিকে কাজ করবার জন্য উৎসুক। এবং তাদের দিয়ে ঠিক করতে হবে যে কি কাজ করতে হবে। আমাদের সেচ মন্ত্রী মহাশয়, সেদিন এই সভায় একটা আইন পাশ করেছেন যে জলসেচ বা জল নিকাশের জন্য নালা বা খাল তৈরি করবার যে ব্যবস্থা হচ্ছে তাতে আপত্তিকারীর জমির উপর দিয়ে সেই কাজ করা যাবে। বর্তমান আইন আমাদের খুব সাহায্য করবে এবং জল নিকাশের কাজ আমরা ভালভাবে যদি করতে পারি তাহলে গ্রামের কাজ খুব ভাল হবে। সেখানে যদি ভাল সার দিয়ে নানারকম ভাল বীজ দিয়ে নানারকম ব্যবস্থা করতে পারি, ক্ষেত খামারে ছোট ছোট জমি একত্রিত করে পরিকল্পনা অনুযায়ী যদি কাজ করা যায় তাহলে এর ফল ভালই হবে এবং তার ফলে এমন উৎপাদন হবে যা বর্তমানের চেয়ে বেশী হবে এবং তাতে সকলেই উপকৃত হবে।

Shri Radhanath Chattoraj:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারের সমস্ত কাজেই আমরা দেখতে পাচ্ছি, এ'রা যদি ভাজেন ঝিঙ্গে বলেন পটল। আমাদের বীরভূম জেলায় ১৯৫২ সালে ব্লক স্থাপিত হয়েছে, তাই ব্লক সম্পর্কে আমরা খুব ভাল জানি। জাতীয় সম্প্রসারণের মূল উদ্দেশ্য ছিল গ্রাম অঞ্চলের সর্বাঙ্গীণ কল্যাণ এবং দরিদ্র জনসাধারণের মঙ্গল করা। যখন ব্লক স্থাপিত হয় তখন আমরা মনে করে-ছিলাম দেশের ভাল হবে, মঙ্গল হবে, কিন্তু এখন দেখছি সম্পূর্ণ উলটো। কিছু উন্নতি হয় নাই তা নয় হয়েছে যারা বিত্তশালী ব্যক্তি তাদের কিছু হয়েছে, পাকাবাড়ী হয়েছে, বাড়ীর সামনে কন্ট্রাক্টরী করে টিউবওয়েল বসেছে ও এসিষ্ট ২।৪ পয়সা হয়েছে। এজন্য আমাদের সরকারী নীতি দায়ী, এই নীতির যদি পরিবর্তন না হয় তাহলে কোন কিছু হবে বলে মনে হয় না। আমরা দেখতে পাই এই ডিপার্টমেন্টাল ট্রেনিং লেগেই আছে, কোথাও না কোথাও ট্রেনিং চলছে। আমার মনে হয় মন্ত্রিমহাশয়দের থেকে আরম্ভ করে গ্রামসেবক পর্যন্ত আবার ট্রেনিং দরকার।

এবং জনতার কাজ কিভাবে করতে হবে, কি করলে ভাল হবে এগুলি অধিকাংশ কর্মচারীরই সম্যক জ্ঞান নাই। এই যে বই এতে ভাল ভাল কথা আছে কিন্তু বই পড়ে ভাল ভাল কাজ আমরা দেখতে পাচ্ছি না। এখানে বলা হচ্ছে যে,

"Community Development must approach the community as a whole and must pay particular attention to its weaker sections. This has important implication in terms of basic national policies of development, in the formulation of local programmes and in the choice of methods for implementation. A policy of agrarian reforms to meet the ends of social justice is an essential requisite for community development in many underdeveloped countries."

মন্ত্রিমহাশয় বলছেন যে কৃষি ব্যবস্থার উন্নতি করে জাতীয় প্রতিরক্ষা ব্যবস্থাকে দৃঢ়তর করতে হবে। কিন্তু করবেন কাকে নিয়ে? মুখে বললে এ হবে না, কৃষি সংস্কার করেছেন? তার জন্য কতটুকু কাজ করেছেন। কেবল মুখে বললে কাজ হবে না। এজন্য আপনাদের পলিসি পরিবর্তনের দরকার, এই পলিসি নিয়ে যদি কাজ করতে যান তাহলে হবে না, তা কেবল কাগজে কলমে থেকে যাবে। ইতিমধ্যেই গ্রাম অঞ্চলের লোক বলতে লেগেছে বি ডি ও মানে বেড ডিলিং অফিসার। সবাই যে খারাপ বি ডি ও আছেন তা আমি বলছি না, ভালও আছেন। অনেকের কাজ করবার স্পৃহা আছে। অনেক ভাল ছেলে সরকারী চাকরী পেয়েছে এবং তাদের কাজ করবার আগ্রহও আছে। কিন্তু কাজ করতে গিয়ে কি হয়? আজকে একটা পলিসি হ'ল কালকে আবার সেটা পরিবর্তন হ'লো। এই পলিসি যদি হরদম পরিবর্তন হয় তাহলে কোন কাজ কখনও গড়ে উঠতে পারে না। তা ছাড়া বি ডি ও-কে আপনারা কি দিয়েছেন? বি ডি ও-কে ব্লক এলাকার মধ্যে ঐ ব্লক ডেভেলপমেন্ট এলাকার সমস্ত রকম উন্নতির দায়িত্ব দেওয়া হয়েছে। কিন্তু দায়িত্ব নিয়ে ঐ দ্রুত কাজ, দ্রুতগতিতে পরিকল্পনার যেটুকু শেষ করবার চেষ্টা করেন তা সে ক্ষমতা তাদের নাই। তারা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা মহকুমা শাসকের অনুমতি ছাড়া কোন কাজ স্বাধীনভাবে করতে বা নির্দেশ দিতে পারেন না। তাই আজ নির্দিষ্ট সময়ের মধ্যে ব্লক এলাকার কোন কাজ হয় না। তাদের আরো ক্ষমতা দিয়ে এই অবস্থা দূর করা একান্ত উচিত ও প্রয়োজন। এদেরকে আরো ক্ষমতা দেওয়া দরকার। ধরুন বন্যা এসেছে, একটা বাঁধ ভেঙ্গে গেছে—সব ভেসে যাচ্ছে, সে বাঁধকে মেরামত করতে হবে। তার জন্য দরখাস্ত আসুক,— তার জন্য এস ডি ও-র কাছে যাক, ম্যাজিস্ট্রেটএর কাছে যাক, এসব করতে করতে আবার একটা বন্যা হয়, আমি দেখেছি আমার এলাকায় ১০ হাজার বিঘা জমি নষ্ট হয়ে গেছে। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, এস ডি ও ও এক্সপার্টএর ওপিনিয়ন নেওয়া হল কিন্তু কিছু করা হ'ল না।

[2-50—3 p.m.]

আমি জানি আমার এলাকাতে ১০ হাজার একর জমি নষ্ট হয়ে গেছে। আমি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে গিয়ে দরবার করলাম কিন্তু আবার বান হোল—আবার বান হোল ধান হোল না। তাই ইমিডিয়েট খরচ করবার জন্য তাদের হাতে টাকা দেওয়া দরকার। আর সমস্ত কাজ আসছে কখন? যখন ফাইনান্সিয়াল ইয়ার ক্লোজ হয়ে আসছে সেই সময় সব কাজের তাড়া যাচ্ছে—এর মধ্যে কাজ ফেল—কিন্তু এর মধ্যে কাজ হবে না। কিন্তু সেগুলি কি ব্লকের মাধ্যমে করা যায় না। একটা ফাইনান্সিয়াল ইয়ার ক্লোজ হোল তারপর আবার কাজ করা যাবে। এটা তো আপনারা করতে পারতেন। এ করতে একটু ফেসিলিটি থাকা দরকার। বাঁধা ধরা নিয়মে গ্রামের কাজ হবে না। গ্রামের লোকের কখন চাহিদা হবে কোন সময় কোন কাজ করতে হবে সেই কাজ তাদের সময় মত করা দরকার। তা যদি না করেন তাহলে কোন উপকারই হবে না। গ্রামের কুটিরশিল্প—তার সম্বন্ধে আপনারা কি করেছেন—আপনারা তো বলেন খুব কথা গ্রামে গ্রামে কুটিরশিল্প যেখানে যেরকম কাঁচামাল পাওয়া যায় সেখানে সেইরকম কাঁচামাল সংগ্রহ করতে হবে—স্মল স্কেল ইন্ডাস্ট্রি এগুলি করতে হবে। মুখে বললে গ্রামের উন্নতি হবে না। গত ১৯৫৬ সালে বন্যার পর আপনাদের ডিপার্টমেন্ট বি ওয়াই ও এইচ্ স্কীমে ঘর তৈরি করবার পরিকল্পনা নিয়েছিলেন। সাধারণ গরীব মানুষ মনে করেছিল যে কিছু কিছু মাথাপিছু কাজ পাবো, জায়গা পাবো এবং সাহায্য পাবো—কিন্তু বি ওয়াই ও এইচ্ স্কীমের ঘর এখন করা বন্ধ করে

দিয়েছেন। আমি জানি এইরকম বীরভূম জেলার লালপুর এলাকায় এইরকম হয়েছে এবং সেখানে আদর্শ পল্লী নির্মাণ কার্য আরম্ভ করেছিলেন এবং সেখানে কিছু ঘর হয়েছিল এবং একটি কমিউনিটি হলও হয়েছিল—কিন্তু কমিউনিটি হল পড়ে আছে কোন কাজ হয় না। একথা আমি মন্ত্রিমহাশয়কে বলেছিলাম যে চলুন একবার দেখবেন। তা তিনি দয়া করে যান নি। চলুন একবার দেখে আসুন আদর্শ পল্লী তৈরি করা যে স্কীম নিয়েছেন—সেখানে জমি পড়ে রয়েছে—আরও ঘর করা চলে গভর্নমেন্ট যদি সাহায্য নাও করে সেখানে যে জমিগুলি পড়ে রয়েছে সেগুলি যদি পাবলিককে দেন সেখানে বাড়ী করতে পারে। আমি বহু লেখালেখি করেছিলাম কিন্তু কোন কাজ হচ্ছে না। অথচ গভর্নমেন্টের বহু টাকা দিয়ে সেই জায়গাটা একোয়ার করেছেন সেখানে কেন পড়ে থাকবে? তাছাড়া সেখানে হচ্ছে কি? দল পোষণ নীতি, স্বজন পোষণ নীতি এই হচ্ছে যা ন্যায্য কাজ তা আপনারা করবেন না। এইরকম একটা উদাহরণ দিচ্ছি। ৮ই ফেব্রুয়ারি সাড়ে দশটার সময় অবিনাশপুর গ্রামে সিউড়ী থানার ২নং ব্লকের আনুষ্ঠানিক উদ্বোধন হয়। উদ্বোধন করেন রাজ্যের স্বায়ত্তশাসন ও সমাজ উন্নয়ন মন্ত্রী শ্রীশৈলকুমার মুখার্জি এবং যে জায়গাতে ব্লকটা স্থাপিত হয়েছে সেই জায়গাটা হোল সিউড়ি থানার ২নং ব্লক। ৭টা ইউনিয়ন সেই ব্লকে গত ২রা অক্টোবর ১৯৬২ তারিখে এই ব্লক গঠনের কথা সরকারীভাবে ঘোষণা করা হয় এবং সরকারীভাবেই ঐ ৬টি ইউনিয়নের মধ্যবর্তী স্থান পুরন্দরপুরে নব-ঘোষিত এই ব্লকের অফিস স্থাপনের কথা জানা যায়। জেলা সমাহর্তা ঐ নামেই রাজ্যসরকারের নিকট সুপারিশ করিয়া পাঠান। বিশ্বস্তসূত্রে প্রকাশ রাজ্যসরকারও ঐ সুপারিশ অনুযায়ী পুরন্দরপুরে ২নং ব্লকের পত্রাদি পাঠাইতে থাকেন। এমন কি জেলার জনস্বাস্থ্য বিভাগের আধিকারিকও পুরন্দরপুরে ২নং ব্লকের নামে চিঠিপত্র পাঠান। কিন্তু বিগত কয়েক বৎসরে এই রকমে নেপথ্যে কাজ চললো—যোগাযোগ চললো—কথা বলাবলি চললো জনসাধারণের স্বার্থ পদদলিত করা হোল—হয়ে কি হোল—ঐ ৬টি ইউনিয়নের প্রান্তে অবস্থিত অবিনাশপুরে ২নং ব্লকের কর্মকেন্দ্র স্থাপিত হয়। ওয়াকিবহাল মহলের ধারণা, জেলা কংগ্রেসের এড-হক কমিটির সম্পাদক শ্রীবৈদ্যনাথ বন্দোপাধ্যায়, এম এল এ-র তদ্বিরের জোরেই জেলা সমাহর্তার পূর্ববর্তী সুপারিশ ও রাজ্যসরকারের সিদ্ধান্ত সমস্ত পালটাইয়া যায়। এ কি করছেন। সাধারণের কথা আপনারা দেখছেন না। আপনাদের এম এল এ-এর কথার জন্য সকলের স্বার্থ পদদলিত করে আপনারা কি করছেন। এটা করা গুরুতর অন্যায়—এইরকম পার্টিবাজী করা। যদি আপনারা সত্যিকারের কাজ করতে চান—পাবলিকের সংগে কো-অপারেশন করুন। আপনি যেমন কংগ্রেসের মন্ত্রী তেমনি কমিউনিস্টেরও মন্ত্রী—এ তো দেখছি দল পোষণ করার কাজ চলছে—আর ওধারে হচ্ছে মডেল ভিলেজে কংগ্রেস চক্রান্ত করছে—অনেক জায়গা পড়ে আছে সেখানে ঘর না করে সরকারী নির্দেশ অমান্য করে অন্য জায়গায় পুকুরের পাড়ে ঘর করছেন। এর মানে কি? এসব না করে সুষ্ঠু পরিকল্পনা করে কাজ করার ব্যবস্থা করুন।

Shri Kamal Kanti Guha:

মিঃ স্পীকার স্যার, আমার এই অল্প সময়ের মধ্যে কয়েকটি সাজেস্‌সান আমি আপনার মাধ্যমে মুখ্য মন্ত্রীর কাছে রাখতে চাই। আমি গতবারে এই খাতে আলোচনার সময় কয়েকটা সাজেস্‌সান রেখেছিলাম। তা আবার দিতে চাচ্ছি। আশাকরি মন্ত্রীমহাশয় এই কথাগুলি বিবেচনা করবেন।

আঞ্চলিক ভিত্তিতে যদি কমিউনিটি ডেভেলপমেন্টের কর্মচারী নিয়োগ করা না যায়, তাহলে যে উদ্দেশ্য নিয়ে এই ডিপার্টমেন্ট গঠিত হয়েছে, সেই উদ্দেশ্য ব্যর্থ হতে বাধ্য। তার কারণ আমি লক্ষ্য করেছি—জনসাধারণের যদি উন্নতি করতে হয় তাহলে শতাব্দীর পর শতাব্দী আমাদের সাধারণ লোক যারা গ্রামে বাস করে, তারা যে সংস্কৃতি ও রীতিনীতি নিয়ে বর্ধিত হয়েছে, সেই পুরানো রীতি, সেই পুরানো কুসংস্কার আজকে বর্জন করে নূতন পদ্ধতিতে তাদের শিক্ষা দিতে হবে। তাদের যদি কৃষিকার্য শেখাতে হয়, তাদের যদি শিল্পের মধ্যে টেনে আনতে হয়, তাহলে তাদের মনের মধ্যে গিয়ে মিশতে হবে। এখানকার যাঁরা কর্মচারী আছেন, গ্রামসেবক, গ্রামসেবিকা ও বি ডি ও—তাঁরা আমাদের আঞ্চলিক ভাষা ও আচার ব্যবহার বুঝতে পারেন না, মনের থেকে তফাৎ থাকে। কেউ কারো আস্থা অর্জন করতে পারেন না। তাই

বলতে চাই উত্তরবঙ্গের জন্য আলাদা একটা জোন করুন, উত্তরবঙ্গের যুবক-যুবতীদের শিক্ষা দিয়ে গ্রামসেবক, গ্রামসেবিকা নিয়োগ করুন। আমাদের ওখানে যে নেপালী মহিলা লেডী এস ও আছেন, তিনি বাংলা লিখতে পারেন, ভাল বলতে পারেন না, এই ধরনের মহিলা যদি গ্রামে পাঠান তাহলে তাঁরা না পারবেন মেয়েদের সঙ্গে মিলতে, না পারবেন মেয়েদের এর ভেতর টেনে আনতে। কাজেই বলবো আঞ্চলিক ভিত্তিতে লোক আপনারা নিয়োগ করুন।

আর একটা নীতি হচ্ছে ৫০।৫০। গভর্নমেন্ট ডেভেলপমেন্ট স্কীমে ৫০ পারসেন্ট দেবেন আর লোক্যাল জনসাধারণকে ৫০ পারসেন্ট দিতে হবে। কোন ক্ষেত্রেই এক হাজারের বেশী নেওয়া যাচ্ছে না। যদি তিন হাজার খরচ হয়, সেখানে দেড় হাজার সরকার দিচ্ছেন না। সেখানে সীমাবদ্ধ থাকছে ঐ এক হাজারের মধ্যে। এই যে ৫০।৫০ স্কীম, এতে এক হাজার টাকা নির্দিষ্ট করে দিচ্ছেন সরকার। এটা ঠিক নয়। এই নীতি স্থির করুন—পাঁচ হাজার পর্যন্ত অর্থাৎ আড়াই হাজার।আড়াই হাজার দেবেন। যত টাকা হোক—তার অর্ধেক সরকার দেবেন। তা নাহলে কাজ হয় না স্কীম স্যাংকশন হয় জনসাধারণ শেষ পর্যন্ত টাকা দিতে পারে না।

[3 p.m.—3-20 p.m.]

আর একটা কথা বলেছেন পানীয় জল সম্বন্ধে। কয়েকদিন আগে ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট-এর মিটিং হয়ে গেল, সেখানে শুনলাম যে টাকা স্যাংকসন হয়ে গেল—মেখলীগঞ্জ ও মাথাভাঙ্গা মহকুমার জন্য সে টাকা খরচ করা যাবে না। সেখানে কূপ খনন করবার কথা ছিল। সেখানে সিমেন্ট পাঠাতে পারবেন না বলে কূপগুলো হয় নি। একটা টাকা স্যাংকসান করবেন, জল দিতে চাইবেন, অথচ সিমেন্ট যদি সেখানে না পৌঁছায়, তাহলে কি করে কাজ হবে? যে খাতে টাকা দিবেন, যে পরিকল্পনা মঞ্জুর করবেন, তাকে কার্যকরী করতে হলে আনুসঙ্গিক ব্যবস্থা করা প্রয়োজন। আপনার ডিপার্টমেন্ট জনসাধারণের সঙ্গে সহযোগিতা করে যাতে এই সব আনুসঙ্গিক জিনিসপত্র তাড়াতাড়ি পৌঁছে দিতে পারে যথাস্থানে, সেদিকে যেন নজর রাখেন। তাহলে কাজগুলি সুষ্ঠুভাবে হতে পারে।

তারপর ইনফরমেশন সেন্টার সম্বন্ধে একটি কথা বলবো। ব্লকের যে ইনফরমেশন সেন্টার আছে সেখানে ছয় মাসে আগের কাগজপত্র যাচ্ছে। আপনাদের যখন আলু চাষ হবে, তখন ইনফরমেশন সেন্টারে আউশ ধানের, পাট চাষের কাগজপত্র পাবলিসিটির জন্য গিয়ে পৌঁছাচ্ছে। যে সিজনএর যে কাগজপত্র পাঠান দরকার, তা আপনাদের ইনফরমেশন সেন্টারে গিয়ে পৌঁছাচ্ছে না। একটা ব্লকে একটা না রেখে প্রতি অঞ্চলে ছড়িয়ে দেন যাতে কৃষকরা জানতে পারে, বুঝতে পারে। কিভাবে চাষবাস করতে পারে। এই ব্যবস্থা করলে পরে আপনাদের কাজ কিছুটা ভাল হতে পারে।

Mr. Speaker: The House stands adjourned for 15 minutes.

[After Adjournment]

[3-20—3-30 p.m.]

Mr. Speaker: Shri Radhakrishna Singha may like to speak.

Dr. Radhakrishna Singha:

মিঃ স্পীকার স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় আজকে যে ব্যয় বরাদ্দ মঞ্জুরী খরচের খাত আমাদের সামনে পেশ করেছেন, সে সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমি দু-একটি প্রস্তাব রাখতে চাই।

দশ বছর আগে যে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠা করে আমাদের দেশে ভারত সরকার এবং প্রত্যেক রাজ্য সরকার সমগ্র পল্লীগ্রামে ও পল্লীর জনগণের উপর যে একটা বৈপ্লবিক পরিবর্তন আনতে চেয়েছিলেন পল্লীর সর্বাঙ্গীণ মঙ্গল কামনা করে তা সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। আজকে দশ বছর পরে আমাদের অভিজ্ঞতা থেকে দেখতে পাচ্ছি যে উদ্দেশ্য নিয়ে এটা প্রবর্তন করা হয়েছিল সেই উদ্দেশ্য সফল হয় নি। তার কারণ হচ্ছে, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাতে চাই যে—

want of proper training of the Panchayet members

পঞ্চায়েতের যাঁরা মেম্বার ও অধ্যক্ষ আছেন, যাঁরা পঞ্চায়েতের কাজ পুরাপুরিভাবে পরিচালনা

করেন, সেই সমস্ত পারসোনালদের কাছে প্রকৃতপক্ষে ঐ নৈতিক আদর্শটা গিয়ে পেঁছায় নি। আজকে দেখা যাচ্ছে যে গ্রাম পঞ্চায়েত প্রবর্তন করে গ্রামবাসীদের মধ্যে ঝগড়া, বিবাদ এবং দলাদলি আরও বেড়ে গিয়েছে; এবং তার কারণ হচ্ছে—

proper verification of the mind of the people.

তাঁরা করতে পারেন নি। সেই জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে এ বিষয়ের প্রতি অবহিত হতে অনুরোধ করবো।

দ্বিতীয়তঃ, আমি দেখছি একটি ব্লক-এ লোড অব ওয়ার্ক হচ্ছে,

food productions, health and sanitation, communication, water-supply, animal husbandry, license issuing, fertilizer.

বিলি করা, নানা রকম রিপোর্ট দেওয়া ইত্যাদি এতগুলি প্রয়োজনীয় কাজ তাঁকে করতে হয়। আমার মনে হয় গভর্নমেন্ট প্রথমে যখন এটা প্রবর্তন করেন তখন ডিসেনট্রালাইজেসন অব দি পাওয়ার এই বোধ হয় তার মুখ্য উদ্দেশ্য ছিল। আমি সেই জন্য বলছি যে সমস্ত খাতের আলোচনা করার আমার সময় নেই, আমি শুধু ফুড প্রোডাকসন এবং ওয়াটার সাপ্লাই এই দুটি কথা আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই। এই ফুড প্রোডাকসন সম্বন্ধে বলতে গিয়ে আমি আমার বোলপুর ব্লকের কথা বলবো। সেখানে ৬৪ হাজার একর জমি আছে। তার মধ্যে ময়ূরাক্ষী এরিয়ার ৩০ হাজার একর জমি ময়ূরাক্ষী থেকে জলসেচ পায়। বাকী ৩৪ হাজার একর জমির কথা আমি বলছি। ব্লকের উপর সম্পূর্ণ ভার না দিয়ে প্রত্যেকটি বিভাগীয় স্পেসালিস্ট এবং সেখানে যে ইরিগেসন পোটেনসিয়াল আছে সে সম্বন্ধে আলোচনা করা এবং ফুড প্রোডাকসনকে যখন আমাদের যুদ্ধ এবং প্রতিরক্ষার ব্যবস্থার সমান স্থান দেওয়া হয়েছে তখন আমার মনে হয় মন্ত্রিমহাশয় এইটা সম্বন্ধে বিশেষজ্ঞ পাঠিয়ে যে কতটা এই রকম জমি প্রত্যেকটা ব্লকে পড়ে আছে, যাতে সেখানে অনেক শস্য উৎপাদন করতে পারা যায় তাদের পোটেনসিয়াল দেখে সেখানে কিভাবে সেচ, প্রবর্তন করা যায়, সে সম্বন্ধে আলোচনা করা এবং দেখা একান্ত কর্তব্য। আর একটি কথা, আশ্চর্য হয়ে যাই, ব্লকের যাঁরা মেম্বার অধ্যক্ষ মহাশয়, তাঁরা জানেন না যে আর একটা আমাদের ডিপার্টমেন্ট আছে যে ডিপার্টমেন্ট হচ্ছে

miscellaneous agricultural scheme—Government.

স্থির করেছেন যে এর মাধ্যমে ফ্রি সিডলিং ইত্যাদি বিলি করবেন। অথচ লোকে সেটা নেয় না। এর জন্য কে দোষী এবং এই নিরক্ষরতা কেন। গভর্নমেন্ট সেখানে কি দিতে চাচ্ছেন অথচ দেশবাসীর কাছে সে টাকা পেঁছাচ্ছে না। এই সম্বন্ধে আমি আর একটি প্রস্তাব রাখতে চাই যে এই সম্বন্ধে যেন কর্তৃপক্ষ সচেতন হন। আর একটি কথা হচ্ছে যে, যে সমস্ত গ্রান্ট দেওয়া হয় সেই সমস্ত গ্রান্ট যাতে প্রত্যেক বৎসরে মে কিম্বা জুন মাসে যেন ডিস্ট্রিক্ট ম্যাজিসট্রেটএর হাতে গিয়ে পেঁছায় যাতে সেই গ্রান্টের টাকা কাজে লাগাতে পারা যায়। আমরা যখন ব্লক কমিটির মধ্যমে জানতে পারি, প্রত্যেকটি গ্রান্ট গিয়ে সেখানে পেঁছায় বৎসরের ফেব্রুয়ারী কিম্বা মার্চ মাসে, যাতে কোন কাজ করা সম্ভব হয় না।

আর একটি কথা আমি ওয়াটার সাপ্লাই স্কীম সম্বন্ধে বলবো। রুরাল ওয়াটার সাপ্লাই স্কীম সম্বন্ধে তিনটি ডিপার্টমেন্টের তিনটি স্কীম আছে, একটি হল ব্লক লেভেলএ, একটি হল নন-ব্লক লেভেলে, আর একটি হল আর ডবলিউ এস আই। আপনার মাধ্যমে একটি কথা মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে এটা ইউনিফিকেসন করে দেওয়া উচিত। এর কারণ হচ্ছে, আমি দেখেছি গতবার যখন আলোচনা এই সভাকক্ষে হয়েছিল, এমন একটি দিন যায় নি যে টিউব-ওয়েল সম্বন্ধে আলোচনা বাদ গিয়েছে। এবারেও তাই, টিউবওয়েল সম্বন্ধে আলোচনা হয়েছে। তার কারণ হচ্ছে টিউবওয়েল তৈরী করেন একজন, আর একজন রক্ষণাবেক্ষণ করেন, এই জন্য যতগুলি টিউবওয়েল তৈরী হয়, তার অর্ধেক অকেজো হয়ে যায় তা আর রক্ষণাবেক্ষণ করা হয় না। তাই আমি মন্ত্রিমহাশয়কে বলবো যে আমাদের এই টিউবওয়েল সম্বন্ধে যেন ইনভেস্টিগেসন হয় এবং সম্পূর্ণ ডিস্ট্রিক্ট ম্যাজিসট্রেটের উপর এই ভার অর্পণ করা একান্ত

প্রয়োজন। শেষে আমি ভিলেজ কমিউনিটি ব্লকের কথা বলবো। ভিলেজ কমিউনিটি ব্লক যা তৈরী হচ্ছে তার জন্য আমার মনে হয় একটি বিভাগীয় অফিসার তৈরী করা হয় যাতে তিনি প্রত্যেকটি কাজ দেখেন সেই জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো।

Dr. Golam Yazdani:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে ব্যয় বরাদ্দ আমাদের সামনে এসেছে তার সম্বন্ধে দু-চারটি কথা বলতে চাই।

কমিউনিটি ডেভেলপমেন্ট-এর যে উদ্দেশ্য ছিল সেটা সম্পূর্ণ সফল হচ্ছে কিনা মন্ত্রী-মহাশয়কে সে সম্পর্কে পুংখানুপুংখরূপে তার বিভাগ থেকে এবং তিনি যদি পারেন তথ্য অনুসন্ধান করেন ভাল হয়। এর যে মূল উদ্দেশ্য ছিল গ্রামের মানুষদের উৎসাহিত করা যাতে তারা নিজেদের অঞ্চলের কাজ করে সেই এলাকার উন্নয়ন করতে পারে, যাতে তাদের মধ্যে শিক্ষা বিস্তার হয় এবং সব রকম উন্নয়নমূলক কাজে এ বিষয়ে আসতে পারে, কিন্তু খোঁজ করে দেখবেন যে সেই উদ্দেশ্য সফল হয় নি। কোন উৎসাহের সঞ্চার গ্রাম্য-জীবনের মধ্যে হয় নি। বরং এই কমিউনিটি ডেভেলপমেন্ট ওয়ার্ক সম্পর্কে তাদের মধ্যে মনে বিতৃষ্ণার ভাব এসেছে, কারণ, তারা দেখছে দিনের পর দিন এই ব্লক ডেভেলপমেন্ট অফিসার কিভাবে তাদের সংগে ব্যবহার করেন। গ্রামসেবিকা আছেন জনগণের সংগে তার পরিচয় নেই--অথচ তাদের কিছু কাজের ভার দেওয়া হয়, কিন্তু তারা গ্রামের লোকের সংগে সহযোগিতা করতে পারে না। তাই বলছি এরা যদি দেখেন মূল নীতি সফল হচ্ছে কিনা সেটা দেখতে হবে। এই উদ্দেশ্য সফল না হওয়ার জন্য প্রধানতঃ দায়ী সরকারী নীতি। আমি এখানে দু-একটা সরকারী নীতি সম্পর্কে বলব। তারা বলছেন গ্রামজীবনের উন্নতি করব, ডেভেলপমেন্ট এর মারফতে, কিন্তু তারা শাসন ব্যবস্থা মাথা ভারী করে রেখেছেন। মন্ত্রিমহাশয় বলছেন গণপদ্ধতির পুনর্বিন্যাস করছি। এ সম্বন্ধে আমি বলব সেই পুনর্বিন্যাস কি হয়েছে? বলা এমারজেন্সি উঠে যাক অ্যাসিসট্যান্ট বি ডি ও তার কাজ হবে শুধু অফিস ওয়ার্ক এবং তিনি কি করবেন অ্যাকাউন্ট পেপার্স দেখবেন, লিভ অ্যাপ্লিকেসন দেখবেন, রেজিস্ট্রি ইত্যাদি করবেন। এখানে আমার বক্তব্য হচ্ছে এটা অবাস্তব এটা এক ধরনের অপচয় করা, বি ডি ও, গেজেটেড অফিসার আর অ্যাসিসটেন্ট বি ডি ও গেজেটেড অফিসার নন—তিনি কোন কাগজপত্রে নির্দেশ দিতে পারেন না অ্যাকাউন্ট সম্বন্ধে কোন কাগজপত্রে সই করতে পারেন না এতে কমপ্লিকেসন বেড়ে যায়, এগ্রিকালচারাল অ্যাসিসটেন্ট বাড়ান হচ্ছে। এগ্রিকালচারাল অফিসার ছিল এখানে Assistant Agricultural Officer, Extension Officer, Assistant Extension Officer Demonstrator Fitter - এই যে ব্লক ইউনিট এ এগ্রিকালচারাল অ্যাসিসটেন্ট বাড়ান হচ্ছে, তাদের টি এ শুধু বাড়ান হচ্ছে না। এই সমস্ত অফিসারদের এবং ওয়ার্কারদের জন্য এক হাজার টাকা টি এ আছে হিসাব করে দেখা যায়, এক একজন এগ্রিকালচারাল অ্যাসিসটেন্ট টুর করেন কিন্তু বাকী পাঁচ ছয় মাস বসে থাকেন। এগ্রিকালচারাল অ্যাসিসটেন্টদের সব সময় মুভিং রাখা দরকার। ব্লক এরিয়ার সমস্ত জায়গায় গিয়ে কৃষকদের সংগে যোগাযোগ রাখা দরকার। এগ্রিকালচারাল যে পোটেনসিয়ালিটিস কৃষির কিসে উন্নয়ন করা যায় ইত্যাদি উপদেশ কৃষকদের দেওয়ার জন্য তাদের ঘোরাফেরা করার দরকার কিন্তু গভর্নমেন্ট এমনভাবে নীতি নিয়েছেন যাতে তাকে টি এ না দেওয়া হয় বেশীর ভাগ সময় হেড কোয়ার্টার্সএ বসে থাকেন। এর ফলে কাজ কিছু হয় না। আপনারা বলছেন এরা চাষীদের বিভিন্ন বিষয়ে উপদেশ দেবে কিন্তু কার্যতঃ যা হচ্ছে তাতে এর মূল উদ্দেশ্য ব্যর্থ হচ্ছে। আবার সেখানে একজন এগ্রিকালচারাল অ্যাসিসটেন্ট আছেন আবার সেখানে Assistant Extension Officer of the Agriculture Department কেন? সিড সম্বন্ধে একজন এগ্রিকালচারাল ডিমনস্ট্রেটর আছেন তার জন্য পিওন এর পর ফিটার মেকানিক ইত্যাদি রয়েছে। আমি মনে করি এগুলি অপব্যয় হচ্ছে। এছাড়া এদের সব সময় মুভিং না করলে আপনাদের সব পরিকল্পনা থাকবে কাগজে কলমে। আমি দেখছি আমাদের এলাকায় এক জায়গায় এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসার হয় নি, যেমন পোর-বাজারে নেই—অনেক জায়গায় নেই। আবার অনেক জায়গায় অ্যাসিসটেন্ট এগ্রিকালচারাল অফিসার আছে। এর উপর আবার প্রোগ্রেস অ্যাসিসটেন্ট বলে একজন ভদ্রলোক কাজ করেন—

তিনি ক্লার্ক নয় অফিসার নয়। তার কাজ কি? যত ডেভেলপমেন্ট ওয়ার্ক হয়েছে, তার হিসাব রাখা, অথচ সেটা তো যে কোন একজন রাখতে পারেন। আমি মনে করি এখানেও একটা অপব্যয় হচ্ছে।

[3-30—3-40 p.m.]

এই সমস্ত বাল্ক অব রিপোর্ট এবং এর বেশীর ভাগই রিগারডিং অ্যাকাউন্টস, আমি বলি এই সব অ্যাকাউন্ট-এর ব্যাপারে প্রগ্রেস অ্যাসিসটেন্ট কি করবে। সেজন্য আমি বলছি এই সমস্ত অ্যাসিসটেন্ট, এগ্রিকালচার এক্সটেনসন অফিসার এবং প্রগ্রেস অ্যাসিসটেন্ট এই ধরনের পদগুলি উঠিয়ে দেওয়া উচিত। এর থেকে যে টাকা বাঁচবে তা দিয়ে ডেভেলপমেন্টএর কাজ করা যেতে পারে, তাতে আমাদের কাজ ভাল হবে। তারপর মাননীয় স্পীকার মহাশয়, আরেকটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে আমাদের ব্লকের একটা সেকশন খোঁড়া হয়ে আছে যেমন সোসাল এডুকেশন ডিরেক্টোরেট, এর জন্য দুইজন অফিসার আছে- একজন মেল আরেকজন ফিমেল আছেন এদের সোসাল এডুকেশন অরগানাইজার বলে। মাননীয় মন্ত্রিমহাশয় এক্ষুনি বললেন যে সোসাল এডুকেশনের ব্যাপারে ব্যয় বরাদ্দ বাড়ানো সম্ভব হয় নি। দুইজন সোসাল এডুকেশন অরগানাইজার নেওয়া হয় যিনি মেল তিনি চারিধারে ঘুরে ক্লাব, নিউ স্কুল, নাইট স্কুল লাইব্রেরী ইত্যাদি অর্গানাইজ করেন আর যিনি ফিমেল অর্থাৎ যাকে মুখ্য সেবিকা বলা হয় তার কাজ হল মহিলা সমিতি গঠন করা। মাননীয় স্পীকার মহাশয়, আপনি যদি ঐ সমস্ত মফঃস্বল এলাকায় যান তাহলে দেখবেন যে ঐসব মুখ্য সেবিকা ব্লকের হেড কোয়ার্টারে থাকেন তিনি যেখানেই যান তাকে সন্ধ্যার আগে ফিরে আসতে হয় হেড কোয়ার্টারে। সুতরাং তিনি ২-৪ মাইলের বেশী যেতে পারেন না, যেখানে বাসের কমিনিকেসন আছে সেখানে তিনি যান এবং সন্ধ্যার আগে ফিরে আসেন, তার জন্য তিনি বেশী দূরে যেতে পারেন না। এতে তার পক্ষে খুব বেশী জনসংযোগ করা সম্ভব হয় না। তার উপর আজকাল টাকা পয়সা বেশী পাওয়া যাচ্ছে না যার জন্য মহিলা সমিতিগুলি অকেজো হয়ে পড়ছে। সুতরাং এই মুখ্য সেবিকাদের ১৭৫ টাকা করে মাহিনা দেবার কি কারণ থাকতে পারে আমি বুঝতে পারি না। আমি বলি ওখানে মেয়েদের দিয়ে যদি মেয়েদের মধ্যে কাজ করানোর ইচ্ছা সরকারের থাকে তাহলে গ্রামসেবিকা যারা রয়েছেন তাদের সংখ্যা বাড়িয়ে দিন। গ্রামসেবিকার কথা বলতে গিয়ে আমি আরেকটি কথা বলতে চাই যেখানে গ্রামসেবিকা রয়েছেন তাদের কি কাজের জন্য রাখা হয়েছে তা ঠিক বুঝতে পারি না। তাদের রাখার উদ্দেশ্য হল তারা গ্রামের মধ্যে গিয়ে প্রচার করবে, গ্রামের মেয়েদের মনের মধ্যে উৎসাহ জাগিয়ে তুলবে ইত্যাদি। কিন্তু আমরা দেখছি যে ব্লকের হেড কোয়াটারে গ্রাম সেবিকারা থাকেন তারা এতদূর পর্যন্ত যাবেন যেখান থেকে তারা সন্ধ্যের আগে হেড কোয়াটারে ফিরে আসতে পরেন। তারা সাধারণত দুপুরে বেলা ভাত খেয়ে বের হন তারপর ২-৩ মাইল রাস্তা যান তারপর সন্ধ্যার আগে ফিরে আসেন। আমি জিজ্ঞাসা করি এই সামান্য সময়ের মধ্যে কয়টা মহিলার সঙ্গে তারা যোগাযোগ করতে পারেন। সেজন্য আমি বলি এদের সংখ্যা বাড়িয়ে দেওয়া উচিত এবং প্রত্যেকটি ব্লক এরিয়াতে জোন ভাগ করে দিয়ে যেমন পঞ্চায়েতে যে রকম জোন ভাগ করা হয়েছে সেই রকম ভাগ করে গ্রামসেবিকাদের সেই জায়গায় কোন ভদ্রলোকের বাড়ীতে থাকবার ব্যবস্থা করে দেওয়া উচিত। যাতে আঞ্চলিক ভিত্তিতে এই সমস্ত গ্রাম সেবিকারা কাজ করতে পারে। তা নাহলে যদি তারা হেড কোয়ার্টারে থাকে তাহলে মূল উদ্দেশ্য ব্যাহত হবে। মাননীয় স্পীকার মহাশয়, আরেকটি ডিপার্টমেন্ট সম্বন্ধে আমি বলতে চাই যে ব্লকের মধ্যে পঞ্চায়েত সেকসন বলে যে পারমানেন্ট সেকশন আছে সেটা উঠে যাচ্ছে না, সেটা যখন থাকছেই তখন সেটাকে কেন রিঅর্গানাইজ করা হচ্ছে না তা আমি বুঝতে পারছি না। সেখানে পঞ্চায়েত এক্সটেনসন অফিসার আছেন কিন্তু একজন অডিটার থাকা দরকার। সমস্ত কাজ অডিট করবার জন্য। এ না থাকার জন্য সমস্ত কাজ এফিসিয়েন্টলি ভাবে চলছে না। গ্রাম পঞ্চায়েতের কাজগুলি যাতে ঠিক ঠিকভাবে চলে তা সরকারের দেখা উচিত। অনেক সময় দেখা যায় গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষরা ইংরাজী চিঠিপত্র পড়তে পারেন না, সেজন্য তাদের একজন সেক্রেটারী থাকা দরকার। অনেক সময় দেখা যায় বি ডি ও-র কাছ থেকে যে সমস্ত নির্দেশ আসে বা এক্সটেনসেন অফিসার এর কাছ থেকে যে সমস্ত নির্দেশ আসে অধ্যক্ষরা ইংরাজী না জানার জন্য তারা ঠিক মত বুঝতে পারেন না বা উত্তর

দিতে পারেন না। সেজন্য আমি মনে করি যে কোন প্রাইমারী স্কুলের টিচারকে যদি নিযুক্ত করা হয় সে ব্যবস্থা যদি সরকার করেন তাহলে ভাল হয় অবশ্য এরজন্য সরকারকে সাবসিডি দিতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, আমি অরেকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব সেটা মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে আমাদের কৃষির উপর গুরুত্ব দিতে হবে। কিন্তু এখানে আমরা দেখছি ব্লকের বাজেটে কিছু কিছু টাকা বরাদ্দ আছে এগ্রিকালচারের জন্য, রিক্লামেশানের জন্য, ইরিগেশানের জন্য, কিন্তু যে ৪০ হাজার টাকার মত আছে সেখানে নন-রেকারিং গ্রান্ট দেওয়া হয় না লোন হিসাবে দেওয়া হয়, যত টাকা কৃষির উন্নতির জন্য দেওয়া হয় সমস্ত লোন হিসাবে দেওয়া হয়। তাদের কেন নন-রেকারিং গ্রান্ট হিসাবে দেওয়া হবে না তা আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই। (রেড লাইট) এই বিষয়ে তিনি নিশ্চয়ই দেখবেন এইকথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনন্ত কুমার বৈদ্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমষ্টি উন্নয়ন খাতে মাননীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী এখানে উপস্থিত করেছেন আমি তা সর্বান্তকরণে সমর্থন করছি। সমষ্টি উন্নয়ন সম্পর্কে আজ বিরোধী দলের অনেকেই এখানে আলোচনা করেছেন। তাদের সমালোচনার একটা জিনিষ প্রবল হয়ে উঠেছে যে সমষ্টি উন্নয়ন বিভাগের কর্মচারীদের অকর্মণ্যতা অযোগ্যতার জন্যই সমষ্টি উন্নয়ন কর্মসূচী ব্যর্থ হয়ে যাচ্ছে। আমার মনে হয় সমষ্টি উন্নয়নের কর্মসূচী রূপায়ণ করবার জন্য সরকারী এবং বেসরকারী যে বিশেষ ভূমিকা আছে আমাদের বিরোধী দলের বন্ধুদের এই বেসরকারী ভূমিকার দিকে তারা এড়িয়ে যাচ্ছেন। আমরা দেখছি যে এই সমষ্টি উন্নয়ন বিভাগে যে সমস্ত ব্লক সৃষ্টি হয়েছে এবং এই ব্লকে যে সমস্ত বি ডি ও এবং তাদের স্টাফ নিয়োগ করা হয়েছে তাদের সঙ্গে কাজকর্মের জন্য যে সহযোগিতা দেশের মানুষের করা উচিত তা তারা পায় না। একথাও ঠিক যে দৃষ্টিভঙ্গী এই সমস্ত কর্মচারীর থাকা উচিত তার অভাব কোন কোন ক্ষেত্রে দেখা যায়। আমার মনে হয় নতুন রূপরেখা নিয়ে সমষ্টি উন্নয়নের কাজ আমাদের করতে হবে তা আমাদের বি ডি ও দের মধ্যে দেখা যায় না। তার কারণ হচ্ছে সরকারের বিভিন্ন ডিপার্টমেন্টের ছাটাই কর্মচারীদের এই ব্লকের কাজে নিযুক্ত করা হয়েছে এবং এই সমস্ত ছাঁটাই কর্মচারীদের কয়েক মাসের ট্রেনিং দিয়ে এই ব্লকের কাজে নিয়োজিত করেছেন। সমষ্টি উন্নয়নের ব্যাপক কর্মসূচী, যে ব্যাপক পরিকল্পনা, যে নূতন দৃষ্টিভঙ্গী এবং যে মনোভাবের প্রয়োজন তাহাদের মধ্যে আসছে না, যেহেতু তারা অনেকদিন পর্যন্ত অন্যান্য ডিপার্টমেন্টে কাজ করে এসেছেন। সেই সমস্ত ডিপার্টমেন্টের দৃষ্টিভঙ্গী এখনও তাদের মধ্যে রয়ে গিয়েছে। আজ পল্লীগ্রামের মানুষ অত্যন্ত দুঃখ কষ্টের মধ্যে দুঃখ দুর্দশার মধ্যে পড়েছে, তাদের সামাজিক অর্থনৈতিক অবস্থা ভেঙ্গে পড়েছে। এই সময় আমাদের সমষ্টি উন্নয়নের কর্মসূচী তাদের সম্মুখে তুলে ধরা হয়েছে তাতে পল্লীগ্রামের মানুষ এর ভিতর দিয়ে একটা আশার আলো দেখতে পাচ্ছে। এই পরিপ্রেক্ষিতে যে সমস্ত কর্মচারী রাখা হয়েছে তাঁদের বিশেষ দায়িত্ব সম্পন্ন বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন কর্মচারী হতে হবে। এবং এটাই আজকে একান্ত দরকার। আমাদের সুন্দরবন অঞ্চলে সবে মাত্র নতুন নতুন ব্লক সৃষ্টি হয়েছে। আমরা এই ব্লকের কাজকর্ম সম্বন্ধে দেখতে পাচ্ছি যে সমস্ত অঞ্চলের অবস্থার পরিপ্রেক্ষিতে সমস্ত রকমের উন্নতির সমষ্টি উন্নয়ন ব্লকের মাধ্যমে হবে। সরকারের বিভিন্ন দপ্তরের সমস্ত কর্মচারী বিভিন্ন দপ্তরের সঙ্গে সমষ্টি উন্নয়ন ব্লকের সম্পূর্ণ যোগ আছে। কিন্তু কতকগুলি ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে সমস্ত অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়গুলি আমাদের অঞ্চলে দরকার সেগুলি হচ্ছে না। এ সম্পর্কে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে কয়েকটা প্রস্তাব রাখতে চাই। আমাদের অঞ্চলের অর্থাৎ সন্দেশখালিতে তিনটা ব্লক রয়েছে। এখানে ২৫৭ বর্গমাইলের মধ্যে টিউবওয়েল মেরামতের জন্য একটি স্টাফ আছে। এই অঞ্চলের জীবনযাত্রা এই টিউবওয়েলের মারফতেই হয়। আমরা দেখতে পাচ্ছি একটি স্টাফের জন্য অনেক টিউবওয়েল নষ্ট হয়ে যায়। আমাদের প্রত্যেক ব্লকের যাতে একের বেশী টিউবওয়েল মেকানিক্যাল স্টাফ রাখা হয় তার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সুন্দরবন অঞ্চলে গৃহপালিত পশুই একমাত্র সম্পদ আমাদের এখানে পশু চিকিৎসা বিভাগ আছে সেই পশু চিকিৎসা বিভাগ দূরে থাকার জন্য গ্রামের মধ্যে গো-মড়ক দেখা দেয়। তখন তাদের দ্বারা কোন কাজ হয় না। সেজন্য আমি অনুরোধ করছি যে আমাদের প্রত্যেক ব্লকে একটা করে যেন পশু চিকিৎসা বিভাগ খোলা হয়।

[3-40—3-50 p.m.]

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েক দিন আগে সমাজ উন্নয়ন মন্ত্রী সিডিউল কাস্ট এবং ট্রাইবদের মন্ত্রী হিসাবে একটি কথা বলেছিলেন যে মুর্শিদাবাদ জেলায় ইটোরের একটা স্কুলে গিয়ে তিনি নাকি দেখেছেন যে ওখানকার আদিবাসী ছেলেমেয়েরা রবীন্দ্র সংগীতের সুরে ওঁকে পান করিয়েছেন। এই স্কুল সম্বন্ধে আমি জানি—এই স্কুলে যেসব কর্মকর্তা ব্যক্তি আছেন তাঁরা হচ্ছেন কংগ্রেসের এক একটা চাঁই এবং প্রত্যেকে অসৎ শ্রেণীর ব্যক্তি। যেসব ছাত্রদের গান উনি শুনেছেন—সেসব ছাত্রেরা কেউ ওখানকার নয়। সব ভাড়াটিয়া। ঐ স্কুল কর্তৃপক্ষদের মধ্যে আছেন কারা? একজন হচ্ছেন ওখানকার ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট—যিনি প্রেসিডেন্ট গিরি করে অনেক জমি-জমা ও বাড়ী তৈরী করেছেন। আর একজন হচ্ছেন পোষ্ট মাষ্টার-কাম-ইউনিয়ন বোর্ডের মেম্বার-কাম-স্কুল কমিটির মেম্বার কাম হোয়াট নট এবং তাঁরই কনট্রাক্টে ঐ স্কুল বিল্ডিং এবং হোস্টেল হয়েছে। ঐ স্কুলের কাছে আর একটি স্কুল আছে নাগরা স্কুল, যেখানে মুর্শিদাবাদ জেলার সবচেয়ে বেশী আদিবাসী ছাত্র পড়ে এবং তারা বহু লোকের বাড়ীতে বাস করে বেড়াল কুকুরের মত। এই স্কুল আবেদন করেছিল যে এদের জন্য একটা হোস্টেল করে দেওয়া হোক। কিন্তু তা করে দেওয়া হয় নি। ইটোর স্কুলে গিয়ে মন্ত্রী মহাশয় ৬০।৬৫ টাকা চাঁদা আদায় করে এসেছেন এইজন্য এখানে এসে ঐ শ্রেণীর অসৎ স্কুলের কর্তৃপক্ষের সাফাই গেয়েছেন। এটা অত্যন্ত লজ্জার কথা। এই রকম ভাবে অসৎ শ্রেণীর ব্যক্তিদের সমর্থন করার কোন যুক্তি নেই। যে সময় মন্ত্রী মহাশয় ট্যুরে গিয়েছিলেন সেই সময় নবগ্রাম ব্লকের অফিসে গিয়েছিলেন তিনি তাঁদের অনেক জ্ঞানও দিয়েছিলেন। কিন্তু একটা জিনিস উনি দেখতে পান নি সেটা হল এই ব্লকের অ্যাসিসটেন্ট ওভারসিয়ার, তাঁকে সিলভার টনিক না দিলে কোন কাজ আজ পর্যন্ত হয় নি। তার প্রমাণ আমার কাছে বহু আছে। আমি একটা প্রশ্ন করেছিলাম যে মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার অধীনে চন্দ্রনাথ ফ্রি প্রাইমারী স্কুলে ব্লক ডেভেলপমেন্টের অধীনে ছয় শত টাকা মঞ্জুর করা হয়েছিল কিনা এবং তা দেওয়া হয়েছিল কিনা। উত্তর পেলাম যে দেওয়া হয় নি। কারণ উক্ত অর্থ মঞ্জুরীর জন্য চন্দ্র ফ্রি প্রাইমারী স্কুলের সেক্রেটারীর নিকট হইতে অর্থ ব্যয়ের পরিকল্পনা এবং আনুমানিক হিসাব ব্লক ডেভেলপমেন্ট অফিসার কর্তৃক বারংবার চাওয়া সত্ত্বেও পাওয়া যায় নি। আমার কাছে কাগজ আছে সেই কাগজপত্রে দেখাবো যে ব্লক ডেভেলপমেন্ট অফিসের ঐ ওভারসিয়ার যাঁর ঐ অফিসের উপর কম্যান্ড আছে যে সেই ভদ্রলোক সেইসব কাগজপত্র চেপে রেখেছেন। আমি সেই কাগজটি সংগ্রহ করতে পেরেছি। কারণ তাকে টাকা দেওয়া হয় নি এই হচ্ছে একমাত্র অপরাধ এই ভদ্রলোকের বাড়ীও হচ্ছে নবগ্রাম থানায়; শুনেছি নাকি সরকারী নীতি আছে যে যেখানে যার বাড়ী সেখানে তাকে পোষ্ট করা হয় না। কিন্তু এই ভদ্রলোক হচ্ছে তার অনারেবল এক্সেপসন। এবং ইনি ব্লক ডেভেলপমেন্টের নাম করে নিজের ব্যক্তিগত পুকুরটি এমনভাবে বাঁধ দিয়ে বেঁধে নিয়েছেন যে সেখানকার জলসেচের ব্যবস্থা রাস্তা বন্ধ হয়ে গেছে, এবং চিরাচরিত প্রথা—যে ছিচ তাও বন্ধ হয়ে গেছে। এই যদি ডেভেলপমেন্ট হয় তাহলে কি করে ডেভেলপমেন্টাল ওয়ার্কের আসল অর্থটা কি হবে সেটা আপনারা বিচার করবেন।

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমষ্টি উন্নয়ন পরিকল্পনা বিভাগের ব্যয় বরাদ্দ খাতে আলোচনাকালে যে সমস্ত সমালোচনা হয়েছে তার মধ্যে আমি অত্যন্ত আনন্দের সঙ্গে স্বীকার করছি যে, কমল গুহ মহাশয় তিনটি অত্যন্ত গঠনমূলক সমালোচনা করেছেন। বিরোধীপক্ষ থেকে যদি এ ধরনের সাহায্য পাওয়া যায় তাহলে কার্য্য পরিচালনার সুবিধা হয়। আমি এটুকু নিবেদন করতে চাই যে, সমষ্টি উন্নয়নের কার্য্য পদ্ধতি লক্ষ্য এবং তার উদ্দেশ্য কি সে সম্পর্কে মনে হয় সকলের সম্যক ধারনা নেই। ১৯৫২ সালে এক্সপেরিমেন্টাল হিসাবে সর্বভারতীয় ভিত্তিতে এই বিভাগ চালু করা হয়। এটা বাংলাদেশ নিয়ে শুধু নয় ভারতীয় পাঁচ লক্ষ গ্রাম এবং গ্রামীণ অর্থনীতি যেটা বিদেশী শাসনে উপেক্ষিত ছিলো, সেই গ্রামীন অর্থনীতিরও শুধু নয় তার সামগ্রিক উন্নতি—অর্থাৎ গ্রামের মানুষের উন্নতি কিভাবে সাধিত করা যায় ১৯৫২ সাল থেকে

১৯৫৭ সাল পর্যন্ত এটা বাংলাদেশে এবং ভারতবর্ষে পরীক্ষামূলকভাবে চলে। ১৯৫৮ সালে বলবন্ত রাও সেটা কমিটির রিপোর্ট অনুসারে সর্বভারতীয় ভিত্তিতে একই প্রথায়, একই নীতিতে সমস্ত রাজ্যে এই কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোজেক্ট চালু হয়েছে। পশ্চিম বাংলায় এর কোন বিশেষ প্রভেদ নাই এবং তা থাকতেও পারে না, কেন না এই কমিউনিটি ডেভেলপমেন্ট বাজেটের অধিকাংশই প্লানিং কমিশন সেন্ট্রাল থেকে দেন এবং নীতিও সেই পরিপ্রেক্ষিতে পরিচালনা করেন এটা মাননীয় সদস্যদের অবগতির জন্য বলতে চাই, কেন না অনেকেই আলোচনা করেছেন। দু চারটা পার্টির কল্যাণের কথা টিউবওয়েল, রাস্তা, স্কুল কলেজ, চিলড্রেন্স পার্ক ইত্যাদির কথা বলেছেন। কিন্তু সমষ্টি উন্নয়নের উদ্দেশ্য মোটেই তা নয়।

It is not an area development.

আঞ্চলিক বা বিভাগের উন্নতি মোটেই এর উদ্দেশ্য নয়। এটা কতকগুলি প্রোজেক্ট পরিচালিত করবার বিভাগ নয়। ভারতবর্ষে নূতন লক্ষ বলে আমাদের সকলের বুঝতে দেরি হচ্ছে। সে দৃষ্টিভঙ্গীতে আমি মাননীয় সদস্যদের কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোজেক্ট-এর কাজ কর্মের মধ্য দিয়ে বিচার করতে অনুরোধ করবো, কারণ এর মূল উদ্দেশ্য হচ্ছে যে, আমাদের ভারতবর্ষের ৪৫ কোটি লোকের মধ্যে শতকরা ৮০ ভাগ লোক যারা গ্রামে বাস করে তাদের মানসিক উন্নতির সহায়তা করা সাইকোলজিক্যাল ট্রান্সফরমেসন সমবেত প্রচেষ্টায় কতকটা হচ্ছে। এটা একটা শুধু সরকারী ডিপার্টমেন্ট নয় এটা হচ্ছে পিপিলস পার্টিসিপেসন মুভমেন্ট।

[3-50—4 p.m.]

এখানে প্রতি পদক্ষেপে জনসাধারণের সহযোগিতাকে এবং তাদের প্রেরণাকে উদ্দিপ্ত করাই হচ্ছে এই বিভাগের লক্ষ্য। সেই লক্ষ্যে পৌঁছাতে আমরা কতটা সমর্থ হয়েছি কোন কোন সদস্য সেই ফিরিস্তির কথা জানতে চেয়েছেন যে আমরা কি করেছি এই দশ বৎসরে। আমি তাদের কাছে আমার বিভাগের কোন গর্ব বা গৌরব করতে চাই না। আমি গর্ব রাখছি বাংলাদেশের গ্রামবাসীর এই দশ বৎসরে কি বিরাট প্রেরণা, সহানুভূতি সহযোগিতা পেয়েছি এবং এই বিভাগ তার জন্য কি করেছে সেই তথ্যপূর্ণ কতকগুলি পরিসংখ্যান দিয়ে সদস্যগণের অবগতির জন্য রাখতে চাই। আমাদের গ্রামে দশ বৎসর আগে কোন সঙ্ঘ বা সংস্থা ছিল না। সারা পশ্চিম বাংলার গ্রামগুলির

Adult literacy centre functioning under the Community Development Project.

তার সংখ্যা হচ্ছে ৬ হাজার ৮ শত ২২টি। তার মানে সেখানে প্রাপ্তবয়স্ক অশিক্ষিত ব্যক্তিদের স্বেচ্ছাপ্রণোদিতভাবে এই সঙ্ঘ গ্রামবাসীগণকে শিক্ষা দিচ্ছে এবং উৎসাহিত করছে। গ্রাম সেবক, গ্রাম সেবিকা বা বি ডি ও, সোস্যাল এডুকেশন অফিসার—এদের দায়িত্ব নেই এই হাজার কেন্দ্রের মানুষকে শিক্ষিত করা। এ্যাডাল্ট মেন লিটারারী ক্যাম্পেন ৮৩ লক্ষ লক্ষ এ্যাডাল্ট যারা অশিক্ষার অন্ধকারে নিমজ্জিত ছিল তাদের শিক্ষিত করেছে। তাদের সংখ্যা হোল ২ লক্ষ ১৩ হাজার এটা বাংলার গর্বের কথা। দ্বিতীয়ত ইয়ুথ ক্লাব- গ্রামের যুব শক্তিকে সঙ্ঘবদ্ধ করবার জন্য কমিউনিটি ডেভেলপমেন্ট-এর প্রচেষ্টায় গ্রামে গ্রামে ইয়ুথ ক্লাব হয়েছে পশ্চিম বাংলার সকল জেলায়। তাদের সংখ্যা হচ্ছে ৯ হাজার ১৩—এটাতে আমরা গর্ব করতে পারি। আজকে মেম্বার শিপ ইন ইয়ুথ ক্লাব যার লিষ্ট রয়েছে তার সংখ্যা ২ লক্ষ ৫৯ হাজার। আজকে গ্রামে যুব সঙ্ঘের সভ্য যারা তারা গ্রামের ছেলে। গ্রামে মহিলা সমিতির সংখ্যা ২ হাজার ৮ শত ৫৫টি। তাছাড়া গ্রামে গ্রামে মুখ্য সেবিকা যাদের কথা অনেকে বলেছেন তাদের চেষ্টায় গ্রামের মহিলাদের সংহত করবার জন্য মহিলা সমিতির মাধ্যমে মহিলাদের সঙ্ঘবদ্ধ করবার প্রচেষ্টা হচ্ছে। মেম্বার শিপ ইন মহিলা সমিতি আজকে হয়েছে ৮০ হাজার ৬ শত ৯২টি। পশ্চিম বাংলার গ্রামের মহিলারা যদি এর সদস্যভুক্ত হয়ে থাকেন তাহলে আমাদের সেটা গর্বের কথা। রিডিং রুম আন্ড লাইব্রেরী গ্রামে প্রতিষ্ঠিত হয়েছে ৫ হাজার ৩ শত ৪৩টি এই ছয় বৎসরে। অবশ্য একথা বলছি না যে আমরা সব লক্ষ্যে পৌঁছেছি—আরও বহু কিছুর প্রয়োজন আছে সে বিষয়ে আমরা মাননীয় সদস্যদের সংগে একমত। কিন্তু ধীরে ধীরে, ধাপে ধাপে সাইকোলজিক্যাল ট্রান্সফরমেশনে আনবার প্রচেষ্টা করা হচ্ছে। কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট ভিলেজে

নানাবিধ কাজ দিচ্ছে—তাদের সংখ্যা হচ্ছে ৪২ হাজার ২ শত ৩৫। ভিলেজ ক্যাম্প—গ্রামে গ্রামে শিক্ষণ শিবির হয়েছে। তাছাড়া আপনারা কতগুলি পার্থিব কল্যাণের কথা বলেছেন। ফার্টিলাইজার এন্ড ম্যানিওর কৃষি বিভাগ এগ্রিকালচার ডিপার্টমেন্ট ভিলেজে ডিসট্রিবিউট করেন। বি ডি ও-র দ্বারা এই ছয় বৎসরে ৪৬ লক্ষ ৭১ হাজার টন ফার্টিলাইজার চাষীদের মধ্যে বিতরণ করা হয়েছে। রাসায়নিক প্রথায় চাষ করার ফলনের যথেষ্ট উন্নতি হয়েছে। এতে বাংলাদেশের অর্থনীতির কল্যাণ ও উন্নতি হয়েছে। ইম্প্রুভড সীড ডিসট্রিবিউসন কমিউনিটি ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট-এর মাধ্যমে ৮ লক্ষ ৮ হাজার টন এগ্রিকালচার‍্যাল ডিসট্রিবিউসন দেওয়া হয়েছে। গ্রামে উন্নত ধরনের কৃষি প্রণালী দেখিয়ে দেবার জন্য কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসারের মাধ্যমে ব্যবস্থা করা হয়েছে। তাদের সংখ্যা ষোল ২ লক্ষ ২৮ হাজার এবং তারা সকলেই এতে যোগদান করেছে। কম্পোস্ট সার যেটা গ্রামের পচাই সার আগে ফেলে দেওয়া হতো, আজ সেই পচাই সারকে কাজে লাগাবার মনোবৃত্তি জাগান হয়েছে গ্রামবাসীদের মধ্যে। তার জন্য যে পিট করা হয়েছে, এই পচাই সার তৈরীর জন্য আবর্জনা ফেলবার যে গর্ত নির্মাণ করা হয়েছে বাংলাদেশে তার সংখ্যা হচ্ছে ৬ লক্ষ ৬৪ হাজার এ কয় বছরে।

তারপর ইমপ্রুভড বার্ডস আজকে পশুপালন হাঁস-মুরগী দ্বারা দরিদ্র গ্রামবাসীদের বিশেষতঃ আদিবাসী লোকদের অর্থনৈতিক রুজি-রোজগার বেশী করার ব্যবস্থা করা হয়েছে। তাদের মধ্যে বিনা মূল্যে হাঁস, মুরগী ইমপ্রুভড বার্ডস যা বিলি করা হয়েছে তার সংখ্যা হচ্ছে ১ লক্ষ ১৯ হাজার। এই ইমপ্রুভড বার্ডস উন্নত ধরনের হাঁস মুরগী যারা গ্রামের দরিদ্র লোক তাদের মধ্যে বিতরণ করা হয়েছে।

তারপর ড্রিংকিং ওয়াটার-এর জন্য টিউবওয়েল রিনোভেটেড হয়েছে ৯,৫৪৪টি; ড্রিংকিং ওয়াটার টিউবওয়েলস কনস্ট্রাকটেড হয়েছে ১৩,৯৯৪টি কালকে একটা সংখ্যা দিয়েছিলাম একটা জায়গায় যাই ব্লক মিটিংএ, সেখানে তার প্রত্যেক অঞ্চল প্রধানকে জিজ্ঞাসা করেছিলাম আপনি বলুন তো আপনার অঞ্চলের মধ্যে এমন একটা গ্রাম আছে কি যেখানে পানীয় জলের কোন ব্যবস্থা নাই? যদি থাকে তাহলে এক্ষুনি আমি নির্দেশ দিয়ে যাব এই মুহূর্তে যাতে এক মাসের মধ্যে ব্যবস্থা হয়। আমাকে তাঁরা বললেন তাঁদের অঞ্চলের মধ্যে তেমন একটা গ্রামও নাই যেখানে পানীয় জলের কুয়োর ব্যবস্থা নাই।

এছাড়া নিউ একটা কাঁচা রোড কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে হয়েছে, সবচেয়ে বড় কথা হচ্ছে এর মধ্যে পিপিলস্‌ পারটিসিপেসন কত দ্রুত এই সরকারী প্রচেষ্টার পেছনে আছে, তার সংখ্যা হচ্ছে আমরা টাকাতে এবং শ্রমদানে এই কয় বছরে বাংলার গ্রামবাসীর কাছ থেকে পেয়েছি ৪ কোটি ৫১ লক্ষ ৮১ হাজার টাকা যারা এই পিপলস্‌ পারটিসিপেসন মুভমেন্ট-এ অংশ গ্রহণ করেছে। সুতরাং এই সমস্ত বিচার বিবেচনা করে আপনাদের কমিউনিটি ডেভেলপমেন্টের এই যে প্রচেষ্টা ভুলত্রুটি নিশ্চয়ই এটা ভারতবর্ষে নূতন। এই যে ব্লক অফিসারদের সমালোচনা করা হয়েছে, আমি জিজ্ঞাসা করি এই বি ডি ও আজ কারা? তাঁদের যোগ্যতা তাঁরা প্রতিপন্ন করেছেন কম্পিটেটিভ একজামিনেসন-এর মাধ্যমে। বাংলার এই তরুণ শিক্ষিত ছাত্ররা পাবলিক সার্ভিস কমিশনের দ্বারা দিয়ে অ্যাপয়েন্টমেন্ট পেয়েছে। এক বছর ট্রেনিং সেন্টারে গ্রামে কাজ করবার পর স্পেশাল ট্রেনিং নিয়ে তাঁরা গ্রামের মধ্যে গ্রামবাসীদের মধ্যে কাজ করতে যাচ্ছেন। অথচ আপনারা বললেন এঁরা কংগ্রেসের দলীয় স্বার্থে কাজ করছেন। কিন্তু আমার কাছে কমপ্লেইন্ট আছে আমাদের বহু কংগ্রেস সদস্য কমপ্লেইন্ট করেছেন এমন বহু বি ডি ও আছেন, তাঁরা বামপন্থী ভাবাপন্ন, তাদের কি আমরা বিশ্বাস করতে পারি? এটা হওয়া স্বাভাবিক। তা সত্ত্বেও তাঁরা অত্যন্ত নিউট্রাল ভাবে, সরকারী নীতি নিয়ে নির্দলীয় মনোভাব নিয়ে কাজ করছেন। কাজেই আমি বলছি সরকারী কর্মচারীদের মধ্যেও ভাল-মন্দ আছে। এই যে ৩৩৩ জন বি ডি ও আছেন তারা সকলে সমান দক্ষ তাঁদের সবাই ভাল কেউই খারাপ কর্মচারী নাই, অদক্ষ কেউ নয় এ কথা আমি বলছি না।

আর একটি কথা বলেছেন আমাদের মাননীয় সদস্য গৌর কুণ্ডু যে এই ইন্ডাস্ট্রিয়াল অফিসারদের কি প্রয়োজন? তাঁদের তুলে দেন। তাঁদের রাখার কোন দরকার নাই। আমি শুধু তাঁর অবগতির জন্য জানাচ্ছি তিনি সঠিক তথ্য শুনলে বিশেষ আনন্দিত হবেন। আজ বাংলাদেশে যাঁরা কয়েক বছর এই ইন্ডাস্ট্রি সম্পর্কে ট্রেনিং নিয়েছেন সেই সমস্ত ছাত্রদের ইন্ডাস্ট্রিস সম্পর্কে ট্রেন্ড করে আমরা তাঁদের কো-অপারেটিভ ফর্ম করে কাজ করবার জন্য বসিয়ে দিয়েছি, তাদের সরকার যন্ত্রপাতি দিয়ে সাহায্য করছেন। দু বছরের জন্য ম্যানেজারিয়াল কস্ট সরকার দিচ্ছেন, সাহায্য করছেন। এই রকমে টেলারিংএ বাংলাদেশে শিক্ষালাভ করছে ৭৬টি এবং সবশুদ্ধ ৫৩টি স্টেট কো-অপারেটিভ সেন্টার, নানা বিষয়ে যেমন হ্যাণ্ডলুম, ট্যানিং, প্রিন্টিং, ব্ল্যাকস্মিথিং ইঞ্জিনিয়ারিং বিষয়ে ট্রেনিং নিয়ে তাঁরা বাংলার গ্রামে গ্রামে নূতন নূতন শিল্প কারখানা গড়ে তুলছেন। তাঁদের যন্ত্রপাতি দিয়ে সরকার সাহায্য করছেন, সরকার টাকা দিয়েও তাঁদের সাহায্য করছেন। সেই জন্য আজ সেগুলি বন্ধ করবার কোন প্রশ্ন নাই। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি বাজেটে যদিও কম টাকা ধরা হয়েছে ঐ ২ লক্ষ টাকা, তবুও আমাদের নির্দেশ আছে যে ঐ ট্রেনিং সেন্টারগুলো বন্ধ করা হবে না। আমরা যতদূর সম্ভব এগুলো কাজে লাগাবার চেষ্টা করবো। গত সপ্তাহে মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় এই ইন্ডাস্ট্রিয়াল রুরাল ট্রেনিং সেন্টার এর জন্য দু লক্ষ টাকার জায়গায় ১৫ লক্ষ টাকা দেবার সম্মতি দিয়েছেন। তার জন্য আমরা আশা করছি এই সমস্তগুলো আমরা চালু করতে পারবো।

I oppose all the cut motions.

[4—4-10 p.m.]

Mr. Speaker: I put to vote all the cut motions under Grant No. 29 except Nos. 2, 7 and 10 on which division has been claimed.

The motion of Shri Sailendra Nath Adhikary that the demand of Rs. 2,94,19,000 for expenditure under Grant No. 29, Major Heads: "37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand of Rs. 2,94,19,000 for expenditure under Grant No. 29, Major Heads: "37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand of Rs. 2,94,19,000 for expenditure under Grant No. 29, Major Heads: "37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Radha Nath Chattoraj that the demand of Rs. 2,94,19,000 for expenditure under Grant No. 29, Major Heads: "37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other Works—Community Development Projects, National Extension Service and Local Development

Works and Loans and Advances under Community Development Projects National Extension Service and Local Development Works" be reduced to Rs. 1, was then put and lost.

The motion of Shri Monoranjan Hazra that the demand of Rs. 2,94,19,000 for expenditure under Grant No. 29, Major Heads: "37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works" be reduced by Rs. 100, was then put and lost.

